Vol. No. - 84

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Eighty Fourth Session

(September Session, 1985)

(From 2nd September, 1985 to 20th September, 1985)

(The 2nd, 3rd, 4th, 5th, 6th, 9th, 10th, 11th, 12th, 13th, 16th, 17th, 18th, 19th and 20th September, 1985)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Price Rs. 197/-

Vol. No. - 84

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Eighty Fourth Session

(September Session, 1985)

(From 2nd September, 1985 to 20th September, 1985)

(The 2nd, 3rd, 4th, 5th, 6th, 9th, 10th, 11th, 12th, 13th, 16th, 17th, 18th, 19th and 20th September, 1985)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SRI UMA SANKAR DIKSHIT

Members of the Council of Ministers

1. Shri Jyoti Basu, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails, Civil, Defence and Parliamentary Affairs Branches and matters relating to minorities affairs) and Hill Affairs Branch of Department of Development and Planning.

2. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-chrge of Department of Land and Land Reforms, Department of Panchayat and Community Development and Rural Development.

3. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department and Housing Department.

4. Shri Nirmal Bose, Minister-in-charge of Department of Commerce and Industries, Department of Industrial Reconstruction and department of Public Undertakings (excluding matters connected with West Bengal Agro-Industries Corporation Limited).

5. Shri Kanai Bhowmik, Minister-in-charge of Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro-Industries Corporation Ltd. in the Department of Public Undertakings.

6. Shri Debabrata Bandyopadhyay, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department and Jails Branch of Home Department.

7. Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Department of Food and Supplies and Relief Branch of Relief and Welfare Department.

8. Shri Nani Bhattacharya, Minister-in-charge of Department of Irrigation and Waterways.

9. Shri Kanti Biswas, Minister-in-charge of Primary and Secondary Education Branches of Department of Education.

10. Shri Nihar Basu, Minister-in-charge of Department of Co-operation.

11. Shri Sambhu Charan Ghose, Minister-in-charge of Department of Education (excluding Primary Education, Secondary Education, Audiovisual Education, Social Education, Non-Formal Education and Library Service Branches).

12. Shri Kamal Guha, Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation, Small Irrigation and Command Area Development) and Rural Water Supply and sanitation in the Department of Health and Family Welfare.

13. Dr. Sambhu Nath Mandi, Minister-in-charge of Scheduled Casts and Tribes Welfare Department and Jhargram Affairs Branch of Development and Planning Department.

14. Shri Amritendu Mukhopadhaya, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services and Department of Refugee Relief and Rehabilitation.

15. Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Department of Environment.

16. Shri Rabin Mukherjee, Minister-in-charge of Transport Department.

17. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development, Metropolitan Development Department and Urban Water Supply and Sanitation in the Department of Health and Family Welfare.

18. Shri Syed Abul Mansur Habibullah, Minister-in-charge of Legislative Department and Judicial Department and matters relating to Minorities Affairs in the Home Department.

19. Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance Department and Department of Development and Planning (excluding Sundarban Areas Branch, Jhargram Affairs Branch and Hill Affairs Branch).

20. Shri Md. Abdul Bari, Minister of State for Primary and Secondary Education under the Minister-in-charge of Primary Education and Secondary Education.

21. Shrimati Chhaya Bera, Minister of State-in-charge of Social Education, Non-Formal Education and Library Service of Department of Education.

22. Shri Subhas Chakraborty, Minister of State-in-charge of Department of Sports and Youth Services and Minister of State for Dairy Development Branch under the Minister-in-charge of Animal Husbandry and Veterinary Services Department.

23. Shrimati Nirupama Chatterjee, Minister of State-in-charge of Relief Branch of Relief and Welfare Department.

24. Shri Ram Chatterjee, Minister of State-in-charge of Civil of Defence Branch of Home Department.

25. Shri Sibendra Narayan Chowdhury, Minister of State for Transport Branch of Home Department under the Minister-in-charge of Transport Branch of Home Department.

26. Shri Santi Ranjan Ghatak, Minister of State-in-charge of Labour Department.

27. Shri Ram Narayan Goswami, Minister of State-in-charge of Public Health and Programme in the Department of Health and Family Welfare.

28. Shri Dawa Lama, Minister of State for Hill Affairs Branch of Development and Planning Department under the Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Civil Defence and Parliamentary Affairs Branches and matter relating to Minorities Affairs) and Hill Affairs Branch of Development and Planning Department.

29. Shri Sunil Majumdar, Minister of State for land and Land Reforms Department under the minister-in-charge of Land and Land Reforms Department and Department of Rural Development.

30. Shri Abdur Razzak molla, Minister of State-in-charge of Sunderban Areas Branch of the Development and Planning Department.

31. Dr. Ambarish Mukhopadhyay, Minister of State-in-charge of Medical Education, Equipments and Supplies in the Department of Health and Family Welfare.

32. Shri Bimalananda Mukherjee, Minister of State-in-charge of Excise Department.

33. Shri Kiranmoy Nanda, Minister of State-in-charge of Department of Fisheries.

34. Shri Probhas Chandra Phodikar, Minister of State-in-charge of Information and Cultural Affairs Department.

35. Shri Patit Paban Pathak, Minister of State-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

36. Shri Achintya Krishna Roy, Minister of State for Food and Supplies Department under the Minister-in-charge of Food and Supplies Department and Department of Forest and Tourism.

37. Shri Banamali Roy, Minister of State for Scheduled Casts and Tribes Welfare Department under the Minister-in-charge of Scheduled Casts and Tribes Welfare Department.

38. Shri Sailen Sarkar, Minister of State for Local Government and Urban Development under the Minister-in-charge of Local Government and Urban Development.

39. Shri Prabir Sen Gupta, Minister of State-in-charge of Department of Power.

40. Shri Pralay Talukder, Minister of State-in-charge of Cottage and Small Scale Industries Department.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS AND OFFICIALS

Speaker - SHRI HASHIM ABDUL HALIM

Deputy Speaker - SHRI KALIMUDDIN SHAMS

Joint Secretary-Cum-Committee Officer - SHRI A. RAHMAN

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abdul Mannan, Shri (149-Arambagh — Hooghly)
2. Abdul Quiyom Molla, Shri (119-Diamond Harbour — 24-Parganas)
3. Abdur Razzak Molla, Shri (106-Canning East — 24-Parganas)
4. Abdul Wahed, Shri (42-Harishchandrapur — Malda)
5. Abdur Rauf Ansari, Shri (145-Bowbazar — Calcutta)
6. Abdus Sattar, Shri (55-Lalgola — Murshidabad)
7. Abdus Sobahan Gazi, Shri (120-Magrahat West — 24-Parganas)
8. Abul Hasnat Khan, Shri (50-Farakka — Murshidabad)
9. Abul Mansur Habibullah, Shri Syed (277-Nadanghat — Burdwan)
10. Abedin, Dr. Zainal (34-Itahar — West Dinajpur)
11. Adak, Shri Gourhari (172-Shyampur — Howrah)
12. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur — Howrah)
13. Adhikari, Shri Sisir (211-Contai South — Midnapore)
14. Anwar Ali Sk., Shri (168-Panchla — Howrah)
15. Atahar Rahaman, Shri (59-Jalangi — Murshidabad)
16. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.) — Burdwan]
17. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (S.C.) — Purulia]
18. Bandyopadhaya, Shri Balai (184-Haripal — Hooghly)
19. Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore — Murshidabad)
20. Banerjee, Shri Ambica (163-Howrah Central — Howrah)
21. Banerjee, Shri Amiya Bhusan (96-Hasnabad — 24-Parganas)
22. Banerjee, Shri Madhu (257-Kulti — Burdwan)
23. Banerjee, Dr. Sushovan (284-Bolepur — Birbhum)
24. Banerji, Shri Radhika Ranjan (136-Kamarhati — 24-Parganas)
25. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur — 24-Parganas)
26. Barma, Shri Manindra Nath [9-Tufanganj (S.C.) — Cooch Behar)
27. Barman, Shri Dipendra [31-Raiganj (S.C.) — West Dinajpur]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

28. Basu, Shri Ajit (129-Naihati — 24-Parganas)
29. Basu, Shri Bimal Kanti (5-Cooch Behar West — Cooch Behar)
30. Basu, Shri Debi Prosad (77-Nabadwip — Nadia)
31. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue — Calcutta)
32. Basu, Shri Jyoti (117-Satgachia — 24-Parganas)
33. Basu, Shri Nihar Kumar (131-Jagatdal — 24-Parganas)
34. Basu, Shri Subhas (82-Chakdah — Nadia)
35. Bauri, Shri Gobinda [240-Para (S.C.) — Purulia]
36. Bauri, Shri Madan [247-Indpur (S.C.) — Bankura]
37. Bera, Shrimati Chhaya (199-Nandanpur — Midnapur)
38. Bera, Shri Pulin (203-Moyna — Midnapur)
39. Bhattacharya, Shri Amarendra Nath (160-Belgachia West — Calcutta)
40. Bhattacharya, Shri Nani (12-Alipurduar — Jalpaiguri)
41. Bhattacharyya, Shri Gopal Krishna (135-Panihati — 24-Parganas)
42. Bhattarcharyya, Shri Lal Behari (250-Barjora — Bankura)
43. Bhattacharyya, Shri Satya Pada (68-Bharatpur — Murshidabad)
44. Bhowmik, Shri Kanai (228-Dantan — Midnapur)
45. Bhunia, Dr. Manas (216-Sabong — Midnapur)
46. Biswas, Shri Ananda Mohan (74-Krishnaganj — Nadia)
47. Biswas, Shri Anisur Rahman (93-Swarupnagar — 24-Parganas)
48. Biswas, Shri Chittaranjan (69-Karimpur — Nadia)
49. Biswas, Shri Hazari [53-Sagardighi (S.C.) — Murshidabad]
50. Biswas, Shri Jayanta Kumar (61-Naoda — Murshidabad)
51. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (S.C,) — 24-Parganas]
52. Biswas, Shri Kanti (86-Gaighata — 24-Parganas)
53. Biswas, Shri Kumud Ranjan [98-Sandeshkhali (S.C.) — 24-Parganas]
54. Biswas, Shri Satish [80-Ranaghat East (S.C.) — Nadia]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

55. Bora, Shri Badan [255-Indas (S.C.) — Bankura]
56. Bose, Shri Biren (25-Siliguri — Darjeeling)
57. Bose, Shri Nirmal (20-Jalpaiguri — Jalpaiguri)
58. Bose, Dr. Sisir Kumar (146-Chowringhee — Calcutta)
59. Bouri, Shri Nabani [249-Gangajalghati (S.C.) — Bankura]
60. Chakraborty, Shri Ajit Kumar (258-Barabani — Burdwan)
61. Chakraborty, Shri Jatin (151-Dhakuria — Calcutta)
62. Chakraborty, Shri Shyamal (159-Manicktola — Calcutta)
63. Chakraborty, Shri Subhas (139-Belgachia East — Calcutta)
64. Chakraborty, Shri Umapati (196-Chandrakona — Midnapore)
65. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua — Hooghly)
66. Chandra, Shri Anup Kumar (148-Alipore — Calcutta)
67. Chattaraj, Shri Suniti (288-Suri —Birbhum)
68. Chatterjee, Shri Dhirendra Nath (273-Raina — Burdwan)
69. Chatterjee, Shrimati Nirupama (173-Bagnan — Howrah)
70. Chatterjee, Shri Ram (185-Tarakeshwar — Hooghly)
71. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II — Burdwan)
72. Chattopadhyay, Shri Dhrubeswar (236-Arsa — Purulia)
73. Chattopadhyay, Shri Sadhan (75-Krishnagar East — Nadia)
74. Chattopadhyay, Shri Sailendra Nath (181-Champdani — Hooghly)
75. Chattopadhayay, Shri Santasri (179-Uttarpara — Hooghly)
76. Chaudhuri, Dr. Kiran (141-Shyampukur — Calcutta)
77. Choudhury, Shri Biswanath (38-Balurghat — West Dinajpur)
78. Choudhury, Shri Gunadhar (254-Kotulpur — Bankura)
79. Chowdhury, Shri Abdul Karim (28-Islampur — West Dinajpur)
80. Chowdhury, Shri Benoy Krishna (271-Burdwan South — Burdwan)
81. Chowdhury, Shri Bikash (262-Jamuria — Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

82. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari — Cooch Behar)
83. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (S.C.) — Cooch Behar]
84. Dalui, Shri Shiba Prasad [272-Khandaghosh (S.C.) — Burdwan)
85. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.) — Birbhum)
86. Das, Shri Jagadish Chandra (128-Bijpore — 24-Parganas)
87. Das, Shri Nemai Chandra (118-Falta — 24-Parganas)
88. Das Mahapatra, Shri Kamkshyanandan (215-Patashpur — Midnapore)
89. Daud Khan, Shri (107-Bhangar — 24-Parganas)
90. De, Shri Bibhuti Bhusan (227-Narayangarh — Midnapore)
91. De, Shri Sunil (230-Gopiballavpur — Midnapore)
92. Deb, Shri Saral (90-Barasat — 24-Parganas)
93. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar — Calcutta)
94. Fazle Azim Molla, Shri (114-Garden Reach — 24-Parganas)
95. Ghatak, Shri Santi Ranjan (138-Dum Dum — 24-Parganas)
96. Ghosh, Shri Sambhu Charan (186-Chinsurah — Hooghly)
97. Ghosh, Shri Satyendra Nath (165-Shibpur — Howrah)
98. Ghosh, Shri Asok (162-Howrah North — Howrah)
99. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad — Murshidabad)
100. Ghosh, Shri Debsaran (72-Kaliganj — Nadia)
101. Ghosh, Shri Kamakhya (223-Midnapore — Midnapore)
102. Ghosh, Shri Krishna Pada (155-Beliaghata — Calcutta)
103. Ghosh, Shri Malin (178-Chanditala — Hooghly)
104. Ghosh, Shri Prafulla Kanti (140-Cossipur — Calcutta)
105. Ghosh, Shri Rabindra (171-Uluberia South — Howrah)
106. Ghosh, Shri Susanta (220-Garbeta East — Midnapore)
107. Goppi, Shrimati Aparajita (4-Cooch Behar North — Cooch Behar)
108. Goswami, Shri Arun Kumar (180-Serampore — Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

109. Goswami, Shri Ram Narayan (270-Burdwan North — Burdwan)
110. Goswami, Shri Subhas (248-Chhatna — Bankura)
111. Guha, Shri Kamal Kanti (7-Dinhata — Cooch Behar)
112. Gupta, Shri Sitaram (130-Bhatpara — 24-Parganas)
113. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town — Midnapore)
114. Habib Mustafa, Shri (44-Ariadanga — Malda)
115. Habibur Rahman, Shri (54-Jangipur — Murshidabad)
116. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (S.C.) — Hooghly)
117. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (S.C.) — 24-Parganas)
118. Hashim Abdul Halim, Shri (89-Amdanga — 24-Parganas)
119. Hazra, Shri Haran [169-Sankrail (S.C.) — Howrah)
120. Hazra, Shri Sundar (222-Salboni — Midnapore)
121. Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C.) — Calcutta]
122. Humayoun Chowdhury, Shri (48-Sujapur — Malda)
123. Humayoun Reza, Shri (51-Aurangabad — Murshidabad)
124. Jana, Shri Haripada (217-Pingla — Midnapore)
125. Jana, Shri Manindra Nath (177-Jangipara — Hooghly)
126. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha — Calcutta)
127. Kar, Shrimati Anju (276-Kalna — Burdwan)
128. Kar, Shri Nani (88-Ashokenagar — 24-Parganas)
129. Kazi Hafizur Rahman, Shri (56-Bhagabangola — Murshidabad)
130. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar — Calcutta)
131. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (S.C.) — Bankura)
132. Kisku, Shri Upendra [245-Raipur (S.T.) — Bankura)
133. Koley, Shri Barindra Nath (175-Amta — Howrah)
134. Konar Shrimati Maharani (275-Memari — Burdwan)
135. Kujur, Shri Sushil [14-Madarihat (S.T.) — Jalpaiguri)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

136. Kunar, Shri Himansu [219-Keshpur (S.C.) — Midnapore)
137. Kundu, Shri Gour Chandra (81-Ranaghat West — Nadia)
138. Lama, Shri Dawa (23-Darjeeling — Darjeeling)
139. Let, Shri Dhirendra [290-Mayureswar (S.C.) — Birbhum)
140. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur — Howrah)
141. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar — Purulia)
142. Mahato, Shri Shanti Ram (238-Jaipur — Purulia)
143. Mahato, Shri Subhas Chandra (237-Jhalda — Purulia)
144. Mahbubul Haque, Shri (41-Kharba — Malda)
145. Maity, Shri Bankim Behari (207-Narghat — Midnapore)
146. Maity, Shri Gunadhar (125-Patharpratima — 24-Parganas)
147. Maity, Shri Hrishikesh (126-Kakdwip — 24-Parganas)
148. Maity, Shri Mukul Bikash (210-Contai North — Midnapore)
149. Majee, Shri Surendra Nath [242-Kashipur (S.T.) — Purulia]
150. Majhi, Shri Dinabandhu [66-Khargram (S.C.) — Murshidabad]
151. Majhi, Shri Raicharan [282-Ketugram (S.C.) — Burdwan]
152. Majhi, Shri Sudhangsu Sekhar [233-Bandwan (S.T.) — Purulia]
153. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur — Howrah)
154. Majhi, Shri Swadesranjan (201-Panskura East — Midnapore)
155. Malakar, Shri Nani Gopal (83-Haringhata — Nadia)
156. Malik, Shri Sreedhar [267-Ausgram (S.C.) — Burdwan]
157. Malick, Shri Shiba Prasad [195-Goghat (S.C.) — Hooghly]
158. Malla, Shri Anadi [221-Garbeta West (S.C.) — Midnapur]
159. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur — Birbhum)
160. Mandal, Shri Gopal [197-Ghatal (S.C.) — Midnapur]
161. Mandal, Shri Jokhilal (47-Manikchak — Malda)
162. Mandal, Shri Prabhanjan Kumar (127-Sagar — 24-Parganas)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

163. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (S.C.) — 24-Parganas]
164. Mandal, Shri Siddheswar [287-Rajnagar (S.C.) — Birbhum]
165. Mandal, Shri Sukumar [79-Hanskhali (S.C.) — Nadia]
166. Mandi, Shri Rampada [246-Ranibandh (S.T.) — Bankura]
167. Mandi, Dr. Sambhu Nath [232-Binpur (S.T.) — Midnapore]
168. Majumder, Shri Sunil (285-Labhpur — Birbhum)
169. Mazumdar, Shri Dilip Kumar (264-Durgapur-I — Burdwan)
170. Md. Abdul Bari, Shri (60-Domkal — Murshidabad)
171. Md. Nezamuddin, Shri (153-Entally — Calcutta)
172. Minz, Shri Patras [26-Phansidewa (S.T.) — Darjeeling]
173. Mir Abdus Sayeed, Shri (115-Maheshtala — 24-Parganas)
174. Mir Fakir Mohammad, Shri (71-Nakashipara — Nadia)
175. Mishra, Shri Abanti (212-Ramnagar — Midnapur)
176. Misra, Shri Kashi Nath (251-Bankura — Bankura)
177. Mitra, Dr. Ashok (108-Jadavpur — 24-Parganas)
178. Mitra, Shri Somendra Nath (156-Sealdah — Calcutta)
179. Mohammad Ramzan Ali, Shri (29-Goalpokhar — West Dinajpur)
180. Mohanta, Shri Madhabendu (70-Palashipara — Nadia)
181. Mojumdar, Shri Hemen (104-Baruipur — 24-Parganas)
182. Mondal, Shri Dinabandhu (204-Mahisadal — Midnapore)
183. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (S.C.) — 24-Parganas]
184. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (S.C.) — 24-Parganas]
185. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (S.C.) — Howrah]
186. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat — Birbhum)
187. Mondal, Shri Sahabuddin (73-Chapra — Nadia)
188. Mondal, Shri Sudhanshu [99-Hingalganj (S.C.) — 24-Parganas]
189. Mortaza Hossain, Dr. (92-Deganga — 24-Parganas)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

190. Moslehuddin Ahmed, Shri (35-Gangarampur — West Dinajpur)
191. Motahar Hossain, Dr. (294-Murarai — Birbhum)
192. Mridha, Shri Chitta Ranjan [105-Canning West (S.C.) — 24-Parganas]
193. Mukhopadhaya, Shri Amritendu (76-Krishnanagar West — Nadia)
194. Mukherjee, Shri Anil (252-Onda — Bankura)
195. Mukherjee, Shri Bamapada (259-Hirapur — Burdwan)
196. Mukherjee, Shri Bhabani (182-Chandernagore — Hooghly)
197. Mukherjee, Shri Bimalananda (78-Santipur — Nadia)
198. Mukherjee, Shri Biswanath (202-Tamluk — Midnapore)
199. Mukherjee, Shri Joykesh (166-Domjur — Howrah)
200. Mukherjee, Shri Narayandas (95-Basirhat — 24-Parganas)
201. Mukherjee, Shri Niranjan (112-Behala East — 24-Parganas)
202. Mukherjee, Shri Rabin (113-Behala West — 24-Parganas)
203. Mukherjee, Shri Samar (43-Ratua — Malda)
204. Mukhopadhyay, Dr. Ambarish (243-Hura — Purulia)
205. Mukhopadhyay, Shri Subrata (142-Jorabagan — Calcutta)
206. Munshi, Shri Mohammad Bacha (27-Chopra — West Dinajpur)
207. Murmu, Shri Maheshwar [226-Keshiari (S.T.) — Midnapore]
208. Murmu, Shri Sarkar [39-Habibpur (S.T.) — Malda]
209. Murmu, Shri Sufal [40-Gazole (S.T.) — Malda]
210. Moazzam Hossain, Shri Syed (218-Debra — Midnapore)
211. Nanda, Shri Kiranmoy (214-Mugberia — Midnapore)
212. Naskar, Shri Gangadhar [109-Sonarpur (S.C.) — 24-Parganas]
213. Naskar, Shri Subhas [101-Basanti (S.C.) — 24-Parganas]
214. Naskar, Shri Sundar [110-Bishnupur East (S.C.) — 24-Parganas]
215. Nath, Shri Manoranjan (279-Purbasthali — Burdwan)
216. Neogy, Shri Brajo Gopal (190-Polba — Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

217. Nurul Islam Chowdhury, shri (64-Beldanga — Murshidabad)
218. O'Brien, Shri Neil Aloysius (Nominated)
219. Omar Ali, Dr. (200-Panskura West — Midnapore)
220. Oraon, shri Mohan Lal [18-Mal (S.T.) — Jalpaiguri]
221. Paik, Shri Sunirmal [209-Khajuri (S.C.) — Midnapore]
222. Pal, ShriBejoy (260-Asansol — Burdwan)
223. Panda, Shri Bhupal (206-Nandigram — Midnapore)
224. Panda, Shri Mohini Mohan (244-Taldangra — Bankura)
225. Pande, Shri Sadhan (158-Burtola — Calcutta)
226. Pathak, Shri Patit Paban (161-Bally — Howrah)
227. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur — Midnapore)
228. Poddar, Shri Deokinandan (143-Jorasanko — Calcutta)
229. Pradhan, Shri Prasanta Kumar (208-Bhagabanpur — Midnapore)
230. Pramanik, Shri Abinash [188-Balagarh (S.C.) — Hooghly]
231. Pramanik, Shri Radhika Ranjan [121-Magrahat East (S.C.) — 24-Parganas]
232. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (S.C.) — Cooch Behar]
233. Purkait, Shri Prabodh [102-Kultali (S.C.) — 24-Parganas]
234. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria - 24-Parganas)
235. Raha, Shri Sudhan (19-Kranti — Jalpaiguri)
236. Rai, Shri H. B. (24-Kurseong — Darjeeling)
237. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur — Bankura)
238. Ray, Shri Birendra Narayan (57-Nabagram — Murshidabad)
239. Ray, Shri Dhirendra Nath [21-Rajganj (S.C.) — Jalpaigury]
240. Ray, Shri Dwijendra Nath (37-Kumarganj — West Dinajpur)
241. Ray, Shri Matish (137-Baranagar — 24-Parganas)
242. Ray, Shri Naba Kumar [32-Kaliaganj (S.C.) — West Dinajpur]
243. Ray, Shri Subhas Chandra [122-Mandirbazar (S.C.) — 24-Parganas]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

244. Roy, Shri Amalendra (67-Burwan — Murshidabad)

245. Roy, Shri Banamali [15-Dhupguri (S.C.) — Jalpaiguri]

246. Roy, Shri Haradhan (261-Raniganj — Burdwan)

247. Roy, Shri Hemanta (278-Monteswar — Burdwan)

248. Roy, Shri Phani Bhusan [45-Malda (S.C.) — Malda]

249. Roy, Shri Provash Chandra (111-Bishnupur West — 24-Parganas)

250. Roy, Shri Sadakanta [1-Mekliganj (S.C.) — Cooch Behar]

251. Roy, Shri Santi Mohun (192-Pursurah — Hooghly)

252. Roy, Shri Sattik Kumar (293-Nalhati — Birbhum)

253. Roy, Dr. Sukumar (239-Purulia —Purulia)

254. Roy, Shri Tarak Bandhu [17-Mainaguri (S.C.) — Jalpaiguri]

255. Roy, Shri Umakanta (292-Hansan (S.C.) — Birbhum]

256. Roy Barman, Shri Kshitibhusan (116-Budge Budge — 24-Parganas)

257. Roy Chowdhury, Shri Nirode (87-Habra — 24-Parganas)

258. Sadhukhan, Shri Tarapada (183-Singur — Hooghly)

259. Saha, Shri Jamini Bhusan (132-Noapara — 24-Parganas)

260. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (S.C.) — Hooghly]

261. Saha, Shri Lakshi Narayan [266-Kanksa (S.C.) — Burdwan]

262. Santra, Shri Sunil [274-Jamalpur (S.C.) — Burdwan]

263. Sar, Shri Nikhilananda (281-Mangalkote — Burdwan)

264. Saren, Shri Ananta [229-Nayagram (S.T.) — Midnapore]

265. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar — 24-Parganas)

266. Sarkar, Shri Dhirendranath [33-Kushmandi (S.C.) — West Dinajpur]

267. Sarkar, Shri Kamal (134-Khardah — 24-Parganas)

268. Sarkar, Shri Sailen (46-Englishbazar — Malda)

269. Satpathy, Shri Abanibhusan (231-Jhargram — Midnapur)

270. Sayed Md. Masih, Shri (268-Bhatar — Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly — Contd.

271. Sen, Shri Deb Ranjan (269-Galsi — Burdwan)
272. Sen, Shri Dhirendra Nath (289-Mahammad Bazar — Birbhum)
273. Sen, Shri Sachin (152-Ballygunge — Calcutta)
274. Sengupta, Shri Dipak (6-Sitai — Cooch Behar)
275. Sengupta, Shri Prabir (187-Bansberia — Hooghly)
276. Seth, Shri Bhupendra Nath (85-Bongaon — 24-Parganas)
277. Seth, Shri Lakshman Chandra [205-Sutahata (S.C.) — Midnapur]
278. Sha, Shri Ganga Prosad (133-Titagarh — 24-Parganas)
279. Shamsuddin Ahmad, Shri (49-Kaliachak — Malda)
280. Shish Mohammad, Shri (52-Suti — Murshidabad)
281. Sinha, Dr. Haramohan (280-Katwa — Burdwan)
282. Sinha, Shri Prabodh Chandra (213-Egra — Midnapore)
283. Sinha, Shri Suresh (30-Karandighi — West Dinajpur)
284. Singha Roy, Shri Jogendra Nath [13-Falakata (S.C.) — Jalpaiguri]
285. Sk. Imajuddin, Shri (62-Hariharpara — Murshidabad)
286. Sk. Siraj Ali, Shri (225-Kharagpur Rural — Midnapur)
287. Soren, Shri Khara [36-Tapan (S.T.) — West Dinajpur]
288. Subba, Shrimati Renu Leena (22-Kalimpong — Darjeeling)
289. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge — Calcutta)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South — Howrah)
291. Tirkey, Shri Manohar [11-Kalchini (S.T.) — Jalpaiguri]
292. Tribedi, Shri Bankim (65-Kandi — Murshidabad)
293. Tudu, Shri Bikram [235-Balarampur (S.T.) — Purulia]
294. Oraon, Shri Punai [16-Nagrakata (S.T.) — Jalpaiguri]
295. Uraon, Shri Subodh [10-Kumargram (S.T.) — Jalpaiguri]

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta, on Monday, the 2nd September 1985 at 3 p.m.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 18 Ministers, 17 Ministers of State and 201 Members.

Obituary References

[3.00 - 3.10 p.m.]

Mr. Speaker: I rise to perform a melancholy duty to refer to the sad demise of ex-Ministers of the State Government, sitting as well as ex-Members of this Legislature, and also of the Parliament and other personalities, renowned in their spheres who breathed their last after the last Session of the Assembly or information of whose sad demise was received after the last Session.

Shri Lutful Haque, a sitting Member of this Assembly and former Member of the Lok Sabha breathed his last on the 7th June, 1985. He was 74.

Born in November, 1911 at Reniapur, Murshidabad, Shri Haque was educated at Nimtita G.D. Institution and Hooghly V.M. Training School. He was a teacher by profession and associated with many schools and Madrasahs. He was President, Aurangabad Union Board from 1946 to 1953, Member, District Board from 1952 to 1967 and Member, District School Board from 1953 to 1967. He also organised the Bidi Workers of Murshidabad District.

He was elected to the West Bengal Legislative Assembly in 1952 from 52-Suti, Murshidabad Constituency on Congress Ticket and continued as a Member till 1967. Thereafter he was elected to the Lok Sabha in 1967. In 1977 he was elected again to the West Bengal Legislative Assembly and continued as a Member till his death.

The State has lost a veteran trade union and political leader at the demise of Shri Haque.

Sant Harchand Singh Longowal, President of Akali Dal (Longowal) of Punjab was assassinated by some extremists on the 20th August, 1985. He was 53.

Shri Longowal was born on the 2nd January, 1932 in an ordinary but deeply religious peasant's family of Gadriani village in Sangrur District, Punjab. As a child he was assigned by his parents to the then Sant Bhagwan Singh Longowal to be taken into the fold of religious preachers. He took over as the Sant-in-Charge of Gurudwara Bhai Mani Singh at Longowal in Sangrur District of Punjab. Later on he became the President of the Akali Dal. His leadership was a boon to the liberals of the country. Even his worst critics said that he was a some voice in much madness. On the question of Hindu-Sikh unity he had stood firm against all divisive forces. He came into the limelight first during the Emergency when he directed the Akali Morcha against the imposition of Emergency at Amritsar. As most of the Akali leaders had been jailed, he took over as leader of the agitation and sent volunteers to court arrest from the Golden Temple at Amritsar.

He was elected to the Punjab Vidhan Sabha only for once in 1967 and after this term he decided against taking active part in politics but he did give his blessings and rendered indirect help to Akali candidates. He was arrested during the Army action in Punjab last year and was detained till March, this year.

Sant Longowal signed the historic Centre-Akali Dal Agreement on Punjab alongwith the Prime Minister at New Delhi on the 24th July, 1985 and as a consequence had fallen a prey to the terrorists of Punjab who opposed the accord.

At the passing away of the Sant the country has lost a great religious teacher as well as a political leader who stood for unity, communal harmony and integrity of the.country.

Shri Charu Chandra Bhandari, a veteran Gandhian leader and Ex-Minister of West Bengal died at Khadi Ashram at Diamond Harbour on the 24th June, 1985 following protracted illness. He was 89 and a bachelor.

He was closely associated with the Gandhian movement and was an active and dedicated Congress Worker. He was a Member of the West Bengal Legislative Assembly from 1947 to 1953. He was also a Minister in the West Bengal Cabinet headed by Dr. P.C.Ghosh. He was one of the principal propagators of Vinobaji's Sarvodaya Movement in West Bengal and was actively connected with Abhay Ashram.

On the death of Shri Charu Chandra Bhandari there has been a great loss in the political and social arena in the State.

Shri John Arthar Baxla, an ex-M.L.A. passed away on the 20th July, 1985. He was 56.

Born in 1929 at Bhatkhawa Tea Garden, Shri Baxla passed the School Final Examination. He was a tea garden employee and was an active trade-unionist of tea garden area of Jalpaigury. He was elected to the West Bengal Legislative Assembly in 1977 on R.S.P. Ticket from Kumargram Constituency of Jalpaiguri District.

At the death of Shri John Arther Baxla we have lost a political leader as well as a trade-unionist.

Shri Gobardhan Pakray, a former Member of the West Bengal Legislative Assembly passed away in the 4th August, 1985 at Burdwan. He was 61.

Born on July 1, 1924 at Aharbelma in Burdwan District, Shri Pakray was educated at Jorkona J.H.School, Burdwan and he graduated from Burdwan Raj College. He was a farmer and a teacher. He was a member of the District School Board, District Development Council and Sub-Divisional Development Committee. He was also the Vice-President of Raina Thana Primary Teachers' Association and Secretary of the Aharbelma Red Cross Regional Centre. He worked for social reforms among the Schedule Caste and Tribal Communities.

During 1957-62 he was a Member of the West Bengal Legislative Assembly from 75-Raina (S.C.), Burdwan Constituency on P.S.P. Ticket. In 1969 he was re-elected from 258-Khandaghosh S.C.), Burdwan Constituency and continued as such till 1970.

We have lost a veteran political leader as well as a social worker at the demise of Shri Pakray.

Shri Deben Das, a veteran freedom fighter and an ex-M.L.A. of the West Bengal Legislative Assembly died on the 27th June, 1985. He was 74.

Shri Das was born at Kalipatna, Midnapur in 1911. He joined Civil Disobedience Movement in 1930 and suffered imprisonment and detension for a period of about 12 years. He joined the C.P.I. in 1938 and was elected to the West Bengal Legislative Assembly in 1969 on Communist Party of India Ticket. He took a leading role in the peasants and tribal movement in the District of Midnapore. He was connected with various social, political and cultural organisations. He wrote articles on economics and politics and was the author of a book named "Bharat Kon Pathey."

The death of Shri Deben Das has created a void in the political field in the State.

Shri Khagendra Nath Dasgupta, a veteran freedom fighter and former Cabinet Minister of West Bengal passed away on the 15th June, 1985. He was 87.

Born at Jalpaiguri on July 5, 1898, Shri Dasgupta took his education in Jalpaiguri Zilla School, Rajshahi College and graduated from Calcutta University. He suffered imprisonment for 10 years during the freedom movement. He was a Member of Bengal Legislative Assembly between 1937 and 1947 and of the West Bengal Legislative Assembly from 1947 to 1968. He was in the West Bengal Cabinet between 1952 and 1967 and was the leader of the Opposition in 1967 during the United Front Ministry. He was elected to the Parliament in 1977 from Jalpaiguri on a Janata Ticket. He resigned from active politics in 1980. Shri Dasgupta was a man of pleasing personality and proved himself to be an able administrator. He was president of a number of social organisations concerning relief, welfare and music.

The demise of Shri Dasgupta is a great loss to the political field in the State.

Shri Sirish Chandra Banerjee a former Member of the West Bengal Legislative Assembly breathed his last on the 21st June, 1985 at Rishra Sevasadan.

Shri Banerjee became a Member of the West Bengal Legislative Assembly on the 1st November, 1956 from Baghmundi, Purulia Constituency in pursuance of the Bihar and West Bengal (Transfer of Territories) Act, 1956.

He belonged to the Lok Sevak Sangha of Purulia. He was connected with many social organisations.

On the demise of Shri Banerjee we have lost a veteran politician.

Janab A.M.A. Zaman, a former Member of the West Bengal Legislative Assembly breathed his last on the 8th March, 1985. He was 92.

Shri Zaman joined Congress in 1928. He was a freedom fighter. He came in close contact with Netaji Subhas Chandra Bose and was his life-long follower. In 1936 he became a Councillor of Calcutta Corporation.

In 1937 he was elected to the then Bengal Legislative Assembly from Hooghly-cum-Serampore (Registered Factories) Constituency. After partition of Bengal he was again elected to West Bengal Legislative Assembly from 55-Jalangi, Murshidabad Constituency and continued as a member till 1957.

We have lost a veteran political leader at the demise of Shri Zaman.

Shri Lalit Maken, a sitting member of Lok Sabha and a Trade Unionist was assassinated by some unidentified assaliants in Delhi on the 31st July, 1985. He was 34.

Shri Maken was born on the 16th October, 1950 at Kirti Nagar, Delhi. He was a Trade Union leader and led workers' movements in Delhi. He was the leader of the Delhi Transport Corporation Workers' Union, the General Secretary of the Delhi Pradesh Congress (I) Committee, President, Delhi Pradesh Youth Congress between 1973 and 1976 and a Member of Delhi Metropolitan Council from 1983 to 1984.

Shri Maken made his entry in Lok Sabha from the South Delhi Constituency in 1984. During his short period he had raised a number of issues relating to Mill Workers in Delhi.

At the demise of Shri Maken the country has lost a promising and dynamic young Parliamentarian as well as a young Trade Unionist.

Shri Pramatha Nath Bishi, ex-Member of Rajya Sabha and erstwhile West Bengal Legislative Council, a prolific writer as well as a literary critic breathed his last on the 10th May, 1985, at Ramkrishna Mission Seva Pratisthan in South Calcutta. He was 84.

Born on June 11, 1901at Jowari in Rajshahi District (now in Bangladesh) Shri Bishi entered Santiniketan at 10 and passed the Matriculation Examination as a private candidate in 1919. Later he graduated from Rajshahi College with honours in English, did his M.A. in Bengali from Calcutta University and stood first in First Class. Shri Bishi was attached to Calcutta University as Ramtanu Lahiri research scholar fron 1933 to 1936. He joined Hipon (now Surendranath) College as a lecturer in 1936 and held the post for about 10 years. From 1946 he was the Assistant Editor in Ananda Bazar Patrika for about four years. He left the daily in 1950 to become a lecturer in Calcutta University, but he never lost touch with the newspaper to which he continued to contribute satirical articles under the pseudonym 'Kamalakanta Sharma'. He also wrote many novels, short stories, dramas and poems. He was also a renowned literary critic on Rabindranath's works.

Shri Bishi was awarded Rabindra Puraskar in 1960 and received the Padmasri in 1970. He was attached to the Tagore Research Institute as its founder president ever since its inception. In 1983 Shri Bishi received the Jagattarini Award of Calcutta University.

In 1962 Shri Bishi was nominated to the West Bengal Legislative Council and he continued till 1967 as its Member, from 1972 to 1978 he was a nominated Member of the Rajya Sabha.

The demise of Shri Bishi has created a void in the world of Bengali literature which is hard to fill.

[3-10 to 3-17 p.m.]

Shri Jadunath Kisku, former Member of the Lok Sabha breathed his last in Calcutta on the 13th July, 1985. He was 62.

Born in 1923, Shri Kisku was educated at Bhimpur Santal H.E. School and Maharaja Manindra Chandra College, Calcutta. He was an agriculturist and a Primary Teacher. During 1943-46 he was the Assistant Member in the Civilian Personnel Office under the U.S.A. Air Force at Chakulia, Bihar.

In 1977 he was elected to the Lok Sabha from 33-Jhargram (Schedule Tribe), Midnapore Constituency with C.P.I. (M) Ticket and continued as such till 1979.

We have lost a veteran political leader at the demise of Shri Kisku.

Shri Putchalapalli Sundarayya, a valient freedom fighter and patriot and one of the top leaders of the Communist movement in India breathed his last on May19, 1985 after a prolonged illness. He was 73.

Born on May 1, 1913, at Alagirapudu in Nellore District, Shri Sundarayya got his early education in Chingleput and Rajamundry and College education in Madras and Bangalore. His educational career came to a close for active participation in freedom movement. He played a prominent role in the Civil Disobedience Movement and working class movement in the Southern region.

Shri Sundarayya joined the Communist Party of India in 1934 and was the General Secretary of the Communist Party of India (Marxist) from November 1964 to June, 1976.

Shri Sundarayya suffered various terms of imprisonment and had to go underground for long spells for leading working class movements, democrative movements of the people and liberation struggles of the down-trodden peasantry notable amongst which was the historic Telengana movement.

He was elected to the Rajya Sabha from Andhra Pradesh in 1953. During 1955-1967 he was a member of the Andhra Pradesh Legislative Assembly and was the leader of the opposition. In 1977 he was again elected to the Andhra Pradesh Legislative Assembly.

In the death of Shri Sundarayya the country has lost a great patriot and a great Communist leader who worked ceaselessly for the welfare of the downtrodden and the poor all through his political career spaning over half a century.

Shri Debaprasad Ghosh, an ex-Member of Parliament breathed his last on the 14th July, 1985 in Calcutta. He was 91.

Born in 1894 at Gabha in Backergunje District, now in Bangladesh, Shri Ghosh was educated at Brajomohan Institution, Barisal and City College, Calcutta. He was a brilliant scholar and stood first in Matriculation Examination, I,A., B.A., M.A., and also in B.L. Examination. He joined the Ripon College (now Surendranath College) as a professor of Mathematics in 1914 and later became the Principal of Carmichael College at Rangpur in 1941 where he worked till his retirement in 1950.

Shri Ghosh was closely associated with non-co-operation movement of Bengal. He was a Member of Congress from 1915 to 1922. From 1923 to 1932 he was with the Nationalist Party of Bengal. In 1933, he joined Hindu Mahasabha and in 1951 the newly started Bharatiya Jana Sangh.

In 1952, Shri Ghosh was elected to the Council of States by the elected Members of the West Bengal Legislative Assembly on Jana Sangh Ticket.

He was associated with many social and educational organisations. He was also author of a good number of books.

We have lost an outstanding scholar and educationist and a veteran political leader at the demise of Shri Ghosh.

Shri Naren Ghosh a veteran Communist leader passed away on the 16th May, 1985 at the age of 80.

Born in Tangail in Mymensingh District, now in Bangladesh, he participated in the freedom movement in his early age. He joined the Anushilan Samity in 1920. In 1936 he was sentenced to life imprisonment for his involvement in a conspiracy against British rule in India. His punishment was subsequently reduced to 10 years. After his release, he joined in the Communist Party of India in 1946. He joined the C.P.I. (M) in 1964. He was a member of the Secretariat of the Calcutta C.P.I. (M) District Committee. He was a bachelor and devoted himself wholeheartedly to the party's organisanional work.

The death of Shri Naren Ghosh is a great loss to the political and social field of the State.

Shri Ananda Munshi, legendary painter, musician and writer died in Calcutta on the 14th January, 1985. He was 80.

Born on the 27th November, 1904 at Sivasagar in Pabna District, now in Bangladesh, he took his lessons in art from such famous painters as Perley Brown, P.G. Moorehouse and Tachel. He was the Director D.J. Keymer & Company, the famed advertising agency. He added a new dimension to the commercial art in India.

Apart from being an artist, he had deep interests in many subjects and was an ardent student in literature and fine arts.

The death of Shri Munshi has created a void in the cultural field in the State.

Shri Subho Thakur, Painter, Poet and Literateur died on the 16th July, 1985 at a nursing home in Calcutta following a heart attack. He was 73.

Born in January, 1912 in the famous Tagore family of Jorasanko, Calcutta, Shri Thakur took his formal education from Jorasanko High School, Oriental Seminary and Scottish Church School. He joined the Government Art College even before having completed his schooling. His first exibition of paintings at the age of 27 brought him acclaim. He was the guiding spirit behind the Calcutta Art Group in 1943 and revived many dying arts and crafts in West Bengal.

He taught at a Women's College in Kashmir for some time and was the regional director of All India Handicrafts Board for a brief period. Though renowned as a painter and a writer his phenomenal collection of artefacts and antiques has proved him as a connoisseur in the field.

Shri Thakur wrote many books among which 'Maya Mriga', 'Nil Rakta Lal Hoye Gachhe', etc. become famous. He was the founder editor of 'Sundaram', one of the best art journal in India.

The death of Shri subho Thakur has created a void in the cultural field of the country which is hard to fill.

Shri Arun Kumar Sen, a reputed professor of economics breathed his last on the 17th August, 1985. He was 80.

Shri Sen was the Rector of City Group of Colleges and was connected with various educational and cultural organisations. He was the author of some popular books on economics and political science.

By the death of Shri Sen the State has lost a renowned educationist.

Now I request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage honourable members stood in silence for two minutes)

Thank you, Ladies and Gentlemen, Joint Secretary will send the messages of condolence to the members of the family of the deceased.

Adjournment

The House was then adjourned at 3.17 p.m. till 1 p.m. on Tuesday, the 3rd September, 1985 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 3rd September, 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 13 Ministers, 15 Ministers of State and 190 Members.

Starred Questions
(to which oral answers were given)

Mr. Speaker : Now Question hour. Starred questions No. 1,2 and 3 will be taken up together.

[1.00 – 1.10 p.m.]

জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়া কর্তৃক পাট ক্রয়

*১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পাটের দাম নেমে যাওয়া রোধ করতে এবং পাট চাষীকে অভাবী বিক্রী থেকে বাঁচাতে জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়া (জে সি আই) পাট কেনা শুরু করেছে ; এবং

(খ) সত্য হলে, উক্ত সংস্থা কোন্ কোন্ জেলায় পাট কেনা শুরু করেছে ?

কমলকান্তি গুহ :

(ক) হ্যাঁ।

(খ) সর্বশেষ পাওয়া খবর অনুযায়ী ভারতীয় পাট কর্পোরেশন দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার এবং মালদা জেলায় পাট কেনা শুরু করেছে।

কাঁচা পাটের দর হ্রাসে ক্ষতিগ্রস্ত চাষী

*২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫।) **শ্রীদেবপ্রসাদ সরকার :** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত বছরের তুলনায় এই বছর পশ্চিমবঙ্গে কাঁচা পাটের বাজার দর অস্বাভাবিকহারে পড়ে যাওয়ার কারণ কি ;

(খ) পাটের দর পড়ে যাওয়ার ফলে পাট চাষীরা যেভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে তার প্রতিবিধানের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কোন প্রস্তাব দিয়েছেন কি ; এবং

(গ) রাজ্য সরকারের পক্ষ থেকে এ বিষয়ে কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

কমলকান্তি গুহ :

(ক) এই বছরে বাজার দরে চটকলগুলির পক্ষ থেকে পাট কেনার কোন উদ্যোগ না থাকায় এবং কেন্দ্রীয় সরকারের ঘোষিত সর্বনিম্ন মূল্য কম হওয়ায় মরশুমের শুরু থেকেই দরের নিম্ন গতি লক্ষিত হয়। এদিকে পাট চাষীরা আর্থিক প্রয়োজন মেটানোর তাগিদে পাট ধরে রাখতে পারছেন না এবং বাধ্য হয়ে কম দামেই বিক্রয় করছেন।

(খ) হ্যাঁ।

(গ) কেন্দ্রীয় সরকার কর্তৃক ঘোষিত বিধিবদ্ধ নিম্নতম মূল্য খুবই কম এবং চাষীদের স্বার্থের অনুকূল নয় বিবেচনায় পাটের দরের ক্রমাবনতি রোধে ভারতীয় পাট কর্পোরেশনকে অবিলম্বে বাণিজ্যিক ভিত্তিতে পাট কেনা শুরু করতে বলা হয়। কেন্দ্রীয় সরকারকেও এ সম্পর্কে ভারতীয় পাট কর্পোরেশনকে যথাযথ নির্দেশ দিতে অনুরোধ করা হয়।

পাট ক্রয় কর্পোরেশন খোলার পরিকল্পনা

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪২০।) **শ্রীসরল দেব :** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্য সরকার পাট ক্রয় কর্পোরেশন খোলার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কি ?

কমলকান্তি গুহ :

রাজ্যস্তরে একটি পাট কর্পোরেশন গঠনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

শ্রী সাধন চট্টোপাধ্যায় : মন্ত্রী মহাশয় বললেন উত্তরবঙ্গের ৪টি জেলা থেকে জে. সি. আই. পাট কিনছে। নদীয়া জেলা থেকে কিন্তু জে. সি. আই. পাট কিনছে না। এর ফলে সেখানে অনেক কম দামে চাষীরা পাট বিক্রী করতে বাধ্য হচ্ছে। এই অভাবী বিক্রী রোধ করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা জানাবেন কি ?

শ্রী কমলকান্তি গুহ : মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, জুট কর্পোরেশনের সাথে আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে একটা মিটিং করেছিলাম। সেখানে সিদ্ধান্ত হয়েছিল যে, ৭ই জুলাই থেকে জে. সি. আই. উত্তরবঙ্গে পাট কিনতে নামবে, আর ১লা আগষ্ট থেকে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে জে. সি. আই. পাট কিনতে নামবে। কিন্তু আমাদের কাছে খবর আছে যে, দক্ষিণবঙ্গের জেলাগুলিতে জে. সি. আই. এর পাট কেনার যে সেন্টারগুলি আছে সেখান থেকে তারা পাট কিনতে নামছে না। তাদের বক্তব্য হচ্ছে কেন্দ্রীয় সরকারের নির্ধারিত দর থেকে পাটের বাজার দর বেশী থাকায় তারা অভাবী পাট বলে সেগুলি কিনতে পারছে না। কিন্তু আমরা জে. সি. আই. কে জানিয়েছি যে, অনেক জায়গায় কেন্দ্রীয় সরকারের নির্ধারিত মূল্য থেকে বাজার দর অনেক নেমে গেছে, আপনারা সেখানে পাট কেনার ব্যবস্থা করুন। এই দাবী আমরা বারে বারে জে. সি. আই. এর কাছে জানিয়ে আসছি।

শ্রীসাধন চট্টোপাধ্যায় : ইউনিয়ান সরকারের বাজেট, রেল ভাড়া বৃদ্ধি ইত্যাদির ফলে যে মুদ্রাস্ফীতি ঘটেছে তাতে পাটের উৎপাদন খরচও বৃদ্ধি পেয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ইউনিয়ান সরকার যে পাটের দাম বেঁধেছেন তার সঙ্গে এটা সামঞ্জস্যপূর্ণ কিনা ?

শ্রীকমলকান্তি গুহ : এবারে নানান কারণে পাটের উৎপাদন খরচ গতবারের থেকে অনেক বেশী বেড়ে গিয়েছে। বীজের দাম বেড়েছে, ক্ষেতমজুরের মজুরি বেড়েছে, অন্যান্য আনুষঙ্গিক খরচও বেড়েছে। সেই কারণে কেন্দ্রীয় সরকার যে সর্বনিম্ন দর বেঁধে দিয়েছেন অভাবী পাট বিক্রির জন্য সেটা আমাদের কাছে অত্যন্ত কম বলেই মনে হয়েছে।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, পাটের সর্বনিম্ন দর বাঁধার ফলে বাজারে দর পড়ে গিয়েছে। আমার জিজ্ঞাস্য, গত মে মাসে কেন্দ্রীয় সরকার যে পাটের সর্বোচ্চ মূল্য ধার্য করেছিলেন তার ফলে পাটের বাজার দর নেমে যাওয়ার কোন সম্পর্ক আছে কি ?

শ্রী কমলকান্তি গুহ : আমি প্রথমেই মাননীয় সদস্যের বক্তব্য একটু সংশোধন করে দিতে চাই। সর্বনিম্ন দর বাঁধার জন্য পাটের দর নেমেছে তা আমি বলিনি। আমি বলেছি, কেন্দ্রীয় সরকার সর্বনিম্ন দর যেটা বেঁধেছেন সেটা অত্যন্ত কম হবার দরুণ বাজারের এই অবস্থার সৃষ্টি হয়েছে। আর সর্বোচ্চ দরের কথা যেটা বললেন— সর্বোচ্চ দর যেটা ঠিক হয়েছিল ৪৯৬ টাকা সেটা অবৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী থেকে করা হয়েছিল বলে বাজারের উপর তার প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

[1.10 – 1.20 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয়, পাটের দাম যে ভাবে পড়ে যাচ্ছে তাতে জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়ার বর্তমান সাপোর্টিং প্রাইস যাতে বাড়ান হয় তার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কোনো নির্দিষ্ট সাজেসন দেওয়া হয়েছে কি ; রাজ্য সরকারের পক্ষ থেকে ন্যূনতম মূল্য বাড়াবার কোনো প্রস্তাব দেওয়া হয়েছে কি ; যদি দেওয়া হয়ে থাকে তাহলে তা কত করতে বলা হয়েছে ?

শ্রী কমলকান্তি গুহ : এবারে যখন পাট চাষ শুরু হয়নি, বাজারে জিনিষ-পত্রের দাম বর্তমানের মত এত বাড়েনি, চাষের খরচ বাড়েনি তখনই— গত জানুয়ারী মাসে আমরা অনুমান করেছিলাম গত বছরের তুলনায় এ বারে পাট চাষের খরচ বাড়বে। যে অনুযায়ী গত জানুয়ারী মাসেই আমরা রাজ্য সরকারের তরফ থেকে এক নম্বর পাটের সর্বনিম্ন দাম সাড়ে তিনশত টাকা করার জন্য সুপারিশ করেছিলাম। পরবর্তীকালে আমরা দেখলাম সমস্ত রকম খরচ বেড়ে যাচ্ছে, কৃষকের মজুরী বাড়ছে, তখন আমরা জে. সি. আই. কে বলেছিলাম বাজার দরের ভিত্তিতে পাট কেনা শুরু করুন, তাহলে কৃষকদের সুবিধা হবে। অর্থাৎ রাজ্য সরকারের পক্ষ থেকে জে. সি. আই. তথা কেন্দ্রীয় সরকারকে এই ভাবে সুপারিশ করা হয়েছে।

শ্রী সরল দেব : মাননীয় মন্ত্রিমহাশয়, পশ্চিমবঙ্গে পাট ক্রয় কর্পোরেশন খোলবার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রের কাছে কোনো প্রস্তাব পাঠান হয়েছে কি ?

শ্রী কমলকান্তি গুহ : আমরা কেন্দ্রীয় সরকারের কাছে কোনো প্রস্তাব দিইনি। কারণ আমরা লক্ষ্য করছি জুট মিলস এ্যাসোসিয়েশন কেন্দ্রীয় সরকারের জুট কর্পোরেশনের সঙ্গে অসহযোগিতা করছে। পাট-কল মালিকদের উপর কেন্দ্রীয় সরকার কোনোরকম নিয়ন্ত্রণ আনতে পারছেন না। এদের স্বেচ্ছাচারিতা এমন জায়গায় গিয়ে পৌঁছেছে যে, রাজ্য সরকারের সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে এদের সঙ্গে লেন-দেনের ব্যাপারে যাওয়া কতখানি বিচক্ষণতার হবে তা আমরা লক্ষ্য করে দেখছি।

শ্রী সরল দেব : মাননীয় মন্ত্রিমহাশয়, পশ্চিম বাংলার ২০ লক্ষ পাট চাষীকে বাঁচাবার জন্য পাটের পরিবর্তে অন্য কোনো ফসল চাষ করার জন্য রাজ্য সরকার তাদের নির্দেশ দেবেন কি ?

শ্রী কমলকান্তি গুহ : এই প্রসঙ্গে আমি বলে রাখছি যে, আমরা নিজেরা যদি রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়ে কর্পোরেশন গঠনও করি, তাহলেও আমাদের একটা অসুবিধায় পড়তে হবে, সেটা হচ্ছে, রিজার্ভ ব্যাঙ্কের একটা নির্দেশ আছে, কেন্দ্রীয় সরকার যে মূল্য নির্ধারণ করে দেবে সেই মূল্যেই আমাদের পাট কিনতে হবে, তবেই রিজার্ভ ব্যাঙ্ক আমাদের ঋণ দেবে। কিন্তু আমরা রাজ্য সরকার মনে করছি কেন্দ্রীয় সরকারের নির্ধারিত মূল্যটি অবাস্তব। কাজেই এই অবস্থায় রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিয়ে কর্পোরেশন তৈরী করে কৃষকদের স্বার্থ রক্ষার ক্ষেত্রে তাকে কতখানি কার্যকরী করা যাবে তা আমাদের ভেবে দেখতে হবে। এখন আমরা ঠিক করেছি, আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে লিখব – আগামী কয়েক দিনের মধ্যেই চিঠি দেব – যে, চাষ শুরু হবার অনেক আগেই তাঁদের পাটের দর ঘোষণা করতে হবে, সেই দর দেখে কৃষক ঠিক করবে পাট চাষ করবে, কি করবে না। কারণ এবারে পাটের সর্বনিম্ন দর ঘোষণা করা হয়েছে জুলাই মাসের শেষে। আমাদের বক্তব্য হচ্ছে এটা ডিসেম্বর, জানুয়ারী মাসের মধ্যে ঘোষণা করতে হবে। তা দেখে কৃষকরা ঠিক করবে সেই দামে বিক্রি করলে সে পাট চাষ করতে পারবে, কি পারবে না।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, গত ১৫ জুলাই '৮৫ তারিখ পশ্চিম বাংলার মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে ভারত সরকারের মন্ত্রীদের পাটের দাম নিয়ে কোনো আলোচনা হয়েছিল কিনা ? যদি আলোচনা হয়ে থাকে, তাহলে কি কি বিষয় নিয়ে আলোচনা হয়েছিল ?

শ্রী কমলকান্তি গুহ : পাটের দর নিয়ে আলোচনা হয়নি। আলোচনা হয়েছিল বন্ধ পাটকলগুলি খোলা যায় কিভাবে।

শ্রী কমল সরকার : মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই লক্ষ্য করেছেন, বেশ কিছু বছর ধরে অর্থাৎ প্রায় ১০০ বছরের উপর ধরে এই পাট নিয়ে ফড়েরা কালো-বাজারি করে আসছেন। আমরা গোড়া থেকেই বলেছিলাম এটার নিয়ন্ত্রণ ব্যবস্থা কি হবে ? জুট কর্পোরেশন এ ব্যাপারে সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। জুট কর্পোরেশন যেখানে ব্যর্থ হয়েছে সেখানে সরকারকে অনুরোধ করেছিলাম তাদের নিজস্ব গুদাম করে সেই গুদামের মাধ্যমে তারা যদি সেই পাট নিতে পারেন এবং দিতে পারেন তাহলে একটা ব্যবস্থা হতে পারে। কিন্তু তাও এখন পর্যন্ত হয়নি। সুতরাং এটা না হওয়ার ফলে পাট চাষীদের ভাগ্যের উপর ছেড়ে দেওয়া হয়েছে। যে সমস্ত ফড়েরা পাট কিনছে তারা ইচ্ছা মত দরে কিনছে। এবারে দেখা গেছে হাজার টাকা বারশো টাকা পর্যন্ত দর রেখেছেন, এখন সেটা নামতে নামতে ২০০/৩০০ টাকায় এসেছে। তারা যা চাচ্ছে তাই করছে। এটা বন্ধ করার কোন ব্যবস্থা আমাদের রাজ্য সরকার করছেন কি?

শ্রী কমলকান্তি গুহ : আমি সরল দেবের প্রশ্নের উত্তরে বলেছি সমস্যাটা কোথায়। আমাদের পাট কিনতে গেলে টাকা লাগবে, তখন রিজার্ভ ব্যাঙ্ক বলবে কেন্দ্রীয় সরকারের নির্ধারিত মূল্যে কিনতে হবে, রাজ্য সরকারের নির্ধারিত মূল্যে কিনলে হবে না। ঐ ২২৩ টাকা কি ২২৫ টাকায় কিনতে হবে। সুতরাং ঐ দরে কিনতে আমরা রাজী নই। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, আমাদের জুটমিলগুলির কাছে বিক্রি করতে হবে। এ ব্যাপারে তারা আমাদের সহযোগিতা করবে না। সেইজন্য আজকে সারা পশ্চিমবাংলায় সর্ব-স্তরের মানুষের যে দাবী উঠেছে চটকল জাতীয়করণ করা সে ব্যাপারে রাজ্যসরকার তাদের সঙ্গে একমত। কৃষক, শ্রমিক এবং আমাদের দেশের অর্থনীতি সবার সাথে যাতে সুষম ব্যবস্থা করা যায় তারজন্য চটকল জাতীয়করণ করা হোক।

শ্রী সত্য রঞ্জন বাপুলী : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, গতবছর পাট চাষীদের প্রডাকসন কষ্ট কত ছিল এবং এ বছর পাট চাষীদের প্রডাকসন কষ্ট কত ? এ ছাড়া, গতবারে কত উৎপন্ন হয়েছিল আর এবারে কত উৎপন্ন হয়েছে ?

শ্রী কমলকান্তি গুহ : গতবারের চেয়ে এবারে উৎপাদন কিছু বেড়েছে। আমাদের এখনও পর্যন্ত হিসাব পুরো হারভেস্টিং হয়নি, ৫ লক্ষ ২৬ হাজার হেক্টরে উৎপন্ন হয়েছে আর গতবারে হয়েছিল ৫ লক্ষ হেক্টর। গতবারে ৫০০ টাকার মতন খরচ ছিল আর এবারে ৭০০ টাকার মতন খরচে পৌঁছে গেছে।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : পাট সর্বোচ্চ যে দরে কেনা হয়েছে সেই দর প্রসঙ্গে একদিকে যেমন আন্দোলন চলছে, মানুষ প্রতিবাদ করছে তেমনি অন্যদিকে প্রচার চলছে বিশেষ করে সংবাদপত্রের মাধ্যমে বলা হচ্ছে সর্বোচ্চ যে দাম বাধা হয়েছে তাতে রাজ্যসরকার সম্মতি প্রদান করেছে। সুতরাং বিভ্রান্তিমূলক প্রচার বন্ধ করার জন্য পরিষ্কার করে জানা দরকার রাজ্যসরকার সম্মতি দিয়েছিলেন কিনা, মুখ্যমন্ত্রী জুট মালিকদের সঙ্গে এবং কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে যে মিটিং করেছিলেন সেখানে তিনি সম্মতি দিয়েছিলেন কিনা–এ ব্যাপারে সুস্পষ্টভাবে আমি জানতে চাই – কারণ ব্যাপকভাবে এটা নিয়ে প্রচার চলছে ?

[1.20 – 1.30 p.m.]

শ্রী কমলকান্তি গুহ : এ সম্বন্ধে আমাদের কৃষি দপ্তর সরকারীভাবে কিছু জানেন না। সেদিনকার মিটিংয়ে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উপস্থিত ছিলেন। এখন তিনি সম্মতি দিয়েছেন কিনা সেটা এই মূহুর্তে আমার পক্ষে বলা সম্ভব নয়।

শ্রী তারাপদ সাধুখাঁ : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি একটি প্রশ্ন রাখছি। পাট চাষীদের জন্য পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে পাট কিনতে গেলে রিজার্ভ ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে নির্ধারিত দরে কিনতে হবে। পাট গুদামজাত করে ব্যাঙ্ক থেকে লোন নিয়ে চাষীদের দিয়ে পরে যখন পাটের দর উঠবে তখন বিক্রি করা হবে। পার কুইন্টাল একটা লোনের ব্যবস্থা করা যায় কিনা চিন্তা করবেন কি ? যেমন আলু চাষের সময় ৫০ টাকা কুইন্টাল আলু না কিনে সরকার যে ভুল করেছেন এখনও সেই ভুল হতে চলেছে। কাজেই এই ব্যবস্থাটা কি করা যায় না ?

শ্রী কমলকান্তি গুহ : আমি আগেই বলেছি ব্যাঙ্কগুলি রিজার্ভ ব্যাঙ্কের দ্বারা নিয়ন্ত্রিত হয়। কাজেই ব্যাঙ্ক যদি ঋণ দিতে চায় সেখানে শর্ত থেকে যাবে। সেখানে কৃষকরা সেই শর্ত মেনে নিয়ে ঋণ নেবেন কিনা এবং রাজ্যসরকার সেই ব্যাপারে হস্তক্ষেপ করবেন কিনা এটা একটা প্রশ্নের ব্যাপার হয়ে দাঁড়িয়েছে।

শ্রী রবীন্দ্র নাথ মণ্ডল : ☆☆☆☆☆☆☆☆☆☆☆☆ গত বছর বামপন্থী কৃষক সংগঠনগুলি এটাই আশংকা করেছিলেন যে এ বছরে যেমন ভাল দাম পাওয়া যাচ্ছে তেমনি আগামী বছরে কৃষকরা এই আশায় উদ্বুদ্ধ হয়ে পাট চাষে নামবেন এবং মার খাবেন। এবার আমরা দেখছি যে কৃষকেরা মার খাচ্ছেন। সুতরাং রাজ্য সরকার এই আশঙ্কা অনুভব করে কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন ?

মিঃ স্পীকার : ওনার প্রশ্নের শেষ পার্টটুকু থাকবে বাকি ডিলিট হবে।

শ্রী কমলকান্তি গুহ : কেন্দ্রীয় সরকার এবং জুট কর্পোরেশনের কাছে আমরা এই অনুরোধ করেছিলাম যে আপনারা বাণিজ্যিক ভিত্তিতে পাট কেনা শুরু করুন এবং একথা বলেছিলাম যে আপনারা আপনাদের দরে পান বা না পান আপনারা বাজারে উপস্থিত থাকবেন। যাতে ফড়ে বা পাইকাররা দর কষাকষি করে তাদের সর্বনাশ না করতে পারে। কিন্তু আমরা দেখছি জুট কর্পোরেশন সে কথা শুনছেন না। তাঁরা কোনো জায়গাতেই যাচ্ছেন না।

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব ক্ষেত্রেই তো কেন্দ্রীয় সরকারের উপর দোষ চাপিয়ে নিজেদের দায়িত্ব এড়াতে চেষ্টা করছেন। মহারাষ্ট্র এবং গুজরাটে যখন তুলার ব্যাপারে কটন কর্পোরেশন করে তুলা কিনে নেবার ব্যবস্থা করেছিলেন সেখানকার রাজ্য সরকার, সেখানে তুলা চাষীদের অভাবের হাত থেকে বাঁচাবার চেষ্টা করেছিলেন, তেমনি আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কি অসুবিধা আছে জুট কর্পোরেশন করে সেই পাট কিনে নেওয়ার?

শ্রী কমলকান্তি গুহ : এই প্রশ্নটাই আমি আশা করেছিলাম। এর যথাযথ উত্তর দেওয়ার প্রয়োজন আছে। মহারাষ্ট্র সরকার কেন্দ্র নির্ধারিত দরে সমবায় ভিত্তিতে তুলা চাষীদের তুলা কিনেছিলেন। আমাদের রাজ্য সরকার কেন্দ্রের নির্ধারিত দরকে অযৌক্তিক মনে করেন। সেই দরে সমবায় সমিতি করে রিজার্ভ ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে আমরা পাট চাষীদের সর্বনাশ করতে চাই না।

শ্রী দীপক সেনগুপ্ত : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই রকম একটি ধারণা সৃষ্টি হয়েছে যে, গত বছর পাট উৎপাদন কিছু কম হবার ফলে গত বছর পাট চাষীরা বেশী দাম পেয়েছিল এটা ঠিক কিনা ? তাছাড়া এখানে আপনি জানিয়েছেন যে এই বছর বেশী জমিতে পাট চাষ হয়েছে। তাহলে আপনি কি জানাবেন, যে সময় পাটকলগুলি বন্ধ হয় এবং যখন পাটের দরের উর্দ্ধ সীমা বেঁধে দেবার প্রশ্নটা এসেছিল সেই সময় গোডাউনগুলিতে কাঁচা পাট যা ছিল তা দিয়ে পাটকলগুলি চলতে পাবতো কিনা ? অর্থাৎ আমার মূল প্রশ্ন হচ্ছে, গত বছর উৎপাদন কম হবার ফলেই পাটকলগুলি বন্ধ হয়ে গিয়েছিল, নাকি এর মূলে অন্য কারণ ছিল ?

শ্রী কমলকান্তি গুহ : আমরা মনে করিনা যে, উৎপাদন কম বা বেশী হবার ফলে এইসব ঘটে। চাষীদের শোষণ করার জন্যই এটা করা হয়।

ডাঃ সুশোভন ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পাটের বীজের দরের ব্যাপারে বলছিলেন যে, দাম বেশী দিতে হচ্ছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে, এই বীজ কি আপনারা এখান থেকেই প্রকিওর করেছিলেন, না বাইরে থেকে আমদানী করেছিলেন ? আমদানী করা হয়ে থাকলে, সীড কর্পোরেশন সেটা এখান থেকে কেন প্রকিওর করতে পারেনি ?

শ্রী কমলকান্তি গুহ : পাটের বীজের উৎপাদন কিছুটা সবেমাত্র এখানে শুরু করেছে পশ্চিম বাংলার বীজ নিগম। এখনও পর্যন্ত বেসরকারী ভাবে ব্যবসায়িক ভিত্তিতে এন. এস. সি. এবং ডি. ডি. সি বীজ এনে নিজেদের এজেন্ট মারফৎ তা পশ্চিমবঙ্গে বিক্রির ব্যবস্থা করেন। গত দুই বছর এবং এই বছরও আমরা লক্ষ্য করেছি যে, এন. এস. সি. এবং ডি. ডি. সির নির্ধারিত দরের চেয়ে অনেক বেশী দরে এই বীজ বাজারে বিক্রি হচ্ছে।

শ্রী অবিনাশ প্রামানিক : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গে যে কৃষি বিপণন সমবায় সমিতিগুলি আছে তারা পাট কেনা শুরু করেছে কি না ?

শ্রী কমলকান্তি গুহ : আমাদের যে সমবায় বিপণন কেন্দ্রগুলি আছে তারা জে. সি. আই-এর এজেন্ট হিসাবে পাট কেনেন। জে. সি. আই এখনও পর্যন্ত তাদের বলেননি যে, তোমরা এই দরে বাজার থেকে পাট কেনা শুরু কর।

শ্রী আবদুস সাত্তার : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, গত বছরের সাপোর্ট প্রাইস কত ছিল এবং এই বছরই বা সাপোর্ট প্রাইস কত ?

শ্রী কমলকান্তি গুহ : এক এক জেলায় এক এক রকম। আমি কুচবিহার জেলার কথা এখানে বলতে পারি, তবে আপনি যদি নোটিশ দেন তাহলে সমস্ত ফিগার জানিয়ে দিতে পারব। কুচবিহার জেলায় ৫নং পাটের এই দর ছিল ২০২ টাকা এবং এবার হয়েছে ২২৩ টাকা। ঘোষণা করা এই দরের উপর পার কুইন্টল ২৫ টাকা দিয়ে জে. সি. আই পাট কিনবে।

মিঃ স্পীকার : মিঃ গুহ, আপনি আগামী কাল ডিস্ট্রিকটওয়াইজ পাটের দরের স্টেটমেন্টটা সার্কুলেট করে দেবেন।

পৌর নির্বাচন

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৬।) **শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

Note: ☆☆ (* Expunged as odered by the Chair)

(ক) ১৯৮৫ সনে পশ্চিমবাংলায় যে সমস্ত পৌর নির্বাচন অনুষ্ঠিত হবার কথা তা কবে নাগাদ হবে বলে আশা করা যায় ; এবং

(খ) কোন্ কোন্ পৌর সভার আসনসংখ্যা বৃদ্ধি করা হচ্ছে ?

শ্রী প্রশান্ত কুমার শূর :

(ক) পশ্চিমবাংলায় পৌর নির্বাচন সংক্রান্ত বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন। নির্বাচনের সঠিক দিন এখনও ধার্য হয় নাই।

(খ) এখনও পর্যন্ত কোন পৌরসভার আসন সংখ্যা বৃদ্ধি করা হয় নাই। তবে ইতিমধ্যে যে সমস্ত পৌরসভার সঙ্গে পৌর এলাকা সন্নিহিত কিছু অঞ্চল যুক্ত করা হয়েছে সে সমস্ত পৌরসভার আসন সংখ্যা বৃদ্ধি করা হতে পারে। পৌরসভাগুলির নাম যথাক্রমে :-

(১) বর্ধমান

(২) কাটোয়া

(৩) আসানসোল

(৪) মেদিনীপুর

(৫) অশোকনগর-কল্যাণগড়

(৬) কৃষ্ণনগর

(৭) আলিপুরদুয়ার ও

(৮) ইংলিশবাজার ।।

[1.30 – 1.40 p.m.]

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন পুরসভার সাথে যে সমস্ত অঞ্চল নুতন করে যুক্ত করা হয়েছে সেই সমস্ত পুরসভায় আসন সংখ্যা বৃদ্ধি করার প্রস্তাব আছে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে সমস্ত এলাকা যুক্ত হয়নি, নুতন করে যুক্ত হবার জন্য এপ্লিকেসান করেছে তাদের ব্যাপারে সরকারের কিছু বিবেচনাধীন আছে কি ?

শ্রী প্রশান্ত কুমার শূর : যে সমস্ত এলাকা যুক্ত হয়নি সেইগুলি যুক্ত হবে এবং সব মিলে আশা করি আগামী জুন মাসের মধ্যে সমস্ত জায়গায় নির্বাচন হয়ে যাবে।

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, যে সমস্ত অঞ্চল যুক্ত হবে তাদের আসন সংখ্যা বৃদ্ধি করা হবে। আমি জানতে চাই নুতন এলাকা - যারা এখনও যুক্ত হয়নি - পুনর্বিবেচনা করে আসন সংখ্যা বৃদ্ধি করার প্রস্তাব আছে কি ? এই ব্যাপারে কারা কারা প্রস্তাব দিয়েছেন এবং সেইগুলি অনুমোদন হয়েছে কি ?

শ্রী প্রশান্ত কুমার শূর : সেইগুলি আমাদের বিবেচনাধীন আছে। সেইগুলি করে – আমি যে কথা আগেই বলেছি - আশা করি আগামী জুন মাসে এটা করে নির্বাচন করতে পারব।

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য : মাননীয় মহাশয় জানাবেন কি, যে সমস্ত নুতন এলাকা যুক্ত করবার সম্ভাবনার কথা বললেন পুরানো এলাকার সংগে সেই সমস্ত এলাকায় জনসাধারনের ভিত্তিতে আসন সংখ্যা ঠিক করবেন ? নাকি কলিকাতায় যে রকম আছে ২২ এম. এল. এ-এর জন্য ১০০ টি আসন আর ৩ টি এম. এল. এ-এর জন্য ৪১ টি আসন এই ভিত্তিতে হবে ?

শ্রী প্রশান্ত কুমার শূর : মাননীয় সদস্য যে বক্তব্য রাখলেন সেই সঠিক নয়। আমাদের একটা স্টাণ্ডার্ড আছে। আমরা ইউনিফর্ম পদ্ধতিতে ডিলিমিটেসান করে থাকি।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বর্তমানে এখানে যে সমস্ত পুরসভা চলছে তার মধ্যে কতগুলিতে নির্বাচিত বোর্ড আছে, কতগুলিতে প্রশাসক আছে এবং কতগুলিতে মনোনীত বোর্ড কাজ করছে ?

শ্রী প্রশান্ত কুমার শূর : সব জায়গায় নির্বাচিত বোর্ড আছে। একমাত্র তিনটি জায়গায় - মেদিনীপুর, ওল্ড মালদাহ এবং বহরমপুরে প্রশাসক আছে।

Shri Gyan Singh Sohanpal : Will the Minister-in-Charge be pleased to enlighten the House as to what is the standard for the delimitation of the wards ?

Shri Prasanta Kumar Sur : There is no particular standard. But the uniform policy is that it should be on the basis of population, area and the contiguity of the wards.

সাঁইথিয়া শহরের পানীয় জল-সরবরাহ্ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক অতিরিক্ত অর্থ মঞ্জুর

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯।) **শ্রীধীরেন্দ্রনাথ সেন** : স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (শহরের জল-সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় সাঁইথিয়া শহরের পানীয় জল-সরবরাহ প্রকল্পটির উন্নতি বিধানের জন্য কেন্দ্রীয় সরকার অতিরিক্ত ৬৭ লক্ষ টাকা দেবার কথা ঘোষণা করিয়াছেন ;

(খ) সত্য হইলে, তার মধ্যে অদ্যাবধি কত টাকা পাওয়া গিয়াছে ;

(গ) উক্ত শহরের মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ এই অতিরিক্ত মঞ্জুরীকৃত অর্থ হইতে নিজ তহবিলে প্রকল্পটি সম্প্রসারণের জন্য কোনও অনুদান অদ্যাবধি পাইয়াছেন কি ; এবং

(ঘ) পাইয়া থাকিলে তাহার পরিমাণ কত ?

শ্রী প্রশান্ত কুমার শূর :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

শ্রী ধীরেন্দ্র নাথ সেন : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে কেন্দ্রীয় সরকার এখনও পর্যন্ত কোন টাকা দেওয়ার কথা ঘোষণা করেননি। তাহলে আমার প্রশ্ন হচ্ছে এই যে, পানীয় জল সরবরাহের জন্য যে কর্মসূচী গ্রহণ করা হয়েছে তারজন্য কত টাকা ব্যয় করেছেন ?

শ্রী প্রশান্ত কুমার শূর : এ বাবদ মোট ৬৭,৭৯০০০ হাজার টাকা ব্যয় করা হয়েছে। সমস্ত টাকা পশ্চিমবঙ্গ সরকার দিয়েছেন।

শ্রী ধীরেন্দ্র নাথ সেন : এ বছর এই প্রকল্প বাবদ কত টাকা মঞ্জুর করা হয়েছে ?

শ্রী প্রশান্ত কুমার শূর : এ বছর ৫০,০০০ হাজার টাকা মঞ্জুর করা হয়েছে।

পশ্চিমবঙ্গে জেলাসমূহে ক্যাজুয়াল কর্মী

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী** : স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের জেলাগুলিতে ক্যাজুয়াল কর্মী আছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, এরূপ কর্মীর সংখ্যা কত ; এবং

(গ) এই ক্যাজুয়াল কর্মীদের স্থায়ী কর্মী হিসাবে স্বীকৃতি দেবার কথা সরকার চিন্তা করছেন কি ?

শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় :

(ক) হ্যাঁ।

(খ) পুরুষ মহিলা

২৮৫ ২৪১

(মোট ক্যাজুয়াল কর্মী সংখ্যা ৫২৬)

(গ) প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন আছে।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : আমার দুটি বিষয়ে প্রশ্ন আছে — প্রথমতঃ বিভিন্ন জেলা সমূহে একস্ট্রা - টেম্পোরারী কর্মী হিসাবে কিছু ব্যক্তি নিয়োগ হয়েছে এবং ক্যাজুয়াল কর্মীও আছেন, আমরা একস্ট্রা টেম্পোরারী কর্মী বলতে কি বুঝব ? দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, — এই প্রশ্নটি এর সঙ্গে যুক্ত — এই ক্যাজুয়াল কর্মী নিয়োগের ক্ষেত্রে এমপ্লয়মেণ্ট একসচেঞ্জ-এর মাধ্যমে নেওয়া হয়েছে না, অন্য কোন পদ্ধতির মধ্যে দিয়ে নেওয়া হয়েছে ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : এখানে ক্যাজুয়াল কর্মী বলতে একস্ট্রা টেম্পোরারী ওয়ার্ডারদের কথাই বলা হয়েছে। নিয়োগের ক্ষেত্রে আমাদের নিয়ম আছে যে ঐ সমস্ত কর্মীদের একটা ভ্যাকান্সী পজিসান থাকে, সেগুলো সাধারণ ভাবে এমপ্লয়মেণ্ট একসচেঞ্জের মারফতই করা হয়। কিন্তু কোন কোন জেলে হঠাৎ কয়েদীর সংখ্যা যখন বেড়ে যায় তখন আর এক ভাবে নিয়োগ করা হয়ে থাকে। জেল কোড় অনুসারে জেল পরিদর্শক এবং সুপারিনটেনডেণ্ট এর হাতে এই নিয়োগের ক্ষমতা দেওয়া আছে। তাঁরা প্রয়োজনবোধে কিছু একস্ট্রা টেম্পোরারী ওয়ার্ডার বা ক্যাজুয়াল ওয়ার্ডার নিতে পারেন।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : আমি জানতে চাইছি যে এই একট্রা টেম্পোরারী যে সমস্ত এ্যাপয়েন্টমেণ্ট হয়, এই এ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে ঐ সুপার নিয়োগ করেন, না, অন্য কোন কর্তৃপক্ষ নিয়োগ করে থাকেন ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : সুপারিনটেনডেণ্টই নিয়োগ করে থাকেন। কিন্তু তাঁর পেছনে ইনস্‌পেকটর জেনারেল অফ প্রিজনস্ এর সম্মতি থাকা প্রয়োজন।

শ্রী কামাক্ষী বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই ক্যাজুয়াল কর্মীদের নিয়োগের পদ্ধতিটা কি ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : আমি তো এ সম্বন্ধে আগেই উত্তর দিলাম।

শ্রী আবদুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয় যে সংখ্যা উল্লেখ করলেন, এর মধ্যে ১৯৭৮ সাল থেকে এ পর্যন্ত কতজনকে নিয়োগ করা হয়েছে বলবেন কি ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : সঠিক সংখ্যা আমি এখনই বলতে পারছি না। তবে, সংখ্যাটা খুব বেশী নয়।

শ্রী সত্যপদ ভট্টাচার্য : স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীমহোদয় বললেন যে এক আধটা ক্ষেত্রে এই ভাবে নিয়োগ হয়ে থাকে। কিন্তু এখানে যে সংখ্যাটা উল্লেখ করলেন তাতে দেখা যাচ্ছে এক বিরাট সংখ্যক লোক নেওয়া হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে এই যে, এঁদের রেগুলারাইজ করার কোন ব্যবস্থা আছে কি ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : ১৯৭৭ সাল থেকে ১৯৮৫ সালের মধ্যে যত লোক এই ভাবে নেওয়া হয়েছে, তাদের সংখ্যা খুব বেশী নয়। তবে সংখ্যা যাই হোক না কেন, এঁদের রেগুলারাইজ করার ব্যবস্থা হচ্ছে। রিক্রুটমেণ্ট রুলস্ তৈরী হচ্ছে এবং আশা করা যাচ্ছে যে আগামী ছয় মাসের মধ্যে বেশ কিছু টেম্পোরারী ওয়ার্ডারকে পারমানেণ্ট করা যাবে।

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি – জেলাগুলিতে এবং জেলগুলিতে কোন পার্থক্য আছে কিনা: সিজন্যাল এবং ক্যাজুয়াল কর্মীদের কোন পার্থক্য আছে কিনা : এবং যদি কোন পার্থক্য থাকে তাহলে, এসেম্বিলিতে নিযুক্ত সিজন্যাল কর্মীদের ক্যাজুয়াল কর্মী হিসাবে নিয়োগ করা হবে কি ?

মিঃ স্পীকার : দিস কোশ্চেন ইজ ডিসএ্যালাউড।

কোতুলপুর থানার 'বনমুখা' মৌজায় ডিপ টিউবওয়েল খনন

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১০।) **শ্রী গুণধর চৌধুরী** : কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোতুলপুর থানার "বনমুখা" মৌজায় কোন ডিপ টিউবওয়েল খোঁড়া হয়েছে কি ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, উক্ত টিউবওয়েল ক্ষুদ্র সেচ বিভাগ বা অন্য কোন বিভাগ হতে কোন্ সময়ে খোঁড়া হয়েছে ;

(গ) উক্ত ডিপ টিউবওয়েলটি চালু হয়েছে কি ;

(ঘ) চালু না হলে, এর কারণ কি ; এবং

(ঙ) কবে নাগাদ ইহা চালু হবে বলে আশা করা যায় ?

শ্রী কানাই ভৌমিক :

(ক) হ্যাঁ।

(খ) উক্ত টিউবওয়েল পশ্চিমবঙ্গ জল-অনুসন্ধান অধিকার কর্তৃক ইংরাজী ১৯৭৯ সালের মার্চ মাসে খোঁড়া হয়েছে।

(গ) না

(ঘ) পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশ অনুযায়ী উক্ত টিউবওয়েলটি সম্প্রতি (৬.৮.৮৫ তারিখ হইতে) পশ্চিমবঙ্গ ক্ষুদ্রসেচ নিগম জল অনুসন্ধান অধিকার হইতে গ্রহণ করিয়াছেন। এত কম সময়ে আনুসঙ্গিক কাজ শেষ করিয়া প্রকল্পটি চালু করা সম্ভব হয় নাই।

(ঙ) সীমিত সামর্থ্যের মধ্যে আনুষঙ্গিক কাজ শেষ করিয়া কবে নাগাদ প্রকল্পটি চালু করা যাইবে তাহা বলা এখনই সম্ভব নয়।

[1.40 – 1.50 p.m.]

শ্রী গুণধর চৌধুরী : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে জল অনুসন্ধান অধিকার কর্তৃক ইংরাজী ১৯৭৯ সালের মার্চ মাসে খোঁড়া হয়েছে এবং ৬.৮.৮৫ তারিখে ক্ষুদ্র সেচ নিগম তা গ্রহণ করেছে। আমার প্রশ্ন হচ্ছে যে এইক্ষেত্রে যে এই দীর্ঘ ৫ বছর সময় লাগলো এত দেরী হওয়ার কারণ কি ?

শ্রী কানাই ভৌমিক : মাননীয় সদস্যদের নিশ্চয় জানা আছে যে কোন ডিপ টিউব-ওয়েল বসাতে গেলে আমাদের জল অনুসন্ধান দপ্তর থেকে পরীক্ষা-নিরীক্ষা করাতে হয়। সেখানে কতটা জল পাওয়া যাবে আর কত গভীরে জল পাওয়া যাবে এবং ঠিক মত জল আসবে কিনা এই সমস্ত বিষয়

জল অনুসন্ধান অধিকার থেকে অনুসন্ধান করিয়ে নিতে হয়। এইক্ষেত্রে ১৯৭৯ সালে অনুসন্ধান দপ্তর তাদের কাজ শুরু করেছিলেন এবং এইসব করার পরে যখন দেখা গেল যে এই টিউব-ওয়েল থেকে প্রয়োজনমত জল পাওয়া যেতে পারে তখন আমাদের এম. আই. সি. অর্থাৎ ক্ষুদ্র ও সেচ নিগম কে এটা হস্তান্তর করেছে। এইরকমও দেখা গেছে অনেক জায়গায় পরীক্ষা–নিরীক্ষা করার পরে অনেক টিউব-ওয়েল জল অনুসন্ধানকারী দপ্তর বাতিল করে দিয়েছেন এই কারণে যে জল ঠিকমত ওখান থেকে পাওয়া সম্ভব হবে না ইত্যাদি। সেইরকম এই বিষয়টি ক্ষুদ্র সেচ নিগম সুনির্দিষ্ট ভাবে গ্রহণ করেছেন ৬.৮.৮৫ তারিখে। কারণ এতে পরীক্ষা করে দেখা গেছে যে জল পাওয়া সম্ভব হবে।

শ্রী গুণধর চৌধুরী : মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে সীমিত সামর্থ্যের মধ্যে আনুষাঙ্গিক কাজ শেষ করিয়া কবে নাগাদ প্রকল্পটি চালু করা যাইবে তাহা বলা এখনই সম্ভব নয়, এইক্ষেত্রে আমার প্রশ্ন হচ্ছেএই পরিকল্পনাটি কি সরকারী পরিকল্পনার মধ্যে পড়ে, না সরকারী পরকিল্পনার বর্হিভূত ?

শ্রী কানাই ভৌমিক : এই সমস্ত পরীক্ষা সাধারণভাবে পরিকল্পনার মধ্যেই পড়ে। কোন কোন জায়গায় কি পরিমাণ জল পাওয়া যাবে এটা অনুসন্ধান দপ্তর খোঁজ করে দেখবে, খোঁজ করতে গিয়ে অনেক জায়গায় হয়তো ওদের একসপেরিমেন্টাল ডিপ টিউব-ওয়েল বাতিলও করতে হয়। এই যে ৬ বছর সময় লাগলো তার কারণ হচ্ছে বিভিন্ন স্তরে কত জল পাওয়া যাবে এইসব অনুসন্ধান করতে হয়েছে এরজন্য সময় লেগেছে। আর সামর্থ্যের কথা যেটা বলেছেন সেটা হচ্ছে আমরা পরিকল্পনা মাফিক এই সমস্ত কাজ হাতে নিয়েছি, টাকার অংকের হিসাব নিকাশ করেই এই কাজে হাত দেবো।

শ্রী প্রভঞ্জন কুমার মণ্ডল : সেন্ট্রাল গ্রাউণ্ড রিসার্চ ওয়াটার বোর্ড কিছু ডিপ টিউব-ওয়েল স্কীম বসিয়েছিল, তাদের একস্পেরিমেন্ট স্কীমের কাজ শেষ করার পরে তারা স্টেট গভর্ণমেন্টকে সেগুলি হ্যাণ্ড ওভার করার জন্যে চিঠি দেন, যোগাযোগ করেন কিন্তু জানানো সত্ত্বেও সেই টিউব-ওয়েলগুলি স্টেট গভর্ণমেন্ট এখনো পর্যন্ত গ্রহণ করেননি, এই সংবাদ কি আপনার জানা আছে ?

শ্রী কানাই ভৌমিক : আমি এখনই বলতে পারছি না, খোঁজ নিয়ে বলবো।

শ্রী জ্ঞান বিহারী আচার্য : টিউবওয়েল যেটা খোঁড়া হয়েছে সেটা কি অগ্রাধিকার পাবে ?

শ্রী কানাই লাল ভৌমিক : যত তাড়াতাড়ি সম্ভব আমরা করতে চাই, কিন্তু টাকার অসুবিধা বিষয়টা আমাদের বিবেচনা করতে হচ্ছে।

শ্রী কাশীনাথ মিশ্র : এ ডিপ টিউবওয়েলটি করার জন্য কত টাকা ব্যয় হয়েছে ?

শ্রী কানাইলাল ভৌমিক : নোটিশ চাই।

শিশুবিকাশ প্রকল্পগুলিতে জ্বালানী ও নুন-হলুদ বাবত অপর্যাপ্ত অর্থ বরাদ্দ

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯।) শ্রী কমলাকান্ত মাহাতো : ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, সুসংহত শিশুবিকাশ কেন্দ্রগুলিতে জ্বালানী ও নুন-হলুদের জন্য যে টাকা বরাদ্দ আছে, বর্তমান বাজার দর অনুপাতে তা পর্যাপ্ত নয় ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : হ্যাঁ।

শ্রী কমলাকান্ত মাহাতো : প্রতি ৫০ জন শিশু প্রতি আড়াই টাকা নুন হলুদ ইত্যাদি কেনার জন্য দেয়া হয় এবং ১০০ জনের প্রতি ৫ টাকা দেওয়া হয় সেটা বাড়াবার কোন পরিকল্পনা আছে কি ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : খাদ্য বাবদ গড়ে ৩৪ পয়সা করে আমার দপ্তর খরচ করে থাকে। পার চাইল্ড পার ডে খরচ করে ৩০ পয়সা। পার গার্ল পার উইমেন পাব ডে গড়ে ৫০ পয়সা খরচ করে। ১১ বেনিফিসিয়ারীর জন্য সেই হিসেবে এক একটা ব্লকে খরচ করা হয় ৯লক্ষ টাকা। কন্টিজেন্সি বাবদ আড়াই পয়সা হিসেবে পার বেনিফিসিয়ারী খরচ করি ৬ পয়সা করে। এটা বাড়ানোর প্রস্তাব অর্থ দপ্ররে পেশ করেছি, তাঁরা বিবেচনা করছেন ?

শ্রী কমলাকান্ত মাহাতো : মাইলো, অনুন্নত মানের ডাল, তেল, মশলা ইত্যাদি যা দেওয়া হয় তা অতি নগন্য, সুতরাং এর বদলে দুধ বা অন্যান্য খাবার দেওয়ার কথা বিবেচনা করবেন কি ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : চিন্তা করা হচ্ছে।

শ্রী বঙ্কিম বিহারী মাইতি : শিশুদের এই যে খাদ্য দেওয়া সেটা রাজ্য সরকার দেন না কেন্দ্র দেন ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : এই যে শিশু বিকাশ প্রকল্প এর জন্য একটা ব্লকে প্রতিটা প্রজেক্টে সাধারণভাবে খরচ করা হয় ১৬ লক্ষ টাকা –এর মধ্যে রাজ্য সরকার খরচ করেন ৯ লক্ষ টাকা, আর কেন্দ্র খরচ করেন ৭ লক্ষ টাকা।

শ্রী বীরেন্দ্র নাথ সরকার : এ পর্যন্ত কতগুলি সুসংহত শিশু বিকাশ কেন্দ্র খোলা হয়েছে এবং আর্থিক বছরের শেষ নাগাদ আর কতগুলি চালু হবে ?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : এখন পর্যন্ত ৮০টা চালু আছে। আর এ বছরে ৩০ টি ব্লকে এবং এলাকায় চালু হবে।

[1.50 – 2.00 p.m.]

শ্রী বিজয় পাল : মাননীয় মন্ত্রী মহাশয় কি অবগত আছেন যেখানে সেন্টারগুলি চালান হয় সেখানকার ঘরগুলির অবস্থা খারাপ এবং যে টাকা দেওয়া হয়ে থাকে সেই টাকা যথেষ্ট নয়, সেই দিকে নজর দেবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আমার ২ নং কথা হচ্ছে ৯ লক্ষ টাকা স্টেট গভর্নমেন্ট খরচ করেন এবং ৭ লক্ষ টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট দিচ্ছে। কিন্তু বাইরে যেভাবে প্রচারিত হয়ে থাকে তাতে এটা যেন সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকার দ্বারা পরিচালিত হচ্ছে রাজ্য সরকার কিছুই দিচ্ছেন না। এই সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

(NO REPLY)

Mr. Speaker : II – Held Over

মানবাজার ২নং ব্লকে মিনিকিট বিতরণ

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫।) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার মানবাজার ২নং ব্লকে ১৯৮৫ সালে মিনিকিট বিতরণ করা সম্ভব হয়নি ; এবং

(খ) সত্য হলে, এর কারণ কি ?

শ্রী কমল কান্তি গুহ : (ক) সত্য নহে।

(খ) প্রশ্ন আসে না।

শ্রী সুধাংশু শেখর মাঝি : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি মানবাজার ২ নং ব্লকে যে মিনিকিট গেছে এটা কবে ব্লকের হেড কোয়ার্টারে পৌঁছেছে ?

শ্রী কমল কান্তি গুহ : ১৯৮৫ সালে খরিফ মরশুমে মানবাজার ২নং ব্লকে নিম্নলিখিত মিনিকিট বন্টন করা হয়েছে।

ধানের মিনিকিট (পাট্টা হোল্ডারদের জন্য)	৩৪২ টি
চীনা বাদামের মিনিকিট	১০০ টি
কলাই এর মিনিকিট	২০০ টি
অড়হরের মিনিকিট	৩২৫ টি
মোট -	৯৬৭ টি

এছাড়া ২০০ টি ধানের মিনিকিট (কেন্দ্রীয় অনুদান প্রকল্পে) এবছর খরিফ মরশুমে বিলি করা হয়েছে।

শ্রী সুধাংশু শেখর মাঝি : মিনিকিট ব্লকে যখন পৌঁছাবার কথা তখন কিন্তু পৌঁছায়নি এবং যে উদ্দেশ্যে মিনিকিট বিলি করা হয় সেই উদ্দেশ্যে মিনিকিট বিলি হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে মিনিকিট বিলি করা হয়েছে, আমি আপনাকে বলছি এখন পর্যন্ত মিনিকিট বিলি হয়নি।

শ্রী কমল কান্তি গুহ : মাননীয় সদস্য গুরুতর অভিযোগ তুলেছেন। আমি নিশ্চয়ই তদন্ত করে দেখব এবং যদি দেখা যায় যে আমার কাছে যে রিপোর্ট এসেছে আমার দপ্তর থেকে সেটা ত্রুটিপূর্ণ, ইচ্ছাকৃত একটা ভুল তথ্য দেওয়া হয়েছে তাহলে সংশ্লিষ্ট অফিসারের বিরুদ্ধে কঠিন শাস্তি দেওয়া হবে। কিন্তু আমি মাননীয় সদস্যকে বলতে চাই যদি দেখা যায় বেসরকারী কোন লোকের জন্য এই ত্রুটি ঘটেছে তাহলে আপনারা সেই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রী নটবর বাগদি : মাননীয় মন্ত্রীমহাশয় বোধ হয় জানেন যে পুরুলিয়া জেলায় যেকোন চাষ অন্যান্য জেলার থেকে প্রথম দিকে আরম্ভ হয় সেজন্য খরিফ মরশুমে চাষ প্রথম দিকে আরম্ভ হয়। কিন্তু আপনার কিছু কিছু অফিসার আছে যাদের ধারণা আছে পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার মত পুরুলিয়া জেলাতেও চাষ একই সঙ্গে আরম্ভ হয়, সেজন্য ওখানে মিনিকিট পাঠানোর ব্যাপারে সেই [illegible] গাফিলতি আছে। আপনি এই বিষয়টা দেখবেন কি ?

শ্রী কমল কান্তি গুহ : নিশ্চয়ই আমি তদন্ত করে দেখব। মাননীয় সদস্য আগে যে প্রশ্ন করেছিলেন আদৌ যায়নি, ঠিকমত যায়নি, সময় মত পৌঁছায়নি, এই ব্যাপারে আমি তদন্ত করে দেখব, যদি হয়ে থাকে তাহলে নিশ্চয়ই তার ব্যবস্থা নেব।

ডাঃ সুকুমার রায় : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কোন ডেটে এই মিনিকিট পাঠান হয়েছিল ?

শ্রী কমল কান্তি গুহ : সেটা আমি খোঁজ খবর নেব, যদি না গিয়ে থাকে তাহলে সেই বিষয়ে ব্যবস্থা নেব।

দমদম বিমান বন্দরে বিমান চলাচল হ্রাস

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দমদম বিমানবন্দরে বিমান চলাচলের সংখ্যা হ্রাসের কারণ সম্পর্কে সরকার অবগত আছেন কি ; এবং

(খ) অবগত থাকলে, এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

শ্রী রবীন মুখার্জী :

(ক) ব্রিটিশ এয়ারওয়েজ কতৃপক্ষ সম্প্রতি ঘোষণা করেছেন যে তাঁদের কলকাতা থেকে একমাত্র ফ্লাইট (লণ্ডন অভিমুখে) আগামী ডিসেম্বর মাস থেকে বন্ধ করে দেবেন। তাঁরা আমাদের সরকারকে জানিয়েছেন যে বানিজ্যিক কারণে তাঁরা এই সিদ্ধান্ত নিয়েছেন।

(খ) এই সরকার বহুবার কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছেন যাতে কলকাতা বিমাণ বন্দর হয়ে আন্তজাতিক বিমান চলাচলের সংখ্যা হ্রাস না হয়। মুখ্যমন্ত্রী, এই দপ্তরের ভূতপূর্ব ও বর্তমান মন্ত্রী এবং পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী, অসামরিক বিমান চলাচলের ভারপ্রাপ্ত মন্ত্রীকে এই অনুরোধ জানিয়ে বহু পত্র দিয়েছেন, তবে এখনও পর্যন্ত অবস্থার উন্নতি হয়নি। ব্রিটিশ এয়ারওয়েজ তাঁদের ফ্লাইট বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত জানানোর পর মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর কাছে এর প্রতিবাদ জানিয়েছেন এবং তাঁর হস্তক্ষেপের জন্য অনুরোধ করেছেন।

শ্রী অন্নাথ চন্দ্র শেঠ : মন্ত্রীমহাশয় বললেন বৃটিশ এয়ারওয়েজ দমদম বিমান বন্দর বয়কট করেছে এবং আরও অনেক এয়ারওয়েজ বয়কট করেছে। আমার প্রশ্ন হচ্ছে অন্যান্য যারা বয়কট করেছে তাঁদের নাম কি এবং কি কারণে তাবা বয়কট করেছে ?

শ্রী রবীন মুখার্জী : এখন পরিস্থিতি যা দাঁড়িয়েছে সেটা আমি আপনাদের জানিয়ে দিচ্ছি। The State Government is not aware or the reasons for the persistent attempts at diverting International flights away from Calcutta Airport. In the recent past, the Scandinavian Airways had withdrawn its flights and there has been a reduction in the frequency of International flights from Calcutta. The British Airways has of late communicated its decision to withdraw its flight which operates from Calcutta Airport only once a week, reporttedly on commercial grounds. From the materials available from different sources which also find confirmaticn in the representation of the Employees Union of the British Airways it is seen that the growth rate of international air passengers at Calcutta Airport among all the four international airports of India, recorded the highest figure during April this year compared with the corresponding period last year, Information received also indicates that at least 25 pessengers are left out every week for want of accommodation in the flight of the British Airways from Calcutta Airport, which indicates that the traffic from the Calcutta Airport, vis-a-vis the flight of the British Airways continues to remain always above the optimum limit. Despite this, there is a persistent attempt to undermine the importance of the Calcutta Airport and the reasons for this neglect have not at all been made known to the State Government with convincing and cogent reasoning.

There is ample scope for the Government of India to determine the frequency of flights and the Airports of origin and destination in India of the Foreign Airlines on the basis of Bilateral Agreements that exist in this regard. The Union Minister of State for Tourism and Civil Aviation had a discussion with the Minister of Tourism, Government of West Bengal on 22.6.83 wherein the Union Minister indicated that he would continue dialogue with Foreign Airlines for bringing more flights to Calcutta Airport, but nothing did, in fact, emerge.

On the contrary, the Scandinavian Airlines system has withdrawn their operation from Calcutta Airport from March, 1985 and there is the latest unhappy decision of the British Airways.

(2.00 – 2.10 p.m)

As already stated in the replies, the Chief Minister, West Bengal lodged a protest with the Government of India against the decision to terminate the flights of British Airways from calcutta airport from December 1985 and he had already requested the Prime Minister to intervene in the matter and to restore not only the existing flights but also to arrange for higher frequency.

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

বীরভূমে নলহাটীকে প্রজ্ঞাপিত এলাকা হিসাবে ঘোষণা

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭।) **শ্রী সাত্ত্বিক কুমার রায় :** স্থানীয় শাসন ও নগরউন্নয়ন বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বীরভূম জেলার নলহাটীকে প্রজ্ঞাপিত এলাকা হিসাবে গণ্য করার বিষয়ে বিলম্ব হওয়ার কারণ কি ?

Minister-in-charge for the Local Government and Urban Development Deptt. :

বীরভূম জেলার নলহাটীতে একটি পৌরসভা গঠনের প্রস্তাব বর্তমান সরকারের বিবেচনাধীন রয়েছে। এই সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি জেলা শাসকের নিকট হইতে চাওয়া হইয়াছে। জেলাশাসকের জবাবের জন্য অপেক্ষা করা হচ্ছে।

*১৫ । স্থগিত।

বঙ্গোপসাগরে নিখোঁজ জাহাজে 'নিত্যরাম' ও 'নিত্যানক'-এ বাঙ্গালী যাত্রী সংখ্যা

*১৬ । (অনুমোদিত প্রশ্ন নং *৩০১।) শ্রী সুমন্ত কুমার হীরা : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) গত জুন মাসে বঙ্গোপসাগরে নিখোঁজ দুটি জাহাজ 'নিত্যরাম' ও 'নিত্যানক'-এ কত জন বাঙ্গালী নাবিক ও অফিসার ছিলেন সে সম্পর্কে রাজ্য সরকার জানেন কি : এবং

(খ) নিখোঁজ ব্যক্তিদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে কোন দাবি জানিয়েছেন কি?

Minister - in-charge for the Home (Transport) Deptt. :

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

সুতানুটি, গোবিন্দপুর ইত্যাদি ঐতিহাসিক এলাকা চিহ্নিতকরণ

*১৭ । (অনুমোদিত প্রশ্ন নং *৯১।) শ্রী অমলেন্দ্র রায় : স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, কলিকাতার সুতানুটি গোবিন্দপুর ইত্যাদি ঐতিহাসিক এলাকাগুলোকে সুস্পষ্টভাবে চিহ্নিত করার কোন ব্যবস্থা হয়েছে কি ?

Minister - in-charge for the Local Government and Urban Development Deptt. :

না।

*১৮ । স্থগিত।

হলদিয়া-উলুবেড়িয়া জল-সরবরাহ প্রকল্প

*১৯ । (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯।) শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ : বিগত বাজেট অধিবেশনে ১৯-৩-১৯৮৫ তারিখে প্রদত্ত তারকিত প্রশ্ন নং *৮০ (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭) উত্তর উল্লেখপূর্বক স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (শহরের জল-সরবরাহ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

(ক) হলদিয়া-উলুবেড়িয়া জল সরবরাহ প্রকল্পের নির্মাণ কাজ কবে নাগাত শুরু হবে;

(খ) উক্ত প্রকল্প রূপায়ণে প্রাথমিকভাবে কত টাকা খরচ হবে; এবং

(গ) উক্ত প্রকল্পে বিশ্বব্যাঙ্ক আর্থিক সাহায্য করতে রাজী হয়েছে কি?

Minister - in-charge for the Health and Family Welfare (Urban Water Supply) Deptt. :

(ক) এখনই সঠিকভাবে বলা সম্ভব নয়।

(খ) বর্তমান মূল্যমান অনুসারে প্রাথমিক ভাবে এই প্রকল্পের জন্য আনুমানিক ২০০ কোটি টাকা খরচ হবে।

(গ) আর্থিক সাহায্য পাওয়ার ব্যাপারে বিশ্বব্যাঙ্কের সঙ্গে আলোচনা চলছে।

উত্তরপাড়া-কোতরং পুরসভার সহিত হিন্দমোটর কারখানা সহ কিছু এলাকা সংযুক্তিকরণ

*২০ । (অনুমোদিত প্রশ্ন নং *২৯৩।) শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় : স্থানীয় শাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার হুগলী জেলার উত্তরপাড়া-কোতরং পুরসভার সহিত হিন্দমোটর কারখানা সহ পশ্চিমাঞ্চলের কিছু এলাকা সংযুক্তিকরণের বিজ্ঞপ্তি জারী করিয়াছেন;

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, ঐ বিজ্ঞপ্তি কোন্ তারিখে জারি করা হইয়াছে ; এবং

(গ) এখনও ঐ এলাকা পৌর অঞ্চলের সহিত যুক্ত না হওয়ার কারণ কি ?

Minister - in-charge for the Local Government and Urvan Developement Deptt.

(ক) হ্যাঁ।

(খ) উক্ত বিজ্ঞপ্তি ইংরেজী ১৯৭১ সালের ২৪শে ডিসেম্বর জারী করা হইয়াছে।

(গ) যেহেতু উক্ত বিজ্ঞপ্তির বিরুদ্ধে কলিকাতা হাই কোর্টে স্থিতাবস্থা বজায় রাখার আদেশ হইয়াছে ও মামলা চলিতেছে, সেইহেতু উক্ত এলাকার কর্তৃত্ব পৌরসভা এখনও গ্রহণ করিতে পারে নাই।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received five notices of Adjournment Motion. The first is from Shri Deba prasad Sarkar on the subject of the deplorable condition of the jute cultivators in the State. The second is from Shri Kashi Nath Misra on the subject of deterioration of law and order situation in the State. The third is from Dr. Manas Bhunia on the subject of alleged anti-social activities of the supporters of a major ruling party in Midnapore. The fourth is from Shri Abdul Mannan on the subject of alleged attack on Congress (I) workers by the supporters of a major ruling party at Keshpur in Midnápur District and the last is from Shri Samar Mukherjee on the subject of alarming situation in the Ratua Assembly Constituency due to erosion of the rivers Ganga and Phulhar.

The subject matters of the first and the fifth motions do not call for the adjournment of the business of the House. The Members may call the attention of the ministers concerned through Calling Attention, Mention Cases, Questions etc. The subject matters of second, third and fourth motions relate to day-to-day administration.

I, therefore, withhold my consent to all the motions.

One Member of the party may, however, read out the text of the motions as amended

Shri Deba prasad Sarkar :

শ্রী দেব প্রসাদ সরকার :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে জানাতে চাইছি যে এই পাট চাষীদের সমস্যা পশ্চিমবাংলার একটা বিরাট সমস্যা। এই সমস্যা দিনের পর দিন গুরুতর আকার ধারণ করছে। এই ব্যাপারে আমি গত ৯ই আগষ্ট মুখ্যমন্ত্রীকে একটা চিঠি লিখি। কিন্তু তার কোন উত্তর পর্যন্ত পাইনি। আজকে আমি এ্যাডজর্নমেন্ট মোসন দিয়েছি। কিন্তু দুর্ভাগ্যবশত আপনি সেটা ডিসএ্যালাউ করেছেন। আজকে এই বিষয়ের প্রতি বিশেষ এবং সর্বাধিক গুরুত্ব দেওয়া উচিত। জুটকরপোরেসন অব ইণ্ডিয়া এই ব্যাপারে নির্বাক হয়ে আছে। আজকে সরকারের উচিত এই বিষয়টি বিশেষভাবে গুরুত্ব দিয়ে দেখা। যা হোক আপনি এই প্রস্তাব পড়ার অনুমতি দিয়েছেন আমি এটা পড়ে দিচ্ছি "জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতবী রাখছেন।

বিষয়টি হোল :- উত্পাদিত ফসল পাটের ন্যায্য দর না পাওয়ার ফলে এই রাজ্যের লক্ষ লক্ষ পাট চাষী পরিবারের অস্তিত্ব বিপন্ন। গতবার যেখানে পাটের বাজার দর ছিল ৮০০ টাকা থেকে ১০০০ টাকা, এই বারে সেই দর ৩০০ টাকা ৩৫০ টাকায় নেমে গেছে। এই বছর কেন্দ্রীয় সরকার পাটের দরের সর্বোচ্চ সীমা উৎপাদন খরচের থেকে কম দরে বেঁধে দেওয়াতেই মরশুমের শুরুতেই পাটের দর এই রকম অস্বাভাবিক হারে পড়ে গিয়েছে। এর উপর জুট করপোরেসন অব ইণ্ডিয়া পাট বিক্রীর মরশুমে এখন পর্যন্ত যে পাট খরিদ করার জন্য নামেনি তাই নয় জুট করপোরেসন অব ইণ্ডয়া যে সহায়কমূল্য ধার্য করেছে তার এমন কি পাট উৎপাদন খরচের অর্ধেকেরও কম। ফলে রাজ্যের গরীব ও মধ্যবিত্ত পাট চাষী যাদের পাট ধরে রাখার ক্ষমতা নেই তারা অসহায়ভাবে মিলমালিক ও ফাটকাবাজীদের হাতে জলের দামে পাট বিক্রি করে দিতে বাধ্য হয়ে আজ যথাসর্বস্ব হারাতে চলেছে।

ডাঃ মানস ভূঁইয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে কৃতজ্ঞ থাকতাম যদি এই ধরণের গুরুত্বপূর্ণ বিষয় আজকে এ্যাডজোর্নমেন্ট মোশন হিসাবে এ্যালাও হতো। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আজকে আপনি শুধু মোশনটা পড়ার অনুমতি দিয়েছেন। জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষযটি হল – সমগ্র মেদিনীপুর জেলায় বিশেষ করে কেশপুরে, সবং, মেদিনীপুর সদর এবং নরায়নগড় থানায় সম্প্রতি প্রশাসনের ঔদাসীন্য এবং কোনও কোনও জায়গায় প্রত্যক্ষ মদতে সমাজবিরোধীদের অত্যাচার তুঙ্গে উঠেছে। গত ২৯ শে আগষ্ট সবং এর দু নং অঞ্চলে প্রধান শ্রী বিনোদ জানাকে মারাত্মক ভাবে আক্রমন করে অচৈতন্য অবস্থায় মাঠে ফেলে যাওয়া, তাকে * চক্রান্ত করা –

(মিঃ স্পীকার : * কথাটা বাদ যাবে)

৩১শে আগষ্ট কেশপুর থানায় সুপরিকল্পিত ভাবে ৮টি গ্রামে নৃশংস হামলা চালিয়ে ঐ গ্রামগুলির সমস্ত পরিবারের যাবতীয় ধন সম্পত্তি লুঠপাট, পাঁচটি বাড়িতে আগুন ধরিয়ে পুড়িয়ে দেওয়া, প্রায় ১২টি বন্দুক লুট করা এবং পরিশেষে কেশপুর থানার ও. সি. 'র প্রত্যক্ষ মদতে খেজুরবনি গ্রামে আবদুস সাওারকে * করা ইদানিংকালের সমস্ত অত্যাচারকে মলিন করে দিয়েছে।

(Noise. Several members rose to speak)

Please take your seats.

Calling Attention to matters of urgent public importance.

Mr. Speaker : I have received 10 notices of Calling Attention, namely :-

1. Alleged murder of one Shri Subhas Biswas, a primary school at Ranaghat, Nadia on 15.8.85 Shri Satish Biswas.

Note – * Expunged as ordered by the chair.

2. Role of the Union Government regarding closed and sick industries of west Bengal Shri Sadhan Chattopadhyay.

3. Alleged murder plot of Shri Jyoti Basu, Chief Minister of West Bengal outside the state Shri Suresh Sinha.

4. Bus - Strike at West Dinajpur from 22nd August, 1985 - Shri Dipendra Barman.

5. Alleged murder of two persons & looting, firing etc. at Keshpur P. S. in the Midnapore Bistrict - Dr. Manas Bhunia and Shri Somendra Nath Mitra.

6. Reported affairs of Darjeeling College on 27/8/85 - Shri Satyapada Bhattacharya, Shri Shish Mohammad, Shri Anil Mukherjee and Shri Jayanta Kumar Biswas.

7. Reported eaten up by a dog of a newly born baby in Maldah District - Shri Abdul Mannan, Shri Samar Mukherjee, Shri Samsuddin Ahmed and Shri Kashinath Mishra.

8. Attack on Dr. Kiron Chaudhury, M. L. A. on 29.8.85 - Shri Amarendra Nath Bhattacharya, Shri Kashinath Misra, Shri Asok Ghosh, Shri Anup Chanda and Dr. Susovan Banerjee.

9. Accident due to gas leakage - Shri Bhupal Panda.

10. Apprehended damage of crops by insects in south and central parts of West Bengal Shri Amalendra Roy.

I have selected the notice of Shri Amarendra Nath Bhattacharya, Shri Kashinath Misra, Shri Asok Ghosh, Shri Anup Chandra and Dr. Susovan Banerjee on the subject of attack on Dr. Kiron Chaudhury, M. L. A. on 29.8.85.

The Minister-in-Charge will please make a statement to-day, if possible or give a date.

Shri Patit Paban Pathak : On 12th September, 1985.

Laying of Bills returned by the Governor for reconsideration.

Mr. Speaker : The Industrial Disputs (West Bengal Amendment) Bill, 1981 as passed by the Assembly and the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1984 as passed by the Assembly, have been returned by the Governor with messages for re-consideration by the House. The messages of the Governor have been published under serial No. 1001 of Bulletin Part-II dated the 2nd July, 1985.

I lay the copies of the Bills on the table.

Sixtyfourth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 64th Report of the Business Advisory Committee which at its meeting held on 3rd September, 1985 in my Chamber, considered the question of allocation of date and time for the disposal of legislative business and recommended as follows :-

Tuesday, 3.9.1985 – (i) Laying of Ordinances, Rules etc.

(ii) The West Bengal Religious Buildings and Places Bill, 1985. (introduction, Consideration and Passing) - 1-1/2 hours

Wednesday, 4.9.1985 – The West Bengal Panchayat (Second Amendment Bill, 1985. (Introduction, Consideration and Passing)......2 hours.

Thursday, 5.9.1985 – (i) The Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1985, (Introduction, Consideration and Passing) ... 1 Hour.

(ii) The West Bengal Government Townships (Extension of Civic Amenities) (Amendment bill 1985)

(Introduction, Consideration and Passing) ... 1 hour.

I now request the Minister-in-charge of Home (Parliamentary Affairs) Department to please move the motion for consideration of the House.

(2.10 – 2.20 p.m.)

শ্রী পতিত পাবন পাঠক :– মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য নির্বাহক সমিতির প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য আমি সভার কাছে প্রস্তাব উত্থাপন করছি।

মিঃ স্পীকার :– আমি আশা করি এই প্রস্তাবে সকলেই একমত। অতএব আমি এটা গ্রহণ করছি।

মিঃ স্পীকার :– মিঃ সাত্তার আপনি কি বলবেন বলছিলেন বলুন।

শ্রী আবদুস সাত্তার :– মাননীয় স্পীকার মহাশয়, কেশপুরের ব্যাপারটা একটা সাংঘাতিক ব্যাপার। এই ঘটনা নিয়ে ৭০০/৮০০ বাড়ী লুঠ

পাট হয়ে গেছে এবং এটা রাজনৈতিক হত্যা, এস. পি. নিজে প্রশাসন থেকে বলেছেন । আপনি দয়া করে চীফ মিনিষ্টারকে একটা ষ্টেটমেন্ট করতে বলুন এই হাউসে। এটা সত্যিই খুব লজ্জাজনক এ্যালামিং ব্যাপার । এই বিষয়ে ষ্টেটমেন্ট করা দরকার আমি আপনার থ্রু দিয়ে চীফ মিনিষ্টারকে রিকোয়েষ্ট করছি। আপনি চীফ মিনিষ্টার কে এই বিষয়ে একটা ষ্টেটমেন্ট করতে বলুন ।

Mr. Speker : You give it to a morrow and I will consider it, I would say one thing that the statement made by Shri Rabin Mukherjee, Minister for Home (Transport) Deptt. may be circulated.

MENTION CASES

শ্রী সমর মুখার্জি : মাননীয় স্পীকার মহাশয়, মালদহ জেলার কালিয়াচক থানার গোপালগঞ্জ স্বাস্থ্যকেন্দ্রে গত ২৯ শে আগষ্ট এক প্রসূতি একটি সন্তান প্রসব করেন । সন্তান প্রসব করার পর ঐ প্রসূতির জ্ঞান হারিয়ে যায় । তখন তার সেই সদ্যজাত শিশুটিকে কুকুরে খেয়ে ফেলে । মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রাম বাংলার প্রসূতির সন্তান রক্ষা করার দায়িত্ব পালনে বর্তমান বামফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছেন । এই শিশুটিকে কুকুরে খেয়ে ফেলার প্রতিবাদে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ দাবী করছি । এই ঘটনার পর এখনো পর্যন্ত তিনি কেন পদত্যাগ করেননি, সেটা দেখে আমি আশ্চর্য্য হয়ে যাচ্ছি । সারা পশ্চিমবাংলার মানুষ এর বিরুদ্ধে গর্জে উঠবে । এই শিশুটি যে পৃথিবীতে এসেছিল, তার তো কোন অপরাধ ছিল না। এই শিশুটিকে বামফ্রন্ট সরকারের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বাঁচতে দেননি, কুকুরের মুখে সদ্যজাত শিশুটিকে তুলে দেওয়া হল । স্বাস্থ্যমন্ত্রী এখনো নির্লজ্জের মত আসন গ্রহণ করে আছেন আজও পদত্যাগ করেননি । আমি তাই আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ দাবী করছি এবং এই সন্তান হারা মাকে কিছু আর্থিক ক্ষতি পূরণ দেবার দাবী জানাচ্ছি ।

শ্রী শচীন সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এখানে উত্থাপন করতে চাই । এখানে এনভায়ারমেন্ট মিনিষ্টার উপস্থিত আছেন, আমি তাকে জানাতে চাই যে , এখানে আবার একটি মিনি ভূপাল হতে চলেছে । আমার কনসটিটিউএন্সির একটি অঞ্চলে একটা বিষাক্ত গ্যাসের কারখানা তৈরী হয়েছে । এর ফলে ইতিমধ্যেই বস্তিবাসীর ব্যাপক অঞ্চলের অনেক শিশু অজ্ঞান হয়ে গেছে। এই কারখানাটির নাম হচ্ছে প্যারস মেটালয় ফেব্রিকেটরস, ৬০ বি, বন্দেল রোডে এটি অবস্থিত । সেখান থেকে প্রতিদিনই নানা রকম কেমিক্যালস এবং দুর্গন্ধময় বিষাক্ত গ্যাস বেরনোর ফলে বস্তিবাসী মানুষ শিশুরা অজ্ঞান হয়ে পড়ছে । আমি আপনার মাধ্যমে এই কারখানা সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য পরিবেশ মন্ত্রীকে অনুরোধ করছি । অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা না হলে যে কোন সময়ে মিনি ভূপাল দুর্ঘটনা ঘটে যেতে পারে । আমি নিজে গিয়ে দেখেছি প্রায় ২০০ গজ দূর পর্যন্ত মানুষ দাঁড়াতে পারে না, শ্বাস, প্রশ্বাস বন্ধ হয়ে আসে । শিশুরা অজ্ঞান হয়ে পড়ছে, অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা দরকার । বস্তিবাসী মানুষেরা সই করে প্রতিবাদ জানিয়ে একটা স্মারকলিপি আমার কাছে দিয়েছে পরিবেশ মন্ত্রীর কাছে পাঠিয়ে দেবার জন্য । আমি সেটি আপনার কাছে জমা দিচ্ছি, আপনি দয়া করে পরিবেশ মন্ত্রীর কাছে এটি পাঠিয়ে দেবেন ।

শ্রী সত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার স্বাস্থ্যকেন্দ্রগুলিতে আজ যে কোন চিকিৎসাই হয়না, সেগুলি যে চরম দুরাবস্থার মধ্যে দিয়ে চলেছে সেকথা বার বার আপনার মাধ্যমে এই সভায় আমরা রেখেছি । স্যার, স্বাস্থ্যকেন্দ্রগুলির চরম দুরাবস্থার আর একটি মর্মান্তিক নজির এইমাত্র আমাদের দলের একজন মাননীয় সদস্য রাখলেন এবং আপনি শুনলেন যে হাসপাতাল থেকে সদ্যজাত শিশুকে কুকুরে তুলে নিয়ে চলে গিয়েছে । স্যাব, ইতিহাসে আছে যে শ্মশানে মড়া নিয়ে কুকুর টানাটানি করে। কিন্তু এখন আপনি শুনলেন হাসপাতাল থেকে সদ্যজাত শিশুকে কুকুর তুলে নিয়ে চলে গিয়েছে! স্যার, কোন সভ্য দেশে যদি এই ঘটনা ঘটতো তাহলে সেই সভ্য দেশের সরকার পদত্যাগ করে মানুষের কাছে ক্ষমা চাইতেন । আজকে যদি কংগ্রেস সরকার ক্ষমতায় থাকতো তাহলে আমরা জানি বামফ্রন্ট সরকারে যারা রয়েছেন ঐ সি. পি. এম. পার্টি তারা রাইটার্স বিল্ডিং-এ আগুন জ্বালিয়ে দিতেন । তাঁরা এটা করতেন কারণ তাঁরা হিংসায় বিশ্বাস করেন কিন্তু আমরা তা করবো না কারণ আমরা হিংসায় বিশ্বাস করিনা । আমরা শুধু মানুষকে বলব এই সরকারকে ধিক্কার জানাতে এবং বলব, যে সরকারের আমলে সদ্যজাত শিশুকে হাসপাতাল থেকে কুকুরে টেনে নিয়ে যায় সেই সরকারের মুখ্যমন্ত্রীর রাইটার্স বিল্ডিং-এ বসে থাকার কোন অধিকার নেই। স্যার, এদের একটু ঘৃনা নেই, লজ্জা নেই । স্যাব, একদিকে এই অবস্থা অন্য দিকে আমরা দেখছি, সরকারী গাড়ীতে কুকুরকে বাড়ীতে পৌঁছে দেওয়া হচ্ছে ।

(এই সময় মাইক বন্ধ হইয়া যায়)

শ্রী সরল দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি । স্যার, সিলিকেট গালসের দু-জন কর্মী, তারা টি. ইউ. সি. সি.-র সদস্য- লোকমান মণ্ডল এবং হারান ঘোষ- তারা যখন গত ৮ তারিখে ডিউটি সেরে রাত্রি বেলাতে বাড়ী ফিরছিল তখন তারা গঙ্গানগর এলাকায় কংগ্রেসী সমাজবিরোধীদের দ্বারা আক্রান্ত হয়। এ সম্পর্কে দমদমের এয়ারপোর্ট থানায় এফ. আই. আর করায় কয়েকজনকে ধরা হয় কিন্তু তাদের পি. আর বণ্ডে ছেড়ে দেওয়া হয়। আর একজন, শান্তনু সরকার, তাকেও ৩০ তারিখে রাত্রিবেলায় ডিউটি থেকে ফেরার পথে গঙ্গানগরের মোড়ে সমাজবিরোধীরা আক্রমণ করে । সে এখন আর. জি. কর হাসপাতালে মৃত্যুর সংগে পাঞ্জা লড়ছে । এয়ারপোর্ট থানাতে খবর দেওয়া সত্বেও কোন ব্যবস্থা নেওয়া হয়নি । স্যার, যারা থানায় খবর দিতে যায় তাদের বলা হয় বাড়ীতে ফিরে যাও, গিয়ে যেখানে যেখানে রক্ত পড়ে আছে তা ধুয়ে ফেল । স্যার, আমি বারাসত থানার ও. সি. কে নিয়ে এয়ারপোর্ট থানায় যাই। এ সম্পর্কে ওয়ারলেসে এয়ারপোর্ট থানায় পূর্বাহ্ণে জানানো হয় কিন্তু তারা কেউ আসেন নি । রাত্রিবেলায় ১১ টার সময় আমি নিজে এয়ারপোর্ট থানায় যাই এবং অফিসার এনে এফ. আই. আর করাই । স্যার, কোন দুস্কৃতকারীকে গ্রেফতার করা হয়নি । স্যার, লেকটাউন, খড়দা, পানিহাটি ইত্যাদি এলাকার সমাজবিরোধীরা এই গঙ্গানগরে এসে আশ্রয় নিয়েছে

এবং তারা ঐ অঞ্চলে সন্ত্রাসের সৃষ্টি করছে। পুলিশ নিষ্ক্রিয়, আমি এই নিষ্ক্রিয়তার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সেই সংগে আমার অনুরোধ, অবিলম্বে এয়ারপোর্ট থানার দারোগাকে বরখাস্ত করা হোক।

মিঃ স্পীকার : ডাঃ মানস ভূঞাঁর এডজর্নমেন্ট মোশান এবং মেনশানের সাবজেক্ট এক, সেইজন্য আমি মেনশানটা এ্যালাউ করছি না।

শ্রী অম্বিকা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মাননীয় মন্ত্রী শ্রী প্রলয় তালুকদারের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী হাওড়া হাসপাতালের দিকে নজর দিয়েছেন ভালো কথা – হাওড়ায় টি. বি আইসোলেশান ওয়ার্ড খোলা, দক্ষিন হাওড়ায় হাসপাতালের উদ্বোধন ইত্যাদি হচ্ছে, আমি এখন তাঁর দৃষ্টি ব্যাতাইতলার সরকারী পলিক্লিনিকটির দিকে আকৃষ্ট করবো। বহু অর্থব্যয় করে এটা করা হয়েছিল এবং সমস্ত রকমের এ্যারেঞ্জমেন্ট এখানে ছিল কিন্তু বর্তমানে এটা ধ্বংসের মুখে। বিভিন্ন কাগজেও এ সম্পর্কে সংবাদ বেরিয়েছে। সংবাদ বেরিয়েছে যে সরকারী পলিক্লিনিকটি এখন ধ্বংসের মুখে।

[2.20 – 2.30 p.m.]

বাড়িটির বিরাট অংশ দীর্ঘদিন সংস্কারের অভাবে অকেজো ভূতুড়ে হয়ে আছে। ওখানে স্থানীয় চোরা কারবারিরা চোরাইমাল জমা রাখে। পলিক্লিনিকের চত্বরের মধ্যে চোলাই মদ আর সাট্টার আড্ডা বসে। এমনকি কিছুদিন আগে পলিক্লিনিকের মধ্যেই একটি নারী ধর্ষণের ঘটনা ঘটেছে। ছাত ভেঙে ভেঙে পড়ছে, এই অবস্থায়ও বাড়িটিকে পি.ডাব্লু.ডি'র আনডারে দেওয়া হচ্ছে না। ছাত দিয়ে জল পড়ে অত্যন্ত দামি দামি যন্ত্রপাতি, এক্স-রে মেশিন, বিভিন্ন কস্টলি ইম্পোর্টেড মেশিন নষ্ট হয়ে যাচ্ছে। ওখানে যে সমস্ত স্টাফদের থাকার কথা সে সমস্ত স্টাফরা ওখানে থাকছে না। সরকার টাকা খরচ করছে, তা সত্বেও প্রশাসনিক তৎপরতার অভাবে সেখানে মানুষ যাচ্ছে না, ডাক্তার যাচ্ছে না। এমন কি দারোয়ান নেই, কেয়ারটেকার নেই, দীর্ঘদিন কোন নাইটগার্ড ছিল না। এমনকি বাইরে থেকে ভারিকে দিয়ে জল তোলানো হচ্ছে। একটা পলিক্লিনিক থাকা সত্বেও সেটাকে চালানো সম্ভব হচ্ছে না, সেটা বন্ধ হয়ে পড়ে আছে। সেটা আজকে এ্যন্টি সোস্যালদের আড্ডার জায়গা হয়ে দাঁড়িয়েছে। আমি বিষয়টির প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী রামনারায়ণ গোস্বামীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যখন বিভিন্ন জায়গায় বহু টাকা পয়সা খরচ করে চিকিৎসা কেন্দ্র তৈরী করতে পারছেন না তখন এই রকম একটা তৈরী পলিক্লিনিক ধ্বংস হয়ে যাচ্ছে। অবিলম্বে ঐ 'পলিক্লিনিক'টির বিশাল বাড়িটির রক্ষাণাবেক্ষণের দায়িত্ব পি ডাব্লিউ-ডি-কে হস্তান্তরিত করা প্রয়োজন। বাড়িটির অবস্থা এমন বিপজ্জনক যে মাঝে মাঝেই ইলেকট্রিক সার্কিট সমেত মাথার ওপরের দেওয়াল ভেঙে পড়ছে।

শ্রী শীস মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিগত এক বছর ধরে আমার এলাকায় (ঔরঙ্গাবাদ এলাকা) সমাজ-বিরোধীদের অত্যাচার দিনের পর দিন ক্রমাগত বেড়ে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে ওখানে যে রকম বোমাবাজী হচ্ছে তা আগে কখনো হয়নি। আগে ওখানে এ জিনিস ছিল না। কিন্তু বর্তমানে জঙ্গীপুর থানার অধীন সুজাপুর গ্রাম থেকে রেজা নামে একজন ব্যক্তি গিয়ে বোমা তৈরী করছে এবং প্রত্যেক জায়গায় সাপ্লাই করছে। গ্রামের মানুষের মধ্যে ঝগড়া লাগিয়ে দিয়ে, তাদের বোমা সাপ্লাই করে মুনাফা করছে, লুঠ করছে। কয়েক দিন আগে দারিয়াপুর গ্রামে এই জিনিস ঘটেছে, সেখানে লুঠপাট হয়েছে এবং কয়েকজন মানুষ খুন হয়েছে। দিনের পর দিন এই জিনিস হচ্ছে, অথচ প্রশাসনের কোনো রকম তৎপরতা দেখা যাচ্ছে না। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, এবং প্রশাসনিক তৎপরতা জোরদার করে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী তথা সমগ্র মন্ত্রী সভার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান বছরের মাধ্যমিক পরীক্ষার এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল বের হবার পর থেকে ছাত্র-ছাত্রীরা ১১ ক্লাশে এবং ডিগ্রি কোর্সে ভর্তি হতে পারছে না। এ বারে বহু ছাত্র-ছাত্রী পাশ করেছে, কিন্তু তাদের ভর্তি হবার সমস্যা দেখা দিয়েছে। এ বিষয়ে শুধু আমরাই উদ্বিগ্ন, তা নয়, বিভিন্ন সময়ে সরকারী পক্ষের মাননীয় সদস্যরা এই সমস্যার সমাধানের জন্য সরকারকে অনুরোধ করেছেন। কিন্তু অবস্থার কোন পরিবর্তন হয়নি। বাঁকুড়া জেলায় সীমিত কয়েকটি কলেজ রয়েছে, কিন্তু সেগুলিতে এখনো পর্যন্ত সিট্ বাড়ান হয়নি। ওখানে বড়জোড়ায় একটা নতুন কলেজ হয়েছে, কিন্তু পাশাপাশী আরো কয়েকটি কলেজ হবার কথা ছিল, সেগুলি এখনো পর্যন্ত হয়নি। ফলে একটা চরম অবস্থার সৃষ্টি হয়েছে। এর যদি প্রতিকার না হয় – এই ডিগ্রী কোর্সের ছাত্র-ছাত্রীর এবং তাদের অভিভাবকেরা তাঁরা এমন একটা বিপদের মধ্যে পড়েছেন যার জন্য তাঁরা বিভিন্ন রাজনৈতিক নেতাদের কাছে যাচ্ছেন এবং নির্বাচিত প্রতিনিধিদের কাছে যাচ্ছেন যাতে কোন সুরাহা হয়। আপনি স্যার মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এই ব্যাপারটি বলে এবং মাননীয় শিক্ষামন্ত্রীর সাথে আলোচনা করে এই ডিগ্রী কোর্সের ভর্তির ব্যাপারে সুরাহা করুন। এটা আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। কাঁথি শহরের পাশে সরকার একটি পলিটেকনিক কলেজ স্থাপনের সিদ্ধান্ত অনেক আগেই গ্রহণ করেছিলেন। ১৯৬৪ সালে কয়েক লক্ষ টাকা ব্যয় করে ঘর এবং ওয়ার্ক-শপ নির্মাণ করা হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত সেই কলেজ চালু করা হয়নি। এরফলে স্থানীয় জনসাধারণের মধ্যে প্রচণ্ড ক্ষোভ এবং অসন্তোষ সৃষ্টি হয়েছে। সম্প্রতি কাঁথি শহরে সমস্ত রাজনৈতিক দলের গণ-সংগঠনের পক্ষ থেকে নাগরিক কনভেনসানের মাধ্যমে সরকারের কাছে দাবী করা হয়েছে অবিলম্বে পলিটেকনিক কলেজের ক্লাস এবং পঠন-পাঠনের ব্যবস্থা বর্তমান শিক্ষাবর্ষ থেকে শুরু করা হোক। আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, দ্রুততার সাথে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করুন, যে সরকারী অর্থ সেখানে ব্যয়িত হয়েছে তার সদ-ব্যবহারের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী অবন্তি মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষমহাশয় পশ্চিমবাংলার মানুষ প্রতিদিন সংবাদপত্র দেখার পর যে ধারণা তাদের জন্মাচ্ছে তাতে তারা মনে করছে যে পশ্চিমবাংলা জঙ্গলের

রাজত্বে পরিণত হয়েছে। আজকে একথা কেউই অস্বীকার করবে না, পুলিশের সামনে গুলি করেছে এবং যাকে গুলি করলো তার মুণ্ডু কেটে নিয়েছে। মেদিনীপুর জেলার কেশপুর থানার খেজুরীবনিতে শ্রী আবদুস সাত্তারকে গুলি করে সি. পি. এমের ছত্রছায়ায় কয়েকশত সমাজবিরোধি এবং পরে তাকে তরোয়াল দিয়ে হত্যা করে। পরে তারা কয়েকশত বাড়ীতে আগুন লাগায় এবং কয়েকশত বাড়ীতে লুঠ করে। এমনকি একজন বিধবার বাড়ী পর্যন্ত তারা লুঠ করেছে। মেয়েদের প্রতি অশালীন ব্যবহার পর্যন্ত তারা করেছে। মান্দারবাজার সংলগ্ন থানায় তারা একজনকে গুলি করে হত্যা করারপর তরোয়াল দিয়ে মুণ্ডু কেটে সেই মুণ্ডু নিয়ে তারা ফুটবল খেলেছে। সুতরাং আমি মনে করি, পশ্চিমবাংলা জঙ্গলের রাজত্বে পরিণত হয়েছে। এই ব্যাপারে স্বরাষ্ট্র মন্ত্রী যাতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন তারজন্য আমি আপনার মাধ্যমে তাঁর কাছে অনুরোধ রাখছি। (এই সময়ে শ্রী অবন্তি মিশ্রের মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী সত্যপদ ভট্টাচার্য : মাননীয় স্পীকার স্যার, কিছুদিন আগে আমার এলাকায় শালার হাসপাতালে কয়েকজন ঢুকে সেখানকার ফার্মাসিস্টকে আক্রমণ করে এবং তার চোখ উপড়ে নেয়। তার অপরাধ হচ্ছে, সেখানে পেনিসিলিন ইনজেকসান নেই। মফস্বলের হাসপাতালে সালফাডাইজিন পাওয়া যায় না। সোডিসায়েলিসিয়া, সোডিবাইকার্ব নেই। পেট খারাপের জন্য যে কার্মেনেটিভ হাসপাতালে সরবরাহ করার কথা তা নেই, পেনিসিলিনও নেই। ডেটল জাতীয় পদার্থ হেল্‌থ সেন্টারে পাওয়া যায় না, কোন তুলো নেই। এই অব্যবস্থা চলছে। বাজেটে এত টাকা থাকা সত্ত্বেও ওষুধ সরবরাহ না হওয়ার ফলে জনসাধারণের মধ্যে ক্ষোভ হচ্ছে এবং এরফলে ডাক্তার এবং ফার্মাসিস্টরা মার খাচ্ছে এ ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি।

[2.30 – 2.40 p.m.]

মিঃ স্পীকার : মিঃ আবদুল মান্নান, আপনার মেনসেনটা আমি এ্যালাউ করছি না, কেননা আমি চীফ মিনিষ্টারকে এ সম্বন্ধে একটা ষ্টেটমেন্ট দিতে বলেছি। এখন ডাঃ সুশোভন ব্যানার্জী।

ডাঃ সুশোভন ব্যানার্জী : মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আমার জেলা- শুধু আমার জেলা নয়, সারা পশ্চিমবঙ্গকে – যেটা এ্যাফেকট করছে আমি সেটা কৃষিমন্ত্রী মহাশয়কে জানাচ্ছি। আজকে সারা বীরভূম ডিষ্ট্রিকটে ৩ লক্ষ ১৬ হাজার হেক্টর জমির মধ্যে ২ লক্ষ ৫০ হাজার হেক্টর যেটা আবাদী জমি, তার মধ্যে ৮০ হাজার হেক্টর জমি হিসপা পোকার কবলে পড়েছে। এই পোকাগুলি গাছের ক্লোরোফিল খেয়ে নিচ্ছে, যার ফলে গাছগুলি খড়ে পরিণত হচ্ছে। এস. আর. পি. পি. এবং নন এস. আর. পি. পি. প্রোগ্রামে কিছু কিছু ক্ষেত্রে চাষীদের যে ইনসেকটিসাইড দেওয়া হচ্ছে সেই ইনসেকটিসাইডের কোন রেজাল্ট হচ্ছে না। এ পর্যন্ত যে ইনসেকটিসাইড দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে যে অনেক সময় পোকাগুলো এক জমি থেকে আর একটা জমিতে বসছে। এর যদি ইমিডিয়েটলি কোন ব্যবস্থা না নেওয়া হয় তাহলে ফটি পারসেনট অফ দি টোটাল ল্যাণ্ড যে বীরভূম ডিসট্রিকট গত বছরেও সারপ্লাস ডিসট্রিকট হয়েছিল সেটা আগামী দিনে ডেফিসিট ডিসট্রিকট হয়ে যাবে। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় তাঁরা অনেক ডিষ্ট্রিকটকে পোকার কবলমুক্ত করার জন্য প্রোগ্রাম নিয়েছেন, ন্যাশান্যাল প্রোগ্রাম তার সংগে সংগে বীরভূম ডিষ্ট্রিকটকে ইনক্লুড করার জন্য আমি আপনার মাধ্যমে তাঁর কাছে অনুরোধ জানাচ্ছি।

শ্রী কমল কান্তি গুহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সমস্ত মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি যে বীরভূমের এই অবস্থা আমার দৃষ্টি আকর্ষণ করেছে। আমি ব্যবস্থা নেওয়ার জন্য খবর পাঠিয়েছি। বীরভূমে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে সেটা কালকের মধ্যেই জানাতে বলেছি। আরও ব্যবস্থা নেওয়ার জন্য আমরা চেষ্টা করব, টাকার অভাব হবে না। শুধু বীরভূমেই নয় সমস্ত জায়গাতেই ব্যবস্থা নেওয়ার জন্য আমরা চেষ্টা করছি, কারণ আপনাদের মত আমরাও খুবই উদ্বিগ্ন, কারণ খরিফ শস্যই পশ্চিমবঙ্গের প্রধান শস্য।

শ্রী শশাংক শেখর মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নাম ডাকার দরকার নেই, কেননা আমার যে মেনসেনটা ছিল সেটা বলা হয়ে গেছে।

শ্রী সুনীল দে : মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ১২/৮/৮৫ তারিখে গোপীবল্লভপুর থানার কানপুর গ্রামে কংগ্রেস ও নকশালরা যৌথভাবে নিরীহ, শিশু, পুরুষ এবং মহিলাদের উপর নগনভাবে আক্রমণ করে কয়েকটি ঘরবাড়ী লুঠ করে। এতে ৬ জন মহিলা এবং একজন পুরুষ সাংঘাতিকভাবে জখম হন। স্থানীয় প্রশাসন কিছু দুর্বৃত্তকে গ্রেপতার করেছেন এবং ঐ এলাকায় ১৪৪ ধারা জারী করেছেন। কিন্তু এখন পর্যন্ত যে সমস্ত সমাজবিরোধীরা গ্রেপতার হয়নি তারা রাত্রে গোপনে এসে সাধারণ মানুষদের শাসাচ্ছে এবং ঐ এলাকায় একটা সন্ত্রাসের রাজত্ব কায়েম করার জন্য ষড়যন্ত্র চালাচ্ছে। আমি এ ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবলম্বে সমস্ত অভিযুক্ত এদের গ্রেপতার করে ঐ এলাকায় শান্তিপূর্ণ ব্যবস্থাকে ফিরিয়ে আনতে পারা যায়।

শ্রী তারাপদ সাধুখাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিভিন্ন হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রের দুঃখময় খবর আপনারা পেয়েছেন এবং সেখানকার প্রতিকারের কথাও বলেছেন, কিন্তু কলকাতার সবচেয়ে বড় যে পি. জি. হাসপাতাল, সেই হাসপাতালে আমি ভেন থ্রম্বসিসের জন্য ভর্তি হয়েছিলাম। কিন্তু দুঃখের সংগে জানাচ্ছি যে সি. টি. ইউ. কার্ডিও থেরাপী ইউনিট যেটা হচ্ছে চিকিৎসা শাস্ত্রের একটা বড় ইউনিট এবং সেখানে হার্টের রোগীরা থাকেন। সেখানে দোতলার দুইটি ওয়ার্ডে পায়খানা এবং বাথরুমে জল ঢুকে প্লাবিত হয়ে যাচ্ছে। বলবার সঙ্গে সঙ্গে বিল্ডিং ডিপার্টমেন্টকে ডেকে এনে তা পরিস্কার করান হয়। ২৭ তারিখ, যেদিন চলে আসি, সেদিন ঐ ওয়ার্ডের রোগীরা আবার আমাকে ডেকে নিয়ে গিয়ে বলেন যে, দেখুন কি অবস্থা। আপনারা জানেন ওখানে বাথরুমের দরজায় কোন চৌকাঠ নেই, ফলে নোংরা জল এসে ওয়ার্ডে ঢুকছে। ১৬ তারিখে একবার পরিস্কার করান হয়েছিল, কিন্তু ২৭ তারিখে আবার সেই একই অবস্থা। ঐ ওয়ার্ডে হার্টের রোগীদের মধ্যে আট জনের ভাল্‌ভ পাল্টান হয়েছিল, কিন্তু আটজনই মারা গেছেন। তখনও দুইজন রোগী আছেন যাদের হার্টের ভাল্‌ভ পাল্টান হবে। সেখানে এক অসহায় অবস্থা বিরাজ করছে।

আর খাবারের কি অবস্থা ? সেখানে চালে কাঁকড়, আলুর খোসা ছাড়ান হয়না, ৫০ গ্রাম মাছের জায়গায় রোগীপ্রতি ২০ গ্রাম মাছ দেওয়া হয়। ঐ ২৭ তারিখে পি. জি. হসপিটালে রোগীদের যে মাছ দেওয়া হয়েছিল তার একটি টুকরো আমি আপনার সামনে উপস্থিত করছি। এটা এনে এতদিন আমি ফ্রিজে রেখে দিয়েছিলাম। আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীকে এ-বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

শ্রী লক্ষণ চন্দ্র শেঠ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের বঞ্চনার ফলে ধীরে ধীরে কলকাতা এবং হলদিয়া বন্দর মৃত্যু পথযাত্রী হয়ে পড়ছে। সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ঠিক ছিল হলদিয়া বন্দরকে ১০৫ কোটি টাকা দেওয়া হবে এবং কলকাতা বন্দরকে দেওয়া হবে ৫০ কোটি টাকা। পরবর্তী কালে কাটছাট করে হলদিয়া বন্দরকে ৬০ কোটি টাকা দেবার ব্যবস্থ হয়েছে। সেখানে বোম্বাই বন্দরকে সপ্তম পরিকল্পনায় ২০০ কোটি টাকা দেবার ব্যবস্থা হয়েছে। এইভাবে কলকাতা এবং হলদিয়া বন্দরের প্রতি বঞ্চনা করছেন কেন্দ্রীয় সরকার। শুধু তাই নয়, ষষ্ঠ পরিকল্পনাকালে কলকাতা এবং হলদিয়া বন্দরে পলিমাটি কাটা ও সরান এবং অকল্যাণ্ড চর, বালারী চর, জেলিংহাম চরে ড্রেজিংয়ের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল ৪০ কোটি টাকার; ষষ্ঠ পরিকম্পনা শেষ হয়ে গেল, কিন্তু সপ্তম পরিকল্পনায় সেক্ষেত্রে আজকে ৪০ কোটির জায়গায় ৩০ কোটি টাকার পরিকল্পনা করা হয়েছে। এইভাবে চললে কলকাতা এবং হলদিয়া বন্দর জলের অভাবে মৃত্যু পথযাত্রী হবে। কেন্দ্রীয় সরকারের এই বঞ্চনার প্রতিকার চাইছি এবং আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ধীরেন্দ্রনাথ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ এবং জরুরী বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিম দিনাজপুর জেলা আজকে এক অসহায় অবস্থার মধ্যে এসে পৌঁছেছে। আপনি জানেন, বর্তমানে বামফ্রন্ট সরকারের পরিবহন নীতির ফলে বেসরকারী বাস মালিকরা যা খুশী তাই চালাচ্ছে এবং তাদের পৌয়ার্তুমির ফলে সেখানে একা অচলাবস্থার সৃষ্টি হয়েছে। সেখানে গত ২২ শে আগষ্ট থেকে আজ পর্যন্ত বেসরকারী বাস এবং মিনিবাস সমস্ত বন্ধ হয়ে রয়েছে।

[2.40 – 2.50 p.m.]

আপনারা জানেন যে এটা এমন একটা জেলা যার দৈর্ঘ ২৫০ কিলোমিটার। এই জেলার হেড্‌কোয়ার্টার্স হচ্ছে বালুরঘাট। এই বালুরঘাট থেকে ইসলামপুর এলাকায় যোগাযোগ করা কি অসুবিধা সেটা সহজেই অনুমান করা যায়। আজকে এই বাস ধর্মঘট নিয়ে কেবলমাত্র বিবৃতি এবং পাল্টা বিবৃতিই শোনা যাচ্ছে। কর্তৃপক্ষ একবার বিবৃতি দিচ্ছে আবার বাস মালিকরা একবার বিবৃতি দিচ্ছে। এর ফলে ওই অঞ্চলের সাধারণ মানুষ চরম অসুবিধার সম্মুখীন হয়েছে। জনসাধারণের পক্ষ থেকে আমি বলতে চাই এই ধর্মঘটের কবে অবসান হবে ? এই পরিবহণ মন্ত্রী অপদার্থ মন্ত্রী হিসাবে পরিগণিত হয়েছে। সারা পশ্চিমবাংলার মানুষ তাঁকে ধিক্কার জানাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাই পরিস্কার করে বলতে চাই এই রকম একটা জেলায় ১৩-১৪ দিন ধরে ধর্মঘট চলছে, তার কোন ব্যবস্থা করা হচ্ছে না। এখানে পরিবহন ব্যবস্থা একেবারে ভেঙে পড়েছে। মাননীয় অধ্যক্ষ, এটাকে কোন প্রকারেই উপেক্ষা করা যায় না। এই ব্যাপারে আমি এখানে মাননীয় মন্ত্রীর বিবৃতির দাবি জানাচ্ছি। অবিলম্বে বাস ধর্মঘট মেটাবার ব্যবস্থা নিতে হবে। আমি মন্ত্রী মহাশয়ের.....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

(গোলমাল)

শ্রী কৃষ্ণ ধন হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং মখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২৪ পরগণা জেলায় কুলপি থানায় নদীর ভাঙ্গনে অনেক গ্রাম নদীগর্ভে বিলীন হয়ে গেছে। জুলাই আগষ্ট মাসে হরিনারায়ণপুর এবং মুকুন্দপুর গ্রামের পুরো অংশ নদীগর্ভে চলে গেছে। ইরিগেসান ডিপার্টমেন্ট থেকে খাঁচা ফেলার ব্যবস্থা করা হয়েছিল। ভাংগন রোধ করার জন্য। কিন্তু তাতে কোন ফল হয়নি, পরিকল্পনা ভেস্তে গেছে। আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যেন অবিলম্বে তিনি এই অবস্থা পরিদর্শন করেন। অথবা তিনি একটা শক্তিশালী টিম পাঠিয়ে এখানে পরিদর্শনের ব্যবস্থা করেন। নদীর ভাংগন রোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

শ্রী মজলে উদ্দিন আহমেদ : * * * * * * * * * * * * (গোলমাল)

* * * * * * * (গোলমাল)

Mr. Speaker : Mr. Ahmed, please take your seat. Nothing will be recorded. Please take your seat. Mr. Ahmed, you are a senior member. Why did you start speaking? I never called your name. Don't behave in this way. Please take your seat.

শ্রী অশোক ঘোষ : মাননীয় স্পীকার স্যার, আজকে পশ্চিমবাংলার মানুষ অত্যন্ত আশ্চর্যের সংগে লক্ষ করছে যে আমরা কোন রাজত্বে বাস করছি। মন্ত্রীর কুকুরকে সরকারী গাড়ি করে নিয়ে যাওয়া হচ্ছে; যেখানে কুকুর নবজাত শিশুকে খেয়ে নিচ্ছে। আশ্চর্য লাগে কার রাজত্ব এবং কোন রাজত্বে বাস করছি আমরা। মালদাহ বিধানসভার সদস্য সমর মুখার্জী মহাশয় উল্লেখ করেছিলেন একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আমার মনে আছে রেল দুর্ঘটনার জন্য ভারতবর্ষের তৎকালীন মন্ত্রী মহাশয় সমস্ত দায়িত্ব নিজের কাঁধে নিয়ে পদত্যাগ করেছিলেন। যদি পশ্চিমবাংলার বর্তমান স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের বিবেক বলে কিছু থাকতো, তাহলে কিন্তু ঐ নবজাতক শিশু কি কারণে পৃথিবীর আলো দেখতে পেল না, জ্ঞান ফিরে ঐ শিশুর মা যখন নার্সকে, ডাক্তারকে তাঁর বাচ্চা কোথায় জিজ্ঞাসার কোন উত্তর পেলেন না, এই সবের উত্তর দিতেন। ঐ ঘটনার নয়দিন পরে স্থানীয় মানুষের চাপে পড়ে মাটি থেকে মৃতদেহ তুলে তার ময়না তদন্ত হল। সেই রিপোর্ট আমাদের কাছে তিনি রাখতে পারতেন। মাননীয় মন্ত্রীমহাশয় এই ব্যাপারে দায়ী যে নার্স, ডাক্তার এবং এ্যাটেনড্যান্টকে

Note : * Expunged as ordered by the Chair

কেন গ্রেপ্তার করা হল না বা গ্রেপ্তার হয়ে থাকলে তাদেব ছেড়ে দেওয়া হল কেন তা বলতে পারতেন। এই ঘটনার জন্য স্থানীয় জনসাধারণ ক্ষেপে গিয়েছেন। তাঁরা এই ব্যাপারে দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করছেন। অথচ পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী চুপ করে বসে আছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে এই বিষয়ে বিবৃতি দাবী করছি। পশ্চিমবঙ্গের মানুষকে তিনি বলুন-সেখানে কি এমন ঘটনা ঘটেছিল যারজন্য একটা নবজাতক শিশু পৃথিবীর আলো দেখতে পেল না?

(এই সময়ে লাল আলো জ্বলিয়া ওঠে)

শ্রী নীরোদ রায় চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলা শুধু নয়, উত্তর ২৪ পরগণাতেও দিনের পর দিন পাটের দাম মাটির দামে পরিণত হচ্ছে। গতকাল ৬০-৬৫ টাকা মন দরে পাট বিক্রি হয়েছে এবং এর ফলে কৃষকদের মাথায় হাত পড়েছে। কৃষকেরা এখন ইতস্তত বিক্ষিপ্ত ঘুরে বেড়াচ্ছে। অসাধু ব্যবসায়ীরা এই সুযোগে পাট চাষীদের বলছে – পাট গাড়ী করে এনেছ গোডাউনে রেখে যাও, দাম কবে পাবে তার কোন ঠিক নেই। কয়েকদিন আগে ঈদের সময়ে কৃষকদের ঘরে কোন কেনাকাটা হয়নি। ঈদের সময় কৃষকদের অবস্থা দারুণ খারাপ গেছে। ইতিমধ্যে আবার পূজা আসছে। বর্তমানে পাটের দাম যেভাবে নিম্নমুখী হচ্ছে, তাতে গ্রামাঞ্চলে ইতিমধ্যেই হাহাকার দেখা দিয়েছে। অথচ গত বছর এই সময়ে জে সি আই ৯১৭ টাকা থেকে সুরু করে ৯৯৩ টাকা কুইন্ট্যাল দামে পাট কিনেছিলেন, যার রসিদ পর্যন্ত আমার কাছে আছে। কিন্তু এই বছরে পাটের দামের এই অবস্থাতেও - পাটচাষী যখন ভাবছে যে আগামীদিনে আর পাট চাষ করবে কি করবে না - জে. সি. আই. পাট কিনতে এগিয়ে আসছে না। একবিঘা জমি চাষ করতে প্রায় ৯০০ টাকা খরচ হয়, চাষীদের দেওয়া এই হিসাব আমার কাছে আছে, অথচ একবিঘা জমিতে উৎপন্ন পাট মাত্র ৬০-৬৫ টাকা দামে বিক্রি করতে হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে জে. সি. আই.' এর মাধ্যমে পাটচাষীর উৎপাদিত পাট লাভজনক দামে কেনার ব্যবস্থা করেন।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, through you, I want to draw the attention of the Minister-in-Charge for Higher Education. Sir, you know that there are twenty-two government colleges in our State but only in eight colleges, the Principals have been appointed and in rest of the colleges, there are no Principals where the Officers-in-Charge are working. In the Moulana Azad College, which falls in my constituency, there is no Principal for more than one and a half year. Such is the inefficiency on the part of the Government in dealing with the appointment of the Principals which is causing dissatisfaction among the students and the teachers who are competent and really qualified. It is not the fact that there is a dearth and shortage of competent educationists in the State. There may be shortage of educationists who are committed to Marxism and who are committed to the policies of the Left Front Government. There may be shortage of staff but there should not be shortage of Principals. But you will see that good number of colleges have not appointed Principals. So, I would request the Minister-in-Charge to take immediate necessary action to appoint Principals in the remaining colleges.

[2.50 – 3.00 p.m.]

শ্রী শচীন্দ্র নাথ হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খানাকূল ২ নং ব্লকের আধিকারিক বিগত কিছুদিন যাবৎ অফিসে আসছেন না, এরফলে অফিসের কাজকর্ম ঠিকমত সম্পন্ন হচ্ছে না। সম্প্রতি দারকেশ্বর, মুণ্ডেশ্বরী, রূপনারায়ণ এবং শীলাবতী নদীতে জলস্ফীতি হওয়ার ফলে ১২ টি গ্রাম বন্যা প্লাবিত হয়ে গেছে। এই প্লাবিত হওয়ার ফলে সেখানকার কাজকর্ম সম্পন্ন হতে পারছে না এবং পঞ্চায়েত সমিতিকে হেয় প্রতিপন্ন করা হয়েছে। খানাকূল ১ নং ব্লকের আধিকারিক আলপান শেখকে ট্রান্সফার অর্ডার দেওয়া হয়ে গেছে গত ২১ শে আগষ্ট। কিন্তু তিনি কার্যাভার ছাড়ছেন ও না বা দায়িত্বভার অন্য অফিসারকে বুঝিয়ে দিচ্ছেন না। এরফলে বন্যা পরিস্থিতি মোকাবিলা করা এবং অন্যান্য কাজকর্ম পরিচালনা করার খুব ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে আপনার মাধ্যমে জানাচ্ছি যে তিনি যাতে অবিলম্বে ওই আধিকারিকের ট্রান্সফার অর্ডার কার্যকরী করেন অথবা যদি তাঁকে অফিসে রাখেন তাহলে তিনি যাতে অফিস মাস্টার হিসাবে তাঁর দায়িত্ব ঠিকমত যাতে পালন করেন সেই দিকে যেন মন্ত্রী মহাশয় দৃষ্টি দেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর তথা স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের স্বাস্থ্য ব্যবস্থা যে কিভাবে ভেঙ্গে পড়েছে সেটা সকলেরই জানা আছে এবং এই বিষয়ে আমার আগে অনেক বক্তাই বলেছেন। কিছুদিন আগে উত্তর কলিকাতায় জি. বি. খেমকার টি. বি. হাসপাতালের রোগীরা নেমে আসেন রাস্তায় খাদ্য পাচ্ছেন না বলে। অথচ স্বাস্থ্যমন্ত্রীর দপ্তর থেকে প্রতিদিন গ্রাম বাংলার মায়েদের এই হাসপাতাল সম্পর্কে অনেক কিছু বলা হয়। বিধানসভার সদস্যরা রেকমেনডেশান করে এখানকার যক্ষ্মা হাসপাতালে পাঠান, আর সেই রোগীরা সেখানে খাদ্যের অভাবে রাস্তায় নেমে পড়ছে। এই হাসপাতালের ই. সি. জি. মেশিন, এক্সরে মেশিন এবং ভিউ ফাইণ্ডার মেশিন খারাপ হয়ে পড়ে আছে। এই রকম যদি স্বাস্থ্যকেন্দ্রে চলে তাহলে কি অবস্থা হবে চিন্তা করা যায় না। আমরা যদি এর উত্তর মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই তিনি এর উত্তর দিতে পারবেন না, তিনি আমাদের পরিস্কার বলে দিয়েছেন যে আমাদের হাসপাতালগুলির সুপারেনটেনডেন্টরা হাসপাতাল থেকে পদত্যাগ করে চলে যাচ্ছেন সুতরাং কিছু করার নেই। এইভাবে স্বাস্থ্যব্যবস্থা কি করে চলবে? আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি এবং মাননীয় স্পীকার স্যার আপনাকে অনুরোধ করছি আপনারা বিধানসভার বিরোধীদলের সদস্য এবং রুলিং পার্টির সদস্যদের দিয়ে কলকাতার হাসপাতালগুলিকে তদন্ত করতে পাঠান যে হাসপাতাল ব্যবস্থা কি ভাবে চলছে। এটা কোন রাজনৈতিক ব্যাপার নয়, সম্পূর্ণ স্বাস্থ্য ডিপার্টমেন্টটাই ভেঙে পড়েছে। আমার আগে অনেক সদস্যরাই অভিযোগ করেছেন

যে হাসপাতালে শিশুদের কুকুরে গ্রাস করছে। এটা আমাদের আজকে কতবড় কলঙ্ক যে এই জিনিষ ঘটছে, এটা কোন বামফ্রন্টের কলঙ্ক নয়, এটা গোটা বাঙালী জাতির কলঙ্ক। এই হাসপাতালগুলি যেভাবে চলছে তার একটা বিচার করার ব্যবস্থা করুন। মাননীয় মুখ্যমন্ত্রী সঙ্গত কথা বলেন, আমি তাঁকে অনুরোধ করছি আপনার মাধ্যমে যাতে তিনি একটা ব্যবস্থা নেন এই হাসপাতালগুলির, নিশ্চিতভাবে যাতে ব্যবস্থা নেওয়া হয় এবং এই অবস্থা আর যাতে চলতে না পারে। এই কথা আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্য মন্ত্রীকে বিশেষভাবে বলছি।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমাদের জেলার স্বাস্থ্যবিভাগের কথা স্বাস্থ্যমন্ত্রীর কাছে সংক্ষিপ্তভাবে বলতে চাই এবং এই বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের জেলায় সাবসিডিয়ারী হেলথ্ সেন্টারগুলি বন্ধ হতে চলেছে। দীর্ঘদিন এই সাবসিডিয়ারী হেলথ্ সেন্টারগুলিতে ডাক্তার না থাকার ফলে বন্ধ হয়ে যাচ্ছে। সংশ্লিষ্ট ঘোড়ামারা সাবসিডেয়ারী হেলথ্ সেন্টার ডাক্তার না থাকার ফলে ওখানকার ফার্মাসিষ্ট বন্ধ ঘোষণা করে দিয়েছেন। ঠিক এইরকমভাবে আমার নির্বাচিত এলাকা নওদা ব্লকে সর্বাঙ্গপুর সাবসিডেয়ারী হেলথ্ সেন্টারটি ডাক্তার না থাকার ফলে কার্যত বন্ধ হয়ে গেছে। সেখানকার ফার্মাসিষ্ট ও একই কারণে ওই হেলথ্ সেন্টারটি বন্ধ করে দিয়েছেন। এই চলছে এখন স্বাস্থ্যকেন্দ্রগুলিতে যে সমস্ত সাবসিডিয়ারী হেলথ্ সেন্টারগুলি ১৯৫২ সালে তৈরী হয়েছিল সেইগুলিও আজকে ভেঙে পড়ছে। কলকাতার হাসপাতালগুলি ও একই অবস্থা। এরফলে আজকে জনসাধারণের মনে বিক্ষোভ ক্রমশ ধূমায়িত হচ্ছে। ডাক্তার সংক্রান্ত ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রীর যেসব বিবৃতি দেখেছি বাস্তবের সংগে তার কোন প্রতিফলন নেই। সাবসিডিয়ারী হেলথ্ সেন্টারগুলিতে ডাক্তার নেই। আমরা জনগণের প্রতিনিধি হিসেবে সংশ্লিষ্ট গ্রামগুলিতে যেতে পারছিনা। যেসব হাসপাতালগুলিকে অফিসিয়ালি বন্ধ বলে ঘোষণা করা হয়েছে সেগুলিকে খোলার ব্যবস্থা করা হোক এবং সেখানে ডাক্তার দেয়া হোক।

শ্রী রবীন্দ্র নাথ ঘোষ : স্যার, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া হাসপাতালটি ২০০ টি বেড যুক্ত এবং সেখানে ৪০০ মতন রুগী ভর্তি আছে। ২০০ জন রুগী মেঝেতে পড়ে আছে। তাদের জন্য কোন বিছানা নেই। এই যে বর্ষা হল তাতে ঘরের মধ্যে জল পড়ে। মালদহতে যেমন নবজাত শিশুকে কুকুরে খেয়ে নিয়েছে এখানেও তেমনি হাসপাতালের গেটে দারোয়ান না থাকায় কুকুরে রুগীদের খাবার নিয়ে যাচ্ছে। মেদিনীপুর, হাওড়া থেকে এখানে রুগী এসে ভর্তি হয়। ৪০০/৪৫০ জন রুগীকে আউটডোরে ডাক্তারবাবুরা দেখেন। এই হাসপাতালটির যাতে উন্নতি হয়, বেড যাতে আরো বাড়ান যায়, ছাদ যাতে রিপেয়ার হয় এবং রুগীদের খাবার যাতে কুকুরে না নিয়ে যেতে পারে তার ব্যবস্থা করার জন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

ডাঃ ওমর আলি : স্যার, বিষয়টি বহু আলোচিত এবং গুরুত্বপূর্ণ। বিষয়টি হল পাটের দামের প্রসঙ্গে। এই পাট ফসল বছরে ৩৫০ কোটি টাকা বিদেশী মুদ্রা অর্জন করে। কিন্তু চাষী যারা চাষ করে তারা মরছে। কেন্দ্রীয় সরকারের এমন কোন নীতি নেই যে নীতিতে কৃষক তার উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য পেতে পারে। যখন আলু চাষ হয় তখন আলু চাষীরা পড়ে মার খায়। বৃটিশ আমলে একটা নিয়ম ছিল তাতে চাষীরা এক মন পাট বিক্রি করে এক মন ধান কিনতে পারতো। সেটা এখন আর মানা হয়না। এখন যেখানে ৯০ টাকা মন দরে পাট বিক্রি হচ্ছে সেখানে ধানের দাম ১০০ টাকার কাছাকাছি। এরকম একটা পরিস্থিতিতে কৃষকরা হরতাল ডেকেছিলেন। গ্রাম বাংলা বন্ধকে লক্ষ লক্ষ মানুষ সমর্থন করেছিল। আশা করেছিলাম যে কেন্দ্র এই জনমতের একটা মর্যাদা দেবেন এবং পাটের দামের পুনর্বিন্যাস করবেন। কিন্তু তা তাঁরা করলেন না। আপনার মাধ্যমে দাবী করছি পাটের দামের পুনর্বিন্যাশ কেন্দ্র যেন করেন এবং যাতে ৬০০ টাকা কুইন্টাল প্রতি পাট কেনার জন্য জে. সি. আইকে নির্দেশ দেন তার ব্যবস্থাও যেন কেন্দ্র করেন।

[3.00 – 3.10 p.m.]

শ্রী সাধন চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা উদ্বেগজনক ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রে দিকনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান নির্মলেন্দু বিশ্বাস কংগ্রেস (আই) আশ্রিত, কোতোয়ালী থানার বড় দারোগা সহ কয়েকজন দারোগার মদত পুষ্ট নিখিল বিশ্বাস ও তার দলবল গত ৬ই জুন সেই পঞ্চায়েত প্রধানকে খুন করে। এখন পর্যন্ত কাউকে ধরা হচ্ছে না। নিখিল বিশ্বাস কয়েক মাস আগে নির্মলেন্দু বিশ্বাসকে গুলি করে খুন করার চেষ্টা করেছিল। যখন কয়েক হাজার মানুষ তার প্রতিবাদে এগিয়ে গিয়েছিল তখন পুলিশ দারোগা গিয়ে শাস্তির নামে তাকে ধরল না, ছেড়ে দিল। এই নিখিল বিশ্বাস ব্যাঙ্ক ডাকাতি, বন্দুক ছিনতাই কেসের আসামী, পুলিশ তাকে ধরছে না। তার পরিবারের তার ভাই, শালাকে অন্য মামলায় জড়িয়ে থানায় এনে পিটিয়েছে। রায় বলে একজন দারোগা এই ঘটনার পর নির্মলেন্দু বিশ্বাসের বিধবাকে গালিগালাজ করেছে, পঞ্চায়েত সমিতির উপ-প্রধানকে গালাগালি করেছে এবং গ্রামের মধ্যে সন্ত্রাস সৃষ্টি করছে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই দারোগাদের আচরণ সম্পর্কে তদন্ত করে যথাযথ ব্যবস্থা করা হোক, খুনিদের গ্রেপ্তার করা হোক, এবং গ্রামের মানুষ যাতে সন্ত্রস্ত না হয় তার ব্যবস্থা করা হোক।

শ্রী অনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে বাঁকুড়া জেলা, হুগলী জেলা এবং হাওড়া জেলার মধ্য দিয়ে দ্বারকেশ্বর নদী প্রবাহিত হয়েছে এবং কয়েকদিন আগে এই দ্বারকেশ্বর নদীর ভয়াবহ বন্যায় আরামবাগের মানুষ এবং বাঁকুড়ায় এই নদীর দুই তীরে যেসমস্ত গ্রামবাসী আছে তাদের ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত করেছে যে হাজার হাজার মানুষ আগামী কয়েক বছরের মধ্যে এই নদীগর্ভে চলে যাবে। স্যার, আমি এই হাউসে অনেকবার আবেদন জানিয়েছি এই দ্বারকেশ্বর নদীকে বাঁধার যে পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের কাছে আছে সেটাকে রূপায়িত করার জন্য। আমি আবার রাজ্য সরকারের মাধ্যমে সেই দাবি রাখছি যাতে সেই পরিকল্পনাটি অবিলম্বে রূপায়িত হয় এবং হাজার হাজার মানুষ যাতে এই বিপদ থেকে উদ্ধার পায়।

শ্রী হিমাংশু কুঙার : মি: স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেশপুরে গত কয়েক মাস ধরে কতকগুলি গুরুত্বপূর্ণ ঘটনা ঘটে চলেছে এবং কংগ্রেসীরা এই ঘটনাগুলি ঘটাচ্ছে। খেজুরবনী, গরগজপাতা, মুকুন্দপুর, বেলডোবা, মগরা, নেড়াদেউল, পানিয়াট ইত্যাদি গ্রামগুলিতে কংগ্রেসী লোকেরা ক্রমাগত সন্ত্রাস সৃষ্টি করে চলেছে, খুন-খারাপি করছে। গত ২৮ তারিখে ঈদ উৎসবের দিন তারা আমাদের লোককে মারধোর

করেছে, গরীব উদ্রাকে রাতের অন্ধকারে খুন করেছে। ২৯ তারিখে আমাদের কেশপুর পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ আবদুল রৌউপের বাড়ী লুঠ করে নিয়ে গেছে। ওখানে বেশীর ভাগ ঘটনা ঘটছে চাষ করার ব্যাপার নিয়ে। গত ৩১ তারিখে যখন চাষীরা জমিতে জমায়েত হয়েছিল তখন ওরা বন্দুক নিয়ে আমাদের লোকজনের উপর ঝাঁপিয়ে পড়ে বিকেল থেকে। ওরা আমাদের নেড়া দেউল পার্টি অফিস আক্রমণ করে, আমাদের যে কালেকশান ছিল সেটা লুঠ করে নিয়ে যায়। আমাদের আবদুল রসিদকে পার্টি অফিস থেকে টেনে নিয়ে গিয়ে হত্যা করে। সাদিমনি খাঁ, আবেদীকে আহত করে যারা মৃত্যুর সংগে সদর হাসপাতালে লড়াই করছে। এই ঘটনার প্রতি আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে শাস্তির ব্যবস্থা করার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী শিব প্রসাদ মালিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মুখ্যমন্ত্রী এবং বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগের দারকেশ্বর নদীর বাঁধের অবস্থা অত্যন্তই শোচনীয়। দীর্ঘদিন ধরে এই বাঁধের কোন সংস্কার না হবার ফলে আমার নির্বাচিত এলাকায় প্রতি বছর এই বাঁধ ভেঙে বহু টাকা নষ্ট হচ্ছে, হাজার হাজার বাড়ী পড়ে যাচ্ছে। এছাড়া ১৯৭৮ সালের বিধ্বংসী বন্যার ফলে যে ক্ষতি হয়েছিল সেটা এখনও পূর্ণ হয়নি এবং যে বালির স্তুপ জমেছিল সেটা এখনও সরান হয়নি। বর্তমান বছরে ৮১ হাজার কিউসেক জল ছাড়ার ফলে ২০ টি গ্রাম জলমগ্ন হয়েছে। আমি অনুরোধ করছি অবিলম্বে সেখানে ত্রাণ সামগ্রী পাঠাবার ব্যবস্থা করা হোক।

শ্রী সুধন রাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ ঘটনার প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গে বিশেষ করে জলপাইগুড়িতে পাটের দাম বর্তমানে ৭০ থেকে ৮০ টাকা নেমে গেছে। এই ব্যাপারে কৃষক সভা বিভিন্ন রকম আন্দোলন করছে। তবে একটা জিনিষ লক্ষ্য করছি এই বাংলা বন্ধের পর জে সি আই আর তাদের নির্দিষ্ট হাটে পাট কিনতে যাচ্ছেনা। তারা যদি সাপোর্ট প্রাইস্-এ পাট কিনত তাহলে ১০০ টাকার উপর দাম থাকত। আমি অনুরোধ করছি, রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করা হোক যাতে জে সি আই তাদের নির্দিষ্ট হাটে পাট কিনতে যায়। জে সি আই যদি পাট কেনে তাহলে কৃষকরা কিছু দাম পাবে। আমি আশা করি সরকার অবিলম্বে এই ব্যাপারে দৃষ্টি দেবেন।

শ্রী উমাপতি চক্রবর্তী : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি গত ২৮/২৯/৩০ শে আগস্ট কংশাবতী ব্যারেজের জল এবং রূপনারায়ণের জোয়ারের জল মিশে শিলাবতী এবং কেঠে নদীতে প্রবল জলের সৃষ্টি হয় এবং তার ফলে ঘাটাল মহকুমার ৩ টি থানা, ঘাটাল, চন্দ্রকোনা এবং দাসপুরে বন্যা হয়। এখনও সেই জল পুরোটা সরে যায়নি, বহু গ্রাম এখনও আংশিকভাবে জলমগ্ন হয়ে রয়েছে। এই বন্যার ফলে হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়েছে। আমি দাবী করছি অবিলম্বে সেখানে ত্রাণ সামগ্রী পাঠান হোক এবং ঘাটাল মাস্টার প্ল্যান স্থায়ীভাবে চালু করার ব্যবস্থা হোক।

শ্রী নটবর বাগদী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলাতে যে ৩ টি পৌর এলাকা আছে সেখানে প্রশাসনিক দিক থেকে দারুণ একটা অসুবিধা সৃষ্টি হয়েছে। প্রচুর পরিমানে টাকা পয়সা না পাবার ফলে তাঁরা শিক্ষক এবং কর্মচারীদের মাইনে দিতে পারছেন না। আমি অনুরোধ করছি নির্দিষ্ট সময় সীমা বর্ধিত করে তাদের টাকা পয়সা দেবার ব্যবস্থা করুন। এই ব্যবস্থা না হলে প্রশাসন চালান যাবে না। পৌরমন্ত্রী টাকা পয়সার ব্যবস্থা করে এই সমস্ত বোর্ডগুলো সচল রাখার ব্যবস্থা করুন।

[3.10 – 3.20 p.m.]

শ্রী বঙ্কিম বিহারী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে একটি আবেদন রাখছি। আপনি আজকের কাগজেও দেখেছেন যে দার্জিলিংয়ে সরকারী কলেজে যে হাঙ্গামা হয়েছে একটি ছাত্রীকে ভর্তি করার ব্যাপারে তাতে একটি প্রফেসারের উপর আক্রমণ করা হয়েছে এবং শুধু তাই নয় তার প্রাণ নাশেরও চেষ্টা করা হয়েছে। পুলিশ বিভাগের মাধ্যমে তাকে সেখান থেকে লুকিয়ে পালিয়ে আসতে হয়েছে। ১০ জন প্রফেসার সেখান থেকে চলে এসেছে এবং আরও ৩০ জন প্রফেসার সেখান থেকে পালিয়ে আসতে প্রস্তুত হয়েছে। শুধু তাই নয়, পি ডবলিউ ডি-র একজিকিউটিভ ইঞ্জিনীয়ার এবং আরও তিন জন বাঙ্গালীকে মারধোর করা হয়েছে। এবং এই পরিস্থিতি এমন কি উত্তরবঙ্গের দিকে ছড়িয়ে পড়ছে। আজকে হয়তো ঐ ৩০ জন প্রফেসার এখানে চলে আসবে। সেখানে বাঙালী খেদাও আন্দোলন চালানো হচ্ছে। এই জিনিস আরও প্রসারিত হতে পারে। এই চিন্তাধারণা নিয়ে যাতে তাড়াতাড়ি যারা এইসব আন্দোলন করছে সেইসব আন্দোলণ কারীদের স্তব্ধ করা যায় সেই দিকে দৃষ্টি দেবার জন্য আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

LAYING OF ORDIANCES

The Kalyani University (Amendment) Ordinance, 1985

Shri Nirmal Kumar Bose : Sir, With your Permission, I beg to lay the Kalyani University (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. III of 1985), under article 213(2)(a) of the Constitution of India.

The Vdyasagar University (Amendment) Ordinance, 1985

Shri Nirmal Kumar Bose : Sir, With your Permission, I beg to lay the Vidyasagar University (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. IV of 1985), under article 213(2)(a) of the Constitution of India.

The Elvoc Private Limited (Acquisition and Transfer of Undertakings) Ordinance, 1985

Shri Pralay Talukder : Sir, I beg to lay the Elvoc Private Limited (Acquisition and Transfer of Undertakings) Ordinance, 1985 (West Bengal Ordinance No. VI of 1985), under article 213(2)(a) of the Constitution of India.

The Murshidabad Estate (Management of Properties) and Miscellaneous Provisions (Amendment) Ordinance, 1985

Shri Patit Paban Pathak : Sir, with your Permission . I beg to lay the Murshidabad Estate (Management of Properties) and Miscellaneous Provisions (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. VIII of 1985), under article 213(2)(a) of the Constitution of India.

The Calcutta Municipal Corporation (Amendment) Ordinance, 1985

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to lay the Calcutta Municipal Corporation (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. IX of 1985), under article 213(2)(a) of the Constitution of India.

The Calcutta Municipal Corporation (Second Amendment) Ordinance, 1985

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to lay the Calcutta Municipal Corporation (Second Amendment) Ordinance 1985 (West Bengal Ordinance No. X of 1985), under article 213(2)(a) of the Constitution of India.

LAYING OF RULES

The Calcutta Municipal Corporation (Vital Statistics) Rules, 1985

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to re-lay the Calcutta Municipal Corporation (Vital Statistics) Rules, 1985 published in the notification No. 218/C-4/ M3R-14/83, 28th March, 1985.

The Calcutta Municipal Corporation (Election of Aldermen) Rules, 1984

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to re-lay the Calcutta Municipal Corporation (Election of Aldermen) Rules, 1984, published in the notification No. 1005/C-4/M3R-10/83, 13th September, 1984.

The Calcutta Municipal Corporation (Procedure and Conduct of Business) Rules, 1984

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to re-lay the Calcutta Municipal Corporation (Procedure and Conduct of Business) Rules, 1984, published in the notification No. 834/C-4/M3R-1/83, 24th August, 1984.

The West Bengal Panchayat (Gram Panchayat Budget) Rules, 1985

Shri Benoy Khishna Chowdhury : Sir, I beg to re-lay the West Bengal Panchayat (Gram Panchayat Budget) Rules, 1985, published in the notification No. 5101/1/ Panch, 28th February, 1985.

The Howrah Municipal Corporation (Election of Aldermen) Rules, 1984

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to lay the Howrah Municipal Corporation (Election of Aldermen) Rules, 1984, published in the notification No. 457/C-4/ M3r-15/83, 21st May, 1984.

The Calcutta Municipal Corporation (Conduct of Election of Councillors) Rules, 1984

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to lay the Calcutta Municipal Corporation (Conduct of Election of Councillors) Rules, 1984, published in the notification No. 1744/C-4/M3R-2/84, 19th December, 1984.

LAYING OF ORDINANCES

The Infusions (India) Limited (Acquisition of Shares) Ordinance, 1985

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to lay the Infusions (India) Limited (Acquisition of Shares) Ordinance, 1985 (West Bengal Ordinance No. V of 1985), under article 213(2)(a) of the Constitution of India.

The West Bengal Government Townships (Extension of Civic Amenities) (Amendment) Ordinance, 1985.

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to lay the West Bengal Government Townships (Extension of Civic Amenities) (Amendment) Ordinance, 1985, (West Bengal Ordinance No. VII of 1985), under article 213(2)(a) of the Constitution of India.

Mr. Speaker : Mr. Kashinath Misra, what is your point of order.

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় পৌরমন্ত্রী যে The Calcutta Municipal Corporation (Vital Statistics) Rules, 1985, The Calcutta Municipal Corporation (Election of Aldermen) Rules, 1984 and the Calcutta Municipal Corporation (Procedure and Conduct of Business) Rules, 1984.

এই যে এইগুলো এখন লে করলেন – স্যার দুটো অধিবেশন পার হয়ে গেছে, কিন্তু তার মধ্যে হলো না, গতবারে বাজেট সেশন হলো, তারপর সেপ্টেম্বর সেশন হলো, তাতে নিয়ে এলেন না। গত সেপ্টেম্বরে হয়তো সম্ভব হয়নি, কিন্তু গত বাজেট অধিবেশনে হওয়া উচিত ছিল। আমি এই ব্যাপারে আগেও আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। নিয়ম হচ্ছে যত তাড়াতাড়ি পারা যায় - পরবর্তী সেশনের মধ্যে এটা প্লেস করতে হয়। কিন্তু এই বিষয়ে নিয়ম মানা হয়নি।

মি: স্পীকার : আমি এই ব্যাপারে অর্ডার দেব। নাউ জিরো আওয়ার।

ZERO HOURS

শ্রী আবদুস সাওার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন যাবত একটা উদ্বেগজনক সংবাদ বিভিন্ন সংবাদপত্র পত্রিকায় বের হচ্ছে, কিছু আনন্দমার্গী বিহারের নালান্দায় ষড়যন্ত্র করেছে আমাদের মুখ্যমন্ত্রীকে খুন করার জন্য। স্যার ধর্মান্ধতার বলি হয়েছেন ভারতের প্রাধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ৩১ শে অক্টোবর, ১৯৮৪ সালে। এরপর ললিত মাকেন এবং তাঁর স্ত্রী খুন হলেন তারপর লাংগোয়াল – বিষয়টা উদ্বেগজনক এই কারণে, তিনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী এবং সি. পি. এম. এর নেতাই শুধু নন, তিনি একজন সর্বভারতীয় নেতা। কিন্তু খবরটা প্রথম আসে সরোজ মুখার্জী, মার্কসবাদী কমিউনিস্ট পাটির সেক্রেটারীর মুখ থেকে ২৬ তারিখে এবং তারপর এই ব্যাপার নিয়ে কিছু সাংবাদিক চীফ সেক্রেটারীকে জিজ্ঞাসা করেছিলেন, সেই সংবাদ ২৭ তারিখে বের হয়। চীফ সেক্রেটারী এস. বি. কৃষ্ণণ বলেন, এই রকম কোন সংবাদ কেন্দ্রীয় গোয়েন্দা দপ্তর থেকে আমাদের এখানে দেয়নি।

চীফ সেক্রেটারী বোধ হয় একটা কনফ্লিকটিং নিউজ দিচ্ছেন এবং তিনি দেখাচ্ছেন আনন্দমার্গীরা খুন করবে, এই রকম কোন সংবাদ কেন্দ্রীয় দপ্তর থেকে আসেনি। আমি সংবাদটা একটু পড়ছি Mr. S. V. Krishnan, however, denied any Knowledge about alleged plot of assassination of Chief Minister.

[3.20 – 3.30 p.m.]

মি: স্পিকার : মি: সাত্তার, আপনি খবরের কাগজ কোট করবেন না।

শ্রী আবদুস সাত্তার : আমি খবরের কাগজ পড়ছি না, খবরটা বেরিয়েছে বলেই বলছি। স্যার, শুধু তাই নয়, এর পরে ডাইরেক্টর জেনারেল অব পুলিশকে জিজ্ঞাসা করা হয়। তিনি বলেন খোঁজ নেব। ডাইরেক্টর জেনারেল অব পুলিশ, বিহার, সেখান থেকে একটা খবর আসে। বিহারের নালন্দায় এই রকম একটা বনসপিরাসির খবর বেরিয়েছে। আমরা জানি না, গোয়েন্দা দপ্তর থেকে যদি কোন খবর এসে থাকে – খবর আসাটা খুবই স্বাভাবিক। নিশ্চয় জীবনের মূল্য আছে, প্রোটেকশানের জন্য সব রকম ব্যবস্থা করা উচিত এবং কিছু করাও হয়েছে। কিন্তু আমরা বুঝতে পারছি না যে, গোয়েন্দা দপ্তর থেকে খবর সরোজ মুখার্জির কাছে আসছে, অথচ গোয়েন্দা দপ্তর স্বয়ং মুখ্যমন্ত্রী, চীফ সেক্রেটারিকে কোন খবর দিচ্ছেন না, চীফ সেক্রেটারী বলছেন আমি কিছু জানি না। সেইজন্য আমি বলছি এখানে ষ্টেটমেণ্ট করার দরকার আছে। মুখ্যমন্ত্রীও জানেন না আফটার অল হোল হাউসের একটা কনফিডেন্স নিতে বলছি। হোল হাউসের কনফিডেন্স নিয়ে এই কনফ্লিকটিং ব্যাপারটার একটা স্পেল আউট হওয়ার দরকার আছে। কেন না খবরটা খুব গুরুত্বপূর্ণ। ড. জির কাছ থেকে খবরটি বেরিয়েছে। আমি তাই অনুরোধ করছি মুখ্যমন্ত্রীর সমস্ত ব্যাপারটা জানিয়ে সত্যিকারে ব্যাপারটা কি, সে বিষয়ে হাউসের মেম্বারদের কাছে একটা ষ্টেটমেণ্ট করা দরকার । এটা ঠিক যে, আনন্দমার্গীরা ১৯৭৭ সালে পাটনায় একবার চেষ্টা করেছিল। কাজেই সব দিক থেকে এটা একটা অত্যন্ত উদ্বেগজনক খবর। কাজেই এই উদ্বেগজনক খবরটা হাউসের সমস্ত মেম্বারদের কনফিডেন্স নিয়ে বললে আমার মনে হয় ভাল হয়। কেন না, এই রকম একটা কনফ্লিকটিং খবর বেরিয়েছে দেখা যাচ্ছে। সরোজ মুখার্জি যে জিনিস বলছেন চীফ সেক্রেটারী সেটা ডিনাই করছেন। সেইজন্য আমি বলছি এই খবরটা কিভাবে এল, কার কাছ থেকে এল, এই সম্পর্কে হাউসে একটা ষ্টেটমেণ্ট করা হোক।

শ্রী শচীন সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে বিরোধী পক্ষের নেতা মাননীয় সাত্তার সাহেব মুখ্যমন্ত্রী সম্পর্কে বলতে গিয়ে তিনি হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। বিগত কয়েকদিন আগে সমস্ত সংবাদপত্র ব্যানার হেডিং দিয়ে এই সংবাদটি প্রচারিত করেছিল। সংবাদ বেরিয়েছিল যে, বিহারের নালন্দায় আনন্দমার্গীরা গোপন বৈঠক করে স্থির করেছে দিল্লী শহরে আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকে হত্যা করবে। এটা গোয়েন্দা রিপোর্ট। কোথা থেকে এই সংবাদপত্র এনেছেন ? এটা গোয়েন্দা রিপোর্ট। আজকে আনন্দ মার্গীর দালালী করলে চলবে না। এটা একটা হিংস্র ফ্যাসিস্টট অর্গানাইজেসন। এরা আর একবার পাটনা শহরে আমাদের বর্তমান মুখ্যমন্ত্রীকে হত্যা করবার চেষ্টা করেছিল। আজকে গোয়েন্দা দপ্তর থেকে এই সংবাদ পরিবেশিত হয়েছে। এই সংবাদে যথেষ্ট উদ্বিগ্ন হবার প্রয়োজন আছে। তাঁর নিরাপত্তার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে আমরা সেটা জানতে চাইব। স্পীকার মহোদয় তিনি হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন এই রকম একটা গুরুতর সংবাদ বিকৃত ভাবে পরিবেশন করে। এই ঘটনায় আমরা সবাই খুব উদ্বিগ্ন বোধ করছি এবং আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে এইভাবে সংবাদ পরিবেশন করে হাউসকে বিভ্রান্ত করার কোন অধিকার তার নেই। মুখ্যমন্ত্রী জ্যোতি বসু শুধু পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী নন। তবে তিনি একটা কথা ঠিকই বলেছেন যে, মুখ্যমন্ত্রী সারা ভারতবর্ষের খুব বড় জনপ্রিয় নেতা। আনন্দমার্গীর মত এই ধরণের হিংস্র অর্গানাইজেসন সব কিছুই করতে পারে। তাই আমি আপনার মাধ্যমে জানতে চাই যে, মুখ্যমন্ত্রীর প্রাণ রক্ষার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ

করা হয়েছে সেটা আমাদের জানানো হোক। মুখ্যমন্ত্রীকে রক্ষা করার জন্য কেন্দ্রীয় সরকার কিম্বা রাজ্য সরকারের পক্ষ থেকে কি কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে সেটা আমরা জানতে চাই। আর মাননীয় সাত্তার সাহেবের বক্তব্যের বিরোধিতা করছি। তিনি এটাকে ঘুরিয়ে দেবার চেষ্টা করছেন।

শ্রী সত্য রঞ্জন বাপুলী : স্যার, অন এপয়েন্ট অব অর্ডার (সিট থেকে উঠে দাঁড়িয়ে কিছু বলবার চেষ্টা করেন)

মিঃ স্পীকার : There is no point of order, Mr. Bapuli, please take your seat. I have called upon Shrimati Renu Leena Subba,

শ্রীমতী রেণুলীনা সুব্বা : মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমি রাইটার্স বিল্ডিং-এ গিয়েছিলাম এবং গিয়ে চিফ-সেক্রেটারী মহাশয়ের সঙ্গে এ সম্পর্কে কথাবার্তা বলেছি। স্যার, জ্যোতিবাবু শুধু সি. পি এম পার্টির মুখ্যমন্ত্রী নয়, তিনি আমাদের সকলেরই মুখ্যমন্ত্রী এবং তিনি একজন ইনটারন্যাশানাল লিডার। স্যার, আপনি আরো জানেন, দেশের অবস্থা আজ খুবই খারাপ। আমরা শ্রীমতী ইন্দিরা গান্ধীকে বাঁচাতে পারিনি, শ্রীললিত মাকেন এবং তাঁর স্ত্রীকে বাঁচাতে পারিনি। আজকে আসাম, পাঞ্জাবের অবস্থা কি তাও আপনি জানেন. এই অবস্থায় আমরা যখন কাগজে এই সংবাদ পড়লাম তখন আমরা গোর্খা লীগ পার্টির তরফ থেকে অত্যন্ত দুঃখিত হয়ে চিঠিও পাঠিয়েছিলাম। আজকে চিফ সেক্রেটারী মহাশয় আমাকে বলেছেন, এই খবরটা সত্য, আনন্দমার্গীরা তাঁকে খুন করার চেষ্টা করছে। উনি আমাকে আরো বলেছেন, সব ব্যবস্থা নেওয়া হয়েছে। আমিও স্যার, মনে করি, উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়েছে। আমিও স্যার, মনে করি, উপযুক্ত ব্যবস্থা নেওয়া দরকার। স্যার, এখানে বিরোধীদলের নেতা মাননীয় সাত্তার সাহেব সংবাদপত্রের কথা বললেন, আমরাও দেখেছি, সংবাদপত্রে নানান রকমের খবর বেরিয়েছে, আমি সে সব কথায় এখন আসছি না। স্যার, আপনার মাধ্যমে সরকারের কাছে আমার রিকোয়েষ্ট জ্যোতিবাবুর সিকিউরিটির উপযুক্ত ব্যবস্থা করা হোক। স্যার, প্রধান মন্ত্রী রাজীব গান্ধী ৫ হাজার সিকিউরিটি ফোর্স পেয়েছেন, জ্যোতিবাবুর জন্য অন্ততঃ ৫শো সিকিউরিটি ফোর্সের ব্যবস্থা করা হোক।

Shri Gyan Singh Sohan Pal : Mr. Speaker, Sir, I am grateful to you for allowing me to draw the attention of the House to a serious matter involving the rights and privileges of the House. Sir, you are aware that the State Legislature enjoys certain rights and privileges under the Constitution. Any infringement of these rights and privileges is a breach of privilege and contempt of the House. It is an offence punishable by the House. Sir, the Government of West Bengal has wilfully and deliberately violated the provisions of the Constitution in a case which I am about to mention. I am not moving formally any motion for the breach of privilege and contempt of the House but I would certainly demand that the State Government should be pulled up for the serious lapses and appropriate directions be issued from this House, asking them to comply with the provisions of the Constitution. Sir, I beg your leave to mention the case. Sir, you are aware that in Article 315 the provision is made for the establishment of the Union Public Service Commission and for State Commissions. I read Article 315 for your information. It says -" Subject to the provisions of this article, there shall be a Public Service Commission for the Union and a Public Service Commission for each State ".

[3.30 – 3.40 p.m.]

Sir, in accordance with the provision of Article 315 the Public Service Commission for West Bengal. was created and constituted. The Public Service Commission and the Government have certain obligations towards these Legislatures and there are described in Article 323 of the Constitution which I read for information of the House and its members. Article 323 (2) states :- "It shall be the duty of a State Commission to present annually to the Governor of the State a report as to the work done by the Commission, and it shall be the duty of a Joint Commission to present annully to the Governor of each of the States the needs of which are served by the Joint Commission a report as to the work done by the Commission in relation to that State and in either case the Governor shall, on receipt of such report, cause a copy thereof together with a memorandum explaining, as respects the cases, if any, where the advice of the Commission was not accepted, the reasons for such non-acceptance to be laid before the Legislature of the State. " Sir, I am in the present Assembly Since 1982. I have not seen a copy of the report of the Public Service Commission of the memorandum referred to therein i. e. Article 323. My friends who had been the members of this House from 1977 to 1982 also told me that they had not seen the report of the Public Service Commission and the memorandum thereof. Sir, one can understand the default by a year or so but it is unthinkable, there is no justification for not submitting the report of the Commission with the memorandum for lon eight years. It is a serious lapse on the part of the Government. The Legislature is deprived of its rightful claim and as such I have decided to raise this issue before you. I would request you, I would implore upon you, I would beg you to kinly pull up the Government for this lapse serious in nature and also direct the Government to immediately submit a report of the Commission for all these years. Thank you Sir.

শ্রী অমলেন্দু রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা ক্লারিফিকেশন চাইছি। স্যার, আপনার নিশ্চয়ই স্মরণ আছে যে আমি গত অধিবেশনে এই বিষয়টি উত্থাপন করেছিলাম এবং তারপরে কিছু ঘটনা ঘটেছে, সেটা নিশ্চয়ই চীফ হুইপ বলবেন। কিন্তু আমি আপনার কাছে জানতে চাইছি রেস্পন্সিবিলিটি কার? কনসটিটিউসনাল প্রভিসন যদি ভায়লেটেড হয়েই থাকে তাহলে কে সেটা করল, পাবলিক সার্ভিস কমিশন ভায়লেট করল, না গভর্ণমেন্ট করল? উনি সরাসরি কেন গভর্ণমেন্টকে টেনে আনছেন? আমার যতটুকু আণ্ডাস্ট্যান্ডিং তাতে দেখছি রেস্পন্সিবিলিটি দিতে হবে পাবলিক সার্ভিস কমিশনকে। ওটা গভর্নমেন্ট দেবে না। গর্ভনমেন্টের কাছে যদি রিপোর্ট না এসে থাকে তাহলে গভর্নমেন্ট ...... নয়েজ.... আমাকে বলতে দিন, প্রশ্ন হচ্ছে, সরকারের কাছে ম্যানুয়াল রিপোর্ট পাবলিক সার্ভিস কমিশন সাবমিট করবেন এবং গভমেন্ট হচ্ছেন জাষ্ট পোষ্ট-অফিস মাত্র, গভর্নমেন্টের কাছে যদি রিপোর্ট আসে তাহলে সেই রিপোর্ট মেমোরানডাম সহ দেবেন। এখানে লুকোবার কিছু নেই। গভর্নমেন্টের কাছে যদি রিপোর্ট আসে গভর্নমেন্টের কনষ্টিটিউশন্যাল রাইট আছে সেই রিপোর্ট থেকে ডিফার করে সেটারমেমোরানডাম সাবমিট করবেন। আমি জানতে চাইছি গভর্ণমেন্টকে আগে টেনে আনছেন কেন? আগে জানুন ব্যাপারটি কি, তারপর গভর্নমেন্টকে টেনে আনবেন।

মিঃ স্পীকার: পণ্ডিতবাবু, আপনি ফিনান্স মিনিষ্টারকে বলবেন ওনার যেদিন সুবিধা হবে হাউসকে ইনফর্ম করাতে প্রেজেন্ট পজিসন কি আছে। কিছু করেস্পনডেন্স এ ব্যাপারে হয়েছে। আপনি আগে ফিনান্স মিনিষ্টারকে এ ব্যাপারে হাউসে ইনফর্ম করাতে বলুন।

শ্রী কাশী নাথ মিশ্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এখানে আজকে স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন কথা শুনেছেন এবং কুকুরে শিশু নিয়ে যাওয়ার কথা শুনেছেন, কিন্তু ইঁদুরে শিশুকে হত্যা করার কথা শোনেননি। বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে আড়াই কেজি ওজনের একটি সন্তান গত ২২ আগষ্ট হয়েছিল। সেই সন্তানটি ২দিন ভাল অবস্থায় থাকার পর সেখানকার কতৃপক্ষ জানালেন সন্তানটি মারা গেছে। কিন্তু খোঁজ নিয়ে জানা গেল নারকেল যেমন কুড়ে কুড়ে খায় ঠিক তেমনি ইঁদুর সেই শিশুটির মাথা কুড়েছে এবং কোড়ার ফলে শিশুটির মৃত্যু ঘটেছে। এই ব্যাপারটি চেপে দেওয়ার চেষ্টা হয়েছিল। আমি এই ব্যাপারটি জেলা শাসক, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে জানিয়েছি এবং সুপারইনটেনডেণ্ট, বি. এস. এম. সি. এ্যাণ্ড এইচকেও জানিয়েছি কিন্তু কোন প্রতিকার হয়নি। আমি এই ব্যাপারে তদন্ত চাইছি – প্রকৃত ঘটনাটি কি? প্রকৃত তথ্য বেরিয়ে এলে যারা দোষী ব্যক্তি তাদের উপযুক্ত শাস্তি দেওয়া হোক।

শ্রী সাধন পাণ্ডে: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসুর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই হাউসের সদস্য ডঃ কিরণ চৌধুরীকে যেভাবে কিছু হামলাকারী.......

মিঃ স্পীকার: না, না, এটা হবে না। This matter will not be allowed, I told you earlier.

শ্রী আবদুল মান্নান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, সাম্প্রতিক বৃষ্টির ফলে আরামবাগ-এর কয়েকটি ব্লকে বিশেষ করে খানাকূল ১ নং ২ নং ব্লকের ১৪ টি অঞ্চল সমস্ত জলের তলায়। দ্বারকেশ্বর নদীতে বিরাট বন্যা হয়েছিল ফলে এই দুর্ঘটনা ঘটেছে। যে নদীর ক্যাপাসিটি হচ্ছে ৪০ হাজার কিউসেক জল বহন করা সেই নদীতে সরকারী হিসাব অনুযায়ী ৮৮ হাজার কিউসেক জল ছাড়া হয়েছে। ফলে নদীর বাঁধের বিভিন্ন জায়গায় অন্তত ১৬ টি জায়গায় বাঁধের ভাঙন দেখা গেছে। যার ফলে যেখানে ভাংগন হয়েছে সেখানকার সমস্ত ঘরবাড়ী পড়ে গেছে। ঠাকুরাংচক অঞ্চল এবং কিশোরপুরে এক ও কিশোরপুর দুই অঞ্চলে যেখানে ভাংগন দেখা গেছে তার আশপাশের কোন বাড়ীতে কোন লোক বাস করতে পারছে না। বহু লোককে অসহায় অবস্থার মধ্যে কাটাতে হচ্ছে। এ অবস্থার কথা খানাকূলে জানাবার পরও সেখান থেকে কোন মেসেজ পাওয় যায়নি, ত্রাণ ব্যবস্থা তো দূরের কথা। ডি.এম. এস. ডি.ও কে জানান সত্ত্বেও ৩ দিন ধরে ঐ এলাকা কেউ পরিদর্শন পর্য্যন্ত করতে আসেননি। জেলা প্রশাসন থেকে এখন কেউ সরেজমিন তদন্ত পর্য্যন্ত করেননি। আবার বাঁধগুলি বাঁধার ব্যাপারে মন্ত্রী মহাশয়কে জানালে কেউ বলেন ওটা সেচ দপ্তরের ব্যাপার, কেউ বলেন পঞ্চায়েত দপ্তরের ব্যাপার। এইসব শুনে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলেছিলাম যে বাঁধগুলি বেঁধে দেওয়ার ব্যবস্থা করুন, ঐ' এলাকার ৮০ হাজার লোককে এ জন্য ক্ষতিগ্রস্ত হতে হচ্ছে। অবিলম্বে যাতে ঐ' ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ সামগ্রী পৌঁছায় এবং যে সমস্ত বাঁধগুলি ভেঙে গেছে সেগুলি যাতে সারিয়ে দেওয়ার ব্যবস্থা হয় সেজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি।

মি: স্পীকার: এখন বিরতি। আবার বেলা ৪.১৫ মিনিটের সময় সভার কাজ আরম্ভ হবে।

(At this stage the House was adjousned till 4.15 p.m.)

[4.15 – 4.25 p.m.]

(AFTER ADJOURNMENT)

LEGISLATION

The West Bengal Religious Buildings and Places Bill, 1985.

Shri Jyoti Basu : Sir, I beg to introduce the West Bengal Religious Buildings and Places Bill, 1985.

(Secretary then read the title of the Bill)

Shri Jyoti Basu : Sir, I beg to move that the West Bengal Religious Buildings and Places Bill, 1985, be taken into consideration.

বিলটি উত্থাপন করে সংক্ষেপে কয়েকটি কথা বলতে চাই। তারপর আরো যদি কিছু বলার দরকার হয় তাহলে তা আমি মাননীয় সদস্যদের বক্তব্য শুনবার পর বলবো।

এই বিলটা সম্পর্কে আমরা বহুদিন ধরেই বিচার - বিবেচনা করছিলাম। এর পরিপ্রেক্ষিত হচ্ছে, ১৯৮০ সালে শ্রীমতী গান্ধী ক্ষমতায় আসার পর যে ন্যাশনাল ইনটিগ্রেশন কাউন্সিল গঠন করেন, কয়েকজনকে নিয়ে তার একটি ষ্ট্যাণ্ডিং কমিটিও তৈরী হয়, তাঁদের মধ্যে আমিও একজন ছিলাম। ১৭ই এপ্রিল ১৯৮২ তারিখে সেই কমিটিতে সাম্প্রদায়িকতা দূর করতে কি করা উচিত, না উচিত – এই বিষয় নিয়ে একটি আলোচনা অনুষ্ঠিত হয়। অনেক আলোচনা সেখানে হয়, আমি তার মধ্যে যাচ্ছি না। তারপর হোম মিনিষ্টার, গভর্ণমেন্ট অফ ইণ্ডিয়ার কাছ থেকে ১৩ই অক্টোবর ১৯৮২ তারিখে একটি চিঠি পাই। তাতে তিনি লেখেন

The Standing Committee of the National Integration Council at its meeting held on 17th April, 1982, had focussed its attention on two problem areas which have the potential for creating communal tension, (1) estahlishment of religious places of worship in public places or on disputed lands and, (2) use of loudepeaders in religious places. Several members expressed their views on the need for regulating the establishment of religious places of worship and also the use of loudspeakers in religious places to maintain communal hormony.

লাউড স্পীকার সম্বন্ধে এই বিলে কিছু নেই, কারণ সেখানে দুই-একজন এবং আমিও বলেছিলাম যে, লাউড স্পীকার সম্বন্ধে সাধারণভাবে আমাদের রাজ্যে একটা ব্যান্ আছে। সেখানে বলেছিলাম - ধর্মস্থান, এমন কি বিয়ে বাড়ী বা কোন রিলিজিয়াস ফাংশানে লাউড স্পীকার লাগাতে গেলেও সেখানে পারমিশন দরকার হয় বলে নতুনভাবে এ–বিষয়ে আইন আমার দরকার হবেনা। আমাদের এখানে যদিও সাম্প্রদায়িক দাঙ্গা– হাঙ্গামা খুবই কম, তবুও আমার মত হিসাবে আমি সেখানে বলেছিলাম - অধিকার রাখতে এই রকম একটা কিছু আইন করে রাখতে পারলে ভাল হয় কারণ বর্তমানে এক্ষেত্রে যেসব আইন আছে সেগুলোকে আরো যথাযথ প্রয়োগের সুবিধার্থে পরিস্কার করে একটা আইন আনা ভাল। আমরা অনেক সময় নিয়ে আইনজ্ঞ, উপদেষ্টা এবং নিজেদের মধ্যে এ-বিষয়ে আলোচনা করেছি এবং তারপর এই বিল এনেছি এই মনে করে যে, বর্তমানে যদিও আইন আছে, কিন্তু যদি কোন মন্দির বা মসজিদ মুসলিম, হিন্দু বা খৃষ্টানদের ধর্মস্থানের কাছে তৈরী করা হয় বা পাবলিক প্লেসে তৈরী করা হয় এবং তা নিয়ে যদি বিবাদ সৃষ্টি তাহলে সেগুলো যাতে ভেঙ্গে দেওয়া যায়। বর্তমানে পুলিশ আইনে, ক্রিমিনাল আইনেও এই ব্যবস্থা আছে। মিউনিসিপ্যালিটির কতকগুলি ক্ষমতা আছে, কিন্তু সেখানে দেখতে পাচ্ছি সেই ক্ষমতা যথেষ্ট নয়। আমাদের কাছে যাঁরা উপদেষ্টা আছেন তাঁরা এটা বলেছেন এবং আমরাও এটা দেখেছি। যেমন আমি বলে দিচ্ছি। The Municipal Act, Calcutta Corporation Act. Both, under the Bengal Municipal Act, 1932 and the Calcutta Corporation Act, 1980, formal permission from the civic authorities is essential before any construction of building starts. Under section 391 (i)(e) of the Calcutta Municipal Corporation Act, 1980 permission is required to be obtained for conversion into place of religious worship or a sacred buliding any place or building not originally constructed for such purpose. There is no such provision in the Bengal Municipal Act, 1932. Under Calcutta Municipal Corporation Act, 1980 there is no provision to prohibit the use of public places or disputed places for religious purposes. সেইজন্য বলছি ক্ষমতার অভাব আছে। সেইজন্য আমাদের মনে হ'ল যে পরিস্কার করে আর একটা আইনের মধ্যে আমাদের এই ক্ষমতা নেওয়ার দরকার আছে।

পুরসভার মধ্যে আইন আছে কিন্তু বাইরে নেই। কিন্তু এই আইন সমস্ত পশ্চিমবাংলায় প্রজোয্য হবে, শুধু মিউনিসিপ্যালটির অঞ্চলে নয়, কর্পোরেশনের অঞ্চলে নয়। এই রকম একটা আইন আমরা করতে যাচ্ছি। এটা না করলে আমাদের অসুবিধা হবে। এইজন্য এই আইনটা এখানে আনা হয়েছে। এখানে যে ধারাগুলি আছে তার মধ্যে আমি যাচ্ছি না, এই ব্যাপারে কোন কিছু বক্তব্য থাকলে সেটা আমি শুনবো। আমি বলতে চাই আগে যে আইন ছিল সেটা বাতিল হয়ে যাচ্ছে না, সেখানে যে ক্ষমতা আছে – অনুমতি নেওয়ার সেটা নিতে হবে। এখানে করতে হলে কর্পোরেশান থেকে অনুমতি নিতে হবে। তার উপর এখন আমরা বলছি এই আইনের খসরা যখন আইনে পরিণত হবে তখন বাইরের জন্য কালেকটার এবং [illegible] জন্য পুলিশ কমিসনারের থেকে অনুমতি নিতে হবে। আগে যেটা ছিল অনুমতি নিয়ে আরম্ভ করে দিলাম একটা কিছু, সেটা আর চলবে না।

আর একটা ব্যাপারে হচ্ছে অনেক সময় অসুবিধা হয়, সেই অসুবিধা হচ্ছে আমরা জানতে পারিনা নানা জায়গায় হয়ত ছোট করে কোন একটা ধর্মের ঘর-বাড়ি আরম্ভ হয়ে গেল। হঠাৎ দেখা যায় একটা একটা ইঁট গাঁথতে আরম্ভ করে মস্ত বড় বাড়ি তৈরী হয়ে গেছে। আমরা দেখেছি হাঁসপাতালের মধ্যে এই সব করা হয়েছে। কি করে হ'ল আমি জানিনা। হাঁসপাতালের মধ্যে বাড়ী তৈরী হয়ে গেছে, যেখানে কোন কিছু করা উচিত নয়। কি কারণে হ'ল সেটা জানিনা, এটা অনেক আগেকার কথা। আবার রাস্তা-ঘাটের অনেক জায়গায় দেখেছি এই রকম অনুমোদিত ধর্মীয় স্থান গড়ে উঠেছে। একবার এই গুলি গড়ে উঠলে এইগুলিকে ভাংগা খুব কঠিন। ভাংগা যায় না এই রকম ব্যাপার নয়, সেখানে ক্ষমতা আছে। উচিত হচ্ছে যখন শুরু করে, অনুমতি তো দেওয়াই হবে না খবর পেলে সেই মুহুর্ত্তে সেইগুলিকে বন্ধ করে দেওয়া। তা না হলে পরবর্ত্তীকালে ভয়ঙ্কর অসুবিধার সৃষ্টি হবে। এখানে বলা আছে যাঁরা ধর্ম-টর্ম করবেন তাদের যেন অসুবিধা না হয়। সেইজন্য বলা আছে কোন একটা সম্প্রদায়ের ধর্মীয় স্থান কোন এক জায়গায় থাকে, যেখানে পূজা বা অন্য কিছু হয় তাহলে সেখানে আর একটা সম্প্রদায়ের ধর্মীয় স্থান যাতে কাছাকাছি না করতে পারে সেটা দেখা। অনুমতি পেলে ২৬০ মিটার দূরে করতে পারে। আবার প্রাইভেট আরম্ভ করেছে, কিছুদিন পরে সেটা দেখা গেল পাবলিক হয়ে গেছে। সেখানে লোক আসছে, পূজা-আর্চা হচ্ছে সভা হচ্ছে। পাবলিককে আমরা বন্ধ করতে পারি না, সেটা উচিতও নয়। প্রাইভেট থেকে পাবলিক হয়ে গেল এইসব সম্বন্ধে আইনে বক্তব্য আছে যে এই জিনিষ গুলি চলবে না। কাজেই আমি মনে করছি এই ব্যাপারে বেশী কিছু বলার নেই। পুরানো যেগুলি আছে, যে গুলি অনেক দিন ধরে চলছে সেই ব্যাপারে আমাদের আইনে আমরা বলছি যে, ধরুন ২০ বছর চলছে সেইগুলিকে হঠাৎ আইন করেছি বলে হস্তক্ষেপ করে ভাঙ্গতে আরম্ভ করবো এই জিনিষতো হওয়া উচিত নয়। এইগুলি প্রচলিত আছে, অনেক দিন ধরে চলছে।

[4.25 – 4.35 p.m.]

এই জন্যই আমরা সময় সম্বন্ধে বলেছি। অনেকদিন আগে থেকে যদি কিছু থাকে অনেক দিন মানে ২০ বছর ধরে আছে যদি দেখা যায়, তাহলে আমরা তার উপর কোন হস্তক্ষেপ করছি না – এই আইনটা আমরা সেখানে প্রয়োগ করবো না। আমরা এখানে এই ভাবে বলে রাখছি যে, এই আইনটা করলাম বলে সমস্ত জায়গায় বাধা দেব তা নয়। এই আইনের মধ্যে আমরা যেটা বলেছি অ হচ্ছে জনমতের উপর নির্ভর করে, সকলের সহযোগিতা নিয়ে তবেই আমরা এর প্রয়োগ করবো এবং একটা দিকে লক্ষ্য রাখবো যাতে এক সম্প্রদায়ের লোক আর এক সম্প্রদায়ের লোককে কোনভাবে অসুবিধায় না ফেলতে পারেন। ধর্মের নামে এই ভাবে যে অসুবিধার মধ্যে এক সম্প্রদায়ের লোক অন্য সম্প্রদায়ের মানুষকে ফেলেন তা আমরা বিভিন্ন ভাবে প্রচার চালিয়ে, মানুষকে বুঝিয়ে দূর করতে পারি। লাউড স্পীকারের বিষয় অবশ্য এই আইনের অন্তর্ভূক্ত নয়। এই ব্যাপারে আমরা দেখি যে ধর্মের নাম করে কিছু কিছু মানুষ লাউড স্পীকার ব্যবহার করে থাকেন। তাঁরা আশেপাশের মানুষের অসুবিধার কথা বুঝতে চান না, একবারও ভেবে দেখেন না যে অন্য কোন মানুষের এরফলে কোন অসুবিধা হচ্ছে কিনা। একবারও ভেবে দেখেন না যে অমরা মানুষের অসুবিধা হওয়া সত্ত্বেও কেন এটা বাজাবো। পূজা অর্চনা যখন করছেন, তখন তো অন্য লোকের কোন অসুবিধা সৃষ্টি করা উচিত নয়? ধর্মীয় অনুষ্ঠানে রত মানুষেরা অনেক সময় একটা বোঝেন না। পূজার সময়, বিশেষ করে দূর্গা পূজার সময় লাউড স্পীকার বাজাবার ব্যাপারে অবশ্য আগে থেকেই বাধা নিষেধ আছে। যাইহোক, আইনের মধ্যে দিয়ে আমরা একটা সময় সীমা আগেই বেঁধে দিয়েছি–তাতে বলা আছে যে, এই সময় থেকে মাইক বাজানো যাবে, মাঝখানে বাজানো যাবে না এবং পরে এই সময় থেকে রাত ১০টা পর্যন্ত বাজানো চলবে। অনেক ক্ষেত্রে এই আইনের দ্বারা মানুষ নিয়ন্ত্রিত হচ্ছেন এবং কিছু কিছু ক্ষেত্রে অনেকে এই নিয়ন্ত্রণের মধ্যে আসেন না। তাঁরা আশপাশের মানুষের অসুবিধার কথা, ব্যধিগ্রস্থ মানুষের কথা বোঝেন না। পার্শ্ববর্ত্তী মানুষেরাও সাহস করে ওঁদের কিছু বলতে পারছে না এবং পুলিশও অনেক সময় পাশ দিয়ে যাওয়ার সময় দেখেও না দেখার মত করে চলে যান, যাঁকে বলে "দে টার্ন এ ব্লাইণ্ড আই"। এই জিনিসও হচ্ছে। সেইজন্য সমাজের সকল মানুষকে আমরা যদি ভাল করে বোঝাতে পারি, সকলের মধ্যে যদি আমরা প্রচার করতে পারি - আমাদের টেলিভিসন, রেডিও এবং পত্র-পত্রিকা ইত্যাদির মাধ্যমে, বিভিন্ন রাজনৈতিক দল এবং গণসংগঠনগুলোর মাধ্যমে আমরা যদি মানুষকে বোঝাতে পারি, বিশেষ করে যদি আমরা আমাদের যুবসম্প্রদায়কে এটা বোঝাতে পারি,–তাহলে দু-একটা ইতস্তত বিক্ষিপ্ত ঘটলেও এজিনিস বন্ধ হতে পারে। আমাদের একথা ভাল করে বোঝা উচিত যে একটা নির্দ্দিষ্ট সময় সীমা পর্যন্ত মাইক্রোফোন আমরা বাজাতে পারি। এই প্রসঙ্গে একটা কথা এখানে বলে রাখি যে, অন্যান্য স্থানের তুলনায় পশ্চিমবাংলার বুকে ধর্মীয় হাঙ্গামার সংখ্যা খুবই কম – এ ব্যাপারে পশ্চিমবাংলা ভারতের অন্যান্য জায়গার তুলনায় একটা দৃষ্টান্ত স্বরূপ। সম্প্রতি কুচবিহারে একটা এই ধরণের হাঙ্গামা ঘটে গেছে। আমি ইতিমধ্যেই অবশ্য তার রিপোর্ট আনবার জন্য নির্দেশ দিয়েছি। ওখানে মসজিদ এবং হিন্দুদের একটা প্রার্থনার জায়গায় একটা হাঙ্গামা ঘটেছে বলে খবর পেয়েছি। এই ব্যাপারে ভগবান কি ভাবছেন তা অবশ্য আমি বলতে পারবো না, তবে রিপোর্ট পেলে আমি সব বুঝতে পারবো যে ওখানে প্রকৃত কি ঘটনা ঘটেছে। এখন আমাদের উচিত হচ্ছে সবাই সবাইকে বোঝানো, এর পরেও যদি না পারি, তাহলে তো প্রশাসনিক ব্যবস্থা নিতেই হবে। আমি ওখানে পরিস্কার নির্দ্দেশ দিয়েছি ১৪৪ ধারা জারী করতে এবং দুপক্ষের ঘর ভেঙে দিতে। দুপক্ষকে ডেকে তাদের সঙ্গে কথাবার্ত্তা বলে আমরা বিচার করবো। কাজেই, এখানে এই ঘটনা যে একেবারেই হয় না তা নয়, তবে বলা যায় অন্যান্য জায়গার তুলনায় অনেক কম। এই রকম ঘটনা কিছু কিছু আমাদের এখানে হয়। সেজনাই আমরা এই আইনটা এনেছি। যেখানে যখন প্রয়োজন হবে তখন সকলের সহযোগিতা নিয়ে আমরা এই আইন প্রয়োগ করবো। এরই সাথে সাথে মানুষকে এটা ভাল ভাবে বোঝাতে হবে এর মধ্যে আমার শুধু এটাই বলেছি।

মিঃ স্পীকার : There are amendments to the West Bengal Religious Buildings and Places Bill, 1985, From Shri Rajesh Khaitan, Shri Abdul Mannan, and Shri Kashinath Misra.

Shri Rajesh Khaitan : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1986.

Shri Abdul Mannan : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 16th September, 1986.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1986.

Shri Rajesh Khaitan : Mr. Speaker,Sir, the Bill introduced by the Hon'ble Chief Minister, imposes restriction which is unreasonable and has no proximate connection or nexus with public order and is far-fetched, hypothetical and problematical and too remote in the chain of its relation with the public order. Why I say so as has been demonstrated by what the Hon'ble Chief Minister himself has told in this House. While introducing the Bill, he himself says that in our State in West Bengal, there is communal harmony, there is no such incident which warrants such a Bill to be introduced. Yet he tells us while introducing the Bill that the Standing Committee of the National Integration Council at its meeting held on 17th April, 1982, had focussed the State Government's attention with the problems arising out of this establishment of religious places or worship in public places or on disputed lands which has a potential for creating communal tension. I ask him has the National Integration Council Standing Committee given the direction to you as the Government of West Bengal that a law should be enacted by this House and that this Bill be introduced ? No. They did not say so. They have just focussed the communal tension prevailing in different parts of our country. We in West Bengal can boast that this is a land of Shri, Aurovindo, that this is a land of Swami Vivekananda, this is a land of Shri Ramakrishna, this is a part of India, to which we belong and we can boast that we have been living and residing and leading our lives in complete communal harmony. Then why this Bill ? What is the necessity ? This is unreasonable. There is politicis involved in it. It is the thought for one and all of us. It is the accusing finger, by introducing this Bill, to the people of West Bengal, be it a Muslim, be it a Hindu, be it a Christian who are living in communal harmony. Our Constitution has debarred a State Government to make such law under Article 25 of the Constitution. I read - "Freedom of conscience and free profession, practice and propagation of religion". Then Article 26 of the Constitution which read as follows - "Freedom to manage religious affairs". Both these two articles of the Constitution has-debarred any State Government to bring such a Bill except I say in the event of public order.

[4.35 - 4.45 p.m.]

If there is a necessity to maintain law and order, if theer is such situation that the law and order is at stake and if public tranquility is at stake, if the public order is at stake, then the State Government can take shelter under this proviso of the Constitution and come forward to the Legislative Assembly and say here is a Bill.

Mr. Speaker : Mr. Khaitan, I am sorry to intervene you. This Bill is related to religious buildings and places But you are debating on the other issues. Please confine yourself to this Bill.

Shri Rajesh Khaitan : Sir, it is placing a restriction as would be seen in the Bill where it says - "to provide for the regulation of construction of public religious buildings and use of public places for religious purposes". Sir, till today in West Bengal, there is no complaint against any Mandir, Mosque or Church. Then why this Bill ? If it becomes an Act, the State Government can stop a citizen from using a particular place under the provision of this Bill as has been mentioned by the Chief Minister. It is an unreasonable restriction. Here I rely upon the judgement of the Supreme Court - the highest Court of our country. In 1960, it said that such a legislation could not be brought or should not be brought as it would be unconstitutional and illegal.

Mr. Speaker : Mr. Khaitan, if your contention is correct, does it mean that anyone can construct Mandir, Mosque or Church on the footpath, railway station or airport ?

Shri Rajesh Khaitan : I respect the Chair and hope that your will give protection to me and listen to may views.

Mr. Speaker : The Legislation is on the Religious buildings and places but you are making some irrelevant points. Your points should be relevant.

Shri Rajesh Khaitan : Sir, in the Statement of Objects and reasons, where it says - "But in order to maintain communal harmony such authorities seldom take the risk of demolishing a religious place of worship constructed in public places or on disputed lands". As far as such power is concerned, will the Left Front Government demolish any unauthorised construction of small Mosque or Mandir on the Brabourne

Road or Delhousie area ? This is my submission. But in the garb of the Bill, it has been said that structures less than 20 years can also be demolished I want to invite the attention of the Chief Minister that recently in Tollygunge area - the Constituency of Shri Prasanta Kumar Sur - there was a temple of Lord Shiva which is 50 years old. I want to ask why it has been demolished in a night ?

The decision may have taken. In this State this Bill will be introduced and action will be taken. The people of that area are going to meet the Chief Minister I wish the law makers will not be law breakers.

Mr. Speaker : Sir, in this House, time and again, I have mentioned about the unauthorised construction. The people are not getting drinking water in Barrabazar Area which is my Constituency which is the heart of Calcutta. During the last sixteen years, no construction had been demolished. I can say that in that area every building is unauthorised. The Government did not take any action against unauthorised construction and unauthorised users. O'God! He may be called God, He may be called Bhagaban, He may be called Khoda, He may be called Jesues Christ. I ask our Government, our Chief Minister why he doesn't take any action against the unauthorised constructions ? This is being constructed by the human beings for their own use. Why don't take any action? When any unauthorised construction is undertaken–that may be a Mandir, that may be a Mosque, that may be a Church–Why the police did not take any action against the unauthorised constructions. In Cooch Behar a mandir–loudspeaker was closer to a mosque–loudspeaker. Hon'ble Chierf Minister was correct to inform about the incident at Cooch Behar. Today it may be found that we connot demolish unauthorised construction of mandir or mosque. We belong to the land which is culturally rich. That is the tradition of Bengal. Such pious name is unparallel in the history of our country. The preachings of our pious men are followed throughout the world. I am ashmed that the National Integration Council has asked the Government of West Bengal to bring this type of legislation. I, as a member of the House, I, as a citizen of West Bengal, I, as a follower of you who are the Chief Minister of West Bengal, would request you to withdraw this Bill. I oppose this Bill though it may be suggested by the National Integration Council. It is not necessary. Is it not contradictory?

Mr. Speaker, Sir, I call your attention to Clause 3 of Section(1). Let us come to the dates. Different dates may be spplied for different areas. This State Government, if this Bill is passed, can by notification, say that in Burrabazar this law will be applied first. Why not it would be applied throughout the whole of West Bengal at a time? Is it permissible under the Constitution for discrimination between the different persons in the same State? This is unconstitutional. This is not a legal law and it connot be.

Therefore, I would request you to withdraw it or it can be brought for eliciting public opinion thereon as the motion was brought by us. There is no question of any ego as the Chief Minister has said. In 1983 a Standing Committee had been appointed to go into this matter and in the statement of objects and reasons of the Bill it has been mentioned as 17th April, 1982 and we are now in 1985.

[4.45 – 4.55 p.m.]

Why can't it wait? Let us wait.- Let us see whether this Bill is necessary at all. Now, Sir, I draw your kind attention to explanation II of clause 2 of the proposed Bill. Here it is said that if any person, you or me, performs any Pujah in the house of anyone belonging to any religion and if some friends come and participate in the Pujah offer even one rupee to the Almighty for peace and prosperity for his or her family or community or the people of West Bengal, the Police can take action, the State can take action. How can it be ? How can his house will become a religious place if a person performs any Pujah according to his religion ? I would invite the attention of the Hon'ble Chief Minister to the provision wherein it is said that if anybody does Bhajan or Kirtan or Stuti or Namaz, this will be deemed as religious place and proper authorities can take action under this provision of the proposed Bill after the Bill becomes an Act. The proper authority under the provisions of the Act. will then be able to go into that place, religious place. That means that the rights and privacy of the citizen are going to be lost. That is why I say that the legislation should not be passed. Let us not rush for it. Let us think over it again as the people of the State, as the elected representatives of the State. Why this rush ? This is not a question of Burrabazar, this is a question of entire West Bengal, and not only of Burrabazar alone. Let us think over it once again. It is not question of a particular people or one class of people. it is for all. It is a question of religion and all religions are covered by this Act. Let us think over it once again. It is a question of religion and all religions are covered by this Act. Let us not be misunderstood. Sir, as I was saying, our Constitution gives right to profess, practice and propagate religion under Articles 25 and 26 of the Constitution and I draw your attention to the Superme Court decision. It is from the report

of A.I. R., 1960, page 633 – Superintendent, Senate, Prison, Fategarh and another, Appellants V. Dr. Ram Monohar Lohia. That was the stand of Dr. Lohia. The Supreme Court upheld that decision. What the Supreme Court.Says ? It says – "The decision in our view, lays down the correct test. The limitation imposed in the interests of public order should be a reasonable restriction," - Sir, the limitation should be a reasonable restriction - "should be one which has a proximate connection or nexus with public order," - but Sir, this Bill, this legislation is not intended to serve the public interests, it has no proximate connection or nexus with public order in our State – "but not one far-fetched," - but it is far–fetched – "hypothetical or approximate or problematic" – but it is going to be a problem - "or too remote in the chain of its relation with the public order." I would again say that it is going to be a problem. It was an admitted decision of the ruling party as well as the decision of the opposition in the State. Therefore, in the light of the decision and also in keeping with the decision of the Hon'ble Supreme Court cited by me, I most humbly submit that this Bill be circulated for eliciting opinion by 31st March, 1986. I only hope that the Hon'ble Chief Minister will consider the submissions made by me in this House.

Thank you, Sir.

শ্রী সুমন্ত কুমার হীরা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল রিলিজিয়াস বিলডিংস্ এ্যাণ্ড প্লেসেস বিল, ১৯৮৫ যেটা হাউসে উপস্থিত করেছেন এটা একটা নতুন বিল। আমি এই বিলকে স্বাগত জানিয়ে দু-একটা কথা বলব। আমি মনে করি আমাদের দেশে এই বিল অনেকদিন আগেই আইনে পরিণত হওয়া উচিত ছিল। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর উদ্বোধনী ভাষণে বলেছেন আমাদের দেশের যে ঘটনাগুলির বিচারে এবং নীরিখে ন্যাশনাল ইন্টিগ্রেসন কাউন্সিল এই ধরণের একটা লেজিসলেটিভ মেজার নেবার কথা বলেছিলেন ঠিক সেই বিচারেই এই বিল পশ্চিমবাংলায় এসেছে। তবে এটা শুধু পশ্চিমবাংলায় নয়, ভারতবর্ষের সমস্ত রাজ্যে এই ধরণের আইন হবে। সারা ভারতবর্ষে যে আইন হবে, যে সুপারিশ কার্যকরী হবে সেটা আমাদেরও করতে বলেছেন। আইন হয় মানুষের স্বার্থে এবং মানুষের স্বার্থকে সুরক্ষিত করবার জন্যই আইন করতে হয়। বিরোধীপক্ষের সদস্য মাননীয় রাজেশ খৈতান মহাশয় যে কথাগুলি বললেন তাতে আমি বুঝতে পারছিনা তাঁর মতলবটা কি? তিনি বললেন পশ্চিমবাংলাকে আলাদা করে বিল আনা হয়েছে এবং তিনি আরও বললেন পশ্চিমবাংলার নীরিখে এবং পশ্চিমবাংলার প্রসঙ্গে এটা ইররেলেভেন্ট। আমি জানিনা তিনি কি করে এ কথা বললেন। মুখ্যমন্ত্রী মহাশয় কুচবিহারের কথা বলেছেন। আমরাও জানি সেখানে যে ঘটনা ঘটেছে সেই ঘটনা আবার ঘটাবার চেষ্টা করা হচ্ছে, সাম্প্রদায়িক উস্কানি দেবার চেষ্টা করা হচ্ছে। ১৯৮৪ সালে মুর্শিদাবাদের ইসলামপুরে একটা সরকারী জমিতে মসজিদ তৈরী করবার বিষয় নিয়ে প্রচণ্ড একটা সাম্প্রদায়িক ঘটনা ঘটতে গিয়েছিল। এর পিছনে কি ছিল ঘটনা? ইসলামপুর গ্রামের কিছু ধর্মপ্রাণ মুসলমান একটা মসজিদ তৈরী করবার কথা চিন্তা করেন। তাঁরা এই মসজিদ তৈরী করবার জন্য জমি খুঁজছিলেন এবং স্থানীয় বিধান সভার সদস্যকেও জমি খুঁজতে বললেন। বিধান সভার সদস্য তাঁদের একটা জমি খুঁজে দেন কিন্তু একদল লোক সরকারী জমিতে মসজিদ করবার জন্য উপস্থিত হল। এই মতলববাজদের মধ্যে হিন্দু মুসলমান উভয় সম্প্রদায়ের লোকই ছিল এবং দুটো নয়, একটা রাজনৈতিক দল এর মধ্যে ছিল। তারা প্রচার করল মসজিদ তৈরী করার ব্যাপারটা নামঞ্জুর হয়েছে। এদের উদ্দেশ্য হল সরকারী জমিতে মসজিদ তৈরী করার ব্যাপার নিয়ে দুই সম্প্রদায়ের মধ্যে দাঙ্গা লাগিয়ে দেওয়া। তখন ডি. এম. সেখানে গিয়ে সেই দাঙ্গা ঠেকান। কুচবিহারে যে ঘটনা ঘটেছে সেই রকম ঘটনা আশে পাশে আরও হয়েছে। কাজেই এই আইন পশ্চিমবাংলার পক্ষে একান্ত প্রয়োজন। যদিও আমাদের এখানে এরকম ধরণের ঘটনা কম ঘটে তবুও একদম যাতে না ঘটে তারজন্য এবং ধর্মীয় স্বাধীনতা রক্ষা করার জন্য এই আইন এখানে প্রয়োজন। মিঃ খৈতান একটা কথা কোট করে বলেছেন আইনের মাধ্যমে ধর্মীয় স্বাধীনতা হরণ করা হচ্ছে। এই আইনে পাবলিক প্লেসে ধর্মীয় যেসব সুযোগ সুবিধা এবং অধিকার বিভিন্ন সম্প্রদায়ের মানুষরা ভোগ করে সেই অধিকার ভোগ করার ব্যবস্থা এই আইনে রাখা হয়েছে। ৩ (২) দেখুন সেখানে লেখা রয়েছে, Nothing in this section shall apply to any public place traditionally used for a long period as a public religious place.

দুর্গাপূজা পাবলিক প্লেসে হয় সেগুলি কেউ বন্ধ করবে না, সেগুলি হবে। কাজেই কোথাও তো আটকাচ্ছে না।

[4-55 – 5-05]

কাজেই কেন উনি যে এই কথা বললেন – আমার মনে হয়েছে একটা কথা, উনি জাত ব্যবসায়ী, কাজেই সব সময়ে মাথার মধ্যে একটা ব্যবসার চিন্তা থাকতে পারে। কিন্তু আমরা একটা জিনিস দেখেছি কলকাতার ফুটপাথে ধর্ম নিয়ে ব্যবসা হয়, কলকাতার ফুটপাথে শনি ঠাকুরের মূর্তি বসিয়ে ব্যবসা হয়, কলকাতার ফুটপাথে মহাদেবের আবির্ভাব হয়েছে বলে হাজার হাজার লোককে জড়ো করে ব্যবসা হয়। এই আইন বলবত হলে অনেকের রুজি রোজকার বন্ধ হয়ে যেতে পারে, আয় কমতে পারে। আমি জানি কলকাতার বহু ব্যবসা প্রতিষ্ঠান, বহু শিল্প প্রতিষ্ঠান ধর্মের নাম করে নানারকম ট্রাষ্ট করে বেআইনীভাবে তারা বছরের পর বছর মন্দির, মসজিদ, ইত্যাদির নাম করে কোটি কোটি কালো টাকাকে সাদা করার চেষ্টা করেন, তাদের কিছুটা অসুবিধা হতে পারে। কিন্তু সাধারণ ধর্মপ্রাণ মানুষ, যারা ভগবানের সেবা করেন, তাদের কি কোন অসুবিধা হবে? এই বিলের মধ্যে আমরা তা দেখতে পাচ্ছি না। তাদের পূর্ণ স্বাধীনতা সংরক্ষিত হচ্ছে এই আইনের মধ্যে। কাজেই এই আইন কোন ধর্মীয় অধিকারকে ক্ষুন্ন করছে না। কোন ধর্মীয় সম্প্রদায়ের মানুষের অধিকারকে ক্ষুন্ন করা হচ্ছে না। সব শেষে একটা কথা মনে হয়েছে খৈতান সাহেবের ভাষণ শুনে আমার একটা কথা মনে হয়েছে – তিনি একটা কথা পরিস্কার বললেন না যে এই আইন তাঁকে কোথায় আঘাত দিয়েছে, সেটা তিনি পরিস্কার করলেন না। তিনি কি জানেন না যে মীরাটে দাঙ্গা হয়েছিল – কি নিয়ে

দাঙ্গা হয়েছিল, তিনি তো তা ভাল ভাবে জানেন, একটা পুরাণ মসজিদ, পরিত্যক্ত মসজিদ-এ সেখানে কিছু হিন্দু গিয়ে জড়ো হলো এবং একটা শিব লিংগ বসিয়ে পুজো করতে শুরু করলো, ওখানকার মুসলমান সম্প্রদায় এতে বাধা দিলেন, তখন হিন্দুরা বললেন যে ওখানে আগে শিবের মন্দির ছিল, কাজেই এটা শিবের মন্দির হবে। এই নিয়ে দাঙ্গা হয়নি, খুন হয়নি, বহু সম্পত্তি ধ্বংস হয়নি ? কাজেই এই সব কথা কেন ভুলে যাচ্ছেন ? সুতরাং যুগের প্রয়োজনে, সময়ের প্রয়োজনে আমাদের এই আইন করতে হচ্ছে, সারা দেশের প্রয়োজনে হচ্ছে, শুধু পশ্চিমবাংলার জন্য নয়। কাজেই এটা ন্যাশন্যাল ইন্টারেস্টে প্রয়োজন। সেই প্রয়োজনীয় চাহিদা মেটাবার জন্য এই আইন এসেছে। খৈতান সাহেব নিশ্চয়ই স্বীকার করবেন, তিনি যেটা বলেছেন, সেটা আবেগে বলেছেন, তিনি একটা বিশেষ ধর্মের প্রতি আঘাত করা হচ্ছে, এটা তিনি মনে করেছেন, এই আইনের দ্বারা ধর্মের উপর আক্রমণ হচ্ছে, বিশেষ একটা ধর্ম সংকুচিত হচ্ছে এই মনে করে তিনি ক্যালকাটা হাইকোর্ট, এবং সুপ্রীমকোর্ট এর অর্ডার দেখালেন।

মিঃ স্পীকার : উনি সরকারী কোন রুলিং দেননি, অন্য পয়েন্টে রুলিং দিয়েছেন।

শ্রী সুমন্ত কুমার হীরা : ধর্মীয় প্রচারে কোনও বাধা এই আইনে হবে না। তিনি একটু ক্ষুন্ন হয়েছেন অন্য কারণে. তিনি বলতে চেয়েছিলেন এই, আমাদের ধর্মীয় লোক, সেই ধর্মের প্রটেকশন না হয়ে অন্য ধর্মের প্রটেকশন হচ্ছে, এটাই বলতে চেয়েছেন। যাই হোক সেই ধারণা অমূলক। এই আইনে সমস্ত ধর্মের প্রটেকশন আছে, সবাই তাদের ধর্ম অক্ষুন্ন রাখতে পারবে, সাম্প্রদায়িক সম্প্রীতি অক্ষুন্ন থাকবে। তবে ফুটপাথে জবরদখল করে মানুষের যাতায়াত বন্ধ করে ধর্মের নামে ব্যবসা করার যে প্রচেষ্টা, সেই প্রচেষ্টায় বাধা সাধা হচ্ছে, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং এই বিলকে সম্পূর্ণ ভাবে সমর্থন জানাচ্ছি।

শ্রী কাশী নাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী দি ওয়েষ্ট বেঙ্গল রিলিজিয়াস বিলডিংস এ্যাণ্ড প্লেসেস বিল ১৯৮৫, এখানে নিয়ে এসেছেন। এই বিলটি যুগোপযোগী হলেও আমরা দেখতে পেলাম যে বিলটি আছে সেই বিলের মধ্য দিয়ে অধিকারকে প্রতিষ্ঠিত করতে গিয়ে ইসলামপুরে দু-দলের মধ্যে লড়াই হল। সেখানকার জমিতে মসজিদ কারা করবে তাই নিয়ে পুলিশকে গুলি চালাতে হল। তারপর আবার এই যে বিলটি এনেছেন এটাকে কার্যকরী করতে গেলে আরো নতুন করে অনেক ঝামেলা সৃষ্টি হবে। এই বিলের ধারাগুলি মোটামুটিভাবে আমরা দেখেছি। জাতীয় সংহতি রক্ষার ব্যাপারটা মাননীয় মুখ্যমন্ত্রী তার ফর অবজেক্টস এ্যাণ্ড রিজিন্সে বলেছেন। তিনি ষ্টেটমেন্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজিনসে বলেছেন ১৭ই এপ্রিল, ১৯৮২ সালে ন্যাশন্যাল ইন্টিগ্রেসান কাউনসিলে এই বিষয়ে বিভিন্ন ভাবে আলোচনা হয়েছে। কিন্তু তার মূল তথ্যটা আমরা বিধানশভায় কেউ পাই নি। বিলের ২ নং ধারায় বলা হয়েছে বিলডিংস মিনস - বিলডিংসের ব্যাখ্যা করে দেওয়া হয়েছে, প্লেসের ব্যাখ্যাও করে দেওয়া হয়েছে। কিন্তু যারা এনকোয়ারি করতে যাবেন সেই অফিসাররা নিরপেক্ষ ভাবে কাজ করতে পারবেন কিনা যথেষ্ট সন্দেহ দেখা দিচ্ছে। সেখানে একটা অসুবিধা সৃষ্টি হবে। সেই ডিসপিউটগুলি বন্ধ করতে গেলে সেখানে আর একটা আইন শৃঙ্খলার প্রশ্ন এসে দাঁড়াতে পারে। পাবলিক বিলডিং পাবলিক প্লেস-এর মধ্যে বিভিন্ন ক্লাব, সোসাইটি, রিলিজিয়াস সংগঠনগুলিকে রেকমেনড করতে পারেন। আপনি যে উদ্দেশ্য নিয়ে এই সব জিনিস বন্ধ করার চেষ্টা করছেন এই ক্লাবগুলি সেখানে আর একটা বাধা সৃষ্টি করতে পারে এবং তাতে অসুবিধা সৃষ্টি হতে পারে। আমি আপনার বক্তব্য টেনে নিয়ে বলছি পশ্চিমবাংলায় যখন শান্তি বিরাজ করছে, এখানে যখন একটা সাম্প্রদায়িকতার ভাব প্রবেশ করতে পারে নি তখন সেখানে নতুন করে আবার এই বিলের মধ্য দিয়ে সেটাকে টেনে আনার চেষ্টা করছেন কেন ? আপনি বলেছেন যেগুলি ২০ বছরের প্রতিষ্ঠিত সেখানে সেগুলি থাকবে, ২০ বছর পরে যেগুলি হয়েছে এই আইনবলে আপনি সেগুলিকে সরিয়ে দেবেন, ভেঙ্গে দেবেন। এতে একটা সংঘর্ষের সম্ভাবনা থাকছে এবং এই সংঘর্ষ একটা অন্য রূপ নিতে পারে এবং সেটাতে একটু অসুবিধা সৃষ্টি হতে পারে। সেই জন্য আমরা বলছি জনমত তৈরী করার জন্য বিভিন্ন ভাবে এটাকে আরো পরিস্কার করার জন্য জনগণের সামনে এটাকে প্রচার করা উচিত এবং সেটা হলে আরো সুবিধা হবে। আপনি বলেছেন জনমত তৈরী করতে হবে, বিভিন্ন গণ সংগঠনকে কাজে লাগাতে ববে। বিলটি পাশ করার আগেই জনমত সংগ্রহের জন্য পাঠানো উচিত ছিল এবং তারপর এটা যে রূপ নিত তাতে যে কোন বাধা এলে প্রশাসনিক দিক থেকে লড়ার পরে সুবিধা হত। অর্থাত্‍ প্রশাসনিক দিক থেকে তখন লড়তে পারবেন।

[5.05 – 5.15 p.m.]

সেটাকে আঘাত দিতে পারবেন, ব্যবস্থা নিতে পারবেন। আজকে ভারতবর্ষের যে সংবিধান রয়েছে এবং যে সংবিধানের জন্যই আমরা এখানে এসেছি সেই সংবিধানের ২৫ থেকে ৩০ নং অনুচ্ছেদে বিভিন্নভাবে ধর্মের স্বাধীনতা থেকে আরম্ভ করে তার অধিকার, প্রচার ইত্যাদির কথা বলা হয়েছে। এখানে আপনি যে বলছেন যেখানে একটা মন্দির বা মসজিদ আছে তার ২৫০/২৬০ মিটারের মধ্যে আর করা যাবে না সেখানে একটি সমস্যার প্রতি আপনার আমি দৃষ্টি আকর্ষণ করছি। সমস্যাটা হচ্ছে, ধরুন খৃষ্টানদের মধ্যে প্রোটেস্ট্যান্ট এবং ক্যাথলিক এই দুই সম্প্রদায় আছেন, তেমনি মুসলমানদের মধ্যে সিয়া, সুন্নি এই সব সম্প্রদায় আছেন কাজেই সেখানে একটা মসজিদ যদি থাকে এবং তার পাশাপাশি যদি আর একটা করে থাকে সেখানে যাতে কোন অসুবিধা না হয় সেটা দেখা দরকার। মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় বলেছেন এখানে একটা শান্ত পরিবেশ রয়েছে, তাঁর কথার রেশ টেনেই বলছি এখানে কোন টেনশান সৃষ্টি হোক এটা কিন্তু বাঞ্ছনীয় নয়। এইসব কারণেই আমরা এটা প্রচারার্থে দেবার জন্য বলেছি এবং সেই পরিপ্রেক্ষিতেই এ্যামেনড্‌মেন্ট এনেছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী সরল দেব : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় আজ এই সভায় যে 'দি ওয়েষ্ট বেঙ্গল রিলিজিয়াস বিলডিং এ্যাণ্ড প্লেসেস বিল' এনেছেন আমি তাকে স্বাগত জানিয়ে কয়েকটি কথা বলছি। স্যার, এই বিল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে বিরোধীদলের মাননীয় সদস্য দেখলাম অত্যন্ত জোলো বক্তৃতা করলেন এবং তা করতে গিয়ে বিবেকানন্দ, অরবিন্দের নাম উল্লেখ করলেন। কথাটা হচ্ছে, পশ্চিমবঙ্গ তো ভারতবর্ষেরই অঙ্গ রাজ্য

এখন অপর অপর রাজ্যের সাম্প্রদায়িক দাঙ্গার প্রভাব এই রাজ্যে আসবে না এমন জ্যোতিষী তিনি কেমন ভাবে হলেন আমার জানা নেই। ওঁদেরই প্রয়াত প্রধানমন্ত্রীর নেতৃত্বে ১৯৮২ সালের ১৭ই এপ্রিল ষ্টানডিং কমিটি অব দি ন্যাশনাল ইনন্টিগ্রেসান [illegible] মিটিং-এ এই সিদ্ধান্ত হয়েছিল। সংবিধানের ২৫ থেকে ৩০ নং অনুচ্ছেদের যে মূল কথা, প্রোপাগেশানের যে অধিকার অর্থাত ফানডামেন্টাল রাইট কোথায় কাটেল করা হয়েছে ? কাশীবাবু বললেন, মুখ্যমন্ত্রী দেখবেন, প্রশাসন যাতে নিরপেক্ষ থাকেন। আমি ওঁকে জিজ্ঞাসা করি, উনি তো কংগ্রেসী সদস্য, কংগ্রেসী রাজত্বে প্রশাসন কি নিরপেক্ষ ? আমাদের রাজ্য শান্তিপূর্ণ রাজ্য সেজন্য আমরা গর্বিত কিন্তু তরজন্য একটা প্রিভেনটিভ মেজার অর্থাত ভবিষ্যতে যাতে পাবলিক প্লেসে ব্যাঙ-এর ছাতার মতন মন্দির, মসজিদ গজিয়ে না ওঠে তারজন্য এই ব্যবস্থা। এই তো গত বছর কাশীবাবুর দলের লোকরা মাননীয় স্পীকার মহাশয়ের নির্বাচনকেন্দ্রে-আমডাঙ্গাতে-একটা পাবলিক প্লেসে কোরবানিকে কেন্দ্র করে দাঙ্গা-হাঙ্গামা লাগালেন। দুই সম্প্রদায়ের লোকেরাই মারা গেলেন। সেখানে প্রশাসন যদি অত্যন্ত ক্ষিপ্রতার সঙ্গে পরিস্থিতির মোকাবিলা না করতেন তাহলে দাঙ্গা বাড়তো। তাতে অবশ্য কাশীবাবুদের দলেরই সুবিধা হ'ত। এখানে সে সব হচ্ছে না বলে ওঁদের অসুবিধা হচ্ছে এবং সেইজন্যই এই সব কথা বলছেন যে এটা বিবেকানন্দ অরবিন্দের দেশ, এখানে এসব বিল আনার প্রয়োজন নেই ইত্যাদি ইত্যদি। এখানে বলা হচ্ছে

No person shall construct any public religious building within a radius of 250 metres of any existing public religious building. এই জিনিস নতুন করে কেউ করতে গেলেই তাকে বাধা দিতে হবে। তবে আপনাদের আমলে যেমন কিছু কিছু খারাপ লোক ছিল, আমাদের আমলেও তেমন যে নেই, এ কথা আমরা কখনো বলি না, খারাপ লোক আছে এবং তাদের সে ভাবেই ট্রিটমেন্ট করতে হবে। এই বিলের ক্লজ-৫ এ পরিস্কারভাবে বলা আছে No person shall without first obtaining in writing the permission of the Collector in the district of Commissioner of Police in Calcutta. সুতরাং আমরা দেখতে পাচ্ছি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী খুব পরিষ্কার পরিচ্ছন্ন ভাবেই বিল'টি এনেছেন, আমরা আশা করেছিলাম বিরোধীরা একে সমর্থন করবেন, কিন্তু ওঁরা বিরোধিতা করলেন। পশ্চিম বাংলার মানুষের ধর্মীয় স্বাধীনতা এবং শান্তিকে অক্ষুন্ন রাখবার জন্য আমরা ভেবেছিলাম ওঁরা এই বিলকে দু'হাত তুলে সমর্থন করবেন, কিন্তু তা দেখলাম না। রাজেশ-বাবু শ্রী অরবিন্দের নাম উল্লেখ করলেন, বিবেকানন্দের নাম উল্লেখ করলেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি, আমরা কি তাঁদের কথা মনে রাখি ? ওঁরাই ক্ষুদ্র রাজনৈতিক স্বার্থক চরিতার্থ করবার জন্য সাম্প্রদায়িক উস্কানি দেন। প্রয়াত প্রধান মন্ত্রী ইন্দিরা গান্ধী '৮২ সালে প্রধান মন্ত্রী হিসাবে যে প্রস্তাব করেছিলেন, তাকে আজকে এখানে রূপ দেওয়া হচ্ছে। এতে অসুবিধাটা কোথায় ? আমি রাজেশ বাবু এবং কাশী বাবুকে জিজ্ঞাসা করছি, আপনাদের নেত্রী যে প্রস্তাব করেছিলেন, আপনারা কি তার বিরোধিতা করছেন ? অপরাপর রাজ্যে তো এই আইন চালু হয়েছে, আপনাদের দলই চালু করেছে, তাহলে পশ্চিম বাংলার ক্ষেত্রে বিরোধিতা করবার কারণ কি ? এখানে কি যেহেতু আপনাদের দলের মুখ্যমন্ত্রী নেই, তাই বিরোধিতা করছেন ? যখন এখানে জ্যোতি বাবু মুখ্যমন্ত্রী তখন এখানে বিরোধিতা করতেই হবে ! স্যার, আমাদের দেশে একটা প্রবাদ আছে, "পাঁচির ছেলে ডেপুটি ম্যাজিষ্ট্রেট হয়েছে, হয়েছে তো কি হয়েছে, বেতন পায় না।" এখানেও অবস্থাটা তাই হয়েছে। যেহেতু জ্যোতি বাবু বিল এনেছেন, সেহেতু বিরোধিতা করতে হবে। অবশ্য এতে আমাদের বলবার কিছু নেই। তারপরে ওঁরা যে সব কথা বলে গেলেন সে সব কথা আমাদের সংবিধানের কোথায় বলা আছে ? আমরা চাই সকল ধর্মের মানুষ সুষ্ঠভাবে স্বীয় ধর্ম পালন করুন। কিন্তু ধর্মের নামে যে জিনিসগুলি ঘটছে সেগুলি উপরে রেসট্রিকসন ইমপোস্ করা হচ্ছে, এটা ঠিকই করা হচ্ছে। স্যার, আপনি জানেন পুজোর নাম করে, কালীপুজোর নাম করে এক মাস ধরে কি অবস্থার সৃষ্টি হয়, ছেলেদের লেখাপড়া হয় না। আমি জানি না কাশী-বাবুর পুত্র সন্তান আছে কিনা। আমার এলাকা বারাসাতে কালীপুজো হয়, রাজেশ-বাবুর এলাকার ছেলেরা সেখানে গাড়ি করে ছোটে। আজকে ধর্মের নামে সমাজে ব্যাভিচার চলছে। এই সামাজিক ব্যাভিচারকে রোধ করার জন্য আজকে আমাদের সকলের এক হওয়া উচিত ছিল। কারণ পশ্চিম বাংলাকে এ বিষয়ে আরো সুন্দর এবং সাবলীল করা একান্ত প্রয়োজন। কাশী-বাবুর একটি কথার প্রসংগে আমি এই বিলের একটা অংশের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। বিলের মধ্যে পরিস্কার বলা আছে "As the existing laws are not adequate to deal with the afore said problem involving law and order, the present Bill seeks to have a new legislation in order to prevent construction or use of public places of disputed lands for religious purposes" আমরা দেখছি চারিদিকে এই জিনিস হচ্ছে, কলকাতার ফুটপাথে নতুন নতুন মসজিদ, মন্দির গজিয়ে উঠছে এবং ব্যাঙের ছাতার মত এগুলি গজিয়ে উঠছে। কলকাতা কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটিগুলির একজিসটিং'ল বর্তমানে আর যথেষ্ট নয় এবং শুধু তাঁদের উপর দায়িত্ব ছেড়ে দিলে সমস্যার সমাধান হবে না। এখানে পাবলিক ইনকনভিয়েন্সের প্রশ্ন আছে এবং নতুন নতুন কনষ্ট্রাকসন হচ্ছে, নতুন নতুন ঘটনা ঘটছে। আমরা ঈদের দিন দেখলাম নতুন করে এক জায়গায় ইউথআউট পারমিসনে কোরবানি করছে, সেখানে গণ্ডগোল হলো, ঈদের আগের দিন সারা রাত আমাদের জাগতে হলো। এই তো অবস্থা! সুতরাং এই অবস্থায় আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর উত্থাপিত বিলটিকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই বিলের বিরোধিতা করে বিরোধী পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব পেশ করা হয়েছে তার আমি বিরোধিতা করছি। আর একবার বিলটিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.15 – 5.25 p.m.]

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দি ওয়েষ্ট বেঙ্গল রিলিজিয়াস বিল্ডিংস এ্যাণ্ড প্লেসেস বিল, ১৯৮৫ যেটা নিয়ে এসেছেন-এই বিলটি মুভ করার সমর্থে তিনি কতকগুলি কথা বললেন যেগুলি আমি কনট্রাকডিক্ট্ করছি না। আমি মনে করি যে এটা সত্যই, যেভাবে লাউড স্পীকারের আওয়াজ এবং আরোও যেসব কথা তিনি তুলে ধরলেন সেগুলি যদি সত্যিই হয়ে থাকে তাতে আমাদের পক্ষে কমিউনাল হারমনি মেইনটেন করা অসুবিধা হয়। সরকারপক্ষের কয়েকজন সদস্য বললেন ফুটপাতে দিনের পর দিন ব্যাঙের ছাতার মতন যেভাবে দেবালয় গজিয়ে উঠ

সেগুলি রুখবো কি করে ? আমি তাঁদের কথার সঙ্গে দ্বিমত হচ্ছি না। এখানে ক্লজ ৩-এতে একটা জায়গায় বলা হচ্ছে, প্রাউভেট প্লেসে যদি কোন মন্দির, মসজিদ এবং গীর্জা হয় সেখানে আড়াইশো মিটারের মধ্যে নতুন কোন মসজিদ, মন্দির বা গীর্জা করতে দেব না। জাতীয় সংহতি রক্ষার জন্য, সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার জন্য যদি আপনারা বলেন একটা মন্দির থাকলে তার পাশে মসজিদ করতে দেব না–আমরা সেটা মেনে নিতে পারি কিন্তু ভারতবর্ষের মানুষ ধর্মীয় অনুশাসনে চলে, ধর্মের প্রতি অন্ধ ভক্তি আছে। আপনারা যে রাজনৈতিক মতাদর্শে বিশ্বাসী তাতে ধর্ম নাও মানতে পারেন কিন্তু আমরা নিজেদের ধর্মকে অস্বীকার করি না। প্রত্যেকটি ধর্মের মধ্যে ধর্মীয় অনুশাসন মেনে চলার নিয়ম রয়েছে। মুসলিম ধর্ম যাদের আছে তারা পাড়ায় পাড়ায় উপাসনা গৃহ তৈরী করে–এটা তাদের ধর্মের অঙ্গ। কিন্তু আজকে যদি দেখা যায় এই আইনের বলে একটা জায়গায় মসজিদ আছে বলে তার সিকি কিলোমিটারের মধ্যে নতুন কোন মসজিদ তৈরী হবে না এ আইন যদি কোন সরকার করতে যায় তাহলে আমাদের টুথ এ্যাণ্ড নেইল বাধা দিতে হবে। যদি বলা হতো সরকারী জায়গায় তৈরী করতে দেব না অর্থাৎ পাবলিক প্লেসে তাহলে তার সঙ্গে একমত হতাম এবং তা সমর্থন করতাম। রাস্তার ফুটপাতে যেখানে সেখানে কিম্বা ষ্টেশন প্ল্যাটপর্মে মন্দির মসজিদ তৈরী করতে দেব না তাহলে সমর্থন করতাম। কিন্তু একটা পাড়ায় মসজিদ আছে বলে আর করতে দেব না এই রকম আইন কেন করছেন তা আমি বুঝতে পারছি না। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলবো এটা খুব ট্যাচি ব্যাপার। দয়া করে ট্যাচি ব্যাপারটিকে উসকে দিয়ে নতুন সমস্যা সৃষ্টি করবেন না। জাতীয় সংহতি রক্ষার নাম করে, সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার নাম করে দয়া করে এই আইন নিয়ে এসে রোখবার চেষ্টা করবেন না। আপনি এটা সিলেকট কমিটিতে পাঠান, সেখানে আলোচনার পর প্রয়োজন হলে এই আইন তৈরী করবেন। হিন্দু ধর্মে বহু দেব–দেবী আছে। কেউ মা–কালীর মন্দির তৈরী করেন, কেউ শিবের মন্দির তৈরী করেন আবার কেউ শীতলা মায়ের মন্দির তৈরী করেন। সুতরাং মা–কালীর মন্দির আছে বলে কোথাও তার পাশে শীতলা মন্দির হবে না–এটা কেমন ধরণের কথা ? এর দ্বারা ধর্মের স্বাধীনতাতে হস্তক্ষেপ করা হচ্ছে। এইভাবে যদি ধর্মের ব্যাপারে হস্তক্ষেপ করা হয়–যারা ধর্মকে মেনে চলেন, ধর্মের প্রতি যাদের অনুরাগ আছে, তাদের সেন্টিমেণ্টে ঘা লাগবে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, ২০ বছর আগে যে সমস্ত মন্দির মসজিদ হয়েছে সেগুলো ছাড়া বাকীগুলি ভেঙে দেবেন। ধরুন, যারা ৫ বছর ধরে যে যে জায়গায় উপাসনা করছেন সেই সেই জায়গাগুলিকে কি আপনি আজকে ভেঙে দিতে পারেন ? কি করে ভেঙে দেবেন ? সেই সমস্ত মানুষের সেন্টিমেণ্টে ঘা লাগবে না ? এর ফলে যে সমস্যার সৃষ্টি হবে সেইসব সমস্যা আপনি কি করে মোকাবিলা করবেন ? সেইজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, এই রকম স্পর্শ–কাতর ব্যাপার নিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার নাম করে নতুন সমস্যার সৃষ্টি করবেন না। এই বিল প্রত্যাহার করুন। দয়া করে আবার সিলেক্ট কমিটি বসান, সেখানে বিস্তারিতভাবে আলোচনা করার পর নতুনভাবে বিল নিয়ে আসুন। আমরা চাই, সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় থাক, জাতীয় সংহতি বজায় থাক। এই অনুরোধ রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শিশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মহাশয় দি ওয়েষ্ট বেঙ্গল রিলিজিয়াস বিলডিংস এ্যাণ্ড প্লেসেস বিল, ১৯৮৫, আজকে যে হাউসে উপস্থাপিত করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। অধ্যক্ষ মহাশয়, আপনিও মুসলিম, আমিও মুসলিম, মান্নান সাহেবও মুসলিম, কিন্তু এই বিলের মধ্যে দিয়ে যারা সত্যিকার ধর্মপ্রাণ মুসলমান এবং হিন্দু তাদেরকে রক্ষা করার জন্য এই বিল নিয়ে আসা হয়েছে। কেবলমাত্র যারা এ্যান্টি সোশ্যাল এলিমেনটস্ কোনদিন ধর্মকে গণ্য বা মান্য করেনি, ধর্ম বিরোধি কেবলমাত্র ধর্মের কচকচানি দিয়ে সাম্প্রদায়িক উস্কানী দেয় তাদেরকে জব্দ করার জন্য এই বিলটি এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বন্ধু মান্নান সাহেব ধর্ম সম্বন্ধে যথেষ্ট বললেন, পাবলিক প্লেসে দিনের পর দিন একের পর এক মন্দির, মসজিদ এবং গির্জা তৈরী হচ্ছে। তারপর এমনও দেখা গেছে যেখানে বেরিয়েল গ্রাউণ্ড সেই বেরিয়েল গ্রাউণ্ডের পাশে আর একটি মন্দির তৈরী করে বসল প্রাইভেট ল্যাণ্ডে। এগুলিকে কেন্দ্র করে নানারকম সাম্প্রদায়িকতা হয়। আমার ওখানে ৩ বছর আগে এইরকম হয়েছিল, বহু কষ্টে আমি সেটিকে শান্ত করতে সক্ষম হয়েছিলাম। সুতরাং পাবলিক প্লেসে এই সব জিনিষ চলতে দেওয়া যেতে পারে না, আজকালকার সভ্য যুগে এগুলি হতে দেওয়া উচিত নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় পাবলিক ল্যাণ্ডে এগুলি করার সম্বন্ধে আমার কতকগুলি কথা বলার আছে প্রাইস্টে ল্যাণ্ডে একটা মন্দির কিংবা মসজিদ যদি থাকে তারপরে আর একটা যদি করতে যায় –এমনও হয়েছে একটা মন্দির আছে তার পাশে একটা মসজিদ তৈরী করে দিল, সেখানে সাম্প্রদায়িকতা লাগিয়ে দিয়ে অনেকে রাজনৈতিক এবং ধর্মের খোলস নিয়ে গোলমাল লাগিয়ে দিল। কেউ কেউ সেটিতে [illegible] রং লাগিয়ে বাজিমাত্ করার চেষ্টা করল। কাজেই সেখানে যে ২৫০ মিটার দেওয়া হয়েছে এটাও আমার মনে হয় যে সাফিসিয়েণ্ট নয়। আরও দূরে করা উচিত। কারণ এক জায়গায় আজানের ধ্বনি চলে যাবে অন্য মন্দির কিংবা গির্জার কাছে। মন্দিরে মাইক বাজলে মসজিদ থেকে বাধা আসবে। সুতরাং এই আইনটাকে আরও শক্ত করা উচিত ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গ্রামের কথা বলি। প্রাইভেট ল্যাণ্ডে একটা জায়গায়–আমার এলাকায়– মসজিদ করতে নিষেদ করেছিলাম, বলেছিলাম এই জায়গায় কোর না, ধরমপুরে কীর্ত্তন যাবে, সেখানে নিষেধ করা সত্ত্বেও করেছি তার পরের বছর ঝগড়া লেগে গেল বৈশাখ মাসে। সুতরাং এইগুলি ঠিক করার জন্য এবং সাম্প্রদায়িকতাকে পশ্চিমবঙ্গ থেকে তাড়াবার জন্য এটা করেছেন। তারপর দেখা যায় যে কোরবানী করতে গিয়ে অনেক সময় গণ্ডগোল বেধে যায়। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সুন্দর একটা আইন নিয়ে এসেছেন। যেকথা আমি বলছিলাম ধর্মপ্রাণ হিন্দু এবং মুসলমানকে রক্ষা করার জন্য এবং যারা সমাজবিরোধী, যারা সামাজিক বিভ্রান্তি সৃষ্টি করে সমাজকে বিপাকে নিয়ে যায় যারা সাম্প্রায়িকতা এবং বিচ্ছিন্নতাবাদে বিশ্বাসী তাদেরকে জব্দ করার জন্য এই সুন্দর আইনটি মুখ্যমন্ত্রী মহাশয় নিয়ে এসেছেন। ওঁরা কি চান, বেআইনীভাবে সরকারী রাস্তাকে আটকে মন্দির বা মসজিদ তৈরী হোক ? দেখছি, পীর সাহেবের কবরকে কেন্দ্র করে রাস্তা ঘেরাও করে মাজার তৈরী হয় এবং যার ফলে রাস্তা বন্ধ হয়ে যায়। কোথাও বা পূজাকে কেন্দ্র করে রাস্তা আটকে এমন একটি জায়গা করা হয় যেখান দিয়ে ১৫ দিন ধরে মানুষজন যাতায়াত করতে পারেনা। অসুবিধা সৃষ্টি হয় না এতে ? আজকে এইসব বন্ধ করবার জন্যই এই আইন এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রত্যক্ষদর্শীর অভিজ্ঞতা থেকে বলছি, আমার এলাকায় সাতঘাটি বলে একটি গ্রাম আছে যেখানে মহরমের তাজিয়া বের হয় রাস্তায়। সেটি সরকারী রাস্তা। সেখানে হঠাৎ একটি নীমের গাছ লাগিয়ে পাথরে সিঁদুর লেপে

একটি জায়গা করা হয়েছে যারফলে হয়ত ভবিষ্যতে মহরমের তাজিয়া সেখান দিয়ে যেতে পারবেনা। এইসব বন্ধ করবার জন্যই এই আইন করা হচ্ছে। এখন থেকে বিভ্রান্তি সৃষ্টি করবার জন্য এই ধরণের কাজ করতে কেউ আর এগিয়ে আসতে পারবেনা। ধর্মের অজুহাতে, ধর্মের আলখাল্লা পরে এখন থেকে আর কাউকে এইভাবে জায়গা আটকাতে দেওয়া হবে না। এইসব রুখতে মাননীয় মুখ্যমন্ত্রী এই বিলটি এনেছেন। এইজন্যই বলছি যে, এই বিলটি অত্যন্ত যুগোপযোগী এবং এই আইন ধর্মপ্রাণ ব্যক্তিদের রক্ষা করবে এবং যাদের ধর্মের প্রতি আস্থা নেই তাদের ধ্বংস করবে। এই কয়টি কথা বলে এই বিলকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.25 – 5.35 p.m.]

শ্রী জ্যোতি বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ভেবেছিলাম যে, এই খসড়া আইন যেটা আমি উত্থাপন করেছি, এখানে এটা কেন করতে হচ্ছে যেহেতু সেটা একটু আগে ভাল করে বুঝিয়ে বলেছিলাম এবং বলতে গিয়ে সেখানে ন্যাশনাল ইনটিগ্রেশন কাউন্সিলের কথা, সেখানকার আলোচনার কথা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র বিভাগ থেকে এ-বিষয়ে জানতে চেয়ে বারবার লেখা চিঠির কথা উল্লেখ করেছিলাম, সেহেতু ভেবেছিলাম যে, কংগ্রেস পক্ষ তেকে বিশষ আপত্তি হবেনা। কিন্তু দেখলাম, আপত্তি তো হোলই এবং শুধু আপত্তিই নয়, যার সঙ্গে এই বিলের কোন সম্পর্ক নেই, যেমন ফ্রিডম অফ কনশ্যান্স, ফ্রিডম টু ওয়ারশিপ ইত্যাদিতে বাধা দিচ্ছে এই বিল এইসব কথাও বলা হোল। ঘটনা যদি এটাই হোত তাহলে কেন্দ্রীয় সরকার কি এই আইনটা আনতে বলতেন। ওঁরা একটি মডল পাঠিয়েছিলেন, মডেলটি হচ্ছে-রাজস্থান রিলিজিয়াস বিল্ডিং এ্যাণ্ড প্লেসেস এ্যাক্ট, ১৯৫৪ এবং তার উপরই আমরা এই বিলটি এনেছি। ওঁরা এটা প্রয়োগ করেছেন। ওঁদের মুখ্যমন্ত্রী সেখানে বলেছিলেন যে, দুই-চারটি জায়গায় এই আইন প্রয়োগ করতে হয়েছে এবং তারজন্য সুপ্রিম কোর্টে যেতে হয়নি। শ্রী রাজেশ খৈতান উকিল মানুষ তিনি বললেন, করতে পারবেন না। আর একজন কংগ্রেস সদস্য এক [illegible] ধর্মস্থান থেকে অন্য ধর্মাবলম্বীদের ধর্মস্থানের দূরত্ব ২৬০ হবে-এটা মানতে পারলেন না। তিনি হয়তো শ্রী রাজেশ খৈতানকে উকিল ধরবেন এ-ব্যাপারে। কিন্তু আমরা এটা তাঁদের করতে দেবো না। মানুষকে খুন করা কি ধর্মের কথা? মানুষকে বিরক্ত করা কি ধর্মের কথা? কোন ধর্ম এই কথা বলে না। একানে বলা হয়েছে, আনঅথারাইজড় কিছু হবে না। পাবলিক প্লেসে কি ধর্ম করতে হবে? শ্রী খৈতানের বাড়ীতে গিয়ে কি করো মন্দির বা মসজিদ করবার অধিকার আছে? না, এটা করবার অধিকার কারো নেই। বলছেন ফাণ্ডামেন্টাল অধিকার! এটা কিসের ফাণ্ডামেন্টাল অধিকার?

মানুষ মারামারি করে, ঝগড়া-বিবাদ করে-এই সব আমরা বন্ধ করতে চাচ্ছি। আমি রাজেশ খৈতানের কাছে কৃতজ্ঞ যে উনি স্বীকার করেছেন হ্যাঁ, পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক ঐক্য আছে, সম্প্রীতি আছে। সেই জন্য এই আইন রাজস্থানে করতে হতে পারে, পশ্চিমবাংলায় দরকার নেই। আমরা বলি কিছুটা অসুবিধা হচ্ছে। এই আইন হলেই যে ভয়ঙ্করভাবে ব্যাপকভাবে প্রয়োগ আরম্ভ হয়ে যাবে তা নয়। আইনে যেটা আছে সেটা ব্যবহার হবে সম্প্রীতি রক্ষার জন্য, মানুষকে রক্ষার জন্য। মানুষের থেকে আর বড় জিনিষ কি হতে পারে? তাদের তো রক্ষা করতে হবে, নাকি ধর্ম রক্ষা করতে গিয়ে সব কিছু বিসর্জন দিতে হবে? কাটাকাটি মারামারি চলবে? এটা তো হতে পারে না। দু-এক জায়গায় আমার অভিজ্ঞতা আছে। কেন হল দিনহাটায়, এই সব আমি জিজ্ঞাসা করেছিলাম। মাননীয় সদস্য এখানে রিপোর্ট করেছিলেন যে একটা মসজিদ হ'ল ঠিক তার উল্টো দিকে একটা সন্তোসীমার মন্দির হ'ল। সেটা নাকি আবার শুক্রবার পুজো হয়। তাহলে মান্নান সাহেব বলুন আমাদের সেখানে কি করা উচিত ছিল? যাতে সেখানে আরো ১০ মন্দির গজিয়ে ওঠে তার ব্যবস্থা করবো? খৃষ্টানদের আনবো, জৈনদের আনবো, দুনিয়াতে যত ধর্ম আছে তাদের আনবো? সেই জন্য আমরা সাবধানতা অবলম্বন কবছি। এর সঙ্গে ধর্মের উপর কোন আঘাত নেই। ধর্মের উপর কি করে এতে আঘাত হবে? আনঅথরাইজড কিছু হবে না, পাবলিক প্লেসে কিছু হবে না, যে জায়গা নিয়ে ডিসপিউট আছে বা বিবাদ আছে সেখানে হবে না। এতে তো অন্যায় কি হচ্ছে না। সুপ্রিম কোর্টের জাজমেন্টের ব্যাপারে অনেক বই-টই এনেছেন, ওই সব দিয়ে কিছু হবে না। এই আইনের ব্যাপারে সুপ্রিম কোর্ট যদি বলেন এখানে ডিফেকটিভ আছে তাহলে সেটা আমরা ঠিক করে দেব। কিন্তু দাংগা হাংগামা এখানে হতে দেব না, এটা করতে আমরা বদ্ধপরিকর। এখানে আমরা সরকারে আছি, এটা আমরা দেখবো। সেইজন্য প্রশাসনকে সাবধানতা অবলম্বন করতে হবে। তার জন্য যদি আইনের অভাব থাকে তাহলে আমাকে আইন প্রনযণ করতে হবে। তাই আমরা এই জিনিষ করছি। আবার রাজেশ খৈতান মহাশয় বলেছেন - উনি উকিল মানুষ উনি ভাল বোঝেন, আমি অতোটা ভাল বুঝতে পারলাম না-ইউ হ্যাভ গট পাওয়ার। উনি এই কথা বললেন। If I have got power and if I use it.এটা সুপ্রিম কোর্টের যে জাজমেন্ট বললেন তার বিরুদ্ধে যাবে?

If I have got the power of demolition as he said, or prevention of such buildings being put up, will it go against Supreme Court which he cited from the Supreme Court judgement? That is nothing to do with this.

কাজেই এর জবাব আমার বেশী কিছু দেবার নেই বলে আমার মনে হয়। আমি শুধু একটু পড়ে দিচ্ছি। ওনারা সব কিছু গুলিয়ে দেবার চেষ্টা করছেন ইচ্ছা করে এই সব বলা হয়েছে। কি বলা হয়েছে সেটা বলছি, ৫নং ধারার বলছি "No person shall, without first obtaining in writing the .permission of the collector in the district, or of the Commissioner of Police in Calcutta, (a) construct any public religious building. or কোন ধারার বিরুদ্ধে যাচ্ছে? কোন ধারার বিরুদ্ধে যাচ্ছে না। (b) Convert any private building or public building or private place or public place into a public religious building, or convert premises.

এতে কি বাড়ি যদি তারা করে, সেটা করা চলবে না উইথ-আউট পারমিসনে। ধর্মের উপর হস্তক্ষেপ করা হচ্ছে? (C) or convert any private religious building or privat religious place into a public religious building, or public religious place."

এটা নিয়ন্ত্রণ করা হচ্ছে, অনুমতি নিতে হবে এইগুলি করতে গেলে। এক্সপ্ল্যানেসনে এটা ভাল করে বুঝিয়ে দেওয়া আছে। ওই যে উনি বললেন কীর্তন, নামাজ এই সব করলে পুলিশ বন্ধ করে দেবে। বাঃ, চমৎকার।

এই ভাবে ওকালতি করেন ওখানে। জানিনা কি করেন ওখানে গিয়ে।

"Any temporary use of a building or place for religious purposes on occasions such as Holi, Muharram or similar other religious festivals, shall not be deemed to be a conversion of such building or place into public religious building or public religious place."

এর থেকে কি পরিস্কার থাকে ? সবই লেখা আছে। ধারাগুলি ভাল করে পড়া দরকার, যদি না পড়েন তাহলে বুঝবেন কি করে ? হয়ত ভাল করে না পড়েই বক্তৃতা দিয়েছেন।

আর একটা কথা ২-১ জন মাননীয় সদস্য বলেছেন যে এটা প্রয়োগ করতে গিয়ে অসুবিধা হবে। আমিও মানি কিছু অসুবিধা হতে পারে।

[5.35 – 5.45 p.m.]

ওঁরা বলছেন যে সংঘর্ষ হতে পারে। আমরা তো আগেই বলেছি, এই আইন প্রয়োগ করার সাথে সাথে পশ্চিমবাংলার মানুষকে আগে পড়ে বোঝাবো। না বুঝিয়ে তো এর প্রয়োগ আমরা করবো না কখনও। একটা বিষয়ে আপনাদের যেমন অভিজ্ঞতা আছে, আমাদেরও তেমন অভিজ্ঞতা আছে, যা খুবই ভয়ের কথা, তা হচ্ছে, মুষ্টিমেয় কিছু লোক সব ধর্মের মধ্যেই থাকেন, যাঁরা ন্যায়সঙ্গত এই ধরণের কোন কাজ করতে গেলে বাধা দিতে পারেন: যেমন দু-চারটে ক্ষেত্রে হয়েছে। তাঁদের কথা আমরা শুনবো কেন ? এই আইনের মধ্যে তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সমস্ত কথা বলা হয়েছে; তাঁদের জেল এবং ফাইন পর্যন্ত হতে পারে। সেই জায়গাটা আমরা ডিমোলিশ করে দিতে পারি–এই সমস্ত আছে–যেমন, আণ্ডার সার্টেন সারকামস্ট্যান্সেস্ কোর্টে গিয়ে এ্যাপিল করতে পারি। এই সমস্ত এখন আছে। সেই জন্যই এই আইনটা আমরা পাশ করছি। আমরা এটা নিয়ে মানুষের কাছে যাব, কাগজেও এটা বেরোবে। আমরা মানুষকে এটা ছাপিয়ে দেব, তাঁরা সব বুঝবেন। আমাদের দেশের মানুষের চেতনা এমন নয় যে তাঁরা বুঝবেন না তাঁদের ধর্মীয় কোন ব্যাপারে হস্তক্ষেপ করা হচ্ছে না। এটা কে না বুঝবেন ? বরং তাঁরা তাঁদের অভিজ্ঞতায় দেখেছেন–যা আগে কখনও ছিল– মিউজিক বিফোর মস্ক। এটা কোন ধর্মে আছে নাকি ? এমন কোন কিছু ধর্মের মধ্যে আছে নাকি যে, যদি কেউ কোথাও প্রার্থনা করছেন দেখা যায় তবে সেখানে বাজনা বাজিয়ে তাঁকে ডিস্টার্ব করতে হবে ? আমি তো জানিনা কোন ধর্মে তা আছে ? ওঁরা এসব ভাল করে জানেন। ধর্মের মধ্যে লেখা আছে এসব। এ কি কখনও হতে পারে ? কোন ব্যক্তি, তিনি হিন্দু, খৃষ্টান, জৈন বা মুসলমান যেই হোন না কেন সবাইকে সম্মান দিতে হবে, বিশেষ করে তিনি যখন প্রার্থনা করছেন সেই সময়ে। সেখানে যে কোন সরকার, যে কোন মানুষের কর্তব্য হচ্ছে তাঁদের জন্য সেই ভাবে ব্যবস্থা করা যাতে তাঁরা সেই বিশেষ কাজটা শান্তিপূর্ণ ভাবে সুসম্পন্ন করতে পারেন তা দেখা। এটাতে কাজ হবে, না-কি ফ্রিডম অফ রিলিজিয়ন বলে যা কিছু করা যেতে পারে ? সব জিনিসেরই কিছু রেস্ট্রিকশনস্ আছে। সেই রেস্ট্রিকশনস্, যেটা ধর্মের মধ্যে আছে, তা ছাড়িয়ে আমরা কিছু করতে যাচ্ছি না। রিজিনএ্যাবল রেস্ট্রিকশনস্ করতে গেলে সব মানুষকে এগিয়ে এসে তা করতে হবে। এখানেও রেস্ট্রিকশনস্ আছে ফ্রিডম্ অফ স্পীচের ক্ষেত্রে। বলবেন, ফ্রিডম অফ স্পীচ আছে, সুতরাং বলবো। এখানে স্পীকার ভদ্রলোক আছেন, তিনি বললে তো আমাদের তাঁর কথা শুনতেই হবে। তাহলে ফ্রিডম অফ স্পীচ আছে এটা কি যুক্তিতে বলছেন তা আমি বুঝতে পারছি না। যাইহোক, আমি আরও একবার বলছি যে, এটা আমরা অনেকদিন অপেক্ষার পর করছি। আমি আগেই বলেছি যে ১৯৮২ সালে আমারই সামনে এটা নিয়ে আলোচনা হয়েছিল। সেদিনের আলোচনায় অনেকেই বলেছিলেন এবং আমরাও যাতে এটা করি তারজন্য তাঁরা বলেছিলেন। কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র বিভাগ থেকে যে চিঠি তাঁরা দিয়েছিলেন সেটা সেজন্যই আগে পড়ে দিয়েছি। এখন আমরা যে আইনটা করতে যাচ্ছি, তার মধ্যে এখনকার আইনে সব ক্ষমতা আছে কিনা তা দেখা হয়েছে। ওঁরা জানিয়েছেন এবং এ্যাডভাইস্ করেছেন যে, নতুন আইন প্রবর্তনের মধ্যে দিয়ে যে ক্ষমতা চাওয়া হচ্ছে তার সবটা নেই। যাইহোক, সে অনেক কথা, এখানে তা বলার দরকার নেই।

শ্রী আব্দুস সাত্তার : ঐ যে রেজোলিউশানটা হয়েছিল–রেজোলিউশান অফ দি ইয়ার ১৯৮২, সেটা এখানে সার্কুলেট করে দেবেন।

শ্রী জ্যোতি বসু : হ্যাঁ, তা সার্কুলেট করে দেব। আমি ওঁদের কাছে যে চিঠি লিখেছিলাম তার উত্তর ওঁরা দিয়েছেন। এই ন্যাশানাল ইনটিগ্রেশান কাউন্সিল গঠন করেছিলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী। উনি তখন একটা সাব-কমিটিও করেছিলেন। সেই সাব-কমিটিতে আমি সেই সময়ে উপস্থিত ছিলাম। সেখানে অনেক কিছুই বলেছিলাম। মাননীয় রাজেশ খৈতান মহাশয় এখানে যা বলেছেন, সেদিন আমি সেটাই বলেছিলাম। আমাদের এখানে সাম্প্রদায়িক ঐক্য আছে। আমাদের দেশের অন্যান্য রাজ্যে যে সমস্ত ঘটনা ঘটে, তা আমাদের এখানে হয় না। ১৯৫৪ সালে রাজস্থান সরকার এটা করেছিলেন। তাঁরাও সেদিন বলেছিলেন যে তাঁদের এই ধরণের অভিজ্ঞতা সব সময়ই হয়। এখানে এই ধরণের ঘটনা সব সময় ঘটে না; দু–একটা ক্ষেত্রে যা ঘটে তাতে অনেক লোকই সংযত হয়ে যান। এই কথা আমি সেদিন বলেছিলাম। আমরা এতদিন পরে হলেও এটা এনেছি এবং সেজন্য আমার মনে হয় এটাতে সবার সমর্থন করা উচিত।

Mr. Speaker : I find that there are some printing mistakes in the Bill. In Clause 2(h) the mistakes are 'dargha' and 'Khanagh'. These words should be correctly printed as 'dargah' and 'Khanquah'. Necessary corrections may be done.

The motion that the Bill be circulated for eliciting public opinion was then put and lost.

The motion of Shri Jyoti Basu that the West Bengal Religious Buildings and Places Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that Clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 3

Mr. Speaker : There are amendments to Clause 3 by Shri Abdul Mannan and Shri Kashinath Misra. Both the amendments are same. Shri Mannan may move the amendment.

Shri Abdul Mannan : Mr. Speaker, Sir, I beg to move that in clause 3(2) in the Explanation, line 3, for the words "twenty years" the words "five years" be substituted.

Shri Jyoti Basu : Sir, I do not accept the amendment.

The motion of Shri Abdul Mannan that in clause 3(2), in the Explanation, line 3, for the words "twenty yesrs" the words "five years" be substituted, was then put and lost.

The question that Clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 4 and 5

The question that Clauses 4 and 5 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 6

Mr. Speaker : There is amendment to Clause 6 by Shri Abdul Mannan. Shri Mannan may move his amendment.

Shri Abdul Mannan : Mr. Speaker, Sir, I beg to move that in clause 6(2), line 6 for the words "six months" the words " three months" be substituted.

Shri Jyoti Basu : Sir, I am not accepting his amendment.

The motion of Shri Abdul Mannan that in clause 6(2), line 6 for the words "six months" the words "three months" be substituted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 7

Mr. Speaker : There is amendment to Clause 7 by Shri Abdul Mannan. Shri Mannan may move his Amendment.

Shri Abdul Mannan : Mr. Speaker, Sir, I beg to move that in Clause 7(3), in lines 4 and 5 after the words " he shall", the words " first request in writing the person or persons, who are responsible for such construction to remove or destroy such construction within a sufficient time and thereafter," be inserted.

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, I oppose the amendment.

The motion of Shri Abdul Mannan that in clause 7(3),, in lines 4 and 5 after the words " he shall", the words "first request in writing the person or persons, who are responsible for such construction to remove or destroy such construction within a sufficient time and thereafter", be inserted, was then put and lost.

The question that Clause 7 do stand part of the Bill, was then put and agreed to

Clauses 8 to 14 and Preamble

The question that Clauses 8 to [illegible] and Preamble do stand part of the Bill, was then put and [illegible] to.

Mr. Speaker : Now, the time scheduled for this Bill is nearing completion. I propose that [illegible] be extended by half an hour. I hope the honourable Members will agreed.

(Voices – Yes)

So, time is extended by half an hour.

Now, I request the Chief Minister to move the motion for passing of the Bill.

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, I beg to move that The West Bengal Religious Buildings and Places Bill, 1985, as settled in the Assembly, be passed.

[5.45 – 5.57 p.m.]

শ্রী সত্য রঞ্জন বাপুলী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এবং মুখ্যমন্ত্রী আইনজ্ঞ হিসেবে জানেন যে আমাদের Child Marriage Registration Act, Cattle Tresspass Act, Dowry prohibition Act. ইত্যাদি বহু আইন আছে। সেই আইনগুলি কার্যকরী করা যায় কিনা সেটাই হল বিচার্য বিষয়। তিনি বিল ইনট্রোডিউস করার সময়ে বলেছেন এবং আমরাও দেখেছি স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যাণ্ড রিজিনসে যে সেখানে দুটি কথা লেখা আছে Standing Committee of the National Integration Council at its meeting held on 17th April, 1982, had focused its atention on the problems arising out of establishment of religious etc. etc. আজকে মুখ্যমন্ত্রীর এটা মনে হল কেন এটাই হল প্রশ্ন। আমাদের দেশে কম্যুনাল হারমনি মেনটেনড হচ্ছে। সুতরাং প্রশ্ন থেকে যাচ্ছে এই বিলটা এফেকটিভ হবে কিনা সেটা তাঁর জবাবী ভাষণে বলবেন। ক্লজ ওয়ানে বললেন ইনি প্রাইভেট বিল্ডিং। আমাদের একটা পূজার স্থান আছে সেখানে ৫০ জন লোক যাচ্ছে সেখানে আপনি কি করে সেটাকে ভাঙতে বলবেন? প্রাইভেট বিল্ডিং সম্বন্ধে যেটা করেছেন তাতে আমার মনে হয় আইনটা কার্যকরী করতে পারবেন না। ৫ (বি) তে যেটা বলেছেন Convert any private building or public building or private place or public place into a public religious building তাতে শহরে ও গ্রামে বহু বাড়ী আছে যেখানে ছোট ছোট ঠাকুর স্থান আছে এবং সেখানে পাড়ার লোক যায় বলে সেটা অটোমেটিক্যালি পাবলিক হয়ে যাচ্ছে। এগুলি কি আইনের দ্বারা ভাঙতে পারবেন? আপনি বলেছেন ২০ বছরের মধ্যে যেসব হয়েছে সেগুলি ভাঙতে দেবেন। আপনি বলেছেন কম্যুনাল হারমনি এই আইনের দ্বারা বন্ধ হবে। আমার মনে হয় it will create further complication, it will create further new problems কম্যুনাল টেনসান এতে কমবে না বাড়বে সেটা আপনি চিন্তা করুন। আজ থেকে লোক জানতে পারবে, কালকে সংবাদপত্রে বেরুবে। কারুর বাড়িতে ধর্মীয় স্থানে যদি লোক যাতায়াত করেন এবং সরকার যদি মনে করেন এটা পাবলিক প্লেস তাহলে সেটা ভাঙতে দিতে পারবেন। সুতরাং Cattle Tresspass Act. Child Marriage Registration Act, Dowry Prohibition Act,. মত হবে এবং কোল্ড স্টোরেজে যাবে। আর দুটি ক্লজ সম্বন্ধে বলবো। আপনি .... বলেছেন যেটা In case of non-compliance of any direction under sub-section (1), the Court shall cause compliance of such direction to be made through a police officer, not below the rank of Sub-Inspector, at the cost of the defaulter in the prescribed manner. প্রেসক্রাইবড ম্যানারস রুলসে হবে। রুলস যা তৈরী করবেন তাতে পুলিসের হাতে একটা এ্যাডিশানাল ক্ষমতা দেয়া হল। পুলিশ কমপ্লেন করলে তাকে ভাঙতে বলবেন। আপনার মোটিভ খুব ভাল। এমনিতেই পুলিস জর্জরিত। তারা যে কত মিসইউজ করছে ক্ষমতা এ্যাবিউজ করছে তার ঠিক নেই। সুতরাং এর ফলে দিনের পর দিন কম্পলিকেশান আরো বাড়বে এবং লোকের ধর্মীয় কাজে ব্যাঘাত হবে! খোল করতাল বাজালে পাশের বাড়ির লোক দরখাস্ত করলে পুলিশ সেটা এসে বন্ধ করে দিল। এর ফলে কম্পলিকেশান আরো বাড়বে। সুতরাং আপনারা এসব চিন্তা করে দেখুন।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস: মাননীয় স্পীকার মহাশয়, আজকের এই বিল প্রসঙ্গে আমি সংক্ষিপ্তভাবে দু'একটা কথা বলতে চাই এইজন্য যে এই বিল গ্রামাঞ্চলে সামপ্রদায়িক সমস্যা দূর করতে সাহায্য করবে এই ব্যাপারে কোন সন্দেহ নেই। কিন্তু এই প্রসঙ্গে প্রাসঙ্গিক একটা সমস্যার কথা উত্থাপন করতে চাই এবং আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় খুব সংগতভাবে বলেছেন যে মসজিদের সামনে বাজনা বাজান এটা ধর্ম নয়। এটা আমরা মানি। মুর্শিদাবাদের গ্রামাঞ্চলে বিগত ৭/৮ বছর ধরে আমরা বিভিন্ন সময়ে হিন্দু মুসলমানের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য সংকীর্তন ইত্যাদি নিয়ে লোকজনকে বুঝিয়ে মসজিদের সামনে বাজনা বাজান রোধ করেছি। কিন্তু সাম্প্রতিকালে হাই কোর্টের জাসটিস ভগবতী প্রসাদ ব্যানার্জী একটা রায় দিয়েছেন যেটা আনন্দবাজার ও অন্যান্য পত্রিকায় নিউজ বেরিয়েছে, তাতে বলা হচ্ছে মসজিদের সামনে সংকীর্তনের বাজনা বাজবে। ফলে গ্রামাঞ্চালে আর এস এস, বি জে পি প্রভৃতি সাম্প্রদায়িক শক্তিগুলি এটা নিয়ে প্রচণ্ড বিভ্রান্তির সৃষ্টি করবে। জাসটিস ভগবতী প্রসাদ ব্যানার্জী যে মুহূর্তে এই রায় দিয়েছেন যে মসজিদের সামনে সংকীর্তন হতে পারে এই রায়ের ফলে মুর্শিদাবাদ জেলার গ্রামাঞ্চলে একটা নতুন সমস্যার সৃষ্টি হয়েছে, আমরা বামফ্রন্টের কর্মীরা এই সম্বন্ধে প্রচার চালাচ্ছি। এর একটা রেসট্রিকসান দরকার। এই বিলের যে উদ্দেশ্য তাতে এটা অনেকখানি সাধিত হবে, কিন্তু ভগবতী প্রসাদ ব্যানার্জীর যে রায় সেই রায় অন্যদিকে ক্ষতি করছে, সেইদিকে খানিকটা নিয়ন্ত্রণ দরকার। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি দেওয়া দরকার। এই কথা বলে বিলের তৃতীয় পাঠের সময় আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জ্যোতি বসু: মাননীয় স্পীকার মহাশয়, শ্রী সত্যবাপুলি বললেন যে অনেক আইন আছে, সেগুলি প্রয়োগ হচ্ছে না, আবার নতুন করে আইন করতে যাচ্ছেন কেন? এটা আইনসভা, বারে বারে আইন হবে, তারমধ্যে কিছু প্রয়োগ হয় কিছু প্রয়োগ করতে অসুবিধা হয় কিন্তু প্রয়োজনের তাগিদে আইন করতেই হবে। আবার অনেক সময় আইনের প্রয়োগ করতে গিয়ে হাইকোর্টে আটকে যায় এটাও দেখি। যেমন কলকাতা থেকে মোষ বাইরে পাঠাব, জায়গা ঠিক হয়ে আছে, কিন্তু পাঠান যাচ্ছে না কোর্টে ইনজাংশান হয়ে আছে ২/৩ বছর ধরে। তারজন্য আইনকে দোষ দিয়ে লাভ নেই। উনি বললেন যে আইন করছেন, কোল্ড স্টোরেজ থাকবে। বিশেষ করে সাম্প্রদায়িক সমপ্রীতির জন্য যখন এই আইন করছি তখন সবার সহয়োগিতা চাচ্ছি, সেই ব্যাপারে আপনাদের সাহায্য করতে হবে আমাদের। এমন নয় যে আজকেই সমস্ত ভাঙতে আরম্ভ করলাম। পরিস্কার এখানে বলা আছে ২০ বছর ধরে যেগুলি হয়ে গেছে সেগুলির কিছু করা যাবে না, সমস্ত পাস্ট। এখানে একটা কংগ্রেস থেকে এ্যামেণ্ডমেন্ট দেখছি, মুভড হয়ত হয়েছে, এতে বলা হচ্ছে এটা ৫ বছর করুন; সব ভেঙে দিতে হবে, সেইসব পথে আমরা যেতে চাই না। খুব ধীরে সুস্থে সেই জিনিসটা আমরা করতে চাই। শ্রী জয়ন্ত বিশ্বাস যেকথা বলেছেন কি জাজমেন্ট হয়েছে আমি জানি না, সাম্প্রদায়িক সম্প্রীতি থাকবে কি থাকবে না যদি আজ এই রকম বলে থাকেন তাহলে সেই জাজমেন্টের উপর কি সেটা নির্ভর করবে? তার পর নির্ভর করবে না। তিনি আইনের যেমন ব্যাখ্যা বুঝেছেন সেটা করেছেন। কত মামলা আসে হাইকোর্টে। এই

তো সেদিন একজনের এ্যাপিলে কোরাণের উপর মামলা চলে এল, হাইকোর্টের একজন জাজ এটা ডিসমিস না করে বললেন আর একজন জাজ শুনবেন। সুপ্রীম কোর্টের রায় আছে ধর্মীয় কোন পুস্তকের উপর মামলা চলে না। সুতরাং হাইকোর্ট কি বলেছেন আমি জানি না, আমি দেখে নেব। আগেই এই আইনের অপব্যাখ্যা করে লোককে কিছুটা কষ্ট দেওয়া হচ্ছে। সেজন্য আমরা সেই ধর্ম মানতে পারব না যা মানুষকে দুঃখ কষ্ট দেয়। মানুষকে দুঃখ কষ্ট দেওয়া কোন ফ্রিডম নয়। আপনাদের আশংকা হচ্ছে এটাকে কিভাবে প্রয়োগ করবেন না করবেন। যখন এটাকে ২/১ টা জায়গায় প্রয়োগ করতে পারব যে পাবলিক প্লেসে এটা করবেন না তখনই অনেকটা কাজ হয়ে যাবে। যখন ডিসপিউট আছে তার ব্যবস্থা নিতে গেলেও সেখানে অনেকটা কাজ হয়ে যাবে। আর তাতে যদি কাজ না হয় তখন তার ব্যবস্থা হবে। এই রকম অনেক আইন তো আমরা দেখেছি। এর বেশী আমার আর কিছু বলার নেই।

The motion of Shri Jyoti Basu that the West Bengal Religious Buildings and Places Bill, 1985, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

ADJOURNMENT

The House was then adjourned at 5-57 P.M. till 1 P.M. on Wednesday, the 4th September, 1985, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday the 4th September 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 10 Ministers, 12 Ministers of State and 170 Members.

Starred Questions
(to which oral answers were given)

[1-00 — 1.10 p.m.]

নদীয়া জেলায় পর্যটন কেন্দ্র স্থাপন

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বছরে নদীয়া জেলায় পর্যটক আগমনের মোট সংখ্যা কত ;

(খ) নদীয়া জেলায় আরও বেশী বেশী পর্যটক আকর্ষণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ; এবং

(গ) নদীয়া জেলায় কৃষ্ণনগরে একটি পর্যটন আবাস নির্মাণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :

(ক) এইরূপ জেলাভিত্তিক পর্যটক আগমন নির্ধারনের হিসেব করার কোন ব্যবস্থা পর্যটন দপ্তরে নাই ?

(খ) কলিকাতা হইতে কণ্ডাকটেড টুরের সাহায্যে এই জেলার কৃষ্ণনগর, ঘুনী, মায়াপুর, নবদ্বীপ ইত্যাদি দর্শনীয় স্থানে পর্যটকদের লইয়া যাওয়ার বন্দোবস্ত আছে। ইহা ছাড়া বেথুয়াডহরিতে মৃগদাবের পাশে পর্যটন কর্পোরেশন পরিচালিত একটি ডে সেণ্টার আছে।

(গ) বর্তমানে নাই।

শ্রীসাধন চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কলকাতা থেকে প্রর্যটকদের বিভিন্ন জায়গায় নিয়ে যাবার ব্যবস্থা আছে। কিন্তু ঐসব স্বল্প আয়ের মানুষদের জেলায় বিভিন্ন জায়গায় ঘুরিয়ে দেখবার কোন ব্যবস্থা নেই। কৃষ্ণনগর জেলার পর্যটন সেণ্টার থেকে জেলার বিভিন্ন দর্শনীয় স্থানে যাতায়াতের খুবই সুযোগ আছে। এই সমস্ত পর্যটকদের বিভিন্ন জায়গায় ঘুরিয়ে দেখাবার বিষয়টি আপনি পুনর্বিবেচনা করবেন কি।

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : সেইজন্যই কলকাতা থেকে যাঁরা যেতে চান তাদের নিয়ে যাবার ব্যবস্থা আছে। কিন্তু যাঁরা নিজেরা যান তাঁদের বিভিন্ন জায়গায় ঘোরবার স্বাধীনতা নিশ্চয় আছে। কলকাতা থেকে যেতে গেলে যে খরচ পড়ে সেই হিসাব করে আমরা টাকা নিয়ে থাকি। এখানে লাভের কোন প্রশ্ন নাই।

শ্রীসাধন চট্টোপাধ্যায় : আমি যেটা বলতে চাচ্ছি যে ঐ বেথুয়াডহরী বিশ্রামাগারে যাদের নিয়ে যাওয়া হয় সেখানে তারা বিশ্রাম করতে পারে কিন্তু তাদের আরও বিভিন্ন জায়গায় নিয়ে যাওয়া হয়। কিন্তু সেই সব স্থানগুলি যেগুলি উপযুক্ত/দর্শনীয় সেখানে তাদের ঘুরিয়ে দেকানো সম্ভব হয় না। এই সম্বন্ধে আপনি বিবেচনা করবেন কি?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : এ কথা ঠিক। কিন্তু পর্যটন দপ্তরের একটা বাজেট আছে। এই সব করতে গেলে যে টাকার দরকার সেই রকম সঙ্কুলান নাই। এই সব করতে গেলে যে টাকা দরকার - সেই অর্থের উপর এটা নির্ভর করে।

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে ঐ বেথুয়াডহরীতে পর্যটনের নাম করে বিভিন্ন বিদেশী সেখানে গুপ্তচরবৃত্তি চালাচ্ছে?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : আমাদের সঙ্গে যারা যোগাযোগ করে আমরা তাদেরই নিয়ে ঘুরিয়ে নিয়ে আসি। ওখানে এই সব জিনিস হচ্ছে কিনা সেটা ভারত সরকার দেখবেন এবং স্বরা-দপ্তরে খবর থাকলে নিশ্চয় তারা ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রীদেব শরণ ঘোষ : মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, ঐতিহাসিক পলাশী, যেখানে মনুমেণ্ট আছে পলাশী ব্যাট্ল ফিল্ডের, সেখানে পর্যটন আবাস নির্মান করে সেটাকে একটা দর্শনীয় স্থান করে তোলার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি না?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : এই রকম প্রস্তাব দু একটা এসেছে। এই বিষয়ে আমরা বিবেচনা করছি, তাছাড়া অর্থ সংগতির উপর ভিত্তি করে আমাদের পরিকল্পনা করে ব্যবস্থা নিতে হচ্ছে।

শ্রীঅনুপ কুমার চন্দ - : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আইন শৃঙ্খলার অবনতির জন্য নদীয়া জেলায় পর্যটকের সংখ্যা দ্রুত হারে কমে যাচ্ছে?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : পশ্চিমবাংলা সম্পর্কে এই ঘটনা সঠিক নয়।

মিঃ স্পীকার : আপনাদের অনুমতি নিয়ে বিনয়বাবুর ২৫ নং প্রশ্নটা আগে নিয়ে আসছি।

হুগলী জেলার গ্রাম পঞ্চায়েত সমূহের অডিট রিপোর্ট

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *২১১।) [illegible] **গোস্বামী :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হুগলী জেলার কতগুলি গ্রাম পঞ্চায়েত ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালের অডিট রিপোর্ট দাখিল করিয়াছে ?

শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :

হুগলী জেলা থেকে ১৯৮৩-৮৪ সালের মোট ১৩২টি এবং ১৯৮৪-৮৫ সালের মোট ২০টি গ্রাম পঞ্চায়েত অডিট রিপোর্ট এ পর্য্যন্ত পাওয়া গিয়াছে।

শ্রীঅরুণ কুমার গোস্বামী : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন, কি, হুগলি জেলায় যে ২০১টি গ্রাম পঞ্চায়েত আছে এর মধ্যে ১৩২টি গ্রাম পঞ্চায়েত অডিট রিপোর্ট পেশ করেছে বললেন, যারা পেশ করেনি, এদের জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী : হুগলি জেলায় ২০১টি যে গ্রাম পঞ্চায়েত আছে, তার মধ্যে ১৩২টি গ্রাম পঞ্চায়েত ১৯৮৩-৮৪ সালের অডিট রিপোর্ট পেশ করেছে, অর্থাৎ ৬৫ পার্সেন্ট অডিট হয়ে গেছে। তবে এটা খেয়াল রাখবেন যে ১৯৮৩-৮৪ মানে হচ্ছে ১৯৮৩ সালের এপ্রিল মাস থেকে ১৯৮৪ সালের ৩১ শে মার্চ পর্য্যন্ত। তারপর ১৯৮৩ সালে পঞ্চায়েত ইলেকশন হয়েছে, সেই জন্য একটু হয়তো অসুবিধা হয়েছে। এই সব সত্ত্বেও ৬৫ পার্সেন্ট অডিট হয়ে গেছে। বাকীটা হচ্ছে, হবে না তা নয়। মাননীয় সদস্যদের মনে রাখতে হবে, পঞ্চায়েত ছোট ব্যাপার, তার চেয়ে বড় ব্যাপার, গভর্নমেণ্টের যে হিসাব, তার কোন্ বছরের অডিট কোন বছরে হয়, সেটা তো সকলেই জানেন। সেই অনুসারে যতটা পাচ্ছি এই গ্রাম পঞ্চায়েতের অডিট স্ট্যা-চুটারিলি এম্ পাওয়ার্ড করা হয়েছে ই.ও.পি.'র উপর। তবে ই.ও.পি. 'র সংখ্যা কিছু কিছু জায়গায় কম আছে, পঞ্চাননতলা, গোঘাট, খানাকুল, এই সব জায়গায় যে সংখ্যা ই.ও.পি. দরকার, সেটা নেই। এইগুলো আমাদের নিতে হয় পি.এস.সি.'র মারফত্। আমরা বারবার লিখছি, আমরা যেখানে ২০টা চাইছি, সেখানে তারা হয়তো আমাদের পাঁচটা দিলো, তার ভেতর থেকে আবার হয়তো দু জন জয়েন করলো না, ৩ জন জয়েন করলো। সুতরাং এই সব অসুবিধা রয়েছে। তবে আমি মাননীয় সদস্যদের বলতে পারি, অডিট আমরা কমপ্লিট করবোই, একটু হয়তো বিলম্ব হতে পারে।

শ্রীঅরুণ কুমার গোস্বামী : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, এই যে ১৯৮৩-৮৪ সালে ১৩২টি গ্রাম পঞ্চায়েত তাদের অডিট রিপোর্ট পেশ করেছে বললেন, এর মধ্যে কোন্ দলের গ্রাম পঞ্চায়েত কতগুলো আছে বলবেন কি?

শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী : অফ হ্যাণ্ড এখন বলা যাবে না। পৃথক ভাবে কোশ্চেন দেবেন, বলে দেব।

শ্রীআবদুল মান্নান : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৩২টি গ্রাম পঞ্চায়েত ১৯৮৩-৮৪ সালে যে অডিট রিপোর্ট পেশ করেছে, সেই অডিট রিপোর্টের মধ্যে কটা গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে বিরূপ মন্তব্য আছে এবং তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

মিঃ স্পীকার : এই ব্যাপারে নোটিশ দিতে হবে।

[1-10 — 1-20 P.M.]

শ্রীপ্রবোধ পুরকায়েত : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আপনি বললেন যে প্রত্যেক ব্লকে ই.ও.পি'রা এই সমস্ত অডিট করেন, এটা ইণ্টারন্যাল অডিট। কিন্তু এ ছাড়া অডিট ঠিক মত করবার জন্য অন্য কোন ব্যবস্থা গ্রহণ করবার কথা ভাবছেন কি?

শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী : অডিটের ষ্ট্যাটিউটরি প্রভিশান বেধে দেওয়া আছে। এর উপরে এ.জি.পি'র যারা এ্যাকাউণ্টস অফিসার আছেন তারা এগুলি দেখেন। তারপর লোকাল এ্যাকাউণ্টস অফিসার যারা আছেন তারাও এগুলি দেখেন। কোন স্তরে কারা অডিট করবেন সেটা ষ্ট্যাটিউটরিলি ফিক্সড আছে। সেই রকম গ্রাম পঞ্চায়েতে এরা ষ্ট্যাটিউটরিলি ফিক্সড।

শ্রীতারাপদ সাধুখাঁ : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে বামফ্রণ্ট রাজত্বের শুরু থেকে এই গ্রাম পঞ্চায়েতের অডিটের ব্যাপারে মাষ্টার রোল তৈরীর সময়ে ভুল হলে অডিটররা কেটে পাল্টে দিতেন, এখনও কি সেই প্রসেসে কাজ হচ্ছে?

শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী : অডিট যারা করেন তারা সব দেখেই করেন। তবে একটা জিনিস হচ্ছে যে ১৯৭৮ সালে নির্বাচনের পরে এই দুটো টার্মে পঞ্চায়েতের অডিট করার জন্য যে প্রচেষ্টা বামফ্রণ্ট সরকারের আমলে নেওয়া হচ্ছে সেটা আগে কোনদিন ছিলনা।

রাজ্যে শিল্প স্থাপনে সমাজ... দেশের যৌথ উদ্যোগ

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং - *১২৯।) **শ্রীকাশীনাথ মিশ্র :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) ইহা কি সত্য যে, কয়েকটি সমাজতান্ত্রিক দেশ এ রাজ্যের ২০টি প্রকল্পে যৌথ উদ্যোগে ও বেসরকারী সংস্থায় অংশগ্রহণ করে শিল্প স্থাপনে আগ্রহী ;

(খ) সত্য হ'লে কোন্ কোন সমাজতান্ত্রিক দেশ এ রাজ্যে যৌথ উদ্যোগে কি কি শিল্প করতে আগ্রহ প্রকাশ করেছেন ;

(গ) উক্ত ব্যাপারে কোন ব্লু-প্রিন্ট তৈরি হয়েছে কিনা ; এবং

(ঘ) বে-সরকারী প্রতিষ্ঠান-এর মাধ্যমে কোথায় কোথায় কি কি শিল্প স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে ?

শ্রীনির্মল কুমার বোস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একই প্রশ্ন আর একটি আছে, সেটা হচ্ছে তারকা চিহ্নিত ৪০, অমলেন্দ্র নাথ রায়। এই প্রশ্নটা করলে এক সংগে দুটো প্রশ্নের উত্তর দিয়ে দিতে পারি আপনি যদি অনুমতি করেন।

(ক), (খ), (গ) ও (ঘ)— এই বৎসর জুলাই মাসে রাজ্য সরকারের বাণিজ্য ও শিল্প মন্ত্রী জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্র চেকোস্লোভাকিয়া, বুলগারিয়া, রুমানিয়া ও সোভিয়েট ইউনিয়ন সফর কালে এই সব দেশের সরকার এবং বাণিজ্য ও শিল্প সংস্থার প্রতিনিধিদের সঙ্গে পশ্চিমবঙ্গে তাঁদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করেন। আলোচনাকালে পূর্ব ইউরোপের এই সব দেশ পশ্চিমবঙ্গের ব্যাপারে বিশেষ উৎসাহ প্রদর্শন করেন। এই আলোচনার ভিত্তিতে কয়েকটি প্রকল্প নির্দিষ্ট করা হয়েছে, এবং এই বিষয়ে প্রয়োজনীয় তথ্য বিনিময় ও আরও আলোচনা করা হচ্ছে।

রাজ্যের শিল্পোন্নয়নে পূর্ব ইউরোপীয় দেশের সহযোগিতা

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং - *৮৫।) **শ্রীঅমলেন্দ্র রায় :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্যের শিল্পোন্নয়নের ক্ষেত্রে পূর্ব ইউরোপীয় দেশগুলোর কিরকম সহযোগিতা পাওয়ার সম্ভাবনা আছে এবং সে সম্বন্ধে ইউনিয়ন সরকারের প্রতিক্রিয়া কি ?

শ্রী নির্মল কুমার বোস :

এই বৎসর জুলাই মাসে রাজ্য সরকারের বাণিজ্য ও শিল্প মন্ত্রী জার্মানি গণতান্ত্রিক, প্রজাতন্ত্র, চেকোস্লোভাকিয়া, বুলগারিয়া, রুমানিয়া ও সোভিয়েট ইউনিয়ন সফরকালে এই সব দেশের সরকার এবং বাণিজ্য ও শিল্প সংস্থার প্রতিনিধিদের সঙ্গে পশ্চিমবঙ্গে তাঁদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করেন। আলোচনাকালে পূর্ব ইউরোপের এই সব দেশ পশ্চিমবঙ্গের ব্যাপারে বিশেষ উৎসাহ প্রদর্শন করেন। এই আলোচনার ভিত্তিতে কয়েকটি প্রকল্প নির্দিষ্ট কারা হয়েছে, এবং এই বিষয়ে প্রয়োজনীয় তথ্যবিনিময় ও আরও আলোচনা করা হচ্ছে।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সবগুলি প্রশ্নের উত্তর হলনা। ব্লু প্রিন্ট সম্পর্কেও আমার প্রশ্ন ছিল সেগুলির উত্তর পেলাম না।

শ্রীনির্মল কুমার বোস : আমি বলেছি যে কয়েকটি নির্দিষ্ট প্রকল্প যৌথ উদ্যোগে বর্তমানে আলোচনা হচ্ছে, ব্লু প্রিন্ট সম্পর্কেও আলোচনা চলছে, কোথায় কোথায় হবে সেটাও আলোচনা চলছে। আমি সমস্তগুলি মিলিয়ে উত্তর দিয়েছি। এই রকম সব কয়টার উত্তর একসঙ্গে দেওয়া যায়।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই সমাজতান্ত্রিক যে দেশগুলির সংগে আলোচনা চলছে, সেই আলোচনায় কি কি যুক্তিবলে এই যৌথ শিল্পোদ্যোগ হচ্ছে বা কি কি সর্তাবলিতে এই যৌথ উদ্যোগে শিল্প স্থাপন করবেন সেই পরিকল্পনায় কি কি ব্যবস্থা করেছেন, সেই নামগুলি বলবেন কি?

শ্রীনির্মল কুমার বোস : আমি উত্তরে বলেছি যে আলোচনার মধ্যে দিয়ে কয়েকটি প্রকল্প নির্দিষ্ট হয়েছে, আইডেনটিফায়েড হয়েছে এবং এই ব্যাপারে আরো আলোচনা চলছে, তথ্য বিনিয়োগ চলছে। এই সময়ে কোন কোন বিষয়ে স্থির হয়েছে সেটা এখনই প্রকাশ করা সম্ভব হবেনা।

শ্রীকাশীনাথ মিশ্র : যৌথ উদ্যোগ ছাড়া পশ্চিমবাংলার অনগ্রসর শিল্প বিহীন জেলাগুলিতে ১০০ কোটি টাকা ব্যয়ে কোন শিল্প স্থাপন করার উদ্যোগ নিয়েছেন কিনা, বলবেন?

শ্রীনির্মল কুমার বোস : এই প্রশ্ন থেকে এটা আসে না।

শ্রীঅমলেন্দ্র রায় : আপনি যে জবাব দিয়েছেন তাতে আমার প্রশ্নের একটা অংশের উত্তর হয়েছে, কিন্তু আর একটা অংশের উত্তর হয়নি । আমি জানতে চেয়েছিলাম যে, পূর্ব ইউরোপের দেশগুলি থেকে কি রকম সহযোগিতা পাবার সম্ভাবনা আছে। আর দ্বিতীয় নং হচ্ছে, যে উদ্যোগ নেওয়া হয়েছে সেই উদ্যোগ সম্বন্ধে ইউনিয়ন সরকারের প্রতিক্রিয়া এ পর্যন্ত কি পাওয়া গেছে—এই দুটো সম্পর্কে আপনি কিছু বলতে পারবেন কি?

শ্রীনির্মল কুমার বোস : আমি ইচ্ছা করেই উত্তরটা এই ভাবে দিয়েছি কারণ, আলোচনা যখন চলছে, একটা নির্দিষ্ট সিদ্ধান্তে এখনো পৌঁছতে পারিনি, তখন সব কথা বলা সংগত নয়। আর আমাদের ভারতবর্ষ মোটামুটি যুক্ত রাষ্ট্রীয়, পুরো যুক্ত রাষ্ট্রী-য় দেশ নয়। রাজ্য সরকারের ক্ষমতা কতটা আর কেন্দ্রীয় সরকারের ক্ষমতা কতটা সেটা বেঁধে দেওয়া হয়েছে। রাজ্য সরকার সরাসরি কোন বিদেশী সংস্থাকে নিয়ে শিল্প স্থাপন করতে পারে না, কেন্দ্রীয় সরকারের অনুমতি সাপেক্ষে এটা আমরা করতে পারি। আমরা কোন বিষয়ে করতে চাই, সেই সব দেশ কোন্ বিষয়ে আগ্রহী সেই আলোচনা আমরা করতে পারি। এই আলোচনা শুরু করার আগে আমি কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে কথাবার্তা বলেছি মুখ্যমন্ত্রীর অনুমতি নিয়ে এবং তাঁরা আমাদের বলেছেন নিশ্চয় আপনারা কথাবার্তা বলুন। কথাবার্তা বলে আপনারা নির্দিষ্ট ভাবে কি কি জিনিস করতে চান তা স্থির করুন, তারপর আমাদের কাছে অনুমতির জন্য আসবেন এবং আমরা নিশ্চয় সব দিক দেখে যেসব বিষয়ে অনুমতি দেওয়া যায় সেই সব বিষয়ে অনুমতি দেব। সুতরাং মাননীয় সদস্য অমলবাবুকে এই কথা বলতে চাই যে, এই বিষয়ে আমরা কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট অনেকগুলি দপ্তরের সংগে কিছু কথা বলেছি এবং আমরা দেখেছি তাঁদের আগ্রহ আছে এবং এই নিয়ে এখনো কথা বলছি। আমি ফিরে এসে আলোচনার বিবরণ বলেছি। আমাদের আশা আছে, কয়েকটি নির্দিষ্ট প্রস্তাবের অনুমতি চাইলে নিশ্চয় পাব। আর একটি কথা বলতে চাই, যখন বিদেশে আলোচনা করি তখন প্রত্যেকটি জায়গায় ভারতীয় দূতাবাসের কোথাও রাষ্ট্রদূত স্বয়ং কোথাও-বা তার প্রতিনিধি আলোচনায় উপস্থিত ছিলেন এবং পুরো আলোচনার বিবরণ তাঁরা জানেন।

শ্রীঅমলেন্দ্র রায় : আপনি কি ইউনিয়ন সরকারের কাছে নির্দিষ্টভাবে কোন প্রস্তাব রেখেছেন বা নীতিগতভাবে এই ব্যাপারে নির্দিষ্ট কোন প্রস্তাবের বিষয় রাখা যাবে বলে মনে করছেন ?

শ্রীনির্মল কুমার বোস : আলোচনা এখনো চলছে। কোন কথা বলার সময় আরো কিছু তথ্য চেয়েছিলেন, আমরা কিছু তথ্য পাঠিয়েছি, কিছু তথ্য সংগ্রহের ব্যাপারে দিল্লী দূতাবাসের সংগে কথাবার্তা বলছি। আগে গিয়েছিলাম কথা হয়েছে, আবার যাব কথা হবে। এর মধ্যে নির্দিষ্ট কিছু হলে আমরা তাদের বলব। তবে এটুকু আমি বলতে পারি যে, ইলেক্ট্রনিক্স, ফ্রুট প্রসেসিং ইত্যাদি এই রকম কতকগুলি ব্যাপারে ভারত সরকার আমাদের বলেছেন আপনারা অগ্রসর হোন, আমরাও চাই এই সব ব্যাপার এখানে কিছু হোক।

শ্রীসুব্রত মুখার্জী : এটা খুবই গুরুত্বপূর্ণ প্রশ্ন। কারণ মুখ্যমন্ত্রী এবং শিল্প মন্ত্রী বিগত কয়েক বছর ধরে মাঝে মঝেই বাইরে যাচ্ছেন এবং সরকারী ভাবে ঘোষণা করে বলছেন, নতুন করে শিল্পে প্রচণ্ড বিনিয়োগ করার জন্যই যাচ্ছেন। আমার প্রশ্ন হচ্ছে আপনি স্পেসিফিক্যালি বলুন কাদের সংগে কথাবার্তা বলেছেন এবং আমি স্পেসিফিক্যালি সেই সবদেশের নামগুলি জানতে চাই। আপনি শুধু বেড়িয়ে ফিরে এসেছেন, না সত্যিকারে কাজ করেছেন সেটা আমরা জানতে চাই। আপনি কোন্ কোন্ ফার্মের মালিকের সাথে কি বিষয়ে প্রস্তাব নিয়ে কথাবার্তা বলেছেন, সেটা বলুন। এটা হলে আমরা রিয়্যালি বুঝব যে আপনি কাজে গিয়েছিলেন, নতুবা ধরে নেব আপনি বেড়াতে গিয়েছিলেন। আপনি, মুখ্যমন্ত্রী দুজনেই সমাজতান্ত্রিক অসমাজতান্ত্রিক দু দেশেই গেছেন। ৭/৮ বছর ধরে যাওয়া আসা হচ্ছে। আমরা স্পেসিফিক্যালি পরিষ্কার ভাবে জানতে চাই যে সমাজতান্ত্রীক এবং অসমাজতান্ত্রীক এই দু রকম দেশে কোন্ কোন্ ফাক্টি - স্থাপন করার প্রস্তাব নিয়ে গেছেন সেটা আমাদের ক্লিয়ারলি বলুন।

শ্রীনির্মল কুমার বোস : এর উত্তর দেওয়ার কোন অসুবিধা নেই। এটা সহজ প্রশ্ন। আমি জার্মান গণতান্ত্রিক সাধারতন্ত্র, যুগোশ্লাভাকিয়া, বুলগেরিয়া, রুমানিয়া, সোভিয়েত ইউনিয়নে গেছি। আমরা যে সব দেশে গেছি সব জায়গাতেই সেদেশের সরকার এবং সরকারের সংগে যুক্ত বানিজ্য শিল্প প্রতিষ্ঠানের সঙ্গে কথা বলেছি, আর কারো সংগে কথা বলিনি। আলোচনার মধ্যে থেকে কয়েকটি নির্দিষ্ট প্রকল্প তৈরী হয়েছে। কিন্তু এটা এখনই আমি বলতে পারছি না। কারণ, এই নিয়ে এখনো আলোচনা চলছে। আপনারা জানেন আলোচনা শুরু হলে একদিনে তা শেষ হয় না।

[1-20 — 1-30 P.M.]

আলোচনা হ'ল ইলেক্ট্রনিকসের এই জায়গায় জি.ডি.আর. কাজ করতে পারে। বলছেন আরো তথ্য চাই। আমরাও আরো তথ্য চাই। এই আলোচনা শেষ না হ'লে আমি কি করে বলব এই জিনিষ অমুক শহরের অমুক জায়গায় হবে। আলোচনা কার সংগে করেছি পরিষ্কার বলে দেওয়া হল।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : আমরা দেখেছি মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিল্প-বানিজ্য মন্ত্রী বিভিন্ন সমাজতান্ত্রিক এবং অসমাজতান্ত্রিক দেশকে এখানে শিল্পে বিনিয়োগের জন্য আমন্ত্রণ জানিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে, আমরা নীতিগতভাবে বহুজাতিক কর্পোরেশনের বিরোধি ছিলাম। আর সমাজতান্ত্রিক দেশগুলি সম্পর্কেও বিতর্ক আছে, তাদের চরিত্র সম্পর্কে। কোন সমাজতান্ত্রিক দেশকে সংশোধনবাদী বলা হচ্ছে আবার অনেক সমাজতান্ত্রিক দেশ সম্পর্কে আজকে সামাজিক সাম্রাজ্যবাদী এই বিশেষণ দেওয়া হচ্ছে। স্বভাবতই আমরা নীতিগতভাবে বিদেশী পুঁজি এ দেশে আহ্বান করতে পারি কিনা এবং তার প্রভাব আমাদের দেশের রাজনীতিতে পড়বে কিনা অর্থাৎ আজকের দিনে তো অর্থনৈতিক সাম্রাজ্যবাদ নানান কায়দায় দেশে প্রবেশ করে—সেই সম্ভাবনা বা সেই আশঙ্কা আমরা প্রকাশ করতে পারি কিনা মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

শ্রীনির্মল কুমার বোস : রাজনৈতিক প্রশ্নের উত্তর আমার পক্ষে দেওয়া বাঞ্ছনীয় হবে না। আমি পশ্চিমবঙ্গের শিল্পের সম্ভাবনা নিয়ে এইসব সমাজতান্ত্রিক দেশের সরকার এবং সরকারের সংগে যুক্ত বানিজ্য ও শিল্প সংস্থার প্রতিনিধিদের সংগে কথা বলেছি। এর বাইরে রাজনৈতিক কোন বক্তব্য আমি রাখতে পারবো না।

শ্রীসাধন পাণ্ডে : মাননীয় মন্ত্রীমহাশয় 'ঘ' প্রশ্নের উত্তরটা সম্পূর্ণ এড়িয়ে গিয়েছেন, আমি মনে করি এ ব্যাপারে আরো একটু ক্লারিফাই করা দরকার। আমি জানতে চাই, বেসরকারী প্রতিষ্ঠানের মাধ্যমে কোথায় কোথায় কি কি শিল্প স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে এবং এরমধ্যে টাটা, বিড়লা, খেমকা, ঢনঢনিয়া এদের সংগে বামফ্রন্ট সরকার কোথায় কোথায় আঁতাত করে শিল্প গড়ছেন জানাবেন কি?

মিঃ স্পীকার : এ প্রশ্ন ওঠে না।

শ্রীধীরেন্দ্র নাথ সরকার : মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই সমস্ত সমাজতান্ত্রিক দেশের সংগে পশ্চিমবঙ্গে যৌথ উদ্যোগে শিল্প স্থাপনের ব্যাপারে কোন পূর্ব শর্ত দেওয়া হয়েছে কিনা এবং হলে সেগুলি কি?

শ্রীনির্মল কুমার বোস : কোন শর্তের কথা নয়, আলাপ আলোচনা চলছে। মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্যদের আমি একথা অনুধাবন করার জন্য বলছি যে সমস্ত জিনিষটা আলোচনার পর্যায়ে আছে কাজেই বিস্তৃত তথ্য চূড়ান্ত পর্যায়ে পৌঁছবার আগে দেওয়াটা আমাদের স্বার্থেই বাঞ্ছনীয় নয়। মাননীয় সদস্যদের তাই বলছি, অনুগ্রহ করে এর চেয়ে বেশী জানতে চাইবেন না, সময় হলে সবটাই আমরা প্রকাশ করবো।

শ্রীসুব্রত মুখার্জী : জানতে চাইবো না কেন বলছেন? এর সংগে কি ন্যাশানাল সিকিউরিটির প্রশ্ন জড়িত আছে? নিশ্চয় নয়। তাহলে তথ্য গোপন করবেন কেন?

শ্রীনির্মল কুমার বোস : আমার উত্তর হচ্ছে, কেন আমরা সমস্ত তথ্য এখানে প্রকাশ করছি না, কারণ এ বিষয়ে আমাদের অতীতের তিক্ত অভিজ্ঞতা আছে। অতীতে এ রকম একটা ব্যাপারে আমরা এগিয়ে ছিলাম, সেটা কাগজে বেরিয়েছিল, নানান স্বার্থ-সংশ্লিষ্ট মহল থেকে কেন্দ্রে-র উপর চাপ পড়েছিল, সমস্ত কিছু বন্ধ হয়ে গিয়েছিল। সুতরাং আমরা আবার সে জায়গায় যেতে চাই না।

শ্রী সুব্রত মুখার্জী : অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আপনি নিশ্চয়ই এগ্রি করবেন যে, ক্যাবিনেটের পক্ষ থেকে কোনো মন্ত্রী 'তথ্য গোপন করছি' এ কথা প্রকাশ করতে পারেন না। তখনই তথ্য গোপনের প্রশ্ন ওঠে যখন ন্যাসন্যাল সিকিউরিটির প্রশ্ন দেখা দেয়। এ ছাড়া সংবিধান অনুযায়ী, আমাদের এখানকার রুলস অনুযায়ী এখানে কোনো তথ্য গোপন করা যেতে পারে না। অতএব হয় তাঁকে তথ্য গোপনের কথা উইথড্র করতে হবে, না হয় সেটা বেআইনী কাজ হয়েছে বলে এখানে ঘোষণা করতে হবে। এ বিষয়ে আমি আপনার রুলিং চাইছি।

Mr. speaker : In the affairs and interest of the State the Minister has every right not to disclose anything. It need relate to national security. I do not agree with you. He has given a fair amount of information and the question has been answered.

শ্রীদেবী বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুব্রত-বাবুর উদ্বেগ এবং উৎকণ্ঠার কারণ অনুভব করতে পারছি। ওঁরা কিছু দিন আগে বলে বেড়াচ্ছিলেন, 'বন্ধ কারখানা খোলার চাবি আমাদের পকেটে আছে', এখন বলছেন, 'পকেটের ফুটো দিয়ে পড়ে গেছে' । সুতরাং এ ক্ষেত্রেও যেন ও রকম না হয়।

মিঃ স্পীকার : This is not a question, Please take your seat.

শ্রীআবদুল মান্নান : আমরা দেখেছি মাননীয় মন্ত্রী মহাশয়রা বিভিন্ন সময়ে এ বিষয়ে আলোচনা এবং কাজকর্ম করার জন্য বিদেশে গিয়েছেন, কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে এ্যাকচুয়ালি তাঁরা কাজগুলি করতে গিয়েছিলেন, না বেড়াতে গিয়েছিলেন? এখন মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে বলবেন কি, এ বিষয়ে বিদেশে গিয়ে আলোচনা করার জন্য এখন পর্যন্ত রাজ্য সরকারের কত টাকা খরচ হয়েছে এবং প্রকল্পগুলি চালু হবার আগে পর্যন্ত তাঁদের আর কতবার বিদেশে যেতে হবে এবং আরো কত টাকা ব্যয় হবে ?

মিঃ স্পীকার : Your question is not relevant.

শ্রীবিভূতি ভূষণ দে : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আজকে আমাদের বিদেশী পুঁজিকে আহ্বান করতে হচ্ছে, কারণ আমাদের দেশের পুঁজিপতিরা, শিল্পপতিরা এই রাজ্য থেকে মুনাফা লুঠে নিয়ে গিয়ে অন্য রাজ্যে লগ্নী করছে এবং এই কাজে তাদের পিছনে কংগ্রেসীদের উস্কানি আছে, এ রকম কোনো সংবাদ আপনার কাছে আছে কিনা ?

মিঃ স্পীকার : The question is disallowed.

দক্ষিণবঙ্গে সশস্ত্র বনরক্ষী কর্মী নিয়োগ

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং - *৫২।) **শ্রীরামপদ মাণ্ডি :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) দক্ষিণবঙ্গে সশস্ত্র বনরক্ষী কর্মী নিয়োগ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে ;

(গ) উক্ত কর্মী নিয়োগে বনভূমিসংলগ্ন স্থানীয় আদিবাসীদের অগ্রাধিকার দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) জাতীয় বননীতি রচনায় রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের নিকট কোন সুপারিশ বা প্রস্তাব পেশ করিয়াছেন কি?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :

ক) হ্যাঁ।

খ) এই পরিকল্পনা বাস্তব রূপায়ণ নির্ভর করছে রাজ্যসরকারের আর্থিক সঙ্গতি ও ভারত সরকারের সাহায্যের উপর।

গ) হ্যাঁ।

ঘ) কেন্দ্রীয় সরকার প্রেরিত খসড়া জাতীয় বননীতির সম্পর্কে রাজ্য সরকারের মন্তব্য ১৯৮২ সালের ৭ই আগষ্ট কেন্দ্রীয় বন পর্ষদের বিশেষ অধিবেশন পেশ করা হয়।

[1.30-1.40 pm]

শ্রীরামপদ মাণ্ডি : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বনসংরক্ষণের প্রশ্নে স্থানীয় অধিবাসীদের নতুন কোন সুযোগ-সুবিধা দেওয়া হবে কিনা সেইরকম পবিকল্পনা বর্তমানে বনদপ্তরের আছে কি ?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : রাজ্যসরকারের যেসব নীতি আছে তা হচ্ছে ঐ সশস্ত্র-বনরক্ষী বাহিনী সম্পর্কে, - জাতীয় বননীতি সম্পর্কে। প্রথম অংশ সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার সচেতন আর দ্বিতীয় অংশ নিয়ে আলোচনা হচ্ছে। এখন পর্যন্ত ৩ বছর হয়ে গেল কেন্দ্রীয় সরকার কোন সিদ্ধান্ত নিতে পারেননি।

শ্রীরামপদ মাণ্ডি : যে বননীতি আছে সেটা কতদিন আগে রচিত হয়েছে?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : বর্তমানে যে আইন চলছে সেটা স্বাধীনতার আগেকার আইন।

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, নতুন বননীতির ব্যাপারে জাতীয় বননীতি সম্বন্ধে যে সুপারিশ করেছেন কেন্দ্রীয় সরকারের কাছে সেটা কি কি বেসিসে সুপারিশ করেছেন?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : সেটা বলতে গেলে অনেক সময় লাগবে, তার কারণ হচ্ছে সবই আলোচনার মধ্যে থেকেছে, গৃহীত হয়নি। আমরা পশ্চিমবাংলার মানুষের স্বার্থ রক্ষার জন্য সেই ধরণের পলিসি বা নীতি পেশ করেছি। শ্রমিক কৃষক এবং সাধারণ মানুষের স্বার্থে যাতে বন রক্ষা হয় সেই ধরণের নীতি পেশ করেছি।

শ্রীসরল দেব : মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, বন রক্ষার কাজে যাদের নিয়োগ করবার কথা হচ্ছে তাদেরকে কিভাবে নিয়োগ করবেন থ্রু এমপ্লয়মেন্ট একসচেঞ্জ না অন্য কোন প্রকারে ?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : এ ব্যাপারে আলোচনা চলছে। বন রক্ষা করতে গেলে বনের পাশের লোকেদের দিয়ে যদি আমরা এই ধরণের বন রক্ষী তৈরী করি-সেটা আলোচনা স্তরে আছে। এ ব্যাপারে পুলিশ দপ্তরের সঙ্গে আলোচনা চলছে দ্বিতীয়ত, যারা এন. ভি. এফ এর সঙ্গে যুক্ত আছে তাদের কিছু কিছুকে বন রক্ষার কাজে সাময়িকভাবে ব্যবহার করেছি। এখন তাদের নেওয়া যায় কিনা সেটা আলোচনার স্তরে আছে।

শ্রীসমর মুখার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাইবেন কি, পশ্চিমবাংলায় আপনাদের ক্যাডার কত একর বন সম্পদ নষ্ট করেছেন?

মিঃ স্পীকার : না না এটা হয় না। দিজ কোশ্চেন ডাসনট এ্যারাইজ।

শ্রীসত্যপদ ভট্টাচার্য : বর্তমানে বন রক্ষার কাজে যারা নিযুক্ত আছে দেখলাম তাদের হাতে মরচে ধরা তলোয়ার আর একটি গাদা বন্দুক সুতরাং তাদেরকে সশস্ত্র করার ব্যবস্থা করবেন কি এবং তাদের প্যান্ট শত-ছিন্ন, এ ব্যাপারে দৃষ্টি দেবেন কি ?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : আপনি ঠিকই বলেছেন। স্বাভাবিকভাবে বন রক্ষার জন্য তাদেরকে রাখা হয়েছিল। কিন্তু দুষ্কৃতকারীরা সশস্ত্রভাবে ঢুকছে, সুতরাং তাদেরকে মোকাবিলা করার জন্য সশস্ত্র বাহিনী নিয়োগ করার প্রস্তাব সরকার বিবেচনা করছেন।

পুরুলিয়া জেলায় টৌটকো বাঁধের ক্যানেল

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং - *২২৪।) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি পুরুলিয়া জেলায় টৌটকো বাঁধের ক্যানেলের কাজ আরম্ভ করিবার জন্য ঠিকাদারদের কাজের নির্দেশ দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, উক্ত কাজ আরম্ভ করা হইয়াছে কিনা ; এবং

(গ) "খ" প্রশ্নের উত্তর "না" হইলে, তাহার কারণ কি ?

শ্রী ননী ভট্টাচার্য :

(ক) হ্যাঁ, সত্য।

(খ) টটকো বাঁধের লেফ্‌ট ব্যাঙ্ক মেন ক্যানেলের ৮১০ মিটার এবং রাইট ব্যাঙ্ক মেন ক্যানেলের ৯০০ মিটার কাজ আরম্ভ করিবার নির্দেশ দেওয়া হইয়াছে। কিন্তু কাজ আরম্ভ হইবার পরেই গৃহীত জমির ক্ষতিপূরণের দাবীতে জমির মালিকদের নিকট হইতে বাধা আসে এবং ক্যানেলের কাজ আরও অধিক অগ্রসর হইতে পারে নাই। বর্তমানে অধিগৃহীত জমির ক্ষতিপূরণ দানের ব্যবস্থা ত্বরান্বিত করিবার জন্য পুরুলিয়ায় ডি. সি./ ডি. এম. মহোদয়কে অনুরোধ করা হইয়াছে।

(গ) এ প্রশ্ন সরাসরি উঠে না, তবুও এ সম্পর্কে কিছু তথ্য 'খ' প্রশ্নের উত্তরে দেওয়া হইয়াছে।

শ্রীকমলা কান্ত মাহাতো : আপনি বললেন জমি অধিগ্রহণের ব্যাপারে অসুবিধা থাকার কারণে কাজ এগুতে পারছে না। সুতরাং জমি অধিগ্রহণের ব্যাপারে সেই সমস্ত চাষীদের সঙ্গে এ পর্যন্ত আলোচনা করা হয়েছে কিনা ?

শ্রীননী ভট্টাচার্য : আমরা ১৯৮৩ সালে ক্ষতিপূরণ দিতে পারিনি পরবর্তীকালে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। কিন্তু এখনও ধান এবং অন্যান্য ফসল থাকার দরুন নতুন করে কাজ ধরা যায় নি। আমরা ডি. এম. এর কাছে ক্ষতিপূরণের টাকা দিয়ে দিই, ডি. এম. যথার্থ দাবীদারদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করেন।

শ্রীনটবর বাগদী : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি পুরুলিয়া জেলার কয়েকটি প্রকল্পে এই ক্ষতিপূরণ দিতে বিলম্ব হওয়ার জন্য আজ পর্যন্ত কোন কাজ হয়নি, সরকারী কর্মচারীদের গাফিলতি এর জন্য দায়ী। আপনি এ বিষয়ে কোন ব্যবস্থা অবলম্বন করবেন কি না ?

শ্রীননী ভট্টাচার্য : এটা খুব জেনারেল প্রশ্ন হল, পরবর্তীকালে স্পেশিফিকালী প্রশ্ন করবেন, উত্তর দেব ।

শ্রীসমর মুখোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি-মালদা জেলার জন্য যে বাঁধটা করার কথা হয়েছে তার কি হল ?

মিঃ স্পীকার : এ প্রশ্ন ওঠে না।

শ্রীউপেন্দ্র নাথ কিস্কু : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এই যে বাঁধের পরিকল্পনা করা হয়েছে এটাতে কত টাকা খরচ হবে এবং কোন কোন মৌজায় কত হেক্টর জমি জল পাবে ?

শ্রীননী ভট্টাচার্য : মৌজা হিসাবে বলতে পারব না, তবে একটা আইডিয়া দিতে পারি। এই বাঁধের দ্বারা ২ হাজার ৩৪ হেক্টর জমি সেচ সেবিত হবে। এই প্রকল্পে প্রথমে একটা আনুমানিক এষ্টিমেট ধরা হয়েছিল ৫৮ লক্ষ টাকা, পরে সেটা রিভাইজড এষ্টিমেট করে জানা গেছে ১১৪ লক্ষ ৪৬ হাজার টাকা, এবং এখন অনুমান করা যাচ্ছে যে পরে আরও ২৫ লক্ষ ৭১ হাজার টাকা খরচ হতে পারে।

সোদপুর খাদি প্রতিষ্ঠান অধিগ্রহণ

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং - *৩২৩।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, প্রয়াত সতীশচন্দ্র দাসগুপ্তের সোদপুর খাদি প্রতিষ্ঠানটিকে অধিগ্রহণ করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শ্রীপ্রলয় তালুকদার : এই প্রতিষ্ঠানটি কেন্দ্রীয় সরকারের অধীন খাদি ও গ্রামীন শিল্প কমিশন এর কাছ থেকে সরাসরি ঋণ এবং অনুদান নিয়ে গ্রামীন শিল্পের কাজ করত এবং রাজ্যের খাদি পর্ষদের কর্মধারার সঙ্গে এই প্রতিষ্ঠানের কোন সম্পর্ক ছিল না বা নেই। সুতরাং একমাত্র যদি খাদি কমিশন কোনো সময় এই প্রতিষ্ঠান সম্পর্কিত দায়িত্ব রাজ্য খাদি ও গ্রামীন শিল্প পর্ষদের উপর ন্যস্ত করে তখনই এই প্রতিষ্ঠান সম্বন্ধে রাজ্য সরকার বিবেচনা করতে পারে।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এটা অনেক দিনের পুরণো একটা প্রতিষ্ঠান, পশ্চিমবঙ্গ সরকার কি কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাবেন যে হয় আমাদের হাতে দিয়ে দাও নয়তো নিজেরাই অধিগ্রহণ কর?

শ্রীপ্রলয় তালুকদার : আমাদের অনুরোধ করার কোন সুযোগ নেই ।

সরকার পরিচালিত তথ্য ও কাহিনী চিত্র প্রদর্শনীর ব্যবস্থা

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং - *৩২৯।) **শ্রীহিমাংশু কুন্ডু :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) সরকার পরিচালিত তথ্য ও কাহিনী চিত্রগুলি সর্বসাধারণের কাছে প্রদর্শনের কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) থাকিলে এই উদ্দেশ্যে জেলায় জেলায় সরকারী প্রেক্ষাগৃহ নির্মাণের কোন পরিকল্পনা আছে কি ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : (ক) তথ্য চিত্রগুলি বিনামূল্যে সরকারি এ. ভি. ইউনিটের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা আছে। কাহিনী চিত্রগুলি বাণিজ্যিক ভিত্তিতে চলচিত্র পরিবেশকের মাধ্যমে দেকানোর ব্যবস্থা আছে।

(খ) তথ্য চিত্র দেখানোর জন্য প্রেক্ষাগৃহ নির্মাণের কোন পরিকল্পনা নেই। তবে কাহিনী চিত্র দেখানোর জন্য সরকারী সংস্থা পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনের প্রেক্ষাগৃহ নির্মানের পরিকল্পনা আছে।

[1.40-1.50 pm]

শ্রীহিমাংশু কুঙর : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই বছর কতগুলি তথ্যচিত্র এবং কাহিনীচিত্র গ্রামাঞ্চলে দেখান হয়েছে ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার : বছরভিত্তিক হিসাব থেকে বলতে পারি যে, ৪,৬৮৪ টি তথ্যচিত্র প্রদর্শিত হয়েছে সারা পশ্চিমবঙ্গে।

শ্রীঅবনীভূষণ সতপতি : মাননীয় মন্ত্রী দয়া করে বলবেন কি, বর্তমানে যেসব কাহিনীচিত্র বানিজ্যিক ভিত্তিতে দেখান হয় সেগুলো ভি. ডি. ও ক্যাসেটের মাধ্যমেও দেখান হচ্ছে। কাজেই, আপনিও এইসব চিত্রগুলির ভি. ডি. ও ক্যাসেট করবার ব্যবস্থা করবেন কিনা ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার : যেভাবে দেখান হচ্ছে সেইভাবেই দেখান হবে। ভি. ডি. ওর মাধ্যমে দেখাবার কোন পরিকল্পনা নেই।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : জেলায় জেলায় পেক্ষাগৃহ নির্মানের জন্য ব্যক্তিগত উদ্যোগকে সহায়তা দেবার জন্য রাজ্যসরকার, ফিলম্ ডিভিশন কর্পোরেশন এবং কেন্দ্রীয় সরকার একটি পরিকল্পনা গ্রহণ করেছিলেন। সেক্ষেত্রে ঐ কর্পোরেশন, রাজ্যসরকার এবং কেন্দ্রীয় সরকারের টাকা সংশ্লিষ্ট ব্যক্তিরা পেয়েছেন কি না জানাবেন কি ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার : প্রশ্নটা দুইভাগে ভাগ করা দরকার। বিভিন্ন জেলাতে চলচ্চিত্র পেক্ষাগৃহ নির্মানের জন্য যে পরিকল্পনা ছিল, তাতে অংশ গ্রহণ করতো ব্যক্তি বিশেষ, রাজ্যসরকার এবং কেন্দ্রীয় সরকার এক্ষেত্রে ব্যাঙ্কের ভূমিকাও ছিল। সেই পরিকল্পনা অনুযায়ী ১২টি আবেদন পত্র আমরা পেয়েছিলাম এবং তারমধ্যে ৩টি অনুমোদিত হয়। এই ৩টির ক্ষেত্রে সরকারী টাকা আমরা দিয়েছি।

শ্রীফণীভূষণ রায় : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সরকারের এই পেক্ষাগৃহ নির্মান সহায়তা প্রকল্পে যেসব প্রাইভেট এনটারপ্রাইজ ইতিপূর্বে দরখাস্ত করেছিলেন তাঁরা টাকা না পেয়ে হাইকোর্টের দারস্থ হয়েছিলেন কিনা ?

শ্রীপ্রভাসচন্দ্র ফদিকার : আমি তো বললাম যে, ১২টি আবেদনপত্র এসেছিল এবং তারমধ্যে তিনটি অনুমোদিত হয়। এই তিনজনকে সরকারী তরফের প্রদত্ত টাকা দেওয়া হয়েছে।

*২৯ এবং *৩০ : স্থগিত।

মুর্শিদাবাদ জেলার ফারাক্কা বাঁধের কাছে গঙ্গার দক্ষিণ তীরের ভাঙন প্রতিরোধ

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং - *২৫৯।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার ফারাক্কা বাঁধের কাছে গঙ্গার দক্ষিণ তীরের ভাঙন প্রতিরোধের জন্য ভারত সরকার আর্থিক সহায়তার প্রতিশ্রুতি দিয়াছেন ?

শ্রী ননী ভট্টাচার্য :

না; সঠিক কোন প্রতিশ্রুতি ভারত সরকারের কাছ থেকে পাওয়া যায় নি। তবে এ সম্পর্কে আমি সম্প্রতি কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের সঙ্গে আলোচনা করেছি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : গঙ্গার ভাঙ্গন প্রতিরোধ প্রকল্প এবং সেই সংক্রান্ত অন্যান্য কাজের জন্য রাজ্যসরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে কত টাকা চাওয়া হয়েছিল ?

শ্রীননী ভট্টাচার্য : প্রশ্নটাকে কয়েকটি ভাগে ভাগ করা যায়। প্রথম ভাগ হচ্ছে, ফরাক্কা ব্যারেজ কন্ট্রোল বোর্ড তথা কেন্দ্রীয় সরকার এখন ভাঙ্গন হচ্ছে এবং ভবিষ্যতেও ভাঙ্গন হতে পারে ধরে নিয়ে তার ডান পারের ভাঙ্গন প্রতিরোধে কি করছেন-এটা একটা প্রশ্ন।

সেই প্রশ্নের জবাব হচ্ছে, ফারাক্কা ব্যারেজ কনট্রোল বোর্ডের মিটিং-এ গতবার কতকগুলি প্রস্তাব আনা হয়েছিল। প্রথমে সেখানে ঠিক হয়েছিল আনুমানিক ১৮ কোটি টাকা দুটো জায়গায় দুটো স্কীম করে খরচ করা হবে। একটা হল বেনিয়াগ্রাম থেকে আরম্ভ করে নয়নসুক পর্যন্ত ব্যারেজের নিচের অংশে, আর একটা হল জঙ্গীপুর ব্যারেজ কমপ্লেক্স এলাকায়। এই ভাবে এই কাজ শেষ করতে ১৮ কোটি টাকা লাগবে। এটা পরে রিভাইজড হতে পারে

এবং সেটা কি হবে সেটা আমার পক্ষে এখন বলা সম্ভব নয়। তবে বলা যায় ১৮ কোটি টাকার নিচে নয় ২২-২৩ কোটি টাকা হতে পারে। এটা হ'ল গত বছরের ব্যাপার। এই বছর ফারাক্কা ব্যারেজ কনট্রোল বোর্ডের বৈঠক হয়, সেখানে আমরা বলেছি এবং আগেও বার বার বলেছি কাজ আরম্ভ হচ্ছে না কেন। শেষ পর্যন্ত জানা যায় ইউনিয়ান ইরিগেসান মিনিসট্রির অনুমোদনের অপেক্ষায় আছে। তার জন্য আমরা ইউনিয়ান ইরিগেসান মিনিসট্রি এবং তার সেকরেটারীকে বারে বারে বলেছি এবং ফারাক্কা ব্যারেজ কনট্রোল বোর্ডের মিটিং-এ বলেছি যাতে আমরা বর্ষার পরে কাজটা আরম্ভ করতে পারি সেই অনুযায়ী ব্যবস্থা নিতে। দ্বিতীয় কথা হচ্ছে রাজ্য সরকারের তরফ থেকে বলা হয়েছে অন্য দিক ভাংগনের ব্যাপারে। এই ব্যাপারে ব্যারেজের সাথে ডাইরেক্ট জড়িত নয় বলে ব্যারেজ কর্তৃপক্ষ মনে করছে সেই ক্ষেত্রে কি করা উচিত। সেই ক্ষেত্রে মাননীয় সদস্যরা জানেন একটা কমিটি ১৯৮ কোটি টাকার একটা স্কীম তৈরী করে পাঠিয়েছে। এটাকে যদি ঠিক ভাবে রাখতে হয় তাহলে একেবারে ফারাক্কা ব্যারেজের নিচে থেকে সুরু করে জংগীপুর পর্যন্ত ১৯৮ কোটি টাকা খরচ করতে হবে। কিন্তু ন্যাসান্যাল ইন্সটলেসান সেই রকম নেই। আলাপ আলোচনার পর শেষ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের গংগা ফ্লাড কনট্রোল কমিসন বলেন এতো টাকা এক সংগে দেওয়া যাবে না। ছোট ছোট স্কীম তৈরী করে টাকা নিন। সেই অনুযায়ী আমি যখন এই দপ্তরে আসি তখন একটা স্কীম তৈরী করে দেওয়া হয়েছিল। এই ভাবে ১১-১২ কোটি টাকার এসটিমেটস দেওয়া হয়। রেল লাইন বিপদের মুখে পড়েছে, ন্যাশানাল হাই ওয়ে ক্ষতিগ্রস্ত হতে পারে এই রকম একটা পয়েন্ট ঠিক করে স্কীম তৈরী করে এসটিমেটস ঠিক করে দেওয়া হয়। ইউনিয়ান ইরিগেসান মিনিসট্রির তরফ থেকে রেল এবং ন্যাশান্যাল হাই ওয়ে কর্তৃপক্ষকে জানান এবং তাদের সংগে আলোচনা করা হয় তারা কত খানি সেয়ার করতে পারবে সেই পয়েন্ট সংরক্ষণের ক্ষেত্রে। সেখানে ন্যাশান্যাল হাইওয়ের কর্তৃপক্ষ জানায় তাদের এই মুহূর্তে ক্ষতির আশংকা নেই, যদি ক্ষতি হয় সেটা বহু পরে হবে। রেল লাইন এবং রেল ওয়ে ট্রাক সেই পয়েন্টে ক্ষতি হবে বলে রেল ঠিক করেছে কিছু বহন করবে। সেই নিয়ে কথাবার্তা চলছে যাতে করে বেশী করে সেয়ার আদায় করা যায়। আনুমানিক এক কিংবা দেড় কোটি টাকা দিতে রাজি হয়েছে। সেটা যাতে আরো বাড়ানো যায় তার জন্য ইউনিয়ান ইরিগেসান মিনিসট্রির তরফে অনুরোধ করা হয়েছে। এই বছর কিছু কিছু কাজ করা হয়েছে। মাননীয় সদস্যরা জানেন খাণ্ডয়ায় বেশ কিছু কাজ করেছি। বিভিন্ন জায়গায় যে রকম টাকা-পয়সা আছে সেই অনুযায়ী কিছু স্থায়ী কাজ করা হয়েছে এবং কিছু কিছু জায়গায় ঠেকা দেওয়ার কাজ করা হয়েছে।

যদিও সেটা প্রয়োজনের তুলনায় খুবই নগন্য। আর একটা কথা এই প্রসঙ্গে বলি যে, আমরা কেন্দ্রীয় সরকারকে বিশেষ করে ইউনিয়ন ইরিগেশান মিনিষ্টারকে ভাববার জন্য বলেছি। একথা আমি গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনের মিটিংয়ে বলেছি।

[1.50 - 2.00pm]

মিঃ স্পীকার : ননীবাবু, আপনার অনেক সময় লাগবে মনে হচ্ছে। আপনি আপনার স্টেটমেন্ট পরে সার্কুলেট করে দেবেন।

শ্রীননী ভট্টাচার্য : মাননীয় স্পীকার মহাশয়, বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ বলে আমি আপনার মাধ্যমে এখানে জানাতে চাইছি। ধুলিয়ান থেকে আরম্ভ করে জলঙ্গী পর্যন্ত ৮০-৮৫ কিলোমিটার জমি আন্তর্জাতিক সীমানা বরাবর গঙ্গা প্রবাহিত হয়েছে। এই আন্তর্জাতিক সীমানা বরাবর গঙ্গা প্রবাহিত হওয়ার ফলে গঙ্গার ডানদিককার পাড় ভাঙনের ফলে পশ্চিমবাংলার অনেক জমি যা অন্যান্য রাজ্যের বা এই রাজ্যের অন্যান্য নদী ভাঙনের সঙ্গে কখনও তুলনা করা যায় না-ভারত রাষ্ট্র থেকে চলে যাচ্ছে, যাকে আমরা ল্যাণ্ড মার্কস্ অফ দি ইনডিয়ান টেরিটরি বলি তা চিরকালের জন্য চলে যাচ্ছে। সুতরাং সেদিক থেকে আমরা মনে করি এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়। এই বিষয় আমরা কেন্দ্রীয় সরকারকে বিশেষ করে ইউনিয়ন ইরিগেশন মিনিষ্ট্রীকেও বলেছি যে তাঁরা যেন চিন্তা-ভাবনা করেন। আমরা বলেছি যে, এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের এ্যাকটিভ্ ইনভলবমেন্ট এবং ম্যাসিভ্ এ্যাসিস্ট্যান্স দরকার যাতে ল্যাণ্ড মার্কস্ অফ দি ইনডিয়ান টেরিটরি, যা চিরকালের জন্য চলে যাচ্ছে তা বন্ধ হতে পারে।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : আমি মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে জানতে চাইছি-আপনি যা বললেন তা হচ্ছে একটা বাস্তব ঘটনা এবং এরফলে রাজ্যের মানচিত্রও ক্রমশঃ ছোট হয়ে যাচ্ছে, এছাড়া আরও একটা বিপদের কথা হচ্ছে যে হাজার হাজার বিঘা কৃষি জমি ফারাক্কা ব্যারাজের জন্য জলমগ্ন হয়ে যাচ্ছে-যে, এই জলমগ্ন কৃষি জমি বাঁচাবার জন্য জলনিকাশী ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়েছেন কি ?

শ্রীননী ভট্টাচার্য : ইতিমধ্যেই কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আপনি এই ব্যাপারে নোটিশ দেবেন, বিশদ উত্তর দেব। আপনার এই প্রশ্নটি মূল প্রশ্নের সঙ্গে প্রত্যক্ষভাবে যুক্ত নয়।

শ্রীহবিবুর রহমান : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, কেন্দ্রীয় সরকার কিম্বা ফারাক্কা ব্যারাজ কর্তৃপক্ষ তাঁদের সম্পত্তি রক্ষার জন্য কিছু কিছু কাজ করেছেন, আয়রণ ব্যারাজও করেছেন এবং স্টেট গভর্ণমেন্টকে শেয়ার করে কিছু ন্যাশানাল প্রপার্টি, রেল-লাইন ন্যাসানাল হাইওয়ে ইত্যাদি প্রটেকশনের জন্য স্কীমও তৈরী করেছেন। কিন্তু যেগুলো রাজ্য সরকারের দায়িত্বের মধ্যে পড়ে-গঙ্গা, পদ্মা এবং অন্যান্য নদী ভাঙনের ফলে যে হাজার হাজার বিঘা আবাদী সম্পত্তি নষ্ট হয়ে যাচ্ছে, যে ব্যাপারে পূর্বের রাজ্য কংগ্রেসী সরকার বেশ কিছু টাকা ব্যয় করেছিলেন-সেই ব্যাপারে বর্তমান সরকার কি কোন কার্যকরী ব্যবস্থা নিয়েছেন?

শ্রীননী ভট্টাচার্য : আমি আগেই এই প্রশ্নের জবাব দিয়েছি। আমি বলেছি যে কোন কোন জায়গাতে কাজ করেছি এবং এখন করছি। কতক জায়গাতে স্থায়ীভাবে কাজ করেছি এবং কতক জায়গাতে ঠেকা দেওয়া কাজ করেছি। তবে তা প্রয়োজনের তুলনায় খুব নগন্য।

বেলডাঙ্গা চিনিকল চালুকরণ

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং - *৮১।) [illegible] রায় : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, আগামী শীতের মরসুমে বেলডাঙ্গা চিনিকলটি চালু করা সম্ভব হবে কি ?

শ্রীনির্মল কুমার বসু : না;

শ্রীঅমলেন্দ্র রায় : মাননীয় মন্ত্রীমহাশয় প্রশ্নের জবাবে বলেছেন যে আগামী শীতের মরসুমে বেলডাঙ্গা চিনিকলটি চালু করা সম্ভব হবে না। আমি জানতে চাইছি যে, তিনি কি সিদ্ধান্ত নিয়েছেন কবে নাগাত এটা চালু করা সম্ভব হবে, বিশেষ করে আগামী শীতের মধ্যে যদি সম্ভব না হয় ?

শ্রীনির্মল কুমার বসু : বেলডাঙ্গা চিনিকল কিভাবে চালু করা যাবে এই ব্যাপারে চিন্তা-ভাবনা করছি। ১৯৮১ সালে ন্যাশনাল সুগার রিসার্চ ইনস্টিটিউটে কানপুরে এর সুপারিশক্রমে এই চিনিকলটি সরকার গ্রহণ করেছিলেন। তারা দেখে টেখে বলেছিলেন এই কারখানাটি চালানো যায় এবং আমরা তখন আই. আর. সি. আই এখন যেটা আই. ডি. বি. আইয়ের কাছে এর টাকা-পয়সা নিয়ে কথাবার্তা বলি। এর যা ক্ষমতা তাতে ৬০০ মেট্রিক টন বাড়ানো যেতে পারে এবং তখন ৬০০ মেট্রিক টনের বেশি বাড়ানো নিয়ে প্রশ্ন আসে, তখন ন্যাশানাল সুগার রিসার্চ ইনস্টিটিউট কানপুর, এখানে এসে দেখে হিসাব করে বলেন যে এই চিনিকল ৬০০ মেট্রিক টন না করে যদি ১২৫০ মেট্রিক টন করা যায় তাহলে এই কারকানা লাভজনক হবে। তবে মুশকিল হচ্ছে এই ১২৫০ মেট্রিক টন করতে গেলে যে পরিমাণ আখের দরকার সেই পরিমাণ আখ আমরা পাই না। রামনগর সুগার মিল এই বেলডাঙ্গা সুগার মিলকে ১২৫০ মেট্রিক টন চিনি উৎপাদনের জন্য পর্যাপ্ত পরিমাণে আখ দিতে পারবে না। এই ১২৫০ মেট্রিক টন চিনি উৎপাদন করতে খরচ পড়বে সাড়ে ৯০০ টাকা। এখন এই ৬০০ মেট্রিক টনের যে রিপোর্ট দিয়েছে সেটা নিয়ে ওয়েষ্ট বেঙ্গল সুগার ইণ্ডাষ্ট্রিজ ডেভোলাপমেণ্ট করপোরেশান বিবেচনা করছেন এবং সরকারকে রিপোর্ট দেবেন, তারপরে দেখা হবে কত কোটি টাকা লাগবে। তবে দ্বিতীয় বিষয় হচ্ছে আমরা আখ অতো পাব কিনা, সুতরাং এটি একটা নেতিবাচক বিষয় যে কারখানা চালানো যাবে কিনা।

শ্রীঅমলেন্দ্র রায় : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে আখের অভাব মনে করে এটা বাধার সৃষ্টি হচ্ছে, আমার প্রশ্ন হচ্ছে যে আমি জানতে চাই যে এই যে আখ পাওয়া যাবে না এই তথ্যটি কে দিয়েছে আপনাদের এবং এই তথ্য কি সরকার যথোচিত এজেন্সি মারফৎ ভেরিফাই করেছেন? কারণ আমার কাছে ইনফরমেশান আছে যে আখের কোন অভাব নেই, সুতরাং এটা কি ভেরিফাই করেছেন কিনা এবং আখ ছাড়া অন্য কোন কারণে বাধার সৃষ্টি হচ্ছে কিনা সেটা কি ভেরিফাই করেছেন?

শ্রী নির্মল কুমার বসু : আমি প্রথমেই বলেছি যে আমাদের মূল প্রশ্ন হচ্ছে লাভজনক করে কিভাবে কারখানাটিকে চালাতে পারবো এবং সেইসঙ্গে এটা কিভাবে করবো সেই বিষয়ে ন্যাশানাল সুগার রিসার্চ ইনস্টিটিউট-কানপুর রিপোর্ট দিয়েছেন। তারা যে হিসাব দিয়েছিলেন আগে তাতে ১২৫০ মেট্রিক টন অনুসারে সাড়ে ৯০০ কোটি টাকা লাগবে আর ৬০০ মেট্রিক টনে ১ কোটি ২৫ লক্ষ টাকা লাগবে। এখন আবার নতুন করে হিসাব করে দেখা হচ্ছে ৬০০ মেট্রিক টনে কত লাগবে, এটা একটা চিন্তার বিষয়। তাছাড়া কি পরিমাণ আখ কৃষিজ বিভাগ দিতে পারবেন সেটা নিয়ে কৃষি বিভাগের সঙ্গে একটা হিসাব করে এই কারখানাটি চালানো হবে। দ্বিতীয়ত যে মুশকিল হচ্ছে মাননীয় সদস্য মুর্শিদাবাদ জেলার লোক তিনি জানেন যে এখন নতুন যে সমস্যা তাতে আখ যতই উৎপাদন হোক না কেন আমরা কি তা পাই চিনিকলের জন্যে? আমেদপুর, বেলডাঙ্গা বা পলাশপুর হোক আখ কতটা সরকারী বা বেসরকারী কলগুলি কিনতে পারবে তা ভারত সরকাই ঠিক করে দেবেন। প্রতিকুইণ্টাল আখ প্রতি ১৫ টাকা ধরা হয়েছে, রাজ্য সরকার তা ৫ টাকায় করতে চাইছেন রাস্তার দু পাশে যে গুড়ের কলগুলি আছে তারা শ্রমিকদের নির্দিষ্ট হারে মজুরি দেয় না, রাজ্যসরকারকে এক পয়সাও কর দেয় না, কেন্দ্রীয় সরকারকেও এক পয়সা কর দেয় না। শ্রমিকদের জন্য প্রভিডেণ্ট ফাণ্ড আদায় করা যায় না। আমরা যদি আখের দাম ২০ টাকা করে বলি তাহলে ওইসব গুড়ের মালিকরা ২২ টাকা করে বলেন। বিহার, ইউ. পির মত এই চোলাই মদ উৎপাদনের জন্য গুড় কলগুলি বন্ধ করে দিতে হবে। আমরা তা নিয়ে চিন্তা-ভাবনা করছি, এটা যদি করা যায় তাহলেই আখ পাওয়া যাবে না হলে আখ পাওয়া যাবে না।

[2.00 - 2.10pm]

শ্রীমতি ছায়া ঘোষ : বেলডাঙ্গা চিনির কলটি খুলতে দেরী করার ফলে সেখানে অধিগ্রহণ করার পর থেকে সেখানকার যন্ত্রপাতি এবং স্থাবর সম্পত্তি সব ইনট্যাক্ট আছে, না চুরি হয়ে গেছে তার খবর আছে কি?

শ্রীনির্মল বসু : আমরা এ বিষয় অবহিত আছি। সেখানে আমাদের সংস্থা আছে বেতনভূক কর্মচারী আছে, নিরাপত্তার ব্যবস্থা আছে তাঁরা দৃষ্টি রাখছে।

শ্রীআবদুস সাত্তার : আপনার প্রিডিসেসার এই কলটি চালু করার জন্য কয়েক লক্ষ টাকা খরচ করেছিলেন। কিন্তু আজকে আপনি হঠাৎ আখের অভাবে হবে না কেন বলছেন? বা আপনার প্রিডিসেসারের প্রতিশ্রুতি কতদিনের মধ্যে কার্যকরী করবেন?

শ্রীনির্মল বসু : আমরা চাই এটা চালু হোক। এরজন্য বহু লক্ষ টাকা ব্যয় করেছি এবং করছি। শুধু পশ্চিম বাংলার চিনির স্বার্থে নয়, মুর্শিদাবাদের অর্থনীতির স্বার্থে এটা চালু করতে চাই। কিন্তু যে কতকগুলি অসুবিধা দেখা দিয়েছে সেগুলি দূর করে যতদূর সম্ভব তাড়াতাড়ি চালু করবো।

মিঃ স্পীকার : The question hour is over.

Starred Questions

(to which answers were laid on the table)

রাজ্যের বনাঞ্চলে গণ্ডারের সংখ্যা

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৯।) [illegible] : বন বিবাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের কোন্ কোন্ বনাঞ্চলে গণ্ডার পাওয়া যায়; এবং

(খ) এ রাজ্যে বছরে গড়ে কতগুলি গণ্ডার শিকারীদের হাতে মারা যায় ?

Minister of State-in-charge of the Forest Deptt :

(ক) জলপাইগুড়ি জেলার জলদাপাড়া ও গরুমারা অভয়ারণ্যে গণ্ডার বাস করে।

(খ) বছরে গড়ে আট গণ্ডার বেচারা শিকারীদের হাতে মারা যায়।

হলদিয়া পেট্রোকেমিক্যালসের লাইসেন্স

*৩৬। (অনুমোদিত প্রশ্ন ন; *৪১৭।) শ্রীসরল দেব : বিগত ৯ই মে, ১৯৮৫ তারিখে প্রশ্ন নং ৪৭২ (অনুমোদিত প্রশ্ন নং ১১৪৯) -এর উত্তরের উল্লেখে শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হলদিয়া পেট্রোকেমিক্যালসের জন্য কেন্দ্র হইতে ইণ্ডাস্ট্রিয়াল লাইসেন্স পাওয়া গিয়াছে কি?

Minister-in-charge for the Commerce and Industries Deptt :

ভারত সরকার ১৯৭৭ সালের ১১ই নভেম্বর তারিখে পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন সংস্থাকে Ethylene, Propylene ইত্যাদি উৎপাদনের জন্য একটি Letter Intent মঞ্জুর করেছেন। ঐ Letter of Intent এ বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কার্যকরী আছে।

ইতিমধ্যে সর্বশ্রী আর. পি. গোয়েঙ্কা এবং সঞ্জীব গোয়েঙ্কার সঙ্গে যৌথ উদ্যোগে হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প চালু করার চুক্তি হয়। ঐ চুক্তি অনুযায়ী যে Product mix-এর জন্য Letter of Intent পাওয়া গিয়েছিল, সেই Product mix-এর কিছু পরিবর্তন করতে হবে।

এই পরিবর্তনের জন্য ভারত সরকারকে পত্র দেওয়া হয়েছে। এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পর Letter of Intent-টিকে লাইসেন্সে রূপান্তরিত করার জন্য চেষ্টা করা হবে।

সেচ দপ্তরে ক্যাজুয়াল কর্মী

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৩।) শ্রীবিকাশ চৌধুরী : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) বর্তমানে রাজ্যের সেচ দপ্তরে ক্যাজুয়াল কর্মী আছে কিনা;

(খ) থাকিলে, তার সংখ্যা কত; এবং

(গ) ১৯৮৫ সালের জুলাই মাসে পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জে কতজন ক্যাজুয়াল কর্মী সরকারী চাকুরীতে নিয়োগপত্র পেয়েছেন?

Minister-in-charge for the Irrigation and waterways Deptt :

(ক) আছে ।

(খ) ১৯৮৫ সাল পর্যন্ত ক্যাজুয়েল কর্মীর সংখ্যা কম বেশী ১৯২১ জন। তবে সংখ্যাটি খতিয়ে দেখা হচ্ছে ।

(গ) ২৮ জন ।

অরণ্য সপ্তাহে চারা বিতরণ

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৬১।) শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : বন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) বন সৃজনের জন্য 'অরণ্য সপ্তাহে' রাজ্য সরকার কত 'চারা' বিলি করেছেন; এবং

(খ) বর্তমানে আর্থিক বছরে নতুন 'বনাঞ্চল' তৈরির পরিকল্পনা আছে কি?

Minister of State-in- charge for the Forest Deptt :

(ক) ৬০ লক্ষ ৩৫ হাজার

(খ) হ্যাঁ ।

দুর্গাপুর ডি ভি সি ব্যারাজ

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৪১১।) **শ্রীদিলীপ মজুমদার :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) দুর্গাপুর ডি. ভি. সি. ব্যারাজের জলধারণের ক্ষমতা কত?

(খ) বর্তমানে উক্ত ব্যারাজে পলিমাটি জমা হইবার ফলে জলধারণের ক্ষমতা কত হইয়াছে;

(গ) উক্ত ব্যারাজ হইতে জল সরবরাহের ঘাটতির ফলে শিল্পাঞ্চলে ও কৃষিতে বাৎসরিক ক্ষতির পরিমাণ সম্বন্ধে সরকারের নিকট কোন তথ্য আছে কিনা;

(ঘ) থাকিলে, উক্ত বাৎসরিক ক্ষতির পরিমাণ কত; এবং

(ঙ) উক্ত ব্যারাজ হইতে পলিমাটির চর অপসারণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

Minister-in-charge for the Irrigation and Waterwaye Deptt :

(ক) দুর্গাপুর ডি. ভি. সি. ব্যারেজ জলধারণ করার জন্য নির্মিত হয় নাই। ইহা জলের স্তরকে একটি নির্দিষ্ট মাত্রায় তুলে খাল দ্বারা নিয়ন্ত্রিত জল সরবরাহের জন্য নির্মিত হইয়াছে।

(খ) ১৯৮০ সালে সার্ভে অনুযায়ী ব্যারেজে মোট ৬৬০০ একর ফুট জল সংরক্ষিত হয়।

(গ) ব্যারেজে Pond এ পলি কিছু জমলেও ব্যারেজ হইতে জল সরবরাহের ঘাটতি হয় না।

(ঘ) এ প্রশ্ন উঠে না।

(ঙ) পলি অপসারনের আপাতত কোন প্রয়োগ নাই।

অবৈধ বৃক্ষচ্ছেদনের ফলে নষ্ট বনভূমি

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪০।) [illegible] হীরা : বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) অবৈধ বৃক্ষচ্ছেদনজনিত কারণে বছরে কি পরিমাণ বনভূমি নষ্ট হচ্ছে; এবং

(খ) বনাঞ্চল বন্যপ্রাণী সংরক্ষণে অন্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের সাফল্যের কোন পরিসংখ্যান সরকারের নিকট আছে কি?

Minister of State for the Forest Deptt :

(ক) অবৈধ বৃক্ষচ্ছেদনজনিত কারণে বেশ কিছু পরিমাণ বনভূমি ১৯৭২ থেকে ধ্বংস হয়েছে।

(খ) অন্য রাজ্যের বিস্তারিত তথ্য জানা নেই। তবে সারা ভারতে বন্যপ্রাণী সংরক্ষণের জন্য যেখানে শতকরা ১২ ভাগ সংরক্ষিত আছে সেখানে এ রাজ্যে মোট বনভূমির ৩৪ শতাংশ সংরক্ষিত আছে।

ভারতের অন্যান্য ব্যাঘ্র প্রকল্পের তুলনায় সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পে বাঘের সংখ্যা ১৯৭৭ সালে ১৮১টি থেকে বেড়ে ১৯৮৪ সালে ২৬৪টি হয়েছে। বনাঞ্চল সংরক্ষণে বিশেষ 'বনরক্ষী বাহিনী' গঠনের ব্যবস্থা করা হচ্ছে।

নতুন পর্যটন কেন্দ্র স্থাপন

*৪৫। (অনুমোদিত প্রশ্ন ন; *২৬২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** পর্যটন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) বর্তমানে রাজ্যে নতুন পর্যটন কেন্দ্র স্থাপনের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত পর্যটন কেন্দ্রগুলি কোথায় কোথায় স্থাপিত হইবে ?

Minister of State for the Tourism Deptt :

(ক) হ্যাঁ ।

(খ) পর্যটন কেন্দ্রগুলি স্থাপনের খসড়াগুলি এ যাবত কেন্দ্র ও রাজ্য স্তরে মূল্যায়ন পর্যায় থাকার জন্য নির্দিষ্টভাবে বলা সম্ভব নয়। তবে সুন্দরবন অঞ্চল, হাওড়া জেলার গাদিয়াড়া, দার্জিলিং জেলার বিজনবাড়ী ও পুরুলিয়া জেলার অযোধ্যা পাহাড় জঙ্গলের উল্লেখ করা যেতে পারে।

বেলেঘাটা ক্যানালের সন্নিহিত এলাকা জবর দখল

*৪৬। (অনুমোদিত প্রশ্ন ন; *৩৪৪।) **আলুমত আর হীরা :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) ইহা কি সত্য যে সেচ দপ্তরের বেলেঘাটা ক্যানালের পামারবাজার সন্নিহিত কিছু এলাকা (অরেঞ্জ শুরা) স্থানীয় কিছু ব্যক্তি বেআইনী ভাবে দখল করিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, উক্ত ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

Minister -in-charge for the Irrigation and Waterways Deptt :

(ক) হ্যাঁ, সত্য।

(খ) গত ১৯৮১ সালে পুলিশের সহযোগিতায় ব্যাপকভাবে অবৈধ দখলকারীদের উক্ত এলাকা উচ্ছেদ করা হইয়াচিল। তাহার পর নূতনভাবে কিছু লোক পুনরায় অবৈধভাবে দখল করিয়াছে। এই বৎসর গত জুলাই মাসের ১৬ তারিখে মাইক যোগে অবৈধ দখলকারীদের সন্নিহিত অঞ্চল হইতে উঠিয়া যাওয়ার জন্য প্রচার করা হইয়াছে। বর্তমানে অবস্থা পর্যবেক্ষণ করা হইতেছে যাহাতে অদূর ভবিষ্যতে পুনরায় অবৈধ দখলকারীদের সরকারী জায়গা হইতে সম্পূর্ণভাবে উচ্ছেদ করা যায়।

Adjournment Motion

Mr. Speaker : To-day I have received three notices of Adjournment Motion. The first is from Shri Abdul Mannan on the subject of acute transport problem in the State. The second is from Shri Kashi Nath Misra and Shri Samar Mukherjee on the subject of looting, arson and murder at Keshpur and adjoining villages in Midnapur district and the last is from Shri Samar Mukherjee on the subject of alarming situation is Mahanandatola and Dilmimari Gram Panchayats of Malda district due to erosion or rivers Ganga and Phulhar.

The subject matter of the first motion does not call for the adjournment of the House. The Member may call the attention of the Minister concerned through calling Attention, Question, Mention etc. The subject matters of the second and last motions were raised yesterday through adjournment Motion to which I withheld my consent.

I, therefore, withhold my consent to all of them. One member of the party may, however, read out the text of the motion as amended.

শ্রী সমর মুখার্জি : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবী রাখছে। বিষয়টি হল-৩১শে আগষ্ট। মেদিনীপুরের কেশপুর গ্রামে হত্যাকাণ্ড, লুঠতরাজ এবং অগ্নিসংযোগের জন্য ঐ এলাকার মানুষ আতঙ্কগ্রস্থ। কেশপুরের উপদ্রুত ৮টি গ্রামের শত শত মানুষ অনাহারে দিনযাপন করছে। রাজ্য সরকার এ ব্যাপারে নির্বাক হয়ে আছেন; ত্রাণ ব্যবস্থাও নেই।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 14 notices of Calling Attention, namely :

1. All eged murder of on Nurjel Haque Mondal, a member of Panchayat Samiti of Ranaghat, Nadia on 28.8.1985.

- Shri Satish Biswas.

2. Alarning situation at Darjeeling over admission of students in Darjeeling College.

- Shri Kasinath Mishra and Shri Samar Mukherjee.

3. Sectarian activities of the organisation "Lamp" in Bankura.

- Shri Sukhendu Khan.

4. Increase of anti-social activities and crimes in Nadia District.

- Shri Gour Chandra Kundu.

5. Progress in work for notification of "Lower Damodar Project"

- Shri Barindra Nath Kolay.

- Shri Manindra Nath Jana.

- Shri Sachindra Nath Hazra.

- Shri Haran Hazra. and

- Shri Joykesh Mukherjee.

6. Measures taken by Govt. of West Bengal against Maleria.

- Shri Jayanta Biswas

7. Flood in Midnapore and Hooghly Districts.

- Shri Abdul Mannan

8. Appoiniment of a Teacher of Coaljan High School, Murshidabad and B. K. M. Girls High School at Maldah District.

- Shri Satya Bhattacharyya.

9. Misappropriation of Provident Fund Accounts of the employees of Howrah Municipal Corporation.

- Shri Asok Ghosh.

10. Insecured condition prevailing in Health Centres of West Bengal.

- Shri Anup Kumar Chandra.

- Shri Jokhilal Mandal.

- Shri Samar Mukherjee and Shri Amarendranath Bhattacharyya.

11. Bus strike by the West Dinajpur Bus Owners Federation with effect from 22.8.1985.

- Shri Suresh Sinha

12. Role of the Union Government regarding closed and Sick Industries of West Bengal.

- Shri Sadhan Chattopadhyay and Shri Dilip Mazunmar.

13. Alarnding situation in Ratua Assembly Constituency due to erosion of the rivers Ganga and Fulhar.

- Shri Samar Mukherjee.

14. Reported leakage of poisionous gas in Bondel Road area.

- Shri Anil Mukherjee.

I have selected the notice of Shri Kashinath Misra and Shri Samar Mukherjee on the subject of alarming situation of Darjeeling over admission of student in Darjeeling College. The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date for the same.

Shri Nirmal Kumar Bose : ১০ তারিখ।

Mention Cases

শ্রীকাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিন্তু এখানে দেখছি মন্ত্রীসভার মাননীয় সদস্যরা নেই বললেই চলে। সরকার যেখানে চাইছেন দেশের উন্নতি , বিভিন্ন সমস্যার সমাধান, সেখানে কিভাবে সমাধান জেলাগুলিতে হচ্ছে সেটা যদি লক্ষ্য করা যায় তাহলে বুঝতে পারা যায়। বাঁকুড়া জেলাতে বিদ্যুত সমস্যা এত প্রকট হয়েছে যে সেখানে গত ৫ মাস ধরে দিনে ২০ ঘণ্টা বিদ্যুত নেই। ডি. পি. এল. বিদ্যুত মন্ত্রী, মুখ্যমন্ত্রী মহাশয়কে বার বার বলেছি, বিনয় বাবুকে বলেছি, কিন্তু কোন প্রতিকার হয়নি। বাঁকুড়া জেলায় ছোট বড় কলকারখানা কিছু নেই, যে তেলকলগুলি আছে সেগুলি বন্ধ হয়ে গেছে বিদ্যুতের অভাবে। সেলুন গুলিতে মানুষ চুল দাঁড়ি কামায়, সেই সেলুনগুলি সন্ধ্যার পর বন্ধ মিষ্টি ব্যবসায়ীরা পথে বসেছে। হকারদের তো কথাই নেই। বাঁকুড়া জেলায় কোন রকম বিদ্যুত সরবরাহ হচ্ছে না। যেটুকু ডি. পি. এল. দিচ্ছে তাও বেশির

ভাগ দিন ট্রান্সফরমার ব্রেক ডাউন থাকার জন্য বিদ্যুত সরবরাহ হচ্ছে না। বিদ্যুত না থাকার জন্য সেখানে চুরি, ডাকাতি, ছিনতাই ব্যাপকভাবে বেড়েছে। সেখানে পুলিশ এ্যাডমিনিষ্ট্রেসান এত স্বল্প যে তারা কোন রকম ব্যবস্থা গ্রহণ করতে পারছে না। অবিলম্বে বাঁকুড়া জেলায় বিদ্যুত সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হোক।

Shri Subrata Mukherjee : Mr. Speaker Sir, I rise on a Point of Order. I draw your attention towards the Treasury Bench. Very few Ministers are present there. Only mikes are there. Important issues are raised in the Mention Hour. The Ministers should be present. It is a question of the prestige of the House.

মিঃ স্পীকার : পতিত বাবু, আপনি এটা একটু দেখুন।

শ্রীশশাংক শেখর মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বীরভূম জেলার রামপুরহাট মহকুমা হাসপাতালের মর্মান্তিক দুরবস্থার কথা তুলে ধরতে চাই। সেখানে একটা শয্যাতে ৪ জন করে রোগী শুয়ে আছে, এপাশে ২ জন, ওপাশে ২ জন। সেখানে ওষুধ নেই, হাসপাতালের প্রয়োজনীয় জিনিসপত্র নেই এবং হাসপাতালটি নোংরায় ভর্তি। সেখানে কুকুর ঘুরে বেড়াচ্ছে। কাগজে বেরিয়েছে কুকুরের পেট থেকে ছেলে বেরিয়েছে। কয়েকদিন পরে দেখব মা সমেত ছেলে কুকুরের পেট থেকে বেরিয়েছে। এই হাসপাতালে ওষুধের ব্যবস্থা, সেবার ব্যবস্থা, শয্যা সংখ্যা বৃদ্ধির ব্যবস্থা করা হোক। আপনি স্বাস্থ্যমন্ত্রীকে এই সংবাদ দিন যাতে তিনি এই হাসপাতালের উন্নতি করেন, না হলে আমরা জনসাধারণের সামনে মুখ দেখাতে পারছি না।

মিঃ স্পীকার : মিঃ. পাঠক. মেনসন আওয়ারে আমাদের কাস্টম হচ্ছে সিনিয়র মিনিস্টাররা হাউসে থাকবেন। আপনারা একটা এ্যারেঞ্জমেন্ট করেছেন কোশ্চেন আওয়ারে মিনিস্টাররা হাউসে থাকবেন। মেনসন আওয়ারে মেম্বাররা মিনিস্টারদের উপস্থিতি নিয়ে এখন যা বললেন তাতে আমি বলছি, মেনসনের সময়ও যাতে মিনিস্টাররা বেশী সংখ্যায় হাউসে থাকেন তার ব্যবস্থা করুন।

[2-10-2-20PM.]

শ্রীসুনীল দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জলপথ বিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সুবর্ণরেখা নদীর পারে বাসজোরা গ্রামের কাছে বিরাট ধ্বস নেমেছে শ্রাবণ ভাদ্র মাসে। প্রায় ২০০ গজের মত নদীর পার ভেংগে নষ্ট হয়ে গেছে। অবিলম্বে এই ভাংগন বন্ধ নাহলে ওই বাসজোরা গ্রামটি সুবর্ণরেখা নদীর অতল জলে তলিয়ে যাবে এবং ৫ হাজার একর জমি বালি চাপা পড়বে। কাজেই আমি অনুরোধ করছি অবিলম্বে এই ভাংগন রোধের ব্যবস্থা করুন।

শ্রীনবকুমার রায় : মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলার হাস্তাবাদ থানার বাহারাল মৌজার একটি খুনের ঘটনা আমি পুলিশ মন্ত্রীকে জানাতে চাই। গত ৩১. ৮. ৮৫. তারিখ সকাল ৭টার সময় আমাদের একজন সক্রীয় কংগ্রেস কর্মী নাম, জিতেন ঘোষ তার চাষের জমির দিকে যাচ্ছিল। ঠিক সেই সময় কতিপয় দুষ্কৃতকারী তাকে রাস্তার উপর খুন করে। পুলিশকে এজাহার দেওয়া সত্বেও প্রথমে তারা নিষ্ক্রীয় ভূমিকা নিয়েছিল, পরে জনগণের চাপে ২/৪ জনকে এ্যারেস্ট করেছে। পুলিশ যাদের এ্যারেস্ট করেছেন তারা সরকারী দলের সদস্য এবং তার মধ্যে একজন হচ্ছে স্থানীয় লোকসভা সদস্যের আপন জামাতা আমি শুনলাম অনেক এম. এল. এ জানেনই না এই পশ্চিম দিনাজপুর জেলাটা কোথায়। যাহোক, আমি এর আগেও বলেছি আমাদের জেলায় আইন শৃঙ্খলা বলে কিছু নেই। সেখানকার পুলিশ কর্মচারীরা নিজেদের স্বার্থে সেখানে রয়েছে. মানুষের স্বার্থে নয়। রায়গঞ্জ, কালিয়াগঞ্জ প্রভৃতি এলাকা একেবারে বাংলা দেশের বর্ডারে অবস্থিত। ওখানে যেভাবে চুরি, ডাকাতি বেড়েছে সরকার তার কোন প্রতিকার করতে পারেন নি।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য সত্যপদ ভট্টাচার্যকে বলছি, আপনার মেনসন হবে না। আপনি কোশ্চেনের ভবিষ্যত কি হবে যেটা জানতে চেয়েছেন তাতে আমি আগেই বলেছি যেগুলোর উত্তর হবে না সেগুলো লেড অন দি টেবেল হবে আণ্ডার দি রুলস।

শ্রীশিব প্রসাদ দলুই : মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে জানাতে চাই। বাঁকুড়া থেকে রায়না পর্যন্ত রেল ঠিকভাবে চলছেনা। ট্রেন মাঝপথে কখনও কখনও দাঁড়িয়ে যাচ্ছে এবং যাত্রী সাধারণ ট্রেনের ছাদে এবং পাদানীতে ঝুলে যাচ্ছে।

এতে মানুষের খুব দুর্ভোগ হচ্ছে। কর্মচারীরা ঠিক সময় মত বেতন পাচ্ছে না। শুনছি যে লোকসান হচ্ছে বলে এটা বন্ধ করে দেওয়া হবে। আমাদের প্রাক্তন রেল মন্ত্রী শ্রীগনিখান চৌধুরী মহাসয় এই রেলকে সংস্কার করার আশ্বাস দিয়েছিলেন। তিনি বলেছিলেন এই রেলের একটা ব্যবস্থা হবে। কিন্তু আজকে তার কোন আভাস পাচ্ছিনা। তাই আমি আপনার মাধ্যমে বর্তমান রেল মন্ত্রীকে অনুরোধ করছি যে তিনি যেন এর সুব্যবস্থা নেন।

মিঃ স্পীকার : The subject matters of Shri Abdul Karim Chowdhury and Shri Jayanta Kumar Biswas have been admitted and statements will be made afterwards.

শ্রীধীরেন্দ্র নাথ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থানে উল্লেখ করতে চাই। স্যার, আপনি জানেন যে আমাদের পশ্চিম দিনাজপুর জেলার একটা বিরাট অংশ সীমান্ত এলাকা রয়েছে। এই সীমান্ত এলাকা থাকার দরুন এবং ঠিক মত পর্যবেক্ষণ রাখা সম্ভব না হবার জন্য সেখানে [illegible] ভীষণভাবে চলছে এবং সেই সংগে সেখানে ওপারের লোক এপারে চলে আসছে এবং দিন দুপুরে চুরি ডাকাতি

করে যাচ্ছে। এবং ঐ কুসতী এলাকার লোকরা চরম দুর্দশায় পড়েছে সেখানে চুরি ডাকাতি বেড়েই চলেছে। তাই আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর কাছে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানাচ্ছি এবং অবিলম্বে যাতে সেখানে চুরি ডাকাতি বন্ধ হয় তার ব্যবস্থা নেবার জন্য দাবী জানাচ্ছি।

শ্রীরবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মৎস্য মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে হাওড়ার উলুবেড়িয়া ও শ্যামপুর এলাকার মৎস্যজীবিরা একটা চরম অবস্থার মধ্যে পড়েছে। ভাগীরথী, দামোদর, রূপনারায়ণ নদীতে মাছ নাই। সরকার থেকে তাদের যে অনুদান দেওয়া হয়েছে, সেই টাকা আদায়ের জন্য তাদের উপর নোটিশ জারী করা হয়েছে। তাদের নৌকা জাল ইত্যাদি টেনে নিয়ে যাওয়া হচ্ছে। এই সব মৎস্যজীবীরা তপশীল জাতি সম্প্রদায়ভুক্ত। তারা কোন রকম মাছ পাচ্ছে না। এই সময় সরকারের উচিত তাদের সাহায্য দেওয়া। কিন্তু তা না দিয়ে তাদের উপর নোটিশ জারী করা হচ্ছে। তারা আজকে অনাহারে অর্ধাহারে দিন কাটাচ্ছে। তারা রাস্তায় ভিক্ষার ঝুলি নিয়ে বেরিয়েছে। এই দিকে বিশেষ নজর দেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে মত্স্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

শ্রীআবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র আরামবাগ মহকুমা হাসপাতালের অবস্থা সম্পর্কে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই আরামবাগ মহকুমার হাসপাতালে দুটি এ্যাম্বুলেন্স ও একটি জীব গাড়ী আছে। তার মধ্যে দুটি বিগত চার বছর যাবত খারাপ হয়ে পড়ে আছে। আজ পর্যন্ত ঐ গাড়ীগুলিকে সারানো হচ্ছে না। অথচ তিন জন ড্রাইভার ও তিন জন ক্লিনার গাড়ী খারাপ থাকা সত্বেও ওভারটাইম নিয়ে যাচ্ছে। কোন রোগী ঐ যে এ্যাম্বুলেন্সটি রয়েছে তার কোন রকম সুযোগ পাচ্ছে না। হাসপাতালের ডাক্তার এবং কিছু স্বার্থান্বেষী লোক এই গাড়ীটিকে ব্যবহার করছেন। ক্যারিং কনট্রাকটাররা কলকাতা থেকে অক্সিজেন নিয়ে হাসপাতালে নিয়ে যাচ্ছে। সেখানে কলকাতায় রোগী আনতে হলে রেডক্রস থেকে ১০০ টাকা দিয়ে গাড়ী ভাড়া করে রোগীদের নিয়ে আসতে হচ্ছে। আবার দেখুন খানাকুল হাসপাতালে এ্যাম্বুলেন্স আছে কিন্তু সেখানে ড্রাইভার নেই। এই অবস্থায় কাজ হচ্ছে। শুধু তাই নয় আরামবাগ হাসপাতালের সমস্ত ম্যাট্রেসগুলো, কম্বলগুলো বাইরে চলে যাচ্ছে। দিনের পর দিন বলেছি, মন্ত্রীকে বলেছি, চিঠি দিয়েছি, কোনও উত্তর পাইনি। অবাক হয়ে যেতে হয়, পি. এইচের একজন কর্মী, তিনি যেহেতু কোঅর্ডিনেশন কমিটির নেতা, তাই হাসপাতাল থেকে কম্বল ম্যাট্রেস সে তার বাড়িতে নিয়ে চলে যাচ্ছে। এই বিষয়ে একটা এনকোয়ারি কমিটির ব্যবস্থা পর্যন্ত করা হয়নি।

[2-20-2-30PM]

শ্রীসুরেশ সিংহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি ঘটনার প্রতি স্বরাষ্ট্র পুলিশ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হলো, আমার বিধানসভা কেন্দ্র করণ দীঘি হচ্ছে বাংলাদেশ সংলগ্ন সীমান্তবর্তী একটি অঞ্চল। এই এলাকাতে কিছুদিন যাবত্‍ চোরাকারবারী, স্মাগ্লিং, কালোবাজারী ভীষণ ভাবে বেড়ে গেছে। এর মূলে হচ্ছে বাংলাদেশ সীমান্ত রক্ষী বাহিনী তারা ঐ এলাকায় বাংলাদেশের সমাজবিরোধীদের নিয়ে সুপরিকল্পিত ভাবে গরু চুরি, কালোবাজারী, স্মাগ্লিং এই সব করে যাচ্ছে। করণদীঘি থানায় পুলিশের সংখ্যা অত্যন্ত কম বি. এস. এফ. এর যে ক্যাম্প আছে সেটা দূরে। এর সুযোগ নিয়ে ভাবর্তীয় সীমান্ত গ্রামগুলোতে বি. ডি. আর. এর সহায়তায় চোরাকারবারীরা স্মাগ্লিং করে চলেছে। এই সব বন্ধ করার জন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বি. এস. এফ. পর্যায়ে, উচ্চ পর্যায়ে, সরকারী পর্যায়ে বৈঠক করে যাতে ঐ সীমান্তবর্তী গ্রামগুলিতে চোরাকারবারী বন্ধ করা হয়, সেই ব্যবস্থা তিনি যেন করেন।

ডাঃ শুশোভন ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় জানাতে চাইছিলাম, কিন্তু উনি এখানে নেই আপনি একটু শুনবেন। বীরভূম পর্যটকদের একটা তীর্থক্ষেত্র। গত এপ্রিল মাসে এই বিষয়টা আমি জানিয়েওছিলাম যে ইলামবাজার থেকে বোলপুর পর্যন্ত যে রাস্তা, এই রাস্তায় প্রতি সপ্তাহে তিন চারবার করে বাস, লরী ছিনতাই হচ্ছে। গত পরশু রাত সাতটার সময় একটা বাস থামিয়ে ছিনতাই করা হয়। ঐ বাসে সাধারণ গ্রামের মানুষ যারা দুর্গাপুর-এ জিনিসপত্র নিয়ে গিয়েছিল বিক্রি করার জন্য, কিছু ছাত্রছাত্রীও ছিল, সেই বাস ছিনতাই করা হয়। তারপর আরও চারটি লরী লুঠ হয়। একজন লোক মোটর সাইকেলে করে যাচ্ছিল, তার মাথা ফাটিয়ে সমস্ত লুঠ করে নেওয়া হয়। বন কেটে লরি দাঁড় করিয়ে প্রতি সপ্তাহে তিন চার বার করে ডাকাতি হচ্ছে। ঐ এলাকায় ১০ মাইলের মধ্যে থানা আছে তিনটি, কাঁকশা, ইলামবাজার, বোলপুর থানা। এই তিনটি থানা থাকা সত্বেও যদি আমরা সাধারণ মানুষকে প্রটেকশন দিতে না পারি তাহলে এটা খুব লজ্জার বিষয়। সেই জন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীহিমাংশু কোঙার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর কাছে একটি জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার অন্যান্য ব্লকের মত কেশপুরেও স্পেসাল রাইস প্রডাকশন প্রোগ্রাম নেওয়া হয়েছে। কিন্তু খুব দুঃখের কথা, রাজ্য সরকারের সাহায্য যথা সময়ে গেলেও কেন্দ্রীয় সরকারের সাহায্য যথা সময়ে পৌছয় না। বিশেষ করে মিনি কীট খুব দেরীতে পৌছেছে-জুলাই মাসের শেষে। ঐ সময় চাষীদের আর চাষ করতে বাকী থাকে না। তারা অধিকাংশ আবাদ করে ফেলেছে। সেই অবস্থায় মিনি কীট গেছে, ওষুধ গেছে। কিন্তু এই প্রকল্পকে যদি সফল করতে হয় তাহলে আরও অনেক আগে সাহায্য পাঠাতে হবে। কারণ হেডকোয়ার্টার থেকে গ্রামাঞ্চল দূরে এবং যোগাযোগ ব্যবস্থা ভাল নেই। সেই জন্য এই সব সাহায্য যাতে হেডকোয়ার্টারে আরও আগে পৌছয় সেই ব্যবস্থা করতে হবে। কৃষকরা যাতে সঠিক ভাবে কাজ করতে পারে, মিনি কীট কাজে লাগাতে পারে সেই ব্যবস্থা করতে হবে। সেই সংগে সংগে যাতে কীট নাশক ঔষধও ঠিক ভাবে যথা সময়ে পৌছায় তার ব্যবস্থা করতে হবে যাতে তারা প্রয়োজনে প্রয়োগ করতে পারে। সেই জন্য এই ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি সঠিক ব্যবস্থা নেন।

শ্রীভূপেন্দ্র নাথ শেঠঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় এগ্রিকালচার মিনিষ্টারের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সাপোর্টিং প্রাইস পাটের জন্য একটা নির্দিষ্ট করা হয়েছে ষ্টেট গভর্ণমেন্ট, জে. সি আই এর সংগে এবং সেই সাপোর্টিং প্রাইসে গ্রামের সাধারণ কৃষকের কাছ থেকে জে. সি. আই পাট কেনার জন্য প্রস্তুতি নিয়েছে। কিন্তু মডালিটি অব দি পারচেজ যেটা ঠিক হয়েছে, পাট কেনার জন্য যে পদ্ধতি পশ্চিমবঙ্গ সরকার করেছেন, সেখানে বলা হচ্ছে যে কার্ড না হলে কোন কৃষক পাট বিক্রয় করতে পারবে না। গত বছর যে কার্ড ছিল সেটা রিনিউ করতে না পারলে তারা পাট বিক্রয় করতে পারবে না। পশ্চিমবঙ্গ সরকারের যে সমস্ত সরকারী অফিসাররা আছেন, তারা আজ পর্যন্ত কৃষকের হাতে কার্ড রিনিউ করছে না বা নূতন কার্ডও দিচ্ছে না। এদিকে জে. সি. আই বসে আছে, কৃষকরা পাট বিক্রয় করতে পারছে না, তারা একটা হতাসার মধ্যে পড়েছে । আমি এগ্রিকালচার মিনিষ্টারকে আপনার মাধ্যমে অনুরোধ করছি যে অন্ততঃ মডালিটির রিল্যাকসেশান করে যাতে সাপোর্টিং প্রাইসে পাট তারা জে. সি. আই এর কাছে বিক্রয় করতে পারে সেই ব্যবস্থা করা হোক এবং এটা যাতে ত্বরান্বিত করা হয় তার জন্য ব্যবস্থা করা হোক। আর একটা কথা হচ্ছে, প্রত্যেক কার্ডে ২ কুইন্টাল এর বেশী এক সংগে বিক্রয় করতে দেওয়া হচ্ছে না। কাজেই এই সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি।

শ্রীকমল কান্তি গুহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূপেনবাবু যে কথা বললেন, আমি তাকে সেই সম্পর্কে জানিয়ে দিতে চাই যে জে. সি. আই-এর আমলে আমাদের কথা হয়েছে যে যদি কোন কৃষক কার্ড রিনিউ করতে পারেন তাহলে সেটাতে চলবে। আর যদি কোন কার্ড রিনিউ করতে না পারেন তাহলে পুরানো কার্ড দেখালেই হবে। আর যদি পুরানো কার্ড না থাকে তাহলে একটা সার্টিফিকেট নিয়ে আসবেন জে. এল. আর. ও বা বি. ডি. ওর কাছ থেকে যে তিনি এখানকার কৃষক। এটা করলেই হয়ে যাবে। আর দুই কুইন্টাল করে পাট এক একজন কৃষক এক একবারে বিক্রয় করতে পারবে জে. সি. আই-এর কাছে। এটা জে সি. আই-এর সাজেশান। এক একজন কৃষকের কাছ থেকে ২ কুইন্টালের বেশী কিনতে পারবে না তাহলে এটা কভার করতে পারবে না। এই অনুরোধ করা হয়েছে।

শ্রীকমলাক্ষী বিশ্বাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। বাগদা থানার আবাড়ু গ্রাম পঞ্চায়েতের মালিপোতা গ্রামে গত ২ তারিখে কমরেড অনিল পোদ্দারের বাড়িতে নকশালদের নাম করে কিছু দুস্কৃতকারী ঢুকে পড়ে এবং তার বাড়ি লুটপাঠ করে এবং সেই সংগে তার দুই ভাইকে ধরে নিয়ে যায়। পরে অবশ্য তাদের ফিরিয়ে দেয়। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই দুস্কৃতকারীদের দৌরাত্ম্য কমে তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

[2-30–2-40PM.]

শ্রীবিভূতি ভূষণ দেঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি আমি এর আগেও উল্লেখ করেছিলাম, এখন আবার উল্লেখ করছি যে, মেদিনীপুর জেলায় বাস, লরি পরিবহন শিল্পের সংগে নিযুক্ত অসংখ্য শ্রমিকের কোন নিয়োগ-পত্র নেই। তাদের যে মজুরি দেওয়া হয় তা বাঁচার মত নয়। দীর্ঘদিন তাদের কোন মজুরি বৃদ্ধি হয়নি। মাসে ৪ দিন সবেতন ছুটি, মজুরি বৃদ্ধি, নিয়োগ পত্র, পোষাক ইত্যাদি বিভিন্ন দাবীতে তারা দীর্ঘদিন ধরে জেলা শাসকের কাছে জানিয়ে আসছে। এমন কি এই নিয়ে তারা বিভিন্ন সময়ে কর্ম বিরতির পথে পর্যন্ত গেছে সম্প্রতি কিছুদিন আগে এইসব দাবী দাওয়া নিয়ে বেলদা, এগরা, কেশপুর, কেশিয়াড়ি, নোয়াদা, বালিচক, ঘাটাল প্রভৃতি জায়গায় একদিন করে প্রতীক ধর্মঘট এবং বিক্ষোভ প্রদর্শন করা হয়েছে। কিন্তু এতেও মালিক পক্ষ নীরব আছে স্থানীয় ভাবে কোন কোন জায়গায় মালিক পক্ষ কিছু কিছু অংশের শ্রমিককে নিয়োগপত্র দিচ্ছে বটে, তবে সিংহ-ভাগ মালিকই নিয়োগপত্র দিচ্ছে না। ফলে বেআইনীভাবে শ্রমিক ছাঁটাই হচ্ছে। সম্প্রতি এই বিষয়ে জেলাশাসকের কাছে ডেপুটেসন দেওয়া হয়। কিন্তু জেলাশাসক রহস্যজনকভাবে চুপ করে আছেন। অবিলম্বে এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা না নেওয়া হলে মেদিনীপুর জেলা ট্রানসপোর্ট ওয়ার্কার্স ইউনিয়ন, সি. আই. টি. ইউ-এর তরফ থেকে জেলা ব্যাপী ধর্মঘটের ডাক দিতে বাধ্য হবে।

ডাঃ সুকুমার রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী, তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি গত ২৪.৭.৮৫. তারিখে পুরুলিয়া জেলায় আরসা থানার অন্তর্গত ঘেসলা গ্রামে পুলিশ বিনা প্ররোচনায় গুলি চালিয়েছে এবং ৩ টি শিশু সহ নারী, পুরুষকে আহত করেছে। ঘটনাটা হচ্ছে ওখানে যারা পাট্টা পেয়েছে তাদের জমি সম্বন্ধে কোন ডিসপিউট আছে। এই কথা মেনে নিয়ে ওখানে ৪ ম্যান কমিটি করে তাদের উপর দায়িত্ব দেওয়া হয়েছিল ডিসপিউট মেটানোর এবং তাদের অজ্ঞাতসারে পুলিশ সেখানে গিয়ে বিনা প্ররোচনায় গুলি চালিয়েছে। সেখানে যারা ছিল তারা সব অসহায় নারী, শিশু। পুলিশের বক্তব্য হচ্ছে ওরা তাদের আক্রমণ করেছিল। আমরা মনে করি নারী এবং শিশুরা পুলিশকে আক্রমণ করতে পারে না।

১২১ নং প্লটটি হচ্ছে ডিসপিউটেড ল্যাণ্ড। কিন্তু ঘটনাটি ঘটে ১২০ নং প্লটে। আম্মু মাহাতোর রায়তি স্বত্ব আছে। ঘটনাটি ডি. এম. কে জানিয়ে একটা ম্যাজিষ্টেরিয়াল এনকোয়ারি করতে বলেছিলাম। তিনি কথা দিয়েছিলেন, কিন্তু ১মাস হয়ে গেল পর্যন্ত তিনি কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীকে এই বিষয়ে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ: মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গত আর্থিক বছরে উচ্চ শিক্ষায় গবেষণার জন্য ৬ হাজার ক্যানডিডেটকে ফেলোসিপ ষ্টাইপেণ্ড দেওয়া হয়েছিল। কিন্তু হঠাৎ এই সংখ্যা কমিয়ে ৬ হাজারের জায়গায় ১২০০ ক্যানডিডেট করা হয়েছে। সারা ভারতবর্ষে ১১০/১১৫ টির মত বিশ্ববিদ্যালয় আছে। পশ্চিমবাংলার ভাগে ১০/১২ টি ক্যানডিডেট পড়ছে, যারা এই ফেলোসিপ ষ্টাইপেণ্ড পাবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের আণ্ডারে প্রায় ৭২ টি বিষয় পড়ানো হয় এবং এই ক্ষেত্রে উচ্চ শিক্ষার যথেষ্ট সুযোগ আছে। মাত্র ১২ টি ক্যানডিডেটকে ফেলোসিপ ষ্টাইপেণ্ড দেবার ব্যবস্থা হলে অনেক বিষয়েই যারা প্রথম শ্রেণীতে প্রথম হবেন তারা এই ফেলোসিপ ষ্টাইপেণ্ডের সুযোগ পাবেন না। এর দ্বারা আমরা মনে করছি কেন্দ্রীয় সরকার শিক্ষা সংকোচন নীতি গ্রহণ করেছেন। কিছুদিন আগে আমাদের নবীন প্রধানমন্ত্রী লক্ষ্ণৌ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে বলেছিলেন উচ্চ শিক্ষা সকলের জন্য নয়। সুতরাং উচ্চ শিক্ষার দরজা সাধারণ ঘরের ছাত্রদের বন্ধ করে দেবার চেষ্টা চলেছে। উচ্চ শিক্ষা গবেষণার ক্ষেত্রে যথেষ্ট পরিমাণে ফেলোসিপ ক্যানডিডেট-এর সংখ্যা বৃদ্ধি করা এবং ষ্টাইপেণ্ডের হার বৃদ্ধি করার দাবী জানাচ্ছি।

শ্রীমসলেউদ্দিন আহমেদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মতস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, বর্তমানে পশ্চিমবঙ্গের সর্বত্র মাছের অনটন চলেছে এবং মাছের এই দুষ্প্রাপ্যতার জন্য মাছের দরও বেড়ে চলেছে। বর্তমানে কমপক্ষে ১৫ টাকা কিলো দরে মাছ বিক্রি হচ্ছে এবং উর্দ্ধ পক্ষে ৫০ টাকা কিলো দরে মাছ বিক্রি হচ্ছে। স্যার, মাছের এই উচ্চ দরের জন্য আমাদের পশ্চিম দিনাজপুরে কতকগুলি সমস্যার সৃষ্টি হয়েছে, সেগুলির প্রতি আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। প্রথম সমস্যা হল, বড় রাস্তার ধারে ধারে যে সমস্ত নয়নজুলি আছে, যে সমস্ত নয়নজুলিতে কৃষকরা জল আটকে রেখে জলের অভাবের সময় সেই জল দিয়ে সেচের ব্যবস্থা করতো বর্তমানে মাছের অত্যাধিক দর থাকায় গ্রামের গরিব লোকরা সেই জল কেটে দিয়ে মাছ ধরছে। যারা কাটছে তাদের বললে তারা বলে এ জায়গা তো তোমাদের নয়, আমরা কাটছি তোমাদের কি আমরা এখানে মাছ মারবো। দ্বিতীয় সমস্যা হচ্ছে, কৃষকদের যে সমস্ত পুকুর আছে সেই পুকুরের জল আটকে রেখে জলসেচের ব্যবস্থা করা হত কিন্তু বর্তমানে মাছের দর অত্যন্ত বেশী থাকায় রাতের অন্ধকারে দুর্বৃত্তরা জল কেটে দিয়ে মাছ ধরে নিচ্ছে। এই সব ঘটনা ঘটেছে এবং কোন কোন লোককে ধরাও হয়েছে। পুলিশকে বলা হচ্ছে কিন্তু পুলিশ কোন ব্যবস্থা করছে না। আমি এ ব্যাপারে দৃষ্টি দেবার জন্য সরকারের কাছে অনুরোধ করছি।

শ্রীসুখেন্দু খান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বাঁকুড়াজেলার পানচাষীদের অবস্থা এবং অবস্থান সম্পর্কে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সারা ভারতবর্ষে পান চাষে লেনদেনের মাধ্যমে যে ৬শো কোটি টাকা আদায় হয় তারমধ্যে এক পশ্চিমবঙ্গ থেকেই ৪শো কোটি টাকা আদায় হয়। আর সারা পশ্চিমবাংলায় যে পান চাষ হয় তারমধ্যে বাঁকুড়ার স্থান তৃতীয়। কিন্তু স্যার, অত্যন্ত দুঃখের কথা বাঁকুড়া জেলার পান চাষীদের অবস্থা এবং অবস্থান সম্পর্কে রাজ্যসরকারের কাছে কোন রেকর্ড নেই। এটা আমরা জানতে পারলাম যখন আমরা গত ২৬শে জুলাই পি. এ. ওর কাছে ডেপুটেশান দিয়েছিলাম। তিনি বললেন বাঁকুড়া জেলার পান চাষ সম্পর্কে কোন রেকর্ড আমার কাছে নেই। স্যার, বাঁকুড়া জেলার ১১টি থানার মোট ৪শো হেক্টর জমিতে পান চাষ হয় এবং পানের বোরোজের সংখ্যা ১০ হাজার। এই পান চাষের সংগে ৮ হাজার ফ্যামিলি জড়িত এবং এতে প্রায় ৪০ হাজার লোকের কর্মসংস্থান হয়ে থাকে। স্যার, পানচাষীদের মহাজনদের শোষণের হাত থেকে রক্ষা করার জন্য আমি মাননীয় কৃষিমন্ত্রীর কাছে কয়েকটি প্রস্তাব রাখছি এবং সেগুলি বিবেচনা করে কার্যকরী করার জন্য অনুরোধ জানাচ্ছি। আমার প্রস্তাবগুলি হল : (১) অবিলম্বে বাঁকুড়া জেলায় পানচাষীদের স্বীকৃতি দিতে হবে এবং বাঁকুড়া জেলায় যে পান চাষ হয় এই রেকর্ড রাজ্যসরকারকে রাখতে হবে। (২) বাঁকুড়াজেলাতে পান গবেষণাকেন্দ্র করতে হবে। (৩) আই. আর. ডি. পির কৃষিলোন মারফত পানচাষীদের আর্থিক সাহায্য দিতে হবে। (৪) পানচাষীদের ফড়েদের হাত থেকে বাঁচাবার জন্য সরকারকে পানের ব্যবসায় নামতে হবে। (৫) বৈজ্ঞানিক প্রথায় পান চাষের জন্য প্রয়োজনীয় শিক্ষার ব্যবস্থা করতে হবে। (৬) বাঁকুড়ার পান রাণীগঞ্জ, আসানসোল, রাঁচি, বর্ধমান, দুর্গাপুর ইত্যাদি জায়গায় চালান যায় কাজেই অবিলম্বে পানচাষীদের স্বার্থে বাসে ও ট্রেনে পান চালান দেবার জন্য সুষ্ঠু ব্যবস্থা করতে হবে।

শ্রীসমর মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্যন করছি। স্যার, মালদহ জেলায় আমার বিধানসভা কেন্দ্রের মহানন্দাটোলা এবং বিলাইমারি এই দুটি গ্রামপঞ্চায়েতে যেখানে ৪০ হাজার লোকের বাস সেটা গঙ্গা এবং ফুলাহার নদীর চর এলাকা। এখানে প্রতি বছর গঙ্গা ও ফুলাহার নদীর ভাঙ্গনে ৫/৭ টি গ্রাম নিমজ্জিত হচ্ছে। এ বছর ফুলাহার নদীর বন্যায় ছবিটোলা, ফুলচাঁদটোল, বিনটোলা, হারাঙ্গীটোলা এই ৪ টি গ্রাম নদীতে কেটে পড়ে গিয়েছে। এখানকার প্রায় ২৫০ টি পরিবার আশ্রয়হীন হয়ে বিহার বাঁধে আশ্রয় নিয়েছে। বিহার পুলিশ সেখান থেকে সেই লোকগুলিকে তাড়িয়ে দিচ্ছে।

[2-40-2-50P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যখন বামফ্রন্ট সরকার আসামের বাঙ্গালীদের জন্য কুম্ভীরাশ্রু বর্ষণ করছেন তখন রতুয়া বিধানসভা কেন্দ্রে ৪০,০০০ মানুষ উদ্বাস্তু হতে চলেছে। সেই জন্য আমি আপনার মাধ্যমে বিষয়টি প্রতি মাননীয় সেচমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁর কাছে আবেদন করছি, অবিলম্বে ঐ মানুষগুলির জন্য ত্রাণের ব্যবস্থা করা হোক এবং জমি এ্যাকুইজিসন করে সেখানে তাদের বসান হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলার বাইরের বাঙ্গালীদের জন্য এখানে কুম্ভীরাশ্রু বর্ষণ করা হচ্ছে, অথচ বাংলার ভেতরেই পশ্চিমবাংলার অধিবাসী ৪০,০০০ মানুষ উদ্বাস্তু হতে চলেছে, আজ পর্যন্ত তাদের জন্য কোনো রকম ব্যবস্থা নেওয়া হয়নি।

শ্রীদ্বিজেন্দ্র নাথ রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিম দিনাজপুর জেলার [illegible] রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটিতে দীর্ঘ দিন ধরে ডাক্তার এবং নার্স নেই। ফলে সেখানকার মানুষদের প্রচণ্ড অসুবিধা হচ্ছে, তারা কোনো রকম চিকিৎসার সুযোগ পাচ্ছে না। গত কয়েক দিন ধরে ওখানে এস. এফ. আই এবং গণতান্ত্রিক যুব ফেডারেশনের ছেলেরা ডাক্তার ও নার্স দেওয়ার দাবীতে অবস্থান করছে। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, অবিলম্বে ঐ স্বাস্থ্য কেন্দ্রটিতে ডাক্তার এবং নার্স পাঠাবার ব্যবস্থা করা হোক। ওখানে কোনো ডাক্তার এবং নার্স না থাকার ফলে শুধু যে মানুষদের চিকিৎসারই অসুবিধা হচ্ছে, তা নয়, স্বাস্থ্য কেন্দ্রটি [illegible] আড্ডাখানায় পরিণত হয়েছে।

Shri Abdur Rauf Ansari : I would like to draw the attention of the Chief Minister who is also in charge of the Home (police) Department to the following facts that under this present Government when the price of any commodities are running high, the price of the human lives are becoming cheaper and cheaper. It was happened yesterday When Mohammad Salim, Congress worker was passing through Collin Street and Marquis Street, he was attacked by a renowned anti-social with a deadly weapon on a broad day light and cut off his leg nerves, Mr Salim was brought into National Medical College Hospital in a very precarious condition, But unfortunately, Sir, the culprit has not yet been arrested, The crimes and criminals are spreading fastly as musquitos and flies are increasing in the filthy water, mud and garbage. It is very unfortunate that the peace-loving men of the City are suffering much, There was a haratal in the Collin Street and Rafi Ahmed Quidwai Street due to brutal attack on Mr. Salim.

I would request the Hon'ble Chief Minister to take immediate steps for arresting the culprit and for restoring peace in the city life.

শ্রীসুভাষ গোস্বামী: মাননীয় অধ্যক্ষ মহাশয় সম্প্রতি ডায়েরেক্টর অফ্ স্কুল এডুকেশন থেকে জেলার মাধ্যমিক শিক্ষার পরিদর্শকদের কাছে একটা সার্কুলার পাঠানো হয়েছে। সেই সার্কুলারে সমস্ত মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের অনুমতি দেওয়া স্থগিত রাখতে বলা হয়েছে। এরফলে জেলার পরিদর্শকগণ নতুন পোষ্টে শিক্ষক নিয়োগ করা তো দূরের কথা, বিদ্যালয়ে যে সমস্ত শিক্ষকগণ আছেন তাদের ডেট অফ রিটায়ারমেণ্টে যে পদ শূন্য হচ্ছে সেইসব ক্ষেত্রেও শিক্ষক নিয়োগের অনুমতি দিচ্ছেন না। কেউ কেউ আবার আর এক ধাপ এগিয়ে গিয়ে অনুমতি দেওয়া হয়ে গেছে এবং তার পরিপ্রেক্ষিতে ইনটারভিউ নেওয়া হয়ে গেছে এবং তার প্যানেল পর্যন্ত ডি. আইয়ের কাছে অনুমোদনের জন্য জমা দেওয়া হয়েছে কিন্তু সেটা অনুমোদন করছেন না। সামগ্রিকভাবে মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে বিরাট অব্যবস্থা দেখা দেবে এবং পঠন-পাঠনের খুবই জটিলতা সৃষ্টি হবে। এরফলে ছাত্রছাত্রীদের বিক্ষোভ ধূমায়িত হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি তিনি যেন এই সভায় কি পরিস্থিতিতে এইরূপ সার্কুলার দিতে হলো তার ব্যাখ্যা করেন এবং তিনি যদি কোন বিকল্প পন্থার কথা ভেবে থাকেন সেই পন্থা না নেওয়া পর্যন্ত যাতে এই সার্কুলার কার্যকরী না হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীশৈলেন্দ্র নাথ চট্টোপাধ্যায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মন্ত্রী সভার এবং এই হাউসের সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করছি। গত আগষ্ট মাসের ১তারিখে কিম্বা ২তারিখ কিছু সংবাদপত্রে যেমন. বর্তমান, আজকাল, যুগান্তর এবং আনন্দবাজার প্রভৃতি কাগজে চাঁপদানী পৌরসভার ২জন কমিশনারের সম্বন্ধে অসত্য এবং চরিত্রহনন করার জন্য কিছু সংবাদ পরিবেশিত হয়েছে। বলা হয়েছে, ঐ ২জন কমিশনার শ্রী ভরৎ প্রসাদ এবং কালিচরণ সাউ এঁরা সি. পি. এমের নেতা। আমি বলছি, ঐ ২জন কমিশনার কেউই সি. পি. এমের সদস্য নন। ভরৎপ্রসাদ ছিলেন সি. পি. এমের অনুমোদিত সমর্থিত প্রার্থী আর কালিচরণ হচ্ছেন কংগ্রেস (আই) দলের লোক। কাগজে বলা হয়েছে ওরা ৪ লক্ষ ৬৪ হাজার টাকা তছরূপ করেছে। আরো বলা হয়েছে ওরা ভ্যাসেকটমির ব্যাপারে সার্টিফিকেট দিয়েছিল। ভ্যাসেকটমির ব্যাপারে সার্টিফিকেট যে কোন জন-প্রতিনিধিই দিতে পারেন, আমরাও দিতে পারি। এই লোকটি এখানে বাস করে, এর ভ্যাসেকটমি অপারেশন করা দরকার। সুতরাং টাকার সঙ্গে পৌরসভার সম্পর্ক নেই। এ ব্যাপারে অসত্য সংবাদ জানানো হয়েছে। এই জেলার প্রবীণ মন্ত্রী নাকি বলেছেন, এখন চীফ্ মিনিষ্টার নেই, তিনি লণ্ডন গেছেন, ফিরে এলে তিনি দেখে নেবেন। ঐ প্রবীন মন্ত্রী হচ্ছেন শ্রীভবানী মুখার্জী। আমি তাঁকে জিজ্ঞাসা করেছি তিনি এইরকম কোন বিবৃতি দিয়েছেন কিনা? তিনি বলেছেন আমি বিন্দু-বিসর্গ এই রকম কোন উচ্চারণ করিনি। সুতরাং এইরকম ধরনের অসত্য সংবাদ পরিবেশিত হয়েছে সংবাদপত্রে। এ ব্যাপারে চেয়ারম্যানের নামও উল্লেখ করা হয়েছে। (এই সময়ে মাইক অফ্ হয়ে যায়)

শ্রীঅম্বিকা ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার পুলিশ প্রশাসনকে বলে এবং রাইটার্স বিল্ডিংস-এর ডাইরেক্টর জেনারেল অফ পুলিশকে বলে ব্যর্থ হয়েছি, তাই আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। কিছুদিন আগে কাগজে এবং পত্র-পত্রিকায় বেরিয়েছে, হাওড়ার আমতায় চাটরা এবং হরিশপুর গ্রামে সি. পি. এম এবং পুলিশের যৌথ সন্ত্রাসে বহু পরিবার ঘরছাড়া। গত ৯ আগষ্ট সি. পি. এমের ছেলেরা দুটি বাড়িতে ব্যপক লুঠতরাজ করেছে।

শাবল দিয়ে পাকা বাড়ীর কংক্রিটের ছাদ ভেংগে দিয়েছে। বই পত্র, দলিল সব পুড়িয়ে দিয়েছে। আমি সংগে সংগে স্থানীয় এম. এল. এ.

মিঃ কোলের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আমি জানি তিনি চেষ্টা করা সত্বেও বন্ধ করতে পারেন নি। ঘটনাটা শুরু হয়েছিল ৩রা ডিসেম্বরের একটা খুনের ঘটনাকে কেন্দ্র করে। সেই খুনের আসামীদের পুলিশ গ্রেপ্তার করেছিল এবং তারা জামিন পেয়ে গিয়েছিল। তা সত্বেও এখনও প্রায় ৩০/৪০ জন গ্রামে ঢুকতে পারছে না। সেখানে তারা কংগ্রেস অফিস ধ্বংস করে একেবারে ধূলিস্যাত্ করে দিয়েছে, পার্টির বাড়ী ভেংগে দিয়েছে। আমতা থানার পুলিশের কাছে অভিযোগ করায় তার বলে যে আমরা কিছু করতে পারব না, এসব উপর তলার ব্যাপার, আপনারা সেখানথেকে ব্যবস্থা করুন। এ ব্যাপারে একটা পিস কমিটি ডাকা হয়েছে, কিন্তু তাতেও কিছু হয়নি।

(মাননীয় অধ্যক্ষ মহাশয় এই সময় পরবর্তী বক্তাকে আহ্বান করেন।)

[2-50-3-00P.M.]

শ্রীদেব নারায়ণ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা মাধ্যমে রেজিষ্ট্রেশনের বিষয়ে আমি মাননীয় আইন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিবাহ ব্যাপারে রেজিষ্ট্রেশন কমপালসারী না থাকার জন্য সমস্ত ধর্মে হিন্দু-মুসলমান, এবং অন্যান্য ধর্মে বিবাহে যে পণ নেওয়া হয় সেগুলির কোন রেকর্ড থাকেনা, সেখানে পরবর্তীকালে দেখা যায় যে সামাজিক দুর্নীতি এবং বঞ্চনা হয়। এই রেজিষ্ট্রেশন কমপালসারী হলে উত্তরাধিকার আইনে আজকে এটা সহায়ক হবে এবং মেনটেনেনস বাদ গেলেও যে সমস্ত বঞ্চিত মেয়েরা আছে তাদের পক্ষে সহায়ক হবে। রেজিষ্ট্রেশন ফি পাওয়ার ফলে সরকারের আয়ও বাড়বে এবং অর্থ আসবে। অন্যদিকে সমাজে যে সমস্ত দুর্নীতিগুলি আছে অবিচার, বঞ্চনাগুলি আছে সেগুলির যদি প্রতিকার করতেহয় তাহলে অবিলম্বে বামফ্রণ্ট সরকার এই বিবাহ বিষয়ে রেজিষ্ট্রেশন কমপালসারী করার চেষ্টা করেন সেজন্য আমি আপনার মারফতে আবেদন রাখছি।

শ্রীবঙ্কিম ত্রিবেদী : মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে সংবাদপত্রে একটি বিজ্ঞাপন বের হয়েছিল। শিক্ষিত বেকার যুবকদের স্বনিযুক্তি বিশেষ প্রকল্প। এই প্রকল্পে সব জেলার যুবকরা দরখাস্ত করতে পারবে কিন্তু কলকাতা, মুর্শিদাবাদ এবং মেদিনীপুর এই ৩টি জায়গার যুবকদের কেন বাদ দেওয়া হল তা জানান হয়নি। এখানে কি বেকার সমস্যার সমাধান হয়ে গেছে? এখানে কি আর বেকার অবশিষ্ট নেই না এদের জন্য বিকল্প কোন ব্যবস্থা করা হয়েছে সেটা আমরা বিজ্ঞাপনে দেখতে পেলাম না। বেকার যুবকরা এ কথা জানার জন্য আসছে আমাদের কাছে কিন্তু আমরা তাদের কোন সদুত্তর দিতে পারছি না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ তিনি যেন এই হাউসে এ সম্বন্ধে একটা বিবৃতি দিয়ে ব্যাপারটির উপর একটু আলোকপাত করেন।

শ্রীসুভাষ বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। চাকদা দু নম্বর ব্লকে চাঁদুরিয়া পঞ্চায়েতে কিছুদিনের মধ্যে প্রায় ৬০ টি বাড়ী ভাগিরথীর গর্ভে চলে গেছে। সেখানকার পঞ্চায়েতে যে নতুন ভবন তৈরী হয়েছিল এবং গভর্ণমেণ্টের লাইব্রেরী ছিল সেগুলিও চলে গেছে। আজকে সেখানকার মানুষগুলির জন্য কিছু রিলিফ দেবার চেষ্টা করা দরকার এবং এ গংগা বেঁধে দেওয়ার ব্যাপারটাও একটু ভাবনা চিন্তা করা দরকাব। ডঃ মেঘনাদ সাহা যে কথা বলেছিলেন সেকথা উপেক্ষা করার জন্য আজকে এই চরম মূল্য দিতে হচ্ছে। কাজেই এখন ডঃ মেঘনাদ সাহার রিপোর্ট যদি ফলো না করা হয় তাহলে কয়েক বছরের মাধ্যেই বহু গ্রাম এবং শহর ভাগীরথীর গর্ভে চলে যাবে। তাই আমি আপনার মাধ্যমে সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসত্য রঞ্জন বাপুলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে সময় লনডন এবং ওয়েষ্ট জার্মানী গিয়েছিলেন সে সময় তিনি বিভিন্ন জায়গায় সংবাদ পত্রের মাধ্যমে আমরা যা জেনেছি-কয়েকটি সভা করেছিলেন এবং সেইসব সভাতে কেন্দ্র রাজ্য সম্পর্কে পশ্চিমবঙ্গের সমস্যা এই নিয়ে বিভিন্ন রকম আলোচনা করেছেন। তিনি একটা রাজ্যের মুখ্যমন্ত্রী হয়ে কেন্দ্র রাজ্য সম্পর্ক নিয়ে ভারতের বাইরে আলোচনা করার ফলে ভারতের সম্মান অক্ষুন্ন থাকা তো দূরের কথা তা ভূলুণ্ঠিত হয়েছে; আজকে আপনি রাজ্যের মুখ্যমন্ত্রী হয়ে কি বলে ঐ বক্তৃতা দিতে গিয়েছিলেন? সেখানে তিনি অত্যন্ত লজ্জায় পড়েছিলেন, কারণ ঐ বক্তৃতা দেবার জন্য লোকেরা সেখানে হুইসেল্ দিয়েছিলেন। একটি রাজ্যের মুখ্যমন্ত্রী, তিনি কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বলছেন, যেটা কিনা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত । আমরা বিশ্বাস করি, মাননীয় মুখ্যমন্ত্রী লণ্ডন এবং মিউনিখে গিয়ে যা বলেছিলেন সেটা অত্যন্ত অন্যায় হয়েছে। এর জন্য তাঁকে ভারতবাসীর কাছে ক্ষমা চাইতে হবে। আমি বলবো এটা অত্যন্ত লজ্জা এবং ঘৃণার কথা যে, তিনি প্রতারক হিসাবে পরিচিত হয়েছেন। তাঁর আচরণে ব্রিটেনে এবং মিউনিখে ভারতের সম্মান ক্ষুন্ন হয়েছে। আমি বলবো, সেখানে তিনি কি বলেছিলেন, যার দ্বারা ভারতবর্ষের সম্মান লুণ্ঠিত হয়েছে, সেটা তিনি এখানে বলুন।

শ্রীপতিত পাবন পাঠক : মাননীয় সদস্য শ্রীসত্য বাপুলী সাধারণতঃ কমই সত্য কথা বলেন। এখানে তিনি যেটা বললেন সেটাও অসত্য কথাই বললেন। মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে অনেক কথাই বলেছেন। কিন্তু জেনেশুনে চটকদার সংবাদ হিসাবে এইসব অসত্য কথা তিনি এখানে বললেন। তিনি জানেন যে, সংবাদপত্র এটা ছাপাবেন এবং সেইজন্যই এটা তিনি বললেন। তিনি নিজে জানেন, যেসব কথা তিনি বলেছেন। তা অসত্য। তবে জানবেন, জ্যোতি বসু মহাশয় আপনার মত অসত্য কথা বলবেন না, তিনি আপনার মত দায়িত্ব জ্ঞানহীন নন্।

শ্রীসাধন চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দেশভাগ হবার ফলে আজকে নদীয়া জেলায় জনসংখ্যা দ্বিগুন হয়েছে, কৃষ্ণনগর সদর মহকুমায় ২০ লক্ষ মানুষ রয়েছেন। সেখানে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্কুল অনেক বেড়েছে,

কিন্তু সেখানে বি. টি ট্রেনিং-এর কোন ব্যবস্থা হয়নি। আজকে কৃষ্ণনগর থেকে করিমপুর এবং কৃষ্ণনগর থেকে পলাশী পর্যন্ত বহু স্কুল হয়েছে। তাই আপনার মাধ্যমে মাননীয় মাধ্যমিক শিক্ষা মন্ত্রীকে অনুরোধ করছি, কৃষ্ণনগরে যাতে অবিলম্বে একটি বি. টি. কলেজ স্থাপন করা হয় সেইমত ব্যবস্থা গ্রহণ করুণ।

শ্রীসুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় অর্থমন্ত্রী রয়েছেন। সবেমাত্র বিদেশ থেকে ঘুরে এসে দৃষ্টি নিশ্চয়ই তাঁর স্বচ্ছ হয়েছে। আমি লজ্জা নিয়েই বলছি যে, বিগত বেশ কয়েক বছর ধরে ডি. এর ব্যাপারে সরকারী কর্মচারীদের তিনি ঝুলিয়ে রেখেছেন। আজকে তাঁদের ১২ কিস্তি ডি. এর টাকা বাকী, কিন্তু পূজোর আর মাত্র কয়েক দিন বাকী। শুনেছি, এই হাউসেই নাকি সদস্যদের পেনশন নিয়ে একটি বিল আসছে। এটা কি আমাদের পক্ষে নেওয়া সম্ভব হবে যদি কর্মচারীদের ডি. এর টাকা এইভাবে ঝুলিয়ে রেখে দেওয়া হয়? যদি সরকারী কর্মচারীদের ডি. এ দেওয়া না হয় তাহলে এখানে কি আমাদের পক্ষে কোন রকম আর্থিক সহায়তা পাস্ করিয়ে নেওয়া সম্ভব? পদত্যাগ করে বিদেশে যাবার আগে ১২ কিস্তির জায়গায় ৬ কিস্তি দেবার প্রতিশ্রুতি তিনি এখানে করেছিলেন। কাজেই এ-ব্যাপারে আমি পুনরায় দাবী জানাচ্ছি। এটা দুর্ভাগ্য যে এখন পর্যন্ত সরকারী কর্মচারীদের ১২ কিস্তি ডি. এ. বাকী রয়েছে। বিভিন্নভাবে তাঁরা এ-ব্যাপারে আবেদনও করেছেন, কিন্তু কেন দেওয়া হচ্ছেনা সেটা আমি বুঝতে পারছি না।

[3-00–3-10P.M.]

আমাদের আর্থিক সুবিধার জন্য একটা বিল আসছে তার জন্য আমরা লজ্জাজনক অবস্থার মধ্যে আছি। শুনেছি এখানে একটা বিল আনা হচ্ছে যাতে আমাদের ভবিষ্যতে আর্থিক সংগতি বাড়াবেন। আমরা নিজেরা টাকা পয়সা নেবার জন্য বিল পাস করিয়ে নিয়ে যাবো আর কর্মচারীরা তাদের পাওনা পাবে না এটা ঠিক নয়। বছরের পর বছর তারা ডি. এ পাচ্ছে না, ক্রমশঃ পেছিয়ে যাচ্ছে। কেন্দ্রীয় হারে আপনারা ডি.এ. দেবেন ঘোষণা করেছেন। সেটা তাদের দেবেন কি দেবেন না সেটা জানিয়ে দিন। কি করবেন সেটা পূজোর আগে ঘোষনা করুন।

শ্রীচিত্তরঞ্জন বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। আমরা যাঁরা সীমান্ত এলাকার জনপ্রতিনিধি আছি তাঁরা এই সভায় বারে বারে সীমান্ত এলাকার সমস্যা তুলে ধরে যাচ্ছি। কিন্তু প্রতিকারের কোন রাস্তা খুজে পাওয়া যাচ্ছে না। নদীয়া জেলার করিমপুর এলাকার দু-একটি ঘটনার কথা আমি বলতে চাই। আমরা জানি সীমান্ত এলাকায় ব্যপক গরু চুরি এবং ডাকাতি হয়। কিন্তু ইদানিং কালে সীমান্ত এলাকায় প্রচণ্ড ভাবে খুন হচ্ছে। গত ২ মাসে করিমপুরে ৩ জন খুন হয়েছে। বিশেষ করে যে সমস্ত জনসাধারণ চুরি, লুটপাটের প্রতিবাদ করছে তারা বেশী খুন হচ্ছে। প্রকাশ্য দিবালোকে সীমান্ত এলাকায় কালোবাজারী এবং চোরাকারবার চলছে। দিনের বেলায় সূতা, চাল এবং সাইকেলের পার্টস অবলিলাক্রমে এপার বংলা থেকে ওপার বাংলায় চলে যাচ্ছে। এখানে বি.এস. এফ যারা আছেন তাদের চোখের সামনে এইগুলি ঘটছে। কাস্টমস অফিসারদের সামনে এই সব ঘটনা ঘটছে। এই ব্যাপারে বি. এস. এফ. কিছু করছে না, নিস্ক্রিয় হয়ে বসে আছে। এই ব্যাপারে যথাযথ প্রতিকারের জন্য আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Gyan Singh Sohan Pal : Sir, I am sorry to inform the House that some workers of Kharagpur Bearing Factory of Tata Iron and Steel Company Limited are on hunger strike for the last six days to press their demand for the immediate reinstatement of three I.N.T.U.C leaders who have been dismissed from their services on June, 4 last. Honestly speaking, these three I.N.T.U.C. leaders have been subjected to punishment for no fault or guilt of their own and termination of their services have been conceived with the intention to victimise them for their union activities. Incidentally it may be stated that two of the victimised were office bearers and the third one was an important member of the INTUC union. I strongly feel that the termination of their services is malafide and the dismissal amounts to unfair labour practice.

Sir, I am distressed to find during the past three months that neither any one from the Labour department nor from the Civil Administration could find time to enquire into the matter. I am surprised why this government is silent over the matter. Is it because that Tatas are on the other side?

Sir, West Bengal is already overburdened with the problem of unemployment and therefore, I request the government not to aggravate the problem by their inaction. So I would request the Hon'ble Minister to give serious attention to the matter and arrange for their reinstatement for the sake of industrial harmony.

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘদিন যাবত বাঁকুড়া জেলার বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ এবং হাসপাতালটি দুরবস্থার মধ্যে আছে। ১৯৭২-৭৭ সালে সেখানে যে চরম অব্যবস্থা ছিল, তা থেকে বর্তমানে যদিও ভাল অবস্থায় আছে, তবুও সেখানে আশানুরূপ উন্নতি হয়নি। সেখানে ক্যানসার কেন্দ্রের জন্য যে ডিটেকটিং মেশিনটি এসেছে, তা কাজে লাগাবার বা ঐ ক্যানসার কেন্দ্র খোলার কোন কার্যকরী ব্যবস্থা আজ পর্যন্ত হয়নি। হাসপাতালটিতে রুগীর সংখ্যা দিনের পর দিন বেড়েই চলেছে। সেখানে শুধুমাত্র বাঁকুড়া জেলা থেকে নয়, পুরুলিয়া জেলার এবং অন্যান্য জেলার মানুষও চিকিৎসার জন্য আসেন। এই ভাবে রুগীর সংখ্যা বেড়েই চলেছে, কিন্তু চিকিৎসা ব্যবস্থার উন্নতি সেই ভাবে হয়নি। এই সঙ্গে সঙ্গে এখানে মেডিকেল শিক্ষারও বিশেষ উন্নতি হয়নি। আমি আপনার মাধ্যমে চিকিৎসা ব্যবস্থা এবং মেডিকেল শিক্ষার উন্নতির জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ হরমোহন সিন্‌হাঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা সংবাদ এখানে রাখতে চাই। দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে আইন-শৃংখলার দিক থেকে দিল্লী খুবই বিপদাপন্ন অবস্থায় এসে দাঁড়িয়েছে। এ জিনিস অব্যাহত ভাবেই চলছে। শ্রীমতী ইনদিরা গান্ধীর মৃত্যুর মধ্যে দিয়ে আমরা একবার দেখেছি সেই সময়ে দেখেছি কি নৃশংস ভাবে তাঁকে হত্যা করা হয়েছিল। আবার আজও দেখলাম যে দিল্লী মিউনিসিপ্যালিটির কংগ্রেসী নেতা অর্জুন দাস এবং তাঁর বডিগার্ডকে তাঁর বাড়ীতে হত্যা করা হয়েছে। দিল্লীতে এই ভাবে দিনের পর দিন খুন-জখম ঘটেই চলেছে। বিভিন্ন কাজের তাগিদে আমাদের প্রায়ই দিল্লীতে যেতে হয়, এই ধরণের ঘটনার ফলে আমাদের মনে এই ভয়ংকর আতংক ও আশংকার সৃষ্টি হচ্ছে। ভারতবর্ষের রাজধানী খোদ দিল্লীর বুকে আইন-শৃংখলা বলে কিছু আছে বলে আমরা মনে করতে পারছি না। আমাদের এই আতংক এবং আশংকার কথা যথাস্থানে পৌছে দেওয়ার আবেদন আমি জানাই।

শ্রীআব্দুস সাত্তারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল এই বিধানসভাতে পশ্চিমবাংলার বিভিন্ন জায়গাতে সন্ত্রাস চলছে তা কেবল আমাদের সদস্যরা উল্লেখ করেননি, বামফ্রন্টের বিভিন্ন সদস্যরাও উল্লেখ করেছেন। এই সমস্ত ঘটনার মধ্যে বড় ঘটনা ঘটেছে কেশপুরে। কেশপুরে একজন গরীব উল্লার খুন হওয়ার ঘটনাকে কেন্দ্র করে একটা স্মরণসভা ডাকা হয়। গত ৩১ তারিখ থেকে সি. পি. এম দলের লোকেরা সেখানে আসতে আরম্ভ করেন এবং তারপর ৮/১০ হাজার লোক ঐ ব্যক্তির স্মরণসভা স্মরণ করে ভোর ৪টা থেকে আক্রমণ শুরু করে। এরমধ্যে কিছু অংশ গতকাল আপনার কাছে বলা হয়েছে। বেলডোবা, শাকপুর, খড়গাছা, খেজুরবনী ইত্যাদি বিভিন্ন স্থানে কংগ্রেস সমর্থকদের যে সমস্ত বাড়ীঘর ছিল সেগুলো ভেঙে লুঠপাট করেছে। ঐ সমস্ত লোকেদের অনেককে জখম করেছে এবং শতাধিক মানুষ খেজুরবনী থেকে প্রাণভয়ে অন্যত্র পলায়ন করেছেন। যারা ঐ সমস্ত লোকেদের আক্রমণ করেছিল, তাদের প্রত্যেকের কাছে তীর, ধনুক, বন্দুক এবং পাইপগান এই সব মারাত্মক অস্ত্রশস্ত্র ছিল। শুধু তাই নয়, ঐ আক্রমণকারী জনতা বহু ঘরবাড়ীতে আগুন লাগিয়ে পুড়িয়ে দিয়েছে। যখন আগুন জ্বলছিল তখন আবদুস সাত্তার নামে একজন কংগ্রেসের কর্মী প্রাণভয়ে ও. সি.-র কাছে ছুটে যায় এবং আবেদন জানায়- 'আমাকে প্রাণে বাঁচান'। ওখানকার লোক্যাল এম. এল. এ.-মানস ভুঁইঞা-অভিযোগ করেছেন যে সেই ও. সি. ঐ সংগ্রেস কর্মীকে প্রাণে বাঁচাবার বদলে তাঁর কাছে থাকা রিভালবার দিয়ে ঐ ব্যক্তিকে সেখানে গুলি করেছে।

[3-10-3-45 P.M.]

(Including Adjournment)

সে যখন পড়ে যায় তখন সেখানকার একজন সি. পি. এম কর্মী ও. সির সামনে এবং পুলিশের সামনে তার গলা কেটে আলাদা করে দেয়, এই অবস্থা আজকে সেখানে চলছে। স্যার, একটা সন্ত্রাস চলছে সেখানে। সেখানে ৫টি ক্যাম্প রাখা হয়েছে তা সত্বেও এই ঘটনা ঘটছে। আমি চাইছি বিধানসভা থেকে একটা অল পার্টি কমিটি করে সেখানে পাঠান হোক। সেখানে শান্তি রক্ষা করার আমাদের দল থেকে এবং বামফ্রন্টের থেকে একটা টিম সেখানে পাঠান এবং তার চেয়ারম্যান আপনাদের দলের থেকেই হোক তাতে কোন আপত্তি নেই, কিন্তু একটা টিম পাটান হোক। গতকাল এই বিষয় নিয়ে বলেছিলাম, আপনি বলেছিলেন কালকে বলবো কিন্তু আজও কোন উত্তর পেলাম না। আপনারা যদি কোন টিম না পাঠান তাহলে আমরা আমাদের দল থেকে টিম পাঠাতে বাধ্য হব। যে সন্ত্রাস সেখানে চলছে তাতে হাজার হাজার কংগ্রেস কর্মী আজকে গৃহছাড়া। আপনার দৃষ্টি আকর্ষণ করছি মাননীয় মুখ্যমন্ত্রী গতকাল স্টেটমেন্ট দেবেন বলেছিলেন, কিন্তু আজ পর্যন্ত কেশপুর সম্বন্ধে কোন কথা শুনলাম না. আমি বারবার আপনার কাছে অনুরোধ করছি একটা সর্বদলীয় টিম আপনারা পাঠান তা না হলে আমরা আমাদেব পরিষদীয় দল থেকে টিম পাঠাবো।

মিঃ স্পীকার : মিঃ সাত্তার অতীতে এইরকম কমিটি হয়েছে বলে কি আপনার জানা আছে? এইরকম কমিটি হয় না, সুতরাং এইক্ষেত্রে কোন কমিটি করা হবে না, আপনারা কি করবেন না করবেন সেটা আপনাদের ব্যাপার।

শ্রীআবদুস সাত্তারঃ মিঃ স্পীকার, স্যার, আমরা চাই গ্রামে শান্তি ফিরে আসুক সেইজন্য বিভিন্ন প্রতিনিধি নিয়ে একটা টিম পাঠাতে বলছি।

শ্রীসত্য রঞ্জন বাপুলীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিষয়ে সারা পশ্চিমবঙ্গের লোক আজ বিচলিত যেখান থেকে ডাঃ সন্তোষ ভট্টাচার্য্য উপাচার্য্য হয়ে আসেন। যেদিন থেকে ড: সন্তোষ ভট্টাচার্য্য নির্বাচিত হয়ে এসেছেন সেদিন থেকে পশ্চিমবঙ্গ সরকার অঘোষিত যুদ্ধ শুরু করেছেন। সবচেয়ে পরিতাপের বিষয় যে পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী কয়েকদিন আগে যে বিবৃতি দিয়েছেন তা অত্যন্ত বেদনাদায়ক এবং লজ্জাকর। তিনি অত্যন্ত দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অবনতির জন্য ডাঃ সন্তোষ ভট্টাচার্য্য দায়ী। সন্তোষ ভট্টাচার্য্যের নির্বাচনের বিষয়ে আচার্য্যকে এরা সুপারিশ করেছিলেন তাঁকে নির্বচিত না করার জন্যে। তা সত্বেও আচার্য্য রাজ্যপাল ডাঃ সন্তোষ ভট্টাচার্য্যকে উপাচার্য হিসাবে নির্বাচিত করার পরে তার বিরুদ্ধে সরকার প্রকাশ্যে যুদ্ধ ঘোষণা করেন, তাঁকে সম্পূর্ণভাবে বয়কট করেন, কোন মন্ত্রী তার কাছ যেতে পারবে না এই কথা বলেছিলেন। তারপরে ডাঃ সন্তোষ ভট্টাচার্য্যের বিরুদ্ধে জেহাদ ঘোষমা করা হল তিনি ৫জন কর্মচারীকে বরখাস্ত করেছেন কেন? তবে তারা চুরি করেছেন বলে তাদের বরখাস্ত করা হয়েছে। আমি নিবেদন করবো যে মাননীয় মুখ্যমন্ত্রী এ্যাডভোকেট জেনারেলকে দিয়ে তাঁর বিরুদ্ধে হাইকোর্টে কেস করুন এবং সুনির্দিষ্ট বিচারে প্রামাণ করুন তিনি অন্যায় করেছেন। ওই ৫জন লোক যে দুর্নীতিগ্রস্থ এবং তারা যে চুরি করেছেন তাঁর অরিজিন্যাল জেরক্স-কপি আমার কাছে আছে, প্রয়োজন হলে দেখাতে পারি। সন্তোষ ভট্টাচার্য্য যদি অন্যায় করে থাকেন তার বিরুদ্ধে তাহলে কোন মামলা করছেন না কেন? যে ৫জনকে বরখাস্ত করা হল তাদের হয়ে মহামান্য আদালত মামলা করছেন না কেন এবং এইভাবে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সম্মান ভূলুণ্ঠিত করছেন না কেন ? আপনারা মামলা করুন ডাঃ সন্তোষ ভট্টাচার্য্য অন্যায় করেছেন কিনা দেখুন এবং তা যদি না হয় তাহলে মাননীয় মুখ্যমন্ত্রীকে তাঁর ওই বিবৃতির জন্যে ক্ষমা চাইতে হবে।

শ্রীঅমরেন্দ্র নাথ ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার শিক্ষা ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে, বিশেষ করে কোলকাতার শিক্ষা ব্যবস্থা শুধু বিপর্যস্ত হচ্ছে তা নয় বিধ্বস্ত হচ্ছে। অনেকগুলি ব্যাপার এবং কারণ এরজন্য দায়ী। কোলকাতার সিনেমা হলে নুনশো বলে একটা পদার্থ চালু হয়েছে। সেই নুনশোতে স্কুল কলেজ থেকে বিশেষ করে স্কুল থেকে ছাত্রছাত্রীরা ক্লাস ফাঁকি দিয়ে এ্যাটেণ্ড করে। বাড়ীতে থাকলে অভিভাবকদের পারমিশান নিতে হয় বলে ক্লাস করার নাম করে তারা এই শোতে সিনেমা দেখতে যায়। এর ফলে তারা অভিভাবকদের ফাঁকি দিচ্ছে এবং পড়াশুনাও করছে না। সেজন্য আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করবো মধ্যকালীন শো বিশেষ করে যে ছবিগুলি দেখলে হিংসা ও অন্যান্য কুপ্রবৃত্তি জাগ্রত হয় সেগুলি বন্ধ করা দরকার।

(At this stage the House was adjourned till 3.45PM.)

(AFTER ADJOURNMENT)

Legislation

[3-45-3-55P.M.]

The West Bengal panchayat (Second Amendment) Bill, 1985.

মিঃ স্পীকার : I now request Shri Benoy Krishna Chowdhury to move his Bill.

শ্রীআবদুস সাত্তার : বিল ইনট্রোডিউস করার আগে আমাকে স্যার, এই বিল সম্বন্ধে কিছু বলতে দিন। স্যার, আপনি রুল ৬৬ দেখুন, এই বিলের অবজেক্টস এণ্ড রিজিন্সের পিছনে কোন ফাইনান্সিয়াল মেমোরেণ্ডাম কিছু নেই, সুতরাং রুল ৬৬ হ্যাজ নট বিন কমপ্লায়েড উইথ। আমি এর সাপোর্টে যে রুলিং আছে সাকদের এবং কাউলের বইএ সেটা উত্থাপন করছি। আমাদের চীফ হুইপও এই সম্বন্ধে তাঁর বক্তব্য রাখবেন। আপনি বিলটা যদি দেখেন তাহলে দেখবেন এখানে কোন ফাইনানসিয়াল মোমোরেণ্ডাম নেই। এটা করার উদ্দেশ্য হচ্ছে ২৪ পরগনা ২টি জেলায় ভাগ হয়েছে-উত্তর এবং দক্ষিণ, সুতরাং এখানে ফাইনান্স ইজ ইনভলভড এবং সেই উদ্দেশ্যে এই বিলটা এনেছেন। আপনি সাব-সেকসান ১৪০(৫) দেখুন, এখানে কোন ফাইনান্সিয়ল স্টেটমেণ্ট নেই এবং এই পরিস্থিতিতে আমি আপনাকে রেফার করব কাউল এবং সাকদের-এর ভলিউম ২, পেজ ৪৫২। তার আগে পেজ ৪৫১ এ বলা হয়েছে Financial Memaranda to Bills Involving Expenditure. পেজ ৪৫২তে যদি আপনি আসেন তাহলে দেখবেন-পেজ ৪৫২, প্যারা সেকেণ্ড

"During discussion on the motion for reference of the Essential Commodities (Second Amendment) Bill to a Select Committee, a point of order was raised that the financial memorandum appended to the Bill was incomplete as it did not give an estimate of the recurring and non-recurring expenditure involved. The point of order was upheld by the Chair and further consideration of the Bill was postponed with a view to enabling Government to furnish a revised financial memorandum giving particulars of recurring and non-recurring expenditure involved. The revised financial memorandum furnished by Government was circulated to members separately. A letter conveying fresh recommendation of the pressident for consideration of the Bill received from the Minister was also published in the Bulletin". Then Sir, please refer to the sixth para- If no financial memorandum is attached to aBill and later at the consideration stage the Speaker holds that one is necessary, the financial memorandum has been permitted to be read out by the Minister in the House and in exceptional cases the rule regarding financial memorandum has been suspended in its application to theintroduction of the Bill' Herethe same cases are there, and so the vital point should be involved here. But so far this Bill is concerned the Amendment Bill is concerned-there is no financial memorandum and, as such, Rule 66 is not complied with or the ruling as cited has not been complied with here.

Mr. Speaker : If the Bill is not involved in any financial expenditure should a memorandum be given?

Shri Abdus Sattar : Though it does not involve here yet the financial memorandum must be there.Moreover, I would now refer and draw the attention of the Minister-in-charge of the West Bengal Panchayat Act to Section 140(5) which runs as follows-

'When the area of a district is divided so as to constitute two or more districts, the Zilla Parishad of the district shallas from the date of such division, cease to exist and there will be reconstitution of the Zilla Parishads for the newly constituted districts in accordance with the provisions of this Act, and the properties, funds and liabelities of the Zilla Parishads shall vest in the reconstituted Zilla Parishad, in accordance with such allocation, as may be determined by order in writing by the prescribed authority,and such determinations shall be final'

The district of 24-Parganas is divided into North and South, and that is why he thinks that the amendment of Sub-section,(5) is necessary. But when there is a provision that a district is devided into two or three then theZilla Parishad which is in existence shall also cease to exist.

[3.55–4.05pm]

স্যার, আপনি দেখুন সেকসন ১৪০, উপধারা ২, ক্লজ-আই আই। এখানকার ইলেকটেড মেম্বাররা যখন নমিনেসন পেপার ফাইল করল তখন তাঁরা ২৪ পরগনা জেলা পরিষদের মেম্বার হিসেবেই ফাইল করেছিলেন, উত্তর এবং দক্ষিণ ২৪পরগনা জেলা বলে করেনি। প্রত্যেক জেলা থেকে ২জন করে মেম্বার ইলেকটেড হয়েছে এবং অন দি বেসিস অব দ্যাট ইলেকসন হয়েছিল। আমার বক্তব্য হচ্ছে, যাঁরা ২৪ পরগনার জেলা পরিষদের মেম্বার বলে নমিনেসন পেপার ফাইল করেছিল আজকে আপনি তাঁদের কি করে বলবেন উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনার জেলা পরিষদের মেম্বার বলে? আপনার তো রেটট্রোসেকটিভ এফেক্ট দেবার কোন প্রভিসন নেই। ? আপনি বলছেন এটা ভাগ করে দিলাম এবং সীমানা ঠিক হবে বাই এনাক্টমেন্ট। আমি বলছি এটা হতে পারেনা কারণ এটা আনকন্সটিটিউসনাল। তাঁরা ইলেকসনে নমিনে শন পেপার ফাইল করেছিলেন ২৪ পরগনা জেলা পরিষদের মেম্বার হিসেবে, কিন্তু আপনি যখন সেটাকে এখন ভাগ করছেন তখন আর ওকথা বলতে পারেন না।

Mr. Speaker : Mr. sattar, you are now going to the merit of the Bill. You connot do that please take your seat.

শ্রী আবদুস সাত্তারঃ আমার সেকেণ্ড পয়েন্ট হচ্ছে এই বিল ইন্ট্রোডিউস করা উচিত হবেনা। কারণ অলরেডি দেয়ার ইজ প্রভিসন ইন সাব-সেকসন ফাইভ অব সেকসন ফর্টি অব দি এ্যাক্ট কাজেই আপনাকে এখন নতুন ভাবে রিডানামেন্ট করতে হবে। আপনি এখন ভাগ করছেন, কিন্তু আপনাকে মনে রাখতে হবে ইলেকটেড মেম্বাররা যখন দরখাস্ত করেন, নমিনেসন পেপার ফাইল করেছিলেন তখন সেটা তাঁরা করেছিলেন অ্যাস মেম্বার্স অব দি টুয়ান্টিফোর পরগনাস জেলা পরিষদ এবং সেইভাবেই তাঁরা ইলেকটেড হয়েছেন। আপনি আগে যে কাজ করেছেন এখন সেটাকে এইভাবে কনফার্ম করতে পারেন না কাজেই আমি মনে করি রেট্রোসপেকটিভ এফেক্ট দেওয়া ইল্লিগ্যাল হবে। এবারে সব্রতবাবু কয়েকটি পয়েন্ট বলবেন - তারপর আপনি আপনার ডিসিসন দেবেন।

Mr. Speaker : I would not allow Full debate on this point. Now the Minister will say.

শ্রী সুব্রত মুখার্জীঃ স্যার, আমাকে ১মিনিট সময় দিন, আমি একটি পয়েন্ট মাত্র বলব।

শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরীঃ আমি আগে বলি তারপর আপনি বলবেন। সাত্তার সাহেব প্রথমে যেটা বললেন তার উত্তর হচ্ছে এতে কোন ফাইনানসিয়াল ইমপ্লিকেসন হচ্ছেনা। এই জিনিসটা আর কিছু নয়-জেলা ভাগ হবার পর জেলা পরিষদের কন্সটিটিউসন সম্বন্ধে স্পেসিফিক্যালি বলা হচ্ছে। ওখানে ফাইনানসিয়াল কোন কিছু নেই বলেই আমাকে এ্যামেণ্ড করতে হচ্ছে। আপনি যেটা বললেন সেটা হচ্ছে অন্য জিনিস। আপনি স্মরণ করুণ পুরুলিয়া যখন পশ্চিমবাংলায় মার্জড হল তখন তারা অটোমেটিক্যালি এখানকার হয়ে গেল। কাজেই জিনিসটা ভালভাবে বুঝুন। এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস্ কমিটির সুপারিশ অনুযায়ী যেটা ভাগ করা হয়েছে তাতে ফাইনানসিয়াল লায়বালিটির ব্যাপারটা দেখবে এ্যাডমিনিষ্ট্রেশন। আমরা যেটা করছি তাতে ওই ফাইনানসিয়াল [illegible] কথাটা আসছেনা। ২৪ পরগনার পপুলেসন হচ্ছে ওয়ান সিক্সথ পপুলেসন অব দি হোল স্টেট। এখানে ইলেকসন করতে হলে ৪০ লক্ষ লোকের ভোটের ব্যবস্থা করতে হবে এবং ১৯৮৩ সালের হিসেব অনুযায়ী যেখানে প্রায় ৯০ লক্ষ টাকা আজকের হিসেবে সেখানে প্রায় ১কোটি ২০ লক্ষ টাকা খরচ হবে। এটা করা হচ্ছে-জাস্ট এনাবেলিং। আইন যখন করা হয় তখন এটা ভিসুয়ালাইজ করে করা হয়নি। মিডটার্মে যদি কোন ডিষ্ট্রিক্ট ভাগ করা হয় তখন তারজন্য কোন প্রভিশন ছিলনা এবং সেই অসম্পূর্ণতা দূর করবার জন্য এটা করা হয়েছে।

শ্রীসুব্রত মুখার্জীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যেটা বলতে চাই, এটা একটা সিরিয়াসলি ভাববার কথা, এটা সম্মান অসম্মনের ব্যাপার নয়। একটা বিল যদি প্লেস করতে হয়, তার অবজেক্টিভগুলো ফুলফিল করতে হয়। যদি একটা অবজেক্টিভ ফুলফিল না করেন তাহলে এটা রুলস্ ভায়লেট করা হচ্ছে। গায়ের জোরে, সংখ্যাধিক্যের জোরে এই জিনিস হতে পারে না। আমাদের লিডার অব দি অপোজিশন যেটা বলেছেন ফাইনানসিয়াল আসপেক্ট নিয়ে, যদি এ্যাজিউম করে নেওয়া যায় যে এই বিলে ফাইন্যানসিয়াল বার্ডেন কিছু থাকবে না, তাহলেও আপনাকে এই অবজেকটিভ ফুলফিল করতে হয়। স্যার আপনি মেজ প্রাকটিশ এর ৯২ পাতায় দেখুন, সেখানে প্রিপারেশন অব বিলে সেভেন অবজেকটিভস এর কথা বলা আছে। One is short title, second is a long title, then comes Preamble, enacting formula, clauses q schedules and the last is explanatary memorandum.

সেখানে কিন্তু কোন মন্ত্রীর অপশন নেই, ইভিন আপনি যদি গতকালের বিলটা দেখেন, গতকাল চীফ মিনিষ্টার একটা বিল প্লেস করেছিলেন, The West Bengal Religious Buildings and Places Bill, 1985 সেখানে কোন ফাইন্যানশিয়াল আসপেক্টের ব্যাপার ছিল না কিন্তু তা সত্ত্বেও চীফ মিনিষ্টার পয়েন্ট আউট করেছেন। So my submission is such that with out fulfilling the seventh condition in the preparation of the Bill you cannot place the Bill. It would be illegal. সুতরাং আমি এই পয়েন্টের উপর জোর দিচ্ছি। সেকেণ্ড পয়েন্টটা আপনি সংখ্যাধিক্যের জোরে উড়িয়ে দিতে পারেন। এটা কনসিডার করে দেখুন। জেলা ভাগ করতে গেলে, তার তো অন্ততঃ একটা অফিস করতে হবে এবং তার জন্য তো খরচ হবে। যদি দু টাকাও খরচ হয় তাহলেও This aspect must be mentioned namely fulfilment of the seventh objective সুতরাং খরচের ব্যাপারটা রাখতেই হবে এবং এটা মেনশন করতে হবে। সুতরাং এটা ডিফেক্টিভ বিল। এই বিলটাকে এখন প্লেস করতে গেলে আপনাকে ফাইন্যানশিয়াল

মেমোরেণ্ডাম দিতেই হবে। গতকাল চীফ মিনিষ্টার যে ভাবে তাঁর বিলটাকে ইনট্রোডিউস করেছিলেন, সেই ভাবেই করা উচিত্। এটাকে প্রেসটিজ ইশ্যূ না করে হাউসকে অন্ততঃ আধ ঘন্টার জন্য এ্যাডজোর্ন করুন এবং এ্যাডভোকেট জেনারেলকে ডেকে তাঁর মতামত্ নিন। কারণ এটা একটা লিগ্যাল পয়েন্ট। সেকেণ্ড পয়েন্টটা আপনি উড়িয়ে দিতে পারেন। আমি আবার বলছি এটাকে প্রেসটিজ ইশ্যূ করবেন না। স্পীকার মহাশয় আপনি এ্যাডভোকেট জেনারেলকে ডাকুন, You adjourn the House, call the Advocate General and let us sit together যাতে করে এই অবজেকটিভটা ফুলফিল করা যায়, ক্যাটাগোরিক্যালি তার ব্যবস্থা করেন। দেন ইউ সাবমিট দি বিল। যদি এক পয়সাও খরচ না থাকে তাহলে আপনাকে এটা করতে হবে। গতকালের নজীর দেখুন, গতকাল চীফ মিনিষ্টার যে ভাবে বিলটা প্লেস করেছেন এবং মেজ প্র্যাকটিশে যার রেফারেন্স সাপোর্টিং আর্গুমেন্ট হিসাবে উল্লেখ করেছি তার ভিত্তিতে You adjourn the House for 15 or 20 minutes. Let the advocate general come in your chamber and let us discuss the matterr and settle it. এটা মান সম্মানের ব্যাপার নয়। পরবর্তীকালে সেকেণ্ড পয়েন্টটা নিয়ে বিস্তারিত ভাবে আলোচনা হতে পারে। ৬ টা অবজেক্ট ফুলফিল করছেন সেভেন্থটা ফুলফিল করছেন না। আমি আশা করি অনারেব্ল স্পীকার যুক্তিটা মানবেন। আমরা কোঅপারেশন চাই। মোট কথা আমরা চাই লিগ্যাল ওপিনিয়ন নেওয়া হোক এবং হাউস এ্যাডজোর্ন করে এই বিষয়ে একটা সিদ্ধান্ত নেওয়া হোক। দিস ইজ মাই সাবমিশন।

মিঃ স্পীকার : সাত্তার সাহেব কাউল এ্যাণ্ড সাকদার রেফার করেছেন। এটা উকিলের ব্যাপার। ওকালতি না করলে এই সব চলবে না। ধরুন কোনও ফাইন্যানশিয়াল মেমোরেণ্ডাম এলো না এবং আপনার আর্গুমেন্ট আমি ঠিক বলেমেনে নিলাম। তা সত্ত্বেও স্পীকারের কি পাওয়ার নেই যে মন্ত্রীকে অনুমতি দেবে? উনি হাউসকে এ্যাডজোর্ন করতে বলছেন,

[4-05–4-15P.M.]

Shri Abdus Sattar : আপনার পাওয়ার সম্পর্কে আমি কোন প্রশ্ন করিনি। But why you will use that power ?

Mr. Speaker : Please have some patience, Mr. Sattar. Let me finish. I draw your attention to page 451 of the book entitled 'Practice and Procedure of Parliament, Volume-II, by Shri M.N. Kaul and Shri S.L. Shakdher wherein it States, "If the financial memorandum relating to a Government Bill is found to be incomplete, the Minister concerned is asked to furnish all the details, and copies of the revised memorandum are circulated sparately to Members for their information". This is one phase. Then I read out another portion, "If no financial memorandum is attached to a Bill and later at the consideration atage the speaker holds that one is necessary, the financial memorandum has been permitted to be read out by the Minister in the House and, in exsceptional cases, the rule regarding financial memorandum has been suspended in its application to the introduction of the Bill". Now, what is the problem, I cannot understand. Now the question is that supposing in a certain Bill Government says that there is no financial commitment then what is the problem? I cannot understand. The Minister has said that.

Shri Abdus Sattar : He must state that in the Bill.

Mr. Speaker : বিনয়বাবু, কোন ফাইনান্সিয়াল কমিটমেন্ট আছে কিনা হাউসকে বলবেন কি?

Shri Benoy Krishna Chowdhury : কোন ফাইনান্সিয়াল কমিটমেন্ট নেই।

Shri Subrata Mukherjee : Even then you will have to state it in the Bill.

Shri Benoy Krishna Chowdhury : একটা লাইন লিখে দিলে হবে তো?

Mr. Speaker : I now request the Hon'ble Minister-in-charge to introduce The West Bengal Panchayat (Second Amendment) Bill, 1985.

Shri Benoy Krishna Chowdhury : Mr. Speaker, Sir, I beg to introduce The West Bengal Panchayat (Second Amendment) Bill), 1985.

(Secretary then read the Title of the Bill)

Shri Subrata Mukherjee : তাহলে জিনিসটা কি দাঁড়াল ?

Mr. Speaker : I have given my ruling. Now Shri Benoy Krishna Ghowdhury will please move the motion for consideration of the Bill.

Shri Benoy Krishna Chowdhury : Mr. Speaker, Sir, I beg to move that The West bengal Panchayat at (Second Amendment) Bill, 1985, be taken into consideration.

Mr. Speaker : Now, there is motion for circulation of the Bill by Shri Kashinath Misra. Shri Misra may move his motion.

Shri Kashinath Misra : Mr. Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion there on by the 30th Septmember, 1985.

Mr. Speaker : Now, I call upon Shri Abdul Mannan to speak.

শ্রীআব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় এই বিল মুভ করার আগে আমাদের বিরোধী দলের মাননীয় নেতা আব্দুল সাত্তার সাহেব একটা পয়েন্ট তুলেছিলেন এবং চীফ হুইপ মাননীয় সুব্রত মুখার্জী মহাশয় কিছু যুক্তির এখানে অবতারণা করেছিলেন, সেগুলি সবই এখানে উপেক্ষা করা হয়েছে। স্বাভাবিক কারণে আমরা যে সমস্ত বক্তব্য এখানে পেশ করবো সেগুলিকে অগ্রাহ্য করবেন এটা আমরা জানি। তবে আজকে এই বিল প্লেস করার সময়ে শেষের পাতায় ষ্টেটমেন্ট অব অবজেক্ট এ্যাণ্ড রিজনয়ে বলা হয়েছে The existing provisions in this behalf are not, however, comprehensive বর্তমানে যে পঞ্চায়েত এ্যাক্ট রয়েছে, দি ওয়েষ্ট বেংগল পঞ্চায়েত এ্যাক্ট, ১৯৭৩, তার অনেকগুলি সংশোধন এই হাউসে হয়েছে। সেই পঞ্চায়েত এ্যাক্টের ১৪০ ধারায় পরিষ্কার করে বলা হয়েছে যে একটা জেলা পরিষদ, একটা জেলাকে যদি একাধিক জেলায় ভাগ করা হয়, সেখানে ১৪০ ধারার ৫ উপধারার পরিষ্কার বলা আছে যে When the area of a district is divided so as to constitute two or more districts, the Zilla Parishad of the district shall, as from the date of such division cease to exist. যেখানে বলা হচ্ছে জেলাপরিষদ ডিফাংক্ট হয়ে যাবে, সিজড় হয়ে যাবে সেখানে আবার নতুন করে এই বিল আনার কি দরকার আছে সেটা আমরা বুঝতে পারছি না। ২৪ পরগনা জেলাকে দুটি জেলায় ভাগ করা হচ্ছে। দুটি জেলা করার জন্য যখন এই বিল আনতে হচ্ছে তখন জেলাপরিষদ যেটা ছিল সেটাকে আগে সিজড় করা দরকার। তারপর পরবর্তী জেলাপরিষদ গঠনের যে একজিসটিং প্রভিসন আছে তার ভিত্তিতে করা যেতে পারে। আমরা যদি নতুন নির্বাচনের সম্মুখীন হতাম তাহলে আবার নতুন করে জেলাপরিষদের নির্বাচন করে জেলাপরিষদ গঠন করা যেত। মাননীয় সাত্তার সাহেব প্রশ্ন তুলেছিলেন যখন জেলাপরিষদের নির্বাচন হয়েছিল তখন সেই সময় নির্বাচনে সদস্যরা মনোনয়নপত্র জমা দিয়েছিলেন এবং সেখানে ২৪ পরগনা জেলাপরিষদ বা একটি জেলাপরিষদের জন্য মনোনয়নপত্র জমা দিয়ে নির্বাচিত হয়েছিলেন কাজেই একটিতে নির্বাচিত হয়ে আর একটি জেলাপরিষদের সদস্য কি ভাবে হবেন সেটা বুঝতে পারছি না। ২৪ পরগনা ভাগ হওয়ার জন্য জেলাপরিষদের সদস্যরা দুভাগে ভাগ হয়ে যাচ্ছেন। একটি ভাগে যে বাস করছেন সে জেলাপরিষদের সদস্য হবেন এই যুক্তির অবতারণা যদি করা হয় তাহলে জেলাপরিষদে পঞ্চায়েত এ্যাক্টের ২১০ ধারায় যেখানে ৪ জন মনোনীত সদস্য থাকেন, সিডিউল্ডকাষ্টস, সিডিউল্ড ট্রাইবস, মহিলা সদস্যা থাকেন, সরকার মনোনীত এই ৪জন সদস্য তারা কোথায় যাবেন? ওরা নির্বাচিত হয়ে যে যে এলাকায় বাস করেন সেই এলাকার জেলাপরিষদের সদস্য হবেন তাহলে ২১০ ধারার সংশোধন কেন করলেন না? ২১০ ধারা আছে। ক্লজ ২টা একটু দেখুন। ২১০ ধারায় যেখানে বাধা হয়ে দাঁড়াচ্ছে সেখানে এই প্রভিসন কেন রাখলেন না। আমরা জানি জেলাপরিষদে গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতির যারা সদস্য মনোনীত হল মনোনীত হবার পরে তাদের ভোটাধিকার থাকে এবং তারা নির্বাচিত সদস্যের মত সবরকম সুযোগ সুবিধা ভোগ করে থাকেন। কিন্তু এই বিলে আপনারা সেই রকম কোন প্রভিসন রাখছেন না। যারা ২১০ ধারায় মনোনীত হলেন তাদের কতটা কি অধিকার রাখবেন বা রাখবেন না সেটা কিন্তু পরিষ্কার করে বলে দিচ্ছেন না। আমরা জানি ভোটের দ্বারা নির্বাচিত জেলাপরিষদের সদস্য মনোনীত হয়ে ঐ সুযোগ পেয়ে থাকেন, সেই সুযোগ, অধিকার তাদের দেওয়া হচ্ছে না। আজকে তাই স্বাভাবিক ভাবেই সাত্তার সাহেব প্রশ্ন তুলেছিলেন নতুন করে জেলাপরিষদের নির্বাচন না করে এই নির্বাচন করতে পারবেন না। কিন্তু আমরা জানি রাজনৈতিক কারণেই আপনারা নির্বাচন করবেন না। আপনারা বিগত নির্বাচনের ফলাফলটা নিশ্চয় দেখেছেন। জেলাপরিষদ এলাকায় ৭টি লোকসভার আসন ছিল। আপনারা ৭টির মধ্যে ৪টিতে গো-হারান হেরেছেন, বিপর্যস্ত হয়েছেন। বাকি ৩টিতে খুব সামান্য ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন। এই সামান্য ভোটের ব্যবধানে জয়ী হবার ফলে আপনারা আতঙ্কিত হয়ে পড়েছেন যে, আবার জেলাপরিষদের নির্বাচন হলে দুটি জেলাপরিষদের একটিও আপনারা দখল করতে পারবেন না. এই রাজনৈতিক কারণেই আজকে আপনারা নতুন করে আর নির্বাচন না করে আগেকার নির্বাচনের ফলাফলের ভিত্তিতে দুটি জেলাপরিষদ ভাগ করে দিতে চাইছেন এবং ১৯৮৩ সালের নির্বাচনের ফলাফলের ভিত্তিতেই জেলাপরিষদ ভাগ করে দিচ্ছেন। এটা আমরা জানি যে, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী অত্যন্ত অভিজ্ঞ লোক, তাঁর অনেক অভিজ্ঞতা আছে। তিনি বলেছিলেন পঞ্চায়েতের দুর্নীতি দমন করবেন কিন্তু পারেন নি। পঞ্চায়েতে নানা রকম দুর্নীতি মূলক এ্যাক্টিভিটিজ আছে, এই সমস্ত দুর্নীতি, ম্যালপ্রাকটিস তিনি দমন করতে পারেন নি। কিন্তু পঞ্চায়েত মন্ত্রী হিসাবে দলের স্বার্থেই হোক বা যে কোন কারণেই হোক পঞ্চায়েত দপ্তরাকে কিছুটা সুষ্ঠুভাবে চালানোর চেষ্টা করেছিলেন। আজকে সেই প্রচেষ্টা উনি কাজে লাগাতে পারতেন এবং দুটি জেলাপরিষদের নতুন নির্বাচন করে আবার যদি উনি জেলাপরিষদ গঠন করতে পারতেন তাহলে ভাল হত। কিন্তু উনি তা না করে এই আইন নিয়ে এলেন। এটা করার কি দরকার ছিল? সেকসান ১৪০-এ পরিষ্কার বলা আছে জেলাপরিষদ ভাগ হলে কি হবে। একজিসটিং আইনের প্রভিসনে এই কথা যখন পরিষ্কার করে বলে দেওয়া আছে সেখানে নতুন করে আর একটা আইন এনে বিধানসভার এই অমূল্য সময় নষ্ট করার কোন অধিকার ছিল বলে আমরা মনে করি না। তাই আমি মন্ত্রী মহাশয়কে বলব এই বিল আনার কোন দরকার নেই। একজিসটিং যে প্রভিসন আছে সেই প্রভিসনের ভিত্তিতেই জেলাপরিষদ ভাগ করে দেওয়া যেতে পারত। আমার বক্তব্য হচ্ছে একজিসটিং প্রভিসন যেটা আছে সেটাই ফলো করা হোক। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-15-4-25P.M.]

শ্রী শ্রীধর মালিক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এই সভায় যে বিল এনেছেন তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা লক্ষ্য করলাম এই বিলটার আলোচনার সূচনাতেই কংগ্রেস বেঞ্চ থেকে মাননীয় শ্রীআবদুস সাত্তার এবং সুব্রত মুখার্জী মহাশয়

কোনভাবেই এই বিলটি যাতে পাশ করা না যায় তারজন্য বিভিন্ন ভাবে বাগড়া দেবার চেষ্টা করলেন। স্যার, তাঁরা যে কাজ করলেন সেখানে তাঁদের এই কাজের পেছনে যে উদ্দেশ্য সেটা খুবই পরিষ্কার–কংগ্রেসের মাননীয় সদস্যরা চাইছেন না পঞ্চায়েতের কাজকর্ম সুষ্ঠুভাবে হোক এবং তাঁরা চাইছেন সামগ্রিকভাবে পঞ্চায়েতের মাধ্যমে যে উন্নয়নমূলক বা ডেভোলপমেন্টের কাজ পশ্চিমবাংলায় হচ্ছে তা ক্ষতিগ্রস্ত হোক। স্যার, আমরা দেখলাম, মান্নান সাহেব খুব জোরের সংগে নির্বাচনের কথা বললেন। এ ক্ষেত্রে মাননীয় মন্ত্রীমহাশয় খুব পরিষ্কার ভাবেই বলেছেন যে ২৪ পরগণা জেলাকে যে দুটি ভাগে ভাগ করা হচ্ছে সেই দুটি জেলাতে যদি নির্বাচন করতে হয় তাহলে প্রায় এক মাসের উপর সমস্ত প্রশাসনকে নির্বাচনের কাজের সংগে যুক্ত থাকতে হবে এবং সেখানে প্রায় এক কোটি টাকার মতন ব্যয় হবে। সেখানে ৫ হাজার বুথ করতে হবে এবং এমনি নানান রকমের সমস্যা রয়েছে। তাছাড়া এক থেকে দেড় মাসের মতন ঐ জেলায় কোন রকম উন্নয়নমূলক কাজকর্ম করা যাবে না। তাছাড়া বিরাট অংকের টাকা ব্যয় করার যে প্রশ্নটাও আছে এবং এই মুহূর্তে ঐ টাকাটা ব্যয় করা অমূলক। তাছাড়া নির্বাচন যতক্ষন না হচ্ছে ততক্ষন সেখানে কোন কাজকর্ম করা যাবে না। কাজেই স্যার, আজকে যখন জেলাপরিষদ স্তরে প্ল্যানিং কমিটি নতুন করে বিভিন্ন রকম উন্নয়নমূলক কাজ জেলাপরিষদের মাধ্যমে করার চেষ্টা কার হচ্ছে সেই সময় কংগ্রেসী সদস্যদের এই সমস্ত কথা বা চিন্তা ভাবনার কারণ হচ্ছে জেলাপরিষদের কাজকর্ম ভীষণভাবে ক্ষতিগ্রস্ত করা। স্যার, আমি ওঁদের এই মতের তীব্র বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নির্বাচন প্রসংগে ওঁরা বললেন, এখানে নির্বাচন করে নতুন করে জেলাপরিষদ গঠন করা হোক। আমি বলব, নির্বাচনের কোন প্রশ্ন থাকতে পারে না এবং আইনের দিক থেকে কোন অসুবিধা থাকতে পারে না। যে ফাইনানসিয়াল মেমোরানডামের কথা সাত্তার সাহেব বললেন সে সম্পর্কে মাননীয় মন্ত্রী এবং মাননীয় স্পীকার মহাশয় বলেছেন যে এগুলি সামান্য টেকনিক্যাল পয়েন্ট, যে টেকনিক্যাল পয়েন্টগুলি পরবর্তীকালে কাজের দিক থেকে কোন ক্ষতিগ্রস্ত অবস্থার সৃষ্টি করে না। অথচ এই সমস্ত পয়েন্ট তুলে যাতে বিলটি কোনো রকমে উত্থাপন না করা যায় তার জন্য টালবাহানা শুরু করলেন। মান্নান সাহেব নির্বাচন করার কথা উত্থাপন করলেন এবং এমন ভাব করতে লাগলেন যেন মনে হলো নির্বাচন করলেই তাঁরা জিতে দুটি পঞ্চায়েত সমিতিই দখল করবেন। অবশ্যই পঞ্চায়েত নির্বাচন, বিধানসভার নির্বাচন এবং লোকসভার নির্বাচনের মধ্যে বিভিন্ন পটভূমিকায় ফলাফলে তাত্পর্য থাকতেই পারে। তবে ১৯৮৩ সালের পঞ্চায়েত নির্বাচনের ফলাফলের ভিত্তিতে ২৪পরগনা জেলা যখন ভাগ হচ্ছে তখন জেলা পরিষদকে ভাগ করে দু'টি জেলা পরিষদ গঠন করার মধ্যে কোনো নতুন পরিস্থিতির সৃষ্টি হচ্ছে না। এখানে কোনো নির্বাচনী কেন্দ্রকেই ভাগ করা হচ্ছে না। সুতরাং মান্নান সাহেবের প্রশ্নটি এখানে অনাবশ্যক। আগামী '৮৮সালেই পঞ্চায়েত নির্বাচন হবে, তখন প্রমাণ হয়ে যাবে কে কতখানি মানুষের সামনে গিয়ে কি করতে পেরেছে। আমরা ইতিপূর্বে এ বিষয়ে এখানে বহু রাজনৈতিক বক্তব্য রেখেছি এবং সেই বক্তব্য অনুযায়ীই আমরা কাজ করেছি। আমরা মানুষের হাতে ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বলি। আজকে সেই ভিত্তিতেই ব্লক স্তর পর্যন্ত প্ল্যানিং কমিটি গঠন করা হয়েছে। সমস্ত শ্রেণীর মানুষের চিন্তা ভাবনার মধ্যে দিয়ে দেশের উন্নয়ন পরিকল্পনাগুলি গ্রহণ করা হচ্ছে। পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত এবং জেলা পরিষদ, প্রতি স্তর থেকেই আজকে দেশের উন্নয়নের জন্য মানুষ চিন্তা ভাবনা করছে। প্রতিটি স্তরের চিন্তা ভাবনা সামগ্রিকভাবে দেশের উন্নয়নের স্বার্থে ব্যবহার করা হচ্ছে। অথচ আজকে সেই সমস্ত উন্নয়নমূলক কাজকে বাধা দেবার জন্য বিরোধী দলের সদস্যরা মামুলী দু' চারটি পয়েন্ট তুলে এই বিলটি উত্থাপনে বাধা দেবার চেষ্টা করলেন। সাত্তার সাহেব এবং সুব্রত বাবু মাননীয় মন্ত্রী মহাশয় পরিষ্কার ভাবে বলে দেওয়া সত্ত্বেও বার বার একই পয়েন্ট তুলে বাধা দেবার চেষ্টা করলেন। পরে তাঁরা বললেন, "মাননীয় মন্ত্রী মহাশয় পরিষ্কার ভাবে বলে দিন, তাহলেই সমস্যার সমাধান হয়ে যায়।" অথচ মাননীয় মন্ত্রী মহাশয় বার বার বললেন, সংবিধানের ধারা তুলে ধরে বললেন যে, কোনো ফাইনানসিয়াল মেমোরেনডাম না থাকার জন্য কাজের কোনো অসুবিধা হবে না এবং এ ব্যাপারে তিনি পরে একটা বিস্তারিত ব্যাখ্যা দেবেন বলেছেন। তাহলে তখন নিশ্চয়ই এই বিষয়টি সকলের কাছে পরিষ্কার হয়ে যাবে। ২৪-পরগনা জেলা একটা বিরাট জেলা, কাজের সুবিধার জন্য, প্রসাসনিক সুবিধার জন্য এই জেলাকে ভাঙা হচ্ছে। এই অবস্থায় সর্বস্তরের প্রশাসনকেই ভাঙতে হবে। সেই অনুযায়ী জেলা পরিষদকে ভেঙে দুটো জেলা পরিষদ গঠন করার কথা বলা হচ্ছে। বর্তমান নির্বাচিত সদস্যদেরও সেই ভাবে ভাগ করে দেওয়া হচ্ছে, এর মধ্যে ফিনানসিয়াল লাইবিলিটি বিশেষ কিছু নেই এবং এ কথা পরিষ্কারভাবে মন্ত্রী মহাশয় বলেছেন। এর পরেও যদি কোথাও কোনো অসুবিধার সৃষ্টি হয়, সেটা এমন কিছু ব্যাপার হবে বলে মনে হয় না যা আগামী দিনে সহজে মিটিয়ে ফেলা যাবে না। অথচ বিরোধী বন্ধুরা অকারণ এই বিলটি উত্থাপন করার ক্ষেত্রে বাধা দিলেন। উপরন্তু মান্নান সাহেব নতুন করে নির্বাচন করার কথা বললেন, তাঁর ধারণা নির্বাচন হলেই তাঁরা জিতে যাবেন এবং ২৪ পরগনার দু'টি জেলা পরিষদই তাঁরা দখল করবেন। আসলে তাঁর উদ্দেশ্য হচ্ছে নির্বাচনের মধ্যে ঠেলে দিয়ে অন্তত ২/৩ মাস ২৪ পরগনা জেলার সমস্ত উন্নয়নমূলক কাজকে বাধা দেওয়া। নির্বাচন করলেই সমস্ত রকম উন্নয়নমূলক কাজ অন্তত ২/৩ মাসের জন্য বন্ধ হয়ে যাবে, কারণ প্রশাসনকে ঐ সময় নির্বাচনের কাজে যুক্ত থাকতে হবে। আমি এ ব্যাপারে আর বিস্তারিতভাবে বিশেষ কিছু বলতে চাই না। মাননীয় মন্ত্রী মহাশয় বিলের মধ্যে এবং তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে পরিষ্কারভাবে বিলের উদ্দেশ্য তুলে ধরেছেন। সুতরাং এই বিলটিকে আমি সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-25–4-35 P.M.]

শ্রীকাশী নাথ মিশ্র: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় দি ওয়েষ্ট বেঙ্গল পঞ্চায়েত (সেকেণ্ড এ্যমেণ্ডমেন্ট) বিল, ১৯৮৫ যেটা নিয়ে এসেছেন এই সম্পর্কে বলার আগে আমি প্রথমেই বলি এই পঞ্চায়েত বিলে এটাই প্রথম এ্যমেণ্ডমেন্ট নয়, এর আগে অনেকগুলি এসেছে। আমরা তার অবজেকটস এণ্ড ষ্টেটমেন্ট অনুযায়ী যেখানে প্রয়োজন সেখানে বিরোধিতা করেছি আর যেখানে প্রয়োজন নেই সেখানে নিশ্চয়ই সরকারকে বিপাকে ফেলবার চেষ্টা করিনি। এখানে মূল উদ্দেশ্যটা হচ্ছে,

The State Government considers that with a view to improving the quality of district administration, the bigger districts of West Bengal should be divided into separate districts, namely.. extracts.আর Extracts from sub-sections(5) and (6)of section 140 তে সেখানে বলেছে When the area of a district is divided so as to constitute two or more districts, there shall be reconstitution of the Zilla Parishads for the newly constituted districts in accordance with the provisions of this Act, and the Zilla Parishad of the district so divided shall, as from the date of coming into office of the newly constituted Zilla Parishads, cease to exist, and the properties, funds and liabilities of the Zilla Parishad shall gest in the reconstituted Ailla Parishads, in accordance with such allocation, as may be determined by order in writing by the prescribed authority, and such determinations shall be final.

এইটা আমাদের ছিল। আজকে পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় তার পরিবর্তন করছেন। কিন্তু যে ব্যবস্থাটা আগে ছিল সেটা আমাদের কাছে মনে হয়েছে সাফিসিয়েন্ট ছিল। এই আইনের দরকার হয় না। মাননীয় মন্ত্রী মহাশয় যে পরিপ্রেক্ষিতে নিয়ে এসেছেন তাতে তিনি বলছেন যে আমাদের সামনে একটা প্রশ্ন দেখা দিয়েছে বিশেষ করে ২৪ পরগনা জেলার বিভাজন নিয়ে। এই জেলা ভাগের পরিপ্রেক্ষিতে রাজ্যসভার সদস্য, বিধানসভা এবং লোকসভার সদস্য যারা যেখান থেকে নির্বাচিত হয়েছেন তাঁরা সেখানেই থাকবেন এবং জেলা-পরিষদ এবং অন্যান্য পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েত সমিতির সদস্য তারা সেইভাবেই থাকবেন। প্রশ্ন হচ্ছে নমিনেটেড মেম্বার নিয়ে। যেখানে মহিলা নির্বাচিত হবেন না, সেখানে সরকারী তরফ থেকে নমিনেটেড মেম্বার দেওয়া হবে এবং তার সাথে তপসিলী আদিবাসী সম্প্রদায়ের লোককে সেখানে নমিনেটেড মেম্বার দেওয়া হবে। এখন এই জেলার বিভাজনের ফলে যেহেতু তারা সেখানকার অর্থাৎ সেই জেলার অধিবাসী হচ্ছে না বলে ২১০ যে ধারা আছে সেই ধারাটা ওপেন হয়নি। সেই ধারা বলে নমিনেসন দেওয়া হয়ে থাকে। এখানে সীজ্ হয়ে যাচ্ছে। তারপর বিভাজন হয়ে যাবার পর সরকার সেখানকার অধিবাসীদের নমিনি হিসাবে দেবার চেষ্টা করবেন। এখন প্রশ্ন হচ্ছে, এই পরিপ্রেক্ষিতে আমরা দেখছি, সবদিক থেকে বিভাজন হয়ে গেলে আস্তে আস্তে জেলা-পরিষদ থেকে আরম্ভ করে বিশেষতঃ জেলা পরিষদকে তৈরী করতে হবে এবং তারজন্যে অর্থের প্রয়োজন। সেই পরিপ্রেক্ষিতে সংবিধান অনুযায়ী একটা বিল নিয়ে আসতে গেলে যে আবজেকটিভ থাকা দরকার সেই অবজেকটিভের জন্য ফিনানসিয়াল মেমোরাণ্ডাম সম্বন্ধে আমাদের লিডার অফ দি অপোজিসান এবং চীফ্ হুইপ মহাশয় এই প্রসঙ্গটি তুলেছিলেন।

এটাতে কোন রকমে সরকারকে বিপাকে ফেলার ব্যাপার নয়, সরকারের অসুবিধা যাতে না হয় সেই পরিপ্রেক্ষিতে বলা। কেউ যাতে কোর্টের আশ্রয়ে না যেতে পারে সেই পরিপ্রেক্ষিতেই সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। সরকারের দৃষ্টি আকর্ষণের অর্থ এই নয় যে আমরা বিরোধিতা করছি। সরকারের দৃষ্টি আকর্ষণ করাই বিরোধীদলের মূল কাজ এবং সেই পরিপ্রেক্ষিতেই আমরা মাননীয় পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই অবস্থার পরিপ্রেক্ষিতে তাঁর যে দৃষ্টিভংগী তাতে আমি তাঁর কাছে অনুরোধ করব যে সেখানে ঐ ২১০ বলে যে নমিনেসন দেওয়া যাবে সেই নমিনেসনে সেখানকার সেই জেলার যাঁরা অধিবাসী হয়ে থাকেন এবং সেই পরিপ্রেক্ষিতে এই ক্ষেত্রে একটা নতুন জেলা যখন হবে সেখানে সেই জেলা পরিষদকে পরিচালনা করতে গেলে আজকে সরকারের সেই জেলাপরিষদকে সহযোগিতা দেওয়া দরকার। সেটা নতুনভাবে অসুবিধার মধ্যে দিয়ে করতে হবে। সেই পরিপ্রেক্ষিতে এই আইন বলে সেখানে ওঁকে প্রোটেকসান দিতে হবে এবং ফাইনানসের দিক থেকে কিছু খরচ হবে না এই কথাটাকে আমরা অন্ততঃ মনে করি একটা সঠিক তথ্য স্বীকার করে বলা হচ্ছে না। সেটা বলতে গেলে প্রকৃতভাবে একটা জেলা পরিষদের প্রথম থেকে বিভিন্ন ভাবে সেখানকার নির্বাচিত প্রতিনিধি একটা জেলা পরিচালনা করতে গেলে যখন পঞ্চায়েতের ভিত্তিতেই সরকার পরিচালনা করতে গেলে যখন পঞ্চায়েতের ভিত্তিতেই সরকার পরিচালনা করার চেষ্টা করেছেন সেখানে সরকার বিভিন্নভাবে এই পঞ্চায়েতের মাধ্যমে সব রকম ডেভালাপমেন্ট করছেন। আপনাদের ভাষায় বলি তখন আর্থিক দিক থেকে আপনারা বলতে পারবেন না যে সেখানে কোন খরচ হবে না। সেই পরিপ্রেক্ষিতে আজকে মনে করি এই বিলটির পরে আরও সংশোধনী নিয়ে আসতে হবে। অসুবিধা যখন হবে তখনই সংশোধনী আনতে হবে। এখন যে অসুবিধাগুলি সেগুলি হল একটা জেলা ভাগ হয়ে গেল নতুনভাবে সব কিছু তার এ্যাডমিনিষ্ট্রেসন থেকে আরম্ভ করে ঘর বাড়ী থেকে আরম্ভ করে বিভিন্ন ভাবে আনুষংগিক একটা মিসলেনিয়াস খরচ সেটা দিতে হবে। আপনারা হয়ত কনটিনজেনসি ফাণ্ড, মিসলেনিয়াস ফাণ্ড থেকে দিতে পারেন সেদিক থেকে ব্যয় বরাদ্ধ ধরতে পারেন আমি বলব সেদিক থেকে সরকারের ভাবনা চিন্তা করা দরকার। একটা গুরুত্বপূর্ণ জেলা দুটো ভাগ হচ্ছে। গুরুত্বপূর্ণ সবচেয়ে বেশী কারণ উত্তর ২৪পরগণা, সেটা বর্ডার এরিয়া, আমার মনে হয় সেদিক থেকে চাপ বেশী আসবে। বিভিন্ন সময়ে মাননীয় সদস্যদের বক্তব্য অনুযায়ী আমরা দেখি এবং এখানে অন্তত উপলব্ধি করি যে নতুন জেলার একটা এমন অবস্থার সৃষ্টি হবে সেই পরিপ্রেক্ষিতে সেটা এই সরকারকে জেলাপরিষদের মাধ্যমেই সমাধান করার চেষ্টা করতে হবে। যেহেতু সরকার তার উপর নির্ভরশীল সেই পরিপ্রেক্ষিতে অন্তত সরকারকে বলব আরও গভীর চিন্তা করে এই বিলটিকে আরও পূর্ণাংগভাবে আনতে হবে। এগুলি বিবেচনা করুন ঐ পরিপ্রেক্ষিতে এটাকে প্রচার বা এলিসিট ওপিনিয়ন ৩০শে সেপ্টেম্বর পর্য্যন্ত, যেহেতু গুরুত্বপূর্ণ ব্যাপার। যেহেতু আমাদের ক্লজটু সেখানে ওমিট করতে বলেছিলাম সেটা মোটামুটি রয়ে যাচ্ছে। সেখানে যেহেতু ২১০ এর নমিনেসন হবে নমিনেসনে সেখানকার জেলার অধিবাসী, সেদিকে মাননীয় প্রবীণ শ্রদ্ধেয় পঞ্চায়েত মন্ত্রীমহাশয় লক্ষ্য রাখবেন এই কথা বলে এই যেআমাদের এ্যামেনডমেনটগুলি দিয়েছি এইগুলিকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রী অনিল মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্যরা যেভাবে বক্তৃতা রাখলেন তাতে মনে হয়েছে – ঘরেরও নাই, বাইরেও নাই, দাঁড়িয়ে আছি মাঝখানে। ওঁরা বিলটাকে সমর্থন করছেন না, আবার এর বিরোধিতাও করছেন না–এই রকম একটি ভাব ওঁদের বক্তৃতার মধ্যে রয়েছে। অবশ্য সারা ভারতবর্ষে কংগ্রেসের এই একই অবস্থা। ওঁরা কি করবেন সেটা ঠিক করতে পারছেন না। কোন কিছুই ওঁদের ঠিক নয়। কখনও হয়তএকটি

কথা ওঁরা ভাবেন, করেন কিছু একটা করবেন বলেন, কিন্তু পর মুহূর্তে সেখান থেকে পিছিয়ে যান। সঠিক কোন নীতি ওঁরা নিতে পারেন না। সেই কারণে এখানে বক্তৃতার মধ্যে ওঁদের এই মনোভাব স্পষ্ট হয়ে উঠেছে।

[4.35–4.45 pm]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের মধ্যে এমন কি কিছু আছে যার জন্য এইভাবে ওঁরা আপত্তির সুর তুলছেন? এখানে আইনের একট্যাকট্ তুলে বলছিলেন যে, আইনযেটা আছে সেটাই যথেষ্ট। ওঁরা পুরো আইনের বইটা খুলে দেখেছেন বলে মনে হয় না। আমার কাছে পঞ্চায়েতের বইগুলি রয়েছে। এখানে আইনের ১৪০ ধারার ৫ উপধারায় ব্যাপকভাবে বলা আছে। এখানে পঞ্চায়েত বিভাগ কোন জেলাকে ভাগ করছে না। সেখানে বলা আছে, যদি ষ্টেট গভর্ণমেন্ট মনে করেন যে প্রশাসনিক প্রয়োজনে কোন জেলাকে ভাগ করা প্রয়োজন তা করা যাবে। আমরা তো দেখছি যে, প্রয়োজনে কোন নতুন থানা তৈরী হয়, ব্লক তৈরী হয়। সেই রকমভাবে রাজ্যের প্রশাসনিক প্রয়োজনে যদি বড় জেলাগুলিকে ভাগ করা প্রয়োজন হয় সে-ক্ষেত্রেই কেবলমাত্র এটা এফেকটেড্ হবে। সব জেলাকে টুকরো টুকরো করার উদ্দেশ্য নিয়েই পঞ্চায়েত বিভাগ এটা এনেছে–এটা তা নয়। যেখানে প্রশাসনিক ক্ষেত্রে প্রয়োজন হবে–এই ব্যাপারে ডিটেলস্ ওয়ার্ক আউট বলা আছে এতে। আইনের ২১০ ধারায় যেখানে নমিনেটেড মেম্বারদের ক্ষেত্রে সিডিউল্ড কাষ্ট থেকে এবং মহিলাদের মধ্যে থেকে দুইজন করে মেম্বারস্ ইলেকটেড করা হয়নি সেখানে তা করা হবে। ধরুন, একটি জেলা দুই ভাগে ভাগ হচ্ছে। সেক্ষেত্রে দেখা গেল, একটি অংশে দুইজন ওমেন মেম্বারস্ আছেন, কাজেই সেখানে ওমেন মেম্বারস্ নোমিনেট করার প্রয়োজন হচ্ছে না। কিন্তু আর একটি ভাগে দেখা গেল ওমেন মেম্বার নেই, সিডিউল্ড কাষ্ট মেম্বারও নেই, সেক্ষেত্রে ওমেন মেম্বার এবং সিডিউল্ড কাষ্ট থেকে পুনরায় যে জেলা পরিষদ হোল সেখানে চার জন যাবেন। আদার কাষ্টের ক্ষেত্রে আলাদা প্রভিশন, সেটা আলাদা ভাবে করা হবে। কাজেই এই ব্যাপারে ভীতি থাকা উচিত নয়। কম্পোজিশনটা আইনের সুবিধার জন্য করা হবে। যখন কোন সম্পত্তি ভাগ হয়, সেক্ষেত্রে ডিটেলস বলে দেওয়া হয় যে, পার্টিশনের ফলে এর ভাগে এইসব পড়বে, ওর ভাগে পড়বে এইসব। এখানেও লাইভস্ এ্যাণ্ড প্রপারটিজ্ করা কি হবে, কি কি ডিটরমিনড্ করবে এবং কার ডিটারমিনেশন ফাইনাল হবে সেটা বলে দেওয়া হচ্ছে। উনি বললেন আগে যেটা ছিল সেটা যথেষ্ট। অদ্ভুদ ব্যাপার! উনি যদি প্রভিশনের লাষ্ট লাইনটা পড়েন তাহলে দেখবেন সেখানে লেখা আছে

"The properties, funds and liabilities of the Zilla Parishad shall vest in the re-constituted Zilla Parishads in accordance with such allocation as may by determined by order in writing by the prescribed authority and such determination shall be final." এই কথা দিয়ে শুধু সম্পূর্ণ হয়ে যাচ্ছে না সেখানে আলাদা স্পেসিফিকেসান করে বলা আছে specification.. "The properties, funds and liabilities of the Zilla parishad of the former district shall vest in the newly constituted Zilla Parishads in accordance with such allocation as may be determined by order in writing by the prescribed authority, and such determination shall be final." তারপর সিতে বলা আছে The members of the newly constituted Zilla Parishad, other than ex officio members, shall, subject to the provisions of section 145, hold office with effect from the date of its first meeting at which a quorum is present for the anexpired portion of the terms of office of the members of the Zilla Parishad of the former district.

এইগুলি যদি না থাকতো তাহলে অনেক অসুবিধা হত। এখানে ডিসট্রিকটের ব্যাপারে ডিটেল্স বলা আছে। তারপর দেখুন টাইম টু টাইম বাই প্রপার নোটিফিকেসান ডিসট্রিকগুলোতে কি কি কসটিটিউট করা হবে সেটার সম্পর্কে ডিটেল্স বলা আছে। তারপর কোন মেম্বার, এম. পি. কিংবা এম. এল. এ কোথায় যাবে, এক্স অফিসিও মেম্বাররা কোথায় যাবেন সেটা বলা আছে। রিমুভ্যাল অফ মেম্বার কি হবে এটা বলার জন্য এই এ্যামেণ্ডমেন্ট এখানে আনা হয়েছে। এর কোন [illegible] উদ্দেশ্য নেই। ওনারা এখানে রাজনৈতিক গন্ধ পাচ্ছেন এবং সেটা ইচ্ছাকরেই পাচ্ছেন এবং সেই জন্য তাঁরা কদর্য্য ভাবে বিরোধীতা করছেন। এর মধ্যে ফিনানসিয়াল ইমপ্লিকেসান কিছু নেই। কাজেই জেলা পরিষদে যা আছে সেটা দু ভাগে ভাগ করে ২ ভাগে খরচ হবে। দু-জন সভাপতি, কিন্তু বাজেট হবে একটা বিলে সেটা লেখা আছে–সেই টাকা থেকে সব খরচ হবে, এডিসনাল একসপেনডিচার কিন্তু ইনকার হবে না। এডিসনাল ফাইনানসিয়াল লাইবিলিটি তার মধ্যে নেই, ফাইনানসিয়াল মেমোরানডাম দেওয়ার কোন প্রয়োজন নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওনারা বলছেন এই বিলকে পরে সংশোধন করতে হবে। আমি বলতে চাই এটা তো ওয়াটার টাইট কম্পার্টমেন্ট নয়, প্রয়োজন হলে সংশোধন করতে হবে। ভারতবর্ষের সংবিধান ৩৮ বছরে ৫২ বার সংশোধন করতে হয়েছে। এটা তো একটা সামান্য বিল, এটাতো সংশোধন হতেই পারে। মানুষের জন্য আইন, আইনের জন্য মানুষ নয়। সামান্যতম প্রয়োজন হলে সংশোধন করা হবে। এক মাস পরে আবার এটাকে সংশোধন করা যাবে। এই ভাবে সংশোধন অনেক আইনে হয়েছে। আগে আমরা দেখেছি বহু আইন অনেকবার সংশোধনী আনা হয়েছে। স্বাভাবিকভাবে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এখানে এনেছেন সেটা খুব সুন্দর ভাবে এসেছে এবং সেটা ডিটেল্স এনেছেন। সেই জন্য আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-45–4-55 P.M.]

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধিতার জন্য বিরোধিতা করা আমার উদ্দেশ্য নয়। আমরা চাই এই বিলটার নুতন বিভাজোনের সঙ্গে খাপ খাইয়েএমনভাবে তৈরী করা হোক যাতে অনিলবাবুর কথা অনুযায়ী ভারতবর্ষের সংবিধানের মতো ৩৮ বছরে ৫২ বার সংশোধন করতে না হয়। এই বিলে আইনগত যে সমস্যা রয়েছে সেই সম্পর্কে আমাদের দল নেতা এবং মুখ্য সচেতক উল্লেখ করেছেন। ২১০ধারায় সম্পর্কে আমার

সহয়োগী মাননীয় সদস্য মান্নান সাহেব উল্লেখ করেছেন। এইদিকে আমি বেশী বিবাদে যাচ্ছি না। কিন্তু সরকারী দলের পক্ষ থেকে যে ইঙ্গিতগুলো করা হয়েছে আমি সেগুলো সম্পর্কে কিছু বক্তব্য রাখতে চাই। ২৪ পরগনা জেলা যে ভিত্তিতে ছিল, যেখান থেকে সদস্যরা নির্বাচিত হয়েছিলেন, সেই জেলার মৃত্যু হয়ে যাচ্ছে। অর্থাৎ মায়ের মৃত্যু হয়ে যাচ্ছে। মাতৃগর্ভে বেঁচে থাকাটা বায়োলজিক্যালি যেমন অসম্ভব, ঠিক তেমনি এ্যাডমিনিষ্ট্রেটিভ্ ওয়েতেও অসম্ভব। মাননীয় অনিলবাবু বলেছিলেন ফিন্যানসিয়াল ইমপ্লিকেশনস্ নেই। তাহলে জেলা পরিষদ ভাগ হলে পরে যে জেলা পরিষদের ভাগ্যে বাড়ী, অফিসগুলো পড়বে তারা তো পেল, কিনতু অন্যদিকে জেলা পরিষদ কি মাঠে বসে থাকবে? তার জন্য তো অফিস কাছারী নতুন করে ব্যবস্থা করতে হবে। অর্থাৎ ফিন্যানসিয়াল ইমপ্লিকেশনস্ আছে। সুতরাং আমাদের সচেতক একথা যথার্থভাবেই বলেছেন। ফিন্যানসিয়াল ইমপ্লিকেশনস্ পরবর্ত্তীকালে যদি করতেই হয়, তাহলে এখনই তা করলে দোষটা কোথায়? আমি শীতকালের পোষাক পরার কথাই বলছি। কারণ, যেটা হবে সেটা চো কম্প্রিহেন্সিভ্ ওয়েতে হতে পারে। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি অনুরোধ রাখি, এটা যদি সর্বাঙ্গসুন্দর করে না পারেন, তাহলে স্বয়ংসম্পূর্ণ করেও তো করতে পারেন? তাতে অপরাধটা কোথায়? থানা যদি বড় হয় তাহলে থানা ভাগ করে কনষ্টেবলকে আর এক জায়গায় বড়বাবু করে পাঠানো হয় না কখন। এখানে নির্বাচনের ভিত্তিতে যেহেতু হয় না, সেইহেতু এটা করা যেতে পারে। কিন্তু বনগাঁর সঙ্গে ডায়মণ্ডহারবার'এর ২৪ পরগনার মাধ্যমে নির্বাচনের ভিত্তিতে যে মিল ঘটানো ছিল, সেটা যদি বারাসাত আর আলিপুরের মাধ্যমে ঘটানো হয়, তাহলে বনগাঁর মানুষ কি নতুন জেলা পরিষদের সভাপতি নির্বাচনের সুযোগ পাবে না? আমাদের আশঙ্কা যে, তারা সে সুযোগ পাবে না। কারণ আমাদের গভীর আশঙ্কা, এই সরকার অল্পকালের মধ্যেই ভেঙে দেবেন মাননীয় মুখ্যমন্ত্রী। তিনিই তো বামফ্রন্টের একমাত্র তুরুপের তাস, তাঁকে দেখিয়ে নির্বাচন করে নেয়া হবে যাতে মেজরিটি পাওয়া যায়। ঠিক একইভাবে জেলা পরিষদের সভাপতিকে জনসাধারণ নির্বাচন করবেন। নির্বাচনে ব্যয়ের কথা বলা হয়েছে। বলা হয়েছে নির্বাচন হলে কাজ হবে না। নির্বাচন হলে ব্যয় হবে, কোন কাজ হবেনা, এই যুক্তিতে যদি নির্বাচন পিছিয়ে দেওয়া হয়, তাহলে তো রাষ্ট্রপতির নির্দেশে কেন্দ্রীয় সরকারের নির্বাচন অনন্তকালের জন্য পিছিয়ে দেওয়া যায়? ক্যালকাটা কর্পোরেশনের নির্বাচন তো দীর্ঘকালের জন্য পিছিয়ে দেওয়া যেত? বলা যেতে পারতো নির্বাচন হলে কাজ করতে অসুবিধা হবে? পশ্চিমবাংলা ও পূর্ববাংলা নাম নিয়ে যখন দেশটা ভাগ হয়েছিল তখন প্রথমে শ্যাডো ক্যাবিনেট হয়েছিল। কিন্তু পরে প্রভিসান্যাল গভর্নমেন্ট হয়েছিল দু বছরের জন্য। গভর্ণমেন্ট প্রভিসান্যাল জেলা পরিষদ রাখতে পারতেন কিনতু একটা নির্দ্দিষ্ট সময়ের জন্য। সেই সময়ের মধ্যে যদি নির্বাচন করা হতো, তাহলে জনসাধারণ তাঁদের গনতান্ত্রিক অধিকার তথা বিচার বুদ্ধি ও বিবেচনার মাধ্যমে আর একবার জেলা পরিষদের সভাপতি নির্বাচনের সুযোগ পেতেন। তাঁরা তাঁদের মতামত জানাবার সুযোগ দিলে অপরাধটা কোথায় ছিল? যাঁরা প্রতিনিয়ত জনগণতান্ত্রিক বিপ্লবের কথা বলেন, তাঁরাই আবার জনগণের গনতান্ত্রিক অধিকারকে খর্ব করে, জনগণকে এড়িয়ে, নির্বাচনকে এড়িয়ে যাবার চেষ্টা করছেন। এই ভাবে জেলা পরিষদকে ভাগ করার লাভ যে কি আছে তা আমি জানি না। তাই, এই পঞ্চায়েত মন্ত্রী যাঁকে এই সরকারের একমাত্র বুদ্ধিমান মন্ত্রী বলে মনে করি তাঁর কাছে অনুরোধ জানাচ্ছি যে, তিনি এই বিলটি আজকের মত প্রত্যাহার করুন এবং দরকার হলে বিলটি পরে স্বয়ংসম্পূর্ণ ভাবে উপস্থিত করুন। সেই সঙ্গে সঙ্গে নির্বাচনের ভিত্তিতে—জানিনা, এই দাবীর কোন প্রয়োজন আছে কিনা, বিশেষ করে যেটা সিজ টু এক্জিষ্ট -যে বিধান ছিল, সেটাকে মেনে নিয়ে ২৪ পরগণার মৃত্যুর সঙ্গে সঙ্গে ২৪ পরগণা জেলা পরিষদ আবার নতুন করে গঠনের জন্য 'জেলা পরিষদ নির্বাচন ভিত্তিক' হবে বলে ঘোষণা করুন। জেলা পরিষদ নির্বাচন ভিত্তিক ঘোষণার বিবেচনায় আমি এই বিলের বিরোধিতা করছি।

শ্রী গনেশ চন্দ্র মণ্ডল: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী জেলা পরিষদ সংশোধন সম্পর্কে যে বিল এনেছেন আমি সেই বিলকে সমর্থন করছি। যদিও এই বিলে কোন নির্দিষ্ট কোন জেলার নাম নেই তবুও আমরা এটা ধরে নিতে পারি মূলতঃ ২৪ পরগণা জেলাকে ভাগ করার উদ্দেশ্যে এই বিল আজকে বিধানসভায় আনা হয়েছে। এই বিলের বিভিন্ন ধারা এবং উপধারা এবং মূল বিষয় সম্পর্কে আমাদের বিরোদীদলের কিছু মাননীয় সদস্য বক্তব্য রেখেছেন। তাদের বক্তব্যের একটা দিক আমরা দেখছি, তারা যেন চান নির্বাচন হোক, নির্বাচন হলেই যেন এই জেলা পরিষদ তাদের দখলে চলে যাবে এই স্বপ্ন তারা দেখেছেন। কিন্তু বাস্তব অবস্থা সেখানে তা নয়। তারা লোকসভার নির্বাচন নিয়ে যাই বলুন না কেন অবস্থার অনেক পরিবর্তন ঘটেছে এবং সেই যুক্তি দিয়ে কথা বললে সেটা বাস্তবসম্মত হবে না। এই জেলার আয়তন অতি বিশাল - এর এক দিকে বিরাট চলছে বাংলাদেশের সীমান্ত, সেই সীমান্তে অবস্থিত সেখান থেকে প্রতিনিয়ত লোকজন আসছে এবং এখানকার জনসাধারণের সঙ্গে মিশে যাচ্ছে। ফলে তাদের চিহ্নিত করা খুবই কষ্টসাধ্য ব্যাপার হয়ে যাচ্ছে। আবার আর একদিকে বিশাল বনভূমি, সেখানে প্রতিনিয়ত আইনশৃঙ্খলার প্রশ্ন জড়িত। অপরদিকে উত্তরাংশে শিল্পাঞ্চল, সুতরাং সামগ্রিকভবে এই জেলার আয়তন, লোকসংখ্যা যেটা পশ্চিমবঙ্গের যে কোন জেলার তুলনায় অনেক বেশী। ভৌগলিক বৈশিষ্টের দিক থেকে এর সম্মৃদ্ধি অন্য যে কোন জেলার থেকে বেশী। সুতরাং এই জেলাকে ভাগ করে পৃথক করতে গেলে প্রশাসনকে পৃথক করা ছাড়া আর কোন উপায় নেই। সুতরাং এই যে সরকার একটা সাধু উদ্দেশ্য গ্রহণ করে এই বিল এনেছেন তাকে সমর্থন করছি। এই বিলকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। যেহেতু এখানে ডিষ্ট্রিক্ট এ্যাডমিনিষ্ট্রেশান সম্পর্কে বলা হয়েছে যার সঙ্গে এই জেলা পরিষদগুলি অঙ্গাঙ্গিভাবে জড়িত সেইহেতু সেখানে প্রশাসনিক ক্ষেত্রে নিশ্চয় এরসঙ্গে কিছু কিছু মহকুমা, জেলার মহকুমা থানা বা ব্লক যুক্ত হওয়ার কথা উঠতে পারে এবং সেগুলি নতুন করে ঢেলে সাজানোর প্রশ্ন দেখা দিতে পারে। এই জেলার প্রশাসনিক বিভাগেব ক্ষেত্রে কোন থানা বা কোন মহকুমা তার সঙ্গে নতুনভাবে সংযোজিত হচ্ছে সেই সম্পর্কে এখনো পর্যন্ত কোন সুস্পষ্ট ইঙ্গিত এই সভাতে দেওয়া হয়নি এই সম্পর্কে প্রশাসনিক স্তরে এই জেলাকে কিভাবে বিভাগ করতে হবে, কোন মহকুমার মঙ্গে কোন মহকুমা কোন থানা জড়িত হওয়া দরকার তারজন্য একটা কমিটি তৈরী হয়েছে। সেই কমিটির সুপারিশ সরকারের হাতে এসে পৌছেছে। তবে সেই কমিটির সুপারিশ আজও পর্যন্ত আমাদের জানানো হয় নি। মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি সেই সুপারিশ এই সভাতে পেশ করার জন্য। কারণ তাহলে আমরা বুঝতে পারবো

বাস্তব অবস্থাটা এখন কোথায় দাঁড়াচ্ছে। প্রশাসনিক সংস্কারের জন্য যে সমস্ত সুপারিশ করেছেন, সেই সুপারিশে নতুন কিছু মহকুমা তারা স্থাপন করার কথা বলেছেন। আমরা এই সম্পর্কে লিখিতভাবে বা ডেমোনস্টেশান আকারে আমাদের কিছু দাবী সরকারের কাছে রেখেছি। সেই দাবীর মধ্যে অন্যতম একটি দাবী ছিল যে এই ২৪ পরগণা জেলার মধ্যে এই সুন্দরবন অনুকূল এলাকায় অবস্থিত। কিন্তু এই সুন্দরবন বিশাল এলাকা নিয়ে হওয়া সত্ত্বেও সেখানে কোন মহকুমা করার প্রস্তাব আমরা এখনো পর্যন্ত দেখিনি। সেইজন্য আমি বলছি ক্যানিং সুন্দরবনের অন্যতম প্রকাশ্য প্রবেশ দ্বার বলে পরিচিত, সুতরাং এখানে একটা মহকুমা স্থাপন করা হোক।

(4.55-5.05.PM.)

এটা আমাদের অন্যতম দাবী। কারণ আমরা যে এলাকা থেকে নির্বাচিত সেই গোসাবা এলাকাটা বসিরহাট মহকুমার অন্তর্গত। কিন্তু এটা উত্তর ২৪পরগনা জেলায় সংগে যুক্ত হয়েছে। গোসাবার ক্ষেত্রে কি হবে আজ পর্যন্ত জানিনা। এটা যদি দক্ষিণ ২৪পরগনার সংগে আসে তাহলে গোসাবা, বাসন্তী, কুলতলী ইত্যাদি এই সমস্ত জায়গার সুবিধার জন্য ক্যানিং-এ একটা মহকুমা স্থাপন করা একান্ত প্রয়োজন বলে মনে করি। যোগাযোগ ব্যবস্থা, অনুন্নত এলাকার উন্নয়ন এবং এলাকার অধিবাসীদের কোলকাতায় না এসে ক্যানিং মহকুমা থেকে কাজ পরিচালনা করা সম্ভব হবে বলে আমি মনে করি। সুতরাং এই জেলাকে বাস্তবে ভাগ করার আগে এবং জেলা পরিষদকে ২ভাগে ভাগ করার আগে আমাদের মতামত এবং জনসাধারণের মতামত গ্রহণ করা হোক এই দাবী করছি। পঞ্চায়েত মন্ত্রী যে বিল এনেছেন তাকে সমর্থন করে আমি শেষ করছি।

শ্রীনবকুমার রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তা উত্থাপন করার আগে আমাদের দলনেতা এবং চীফ হুইপ কতকগুলি আইনগত ত্রুটি দেখিয়ে দিয়েছেন। স্পীকার মহাশয়ও স্বীকার করেছেন সামান্য ত্রুটি আছে। তাসত্ত্বেও এই ত্রুটিপূর্ণ বিল আমরা আলোচনা করছি। সরকার পক্ষের সদস্যরা আমাদের বিরুদ্ধে কতকগুলি শ্লোগান তুলে বললেন যে প্রথমে ২৪পরগনা জেলা ভাগ হোক এটা অমরা চাই না। দ্বিতীয়ত আমরা নির্বাচন চাই এবং তা হলে ২৪পরগনা জেলাবাসীর অনেক অসুবিধা হবে এবং ডেভালাপমেণ্টের কাজ পড়ে থাকবেনা। তৃতীয় রাজনৈতিক উদ্দেশ্যে আমরা এই বিলের বিরোধীতা করছি। কিন্তু এই বিলে কারুর বিরোধীতা করার কোন প্রশ্ন নেই। একটা বৃহত্তর জেলাকে দুভাগে ভাগ করলে প্রশাসনের সুবিধা হবে এবং মানুষের উন্নতি করা যাবে। কিন্তু আমাদের আপত্তি হচ্ছে আমরা একটা ত্রুটিপূর্ন বিল আলোচনা করছি। আগামীকাল যখন পেপারে বের হবে এবং আইনজ্ঞরা যখন দেখবেন যে ত্রুটিপূর্ণ বিল আমরা পেশ করেছি তখন আমাদের সম্বন্ধে কি ধারনা হবে। সরকার পক্ষ ধরে নিয়েছেন কোন ত্রুটি নেই এবং আমরা [illegible] বিরোধীতা করছি। কিন্তু যেখানে দেখা যাচ্ছে আইনগত ত্রুটি আছে সেখানে এই বিল আলোচনা করতে গিয়ে সকলের অসুবিধা হচ্ছে। সরকার পক্ষ সেদিকে কর্ণপাত করলেন না। আর. এস. পির সদস্য এই বিল আলোচনা করতে গিয়ে তাঁর সাব ডিভিসান কোন দিকে যাবে সে কথা বললেন। সি. পি. এম থেকে বললেন কংগ্রেস পক্ষ তাঁদের স্বার্থের জন্য এই বিলের বিরোধীতা করছেন। ফরোয়ার্ড ব্লকের সদস্য, হাইকোর্টের আইনজ্ঞ এবং পিটিশান কমিটির চেয়ারম্যান, ১০ধারা সম্বন্ধে ব্যাখ্যা দিয়ে বললেন যে যেখানে সিডিউল কাষ্টের প্রতিনিধি নেই কিম্বা মহিলা প্রতিনিধি নেই সেখানে জেলা পরিষদের নমিনি কার হবে, তারা কোন দিকে যাবে? আমার প্রশ্ন এখানে। কিন্তু তিনি উল্টো বুঝলেন, বুঝে তিনি বললেন যখন ভাগ হয়ে যাবে তখন সেখানে মহিলা প্রতিনিধি, সিডিউলড কাস্ট প্রতিনিধি যাবার ক্লিয়ারেন্স পেয়ে যাবে। কিন্তু এখন যিনি মহিলা প্রতিনিধি, সিডিউলড কাস্ট প্রতিনিধি আছেন তিনি কোন দিকে যাবেন ? জেলা ভাগ হয়ে গেলে জেলা পরিষদের মেম্বারও ভাগ হয়ে যাবে। কিন্তু যে মহিলা প্রতিনিধি বা সিডিউলড কাস্ট প্রতিনিধি রয়েছেন তাঁরা কোন পার্টিকুলার এরিয়া থেকে আসেননি, তাঁরা মহিলা প্রতিনিধি বা সিডিউলড কাস্ট প্রতিনিধি নেই বলে এসেছেন, তাঁরা কোন দিকে যাবেন তার উল্লেখ বিলের মধ্যে নেই। কিন্তু তিনি বললেন এখানে অসুবিধা হবে না, আইনের প্রভিসান আছে। আমার বক্তব্য হচ্ছে মূল বিল যেটা রয়েছে সেটা জানতে অসুবিধা কি আছে? একটা জেলা পরিষদ দুটো ভাগ হয়ে গেলে সেখানে পাওয়ারটা যদি সিজড হয়ে যায় তাহলে কে কাজ চালাবে এই প্রশ্ন তুলেছেন। তাহলে সেখানে ডেভেলপমেণ্ট ব্যাহত হবে, মানুষের উপকার হবে না এই কথা বলছেন। অনেক পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানের পাওয়ার সিজ করে নেওয়া হয়েছে, সেখানে বি. ডি. ও. ফাংকসান করছে। সুতরাং আইনগত ত্রুটিটা ক্লিয়ার না করলে মানুষের সামনে আমরা দাঁড়াতে পারব না। আপনারা হয়ত ভাবছেন বিরোধী পক্ষ চাচ্ছে না যে ২৪পরগনা জেলা দুটো ভাগে ভাগ হোক। আমরা সবাই চাচ্ছি যে ২৪পরগনা জেলা খুব বড় জেলা, জনসাধারণের সুবিধার জন্য এই জেলা দুটো ভাগে ভাগ হোক আমরা এটাও চাচ্ছি যে পশ্চিম দিনাজপুর জেলা দুটো ভাগে ভাগ হোক। কোথায় হিলি আর কোথায় ইসলামপুর। সরকার পক্ষেরও রিপোর্ট আছে এই জেলাকে দুটো ভাগে ভাগ করার জন্য। সুতরাং ২৪পরগনা জেলাকে দুটো ভাগে ভাগ করার জন্য আমরা কংগ্রেস পক্ষ থেকে বিরোধিতা করছি না, আমরা চাচ্ছি ২৪পরগনা, পশ্চিম দিনাজপুর জেলাকে দুটো ভাগে ভাগ করে দেওয়া হোক, তাতে মানুষের উপকার হবে। কিন্তু যে পঞ্চায়েত বিল নিয়ে এসেছেন সেখানে যদি ত্রুটি থেকে থাকে তাহলে মানুষের কাছে আমরা হাস্যস্পদ হব। মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের কথা বুঝতে পেরেছেন, সেজন্য তিনি সংগে সংগে আমাদের কাছে বলেছেন যে আমি দুটো লাইন লিখে দিচ্ছি। পঞ্চায়েত এ্যাক্ট সম্বন্ধে তিনি অভিজ্ঞ ব্যক্তি আমরা তাঁকে শ্রদ্ধা করি, তাঁর কাছে আমার নিবেদন তাঁর যে ফাইনান্সিয়াল ডিপার্টমেণ্ট রয়েছে, ফাইনান্সিয়াল অথরিটি রয়েছে, তাঁদের দিয়ে এ্যাকসেপট্যানস্টা লিখিয়ে আনতে হবে, না হলে আইনের ত্রুটিটা থেকে যাবে। আপনি হয়ত ভোটের জোরে বিলটা পাশ করিয়ে নেবেন, কিন্তু আমরা এই ত্রুটিপূর্ণ বিল সমর্থন করতে পারি না। আপনি আমাদের বিরোধী পক্ষের বক্তাদের বক্তব্য শুনেছেন., এর আগে আমাদের চীফ হুইপের বক্তব্য শুনেছেন। সুতরাং আপনি হাউস এ্যাডজোর্ন করে দিন, দিয়ে আপনার আইনজ্ঞদের ডাকুন, তাঁদের সংগে আপনি পরামর্শ করুন, করে লিগ্যাল পয়েণ্টগুলি এমনভাবে মডিফাই করুন যাতে বিলটা একটা নতুন পূর্ণাংগ রূপ ধারণ করতে পারে এবং আমরা সবাই গ্রহণ করতে পারি। তা না করলে যেভাবে বিলটা নিয়ে এসেছেন সেইভাবে এই বিলটাকে সমর্থন করা আমাদের পক্ষে সম্ভব নয়।

[5.05-5.15P.M.]

শ্রীসুনির্মল পাইক: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী একটা বিল এখানে প্লেস করেছেন, আমি সেই বিলকে সমর্থন করতে গিয়ে দু একটা কথা বলতে চাই। আমরা দেখেছি যে ইতিপূর্বে যে পঞ্চায়েতী রাজ ব্যবস্থা ছিল তাতে জনগণতান্ত্রিকের যে ব্যবস্থা, জনগণের কাছে ক্ষমতা পৌঁছে দেবার যে ব্যবস্থা সেটা সুষ্ঠভাবে হয়নি এবং তার সুষ্ঠ বিকাশ ঘটেনি। তাই নূতন করে পঞ্চায়েত রাজ ব্যবস্থা করা হয়েছে। ক্ষমতা বিকেন্দ্রীকরণ করে পঞ্চায়েতের মধ্যে যাতে জনগণের উপকার করা যায় তাদের সমস্ত রকম সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া যায় তার ব্যবস্থা করা হয়েছে। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী তাঁর বিলে সেই কথাই বলতে চেয়েছেন। ক্ষমতা বিকেন্দ্রীকরণ করার সুরই মূল সুর, মূল কথা। পশ্চিমবাংলার ভিতর ২৪পরগনা জেলাই হোল সর্ববৃহৎ জেলা। তাই একে বিভাজন করার প্রশ্ন উঠেছে। এবং আমরা নিশ্চয় জানি যে সুন্দরবন একটা অনুন্নত এলাকা বলে পরিগণিত এবং কেন্দ্রীয় সরকার এর উন্নতির জন্য বিভিন্নভাবে সাহায্য করছেন যাতে এই অঞ্চলকে আরও উন্নত করা যায়। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত মন্ত্রী তার জন্য এগিয়ে এসেছেন যে কিভাবে সেখানকার মানুষদের কাছে সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া যায়। তাই তিনি বিভাজনের কথা বলেছেন। এখানে বিরোধী পক্ষের তরফ থেকে বলা হোল যে নির্বাচনের প্রশ্ন আছে। আমরা নির্বাচনকে এড়িয়ে যাবার জন্য কোন বিধান এখানে প্রণয়ন করছি না। আমাদের পঞ্চায়েত মন্ত্রীরও সেই উদ্দেশ্য নয়। ইতিপূর্বে বামফ্রন্ট বহু নির্বাচনে উত্তীর্ণ হয়েছে। এবং সম্প্রতি কলকাতা মিউনিসিপ্যালিটির যে নির্বচন হয়ে গেল তাতে আমাদের বামফ্রন্টই জয়লাভ করেছে। এবং এর জন্য আমি প্রশান্ত শূর মহাশয়কে ধন্যবাদ জানাই। তিনি তুড়ি মেরে এই নির্বাচনে জয়লাভ করেছেন। আমাদের বিরোধী পক্ষের সদস্যরা সোচ্চার হয়েছিলেন যে তারা জয়ী হবেনই। কিন্তু তা ঘটেনি। তাই বলছি বামফ্রন্ট সরকার নির্বাচনকে এড়িয়ে যায়নি এবং সেই প্রচেষ্টাও এর ভিতর নেই। এর মূল কথা হচ্ছে ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করা। এবং তা করে কিভাবে মানুষকে সাহায্য করা যায় কিভাবে তাদের সমস্ত রকম সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া যায় তার ব্যবস্থার জন্যই এই বিল আনা হয়েছে। ২৪পরগণা জেলা একটি বিরাট জেলা-তার প্রশাসনিক ব্যবস্থাকে সঠিকভাবে চালাতে এর বিভাজনের প্রয়োজন আছে। জেলা পরিষদের বিভাজনের প্রশ্নও এখানে আছে এবং সেই ব্যবস্থা মাননীয় পঞ্চায়েত মন্ত্রী করেছেন। তাই আমি বলছি এই বিল আজকে তিনি প্লেস করেছেন সেটা জনগণের স্বার্থের এবং জনগণের উন্নয়নের কথা চিন্তা করেই করেছেন। তাই আমি এই বিলকে সমর্থন করে এবং বিরোধী পক্ষের সমস্ত বক্তব্যের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রবোধ পুরকায়েত: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে **The West Bengal Panchayat (Second Amendment) Bill, 1985** এই বিধেয়কটি আমাদের পঞ্চায়েত মন্ত্রী মহাশয় উপস্থিত করেছে। এই বিলটি নীতিগতভাবে বিরোধিতা করার কোন কারণ নেই। কারণ প্রশাসন সংস্কার কমিটির সিদ্ধান্ত অনুসারে পশ্চিমবাংলার কয়েকটি জেলাকে ভাগ করবার সিদ্ধান্ত হয়েছে এবং আমরা জানি ২৪ পরগণা জেলাকে দুই ভাগে ভাগ করতে চাওয়া হচ্ছে, একটি উত্তর ২৪পরগণা, আর একটি দক্ষিণ ২৪ পরগণা। তাই স্বাভাবিকভাবে জেলা পরিষদকেও ভাগ করার প্রশ্ন উঠেছে। এখানে যেটা প্রয়োজন হয়েছে সেটা হচ্ছে কিভাবে সীমানা নির্ধারণ হবে। কিন্তু এর মধ্যে অর্থাৎ এই বিলের মধ্যে জেলা পরিষদের সীমানা নির্ধারণ করা, যেটা একটা বড় প্রশ্ন সে সম্বন্ধে কোন কিছু নির্ণীত হয়নি। প্রশাসনের তরফ থেকে এটা ব্যবস্থা হবে এবং সেই অনুসারেই সেটা হবে। কিন্তু জেলা পরিষদ বিভক্ত হবে। এখানে একটা প্রশ্ন দেখা গিয়েছে যে যদি সাব ডিভিসনগুলির সীমানা পূর্ণ হয় এবং জেলা পরিষদকে ভাগ করা যায় তাহলে দেখা যাবে যে অনেক পার্লামেন্টের সিট আছে, একজন যিনি পার্লামেন্টের সদস্য তিনিই আবার জেলা পরিষদের সদস্য এবং তার কয়েকটি থানা একটা সাব-ডিভিসনের মধ্যে পড়েছে আর কয়েকটি থানা আর একটা সাব-ডিভিসনের মধ্যে পড়েছে। সেখানে কিন্তু একটা সমস্যা দেখা দিচ্ছে। এই ক্ষেত্রে সেই সদস্য কোন জেলা পরিষদের মধ্যে পড়বে -কোন জেলা পরিষদে তিনি অন্তর্ভুক্ত হবেন এই সমস্যা দেখা দেবে। তাই সেই দিক থেকে আমি বলতে চাচ্ছি যে প্রশাসন সংস্কার কমিটি ২৪ পরগণা জেলা বা অন্যান্য জেলাগুলিকে ভাগ করতে চাইছেন ঠিক কথা এবং ২৪ পরগণা জেলা আয়তনে বিরাট, লোকসংখ্যা প্রচুর এবং সমস্যাও প্রচুর। এই জেলার একদিকে বিস্তীর্ণ সুন্দরবন এলাকা এবং সেই সুন্দরবন এলাকার অনেক সমস্যা, যোগাযোগ সমস্যা সেখানকার শিক্ষা, স্বাস্থ্য, মানুষের কার্জ, আর বেশীরভাগ মানুষই সেখানে দারিদ্র সীমার নীচে বাস করে, একটি মাত্র ফসলের উপর নির্ভরশীল। আবার অন্য প্রান্তে শিল্পাঞ্চল এবং শিল্পাঞ্চলের সংগে অন্য প্রান্তের মানুষের জীবনযাত্রার মৌলিক পার্থক্য আছে। কিন্তু প্রয়োজন ভিত্তিতে এই বিভাজনের দরকার আছে। আইনশৃঙ্খলার দিক থেকে, ডেভেলপমেন্ট ওয়ার্কের দিক থেকে সুবিধার জন্য এর প্রয়োজন আছে এবং তার সংগে সংগতি রেখেই এই আইনটা আনা হয়েছে। আইন সম্বন্ধে এখানে কোন বিতর্ক নেই। কংগ্রেস পক্ষের তরফ থেকে এখানে যেটা বলা হয়েছে সেটা হচ্ছে তারা বিরোধিতা না কতকগুলি টেকনিক্যাল কোয়েশচেন-এর অবতারণা করেছেন। আমি এখানে মন্ত্রী মহাশয়কে বলবো প্রশাসন সংস্কার কমিটির সিদ্ধান্তের সংগে সংগতি রেখে এই আইন আপনি এনেছেন। নীতিগতভাবে কারও বা কোন সদস্যের বিরোধিতা নাই। যে টেকনিক্যাল প্রশ্নটা রয়েছে সেটা যদি মন্ত্রী মহাশয় ত্রুটি মুক্ত করে উপস্থিত করতেন তাহলে সর্বসম্মতভাবে এই আইন এখানে পাশ হোত। আপনার প্রতি আস্থা অনেক আছে, আমাদেরও আছে এবং আপনি ধীর স্থির ভাবে বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেন। এ ক্ষেত্রে এই আইন উপস্থিত করার আগে যদি আপনি সেদিকটা যদি আপনি লক্ষ্য করতেন তাহলে আপনার আর কোন সমালোচনার সম্মুখীন হতে হোত না। এই বিলকে আমরা নীতিগতভাবে সকলেই সমর্থন করি, কারণ এটার প্রয়োজন আছে। জেলার প্রয়োজনে, উন্নয়নের প্রয়োজনে, প্রশাসনের সুবিধার জন্য এটা সমর্থন করতে অসুবিধা ছিল না। কিন্তু এখানে মন্ত্রী মহাশয় যদি একটু নজর দিতেন, কেবল মাত্র আপনার অফিসারদের উপর নির্ভর না করে এই আইনটা সংশোধন করার জন্য আনার আগে একটু যদি দেখে নিতেন তাহলে এই সমালোচনার সম্মুখীন হতে হতো না। তাই আমি বলতে চাই আগামী দিনে নতুন করে যখন আবার এই জেলা পরিষদের বা পঞ্চায়েতের আইন সংশোধনের জন আসবে-নিশ্চয়ই সমাজ বিকাশের প্রয়োজনের সংগে সংগে আইনের পরিবর্তন হয়,

আইন প্রয়োগ করতে গিয়ে আগামী দিনে আইনকে অনেক সংশোধন করতে হয়, তাই আগামী দিনে যখন পঞ্চায়েত বিল বা জেলা পরিষদ বিল সংশোধনের প্রয়োজন হবে তখন কেবল মাত্র অফিসারদের উপর নির্ভর না করে বিচার বিশ্লেষণ করে ত্রুটি মুক্ত একটা কমপ্রিহেন্সিভ বিল যাতে এই হাউসে আসে, সেই আইন যাতে এখানে আগামী দিনে উপস্থিত হয়, সেটার দিকে নজর দেবেন। গোড়ায় বলেছি এই বিল আমরা নীতিগত ভাবে সমর্থন করি, এর বিরোধিতা করার কোন কারণ নেই। তাই আশা করবো, এই জেলার বিভক্তের সংগে সংগে জেলা পরিষদের বিভাগটার সমন্বয় যাতে দ্রুত হয় এবং ডেভলপমেন্টের কাজ যাতে ব্যাহত না হয়, সেদিকে নজর দেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.15-5.25P.M.]

শ্রীসমর মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে বিলটা এনেছেন, এটা নযজৌ 'তসখৌ' অবস্থা। ছি ছি এত্তা জঞ্জাল-পঞ্চায়েতের অনেক জঞ্জালের মধ্যে উনি আর একটা জঞ্জাল বাড়াতে চাইছেন। কি সেই জঞ্জাল? আমরা যখন বুথ ভাগ করি তখন দেখা যায় বামফ্রন্ট সরকার সেই বুথ এমনভাবে ভাগ করেন-একটা বুথে যখন ভোটার লিস্ট বেশী হয়, ১৫০০ ভোটার, দুটো বুথ যখন তারা করেন, তখন এমনভাবে বুথ করেন যাতে দুটো বুথেই মার্ক্সবাদী কম্যুনিষ্ট পার্টির সংখ্যা বেশী হয়। তাদের সমর্থন যেন বেশী হয়। ২৪ পরগনা জেলা ভাগ করতে চলেছেন, এই ২৪ পরগনা জেলা ভাগ করার মূল উদ্দেশ্যটা কি? মূল উদ্দেশ্য যেখানে সরকার পক্ষের লোকেরা বললেন না যে উত্তর ২৪ পরগণা দক্ষিণ ২৪ পরগণা জেলা এমনভাবে ভাগ হবে, যে ভাবে প্রত্যেকটা কনস্টিটিউয়েন্সিতে তাদের অ্যাসেম্বলির মেমবাররা জড়িয়ে আছেন। স্যার একটা বুথে ১৫০০ ভোটার, আমরা দেখলাম, যখন সেই বুথটা ভাগ করা হলো, দুটো বুথ থেকেই যাতে গ্রাম পঞ্চায়েতে সি. পি. এম. সদস্যরা বেরিয়ে আসে সেই ভাবে ভাগ করা হলো। গ্রাম বাংলার পঞ্চায়েতের নামে যে দলতন্ত্র প্রতিষ্ঠা করার চেষ্টা চলেছে, ২৪ পরগণা জেলাকে ভাগ করে তার একটা উদাহরণ মন্ত্রী মহাশয় এখানে রাখতে চলেছেন। আজকে গ্রাম বাংলায় আমরা কি দেখছি, গ্রাম বাংলায় একটা কথা প্রচলিত আছে-"পঞ্চুবাবুর বেশ ধরে গ্রাম বাংলার পথ ঘুরে বেড়াস যদি সকাল রাত তাতেই কাপড়, তাতেই ভাত।" আজকে ২৪ পরগণা জেলাকে ভাগ করার মধ্যে দিয়ে মন্ত্রী মহাশয় কি বলতে চাইছেন- আমি যেটা বলতে চাইছি, আজকে ক্ষমতা বিকেন্দ্রীকরণের নামে পঞ্চায়েতের জুলুম গ্রামবাংলার প্রতিটি মানুষের গলা টিপে ধরেছে। পঞ্চায়েতের নামে গ্রাম বাংলায় প্রশাসন ভেংগে পড়েছে। পঞ্চায়েতের নামে আজকে গ্রাম বাংলার মানুষ শিউরে উঠছে। উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা জেলা ভাগ করার মধ্যে দিয়ে মন্ত্রী মহাশয়ের উদ্দেশ্য কি এবং তাঁর যে গোপন রহস্যটা কি সেটা যদি তিনি তাঁর ভাষণে বলতেন তাহলে কিন্তু আমাদের বক্তব্যটা আরও ভালভাবে বলতে পারতাম। যেখানে উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা জেলা ভাগ হয়েছে সেখানে মনোনীত সদস্যরা, যেখানে মহিলা সদস্যা নেই, যেখানে সিডিউলড কাষ্ট সদস্য নেই সেখানে এটা কি ভাবে ভাগ করা হবে? ২১০ ধারার কথা বলা হয়েছে, আপনি ২১০ ধারা ব্যাখ্যা করে বলেন নি। মূল কথা আমার যেটা মনে হয়েছে সেটা হচ্ছে এই জেলাকে ভাগ করার মধ্যে দিয়ে আপনি বামফ্রন্ট সরকার তথা সি. পি. এমকে আরো শক্তভাবে ২৪ পরগণা জেলার মধ্যে ঢোকাতে চেয়েছেন। আজকে এই পঞ্চায়েত রাজের মাধ্যমে গ্রামের মানুষকে যে ভাবে শোষণ করা হচ্ছে তারা আজকে পঞ্চায়েতের বিরুদ্ধে সোচ্চার হয়েছে, গ্রামের মানুষ আপনার এই বিলের বিরোধিতা করবে, প্রত্যাখ্যান করবে। এই কথা বলে এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিনয় কৃষ্ণ চৌধুরী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের সমস্ত বক্তব্য গভীর মনোযোগ দিয়ে শুনেছি। আমি এক একটা করে বিভিন্ন বিষয়ে পরিষ্কার করবার চেষ্টা করছি আশা করি তারা ধীরভাবে সেগুলি শুনবেন এবং বুঝবার চেষ্টা করবেন। একটা কথা বলা হয়েছে যে ফাইনান্সিয়াল ষ্টেটমেন্ট নেই। আমি সে জন্য আবার চেক করেছিলাম তাতে দেখলাম যে অরিজিন্যাল বিলে আছে যে নো ফাইনান্সিয়াল লায়েবিলিটিজ। সে জন্য অ্যামেণ্ডমেন্টগুলিতে বারবার রিপিট করছি না। তবে যেহেতু কথাটা উঠেছে সে জন্য রিপিট করছি যে এতে নেই। অনেকে এই দুটো জিনিস ভুল করছেন। আর একটা জিনিস হচ্ছে এই বিলে মেকাপ কি আছে। এ্যাডমিনিষ্ট্রিটিভ রিফর্ম কমিটির রেকমেনডেশান অনুযায়ী Government, not a particular Department তার Administrative necessity ২৪ পরগণা জেলাকে ভাগ করেছেন। তার জন্য বারাসাতে যেখানে হেড কোয়াটার হবে সেখানে জেলা ম্যাজিষ্ট্রেটের কোয়াটার, এস. আর, কোয়াটার, এস. পি'র কোয়াটার, জজের কোয়াটার, নতুন জেলখানা, পুলিশ লাইন ইত্যাদি অনেক কিছু করতে হবে, এগুলি হচ্ছে। সেই সূত্রে এ্যাডমিনিষ্ট্রেসানের জন্য যা যা করা দরকার হবে, in pursuance of this decision. যা করতে হবে সেটা হচ্ছে, এ্যাডমিনিষ্ট্রেশানের খরচ হিসাবে সেগুলি তারা করছেন। সে জন্য তার সংগে এটাকে মিলিয়ে ফেলবেন না। অনেকে বলেছেন যে পঞ্চায়েত ডিপার্টমেন্টকে ভাগ করছেন না যে কি ভাবে হবে। এ্যাডমিনিষ্ট্রেশান ভাগ হচ্ছে। সেই ভাগ অনুযায়ী সংগতি রেখে করা হবে। কাজেই এই জিনিসটাকে গুলিয়ে ফেলবেন না। আর একটা কথা উঠেছে যে একটা গোটা ২৪ পরগণা ছিল সেটা উত্তর এবং দক্ষিণ হল। অতএব গোটা পরগণার ইলেকটেড মেম্বার কেমন করে দক্ষিণে হবে বা উত্তরে হবে? সে ক্ষেত্রে আমি বিনীত ভাবে নিবেদন করেছিলাম যে যখন বিহার এবং বাংলা মার্জার হয় তখন সেখানে সিদ্ধান্ত হয়েছিল যে এই ভাগের পর বিহার অংশে যতটা চলে গেল, বিহারে যারা থাকলেন, কিছুটা কাটাকাটি হলেও তাঁরা বিহারে গিয়ে থাকবেন, আর যেটা ট্রান্সপার হয়ে বেংগলে এল, যারা এক সময়ে একত্রে ইলেকটেড হয়েছিল তারা Due to be a member of West Bengal Legislature. আমি এটা পড়ে দিচ্ছি তাহলে বুঝতে পারবেন যে

"The sitting members of the Legislative Assembly of Bihar representing the Thakurganj, Karandighi, Para-cum-chas and Barabazar-cum-chandil constituencies shall, notwithstanding the reduction in the extent of those constituencies by the transfer of portions there of to West Bengal, continue to be members

of the Legislative Assembly of Bihar; and the sitting members of that Assembly representing any other constituency lying wholly or partly in the transferred territories shall, as from the appointed day, be deemed to have been elected to the Legislative Assembly of West Bengal and cease to be members of the Legislative Assembly of Bihar"

[5.25–5.35P.M.]

বিহার, বেংগল মার্জারের ক্ষেত্রে যদি এই ভাবে ইলেকটেড্ হতে পারে তাহলে সেই একইভাবে এই ক্ষেত্রে কেন সেই জিনিস হতে পারবে না? এটা নিশ্চয় কংগ্রেস আমলে হয়েছিল। ট্রানসফার আর ডিভিসনের মধ্যে মেটিরিয়্যাল ডিফারেন্স কোন কিছু নেই। ওটা যদি সিদ্ধ মনে হয় তাহলে ২৪ পরগণার ক্ষেত্রে অসিদ্ধ হবে কেন, এটা কোন লজিক, সেটা আমাদের একটু বুঝিয়ে বলবেন। তারপর অনেক গণতন্ত্রের কথা উঠল। এই সব কথা না বললেই ভাল হয়। কেন না, ১৭ বছর আপনারা কোন নির্বাচন করেন নি। আর আমরা ৮ বছরের মধ্যে দু দুবার নির্বাচন করেছি। আমি সারা ভারতবর্ষ ঘুরে দেখেছি কোথাও ডাইরেক্টলি ইলেকটেড বাই এ্যাডাল্ট ফ্রানচাইজ ত্রিস্তর পঞ্চায়েত নেই। আমি ইউ. পি. অন্যান্য ষ্টেটে গেছি, কোথাও এই জিনিস নেই। আপনারা দেখিয়ে দিন যে কোন্ ষ্টেটে ইলেকসান বাই এ্যাডাল্ট ফ্রানচাইজ হয়। ৪ বছর হয়ে গেলে আমরা নিশ্চয় করতে পারতাম। সমস্ত ষ্টেটে ইনডাইরেক্ট ইলেকসানে ঠিক হয়। সময় হয়ে গেলে নিশ্চয় ইলেকসান করতাম। এখানে আমরা কি করতে যাচ্ছি সেটা আপনারা একটু বুঝে নিন। এখানে ত্রিস্তর পঞ্চায়েত ইলেকসান হয়। একটা স্তর গ্রাম পঞ্চায়েত সদস্য, আর একটা স্তরে পঞ্চায়েত সমিতির সদস্য, আর একটা স্তরে জেলাপরিষদের সদস্যরা ইলেকটেড্ হয়। জেলাপরিষদে পঞ্চায়েত সমিতির দুটো করে সিট আছে। সেই জন্য সাব-ডিভিসন হলে পঞ্চায়েত সমিতির ভাবনা নেই। পঞ্চায়েত সমিতি ইন ট্যাক্ট থাকছে, গ্রাম পঞ্চায়েতও ইন ট্যাক্ট থাকছে। শুধু দুটো জেলাপরিষদ গঠিত হবে। ২৪ পরগনায় একটা জেলাপরিষদ ছিল, এখন সেই জায়গায় দুটো জেলাপরিষদ হবে। এ্যাডাল্ট ফ্রানচাইজ দিয়ে এটা হবে না। গণতন্ত্রের মাধ্যমে যাতে সমস্ত কিছুই প্রতিষ্ঠিত হতে পারে সেই জন্য ২।। বছর পরে সেটা করা হবে। যতদিন প্রত্যেকের লাইফ আছে ততদিনই থাকবে, কোনদিনও কোন কারণে আমরা নষ্ট করব না। ইলেকসান ঠিক ডিউ টাইমেই হবে। দু ভাগ হচ্ছে বলেই এটা করার প্রয়োজন হচ্ছে, তা না হলে অন্য কিছু করার প্রয়োজন হত না। তারপর আর কতকগুলি পয়েন্ট তুলেছেন। তারপর প্রপার্টি ইত্যাদি সব কে কোথায় যাবে, সে বিষয়ে তুলেছেন। এই বিষয়ে পরিষ্কার বলতে চাই যে, দুটি জেলাপরিষদ গঠিত হবার পরে যে যে অংশে বসেছিলেন সে সেই অংশেই যাবেন। পঞ্চায়েত সমিতির সদস্য, জেলাপরিষদের সদস্যরা দুটি ভাগ হয়ে দু দিকে যাবেন, এতে কোন অসুবিধা হবে না। তারপর নমিনি যারা ইলেকটেড হয় মহিলা সদস্যা বা সিডিউল্ড কাষ্টস, ইত্যাদি অথবা স্পেশাল নমিনেটেড্ মেম্বার তারা তখন ১৪০(৫) অনুযায়ী দে উইল সিজ টু বি মেম্বার। তারা তখন দক্ষিণ ২৪ পরগনার আবার নমিনেসন পাবে ইট ইজ অনলি ফর ২৪ পরগনাস। মেটিরিয়্যালি এতে অসুবিধা কোন কিছু হচ্ছে না, এটা পরিষ্কার ভাবে বোঝা দরকার। ৩টি স্তর নিয়ে এ্যাডাল্ট ফ্রানচাইজ ইলেকসান হয়, সেটা হয়ে গেছে। অমর ভট্টাচার্য্য মহাশয় বললেন ফিন্যানসিয়্যাল লায়াবিলিটিজের কথা কিছু বলা হচ্ছে না। তিনি বললেন অহেতুক টাকা খরচ করার কোন দরকার নেই। ফিন্যান্যসিয়্যাল লায়াবিলিটিজের কথা যখন তুললেন তখন একটি কথা বলি যে, এই চিন্তা আমাদের মাথায় সব সময়ই আছে। আমাদের ঘাড়ে এটা চাপাবার মতলব যখন করতে চাইছেন তখন ফিন্যানসিয়্যাল ষ্টেটমেন্টটা একটু শুনে রাখুন যে, ৪০ লক্ষ ভোটারের ৩ টায়ার ইলেকসান করতে হলে ৫ হাজার ৪০০ পোলিং ষ্টেশন করতে হবে। ১৯৮৩ সালের একটা হিসাব করে দেখলাম তাতে তখন ৯০ লক্ষ টাকার মত খরচ হয়েছিল। এখন সেটা বেড়ে ১ কোটি ২০ লক্ষ টাকার মত খরচ হবে। অহেতুক এই খরচ হবে। M.P., পার্লামেন্ট মেম্বার ইলেকশান বা অন্য কোন পয়েন্ট এ্যারাইজ করলে সেটা তখন দেখা যাবে, তাতে অসুবিধা কিছু হবে না। কিন্তু এটা বড় কিছু ব্যাপার নয়। একটা পার্টিকুলার ইসু নিয়ে কমপ্রিহেনসিভ বিল আনার দরকার হলে আবার আনব।

যে কোন ভালো সাজেসান আমাকে যতবার দেবেন বা বলবেন আমি মনোযোগ দিয়ে শুনবো কারণ আমি চাই, পঞ্চায়েত সত্যিকারের জনসাধারণের ভালো প্রতিষ্ঠান হিসাবে কাজ করুক। একটা রিয়েল সেন্সে, ফেক সেন্সে নয় এটা যাতে লোক্যাল ইউনিট অব দি গভর্নমেন্ট হিসাবে কাজ করতে পারে সেটা আমাদের দেখতে হবে। অবশ্য এরজন্য প্রথমেই পার্লামেন্টে একটা এ্যামেণ্ডমেন্ট এনে যেমন ইউনিয়ান গভর্নমেন্ট, ষ্টেট গভর্নমেন্ট আছে তেমনি লোক্যাল গভর্নমেন্ট বলে কনসটিটিউসানে একে স্বীকৃতি দেওয়া দরকার এবং ফুল পাওয়ার দেওয়া দরকার। তারজন্য যদি আপনারা চেষ্টা করতে রাজী থাকেন তাহলে আমিও আপনাদের সংগে আছি। তারপর ভারতবর্ষের কোথাও যেটা নেই সেটা আমরা করেছি যে নির্বাচিত সদস্যদের বছরে দু বার করে তাদের ইলেকটোরেটের কাছে গিয়ে সমস্ত জিনিষ হাজির করতে হয় এবং তাদের কাছে মত নিতে হয়। তারপর আপনাদের কথা অনুযায়ী আমরা আরো যেটা করেছি সেটা হচ্ছে সত্যিকারের দুর্নীতি যাতে বন্ধ হয় তারজন্য এখন আর শুধু একজনের হাতে টাকা না রেখে প্রধান, উপ-প্রধান এবং অন্য আর এক জনের নামে টাকা থাকবে এবং দুজনের সই ছাড়া সেই টাকা উঠবে না। কাজেই আমি আপনাদের বলছি, আমরা যে সব আইন পাশ করেছি সেগুলি যাতে ঠিক মত কার্যকরী হয় সেগুলি আমাদের দেখতে হবে। আজ যে সংশোধনীটা আনা হয়েছে সেটা খুবই সামান্য জিনিষ এই নিয়ে ধান ভাঙতে শিবের গীত গাইবার কোন দরকার নেই। আজকে এ্যাডমিনিষ্ট্রেটিভ ডিসিসান হচ্ছে ২৪ পরগণা জেলাকে ভাগ করা হবে, এই ভাগের ব্যাপারে গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতির ব্যাপারে কোন সমস্যা নেই, সমস্যা যেটা জেলাপরিষদকে নিয়ে সেটার এটাই হচ্ছে সবচেয়ে সহজ এবং বিনা খরচায় সামাধান। আমি মাননীয় সদস্যদের আবার তাই বলছি, অন্য জিনিষগুলির সংগে পঞ্চায়েতের ব্যাপারটা গুলিয়ে ফেলবেন না। পরিশেষে মাননীয় সদস্যদের বলব, সমস্ত দিক বিবেচনা করে এই বিলটার পক্ষে আপনাদের সম্মতি জানান। এই কথা বলে যে সমস্ত এ্যামেণ্ডমেন্ট এসেছে সেগুলি গ্রহণ করতে না পারার জন্য দুঃখ প্রকাশ করে আমি বক্তব্য শেষ করলাম।

The Motion that the Bill be circulated for the purpose of eliciting opinion was then put and lost.

The Motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Panchayat (Second Amendment) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

There are Amendments to Clause 2 by Shri Amarendra Nath Bhattacharya, Shri Kashinath Misra and Shri Abdul Mannan. The Amendment No. 2 of Shri Amarendra Nath Bhattacharya is out of order under Rule 321 (2) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. Shri Misra and Shri Mannan may move their Amendments.

Shri Kashinath Misra : Mr. Speaker Sir, I beg to move that in Clause 2(1), after the proposed section 140(5) (a) (iv), the following be added, namely :-

" (v) The member nominated to Zilla Parishad of the former district under Section 210 of this Act from the area referred to therein comprised in the Blocks shall be nominated to the newly constituted district."

Shri Abdul Manna : Mr. Speaker Sir, I beg to move that in Clause 2(1), after the proposed section 140 (5) (a) (iv), the following be added, namely :-

" (v) Members nominated under Section 210 of the Act, shall reside in the respective area within the newly constituted district."

Shri Benoy Krishna Chowdhury : Sir, I do not accept those Amendments.

The Motion of Shri Kashinath Misra that in clause 2 (1), after the proposed section 140 (5) (a) (iv), the following be added, namely :-

" (v) The member nominated to Zilla Parishad of the former district under Section 210 of this Act from the area referred to therein comprised in the Blocks shall be nominated to the newly constituted district.", was then put and lost.

The Motion of Shri Abdul Mannan that in clause 2 (1), after the proposed section 140 (5) (a) (iv), the following be added, namely :-

" (v) Members nominated under Section 210 of the Act, Shall reside in the respective area within the newly constituted district.", was then put and lost.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

[5.35-5.41p.m]

Preamble

The question that Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Mr. Speaker : Now, Shri Benoy Krishna Chowdhury will please move the motion for passing of the Bill.

Shri Benoy Krishna Chowdhury : Mr. Speaker., Sir, I beg to move that The West Bengal Panchayat (Second Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : I call upon Shri Satya Ranjan Bapuli to speak. Please be brief and finish your speech within two minutes.

Shri Satya Ranjan Bapuli : Mr. Speaker, Sir, the Hon'ble Minister-in-charge is very much pleased to introduce this Bill to curb some discrepancies which may occur after the division of 24-parganas district. The Minister is intelligent no doubt, but the fact remains that whether the passing of this Bill will be legal or not. I like to mention this point before the Hon'ble Minister.

Mr. Speaker : Mr. Bapuli, please submit your points before the House, not before the Minister.

Shri Satya Ranjan Bapuli : Sir, I hope the House will consider whether this legislation will be tenable in law. The Leader of the Opposition, in the First instance, has primarily raised some objections regarding the financial commitment of the Bill.

Mr. Speaker : That has been overruled and you cannot discuss about the ruling of the Chair,

Shri Satya Ranjan Bapuli : Sir, I am not discussing your ruling; I am simply referring to it. I do not like to criticise any; learned member but the fact remains, and I apprehend too, that sub-section 5 of Section 140, though clear in the Act, will not be helped by this amendment because the original election was held for 24-Parganas. If you amend the Bill, the amendment will not be helpful for the purpose of the elected members who have already been elected and, I can tell you very clearly that this Bill will be challenged before a court of law. You will find that this amendment is not in accordance

with the provisions of the original section under which election was held. Normally, this is against the spirit under which election was hel. This is my objection with regard to sub-section 5 of Section 140. Mr. Speaker, Sir, as regards sub-section 5 of Section 140 though it has been split up from the original section-the original section has been split up in different ways- and you, Sir, being and eminent lawyer know it very well- I also apprehend that when and election is held under any provision, by bifurcation as such no election can be bifurcated because that is the principle and the principle cannot be divided by this small amendment. Through you, Sir, I like to inform the House that a district like 24-Parganas will be in trouble after the passing of this Amendment Bill and after bifurcation. Mr. Speaker, Sir, I would request the Minister-in-charge and the honourable members of this House to considr this aspect.

Thank you, Sir.

Mr. Speaker : Mr. Bapuli, in the Third Reading of a Bill you are supposed to mention something new. But no new points have been mentioned by you.

The motion of Shri Benoy Krishna Chowdhury that The West Bengal Panchayat (Secind Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Revised Programme of Business for the 5th September, 1985 and Programme of Business for the 6th September, 1985

Mr. Speaker : I Now Present the 65th Report of the Business Advisory Committee as follows.

Thursday, 5-9-85 (a) The West Bengal Government Townships (Extension of Civic Amenities) (Amendment) Bill, 1985 (Introduction),

(b) Discussion on Statutory Resolution -Notice given by Shri Kashinath Misra.

(c) The West Bengal Government Townships (Extension of Civic Amenities) (Amendment) Bill, 1985 (Consideration and Passing)-1 hour.

Friday, 6-9-85 (i) Motion under rule 185 regarding condemnation of aparthcid Policy of South African Government-Notice given by Shri Subrata Mukhopadhyay and Shri Ambika Banerjee- 1 hour.

(ii) Motion under rule 185 regarding Jute Industry in West Bengal-Notice given by Shri Kamal Sarkar, Shri Bhakti Bhusan Mondal, Shri Debsaran Ghosh, Shri Kamakhya Ghosh and Shri Haripada Jana-1$^1/_2$ hours.

(iii) Motion under rule 185 regarding annulment of Articles 310 and 311 (2) (b) and (c) of the Constitution of India-Notice given by Shri Jayanta Kumar Biswas, Shri Dilip Mazumder, Shri Rabindra Nath Mondal, Shri Anil Mukherjee, Shri Prabodh Chandra Sinha, Shri Bankim Behari Maity, Shri Bhupal Chandra Panda and Shri Uma Kanta Roy-1$^1/_2$ hours.

(iv) (a) Motion Under rule 185 regarding situation it the Universities of West Bengal - Notice given by Shri Abdul Mannan.

(b) Motion under rule 185 regarding situation in the Calcutta University-Notice given by Shri Debaprosad Sarkar.

(c) Motion under rule 185 regarding protest against the proposal for declaring the Calcutta University as a Central Institution - Notice given by Shri Amiya Bhusan Banerjee-2 hours.

There will be no Questions for Oral Answers and Mention Cases on Friday , the 6th September, 1985.
I now request the Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs to move the Motion for acceptance of the House.

শ্রী পতিত পাবন পাঠক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য্য উপদেষ্টা সমিতির ৬৫তম প্রতিবেদন যা সুপারিশ করা হয়েছে তা গ্রহনের জন্য এই সভায় প্রস্তাব উৎথাপন করছি।

মিঃ স্পীকার : আশা করি সবাই এই প্রস্তাবকে গ্রহন করছেন।

(মাননীয় সদস্যগন সম্মতি দিলেন)

অতএব গৃহীত হলো।

Adjournment

The House was then adjourned at 5.41 p.m. till 1 p.m. on Thursceday the 5th September 1985 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met the in the Legislative Chamber of the Assembly House Calcutta, on Thursday, the 5th September, 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair 12 Ministers, 8 Ministers of State and 146 Members.

Started Question
(to which oral answers given)

[1-00 to 1-10 P.M]

খুচরা পয়সা/এক টাকার নোটের সংকট

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১।) **শ্রীদেবপ্রসাদ সরকারঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খুচরা পয়সা এবং এক টাকার নোটের অভাবের এবং এই ব্যাপারে অসাধু কারবারের ফলে রাজ্যের জনসাধারণের দুর্গতি সম্পর্কে সরকার অবহিত আছেন কি এবং

(খ) অবহিত থাকিলে, ঐ বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

শ্রীজ্যোতি বসু :- (ক) একথা সত্য যে, খুচরা পয়সা ও এক টাকার নোটের স্বল্পতার ফলে জনসাধারণ অসুবিধাগ্রস্ত। কিন্তু এ ব্যাপারে অসাধু কারবারের কোন নির্দিষ্ট অভিযোগ পুলিশের নিকট আসে নাই।

(খ) খুচরা পয়সার স্বল্পতা নিরসনের বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচ্য ব্যাপার।

শ্রীদেবপ্রসাদ সরকার :- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি এটা স্বীকার করেছেন যে, খুচরো পয়সার স্বল্পতার জন্য সাধারণ মানুষের অসুবিধা হচ্ছে। এই স্বল্পতার দুটি কারণ হতে পারে, (১) যদি রিজার্ভ ব্যাঙ্ক খুচরো পয়সা কম সাপ্লাই করে তাহলে স্বল্পতা হতে পারে, (২) সাপ্লাই যথেষ্ট থাকলেও যদি সেটা নিয়ে অসাধু ব্যবসা হয় বা কৃত্রিমভাবে মজুত করা হয় তাহলেও স্বল্পতা হতে পারে। কিন্তু আমরা বর্তমানে রিজার্ভ ব্যাঙ্কের ষ্ট্যাটিসটিকস্ থেকে অফিশিয়াল ফিগার যা পাচ্ছি তাতে দেখা যাচ্ছে যে, খুচরো পয়সার যখন সঙ্কট ছিল তখন রিজার্ভ ব্যাঙ্ক যে হারে এই খুচরো পয়সা রিলিজ করেছে, এখন তার তুলনায় অনেক বেশী রিলিজ করছে। এক্ষেত্রে এটা স্বাভাবিক স্বল্পতার অভাব নয়, এটা কৃত্রিম অভাব। এই কৃত্রিম অভাব-এর জন্য অসাধু ব্যবসায়ীতের কারবার ছাড়াও অন্য কারণ থাকতে পারে। এই ব্যাপারে স্বরাষ্ট্র বিভাগ তাঁদের দায়িত্ব একেবারে অস্বীকার করতে পারেন কি?

শ্রীজ্যোতি বসু :- আমি খুচরো পয়সার অভাবের ব্যাপারে রিজার্ভ ব্যাঙ্ককে জিজ্ঞাসা করেছি এবং জেনেছি যে, এক এবং দুই টাকার নোটেরও স্বল্পতা আছে। ওঁরা বলেছিলেন যে, বিদেশ থেকে ওঁদের মেটাল আমদানী করতে হচ্ছে। স্বাধীনতার ৩৭ বছর পরেও এটা কেন হচ্ছে জানি না। কেন মেটাল ওঁরা পাচ্ছেন না, কেনই বা বিদেশ থেকে আমদানী করতে হচ্ছে বুঝতে পারছি না। একমাস আগে ওঁদের সঙ্গে আমার কথা হয়েছিল। আমার ধারণা, বর্তমানে আরো পয়সা ছেড়ে থাকতে পারেন। তবে কত ছেড়েছে সেটা আমি বলতে পারছি না। তবে স্বল্পতা এখনও আছে। প্রশ্ন হচ্ছে, যদি কিছু অতিরিক্ত পয়সা ওঁরা ছেড়েই থাকেন তাহলে কেন অসুবিধা হচ্ছে? তাহলে হয়ত কৃত্রিম কোন ব্যাপার হচ্ছে, খুচরো পয়সা নিয়ে দুর্নীতি হচ্ছে! আমি উত্তরে বলেছি, আমাদের কাছে নির্দিষ্ট দুর্নীতির কোন অভিযোগ নেই। আমরা খোঁজ পাচ্ছি না যে, কোথায় কিভাবে এই দুর্নীতিটা হচ্ছে।

শ্রীদেবপ্রসাদ সরকার :- মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে রিজার্ভ ব্যাঙ্ক থেকে মানি লেন্ডার লাইসেন্স-এর মাধ্যমে টাকা এবং খুচরো পয়সা পাওয়া যায়। এরা পোদার বলে পরিচিত। মুষ্টিমেয় কিছু ব্যাবসাদারদের এই লাইসেন্স দেওয়া হয় এবং এই লাইসেন্স ক্যালকাটা পুলিশ দেয়। এরা বাতিল নোটকে বদলে দিতে পারে। এরা এই অবস্থার সুযোগ নিয়ে যদিচ্ছা রিজার্ভ ব্যাঙ্ক থেকে টাকা-পয়সা নিয়ে অসাধু ব্যবসা চালিয়ে যাচ্ছে, এই রকম সংবাদ আপনার কাছে আছে কি? এমন কি শোনা যাচ্ছে রিজার্ভ ব্যাঙ্কের সামনেই এটা হচ্ছে। কিছু কিছু সরকারী প্রতিষ্ঠান খুচরার জন্য এ্যাপ্লাই করতে পারে, সেই রকম স্টেট ট্রান্সপোর্ট করপোরেশান, ক্যালকাটা ট্রাম ওয়ে কোম্পানী রিজার্ভ ব্যাঙ্ক থেকে খুচরো পয়সা রিলিজ করছে। সেই খুচরো পয়সা রিজার্ভ ব্যাঙ্কের সামনে লরি করে অসাধু ব্যবসায়ীদের হাতে চলে যাচ্ছে। এই রকম নানা রিপোর্ট আছে, এটা আপনার জানা আছে কি?

শ্রীজ্যোতি বসু :- মাননীয় সদস্যের কাছে অনেক ইনফরমেসান পেলাম, আমি এটা দেখবো।

শ্রীসরল দেব :- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, খুচরা টাকা পয়সা নিয়ে অভিযোগ উঠেছে এখানে, কিন্তু কংগ্রেস শাসিত রাজ্যে এই রকম কোন সংকট নেই, এটা কি সত্য?

মিঃ স্পীকার :- অন্য রাজ্যে কি হচ্ছে সেটা উনি কি করে বলবেন?

শ্রীসরল দেব :- আমি জানতে চাই মন্ত্রী মহাশয়ের কাছে এই রকম কোন সংবাদ জানা আছে কিনা?

শ্রীজ্যোতি বসু :- এই ব্যাপারে আমি কিছু জানি না।

শ্রীঅরুন গোস্বামী :- মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি খুচরোর অভাবের জন্য বাসে টিকিট কাটলে ৫০ পয়সা কিংবা ৭৫ পয়সার একটা কাগজ ধরিয়ে দেওয়া হচ্ছে? এই সব কি দেবার অধিকার আছে?

শ্রীজ্যোতি বসু :- এটা বাসে হচ্ছে এবং আরো কিছু জায়গায় হচ্ছে, এটা বেআইনী নয়।

শ্রীপ্রবোধচন্দ্র সিনহা :- মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে খুচরো টাকা পয়সা সঙ্কটের সমাধান করার জন্য স্থানীয় মিন্ট কর্মচারীরা আপনার সাথে এই ব্যাপারটা কেন্দ্রীয় সরকারের কাছে তোলবার জন্য অনুরোধ করেছিল। আপনি এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে তুলেছিলেন। সেই সম্পর্কে কেন্দ্রীয় সরকার কিছু বক্তব্য রেখেছেন সেটা জানেন কি?

শ্রীজ্যোতি বসু :- আপনি ঠিকই বলেছেন, ওরা একটা দরখাস্ত করেছিল এবং আমি ওদের সাথে ছিলাম। এটা আগের বারের কথা। ওনারা বলছেন খুচরো পয়সা তৈরী করতে পারছেন না। কিছু দিন আগে আমার কাছে যখন রিজার্ভ ব্যাঙ্ক থেকে দেখা করতে এসেছিল তখন তাঁদের আমি জিজ্ঞাসা করি এই ব্যাপার নিয়ে। তখন তাঁরা বলেছিলেন খুচরো কম পাঠিয়েছে, আমরা এর বেশী দিতে পারছি না। এখন বিদেশ থেকে মেটাল আনা হচ্ছে - যে মেটাল দিয়ে টাকা পয়সা তৈরী হয় - অল্প সময়ের মধ্যে এই অসুবিধা লাঘব হবে। কত অল্প সময়ের মধ্যে হবে সেটা জানা যায়নি।

শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :- মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি না জানি না, আমি আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে বলছি জি. পি. ও-র সামনে আমাদের মুদ্রার সঙ্গে বিদেশী রাষ্ট্রের বেআইনী লেনদেন হয়। এই ব্যাপারে ব্যাপক চোরাকারবারী চলে। সেই জন্য এই মুদ্রা লেনদেনের ফলে আমাদের খুচরা টাকা ও পয়সার সঙ্কট তৈরী হচ্ছে। এই সম্পর্কে আপনি অবগত আছেন?

শ্রীজ্যোতি বসু :- আমি এই ব্যাপারে অবগত নেই।

শ্রীসাধন চট্টোপাধ্যায় :- মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি না জানি না মিন্ট কর্মচারী সংগঠনের পক্ষ থেকে কিছু দিন আগে অভিযোগ করা হয়েছিল যে, যেখানে পশ্চিমবাংলায় ২ কোটি টাকার খুচরো পাঠানোর কথা সেখানে তারা পাঠিয়েছে ২৫ লক্ষ টাকা। এই রকম সুস্পষ্ট অভিযোগ তারা এনেছে। ইউনিয়ন গভর্নমেন্টের এই রকম কার্যকলাপ সম্পর্কে আপনি অবগত আছেন?

শ্রীজ্যোতি বসু :- এই রকম আমার কিছু জানা নেই। টাকার কয়েন কম আছে এটা তারা জানিয়েছেন। আমরা দেখছি এই ব্যাপারে দুর্নীতির প্রশ্ন উঠেছে। কিন্তু এই ব্যাপারে রিজার্ভ ব্যাঙ্ক নিজে বলে গেছেন যে খুচরো কম আছে।

[1-10 to 1-20 P.M.]

বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৩০০।) **শ্রীসুমন্তকুমার হীরা** : গত ১৪ই মার্চ, ১৯৮৫ তারিখের প্রশ্ন *৪ (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪ এবং *১২৪) (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৫)- এর উত্তর উল্লেখে বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বক্রেশ্বরের তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের বিষয়টি বর্তমানে কি পর্যায়ে/অবস্থায় আছে?

শ্রী প্রবীর সেনগুপ্ত :- বক্রেশ্বর প্রকল্পটি কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ কর্তৃক কারিগরী, অর্থনৈতিক দিক থেকে অনুমোদিত হয়েছে। ইহা এখন যোজনা কমিশনের অনুমোদনের অপেক্ষায় আছে।

শ্রী সুমন্ত কুমার হীরা :- এই প্রকল্পটি কোন সালে গৃহীত হয়েছে এবং এটি দেরী হওয়ার কারণ কি?

শ্রী প্রবীর সেনগুপ্ত :- এটা এই বছরের ২রা মে তারিখে গৃহীত হয়েছে, তবে আমি দেরী হওয়ার কারণ কি তা বলতে পারবো না। ওঁরা অনেক প্রশ্ন করেছিলেন—এই প্রশ্নের উত্তর দিন, এটা ঠিক হচ্ছে কিনা ইত্যাদি। তবে এটা গৃহীত হয়েছে ঐ তারিখে।

শ্রী কাশীনাথ মিশ্র :- মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি— সপ্তম যোজনাতে এই তাপ বিদ্যুৎ কেন্দ্রটি গ্রহণ করা হবে কিনা?

শ্রী প্রবীর সেনগুপ্ত :- এটা সপ্তম যোজনাতে হবে কিনা তা এখনও সরকারীভাবে জানা যায় নি। বিদ্যুৎমন্ত্রী প্রধানত বিদ্যুৎ দপ্তর দেখেন, তিনি বলেছিলেন যে এটা সপ্তম পরিকল্পনার অর্ন্তভুক্ত করা হবে। কিন্তু এরজন্য অতিরিক্ত কোন টাকা পয়সা পাওয়া সম্ভব নয়, একথাও তিনি বলেছিলেন।

***৫২, *৫৩ এবং *৫৪ : স্থগিত।**

নতুন জেলা ও মহকুমা গঠন

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪।) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস**: স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি (১) নতুন জেলা ও (২) নতুন মহকুমা স্থাপনের প্রস্তাব বিবেচনাধীন আছে; এবং

(খ) ঐ বাবদে অষ্টম অর্থ কমিশন কত টাকা বরাদ্দ করেছেন?

শ্রী জ্যোতি বসু :-(ক) ২৪ পরগণা জেলা বিভক্তিকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বাঁকুড়া জেলায় খাতড়ায় একটি মহকুমা স্থাপনের সিদ্ধান্ত হয়েছে। আরও

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met the in the Legislative Chamber of the Assembly House Calcutta, on Thursday, the 5th September, 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair 12 Ministers, 8 Ministers of State and 146 Members.

Started Question
(to which oral answers given)

[1-00 to 1-10 P.M]

খুচরা পয়সা/এক টাকার নোটের সংকট

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১।) **শ্রীদেবপ্রসাদ সরকারঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক)খুচরা পয়সা এবং এক টাকার নোটের অভাবের এবং এই ব্যাপারে অসাধু কারবারের ফলে রাজ্যের জনসাধারণের দুর্গতি সম্পর্কে সবকার অবহিত আছেন কিএবং

(খ)অবহিত থাকিলে, ঐ বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

শ্রীজ্যোতি বসু ঃ-(ক) একথা সত্য যে, খুচরা পয়সা ও এক টাকার নোটের স্বল্পতার ফলে জনসাধারণ অসুবিধাগ্রস্ত। কিন্তু এ ব্যাপারে অসাধু কারবারের কোন নির্দিষ্ট অভিযোগ পুলিশের নিকট আসে নাই।

(খ) খুচরা পয়সার স্বল্পতা নিরসনের বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচ্য ব্যাপার।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ-মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি এটা স্বীকার করেছেন যে, খুচরো পয়সার স্বল্পতার জন্য সাধারণ মানুষের অসুবিধা হচ্ছে। এই স্বল্পতার দুটি কারণ হতে পারে, (১) যদি রিজার্ভ ব্যাঙ্ক খুচরো পয়সা করে সাপ্লাই করে তাহলে স্বল্পতা হতে পারে, (২) সাপ্লাই যথেষ্ট থাকলেও যদি সেটা নিয়ে অসাধু ব্যবসা হয় বা কৃত্রিমভাবে মজুত করা হয় তাহলেও স্বল্পতা হতে পারে। কিন্তু আমরা বর্তমানে রিজার্ভ ব্যাঙ্কের ষ্ট্যাটিসটিকস্ থেকে অফিশিয়াল ফিগার যা পাচ্ছি তাতে দেখা যাচ্ছে যে, খুচরো পয়সার যখন সঙ্কট ছিল তখন রিজার্ভ ব্যাঙ্ক যে হারে এই খুচরো পযসা রিলিজ করেছে, এখন তার তুলনায় অনেক বেশী রিলিজ করছে। এক্ষেত্রে এটা স্বাভাবিক স্বল্পতার অভাব নয়, এটা কৃত্রিম অভাব। এই কৃত্রিম অভাব-এর জন্য অসাধু ব্যবসায়ীতের কারবাব ছাড়াও অন্য কাবণ থাকতে পারে। এই ব্যাপারে স্বরাষ্ট্র বিভাগ তাঁদের দায়িত্ব একেবারে অস্বীকার করতে পারেন কি?

শ্রীজ্যোতি বসু ঃ- আমি খুচরো পয়সার অভাবের ব্যাপারে রিজার্ভ ব্যাঙ্ককে জিজ্ঞাসা করেছি এবং জেনেছি যে, এক এবং দুই টাকার নোটেরও স্বল্পতা আছে। ওঁবা বলেছিলেন যে, বিদেশ থেকে ওঁদের মেটাল আমদানী করতে হচ্ছে। স্বাধীনতার ৩৭ বছর পরেও এটা কেন হচ্ছে জানি না। কেন মেটাল ওঁরা পাচ্ছেন না, কেনই বা বিদেশ থেকে আমদানী করতে হচ্ছে বুঝতে পারছি না। একমাস আগে ওঁদের সঙ্গে আমার কথা হয়েছিল। আমার ধারণা, বর্তমানে আরো পয়সা ছেড়ে থাকতে পারেন। তবে কত ছেড়েছে সেটা আমি বলতে পারছি না। তবে স্বল্পতা এখনও আছে। প্রশ্ন হচ্ছে, যদি কিছু অতিরিক্ত পয়সা ওঁরা ছেড়েই থাকেন তাহলে কেন অসুবিধা হচ্ছে? তাহলে হয়ত কৃত্রিম কোন ব্যাপার হচ্ছে, খুচরো পয়সা নিয়ে দুর্নীতি হচ্ছে! আমি উত্তরে বলেছি, আমাদের কাছে নির্দিষ্ট দুর্নীতির কোন অভিযোগ নেই। আমরা খোঁজ পাচ্ছি না যে, কোথায় কিভাবে এই দুর্নীতিটা হচ্ছে।

শ্রীদেবপ্রসাদ সরকার ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে রিজার্ভ ব্যাঙ্ক থেকে মানি লেন্ডার লাইসেন্স-এর মাধ্যমে টাকা এবং খুচরো পয়সা পাওয়া যায়। এরা পোদার বলে পরিচিত। মুষ্টিমেয় কিছু ব্যাবসাদারদের এই লাইসেন্স দেওয়া হয় এবং এই লাইসেন্স ক্যালকাটা পুলিশ দেয়। এরা বাতিল নোটকে বদলে দিতে পারে। এরা এই অবস্থার সুযোগ নিয়ে যদিচ্ছা রিজার্ভ ব্যাঙ্ক থেকে টাকা-পয়সা নিয়ে অসাধু ব্যবসা চালিয়ে যাচ্ছে, এই রকম সংবাদ আপনার কাছে আছে কি? এমন কি শোনা যাচ্ছে রিজার্ভ ব্যাঙ্কের সামনেই এটা হচ্ছে। কিছু কিছু সরকারী প্রতিষ্ঠান খুচরার জন্য এ্যপ্লাই করতে পারে, সেই রকম স্টেট ট্রান্সপোর্ট করপোরেশান, ক্যালকাটা ট্রাম ওয়ে কোম্পানী রিজার্ভ ব্যাঙ্ক থেকে খুচরো পয়সা রিলিজ করছে। সেই খুচরো পয়সা রিজার্ভ ব্যাঙ্কের সামনে লরি করে অসাধু ব্যবসায়ীদেব হাতে চলে যাচ্ছে। এই রকম নানা রিপোর্ট আছে, এটা আপনার জানা আছে কি?

শ্রীজ্যোতি বসু ঃ- মাননীয় সদস্যের কাছে অনেক ইনফরমেসান পেলাম, আমি এটা দেখবো।

শ্রীসরল দেব ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, খুচরা টাকা পয়সা নিয়ে অভিযোগ উঠেছে এখানে, কিন্তু কংগ্রেস শাসিত রাজ্যে এই রকম কোন সংকট নেই, এটা কি সত্য?

মিঃ স্পীকার ঃ- অন্য রাজ্যে কি হচ্ছে সেটা উনি কি করে বলবেন?

শ্রীসরল দেব ঃ- আমি জানতে চাই মন্ত্রী মহাশয়ের কাছে এই রকম কোন সংবাদ জানা আছে কিনা?

শ্রীজ্যোতি বসু ঃ- এই ব্যাপারে আমি কিছু জানি না।

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কবে নাগাত ঐ কাজ শুরু হবে বলে আশা করা যায়; এবং

(গ) ঐ ব্রীজের জন্য মোট কত টাকার এস্টিমেট করা হয়েছে?

শ্রী যতীন চক্রবর্তী :-(ক) হ্যাঁ।

(খ) প্রাথমিক কাজ অকটোবর নাগাদ শুরু হবে।

(গ) ১, ৮৭,৪৩, ২০৩ টাকা।

পুরুলিয়া জেলায় নূতন পুলিস ফাঁড়ি স্থাপন

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২১।) **শ্রীকমলাকান্ত মাহাতো : স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ভৌগলিক অবস্থান** বিবেচনা করে ও প্রশাসনিক সুবিধার জন্য পুরুলিয়া জেলার পুঞ্চা থানার **পশ্চিমাঞ্চলে একটি পুলিস ফাঁড়ি স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?**

শ্রী জ্যোতি বসু :- না, বর্তমানে এরকম কোন পরিকল্পনা নেই।

ব্রিটিশ এয়ারওয়েজের কলকাতার ফ্লাইট বন্ধের সিদ্ধান্ত

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮।) **শ্রীঅমলেন্দ্র রায় : মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—**

(ক) ব্রিটিশ এয়ারওয়েজ কলকাতার ফ্লাইট বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছেন কি;

(খ) অবহিত থাকলে, ঐ বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে; এবং

(গ) কলকাতা বিমান বন্দরের সার্বিক উন্নয়নের জন্য ভারত সরকারের কাছে রাজ্য সরকার কর্তৃক সুনির্দিষ্ট কোন সুপারিশ করা হয়েছে কি?

শ্রী জ্যোতি বসু :-(ক) হ্যাঁ।

(খ) এ সম্পর্কে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবং তাঁকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

(গ) না, এ ব্যাপারে কোনও প্রশ্ন ওঠে না কারণ কলকাতা বিমান বন্দর আন্তর্জাতিক মানের।

[1-20 to 1-30 P.M.]

শ্রী অমলেন্দ্র রায় :- কোলকাতা বিমান বন্দরের গুরুত্ব কমে যাওয়ার নানা কারণ বিভিন্ন সূত্র থেকে এবং ইউনিয়ন সরকারের তরফ থেকে দেখান হচ্ছে যার মধ্যে একটা কারণ হচ্ছে যে এখানে ট্রেড ইউনিয়ন আন্দোলন এমন একটা পর্যায়ে গেছে যাতে সেই আন্দোলনের জন্য বিভিন্ন এয়ারওয়েজ কোম্পানীগুলি এখান থেকে তাদের ফ্লাইট ক্যানসেল করেছেন এটা কি ঠিক?

শ্রী জ্যোতি বসু :- আমি এরকম শুনিনি। যারা চলে যাচ্ছে তাদের কছে থেকে শুনিনি বা কেন্দ্রীয় সরকারের কাছ থেকেও শুনিনি। এ বিষয়ে প্রধানমন্ত্রী আমাকে একটা চিঠি লিখেছিলেন। আমি বলেছিলাম আমি বিশেষ কিছু করতে পারি না। বৃটিশরা আমাদের জানিয়ে গেল—কারণ এটা সেন্ট্রাল সাবজেক্ট। পরবর্ত্তীকালে আমার চিঠি, ওর চিঠি আমি দিয়ে দেব। আমি ওর চিঠিটা একটু পড়ে দিচ্ছি। পাবলিক এবং ব্যবসাদারদের কছে থেকে অনেক চিঠি পেয়েছি। আমি ওকে যেটা লিখেছিলাম তার উত্তরে ২০শে আগষ্ট তিনি জানান—

"Dear Shri Basu,

I have received your letter of August 9, 1985 regarding the withdrawal of the British Airways flights from Calcutta.

While I share your unhapiness over this issue, I should like to make it clear that the Government of India cannot compel any international airline to maintain services from the particular point of call. These are decisions based on the commercial judgement of the airline concerned and have to be treated as such.

It is not a question of ignoring, as you put it, আমাকে কোট করে জানান The large part of eastern region. আমি লিখেছিলাম এটাকে ইগনোর করা উচিত নয়।. "The question basically is what are the State Government doing to generate the necessary volume of traffic that would make commercial operations of airlines whether domestic or international, economically viable. When we look at the problem from this angle, there are obvious shortcomings which cannot be ignored and which are primarily due to the policies of the State Government. If local authorities fail to provide a certain minimum level of civic services or to maintain orderly conditions...বোধ হয় ল' এন্ড অর্ডার মিন করেছেন। কিন্তু দিল্লীর "economic activity is bound to suffer. In such a situation the demand for air services cannot be at a level that would justify commercial operations"...বৃটিশের চলে যাওয়াটা This indeed is the heart of the problem in so far as Calcutta is concerned. It might have been more useful if you had looked into the basic factors that have caused a decline in Calcutta" status as an international airport. You have on the other hand thought it fit to transfer this responsibility which is undisputably that of the State Government, to the Government of India.

This particular matter to which you have referred at some length is only a symptom of a deeper disease. I wish you would fight the disease and not the symptoms." ডাক্তারবাবু আমাকে এটা লিখে জানিয়েছেন। ডিজিস কিভাবে হচ্ছে, কেন হচ্ছে তার ডায়গনসিস। এর উত্তর খুব বড় আমি পড়ছি না, সার্কুলেট করে দেব। এক বৃটিশ ভদ্রলোক, বোধ হয় ম্যানেজার, রাইটার্স বিল্ডিংসে যখন তিনি প্রেস কনফারেন্স করেন তখন তিনি বল্লেন আমাদের এই সিদ্ধান্ত দু:খজনক, কারণ ৫০ বছর আমরা এখানে আছি। আমি শুনলাম তিনি বল্লেন আমাদের লোকসান হচ্ছে না তবে ওখানে গেলে আরো বেশি লাভ হবে। ৩ জায়গার প্যাসেঞ্জার ২ জায়গায় নিলে লাভ হবে। এখান থেকে প্যাসেঞ্জার বা ফ্রেট বম্বে থেকে বা টিম্বটিং থেকে তাতে লাভ হবে। আমি তাঁর সঙ্গে তর্ক করিনি। আমি বলেছিলাম আই হ্যাভ হার্ড ইট। রাজীব গান্ধী যা লিখেছিলেন তার উত্তর আমি দিয়েছি।

(গোলমাল)

মি: স্পীকার :- অমলবাবু, আপনার সাপ্লিমেনটারী করুন?

(শ্রী অমলেন্দ্র রায় উঠিয়া দাঁড়াইলেন)

শ্রী আবদুস সাত্তার :- স্যার, মুখ্যমন্ত্রী হয়ে উনি প্রাইম মিনিষ্টারকে ডক্টর বলতে পারেন?

শ্রী জ্যোতি বসু:- ডাক্তারই তো ডায়গনোসিস করে, আবার কে ডায়গনোসিস করে?

(শ্রী আবদুস সাত্তার বলিবার জন্য উঠিয়া দাঁড়াইলেন)

মি: স্পীকার :- Mr. Sattar, please take your seat. I have asked Shri Amalundra Roy to put his supplementary.

(গোলমাল)

(কতিপয় মেম্বার আসন ছাড়িয়া উঠিয়া দাঁড়াইলেন)

(গোলমাল)

মি: স্পীকার :- Please take your seats.

শ্রী সাধন পান্ডে :- মুখ্যমন্ত্রী প্রাইম মিনিষ্টারকে ডক্টর বলেছেন, আপনি এটা এক্সপাঞ্জ করুন?

মি: স্পীকার :- Mr. Pandey, please take your seat.

(শ্রী আবদুস সাত্তার বলিবার জন্য উঠিয়া দাঁড়াইলেন)

(গোলমাল)

মি: স্পীকার :- Please take your seats. There is nothing unparliamentary in the word 'Doctor'. I cannot expungee it.

(তুমুল হট্টগোল)

(কতিপয় মেম্বার আসন ছাড়িয়া উঠিয়া দাঁড়াইলেন)

মি: স্পীকার :- Please take your seats.

শ্রী সাধন পান্ডে :- আপনি ঐসব কথা বলতে কি করে এ্যালাও করেন?

(গোলমাল)

(কতিপয় মেম্বার বলিবার জন্য উঠিয়া দাঁড়াইলেন)

মি: স্পীকার :- What is this Mr. Pandey? This is Assembly. Please take your seat, otherwise I shall be compelled to take action against you.

(তুমুল হট্টগোল)

শ্রী অমলেন্দ্র রায় :- মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি স্পষ্টভাবে জানতে চাই যেহেতু কলকাতা বিমান বন্দর আমাদের রাজ্যে অবস্থিত সেইজন্য কলকাতা বিমান বন্দরের ব্যাপারে আমাদের কনসার্ন খুব বেশী এবং সেটা স্বাভাবিক। আমি সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে কলকাতা বিমান বন্দরকে খাট করার জন্য, কলকাতা বিমান বন্দরের গুরুত্ব হ্রাস করার জন্য যে ষড়যন্ত্র চলছে সেটা মুখ্যমন্ত্রী এবং রাজ্য সরকারের জানা আছে কিনা এবং এই ষড়যন্ত্র রোখার জন্য যথোপযুক্ত ব্যবস্থা সরকার এবং মুখ্যমন্ত্রী নিচ্ছেন কিনা?

শ্রী জ্যোতি বসু :- আমাদের যে জবাব দিয়েছে তাতে বলছে আপনি এই ডিজিজের ভাল করে ডায়গনোসিস করান। আমরা যা করেছি তারপর কত যুক্তি-তর্ক

পার্লামেন্ট কি বলেছিলেন, কমিটি কি বলেছিলেন আগেকার সমস্ত কথা জানিয়েছি। ষড়যন্ত্র কি আছে আমি বলতে পারব না, তবে অবজেক্টিভলি আমি যা দেখছি কেন্দ্র এদের সঙ্গে আলোচনা করে, আমার ধারণা ওরা করতে পারেন, যে না, তোমাদের ৩ জায়গা থেকে চালাতে হবে। যদি লস হয় আলাদা কথা, এখানে লস হচ্ছে না, আর একটা ফ্লাইট বাড়াতে পারেন। যাইহোক, চিঠি ও কতকগুলি সাজেশান যা লিখেছি সেটা আপনাদের দেব, আপনারা দেখবেন।

শ্রী আবদুস সাত্তার ঃ- ব্রিটিশ এয়ারওয়েজ হচ্ছে ফরেন ফ্লাইট, তারা যদি বলে যে আমরা চালাব না তাহলে সেখানে কেন্দ্রীয় সরকার কি তাদের চালাতে বাধ্য করতে পারবেন?

শ্রী জ্যোতি বসু ঃ- আমার চিঠি যখন পাবেন তখন পড়বেন। সেজন্য এই ব্যাপারে পাবলিক আন্ডারটেকিংসের দুটো রিপোর্ট ছিল—একটা বংশীলালের, আর একটা জ্যোতির্ময় বসুর। সেই রিপোর্টে ওঁরা বলেছেন ওটা পারা যায়, কেন্দ্রীয় সরকার ইচ্ছা করলে পারতেন। খুব কড়া ভাষায় বংশীলাল সেই রিপোর্ট দিয়েছেন।

শ্রী সরল দেব ঃ- মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি ১৯৪৬ সালে স্বাধীনতার পূর্বে দমদম এয়ারপোর্টে কতগুলি ইন্টারন্যাশনাল ফ্লাইট ছিল এবং স্বাধীনতার পরে কতগুলি ইন্টারন্যাশনাল ফ্লাইট এখান থেকে কেন্দ্রের চক্রান্তে উঠে গেছে জানাবেন কি?

শ্রী জ্যোতি বসু ঃ- আমার কাছে হিসাব নেই, অনেকগুলি ছিল। ১৯৭২ সালে প্রথম আমেরিকানরা চলে যায়, তারপর আসতে আসতে ২/১টা চলে যায়। বৃটিশের ২টি ছিল, তারমধ্যে ১টা চলে গেছে, সেদিন এস এ এস ছিল তারা চলে গেল। সব হিসাব আমার কাছে নেই, এখন সব এয়ারওয়েজ বোম্বে থেকে অপারেট করে।

[1-30 to 1-40 P.M.]

কলকাতাস্থিত শহীদ মিনার সংলগ্ন ময়দানের সংস্কার ও রক্ষণাবেক্ষণ

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২।) **শ্রীদেবপ্রসাদ সরকার ও শ্রীপ্রবোধ পুরকাইত ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতার শহীদ মিনার সংলগ্ন ময়দানটি উপযুক্ত সংস্কার ও রক্ষণাবেক্ষণের অভাবে কার্যতঃ ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে; এবং

(খ) সত্য হলে, ইহার সংস্কার ও সংরক্ষণাবেক্ষণের জন্য রাজ্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করছেন কি?

শ্রী যতীন চক্রবর্তী ঃ-(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ- মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সত্যনিষ্ঠ মন নিয়ে আমি জানতে চাই শহীদ মিনার ময়দান, এটা ম্যাটার অব ওপিনিয়ান, কাজের অযোগ্য। এটা এত নষ্ট হয়ে গেছে যে চতুর্দিকে জল কর্দমাক্ত অবস্থায় থাকে, মিটিং করা, সাধারণ মানুষের বেড়ানর ক্ষেত্র হিসাবে এটা অযোগ্য হয়ে গেছে। আপনি ইতিমধ্যে শহীদ মিনারের উপরের মস্তকটা লাল করেছেন, কিন্তু মিনারের তলদেশে যেখানে বহু আন্দোলন, সমাবেশ, মিটিং হয় সেই ঐতিহ্যমন্ডিত ময়দানকে একটু রেজ করে তার সংস্কারের কথা চিন্তা করছেন কি?

শ্রী যতীন চক্রবর্তী ঃ- আমরা একটা পরিকল্পনা নিয়েছি, সেই শহীদ মিনারের চারপাশে রেলিং দিয়ে ঘিরে ওখানে একটা বাগান করার। ওখানকার সুইয়ারেজের একটা ভাল বন্দোবস্ত করছি। এটা ঠিকই যে ওখানকার সুইয়ারেজ চোকড় হয়ে গেছে। ওখানে মিটিং সমাবেশ হয়, সুইয়ারেজের বন্দোবস্ত যদি করা না হয় তাহলে বর্ষাকালে ময়দানের সব জায়গায় জল কিছুটা জমবে। সেজন্য যতখানি সম্ভব আমরা এটাকে সুন্দর করার জন্য চেষ্টা করছি। আর একটা মুসকিল হচ্ছে ওখানে বেআইনী সমস্ত খাবারের দোকান গড়ে উঠে, তারা নানা রকম নোংরা করে, তার ফলে ওখানকার পয়:প্রণালী অনেক সময় চোক্‌ড হয়ে যায়। সেজন্য আমরা পুলিশের সাহায্যে মাঝে মাঝে যারা বেআইনী স্টল করে তাদের উঠিয়ে দিই। এটা শুধু যে বেআইনী তা নয়, এটা স্বাস্থ্যের দিক থেকেও হ্যাজার্ডাস। যাইহোক, আপনি যেটা বললেন আমরা সেই সম্পর্কে একটা পরিকল্পনা গ্রহণ করেছি, পূজার পরে বর্ষা চলে গেলে এই সম্পর্কে কি ব্যবস্থা করা যায় সেই ব্যবস্থা করব।

বুধপুর-বাঁকুড়া পায়রাখালী রোডের সংযোগকারী রাস্তা নির্মাণ

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬) **শ্রীকমলাকান্ত মাহাতো ঃ** বিগত ৪ঠা এপ্রিল, ১৯৮৫ তারিখের প্রশ্ন নং *৩৮৭ (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪৩)-এর উত্তর উল্লেখে পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মানবাজার পঞ্চায়েত সমিতি এলাকায় বুধপুর হতে বাঁকুড়া পায়রাখালী রোডের উপর সংযোগকারী রাস্তাটি নির্মাণের জন্য সরকারী অনুমোদন পাওয়া গেছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কোন্ কোন্ মৌজার উপর দিয়া এই রাস্তাটি নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ-(ক) হ্যাঁ।

(খ) মৌজাগুলির নাম: বুধপুর, মহেশপুর, রামনগর, আমলাতোড়া, গোয়ালপাড়া, তালশদারা, কুলছত্র, ব্রাহ্মণপাড়া, ডুমারিয়া, পালমি, মুকুন্দপুর, চন্দ্রা, শ্যামনগর, পায়রাচালী।

শ্রী কমলাকান্ত মাহাতো :- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ঐ চাঁদড়ার পরে পায়রাচালী যাবার মধ্যে কোন রাস্তা নেই। আমাদের জমি এ্যাকয়ারের কিছু প্রশ্ন আছে। আমি মনে করি যে জমি এ্যাকয়ার করতে গেলে রাস্তার কাজ শুরু করতে দেরী হয়ে যাবে। সেই কারণে চাঁজড়া থেকে শ্রীরামডাঙ্গা মোড় পর্যন্ত রাস্তাটি করবার কোন চিন্তা ভাবনা করছেন কি?

শ্রী যতীন চক্রবর্ত্তী :- এই রাস্তাটির জন্য যে জায়গা আমরা এ্যালটমেন্ট করেছি সেইসব জায়গার মোট পরিমাণ হচ্ছে ৭.৫ কিলো মিটার। এই পরিকল্পনাটি ৭ম পরিকল্পনার মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর জন্য আমাদের টাকা লাগবে পুরোটা করতে ৫৫ লক্ষ ৯০ হাজার টাকা। সুতরাং টাকার অঙ্ক অনুপাতে যেভাবে আমরা অর্থ দপ্তর থেকে পাবো সেইভাবে কাজ করবার পরিকল্পনা করেছি। এবং যে জায়গা আমরা এ্যালটমেন্ট করেছি সেটা আর বদলানো যাবে না।

নদীয়া জেলায় খুনের ঘটনা

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২০১।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী:-** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় ১৯৮৪ সালের মার্চ মাস থেকে ১৯৮৫ সালের ১০ই আগস্ট পর্যন্ত সময়ে মোট কতগুলি খুনের ঘটনা ঘটেছে; এবং

(খ) উক্ত ঘটনাগুলিতে জড়িত কতজন ব্যক্তিকে এপর্যন্ত গ্রেপ্তার করা সম্ভব হয়েছে?

শ্রী জ্যোতি বসু :-(ক) মোট ১৯৬টি।

(খ) ৪৬২ জনকে।

***৬২ : স্থগিত।**

ব্যারাকপুর ট্রাঙ্ক রোডে ফ্লোরেসেন্ট বাতির ব্যবস্থা

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৭।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ব্যারাকপুর ট্রাঙ্ক রোডের দুই ধারে নূতন করিয়া ফ্লোরেসেন্ট বাতি লাগাইবার ব্যবস্থা হইতেছে;

(খ) সত্য হইলে, কোন্ স্থান হইতে কতদূর পর্যন্ত ঐ কাজ করা হইবে; এবং

(গ) ঐ বাবদে আনুমানিক মোট কত টাকা খরচ হইবে?

শ্রী যতীন চক্রবর্ত্তী :-(ক) এইচ পি. সোডিয়াম ভ্যাপার ল্যাম্প লাগান হইতেছে।

(খ) রাজা মনীন্দ্র রোড ক্রসিং হইতে ডানলাপ ব্রিজ পর্যন্ত।

(গ) আনুমানিক ব্যয় ৬৭,১৭,০০০ টাকা।

বিভিন্ন শিল্পসংস্থা হতে রাজ্য বিদ্যুৎ পর্ষদের বকেয়া বিল

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩।) **শ্রীদেবপ্রসাদ সরকার:** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি

(ক) ইহা কি সত্য যে, এই রাজ্যে বিভিন্ন শিল্পসংস্থা হতে রাজ্য বিদ্যুৎ পর্ষদের প্রচুর পরিমাণ বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে; এবং

সত্য হলে,—

(১) ১৯৮৫ সালের ৩০শে জুন পর্যন্ত সময়ে উক্ত শিল্পসংস্থাগুলির নিকট অনাদায়ী অর্থের পরিমাণ কত,

(২) এই ব্যাপারে কতজন শিল্পপতি জড়িত, এবং

(৩) ঐ বিষয়ে রাজ্য বিদ্যুৎ পর্ষদ কি কি পদক্ষেপ নিয়েছেন?

শ্রী প্রবীর সেনগুপ্ত :-(ক) হ্যাঁ।

(খ) (১) ছয় কোটি দশ লক্ষ তিপ্পান্ন হাজার ন'শো সাঁইত্রিশ টাকা। এর মধ্যে তেত্রিশ লক্ষ তিয়াত্তর হাজার টাকা বিদ্যুৎ শুল্ক বাবদ।

(২) ৫০টি শিল্প সংস্থা জড়িত।

(৩) এর মধ্যে ৪ কোটি ৬২ লক্ষ ৭ হাজার ২শো ৭৫ টাকা আদায়ের ব্যাপারে মহামান্য হাইকোর্টের স্থগিতাদেশ রহিয়াছে। এ ব্যাপারে পর্ষদ আইনানুগ কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিতেছে। ২৩টি শিল্প সংস্থার কাছে প্রায় ১ কোটি ৩ লক্ষ টাকা বাকি আছে। বাকি টাকাটা রাজ্য সরকারের বিভিন্ন শিল্প সংস্থার কাছে পাওনা।

মহামান্য হাইকোর্টের স্থগিতাদেশের ফলে ৫টি শিল্পসংস্থার কাছে বিদ্যুৎ শুল্ক অনাদায়ী রহিয়াছে।

[1-40 P.M. to 1-50 P.M.]

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ- মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন বিদ্যুৎ পর্যদের ৬ কোটি টাকার উপর বিল আদায় বকেয়া পড়ে আছে। এত বিরাট পরিমাণ টাকা বকেয়া হতে নিশ্চয়ই অনেক সময় লেগেছে। তাহলে আপনি কি জানাবেন, রেগুলার ভেরিফাই করা এবং টাকা পয়সা আদায় করার ক্ষেত্রে বিদ্যুৎ পর্যদের কর্মীদের এবং কর্তৃপক্ষের গাফিলতি আছে কিনা এবং তা তদন্ত করে দেখার কথা ভাবছেন কিনা?

শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ- গাফিলতির কথা যখন বলছেন তখন আমাকে বলতে হচ্ছে যে, গফিলতি যদি কারো থাকে তাহলে তা মহামান্য হাইকোর্টের আছে। তাঁদের কাছে যে কেউ যে কোনো বিষয়ে ইনজাংশন চাইলেই তাঁরা দিয়ে থাকেন এবং তারপরে সে সমস্ত কেস দিনের পর দিন, মাসের পর মাস পড়ে থাকে। এ ক্ষেত্রেও তাই ঘটছে, ফলে আমরা আদায় করতে পারছি না বা আদায় করতে দেরি হচ্ছে। মহামান্য হাইকোর্টের কাছে দরখাস্ত করলেই তাঁরা ইনজাংশন দেন, তাঁরা সমাজের কথা ভাবেন না, দেশের কথা ভাবেন না, বছরের পর বছর কেস ফেলে রাখেন এবং এ ক্ষেত্রেও ফেলে রাখার জন্যই এই অর্থ সংগ্রহ করা যাচ্ছে না, অপরদিকে আমাদের অর্থের অভাবে অসুবিধা হচ্ছে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ-মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি হাইকোর্টের ইনজাংশনের কথা বললেন, ৪ কোটি টাকার উপর যেটা আদায় করতে পারছেন না সেটার ক্ষেত্রে কতগুলি ইনজাংশন পড়েছে, কবে থেকে পড়েছে এবং এর মধ্যে ক'টি ইনজাংশন আজ পর্যন্ত বিদ্যুৎ পর্যদের পক্ষ থেকে উদ্যোগ নিয়ে ভেকেট করা হয়েছে?

শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ- আমার কাছে কবে থেকে এগুলি হয়েছে সেই নির্দিষ্ট তারিখ নেই। তবে অন্তত দেড় বছর ধরে কেসগুলি চলছে এবং কেবলই তারিখ পড়ছে, আমাদের বিদ্যুৎ পর্যদের টাকা খরচ হচ্ছে, যাঁরা ওখানে আইন ব্যবসা করছেন তাঁদের পকেটে সেই টাকা যাচ্ছে, আমাদের দিক দিয়ে কোনো অগ্রগতিই ঘটছে না। ফলে সমস্ত কিছু পড়ে আছে। প্রায় শতাধিক কেস হাইকোর্টে পড়ে আছে। এ বিষয়ে একটা জিনিস আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই বিদ্যুতের কাজকর্ম করতে গিয়ে যে লাইসেন্সের দরকার হয়, সেই লাইসেন্সের ক্ষেত্রেও হাইকোর্ট থেকে ইনজাংশন দেওয়ার জন্য গত ২ বছর ধরে কাউকে কোনো লাইসেন্স দেওয়া যাচ্ছে না। লাইসেন্স না দেওয়ার ফলে বহু ছেলে চাকরী পাচ্ছে না, অনেকের প্রমোশন হচ্ছে না। যারা লাইসেন্স নিয়ে কাজ করবে, তারাও কাজ করতে পারছে না। এ ক্ষেত্রেও মহামান্য হাইকোর্ট ইনজাংশন করে দিয়ে বসে আছে। এভাবে কি করে দেশ চলবে? ওঁরা কোনো দায়িত্ব নিচ্ছেন না।

শ্রী আবদুস সাত্তার ঃ- মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, বিভিন্ন সময়ে হাইকোর্টে যায়, ইনজাংশন হয় ঠিকই। কিন্তু তারপর সেই ইনজাংশন ভ্যাকেট করার জন্য আপনাদের যারা উকীল বা যারা এ্যাডভোকেট আছেন প্রতিদিন তারা অনেক টাকা পকেটে পোরেন, অনেক টাকা রাজ্য সরকারের কাছ থেকে নেন। সেই পশ্চিমবঙ্গ সরকারের যারা এ্যাডভোকেট তারা সেই সমস্ত ইনজাংশন ভ্যাকেট করার জন্য কোন তদ্বির করছেন কি না?

শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ- আমি একথা বলতে পারি যে একজন ব্যারিষ্টারকে দায়িত্ব দেওয়া হয়েছিল যে কেসগুলি পড়ে আছে সেগুলি দেখার জন্য, তিনি সেগুলির চেষ্টা করছেন। কিন্তু অবস্থাটা হচ্ছে যে একটা ইনজাংশন ভ্যাকেট হবার পর আর একটা দরখাস্ত ঐ ব্যাপারে হল সংগে সংগে ইনজাংশন হয়ে গেল। ২ বছর ধরে খেটে-খুটে ব্যারিষ্টার লাগিয়ে টাকা পয়সা খরচ করে ইনজাংশন ভ্যাকেট করা হল তখন আর একটা দল গিয়ে দরখাস্ত করলেন এবং ইনজাংশন হয়ে গেল। এই হচ্ছে অবস্থা এবং মহামান্য হাইকোর্ট এটা করছেন।

শ্রী আবদুস সাত্তার ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে রাজ্য সরকারের যে সমস্ত এ্যাডভোকেট আছেন, তারা বিভিন্ন দিন করলে ফি পাবেন বলে আপনাদের কেসগুলি তদ্বীর করছেন না এবং তার ফলে আদালতে পড়ে আছে?

শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ- মাননীয় সদস্য যেকথা বলেছেন সেটা অনেকটা ঠিক। এই সম্পর্কে আমার অভিজ্ঞতা আছে যেভাবে তদ্বীর করা দরকার সেইভাবে হচ্ছে না। কিন্তু এই ক্ষেত্রে আমি নিজে দেখেছি যে ঐ ব্যারিষ্টার অনেক খেটেখুটে কেসটা হাইকোর্ট থেকে ইনজাংশন ভ্যাকেট করলেন কিন্তু তারপরে আর একটা দরখাস্ত করা হল এবং ইনজাংশন হয়ে গেল।

শ্রী মহঃ নিজামুদ্দিন ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ব্যারিষ্টার মহাশয় অনেক চেষ্টা করে একটা ইনজাংশন ছিল সেটা ভ্যাকেট করলেন। আবার বললেন যে ব্যারিষ্টার গাফিলতি করছেন। যদিও অন্য ব্যারিষ্টারের কথা বলেছেন কাজেই যে ব্যারিষ্টার গাফিলতি করছেন, তিনি কোন রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত আছেন সেটা বলবেন কি?

শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ- মাননীয় সদস্য হয়ত ভাল করে শোনেন নি। আমি ব্যারিষ্টার বলিনি। আইনজীবি যারা আছেন, যারা সরকারী কেস করেন, তাদের যে উদ্যোগ নিয়ে কেসগুলি দেখা উচিত অনেক সময়ে তা দেখেন না। কিন্তু যে কেসের কথা আমি বলেছি, আমি যেহেতু এটা ব্যক্তিগত ভাবে দেখেছি, সেই ব্যারিষ্টারের কোন ত্রুটি নেই। তিনি অনেক পরিশ্রম করে ইনজাংশন ভ্যাকেট করেছিলেন কিন্তু তারপরে আর একটা দরখাস্ত করা হল এবং আবার ইনজাংশন হল।

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিদ্যুৎ পর্যদের যে ৬ কোটি টাকা অনাদায়ী রয়েছে, আমাদের মন্ত্রী মহোদয়ের ভাষায় মহামান্য হাইকোর্টের গাফিলতিতে তো আর সবগুলিতে ইনজাংশন হয়নি, যেগুলিতে ইনজাংশন হয়নি সেগুলিতে আদায় করার কি ব্যবস্থা হয়েছে এবং যদি না হয়ে থাকে তাহলে কেন হয়নি সেটা উনি বলবেন কি?

শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ- এই ৬ কোটি টাকার মধ্যে প্রায় ২ কোটি টাকার মত যেটা বিভিন্ন কলকারখানার মালিকরা দেয়নি এবং সেখানে মালিক পক্ষ আসছে, শ্রমিক পক্ষও আছে এবং তারা বলছে যে এখানে যদি লাইন কেটে দেন তাহলে আমরা বেকার হয়ে যাবো। তারা আমাদের কাছে প্রস্তাব করেছেন, তারা যাতে সহজ কিস্তিতে দিতে পারেন সেটা নিয়ে আলোচনা হচ্ছে। এটা আনুমানিক এক কোটি ৩ লক্ষ টাকা। (এ ভয়েস—কোন দলের শ্রমিক?) আই. এন. টি. ইউ. সি. সিটু সব দলেরই শ্রমিক আছে। দ্বিতীয়তঃ সরকারী শিল্প, যেগুলি রুগ্ন শিল্প ছিল সেগুলি সরকার নিয়েছেন অথচ সেখানে তারা লাভ করতে পারছে না এবং সেই কারণে টাকা ঠিক সময়ে দিতে পারছে না। সে জন্য তাদের সঙ্গে কথা বলা হচ্ছে, বিভিন্ন দপ্তরের মন্ত্রীদের সঙ্গে কথা বলা হচ্ছে যাতে সহজ কিস্তিতে তারা শোধ করতে পারে সেই ব্যবস্থা হচ্ছে।

[1-50 P.M. TO 2.00 P.M.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day I have received one notice of Adjournment Motion from Shri Kashinath Misra on the subject of deplorable condition of transport system in the State.

The subject matter of the motion does not call for adjournment of the business of the House. The Member may call the attention of the Minister concerned through Calling Attention, Mention, Question etc. I, therefore, withhold my consent to the motion.

The Member may, however, read out the text of the motion as amended.

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনাসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

সারা পশ্চিমবাংলার পরিবহন ব্যবস্থা সম্পূর্ণ বিপর্যস্ত দূরগামী বা কলকাতা শহরগামী সরকারী বাসের কোন সময় সূচী নেই। দক্ষিণ ২৪ পরগনাসহ বর্ধমান, মেদিনীপুর, বাঁকুড়া ও হুগলীর রাস্তাঘাটের বেহাল অবস্থার জন্য প্রাইভেট বাসগুলির দুরবস্থা ক্রমশঃ বাড়ছে এবং ফলে যাত্রীদের প্রাণ সংশয় ব্যাপক ভারে দেখা দিচ্ছে। সারা রাজ্যে বাস দুর্ঘটনায় পাঁচ মাসে মৃত্যুর সংখ্যা একশ ছাড়িয়ে গেছে এবং আহতের সংখ্যা পাঁচ হাজারের বেশী হয়েছে।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker : I have received 13 notices of Calling Attention, namely :-

1. Mob violence in Keshpur Police Station area, Midnapore resulting into death of two persons and serious injury to many others - Shri Gyan Singh Sohanpal.

2. Propaganda over declaration of Calcutta University as "An Institution of National Importance" - Shri Sadhan Chattopadhyay, Shri Prabodh Chandra Sinha, Shri Rabindra Nath Ghosh and Shri Debsaran Ghosh.

3. Outbreak of enteric disease, cholera in Howrah town for want of drinking water - Shri Asok Ghosh.

4. Non-implementation of the recommendations of administrative report of Dr. Ashok Mitra Committee in Medical College and Hospitals and Health Centres - Shri Anup Kumar Chandra, Shri Samar Mukherjee, Shri Kashinath Misra and Shri Sadhan Pandey.

5. Tension prevailing everywhere in Midnapore district over recent incidents of arson, looting murder, etc. in Keshpur P. S. area - shri Amarendra Nath Bhattacharyya and Shri Kashinath Misra.

6. Law and order position has deteriorated in Murshidabad district - Shri Bankim Tribedi.

7. Reported proposed Central Government's intervention in the affairs of Calcutta University and vis-a-vis take over - Shri Anil Mukherjee.

8. Crisis in coal industry - Shri Jayanta Kumar Biswas.

9. Reported theft of machinaries of Electricity Board - Shri Jokhilal Mandal.

10. Suspension of Primary Teachers in Malda district for producing false certificate - Shri Samar Mukherjee.

11. Severe bank erosion of the river Bhagirathi at Sanyalchar of Chakoah, Nadia - shri Subhas Bose.

12. Alleged murder of one Alok Saha (Gobinda) at Habra on 20.8.85 - Shri Nirode Roy Chowdhury.

13. Regarding incident at Kespur - Shri Himansu Kunar.

There are 3 calling attention notices on the same subject, Sl. No. 1, 5 & 13. I amalgamate these 3 notices. So, I have selected the notices of Shri Gyan Singh Sohanpal, Shri Amarendra Nath Bhattacharya and Shri Himansu Kunar (Sl. No. 1, 5 & 13).

Hon'ble Chief Minister may please make a statement to-day, if possible or give a date.

শ্রী পতিত পাবন পাঠক :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটার উত্তর ১৩ তারিখের দেব। আর একটা কথা আমি উল্লেখ করছি যে, এর আগে কলিং এ্যাটেনসানের উত্তর দেবার সময় বলেছিলাম ১২ তারিখে উত্তর দেব। কিন্তু ১২ তারিখে হয়ত শিল্প ধর্মঘটের জন্য হাউস বন্ধ থাকতে পারে। সেই জন্য ওটার উত্তর ১১ তারিখে দেব।

শ্রী আবদুস সাত্তার :- স্যার, বিধানসভাও কি শিল্প ধর্মঘটের মধ্যে পড়ে?

মিঃ স্পীকার :- এটা আমি বলছি না, ওঁনার কথা এটা। আমি কিছু বলছি না। অবস্থা দেখব—অবস্থা দেখে তারপর ঠিক করব। উনি বলছেন বন্ধ হতে পারে, এটা ওঁনার ব্যাপার। আমি বলছি না।

শ্রী পতিত পাবন পাঠক ঃ- স্যার, ১২ তারিখের পরিবর্তে ১১ তারিখে উত্তর দেব।

Mention Cases

শ্রী সুরেশ সিনহাঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র (পরিবহণ) দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজ কয়েকমাস যাবত পশ্চিমদিনাজপুর জেলায় ওয়েষ্ট দিনাজপুর বাস ওনার্স ফেডারেশন বাস ভাড়া বৃদ্ধির দাবীতে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট করে সমস্ত বাস ও মিনিবাস চলাচল বন্ধ করে দিয়েছে। স্যার, আপনি জানেন, পশ্চিমদিনাজপুর জেলাতে রেলের কোন ব্যবস্থা নেই, বাস, মিনিবাসই চলাচলের বা যোগাযোগের একমাত্র মাধ্যম। বাসভাড়া বৃদ্ধির দাবীতে তারা গত ২২শে আগষ্ট থেকে আন্দোলন শুরু করেছে ফলে জেলার সাধারণ মানুষদের জেলা সদর বালুরঘাটের সঙ্গে যোগাযোগ রাখা অসুবিধাজনক হয়ে পড়েছে। জেলা আর.টি.এ. মালিকদের সঙ্গে বসেছিলেন এবং ১লা আগষ্ট থেকে এক পয়সা করে ভাড়া বাড়ানো সত্বেও আর.টি.এ'র প্রস্তাব তারা মানে নি, তারা আরো বেশী ভাড়া বৃদ্ধির দাবী জানিয়েছে। স্যার, তাদের দাবী মত যদি ভাড়া বৃদ্ধি করা যায় তাহলে সেটা হবে বর্তমানের ভাড়ার চেয়ে শতকরা ৫০ ভাগ বেশী। তারা ধর্মঘট ডেকেছে। স্যার, এই ঘটনার পরিপ্রেক্ষিতে কিছুদিন আগে বালুরঘাটে একটি অপ্রিতিকর ঘটনাও ঘটে গিয়েছে। বাস মালিকদের অনমনীয় মনোভাবের দরুন জেলায় চলাচলের ব্যবস্থা অত্যন্ত বিপর্যান্ত হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে এবং রাজ্য সরকারের কাছে আমার অনুরোধ, অবিলম্বে বাস ধর্মঘট মিটিয়ে জেলায় চলাচলের ব্যবস্থা সুষ্ঠ করার প্রতি দৃষ্টি দিন।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার এবং বিশেষ করে ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, বাঁকুড়াজেলাকে শিল্প-বিহীন এলাকা বলে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন। বর্তমানে রাজ্য সরকার সেখানে শিল্প স্থাপন করবার যে প্রয়াস নিয়েছেন সেই পরিপ্রেক্ষিতে বড়জোড়াতে কংসাবতী কো-অপারেটিভ স্পিনিং মিল হবার কথা। এই কাজের প্রথম ধাপ হিসাবে জমি অধিগ্রহণ করা হয়েছে, অন্যান্য কাজ আরম্ভ হয়েছে এবং এমন কি মেশিনপত্রও আনতে দেওয়া হয়েছে। স্যার, একটা স্পিনিং মিল করতে গেলে জায়গাটি ময়েশ্চার এরিয়া হওয়া উচিত এবং সেখানে জলের প্রয়োজন আছে। প্রথমে এক্সপার্টরা এই তথ্যটি অনুসন্ধান করেন নি কিন্তু বর্তমানে সরকারের কয়েক লক্ষ টাকা ব্যয় হয়ে যাবার পর দেখা যাচ্ছে জলাভাবের জন্য সেই স্পিনিং মিলটি বন্ধ হতে চলেছে। স্যার, এই প্রসঙ্গে আমি একটি সাজেসান আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে রাখছি। আমার সাজেসান হ'ল, শালি নদী থেকে খাল কেটে জল আনা যায় অথবা মালিয়াড়ার কাছে তড়তড়িনায় জোড়বাঁধ দিয়ে খাল কেটে সেই জল আনা যায় অথবা সেই জল শালি নদীতে ফেলা যায়। এইভাবে আমি মনে করি সেখানকার জলের সমস্যাটা মেটানো যায়। স্যার, জলের অভাবের জন্য এই শিল্পটি যাতে বন্ধ হয়ে না যায় তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য আমি সরকার তথা সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2-00 to 2.10 P.M.]

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাইকোর্টকে অবমাননার একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হবার পর কয়েক হাজার কর্মচ্যুত শিক্ষক, শিক্ষিকা পুনর্বহাল হয়েছেন এবং তারজন্য এই সরকার পশ্চিমবঙ্গের শিক্ষক সমাজের আশীর্বাদভাজন হয়েছেন। কিন্তু স্যার, এখন দেখা যাচ্ছে অনেক ক্ষেত্রে শুধুমাত্র রাজনৈতিক কারণে শিক্ষক শিক্ষিকাদের বরখাস্তের ঘটনা ঘটছে। এইসব ঘটনা নিয়ে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে বারবার দেখাও করেছি। এখন আমি যে ঘটনাটির কথা বলছি সেটা হচ্ছে, মুর্শিদাবাদ জেলার গোয়ালজান রিফিউজি হাইস্কুলের শিক্ষিকা শ্রীমতী শীলা বিশ্বাসের। শীলা বিশ্বাস, তিনি তফশিলী সম্প্রদায় ভুক্ত, গত দু বছর শিক্ষকতার কাজ করার পর, দেখা গেল যে তাঁকে কর্তৃপক্ষ স্কুল থেকে বরখাস্ত করছে। আমরা নানা স্তরে আবেদন নিবেদন করলাম কিন্তু তা সত্বেও তাঁকে বহাল করা হলো না। বাধ্য হয়ে তাঁকে হাইকোর্ট করতে হলো, বহরমপুরের গণ সংগঠনের সর্বস্তরের মানুষের সহযোগিতায় তিনি হাইকোর্ট করলেন। গত কয়েকদিন আগে হাইকোর্ট থেকে রায় দিয়েছেন যে ঐ শিক্ষক নিয়োগ বৈধ এবং তাঁকে পুনর্বহাল করা হোক। কিন্তু দেখা যাচ্ছে ঐ শিক্ষক যখন স্কুলে ঢুকতে গেল, তখন তাকে ঢুকতে দেওয়া হলো না। আমরা ডি. আই. এর কাছে আবেদন করলাম, গোটা পরিস্থিতিটা একটা অসহনীয় অবস্থার মধ্যে পড়ে গেছে। সেই জন্য আজকে শিক্ষক দিবসে আপনার কাছে অনুরোধ জানাচ্ছি, আপনি আপনার ক্ষমতা প্রয়োগ করে এই সম্পর্কে একটা ব্যবস্থা গ্রহণ করুন, আমি হাইকোর্টের একটা কপি আপনার কাছে দিচ্ছি, আপনি অনুগ্রহ করে ঐ কর্তৃপক্ষকে বাধ্য করুন যাতে ঐ শিক্ষিকা পুনর্বহাল হতে পারে। এই রকম একটা ঘটনাকে বহরমপুরের সর্ব স্তরের মানুষ ভাল চোখে দেখছে না। তারা ডেপুটেশন নিয়ে প্রশাসনের সঙ্গে যাচ্ছে। এই হাইকোর্টের কপি আপনার কাছে দিচ্ছি।

শ্রী বঙ্কিম ত্রিবেদী ঃ- মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি হাউসের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে জানানোর জন্য এখানকার প্রাক্তন এম. এল. এ. বর্তমান এ ম. পি. শ্রী অতীশ সিন্হা মহাশয় আমাকে অনুরোধ করেন। গত ১৭/৮/৮৫ তারিখে কেতুগ্রাম থানার অন্তর্গত কাটুন্দিডাঙ্গা গ্রামে বিকাল ৫.৩০ মিনিটে খুন হন। যারা এই খুনের সঙ্গে জড়িত ছিল, তাদের নামে এফ.আই.আর. পর্য্যন্ত করা হয়। কিন্তু গত ২/৯/৮৫ তারিখ পর্য্যন্ত পুলিশ কাউকে গ্রেপ্তার করেনি। যার ফলে এই ঘটনাকে কেন্দ্র করে ঐ অঞ্চলে দারুন একটা বিক্ষোভ দানা বেঁধে উঠেছে। এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় সত্বর ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী প্রশান্ত কুমার প্রধান ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং স্বাস্থ্যমন্ত্রী, তার সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়েরও দৃষ্টি আকর্ষণ করছি প্রতিকারের জন্য। গত কয়েকদিন থেকে দেখা যাচ্ছে কংগ্রেসী বন্ধুরা হাসপাতাল সম্পর্কে নানা সমালোচনা করছেন। এটা একটা সুপরিকল্পিত ঘটনা। মফস্বলে ডাক্তারদের উপর তারা অত্যাচার করছে যাতে ডাক্তাররা হাসপাতালে না থাকে। এই রকম একটা ঘটনা ভগবানপুর হাসপাতালে ঘটেছে। কংগ্রেসের একটা অংশ সমাজ বিরোধীদের সঙ্গে হাত মিলিয়ে এ্যাসিড বাল্ব দিয়ে ডাক্তারদের মারছে। এর ফলে ডাক্তাররা থাকতে চাইছে না, তারা যাতে হাসপাতালে না থাকে তার ব্যবস্থা তারা করছে। কিছু কিছু বড় ডাক্তার এমন কি প্রশাসনের ডাক্তারও এর সঙ্গে জড়িত রয়েছে, তার কারণ গ্রামাঞ্চলের হাসপাতালগুলো যাতে অচল হয়ে যায় তার ব্যবস্থা তারা করছে। কারণ যে পরিকল্পনা নেওয়া হয়েছে, গ্রামাঞ্চলের ছোট ছোট হাসপাতালগুলোকে রুরাল হাসপাতাল করা হচ্ছে, ভগবানপুরের হাসপাতালটিও রুরাল হাসপাতাল হবার কথা হচ্ছে স্যাংশন হয়েছে। কাজেই এই জিনিস বন্ধ করার জন্য তারা নানারকম হামলা করছে, এ্যাসিড বাল্ব মারছে

ডাক্তাবদের উপর, সমাজবিরোধী, গুন্ডাদের ডাক্তারদের পিছনে লেলিয়ে দিচ্ছে। যাতে সমস্ত হাসপাতাল প্রশাসনটা নষ্ট করে দেওয়া যায় তার একটা সুপরিকল্পিত চক্রান্ত চলছে।

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাব মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার রেশন দোকানগুলি রেশনের কিন্তু বেশীরভাগ জিনিষ পাওয়া যায় না। যেসব খাদ্যদ্রব্যগুলি পাওয়া যায় তা মানুষের পক্ষে খাওয়ার উপযোগী নয়। রেশনে যে চাল দেওয়া হয় তা গরুর খাবার হয় কিনা জানি না কিন্তু মানুষের খাবার যোগ্য বেশীরভাগই হয় না। কলকাতা শহরের মানুষ স্ত্রী, পুরুষ নির্বিশেষে আমরা প্রায় সবাই বৈধব্য পালন করে করেছি অখাদ্য আতপ চাল খেয়ে। আমি খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন প্রত্যেক রেশন দোকানের জন্য স্থানীয় সরকারী মনোনীত কিছু দায়িত্বশীল লোকদের দিয়ে অথবা এম.এল.এদের দিয়ে পরিদর্শক কমিটি বা তদাবকি কমিটি করে দেন তাহলে রেশন দোকানগুলিতে রেশনের জিনিষ খাদ্যের উপযোগী যাতে সরবরাহ করা হয় তা দেখা সম্ভব হবে। রেশনে যা জিনিষ পাই তা অখাদ্য এবং যা দরকার তা প্রায়ই পাওয়া যায় না। কোথাও তেল নেই, কোথাও গম নেই, কোথাও চাল নেই। এই দুরবস্থার প্রতিকারের জন্য আমি খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এটা শুধু আমাব একার অভিযোগ নয়, কলকাতার সব নাগরিকের এই অভিযোগ।

শ্রী অবনী ভূষণ শতপতি ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলপথ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, ঝাড়গ্রাম মহকুমা খরা-প্রবন এলাকা। এই খরা-প্রবন এলাকায় দুলুং নদীতে সেচ পরিকল্পনা পঞ্চম পঞ্চ বার্ষিকীতে আরম্ভ হবে বলে শোনা গিয়েছিল। আমার পূর্বে যিনি ঐ এলাকার বিধানসভার সদস্য ছিলেন তিনি এই ব্যাপারে বারে-বারে প্রশ্ন তুলেছেন এবং আমিও এর আগে প্রশ্ন তুলেছিলাম। আমি জানতে চাই, ঐ পরিকল্পনা রূপায়িত হবে কিনা অর্থাৎ রুপায়ণ করার ব্যাপারে বাধা আছে কিনা? এই ব্যাপারে সেচ বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যদি কোন বাধা থেকে থাকে তা দূর করে দুলুং সেচ প্রকল্প যাতে রুপায়ণ করা যায় তারজন্য উদ্যোগ গ্রহন করুন। কারণ ঐ এলাকাটি খরা-প্রবন। প্রায় ৭০ থেকে ৮০ হাজার কৃষক এর ফলে উপকার পেতে পারে। সরকারের পরিকল্পনা বিভাগ এ ব্যাপারে দেখা-শুনা করছেন কিন্তু বারবার আবেদন জানিয়েও আমরা কিছু জানতে পারছি না যে এটা কোন অবস্থায় আটকে আছে। সুতরাং আমি এই ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ জানাচ্ছি।

[2-10 to 2.20 P.M.]

শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, আমার কালিয়াচক কনস্টিটুয়েন্সির একদিকে বাংলাদেশ সীমান্ত আগাগোড়া রয়েছে। এটা হলো পূর্বদিকে আর পশ্চিমদিকে নতুন একটা বিপদ দেখা দিয়েছে। ন্যাশনাল হাইওয়ে ৩৪ যেটা ফরাককা পর্যন্ত এসেছে যেটা খেজুরিয়া এন.টি.পি.সি টাউনশিপের কাছে শেষ হবে সেই মোড়ের নাম হচ্ছে ঘোষাইন মোড়। সেখান থেকে ন্যাশনাল হাইওয়ে দিয়ে পাগলা নদী পর্যন্ত সমাজ বিরোধীদেব অবাধ স্বর্গ। আপনি জানেন, বাস লুট থেকে আরম্ভ করে খুন-খারাবি পর্যন্ত অবাধে চলছে। এমন কি দিন-দুপুরে মানুষের চলাচলও বিপদজনক পুলিশ কনষ্টেবল মার্ডার হয়ে পড়ে থাকে - এইরকম অবস্থা সেখানে সৃষ্টি হয়েছে।

এই অবস্থা চলছে একদিকে; অন্যদিকে আমার এলাকা বিচ্ছিন্ন গঙ্গার চর এলাকা হওয়ায় সেখানে সুজাপুরমোস্তাই, দেওনাপুর, পারদেওনাপুর, ইত্যাদি এলাকা মুক্তাঞ্চল রূপে বিরাজ করছে। সমাজবিরোধীরা সেখানে বোমা এবং অস্ত্রশস্ত্র নিয়ে এমনভাবে চলছে যে, মানুষ সামান্য জিনিস নিয়ে পথ চলতে গেলেও লুণ্ঠিত হচ্ছে। আগে বলেছিলাম যে, বর্ডার এলাকায় গরু চুরি হয়ে যাচ্ছে। তবে এখন আর চুরি হচ্ছেনা, এক্ষেত্রে ডাকাতি হচ্ছে রাইফেল নিয়ে। আজকে পাটের দাম চাষীরা পাচ্ছেনা বলে চিৎকার হচ্ছে, কিন্তু বড় কষ্ট করে চাষী গরু কেনে এবং যার দাম চার, পাঁচ, ছয় হাজার পর্যন্ত পড়ে যায় - সেই গরু ডাকাতি হয়ে চলে যাচ্ছে। এই অবস্থা সম্পর্কে প্রাশাসনকে বলা সত্বেও তাঁরা কিছুই করছেন না, সেখানে পুলিশ থাকা সত্বেও তাঁরা কিছুই করছেন না। ঐসব সমাজবিরোধীদের দমন করবার জন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি মর্মান্তিক ঘটনাব প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা এই হাউসের মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই।

আমার নির্বাচনী কেন্দ্র করিমপুরের অন্তর্গত দুর্লভপুর গ্রামে গত ১৪ই আগষ্ট ১৯৮৫ তারিখে এক গৃহবধূ মর্মান্তিকভাবে খুন হয়েছে। সেই বধূর স্বামী ঘরের মধ্যে তাঁকে কুঁপিয়ে কুঁপিয়ে খুন করেছে। ঐ বধূর ভাসুর ও শাশুড়ি যথাক্রমে তাঁর পা ও হাত ধরে রাখে এবং সেই অবস্থায় তাঁর স্বামী সুখেন ঘোষ নামক এক যুবক কুঁপিয়ে কুঁপিয়ে তাঁকে খুন করে। এই ঘটনার পর থেকে আসামিরা পলাতক, কিন্তু এরফলে প্রতিবেশী গৃহবধূরা খুবই ভীতসন্ত্রস্ত হয়ে পড়েছে। তাঁরা সংগঠিতভাবে করিমপুর থানায়, ডেপুটেশন দিয়েছে, কিন্তু এখন পর্যন্ত আসামীদের ধরা হয়নি। অবিলম্বে এই ব্যাপারে তদন্ত করে দোষী ব্যক্তিদের গ্রেপ্তার কবা হোক--এই অনুরোধ আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে করছি।

শ্রী প্রবোধ চন্দ্র পুরকায়েত ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। বিষয়টি হোল--আপনি জানেন যে, ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করবার জন্য ৩১শে আগষ্ট ১৯৮৫ তারিখে আমার নির্বাচনী কেন্দ্র কুলতলির অন্তর্গত রাধাবল্লভপুর গ্রামে আমাদের দলের পক্ষ থেকে শহীদ বেদীতে মাল্যদানপর্ব অনুষ্ঠিত হয়। যখন অনুষ্ঠানটি চলছিল তখন হঠাৎ কংগ্রেস দলের নেতৃত্বে কিছু সমাজবিরোধী সেখানে গিয়ে আক্রমণ চালায় এবং শহীদবেদীটি ভেঙ্গে দেওয়া হয়। সেখানে আমাদের ঐ এলাকার বিশিষ্ট কর্মী উপপ্রধান ইউসুফ আলির উপর আক্রমণ চালান হয়, তবে তিনি পালিয়ে গিয়ে প্রাণ বাঁচান। কাছেই পুলিশ ক্যাম্প ছিল, কিন্তু তাঁরা কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। তারপর, গত ২৫শে আগষ্ট ১৯৮৫ তারিখে চুপড়িঝাড়া গ্রামের এক ক্ষেতমজুর শ্রীবাস ভুঁইয়ার উপর আক্রমণ হয়। এই ঘটনা নিয়ে কুলতলি থানায় যাওয়া হয়, কিন্তু ঐ থানার ও.সি লিখিত ডাইরী গ্রহণ করেন নি, উপরন্তু যারা এই অভিযোগ নিয়ে গিয়েছিলেন, যারা আক্রান্ত, তাদের উপর নানা রকম হুমকি চালান হয়, ভয় দেখান হয়। থানা থেকে বলা হয় যে, যদি কোন কিছু করতে হয় তাহলে টাকা দিতে হবে। ৫০০ টাকা দিলে তদন্ত হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কুলতলি থানার ও.সির বিরুদ্ধে সাধারণ মানুষের ডাইরী না নেবার অভিযোগের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং ও.সির ঐ আচরণের জন্য তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানাচ্ছি।

শ্রী হিমাংশু কোনার ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বছর কয়েক আগে ঘাটাল মাষ্টার প্লান মঞ্জুর হয়, অদ্যাবধি সেটা কার্য্যকরী হয় নি। কেসপুর, দাসপুর, ঘাটাল এবং অন্যান্য ব্লকগুলি এর ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এখানকার লোক ক্ষতিগ্রস্ত হলে কিছু রিলিফ দেওয়া হয় এবং তারা কিছু টাকা পয়সা পায়। এই ঘাটাল মাষ্টার প্লান যদি কার্য্যকরী করা হয় তাহলে এই সব টাকা দিতে হয় না, কিছু টাকার সাশ্রয় হয়। সেই সঙ্গে এখানে একটা পারমানেন্ট এ্যাসেট তৈরী হয়। তা ছাড়া এটা করতে পারলে এখানে প্রচুর সম্পদের সৃষ্টি হবে এবং সেটা ওই এলাকার মানুষের কল্যাণে লাগানো যাবে। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় দীর্ঘদিন যাবত এটা হচ্ছে না। এই নিয়ে বিধানসভায় অনেকবার আলোচনা হয়েছে। প্লান মঞ্জুর হওয়া সত্ত্বেও টাকা না পাওয়ার জন্য কাজ আরম্ভ করা যাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। এই প্লান কার্য্যকরী হলে সেচ ব্যবস্থার উন্নতি হবে। এর ফলে বিরাট এলাকা ক্ষতির হাত থেকে রেহাই পাবে।

শ্রী শেখ ইমাজুদ্দিন ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি থানার অধীন দিয়াড়বালাগাছি গ্রামে সি.পি.এম কর্মীরা কংগ্রেস কর্মীদের উপর অত্যাচার চালাচ্ছে। গত ৩১-৮-৮৫ তারিখে সি.পি.এম-এর সৈয়ব আলি এবং পঞ্জাব আলির নেতৃত্বে ৫০-৬০ জন সি.পি.এম-এর লোক ওই গ্রামে কংগ্রেস কর্মীদের বাড়ি আক্রমণ করে। এই ঘটনার ফলে দু-জন কংগ্রেস কর্মী মারাত্মক ভাবে আহত হয়। তারা আজও হাঁসপাতালে আছে। তারা যখন আক্রমণ করতে যায় তাদের হাতে মারাত্মক অস্ত্রসস্ত্র ছিল-লাঠি, টাঙ্গি, বল্লম এবং পিস্তল নিয়ে তারা গ্রামের কংগ্রেস কর্মীর বাড়ি লুট-তরাজ করে। এই অবস্থা দেখে যখন কংগ্রেস কর্মীরা ভয়ে পালিয়ে যাচ্ছে সেই সময় তাদের উপর বোমা ছোঁড়া হয়। আহতদের নাম হ'ল মহসিন শেখ এবং এজারুল শেখ। এরপর সি.পি.এম গুন্ডাবাহিনী অনেক বাড়ি লুটপাট করে। যাদের বাড়ি লুটপাট করে তাদের নাম হল মহসিন শেখ, বুল মহাজন, রইমুদ্দিন শেখ, আলেপ শেখ, গোলাম মুস্তাফা, এজারুল শেখ, রুস্তল শেখ, কজক শেখ এবং এহেমান। এই ঘটনা সম্পর্কে থানায় এজাহার করতে গেলে থানায় এজাহার নেওয়া হয় না। উপরন্তু কংগ্রেস কর্মীদের উপর মিথ্যা মামলা দায়ের করে তাদের ধরবার চেষ্টা করা হচ্ছে। এই ভাবে সাগরদিঘী থানার যিনি ও.সি আছেন তিনি সাগরদিঘী এলাকায় সি.পি.এম-এর এজেন্ট হিসাবে কাজ করছেন। কংগ্রেসীরা কোন কেস করতে গেলে সেই তিনি ঠিক মত নিচ্ছেন না। সি.পি.এম-এর সঙ্গে যোগসাজোস করে সেই ও.সি কংগ্রেস কর্মীদের উপর অত্যাচার চলাচ্ছে। ৩১.৮.৮৫ তারিখে আমি যে ঘটনার কথা উল্লেখ করলাম সেই ঘটনায় ২ জন আহত হয়, সেই সম্পর্কে তদন্ত করা হোক। থানায় যে অফিসার কাজ করছে সে সরকারী শরিক দলের হয়ে কাজ করছে এই ব্যাপারে তদন্ত করা হোক। এই প্রসঙ্গে আমি আরো একটা কথা বলতে চাই, সাগরদিঘী থানার অধীন দিয়াড়বালাগাছি গ্রামে সি.পি.এম-এর লোকেরা দু-জন সমর্থককে খুন করে বস্তায় ভরে নদীতে ফেলে এসেছিল। এক বছর আগে এই ঘটনা ঘটেছে। এই ঘটনা আবার ঘটতে চলেছে। থানার অফিসার যিনি আছেন তিনি যেন নিরপেক্ষ ভাবে কাজ করেন তার ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

মিঃ স্পীকার ঃ- শ্রী বিভূতি ভূষণ দে যেটা দিয়েছেন সেটা মেনসান কেস হয় না, সুতরাং নাম ডাকা হবে না। সুধাংশু শেখর মাঝি যেটা দিয়েছেন সেটাও হবে না।

[2-20 to 2-30 P.M.]

শ্রী কমলাকান্ত মাহাতো ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মানবাজার গ্রামীণ হাসপাতালটিতে ইতিমধ্যে তার পরিবেশ এবং সুচিকিৎসার জন্য রোগীর সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। কিন্তু গত কয়েকদিন ধরে লক্ষ্য করা যাচ্ছে জীবনদায়ী কিছু ওষুধ যা রোগীকে দেওয়া প্রয়োজন যেমন, সালফাগোয়াডিন, এন্ট্রোকুইন্যাল, ও.আর.এস., ডেকাড্রিন ও ডেরিফাইলিন এগুলো হাসপাতালটিতে আসছে না এবং এরফলে অনেক রোগী ফিরে যাচ্ছেন। অবিলম্বে এই সমস্ত ওষুধগুলো যাতে উক্ত হাসপাতালটিতে সরবরাহ করা হয় সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি।

শ্রী সত্য রঞ্জন বাপুলী ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ প্রশাসনের মূল কেন্দ্র হিসাবে আমরা রাইটার্স বিল্ডিংসকেই জানি। আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, বেশ কিছু দিন যাবত আই.এ.এস এবং আই.পি.এস. পর্যায়ের কিছু অফিসারের পোষ্টিং এর জন্য ফাইল রাইটার্স বিল্ডিংস্ থেকে আলিমুদ্দিন ষ্ট্রীটে যাচ্ছে এবং সেখানে বসে কিছু কিছু মন্ত্রীমহাশয় সেখান থেকেই অর্ডার দেন। আমি আপনার কাছে স্পেসিফিক ঘটনার কথা বলি। গত ৭দিন আগে দুজন আই.পি.এস. অফিসারের পোষ্টিং 'এর জন্য ফাইল রাইটার্স বিল্ডিংস্ থেকে আলিমুদ্দিন ষ্ট্রীটে পাঠানো হয়েছে। তাদের বিরুদ্ধে রাজনৈতিক খবরাখবর সংগ্রহের জন্য ফাইল পাঠানো হয়েছে। এখানে মুখ্যমন্ত্রী উপস্থিত নেই, কিন্তু অর্থমন্ত্রী আছেন, আপনার মাধ্যমে তাঁর কাছে জানতে চাই যে, রাইটার্স বিল্ডিংসে পুলিশ আছে খবর নেবার জন্য, অথচ সেখান থেকে ফাইল আলিমুদ্দিন ষ্ট্রীটে যদি পাঠানো হয়, তাহলে আই.বি. ডিপার্টমেন্ট এবং সি.আই.ডি.রা কি করছেন? এঁরা যে কি করছেন তা আমার জানা নেই। এরই সঙ্গে আরও বলি যে, ২৪ পরগণার নন-গেজেটেড্ পুলিশ এ্যাসোসিয়েশন গতকাল রেজোলিউশান করে একটা লিষ্ট করে দিয়েছে, তাতে তারা বলে দিয়েছে কোন থানায় কার পোষ্টিং হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাকগ্রাউন্ড কি। সেই ব্যক্তির সঙ্গে সি.পি.এম.'এর যোগসূত্র আছে কিনা ইত্যাদিও উল্লেখ আছে। বিধানসভাতে দুজন ও.সি.কে গতকাল দুজন এম.এল.এর সঙ্গে কথা বলে তদ্বির তদারকি করতেও দেখা গেছে। আপনার অনুমতি পেলে দুজন এম.এল.এর নাম বলে দিতে পারি, যাঁদের একজন এই হাউসে উপস্থিত আছেন এবং অপরজন উপস্থিত নেই। মুখ্যমন্ত্রী মহাশয় পুলিশ প্রশাসনের ব্যর্থতা নিয়ে দিনের পর দিন চীৎকার করছেন, তার কারণটা কি? কারণটা অন্য জায়গায়। পুলিশ জানে তাদের সমস্ত কিছু নির্ভর করে একটা রাজনৈতিক দলের উপর। আমি আপনাকে বলব, পুলিশ প্রশাসনকে চাঙ্গা করতে গেলে মুখ্যমন্ত্রীকে কাঁদলে হবে না বা চীৎকার করলেও কিছু হবে না, তা সম্ভব করতে হলে একমাত্র ঐ আলিমুদ্দিন ষ্ট্রীট থেকে খবরদারী বন্ধ করার ব্যবস্থা করতে হবে।

শ্রী বংকিম বিহারী মাইতি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি যে, মেদিনীপুর জেলার নন্দীগ্রামে যেখানে প্রায় ৩,৫০০ লোকের বাস, সেখানে আজ পর্যন্ত বিদ্যুতায়ন হয় নি। ওখানে বৈদ্যুতিকরণের কথা আমি এই বিধানসভার বুকে বারে বারেই রাখছি। কিন্তু এই বিভাগ সম্পূর্ণ ভাবেই চুপচাপ রয়েছেন, কোথাও আশানুরূপ কিছু করছেন না। মেছেদা থেকে হলদিয়া যাওয়ার পথে কতকগুলো যে গ্রাম আছে, যেখানে ১৫০টির মত গ্রাম রয়েছে, সেখানে আজও বৈদ্যুতিকরণ হয় নি। তারফলে সেখানে প্রতিটি গ্রামে হতাশা এবং বিক্ষোভের সৃষ্টি হয়েছে। গ্রামবাসীরা বহু আবেদন নিবেদন করেও বিদ্যুৎ দপ্তর থেকে কোন সহায়তা পান নি। আজও সেখানে কোন ভাবে বিদ্যুৎ পৌঁছে দেওয়া গেল না। আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যুৎ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের এদিকে দৃষ্টি দিতে অনুরোধ জানাই। শুধু তাই নয়, ওখানে বিদ্যুৎ দপ্তরে বিভিন্ন অফিস বাড়ীতে বিদ্যুতের জন্য টাকা জমা দেওয়া হয়েছে প্রায় ৮/১০ মাস আগে। কিন্তু আজও সেই

সমস্ত বাড়ীতে আলো দেওয়ার কোন ব্যবস্থা হচ্ছে না বা লাইন দেওয়ার কোন ব্যবস্থা হয় নি। বিদ্যুৎ দপ্তরের অফিস থেকে বলা হচ্ছে যে বৈদ্যুতিক সংযোগের জন্য প্রয়োজনীয় মেটেরিয়ালস্ আসেনি। সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে আমার অনুরোধ, অবিলম্বে নন্দীগ্রাম ও মহিষাদল গ্রামে বৈদ্যুতিকরণের জন্য তিনি যেন চেষ্টা করেন।

শ্রী ধীরেন্দ্র নাথ সরকার ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখন বিদ্যুৎমন্ত্রী থাকলে ভালো হোত। গ্রামীণ বৈদ্যুতিকরণে আজকে যে কি দুরবস্থা এবং গ্রামবাংলার মানুষের প্রতি যে কি বঞ্চনা চলছে তার একটা উদাহরণ স্বরূপ একটি ঘটনার কথা উল্লেখ করলেই বুঝতে পারবেন। আমাদের পশ্চিম দিনাজপুর জেলায় কুশমন্ডী থানায় গত ৪-৫ বছর আগের থেকে সি.পি.এমের কন্ট্রাক্টররা সেখানে বিদ্যুতের খুঁটি এবং তার ইত্যাদির কাজ করে গিয়েছিলেন। সেই কন্ট্রাক্টরদের কাজ করে যাবার পরে ওই সি.পি.এমের চোরগুলো ওখানকার খুটি, তার উপড়ে নিয়ে চলে গেছে। দিনের পর দিন এই অবস্থা চলছে এবং আজও পর্যন্ত এই অবস্থা রয়েছে। আমি স্থানীয় বিদ্যুত দপ্তর পশ্চিম দিনাজপুরের গঙ্গারামপুরে অভিযোগ করেছিলাম। তারা শুধু অভিযোগ শুনেই খালাস হয়ে গেছেন, পরবর্তীকালে কাজ-কর্ম কিছু করেন নি। এই অবস্থা আজকে চলছে সেখানে এবং এরজন্য হাজার, লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা ব্যয় হয়ে যাচ্ছে : অথচ এই টাকা আসে কেন্দ্রীয় সরকারের মাধ্যমে এবং আমাদের গ্রামবাংলার মানুষের কাছ থেকে ট্যাক্সেসান স্বরূপ আদায়কৃত হয়ে থাকে এবং সেই টাকা আজকে নয়ছয় হতে শুরু করেছে। কুশমন্ডী থানার দেরখন্ড, দহরল, খরবা, পশ্চিম মন্ডাপাড়া ইত্যাদি বিস্তীর্ণ এলাকা জুড়ে ওই টাকা খরচ করা হয়েছিল, খুটি, তার ইত্যাদি লাগান হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় এখনো পর্যন্ত সেখানে বিদ্যুৎ প্রবেশ করেনি। যেসব তার, খুটি উপড়ে নিয়ে গেছে সেগুলি আজ পর্যন্ত পূরণ দেওয়া হয় নি। সেইজন্য আমি বলতে চাই বিদ্যুৎ মন্ত্রী যে তার কাজকর্মের কথা যে উল্লেখ করেন এবং সাফল্যের দাবী রাখেন সেগুলি সব ভিত্তিহীন। আমি পরিষ্কার ভাবে বলতে চাই ওইসব এলাকায় যে সমস্ত তৈরীকৃত লাইন ছিল যেগুলি নষ্ট হয়ে গেছে এবং তার পাশাপাশি এলাকায় যেসব লাইন রয়েছে, যেগুলি এখনো ওই অবস্থায় রয়েছে, বিপর্যস্ত অবস্থায় রয়েছে ওই বিপদগ্রস্ত লাইনগুলিতে পর্যাপ্ত পরিমাণে বৈদ্যুতিকরণ করা হোক। এই আবেদন আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে রাখছি।

শ্রী ব্রজ গোপাল নিয়োগী ঃ- মাননীয় স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলায় বালিখাদ এমনভাবে বেড়ে চলেছে যে প্রায় ৩০০ বালিখাদ হয়েছে এবং ১৭২৫ একর কৃষি জমি নষ্ট করে দিয়েছে। জি. টি রোডের প্রচুর রাস্তা মগরা থানা, পান্ডুয়া থানায় ১০, ১৫ কিলোমিটার রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে, রেললাইন নষ্ট হয়ে যাচ্ছে, বাসরুট চলাচল প্রায় বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে। ১এ, ৪ মেনলাইন ১৭, ১৮, ১৯, ১১, ১৩ এবং ২৩ নং বাস বন্ধ হতে চলেছে। বিদ্যুৎ পোস্টের লাইন নষ্ট হতে চলেছে, স্বাস্থ্যকেন্দ্রের ক্ষতি করছে, আর.এল.আই এবং ডিপ টিউবওয়েল নষ্ট হতে চলেছে, পি.ডব্লিউ.ডির রাস্তা এবং পঞ্চায়েতের রাস্তা নষ্ট হতে চলেছে। বালির খাতে পড়ে গিয়ে মানুষ মারা গেছে এবং বালির লরির দুর্ঘটনায় প্রায় ৭-৮ জন লোক মারা গেছে, খাস জমি নষ্ট হয়ে গেছে এবং জল নিকাশী খাল-গোসাই মাল পাড়া দাশপুর থানার ১, ৪ বি খাল এবং গোসাই মাল পাড়ায় মৌজা কেটে দিয়ে তার উপর দিয়ে রাস্তা করে বালির লরি যাচ্ছে। এইসব ব্যাপারে সরকারের যে আইন আছে যথা ল্যান্ড রিফোর্মস এ্যাক্টস-এর সেকসান ৪ এবং ২এ এবং ৪ বি এবং মাইনস্ এ্যান্ড মিনারেলস্ এ্যাক্টস যে সমস্ত আছে সেগুলি যথাযথ ভাবে প্রয়োগ করা দরকার। এই ব্যাপারে প্রশাসনের যথেষ্ট গাফিলতি রয়েছে। অন্যদিকে বিনা রসিদে বালিখাদের মালিকরা বালি বিক্রি করছে প্রশাসন সেগুলি ধরতে পারে কিন্তু তারা কিছুই করছে না। একদিকে যেমন গাফিলতি রয়েছে তেমনি অন্য দিকে কৃষকরা যেই এটা বন্ধ করার জন্য সম্মিলিত করে গণ আন্দোলন করছে, তখন কাবাস গড়িয়া নামে কোলবা থানার তপশীলি গ্রামের উপর সমাজবিরোধীদের দিয়ে বালিখাদের মালিকরা তাদের আক্রমণ করছে। সেই আন্দোলনে আমিও নেতৃত্ব করেছিলাম এবং তারজন্য মে মাসের শেষের দিকে রাত্রেবেলা আমি যখন মোটর সাইকেলে করে যাচ্ছিলাম তখন ইট মারার চেষ্টা করা হয়েছিল। সম্প্রতি ১৬ই আগাস্ট তারিখে ওরা একটা উড়ো চিঠি দেয় তাতে আমাকে খুন করার হুমকিও দিয়েছে। স্থানীয় পঞ্চায়েতকে মস্তান দিয়ে এবং সমাজ বিরোধীদের দিয়ে আক্রমণ করার চেষ্টা হচ্ছে। এমন কি এম.এল.রাও বাদ যাচ্ছে না। এই ব্যাপারে আমি এস. পি., মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী জানাচ্ছি এবং আপনাকেও একটা জেরক্স কপি দিচ্ছি যে এই ধরণের ব্যাপার সেখানে চলছে সরকারের আইন থাকা সত্বেও। আমি এই বিষয়ে মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীরও দৃষ্টি আকর্ষণ করছি। তাঁর কাছে অনুরোধ আইনের যেটুকু সহযোগিতা প্রশাসনের দিক থেকে সেটুকু জেলাগুলিতে কার্য্যকরী করুন।

[2-30 to 2-40 P.M.]

পশ্চিম বাংলার প্রায় সব জেলায় নদীর বালি থেকে কাজ হয়। একমাত্র হুগলী জেলা ব্যতিক্রম এখানে পাণ্ডুয়া, পোলবা ইত্যাদি জায়গায় ঘর বাড়ী নষ্ট করে, কৃষি জমি নষ্ট করে এক একটা খাদে এভারেজে ৩০০ করে লরী যায় এবং ৩৫ হাজার টাকা এক একটার লাভ হয়। এ বিষয়ে সরকারী প্রশাষন নিষ্ক্রিয় থেকে যাচ্ছে। কার্যকরী ব্যবস্থা যাতে একটা হুগলী জেলায় চালু করা যায় তার ব্যবস্থা করুন, ডি.এম, এস. পিকে এ বিষয়ে একটা নির্দেশ দিন। এ বিষয়ে নাকি একটা আইন হবে শুনছি। এই আইন যাতে তাড়াতাড়ি কার্যকরী করা যায় তার অনুরোধ জানিয়ে আমি আপনাকে একটা জেরক্স কপি, উড়ো চিঠি জমা দিচ্ছি।

শ্রী ফণী ভূষণ রায়ঃ—***************

মিঃ স্পীকারঃ—মেনসানের সময়ে একটা ঘটনার বেশি বলা যায় না।

শ্রী ফণী ভূষণ রায়ঃ—**********************

মিঃ স্পীকারঃ—Nothing will be recorded.

শ্রী শিব প্রসাদ মালিক ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় কুকুরে কামড়ালে পর যে ভ্যাকসিন দেওয়া হয় সেটা পাওয়া যাচ্ছে না বলে জলাতঙ্ক রোগ ছড়িয়ে পড়ছে। আমরা শুনছি পাস্তুর ল্যাবোরেটরি অর্থাত যেখান থেকে এটা সরবরাহ করা হয় সেখানে সরবরাহ বন্ধ থাকার ফলে এবং উচ্চ ক্ষমতা সম্পন্ন লোকের সুপারিশ না থাকলে পর এটা নাকি কারুর ভাগ্যেই জুটছেনা। এই ভ্যাকসিনের অভাবের ফলে আজকে

*Expunged as ordered by the chair.

গ্রামাঞ্চলের সাধারণ মানুষ খুবই অসুবিধায় পড়েছে এবং জলাতঙ্ক রোগ ছড়িয়ে পড়ছে। আমি গত বিধানসভাতেও বলেছিলাম এবং আজকে আবার বলছি অবিলম্বে এই ভ্যাকসিন সরবরাহ করবার ব্যবস্থা করুন।

শ্রী অখিলাল মণ্ডল ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলায় প্রাথমিক শিক্ষা বিভাগে অনেক দিন থেকেই ডি. আই. নেই। মাঝখানে যিনি ছিলেন তিনি নানা রকম অত্যাচারের ফলে ট্রান্সফার হয়ে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২ তারিখ পর্যন্ত সেখানকার কর্মচারীদের বেতন হয়নি এবং বেতন দেবার কোন ব্যবস্থাও হয়নি। এই ব্যাপারে ডি এম-কে বলা হয়েছে, টেলিগ্রাম পাঠান হয়েছে কিন্তু আজ পর্যন্ত বেতন দেবার ব্যবস্থা হয়েছে কিনা জানিনা। আমি অনুরোধ করছি প্রাথমিক শিক্ষা মন্ত্রীমহাশয় এই ব্যাপারে যেন ব্যবস্থা অবলম্বন করেন এবং অবিলম্বে বেতন দেবার ব্যবস্থা করেন।

শ্রী সুভাষ বসু ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ওখানে যে ৩৪নং জাতীয় সড়ক আছে তা থেকে একটা বড় রাস্তা কল্যাণীর মধ্যে ঢুকেছে এবং সেই রাস্তা দিয়ে কোলকাতা এবং অন্যান্য জায়গায় যাওয়া যায়। বহু টাকা খরচ করে এই রাস্তাটি তৈরী করা হয়েছিল, কিন্তু দেখা গেল ১ মাসের মধ্যে সমস্ত রাস্তাটি ভেঙ্গে গেল। সেই রাস্তা দিয়ে এখন কোন রকম গাড়ী, সাইকেল ইত্যাদি চলতে পারে না। আমরা শুনেছি এই রাস্তা করবার সময় নানা দুর্নীতির আশ্রয় নেওয়া হয়েছিল এবং তার ফলেই এত তাড়াতাড়ি রাস্তাটি নষ্ট হয়ে গেছে। আমরা এও শুনেছি কনট্রাক্টরদের দুর্নীতির ফলে রাস্তার এই অবস্থা হয়েছে এবং এই কনট্রাক্টররা ওখানকারই লোক।

Shri Sadhan Kumar Pande : Mr. Respected Speaker, Sir, through you, I would like to draw the attention of the Chief Minister and also the Minister-in-Charge for Irrigation regarding the condition of the Maratha Ditch / Canal, which is passing through Calcutta, Sir, you are aware that regarding the city of Calcutta, a report has been published recently that a Committee has been set up in association with the Chief Minister along with the representatives of the CMDA, MTP and the Irrigation department. They have submitted a report to the Chief Minister in this regard that this Canal is causing 85% of the disease in Calcutta. If this Canal is not excavated properly, then the situation will be such that this city will have more and more mosquittos and diseases. So, I request the Chief Minister, who is the Member from West Bengal for the Ganges Excavation Committee set up by the Prime Minister to look into the interest of this city and excavate this Canal, so that we can live in this city in a healthier condition.

[2-40 to 2-50 P.M.]

শ্রী বারীন্দ্রনাথ কোলে ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আমতা থানার চন্দনপুর সম্পর্কে গতকাল অম্বিকা ব্যানার্জী মহাশয় যে অসত্য ভাষণ হাউসে রেখেছেন আমি তার তীব্র প্রতিবাদ করছি। আমি ওই এলাকার সদস্য কাজেই আমি আসল ঘটনা জানি। অম্বিকাবাবু বলেছেন তিনি ৩ বার ওখানে গেছেন। গত ৮ মাস আগে ঘটনা ঘটেছে এবং আজ তিনি সেই কথা বলছেন। আমি বলছি যাদের নিয়ে তিনি ওখানে গিয়েছিলেন তারা তাঁকে বিভ্রান্ত করেছেন এবং তিনি এখানে অসত্য বক্তব্য রেখেছেন। স্যার, আসল ঘটনা হচ্ছে, গত লোকসভা নির্বাচনের পূর্বে আমতা থানার চটরা গ্রামের শেখ শাজেদআলিকে কংগ্রেসীরা চক্রান্ত করে খুন করে। গত ৩রা ডিসেম্বর শাজেদআলি যখন নির্বাচনের কাজ শেষ করে তাঁর বাড়ীতে ফিরছিলেন তখন তাঁকে প্রথমে আঘাত করা হয় এবং তারপর একটা ঘরের মধ্যে নিয়ে গিয়ে অকথ্য অত্যাচার করা হয় এবং শেষ পর্যন্ত তাঁর কনুই থেকে হাতখানা কেটে ফেলা হল। এরকম অত্যাচার করার পর তাঁকে অচৈতন্য অবস্থায় একটা ঝোপের মধ্যে ফেলে রেখে অত্যাচারীরা চলে যায়। তারপর শাজেদআলীকে হাসপাতালে ভর্তি করা হল, কিন্তু ৭ তারিখে মেডিকেল কলেজে তিনি মারা গেলেন। অম্বিকাবাবু বলছেন ওই ঘরটা কংগ্রেসের অফিস। সেখানে একটা রক্তমাখা ছুরি পাওয়া গেছে, পরচুলা পাওয়া গেছে এবং সমস্ত ঘরে রক্ত ছড়িয়ে রয়েছে। ওঁরা বলছেন এটা সমাজবিরোধীদের কাজ। শাজেদআলি আমাদের পার্টির একজন কর্মী ছিলেন। তাঁর মৃত্যুর পর কবর দেবার পূর্বে যে প্রার্থনা সভা হয়েছিল তাতে ৫/৬ হাজার লোক যোগদান করেছিল। আমি অম্বিকাবাবুর বক্তব্যের তীব্র প্রতিবাদ করছি।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অতি সম্প্রতি দুটি বধূ হত্যার ঘটনাকে কেন্দ্র করে কুচবিহার শহরের মানুষের মধ্যে দারুণ চাঞ্চল্য এবং বিক্ষোভের সৃষ্টি হয়েছে। তাই আমি এই ঘটনার প্রতি বিশেষভাবে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শ্রীমতী মীরা ঘোষের স্বামী আশীষ ঘোষ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনে কাজ করে। গত ২১শে জুন শ্রীমতী মীরা ঘোষকে তাঁর ঘরের মধ্যে ঝুলন্ত অবস্থায় দেখা যায়। কিন্তু পরে জানা গেল তাঁকে গলা টিপে মারা হয়েছে এবং তারপর দেহটাকে ঝুলিয়ে দেওয়া হয়েছে। এর নিষ্ঠুর ঘটনার প্রতিবাদে কুচবিহারের মহিলারা মিছিল করে এবং মীরা ঘোষের দাদা এবং পিসিমা আমার কাছে এসেছিলেন। তাঁরা আমাকে বলেছেন বিয়ের পনের জন্যই এই বলি। পনের টাকার জন্য মীরার উপর ওঁরা অত্যাচার শুরু করে এবং তারপর এই মৃত্যু। মীরার দাদা আমার কাছে অভিযোগ করেছেন স্থানীয় থানা এই ব্যাপারে ঔদাসিন্য দেখিয়েছে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে জানাতে চাই আজ পর্যন্ত পুলিশ মীরা ঘোষের বাড়ীতে গিয়ে কোন রকম তদন্ত করেনি। আমি অনুরোধ করছি মুখ্যমন্ত্রী যেন গোয়েন্দা দপ্তরকে দিয়ে এই ঘটনার তদন্ত করান। আর একজন মহিলার নাম হচ্ছে শ্রীমতী বাসন্তী গুহ, স্বামী গৌর গুহ। তাঁকে আগুনে পুড়িয়ে হত্যা করা হয়। এই ঘটনাতেও দারুন চাঞ্চল্য সৃষ্টি হয় এবং স্থানীয় মহিলারা বিক্ষোভ দেখান এবং বলেন, কোন এ্যাডভোকেট যেন আসামীদের পক্ষ সমর্থন না করেন। আমি নিজে কুচবিহার শহরে গিয়ে দেখেছি মেয়েটি একটা ঘরে ঝুলন্ত অবস্থায় রয়েছে। মেয়েটির বয়স মাত্র ২৫ বছর। এইভাবে যদি এই ধরনের নৃশংস ঘটনা ঘটতেই থাকে এবং পুলিশের ঔদাসিন্যের ফলে আসামীরা খালাস পায় তাহলে অবস্থা সাংঘাতিক আকার ধারন করবে। এই ধরনের ঘটনা যদি বন্ধ করতে হয় তাহলে আসামীদের কঠোর শাস্তি দিতে হবে। এই মেয়েটির সারা গায়ে কেরোসিন ঢেলে তারপর আগুন ধরিয়ে দেওয়া হয়েছে এবং তার ফলেই তাঁর মৃত্যু হয়েছে। এই ঘটনায় কুচবিহার শহরের মহিলারা শোকে বিহ্বল হয়ে রাস্তায় বেরিয়েছে এবং ডি. সি-র কাছে অভিযোগ করেছে। মেয়েটির দাদা আমার কাছে যে বিবৃতি দিয়েছে তার একটা কপি আমি মাননীয় স্পীকার মহাশয়ের কাছে জমা দিচ্ছি। আমি অনুরোধ করছি এই দুটো ঘটনা যেন গোয়েন্দা বিভাগকে দিয়ে তদন্ত করা হয়।

শ্রীদেব নারায়ণ চক্রবর্তী :- মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তারা এই বিষয়ে নজর রাখেন তার জন্য। হাওড়ার ডিভিসন্যাল ইঞ্জিনীয়ারিং অব হেলথ ডিপার্টমেন্ট থেকে একটা চিঠি ইসু হয় হুগলী জেলা পরিষদের নামে। কিন্তু সেই চিঠি কয়েকজন লোকের হাতে চলে যায়। তারা সেই চিঠি নিয়ে গিয়ে পান্ডুয়া থানার বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে যেমন শিখিয়া, চাঁপতা, খোয়ান, ইটাচোনা রামেশ্বরপুর, গোপালনগর ইলছোবা এই সব গ্রামে গিয়ে তারা প্রচার করে যে মাথা পিছু ২৫ টাকা দিলে তারা বিনা পয়সায় সরকারী খরচে লোকের বাড়ী বাড়ী পাইখানা তৈরী করে দেবে। এইভাবে তারা প্রায় কয়েক হাজার টাকা গ্রামবাসীদের কাছ থেকে সংগ্রহ করেছে। এই বিষয়টি যখন হুগলী জেলা পরিষদের সভাধিপতির দৃষ্টি আকর্ষণ করা হয়, তখন তিনি হস্তক্ষেপ করেন এবং ঐ সব দুর্বত্তও যারা এই সব কাজ করছে তাদের হাতে-নাতে ধরা হয় এবং তিনজনকে পুলিশের হাতে তাদের তুলে দেওয়া হয়েছে। আমার অনুরোধ ডিপার্টমেন্ট যেন এইসব ব্যাপার সম্বন্ধে খোঁজ নেন। এই সব কাগজপত্র যে সরকারী দপ্তর থেকে বাইরে চলে যাচ্ছে সেটা ইচ্ছাকৃতভাবে হচ্ছে, কি কোন লোকজন সব কাজ করছে সে বিষয়ে জরুরী দৃষ্টি দেওয়া প্রয়োজন।

শ্রীমতী ছায়া ঘোষ :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার পৌর এলাকায় চকবাজার ইত্যাদি জায়গায় প্রায় ৪/৫ শত ইরানী নরনারী উপস্থিত হয়েছে এবং তারা মুর্শিদাবাদের বিভিন্ন পৌর এলাকায় ক্রমাগত আসছে এবং তারা বিভিন্ন ধরণের সমাজবিরোধীমূলক কাজ চালিয়ে যাচ্ছে। স্মাগলিং, জুয়াখেলা, চোরাই কারবার, মদ ইত্যাদি বিভিন্ন ধরণের কাজ কর্ম তারা সেখানে চালিয়ে যাচ্ছে। এবং এর সঙ্গে বেশ কিছু স্থানীয় উচ্ছৃঙ্খল যুবক এই ব্যাপারে তাদের মদত দিচ্ছে এবং তারা তাদের সঙ্গে এই সব অসামাজিক কাজ কর্মে জড়িয়ে পড়েছে। এসব জায়গাকে তারা একটা নরককুন্ডে পরিণত করেছে। এই ব্যাপারে প্রশাসনকে বলা সত্বেও কোনরকম স্টেপ নেওয়া হয় নি। ঐ জায়গায় দক্ষিণপন্থী একজন কমিশনার আছেন। তিনি এই সমস্ত ইরানীদের বেশীরভাগ লোককে রেশনকার্ডভুক্ত করেছে তাদের ভোটার লিস্টে নাম তুলে দেওয়া হয়েছে। এই ব্যাপারে সেখানে একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে এবং সেখানকার মানুষের একটা ক্ষোভের কারণ হয়ে পড়েছে। এরা কেউই ইণ্ডিয়ান সিটিজেন নয় এটা আমরা সকলেই জানি। ডি এম, এস. ডি. ও. এস পি-কে আমি লিখিতভাবে জানিয়েছি কিন্তু কোন ব্যবস্থা হয় নি। তারা লালবাগ পৌর এলাকাকে সেন্টার করে বিভিন্ন এলাকায় এই সব কাজ কর্ম চালিয়ে যাচ্ছে। এই ব্যাপারটির দিকে বিশেষ নজর দেওয়ার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

শ্রী রবীন মণ্ডল :- মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন অনেক কিছু করার পর এবং অনেক কিছু বলার পর রাজারহাটে একটি রাস্তা হয়েছে। এবং সেখান থেকে ২১১ নং একটি বাসরুট আছে যেটা খড়িবাড়ী গ্রে স্ট্রীট, এবং পাথরঘাটা গ্রে স্ট্রীট পর্যন্ত চলাচল করে। গত দেড় বছর সেখানে বাস চলার পর আবার দু মাস হোল সেটা বন্ধ হয়ে গেছে। আমরা ডিপার্টমেন্টে বহুবার বলেছি—কিন্তু কোন ব্যবস্থা হচ্ছে না। আজকে পি ডবলিউ ডিপার্টমেন্ট যদি কিছু রাস্তার প্যাচ ওয়ার্ক করে দেন তাহলে মনে বাসগুলি চলতে পারে। সামনে পূজা আসছে, এবং সেখান থেকে শ্রমিকরা কাজের জন্য শহরে আসতে পারছে না—অফিসের লোকেরা খুবই দুর্ভোগ ভোগ করছে। আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি অবিলম্বে যেন এর ব্যবস্থা নেয় এবং অন্ততঃ পক্ষে যাতে ২১১ নং বাস চালু হয় তার ব্যবস্থা করেন।

[2-50 to 3.00 p.m.]

শ্রী সমর মুখার্জী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী এবং বিচার বিভাগীয় মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলায় ৫৭ জন প্রাথমিক শিক্ষক, তারা দীর্ঘদিন থেকে সাসপেন্ড হয়ে রয়েছে। সাসপেন্ড অবস্থায় থাকাকালীন তাদের যে শতকরা ৭৫ ভাগ টাকা দেবার যে নিয়ম, সেই নিয়ম তাদের ক্ষেত্রেও মানা হয়নি। সেই ৫৭ জন শিক্ষকের মধ্যে ৩ জন শিক্ষক অনাহারের জ্বালা সহ্য করতে না পেরে, সন্তান সন্ততিদের মুখে এক মুঠো অন্ন না দিতে পেরে আত্মহত্যা করতে বাধ্য হয়েছে। এই ৫৭ জন শিক্ষকের মধ্যে বর্তমানে ৫৪ জন শিক্ষক রয়েছেন। তাদের অপরাধ তারা বিহারের পাটনা বোর্ডের সার্টিফিকেটধারী। আমার বক্তব্য, আজকে আট দশ বছর থেকে তাদের সাসপেন্ড করে রাখা হয়েছে—৫৭ জনের মধ্যে তিন জন আত্মহত্যা করে মারা গেলেন—বাকী ৫৪ জন শিক্ষক এখনও সাসপেন্ড অবস্থায় রয়েছেন, তাদের কোনওরকম পয়সা দেওয়া হচ্ছে না। তাদের অপরাধ পাটনা বোর্ডের সার্টিফিকেট তাদের আছে। আমার বক্তব্য ঐ ৫৪ জন শিক্ষক, তাদের অপরাধ কি? আজকে আমাদের বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশনের সার্টিফিকেটকে যদি পাটনা বোর্ড ফেক সার্টিফিকেট বলে এবং বিহার বোর্ডের সার্টিফিকেটকে আমরা যদি ফেক বলি তাহলে এই সমস্যার সমাধান কি করে হবে? এ.বি.টি.এ 'র সরকার, কোঅর্ডিনেশন কমিটির সরকার, নন-গেজেটেডদের সরকার এসে এদের ফল্‌স বলে যা বলা হচ্ছে, এটা কেন হচ্ছে? সেই জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রী এবং বিচারমন্ত্রীর এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে অনতিবিলম্বে এই ৫৪ জন শিক্ষক সম্বন্ধে ব্যবস্থা নেওয়া হয়।

শ্রী সরল দেব :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই জানেন আগামী অক্টোবর মাস থেকে বারাসত উত্তর ২৪ পরগনা জেলা শহর হতে চলেছে। এই বারাসত থেকে এল ২০, এল ২০বি এবং খড়িবাড়ি থেকে ৯৩ সরকারী বাস চলতো। বর্তমানে এল ২০র ১৮ খানা বাসের পরিবর্তে ৬ খানা চলছে, এল২০বি র ৬ খানা বাসের পরিবর্তে দুখানা চলছে এবং ৯৩ সরকারী বাস বন্ধ হয়ে গেছে। বেসরকারী বাস রাত ৯টার পর চলে না, মিনি বাস ওখানে চলে না। সব জায়গায় মিনি বাস চলছে, কিন্তু এই জায়গায় মিনি বাস চলে না। আমরা এই ব্যাপারে বহু আবেদন নিবেদন করেছিলাম কিন্তু পরিবহন দপ্তরের নিষ্করুণ দৃষ্টিভঙ্গীর জন্য কোন মিনি বাস এখনও পর্যন্ত ওখান থেকে চলছে না। আমি এবং আমার পার্শবর্তী এলাকার প্রতিনিধি রবীন মণ্ডল দুজন মিলে পরিবহন মন্ত্রীর সংগে দেখা করেছিলাম যাতে করে স্যাংশন্ড বাসগুলো ওখানে চলে। লিখিত ভাবে আমরা এই ব্যাপারে আবেদনও করেছিলাম। প্রাইভেট বাস বাড়ানোর জন্য আবেদন জানিয়েছিলাম, মিনি বাস দেবার জন্য আবেদন জানিয়েছিলাম কিন্তু কিছু হয়নি। বারাসত বর্তমানে জেলা শহর হতে চলেছে। ওখানে অনেক সরকারী কর্মচারীকে ট্রান্সফার নিয়ে আসতে হবে। কিন্তু যদি যানবাহনের দুরব্যস্থা থাকে, তাহলে তারা অফিস কাছারী করতে পারবে না। জনসাধারণের দুর্দশা আরও বাড়বে। সেই জন্য, পরিবহন মন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি তাঁকে অনুরোধ করছি, অবিলম্বে যাতে এই সমস্ত এলাকায় যে সমস্ত সরকারী স্যাংশন বাস আছে, সেইগুলো চালু করার ব্যবস্থা করুন, এবং মিনি বাস যাতে চলে তার ব্যবস্থা করুন এবং প্রাইভেট বাস বাড়ানোর ব্যবস্থা করুন।

Mr. Speaker :-Now Zero Hour.

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবংগের বিশেষ করে সীমান্তবর্তী এলাকার দরিদ্র মানুষের উন্নয়নকল্পে কেন্দ্রীয় সরকারের নির্ধারিত ফ্যামিলি পাশ বুক প্রথা যেটা চালু করার কথা ছিল সেটা এই সরকার আজ পর্যন্ত প্রবর্তন করেন নি। আপনার মাধ্যমে এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে এই ব্যবস্থার মাধ্যমে গ্রামবাংলার দরিদ্র মানুষ - সে ব্যবসায়ী হতে পারে, শিল্পী হতে পারে, কারিগর হতে পারে - ব্যাঙ্কের মাধ্যমে তাদের আর্থিক সমস্যার আশু সুরাহার যে সুযোগ পেতে পারতো এই পারিবারিক পাশ বুকের মাধ্যমে সেটা পশ্চিমবংগ সরকার না করার জন্য তাদের বিভিন্ন অলি গলি পেরিয়ে যখন ব্যাঙ্কের কাছে গিয়ে পৌছাতে হচ্ছে তখন তাদের টাকার প্রয়োজন শেষ হয়ে যাচ্ছে। কাজেই আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে বিশেষ করে সীমান্তবর্তী এলাকার গ্রাম বাংলার দরিদ্র মানুষের জন্য,যে দরিদ্র মানুষের বান্ধব বলে এরা দাবী করে, সেই দরিদ্র মানুষের আর্থিক সমস্যার সুরাহার জন্য যে পারিবারিক পাশ বুক প্রথা চালু হওয়ার কথা ছিল সেটা চালু করে তাদের উপকার করার চেষ্টা করুন।

শ্রী নন্দ রঞ্জন বাপুলি ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে। আপনি জানেন যে বিদ্যুতের জন্য সর্বত্র চরম অব্যবস্থা হয়েছে। আমার কাছে সংবাদ আছে যে দীঘাতে ১০ দিন ধরে বিদ্যুত নেই। আজকে সংবাদে দেখছি যে কোটি কোটি টাকা চুরী হয়ে যাচ্ছে, বিদ্যুতের মাল-মশলা চুরী হচ্ছে, জিনিসপত্র চুরী হচ্ছে এবং এর সংগে নাকি অফিসাররা জড়িত আছেন। আমি জানিনা যে কোন অফিসার জড়িত আছেন, আরো উর্ধতন লোক জড়িত আছে কি না। বিদ্যুত মন্ত্রী এখানে থাকলে বলতে পারতেন। আমরা দেখছি যে বিদ্যুতের সাজ-সরঞ্জাম আকাশের তলায় কয়েক বছর ধরে পড়ে আছে। ট্রানসমিটিংয়ের যে সব যন্ত্রপাতি সেগুলি আকাশের তলায় পড়ে আছে। আমাকে একজন এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার বললেন যে এগুলি ৫ বছর ধরে এই অবস্থায় পড়ে আছে যার মূল্য প্রায় ১৬ লক্ষ টাকা। আপনারা সব সময় বলেন যে কেন্দ্র দিচ্ছে না। টাকা দিলেও সেগুলি ঠিক মত খরচ করতে পারছেন না। আজকে যন্ত্রপাতি এই ভাবে নষ্ট হচ্ছে, চুরি হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী প্রবীর বাবু আজকে নাকি বলেছেন যে পি,পি,রা সব পয়সা খেয়ে কেস নষ্ট করে দিচ্ছে। এই চুরির ব্যাপারে সবচেয়ে বেশী ইনভলভ হচ্ছে অফিসাররা। ওদের এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার থেকে চীফ ইঞ্জিনিয়ার পর্যন্ত সব দুর্নীতিগ্রস্ত। আজকে সংবাদ পত্রে দেখছি যে ৪ কোটি টাকার নাকি জিনিস পত্র চুরি হয়ে গেছে। আমি মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে এই ব্যাপারে একটা থরো প্রোব করুন- এ থরো প্রোব বাই এ রিটায়ার্ড জাজ অব ক্যালকাটা হাই কোর্ট। এটা করে আপনার কাছে রিপোর্ট দিন। আজকে কোটি কোটি টাকা চুরি হয়ে যাচ্ছে আর আমরা চুপ করে বসে আছি। আমার মনে হয় এই ব্যাপারে মাননীয় সদস্যরা আমার সংগে এক মত হবেন। কাজেই এ থরো প্রোব ইজ নেসেসারি বাই এ রিটায়ার্ড জাজ ইন অর্ডার টু ফাইন্ড আউট দি রীয়েল পারসন্স হু আর রেসপনসিবল ফর দিস। আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা বলতে চাই, কোলাঘাটে বিদ্যুত কেন্দ্র স্থাপিত হচ্ছে। আপনি জানেন কোলাঘাট বিদ্যুত কেন্দ্রে ইতিমধ্যে চুরি আরম্ভ হয়ে গেছে। এই ব্যাপারে ২ জনকে ধরাও হয়েছিল কিন্তু তাদের ছেড়ে দেওয়া হয়েছে। তার কারণ হচ্ছে সেখানে আপনাদের সি,পি,এম' এর ইউনিয়ন রয়েছে। আমি আপনার কাছে এই কথা বলতে চাই যে এই বিদ্যুতের ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। এ্যাজ এ কাষ্টোডিয়ান অব দি হাউস আমি আপনার কাছে যে নিবেদন করছি যে আপনি মন্ত্রী মহাশয়কে বলুন এই ব্যাপারে একটা পূর্ণ তদন্ত করার জন্য।

[3-00 P.M. to 3.30 P.M.] (Including Adjournment)

শ্রী বিভূতি ভূষণ দে ঃ- মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। বিষয়টি উচ্চ শিক্ষা মন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টিতে আনার জন্য অনুরোধ জানাচ্ছি। স্যার, আপনি জানেন আজকে শিক্ষক দিবস। অধ্যাপকদের সর্ব ভারতীয় সংগঠন অল ইন্ডিয়া কলেজ এ্যান্ড ইউনিভার্সিটি টিচার্স এ্যাসোসিয়েসন- এর ডাকে আজকে গোটা দেশের অধ্যাপকরা রাস্তায় নেমেছেন। তাদের সেই সমস্ত দাবী দাওয়াগুলিকে কার্যকরী করার জন্য আমাদের পশ্চিমবংগের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতিও তার সামিল হয়েছে। তাদের অর্থনৈতিক দাবীর মধ্যে ঘোষণা করা হয়েছে যে বেতন হারের পুনর্বিন্যাস করতে হবে। শিক্ষা ব্যবস্থা থেকে ব্যক্তিগত মালিকানা উচ্ছেদ করতে হবে। শিক্ষকদের চাকরির নিরাপত্তা দিতে হবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক শিক্ষা সংক্রান্ত বিষয়ে নীতি নির্ধারন করে কার্যকরী করা, শিক্ষা ব্যবস্থায় গণতন্ত্রীকরণ, অধ্যাপক প্রতিনিধিত্ব গ্রহণ, শিক্ষকদের পরিপূর্ণ নাগরিক রাজনৈতিক অধিকার প্রদান ইত্যাদি আরো বিভিন্ন দাবী দাওয়া রয়েছে। এই সমস্ত দাবীর ভিত্তিতে আমাদের পশ্চিমবংগের ৩ টি জায়গায় বিক্ষোভ সমাবেশের ডাক দেওয়া হয়েছে। এসপ্ল্যানেড ইষ্ট, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, শিলিগুড়ি কলেজ প্রাঙ্গনে এই সমাবেশের ডাক দেওয়া হয়েছে। আপনি জানেন ১৯৭৩ সালে একবার অধ্যাপকদের বেতন কাঠামো পুর্নবিন্যাস করা হয়েছিল। তারপর ১২ বছর কেটে গেল অধ্যাপকদের জন্য নতুন বেতনক্রম ঘোষিত হয়নি,উপরন্ত জিনিসপত্রের দাম ক্রমান্বয়ে বেড়ে যাচ্ছে। বর্তমানে ১ টাকার দাম ১৭।। পয়সা হয়ে গেছে। কাজেই এই রকম অবস্থায় তারা এই সব দাবীগুলি রেখেছেন। এই দাবীর ব্যাপারে একটা কমিটি নিয়োগ করা হয়েছিল। বেতন কাঠামো পুর্নবিন্যাস করার জন্য তারা রিপোর্ট দিয়েছেন। কিন্তু কেন্দ্রীয় সরকার সেই রিপোর্ট কার্যকরী করেননি। অবিলম্বে সেই রিপোর্ট কার্যকরী করতে হবে, বেতন কাঠামো পুনর্বিন্যাস করতে হবে,অন্তবর্তীকালীন ভাতার দায় দায়িত্ব সমস্ত কিছুই কেন্দ্রীয় সরকারকে বহন করতে হবে। এই দাবী রাজ্য উচ্চ মন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে আমি জানাচ্ছি।

শ্রী সাধন পান্ডে ঃ- মাননীয় স্পীকার, স্যার, আমি একটি জরুরি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল থেকে সারা পশ্চিমবংগের ছাত্রাবাস কর্মচারীরা ধর্মঘট শুরু করেছেন। পশ্চিমবংগের বিভিন্ন ইউনিভার্সিটি,কলেজের যেসমস্ত হস্টেল আছে সেখানকার কর্মচারীরা সরকারের কাছ থেকে মাইনে পান নি বলে ১৩ দফা দাবীর ভিত্তিতে তারা গতকাল থেকে ধর্মঘট শুরু করেছেন। এই সমস্ত হস্টেলের প্রায় লক্ষাধিক ছাত্র গতকাল থেকে খাওয়া দাওয়া করতে পারছে না,থাকতে পারছে না,কোন কিছু পরিস্কার পরিচ্ছন্ন করা হচ্ছে না। আমি এই বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দেখা যাচ্ছে ১৫ মাস ধরে এই সব কর্মচারী ভাইরা মাইনে পায় নি। তাই তারা বাধ্য হয়ে আন্দোলনের পথে গেছে। বামপন্থী প্রগতিশীল মন্ত্রীর উচিত আজই তাদের সংগে আলোচনা করে সমাধান করা যাতে করে ছাত্ররা হস্টেলে ফিরে যেতে পারে। তা নাহলে কিন্তু ছাত্র আন্দোলন যে কোন সময়ে হতে পারে।

(At this stage the House was adjourned till 3.30 P.M.)

[3.30 to 3.40 P.M.] (After Adjournment)

LEGISLATION

The West Bengal Government Townships (Extension of Civic Amenities) (Amendment) Bill, 1985.

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to introduce the West Bengal Government Townships (Extension of Civic Amenities)(Amendment)Bill,1985, and to place a statement under rule 72(1) of the Rules of procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly.

Under section 4B of the West Bengal Government Townships (Extension of Civic Amenities) Act, 1975 (West Bengal Act XLII of 1975), any person desiring to obtain settlement through lease of any land situated within a Government Township may submit an application to the Administrator in such form and in such manner as may be prescribed. This provision of the Act apparently does not, and did not in the past, prevent the State Government from leasing out lands exclusively owned and held by the State Government in a Government Township. Nevertheless, in order to avoid and confusion in this matter and also to avoid litigation, it was felt necessary to make it clear by legislation that the State Government has, and always had in the past,absolute power to grant lease of any land situated within a Government Township on an application made to it, or on its own motion.Immediate legislation by promulgation of the West Bengal Government Townships (Extension of Civic Amenities)(Amendment) ordinace 1985 was necessary because some residents of Bidhan Nagar Government Township had challenged before the Honble High Court, Calcutta the State Governments power to grant lease of a land in the said Township,and because the West Bengal Legislative Assembly was not in session.

(Secretary then read the title of the Bill)

Statutory Resolution

Mr. Speaker :- I have received a notice of Statutory Resolution to be moved by Shri Kashinath Misra under Article 213(2)(a) of the Constitution of India, on the West Bengal Government Towonships (Extension of Civic Amenities)(Amendment) ordinance, 1985,(West Bengal ordinance No.VII of 1985). I now request Shri Kashi Nath Misra to move his resolution.

Shri Kashi Nath Misra:- Sir, I beg to move that this House disapproves the West Bengal Government Townships (Extension of Civic Amenities)(Amendment) ordinance,1985(West Bengal Ordinance No.VII of 1985).

Shri Prasanta Kumar Sur:- Sir I beg to move that the West Bengal Government Townships (Extension of Civic Amenities)(Amendment) Bill,1985,be taken into consideration.আমি এখন আর কিছু বলব না। পরে বলব।

শ্রী কাশীনাথ মিশ্রঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, নগর উন্নয়ন দপ্তরের ভার প্রাপ্ত মন্ত্রী মহাশয় আজ এই সভায় যে দি ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্ট টাউনশিপ্স (এক্সটেন্সান অব সিভিক এ্যামিনিটিস)(এ্যামেন্ডমেন্ড) বিল,১৯৮৫ এনেছেন এটি আগেই অর্ডিন্যান্স করা হয়েছিল,আজ বিল হিসাবে নিয়ে আসা হয়েছে। স্যার,মূলতঃ এটা ১৯৭৫ সালের অরিজিন্যাল এ্যাক্ট।

এর সেকসন ৪(বি)-তে বলা আছে—Under Section 4B of the West Bengal Government Townships (Extension of Civic Amenities) Act, 1975 (West Bengal Act XLII of 1975), any person desiring to obtain settlement through lease of any land situated within a Government Township may submit an application to the Administrator of the Township in such form and in such manner as may be prescribed.

স্যার, এখানে বলা হচ্ছে এ্যাডমিনিসট্রেটরের কাছে দরখাস্ত করতে হবে।

(এই সময় শ্রী জ্ঞান সিং সোহনপাল স্পীকারের আসনে বসেন।)

অথচ আমরা কতগুলি টাউনসিপে দেখছি কোনো এ্যাডমিনিসট্রেটর নেই। কিন্তু ১৯৭৫ সালের আইনের পরিপ্রেক্ষিতে ফার্স্ট ডে অফ অক্টোবর ১৯৭৬ থেকে এটাকে এফেক্ট দেওয়া হচ্ছে। এখানে আইনের মূল গলদ হচ্ছে, কতগুলি জায়গায় এ্যাডমিনিসট্রেটরের নাম করে গভর্ণমেন্ট দরখাস্ত নিলেন এবং জমি লিজ্ দিলেন। এ রকম জিনিস কোন্ দেশে আছে! দীর্ঘ দিন ধরে আইনের পরিবর্তন হলো না, এ বিষয়ে কোনো চিন্তা ভাবনা করা হলো না।

মাননীয় চেয়ারম্যান, স্যার, আসানসোল, দূর্গাপুর ইত্যাদি জায়গায় আমরা দেখতে পাচ্ছি এ্যাডমিনিষ্ট্রেটর আছে, কিন্তু সল্ট লেকে কি হয়েছে? সেখানে এ্যাডমিনিষ্ট্রেটরের জায়গায় ডেপুটি সেক্রেটারী দীর্ঘ দিন ধরে জমি লিজ্ দিয়েছেন, অর্থাত দীর্ঘ দিন ধরে বেআইনী কাজ হয়েছে এবং সেটাকে দীর্ঘ দিন ধরে সংশোধন করা হয়নি। আজকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি, তিনি এই দিকটা দেখতে পেয়েছেন, দেরিতে হলেও এটা তাঁর নজরে এসেছে। কিন্তু তাঁর ডিপার্টমেন্টের নীরবতা এবং উদাসীনতার জন্যই দীর্ঘ দিন ধরে এ ক্ষেত্রে অন্যায় এবং বেআইনীভাবে কাজ-কর্ম চলছে। অর্থাত যেখানে এ্যাডমিনিষ্ট্রেটরের কথা আছে সেখানে সেটাকে সংশোধন না করেই ডেপুটি সেক্রেটারীর মাধ্যমে দীর্ঘ দিন ধরে জমি দিলেন। এ ক্ষেত্রে যে ত্রুটি ছিল সেই ত্রুটি আমরা আশা করেছিলাম বিগত ৭/৮ বছরের মধ্যে বামফ্রন্ট সরকার নিশ্চয়ই সংশোধন করে নেবেন। বিগত কংগ্রেস সরকার ১৯৭৫ সালে আইন করেছিলেন, তারপরে '৭৭ সালে তাঁরা চলে গেছেন, সে সময়ের মধ্যে তাঁরা কিছু করে যাননি। আমরা আশা করেছিলাম নতুন সরকার নিশ্চয়ই এই ত্রুটি অবিলম্বে দূর করবেন। কিন্তু তা করা হলো না, দীর্ঘ দিন ধরে সরকারের পক্ষে ডেপুটি সেক্রেটারী

সমস্ত কাজ- কর্ম করে গেলেন। আজ সেটাকে এ্যাডমিনিস্ট্রেটর করার জন্য বিল নিয়ে আসা হয়েছে। এটা যদি আগেই দেখা হ'ত তাহলে এই অবস্থা হতো না, সরকারী গলদ থাকত না। এখানে লিগ্যাল ভ্যালিডিটির প্রশ্ন আসছে, সেই লিগ্যাল ভ্যালিডিটিকে রক্ষা করবার জন্য সরকারকে আজকে এই জিনিস করতে হচ্ছে এবং আজকে এই বিল আনতে হয়েছে। এখানে ফার্স্ট ডে অফ্ অক্টোবর ১৯৭৬ থেকে এ্যাফেক্ট চাওয়া হচ্ছে এবং জমি সংক্রান্ত ব্যাপারে যে সব এলাকায় গভর্ণমেন্ট অফ্ ওয়েস্ট বেঙ্গল বলে উল্লেখ ছিল সে সব এলাকায় এ'টা পরিবর্তন করে এ্যাডমিনিস্ট্রেটর হবে অর্থাত এ্যাডমিনিস্ট্রেটরের মাধ্যমে পরিচালিত হচ্ছে ধরে নিতে হবে এবং আগামী দিনে তাই হবে। মন্ত্রী মহাশয়ের দপ্তরের উদাসীনতার জন্য এই অবস্থার সৃষ্টি হয়েছে। আমার মনে হয় কোর্ট বা কোথাও তাঁরা আঘাত পেয়েছেন এবং আঘাত পেয়ে আইনটি পুংখানুপুংখভাবে দেখেছেন এবং দেখে অর্ডিনান্স করতে বাধ্য হয়েছিলেন। সেই অর্ডিনান্সটিই আজকে বিল আকারে এসেছে।

[3-40 to 3.50 p.m.]

আজকে এইভাবে ত্রুটিপূর্ণ বিল থাকার জন্য আমরা দেখতে পাচ্ছি এই বিলের প্রকৃত যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য থেকে সরকার সরে গেছেন এবং সরে যাওয়ার জন্য বিভিন্নভাবে অব্যবস্থা চলছে। আজকে এই বিলে একটা বিরাট গলদ রয়েছে এবং এই গলদের জন্য এই সরকারকে তার খেসারত দিতে হবে। আমরা দেখছি, দীর্ঘদিন ধরে ডেপুটি সেক্রেটারীর মাধ্যমে জমি বিলি করেছেন, বিভিন্নভাবে হস্তান্তরিত হয়েছে। আজকে সেখানে আইনের প্রশ্ন এসেছে। সেইজন্য লিগ্যাল যে ভ্যালিডিটি আছে সেই ভ্যালিডিটির প্রশ্নে আজকে সরকারকে নতুনভাবে চিন্তা-ভাবনা করতে হচ্ছে এবং সেইজন্য সরকারকে অর্ডিনান্স করতে হয়েছে। এটা গত বিধানসভা চলাকালীন লক্ষ্য করা উচিৎ ছিল এবং বিধানসভায় এই বিলটি আনলে ৫ মাস আগে এটা কার্যকরী হতে পারতো। এরজন্য আমি ষ্ট্যাটুটরী রেজোলিউসান দিয়েছি এবং এ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে। সরকার এখানে বলছেন এর এ্যাফেক্ট দিতে ফার্স্ট অক্টোবর ১৯৭৬ থেকে আর আমরা এর বদলে চাইছি এটা ১৩ আগষ্ট ১৯৮৫ থেকে এ্যাফেক্ট দেওয়া হোক। এটা যদি ১৯৭৬ সাল থেকে এ্যাফেক্ট দেওয়া হয় তাহলে দেখা যাবে যে গলদগুলি ছিল অর্থাৎ যে ত্রুটিগুলি ছিল এবং তার পরিপ্রেক্ষিতে যে জমি বন্টন হয়েছে কিম্বা লিজ্ দেওয়া হয়েছে এতে করে সুযোগ-সন্ধানীরা বেনিফিট পেয়ে যাবে। সেইজন্য আমরা এটা ১৩ আগষ্ট ১৯৮৫ থেকে এ্যাফেক্ট চাইছি। এটা করলে পূর্বতন যে ত্রুটিগুলি ছিল সেই ত্রুটিগুলি ধরা পড়বে। আপনারা বলছেন যাতে কোন রকম অসুবিধার সম্মুখীন না হই সেইজন্য ঠিকমত রেগুলারাইজ করার জন্য ১৯৭৬ থেকে এ্যাফেক্ট চাইছি। আমি বলবো এটা করা ঠিক হবে না। এটা ১৩ আগষ্ট ১৯৮৫ থেকে এ্যাফেক্ট দেবার ব্যবস্থা করবেন।

আজকে জমির চাহিদা যেভাবে বেড়েছে তাতে দেখতে পাচ্ছি জমির দামও প্রচন্ডভাবে বেড়ে গেছে। ফলে লিজের ব্যাপারেও নানা নিয়ম-কানুন হয়েছে। আজকে দেখতে পাচ্ছি, যাঁরা জমি লিজ নেবার জন্য দরখাস্ত করেছিলেন, এই আইনের বলে তাঁদের সেইসব দরখাস্ত উপেক্ষা করতে হচ্ছে। এই উপেক্ষার কারণও সকলেই জানেন যে, এ-ক্ষেত্রে প্রকৃতপক্ষে অধিকারী হচ্ছেন এ্যাডমিনিস্ট্রেটর। ইমপ্রুভমেন্ট ট্রাস্ট থেকে আরম্ভ করে অন্যান্য যে সমস্ত ডেভেলপমেন্ট অথরিটি আছে, সেখানে এ্যাডমিনিস্ট্রেটরই হচ্ছেন প্রকৃত অধিকারী। এই অবস্থাতে আমরা দেখতে পাচ্ছি, যেভাবে বিলটির এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে—সেটা উপযুক্ত হচ্ছে না। তাই আমি বলবো, Statement explaining the circumstances which has necessitated this legislation by ordinance. কিন্তু প্রিভিয়াস যেটা ছিল, তার ৪বি-তে বলা হয়েছিল, "any person desiring to obtain settlement through lease of any land situated within a Government township may submit an application to the Administrator of the said township in such a form and in such a manner as may be prescribed." সেটাকে লক্ষ্য রেখে যদি করা হোত. তাহলে হোত; কিন্তু সেটা এখানে হচ্ছে না। তাই মন্ত্রী মহাশয়কে বলবো, এই অব্যবস্থা দীর্ঘ দিন ধরে দেখা হয়নি বলে একটা ত্রুটিপূর্ণ ব্যবস্থার মাধমেই এতদিন চলতে হয়েছে। কিন্তু এখানে তাঁরা যেভাবে প্রতিকার করতে চেয়েছেন তাতেও ত্রুটিগুলি দূর হবে না বলেই ষ্ট্যাটুটরী রেজলিউশন এনেছি, এ্যামেন্ডমেন্টও দিয়েছি। পরে সেগুলো মুভ করবো। আমি মনে করি, একটা সম্পূর্ণ আইন এক্ষেত্রে নতুনভাবে এনেই একমাত্র এর অসঙ্গতি দূর করা যেতে পারে। এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস: মি: চেয়ারম্যান স্যার, এখানে একটা গুরুত্বপূর্ণ বিলের উপর আলোচনা হচ্ছে, কিন্তু দেখতে পাচ্ছি যে, বিরোধী দলের কয়েকজন সদস্যই মাত্র এখানে উপস্থিত আছেন। ব্যাপারটা আপনার দৃষ্টিতে আনছি।

মি: চেয়ারম্যান : আপনার বক্তব্য আমি শুনলাম। আপনি বসুন। Now, Shri Abani Satpathy.

শ্রী অবনীভূষণ সৎপতি : মাননীয়, চেয়ারম্যান মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী প্রশান্ত শূর মহাশয় নগর উন্নয়নকে কেন্দ্র করে, অর্থাৎ টাউনশীপ এক্সটেনশন সংক্রান্ত যে বিল এখানে উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে আমি এখানে কয়েকটি কথা বলতে চাই। বিরোধীদের মাননীয় সদস্য কাশিনাথ মিশ্র মহাশয় কয়েকটি কথা এখানে বলেছেন। কিন্তু উল্লেখ করতে গিয়ে উনি আসল কথাটাই কিন্তু চেপে গেলেন। ১৯৭৫ সালে এই শহর উন্নয়ন সংক্রান্ত আইনটি কিন্তু তৈরী করেছিলেন ওঁরাই। ১৯৭৬ সালে এর সংশোধনও তাঁরা করেছিলেন। সেই সংশোধনীর মাধ্যমে টাউনশীপের জমি কে বিলি করবে এবং তার পদ্ধতিই বা কি হবে—সেটা ঠিক করেছিলেন। তাঁরাই ঠিক করেছিলেন যে, এ্যাডমিনিস্ট্রেটরকে দিয়ে এইসব জমি বিলি করা হবে। কিন্তু ৪(বি) অংশটিতে বলা আছে—"ইন সাচ্ ফর্ম এ্যান্ড ইন সাচ্ ফর্ম এ্যান্ড ইন সাচ্ ম্যানার এ্যাজ মে বি প্রেসক্রাইবড্"। এই প্রেসক্রিপশন কিন্তু ওঁরাই করেছিলেন, কিন্তু কোন্ ফর্ম এবং কোন পদ্ধতিতে দরখাস্ত করা হবে— এটা ওঁরা ঠিক করলেন না। কাজেই সঠিক কারণেই সমস্যাটা এসে গেছে। আজকে শহর যেখানে গ্রামাঞ্চলের দিকে সম্প্রসারিত হচ্ছে সেখানে সরকারী যে সমস্ত জমি থাকবে সেখানে যদি কোন উন্নয়নমূলক কাজ করতে হয়, সেক্ষেত্রে পরিস্কার একটা ক্ষমতা হাতে থাকা দরকার।

[3-50 to 4.00 p.m.]

যারা এই সমস্ত লিজ স্টেটমেন্ট পেতে চায় সেই ব্যাপারে একটা ফর্ম থাকা দরকার, পদ্ধতি থাকা দরকার। ১৯৭৫-৭৬ সাল কেন হ'ল এটা বললেন। আমি মাননীয় মন্ত্রী শ্রী প্রশান্ত কুমার শূর মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি এই বিল আনার জন্য। দীর্ঘ দিন বাদে সল্ট লেক এবং অন্যান্য টাউনসিপ এক্সটেনসান হয়েছে, জমিজমার অনেক সমস্যা আছে, তার যে আইনগত সমস্যা দেখা দিয়েছে সেটা দূর করার জন্য উনি আজকে প্রায়সচিত্ত করলেন। কংগ্রেস সরকার যে পাপ করে গিয়েছে উনি তার প্রায়সচিত্ত করলেন। এই ব্যাপারে কাশিবাবু একটা এ্যামেন্ডমেন্ট এনেছেন যে এ্যাফেক্ট ১৯৭৬ সাল থেকে দেওয়া হবে কেন, ১৩ই আগস্ট৮৫ থেকে দেওয়া হোক। উনি যে কেন এই

তারিখটার কথা বললেন সেটা বুঝতে পারছি না। উনি যদি ১৫ই আগষ্ট বলতেন তাহলে না হয় বোঝা যেত একটা স্মরণীয় দিন থেকে দেবার কথা বলছেন। ১৯৭৬ সাল থেকে সেটেলমেন্টের জন্য যে দরখাস্তগুলি করে রেখেছে, আজকে আইন গ্রহণ করার পর সেই সমস্ত জমি-জমার দরখাস্তগুলি ফর্মের পদ্ধতিতে পরিস্কার হবে। এই জমিগুলি নিয়ে অনেক সমস্যা দেখা দিয়েছে। কাজেই একটা পরিস্কার প্রস্তাব বিলের মধ্যে রয়েছে। শহরবাসী এবং সরকারের জমির প্রয়োজন আছে, সেটা কিছুটা মূল্যায়ন করা যাবে। এখানে যে বিল আনা হয়েছে সেই ব্যাপারে আর বিস্তারিত ব্যাখ্যার প্রয়োজন হয় না। কারণ মাননীয় নগর উন্নয়ন মন্ত্রী সহাশয় শহর উন্নয়নের স্বার্থের এই বিল উৎথাপন করেছেন। কাশিবাবু যে সংশোধনী এনেছেন তার বিরোধিতা করছি। মূল বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস:— মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় The West Bengal Government Townships (Extension of Civic Amenities) Amendment Bill, 1985, যেটা এনেছেন তাকে আমি সমর্থন করছি। এই বিলে যে প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে তা অত্যন্ত জরুরী। ১৯৭৫ সালে যে আইন সেই সময় রচনা করা হয়েছিল সেটার ত্রুটি মুক্ত করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় এই বিল এনেছেন। এই বিল প্রসঙ্গে বলতে গিয়ে বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী কাশিনাথ মিশ্র মহাশয় বললেন যে এতো দিনে মন্ত্রী মহাশয়ের বোধদয় হয়েছে বলে এই বিল আনা হয়েছে। এর মধ্যে একটা প্রশ্ন থেকে যায় এই বিল যখন তৈরী হয়েছিল তখন সেই সভার সদস্য তিনি ছিলেন। তিনি ১৯৭২ সালের ভোট এসেছিলেন, সে ভোট যে ভাবেই হোক না কেন, তিনি সেই সভায় ছিলেন। তখন তাঁর বোধদয় হল না কেন, কেন তখন তিনি বলেননি যে এই বিলের বিরোধিতা করছি, এই বিলের এ্যামেন্টমেন্ট আনা দরকার। এই বোধদয় তখন তাঁর ছিল না। এখন ত্রুটি মুক্ত করে টাউনসিপ ডেভেলপমেন্ট এবং তার সঙ্গে আনুসঙ্গিক যে বিষয়গুলি—এই উদ্দেশ্যে জমি প্রদান করার দরকার এসে যাচ্ছে, তখন তিনি এর বিরোধিতা করছেন। এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্ট এ্যান্ড রিজিনস আছে তাতে পরিস্কার করে বলা আছে যে সমস্ত লিটিগেসান তৈরী হতে পার, লিটিগেসানের সম্ভাবনা আছে, বর্তমান অবস্থায় অনেক জটিলতা এসেছিল সেটাকে দূর চেষ্টা করা হচ্ছে। আবেদন করার ফর্ম অফ এ্যাপ্লিকেসান এবং একটা ম্যানার এফ সাবমিসান এই সব বিলের মধ্যে রাখা হয়েছে। যাতে পরবর্ত্তীকালে অসুবিধা না থাকে, এর একটা সুযোগ থেকে যাচ্ছে। মাননীয় সদস্য কাশি নাথ মিশ্র মহাশয় যখন সেই সভা। ছিলেন, যখন সেই সভায় এই বিলটি উৎথাপন করা হয়েছিল, তৎকালীন দুজন মন্ত্রীর মধ্যে তখন কৃতিত্বের লড়াই চলছিল।

সেই সময়ে মাননীয় ভোলা সেন মহাশয় এবং সুব্রতবাবুর মধ্যে কর্তৃত্ব নিয়ে লড়াই ছিল। স্বভাবতই তিনি জনস্বার্থে আইনটাকে সুষ্ঠুভাবে প্রণয়ন করার দিকে দৃষ্টি দিতে পারেন নি। তার ফল হিসাবে এটিকে এমন ভাবে করে রাখা হয়েছিল যাতে প্রশান্তবাবুকে কাজ করতে গিয়ে বাধার সম্মুখীন হতে হচ্ছে। এ নিয়ে বিশেষ আলাপ-আলোচনার কিছু নেই। উনি খুব স্পষ্ট করেই বলেছেন—Nevertheless, in order to avoid any confusion in this matter, and also to avoid litigation, it is felt necessary to make it clear that the State Government has, and always had in the past, absolute power to grant lease of any land situated within a Government Township on an application made to it, or on its own motion... এটা খুবই স্বাভাবিক কথা। গভর্ণমেন্ট তার নিজের জমি বিলি করবে, এতে নতুন কথা কি আছে; জমি বিলি করার দরকার থাকলে এবং লীজ দেওয়ার দরকার থাকলে সরকারকে একটা নিয়ম-কানুনের বাধার সম্মুখীন হতে হচ্ছে—এই সমস্ত কথাই এই বিলের মধ্যে বলা আছে। যেমন, ফরম্ অফ এ্যাপ্লিকেশান, ম্যানার অফ সাবমিশান ইত্যাদির মধ্যে দিয়ে পরিবর্তনটুকু আনা হচ্ছে। স্বভাবতই এই বিলটির বিরোধিতা করার কিছু নেই। বিরোধিতা যেহেতু করতে হয়—যেটা কাশীবাবু করে যাচ্ছেন, যখনই কোন কিছু এখানে তোলা হয় তাতে তিনি একটা না একটা অজুহাত দেখিয়ে বিরোধিতা চালিয়ে যাচ্ছেন, একটা না একটা ছুতো তুলে বিরোধিতা করার চেষ্টা করে যাচ্ছেন—সেজন্যই কাশীবাবু এখানে বিরোধিতা করেছেন। মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দিই এই জন্য যে, তিনি যেটা করছেন তাতে জনগণ উপকৃত হবেন। আমি এ নিয়ে আর কিছু বলতে চাই না; মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর জবাবী ভাষণে বিস্তৃত ভাবে সব বলবেন। আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভূপাল পাণ্ডা : মাননীয় স্পীকার মহাশয়, এই বিলকে আমি পরিপূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। ইতিমধ্যে যেসব সমস্যা উঠেছে, সেই সমস্যাগুলো নিয়ে খুব সংক্ষেপে এখানে তুলে ধরতে চাই। আমাদের বিরোধি পক্ষের মাননীয় সদস্য কাশীবাবু যেভাবে জিনিসটাকে এখানে প্লেস করলেন তাতে মনে হয়েছে যে আগে যা ছিল, তারমধ্যে পরিবর্তন এবং সংশোধনের জন্য এই বিল। সেইভাবে বক্তব্য না রেখে জিনিসটাকে অন্যভাবে রাখলেন এবং এটি কার্যকরী করার পথে সমস্যা নিয়ে আলোচনা করলেন। এখানে কার্যকরী করার পথে সমস্যা নিয়ে যে কথাগুলো বললেন—সবচেয়ে বড় কথা যেটা, সেটা উনি চেপে গেলেন। ইতিঅধ্যে এই বিলে র ডিফেক্ট নিয়ে—সল্টলেকের জায়গা নিয়ে সেখানে সরকার ৫০০০-৮০০০ টাকা কাঠায় বন্দোবস্ত দিয়েছিলেন, সেগুলো লীজ হোল্ডাররা লক্ষাধিক টাকায় সেল করে দিচ্ছে। এই অতিরিক্ত ব্লাক মানির প্রেসারের ফলে—যাদের সরকার ভূমিহীন বলে এ্যালটমেন্ট দিয়েছিলেন, অর্থাৎ ওয়েস্ট বেঙ্গলে যাদের কোন বাসস্থান ছিল না, সেই স্মল হোল্ডারস্ বা মিডিল ইনকামের মানুষদের সহায়তা প্রদানের জন্য—আজকে প্র্যাকটিক্যালি সল্টলেক এলাকা তাদের হাত থেকে চলে যাচ্ছে ব্লাক মার্কেটিয়ারস্ এর হাতে। ব্লাক মানি হোল্ডারস্ are capturing the whole township Practically এই যে সমস্যা, এটা দূর করার চেষ্টা করছেন এই বিলের মাধ্যমে, এরজন্য ওঁকে ধন্যবাদ জানাই। তিনি খুব আন্তরিকতার সঙ্গে ত্রুটিটাকে সংশোধন করতে চেয়েছেন যাতে এ্যালটমেন্টের ব্যাপারে বা লীজের ব্যাপার যাই হোক না কেন তাঁকে অথরিটির কাছে আসতে হবে। তাঁদের এ্যাডমিনিস্ট্রেটরের কাছে আসতেই হবে। অর্থাৎ সমস্ত জিনিসটাকে রেগুলারাইজ করার জন্য বিশেষ ব্যবস্থা গৃবীত হবে এর ফলে। বিধানবাবু বলতেন—হয়ত সেই সময়ে বিশেষ কোন উদ্দেশ্য থাকতে পারে—যে, বাঙালী স্মল ইনকাম গ্রুপের মধ্যে পড়ছে কেন? যে আয়ের মানুষই হোন না কেন, সরকারী এমপ্লয়ী হোন না কেন বা বাইরের মানুষ হোন না কেন, তাঁদের মধ্যে জমি তিনি দেবেন। সেটা যখন আইন করে এলো—সেটা করার সময় সেই উদ্দেশ্য এবং লক্ষ্যের প্রতি শ্রদ্ধা রেখে তৈরী করা হয়নি।

[4-00 to 4-10 p.m.]

যার পরিণতি হিসাবে আজকে এই ঘটনা ঘটতে যাচ্ছে, আমি সেই কারণে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে অভিনন্দন জানাবো। আমাদের মন্ত্রী মহাশয় যে ত্রুটি ছিল তার যে মুখটা বন্ধ করার জন্য যে ব্যবস্থা গ্রহণ করেছেন সেইজন্য এই বিলকে সমর্থন করছি। এই বিলটি পাশ না হওয়ার জন্যে কাশীবাবু যে চতুরতার সঙ্গে এই বিলের বিরোধীতা করেছেন এবং যে কায়দায় করেছেন সেটা সম্পূর্ণ অনৈতিক পথে কাজ করা হয়েছে বলে আমি মনে করি। সেইকারণে আমি কাশীবাবুকে বলি তিনি একটু ভেবে-চিন্তে দেখতে পারতেন। সেখানে সম্পূর্ণভাবে এই বিলে পক্ষে হাত না তুলুক অন্ততঃ এর নিউট্রালিটি অবজারর্ভ করার চেষ্টা করুন। যে সমস্ত মানুষ এই বিলের

ক্রটির ফলে ক্ষতিগ্রস্থ হয়েছেন এবং যেসব মানুষ যারা আমাদের এই পশ্চিমবঙ্গের অধিবাসী, যাদের নামে জমি এ্যালোটেড হয়েছিল এবং তারা পেয়েছিলেন কিন্তু ব্ল্যাক মানি যেভাবে তাদের গ্রাস করে ফেলেছিল এবং যেভাবে উৎখাত করে দিয়েছে সেই বাধার প্রতিবন্ধকতা দূর করার জন্যে মাননীয় মন্ত্রীমহাশয় যে সংশোধনী এনেছেন আমি তারজন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার ঃ—মিঃ মুখার্জী, আপনি অনুপস্থিত ছিলেন।

শ্রী অনিল মুখার্জীঃ—মাননীয় অধক্ষ্য মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলকে আমি সমর্থন করছি।

মিঃ স্পীকারঃ—মিঃ মুখার্জী আপনার অনুপস্থির থাকার জন্যে আপনার এ্যাপোলজি চাওয়া উচিত।

শ্রী অনিল মুখার্জীঃ—আমি এইজন্য দুঃখিত, মাননীয় মন্ত্রী মহাশয়, এই বিলের মধ্যে যেসব প্রভিসান রেখেছেন যাতে করে Settlement through lease of any land situated within a Government Township may submit an application to the Administrator in such form and in such manner as may be prescribed. এবং এই আইনের যে এক্সটেনশান অফ এ্যাপলিকেশান কংগ্রেসী আমলে ছিল তাতে তারা এর বিরোধীতা করবেনই। আজকে এর যে পরিবর্তন আনা হয়েছে তারা এটা ভবতে পারেননি। ১৯৭৫ সালে যখন এটা আনা হয়েছিল তখন তারা নিজেদের স্বার্থে এনেছিলেন, অথচ আজকে যখন আনা হল তখন এর বিরোধীতা করছেন।

মিঃ স্পীকারঃ—Mr. Mukherjee, if you have not prepared your brief you can take up another case in any other day.

শ্রী অনিল মুখার্জীঃ—এরজন্য প্রিপারেশানের কোন প্রশ্ন নেই, ওদের সাইডে কংগ্রেস দলের পক্ষ থেকে কাশীনাথ মিশ্র মহাশয় যে বক্তব্য রেকেছেন উনি ১৯৭৫ সালে যখন এই হাউসে ছিলেন এবং ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত তখন এই হাউসে ছিলেন তখন তো এই বিলের বিরোধীতা করেননি। আজকে সেকসান ৪বি-তে যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে সেটা একটু দেখুন। তিনি যদি বিলটা ভালোভাবে পড়তেন তাহলে এর বিরোধিতা করতেন না। সেজন্য আমি বলছি এই বিলের মধ্যে স্টেটমেন্ট অফ অবজেক্টস এন্ড জিনসে স্পষ্টভাবে বলা আছে "This provision of the Act apparantly does not, and did not in the past, prevent the State Government from granting lease of land exclusively owned and held by the State Government in a Government Township. Nevertheless, in order to aviod any confusion in this matter, and also to aviod litigation,it is felt necessary to make it clear that the State Government has, and always had in the past, absolute power to grant lease of any land situated within a Government Township on an application made to it, or on its own motion." Sir, the next line is very important and my friend on the other side, Shri Kashinath Misra, should remember this portion. "With that end in view, the Bill which replaced the provisions of the West Bengal Government Township (Extension of Civic Amenities) (Amendment) ordinance,1985 has been prepared." So, Sir if he goes through the Statement of Objects and Reasons,he can easily understand that the amendment of this Act has become necessary. With these words,Sir, I am supporting this Bill.

(4.10 P.M. to 4-23 P.M.)

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ-মাননীয় অধ্যক্ষ মহাশয়,কাশীবাবুর দৃষ্টি আকর্ষণ করছি ৭৫ সালে এই আইনটা কেন করা হল যেটা তার পারপাসে লেখা আছে An act to provide extension of civic amenities for the Government Township in West Bengal. আপনারা জানেন এর আগে কল্যানী বিধানবাবু করে গেছেন এবং আরো অনেক টাউনশিপ করে গেছেন। সরকারের জমিতে লেকটাউন শহর হয়েছে। সব সময় সরকার যখন নিজে জমি উন্নয়ন করে, বন্টন করে এই অধিকার তখন সরকারের থাকে। কিন্তু যদি নাগরিকদের স্বাচ্ছন্দের প্রশ্ন আসে তখন সেখানে নুতন সংস্থা পৌরসভা বা নোটিফায়েড এরিয়া অথরিটি প্রতিষ্ঠিত হয়। বেংগল মিউনিসিপ্যাল এ্যাক্টে যেটা ছিল, যার আমরা সংশোধন করেছি, সেই এ্যাক্ট সেই ধরণের নাগরিক স্বাচ্ছন্দ দেবার ব্যবস্থা করা হয়ে থাকে। কিন্তু বেংগল মিউনিসিপ্যাল এ্যাক্ট থাকা সত্বেও সল্টলেকে কেন তা প্রয়োগ হল না যেটা কল্যানীতে হল এবং সেখানে কল্যানী নোটিফায়েড এরিয়া অথরিটি কর হল মিউনিসিপ্যাল সার্ভিস দেবার জন্য। কিন্তু সল্ট লেকে কেন করা হল না এ কথা জয়ন্তবাবু একটু বলবার চেষ্টা করলেন। যদি সেখানে বেংগল মিউনিসিপ্যাল এ্যাক্ট প্রয়োগ করে নোটিফায়েড এরিয়া অথরিটি করা হোত তাহলে সিভিক এ্যামেনিটিস দেয়া হোত। তাড়াহুড়ো করে কয়েকটা আইন থেকে বেছে বেছে নিয়ে টাউনশিপ এ্যাক্ট ৭৫ করলেন। কিন্তু দেখছি ল্যান্ড ডিসট্রিবিউশানের কথা পরিস্কার ভাবে ৭৫ সালে এ্যাক্টের আইনে ছিল না। সুতরাং ৭৬ সালে তাঁরা একটা সংশোধনী করলেন। কাশীবাবু বলছেন ৭৫ সালের এ্যাক্টের ৪(বি) ধারা আছে। কিন্তু তা নয় ৪(বি) ধারা সংযোজিত হয়ে ৭৬ সালে এসেছে। সেখানে তাঁরা যে সংশোধন করেছেন সেখানে সংশোধন করতে গিয়ে দেখবেন যে বিল আনা হল হাউসে সেই বিলে ছিল In order to check hapazard growth of buildings at Bidhan Nagar. সেখানে যে বাড়ীঘর হচ্ছে তা ঠিক মতন হচ্ছে না। এইসব নানা কারণে সেখানে তাঁরা একটা এ্যামেন্ডমেন্ট আনলেন, এনে কয়েকটি ধারা সেখানে সংযোজন করলেন, সেই ধারার মধ্যে ৪ বি ধারাটা সংযোজিত হল। অন্যান্য ধারা যেগুলি ছিল পড়লে দেখবেন সেই ধারাগুলির মধ্যে অন্যান্য বিষয় ছিল, কিন্তু ৪ বি-তে এসে বললেন এ্যাডমিনিষ্টেটরের কাছে দরখাস্ত করতে হবে এবং তিনি জমি বন্টন করবেন। কিন্তু পরিস্কার বলা হল যে প্রেসক্রাইবড ফর্ম অর্থাৎ গভর্ণমেন্টের তরফ থেকে ফর্ম প্রেসক্রাইবড করতে হবে এবং কি পদ্ধতি হবে সেটাও বলে দিতে হবে। খুব দুর্ভাগ্যের বিষয় আমাদের আগেকার মাননীয় সদস্য বলেছেন যে ১৯৭৫ সালে তাঁরা এই আইনটা করলেন, ১৯৭৬ সালে সংশোধন করলেন, সব করলেন, কিন্তু ফর্ম করলেন না, ম্যানার করলেন না, অথচ জমি বন্টন হল। আমি কাশী বাবুকে প্রশ্ন করছি ক্রটিটা কার হল?১৯৭৫ সালে আইন কে ১৯৭৬ সালে সংশোধন করলেন, কিন্তু সংশোধন করার পরে ফর্ম করলেন না, কি পদ্ধতি সেটাও করলেন না, শুধু এ্যাডমিনিষ্ট্রেটর জমি দিলেন সেটা কি সঠিক হল? ক্রটিটা থেকে গেল। আর একটা কথা হচ্ছে সরকারের জমি সরকারই বন্টন করে। যদি বন্টনের দায়িত্ব অন্য কাউকে দেন তাহলে তার পদ্ধতি, তার ফর্ম যেটা করার কথা আইনের মধ্যে আছে সেটা করলেন না কেন? সুতরাং সরকারের যে অধিকার সেই অধিকার কেড়ে নেওয়া যায়না, সরকারের অধিকার আছে। আমি যদি বাড়ীর মালিক হই সেই বাড়ী কি করে ডিসপোজ করব সেই অধিকার আমার থাকে। সুতরাং আজকে যে সংশোধনে এনেছি সেই সংশোধন বলেছি যে ফর্ম এন্ড ম্যানার যেটা করার কথা ছিল সেটা যেহেতু করা হয়নি,যেকোন কারণে হোক করা হয়নি, সেজন্য আমরা একটা প্রোভাইসো যোগ করছি- this is, 'Provided that the provisions of sub-

sections (1), (2), (3) and (4) shall not come into force until the form of application, and the manner of its submission, have been prescribed' এটা যতদিন পর্যন্ত না হচ্ছে ততদিন এটা এনফোর্সড হবে না। এই সংশোধনগুলি এই কারণে করেছি তা না হলে সমস্ত ত্রুটিগুলি থেকে যাবে। যে সংযোজন করেছি সেটা হচ্ছে ইতিমধ্যে সরকারের জমি সরকার বন্টন করেছে বা আরো বন্টন করবে এই যে অধিকার সরকারের আছে সেটাকে আমরা এখানে বলে দিচ্ছি যে এই অধিকারকে কখনও আমরা ছেড়ে দিতে পারি না। 'Nothing in sub-sections (1), (2), (3) and (4) shall apply or shall be deemed to have applied to any lease of land situated within a Government Towhship which has been granted, or shall apply to any such lease which may hereafter be granted, by the State Government on an application made to their or on its own motion' এটা আমরা নিজেরা ইচ্ছা করলে দিতে পারব, কেউ এ্যাপ্লাই করলে দিতে পারব। আমার সরকার জমি যদি দিয়ে থাকে বা ভবিষ্যতে দেবে বলে মনে করে তাহলে এটা বাধা হিসাবে যাতে না দাঁড়ায় সেজন্য বলেছি কোন রকম যেন প্রশ্ন না উঠে, সেইজন্য এটা এনেছি। কাশী বাবু যে সংশোধনী দুটি এনেছেন আমি এই দুটি সংশোধনীর বিরোধিতা করছি। বিরোধিতা করছি কেন, না, কাশীবাবুর বক্তব্যের মধ্যে বলেছেন আগষ্ট, এখানে আছে ২৯ শে জুলাই। এটা'র মানে কি হল-তাহলে যে ত্রুটি আছে সেই ত্রুটি থেকে গেল।সেই ত্রুটি যদি থেকে যায় তাহলে এই সংশোধনী এনে লাভ কি?

মিঃ স্পীকার ঃ-মিঃ শূর, এ্যামেন্ডমেন্ট এখনও মুভ্‌ড হয়নি, এটা হলে তখন আপনি বলবেন।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ-মাননীয় অধ্যক্ষ মহাশয়, নগর উন্নয়ন মন্ত্রী যেকথা বললেন তাতে আমার বক্তব্য হচ্ছে ১৯৭৫ সালে আইন হল এবং ১৯৭৬ সালে তার এ্যামেন্ডমেন্ট হওয়া সত্ত্বেও তখনকার সরকার যখন সেইগুলো দূর করলেননা, তারপর আপনারা ১৯৭৭ সালের পর এই ১৯৮৫ সাল পর্যন্ত সেইগুলি কেন দেখলেন না বা আপনাদের চোখে সেগুলো কেন এলনা ? আপনার দপ্তর যদি সজাগ থাকত তাহলে আজকে যে ফর্ম এবং ম্যানারের কথা বলছেন সেটা সংশোধিত হত। আজকে আপনি যে বিপাকে পড়েছেন সেটা হল মহামান্য হাইকোর্ট থেকে ধাক্কা খেয়েছেন বলেই এই পরিবর্তন আপনাকে করাতে হচ্ছে। এটা আরও প্রোগ্রেসিভ হোত যদি এই কয়েক বছরের মধ্যে আপনার দপ্তর সজাগ থাকতেন। আমি বলছি, আপনার দপ্তর যদি সজাগ থাকতেন তাহলে এই জিনিসের পরিবর্তন হোত। আমার বলার উদ্দেশ্য এই নয় যে, যে অবস্থায় ছিল সেই অবস্থাতেই থাকুক এবং সরকারের উনন্নয়ন ঠিকভাবে হবেনা। উন্নতির জন্য যা করা দরকার সেটা আপনি করুন। বিগত দিনে আমরা ছিলাম সরকার পক্ষে, কিন্তু আমার বক্তব্য হচ্ছে তখন বিরোধীদলে যাঁরা ছিলেন সেই দীন মহম্মদ এবং ভূপাল পান্ডা মহাশয় তখন কেন এই ব্যাপারে প্রতিবাদ করেন নি ? আজকে আপনি পরিবর্তন আনছেন কিন্তু চিন্তা করুন ৮টা বছর যে চলে গেল। এর পূর্বে যদি এটা হোত তাহলে সল্ট লেক নিয়ে সরকারকে এই বিপাকে পড়তে হোতনা। এই কথা বলে আমি আ মার এ্যামেন্ডমেনট মুভ করলাম।

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অবজেক্ট - এ সব কথাই বলেছি, কিছুই ঢেকে রাখিনি। আমি বলেছি, নেভার দি লেস, ইন অর্ডার টু এ্যাভয়েড এনি কনফ্যুসন ইন দিস্ ম্যাটার, এ্যান্ড অলসো টু এ্যাভয়েড লিটিগেসন। আপনারা ঐটি করে গেছেন, কিন্তু ১৯৭৬ সালের অক্টোবরে যখন সংশোধন করলেন তখন যদি ফর্মস এ্যান্ড ম্যানার্স করতেন তাহলে এরকম হোতনা। অফিসারদের ধারনা ছিল ফর্ম এ্যান্ড মানার্স আছে। যখন একটা ত্রুটি কোথাও হয়ে যায় অনেক সময় সেটাই অনুসৃত হতে থাকে। আমরা এখন সেই ত্রুটি দূর করতে চাই। এখানে আমার প্রশ্ন হল কাশীবাবু সংশোধনই আনলেন কেন ? এটা হলে আমরা যে উদ্দেশ্যে আইন আনলাম আমাদের সেই উদ্দেশ্যই বার্থ হয়ে যাবে। তারপর যেটা বললেন সেটা একেবারে হাসাস্পদ ব্যপার। আমি কথাগুলি পড়লে মাননীয় সদস্যেরা বুঝতে পারবেন যে কতটা হাসাসপদ ব্যাপার। " Nothing in sub sections (1), (2), (3) And (4) shall Apply or shall be deemed to have applied to any lease of land situated within a government township which has been granted, or shall, apply to any such lease which may hereafter be granted, by the state government " তারপর তিনি বললেন অন বিহাফ অব দি এ্যডমিনিসট্রেটর। অর্থাত তিনি একজন এমপ্লয়ীর পক্ষে গভর্ণমেন্টকে বলছেন কাজ করুন। আমি অবাক হয়ে যাচ্ছি গভর্ণমেন্ট টু এ্যাক্ট অন বিহাফ অব এ্যান এমপ্লয়ী। একথা তিনি কি করে বললেন ? আমার মনে হয় এই ধরনের এ্যামেন্ডমেন্ট বোধহয় বিধানসভায় ইতি পূর্বে আসেনি। গভর্নমেন্টকে বলছে তুমি তোমার এমপ্লয়ীর কথায় চল। যাইহোক, আমি অনুরোধ করছি এই বিল যেন সভায় গৃহীত হয়।

The motion of Shri Kashinath Misra that this House disapproves the West Bengal Government Township (Extension of Civic Amenities) (Amendment) ordance,1985 (West BengalOrdinance No VII of 1985), was then put and lost.

The motion of Shri Prasanta Kumar Sur that the West Bengal Government Townships (Extension of Civic Amenities)(Amenement) Bill,1985 be taken into consideration,was then put and agreed to.

Clause -1

The Question that Clause I do stand part of the Bill was then put and agreed to.

Clause - 2

Mr. Speaker : There are amendments to clause 2 by Shri Kiashinath Misra.

Shri Kashinath Misra: Sir, I beg to move that in clause 2(b), line 3, for the words and figures"the lst day of October, 1976", the words and figures "the 29th day of July, 1985" be substituted.

I also beg to move that in clause 2(b), in proposed sub-section(5), in line 6, after the words "the State Government"the words "on behalf of the Administrator"be inserted.

The motion of Shri Kashi Nath Misra that- "in clause 2 (b), line 3 for the words and figures " the 1st day of October, 1976", the word and figures " the 29th day of July ,1985 " be substituted " and also " in cluse 2 (b), in proposed sub-section (5),

in line 6, after the words " the State Government " the words "on behalf of the Administrator " be inserted "- were then put and lost.

(The question that clause 2 do stand part of the bill was then put and agreed to).

Clause 3 and Preamble.

The question that cluase 3 and the preamble do stand part of the bill was then put and agreed to.

Shri Prasanta Kumar Sur - Sir, I beg to move that the West Bengal Government townships (Extension of Civic Amenties)(Amendment) bill , 1985, as settled in the Assembly, be passed.

The motion of Shri Prasanta Kumar Sur that the West Bengal Government Township (Extention of Civil Amenities) (Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 4.23 p.m. till 1.00 p.m. on Friday, the 6th September, 1985 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assebmly met in the Legislative Chamber of the Assembly House Calcutta, on Friday, the 6th September 1985 at 1 pm.

Present

Mr. Speaker (SHRI HASIM ABDUL HALIM) in the Chair 8 Minister, 8 Ministers of State and 141 Members.

Obituary references

[1-00 P.M. — 1-10 P.M.]

Mr. Speaker : Before taking up to the business of the day I have to perform a melancholy duty to refer to the sad demise of Shri Gofurur Rahaman, an ex-Member of this House and Shri Birendra Chattopadhyay, a Bengali poet.

Shri Gofurur Rahaman, an ex-M.L.A. of the West Bengal Legislative Assembly passed away on the 8th June, 1985 at Sultanganj village in the district of Malda. He was 61.

Born in September 22, 1924 at Sultanganj in Malda district Shri Rahaman was educated at Araidanga High School. He was elected to the West Bengal Legislative Assembly in 1969, 1971 and again in 1972 from Malda Constituency on Congress ticket. He resigned his seat in 1972 in favour of Shri Siddhartha Shankar Roy. In profession he was a primary school teacher. he was associated with many educational and social institutions. He was the President of the Sambalpur Union Board from 1953 to 1959, Pradhan of Maharajpur Anchal Panchayat from 1959 to 1965. He was the Vice-Chairman of Malda Zilla Parishad in 1969 and Deputy Commissioner of West Bengal Wakf Board. He was Secretary of Malda District Congress Committee, a member of Ratua Block Development Committee and the Secretary of Kutubganj Darut Ulum Madrasah.

At the death of Shri Gafurur Rahaman we have lost a veteran political leader and a social worker.

Shri Biren Chattopadhyay, one of the major progressive poets of Bengal died on the 11th July, 1985. He was 65.

Shri Chattopadhyay was born in 1920. He had leftists convictions which found their way in his works though his admirers cut across political barriers. His poems revolve round the central theme of sorrows and toils of humanity but they instil in readers an inspiration which overcomes the pessimism surrounding his daily life. Shri Chattapadhyay was a relentless fighter for the oppressed people. He took part in the procession with poet Subhas Mukhopadhyay during the P.D.F. Ministry. He also came on the street in protest against Emergency. He also suffered imprisonment for a short while.

He wrote at least fifty books of poems, the major ones being Grahachyuta, Ulukharer Kavita, Mukhey Jadi Rakta Othey, Manusher Mukh etc.

He was awarded "Narasingha Das Purashkar" in 1981 from Delhi and the Rabindra Puroshkar in 1982 by the West Bengal Government.

In his last days he still believed in the ideas of revolutionary socialism.

At the demise of Shri Biren Chattopadhyay there has been a void in cultural field in the State.

Now I request the honourable members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased persons.

(At this stage the members stood in their seats in silence for two minutes)

Thank you, Ladies and Gentlemen, Joint Secretary will send the messages of Condolence to the members of the families of the deceased.

Adjournment Motion

Mr. Speaker : Today I have received two notices of Adjournment Motion. The first is from Shri Abdul Mannan on the subject of alleged incidents of arson, murder, looting at Keshpur and the adjoining areas in Midnapore District and the second is from Shri Kashinath Misra and Shri Anup Kumar Chandra on the subject of deplorable conditions of Bidi workers in the State.

On the subject matter of first Motion, the Minister concerned will make a statement in the House on 13.9.85 in reply to a Calling Attention notice admitted yesterday. I, therefore, disallow the Motion.

The subject matter of the second Motion does not call for adjournment of the business of the House. I, therefore, withhold my consent to the Motion. Since the Minister is going to reply regarding the incident of Keshpur, I call upon Shri Kashinath Misra to read the text of his Motion as amended.

শ্রী কাশী নাথ মিশ্র :—জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতুবী রাখছেন। বিষয়টি হ'ল—

বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, মুর্শিদাবাদ, হাওড়া, বৃহত্তর কলকাতা সহ পশ্চিমবাংলার বহু এলাকাতে বিড়ি শ্রমিকরা বিপদগ্রস্ত। তাঁরা ১৯৬৬ সালের বিড়ি সিগারেট আইন অনুসারে স্থায়ী শ্রমিক হিসাবে স্বীকৃতি ন্যূনতম মজুরী, পি. এফ. গ্র্যাচুইটি, চাকুরীর স্থায়িত্ব, ভ্রমন ভ্রাতা, চিকিৎসা সংক্রান্ত ই. এস. আই স্কীমের সুযোগ সুবিধা প্রভৃতি পাচ্ছেন না।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received 9 Notices of Calling Attention. Besides, I find that two notices have been given by one Member and two notices by another Member. So I will not read out their second Motions.

1. Alleged murder of one Ranjit Dutta, a member of D.Y.F.I., at Fatepur under Hanskhato P.S., Nadia from Shri Satish Chandra Biswas.
2. Fall in export of iron and manganese ores through Calcutta Port from Shri Anup Kumar Chandra and Shri Kashinath Misra.
3. Acute power crisis in the State from Shri Amarendra Nath Bhattacharya.
4. Lock-out in 200 goods transport organisations of Calcutta from Shri Kashinath Misra, Shri Asok Ghosh, Shri Samar Mukherjee and Shri Sadhan Pandey.
5. Alarming situation in Asansol and Raniganj coal mine area due to apprehended landslide from Shri Bijoy Pal.
6. Apprehended damage of crops at Kandi, Murshidabad due to non-functioning of deep tubewells and shallow tube wells from Shri Bankim Trivedi.
7. Incident of looting, arson and murder at Keshpur P.S., Midnapure on 31.8.85 from Dr. Manas Bhunia. The Minister will make a statement on this subject on the 13th September 1985. I do not know why he has given the notice.
8. Non-electrification in Mahanandatola and Bilaiary Gram Panchayat area under Ratua Assembly Constituency, Malda from Shri Samar Mukehrjee.
9. Alledged murder of Shri Aloke Saha (Gobinda), a youth Congress (I) leader of Habra on 20.8.85 from Shri Nirode Roy Chowdhury.

I have selected the notice of Shri Nirode Roy Chowdhury on the subject of the alleged murder of Shri Aloke Saha (Govinda), a youth Congress (I) leader of Habra on 20.8.85.

The Minister-in-Charge will please make a statement today, if possible, or give a date.

শ্রী পতিত পাবন পাঠক:—এটা উত্তর ১৬ তারিখে দিয়ে দেব।

মি: স্পীকার:—আরো একটু আগে হয়না। ১৩ তারিখে তো একটা হচ্ছে, ঐ দিন করে দিন না?

শ্রী পতিত পাবন পাঠক:—আচ্ছা, ১৩ তারিখেই হবে।

Motions Under Rule 185

[1-10 — 1-20 P.M.]

Mr. Speaker : I call upon Shri Subrata Mukherjee to move his motion on South Africa.

Shri Subrata Mukherjee : Mr. Speaker, Sir, I beg to move that—

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, দক্ষিণ আফ্রিকায় বর্ণবিদ্বেষী সরকার সারা বিশ্বের মানুষের প্রতিবাদকে অগ্রাহ্য করে দক্ষিণ আফ্রিকায় তাদের বর্ণবৈষম্যমূলক শাসনব্যবস্থাকে চালিয়ে যাচ্ছে এবং এর বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার কালো মানুষদের সমস্ত রকম আন্দোলনকে অত্যন্ত নিষ্ঠুর ও নৃশংসভাবে দমন করে চলেছে;

অতএব এই সভা দ্ব্যর্থহীন ভাষায় দক্ষিণ আফ্রিকা সরকারের এই অমানবিক কার্যকলাপের নিন্দা করছে, অবিলম্বে এই বর্ণবৈষম্যমূলক শাসনব্যবস্থার অবসান ঘটিয়ে গণতান্ত্রিক ব্যবস্থা কায়েম করার দাবি জানাচ্ছে এবং এ ব্যাপারে দক্ষিণ আফ্রিকা সরকারের উপর চাপ সৃষ্টির জন্য ভারত সরকার ও তানজানিয়া সরকার যেমন ঐতিহাসিক ভূমিকা পালন করছেন তেমনি বিশ্বের অন্যান্য দেশ ও জাতিকেও এগিয়ে আসার জন্য ভারত সরকারের মাধ্যমে অনুরোধ জানাচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আপনাকে ধন্যবাদ জানাই যে, এই বর্ণ বৈষম্য নীতির বিরুদ্ধে যে মোসান আমি নিয়ে এসেছি সেটাকে উত্থাপন করবার সুযোগ দিয়েছেন। সাধারণভাবে বাংলাদেশ এবং ভারতবর্ষ বিশেষ করে এই বিধানসভার যে ধরনের মানসিকতা আছে তার মূল ভাবমূর্তির সংগে সমতা রেখে আমি এই বর্ণবৈষম্যের বিরুদ্ধে নীতি সংক্রান্ত প্রস্তাব এখানে নিয়ে এসেছি এবং আমি আশা করছি দলমত নির্বিশেষে পশ্চিমবংগের মানুষ যেমন একদিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, ঔপনিবেশিকতার বিরুদ্ধে, নয়া ঔপনিবেশিকতার বিরুদ্ধে এই ধরনের প্রস্তাবকে সমর্থন করেছিল, লড়াই করেছিল, আজকের এই প্রস্তাবকে সেইভাবে সমর্থন করবেন। পৃথিবীর কোন কোন জায়গার আজও সেই লড়াই চলছে এবং তাকে সমর্থন করতে হবে, স্বাগত জানাতে হবে, কেউ কেউ মনে করতে পারেন যে, ছোট্ট একটা বিধানসভা থেকে সুদুর দক্ষিণ আফ্রিকায় প্রিটোরিয়া সরকার যে বর্ণ বৈষম্যের নীতি আজও চালিয়ে যাচ্ছে তার বিরুদ্ধে প্রস্তাব নিয়ে আমরা কি করতে পারি। আমি প্রথমেই বলে রাখি যে, আজকে পৃথিবীর ব্যবধান, দূরত্ব অনেকখানি কমে গেছে। মানুষ সম্পর্ক নিয়ে আরো বেশী খুব কাছাকাছি এসে গেছে। আমাদের এখান থেকে স্বামীজী এক সময় বলেছিলেন, যদি কোন ভয়ে মানুষ সক্রিয়ভাবে সম্মিলিতভাবে প্রতিবাদ করতে না পারেন, প্রতিরোধ করতে নাও পারেন তাহলে তার বিরুদ্ধে অন্ততঃ ঘৃণা তো করতে পারেন এবং এই সমন্বয় ঘৃণা একটা মহা শক্তি সৃষ্টি করতে পারে। ফলে ভয়কে সেই শক্তি পর্যদস্ত করে এক শুভ শক্তির সৃষ্টি হবে। সুতরাং আজকে এটাকে ছোট করে না দেখে এর সুদূরপ্রসারী ফল এবং সেই ভাবে যদি এটাকে আমরা মূল্যায়ন করি তাহলে আমার মনে হয় নীতিগতভাবে খানিকটা বাস্তব কর্তব্য সম্পাদন করতে পারব। স্যার, আপনি জানেন দীর্ঘদিন ধরে প্রিটোরিয়া সংখ্যালঘু সরকার নানা রকম দমন পীড়ন চালিয়ে যাচ্ছে নতুন নতুন কায়দায়। সাদা দেশ ইউরোপ, আমেরিকা, অন্যান্য বহু দেশের একটা অর্থনৈতিক অবরোধ নেমে এসেছে। মানুষের সাধারণ মূল্যবোধকে ধূলিস্যাত করে দিয়ে অর্থনৈতিক অবরোধের মধ্যে দিয়ে সংখ্যা গরিষ্ঠ মানুষের সমস্ত কিছুকে ধ্বংস করার চেষ্টা করছে। এই আসুরিক শক্তিকে পর্যুদস্ত করবার জন্য যারা লড়াই করছে, জীবন দান করছে আজকে তাদের সমর্থন করার জন্য দুটি মাত্র দেশের সরকার প্রকাশ্যে এগিয়ে এসেছে। তাদের সংগে আরো মানুষ এবং সরকার যাতে এগিয়ে আসে তার জন্য আন্তর্জাতিক জনমত সৃষ্টি করার আবেদন জানাই। আমি প্রথমেই ভারত সরকার এবং তানজানিয়া সরকারকে ধন্যবাদ জানাই যে, তারা বলিষ্ঠ পদক্ষেপ নিয়ে প্রিটোয়ারা সংখ্যা লঘু সরকারের বর্ণবৈষম্য নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। এই সরকার উচ্ছেদের জন্য দক্ষিণ আফ্রিকার সমস্ত মানুষকে সমর্থন জানিয়েছেন। অপর দিকে বিভিন্ন কায়দায় রাষ্ট্র সংঘের প্রস্তাবকে পর্যন্ত ধূলিস্যাত করে দিয়ে অর্থনৈতিক চাপ সৃষ্টি করে চলেছেন। এমন কি ১০টি ফরেন মিনিষ্টার পর্যন্ত একটা সাংঘাতিক অর্থনৈতিক চাপ সৃষ্টি করতে চাইছেন। তাকে বাধা দেবার দরকার আছে। আমরা সংবাদপত্রের মাধ্যমে দেখতে পাচ্ছি একের পর এক দেশ নিজেদের অর্থনৈতিক স্বার্থের জন্য দক্ষিণ আফ্রিকার লক্ষ লক্ষ মানষকে বিপর্যয়ের মধ্যে ঠেলে ফেলে দিয়েছে। সমস্ত মানুষের, সবাই মিলে এর প্রতিবাদ করা দরকার। তাই সবাই মিলে এখান থেকে এই প্রস্তাব গ্রহণ করতে হবে। কিছুদিন আগে সংবাদপত্র সূত্রে আমরা দেখতে পেয়েছি ১০টি কমন মার্কেট-এর ফরেন মিনিস্টারদের ডাকা হয়েছে এবং যাতে সমস্ত রকম অর্থনৈতিক অসুবিধা সৃষ্টি করা যায় তার ব্যবস্থা করা হয়েছে। এটা ভয়ংকর ব্যাপার। এক একটি দেশে সাংঘাতিক ইনভেস্টমেন্ট হবে। শুধুমাত্র অর্থনৈতিক কারণে মানুষগুলিকে খুন করা হচ্ছে।

গত সপ্তাহে যখন সেখানকার সাধারণ মানুষ শান্তিপূর্ণ অভিযানের মাধ্যমে প্রোটেস্ট করতে গিয়েছিল তখন ১১ জন মানুষকে গুলি করে খুন করা হয়েছিল। সেখানে তারপর প্রিটোরিয়া সরকারের তরফ থেকে বলা হয়েছে যে আমরা গর্বিত, যেভাবে আমাদের এই সরকার চলছে সেইভাবেই চলবে। এর কারণ কি? এর কারণ হচ্ছে, আজও ইউনাইটেড কিংডাম, তাদের প্রায় ৩৬ বিলিয়ান পাউণ্ড সেখানে ইনভেস্ট করা আছে, তারা পিছিয়ে আসতে পারছে না। মানুষের মনুষ্যত্ব সেখানে ভুলুণ্ঠিত হলেও তাদের বেনিয়াগিরিকে বাঁচিয়ে রাখার জন্য আজও তাদের চক্রান্ত চলছে। স্যার, আপনি জানেন, সাদা চামড়ার দেশের মানুষরা আজ পৃথিবীর বহু দেশে পর্যুদস্ত হয়ে শেষ অবস্থায় এসে দাঁড়িয়েছে এই দক্ষিণ আফ্রিকায় পর্তুগালে। তারা ভিয়েতনামে, মোজাম্বিকে, এ্যাংগোলায়, চিলিতে পর্যুদস্ত হয়েছে। এটা ঠিকই একই কায়দায় সংগ্রাম করে এবং সারা বিশ্ব জুড়ে জনমত তৈরী করে এই বর্ণবৈষম্য নীতির বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার হয়ে একে পর্যুদস্ত করতে হবে। তা না হলে একদিন বর্ণবৈষম্য নীতি সিভিল ওয়ারে চলে যাবে এবং একদিন সেই সিভিল ওয়ার বিশ্বযুদ্ধে পরিণত হবে। সেইজন্য বর্ণবৈষম্য নীতির মতন একটা দানবীয়, নারকীয় নীতি যাতে অংকুরেই বিনষ্ট হতে পারে, পর্যুদস্ত হতে পারে তারজন্য সোচ্চার হওয়ার দরকার আছে। আমি ধন্যবাদ দিচ্ছি আমাদের বাংলাদেশের বহু সংবাদ মাধ্যমকে। কারণ তারা ইতিমধ্যেই এ ব্যাপারে সোচ্চার হয়েছেন এবং জনমত তৈরী করার কাজে এগিয়ে এসেছেন। আমাদেরও একটা নৈতিক দায়িত্ব আছে এই বিধানসভার মাধ্যমে পশ্চিমবংগে তথা সারা ভারতবর্ষে এর বিরুদ্ধে একটা জনমত তৈরী করার এবং চাঞ্চল্যের সৃষ্টি করার যা সুদুর দক্ষিণ আফ্রিকার সাধারণ মানুষকে অনুপ্রেরণা দিতে পারবে। তা ছাড়া ভারত সরকার ঠিকই করেছেন কারণ, যে সরকার জোট নিরপেক্ষ নীতিকে সমর্থন করেন সেই জোট নিরপেক্ষ নীতির ফানডামেন্টাল অবজেক্টের মধ্যে একটা যেন অবজেক্ট যেমন নিরস্ত্রীকরণ অপর দিকে তেমনি লক্ষ্য হওয়া উচিত বর্ণবৈষম্য নীতির বিরুদ্ধে সোচ্চার হওয়া। এ ক্ষেত্রে মহাপুরুষ বার্ট্রান্ড রাসেল খুব গভীরভাবে চিন্তা করে একটা উক্তি করেছেন, আমি মনে করি সেটা পড়ে দিলে আমরা আমাদের আশু কর্তব্য সম্পর্কে সোচ্চার হতে পারবো। তিনি এক জায়গায় বলেছেন, "এই বিশ্ব জোড়া দুষ্ট সাম্রাজ্যের হাত থেকে রক্ষা পাবার কি কোন উপায় নেই? পারমানবিক যুদ্ধের বিপদ থেকে যদি মানবতাকে রক্ষা করতে হয় তবে একটি মাত্র পথ খোলা আছে। নিজেদের দুর্মোদ বাসনা চরিতার্থ করতে যারা দলকে দল মানুষকে নির্দ্বিধায় হত্যা করতে পারে তাদের চিনে রাখতে হবে।" মানব সমাজকে জীবনধারণ করার মত সাধারণ অধিকার অর্জন করতে সহায়তা করবেন। এই কাজে ব্যক্তি, দল অথবা জাতির মধ্যে কোন ভেদাভেদ নেই। সকলেই সমানভাবে এগিয়ে আসতে পারে। মানবাত্মার আতংক সৃষ্টিকারী প্রয়াসের প্রতি বিশ্বজোড়া ঘৃণা একান্ত প্রয়োজন। তবেই মানবতার কল্যানকামী কিছু হিংস্র লোকগুলিকে তাদের দুষ্কর্ম থেকে নিবৃত্ত করতে পারবে। আর আমার স্থির বিশ্বাস ভালো লোকেদের সংখ্যাই বেশী' তিনি উল্লেখ করেছেন, 'গ্যালপ পোল অনুযায়ী শতকরা ৮১ ভাগ। সুতরাং চুপচাপ নিষ্ক্রিয় বসে থেকে সুসংগঠিত খুনেদের প্রাধান্য মেনে নেবার কোন যুক্তি নেই। কতকগুলি বর্বর কশাইকে আর ক্ষমতার আসতে দেওয়া উচিত নয়। অসুবিধা দিন দিন বাড়ছে ঠিকই তবু এখনও সময় আছে। সাধারণভাবে শ্বেতাঙ্গ লোকেদের মনে কয়েক শতাব্দীর আত্মম্ভরিতা বাসা বেঁধেছে। কিন্তু অন্য বর্ণের লোকেদেরও সমান অধিকারের দিন এসে গিয়েছে। শ্বেতাঙ্গ প্রগতিপন্থীদের একাংশ এই সমানাধিকার অতি সহজেই মেনে নেবেন। হয়তো শেষ পর্যন্ত তাদের মতই প্রাধান্য পাবে। তবে বিশ্বাসযোগ্য সংবাদের ভিত্তিতে জোরালো নীতি প্রণয়ণ করতে হবে এবং অতি প্রাঞ্জল ব্যাখ্যা সহ এই প্রগতিবাদী মতাদর্শের সুষ্ঠ প্রচার দরকার, যদিও দূরবর্তী আশা, তবু বর্তমান পৃথিবীতে এই কথাই আমরা একান্তভাবে বিশ্বাস করতে পারি। আমিও এই মূল দর্শনের

প্রতিধ্বনি করতে চাই আমার এই প্রস্তাবের মধ্যে দিয়ে। আমি মনে করি দক্ষিণ আফ্রিকার মানুষরা যে লড়াই করছেন তাতে সরাসরি যাতে আমরা মদত দিতে পারি সেটা দেখা দরকার। ভিয়েতনামের বেলায় যেমন আমরা পশ্চিমবংগ থেকে তাজা রক্ত পাঠিয়েছি সেখানে যারা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করছিলেন তাদের জন্য তেমনি আমি চাই সে রকম দিন আসুক যখম যারা দক্ষিণ আফ্রিকায় এই বর্ণবৈষম্য নীতির বিরুদ্ধে লড়াই করছেন তাদের কাছে আমরা সক্রিয় সাহায্য মানুষ হিসাবে এবং সরকার হিসাবে নিয়ে এগিয়ে যেতে পারি। এটাই হচ্ছে সবচেয়ে বড় কথা।

[1-20 – 1-30 P.M]

স্যার, ভয়ঙ্কর দিকটা কি, তা আমি ''দি টেলিগ্রাফ'' নামক সংবাদপত্র থেকে দু একটি লাইন পাঠ করে এখানে দেখাতে চাই। এটা শুনলেই আপনি ভয়ঙ্কর অবস্থাটা বুঝতে পারবেন। এখানে বলা হচ্ছে।

Another political consideration for supporting the present regime and Mrs Thatcher's concern is shared unequivocally by President Reagan and West German Chancellor Kohl is South Africa's bulwark position, guarding the sea lanes around the Cape of Good Hope through which 40 per cent of Nato's oil supplies travel. Ultra conservatives also fear that if the present regime is seriously undermined chaos would result producing a fertile field for communist expansion, giving Mozambique and Angola as examples.

সুতরাং নানা দিক দিয়েই আমরা বুঝতে পারছি যে, আমাদের বর্ণবিদ্বেষী নীতির বিরুদ্ধে সংগ্রামকে আরো জোরদার করার দরকার আছে এবং এই সংগ্রাম সর্বস্তরে হওয়ার দরকার আছে। আরো প্রতিবাদ করতে হবে যখন দেখছি নামিবিয়া চুক্তিকে প্রিটোরিয়া সরকার ঔদ্ধত্য দেখাচ্ছে, অপর দিকে রাষ্ট্রপুঞ্জে মানুষের প্রতিবাদকে ইউরোপ আমেরিকার কিছু সাদা মানুষ দাবিয়ে রাখছে। নামিবিয়া চুক্তিকে পর্যুদস্ত করার জন্য বিভিন্নভাবে চক্রান্ত করা হচ্ছে। তাই আমি এই প্রস্তাবের মধ্যে দিয়ে বলতে চাই নামিবিয়া চুক্তিকে আরো শক্তিশালী করার জন্য দরকার হলে ভারত সরকারকে শুধু তানজানিয়াকে নিয়েই নয়, আফ্রিকার অন্যান্য দেশকে সংগে নিয়ে এগিয়ে যেতে হবে। আমি শুধু মানবিকতার দিকটাই যে উল্লেখ করছি তা নয়, এর সাথে সাথে আমি সাবধান বানীও উচ্চারণ করছি, প্রিটোরিয়া সরকারের বর্ণবিদ্বেষী নীতির বিরুদ্ধে যদি আমরা বিদ্বেষ-বিষ না ছড়াতে পারি, তাহলে সে এমন জায়গায় গিয়ে পৌঁছে যাবে যাতে সমগ্র মানব সভ্যতা তার করাল-গ্রাসে চলে যাবে। আমরা যেমন মানব সভ্যতাকে সাম্রাজ্যবাদ এবং ঔপনিবেশিকতাবাদের করাল-গ্রাসে থেকে বাঁচাতে চাই তেমনই বর্ণবিদ্বেষী নীতির করাল-গ্রাস থেকেও বাঁচাতে চাই। সেই পরিপ্রেক্ষিতেই আমি আজকে এই প্রস্তাবটি সভার কাছে পেশ করছি। আমার দৃঢ় বিশ্বাস এই সভার সকল সদস্যই এই প্রস্তাবকে সমর্থন করবেন। এর মধ্যে কোনো রাজনৈতিক প্রশ্ন নেই, এটা মানবিকতার প্রশ্ন এবং মানব সভ্যতার প্রশ্ন, এখানে কংগ্রেসে কমিউনিষ্টের কোনো প্রশ্ন নেই। হিউম্যান রাইটসকে প্রতিষ্ঠা করবার জন্য পৃথিবীর যেখানে যেখানে যাঁরা যাঁরা লড়াই করেছেন তাঁদের বাংলার প্রগতিশীল মানুষরা দলমতনির্বিশেষে বার বার সমর্থন করেছেন। এ ক্ষেত্রেও তাঁরা এই প্রস্তাবকে সমর্থন করতে এগিয়ে আসবেন, এই বিশ্বাস আমার আছে। এই প্রস্তাবের মধ্যে দিয়ে আমি মানব সভ্যতাকে রক্ষা করার দাবী জানাচ্ছি। দীর্ঘ দিন ধরে দক্ষিণ আফ্রিকার সংখ্যালঘু সরকার বর্ণবিদ্বেষী নীতি গ্রহণ করে পৃথিবীর সকল সভ্য মানুষের শুভ বুদ্ধিকে অগ্রাহ্য করে পর্যুদস্ত করে চলেছে। তাদের যেমন নিন্দা এবং সমালোচনা করছি, সেই সংগে সেই সমস্ত শ্বেতাঙ্গ রাষ্ট্র প্রধানদেরও নিন্দা করি, যাঁরা নিজেদের ক্ষুদ্র, সংকীর্ণ অর্থনৈতিক স্বার্থে সিদ্ধি করবার জন্য সমস্ত কিছু জলাঞ্জলি দিয়ে বিভিন্ন কায়দায়—রাষ্ট্রপুঞ্জ থাকা সত্ত্বেও—রাষ্ট্রপুঞ্জে বার বার ভেটো দিয়ে প্রিটোরিয়া সরকারকে বাঁচিয়ে রেখেছেন। পৃথিবীর সকল জনমতকে অগ্রাহ্য করার ঔদ্ধত্য প্রকাশ করছেন। সারা বিশ্বের জনমত এক দিকে, আর কয়েকটি রাষ্ট্র প্রধানের সংকীর্ণ স্বার্থ এক দিকে। কাজেই আজকে জনমতকে এমন জায়গায় নিয়ে যেতে হবে যাতে জনমত জন-রোষে পরিণত হতে পারে। সারা বিশ্বে জন-রোষ তৈরী হলে আমি বিশ্বাস করি দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষী সরকারের বর্ণবিদ্বেষী দানবীয় নীতি পুড়ে ছারখার হয়ে যাবে। আমি এখানে কোনো দীর্ঘ বক্তৃতা করছি না। আমি যে প্রস্তাব পেশ করেছি, সেই প্রস্তাবকে সমর্থন করতে সকলের কাছে আবেদন জানাচ্ছি। মানবিকতার দিক দিয়েই আমি এই আবেদন রাখছি। প্রিটোরিয়ার সংখ্যালঘু সরকার প্রতিদিন সেখানে মানুষ খুন করে চলেছে। এই প্রস্তাবের মাধ্যমে তাদের ধিক্কার জানাচ্ছি। তারা ধিক্কারে ধিক্কারে জর্জরিত হয়ে উঠুক। আমি আবার সকল সদস্যকে এই প্রস্তাবকে স্বাগত জানাবার জন্য অনুরোধ করছি এবং আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : I have received one amendment to be moved by Dr. Omar Ali. The Amendment is in order. I now call upon Dr. Omar Ali to move his amendment.

Dr. Omar Ali : Sir, I beg to move that.

দ্বিতীয় প্যারার চতুর্থ লাইনে ''ও'' শব্দটিক পরিবর্তে নিম্নলিখিত শব্দগুলি বসানো হউক ''সোভিয়েত ইউনিয়ন ও অন্যান্য সমাজতান্ত্রিক দেশ এবং'' মাননীয় স্পীকার স্যার, আমার বক্তৃতা দেবার ব্যাপার নয়, এ্যামেন্ডমেন্ট মুভ করবার ব্যাপার। যে প্রস্তাবে এখানে এসেছে দক্ষিণ আফ্রিকায় বর্ণবিদ্বেষী সরকারের কার্যকলাপকে নিন্দা করে—এটা খুবই সাধু প্রস্তাব। আমি এই প্রস্তাবের প্রস্তাবককে অনুরোধ করবো তিনি যেন আমার এই সংশোধনী গ্রহণ করেন, কারণ আমি নির্দ্দিষ্টভাবে তারিখগুলি বলতে না পারলেও আমরা জানি যতবারই সম্মিলীত রাষ্ট্রপুঞ্জে বর্ণ বিদ্বেষী দক্ষিণ আফ্রিকার সরকারের কার্যকলাপের বিরুদ্ধে প্রশ্ন উঠেছে ততবারই ভারত সরকার ও তানজানিয়া সরকার ছাড়াও সোভিয়েত ইউনিয়ন এবং অন্যান্য সমাজতান্ত্রিক দেশগুলি ঐ সরকারের কার্যকলাপের বিরুদ্ধে নিন্দা করেছে। সেই কারণে এই প্রস্তাব সম্পূর্ণ হবে যদি আমার এ্যামেন্ডমেন্ট আজকে গৃহীত হয়। আমি সেইজন্য প্রস্তাবের দ্বিতীয় প্যারার চতুর্থ লাইনে যেখানে লেখা হয়েছে চাপ সৃষ্টির জন্য ভারত সরকার ও তানজানিয়া সরকার সেখানে ও শব্দটার পরিবর্তে সোভিয়েত ইউনিয়ন ও অন্যান্য সমাজতান্ত্রিক দেশ এবং তানজানিয়া সরকার এইভাবে যদি গৃহীত হয় তাহলে প্রস্তাবটি সর্বাঙ্গ-সুন্দর হবে। আমি আশা করবো, মাননীয় সদস্যারা এই সংশোধনীটিকে গ্রহন করবেন এবং প্রস্তাবক এই সংশোধনীটিকে গহণ করবেন।

মি: স্পীকার :—সুব্রতবাবু, আপনি জবাবী ভাষণ দেবার সময় এই সংশোধনীটিকে বিবেচনা করবেন।

শ্রী পতিত পাবন পাবন পাঠক:—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবের উপর বলবার আগে আমি প্রথমেই একটি কথা বলি তাহল দক্ষিণ আফ্রিকার সরকার হচ্ছে বর্ণ বিদ্বেষী সরকার, সেই সরকার সেখানকার সংখ্যাগরিষ্ঠ কৃষ্ণাঙ্গদের উপর অত্যাচার করছে। এরই প্রতিবাদে আমরা যে এই প্রস্তাবকে সমর্থন করছি তা নয়,

এছাড়াও আমাদের আর একটি বক্তব্য আছে, এই দক্ষিণ আফ্রিকা দেশের অর্থাৎ সেই দেশের মাটির কাছে আমাদের আর একটি বড় ঋণ আছে সেটা হল, এই দক্ষিণ আফ্রিকায় মহাত্মা গান্ধী প্রথম সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনের সূচনা করেছিলেন এবং পরবর্তীকালে সেই আন্দোলন গোটা ভারতবর্ষে পরিব্যাপ্ত করতে চেষ্টা করেছিলেন। সেইজন্য দক্ষিণ আফ্রিকার সংখ্যাগরিষ্ঠ কৃষ্ণাঙ্গদের যে কোন আন্দোলন আমরা আমাদের নিজেদের আন্দোলন বলে মনে করি এবং তা করা উচিত। আমি এই প্রস্তাবের সঙ্গে সম্পূর্ণ একমত এবং আমি মাননীয় প্রস্তাবকে অনুরোধ করবো ডা: ওমর আলি মহাশয় যে সংশোধনী এনেছেন তা যেন গ্রহণ করেন। কারণ, সোভিয়েত ইউনিয়ন ও অন্যান্য সমাজতান্ত্রিক দেশ বিভিন্ন সময়ে দ্ব্যর্থহীন ভাষায় ওখানকার সরকারের বিরুদ্ধে তাদের বক্তব্য রেখেছেন। আজকে ১৯৮৫ সালে দাঁড়িয়ে যে মানুষ, যে সরকার এই কথা বলে যে সেই দেশের শাসন ক্ষমতার পরিচালন ভার সেই দেশের মানুষের হাতে দেওয়া হবে না, বাইরের দেশের মানুষ সেই দেশের শাসন ভার পরিচালনা করবেন—এটা শুধু বাস্তব-বিরোধী নয়, এটা একটা সাম্রাজ্যবাদী শক্তির প্রকাশ মাত্র। ভারতবর্ষের মানুষ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করেছেন এবং পশ্চিমবাংলার মানুষ অর্থাৎ আমরা সকলেই সেই গৌরমময় ঐতিহ্যের উত্তরাধিকারী ব্রিটিশ সাম্রাজ্যবাদের অবসানের জন্য আমাদের অনেক মূল্য দিতে হয়েছিল। আজকে এতদিন পরেও ওখানে দক্ষিণ আফ্রিকার কৃষ্ণাঙ্গ মানুষদের সেই মূল্য দিতে হচ্ছে তাঁদের অধিকার প্রতিষ্ঠার জন্য। আমরা পৃথিবীর যে কোন অংশেই থাকিনা কেন, যদি কোন অংশ সাম্রাজ্যবাদীদের দখলে থাকে তাহলে আমাদের স্বাধীনতা, আমাদের আন্দোলন অপূর্ণ থেকে যায়। সেইজন্য আজকে দক্ষিণ আফ্রিকার বর্ণ বিদ্বেষী সরকারের বিরুদ্ধে এই যে প্রস্তাব, এটা সমস্ত গণতান্ত্রিক মানুষের প্রস্তাব। আশ্চর্যের কথা হচ্ছে, পৃথিবীতে এখনও এমন মানুষ এবং এমন দেশ আছে যারা বিশ্বাস করে যে, দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গ সংখ্যালঘু প্রিটোরিয়া সরকার, যারা সেখানকার সংখ্যাগরিষ্ঠ কৃষ্ণাঙ্গদের উপর অত্যাচার চালাচ্ছে, তারা দক্ষিণ আফ্রিকার স্বার্থেই সেখানে আছে এবং আজকে সেখান থেকে যদি তারা চলে যায় তাহলে কৃষ্ণাঙ্গ মানুষদের চরম দুর্গতি হবে। আজকে গ্রেট ব্রিটেনের রুলিং পার্টির মুখপাত্র যাঁরা, তাঁরাই এই কথা বলেন। তাঁরা প্রকাশ্যেই এই কথা বলে থাকেন। এই বছর ফেব্রুয়ারী-মার্চ মাসে ব্রিটেনে একটি সেমিনারে আমার যাবার সৌভাগ্য হয়েছিল। সেই সেমিনারে মার্গারেট থ্যাচারের রুলিং পার্টির বিভিন্ন বক্তা বক্তৃতা দিয়েছিলেন। সেখানে একদিনের বক্তৃতার বিষয়বস্তু ছিল "দক্ষিণ আফ্রিকার কৃষ্ণাঙ্গদের প্রতি শ্বেতাঙ্গদের অত্যাচার"। সেখানে দুইজন শাসকদলের প্রতিনিধি প্রকাশ্যে ঘোষণা করেছিলেন, "দক্ষিণ আফ্রিকার প্রিটোরিয়া সরকারের প্রতি কোন রকম অর্থনৈতিক অবরোধ নয়। সেখানকার সরকার কৃষ্ণাঙ্গদের প্রতি কোনরকম অত্যাচার চালাচ্ছেন বলে যদি মনে হয়, তাহলে আলোচনার মাধ্যমে সেটা দূর করতে হবে, কিন্তু প্রিটোরিয়া সরকার থাকা দরকার। প্রিটোরিয়া সরকার শুধু শেতাঙ্গদের জন্যই নয়, কৃষ্ণাঙ্গদের জন্যও থাকা দরকার।" তাঁরা বিশ্বাস করেন এবং গর্ব অনুভব করেন যে, প্রিটোরিয়া সরকার সেখানে আছে এবং মানব জাতির কল্যানের জন্য তারা কাজ করে যাচ্ছে। আমি এই প্রস্তাবের সঙ্গে শুধু একটি কথা বলতে চাই—আমরা যেমন আ মাদের কথা বলছি, এরসঙ্গে দ্ব্যর্থহীন ভাষায় ব্রিটিশ সরকারেরও নিন্দা করা দরকার। কারণ, আজকে প্রিটোরিয়া সরকার দাঁড়িয়ে আছে মূলত: ব্রিটিশ সরকারের ছত্রচ্ছায়ায়। অন্যান্য সাম্রাজ্যবাদী শক্তিগুলিও নিশ্চয়ই সাহায্য করছে তাদের, তবু মূলতঃ রাজনৈতিক সাহায্যের সবটাই আসছে ব্রিটিশ সরকারের কাছ থেকে। সেইজন্য এই প্রস্তাবে ব্রিটিশ সরকারকে নিন্দা করবার জন্য অনুরোধ জানাবো। যদি তা না করতে পারি, তাহলে প্রস্তাব শুধু প্রস্তাবই থেকে যাবে। আমি সভাকে আরো একটি অনুরোধ করবো; পূর্বে ভারত সরকারের মাধ্যমে বিভিন্ন সময় সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে আন্দোলনে সহায়তাদানের জন্য যেমন বহু মিশন আমাদের দেশ থেকে বিদেশে গেছে, সেই রকম কোন মিশন দক্ষিণ আফ্রিকায় পাঠান হোক যাঁরা সেখানকার বর্ণবিদ্বেষী অত্যাচারী প্রিটোরিয়া সরকারের বিরুদ্ধে সেখানে যারা আন্দোলন করে চলেছেন তাঁদের সঙ্গে যোগাযোগ স্থাপন করবে তাঁদের সহায়তা দান করবে। এই কয়টি কথা বলে এই প্রস্তাব এবং তার উত্থাপককে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী অম্বিকা ব্যানার্জী : —মাননীয় স্পীকার স্যার, আজকে যে প্রস্তাব আমরা বিধানসভায় এনেছি সেই প্রস্তাব আমার পূর্ববর্তী বক্তা এবং বিশেষ করে মাননীয় মন্ত্রী পতিত পাবন পাঠক মহাশয় সর্বান্তঃকরণে সমর্থণ করেছেন। আমরা এমন একটা প্রস্তাব এনেছি আমার মনে হয় সেই প্রস্তাব হাউস সর্বান্তঃকরণে সমর্থণ করবেন। আফ্রিকার বর্ণ বৈষমা-এর বিরুদ্ধে আমরা যে প্রস্তাব এনেছি আমার মনে হয় শুধু পশ্চিমবাংলার বিধানসভায় সারা ভারতবর্ষের বিধানসভার এই ধরনের প্রস্তাব সর্বপ্রথম। আজ থেকে বহুদিন আগে ইজরায়েল, আমেরিকা এবং বহু দেশে বর্ণ বৈষমা ছিল। কোথাও ছিল সাপ্রেসিভ এবং কোথাও ছিল প্রকট ভাবে। আমেরিকায় এটা প্রকটভাবে ছি ল। এই দেশে সেখানকার কালো মানুষেরা মাথা তুলে দাঁড়াতে শিখলো এবং বর্ণ বৈষম্যের বিরুদ্ধে সোচ্চার হোল। আমেরিকার মতো জায়গায় কালো মানুষদের যেখানে ঢোকা নিষিদ্ধ ছিল সেখানে তারা লিখছে ব্ল্যাকস আর বিউটিফুল। তবে সারা পৃথিবীতে বর্ণ বৈষম্য উঠে গিয়েছে কাগজে-কলমে আইনগতভাবে। কিন্তু প্রিটোরিয়া সরকারের ডাঃ পি. ডবলু. বোথার প্রাইমিনিষ্টারসিপে সেখানকার সংখ্যা গরিষ্ঠ প্রায় ৮০ ভাগ মানুষের উপর নির্যাতন চালিয়ে যাওয়া হচ্ছে। তার প্রতিবাদ করতে সারা পৃথিবী আজ সোচ্চার হয়ে উঠেছে। তবুও আমরা দেখতে পাচ্ছি কিছু কিছু ইমপিরিয়ালিসটিক কানট্রি আজকে মুখের সামনে না বললেও পিছনের দরজা দিয়ে তাদের সমর্থন করে যাচ্ছে। আজকে এক মাত্র জায়গা সাউথ আফ্রিকা যেখানে বর্ণ বৈষমা নীতি বজায় আছে। সেখানে কি করে এটা বজায় আছে সেটা একটা বিরাট প্রশ্ন। সেই দেশের সমস্ত বড় অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলি ২০ পারসেন্ট সংখ্যালঘু শ্বেতাঙ্গের করায়ত্তের ভেতর। আমরা জানি সেখানকার প্রাইম মিনিস্টার বোথামের একটা বিরাট ইনটারেষ্ট আছে। সেখানে অনেক বড় বড় কোম্পানী আছে। আমরা জানি সেখানকার সেই বিশ্ব বিখ্যাত ফ্রুট প্রোসেসিং কোম্পানী আছে সেটা ডাঃ বোথা কনট্রোল করে। এটা হচ্ছে সেখানকার বৃহত্তম কোম্পানী। ইউনাইটেড ফ্রুটস কোম্পানী সাউথ আফ্রিকায় যেটা আছে সেটা পৃথিবীর অন্যতম বড়। সেখানে সেই কোম্পানীর উপর আমেরিকান ইনটারেষ্ট রয়েছে। গাল্ফ অয়েল কোম্পানী সারা পৃথিবী বিখ্যাত কোম্পানী। এই কোম্পানী সাউথ আফ্রিকায় একছত্র হয়ে আছে। সেখানকার বিরাট ইকনমি এই কোম্পানীর উপর নির্ভর করে রয়েছে। একটা বিরাট কোম্পানী, ইনটারন্যাশনাল ডাইমন্ড এ্যান্ড জুয়েলারী কোম্পানী, সাউথ আফ্রিকার যে বিরাট ইনডাসট্রি ডায়মন্ডের সেটা সম্পূর্ণ করায়ত্ত। এটা আমেরিকা ফাইনান্স করছে। ইউ. এন. আই এটা স্পষ্ট দেখেও মুখ খুলছে না ওরা ইজরায়েল মাধ্যমে সাহায্য করে যাচ্ছে। আমরা লক্ষ্য করছি আমেরিকায় বসে এই ধরনের জিনিস চালিয়ে যাচ্ছে। এখানে ৯০-৯৫ পারসেন্ট ফাইনান্স আমেরিকার। সুতরাং এটা খুব স্বাভাবিক কথা যে যতক্ষণ পর্যন্ত অর্থনৈতিক ব্যবস্থা শ্বেতাঙ্গদের হাতে থাকবে ততক্ষন পর্যন্ত এই অবিচার অত্যাচার তারা চালিয়ে যাবে।

[1-40—1-50 P.M.]

আমরা খবরের কাগজে প্রায়ই দেখতে পাই সেখানকার ছবিগুলো। আমাদের সামনে ভেসে ওঠে সেখানকার সাধারণ ব্ল্যাকস্ মানুষদের উপর অত্যাচারের ছবি, শুধু তাই নয়, তার পার্শ্ববর্তী দেশ নামিবিয়া, যাদের স্বাধীনতা পাওয়ার কথা, সেই দেশের মানুষের স্বাধীনতা লাভের পথেও বাধা দিয়ে যাচ্ছে এরা। এক্ষেত্রে তারা একমাত্র

ুয়ো তুলছে যে, এঙ্গোলা এবং কিউবিয়ান সৈন্য সেখান থেকে সরিয়ে না দিলে সেখান থেকে তাদের সৈন্য সরিয়ে নিয়ে যাওয়া হবে না। এই ভাবে বিভিন্ন ছলছুতো করে এই মুষ্টিমেয় শ্বেতাঙ্গ তাদের রাজত্ব কায়েম করে যাওয়ার চেষ্টা করছে। আজ এই সভায় এই প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হবে বলে আমি আশা রাখি। আমরা আজ এখানে যে মোশানটি পাশ করবো সেটি আশা করবো, সারা ভারতবর্ষে নয়, সারা পৃথিবীতে ছড়িয়ে পড়বে। আমাদের সামনে যে আন্দোলনের কথা মাননীয় পতিতবাবু ইতিমধ্যে বলেছেন--আমরা অত্যন্ত গর্বিত যে, সেখানে এক সময়ে আন্দোলনের হোতা ছিলেন মহাত্মা গান্ধী। তিনি সেখানে যে আন্দোলন মানুষের মধ্যে ছড়িয়ে এসেছিলেন, যে অহিংস আন্দোলন তিনি সেখানে ছড়িয়ে এসেছিলেন এবং পরবর্ত্তীকালে ভারতবর্ষের স্বাধীনতা আনয়নের ক্ষেত্রেও প্রসারিত করেছিলেন, তাকে অনুসরণ করেই ওখানে আন্দোলন শুরু হয়েছে। কিন্তু সাউথ আফ্রিকান গভর্ণমেন্টের প্রধান ডঃ বোথাম'এর নির্দেশক্রমে ওখানকার বর্ত্তমান আন্দোলনকে খর্ব করবার জন্য যে ভাবে অত্যাচার চালিয়ে যাচ্ছেন, সেখানকার ৮০ ভাগ মানুষকে নিশ্চিহ্ন করবার চেষ্টা করছেন, তার বিরুদ্ধে আমাদের সকলেরই সোচ্চার হওয়া উচিত। আমি মাননীয় সকল সদস্যের কাছে এই অত্যাচারের বিরুদ্ধে সেখানকার আন্দোলনকে সমর্থন জানিয়ে এখানে যে মোশানটি আনা হয়েছে, সেটি যাতে [illegible] পাশ হতে পারে, তারজন্য অনুরোধ জানাচ্ছি। আমি সকলকে ধন্যবাদ জানিয়ে আমার সংক্ষিপ্ত বক্তৃতা শেষ করছি।

শ্রী ভক্তি ভূষণ মণ্ডল : মিঃ স্পীকার স্যার, এখানে যে প্রোপোজালটি আনা হয়েছে, এটির অধিকাংশ বিষয়েই আমরা সমর্থন করছি। কিন্তু আমার মনে হয় যে, এখানে যে কথাগুলো বলা হয়েছে, এর সঙ্গে আরও কয়েকটি জিনিস থাকা উচিত। কারণ সেটা না থাকলে এটা টকড্ আউট এক ব্যাপার হয়ে যায়। একথা আমি এই জন্যই বলছি যে, সারা বিশ্বে তৃতীয় বিশ্বের সঙ্গে অন্যান্যদের যে লড়াই চলছে, সেই তৃতীয় বিশ্বের লড়াইয়ের সঙ্গেও এই যে একটা লড়াই, এটাকে সামিল করা যেতে পারে। বিশ্বের নিপীড়িত লোককে তারা নিপীড়িত করে চলেছে, তা এক মুহূর্ত্তেই তৃতীয় বিশ্ব বন্ধ করতে পারে এবং যারা শোষণ করে যাচ্ছে তাদের সকলকে পরাজিত করতে পারে। এটাই আমাদের ব্যাকগ্রাউন্ড থাকা উচিত ছিল। কিন্তু আমরা জানি, মুখে যে যতই শেতাঙ্গ দেশগুলো বলে বলুন না কেন, তাঁরা মনে প্রাণে সাউথ আফ্রিকায় শ্বেতাঙ্গরা শ্বেতকায় ব্যবস্থা চালিয়ে যান, এটাই চান। তবে কি করবো--গণতন্ত্রের কথা বলতে গেলে কথায় কথায় অনেক কিছু বলতে হয়, সেজন্য তাঁরা অনেক কথাই বলেন। কিন্তু যা করলে আসলে এই নিগৃহীত মানুষের উপর নিপীড়ন বন্ধ হতে পারে, তা তাঁরা চান না। সে জন্য এই সমস্ত কথাগুলো এর মধ্যে দৃঢ় ভাবে থাকা উচিত ছিল।

একটা মামুলি ব্যাপারে রেজুলিউশান এসেছে কালারলেস রেজলিউশান এর মধ্যে এসে গেছে, কিন্তু একে যদি অপারেটিভ পোরসান হিসাবে কাজ করতে হয় এবং ভারতবর্ষ যে বিশ্বের শ্রেষ্ঠ স্থান সেটা যদি বোঝাতে হয় তাহলে আমার মনে হয় এই ব্যাপারে আরো একটু কন্ট্রোল দরকার। বিশ্বে যারা তৃতীয় বিশ্বের লোক অর্থাৎ নিপীড়িত জনগণ অর্থাৎ এশিয়া, আফ্রিকা এবং ল্যাটিন আমেরিকার লোক, সেই লোকদের প্রতি আজকে শুধু লিপ সিমপ্যাথি দেখানো চলবে না তাদের হয়ে লড়াইয়ে নামতে হবে এবং প্রয়োজন হলে তাদের জন্যে লড়াই করে পরাজিত করার ব্যবস্থা করতে হবে। কারণ অশ্বেতকারীদের উপর শ্বেতকারীরা যে অত্যাচার করছে সেটা বিশ্বের বড় বড় দেশের যতই লোকেরা যতই মুখে প্রতিবাদ করুক না কেন ভেতরে ভেতরে তার প্রতিকার করার জন্য কোন কাজ করছেন না। তারা দুমুখো নীতির কথা ভাবছেন। নিজেদের স্বার্থ রক্ষা করার জন্য মুখে এর প্রতিবাদ করছেন, কিন্তু কার্যত কিছু করছেন না, এটা খুব অন্যায় কাজ হচ্ছে। পৃথিবীর বেশ কয়েক লক্ষ শ্বেতকারী লোকেরা এই পৃথিবীকে কন্ট্রোল করছে। অথচ এই লোকদের বন্দ করা যাচ্ছে না সেটা সকলেই জানেন। মুখে এক আর কাজে আর এক এই দুমুখো নীতি অত্যন্ত বিপদজনক। এই জিনিসটা আজকে এইভাবে এত বাড়ছে যে চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে। আমার এ বিষয়ে বক্তব্য হচ্ছে বৃহত্তর দেশগুলির বিরুদ্ধে থার্ড ওয়ার্ল্ড এর লোকেদের সক্রিয়ভাবে চেষ্টা করতে হবে। শুধু লিপ সিমপ্যাথি দেখিয়ে লোকেদের ধাধায় ফেলার কায়দা করার চেষ্টা করছে। এই অভিযোগ উঠেছে আমেরিকা যে অত্যাচার করছে আপনি নিশ্চয় জানেন যে কয়েকটি রিপোর্ট বেরিয়েছে "পিপলস ইউনিয়ন, পিপলস ইউনিয়ন অফ সিভিল লিবার্টি ইন্টারন্যাশনাল এমেন্সটি এবং কিছু কিছু সিভিল লিবার্টিতে প্রভৃতি পত্র-পত্রিকায় যে সব কথা এবং যেসব জিনিষগুলি বেরিয়েছে সেগুলি যদি দেখা যায় তাহলে এই সিদ্ধান্তে আমার মনে হয় আসা যাবে যে শুধু লিপ সিমপ্যাথি না দেখিয়ে একটা কার্যকরী কি ভাবা যেতে পারে সেই রেজুলিউশানের কথা ভাবা উচিত দ্বিতীয় কথা হচ্ছে উনি যেটা বলেছেন অবিলম্বে এই বর্ণ বৈষম্যমূলক শাসনব্যবস্থার অবসান ঘটিয়ে গণতান্ত্রিক ব্যবস্থা কায়েম করার দাবী জানাচ্ছে এক হয়ে। এক্ষেত্রে আমার বক্তব্য যেমন কংগ্রেস সরকার স্বাধীনতার ব্যাপারে বিশ্বাসঘাতকতা এনেছিলেন অর্থাৎ সিমলা পাওয়ার ব্যাপারে যে মাউন্টব্যাটেন এডওয়ার্ড আসে সেইসময় এইরকম কতগুলি ঘটনা ঘটেছিল সেই ঘটনার যেন পুনরাবৃত্তি না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। আমার বক্তব্য হচ্ছে আজকে পৃথিবীতে গণতন্ত্রের কথা ভাবলে হবে না আজকে যে বিপ্লব হবে সেই বিপ্লব আর গণতান্ত্রিক স্টেজে নেই, সমাজতান্ত্রিক স্টেজে আনতে হবে যদি সমাজতান্ত্রিক ব্যবস্থা কায়েম করতে না পারা যায় তাহলে আমার মনে হয় কিছুই হবে না এবং বিশ্বের শ্রেষ্ঠ নেতৃত্ব দিতে গেলে ভারতবর্ষকে সমাজতান্ত্রিক ধাঁচে ঢেলে সাজাতে হবে। তাই আমার মনে হয়। সিমলা কনফারেন্স যেমন মাউন্টব্যাটেন এই ভারতবর্ষের বিশ্বাসঘাতকতা এনেছিল আজকে সেইরকম বিশ্বাসঘাতকতার প্রশ্ন যেন না আসে। সেইজন্য এখানে পরিস্কার ভাবে বলতে চাই যে এই যে রিজলিউশান এনেছে এর কিছু পয়েন্ট এ্যামেন্ড করার প্রয়োজন আছে প্রথমত বিশেষ গণতান্ত্রিক ব্যবস্থা না করে সমাজতান্ত্রিক করা হোক। এর নেতৃত্ব দেবে থার্ড ওয়ার্ল্ডের লোকেরা এবং এই থার্ড ওয়ার্ল্ড কান্ট্রিজেরা ওই পিপলসদের কঠোরভাবে পরাজিত করুক যে (এপার্টথেড) নীতি তারা মেনে চলেছেন সেটা ঠিক নয় এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-50—2-00 P.M]

শ্রী কাশীনাথ মিশ্র :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সুব্রত মুখোপাধ্যায় এবং অম্বিকাবাবু আফ্রিকায় বর্ণবিদ্বেষী সরকার সারা বিশ্বে যে একটা আতঙ্ক ছড়াচ্ছেন তার বিরুদ্ধে সোচ্চার হবার জন্য প্রস্তাব নিয়ে এসেছেন। দক্ষিণ আফ্রিকা সরকারের সর্বশেষ প্রস্তাব ছিল এ্যাংগোলা থেকে সৈন্য বাহিনী সরিয়ে নেওয়া এবং আর একটি হচ্ছে অসবর্ণ বিবাহ সম্বন্ধে আইন ঘোষণা করা। কিন্তু সেই প্রতিশ্রুতি তারা রক্ষা করেনি। দিল্লীতে ১৮ই এপ্রিল ৮১টি দেশের প্রতিনিধিদের মহা সম্মেলন হল তাতে মহাফিনী থেকে আরম্ভ করে পি. এল. ও-র প্রধান ইরাকের আর ফত, বাংলাদেশের পররাষ্ট্র উপদেষ্টা, ঘানা, কিউবা, জাম্বিয়ার পররাষ্ট্র মন্ত্রীরা সেখানে উপস্থিত ছিলেন। আমরা দেখতে পাই জোট নিরপেক্ষ দেশগুলির সমন্বয় ব্যুরোর যে মন্ত্রী পরিষদ আছে এবং তার যে বৈঠক হয়েছিল তাতে নাম্বিয়া সম্পর্কে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল তাতে দেখতে পাই দক্ষিণ আফ্রিকার সরকার একটা ধোঁকা দিয়ে সিদ্ধান্ত নেবার চেষ্টা করেছিলেন যাতে সংখ্যালঘু বর্ণবাদী সরকারের পতনকে এড়িয়ে যাবার জন্য। আমরা দেখতে পাই এই বর্ণ বৈষম্য যদি দীর্ঘদিন চলে এবং পুঞ্জীভূত ক্ষোভ যদি মানুষের মধ্যে বৃদ্ধি পায় তাহলে বৃহত্তর আন্দোলনে তা পরিবেশিত হতে পারে এবং সেখান থেকে গৃহ যুদ্ধ হতেও পারে। আমরা দেখতে পাই জাম্বিয়ার প্রেসিডেন্ট কেনেথ কাউন্ডা বলেছিলেন গৃহ যুদ্ধ হবার সম্ভাবনা আছে। কারণ বর্ণ বিদ্বেষ নীতি যদি পরিহার না করে তাহলে

এটা হবে। দক্ষিণ আফ্রিকার সরকার বিভিন্নভাবে সেখানকার সংখ্যালঘু মানুষদের উপর যে ভাবে আক্রমণ করার জন্য এগিয়ে আসছে তার পরিপ্রেক্ষিতে কাউণ্ডা এ কথা বলেছিলেন যে বর্ণ বৈষম্য নীতির পরিবেশ যদি পরিহার না করা যায় তাহলে দক্ষিণ আফ্রিকায় রক্তের স্রোত বইয়ে যাবে। সেই রক্তের স্রোত আজ সেখানে দেখা দিয়েছে। তাই আমরা দেখতে পাই প্রিটোরিয়া সরকারের বর্ণ বৈষম্য নীতি তাকে ধ্বংস করতে চলেছে এবং তারা সেটা পরিহার করতে চাইছে না। তৃতীয় বিশ্বকে ভারতবর্ষ নেতৃত্ব দেয় এবং আহত মানুষদের পাশে দাঁড়াবার ক্ষমতা ভারতের আছে; ভারতবর্ষের পররাষ্ট্র নীতি সমস্ত বিপদগ্রস্ত মানুষের পাশে দাঁড়াবে। আমরা দেখছি এজন্য ভারতবর্ষ এর বিরুদ্ধে প্রতিবাদ করছে। সেজন্য আমাদের এই সভা থেকে দলমত নির্বিশেষে যদি এই প্রস্তাব গ্রহণ করি তাহলে আগামী দিনের মানুষ বুঝবে পশ্চিম বাংলার মানুষ সব দিক থেকে সচেতন। তাই যে প্রস্তাব সুব্রতবাবু এনেছেন তাকে সমর্থন করি। ৮১টি দেশ যে এসেছিল সেখানে রাশিয়ার কথা আমরা শুনিনি —কিউবা, ঘানার কথা শুনেছি। তবুও এই প্রস্তাব যাতে আমরা সকলে মিলে গ্রহণ করি এই অনুরোধ আমি করছি।

শ্রী মনোহর টিরকি : মিঃ স্পীকার, স্যার, মাননীয় সদস্য সুব্রত মুখোপাধ্যায় এবং অম্বিকা ব্যানার্জী মহাশয় যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি। ভারতবর্ষ উপনিবেশ এবং বর্ণ বিদ্বেষের প্রথম থেকে বিরোধিতা করে যাচ্ছে এবং এই সম্বন্ধে বারে বারে তার নিজের বক্তব্য বা লড়াই চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। দক্ষিণ আফ্রিকায় যে ভাবে সাদা লোকের শাসন ও শোষণ কালো লোকের উপর চলছে, যে ভাবে তাদের উপর অত্যাচার চলছে তাতে ওখানকার মূল অধিবাসী হয়ে কালো লোকেরা তাদের অধিকার পাচ্ছে না, মুষ্টিমেয় কিছু শ্বেতাঙ্গ তাদের উপর শোষণ করছে, তাদের গোলামের মত ব্যবহার করছে যেটা আমরা পত্র পত্রিকার মাধ্যমে জানতে পারছি। এই অত্যাচারের বিরুদ্ধে দাঁড়িয়ে তারা নিজেদের অধিকার রক্ষা করার জন্য চেষ্টা করছে। ভারতবর্ষের সাধারণ নাগরিক হিসাবে আমরা নিশ্চয়ই সেটা সমর্থন করব, সাথে সাথে সেই কালো লোকদের শোষণ করার জন্য যারা ইন্ধন যোগাচ্ছে সেই সাম্রাজ্যবাদী আমেরিকা তাদের সম্বন্ধে আমাদের সচেতন থাকতে হবে। ওখানে যখন কলকারখানা আছে তার মূলধন আমেরিকা থেকে দেওয়া হয়। তাই দক্ষিণ আফ্রিকার কালো মানুষরা একত্রিত হয়ে যখন তারা নিজেদের অধিকারকে রক্ষা করার জন্য আন্দোলন চালাচ্ছে তখন এই আন্দোলনকে ওখানকার সরকার অন্যদিকে ডাইভার্ট করার চেষ্টা করছে। ওখানকার সরকার যারা মূল ভারতীয়, যারা ভারতবর্ষ থেকে ওখানে চলে গেছে এবং যারা ওখানে কৃষিকার্য, ব্যবসা-বাণিজ্য করছে তাদের সংগে ওখানকার কালো লোকেদের একটা দাংগা বাঁধিয়ে দেবার চেষ্টা করছে। আমার অনুরোধ ভারতীয় যারা ওখানে আছে তারা ওখানকার কালো লোকদের মিত্র এই সম্বন্ধে প্রচার করতে হবে। ভারতীয়রা ওখানকার কালো লোকেদের যে আন্দোলন হচ্ছে সেই আন্দোলনের সংগে আছে এই সম্বন্ধে প্রচার করতে হবে। স্যার, এই কথা বলে আমি এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে প্রস্তাব এনেছি প্রস্তাবের সমর্থনে বেঞ্চীর ভাগ বক্তা বলেছেন, তাঁদের আমি ধন্যবাদ জানাচ্ছি, শুধু ভক্তিবাবুর কথা শুনে যে কোন মানুষের ভক্তি চটে যাবে। উনি চীনের সমাজতন্ত্রের কথা বলেছেন। সমস্ত পৃথিবীর রাজনীতিতে যদি চীনের সমাজতান্ত্রিক নীতি নিয়ে আসা হয় তাহলে বলব উনি ব্যাঙ হয়ে কুয়োর মধ্যে আছেন। চীন এক সময় যেটা কালচারাল রেভলিউসানের কথা বলেছেন সেটা এখন কালচারাল ডেসট্রাকসানের কথা বলছে। এখন কি করে তাহলে সমাজতান্ত্রিক নীতি তারা চালিয়ে যাচ্ছে? সিমলা চুক্তিকে যদি কটূক্তি করতে হয় তাহলে তার অন্য পদ্ধতি আছে। কিন্তু দক্ষিণ আফ্রিকার বর্ণ বৈষম্য নীতির সংগে সিমলা চুক্তিকে স্বাধীনতার চুক্তি বলে কটূক্তি করা এটা ভক্তিবাবুর কাছে আশা করিনি। মার্ক সিস্টার তো এই সব ব্যাপারে সিদ্ধহস্ত—ওরা কখনও নেতাজীকে তোজোর কুকুর বলে, কখনও কুইসলিং বলেন, রঙ-বেরঙের ছবি আঁকতে তো ওরা মাষ্টার।

[2-00—2-10 P.M.]

মাননীয় সদস্য ভক্তিবাবু স্বাধীনতা চুক্তি প্রসঙ্গে যে সমস্ত কটূক্তি করেছেন আমি তার তীব্র প্রতিবাদ করছি। স্যার, মাননীয় সদস্য ওমরবাবুর এ্যামেণ্ডমেন্ট আমি দেখেছি। আমার বক্তব্য হচ্ছে যেখানে, যেভাবে এবং যে ভঙ্গীমায় বিভিন্ন সাম্রাজ্যবাদী দেশ এবং শ্বেতাংগ দেশগুলি অন্যের উপর অর্থনৈতিক এবং রাজনৈতিক দিক থেকে আক্রমন করেছে সেখানে উপযুক্ত এবং শক্তিশালী দেশ হিসেবে সোভিয়েট রাশিয়া সামঞ্জস্যপূর্ণ ভূমিকা গ্রহণ করুক। তারা বর্ণ-বৈষম্যের পক্ষে গেছে একথা আমি বলিনি। তারা আলবত্ এর বিরোধিতা করেছে এটা আমরা দেখেছি। কিন্তু যেখানে আজকে লড়াই হচ্ছে সেখানে তাদের পাশে যে ভাবে দাঁড়াবার কথা ছিল রাশিয়া ঠিক সেই ভাবে দাঁড়ায়নি। অর্থনৈতিক অবরোধ মুক্ত করবার জন্য রাশিয়ার মত শক্তিশালী দেশকে যে ভাবে এগিয়ে আসা উচিত ছিল সেটা তারা করেনি। তবে যেহেতু নীতিগতভাবে তারা বর্ণ বৈষম্যের বিরোধী সেইজন্য আমি অম্বিকাবাবুর সঙ্গে আলোচনা করে ওমর আলি সাহেবের এ্যামেন্ডমেন্ট গ্রহণ করেছি। আমি আবেদন করছি মূল লক্ষ্যে পৌঁছাবার জন্য আমরা যেন সকলে মিলে এই প্রস্তাব গ্রহণ করি।

শ্রী ভক্তি ভূষণ মন্ডল :—আমি যে কথা বলেছি তাতে উনি আমার সম্বন্ধে এরকম কথা কেন বললেন আমি বুঝতে পরিছিনা। আমার মনে হয় উনি আমার কথা বুঝতে পারেন নি।

শ্রী সুব্রত মুখার্জী :—আপনি যা বলেছেন সেটা আপনার উইথড্র করা উচিত। ওই সব কথা বলে এখনও এখানে বসে আছেন দেখে আমি লজ্জাবোধ করছি।

মিঃ স্পীকার : —মিঃ মুখার্জী, ভক্তিবাবুকে তাঁর বক্তব্য বলতে দিন।

শ্রী ভক্তি ভূষণ মণ্ডল :—আমি বলেছি সমাজতান্ত্রিক শাসন ব্যবস্থার কথা। উনি লিখেছেন গণতান্ত্রিক কথাটা। আমি সিমলা চুক্তির কথা যা বলেছি তাতে আমার উদ্দেশ্য হচ্ছে, আমাদের পার্টির কনসেপ্ট হচ্ছে এরকম ঘটনা ঘটে। এই কারণে যেখানে গনতান্ত্রিক কথাটা লেখা রয়েছে আমি সেখানে বলেছি সমাজতান্ত্রিক। আমার বক্তব্য হচ্ছে এটা লিপ সিমপ্যাথির ব্যাপার নয় এবং শুধু টক আউট হলে চলবে না। এ্যাক্টিভলি কিছু করত হবে এবং তার জন্য সকলকে একত্রিত করতে হবে।

আমি আরও একটা কথা বলেছি থার্ড ওয়ার্লডে যদি ভারতবর্ষ নেতৃত্ব দেয় তাহলে ভাল হয়। আপনারা নিশ্চয়ই জানেন থার্ড ওয়ার্লডের ডেফিনেসন হচ্ছে এশিয়া, আফ্রিকা এবং ল্যাটিন আমেরিকার নিপীড়িত জনগন। অর্থাৎ এদের নিয়েই থার্ড ওয়ার্লডের কনসেপ্ট এবং সেই কথাটাই আমি বলেছি।

The motion of Dr. Omar Ali that দ্বিতীয় প্যারার চতুর্থ লাইনে "ও" শব্দটির পরিবর্তে নিম্নলিখিত শব্দগুলি বসানো হউক—

"সোভিয়েত ইউনিওন ও অনান্য সমাজতান্ত্রিক দেশ এবং" was then put and agreed to.

The motion of Shri Subrata Mukherjee, as amended that.

"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, দক্ষিণ আফ্রিকায় বর্ণ বিদ্বেষী সরকার সারা বিশ্বের মানুষের প্রতিবাদকে অগ্রাহ্য করে দক্ষিণ আফ্রিকায় তাদের বর্ণবৈষম্যমূলক শাসনব্যবস্থাকে চালিয়ে যাচ্ছে এবং এর বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার কালো মানুষদের সমস্ত রকম আন্দোলনকে অত্যন্ত নিষ্ঠুর ও নৃশংসভাবে দমন করে চলেছে;

অতএব এই সভা দ্ব্যর্থহীন ভাষায় দক্ষিণ আফ্রিকা সরকারের এই অমানবিক কার্যকলাপের নিন্দা করছে, অবিলম্বে এই বর্ণ বৈষম্যমূলক শাসন ব্যবস্থার অবসান ঘটিয়ে গণতান্ত্রিক ব্যবস্থা কায়েম করার দাবি জানাচ্ছে এবং এ ব্যাপারে দক্ষিণ আফ্রিকা সরকারের উপর চাপ সৃষ্টির জন্য ভারত সরকার, সোভিয়েত ইউনিয়ন ও অন্যান্য সমাজতান্ত্রিক দেশ এবং তানজানিয়া সরকার যেমন ঐতিহাসিক ভূমিকা পালন করছেন তেমনি বিশ্বের অন্যান্য দেশ ও জাতিকেও এগিয়ে আসার জন্য ভারত সরকারের মাধ্যমে অনুরোধ জানাচ্ছে।"

was then put and agreed to

Mr. Speaker : I now request Shri Kamal Sarkar to move his resolution under rule 185.

Shri Kamal Sarkar : Sir, I beg to move that.

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা ইতিপূর্বে ২৩এ এপ্রিল, ১৯৭৫, ২৩ও এপ্রিল, ১৯৭৬, ১৬ই ফেব্রুয়ারী, ১৯৭৯, ১৮ই সেপ্টেম্বর, ১৯৮১ তারিখে এই রাজ্যের শ্রমিক-কৃষকের সার্বিক স্বার্থে এবং অর্থনৈতিক ক্ষেত্রে পাট ও পাটশিল্পের গুরুত্বের কথা বিবেচনা করে চটশিল্প জাতীয়করণ এবং কাঁচাপাটের ও পাটজাত দ্রব্যের সমস্ত প্রকার ব্যবস্থা অধিগ্রহণের জন্য ভারত সরকারের কাছে সুপারিশ করেছিল;

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভার উপরোক্ত সুপারিশগুলি এখনও পর্যন্ত কার্যকরী করা হয় নি;

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভার উপরোক্ত সুপারিশগুলিতে বর্ণিত পাটজাত সামগ্রীর সঙ্গে সংশ্লিষ্ট শ্রমিক-কৃষক সহ সমস্ত স্তরের মানুষের অবস্থার উদ্বেগজনক অবনতি ঘটেছে;

যেহেতু এই শিল্পের সঙ্গে যুক্ত মালিকরা এই শিল্পের সামগ্রিক উন্নতির জন্য পাটকলগুলির আধুনিকীকরণ সহ কোন উন্নয়নমূলক ব্যবস্থা গ্রহণে অনিচ্ছুক;

যেহেতু এই শিল্প মুষ্টিমেয় কয়েকটি শিল্পপতি কর্তৃক নিয়ন্ত্রিত এবং উক্ত শিল্পপতিরা শ্রমিক-কৃষক সহ সমগ্র রাজ্যের জনগনের স্বার্থের কথা চিন্তা না করে বহুসংখ্যক মিল লক-আউট করে রাখবার ফলে প্রায় ৮০ হাজার শ্রমিক কর্মচ্যুত হয়েছে এবং পাটচাষীরা তাদের উৎপন্ন শস্যের ন্যায্য মূল্য না পাওয়ায় পাট চাষ সামগ্রিকভাবে বিপন্ন হচ্ছে;

যেহেতু বর্তমান বছরে কাঁচাপাটের দাম অস্বাভাবিকভাবে কমে গেছে পাটচাষী তাদের পড়তা খরচাও উশুল করতে পারছে না ও তাদের জীবনে এক বিপর্যয়কর অবস্থার সৃষ্টি হয়েছে;

যেহেতু এই শোষণ ও বঞ্চনার ফলে সরকারী ব্যবস্থায় কাঁচাপাট ক্রয়-বিক্রয় করার এবং ইউনিয়ন সরকারের অধীনে মিলগুলির পরিচালনার দায়িত্ব নিয়ে পাটশিল্প জাতীয়করণ করার দাবি অপ্রতিরোধ্য হয়ে উঠেছে;

অতএব এই সভা বর্তমান পরিস্থিতি মূল্যায়ন করে রাজ্য সরকারের মাধ্যমে ইউনিয়ন সরকারকে অনুরোধ জানাচ্ছে যে—

(১) অবিলম্বে চটশিল্প ও তার সমস্ত প্রকার বহির্বাণিজ্য সহ পাট ব্যবসা ও চটজাত দ্রব্যের ব্যবসা জাতীয়করণ ও সরকারী নিয়ন্ত্রণে আনার ব্যবস্থা করা হোক;

(২) ভারতে উৎপাদিত সমস্ত প্রকার পাট ও মেস্তা ইউনিয়ন সরকার কর্তৃক ক্রয়-বিক্রয়-এর ব্যবস্থা গ্রহণ করা হোক;

(৩) কাঁচাপাট ন্যূনতম মূল্য কুইন্টাল প্রতি ৬০০ টাকা ধার্য এবং তজ্জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক;

(৪) রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করে পাট ক্রয়-বিক্রয়ের জন্য গুদাম তৈরী, পাট-চাষীদের পরিচয়পত্র দান, ক্রয় কেন্দ্র খোলা প্রভৃতি ব্যাপারে পঞ্চায়েতগুলিকে সামিল করার ব্যবস্থা হোক; এবং

(৫) রাজ্যের পাট ক্রয়ের জন্য রাজ্যের নিজস্ব জুট কর্পোরেশন গঠনের অনুমতি এবং তার জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর কার হোক।

স্যার, এখানে আমি এ সম্বন্ধে কিছু আলোচনা করছি না, মাননীয় সদস্যদের বক্তব্য শুনে পরে আলোচনা করবো।

Mr. Speaker : There are 13 amendments to this motion from Shri Shaikh Imajuddin, Shri Kashinath Misra and Shri Deba Prasad Sarkar. I now request them to move their amendments.

Shri Shaikh Imajuddin : Sir, I beg to move that

(1) In paragraph 5, line 3, for the words "রাখবার" the words 'রেখেছে এবং সিটু ইউনিয়নের শ্রমিকদের অন্যায্য দাবি ও ধর্মঘটের ফলে বহু মিল বন্ধ হয়ে গেছে" be inserted.

(2) In paragraph 6, lines 1 and 2, for the words তাঁদের পড়তা খরচাও উশুল করতে" the words "পাটের উৎপন্ন খরচের টাকা পাট বিক্রয় করে উঠাতে" be substituted.

(3) In paragraph 8, in line 1, for the words "সরকারের মাধ্যমে" the words সরকার এবং" be substituted.

(4) In paragraph 8, in line 5, after the words "ইউনিয়ন সরকার" the words এবং রাজ্য সরকার" be inserted.

(5) In paragraph 8, line 9, the words "রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করে" be omitted.

(6) In paragraph 8, lines 10 and 11, for the words "পঞ্চায়েতগুলিকে সামিল করার ব্যবস্থা হোক" the words "রাজ্য সরকার কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক" be substituted.

(7) At the end of the last paragraph the following be added:—

"(৬) রাজ্য সরকার যাহাতে সমবায় সমিতি ও পঞ্চায়েত মাধ্যমে ন্যায্য মূল্যে পাট ক্রয় বিক্রয় করতে পারে তার ব্যবস্থা করা হোক।"

Shri Kashinath Misra : Sir, I beg to move that—

In para 2, for the words এখনও পর্যন্ত কার্যকরী করা হয়নি' the words ইউনিয়ন সরকার সহানুভূতির সঙ্গে বিবেচনা করিতেছেন be substituted.

Sir, I further beg to move that

Para 3, be omitted.

Sir, I further beg to move that.

For para 6 the following para be substituted—

"যে হেতু মরশুমের প্রথম পাটের দর ৪০০ (চারশত) টাকা কুইন্টাল বেঁধে দেওয়ার ব্যাপারে রাজ্য সরকারের সম্মতির জন্য পাট চাষীরা এক বিপর্যয়-কর অবস্থার মধ্যে পড়েছে"।

Sir, I further beg to move that.

For item (4) of para 8, the following be substituted—

"সরাসরি পাট চাষীদের কাছ থেকে পাট কেনার জন্য অবিলম্বে জুট কর্পোরেশনকে নির্দেশ দেওয়া হোক"।

Shri Deba Prasad Sarkar:—Sir, I beg to move that—

In para 8, item (3) line 1 for the figure "600" the figure "800" be substituted.

Sir, I further beg to move that the following new para be added after the last para—

"এবং এই সভা আরও প্রস্তাব করছে যে, উল্লিখিত পদক্ষেপগুলির সাথে সাথে পাট চাষীদের স্বার্থে প্রয়োজনে রাজ্য সরকারের পক্ষ থেকেও সমবায় সংস্থাগুলির মাধ্যমে পাট ক্রয় করার জন্য উদ্যোগ গ্রহণ করা হোক"।

শ্রী আনন্দ মোহন বিশ্বাসঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে পাট শিল্প এবং তার সাথে সাথে কাঁচা পাটের মূল্য নির্ধারণ করার এক সংকট যে সংকট সারা পশ্চিমবাংলার সঙ্কটে মত নয় এবং বার বার এই বিষয়ে সরকার পক্ষ এবং বেসরকারী পক্ষ আমরা এ নিয়ে আলাপ আলোচনা করেছি। কিন্তু সবচেয়ে দুঃখের বিষয় সরকার পক্ষ কেন্দ্রীয় সরকারকে এই পরিস্থিতির জন্য দায়ী করছেন আর বিরোধী পক্ষে আমরা যারা আছি তারা ক্ষমতাসীন দল সরকার পক্ষকে নানাভাবে দোষারোপ করছি। কিন্তু সঠিকভাবে পরিস্থিতির মূল্যায়ন আমরা কেউই করতে পারছি না। এখানে পাট শিল্প জাতীয়করণ করার একটা বেসরকারী প্রস্তাব উত্থাপন করা হয়েছে।

[2.10 P.M. to 2.30 P.M.]

সেই প্রস্তাব সম্পর্কে দু চারটি কথা নিবেদন করতে গিয়ে বারবার একটা কথা মনে হয়েছে, আজকে চটকল যদি জাতীয়করণ করা যায়, এটা আমার ব্যক্তিগত অভিমত তাহলে আলাদিনের প্রদীপের মত পাটের দাম হু হু করে বেড়ে যাবে এটা আমি বিশ্বাস করি না। পাট শিল্প যদি জাতীয়করণ করা হয়, জাতীয়করণ করার পর সেই পাট শিল্পের যে সমস্ত সংস্থা আছে, সেই গুলো কতটুকু ইকনমিকালি ভায়েবল হবে, সেই সমীক্ষা আমাদের কাছে নেই। আমি দু তিনটে উদাহরণ দিচ্ছি, শুধু পাট শিল্প নয়, অন্যান্য সব শিল্প সংকটের জন্য জাতীয় সরকার হয়তো কিছু জাতীয়করণ করেছেন, তার যে ফলশ্রুতি, সেই প্রত্যাশা কিন্তু আমরা সঠিকভাবে মূল্যায়ন করতে পারিনি। অনেক জাতীয়করণ হয়েছে, কিন্তু সেই শিল্প ভায়েবল হয়নি। জাতীয়করণ করার পর যে সুফল আমরা পেয়েছি, সেটা শুধু এককালীন কিছু শ্রমিক হয়তো বেকার হতো, ছাঁটাই হতো, তা থেকে আমরা তাদের রক্ষা করেছি। আমরা জাতীয়করণ করেছি অনেক শিল্পকে, কিন্তু কোনটাই ইকনমিক্যালি ভায়েবল হয়নি। এটা আমি জাতীয় সরকারের কথা বলছি। আপনারা এখানে ক্ষমতাসীন দল, আপনাদের এখানে একটা পাবলিক আনডারটেকিং দপ্তর আছে, যে সব শিল্প রুগ্ন হয়েছে সেইগুলোকেসরকারের অধীনে এনে সরকারী শিল্প হিসাবে ঘোষণা করেছেন। কিন্তু এখানে সঠিকভাবে আপনারা জবাব দিতে পারেননি, এটা আমার মনের কথা নয়, এটা বাস্তব ঘটনা। এটা সত্য দুর্গাপুর কেমিক্যালস ইনডাসট্রিজ, কল্যাণী স্পিনিং মিল, স্টেট বাস, ট্রাম, এই যে সমস্ত সংস্থা সরকারী নিয়ন্ত্রণ আছে, তার মধ্যে একটা সংস্থাও ইকনমিক্যালি ভায়েবল নয়। কাজে কাজেই এখানে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে যে চটকলগুলো জাতীয় সরকার যদি জাতীয়করণ করেন তাহলে সব সমস্যার সমাধান হয়ে যাবে, এটা আমি বিশ্বাস করি

না। তবে নিঃসন্দেহে জাতীয়করণ করতে হবে। কিন্তু তার আগে কতকগুলো বাস্তব পরিস্থিতি সম্পর্কে আমাদের এখানে আলোচনা করার দরকার আছে বলে আমি মনে করি। বাস্তব পরিস্থিতি বলতে আমি এখানে বোঝাতে চাইছি, আমাদের এখানে পাট উৎপাদন কত, পাটের উৎপাদন যে নিয়ন্ত্রণ করা হচ্ছে, আমাদের যে সমস্ত চটকলগুলো আছে, সেই অনুসারে বছরে যদি আমরা ৮০ লক্ষ গাঁট পাট যদি উৎপাদন করতে পারি, তাহলে পাট কলগুলোর কোন সমস্যা থাকবে না। পাটকলগুলো সঙ্গে যারা প্রত্যক্ষভাবে জড়িত, বিশেষ করে গ্রামবাংলার চাষী, গ্রাম বাংলার পাট একটা অর্থকরী ফসল, এই ফসল উৎপাদনের ব্যয়ের সঙ্গে বাজারের সাপোর্টিং প্রাইস, তার সঙ্গে কোন সমতা নেই, আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি—কৃষিমন্ত্রী এখানে আছেন, তাঁকে ধন্যবাদ, মুখ্যমন্ত্রী পাটকলের মালিকদের সঙ্গে রফা করলেন, দাম যা সাব্যস্ত করলেন তা করতে গিয়ে তিনি সবচেয়ে একটা বাস্তব জ্ঞান হীনতার কাজ করলেন। পাটের উৎপাদনের সঙ্গে প্রত্যক্ষভাবে যাদের যোগাযোগ রয়েছে তাদের মধ্যে থেকে প্রতিনিধি হিসাবে কাউকে রাখলেন না, গ্রামের মানুষ যারা আছেন, তারা জানেন, এক বিঘা জমিতে পাট উৎপাদন করতে ক'খানা লাঙ্গল লাগে, এই জিনিস এখানে অনেকে বলতে পারবেন না। সেখানে দুখানা লাঙ্গল লাগে চাপান সার লাগে, ইউরিয়া লাগে, জন মজুর কটা লাগে, জনের দাম কত, সেই সব বাস্তব ধারনা এখানে অনেকে নেই। আমরা রাইটার্স বিল্ডিংসে বসে গ্রাম বাংলার পাটের আনুমানিক উৎপাদন ব্যয় ধরে নিয়ে পাটের দাম ঠিক করে দিলাম। আপনারা রেকর্ড করুন এখানে এক বিঘা জমিতে পাট প্রোডাকশন করাতে এক হাজার টাকা লাগে। আজকে একজিসটিং যে প্রাইস আছে, সেই প্রাইসে কুইন্টল প্রতি ৭৫০ টাকা এক বিঘা জমিতে পাট উৎপাদন হলে, বিক্রি করলে প্রতি বিঘাতে ২৫০ টাকা করে লস দিতে হচ্ছে।

আমি ধন্যবাদ জানাচ্ছি কৃষিমন্ত্রী মহাশয়কে। তার নিশ্চয়ই গ্রামের সঙ্গে যোগাযোগ আছে কারণ তিনি আপত্তি করেছেন যে এইভাবে দাম ঠিক করাটা ঠিক হবেনা। আজকে গ্রাম বাংলা বন্ধ করলে পাটের দাম বৃদ্ধি হবে—এটা কোন ব্যবস্থা আজকে সংবাদপত্রে দেখছি গ্রাম বাংলা বন্ধের আগে পর্যন্ত পাটের যে দাম ছিল, ২৯ তারিখে গ্রাম বাংলা বন্ধের পরে পাটের দাম হু হু করে অনেকটা নেমে গেল। কাজেই জাতীয়করণ করা বা গ্রাম বাংলা বনধ করে পাটের দাম তোলা বা পাটের দাম পুর্নবিন্যাস করার সঠিক মূল্যায়ন এইভাবে করা যায়না। আমরা সোনা ফেলে আচলে গেঁরো দিচ্ছি। আমাদের বাস্তব অবস্থার সংগে কোন যোগাযোগ নেই। যে সংকট আছে, সেই সংকটের যে অরবিট, যে গোনেসিস আমরা সেখানে কেউ যাচ্ছি না। সরকার পক্ষ যেমন এটাকে রাজনৈতিক চটক হিসাবে ব্যবহার করছেন, আমরা বিরোধী দলও সেইভাবে এটাকে ব্যবহার করছি। আমি তার একটা উদাহরণ দিচ্ছি। গত বছর পাটের উৎপাদন কম হয়েছিল। আমরা সেখানে দেখেছি যে পাটের দাম কুইন্টাল প্রতি ৯ শত টাকা ছিল। সেখানে একটা এক্সজরবিট্যেন্টলি হাই প্রাইস পাওয়া গিয়েছিল। কারণ সেখানে উৎপাদন সীমিত ছিল। কিন্তু একটা স্লোগান দেখেছিলাম সেখানে দেখেছিলাম। ক্ষমতাসীন দলের স্থানীয় নেতৃবৃন্দ তাদের কর্মীরা গ্রামে গ্রামে বলেছিলেন যে পাটের দাম বাড়ালো কে? পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছাড়া আবার কে। যেখানে দাম বাড়তে পারে সেখানে আজকে দাম কেন কমলো? সেখানে নিশ্চয়ই নিয়ন্ত্রনের অভাব আছে। আজকে গ্রামে গিয়ে শুনছি ক্ষমতাসীন দলের লোকেরা বলছে যে পাটের দাম কমালো কে? জওহরলালের নাতি আবার কে। এটা একটা কাকতালিয় ব্যাপার। এইরকম কাকতালিয় ব্যাপার দিয়ে গ্রামে মানুষের, পাট চাষীদের দুঃখ-কষ্টে উপলব্ধি করা যায়না। আমি সে জন্য হাউসে বিতর্কে অংশগ্রহণ করে কয়েকটা কন্সট্রাকটিভ কথা বলতে চাই। আমাদের পাট যা উৎপাদন হয়, এক্সজিসটিং যে সমস্ত পাটকল আছে তাতে আমাদের ৭২ লক্ষ গাঁট পাটের প্রয়োজন হয়। আর ডোমেস্টিক পারপাসে ৫ লক্ষ গাট পাট লাগে। অর্থাৎ ৭৭ লক্ষ গাট পাট যদি উৎপাদন হয় তাহলে গ্রামবাংলার পাট চাষী যারা আছে তাদের সঠিক মূল্যায়ন হবে। কিন্তু যদি বাম্পার হার্ভেস্ট হয়, বাম্পার প্রোডাকশান হলে পাটের বাজার আমরা রেগুলেট করতে পারবো না, নিয়ন্ত্রণ করতে পারবো না। এবারে বাম্পার হার্ভেষ্ট হয়েছে, বাম্পার স্টক আমরা দেখেছি। সেই বাম্পার ষ্টকে আজকে পাটের দামের সঠিক মূল্যায়ণ করা হচ্ছে না। জে. সি. আই-এর কথা বলা হয়েছে। আমি আপনাদের সঙ্গে এক মত। জে. সি. আই কেন্দ্রীয় সরকারের একটা ষ্ট্যাটিউটরী সংস্থা। আজকে জে. সি. আই বাজারে তাদের যে ভূমিকা নিয়েছে সেই ভূমিকায় আমরা সন্তুষ্ট নই। তারা যথাসময়ে বাজারে নামেনি পাট চাষীদের কাছ থেকে পাট কেনার জন্য। তার সঙ্গে সঙ্গে একথা বলবো যে পঞ্চায়েতের যে সমস্ত প্রধানরা আছে সেই পঞ্চায়েত প্রধানদের কাছ থেকে পার্মিশান নিয়ে জে. সি. আইকে পাট দিতে হবে। এই সমস্ত পার্মিশান নেবার ব্যাপারেও অনেক অসুবিধার সৃষ্টি হচ্ছে। কাজেই আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ করবো যে কতটুকু খারিফ ফসল হবে, কতটুকু গম উৎপাদন হবে তারজন্য তাদের যে সমস্ত এক্সটেনশান কর্মীরা আছে ব্লকের মাধ্যমে কৃষকদের কাছে আগে থেকে যেন জানিয়ে দেওয়া হয় যে এত গম উৎপাদন হবে।

[2-20—2-30 P.M.]

শ্রী তারকবন্ধু রায়ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, কমল সরকার, ভক্তি ভূষণ মণ্ডল, দেব শরণ ঘোষ, কামাক্ষা চরণ ঘোষ ও হরিপদ জানা মহাশয় কাঁচা পাট ও পাট শিল্পের উপর যে প্রস্তাব নিয়ে এসেছেন সেই প্রস্তাবের আলোচনায় অংশগ্রহণ করার সুযোগ পেয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। আমরা দেখছি ডাঃ বিধানচন্দ্র রায়ের আমল থেকে আজ পর্যন্ত পাট চাষীরা তাদের ন্যায্য পাটের দাম থেকে বঞ্চিত হয়ে আছে। পাট চাষ করতে যে টাকা খরচ হয় সেই টাকা তারা পায় না। পাট চাষীদের সম্বন্ধে ডাঃ রায়ের আমলে অনেক হৈচৈ করা হয়েছে, কিন্তু কৃষকদের দুরবস্থা যে তিমিরে ছিল সেই তিমিরেই এখনো রয়ে গেছে, কৃষকদের কোন উপকার হল না। আমরা দেখছি পাট থেকে বৈদেশিক মুদ্রা আসছে। এর সাথে সাথে উত্তরবঙ্গের আর একটি শিল্প আছে সেটা হচ্ছে চা শিল্প, সেখান থেকেও বৈদেশিক মুদ্রা আসে। কিন্তু চা শিল্পের যতটা উন্নতি হয়েছে পাশাপাশি পাট শিল্পের ক্ষেত্রে ঠিক ততটা অবনতি হয়েছে। বৈদেশিক মুদ্রা যে জিনিস থেকে আসে তার উন্নতির সাথে সাথে এই বৈদেশিক মুদ্রা আনার ক্ষেত্রে যাদের অপরিসীম দান রয়েছে সেই পাট চাষীদের দিকেও একটু তাকিয়ে দেখা দরকার। আমি নিজে পাট চাষের সঙ্গে জড়িত আছি। আমি দেখেছি এক বিঘা জমিতে পাট চাষ করতে ২৫০ থেকে ৩০০ টাকার মত খরচ হয়। হাউসের কাছে আমি একটা হিসাব তুলে ধরছি, এর থেকেই জিনিসটা পরিস্কার বোঝা যাবে। এক বিঘা জমিতে এক কেজির মত ভাল জাতের পাট বীজ দরকার। এক কেজি ভাল পাট বীজের দাম পড়ে ২৮ টাকা থেকে ৩০ টাকা। তারপর দুবার নিড়েন দরকার হয়। ১৬ থেকে ১৮টা জন দরকার হয়। তারপর পাট কাটা, পচানোর খরচ আছে। তারপর পাট তৈরী করার ব্যাপার আছে। এই সব হিসাব ধরলে কোথায় গিয়ে দাঁড়াবে সেটা একটু চিন্তা করে দেখুন। উত্তরবঙ্গের জেলা প্রশাসনকে নিয়ে আমরা বিধায়করা মিটিং করেছি যে জে. সি. আই. পাট কিনতে নামুক। কিন্তু তারা পাট কিনতে আসেনি। আমরা দেখছি আজ পর্যন্ত জে. সি. আই. পাট কিনতে নামেনি। তারা নানারকম কথাবার্তার ফাঁকড়া তুলে টালবাহানা করে যাচ্ছে। এর ফলে কি হচ্ছে? আমরা দেখতে পাচ্ছি উত্তরবঙ্গে সর্বনিম্ন পাটের দাম ৭০ টাকা থেকে ৯০ টাকা পর্যন্ত প্রতিমন হিসাবে বিক্রী হচ্ছে। আপনারা অবস্থাটা একবার চিন্তা করে দেখুন যে, চাষীরা কি দুরবস্থার মধ্যে পড়েছে। গত বছরে এক মন পাটের দাম ছিল ৪০০ টাকা থেকে ৫০০ টাকা, সেখানে মাত্র ৭০ থেকে ৯০ টাকা দরে পাট বিক্রী হচ্ছে। কৃষকরা এটা চিন্তা করতেও পারেনি। গত বারে এই টাকায় কেনা হলে এবারে কেন সেই টাকায় কেনা যাবেনা, সেটা আমরা ভাবতেও পারি না। গত বারে এই পাট কারা কিনেছিল, কি তাদের উদ্দেশ্য ছিল? আর এবারে

কেন এইরকম হল, সেটা আমাদের চিন্তা করে দেখা দরকার। আজকে এক মন পাটের দাম ৭০ টাকা, অথচ গরবারে ৪৫০/৫০০ টাকা ছিল। পাটের দাম কি হবে সেটা আগে পাট চাষীদের বলে দিয়ে এনসিওর করতে হবে এবং কে কতটা পাট উৎপন্ন করবে সেটাও ঠিক করে দিতে হবে, তা না হলে কৃষকরা এই যে মার খাচ্ছে, ভবিষ্যতে আরো মার খেয়ে একেবারে নীচে চলে যাবে। সেইজন্য আমি বলতে চাই, যে জুট করপোরেশন অব ইণ্ডিয়ার প্রতি তোষামোদ না করে আজকে এই আওয়াজ ওঠা দরকার যে জুট করপোরেশন অব ওয়েষ্ট বেঙ্গল গঠন করা হোক। এই দিকটায় আমাদের সকলের লক্ষ রাখা দরকার। আমি সঙ্গে এই কথা বলতে চাই যে, কৃষিজাত দ্রব্য এবং শিল্পজাত দ্রব্যের মধ্যে মূল্য সমতা রক্ষা করার ব্যবস্থা করতে হবে। এই কৃষিজাত পন্য এবং শিল্পজাত পন্যের মূল্য সমতা যদি না থাকে তাহলে কৃষক-কুল একেবারে নিশ্চিহ্ন হয়ে যাবে, এই দিকটায় আমাদের সকলেরই লক্ষ্য রাখা দরকার। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

সুব্রত মুখার্জী:—মাননীয় স্পীকার মহাশয়, আমি খুব সংক্ষেপে এই প্রস্তাব সম্পর্কে ২/৪টি কথা নিবেদন করতে চাই। এটা ঠিকই যে পাট শিল্প এবং কাঁচা পাট সম্পর্কে খুব সংকটজনক এবং উদ্বেগজনক অবস্থার মধ্যে দিয়ে আমাদের এই রাজ্য চলছে। দীর্ঘদিনের, ভারতবর্ষের সবচেয়ে পু রানো এই শিল্পকে বাঁচানোর জন্য নানানভাবে উদ্যোগ নেওয়া দরকার । এক্ষেত্রে আমি করি সবাই-এর সংকীর্ণতার উর্দ্ধে যাওয়া দরকার এবং প্রকৃত যে সমস্যা সেটার মোকাবিলা করা দরকার রাজনৈতিক আকার না দিয়ে। এ ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের যে দায়িত্ব আছে উভয়কেই সেই দায়িত্ব পালনের জন্য এগিয়ে আসতে আমি আহ্বান জানাচ্ছি। স্যার, আপনি জানেন, এই শিল্পকে কেন্দ্র করে সবচেয়ে বড় সমস্যা যেটা সেটা হচ্ছে পাটের ফাটকা ব্যবসায়। এই ফাটকা ব্যবসা যদি বন্ধ করা হয় তাহলে শ্রমিক এবং কৃষকের উপকার হবে অর্থাৎ এ সংগঠিত শিল্পর সাথে যুক্ত শ্রমিক যারা তারাও বাঁচবে এবং যারা কাল্টিভেটার, পাট চাষ করে তারাও বাঁচবে। সেইজন্য আইন করে এবং নানান ভাবে জনমত তৈরী করে এই পাট শিল্পকে এবং পাট যারা তৈরী করে তাদের আমাদের রক্ষা করতে হবে। সমস্যা জটিল এবং উদ্বেগজনক এবং প্রত্যেক বছর, বিশেষ করে গত কয়েক বছর ধরে দেখছি এই সমস্যা রয়েই গিয়েছে। এই সমস্যা সম্পর্কে আমরা সবাই বলছি কিন্তু এর কোন সমাধান হচ্ছে না। আজকে যখন আমরা এখানে বক্তৃতা করছি তখন প্রতেকটি জায়গায় ডিসট্রেস সেল পর্যন্ত হচ্ছে। এমন এমন জায়গাও আছে যেখানে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত চাষী পাট নিয়ে বসে থেকে একশো টাকারও কম দামে পাট বিক্রি করে দিয়ে চলে যেতে বাধ্য হচ্ছে। এই অবস্থা চোখে দেখা যায় না। যদিও আমি মনে করি তার জন্য শুধু জে. সি. আইকেই এগিয়ে এলে চলবে না তবুও আমরা দাবী করি জে. সে. আইকেই মূল দায়িত্ব গ্রহণ করতে হবে। জে. সি. আই. যদি সমস্ত দায়িত্ব গ্রহণ করে অর্থাৎ সমস্ত পাট কেনা এবং উপযুক্ত জায়গায় বিক্রি করার দায়িত্ব নেয়—এই ধরনের নজীর অন্যান্য সংস্থাও আছে, যেমন ষ্টেট ট্রেডিং কর্পোরেশন প্রভৃতি যেখানে এই ধরনের সামগ্রিকভাবে কেনা এবং বিক্রি করার দায়িত্ব গ্রহণ করা হয়েছে, আমি মনে করি সেই দাবী জে. সি. আই-এর কাছে করা যায়। কেউ কেউ বলেন জে. সি. আই-এর সেই ইনফ্রাষ্ট্রকচার নেই। একদিন জে. সি. আই. বলে তো কোন বস্তুই ছিল না, তারপর তার একটা ইনফ্রষ্ট্রাকচার তৈরী হয়েছে। সেখানে সমস্ত জুট কেনা এবং তা বিক্রি করার জন্য যদি একটা বড় করে ইনফ্রাষ্ট্রকচার তৈরী করা হয় তাহলে তার বহুমুখী ফল আমরা পেতে পারি। একটা ট্র্যাডিশন্যাল ইনডাষ্ট্রি এবং তার সাথে যুক্ত মানুষদের বাঁচানোর জন্য আমাদের এই ধরনের দাবী করতে হবে ঠিকই কিন্তু তার সঙ্গে রাজ্য সরকারের কিছু কিছু দায়িত্ব আছে যেগুলি তাদের পালন করা দরকার। কমলবাবু বলেছেন, জে সি আই-এর মতন একটা প্রতিষ্ঠান রাজ্য সরকারের কবার জন্য অনুমতি দেওয়া হোক। কিন্তু অনুমোদন না নিয়েও যেটা করা যায় সেটা রাজ্য সরকার করছে না কেন? তুলার ক্ষেত্রে মহারাষ্ট্র যা করেছে সেটা এ ক্ষেত্রে বলা যেতে পারে। তারা এমন করে কো-অপারেটিভ মুভমেন্ট তৈরী করেছে যে ফাটকা ব্যবসায়ী এবং ফড়েদের তারা তুলো নিয়ে কোন রকম ফাটকা ব্যবসা করতে দিচ্ছে না। এখানকার রাজ্য সরকারকেও এবং কৃষি মন্ত্রীকে এইরকম কো-অপারেটিভ মুভমেন্ট সাকসেসফুল করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এটা ইমিডিয়েটলি করা দরকার এবং এটার জন্য বিরাট অংকের টাকারও প্রয়োজন নেই। তা ছাড়া সারকারিয়া কমিশনের মধ্যে দিয়ে গিয়ে ক্ষমতা পাবার পর এটা করার ব্যাপার নয়, আপনারা যে সীমিত ক্ষমতার কথা বলেন তারমধ্যেই এটা করা যায় কাজেই সেই কাজ যদি ত্বরান্বিত করা যায় তাহলে একদিকে যেমন আমরা জে. সি. আইঃএর কাছে যে দাবী করছি তাও সংগত বলে মনে হবে অপর দিকে রাজ্য সরকারের যে দায়িত্ব পালন করা দরকার সে ক্ষেত্রেও ইতিবাচক পদক্ষেপ গ্রহন করে মানুষের জন্য কিছু সুরাহা করা যাবে। সর্বদলীয় দাবী আমরা করেছি যে সমস্ত পাট কিনে নিতে হবে এবং তা বিক্রি করা দায়িত্ব গ্রহন করতে হবে এবং পাটের একটা ভালো মতন দাম দিতে হবে। গত বারে ৯৫০ টাকা থেকে ১০০০ টাকা পর্যন্ত দাম উঠেছিল। তারপরে এ বারে বাফার ক্রপ হয়েছে, কিন্তু এ বারে কৃষকরা মার খাচ্ছে, ঠিক মত দাম পাচ্ছে না।

[2.30 P.M. to 2-40 P.M.]

আমরা জানি পাট এবং আখ চাষে সব চেয়ে বেশী কেমিক্যাল ফার্টিলাইজার দরকার হয়। যদি চাষীরা এ বাবে পাট চাষ করে মার খায় তাহলে তারা আর পাট চাষ করবে না। গত বারে ঠিক মত দাম পেয়েছিল বলে যে সমস্ত জায়গায় পাট চাষ হয় না বা কম হয় সে সমস্ত জায়গায় এ বারে প্রচুর পরিমানে পাট চাষ হয়েছিল, কিন্তু এই পাট চাষ করে আজকে তারা মার খাচ্ছে। আমরা আলুর ক্ষেত্রে রাজ্য সরকারকে যে কথা বলেছিলাম, "সাবসিডি দিয়ে রাজ্য সরকার আলু কিনে নিক, কৃষকরা বাঁচুক এবং অসময়ে সেই আলু রাজ্যের মানুষের কাছে ন্যায্য মুল্যে বিক্রি করে, তাদের সাহায্য করা হোক।" সেই কাজ যদি করা হত তাহলে রাজ্যের আলু চাষীরা মরত না এবং রাজ্যের সাধারণ মানুষও ন্যায্য মুল্যে কিনে খেতে পারত। কিন্তু রাজ্য সরকার সে ব্যবস্থা করলেন না। আলুর ক্ষেত্রে হোডাররা, ফাটকাবাজরা যেভাবে সুযোগটা গ্রহণ করেছিল, এক্ষেত্রেও সেই জিনিস হতে চলেছে। কৃষকদের আজকে ডিসট্রেস সেল করতে হচ্ছে। আজকে রাজ্য সরকার সাবসিডি দিয়ে পাট কিনে সেই পাট বিভিন্ন ওয়ার হাউসে এবং বিভিন্ন জায়গায় গুদাম ভাড়া করে রাখতে পারেন এবং পরবর্তীকালে প্রয়োজন অনুযায়ী সেই পাট পাট-কল গুলির মধ্যে লুম অনুসারে ডিসট্রিবিউট করতে পারেন। আমি বলতে চা-ই না যে, এই সময়ের মধ্যে রাজ্য সরকারের পক্ষে সমস্ত কিছু করা সম্ভব। কিন্তু যেটুকু তাঁরা করতে পারেন সেটুকু অন্তত করলে আমরা তাঁদের সাধুবাদ জানাতে পারি। তা না করে শুধু বক্তৃতা দিয়ে কোনো লাভ হবে না। ভক্তিবাবু একটু আগে বললে, বক্তৃতা যেন শুধু বক্তৃতার জন্যই না হয়। আমি তাই বলছি, রেজলিউসন ফর রেজলিউসন্স সেক, যেন না হয়, এ কে এফেক্টিভ করতে হবে এবং এফেক্টিভ করার ক্ষেত্রে রাজ্য সরকারেরও কিছু দায়িত্ব আছে। আগে নিজেদের দায়িত্ব পালন করে তারপর পরবর্তী পর্যায়ে অন্যান্য দাবী পূরণের জন্য চাপ সৃষ্টি করতে এগিয়ে গেলে নিশ্চয়ই আমাদের আপত্তি থাকবে না। আজকে অবস্থাটা কোথায় দাঁড়িয়েছে! আমরা নিশ্চিত জানি এ বারে সমস্ত পাট হোর্ড হবে এবং তার পরে দেড় হাজার, দু হাজার টাকা দামে বিক্রী হবে, ইনডাষ্ট্রিয়ালিষ্টদের কাছে বিক্রী করার চেষ্টা করা হবে। আজকে যদি ২০ টি জুট মিল বন্ধ হয়ে ১ লক্ষ শ্রমিক ছাঁটাই হয়ে থাকে, এই অবস্থায় যদি রাজ্য সরকার সচেতন না হন, জে. সি. আই. যদি তাদের কর্তব্য পালন না করে তাহলে আগামী দিনে ৪০/৪৫টি জুট মিল বন্ধ হয়ে যাবে দু লক্ষ থেকে আড়াই লক্ষ মানুষের রুটিরুজি কেড়ে নেওয়া হবে। সুতরাং কৃষক এবং শ্রমিকদের স্বার্থে এবং সেই সঙ্গে পশ্চিম বাংলার সমগ্র ইকনমির স্বার্থে রাজ্য সরকারকে সচেতন হতে অনুরোধ করছি। পাট চাষ এবং পাট শিল্পের সঙ্গে পশ্চিমবঙ্গের অর্থনীতি অঙ্গাঙ্গীভাবে জড়িত।

স্যার, আমরা জানি এ-বিষয়ে কমলবাবু একটু সংকীর্ণতা দোষে দুষ্ট। কমলবাবু সমস্ত দায় চাপিয়ে দিচ্ছেন জে. সি. আই'র ওপরে, তাঁর অভিমত হচ্ছে রাজ্য সরকারের কোনো দায় নেই। কিন্তু এটা কি কখনও সম্ভব! যে শিল্পের সঙ্গে লক্ষ লক্ষ মানুষ যুক্ত রয়েছে, রাজ্যের অর্থনীতি যার সঙ্গে যুক্ত তার সম্বন্ধে রাজ্য সরকারের কোনো দায়িত্ব নেই! স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, রাজ্যে কত পাট উৎপাদন হয়, কত দরকার, এ সব রেকর্ড রাজ্য সরকারের এগ্রিকালচার ডিপার্টমেন্টের কাছ থেকে আমাদের কাছে দেওয়া হয় না। আমরা চাইলেও পাইনা, আমাদের এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের মুখাপেক্ষী হয়ে থাকতে হয়। সুতরাং নিজেদের অপদার্থতা ঢাকবার জন্য যদি প্রস্তাব নেওয়া হয় তাহলে আমরা সেই প্রস্তাবে নিন্দা করব। কিন্তু ক্ষুদ্র রাজনৈতিক স্বার্থের উর্দ্ধে পৌঁছনর জন্য এগিয়ে আসলে, আমরা নিশ্চয়ই স্বাগত জানাব। সে ক্ষেত্রে স্বাগত জানাবার প্রয়োজন আছে। সুতরাং অতিবিপ্লবী না হয়ে কৃষিমন্ত্রী বাস্তবভিত্তিতে এগিয়ে আসুন, জে. সি. আই'র উপর চাপ সৃষ্টি করুন।

শ্রী ভূপাল পান্ডাঃ—মাননীয় স্পীকার স্যার, আজকে বাংলার গ্রাম জীবনের কৃষক সাধারণের এবং চাষীদের সবচেয়ে বড় সমস্যার বিষয়ে যখন আমরা আলোচনা করছি তখন অনেকেই এই বিষয়টিকে লঘু করে দেখে এবং লঘুত্ব আরোপ করে নানারকম কথাবার্তা বলেছেন। এটা কিন্তু উচিত নয়।

যেখানে বাংলার চাষী রা জীবনমরণ সমস্যার সামনে দাঁড়িয়ে, যেখানে তাদের এই গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনার সময় সেখানে অন্যদিকে জিনিসটাকে ঠেলে দেওয়া উচিৎ নয়। আমি আপনার মাধ্যমে জানতে চাই, আমাদের গত বছরে কিছু পাট বাড়তি ছিল, সেই বাড়তির সঙ্গে এ বছরে যা উৎপাদন হয়েছে তা যোগ হয়ে প্রায় ৯০ লক্ষ টনের মতন হয়ে দাঁড়িয়েছে। এটা আমাদের জানার কথা যে পূর্ববঙ্গ থেকে অর্থাৎ বাংলাদেশ থেকে কিছু পাট এখানে আসে। যেটা আসে সেটা প্রায় ১০ লক্ষ টনের মতন। তাহলে আমাদের ১ কোটি টনের মতন পাট বাজারে আসছে। এখন প্রশ্ন এসে দাঁড়িয়েছে, ১ কোটি টন যেখানে বাজারে আছে সেখানে সুপার বাম্পার ক্রপ হয়েছে বলে প্রচার শুরু হয়ে গেছে। এই প্রচারটা শুরু হয়েছে কেন? পাটের দর কমাবার জন্য এই প্রচার শুরু হয়েছে। কিন্তু নিড উৎপাদন হয়েছে ৯০ লক্ষ টন। এটা সুপার বাম্পার ক্রপ নয়। মিল-মালিকেরা শুধু যে সুপার বাম্পার ক্রপ হয়েছে বলে প্রচার চালাচ্ছে তা নয় এর সাথে সাথে তারা হাত গুটিয়ে বসে আছে যাতে বাজারে পাটের দর দ্রুত নামতে থাকে। এখন এই পাটের দর নামাবার জন্য তারা এইভাবে মিথ্যাপ্রচার চালু করেছে। শুধু তাই নয়, এই চটকলের মিল-মালিকেরা তারা শ্রমিকদের বঞ্চিত করবার জন্য তাদের প্রভিডেন্ট ফান্ডের টাকা এবং এমপ্লয়মেন্ট সিকিউরিটির যে টাকা জমা দিতে হয় সেই টাকাও জমা দিচ্ছে না। সুতরাং একদিকে পাটের দরকে নিচে নামাবার জন্য তারা যেমন হাত গুটিয়ে বসে আছে ঠিক তেমনিভাবে ওরা শ্রমিক সাধারণকে বঞ্চিত করবার জন্য তাদের যে ন্যায্য পাওনা সেগুলি না দিয়ে চৌর্যবৃত্তি অবলম্বন করছে। শুধু তাই নয়, এর সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকার যে অব্যবস্থার মধ্য দিয়ে চটকলের মালিকেরা চলেছেন তার প্রতিকারের জন্য প্রতিশ্রুতি দিয়েছিলেন যে জে. সি. আই প্রচুর পাট কিনবে যদি সরকারের নির্ধারিত দরের নিচে নেমে যায়। কিন্তু জে. সি. আই তা কিনছেন না। এই কথা কেন্দ্রীয় সরকারের নিকট বারে বারে বলা সত্ত্বেও জে. সি. আই বাজারে পাট কিনতে নামেনি। এই রকম অবস্থার মধ্যে শ্রমিকসাধারণ এবং কৃষকসাধারণ যেমন মারা পড়ছে ঠিক তেমনি বাংলার অর্থনীতিও বিপর্যস্ত অবস্থার মধ্যে এনে হাজির করেছে। মিল-মালিকদের এই চক্রান্ত ব্যর্থ করার জন্য এই দাবীগুলি আনা হয়েছে। ঐ মিল-মালিকদের চটকলগুলি জাতীয়করণ করতে হবে এবং সমস্ত ব্যবসাটা এফ. সি. আইকে কন্ট্রোল করতে হবে। ন্যাশনালাইজড্ করবার জন্য আমরা দাবী করছি এবং এর ফলে শ্রমিক, কৃষক এবং আমাদের অর্থনীতির উন্নতি হবে।

শ্রী আবদুল মান্নান ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সরকার পক্ষের মাননীয় সদস্যবৃন্দ পাট-চাষীদের কতকগুলি সমস্যাকে কেন্দ্র করে যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবটিকে প্রথমেই অভিনন্দন জানাচ্ছি তার প্রথম অনুচ্ছেদের জন্য। কারণ তাঁরা অন্তত স্বীকার করেছেন যে ২৩ এপ্রিল, ১৯৭৫ এবং ২৩ এপ্রিল, ১৯৭৬ সালে অর্থাৎ কংগ্রেস পরিচালিত সরকার যে সময়ে পশ্চিমবাংলার বিধানসভায় সংখ্যাগরিষ্ঠ ছিল, তখন তাঁরাও পাটচাষীদের সমস্যা নিয়ে আলোচনা করেছেন এবং পাটচাষীদের সমস্যা দূর করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়েছেন।

[2-40—2-50 P.M.]

এটুকু তাঁরা স্বীকার করেছেন-এজন্য তাঁদের ধন্যবাদ জানাই। আজকে এই প্রস্তাবটি যদি সরকারীভাবে আনা হোত তাহলে আমার মনে হয় ভাল হোত। কারণ, দেখে মনে হচ্ছে যেন বামফ্রন্টের পক্ষ থেকেই প্রস্তাবটা আসছে এবং সেখানে কিছু কিছু রাজনৈতিক রং চাপাবার চেষ্টা হচ্ছে। আমরা বিগত আট বছর ধরেই দেখে আসছি যে, বিভিন্ন সময়ে নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্য সমস্ত কিছুর দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপর চাপিয়ে দেওয়া হয়। পাটচাষীদের সমস্যা, তাদের উৎপাদন মূল্য বেশী পড়ে যাওয়া ইত্যাদি বিষয়ে আলোচনা করার দরকার আছে। কিছুদিন আগে এই হাউসে প্রশ্নোত্তর পর্বে আমাদের বিরোধী দলনেতা মাননীয় কৃষিমন্ত্রীকে এ-বিষয়ে কিছু জিজ্ঞাসা করেছিলেন এবং উত্তরে তিনি কিছু উত্তর পরে দেবেন বলে বলেছিলেন। সেখানে আমরাও কিছু প্রশ্ন করেছিলেন তাঁকে। তার একটি প্রশ্নে তাঁকে জিজ্ঞাসা করেছিলাম, এখানে পাট কর্পোরেশন করে রাজ্য সরকার কেন পাটচাষীদের কাছ থেকে পাট কিনতে পারছেন না? উত্তরে তিনি মহারাষ্ট্রের উদাহরণ দিয়ে বলেছিলেন যে, সেখানে তুলাচাষীদের তুলার যে দাম কেন্দ্রীয় সরকার ধার্য্য করে দেন সেই দামেই তুলাচাষীদের কাছ থেকে তুলা কেনা হয়। বলেছিলেন, "সেখানে তুলা কর্পোরেশন আছে এবং তাঁরাই তুলা কিনে নেন। পাটচাষীদের কাছ থেকে পাট কেনার অসুবিধা হচ্ছে এই কারণে যে, কেন্দ্রীয় সরকার যে দাম এক্ষেত্রে ঠিক করেছেন তা ন্যায্য নয় বলেই আমরা পাট কিনতে পারছি না।" আজকে এখানে মাননীয় কৃষিমন্ত্রী আছেন, শ্রদ্ধেয় বিনয়বাবু আছেন এবং যাঁরা প্রস্তাবটি এনেছেন তাঁরাও নিশ্চয়ই জবাবী ভাষণে বলবেন। যেখানে পাট কর্পোরেশনের কোন অস্তিত্ব নেই, যেখানে পাট কর্পোরেশনের মাধ্যমে পাট কেনার কোন ব্যবস্থা হোল না, সেখানে পাটের দাম নিয়ে চিৎকার করছেন। এখানে পাট কর্পোরেশন করুন, আমরাও আপনাদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন করবো। যতই কেন্দ্রীয় সরকারের উপর দায়িত্ব চাপিয়ে দেবার চেষ্টা করুন না কেন, আমরা আপনাদের দায়িত্ব এড়িয়ে যেতে দিতে রাজি নই। কেন নিজেদের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপর চাপিয়ে দিচ্ছেন? আজকে পাটচাষীদের উৎপাদন মূল্য বেশী হওয়ার কারণ খুঁজতে গেলে অনেক সমস্যাই এসে যাচ্ছে। গ্রামাঞ্চলে এক এক জায়গায় এক এক রকম উৎপাদন-ব্যয় হয়। কেউ ভাগে চাষ করেন। এক্ষেত্রে পাট যা উৎপন্ন হোল-তার চারের তিনভাগ, কোথায়ও বা অর্দ্ধেক, জমির মালিককে দিয়ে দিতে হয়। হয়ত এক্ষেত্রে এক একর জমিতে ১৫ মন পাট তৈরী হোল, কিন্তু জমির মালিক উৎপাদনের একটা বিরাট অংশ নিয়ে নেওয়ায় ঐ চাষীর কাছে তার পাটের উৎপাদনমূল্য অনেক বেশী পড়ে গেল। আবার যে চাষীর নিজস্ব জমি আছে, সেই জমিতে সে যা উৎপন্ন করলো, সেক্ষেত্রে তার উৎপাদনমূল্য অনেক কমে গেল। এক্ষেত্রে আরো একটি দিক আছে। চাষী বা জমির মালিক যদি বামফ্রন্টের লোক না হন, তাহলে পাটচাষের ক্ষেত্রে মজুর নিয়োগ করতে হলে তাকে সি. পি. এম-এর কৃষক সমিতিকে বেশী টাকা দিয়ে পাট চাষ করতে হয় এবং এর জন্য তার উৎপাদন মূল্য বেশী হয়ে যায়। এই সমস্ত কারণেই বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম উৎপাদনমূল্য হয়। এইসব সমস্যার সমাধান কি করে করবেন সেটা চিন্তা করা দরকার আছে। শুধু একটি

বুলি শিখে রেখেছেন 'কেন্দ্রীয় সরকার করবে, কেন্দ্রীয় সরকার করবে' বলে। আজকে পাটকলগুলি বন্ধ হয়ে যাচ্ছে। আপনারা অনেক বড় বড় শ্রমিক আন্দোলন করেছেন, অনেক শ্রমিক আন্দোলনের কথা বলেছেন। কিন্তু সবকিছুই কি বন্ধ হয়ে যাচ্ছে কেন্দ্রীয় সরকারের জন্য? আপনাদের ট্রেড ইউনিয়নের ঝগড়ার জন্য বন্ধ হচ্ছে না? আজকে আপনাদের ট্রেড ইউনিয়নের নেতাদের গাফিলতির জন্যই এইসব বন্ধ হয়ে যাচ্ছে। এক্ষেত্রে কোন প্রতিকার করতে পারছেন? আজকে পাটচাষীদের যে সমস্যা, সেই সমস্যাকে রাজনৈতিক দৃষ্টিভঙ্গী দিয়ে বিচার করলে হবে না। এটা শুধু বামফ্রন্ট সরকারেরই সমস্যা নয়, এটা আপনাদের এবং আমাদের সকলেরই সমস্যা। এই সমস্যার একটা সমাধান করতে হবে।

আমি সেই জন্য মাননীয় সদস্যদের অনুরোধ করবো আমাদের পক্ষ থেকে যে সমস্ত সংশোধনী দেওয়া হয়েছে সেইগুলি গ্রহণ করে নিন। তাহলে আমরা যৌথভাবে পাটের সমস্যা দূর করার জন্য চেষ্টা করতে পারি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ ইমাজুদ্দিন ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় মাননীয় সদস্য কমল সরকার, ভক্তিভূষণ মণ্ডল এবং অন্যান্য সদস্যরা প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব সম্পর্কে আমি আলোচনা করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামের কৃষকরা আজ অবহেলিত, তারা ফসলের ন্যায্য মূল্য পায় না। গ্রামে সকল মানুষ আজকে বলে সরকার সে কেন্দ্রীয় সরকারই হোক আর পশ্চিমবঙ্গ সরকারই হোক তাদের জন্য কেউ কিছু করছে না। এখন গ্রামের লোকেরা বলছে কৃষি কাজ আর লাভজনক নয়। সেইজন্য তারা তাদের জমি জমা বিক্রি করে দেবার চেষ্টা করছে। কৃষি জমিতে ফসল উৎপন্ন করার জন্য যে টাকা-পয়সা লাগছে সেই টাকা তারা ফসলের মাধ্যমে তুলতে পারছে না। আপনারা জানেন যে পাট নিয়ে এখন প্রচণ্ড সমস্যা চলছে। চাষীদের মধ্যে যারা পাট চাষ করছে সেই পাট চাষ করতে গিয়ে ১ বিঘা জমির পেছনে খরচ হচ্ছে ১ হাজার টাকার মত। বর্তমানে যে পাটের দর তাতে কুইন্টাল প্রতি ২৩০ টাকা থেকে ২৫০ টাকা পাওয়া যাচ্ছে। এক বিঘা জমি চাষ করে যা পাট উৎপাদন হচ্ছে তাতে সেই পাট বিক্রি করে খরচের টাকা উঠছে না। বিঘা প্রতি ২০০ টাকা ৩০০ টাকা লোকসান হচ্ছে। কাজেই এটা একটা ছোট ব্যাপার নয়, পাটচাষীকে কিভাবে রক্ষা করা যায় সেটা দেখতে হবে। গ্রামের কৃষকদের যদি রক্ষা করতে না পারা যায় তাহলে পশ্চিমবাংলার অর্থনীতি ভেঙ্গে পড়বে। এর ফলে দেশের মধ্যে একটা কঠিন সংকট দেখা দেবে। এখানে মাননীয় সদস্যরা যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের উপর আমাদের কয়েকজন মাননীয় সদস্য কতকগুলি সংশোধনী এনেছেন। মাননীয় সদস্যগণ যদি এই সংশোধনীগুলি গ্রহণ করেন তাহলে এই প্রস্তাব সর্বাঙ্গীন সুন্দর হবে। এখানে যে প্রস্তাব আনা হয়েছে সেটার ব্যাপারে বিরোধীতা করার কিছু নেই। কেননা পাট বা পাটজাত দ্রব্য জাতীয়করণ হোক এটা তো ভাল কথা। কিন্তু জাতীয়করণ হলেই যে পাটের দর বেড়ে যাবে এবং কৃষকদের সমস্যার সমাধান হয়ে যাবে এই কথা আমি বিশ্বাস করি না। আমরা জানি পাটকে নিয়ে একটা শিল্প গড়ে উঠেছে, সেটা জাতীয়করণ করা দরকার। কিন্তু পাট নিয়ে অনেক সমস্যা রয়ে গেছে। আমরা জানি গতবারে পাট ১০০০-১২০০ টাকা কুইন্টাল প্রতি বিক্রি হয়েছে। কিন্তু এবারে সেই পাট ২৫০ টাকা কুইন্টাল বিক্রি হচ্ছে। এই অবস্থার কথা ভাবতে পারা যায় না। তার উপর আবার দালাল আছে, তারা পাট চাষীদের থেকে সস্তায় কিনে নিয়ে গুদামজাত করে। সেখানে চাষীরা তাদের ন্যায্য মূল্য পায় না। আরো একটা ব্যাপার এবারে কিছু দিন আগে আপনারা জানেন পাট নিয়ে গ্রাম-বাংলা বন্ধ ডাকা হয়েছিল। সরকারী শরিক দল ফরওয়ার্ড ব্লক-এর নেতৃত্বে গ্রাম-বাংলা বন্ধ ডাকা হয়েছিল। কিন্তু এতে কাজের কাজ কিছু হয় নি। অনেকে বলছেন রাজনৈতিক ফয়দা লোটবার জন্য এই বন্ধ পালন করা হয়েছে। তার মধ্যে আন্তরিকতা কিছু ছিল না। পাটের দর যখন বাঁধা হয় তখন বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী সেই ঘরে উপস্থিত ছিলেন। পাটের যে দর বাঁধা হয় সেটা মোটেই গ্রহণযোগ্য নয়। সি. পি. এম-এর লোকেরা এই বন্ধের বিরোধীতা করেছে। কাজেই পাট নিয়ে আমাদের ভাবনা চিন্তা করে একটা কিছু করা দরকার। কেননা পাটের দর ঠিকমত না পাওয়ায় চাষীরা নানা দিক থেকে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

[2-50—3-00 P.M.]

আপনারা জানেন যে এবারে বাম্পার পাট উৎপাদন হয়েছে। পাটের উৎপাদন এবারে বেশী হওয়ার জন্য পাটের দাম কমে গেছে-সাধারণ মানুষের মনে এইরকম একটা ধারণা হয়েছে। এই শিল্পকে যদি বাঁচাতে হয়, তাহলে পাটের উৎপাদনের ক্ষেত্রে নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রবর্তন করা যেতে পারে। আপনারা জানেন যে, এই বাংলার প্রধানমন্ত্রী হিসাবে যখন ফজলুল হক ক্ষমতায় ছিলেন তখন 'জুট রেগুলেশানস্ এ্যাক্ট' বলে একটা আইন পাশ করেছিলেন। পাটের উৎপাদন বেশী হওয়ার ফলে যদি পাটের দাম অস্বাভাবিকভাবে পড়ে যায়, তাহলে উৎপাদনের ক্ষেত্রে নিয়ন্ত্রণ নিশ্চয়ই থাকা দরকার। কেননা, পাটচাষীরা মাথার ঘাম পায়ে ফেলে পাট উৎপাদন করে বাজারে উপযুক্ত দাম পাবে না, পড়ে পড়ে মার খাবে, এটা কখনই মেনে নেওয়া যায় না বা ঠিকও নয়। আমরা পাটচাষীদের কাছাকাছি থাকি, সুতরাং আমরা জানি তাঁরা কি নিদারুণ কষ্ট স্বীকার করে পাট উৎপাদন করেন। আমরা জানি, এই পাটচাষীরা পাট উৎপাদনের জন্য বাড়ীর মেয়েদের অলংকারাদি, ঘটিবাটি বন্ধক দিয়ে টাকা সংগ্রহ করে থাকেন। এই অবস্থার পরে যদি তাঁরা উৎপাদন ব্যয় না ওঠাতে পারেন, তাহলে কি দুরাবস্থার মধ্যে দিন কাটাতে হয় তা সহজেই অনুমান করা যায়। গ্রামাঞ্চলে পাটচাষীরা এখন মাথায় হাত দিয়ে বসে আছেন। এই পাট শিল্পের উন্নতির জন্য আমাদের সকলকে দৃষ্টি দিতে হবে। কিন্তু সবকিছু কেন্দ্র করে দেবে, রাজ্য সরকারের এই ব্যাপারে কোন দায়িত্ব নেই, এটা ঠিক নয়। মাননীয় কমলবাবু এখানে যে প্রস্তাব এনেছেন, তাতে কেন্দ্রীয় সরকারের উপর সমস্ত দায়-দায়িত্ব চাপিয়ে দিয়েছেন এবং বলেছেন যে এই ব্যাপারে রাজ্য সরকারের কোন দায় দায়িত্ব নেই। আমি মনে করি রাজ্য সরকারের এই ব্যাপারে যথেষ্ট দায়িত্ব আছে এবং তাঁরা তা পালন করলে পাট শিল্পের নিশ্চয়ই উন্নতি হবে। সেই সাথে সাথে পাটচাষীরা দুরাবস্থা থেকে মুক্ত হবেন। আমি এই সঙ্গে মাননীয় সদস্যকে অনুরোধ জানাই যে, আমি এখানে যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি তা গ্রহণ করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য কমল সরকার প্রমুখ অন্যান্যরা পাটচাষীদের উপর যে প্রস্তাব এনেছেন, আমি তার প্রতি সমর্থন জানাই। এই প্রস্তাবকে আরও সর্বাঙ্গসুন্দর করার জন্য আমি দুটি এ্যামেন্ডমেন্ট দিয়েছি, সেই এ্যামেন্ডমেন্ট দুটি সম্পর্কে পরে বলব যে এর যৌক্তিকতা কোথায় এবং কেন তাঁরা সেই দুটি এ্যামেন্ডমেন্ট বিবেচনা করে দেখবেন। পাটচাষীদের সমস্যার কথা সকলেই স্বীকার করেছেন। এবারে পশ্চিম বাংলায় কাঁচা পাটের দাম অস্বাভাবিক রকম পড়ে গেছে এবং তা এত মারাত্মকভাবে পড়ে গেছে যে এই পরিস্থিতিতে পাটচাষীদের অবিলম্বে সাহায্য করা প্রয়োজন। এই ব্যাপারে কিছু সাজেশান এখানে এসেছে।

গতবারে পাটের বাজার দাম যেখানে ৮০০-১০০০-১২০০ টাকা পর্য্যন্ত ছিল, এবারে তা কমে গিয়ে ৩৫০ টাকা থেকে ৩০০ টাকায় এসে দাঁড়িয়েছে। এবারে পাটের দাম এত পড়ে গিয়েছে তার কারণস্বরূপ বলা হচ্ছে যে বাড়তি উৎপাদন হয়েছে। কিন্তু গতবারের তুলনায় এমন কিছু বাড়তি উৎপাদন হয়নি যে

দাম এত পড়ে যেতে পারে। গতবারে যেখানে উৎপাদন হয়েছিল ৭.৩ মিলিয়ন বেল, সে তুলনায় এবারের উৎপাদন হচ্ছে ৮ মিলিয়ন বেল। অর্থাৎ উৎপাদন বেশী হলেও এমন কিছু বেশী উৎপাদন হয়নি। সারপ্লাস উৎপাদন হয়েছে বলে যা বলা হচ্ছে তার পিছনে একটা কনস্‌পিরেসি আছে। এই কনস্‌পিরেসি হচ্ছে এই রকম যে, পাটের মরশুমে ২১শে মে তারিখে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পাটের সর্বোচ্চ মূল্য বেঁধে দেওয়া হয়েছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে এবং জুট মিলস্‌ এ্যাসোসিয়েশনের প্রতিনিধিদের নিয়ে গ্রেট ইষ্টার্ন হোটেলে চুক্তি হয়েছে অত্যন্ত নিম্নতম হারে, সেই সঙ্গে পাটের সর্বোচ্চ মূল্যও বেঁধে দেওয়া হয়েছে। এই চুক্তির অবশ্যম্ভাবী পরিণতি হচ্ছে আজকের অবস্থা। ওঁরা আর্টিফিসিয়ালি পাটের বাজারে একটা মন্দা সৃষ্টি করে দিয়েছে, যাতে পাটের বাজার দর পড়ে যায়। এটা কেন করল? জুট ব্যারন, চটকল মালিকদের অন্যায় আব্দারের কাছে কেন্দ্রীয় সরকার সম্পূর্ণভাবে আত্মসমর্পণ করেছে। এই ব্যাপারে রাজ্য সরকারের যে দায়িত্ব ছিল, তা তাঁরা পালন করেন নি। আমরা সবাই জানি, গতবারে যে আব্দার চটকলের মালিকরা করেছিল; তারা গতবারে দাবী করেছিল যে বন্ধ চটকলগুলি খোলার জন্য তাদের সস্তা দামে পাট সংগ্রহ করে দিতে হবে।

এইভাবে অন্যায় আবদার তারা করেছে যাচ্ছেন হাজার হাজার টাকার পাট কিনে তারা প্রচুর মুনাফা অর্জন করছেন, এইভাবে জুট ব্যারনস্‌রা একটা পজিং নেওয়ার চেষ্টা করছে। ফলে আজকে পাটের দর ষড়যন্ত্র করে এমন একটা জায়গায় রেখেছেন যে যার জন্য চটকলগুলি খোলা যাবে না। এইভাবে জুট ব্যারনস্‌রা একদিকে এবং চটকলের মালিকরা একদিকে থেকে এই শ্রমিকদের উপর শোষণ করছে এবং মোটামোটা টাকা তারা ফরেন একসচেঞ্জ আর্ন করেছে এবং দুঃস্থ পাটচাষীদের মারবার চেষ্টা করছে। কেন্দ্রীয় সরকার আবার তাদের এই প্রেসার ট্যাকটিসে নিজেকে আত্মসমর্থন করেছেন, দিস ইজ দি কনস্‌পিরেসি। সবচেয়ে দুঃখজনক ঘটনা যে সেই কনস্‌পিরেসিতে আমাদের মুখ্যমন্ত্রী জড়িত আছেন। ২১ মে গ্রেট ইষ্টার্ন হোটেলে যে চুক্তি হল সেই চুক্তিকে আমাদের মুখ্যমন্ত্রী সমর্থন করলেন। এই যে পাটের সর্বনিম্ন দর ধার্য্য করা হয়েছে এর বিরুদ্ধে উত্তরবঙ্গের জিলায় জেলায় পাট চাষীরা এবং গোটা দেশের মানুষ এবং সব পার্টির লোকেরা এর বিরুদ্ধে প্রতিবাদ করেছেন, আন্দোলন করেছেন। এই ঘটনার ফলে আজকে পাটের দর এতো কমে গেছে যে চিন্তা করা যাচ্ছে না। বাজারে নাকি কাঁচাপাট পাওয়া যাচ্ছে না। কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে জুট করপোরেশান পাট কিনতে নামবেন অথচ এখনো পর্যন্ত পাট কেনার জন্য কোন উদ্যোগ দেখা যাচ্ছে না। এই যে মূল্য ধার্য্য করা হয়েছে এতে তো উৎপাদন খরচাও অর্দ্ধেক উঠবে না। এর সাপোর্ট প্রাইজ বাড়ানোর দরকার যাতে এক ন্যূনতম নির্দ্ধারণ মেটাতে পারে। এই বিষয়ে আমার একটা সংশোধনী প্রস্তাব রেখেছি। আপনারা পাটের ন্যূনতম মূল্য ৬০০ কুইন্টাল করার কথা বলেছেন, আমার প্রস্তাব হচ্ছে ওই ৬০০ কুইন্টালের জায়গায় ওটা ৮০০ টাকা কুইন্টাল করা উচিত, এটা আমি সবচেয়ে লোয়েস্ট কোয়ালিটির পাটের কথা বলেছি। আমি এই যে প্রস্তাবটি দিয়েছি এটা কোন হুইমসিক্যালি বলিনি। এটা শুদ্ধ করমূলা অনুসারে ১৯৩৭ সালে বিধানপরিষদে এই বিষয়ে একটা সর্বদলীয় সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে পাটের ন্যূনতম মূল্য যা হবে তা হচ্ছে ১:২ রেসিও অনুসারে। অর্থাৎ সমগ্র চালের দর যে দর থাকে পাটের দর তার দ্বিগুণ থাকবে। আজকে ৪০০ টাকা কুইন্টাল যদি চালের দর হয় তাহলে পাটের দর হওয়া উচিত ৮০০ টাকা কুইন্টাল। উৎপাদন খরচ যেভাবে বাড়ছে সেখানে ৮০০ টাকা কুইন্টাল ন্যূনতম মূল্য না দিলে পাট চাষকে বাঁচানো যাবে না। ওই ন্যায্য মূল্য দিলে তবেই পাট চাষকে বাঁচানো সম্ভব। এই বিষয়ে আমার একটা এ্যামেণ্ডমেণ্ট আছে যে এটা ৬০০ টাকা কুইণ্ট্যালের পরিবর্তে ৮০০ টাকা কুইন্ট্যাল করা হোক এবং এই এ্যামেন্ডমেন্ট আমি এনেছি। এই ব্যাপারে আমার বক্তব্য আজকে জুট ব্যারনস্‌রা এবং চটকল মালিকরা পাটের ভাগচাষীদের যেভাবে পর্যুদস্ত করছে তাতে পাটশিল্পকে অবিলম্বে জাতীয়করণ করা দরকার অর্থাৎ টৌটাল মোনোপলি হওয়া দরকার। সরকারই এক হাতে পাট কিনবে অর্থাৎ পারচেজ করবে আর আরেক হাতে সেটা বিক্রি করবে। তা হলে পরে যদি পাটশিল্পকে বাঁচানো যেতে পারে। এই বিষয়ে আমার একটা সাজেশান আছে। সেই সাজেশানটি হচ্ছে যে আমরা যে কেন্দ্রীয় সরকারের কাছে যে প্রস্তাব রেখেছি তার জন্য আমাদের চাপ সৃষ্টি করতে হবে, আন্দোলন করতে হবে। শুধু এইটুকুই নয়, এই আন্দোলন করার সাথে সাথে পাটচাষীদের স্বার্থের দিকে তাকিয়ে রাজ্য সরকারকে হাত পা গুটিয়ে বসে থাকলে চলবে না। তাদের তরফ থেকে প্রয়োজন হলে পাট চাষকে বাঁচাবার জন্য বিভিন্ন কো-অপারেটিভের মাধ্যমে চাষীদের ন্যায্য মূল্যে পাট ক্রয় করবার উদ্যোগ নিতে হবে। এই সাজেশানটি আমি পরবর্তী যে এ্যামেন্ডমেন্ট এনেছি তাতে রেখেছি। এই পদক্ষেপ ছাড়াও রাজ্য সরকার তার প্রয়োজনে এই সমবায়ের মাধ্যমে পাটচাষীদের কাছ থেকে ন্যায্য মূল্যে পাট ক্রয় করবেন এই দায়িত্ব নিতে হবে।

[3-00—3-10 P.M.]

আজকে চটকলের মালিকরা তাদের শ্রমিকদের মধ্যে পাটের দর সংশোধনের ক্ষেত্রে পাটচাষীদের মধ্যে বিরোধ বাড়াবার চেষ্টা করছে। তারা এইভাবে চাপ সৃষ্টি করে শ্রমিকদের মারতে চাচ্ছে, অপরদিকে কৃষকদের মারতে চাচ্ছে। তাদের এই আক্রমণের বিরুদ্ধে সমস্ত মেহনতী মানুষদের ঐক্যবদ্ধভাবে আন্দোলন গড়ে তুলতে হবে এবং তার জন্য সরকারের কাছে প্রয়োজনীয় দাবী রাখতে হবে। সেজন্য যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করি এবং প্রস্তাবকে সর্বাঙ্গ করার জন্য যে দুটি [illegible] আমি এনেছি আশাকরি প্রস্তাবক তার যৌক্তিকতা স্বীকার করে তা গ্রহণ করবেন।

শ্রী কমলকান্তি গুহ ঃ—স্যার, শ্রী কমল সরকার পাট সম্বন্ধে যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে ২/১টি কথা বলতে চাই। অবিভক্ত বাংলায় এই বিধানসভার কক্ষে ৪৮ বছর আগে ২রা সেপ্টেম্বর কৃষি ব্যয় বরাদ্দ আলোচনার সময়ে মাননীয় সদস্যরা পাট সম্বন্ধে যে কথা বলেছিলেন তা দিয়ে আমি আমার বক্তব্য শুরু করব প্রজা পার্টির সদস্য মৌলবী আবদুল হাকিম সাহেব বরাদ্দের বিরোধীতা করে বলেছিলেন পাটচাষীরা ধ্বংস হয়ে যাচ্ছে বলে পাটের সর্বনিম্ন দর এখনই বাঁধা দরকার। সেদিন অন্যান্য এম. এল. এ সামসুদ্দিন সাহেব বলেছিলেন ১মণ পাট তৈরী করতে খরচ পড়ে ৬ টাকা, অথচ বাজারে তখন বিক্রি হচ্ছে সাড়ে চার পাঁচ টাকায়। সুতরাং তিনি বলেন এখনই সরকার থেকে সর্বনিম্ন দর বেঁধে দিয়ে কৃষককে বাঁচান হোক। এই সর্বনিম্ন দরের কথা আমরা বহুদিন ধরে বলে আসছি এবং সর্বনিম্ন দর বেঁধে দিয়ে কৃষকদের ক্ষতির হাত থেকে বাঁচানোর জন্য কেন্দ্রের কাছে বারবার বলেছি। কেন্দ্রীয় সরকার কৃষিপণ্য মূল্য কমিশনের সুপারিশে যে দর বেঁধেছেন সেটা ন্যায্য দর নয়, মাত্র সহায়ক মূল্য। এখানেও বলে দেওয়া হয়েছে এই দরের নীচে যদি দর নামে তাহলে জে. সি. আই পাট কিনবে না। কাজেই প্রথমেই কৃষককে শোষণ করার ব্যবস্থার মধ্যে দিয়ে থেকে যাচ্ছে। কংগ্রেস সদস্যরা কাঁচা পাট এবং পাটজাত দ্রব্যের তুলনা করলেন না। পাটজাত দ্রব্যের দাম কিভাবে বেঁধেছেন এবং কাঁচা পাটের দাম কি সেটা তুলনা করলে দেখব যে ১৯৬১ সালকে যদি ১০০ ধরি তাহলে ১৯৭৪ সালে ২১ সেপ্টেম্বর কাঁচা পাটের মূল্য ছিল ১৮৭ টাকা। অর্থাৎ ৬০/৬১ সালে যদি মূল্য ধরি ১০০ তাহলে ৭৪ সালে তা ৮৭ ভাগ বৃদ্ধি হল। সেখানে পাটজাত দ্রব্যের ক্ষেত্রে ৬০/৬১ সালকে যদি ১০০ ধরি তাহলে ৭৪সালে সেটা বেড়ে দাঁড়াল ২৮৪—অর্থাৎ ১৮৪%বৃদ্ধি পেয়েছে। এইভাবে কাঁচা পাট এবং পাটজাত দ্রব্যের মধ্যে ফারাক প্রচন্ড থেকে গেছে। অথচ জুট মিল মালিকরা বারবার চিৎকার করছেন আমাদের পোষাচ্ছে না।

আর একটা বিভ্রান্তির মধ্যে আমরা পড়েছি; বলা হয় যে আড়তদাররা, দালালরা, ফড়িয়ারা কাঁচা পাট কিনে কালোবাজারী ফাটকাবাজারী করে, ফলে পাটের অস্বাভাবিক দাম কমে যায়, কোন সময়ে বেড়ে যায়। কিন্তু পাশাপাশি একটা সত্য জিনিস আছে সেটা হচ্ছে মিল মালিকরা সোজাসুজি পাট কেনে। গত বছর মিল মালিকরা নিজেরা সোজাসুজি পাট কিনেছে হাজার টাকায়, ১২ শো টাকায়। তাদের যদি পড়তা না পড়ত তাহলে তারা কিনত কি করে? কাঁচা পাট বিদেশে চালান যায় না, যায় পণ্যদ্রব্য। ১৯১৬ সালে ইংরাজ রাজত্বের প্রথম পাটজাত দ্রব্য রপ্তানির উপর রপ্তানি শুল্ক ধরা হল। ১৯৪৬ সালে টন প্রতি ঐ শুল্ক ছিল ১৬ টাকা, সেটা বৃদ্ধি হল ৮০ টাকায়। এখন সেটা বাড়তে বাড়তে টন প্রতি দাঁড়িয়েছে ৬০০ টাকায়। তাহলে বিদেশে পাটজাত দ্রব্য যাচ্ছে, তার বাজার আছে, বিক্রি হচ্ছে এবং কেন্দ্রীয় সরকার সেজন্য রপ্তানি শুল্ক বাড়াতে বাড়াতে আজকে ৬০০ টাকায় দাঁড় করিয়েছেন। অথচ কেন্দ্রীয় মন্ত্রী চন্দ্র শেখর সিং এখানে এসে বলেছিলেন পাটেতে লোকসান হচ্ছে, এত দামে পাট কেনা চলছে না। তা যদি হয় তাহলে কেন্দ্রীয় সরকারকে আজকে পাটজাত দ্রব্যের উপর থেকে রপ্তানি শুল্ক কমিয়ে দেওয়া দরকার, বিদেশের বাজারে পাটজাত দ্রব্য কমপিটিসানে পারছে না, সেজন্য রপ্তানি শুল্ক কমিয়ে দেওয়া হোক। কিন্তু সেটা হচ্ছে না, উল্টে সব বাড়ছে। শুধু রপ্তানি শুল্ক নয়, এক্সাইজ ট্যাকসও পাটজাত দ্রব্যের উপর দারুন বেড়ে যাচ্ছে। কাজেই এখানে কথার মধ্যে অসঙ্গতি দেখা যাচ্ছে। কাঁচা পাট বিদেশে যায় না, পাটজাত দ্রব্য যায়। পাটজাত দ্রব্য—যেমন গানি ব্যাগ। যেখানে আমাদের দেশে ৮ শো টন খাদ্যদ্রব্য হত সেটা আজকে ১২/১৩ শো টনে দাঁড়িয়েছে, এরজন্য ব্যাগের দরকার আছে। বলা হচ্ছে যে কাঁচা পাটের বাজার নেই। যেখানে একটা বস্তা তৈরী করতে ১ কে. জি. পাটের দরকার হয় সেখানে আজকে সেই ১ কে. জি. পাটের দর হচ্ছে ৩ থেকে ৩.৫০ টাকা, অথচ একটা বস্তা কিনতে গেলে তার দাম পড়ে ১২ টাকা থেকে ১৪ টাকা। ১ কে. জি. দড়ি যদি কিনতে হয় তাহলে তার দাম পড়ে ১৬ টাকা থেকে ২০ টাকা। এখন ১ কে. জি. পাট বিক্রি হচ্ছে ৩ টাকায় বা তারও কমে। কাজেই পাটকলের মালিকরা যে এই ধরণের কথা বলছেন এই কথার মধ্যে কোন সত্যতা নেই। ৪৮ বছর আগে সৈয়দ জালালউদ্দিন এই কথা বলেছেন যে যত নষ্টের গোড়া হচ্ছে জুট মিল এ্যাসোসিয়েশান, এরা দিনের পর দিন শোষণ চালিয়ে আসছে। বলা হচ্ছে হত বছর পাটের উৎপাদন কমে গিয়েছিল, সেজন্য পাটের দাম বেশী হয়ে গিয়েছিল। গত বছর ১৯৮৩-৮৪ সালে পশ্চিমবঙ্গে পাটের উৎপাদন হয়েছিল ৪০ লক্ষ বেল, আর গত বছর পাটের দরকার ছিল ৪৮ লক্ষ বেল। এবারে সেখানে কি হবে আমরা জানি না। কারণ, জলের অভাব, মুর্শিদাবাদ, নদীয়া জেলার অনেক জায়গায় পাট কাটতে পারছে না, সেক্ষেত্রে ৪২ থেকে ৪৪ লক্ষ বেল পাট হতে পারে। কিন্তু আমাদের দরকার হচ্ছে ৮০ লক্ষ বেল পাটের। সুতরাং পাটের উৎপাদন গত বছর এমন কম হয়নি যার জন্য পাটের দাম বেড়ে গেছে। আসলে সমস্ত জিনিসটা শোষণ থেকে হচ্ছে। ১৯৩৭ সালে এই বিধানসভায় সমস্ত এম এল এ-রা মিলে প্রস্তাব করেছিলেন যে এক মন পাট বিক্রি করে যদি ৩ মণ ধান কিনতে পারে তাহলে কৃষকরা বাঁচবে, কিন্তু তৎকালীন ইংরেজ সরকার সেটা মানেননি। ১৯৫৪ সালে দেশ স্বাধীন হওয়ার পর একটা কমিটি হল, তথ্য অনুসন্ধান করে এই কমিটি ঠিক করবেন যে পাটের দর কত হওয়া উচিৎ।

[3-10—3-20 P.M.]

সেই কমিটি সুপারিশ করলেন ১ মণ পাট বিক্রি করে যাতে কৃষক ২ মণ ধান কিনতে পারে সেই ব্যবস্থা করা হোক। কিন্তু সেই প্রস্তাব তদানীন্তন প্রধানমন্ত্রী পন্ডিত নেহরু মানলেন না। ১৯৭৩ সালে আবার একটা কমিটি হল পাটের মূল্য কি হতে পারে সে সম্বন্ধে অনুসন্ধান করে রিপোর্ট দেওয়া হোক। সেই কমিটি রিপোর্ট দিল ১ মণ পাট বিক্রি করে কৃষক যদি ১ মণ ধান কিনতে পারে তাহলে তাদের পোষাবে। এই রিপোর্টকে স্বাগত জানালেন পশ্চিমবাংলার সন্তান দেবপ্রসাদ চ্যাটার্জী। তিনি বললেন ৩০/৪০ দশকে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল ১ মণ পাট বিক্রি করে ৩ মণ ধান কিনবে এই নীতি বদলাতে হবে, এটা পুরান নীতি। ১ মণ পাটের বদলে ১ মণ ধান কিনতে পারবে সেই ব্যবস্থা করতে হবে। কাজেই আমরা বুঝতে পারছি কি ব্যাপার হচ্ছে। আসল কথা হচ্ছে, কৃষককে শোষণ করবার ষড়যন্ত্র চলছে। কর্পোরেশন করা হোক তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু মাননীয় সদস্য কমল সরকারকে বুঝতে হবে ৩ বছর আগে পাটের দর যখন একদম কমে গেল এবং জে সি আই বা চটকল মালিকরা যখন পাট কিনছে না তখন এই বিধানসভায় মুখ্যমন্ত্রীর ঘরে একটা মিটিং হয়েছিল এবং সেখানে চটকল মালিকরা বললেন আমাদের টাকা নেই, পাট কিনতে পারব না। তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন ৮০ কোটি টাকা দেওয়া হবে আপনারা একটা বাফার সংকট তৈরী করুন। তাঁরা ৮০ কোটি টাকা পেলেন কিন্তু ১ ছটাক পাট তাঁরা কিনলেন না। তাঁরা সেই ৮০ কোটি টাকা অন্য জায়গায় বিনিয়োগ করলেন। কিন্তু দুঃখের বিষয় কেন্দ্রীয় সরকারের সাহস হল না তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করতে। তাঁরা এতই পাওয়ারফুল, এতই স্বেচ্ছাচারী। আমরা কর্পোরেশন করলাম কিন্তু তারা যদি পাট না কেনে তখন কি হবে? তারা তখন মিলগুলো বন্ধ করবার চেষ্টা করবে, ভয়াবহ অবস্থার সৃষ্টি করবে। আমাদের মন্ত্রী নীহারবাবু আমাকে বলেছেন ব্যাঙ্ক এবার সমবায় সমিতিকে টাকা দিয়েছে। ব্যাংক এই টাকা দিয়েছে ১৮ পারসেন্ট সুদে। আমরা কর্পোরেশন করতে রাজী আছি, কিন্তু কথা হচ্ছে নির্দ্ধারিত দর যেটা রাজ্য সরকার ঠিক করবে সেই দর মেনে নিয়ে রিজার্ভ ব্যাংককে টাকা দিতে হবে এবং ১০ বছর কোন সুদ দেওয়া হবে না। অর্থাৎ বিনাসুদে টাকা দিতে হবে। তারপর দেখুন কিরকমভাবে জালিয়াতি হচ্ছে। লোকসভায় দাঁড়িয়ে চন্দ্রশেখর সিং বলেছেন কুইন্টালের উপর ২৫ টাকা বাড়িয়ে দিলাম। প্রণববাবু তাঁকে স্বাগত জানালেন এবং খবরের কাগজ বলল পাটের দর বেড়ে গেল। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রীর কাছে চন্দ্রশেখর সিং বলেছেন এই যে কুইন্টাল প্রতি ২৫ টাকা বাড়ান হল তাতে মাত্র ২ লক্ষ বেল কেনা হবে। এবারে আমরা মনে করছি ৪০/৪২ লক্ষ বেল পাট উৎপাদন হবে। এবারে প্রশ্ন হল বাড়তি দরে যদি শুধু ২ লক্ষ বেল কেনা হয় তাহলে বাকী পাটের কি হবে? মনে রাখবেন জে সি আই বাজারে নামছে না। এই ব্যাপারে নানারকম আন্দোলন হয়েছে এবং আমি মনে করি না এই আন্দোলন, এই বিক্ষোভ ব্যর্থ হয়েছে। এর মধ্য দিয়ে আমরা নিশ্চয়ই একটা জায়গায় গিয়ে পৌছাতে পারব। এই আন্দোলন এবং বিক্ষোভ যদি না হোত তাহলে এই হতভাগ্য পাটচাষীদের কথা কেউ শুনত না। আজকে সমগ্র ভারতবর্ষ আগ্নেয়গিরির উপর দাঁড়িয়ে আছে।

পাটচাষীদের যেভাবে খেপানোর চেষ্টা করছে, তা আমাদের জানা আছে। তাদের বিপথে নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে। আমরা সেখানে দাঁড়িয়ে সঠিক পথে পাটচাষীদের নিয়ে যাবার চেষ্টা করছি। পাটকল মালিকদের শোষণ এবং কেন্দ্রীয় সরকারের পুঁজিবাদী তোষণ এবং চক্রান্তের বিরুদ্ধে আমরা সবাই মিলে দাঁড়িয়ে আজকে যদি সঠিক আন্দোলন করতে না পারি ভীষণ ক্ষতি হয়ে যাবে। শুধু একটা প্রস্তাব করে কিছুই হবে না। সমস্ত জিনিসটা অবক্ষয়ের পথে যাচ্ছে, শোষণটা একটা মারাত্মক জায়গায় এসে দাঁড়িয়েছে। যেখানে একটা ভাঙচুর হচ্ছে সেখানে আজকে একটা গঠনের কথা বলে চলে গেলে চলবে না। নিজেরা মিলে গঠন করার একটা কনস্ট্রাকটিভ ওয়েতে চলার দিকে যেতে হবে। এই কথা বলে এই জিনিসটা এড়ানো যাবে না। একটা নিশ্চিত পথে যেতে হবে। সাথে সাথে এই বিধানসভার ভিতর দিয়ে বলতে চাই পশ্চিমবাংলার ৪০ লক্ষ পাটচাষী, ২৪ লক্ষ ক্ষেতমজুর এবং তার সাথে ২ কোটি মানুষ যেখানে জড়িত আছে সেই সব মানুষ দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আগামী দিনে

একটা প্রচন্ড আন্দোলন সৃষ্টি করে যাতে কেন্দ্রীয় সরকারকে এবং পাটকল মালিকদের নুইয়ে দিতে পারি তার ব্যবস্থা না করা পর্যন্ত থামলে চলবে না। শুধু মিষ্টি মিষ্টি কথা বলে যে আমরা গঠনমূলক সাজেশন দিলাম এই কথা বলে তাদের কাছ থেকে কিছু পাওয়া যাবে না বলে মনে করি।

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাঁচাপাটের দর যে কোথায় গিয়ে নেমেছে সেটা আমরা সকলেই জানি। এবং এখানে পাটশিল্পকে জাতীয়করণের যে প্রস্তাব মাননীয় সদস্য কমল সরকার এখানে এনেছেন এটা এমন একটা প্রস্তাব যা সকলে সম্মত হয়ে এক বাক্যে এক মত হয়ে প্রচেষ্টা করা উচিত। কারণ অবিভক্ত বাংলা থেকে আরম্ভ করে এখনও পর্যন্ত কুক্ষিত হয়েই আছে। এটা একটা মূল বিষয়। সমস্ত অর্থকরী ফসলের ভিতর সবচেয়ে প্রধান স্থান হচ্ছে পাটের এবং মূল শিল্পের মধ্যে এই পাটশিল্প একটা অন্যতম শিল্প একথা আমি বলতে পারি। পুরানো ইতিহাসের দিকে যদি চাওয়া যায় তাহলে দেখা যাবে এই পাটশিল্প ইংরাজ আমলে সেই ইংরাজ মালিকদেরই কুক্ষিত ছিল। এবং আমাদের দেশে যে পাট তৈরী হয়, গরুর দড়ি করতে এবং অন্যান্য গৃহকর্মের জন্য সেই উৎপন্ন পাটের ৫ ভাগও লাগে না। বাকী ৯৫ ভাগ পাট কিনবে ঐ জুট মিলের মালিকরা। সেইজন্য দরটা সম্পূর্ণ তাদেরই হাতের মুঠোর মধ্যে। যাঁরা পুরানো লোক তাঁরা জানেন ঐ র‍্যালি ব্রাদার্স ছিল এর সোল এজেন্ট। সেই ছিল প্রধান ঐ জুট মিল এ্যাসোসিয়েশনের। পরে জে সি আই হয়েছে। কিন্তু প্র্যাকটিক্যালি এই জে সি আই সেই র‍্যালি ব্র্যাদার্সের স্থান গ্রহণ করেছে। অর্থাৎ একটা সরকারী সংস্থা কেন্দ্রীয় সরকারের তারা মালিকদেরই স্বার্থ দেখেন। সকলের স্বার্থ কৃষকদের স্বার্থ না দেখে একেবারে ঐ জুট মিলের মালিকদেরই স্বার্থে এটা পরিচালিত হচ্ছে। এটাই হচ্ছে মূল কথা। সেই একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থে এটা পরিচালিত হচ্ছে। না শ্রমিক না কৃষক না বৃহত্তর জনসাধারণ যারা এর ভিতর জড়িত আছে তাদের স্বার্থে পরিচালিত হচ্ছে না। আপনারা ভাল করে লক্ষ্য দেখবেন ঐ জুট মিল এ্যাসোসিয়েশনের স্বার্থে সবসময় এটা পরিচালিত হচ্ছে। এতো কথার পর—কমলবাবু জানেন— উত্তরবঙ্গে কিছু পাট কেনা হয়েছে এবং এখনও পর্যন্ত দক্ষিণবঙ্গে তারা এখনও কেন আরম্ভ করে নি এবং যদি কিছু কেনা হয়ে থাকে তা খুবই কম কেনা হয়েছে। প্রশ্ন উঠেছে যে একটা পৃথক অর্থাৎ জে সি আর নয় রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন করপোরেশন কেন থাকবে না। আমরা চার বার এ নিয়ে ডেপুটেশন দিয়েছি। আর একথাও মাননীয় সদস্যদের জানা দরকার এটা করতে গেলে কেন্দ্রীয় সরকারের অনুমতির দরকার।

তা না হলে হবে না। দু নং, শুধু অনুমোদন দিয়ে ঠুটো জগন্নাথ করে রাখলে হবে না। এর জন্য যে কোটি কোটি টাকা রিজার্ভ ব্যাংক থেকে আগাম দেওয়া দরকার এবং সেটা ১৮ পার্সেন্ট সুদে নয়, এই রকম কাজ করতে গেলে জে. সি. আইকে যেভাবে দেন ঠিক সেইভাবে দেওয়া দরকার তাছাড়া হবে না। তিন নং হচ্ছে ওদের নির্ধারিত দরে কিনতে গেলে তো এদের কোন সাশ্রয় হবে না। সেই জন্য দরটা নির্ধারণ করার যদি কোন অধিকার না থাকে, সেটা যদি এগ্রিকালচারাল প্রাইস কমিশন, যেটা কেন্দ্রীয় সরকারের সংস্থা, তাদের রেকমেনডেশনে কেন্দ্রীয় সরকারই যদি দর বেঁধে দেন এবং সেই দরে যদি কিনতে হয়, আমরা জানি আমরা গতবার কেনবার চেষ্টা করেছিলাম আলুর ক্ষেত্রে, তারা বললেন অনেক কম দর ধরা হয়েছে, যেখানে আমরা ৭০/৭২ টাকায় কিনলে তারা দিতে পারবে না। তবে যদি ৫০ টাকায় কেন, তাহলে তোমরা কিনতে পার। কিছু টাকা তারা দেনেন। এটা তো হয় না। এতে এদরই ঠকানো হবে। অথচ আমরা দেখেছি যে কটন কর্পোরেশনের ক্ষেত্রে সেখানে দর বেঁধে দেওয়া সত্ত্বেও সেখানে এ্যালাও করা হয়, টাকাও দেওয়া হয এবং দ্বিগুণ তিনগুণ দরে কেনা সেখানে এ্যালাও করা হয়। এই হচ্ছে ওদের নীতি। এখানে একটা দৃষ্টিভঙ্গীর কথা ভাবা দরকার। কারণ এর আগে মাননীয় সদস্য কমলবাবু বলেছিলেন, আমরা যদি তুলনা করে দেখি তাহলে দেখবো যে ইন্ডাষ্ট্রিয়ালের মেটিরিয়্যাল হিসাবে যতগুলো কৃষিপণ্য রয়েছে, তার তুলনামূলক দর সবচেয়ে নীচে আছে পাট এবং এর পরম্পরায় শুরু হয়েছে ব্রিটিশ আমল থেকে, তারা যেটা তাদের স্বার্থে দেখে দরটাকে নাবিয়ে রাখার যে একটা চক্রান্ত দীর্ঘদিন চালিয়েছিল, সেই চক্রান্ত আজও জুট ম্যাগনেটদের দ্বারা এখনও পর্য্যন্ত চলছে এবং সেটা এই কেন্দ্রীয় সরকারের সাহায্যেই চলছে। এটা একটা সাংঘাতিক জিনিস রয়েছে, সেটা ভুলে গেলে চলবে না। সেইজন্য একটা দারুণ সমস্যার প্রশ্ন এসে গেছে। জুট ইন্ডাষ্ট্রি সম্পর্কে পরে আরও মাননীয় সদস্য কমলবাবু বলবেন, সেখানেও দেখবেন ইন্ডাষ্ট্রির দিক থেকে নানা রকম ক্ষতি করা হয়েছে। মডার্ণাইজেশনের কতবার টাকা নিয়েছেন, কিন্তু মডর্নাইজেশন করা হচ্ছে না। ১৮৫৫ সালে প্রথম হেস্টিংস জুট মিল রিষড়ায় হয় এবং অধিকাংশ জুট মিল ১০০ বছর, ১১৫ বছর, ১২০ বছর, আগে তৈরী হয়েছে। সেইজনা এইগুলিকে মডার্নাইজ করার জন্য কতবার তারা টাকা নিয়েছেন কিন্তু এইগুলোকে তারা মডার্নাইজ করেনি। অনেক সময় আমাদের বিদেশে মার্কেট পর্যান্ত নষ্ট হয়ে যাচ্ছে। তারা এক রকম সপেসিফিকেশন দেখান, আবার সাপ্লাই করেন অন্য জিনিস। সেই সমস্ত দিক থেকে নানা অসুবিধার সৃষ্টি হয়েছে। সেই জন্য সমস্ত দিক থেকে খুব সংগতভাবে এখানে দাবী করা হয়েছে যে আমাদের সকলের স্বার্থে, সমগ্র দেশের স্বার্থে — কারণ এটা ফরেন এক্সচেঞ্জ আর্ন করে, সেই জন্য তাদের স্বার্থে এই শিল্পটাকে যেমন জাতীয়করণ করা দরকার, ঠিক তেমনি পাটের যা উৎপাদন হবে, সেই সমগ্র উৎপাদন অল্প, নাম মাত্র একটা ওদের নির্ধারিত খুব কম দর, যে দরে কস্ট অব প্রোডাকশন উঠবে না, সেই দরে কিনতে হবে। ওরা বাধ্য করলে যা হলো ৪০ লক্ষ কি ৫০ লক্ষ বেল হলো, বলল এক লক্ষ কি দু লক্ষ কিনবো, তাতে কোন মার্কেটকে ক্যাপচার করা যাবে না। সেই জন্য উচিৎ হচ্ছে যে মুহূর্তে থেকে যে সমস্ত দরিদ্র কৃষক যারা ধরে রাখতে পারে না, তারা বাজারে আনা মাত্রই হোল স্টকটা কেনার ব্যবস্থা থাকা চাই বিক্রয় কেন্দ্রের মাধ্যমে। বর্তমানে যে কর্পোরেশন রয়েছে তাদের এটা করা উচিত। যদি না করে তাহলে আমাদের সেখানে পশ্চিমবঙ্গ সরকার থেকে সেই রকম একটা কর্পোরেশন করবার অধিকার দেওয়া হোক, রিজার্ভ ব্যাঙ্কের থেকে সেই পরিমাণ, যে পরিমাণ জুট কিনতে হবে তার জন্য প্রয়োজনীয় যত কোটি টাকা দরকার—যদি মালিকদের পাট কেনবার জন্য ৮০ কোটি টাকা দিতে পারেন তাহলে কেন চাষীকে বাঁচানোর জন্য আমাদের সংস্থাকে ১০০ কোটি টাকা দিয়ে যাতে চাষী বাঁচতে পারে তার কেন বাবস্থা করা যাবে না? সেই জন্য সেদিক থেকে ব্যবস্থা থাকা দরকার। এবং দরের ব্যাপারে রাজ্য সরকারের একটা বলবার অধিকার থাকা চাই যাতে কৃষকদের স্বার্থ রক্ষা হয়। কারণ গতবার আমি জানি দর বাড়ার দরুণ মজুরীও বেড়ে গিয়েছিল, কারণ বেশী টাকা পেলে মজুরীও বাড়বে। আমে দেখেছি তারা ২০ টাকা ২৫ টাকা মজুরী দিয়ে কাজ করিয়েছে। তারা অন্যান্যভাবে কাজ করেছে, যার ফলে কস্ট অব প্রোডাকশন বেড়েছে। এই সমস্ত দিকটা বিবেচনা করে এই প্রস্তাবগুলো রাখা হয়েছে। আমি মনে করি যে মাননীয় দেবপ্রসাদবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন ৮০০ টাকা, এটা বলতে পারা যায় কিন্তু তাতে খুব বাস্তব সম্ভাবনা নেই। এখন অন্তত:পক্ষে যেটা করলে অনেকখানি হয়, শুধু একটা পয়েন্ট—৬০০ থেকে ৮০০ বললাম, আমি একটু বেশী বললাম, এটা একটু কম বললেও, এটা নয়, যেখানে ওঁরা বেঁধে দিয়েছেন ২২৩ এবং কমার্শিয়াল পার্চেজ হচ্ছে ২৫ টাকা বেশী, সেই জায়গায় ৮০০ টাকা, কতখানি বাস্তব হবে, সেটার জন্যই আমরা যেটা লিখেছি ৬০০, আমার মনে হয় সেটাই খুব বাস্তব।

সেই জায়গায় ১০০ করলে কতটা বাস্তব হবে সেটা দেখতে হবে। আমার মনে হয় আমরা যেটা রেখেছি সেটাই বাস্তব মনে করেই রেখেছি। এখানে কো-অপারেটিভের কথা বলা হয়েছে। এ সম্পর্কেও আমরা চেষ্টা করছি। প্রথম কথা হচ্ছে, কৃষকদের বাঁচানোর জন্য তাদের ফসল ওঠার সঙ্গে সঙ্গে কেনবার জন্য যে সংস্থাই

থাকুক না কেন, সেই সংস্থা কোটি কোটি টাকা দিয়ে কিনতে পারবে না, মজুত করতে পারবে না যদি রিজার্ভ ব্যাংক থেকে প্রয়োজনীয় টাকা আগাম না দেওয়া হয়। কাজেই সেটা ঠিক থাকা দরকার।

শ্রী কমল সরকার ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ যে আলোচনা হল এবং এই সম্পর্কে যে বিষয়বস্তু, যে প্রস্তাব আছে সব দিক থেকে সেটা পরিষ্কার হয়েছে। আমি শুধু অতীতের একটা কথা এখানে বলতে চাই। অতীতে এই হাউসের আমরা যারা সদস্য ছিলাম, কংগ্রেস পক্ষের, কমিউনিষ্ট পার্টির এবং অন্যান্য বিরোধী দলের সমস্ত বামপন্থী দলের আমরা সকলে একমত হয়ে একটা প্রস্তাব পাশ করেছিলাম। সেই প্রস্তাব পাশ করার বলে বলিয়ান হয়ে আমরা দিল্লী গিয়েছিলাম। তখন প্রধানমন্ত্রী ছিলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী। আমরা তার সঙ্গে অনেক তর্কবিতর্ক করেছিলাম। প্রথম দিকে তার ধারণা ছিল যে পাট নিয়ে, জুট নিয়ে কিছু করা যাবেনা। চটকলের মালিকরা যে ভাবে সরকারকে ঠকাচ্ছে তার হাত থেকে ত্রাণ পাবার কোন পন্থা উনি দেখতে পাচ্ছেন না। এই টীমের অন্যতম সদস্য হিসাবে আমি ২/১টি তথ্য তার সামনে উপস্থিত করেছিলাম। আমি তাকে বলেছিলাম যে চটকলের মালিকরা সকাল, বিকাল, রাত্রিতে বলছে যে এই শিল্পটা একেবারে তুতে হয়ে যাবে, নীল চাষ হয়ে যাবে, এই মাটিতে আর কিছু করার যাবে না। তারা যখন একথা বলছে তখন পৃথিবীর অন্যান্য দেশগুলিতে যদি চটকল এবং পাটের উৎপাদন তুলনামূলকভাবে দেখা যায় তাহলে দেখা যাবে যে সেখানে ক্রমশঃ এটা বেড়ে যাচ্ছে। যে চীন দেশে আগে পাটের চাষ হতনা, যেখানে আগে চট ছিলনা, সেখানে উৎপাদন বা বহিঃবাণিজ্য ছিল না, সেই চীন দেশেও তারা এটা আরম্ভ করেছে এবং তারা প্রায় আমাদের সমতুল্য পর্যায়ে এসে গেছে। আমি তাকে এটাও দেখিয়েছিলাম যে বাংলাদেশ শুধু মাত্র পাট করতো, যাদের চটের সঙ্গে কোন সম্পর্ক ছিলনা, আজকে তারাও পাট এবং চট দুটোতেই আমাদের কমপিটিটর হয়েছে। সেইরকম ভাবে পৃথিবীর সমস্ত দেশে আমরা দেখছি যে এটা বেড়ে যাচ্ছে। আমি প্রধানমন্ত্রী কে বলেছিলাম, আপনি কি চাচ্ছেন? আজকে যেখানে পৃথিবীর সর্বত্র এর কমপিটিশান হচ্ছে সেখানে তার থেকে নিজেদের উন্মুক্ত করে রেখে, এই শিল্প থেকে যে বাণিজ্য করা যায় সেটা আমরা করবো না? ভারতবর্ষের অতীত ইতিহাস যদি দেখা যায় তাহলে দেখবো যে পাট এবং পাটজাত দ্রব্য থেকে আরম্ভ করে এই চটশিল্প আস্তে আস্তে গড়ে ওঠে। আগে চরকায় হত গান্ধী পদ্ধতি নিয়ে। পরবর্তীকালে আমরা এই চটকল তৈরী করেছিলাম। তখন শ্রীমতী গান্ধী বলেছিলেন যে তুমি যা বলছো তার মধ্যে ভাববার বিষয় আছে। আমি সমস্ত বিষয়টি খতিয়ে দেখবো। তখন অর্জুন সেনগুপ্ত নামে তার একজন সেক্রেটারী ছিলেন। তিনি আগাগোড়াই বলবার চেষ্টা করেছিলেন যে এটা রোধ কিছু করা যাবে না। তখন তিনি তাকে থামিয়ে দিয়ে বলেছিলেন যে, কিছু করা যাবে কিনা সেটা দেখতে হবে। ওরা যে সমস্ত তথ্য দিয়েছেন, এটা আমার অবশ্য জানা ছিলনা যে এই অবস্থায় আছে। আজকে পৃথিবীর ইতিহাসে দেখা যাচ্ছে যে চটশিল্প ক্রমশঃই বেড়ে যাচ্ছে। আজকে প্যাকেজের জন্য যে চট ব্যবহার করা হয় তার চেয়ে সস্তা আর কিছু নেই। এখানে সিনথেটিকের কথা বলা হয়েছে। এই সিনথেটিক সম্পর্কে আমেরিকা তাদের একটা কাগজে বিস্তারিত তথ্য প্রকাশ করেছে। আজকে সেখানে বলছে যে সিনথেটিকে খাদ্য দ্রব্য প্যাকেজ করলে সেটা বিষক্রিয়ার সামিল হয়, সেটা মানুষের খাবার উপযোগী থাকেনা।

[3-30—3-40 P.M.]

সেটা বিষের মত কাজ করে। তারা সেটা প্রমাণ করে দিয়েছে। চট যে শুধু সস্তা বলে ব্যবহার করে তা নয়, এর চেয়ে সব চেয়ে বেশী দীর্ঘস্থায়ী আর কোন বস্তু নেই। এইগুলি নিয়ে আলোচনার জন্য চটকল মালিকদের সঙ্গে ত্রিপক্ষীয় বৈঠক করা হয়েছে সম্প্রতি। সেখানে মালিক প্রতিনিধি এসেছিলেন, সরকারী প্রতিনিধি এসেছিলেন। সেখানে মেমোরান্ডাম ইত্যাদির মাধ্যমে আমরা আমাদের বক্তব্য রেখেছিলাম। ভারতবর্ষ এবং পশ্চিমবঙ্গকে যদি আজকে শিল্পের ক্ষেত্রে বাঁচিয়ে রাখতে হয়, উন্নতি করতে হয় তাহলে চট শিল্পকে শুধু বাঁচিয়ে রাখা নয়, এর শ্রীবৃদ্ধি করার দিকেও ভারত সরকার, পশ্চিমবঙ্গ সরকারকে নজর দিতে হবে এবং জাতীয় স্বার্থে, জাতীয় প্রয়োজনে আজকে চট শিল্প আপনাদের সামনে এসে দাঁড়িয়েছে। এই বিধানসভায় একটু আগে কমল গুহ মহাশয় বললেন অতীতে কৃষক প্রজা পার্টির নেতা ফজলুল হক সাহেব যাঁকে তৎকালীন প্রধানমন্ত্রী বলা হত, আজকাল যাকে মুখ্যমন্ত্রী বলা হয়, তিনি বারম্বার বলেছেন গাছে যদি লাউ থাকে, আর বাখরগঞ্জ, বরিশালের একটি অংশ, সেখানে যদি ধান থাকে তাহলে পাটের ব্যবসা করে আমরা এগিয়ে যেতে পারব। সেই পাটের ব্যবসা আরম্ভ করে মনোপলিষ্টরা, একচেটিয়া পুঁজিপতিরা দারুনভাবে এর উপর আক্রমণ আরম্ভ করেছে। এদের আক্রমণের হাত থেকে চট শিল্পকে আমাদের বাঁচাতে হবে। কমল গুহ যে কথা বললেন সেই কথা কৃষক নেতা হিসাবে বিনয় চৌধুরীও বলেছেন। আমি বলছি সুব্রতবাবু ও অন্যান্যদের আজকে এটা অনুধাবন করা দরকার। এই বিষয়ে গবেষণা করে সুব্রতবাবু ও আমরা একমত হয়ে, আই. এন. টি. ইউ. সি, সি. আই. টি. ইউ. একমত হয়ে পাট চাষী এবং চট শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য লড়াই করেছি এবং আমরা আবার একটা এই রকম লড়াই ঘোষণা করেছি। কেন্দ্রীয় সরকার এতে করে কি মনোভাব নেয়, খবরের কাগজে দেখেছি। কিন্তু তারা যে মনোভাবই নিক, যেভাবেই ঘটনা ঘটুক, আমরা এমনভাবে পাট চাষী, চট শিল্প শ্রমিকদের সঙ্গে যুক্ত আছি—অতীতে আমরা একদিন ধর্মঘট করেছিলাম, বারম্বার লড়াই করেছি, আই. জে. এম. এর কাছে ধর্ণা দিয়েছি, এবারেও আমরা আবার একদিনের ধর্মঘট করতে যাচ্ছি। এই শিল্পকে বাঁচাতে না পারলে পশ্চিমবাংলার অর্থনীতিকে বাঁচাতে পারব না। তাই পশ্চিমবাংলায় অর্থনীতিকে রক্ষা করার প্রয়োজনে আমরা সকলকে ডাক দিচ্ছি যে, তারা এই হাউসে থাকুন বা না থাকুন ট্রেড ইউনিয়ন করুন বা না করুন, কৃষকের স্বার্থে কৃষক সভা করুন বা না করুন, আসুন আমরা সকলে মিলে একত্র হয়ে দাঁড়িয়ে পাট চাষী এবং চট শিল্প শ্রমিকদের স্বার্থে রক্ষা করার দিকে এগিয়ে যাই এবং কৃষকদের স্বার্থ রক্ষা করার জন্য ঐক্যবদ্ধ হই।

মি: **স্পীকারঃ**—৩-৩৫ মি: এই আলোচনা শেষ হবার কথা। কিন্তু দেখা যাচ্ছে আলোচনার জন্য আরো কিছু সময় দরকার। তাই সকলের অনুমতি নিয়ে আমি আরো ১৫ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি। আশাকরি সকলেই অনুমতি দেবেন। হাউসের সময় আরো ১৫ মিনিট বাড়িয়ে দিলাম।

শ্রী কমল সরকার ঃ—আমরা এমন একটা জায়গায় আছি সেটা অত্যন্ত স্পর্শকাতর জায়গা। এছাড়া আমাদের পশ্চিমবাংলায় শিল্প বলতে কিছু নেই। আজকাল অবশ্য ইলেকট্রনিক্স শিল্পের অনুমতি দিচ্ছেন এবং ইলেকট্রনিক্স শিল্পে আমরা যেতে পারছি। হলদিয়ায় যে বাধা ছিল, সেই বাধা অপসারিত হচ্ছে। কিন্তু ট্র্যাডিসন্যাল শিল্প, যেগুলির উপর আমরা দাঁড়িয়ে আছি তাকে উপেক্ষা করলে চলবে না। হাজার বছর আগে আমাদের এখানে পাটবস্ত্র তৈরী হয়েছে। কাজেই এর পাশাপাশি ইলেকট্রনিক্স শিল্প গড়ে উঠলেও এই ট্রাডিসন্যাল শিল্পগুলিকে ছেড়ে দিতে পারি না। সেইজন্য আমি বলছি কংগ্রেসে, অন্যান্য বামপন্থী, অবামপন্থী এটা নাকি হয়েছে আজকাল শুনছি, এর মানে কি জানি না, সকলকে আহ্বান জানাচ্ছি আসুন সকলে মিলে একত্র হয়ে ভারত সরকারকে বোঝাই। এক কথায় বলে দিয়েছেন হবে না কিছু—এখানে তারা যা বলেছেন মালিকের কথাই প্রতিধ্বনিত করেছেন। আমি বলছি সকলে মিলে একসঙ্গে দাঁড়ালে আমরা এই শিল্পকে বাঁচাতে পারি এবং পাট চাষীদের বাঁচাতে পারি, চটকল শ্রমিকদের স্বার্থ রক্ষা করতে পারি। এই শিল্পের ভবিষ্যত অতি উজ্জ্বল।

একটা প্রচন্ড আন্দোলন সৃষ্টি করে যাতে কেন্দ্রীয় সরকারকে এবং পাটকল মালিকদের নুইয়ে দিতে পারি তার ব্যবস্থা না করা পর্যন্ত থামলে চলবে না। শুধু মিষ্টি মিষ্টি কথা বলে যে আমরা গঠনমূলক সাজেশন দিলাম এই কথা বলে তাদের কাছ থেকে কিছু পাওয়া যাবে না বলে মনে করি।

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাঁচাপাটের দর যে কোথায় গিয়ে নেমেছে সেটা আমরা সকলেই জানি। এবং এখানে পাটশিল্পকে জাতীয়করণের যে প্রস্তাব মাননীয় সদস্য কমল সরকার এখানে এনেছেন এটা এমন একটা প্রস্তাব যা সকলে সম্মত হয়ে এক বাক্যে এক মত হয়ে প্রচেষ্টা করা উচিত। কারণ অবিভক্ত বাংলা থেকে আরম্ভ করে এখনও পর্যন্ত কুক্ষিত হয়েই আছে। এটা একটা মূল বিষয়। সমস্ত অর্থকরী ফসলের ভিতর সবচেয়ে প্রধান স্থান হচ্ছে পাটের এবং মূল শিল্পের মধ্যে এই পাটশিল্প একটা অন্যতম শিল্প একথা আমি বলতে পারি। পুরানো ইতিহাসের দিকে যদি চাওয়া যায় তাহলে দেখা যাবে এই পাটশিল্প ইংরাজ আমলে সেই ইংরাজ মালিকদেরই কুক্ষিত ছিল। এবং আমাদের দেশে যে পাট তৈরী হয়, গরুর দড়ি করতে এবং অন্যান্য গৃহকর্মের জন্য সেই উৎপন্ন পাটের ৫ ভাগও লাগে না। বাকী ৯৫ ভাগ পাট কিনবে ঐ জুট মিলের মালিকরা। সেইজন্য দরটা সম্পূর্ণ তাদেরই হাতের মুঠোর মধ্যে। যাঁরা পুরানো লোক তাঁরা জানেন ঐ র‍্যালি ব্রাদার্স ছিল এর সোল এজেন্ট। সেই ছিল প্রধান ঐ জুট মিল এ্যাসোসিয়েশনের। পরে জে সি আই হয়েছে। কিন্তু প্র্যাকটিক্যালি এই জে সি আই সেই র‍্যালি ব্র্যাদার্সের স্থান গ্রহণ করেছে। অর্থাৎ একটা সরকারী সংস্থা কেন্দ্রীয় সরকারের তারা মালিকদেরই স্বার্থ দেখেন। সকলের স্বার্থ কৃষকদের স্বার্থ না দেখে একেবারে ঐ জুট মিলের মালিকদেরই স্বার্থে এটা পরিচালিত হচ্ছে। এটাই হচ্ছে মূল কথা। সেই একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থে এটা পরিচালিত হচ্ছে। না শ্রমিক না কৃষক না বৃহত্তর জনসাধারণ যারা এর ভিতর জড়িত আছে তাদের স্বার্থে পরিচালিত হচ্ছে না। আপনারা ভাল করে লক্ষ্য দেখবেন ঐ জুট মিল এ্যাসোসিয়েশনের স্বার্থে সবসময় এটা পরিচালিত হচ্ছে। এতো কথার পর—কমলবাবু জানেন—উত্তরবঙ্গে কিছু পাট কেনা হয়েছে এবং এখনও পর্যন্ত দক্ষিণবঙ্গে তারা এখনও কেন আরম্ভ করে নি এবং যদি কিছু কেনা হয়ে থাকে তা খুবই কম কেনা হয়েছে। প্রশ্ন উঠেছে যে একটা পৃথক অর্থাৎ জে সি আর নয় রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন করপোরেশন কেন থাকবে না। আমরা চার বার এ নিয়ে ডেপুটেশন দিয়েছি। আর একথাও মাননীয় সদস্যদের জানা দরকার এটা করতে গেলে কেন্দ্রীয় সরকারের অনুমতির দরকার।

তা না হলে হবে না। দু নং, শুধু অনুমোদন দিয়ে ঠুঁটো জগন্নাথ করে রাখলে হবে না। এর জন্য যে কোটি কোটি টাকা রিজার্ভ ব্যাংক থেকে আগাম দেওয়া দরকার এবং সেটা ১৮ পার্সেন্ট সুদে নয়, এই রকম কাজ করতে গেলে জে. সি. আইকে যেভাবে দেন ঠিক সেইভাবে দেওয়া দরকার তাছাড়া হবে না। তিন নং হচ্ছে ওদের নির্ধারিত দরে কিনতে গেলে তো এদের কোন সাশ্রয় হবে না। সেই জন্য দরটা নির্ধারণ করার যদি কোন অধিকার না থাকে, সেটা যদি এগ্রিকালচারাল প্রাইস কমিশন, যেটা কেন্দ্রীয় সরকারের সংস্থা, তাদের রেকমেনডেশনে কেন্দ্রীয় সরকারই যদি দর বেঁধে দেন এবং সেই দরে যদি কিনতে হয়, আমরা জানি আমরা গতবার কেনবার চেষ্টা করেছিলাম আলুর ক্ষেত্রে, তারা বললেন অনেক কম দর ধরা হয়েছে, যেখানে আমরা ৭০/৭২ টাকায় কিনলে তারা দিতে পারবে না। তবে যদি ৫০ টাকায় কেন, তাহলে তোমরা কিনতে পার। কিছু টাকা তারা দেবেন। এটা তো হয় না। এতে এদরই ঠকানো হবে। অথচ আমরা দেখেছি যে কটন কর্পোরেশনের ক্ষেত্রে সেখানে দর বেঁধে দেওয়া সত্ত্বেও সেখানে এ্যালাও করা হয়, টাকাও দেওয়া হয় এবং দ্বিগুণ তিনগুণ দরে কেনা সেখানে এ্যালাও করা হয়। এই হচ্ছে ওদের নীতি। এখানে একটা দৃষ্টিভঙ্গীর কথা ভাবা দরকার। কারণ এর আগে মাননীয় সদস্য কমলবাবু বলেছিলেন, আমরা যদি তুলনা করে দেখি তাহলে দেখবো যে ইন্ডাষ্ট্রিয়ালের মেটিরিয়াল হিসাবে যতগুলো কৃষিপণ্য রয়েছে, তার তুলনামূলক দর সবচেয়ে নীচে আছে পাট এবং এর পরম্পরায় শুরু হয়েছে ব্রিটিশ আমল থেকে, তারা যেটা তাদের স্বার্থে দেখে দরটাকে নাবিয়ে রাখার যে একটা চক্রান্ত দীর্ঘদিন চালিয়েছিল, সেই চক্রান্তে আজও জুট ম্যাগনেটদের দ্বারা এখনও পর্য্যন্ত চলছে এবং সেটা এই কেন্দ্রীয় সরকারের সাহায্যেই চলছে। এটা একটা সাংঘাতিক জিনিস রয়েছে, সেটা ভুলে গেলে চলবে না। সেইজন্য একটা দারুণ সমস্যার প্রশ্ন এসে গেছে। জুট ইন্ডাষ্ট্রি সম্পর্কে পরে আরও মাননীয় সদস্য কমলবাবু বলবেন, সেখানেও দেখবেন ইন্ডাষ্ট্রির দিক থেকে নানা রকম ক্ষতি করা হয়েছে। মডার্ণাইজেশনের কতবার টাকা নিয়েছেন, কিন্তু মডর্নাইজেশন করা হচ্ছে না। ১৮৫৫ সালে প্রথম হেস্টিংস জুট মিল রিষড়ায় হয় এবং অধিকাংশ জুট মিল ১০০ বছর, ১১৫ বছর, ১২০ বছর, আগে তৈরী হয়েছে। সেইজন্য এইগুলিকে মডার্নাইজ করার জন্য কতবার তারা টাকা নিয়েছেন কিন্তু এইগুলোকে তারা মডার্নাইজ করেনি। অনেক সময় আমাদের বিদেশে মার্কেট পর্যন্ত নষ্ট হয়ে যাচ্ছে। তারা এক রকম সপেসিফিকেশন দেখান, আবার সাপ্লাই করেন অন্য জিনিস। সেই সমস্ত দিক থেকে নানা অসুবিধার সৃষ্টি হয়েছে। সেই জন্য সমস্ত দিক থেকে খুব সংগতভাবে এখানে দাবী করা হয়েছে যে আমাদের সকলের স্বার্থে, সমগ্র দেশের স্বার্থে—কারণ এটা ফরেন এক্সচেঞ্জ আর্ন করে, সেই জন্য তাদের স্বার্থে এই শিল্পটাকে যেমন জাতীয়করণ করা দরকার, ঠিক তেমনি পাটের যা উৎপাদন হবে, সেই সমগ্র উৎপাদন অল্প, নাম মাত্র একটা ওদের নির্ধারিত খুব কম দর, যে দরে কস্ট অব প্রোডাকশন উঠবে না, সেই দরে কিনতে হবে। ওরা বাধ্য করলে যা হলো ৪০ লক্ষ কি ৫০ লক্ষ বেল হলো, বলল এক লক্ষ কি দু লক্ষ কিনবো, তাতে কোন মার্কেটকে ক্যাপচার করা যাবে না। সেই জন্য উচিৎ হচ্ছে যে মুহূর্তে থেকে যে সমস্ত দরিদ্র কৃষক যারা ধরে রাখতে পারে না, তারা বাজারে আনা মাত্রই হোল স্টকটা কেনার ব্যবস্থা থাকা চাই বিক্রয় কেন্দ্রের মাধ্যমে। বর্তমানে যে কর্পোরেশন রয়েছে তাদের এটা করা উচিত। যদি না করে তাহলে আমাদের সেখানে পশ্চিমবঙ্গ সরকার থেকে সেই রকম একটা কর্পোরেশন করবার অধিকার দেওয়া হোক, রিজার্ভ ব্যাঙ্কের থেকে সেই পরিমাণ, যে পরিমাণ জুট কিনতে হবে তার জন্য প্রয়োজনীয় যত কোটি টাকা দরকার—যদি মালিকদের পাট কেনবার জন্য ৮০ কোটি টাকা দিতে পারেন তাহলে কেন চাষীকে বাঁচানোর জন্য আমাদের সংস্থাকে ১০০ কোটি টাকা দিয়ে যাতে চাষী বাঁচতে পারে তার কেন ব্যবস্থা করা যাবে না? সেই জন্য সেদিক থেকে ব্যবস্থা থাকা দরকার। এবং দরের ব্যাপারে রাজ্য সরকারের একটা বলবার অধিকার থাকা চাই যাতে কৃষকদের স্বার্থ রক্ষা হয়। কারণ গতবার আমি জানি দর বাড়ার দরুণ মজুরীও বেড়ে গিয়েছিল, কারণ বেশী টাকা পেলে মজুরীও বাড়বে। আমে দেখেছি তারা ২০ টাকা ২৫ টাকা মজুরী দিয়ে কাজ করিয়েছে। তারা অন্যান্যভাবে কাজ করেছে, যার ফলে কস্ট অব প্রোডাকশন বেড়েছে। এই সমস্ত দিকটা বিবেচনা করে এই প্রস্তাবগুলো রাখা হয়েছে। আমি মনে করি যে মাননীয় দেবপ্রসাদবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন ৮০০ টাকা, এটা বলতে পারা যায় কিন্তু তাতে খুব বাস্তব সম্ভাবনা নেই। এখন অন্তত:পক্ষে যেটা করলে অনেকখানি হয়, শুধু একটা পয়েন্ট—৬০০ থেকে ৮০০ বললাম, আমি একটু বেশী বললাম, এটা একটু কম বললেও, এটা নয়, যেখানে ওঁরা বেঁধে দিয়েছেন ২২৩ এবং কমার্শিয়াল পার্চেজ হচ্ছে ২৫ টাকা বেশী, সেই জায়গায় ৮০০ টাকা, কতখানি বাস্তব হবে, সেটার জন্যই আমরা যেটা লিখেছি ৬০০, আমার মনে হয় সেটাই খুব বাস্তব।

সেই জায়গায় ১০০ করলে কতটা বাস্তব হবে সেটা দেখতে হবে। আমার মনে হয় আমরা যেটা রেখেছি সেটাই বাস্তব মনে করেই রেখেছি। এখানে কো-অপারেটিভের কথা বলা হয়েছে। এ সম্পর্কেও আমরা চেষ্টা করছি। প্রথম কথা হচ্ছে, কৃষকদের বাঁচানোর জন্য তাদের ফসল ওঠার সঙ্গে সঙ্গে কেনবার জন্য যে সংস্থাই

Were them put and a Division with the following results:—

NOSE

Abdul Quiyom Molla, Shri
Abdus Sobhan, Gazi, Shri
Adak, Shri Gourhari
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Banerjee, Shri Amiya Bhusan
Basu, Shri Subhas
Bera, Shri Pulin
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Chakrabarty, Shri Ajit
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Banamali
Das Shri Nimai Chandra
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghatak, Shri Shanti Ranjan
Gnosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Satyendranath
Ghosh, Shri Susanta
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Guha, Shri Kamal Kanti
Gupta, Shri Sitaram
Hajra, Shri Sachindra Nath
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shrimati Anju
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindra Nath
Kunar, Shri Himansu
Let. Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Sudhansu Sekhar
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Malaker, Shri Nani Gopal
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mandi, Dr. Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Mitra, Dr. Ashok
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Narayandas
Mukehrjee, Shri Niranjan
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Gangadhar
Neogy, Shri Brajo Gopal
Omar Ali, Dr
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Pradhan, Shri Prasanta Kumar
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sattik Kumar
Roy, Shri Tarak Bandhu
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Prabir
Singha, Shri Suresh
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Tirkey, Shri Manohar

ABSTENTIONS—

Abdul Mannan, Shri
Abdul Wahed, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Banerjee, Shri Ambika
Bhunia, Dr. Manas
Ghosh, Shri Asok
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Khaitan, Shri Rajesh
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Misra, Shri Abanti
Misra, Shri Kashinath
Mukhopadhyay, Shri Subrata
Poddar, Shri Deokinandan
Sadhukhan, Shri Tarapada
Shaikh Imajuddin, Shri

AYES —

(i) Sarkar, Shri Deba Prasad

(ii) Purkait, Shri Prabodh

The Ayes being 2 and the Noes 100. Abst. 18, the motions were lost

The motion of Shri Kamal Sarkar যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা ইতিপূর্বে ২৩এ এপ্রিল, ১৯৭৫, ২৩এ এপ্রিল, ১৯৭৬, ১৬ই ফেব্রুয়ারী, ১৯৭৯, ১৮ই সেপ্টেম্বর, ১৯৮১ তারিখে এই রাজ্যের শ্রমিক-কৃষকের সার্বিক স্বার্থে এবং অর্থনৈতিক ক্ষেত্রে পাট ও পাটশিল্পের গুরুত্বের কথা বিবেচনা করে চটশিল্প জাতীয়করণ এবং কাঁচাপাটের ও পাটজাত দ্রব্যের সমস্ত প্রকার ব্যবস্থা অধিগ্রহনের জন্য ভারত সরকারের কাছে সুপারিশ করেছিল;

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভার উপরোক্ত সুপারিশগুলি এখনও পর্যন্ত কার্যকরী করা হয়নি;

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভার উপরোক্ত সুপারিশগুলিতে বর্ণিত পাটজাত সামগ্রির সঙ্গে সংশ্লিষ্ট শ্রমিক-কৃষক সহ সমস্ত স্তরের মানুষের অবস্থার উদ্বেগজনক অবনতি ঘটেছে;

যেহেতু এই শিল্পের সঙ্গে যুক্ত মালিকরা এই শিল্পের সামগ্রিক উন্নতির জন্য পাটকলগুলির আধুনিকীকরণ সহ কোন উন্নয়নমূলক ব্যবস্থা গ্রহণে অনিচ্ছুক;

যেহেতু এই শিল্প মুষ্টিমেয় কয়েকটি শিল্পপতি কর্তৃক নিয়ন্ত্রিত এবং উক্ত শিল্পপতিরা শ্রমিক-কৃষক সহ সমগ্র রাজ্যের জনগণের স্বার্থের কথা চিন্তা না করে বহুসংখ্যক মিল লক-আউটকরে রাখবার ফলে প্রায় ৮০ হাজার শ্রমিক কর্মচ্যুত হয়েছে এবং পাটচাষীরা তাদের উৎপন্ন শস্যের ন্যায্য মূল্য না পাওয়ায় পাটচাষ সামগ্রিকভাবে বিপন্ন হচ্ছে;

যেহেতু বর্তমান বছরে কাঁচাপাটের দাম অস্বাভাবিকভাবে কমে গেছে, পাটচাষী তাদের পড়তা খরচাও উশুল করতে পারছে না ও তাদের জীবনে এক বিপর্যয়কর অবস্থার সৃষ্টি হয়েছে;

যেহেতু এই শোষণ ও বঞ্চনার ফলে সরকারী ব্যবস্থায় কাঁচাপাট ক্রয়-বিক্রয় করার এবং ইউনিয়ন সরকারের অধীনে মিলগুলির পরিচালনার দায়িত্ব নিয়ে পাটশিল্প জাতীয়করণ করার দাবি অপ্রতিরোধ্য হয়ে উঠেছে;

অতএব এই সভা বর্তমান পরিস্থিতির মূল্যায়ন করে রাজ্য সরকারের মাধ্যমে ইউনিয়ন সরকারকে অনুরোধ জানাচ্ছে যে—

(১) অবিলম্বে চটশিল্প ও তার সমস্ত প্রকার বর্হিবাণিজ্য সব পাট ব্যবসা ও চটজাত দ্রব্যের ব্যবসা জাতীয়করণ ও সরকারী নিয়ন্ত্রণে আনার ব্যবস্থা করা হোক;

(২) ভারতে উৎপাদিত সমস্ত প্রকার পাট ও মেস্তা ইউনিয়ন সরকার কর্তৃক ক্রয়-বিক্রয়এর ব্যবস্থা গ্রহণ করা হোক;

(৩) কাঁচাপাটের ন্যূনতম মূল্য কুইন্টাল প্রতি ৬০০ টাকা ধার্য এবং তজ্জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক। এবং

(৪) রাজ্য সরকারের সঙ্গে আলোচনা ক'রে পাট ক্রয়-বিক্রয়ের জন্য গুদাম তৈরী, পাট-চাষীদের পরিচয়পত্র দান, ক্রয় কেন্দ্র খোলা প্রভৃতির ব্যাপারে পঞ্চায়েতগুলিকে সামিল করার ব্যবস্থা হোক; এবং

(৫) রাজ্যের পাট ক্রয়ের জন্য রাজ্যের নিজস্ব জুট কর্পোরেশন গঠনের অনুমতি এবং তার জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হোক, was then put and agreed to.

All this stage the House was adjourned till 4-45 P.M

(After Adjournment)

[4-45 P.M.—4-55 P.M.]

শ্রী বঙ্কিম বিহারী মাইতিঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ তহশীলদার মোহরার কল্যাণ সমিতির ৪ থেকে ৫ হাজার কর্মচারী তাদের বিভিন্ন দাবী-দাওয়া নিয়ে এসপ্লানেড ইষ্টে জমায়েত হয়েছেন। তহশীলদাররা মাত্র ৫০ টাকা বেতনে খাটতো। কিন্তু তহশীলদাররা এবং পিয়নরা সরকারী কর্মচারীর অর্ন্তভুক্ত হওয়ায় এঁরা বাদ পড়ছেন। সেইজন্য এরা ১৯৭৭/৭৮ সালে এবং ১৯৮১/৮২ সালে ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর কাছে আবেদন করেছিলেন। এর পর আবার তাঁরা ১৫-২-৮৫ তারিখে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর নিকট আবেদন জানিয়েছিলেন এবং ৯-৫-১৯৮৫ তারিখে ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর নিকট তাঁদের স্মারকলিপি পেশ করেছেন। কিন্তু তা সত্ত্বেও কিছু হয়নি। সেইজন্য তাঁরা এখানে উপস্থিত হয়েছেন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। প্রায় ৫ হাজার কর্মচারীকে সরকারী নীতি অনুযায়ী, সরকারের আদর্শ অনুযায়ী তাঁদের কথা দিয়েছিলেন কিন্তু কিছু হয়নি। আমি তাঁদের স্মারকলিপি আপনার কাছে পেশ করছি যাতে বিহিত ব্যবস্থা গ্রহন করা হয়।

শ্রী মতীশ রায়ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষন করছি। আমাদের হাইকোর্টের অধীনে অফিসিয়াল রিসিভারের অফিসে যারা কাজ করেন সেই সমস্ত কর্মচারীরা—যাদের সঙ্গে রাজ্য সরকারের কিছুটা দায়িত্ব আছে—তারা গত ৩ মাস ধরে বেতন পাচ্ছেন না। এর মূল কারণ হচ্ছে, সেই অফিসের একজন কর্মচারী শোনা যাচ্ছে অফিসিয়াল রিসিভারের যে সমস্ত টাকা ব্যাঙ্কে জমা দেওয়া হতো—জালিয়াতী করে ৮ লক্ষ টাকা ব্যাঙ্ক থেকে জাল সই করে নিয়ে নিয়েছে। এর ফলে কর্মচারীরা বেতন পাচ্ছেন না। আমি আপনার মাধ্যমে মাননীয় বিচারমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহন করেন।

Mr. Speaker : Now, Shri Jayanta Kumar Biswas will move his Motion under Rule 185.

Shri Rajesh Khaitan : Mr. Speaker, Sir, I rise on a point of order. The proposed resolution which has been intended to be moved by Shri Jayanta Biswas is not in order. It is not in keeping with our Rules, and, for your kind consideration I invite your kind attention to Rules 181 to 184(A) of the Rules of Procedure and Conduct of Business of this House in which it has been provided that this House can discuss, can consider a resolution passed by Parliament. But there is no Rule in this book which provides that this House can discuss and consider such a resolution the subject matter of which is an amendment of the Constitution for which this House does not have any jurisdiction or competence. Sir, this House cannot amend the Constitution, cannot alter it, and, therefore, when the said Constitution does not provide for the amendment by this House, how could that subject matter be discussed in a resolution where it is intended that a request be made by this House to the Central Government or the Parliament to consider the amendment of the Constitution. This is number one.

Number two submission of mine before you, for your kind consideration, is that I draw your kind attention to Practice and Procedure of Parliament, 3rd Edition, by Shri Kaul and Shakdher at page 551. This book has been published in 1983, wherein it states about the conditions of admissibility in so far as resolution is concerned. I quote, Sir, "In order that a Resolution may be admissible it should make no reference to any matter where no ministerial responsibility is involved " Sir, as far as this resolution is concerned, there is no ministerial responsibility involved in so far as the honourable members or the Government of West Bengal is concerned. Therefore, my submission is that the Resolution is inadmissible.

Mr. Speaker, Sir, then I refer your kind attention to page 552 in the middle of that page, third paragraph, wherein it states, "A Resolution based on presumtions, or hypothetical in character, is inadmissible, as also one dealing with such matters as are primarily the concern of the States and seek to interfere with their autonomy. In the latter case, on any doubt, a reference is made to the Minister concerned who is asked to state the extent of Central responsibility involved in the subject matter of

the Resolution". Sir, this is one which is dealing with such matter as are primarily the concern of the State. Therefore, my submission before you is that the subject matter over which this resolution is intended to be moved is not a State subject and this House is not competent to discuss it. Furthermore, Sir, if you go into the subject matter of this resolution, you will find that it has been introduced by Shri Jayanta Biswas in the light of the latest Supreme Court decision. That decision is not available to any of us. It has also not been published in the All India Reports. It has not come in our hands too. Therefore, in the absence of that Suprem Court decision, we the members of this House are deprived of considering the parameters which have been banked upon by the Supreme Court decision to discuss the resulution properly. Therefore, Sir, this resolution is premature, and if at all you consider that it is admissible, then my submission is that discussion and consideration of this Resolution should be postponed until we have the copy of the Supreme Court Judgment.

Sir, I shall draw your attention to the fact that? When the question relating to the amendment of the Constitution was discussed in the Parliament on the 22nd August, 1985, the Union Minister of State, Shri K. P. Singh Deo, had already said that the recent Supreme Court Judgement would not create any insecurity. Therefore, how do we discuss this resolution in the light of that discussion in the Parliament?

[4-55—5-05 P.M.]

It is difficult. In the light of the discussion in the Parliament it is necessary to know what the Supreme Courts decision is. How can we go on without having the decision before us? This is my humble submission before you, Sir.

Mr. Speaker: Mr. Khaitan, we are discussing on a Motion and not on a Resolution. I think you have mixed it up. We are discussing a motion under rule I85. You have asked that whether this House is competent to discuss this motion? This House can discuss this motion and recommend to the State Government to write to the Centre to amend the Constitution, because this House does not have the power to amend the Constitution directly. We have also done this in the past. This House has the authority to recommend to the Centre through the State Government.

Shri Rajesh Khaitan : We have not recommended-anything. This House is not competent to discuss this matter. To-day there was a resolution on Raw Jute. Then I did not stand on a point of order. I do not know whether we are competent to do that.

Mr. Speaker : This is not relevant here. Even if it is a Resulution, according to you, there is no bar to discuss it. The question is that the State Government is being requested by this House to write to the Union Government to amend the Constitution. We are the legislators of this State, in the interest of the employees. in the interest of the people, have the power to recommend something to the Centre. Secondly, you have stated that we should wait till the decision of the Supreme Court comes to us. That is also not relevant here. To-day, we presume that at any time the government employees may get show cause notice under the article of the Constitution. Law is there, the articles are there. On the basis of that, recommendation can be made for the amendment of the Constitution. There are articles under which there are certain powers to dismiss the employees. On that basis this House can recommend the Centre to amend the Constitution--nothing more than that. What is the bar on this?

Shri Rajesh Khaitan : In that case the Chief Minister of the State can write to the Union Government to protect the interest of the working class.

Mr. Speaker: No, no, that is not aggrreable.

I now present the 66th Report of the Business Advisory Committee.

FRIDAY, 6-9-85:—

(i) Motion under rule 185 regarding condemnation of apartheid Policy of South African Government—Notice given by Shri Subrata Mukhopadhyay and Shri Ambika Banerjee—1 hour.

(ii) Motion under rule 185 regarding Jute Industry in West Bengal—Notice given by Shri Kamal Sarkar, Shri Bhakti Bhusan Mondal, Shri Debsaran Ghosh, Shri Kamakhya Ghosh and Shri Haripada Jana—1 & half hours.

(iii) Motion under rule 185 regarding annulment of Articles 310 and 311(2)(b) and (c) of the Constitution of India—Notice given by Shri Jayanta Kumar Biswas, Shri Dilip Mazumdar, Shri Rabindara Nath Mondal, Shri Anil Mukherjee, Shri Probodh Chandra Sinha, Shri Bankim Behari Matiy, Shri Bhupal Chandra Panda and Shri Uma Kanta Roy—One and half hours.

MONDAY, 9-9-85:—

(i)(a) Motion under rule 185 regarding situation in the Universities of West Bengal—Notice given by Shri Abdul Mannan.

(b) Motion under rule 185 regarding situation in the Calcutta University—Notice given by Shri Debaprasad Sarkar.

(c) Motion under rule 185 regarding protest against the proposal for declaring the Calcutta University as a Central Institution—Notice given by Shri Amiya Bhusan Banerjee—Two hours.

(ii) The West Bengal Open University Bill, 1985. (Introduction)—One hour.

There will be no Questions for Oral Answers and Mention Cases on Friday, the 6th September, 1985.

I now request the Minister in charge of Home (Parliamentary Affairs) Department to move the motion for the acceptance of the House.

Shri Santi Ranjan Ghatak : Sir, with your permission I beg to move that the 66th Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The motion was then put and agreed to.

Mr. Speaker : Now, I request Shri Jayanta Kumar Biswas to move his motion.

Shri Jayanta Kumar Biswas : Sir, I beg to move that—

যেহেতু ভারতীয় সংবিধানের ৩১০ ও ৩১১(২) (খ) ও (গ) ধারা সরকারী কর্মচারীদের চাকুরির নিরাপত্তা সম্পূর্ণভাবে বিঘ্নিত করছে এবং দেশের প্রায় এক কোটি সরকারী কর্মচারী এক সম্পূর্ণ নিরাপত্তাহীনতা ও আশংকাজনক পরিস্থিতির মধ্যে চাকুরী করতে বাধ্য হচ্ছেন;

যেহেতু সংবিধানের উপরিউক্ত ধারায়, উর্ধ্বতন কর্তৃপক্ষের মর্জি ও খুশির উপর সরকারী কর্মচারীদের চাকুরী নির্ভর করে;

যেহেতু সাম্রাজ্যবাদী বৃটিশের কলঙ্কজনক উত্তরাধিকার হিসাবে উপরিউক্ত মর্জির উপর নির্ভরশীল সরকারী কর্মচারীদের চাকুরী-শর্তাবলী নিধারিত হয়েছে;

যেহেতু উপরি-উক্ত ধারায় বিনা তদন্তে ও আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে সরকারী কর্মচারীদের বরখাস্ত করা, অপসারণ করা এবং/অথবা পদাবনতি ঘটাবার ক্ষমতা সরকারী কর্তৃপক্ষকে দেওয়া হয়েছে;

যেহেতু উপরি-উক্ত ধারাগুলির ফলে সরকারী কর্মচারীরা আত্মপক্ষ সমর্থনের মৌলিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন;

সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে ইউনিয়ন সরকারের কাছে সংবিধানের ৩১০ এবং ৩১১ (২) (খ) ও (গ) ধারা বাতিল করার প্রস্তাব করছে।

মাননীয় স্পীকার মহোদয়, আজকে ভারতীয় সংবিধানের ৩১০(২), ৩১১(খ) এবং (গ) ধারা সংশোধনের জন্য যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে তা আমি সমর্থন করছি। এই প্রস্তাবের মধ্যে বিরোধী পক্ষের সদস্য সুপ্রিম কোর্টের কোন রেফারেন্স নেই বলে বৈধতার প্রশ্ন তুলেছেন। সুপ্রিম কোর্টের সাম্প্রতিক যে রায় বেরিয়েছে তা খুবই প্রাসঙ্গিক ভাবেই এখানে এসে পড়ছে। সংবিধানের ৩১০, ৩১১(খ) এবং (গ) ধারা শুধু [illegible] ১ কোটি সরকারী কর্মচারীদের চাকুরীর নিরাপত্তা বিঘ্নিতকরছে না, ভারত সরকারের সংবিধানের যে গণতান্ত্রিক চরিত্র তার উপর আঘাত হানছে। স্বাভাবিকভাবেই ভারতীয় যুক্তরাষ্ট্রীয় গনতান্ত্রিক কাঠামো রক্ষা করার এবং অব্যাহত রাখার স্বার্থেও সংবিধানের এই ধারার সংশোধন হওয়া বিশেষভাবে প্রয়োজন। আমি মনে করি রাজ্য সরকারের মাধ্যমে এইজন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো দরকার। ভারতীয় সংবিধান বারবার করেই সংশোধন করা হয়েছে দেশের পরিবেশ ও পরিস্থিতির পরিবর্তনের সঙ্গে সঙ্গে। প্রয়োজনে সংবিধান এর আগে অনেকবারই সংশোধন হয়েছে। সংবিধানের উল্লিখিত ধারা যেহেতু গণতন্ত্র বিরোধী এবং এর দ্বারা কেন্দ্রীয় ও রাজ্য সরকারী কর্মচারীদের চাকুরীর নিরাপত্তা পরিপূর্ণভাবে বিঘ্নিত হচ্ছে, সেইজন্য অবিলম্বে সংবিধান সংশোধন করা দরকার। মাননীয় স্পীকার মহোদয়, সংবিধানের মধ্যে ঐ ধারাগুলিতে কি বলা হয়েছে, সেই প্রসঙ্গে প্রথমে সকলের দৃষ্টি আকর্ষণ করছি—service under the Union and the states এরমধ্যে ৩১০ ধারায় যে কথা বলা হয়েছে—শুধু এইটুকু বলা যায় যে, এই ক্ষেত্রে রাজ্য সরকার এবং ইউনিয়ন সরকারের যে কর্মচারী আছেন, তাঁদের চাকুরী নির্ভর করছে-during the pleasure of the President. অর্থাৎ প্রেসিডেন্ট অভিরুচির উপর নির্ভর করবে তার চাকুরী এবং খুব স্বাভাবিক কারণেই কোন গনতান্ত্রিক মানুষ এই ধারাকে মেনে নিতে পারেন না। আমি বিস্তৃতভাবে না পড়েই বলছি, এই ধারার অস্তিত্বের ফলে অন্যায় আচরণের বিরুদ্ধে কোন ডিফেন্সের সুযোগ থাকবে না। এমনকি সুপ্রীম কোর্ট, হাইকোর্ট, কোথাও যাওয়াক সুযোগ থাকবে না। চাকুরী নির্ভর করবে শুধুমাত্র—during the pleasure of the President.

অর্থাৎ প্রেসিডেন্টের অভিরুচি নির্ভর করবে একজন কর্মচারীর চাকুরী। কাজেই, আশা করবো, মাননীয় সদস্য রাজেশ খৈতান বা অন্য কোন সদস্য গনতন্ত্র বিরোধি এই দিকটার দিকে নিশ্চয়ই দৃষ্টি দেবেন। সংবিধানের ৩১১ ধারাতে পরিস্কার বলে দেওয়া হয়েছে—

No person who is a member of a civil service of the Union or an All India service or a civil service of a State or holds a civil post under the Union or a State shall be dismissed or removed by an authority subordinate to that by which he was appointed.

এখানে পরিস্কার ভাবেই বলে দেওয়া হয়েছে যাঁরা এ্যাপয়েন্টমেন্ট দিচ্ছেন, তাঁদের উপরই নির্ভর করবে কোন ব্যক্তির চাকুরী। তাঁরা যে কোন সময়ে তা যে কোন কর্মচারীর উপরই প্রয়োগ করার অধিকারী। ৩১১(২)-প্রভিসো (বি) এ্যান্ড (সি) ধারাতে যা বলা হয়েছে তাতে এখন কোন এমপ্লয়ি কোন আবেদন-নিবেদন বা কোনভাবেই ডিফেন্ড করার সুযোগ থাকবে না। সেখানে বলা হয়েছে—Where an authority empowered to dismiss or remove a person or to reduce him in rank is satisfied that for some reason, to be recorded by that authority in writing, it is not reasonably practicable to hold such enquiry.

[5-05—5-15 P.M.]

আপনি জানেন ইনকোয়ারী করার কথা ছিল কিন্তু প[illegible] ৩১১(২)(বি) প্রভিসোতে বলে দেওয়া হয়েছে এনকোয়ারীর প্রয়োজন নেই। এ্যাপয়নটিং অথরিটি যদি স্যাটিস্‌ফায়েড হয় এবং যদি মনে করেন তার আর চাকুরীর প্রয়োজন নেই তাহলে সে ক্ষেত্রে করা যাবে। তার চাকুরী টারমিনেট 'সি' তে পরিষ্কারভাবে বলে দিয়েছে যে, প্রেসিডেন্ড আর গভর্ণর যদি স্যাটিসফায়েডহয়ে মনে করেন তার আর চাকরীর প্রয়োজন নেই তাহলে তার চাকরী টার্মিনেটহতে পারে। সেখানে কোন আবেদন করার সুযোগ থাকবে না, কোন এনকোয়ারী করার সুবোগ থাকবে না। সংবিধানে এই যে ধারা সন্নিবেশিত করা হয়েছে তাতে মুক্ত বুদ্ধিসম্পন্ন মানুষের মনে প্রশ্ন জাগতে পারে এই ধারার ফলে কি কেন্দ্র বা কি রাজ্য সরকারী কর্মচারীদের গণতান্ত্রিক চেতনায় বাধা সৃষ্টি করছে। অতীতে এই ধারা সংবিধান প্রণয়নের সাথে সাথে যখন রচিত হয়েছিল তখন সুপ্রিম কোর্টের বিচারপতিরা রায় দিয়েছিলেন তখন যেমন সরকারী কর্মচারীরা অনেক ক্ষেত্রে আবেদন করেছিলেন তাতে অধিকাংশ ক্ষেত্রে তারা জয়যুক্ত হয়েছিলেন। সেখানে বিভিন্ন সময়ে সুপ্রিম কোর্টের বিচারপতিরা যে রায় দিয়েছিলেন সেটা গণতান্ত্রিক অধিকারের বিরুদ্ধে ছিল তবুও তারা পুনর্বহাল হয়েছিলেন। পরিশেষে যে রায় দিয়েছেন সেটা একটা আলোড়নের সৃষ্টি করেছে। সেখানে সুপ্রিম কোর্টের ৫ জন সদস্যকে নিয়ে একটা ডিভিশান বেঞ্চ হয় তাতে ২৩শে জুলাই মধ্যপ্রদেশের সরকারী কর্মচারী ইনকাম ট্যাক্স ইউনিয়নের সদস্য মি: কুরীকে৩১১(২) ধারায় বরখাস্ত করা হল। সেখানে তার সম্বন্ধে বিচারপতিদের মধ্যে ডিফারেন্স অফ ওপিনিয়ন হয়েছিল তবে অধিকাংশের রায় ছিল এবং সেই রায় মূলত এই কারণে যে এর ফলে অতীতে জয়যুক্ত যারা হয়েছিলেন প্রিভিয়াস কেস ল দেখিয়ে বা নজির দেখিয়ে ভবিষ্যতে এবং পরবর্তীকালে রাজ্য সরকারী বা কেন্দ্রীয় সরকারী কর্মচারীকে যদি বরখাস্ত করা হয় তাহলে এই নতুন দৃষ্টান্ত দ্বারা তাদের আর আবেদন করার কোন সুযোগ থাকবে না, একথা সংবিধানে সুস্পষ্টভাবে বলে দেওয়া হয়েছে। মাননীয় স্পীকার স্যার, আমি বলতে চাই যে কেন্দ্রীয় বা রাজ্য সরকারী কর্মচারীরা কাজ করেন কি করেন না সেটা বড় কথা নয়, কিন্তু নাগরিকের যে মৌলিক অধিকার আর্টিকেল ১৪তে, [illegible] রাইটস সন্নিবেশিত হয়েছে সেখানে পরিষ্কারভাবে বোঝা যাচ্ছে যে মৌলিক অধিকারকে কেড়ে নেওয়া হচ্ছে। আজকে ৩১০ এবং ৩১১(২) এর (খ) এবং (গ) ধারায় সরকারী কর্মচারীদের অধিকার শুধু ক্ষুন্ন করছেন তা নয় এতে নাগরিকের মৌলিক অধিকারও ক্ষুন্ন করা হচ্ছে। এর ফলে সংবিধানের উপর একটা বিরাট আঘাত আনছে। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এবং পশ্চিমবঙ্গের মানুষ স্বভাবতই নিজেদের গণতান্ত্রিক চেতনা এবং ঐতিহ্যের থেকে এই ধরণের সংবিধানের ধারার বিরুদ্ধে প্রতিবাদ না করে পারেনি। অতীততে এইরকম ঘটনা ঘটেছে, পুরনো নজির অনেক আছে, সেখানে বিভিন্ন সময়ে যথা ১৯৭১ সালে রাজ্য সরকারী কর্মচারীদের উপর খড়্গ নেমে এসেছিল, ১৯৭৬ সালেও অনুরূপ ঘটনা ঘটেছিল এবং ১৯৭৪ সালের রেলওয়ে ধর্মঘটে এইসব ঘটনা ঘটেছিল। ১৯৬০ সালে যখন কেন্দ্রীয় সরকারী কর্মচারীরা আন্দোলন করেছিলেন তখন আমরা দেখেছিলাম বিনা নোটিশে এবং বিনা কারণে ছাটাই করে দিয়েছিলেন। এর ফলে স্বভাবতই এই কথা স্পষ্ট করে বলে রাখা দরকার যে ভবিষ্যতে যে সব সংবিধানের সংশোধন করা হবে তখন এই ধারাগুলি সংশোধন করার প্রয়োজন আছে, এবং এই ফেডারেল ক্যারেকটারে একে আরো বিস্তৃত করার প্রয়োজন আছে। কারণ আমরা জানি এর পিছনে একটা গভীর উদ্দেশ্য কাজ করছে, কেন্দ্রীয় সরকার যে ভাবে লোক ছাটাইয়ের নীতিগ্রহণ করেছেন, অটোমেশান লাগিয়ে লোক ছাটায়ের পরিকল্পনা গ্রহণ করেছেন এটা অত্যন্ত বিপজ্জনক। ১৯৮৪ সালে কেন্দ্রীয় সরকার কোন নতুন লোক নিয়োগ করেনি। আজকে কম্পিউটার বসানোর উদ্দেশ্যে লোক ছাটাই নীতি গ্রহণ করেছেন। ভারতবর্ষে শাসক শ্রেণী কেন্দ্রীয় সরকার ধনতান্ত্রিক ব্যবস্থা, আরো বেশী করে পুঁজিবাদী ব্যবস্থা তৈরী করে তাদের বিগ বিজনেসম্যানদের পৃষ্ঠপোষক হয়ে কাজ করার চেষ্টা করছেন এবং সেই দৃষ্টিভঙ্গী থেকে রাজ্য সরকারী এবং কেন্দ্রীয় সরকারী [illegible] ছাটাইয়ের পরিকল্পনা গ্রহণ করেছেন। সেই উদ্দেশ্য নিয়ে ক্রমশ: এটা প্রয়োগ করার চেষ্টা করছেন সেটা অত্যন্ত বিপজ্জনক বলে আমার মনে হয়।

আমি আশা করবো গনতান্ত্রিকচেতনা সম্পন্ন মানুষ হিসেবে বিধানসভার সরকার ও বিরোধী পক্ষের সদস্যরা এই প্রস্তাব সমর্থন করবেন এবং কেন্দ্রীয় সরকারের কাছে এই প্রস্তাব প্রেরণ করবেন। কারন তাহলেই সমস্ত ভারতবর্ষ জুড়ে সরকারী কর্মচারীরা যে আন্দোলনের সামিল হয়েছে সেই আন্দোলন জোরদার হবে। কাশীবাবু যে সংশোধনী উত্থাপন করেছেন তাতে তিনি চতুরতার আশ্রয় নিয়েছেন। এই কথা বলে গনতান্ত্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে আলোচনা করার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. [illegible] : There are 9 amendments and they are in order.

Shri Sumanta Kumar Hira : আমার এ্যামেন্ডমেন্ট নং ১, ২ আমি মুভ করছি না।

Mr. Speaker : Now Shri Kashinath Misra may move his amendments.

Shri Kashinath Misra : Sir, I beg to move that—

In paragraph 1, line 2, for the words "সম্পূর্ণভাবে বিঘ্নিত করছে" the words "নিরাপত্তার প্রশ্ন উঠেছে" be substituted.

In paragraph 2, line 1, the words "মর্জিও" be omitted.

For paragraph 3, the following be substituted "যেহেতু সংবিধানের উপরি-উক্ত ধারাগুলি কর্তৃপক্ষের সম্পূর্ণ মর্জির উপর নির্ভর করে সরকারী কর্মচারীদের চাকুরীর শর্তাবলী নির্ধারিত করছে;

In paragraph 4, line 2, for the word "ঘটাবার" the words "ঘটাবার যে" be substituted.

In paragraph 4, line 3, after the words দেওয়া হয়েছে;" the words "তাহা অপপ্রয়োগ হবার সম্ভাবনা দেখা দিয়েছে;" be added.

In paragrpah 5, line 2, for the words বঞ্চিত হচ্ছেন" the words "বঞ্চিত হওয়ার আশঙ্কা করা হচ্ছে" be substituted.

In paragraph 6, line 2, for the words "বাতিল করার প্রস্তাব করছে" the words "যথাবিহিত সংশোধন করার ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছে" be substituted.

শ্রী আবদুস সাত্তারঃ—মাননীয় অধক্ষ্য মহাশয়, জয়ন্তবাবু, দিলীপ বাবু এবং অন্যান্য যে মোশান নিয়ে এসেছেন আমি সরাসরি তার বিরোধিতা করছি না। মোশানের স্পিরিটের সঙ্গে আমি মোটামুটি একমত পোষণ করি, তবে তিনি যে ব্যাখ্যা করেছেন সেটা ঠিক নয়। প্রশ্ন হচ্ছে আর্টিকেল ৩১০ এবং ৩১১(২) প্রভিসো (বি) এন্ড (সি) নিয়ে। ৩১০ আর্টিকেলে যেটা আছে দ্যাট ইজ সাবজেক্ট টু ৩১১। ৩১০-এ বিনাকারণ দর্শিয়ে যেটা বলা হয়েছে সেটা কিন্তু ভুল বলা হয়েছে। সেখানে বলা হয়েছে —

Except as expressly provided by this Constitution, every person who is a member of a defence service or of a civil service of the Union or of an all-India service or holds any post connected with defence or any civil post under the Union, holds office during the pleasure of the President, and every person who is a member of a civil service of a State or holds any civil post under a State holds office during the pleasure of the Governor of the State. Sir, if you go through the books of Dr. Durgadas Basu you will get it that Article 310 i.e. subject to 311(2). If you go through it then from that it will appear that 311(2)—'No such person as aforesaid shall be dismissed or removed or reduced in rank until he has been given a reasonable opportunity of showing cause against the action proposed to be taker in regard to him.

[5-15—5-25 P.M.]

সুতরাং এখানে না এনে কখনও পারবে না। আর্টিকেল ৩১০ ইজ সাবজেক্ট টু আর্টিকেল ৩১১(২)। আমি বক্তৃতায় তো বলেছি আপনি যে ভিউ এক্সপ্রেস করেছেন আমিও সেই ভিউ এক্সপ্রেস করেছি, আপনি বাতিল করতে বলেছেন, আমরা বলেছি সেই আর্টিকেল সংশোধন করা হোক। দেন প্রোভাইসো (২)·অব আর্টিকেল ৩১১ স্যাল নট বি এ্যাপ্লায়েড হিয়ার। এরপরে আসুন Article 311(a) says—"Where a person is dismissed or removed or reduced in rank on the ground of conduct which has led to his conviction on a criminal charge". .... Article 311(b)—যখন কনস্‌টিটুয়েন্ট এ্যাসেমব্লীতে এটা নিয়ে আসা হয় তখন ধরে নেওয়ার চেষ্টা হয়েছিল যেকোন চার্জ হলে তাকে ডিসমিস করবে উইদাউট সোইং এনি রিজন্‌স। সেখানে বলছে না, সে সমস্ত অফেন্স ইনভলভিং মোর। টার্পিটিউডএন্ড কনডাক্ট তাতে যদি কন্‌ভিকসান হয় তাহলে চাকরী চলে যাবে। সুতরাং যেকোন কন্‌ভিকসান হলে চাকরি চলে যাবে না। এই ব্যাপারে অনেক রুলিং আছে। তারপর আসুন আর্টিকেল ৩১১(বি)-তে—আর্টিকেল ৩১১(বি) সেজ—Article 311(B) says—"Where an authority empowered to dismiss or remove a person or to reduce him in rank is satisfied that for some reasons, to be recorded by that authority in writing, it is not reasonably practicable to give to that person an opportunity of showing cause". Generally, the man who will dismiss an employee, he must record his reasons but the reasons may not be given to the employee. But if that is not given, if the reasons are not given, if the reason are not recorded, then the Court can interfere. There are so many Rulings. I can cite (i) AIR 1957, SC P-36(41), (ii) AIR, 1958 SC P 300 (304), and (iii) AIR 1965, SC, P 600(610), for your information. Then Article 311(c) says—"Where the President or Governor, as the case may be, is satisfied that in the interest of the security of the State, it is not expedient to give to that person such as opportunity."

দি প্রেসিডেন্ট বা গভর্ণর সেখানে পারে যদি দেখা যায় সিকিউরিটি অব দি স্টেট সেখানে ইনভলভ্‌ড। আফটার দি চার্জেস আর গিভেন টু দি এমপ্লয়ী সেই চার্জগুলি বাইরে যাতে না যায় তারজন্য ফর সিকিউরিটি অব দি স্টেট প্রেসিডেন্ট অর গভর্ণর সেখানে পারে। এটা নিয়ে কন্সটিটিউয়েন্ট এ্যাসেম্বলীতে যে সমস্ত তর্ক উঠেছিল সেই তর্কে দেখা গেছে যে--"With regard to sub-clause(b), this has been bodily taken from section 240 of the Government of India Act. I think it will be agreed that the object of introducing of section 240 of Government of India Act was to give protection to the services. Even the British people who were very keen on giving protection to the civil services, thought it necessary to introduce the provisio like sub-clause(b). We have pleasure in introducing a new thing which had not existed before. With regard to sub-clause(c), It has been felt that there may be certain cases where mere disclosure of a charge might effect the security of the State. Therefore, it is provided that under sub-clause (c), the President may say that in certain cases notice shall not be served. I think that is a very solitary provision and notwithstanding the obvious criticism that may be made it opens a wide door to the President to abrogate the provision contained in sub-clause 2. I am inclined to think that in the better interests of the State it ought to be retained."

ডঃ আম্বেদকর কেন এই কথাগুলি বলেছেন সেটা একবার চিন্তা করুন। তবে যে ভয় জয়ন্ত বিশ্বাস মহাশয় করেছেন সেখানেও দেখা গেছে যদি এই ধরনের কোন ঘটনা ঘটে, কাউকে ডিসচার্জ করে তাহলে ডি. বাসুর বইর ৭৫৯ পাতায় দেখবেন দেয়ার আর সো মেনি কেসেস্ যেখানে তারা কোর্টে গেছে এবং রেমিডি পেয়েছে। যে জিনিসটা নিয়ে এত আলোচনা হচ্ছে তার কারণ হচ্ছে সুপ্রিম কোর্টের একটা ডিসিসন। কিন্তু সেটা তো আগস্ট মাস পর্যন্ত এ আই আর—এ রিপোর্টেড হয়নি। আশ্চর্যের বিষয় সেই ভিউতেজয়ন্তবাবু এই মোসন এনেছেন। মনে হয় সুপ্রিম কোর্টের ডিসিসন দেখে উনি একটু নার্ভাস হয়ে পড়েছেন। আমরা কংগ্রেস বেনচ্ থেকেও এটা চাই। এই ধারাটা এ্যাপ্লিকেবেল হবে ওনলি ইন দি কেস অব গভর্ণমেন্ট এমপ্লয়ীজ। পাবলিক আনডারটেকিং—এ যারা কাজ করে তাদের ক্ষেত্রে এটা এ্যাপ্লিকেবেল নয়। গভর্ণমেন্ট এমপ্লয়ী বলতে স্টেট এমপ্লয়ী এবং ইউনিয়ন এমপ্লয়ী সকলকেই বোঝায়। যদি কোন ক্ষেত্রে সিকিউরিটি অব দি স্টেট এই প্রশ্ন আসে সেখানে ঘটনাটা ডিসকোলাজ করা খারাপ হবে সেইজন্যই ডঃ আম্বেদকর বলেছেন এটা থাকা দরকার। এটা ১৯৫০ সালের আগেও ছিল এখনও আঁছে। উনি ফাণ্ডামেন্টালী যেটা বলেছেন তাতে আমার বক্তব্য হচ্ছে ৩১১(২)-তে পরিস্কার বলা হয়েছে প্রথমে তাকে শোকজ করবে এবং তারপর তার বক্তব্য শুনে ডিসচার্জের·প্রশ্ন আসবে। কাজেই ৩১০ ধারা সাবজেক্ট টু ৩১১ ধারা। ৩১১(২)এক সেকেন্ড প্রোভাইসো সম্বন্ধে জয়ন্তবাবু যা বলেছেন তাতে আপনারা দেখুন লেখা আছে—"রিজনস্ টু বি রেকর্ডেড"। ইফ উইদাউট রেকর্ডিং রিজনস্ কিছু করে দ্যাট ইজ ইললিগ্যাল। দি কোর্ট হ্যাজ পাওয়ার টু সি হোয়েদার কেসেস গিভেন বাই দি অথরিটি কনসান্ড আর রিয়াল, দি রিজনস্ ফর হুইস্ দি ম্যান মে বি ডিসচার্জড অর নট। কোর্টের সেই অথরিটি আছে। তবুও আমি বলছি ফর দি সিকিউরিটি অব দি এমপ্লয়ী স্যুটেবেল এ্যামেন্ডমেন্ট করে যাতে তাদের স্বার্থ রক্ষা হয় সেটা দেখা উচিত। তবে সিমিলারলী এটাও বলছি সিকিউরিটি অব দি স্টেট এই প্রশ্ন যদি থাকে তাহলে ডিসক্লোজার মে হার্ম। জয়ন্তবাবু যেখানে একেবারে বাতিল করবার কথা বলেছেন

আমি সেখানে স্যুটেবলী এ্যামেন্ড করবার কথা বলছি। উনি যে ভিউ এক্সপ্রেস করেছেন তার সঙ্গে আমার ডিফারেন্স কম। উনি বাতিল করতে বলেছেন আমি সেখানে বলছি স্যুটেবলী এ্যামেন্ড করা হোক। কাজেই আমি আশাকরি কাশীবাবু যে সমস্ত এ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেটা গ্রহণ করবেন এবং এক সঙ্গে মিলে এই রেজলিউসন পাশ করবেন।

[5-25—5-35 P.M.]

শ্রী শান্তি রঞ্জন ঘটকঃ—মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য জয়ন্তবাবু এবং আরও কয়েকজন সদস্য এই যে মোসনটা এনেছেন আমি মোসনকে আন্তরিকভাবে সমর্থন করছি। বিরোধী দলের নেতা সাত্তার সাহেব একজন অভিজ্ঞ আইনজীবী, তিনি এটা সমর্থন করতে গিয়ে যে সমস্ত আইনের প্রশ্ন তুললেন, তার থেকে আমি যেটা বুঝেছি যে তিনি এই মোসনকে সমর্থন করেন না—। এবং আমাদের দুর্ভাগ্য হচ্ছে যে এই ধরনের এই সব ব্যবস্থা যখন নেওয়া হয়েছে যেমন এল. এ. এস. এ, ই. এস. এম. এ তাতে সব সময়ের তারা এই ধরণের ব্যাখ্যা দিয়েই তাকে সমর্থন করেন। বলা হয়ে থাকে যে সমস্ত জায়গায় এবং সব সময় এটাকে প্রয়োগ করা হবে না। কোন খারাপ কাজ বা ন্যাশনাল সিকিউকিটি ইত্যাদির ব্যাপারে এটা প্রয়োগ করা হবে না। কিন্তু কার্যক্ষেত্রে দেখা গিয়েছে এই সব সংবিধানের বিধানগুলি এবং অন্যান্য এই ধরনের বিধানগুলি সেই শ্রমিক কর্মচারীদের বিরুদ্ধে নির্বিচারে প্রয়োগ করা হচ্ছে। এটাই হচ্ছে আমাদের সকলের অভিজ্ঞতা। সংবিধানের এই দুটি ধারা সেই ভাবেই প্রয়োগ করা হবে। বিশেষ করে আজকে সুপ্রিম কোর্ট যে জাজমেন্ট দিয়েছে, তার মেজরিটি জাজমেন্ট-এ যা বলছে সেটা হচ্ছে যার বিরুদ্ধে এটা প্রয়োগ করা হবে তিনি তার বিরুদ্ধে কিছু বলা পর্যন্ত অধিকার থাকবে না। একজন সরকারী কর্মচারী বা একজন সাধারণ মানুষের যে অধিকার সেই অধিকার থেকে তাকে বঞ্চিত করা হচ্ছে। এই রকম একটা জঘন্য ব্যবস্থা যা করা হয়েছে তার প্রতিবাদ করা দরকার, এবং তার বিরোধিতা করা দরকার। আবার বলা হচ্ছে যার বিরুদ্ধে এটা প্রয়োগ করা হবে তিনি যদি মনে করেন তাহলে এ্যাপিল করতে পারেন। সুব্রতবাবু কি বলবেন জানি না। এই সুপ্রিম কোর্টের যে জাজমেন্ট আমি তার বিরোধিতা করি। আমার সৌভাগ্য হয়েছিল কেন্দ্রীয় কয়েকজন মন্ত্রীর সঙ্গে আলোচনা করার যাঁদের ব্যাকগ্রাউন্ড আছে ট্রেড ইউনিয়ন আন্দোলন করার। তাঁরা বলেছেন যে এর ফলে সরকারী কর্মচারীদের কিছু বলবার কোন অধিকার থাকবে না। যাকে খুশী বরখাস্ত করা যাবে। সাত্তার সাহেবই বললেন যে সেন্ট্রাল গভর্ণমেন্টে সরাসরি কর্মচারী তাদের উপর রাজ্য সরকারী কর্মচারীদের উপর এটা প্রয়োগ করা হবে—অথচ পাবলিক আনডারটেকিং-এ যারা কাজ করেন তাদের উপর প্রয়োগ করা হবে না। আমার অভিজ্ঞতায় আমি দেখেছি কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের কর্মচারীদের উপর প্রয়োগ হয়েছে, একমাত্র পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা এই দুটি রাজ্য ছাড়া। অন্যান্য রাজ্যে যেখানেই প্রয়োজন হয়েছে সেখানেই এটা প্রয়োগ করা হয়েছে। সেদিক থেকে এটা বিলোপ করা উচিত। তুলে দেওয়া দরকার, তা না হলে এই আইনের ব্যাখ্যা হবে এবং একে টেনে নিয়ে কি ভাবে এটাবে কাজে লাগানো যায় সেই ব্যবস্থা হচ্ছে। সাত্তার সাহেব একটা কথা বলেছেন ন্যাশন্যাল সিকিউরিটি ইত্যাদির ব্যাপারে। এ'ও সেই একই ব্যাপার। নাসা এবং এসমা যখন আইন হয় তখনও বলে এটা সিকিউরিটির ব্যাপার ইত্যাদি। ন্যাশনাল সিকিউরিটি, ক রাপশন ইত্যাদি ফাইট করার জন্য যথেষ্ট আইন আছে, আইনের কোন অভাব নেই। তার বিরুদ্ধি যে ব্যবস্থাগুলো আছে, সেই ব্যবস্থাগুলো সেখানে নেওয়া যায়। সুতরাং আমি অন্য তর্কের মধ্যে যাচ্ছি না। বিরোধী পক্ষের সদস্যরা যে এ্যামেন্ডমেন্টগুলো তাঁরা দিয়েছেন, সেইগুলো অন্যায় ভাবে করা, আমি তাঁদের কাছে আবেদন করবো যে তারাও জয়ন্তবাবু ইত্যাদি যাঁরা এই প্রস্তাবটা এনেছেন সেই প্রস্তাবটাকে তাঁরা সর্বান্তঃকরণে সমর্থন করবেন।

Shri Rajesh Khaitan: Mr. Speaker, Sir, in the motion brought about by Shri Jayanta Biswas, he has referred to the security and welfare of one crore of people in the name of protecting the interests of the working class. Today, these one crore of people are laughing at Shri Jayanta Biswas and at the R.S.P. which is a partner of this Left Front Government. Why are they all laughing, Sir? They are laughing because this Left Front Government cannot give job, cannot give employment to so many yougths and people of this State. This government of the left front parties, this Left Front Government cannot pay to the civil servants, and public servants their due dearness allowance. In Kharagpur, Sir, three employees were illegally discharged by private company and the Labour Department of this Government did not do anything and the government also did not say anything in this House. But, Sir, they are bringing in this resolution as if they are the protector and only protector of the working class. These one crore of people about whom they are talking are all laughing today because they know that this Government, The Left Front Parties, are not their protectors, they cannot safeguard the interests of the working class and they have proved it. Sir, yesterday, the Hon'ble Chief Minister said, 'this is the prescription of a doctor'. Today everybody says that if this government, as a patient, wants to die itself then what can the doctor do? This is the situation today in this State and this motion has been brought by another partner of this Left Front Government, another Left Front Party, viz. the R.S.P. without knowing what is the meaning of security—without any meaning and without any purpose. Nevertheless, we, our leader Shri Abdus Sattar, our Chief Whip, Shri Subrata Mukherjee in the beginning of this Assembly, when they were first elected, said and assured the Hon'ble Chief Minister that they, I mean the Congress Party, would act in a constructive manner. Sir, what the Opposition wants to say today? Today we have said that we are not opposing in a total way the motion moved by ShriJayanta Biswas. We have given very constructive amendments which have been brought by my friend Shri Kashinath Misra. Even then the Government does not agree. What do we mention in our amendments? We have said that we are talking about the security of the working class—that they also know. But, Sir, they—Left Front Parties—want the Constitution to be written off. They want Articles 310 and 311 to be abolished, to be annuled. They do not know the meaning of Articles 310 and 311. These are in the interests of the working class. In a case where a public sector company was involved and an employee was dismissed, the Supreme Court had held it and gave protection to the employees I will cite that case.

[5-35—5-45 P.M.]

No principle of natural justice has been adhered to even if he is a civil or a public servant within the meaning of Articles 310 and 311. The Supreme Court wants to give protection to the working class persons also by applying the provisions of the Constitution under Articles 310 and 311. That case has been reported in AIR, 1985 at page 1046 in the case of Mr. K. C. joshi, Vs. Union of India. Here the Oil and National Gas Commission had taken a severe action against one of the employees. I am

quoting here from page 1048 of the AIR, 1985. "Even if the employees of the Corporation, which is an instrumentality of the State, cannot be said to be the members of a civil-service of the Union or an All-india Service or hold any civil post under the Union, for the purpose of Articles 310 and 311 and therefore, not entitled to the protection of Article 311, they would non-the-less be entitled to protection of the fundamental rights enshrined in Articles 14 and 16 of the Constitution. In other words, they would be entitled to the protection of equality in the matter of employment in public service and they cannot be dealt with in an arbitrary manner."

So, this is what the highest court of our land has said for protecting the interest of the working class people. Even if a public sector employee is not covered by Articles 310 and 311, the principle of natural justice is to be applied. Therefore, my submission before this House, Mr. Speaker, Sir, is that the Members need not unnecessarily be apprehensive of the latest Supreme Court decision which is not before us. A situation has not arisen that the security of the services of the workers is at stake. In this connection, I would like to state here what the Minister of State for Personnel and Administrative Reforms Department, Shri K P. Singh Deo had said on the 22nd August in the Parliament. I am quoting here a paragraph from a newspaper. "Mr. K. P. Singh Deo said the judgment only clarified the parameters of the Constitutional protection granted to government services under the Article regarding dismissal, removal or demotion and did not in any way alter or abridge a Constitutional guarantee available to the employees regarding their tenure of employment."While explaining the scope of the exceptions to Article 311(2) enumerated in the second provision to that Article the Minister said "The Supreme Court had also spelt out clearly the guiding principles to be followed by the competent authority".

Therefore, I think, there is no apprehension. Sir, the Congress Party is the only Party which is concerned about the interests of the working class. Sir, before I sit, I must add here one thing particularly, I wish to refer here to Article 51(A) of the Constitution where the fundamental duties of citizens have been mentioned, Sir, what are the fundamental duties of the citizens? It is true that we have forgotten our fundamental duties. Whenever we rise to talk on any forum, we only speak of our fundamental rights. But, Sir, the right should be coupled with duty. Every citizen should know his duty, otherwise the State Government, the Central Government, the Nation cannot progress. Therefore just referring of rights only would not be sufficient. The time has come when we should talk about the fundamental duties of every citizen as well, even if he is not a worker.

To-day I ask myself, if a civil servant or a public servant does something, which is tantamount to divulge the secret which goes against the interests of West Bengal or our country as a whole, even in that event should the Constitution make a provision to protect him? I do not think so. I think the security of a country is more important than the security of the service of a worker. First, he must fulfil his duties, discharge his duties and simultaneously demand his fundamental rights and that right is there that no arbitrary action can be taken. The civil servant and public servants are totally protected. I have just now cited here one Supreme Court judgement. Therefore, there is no apprehension on the basis of which Shri Jayanta Biswas is asking for deletion of Articles 310 and 311.

Sir, in conclusion, I would request Shri Jayanta Biswas to kindly consider our amendments brought by Shri Kashinath Misra. Thank you Sir.

শ্রী অনিল মুখার্জীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসের দুজন সদস্যের বক্তব্য দু রকম। রাজেশ খৈতান সাহেবের বক্তব্য শুনে মনে হল টাটা, বিড়লা বোধ হয় পশ্চিমবাংলা বিধানসভার ভিতরে তাদের বক্তব্য কংগ্রেসের হয়ে রাখছেন। উনি সুপ্রিম কোর্টের ডিসিসানের কথা বললেন। উনি বললেন সুপ্রিম কোর্টের লেটেস্ট ডিসিসান হচ্ছে টু প্রোটেক্ট দি ইন্টারেস্ট অব দি ওয়ার্কিং ক্লাস। এই প্রসঙ্গে আমার ম্যাগনা কার্টার কথা মনে পড়ছে। ট্রিটি অব ভার্সাই, ভার্সাই চুক্তিতে সই করে ম্যাগনা কার্টা বলেছিলেন পিপলের কাছে আমি নতি স্বীকার করলাম। এই পিপল মানে কারা? পিপল ব্যারনস, ফিউডাল লর্ডস। সেই হিসাবেই ওঁনার কনসেপসানে টাটা, বিড়লার কনসেপসানই মুখ দিয়ে বেরিয়ে এল। আর সাত্তার সাহেব আইনের মধ্যে কতকগুলি ডি. বাসুর কচ-কচানি বলে গেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা কি এই সংবিধান ফলো করে, উল্টে পাল্টে দেখেছেন? উনি সংবিধানে নিয়ে এলেন কন্সটিটিউসনাল ডকুমেন্ট, ডিবেটস অব দি কন্সটিটিউএন্ট এ্যাসেম্বলী ইত্যাদি। এই ডিবেট কদিন ধরে চলেছিল সেটা আমরা লক্ষ্য করে দেখেছি। এই কন্সটিটিউয়েন্ট এ্যাসেম্বলী ডিবেটস থেকে আমরা কি দেখছি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংবিধান কোন্ কোন্ দেশের সংবিধান অনুকরণ করে রচিত হয়েছে? এই হল আমেরিকা, ইংল্যান্ড এবং কানাডা ইত্যাদি যে সমস্ত ধনতান্ত্রিক দেশ আছে এবং সাম্রাজ্যবাদী দেশ আছে তাদের পার্লামেন্টারি ডেমোক্রাসীকে অনুকরণ করে করা। স্যার, সেখানে ৩১০ ও ৩১১ ধারার আগে ৩০৯ ধারা সংবিধানে যেটা সংযোজিত হয়েছে তাতে রিক্রুটমেন্ট রুলসের কথা বলা হয়েছে এবং সেটা সম্পূর্ণরূপে একজিকিউটিভদের হাতে ভেস্ট করা হয়েছে। সেই আইন কোথা থেকে ওরা বের করেছেন দেখুন।

[5-45 P.M. - 5-55 P.M.]

'Condition of services of civil servants are contained in orders in council and regulations made thereunder and in circulars issued by the Treasury which is the Department responsible for the general control of the civil service' ইউ. এস. এ.তে কি হয়? সেখানে হয়—'The power to regulate the conduct in office of all federal employees and in general, the regulation of the administration of the federal civil service belongs to Congress under Article I, section 8—by the Civil Service Act, 1883 the Congress has vested the rule making power in the President acting with the aid of the Civil Service Commission.'

সুতরাং আমরা দেখতে পাচ্ছি আমেরিকায় প্রেসিডেন্টের উপর, একজিকিউটিভ হেডের উপর, ইংল্যান্ডে ক্রাউনের উপর, একজিকিউটিভ হেডের উপর এই ধরনের সার্ভিস কনট্রোলিং অথরিটি, রুল মেকিং পাওয়ার সমস্ত ভেস্ট করা হয়েছে। ঠিক একইভাবে ভারতবর্ষের প্রেসিডেন্টের উপর, গভর্ণরের উপর, একজিকিউটিভ

হেডের উপর এই রিক্রুমেন্ট রুলস, কনডিশানস অব সার্ভিস সমস্ত ভেস্ট করেছে। সাত্তার সাহেব সে দিক দিয়ে গেলেন না, তিনি ডি. বোসের ৩১০/৩১১ ধারা শুধু পড়ে গেলেন এবং সুপ্রিম কোর্টের ডিসিসানের ফুটনোট ধরে ধরে কতকগুলি জিনিষ কোট করে গেলেন। তিনি একবারও বললেন না যে সাম্রাজ্যবাদী বৃটিশ শক্তির কাছ থেকে এটা নেওয়া হয়েছে। উনি একবারও বললেন না যে ১৯১৫ সালের ইন্ডিয়া এ্যাক্টে যে প্রভিসান ছিল, ১৯১৯ সালের ইন্ডিয়া এ্যাক্টে যে প্রভিসান ছিল এবং ১৯৩৫ সালের ইন্ডিয়া এ্যাক্টে যে প্রভিসান ছিল ভারতবর্ষ স্বাধীন হবার পরও সেই প্রভিসানগুলি ৩০৯/৩১০/৩১১ ধারার সঙ্গে রয়েছে, স্যার, বৃটিশ সাম্রাজ্যবাদী শক্তি নিজেদের স্বার্থ সিদ্ধির জন্য যা করেছিলেন একটা স্বদেশী সরকারও সেটা রেখে দিয়েছেন। ফানডামেন্টাল রাইট আজকে ৩০৯ ধারা রেসট্রিক্সান করছে। রিক্রুটমেন্ট রুলস সাবজেক্ট টু দি রেসট্রিকসান, সরকারী কর্মচারী রাজনীতি করতে পারবেন না, ইলেকসানে কনটেস্ট করার অধিকার তাদের নেই। স্যার, এরকম বহু রেসট্রিক্সান ইমপোজ করা হয়েছে আনডার আর্টিকেল ৩০৯/৩১০/৩১১ ধারা উনি পড়ে গেলেন। কি ভাবে ডিসমিস করবে—এখানে কি কনডিসান হবে? সেখানে বলছে স্কোপ অব আর্টিকেল ৩০৯—সেখানে ডিসমিসাল, রিমুভালের ক্ষেত্রে কোথায় হবে? There who hold any civil office under the Union or States in condition that such an employee shall not be dismissed or removed by any authority subordinate to them by which he was appointed. তাহলে যিনি সাবডিনেট, সেই সাবডিনেট অফিসারের উপরের যদি হয় তাহলে ডিসমিস করতে পারবে। রিডাকসান অব র‍্যাঙ্ক যদি না হয়, হায়ার র‍্যাঙ্কের লোক ডিসমিস করতে পারবে। সেটা সাত্তার সাহেব সাপোর্ট করে গেলেন।

রিডাকসন ইন ব্যাঙ্কের লোক যদি না হয় তাহলেও টেকনিক্যাল গ্রাউন্ডের উপরে ৩১১ ধারাটা আছে। টেকনিক্যাল গ্রাউন্ডের স্কোপ নিয়ে একজন এমপ্লয়ী বেঁচে থাকতে পারে এবং যখন হাই কোর্টে, সুপ্রিম কোর্টে মামলা করা হয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, তখন টেকনিক্যাল গ্রাউন্ডের উপরে সে প্রোটেক্সন পায়। কিন্তু এ ক্ষেত্রে এই সব গরীব মানুষগুলির কোনো গ্রাউন্ডের ভিত্তিতেই কোনো প্রোটেকসনের বন্দোবস্ত নেই, এটা রাজেশ খৈতান একবারও বললেন না। সুতরাং আমি বলছি অবিলম্বে এটা বাতিল করে নতুন ধারা সংযোজিত করা হোক, ফান্ডামেন্টাল রাইটস-এ রাইট টু ওয়ার্ক তাদের দেওয়া হোক এবং তাদের সিকিউরিটি অফ্ সার্ভিসকে রক্ষা করা হোক।

শ্রী প্রবোধ চন্দ্র পুরকাইতঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় জয়ন্ত বিশ্বাস এবং অন্যান্য মাননীয় সদস্যরা ১৮৫ ধারায় যে মোসান উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষ স্বাধীন হওয়ার পর আমাদের যে সংবিধান রচিত হয়েছে সে সংবিধানের মূল ধারা গুলি যদি আমরা একটু লক্ষ্য করে দেখি তাহলে দেখব যে, যতই আমরা যুক্ত-রাষ্ট্রীয় কাঠামোর কথা বলি না কেন, মূলত ভারতবর্ষের শাসন ব্যবস্থা ইউনিটি ফর্মে চলছে। আমাদের সংবিধানের ৩১০ এবং ৩১১(২) (খ) ও (গ) ধারা বলে সরকার রাজ্য এবং কেন্দ্রীয়। সরকারী কর্মচারীদের যে কোনো সময়ে চাকরী থেকে অপসারণ করে দিতে পারেন বা পদাবনতি ঘটাতে পারেন। আমাদের সংবিধান সরকারকে এ রকম একটা অধিকার দিয়েছে। আমরা দেখছি সংবিধানের এ রকম বিভিন্ন অধিকারের ভিত্তিতে দীর্ঘ দিন ধরে কেন্দ্রীয় সরকার একের পর এক মানুষের গনতান্ত্রিক অধিকার হরণ করছেন। আমরা গণতন্ত্রের কথা বলি, গণতান্ত্রিক অধিকারের কথা বলি, আমরা বলি ভারতবর্ষ বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্র। কিন্তু বাস্তবে আমরা দেখছি এটা শুধু প্রচার মাত্র। স্বাধীন ভারতের বিগত ৩৭ বছরের ইতিহাস যদি আমরা দেখি, তাহলে দেখব যে, কেন্দ্রীয় সরকার একটার পর একটা এমন সব আইন রচনা করেছেন যে আইন গুলির দ্বারা গনতন্ত্রকে হত্যা করা হয়েছে। গনতান্ত্রিক অধিকার সম্প্রসারিত হওয়া তো দূরের কথা, কেন্দ্রীয় সরকার গনতান্ত্রিক অধিকার ক্রমশঃ সংকুচিত করবার অধিকার অর্জন করেছেন। আমরা জানি বিশেষত কেন্দ্রীয় সরকার এ্যাসমা, নাসা, উপদ্রুত অঞ্চল (বিশেষ আদালত) আইন, সন্ত্রাসবাদ নিরোধক আইন রচনা করে প্রশাসনের হাতে প্রভূত ক্ষমতা নিয়েছেন। এই আইনগুলি রচনা করবার সময় আমরা শাসক কেন্দ্রীয় সরকারকে বলতে শুনি যে এই আইনগুলি কেবলমাত্র যারা গণতন্ত্রের বিরুদ্ধে কাজ করবে তাদের বিরুদ্ধেই প্রয়োগ করা হবে। কিন্তু কার্যত আমরা দেখেছি মানুষের গনতান্ত্রিক অধিকার—সংবিধানে যে মৌলিক অধিকারের কথা বলা হয়েছে—সে অধিকারের বিরুদ্ধেই এই আইনগুলিকে প্রয়োগ করা হয়েছে। সে রকম সংবিধানের ৩১০ এবং ৩১১(২)(খ) ও (গ) ধারা বলে সর্বস্তরের সরকারী কর্মচারীদের যে কোন সময়ে অপসারন বা পদাবনতি ঘটতে পারে। এই ধারাগুলির দ্বারা সরকারী কর্মচারীদের গণতান্ত্রিক অধিকার বা মৌলিক অধিকারের উপর চরম আঘাত-হানা হচ্ছে। সম্প্রতি এ বিষয়ে সুপ্রিম কোর্টের একটি রায় সরকারের হাতকে আরো সুদৃঢ় করেছে—এই আইনকে প্রয়োগ করার ক্ষেত্রে। আমাদের দেশের সুপ্রিম কোর্টের রায়কে উদাহরণ হিসাবে দেখিয়ে এই আইনকে প্রয়োগ করার ক্ষেত্রেও সরকার একটা অবাধ সুযোগ পেয়ে যাচ্ছে। বর্তমানে সুপ্রিম কোর্টের ঐ রায়ের ভিত্তিতে সরকারের হাতে সরকারী কর্মচারীদের চাকরীর আর কোনো নিরাপত্তা নেই, এই আশঙ্কা দেখা দিয়েছে।

বিগত ৩৭ বছরের ইতিহাসে আমরা দেখছি সরকার মানুষের গনতান্ত্রিক অধিকারহরণ করবার জন্য বার বার পদক্ষেপ নিয়েছেন এবং গনতান্ত্রিক অধিকারকে ধ্বংস করবারও পদক্ষেপ নিয়েছেন। একটা ফ্যাসিস্ট সরকারের রূপ আমাদের দেশের সরকারের মধ্যে আত্মপ্রকাশ করেছে। গনতান্ত্রিক অধিকার এবং গনতান্ত্রিক আন্দোলনের উপর বার বার সরকার আঘাত হেনেছেন। এই সরকারের মূল চরিত্রটা কি? তা হচ্ছে উৎপাদন ব্যবস্থায় পুঁজিবাদী চরিত্র। আর রাষ্ট্রীয় চরিত্র হচ্ছে, ফ্যাসিবাদী নীতি এবং পদক্ষেপ। ফ্যাসিবাদী পদক্ষেপকেই সহায়তা করছে সংবিধানের ৩১০ এবং ৩১১(২) (খ) ও (গ) ধারা। সুতরাং যদি গনতান্ত্রিক অধিকার অর্জন করতে হয়, প্রতিষ্ঠিত করতে হয় এবং তাকে সম্প্রসারিত করতে হয়, তাহলে এই অগনতান্ত্রিক ধারার বিলোপ সাধন হওয়া উচিত।

সম্প্রতি যে ন্যাশনাল ক্যাম্পেন কমিটি হয়েছে তার অর্ন্তভুক্ত যে সমস্ত ট্রেড-ইউনিয়ন আছে সেই সমস্ত ট্রেড-ইউনিয়নের মধ্য দিয়ে এবং সমস্ত গণতন্ত্রপ্রিয় মানুষ যারা আজকে দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা করতে চান এইরকম সর্বস্তরের মানুষকে নিয়ে-শুধু এখানেই প্রস্তাব গ্রহন করলেই চলবে না—এর বিরুদ্ধে গনতান্ত্রিক আন্দোলনকে সুদৃঢ়ভাবে গড়ে তুলে শাসকগোষ্ঠীকে সংবিধানের ধারা বাতিল করার জন্য চাপ দিতে হবে। এই কথা বলে এই রেজোলিউসানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-55—6-05 P.M.]

শ্রী কামাক্ষ্যা চরণ ঘোষঃ—মাননীয় স্পীকার স্যার, আজকে বিধানসভায় সরকারী কর্মচারীদের চাকরীর নিরাপত্তা ক্ষুন্ন করে এইরকম যে সংবিধানের ৩১০ এবং ৩১১(২)(খ) ও (গ) ধারা এই সম্পর্ক যে প্রস্তাব বা মোসান আমাদের মাননীয় বিধায়ক শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস এবং আরোও অন্যান্য সদস্যরা রেখেছেন আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করি। এখানে কথা হচ্ছে, আমাদের মাননীয় সদস্য শ্রী রাজেশ খৈতান মহাশয়, তিনি প্রথমেই পশ্চিমবঙ্গের বিধানসভার অধিকারকে চ্যালেঞ্জ করলেন। তিনি বললেন, এইরকম ধারার উপর বিধানসভার আলোচনা হতে পারে না। আমি তাঁর সঙ্গে দ্বি-মত পোষণ করি এবং বিরোধিতা করি। এই কারণে যে, আজকে

সারা ভারতের কোটি কোটি সরকারী কর্মচারীর চাকরীর নিরাপত্তা বিপন্ন এই ধারাবলে এবং সম্প্রতি সুপ্রিম কোর্টের বিচারকদের রায়ের ফলে। এক্ষেত্রে পশ্চিমবঙ্গ বিধানসভা চুপ করে থাকতে পারে না, আমাদের বলিষ্ঠ মতামত এই ধারার বিরুদ্ধে নিশ্চয়ই প্রকাশ করবো এবং তা করার দরকার আছে। মাননীয় মন্ত্রী শ্রী শান্তিরঞ্জন ঘটক বলেছেন সরকার সব সময়ে ভাল ভাল কথা বলে আইন পাশ করিয়ে নেন কিন্তু প্রয়োগ করে জনগণের স্বার্থের বিরুদ্ধে, সংগ্রামী জনগনের বিরুদ্ধে, সংগ্রামী কর্মীর বিরুদ্ধে। আমরা জানি, আজ পর্যন্ত এই ধারা বলে ৮৬ জন সরকারী কর্মচারী তাঁদের চাকরী হারিয়েছেন এবং আরোও আমরা জানি আমাদের পশ্চিমবঙ্গে অনেক সরকারী কর্মচারী যাদের কোন দোষ নেই, যাদের কোন অপরাধ নেই, যেহেতু তাঁরা আন্দোলন করেন ঐ অজয় মুখার্জী প্রমুখ ১৩ জন কর্মচারীর চাকরী চলে গিয়েছিল। কাজেই মাথার উপর swords of democles are handing over their heads এই হচ্ছে অবস্থা। কাজেই আমরা এটা সমর্থন করতে পারি না এবং এই জিনিষ চলতে পারে না। গর্ভনমেন্টের যে সমস্ত এমপ্লয়ই আছেন তার মধ্যে এক একজন হচ্ছেন, He is an employee at the pleasure of the President. তাঁর খুশী মত চাকরী থাকতে পারে আবার নাও থাকতে পারে। কিন্তু প্রেসিডেন্ট তো নেই, ইমিডিয়েট সুপিরিয়র যে অফিসার আছে তার ইচ্ছা হলে কারোও চাকরী নাকচ করে দিতে পারে একটা রিপোর্ট দিয়ে। এই নিরাপত্তাহীন অবস্থায় কোন কর্মচারী সুস্থবোধ করতে পারে না। সেইজন্য আমাদের ভারতবর্ষের সমস্ত কর্মচারী এই ধারার বিরুদ্ধে। আজকে যাদের বিরুদ্ধে এই আইন প্রয়োগ হচ্ছে তারাই বুঝতে পারে, বিরোধী দলের লোকেরা এই জিনিষ বুঝতে পারবেন না, কারণ তাঁদের আমলে সবচেয়ে বেশী কর্মচারী ছাঁটাই হয়েছে। সুতরাং এই ধারার বিরুদ্ধে সোচ্চার হতে হবে। আজ পর্যন্ত একটাও ব্ল্যাক মার্কেটিয়ারের বিরুদ্ধে, চোরাচালানীর বিরুদ্ধে, স্মাগলারদের বিরুদ্ধে এবং আমাদের দেশে যড়যন্ত্রকারীদের বিরুদ্ধে কোন আইন প্রয়োগ হয়নি। ৩১১(সি)তে ডঃ আম্বেদকর বলেছেন, একসট্রিম সিচুয়েসান অফ দি কানট্রি হলে, কিম্বা দেশ আক্রান্ত হলে বা কোন বিদেশী গোয়েন্দার ক্ষেত্রে এই আইন প্রয়োগ করা হবে। কিন্তু ইতিমধ্যে আমরা কি দেখতে পাচ্ছি? আমরা দেখতে পাচ্ছি যারা আন্দোলন করে, যারা মুভমেন্ট করে সে রেল মুভমেন্ট বলুন, ইঞ্জিনিয়ারিং কারখানার মুভমেন্ট বলুন বা সরকারী কর্মচারীদের মুভমেন্ট বলুন তাদের বিরুদ্ধে এই সমস্ত আইন প্রয়োগ হয়েছে।

অতএব, এখানে শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস এবং আরো কয়েকজন বিধায়ক যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধী পক্ষকে অনুরোধ করছি, তাঁরা যেন দেশের সরকারী কর্মচারীদের স্বার্থে তাঁদের আনিত সংশোধনীগুলি প্রত্যাহার করে নেন। এই কয়টি কথা বলে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডলঃ—মিঃ স্পীকার স্যার, সম্প্রতি দেশের সর্বোচ্চ আদালত সংবিধানের ৩১০, ৩১১(২)(খ) ও (গ) ধারা নিয়ে যে রায় দিয়েছেন, সেই সম্পর্কে আমার অভিমত হোল—entirely undermocratic and infrimgment on the fundamental rights of the employees and workmen of this country. আমি এই প্রসঙ্গে বলতে চাই— ভারতবর্ষের সংবিধানে বিশেষ কয়েকটি কথা বলা আছে যে, সমাজতান্ত্রিক, গণতান্ত্রিক ভারত গড়ে তুলতে ভারতের সংবিধানে সংকল্প ঘোষণা করা হচ্ছে। সমস্ত নাগরিক যাতে সাংবিধানিক এবং অর্থনৈতিক ন্যায়বিচার পায়, সবাই যাতে প্রতিষ্ঠা এবং সম্পদ নিশ্চিতভাবে লাভ করেন তারজন্য নিষ্ঠার সঙ্গে সংকল্প করে এই সংবিধান রচনা করা হয়েছে। তবে সমাজতন্ত্রের কথা আমাদের সংবিধানে প্রথমে ছিল না। পরে, ১৯৭৫ সালে কথাটি সংযোজিত করা হয়েছে। স্পীকার স্যার, আপনি জানেন যে, ১৭৮৯ খৃষ্টাব্দে পৃথিবীর ইতিহাসে অত্যন্ত উল্লেখযোগ্য একটি বছর—কারণ, সেটা ফরাসী বিপ্লবের বছর। সেই ১৭৮৯ থেকে ১৮৮১ খৃষ্টাব্দেপর্যন্ত সামন্ততন্ত্রের বিরুদ্ধে, পুঁজিবাদের বিরুদ্ধে প্রগতিশীল মানুষের লড়াই চলে এবং Bourgeoise played a revolutionary part। সেই সময় সামন্ততন্ত্রের বিরুদ্ধে লড়াই করে শ্রমজীবী মানুষ তাঁদের অধিকার অর্জন করেছিলেন। সেই থেকে বিগত ৩০০ বছর ধরে তাঁরা দিনের পর দিন সেই অধিকারকে এগিয়ে নিয়ে চলেছেন। এমন কি, ১৪টি দেশে পুঁজিবাদ ভেঙ্গে আজ সমাজতন্ত্র কায়েম হয়েছে। আর আমাদের দেশের কেন্দ্রীয় সরকার আজকে তাঁদের নিজেদের কর্মচারীদের ক্ষেত্রে সেই অধিকার কার্টেল করছেন। আমি একটি কথা বলবো যে, আমাদের দেশের শ্রেষ্ঠসম্পদ হচ্ছে মানুষ। কিন্তু আজকে কেন্দ্রীয় সরকার যেভাবে আইন-কানুন আনছেন, যেভাবে সংবিধানে ব্যাখ্যা করছেন, তাতে তাঁদের ক্রিয়েটিভ আর্ট আজকে আন্ডার থ্রেড। শুধু ১ কোটি শ্রমিক-কর্মচারীরই নয়, দেশের সমস্ত মানুষকেই আজ তারা থ্রেট করছেন। ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকার সেই রায়ের সুযোগ প্রয়োগ করা শুরু করে দিয়েছে। এর ফলে আজকে মালিক-গোষ্ঠীও সমস্ত শ্রমিক-কর্মচারীদের উপর একটা খড়্গ নামিয়ে নিয়ে আসবে। অন্যদিকে, সমস্ত গ্রামাঞ্চলে ৩০০ বছর ধরে কৃষকসমাজ যে অধিকার ভোগ করে চলেছেন; আজকে ক্ষেতমজুররা যে অধিকার অর্জন করেছেন—সেই অধিকার আজকে ওঁরা কেড়ে নেবেন! ফলে সমস্ত শ্রমিক ও কৃষকসমাজ এর দ্বারা আক্রান্ত হবেন। সুতরাং, এই ধরণের একটা আইনের আমি তীব্র বিরোধিতা করছি। আজকে সমস্ত দেশের মানুষের গুরুত্ব না দিয়ে দমন-পীড়নমূলক একটা আইন করে তাঁদের অধিকারকে খর্ব করা হচ্ছে। মানুষের ক্রিয়েটিভ আর্জের বিষয়ে একটি কথা বলার আছে—Their love for the country, their love for the work that can be imbued in them by honest, dignified and respectable actions, not by the forthcoming dracorian rules and laws like this.

এই ধরণের ঘটনার মধ্যে দিয়ে মানুষের ক্রিয়েটিভ আর্জকে কখনই কার্যকরী করা যায় না। এই প্রসঙ্গে একটিকথা বলি—আপনি ট্রেড ইউনিয়ন করে বলে জানেন যে, ভারতবর্ষ আই. এন. ওর সদস্য। এই আই. এল. ও বলেছেন যে, সমস্ত শ্রেণীর মানুষের বিভিন্নরকম নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হোক।

[6.05 - 6-15 P.M.]

আজকে আপনাদের সমস্ত স্টেট থেকে সাধারণ মানুষের অধিকারগুলি কেড়ে নিচ্ছেন না? আজকে কেন সুব্রতবাবু ১২ তারিখের শিল্প ধর্মঘট থেকে সরে যাচ্ছেন? আপনি বলুনতো কেন সরে যাচ্ছেন? আপনি যেতে বাধ্য। আমাদের দেশের এনটায়ার ইকনমি ডাইরেকসান টু ওয়ার্ডস লিবারালাইজেসান। এই liberalisation for whom-for the rich, for the monopolies, for the multi-nationals-not for the poor. সেইজন্য শ্রেণীস্বার্থ রক্ষা করার জন্য আপনারা কেন্দ্রে বসে আছেন। কোন জায়গায় একটা সমতা পর্যন্ত নেই। আজকে সমগ্র দেশের শ্রমিক শ্রেণীর প্রতি আপনার যদি দরদ থাকে তাহলেও আপনার ক্ষমতাই নেই সেখানে থেকে বেরিয়ে এসে তাদের পক্ষে দাঁড়াবেন। সেইজন্য আই. এন. টি. ইউ. সি ১২ তারিখের শিল্প ধর্মঘট থেকে যদি সরে আসে তাহলে আশ্চর্য হওয়ার কিছু নেই। এর মধ্যে দিয়ে আপনার শ্রেণীস্বার্থের প্রতি দাসত্ব সেটা প্রমান করে দিচ্ছে। এটা অত্যন্ত লজ্জাকর ব্যাপার। আজকে আমরা ২ হাজার বছরে প্রবেশ করছি, আমাদের লড়াইয়ের ফলে যেখানে ক্রীতদাস প্রথা বিলোপ হয়েচে সেখানে নূতন করে ক্রীতদাস প্রথা চালু করার জন্য চেষ্টা করা হচ্ছে এই ব্যবস্থার মধ্যে দিয়ে। সেইজন্য আমরা সমস্ত রকমভাবে এর বিরোধিতা করছি, তীব্র প্রতিবাদ করছি। আমার সর্বশেষ বক্তব্য হল আজকে ওদের কর্মের মধ্যে দিয়ে, বক্তব্যের মধ্যে দিয়ে, কাজের মধ্যে দিয়ে এটাই প্রমানিত হয়েছে যে, ইংরাজদের যে আইন ছিল সেটাকে সম্পূর্ণভাবে আমাদের সংবিধানের মধ্যে দিয়ে ইন টোটো ফলো করা হচ্ছে। উপরতলার মানুষকে খুশি করতে পারলে ভাল, তা না হলে আপনাকে সরে যেতে হবে। এইভাবে মানুষ দাসত্ব স্বীকার করে নিয়ে ভাল কাজ করতে পারে না। আমাদের বামফ্রন্ট সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে সরকারী কর্মচারীদের

রাইট দিয়েছে ট্রেড ইউনিয়ান করার, পুলিশকে রাইট দিয়েছে এ্যাসোসিয়েশন করার, ওয়েলফেয়ার মেজার্স দেওয়া হয়েছে। আমরা মানুষের অধিকার ফিরিয়ে দিতে চাই। সেখানে and you have been curtailing the rights of your own employees.

এই ধরনের স্বৈরতান্ত্রিক প্রবনতা দেশের মানুষকে মুক্ত করতে পারে না। মাননীয় স্পীকার স্যার, ওনারা আবার ইউনিটির কথা বলেন। বিগত লোকসভার নির্বাচনে ওরা ইউনিটির কথা বলেছেন। ইউনিটি কিসের জন্য? কাদের জন্য ইউনিটি? কি করে ইউনাইটেড হবে? আপনারা বলেছেন সাম্রাজ্যবাদের ষড়যন্ত্র আছে, চক্রান্ত আছে। পাকিস্তান আক্রমণ করতে পারে। মানুষের মধ্যে যদি একতা না থাকে, তাদের যদি ঐক্যবদ্ধ না করতে পারেন তাহলে দেশ রক্ষা করবে কারা? সাধারণ মানুষের ঐক্য, শ্রমিকদের ঐক্য, ট্রেড ইউনিয়নদের ঐক্য, কৃষক সমাজের ঐক্য এদের ঐক্যকে পর্যুদস্ত করে, দেশের মানুষের অধিকার কেড়ে নিয়ে তাদের মাথার উপর পা দিয়ে দেশের ঐক্য প্রতিষ্ঠিত হয় না, বিদেশী শক্তিকে রোখা যায় না। বাইরের শক্তিকে রুখতে গেলে তাদের ডেমক্রিকেটিক রাইটকে যত স্ট্রেংদেনড করবেন ততই আপনার দেশ সুরক্ষিত হবে। এ ছাড়া কোন পথ নেই দেশকে রক্ষা করার। সেইজন্য আজকে ওনারা যে প্রশ্ন তুলেছেন সেটাকে আমি প্রত্যক্ষভাবে ঘৃণা করি। আজকে যে প্রস্তাব আনা হয়েছে তাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ৩১১ (খ) ধারাকে কেন্দ্র করে জয়ন্তবাবু যে প্রস্তাব এখানে এনেছেন তার জন্য তাঁকে প্রথমেই ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাচ্ছি এই কারণে যে সাধারণভাবে তার সঙ্গে মতানৈক্য হবার কারণ নেই। কিন্তু যে ভঙ্গিমায় এই প্রস্তাব তিনি নিয়ে এসেছেন আমি মনে করি তার প্রতিবাদ করা উচিত। খুশি হতাম যদি আন্তরিকভাবে সরকারী কর্মচারীদের সবরকম নিরাপত্তা এবং স্বাধীনতা দিতে পারতেন, তাহলে আপত্তির কোন কারণ থাকবে বলে আমি মনে করি না। স্যার, আপনি অবাক হয়ে যাবেন এইটুকু ভাব দেখে যে জয়ন্তবাবু যে প্রস্তাব এনেছেন সেটা কি আসলে রুলিং পার্টি সমর্থন করছেন? যদি করতেন তাহলে ৩১১(খ) ধারার মতো গুরুত্বপূর্ণ আলোচনায় একজন সিকি ভাগ মন্ত্রী বসে থাকতেন না। অন্ততপক্ষে জ্যোতি বাবু ওখানে বসে না থেকে এখানে বসে থাকতেন। সুতরাং ৩১১(খ) ধারার মতো গুরুত্বপূর্ণ সংশোধনীর দাবি ওনাদের কাছে কত তুচ্ছ সেটা প্রমান হয়ে যায় ওই ট্রেজারী বেঞ্চের দিকে তাকিয়ে। একটা লজ্জাবোধ সকলেরই থাকে। আমি আইনের প্রশ্নে যেতে চাচ্ছি না, এই ব্যাপার নিয়ে আবদুস সাত্তার সাহেব বলেছেন এবং রাজেশ খৈতান বলেছেন।

যাঁরা ৩১১ নং ধারা পরিবর্তন করতে হবে, এই ধারা সম্পূর্ণভাবে এ্যাবোলিশ করতে হবে বলছেন, তাঁরা বিগত ৭/৮ বছরের কোন হিসাব আজ পর্যন্ত নিয়েছেন কি? বিগত ঐ বছরগুলিতে পশ্চিমবঙ্গে যতগুলি সরকার এসেছেন, তাঁরাই এই ধারাকে রাজনৈতিক স্বার্থে, শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য বারে বারে সরকারী কর্মচারীদের বিরুদ্ধে ইমপ্লিমেন্ট করেছেন। এই ধারার রূপায়ণে বিগত ঐ বছরগুলিতে যে ভাবে ব্যবহার করা হয়েছে, তা সারা দেশের মধ্যে রেকর্ড সৃষ্টি করেছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে শুধু একটু তুলনামূলক বিচার করলেই প্রকৃত অবস্থা সহজেই বুঝতে পারবেন। একথা আমি দায়িত্ব নিয়েই বলছি। আমি চ্যালেঞ্জ জানিয়ে আহ্বান করছি, এখানে একজন মন্ত্রী দাঁড়িয়ে একবার বলুন, সারা ভারতবর্ষের বুকে বিগত ৮ বছরে ৩১১ নং ধারা পশ্চিমবঙ্গে বেশী ইমপ্লিমেন্ট হয়েছে, না, কম হয়েছে? পশ্চিমবঙ্গে যদি এর ব্যবহার কম হয়ে থাকে, তাহলে আমার আপত্তি থাকবে না এই প্রস্তাবের প্রতি আমার সমর্থন করার। আপনি অবাক হয়ে যাবেন স্যার, যদি কেউ একথা দাঁড়িয়ে বলতে পারেন, তাহলে আমি রাজী আছি এই প্রস্তাবের প্রতি সমর্থন জানাতে। আজকের এই প্রস্তাব এখানে আনার কোন অর্থ, কোন নৈতিক অধিকার এঁদের থাকবে না—আপনি রেকর্ড করে রাখুন, স্যার-যদি না বলেন যে এই ধারা কখনও কোন সরকারী কর্মচারীর বিরুদ্ধে প্রয়োগ করবেন না, কেননা, এঁরাই এই ধারা প্রথম প্রয়োগ করেছিলেন এখানে। যদি তাঁরা এই ধারা কখনও প্রয়োগ করেন, তাহলে তাঁদের বর্বর বলা ছাড়া, এই সরকারকে হিপক্রিট বলা ছাড়া আর কি বলা যাবে? সরকারী কর্মচারীদের বিরুদ্ধে এই ধারা কখনও প্রয়োগ করবেন না বলে এই প্রস্তাবে এঁরা বলেছেন। আমরা খুব গভীরভাবে সেদিকে লক্ষ্য রাখবার চেষ্টা করবো। জয়ন্তবাবু এই প্রস্তাবে এখানে এনেছেন, আশা করবো, এই প্রস্তাবের উপযুক্ত সম্মান রাখবার জন্য আমার আবেদনে সাড়া দিয়ে তিনিও আমাদের মত লক্ষ্য রাখবেন। কিসের অসুবিধা—চাকুরীর নিরাপত্তা? সবাই তা চায়। ২৪শে জুলাই, যেদিন ২৩৭ পাতার রায় বেরিয়েছিল, ঠিক সেদিনও পার্লামেন্টের ভেতরে দাঁড়িয়ে আমাদের কংগ্রেস দলের পক্ষ থেকে এ সম্পর্কে বহু সদস্য উদ্বেগ প্রকাশ করেছিলেন। এই ভাষায় কংগ্রেস দলের সদস্যরা পার্লামেন্টে দাঁড়িয়ে বলেছিলেন যে,—যাঁরা সংবিধান রচনা করেন—'প্রয়োজনে আমাদের এ সম্পর্কে ভাবতে হবে, পরিবর্তন করতে হবে এবং পরিবর্তন করা কোন পাপ নয়।' যদি কর্মচারীদের এবং দেশের মানুষের স্বার্থে দরকার হয়ে পড়ে, তাহলে নিশ্চয়ই পরিবর্তন করতে হবে। আমরা যাঁরা ট্রেড ইউনিয়ন করি, তাঁরা কোনদিন বলতে পারি না যে, সব সরকারী কর্মচারী উদার। সব কিছু একটা লাইসেন্সের মত চলতে পারে না, প্রশাসনের স্বার্থে কোন কোন জায়গায় রেষ্ট্রিকসানস রাখতেই হয় এবং এখানেও তা রাখবেন। ২৩৭ পাতার রিপোর্টটা আপনি যদি পড়েন তাহলে পরিস্কার বুঝতে পারবেন—আমি সবটা এখানে আনিনি, আংশিক নিয়ে এসেছি—যে, এখানে ৩১১ নং ধারার একটা ব্যাখ্যা দেওয়া হয়েছে মাত্র। এই ২৩৭ পাতার মধ্যে ম্যাকসিমামই হচ্ছে এক্সপ্লানেসনস। এখানে বলা হয়েছে যে কর্মচারীদের স্বার্থ ওয়েল প্রোটেকটেড বাই আর্টিকেল আমরা যদি অবজেকটিভ পার্টটা ভালো করে দেখি, তাহলে দেখবো যে কর্মচারীদের স্বার্থ ওয়েল প্রোটেকটেড। এখানে ক্যাটাগোরি ভাগ করে একথা বলা হয়েছে। সুতরাং এগুলো নিয়ে হৈচৈ করার কোন কারণ আছে বলে তো আমি মনে করি না। নিরাপত্তা নিয়ে যে কথা আমরা বলছি-তা সত্যই যদি ওঠে, যদি দেখি যে কর্মচারীরা বঞ্চনার স্বীকার হচ্ছেন সেজন্য সংবিধানের ৩১১ নং ধারার অবলুপ্তির প্রয়োজন আছে, তাহলে আমরা সবাই মিলে আলোচনা করে তা করতে পারি। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে এক সময়ে যখন (আধা) মন্ত্রী ছিলেন, সেই সময়ে তাঁকে জানালা ভেঙে পালাতে হয়েছিল বলে সংবাদপত্রে দেখেছিলাম।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়: কোশ্চেন। বাপের ব্যাটার মত তিনি সমস্ত ঘটনা ফেস করেছিলেন।)

আমি শুনেছিলাম তিনি তখন পালিয়ে গিয়েছিলেন। সেই রিভল্টের বিরুদ্ধে কোন এ্যাকশন গ্রহণ করা কি উচিত নয়? আপনিই বলুন—উচিত, কি, উচিত নয়? মহারাষ্ট্রের পুলিশের বিরুদ্ধে দেশের বৃহত্তম স্বার্থে, প্রোটেকশানের স্বার্থে শাস্তি দেওয়া কি উচিত নয়? আসামে এক শ্রেণীর আমলাতন্ত্র যে ভাবে দেশের ঐক্য বিনষ্ট করছিল—আসাম থেকে চীন সীমান্ত বরাবর রাস্তা তৈরী করে দিয়ে সরাসরি যে ভাবে দেশের ঐক্য নষ্ট করবার চেষ্টা করছিল—সেক্ষেত্র তাদের উপর কোন রেষ্ট্রিকশান থাকবে না? একটা লাগামহীন অবস্থা চলতে থাকবে, পাঞ্জাবে যেমন চলছিল? মধ্যপ্রদেশ নিয়ে এখন যাঁরা বলছেন, তাঁরা তো আকালী দলের মত কথা বলছেন।

[6-15—6-25]

আকালি দলের মদতপুষ্টির জন্য যে আপনারা দায়ী তাতে কোন সন্দেহ নেই, এবং মুখ্যমন্ত্রীর অনুপস্থিতিই সে তা আরো ভালো করে বুঝিয়ে দিচ্ছে। রুলিং পার্টির লোক জয়ন্তবাবু যে প্রস্তাব এনেছে আমি তার সঙ্গে সম্পূর্ন একমত, আমি মনে করি যে এই পরিবর্তন নিরাপত্তার রক্ষার ব্যাপারে ১০০ বার প্রয়োজন এবং সংবিধানেরও

একসঙ্গে পরিবর্তন চাই। সমগ্র ৩১১ ধারার বিরুদ্ধে লাগামহীনভাবে লড়াই করবো তাতে কোন আপত্তি নেই, কিন্তু নির্দিষ্ট কয়েকটি বিষয়ের উপর পরিবর্তন চাই, এটা কি করে হয়, এই জিনিষটা একটু রিয়েলাইজ করার চেষ্টা করুন। আপনারা রু লিং পার্টির লোকেরা সবচেয়ে বেশি এর প্রয়োগ করেছেন এবং আজকে মুখ্যমন্ত্রীর অনুপস্থিতিই তার প্রমাণ। সেখানে ৩টি পয়েন্টের উপর বিশেষ করে রেসট্রিকশান করা হয়েছে, সেই ৩টি পয়েন্ট আমি পড়ে দিচ্ছি। আমি নিজে ট্রেড ইউনিয়ন করি এবং কেন্দ্রীয় সরকারের যে প্রয়োজনীয় সংবাদপত্র দি ইণ্ডিয়ান ওয়ার্কস্ প্রকাশিত হয় তাতে পরিস্কারভাবে বলা হয়েছে লাস্ট লাইনে যে In a democracy the right to be heard is essential. আমরা এই কথাগুলি বিশ্বাস করি, এগুলি গোপন করিনা, ব্ল্যাক এ্যান্ড হোয়াইটে আমরা ছাপিয়ে দিয়েছি, এ্যাট দি সেম টাইম আমি মনে করি ৩১১(২)য়ের যে ক্লজ আছে where a person is disnissed or removed in rank on the ground of conduct which has led to his conviction on a criminal charge যারা জড়িত তাদের সম্বন্ধে কোন প্রশ্ন উঠতে পারে না বলে আমি মনে করি এবং এটা যদি হয় তাহলে আমি বলি ইজ ইট এ ডেমোক্রেসি?এখানে লাইসেন্স দেওয়া তাদের যেতে পারে না। এই উচ্চপদস্থ সরকারী কর্মচারীদের যদি লাইসেন্স দেওয়া হয়, ফ্রিডাম দেওয়া হয় এবং প্রোটেকশানের যদি সিদ্ধান্ত নেওয়া হয় তাহলে আমি মনে করব এটা হটকারিতা ছাড়া আর কিছু নয়। তাতে দেশের স্বার্থ রক্ষিত হবে না where the authority empowered to dismiss or remove a person or to reduce him in rank is satified that for some reason, to be recorded by that authority in writing, it is not reasonably practicable to hold such inquiry. Where the president or the governor, as the case may be, is satisfied that in the interest of the security of the state it is not expedient to hold such inquiry. এই ৩টি পয়েন্ট ছাড়া যে কোন লোক এখানে প্রোটেকটেড হতে পারেন, ট্রেড ইউনিয়ন যারা করেন তারা তো এর প্রতিবাদ করলেন না,। সেখানে এই ধারাটিকে এ্যামেণ্ডমেন্ট অফ ডিসপিউট এ্যাক্টের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এই এ্যামেণ্ডমেন্ট অফ এ্যাক্টের বিরুদ্ধে কোর্টে যাবার পর্যন্ত ব্যবস্থা রয়েছে। সেখানে সেম টাইপ অফ ক্লজ রয়েছে তার বিরুদ্ধে ট্রেড ইউনিয়ন তো মনে করছেন না যে প্রতিবাদ করা দরকার বা এই এ্যামেণ্ডমেন্টটিকে বর্জন করার দরকার। সেখানে বিভিন্ন পত্র—পত্রিকায় বলেছে যে even under the amended industrial disputes act the services of an employee for grave misconduct, can be terminated without any inquiry.আপনি যদি বিস্তারিতভাবে জানতে চান তো বলে দেবো। এই ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টের যখন এ্যামেন্ডমেন্ট করার জন্য সিলেক্ট কমিটি বসে তখন সেই সিলেক্ট কমিটিতে শ্রদ্ধেয় জ্যোতির্ময় বসু মহাশয় ছিলেন, তাঁর উপস্থিতিতেই এই ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এাক্টের ক্লজের নতুন এ্যামেন্ডমেন্ট করা হয়। কই তার কণ্ঠ দিয়ে তো তখন কোন প্রতিবাদ হয় নি। সুতরাং এটা প্রশাসনের জন্য রাজনৈতিক দিক থেকে আসবে না দেশের স্বার্থ রক্ষা করার জন্য হবে সেটা ই আজকে বড় কথা হয়ে দাঁড়িয়েছে। আমি গুরুত্ব দিয়ে বলতে পারি এই দুটি পয়েন্ট এখানে সবচেয়ে বেশী প্রয়োগ করা হয়েছে। আমি আশা করবো জয়ন্তবাবু পরবর্তীকালে এই ব্যাপারে প্রোটেকশান দেবেন আর যাতে না হয়। আপনারা ৩১১ ধারাকে সবচেয়ে বেশী প্রয়োগ করেছেন।

আমি তো বলতে পারি ৩১১ ধারা এ্যাপলাই করে মিলন চৌধুরী জেনারেল সেক্রেটারির এস.ই.বির তাকে সাসপেণ্ড করা হয়েছে। আমি তো বলি সবচেয়ে বেশী রেকর্ড করেছেন আপনারা এই ৩১১ ধারাকে ব্যবহার করে,আজকে সেই জিনিষের প্রয়োজনীয় পরিবর্তন জয়ন্তবাবু চাইছেন?এর যেমন প্রয়োজনীয় পরিবর্তন চাই তেমনি দায়িত্ব নিয়ে বলতে পারি যে একে পুরোপুরি বর্জন করবেন এমন কেউ প্রবীন বাম্পণ নেই।

শ্রী দিলীপ মজুমদার ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব নিয়ে আলোচনা হচ্ছে সেটা অত্যন্ত গুরুতর বিসয়। আমাদের দেশে যারা সরকারী কর্মচারী আছে বা কল-কারখানায় শ্রমিক কর্মচারী আছে তাদের পক্ষে দেশ স্বাধীন হবার আগে বৃটিশ সরকার এদেশে যেরকমভাবে ট্রিট করতেন কংগ্রেস সরকার সেই একই রকমভাবে ট্রিটমেনট করছেন স্বাধীন দেশের স্বাধীন নাগরিক হিসেবে নয়। বৃটিশ ভারত শাসন আইন তৈরী করেছিল ১৯১৯ সালে এবং ১৯৩৫ সালের আগে এই জিনিস ছিল যে ক্রাউন যখন খুশী হবে কাউকে নিয়োগ করবেন, যখন খুশী তাড়িয়ে দেবেন। আমাদের সংবিধানের ৩১০,৩১১ ধারায় ক্রাউনে পরিবর্তে প্রেসিডেন্ট এবং গভর্ণর হয়েছে। অর্থাৎ বৃটিশ যে ভারত শাসন আইন করেছিল সেই আইনই থেকে গেছে। সুপ্রীম কোর্টের রায়ের কথা বলে বলা হয়েছে যে যারা কাজ করবে না, যারা দুর্নীতিগ্রস্ত তাদের বসিয়ে বসিয়ে কেন রাখা হবে- এদের ছাটাই করা হবে। যে দেশে আইনের শাসন আছে সে দেশে কি এই রকম কি কোন সিদ্ধান্ত হতে পারে? একজন লোককে মনে করা হল সুপ্রীম কোর্টের জজ বা তদন্ত কমিটির অফিসার নয়- তার অফিসারের দ্বারা যে উনি দুর্নীতি করেছেন বা দক্ষ কর্মচারী নন, বা সৎ নন তাহলে তাঁর মর্জির উপর নির্ভর করে তিনি তাঁকে ছাটাই করবেন। এই যে বিধান রয়েছে ৩১০ বা ৩১১ ধারায় সেটা কোন দেশে চলতে পারে না। একজন মার্ডারার যেমন ইন্দিরা গান্ধীকে খুন করেছে তার বিচার হচ্ছে **** বিরুদ্ধে দুর্নীতি, চুরির অভিযোগ ছিল তার বিচার হচ্ছে **** কোটি কোটি টাকা চুরি করেছেন তার বিচার হচ্ছে কংগ্রেসী মন্ত্রী সুনীতি চট্টরাজের বিরুদ্ধে দুর্নীতি অভিযোগ ছিল সে বিষয়ে....

শ্রী সুব্রত মুখার্জি ঃ-

এই ভাবে নাম করে বলা যায় কি ? আমি বলছি *** বিরুদ্ধে বিচার হয়েছে।

মিঃ স্পীকার ঃ- আপনি নাম না করে বলতে পারেন কোন এক রাজ্যের মুখ্যমন্ত্রী কিন্তু যিনি এই হাউসের মেম্বার নন তাঁর নাম করতে পরেন না। হাউ দে ডিফেন্স দেমসেলভস?

শ্রী দিলীপ মজুমদার ঃ- অনেক রাজ্যের মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ হয়েছে বিচার হয়েছে। এখানেও কংগ্রেস শাসনে তাই হয়েছে। কিন্তু সরাসরি ছাটাই করাটা গণতন্ত্র নয়। পশ্চিম বাংলায় ১৯৬০ সালে ব্যাপকভাবে ছাটাই করা হয়েছে, তাদের বিরুদ্ধে ৩১১ ধারা প্রয়োগ করা হয়েছিল। কেননা তারা লড়াই করেছিল বেতন বৃদ্ধির জন্য, ডি.এ-র জন্য। ১৯৭১ সালেও ১৬-১৭ জনকে ছাটাই করা হয় এবং তারা সবাই কোয়াডিনেশান কমিটির লোক। তাদের কাউকে দেশের শত্রু বলা যাবে না, দুর্নীতিগ্রস্ত বলা যাবে না এবং পরবর্তীকালে তাঁরা পার্লামেন্টের সদস্য হন এবং আছেন। ১৯৭৫ সালে এমারজেনসিতে কেন্দ্র ও রাজ্যে অনেককে ছাটাই করা হয়েছে। এদের প্রত্যেকে কর্মচারীদের নেতা। আন্দোলনকে দমন করার জন্য কেন্দ্র ও রাজ্য সরকার এই কাজ করেন। শুধু যে এদের ক্ষেত্রেই হয়েছে তা নয় বিভিন্ন পাবলিক আন্ডারটেকিংগুলির ক্ষেত্রেও ব্যাপক ছাটাই হয়েছে। যেমন দুর্গাপুর স্টীলের কথা বলতে পারি, সেখানে ৩০০ শ্রমিককে ছাটাই করা হয়েছে কোন কারণ না দেখিয়ে এবং শ্রমিক কর্মচারীদের কোন অধিকার আজ পর্যন্ত কংগ্রেস সরকার কখনও মেনে নেননি। আমরা দেখেতে পাচ্ছি কোন ইউনিয়ন রেকগ্নাইজড হবে সেটা ঠিক হবে শ্রমিকদের এবং কর্মচারীদের গোপন ভোটের মাধ্যমে,এটার জন্য ১৯৬৯ সালে আমরা একটা বিল পাশ করেছিলাম, কেন্দ্রীয় সরকারের কাছে সেটা পড়ে থাকার পর ফেরত দিয়েছেন।

NOTE : * Expunged as ordered by the Chair.

কারণ, তাঁরা শ্রমিক কর্মচারীদের বিশ্বাস করেন না। তাঁরা মনে করেন এইসব কর্মচারী তাদের বিরুদ্ধে আন্দোলন করছে যাদের কেন্দ্রীয় সরকার হাজার হাজার কোটি টাকার মালিক করে দিয়েছেন, এইসব শ্রমিক কর্মচারী সেইসব পুঁজিপতি জমিদার-জোতদারদের বিরুদ্ধে আন্দোলন করছে যাদের স্বার্থ কেন্দ্রীয় সরকার রক্ষা করছেন। সেইজন্য সেই আন্দোলনকে দমন করার জন্য কেন্দ্রীয় সরকার বার বার এই আইনকে প্রয়োগ করেছেন।রিলেটলি রেলের যে কিছু শ্রমিক কর্মচারী আন্দোলন করেছিলেন তাদের কেন্দ্রীয় সরকার ৩১১ ধারায় ছাঁটাই করেছেন। ৩১১ ধারায় প্রধানমন্ত্রীর সচিবালয়ের কিছু লোককে গ্রে প্তার করা হয়েছে তারা গুরুত্বপূর্ণ ডিফেন্সের ইনফর্মেশান বিদেশে পাঠিয়ে দিচ্ছিল বলে, অন্যান্য দেশের কাছে বিক্রি করে দিচ্ছিল বলে। তাদের বিরুদ্ধে একটা মামলা চলছে। সরাসরি তাদের ডিসমিস করে দেওয়া, জেল দেওয়া এটা চলে না, তাদের বিচার করতে হবে। আমরা বলতে পারি অনেক সৎ কর্মচারী আছেন যাঁরা চান অফিসারদের দুর্নীতিকে প্রতিরোধ করতে। কিন্তু আজকে যদি অফিসারদের এই রকম ক্ষমতা দেওয়া হয় যে তাঁরা যখন তখন খুশীমত সরকারী কর্মচারীদের ছাঁটাই করতে পারবেন তাহলে সেইসব সৎ কর্মচারীরা অফিসারদের বিরুদ্ধে দুর্নীতির কথা বলতে সাহস করবে না। অনেক অফিসার আছে যারা সরকারী কর্মচারীদের দিয়ে বাগানের ঘাস কাটায়, বাজার করতে পাঠায়, স্ত্রী সিনেমায় যায় তার সাথে,স্কট করবার জন্য পাঠায়, ছেলে-মেয়েদের স্কুলে নিয়ে যাবার জন্য পাঠায়। এর বিরুদ্ধে এই সমস্ত কর্মচারীরা প্রতিবাদ করলে তাদের ছাঁটাই করা হবে। এই ছাঁটাই এর বিরুদ্ধে তারা হাইকোর্টে বা সুপ্রিম কোর্টে যেতে পারবে,তারজন্য কোন আইন নেই। কেউ যদি দুর্নীতি করে নিশ্চয়ই আমরা তাকে সাপোর্ট করব না, কিন্তু তাকে ছাঁটাই করার আগে তার বিচার করতে হবে,তদন্ত করতে হবে, তাকে আত্মপক্ষ সমর্থন করার সুযোগ দিতে হবে। কেন্দ্র এবং রাজ্য মিলিয়ে ১ কোটির উপর সরকারী কর্মচারী আছে, এরা কি তৃতীয় শ্রেণীর নাগরিক সরকারী কর্মচারী সরকারী নীতি প্রণয়ন করবেন, সেই নীতিকে বাস্তবে রূপায়িত করবেন। যদি সরকারী নীতিকে বাস্তবে রূপায়িত করতে হয় তাহলে সরকারী কর্মচারীদের বিশ্বাস করতে হবে, প্রথম শ্রেণীর নাগরিক হিসাবে। তাদের অধিকার দিতে হবে এবং তাদের যে মৌলিক অধিকার আত্মপক্ষ সমর্থনের সেই সুযোগ দিয়ে যদি দরকার হয় ছাঁটাই করতে হবে, কিন্তু ছাঁটাই করার পূর্বে তাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে। আমরা এই যে রেজলিউসান পাঠাব এটা সংসদ বিবেচনা করে ৩১০,৩১১ ধারা বাতিল করে দিয়ে সরকারী কর্মচারীদের প্রথম শ্রেণীর নাগরিক মর্যাদা দেবেন,কারণ,কোটি কোটি শ্রমিক কর্মচারী আমাদের দেশের স্বার্থে পুঁজিপতি শোষক শ্রেণীর বিরুদ্ধে লড়াই করছেন।

মিঃ স্পীকার ঃ- এই আইটেমের টাইম শেষ হয়ে যাচ্ছে ৬-৩০ মিঃ সময়ে, এটা শেষ করতে আরো ১৫ মিঃ সময়ের দরকার, সেজন্য ১৫মিঃ সময় বাড়িয়ে দেওয়া হল, আশা করি এটা সকলেই সমর্থন করবেন।

শ্রী পতিত পাবন পাঠক ঃ- স্যার, কংগ্রেস দলের মুখ্য সচেতক যিনি আছেন তিনি তাঁর বক্তৃতায় কিছু কথা বলেছেন যেগুলির প্রতিবাদ হওয়া দরকার। প্রথমে তিনি বললেন জ্যোতিবাবু না কি জানালা দিয়ে পালিয়ে গিয়েছিলেন। সত্য কথা তিনি কোনদিন বলেননি, এটা নির্জলা অসত্য কথা; তার ইতিহাসটা তিনি পড়ে নেবেন। তিনি অনেক *** কথা বলেন। তিনি বললেন গত ৭ বছরে বামফন্ট সরকার নাকি ৩১১ ধারায় রেকর্ড সংখ্যক ছাঁটাই করেছেন। এটা আমার জ্ঞানের জন্য বলছি যে উনি দয়া করে এই ছাঁটাইয়ের লিস্টটা আমাদের দেবেন, আমরা উপকৃত হব, বামফন্ট উপকৃত হবে, আমরা বুঝে নেব আমরা কোথায় আছি।

একথা জানিয়ে রাখছি। আপনারা একটা কারণও দেখাতে পারবেন না যতই চেঁচামেচি করুন।

মিঃ স্পীকার ঃ- ওঁনার বক্তৃতা থেকে আজে বাজে কথাটা বাদ যাবে।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবিধানের ৩১০ এবং ৩১১(২)এর খ,গ ধারা বাতিলের দাবী করে এখানে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে সেই প্রস্তাবের সমর্থনে আমি দু-একটা কথা বলতে চাই। বিরোধী দলের নেতা সাত্তার সাহেব এবং মুখ্য সচেতক সুব্রত মুখার্জী যে কথাগুলি বলেছেন তাতে আমার মনে হয়ে এই প্রস্তাবটা ভেবে দেখার ব্যাপারে তাদের কিছুটা বিভ্রান্তি ঘটেছে। সাত্তার সাহেব বলেছেন আমি এর স্পিরিটটা সমর্থন করি কিন্তু যে ফর্মে আনা হয়েছে তার সংগে আমি একমত নই। সুব্রতবাবু বলেছেন জয়ন্তবাবু যে প্রস্তাব এনেছেন তাকে আমি অভিনন্দন জানাচ্ছি শ্রমিক, কর্মচারীর স্বার্থে। তবে একথা বলে তিনি আবার উল্টো কথাও বলেছেন। আমাদের জানা দরকার আসল ব্যাপারটা কি এবং বামফ্রন্ট সরকার কি করতে চায়। আমরা একটা গনতান্ত্রিক দেশে বাস করি। আমাদের দেশে যে সংবিধান আছে তাতে নাগরিকদের মৌলিক অধিকারের কথা বলা হয়েছে এবং আইনের প্রসেস্ ছাড়া কোন নাগরিককে তার ন্যায্য অধিকার থেকে বন্চিত করা হবেনা একথাও বলা হয়েছে। কিন্তু সংবিধানের ৩১০ এবং ৩১১(২)-এর খ এবং গ-তে আবার ভিন্ন কথা বলা হয়েছে। সেখানে বলা হয়েছে কর্তৃপক্ষ ইচ্ছা করলে বা তিনি যদি স্যাটিসফাইড হন তাহলে যে কোন কর্মচারীকে ছাঁটাই করতে পারবেন। সংবিধানে এই কথাগুলি সন্নিবেশিত হয়েছে ঠিকই,কিন্তু এই কথাগুলি পরিবর্তনযোগ্য নয় এরকম ঘটনা কিন্তু নয়। আমাদের দেশে সংবিধান চালু হবার পর আজ পর্যন্ত ৪৭-৪৮বার সংবিধান সংশোধন করা হয়েছে। অর্থাৎ যখন যেভাবে ত্রুটি ধরা পড়েছে সেইভাবে সংবিধান সংশোধিত হয়েছে। সংবিধানের ১৪, ২১,২২ ধারা যেখানে ফান্ডামেন্টাল রাইটস্ এবং রাইট টু প্রোপার্টি,রাইট টু লিবার্টি এই অধিকারগুলি নাগরিকদের দেওয়া হয়েছে সেখানে এই ধারা দুটি ওগুলির পরিপন্থী। কাজেই এগুলির পরিবর্তন করা দরকার। ওঁরা বোধহয় ভেবেছেন আমরা সংবিধানের ৩১১ ধারা পুরোপুরি বাতিল করতে বলেছি। ঘটনা কিন্তু তা নয়। ৩১১ ধারায় সেকেন্ড প্রোভাইসো-তে এ এবং বি বলে যে ধারা রয়েছে-অর্থাৎ যেখানে বলা হয়েছে কারণ না দর্শিয়ে অথবা রাষ্ট্রের স্বার্থে একজন কর্মচারীকে বরখাস্ত করা হতে পারে এবং তার আইনগত সুবিধা পাবার অধিকার নেই।শুধুমাত্র এটাকে বাতিল করবার কথা বলা হয়েছে। সাত্তার সাহেব বলেলন কনস্টিটিউ এন্ড এ্যাসেম্বলীতে যখন কন্সটিটিউশন ড্রাফিটিং হচ্ছিল তখন এই ধারাটা ২৮২(গ)-তে ছিল। এরপর সাত্তার সাহেব একথাও বলেলন-ডঃ আম্বেদকর একথা বলেছেন একমাত্র মর‍্যাল টার্পিচুডের কোন ঘটনা যদি ঘটে তাহলে তাকে কারণ না দেখিয়ে বরখাস্ত করা যাবে। আমি সাত্তার সাহেবকে বলছি, যে কেস্- এর উপর ভিত্তি করে সুপ্রিম কোর্ট এই রায় দিয়েছেন সেই ঘটনা যদি পড়েন তাহলে দেখবেন সেখানে কোন মর‍্যাল টার্পিচুডের প্রশ্ন ইনভলভড হয়নি। সেখানে ক্রিমিনাল কোর্টে কনভিকসনের প্রশ্ন আছে।

কনভিকসন- টা কি, না গুড কন্ডাক্টের। একটা অফিসে দুজন কর্মচারীর মধ্যে প্রথমে বচসা হয় এবং তারপর একজন কর্মচারী হাতাহাতিতে ইনজিওর্ড হন। ঘটনাটা আদালতে যায় এবং আদালত সেই কর্মচারীকে ১ বছরের জন্য গুড কনডাক্টের একটা বন্ড দিতে বাধ্য করে এবং সেটার উপর ভিত্তি করে তাকে চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছিল কোন রকম কারণ না দেখিয়ে এখানে রাষ্ট্রের কোন প্রশ্ন জড়িত ছিলনা এবং ডিফলকেসন বা কোন রকম কারচুপির প্রশ্ন ছিলনা। সংবিধানে এই

NOTE : Expunged as ordered by the Chair.

অধিকার থাকার জন্য যে সমস্ত কর্তৃপক্ষ এই অধিকার প্রয়োগ করবার অধিকারী তাঁরা কিন্তু উপযুক্ত পরিবেশ বিচার না করে তুচ্ছ তাচ্ছিল্য ঘটনার ক্ষেত্রে এই ধারা প্রয়োগ করে নাগরিক অধিকার হরণ করার চেষ্টা করা হয়েছে। আমাদের দেশে নিশ্চয়ই মানুষকে আইনের সুযোগ দিতে হবে। সুব্রতবাবু পুলিশ বিদ্রোহের কথা বললেন। সম্প্রতি আমাদের দেশে আর্মি বিদ্রোহ হয়ে গেছে। আমি জিজ্ঞেস করছি- এই যে পুলিশ বিদ্রোহ হয়েছে,আর্মি বিদ্রোহ হয়েছে সেখানে কি সরাসরি ছাটাই করা হয়েছে, না তাদের সামারি ট্রায়ালের ব্যবস্থা করা হয়েছে ?

কেন, যদি সেই রকম প্রয়োজন মনে করা যায় যে সংক্ষিপ্ত একটা বিচারের ব্যাবস্থা করে সেই কর্মচারীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে কেন তাকে বরখাস্ত করা হবে না। সুতরাং এই যে ধারা, সংবিধানের এই ধারা নাগরিক অধিকারের- মূল নাগরিকদের যে অধিকার, গনতান্ত্রিক অধিকার, সেই অধিকারের পরিপন্থী। সুতরাং এটা বাতিল হওয়ার দরকার রয়েছে। অতএব সেই কারণের জন্য আমি আজকে এই যে প্রস্তাব উত্থাপিত হয়েছে, সেই প্রস্তাবকে সম্পূর্ণ রূপে সমর্থন করে,যাতে কেন্দ্রীয় সরকার এই ধারা অনুযায়ী সংবিধান সংশোধন করার কথা চিন্তা করেন, সেই কথাটা আমি বলছি। আর একটা কথা বলতে চাই, যে কথা মাননীয় মুখ্য সচেতক বলেছেন,আমার চিন্তাধারায় কখনও আসছে না যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় প্রতিষ্ঠিত হবার পরে সংবিধানের ৩১১(২) (ক) এবং (গ) ধারা কোনও কর্মচারীর ক্ষেত্রে প্রয়োগ করেছেন। এখন কি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বলতে পারি যে কেন্দ্রীয় সরকার যখন এসমা এবং নাসা আইন পাশ করেছেন এবং পশ্চিমবংগ সরকারকে যখন সেই আইন প্রয়োগ করার কথা বলেছেন,পশ্চিমবংগের বমফ্রন্ট সরকার তারা ঘোষণা করেছেন যে কোন নাগরিককে তার আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে বিনা বিচারে আমরা তাকে কখনও আটক করবো না এবং পশ্চিমবংগে সেই ঘটনা কখনও ঘটেনি। বিনাবিচারে কখনও কোন নাগরিক আটক করা হয়নি। সুতারাং এই সমস্ত কথা পশ্চিমবংগের ক্ষেত্রে, বামফ্রন্ট সরকারের ক্ষেত্রে আসেনা। তাই আমি আপনার মাধ্যমে বিরোধী দলের সদস্যদের কাছে অনু রোধ করবো যে ৩১১ ধারাটা থাকুক কিন্তু ৩১১ ধারার দু নং ক্লজের সেকেন্ড প্রাইভাইসোর (ক) এবং (গ) যেখানে নাগরিককে তার মৌলিক অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে, আত্মপক্ষ সমর্থনের অধিকার থেকে বঞ্চিত করে, ন্যাচরাল জাস্টিস থেকে তাকে বঞ্চিত করে, তাকে চাকরী থেকে বরখাস্ত করা হচ্ছে, সেটুকু শুধু বাতিল করা হোক। এই কথা বলে—তারা তাদের এ্যামেন্ডমেন্ট প্রত্যাহার করে নিন এবং এই প্রস্তাবকে শ্রমিক কর্মচারীদের স্বার্থে সমর্থন করুন এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকারঃ—জয়ন্ত বাবু যে সংশোধনীগুলো এসেছে, কোনটা সমর্থন করছেন, কোনটা বিরোধীতা করছেন বলে দেবেন।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাসঃ—মাননীয় অধক্ষ্য মহাশয়, বিরোধী পক্ষের সদস্যরা যে বক্তব্য রেখেছেন, আমাদের তরফ থেকে মাননীয় সদস্যরা তার জবাব দিয়েছেন, স্বভাবতঃই সেই প্রসঙ্গে আমি যাচ্ছি না। এখানে একটা সংশোধনী সরকার পক্ষ থেকে এসেছিল, শ্রী সুমন্ত হীরার নামে, তিনি সেটা মুভ করেন নি। স্বভাবতঃই সেটা বিবেচনার প্রশ্ন উঠছে না। আর কাশীবাবু যে সংশোধনীগুলো এনেছেন, তার মধ্যে আমি প্রথমে বলছিলাম যে একটা অত্যন্ত সুকৌশল দৃষ্টিভঙ্গি আছে এবং মূল ব্যাপারটাকে ফ্রাসট্রেটেড করে দেবার একটা ব্যাপার আছে। সেই কারণে তাঁর কোন সংশোধনী আমি গ্রহন করতে পারছি না। আর একটা কথা বলছি শেষ করার আগে, যেকথাটা উনি একটু বক্রোক্তি করেছেন বিরোধী পক্ষের মুখ্য সচেতক সুব্রত মুখার্জী মহাশয়, এবং তার প্রতিবাদও হয়েছে, আমাদের চীফ হুইপ করেছেন, পরিষদীয় মন্ত্রী করেছেন। তাঁর স্মৃতি তাঁকে বারবার বহু ঘটনায় তাঁর বক্তব্য বিধানসভায় উপস্থাপনার সময় দেখি যে, সুব্রতবাবুর স্মৃতি তাঁর সঙ্গে বিশ্বাসঘাতকতা করে থাকে এবং আমরা অনেকেই তখন সদস্য ছিলাম না, সংবাদপত্রের পাঠক ছিলাম, ১৯৬৭ সালে যখন পুলিশী তান্ডব এই বিধানসভায় ঘটেছিল, তখন এখানে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী অত্যন্ত দৃঢ়তার সঙ্গে তাদের সামনে দাঁড়িয়েছিলেন, এই সমস্ত ঘটনা এইগুলো ইতিহাস, এইরকম বিপর্যয়ের মুখে দাঁড়িয়ে অন্য সবাই পালিয়েছিলেন, কংগ্রেস সদস্যরাও সভা কক্ষ ত্যাগ করেছিলেন, এই হচ্ছে রিপোর্ট, সকলেই চলে গিয়েছিলেন, কিন্তু এটা ঘটনা নয়। আর দ্বিতীয় কথা হচ্ছে, সুব্রতবাবু যে কথাটা বলেছেন, আমাকে বারবার বলেছেন ভবিষ্যতে রাজ্য সরকার এই ধারা যাতে প্রয়োগ না করেন সেই জন্য বারবার বলেছেন। সেই ক্ষেত্রে আর. এস. পি. এবং বামফ্রন্টের অন্যান্য শরীক দল, ফরওয়ার্ড ব্লক, এদের দেখতেহবে, সি.পি.এম নাকি এই সব করবে টরবে। এইরকম ঘটনা এখনও ঘটেনি এবং মাননীয় পরিষদীয় মন্ত্রী বলেছেন একটা দৃষ্টান্ত রাখতে, দৃষ্টান্ত ওঁরা রাখতে পারবেন না, তবে এই কথা আমাদের তরফ থেকে আমাদের পার্টির তরফ থেকে আমরা খুব জোরের সঙ্গে বলছি যে এই ধারার প্রয়োগ যখন যেখানে হোক না কেন, আমাদের প্রতিবাদের কণ্ঠ সব সময় উচ্চ কণ্ঠ হবে, প্রতিবাদে আমরা সোচ্চার হবো সেই বিষয়ে কোন সন্দেহ নেই। তাই আমি পরিশেষে যে প্রস্তাবে উত্থাপিত করেছি, তাকে সমর্থনের আবেদন জানিয়ে, আমি আমার বক্তব্য শেষ করছি।

The motions of Shri Kashinath Misra to move that—

In paragraph 1, line 2, for the words "সম্পূর্ণভাবে বিঘ্নিত করছে" the words "নিরাপত্তার প্রশ্ন উঠেছে" be substituted.

In paragraph 2, line 1, the words "মর্জি ও" be omitted.

For paragrph 3, the following be substituted—

"যেহেতু সংবিধানের উপরিউক্ত ধারাগুলি কর্তৃপক্ষের সম্পূর্ণ মর্জির উপর নির্ভয় করে সবকারী কর্মচারীদের চাকুরীর শর্তাবলী নির্ধারিত করছে;"

In paragraph 4, line 2, for the word "ঘটাবার" the words ঘটাবার যে" be substituted.

In paragrpah 4, line 3, after the words দেওয়া হয়েছে;" the words "তাহা অপপ্রয়োগ হবার সম্ভাবনা দেখা দিয়েছে;" be added.

In paragrpah 5, line 2, for the words "বঞ্চিত হচ্ছেন" the words "বঞ্চিত হওয়ার আশঙ্কা করা হচ্ছে" be substituted.

In paragraph 6, line 2, for the words "বাতিল করার প্রস্তাব করছে" the words "যথাবিহিত সংশোধন করার ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছে" be substituted, were then put and a Division taken with the following result:—

NOES

Abdus Sohabn, Gazi, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Natabar
Banerjee, Shri Amiya Bhusan
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Bora, Shri Badan
Chakrabarty, Shri Ajit
Chattopadhyay, Shri Santasri
Das, Shri Banamali
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Satyendranath
Goswami, Shri Subhas
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindra Nath
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Maji, Shri Swadeshranjan
Mandal, Shri Rabindra Nath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mukherjee Shri Anil
Murmu, Shri Maheswar
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Purkait, Shri Prabodh
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Umakanta
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Sailen
Sarkar, Shri Debiprasad
Sen Shri Sachin
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri

AYES

Abdus Sattar, Shri
Bhunia, Dr. Manas
Gyan Singh Sohanpal, Shri
Khaitan, Shri Rajesh
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Santiram
Misra, Shri Kashinath
Mukhopadhyay, Shri Subrata
Trivedi, Shri Bankim

ABST.

Sarkar, Shri Deba Prasad
Purkait, Shri Prabodh

The Ayes being 9 and the Noes 47, Abst! 2 the motion was lost.
The motion of Shri Jayanta Kumar Biswas that—

"যেহেতু ভারতীয় সংবিধানের ৩১০ ও ৩১১ (২) (খ) ও (গ) ধারা সরকারী কর্মচারীদের চাকুরীর নিরাপত্তা সম্পূর্ণভাবে বিঘ্নিত করছে এবং দেশের প্রায় এক কোটি সরকারী কর্মচারী এক সম্পূর্ণ নিরাপত্তাহীনতা ও আশংকাজনক পরিস্থিতির মধ্যে চাকুরী করতে বাধ্য হচ্ছেন;

যেহেতু সংবিধানের উপরি-উক্ত ধারায় উর্ধ্বতন কর্তৃপক্ষের মর্জি ও খুশির উপর সরকারী কর্মচারীদের চাকুরী নির্ভর করে;

যেহেতু সাম্রাজ্যবাদী বৃটিশের কলঙ্কজনক উত্তরাধিকার হিসাবে উপরি-উক্ত মর্জির উপর নির্ভরশীল সরকারী কর্মচারীদের চাকুরির শর্তাবলী নির্ধারিত হয়েছে;

যেহেতু উপরি-উক্ত ধারায় বিনা তদন্তে ও আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে সরকারী কর্মচারীদের বরখাস্ত করা, অপসারণ করা এবং/অথবা পদাবনতি ঘটাবার ক্ষমতা সরকারী কর্তৃপক্ষকে দেওয়া হয়েছে;

যেহেতু উপরি-উক্ত ধারাগুলির ফলে সরকারী কর্মচারীরা আত্মপক্ষ সমর্থনের মৌলিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন;

সেইহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে ইউনিয়ন সরকারের কাছে সংবিধানের ৩১০ এবং ৩১১(২) (খ) ও (গ) ধারা বাতিল প্রস্তাব করছে"। was then put and a Division taken with following result:—

AYES

Abdus Sobhan Gazi, Shri
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Natabar
Banerjee, Shri Amiya Bhusan
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Jayanta Kumar
Bora, Shri Badan
Chakrabarty, Shri Ajit
Chattopadhyay, Shri Santasri
Das, Shri Banamali
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Satyendranath
Goswami, Shri Subhas
Haldar, Shri Krishnadhan
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindra Nath
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Maji, Shri Swadeshranjan
Mandal, Shri Rabindra Nath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mukherjee, Shri Anil
Murmu, Shri Maheswar
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Purkait, Shri Prabodh
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Hemanta Kumar
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Debaprasad
Sarkar, Shri Sailen
Sen, Shri Sachin
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri

ABSENTATIONS

Abdus Sattar, Shri
Bhunia, Dr. Manas
Gyan Singh Sohanpal, Shri
Khaitan, Shri Rajesh
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Misra, Shri Kashinath
Trivedi, Shri Bankim

The Ayes being 48 and the Noes Nil. Abst.-8 the motion was adopted.

Adjournment

The House was then adjourned at 6.45 P.M. till 1 P.M. on Monday, the 9th September, 1985, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House Calcutta, on Monday, the 9th September, 1985 at 1p.m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 12 Ministers, 12 Ministers of State and 156 Members.

Starred Questions
(to which oral answers were given)

কৃষ্ণনগরে বে-আইনী চোলাই মদ বিক্রয় ঃ

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় ঃ** আবগারি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নদীয়া জেলার কৃষ্ণনগর শহরের বিভিন্ন এলাকায় এবং পার্শ্ববর্তী গ্রামাঞ্চলের গঞ্জগুলিতে আবগারী কর্মী ও অফিসারের এবং পুলিশের একাংশের নিষ্ক্রিয়তার জন্য প্রায় প্রকাশ্যে বে-আইনীভাবে চোলাই মদ/মাদক দ্রব্যাদি বিক্রয় হচ্ছে এবং এ ব্যাপারে জনসাধারণের নিকট হতে কোন অভিযোগ এসেছে কিনা; এবং

(খ) অবগত থাকলে, এই অবস্থার প্রতিকারের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ- (ক) নদীয়া জেলার কৃষ্ণনগর শহরের বিভিন্ন এলাকায় এবং পার্শ্ববর্তী গ্রামাঞ্চলের গঞ্জগুলিতে আবগারী কর্মী ও অফিসারের এবং পুলিশের একাংশের নিষ্ক্রিয়তার জন্যই যে প্রায় প্রকাশ্যে বে-আইনীভাবে চোলাই মদ/মাদক দ্রব্যাদি বিক্রয় হচ্ছে এই ঘটনা আদৌ সত্য নয়, তবে ঐ এলাকায় চোলাই মদ ও অন্যান্য মাদক দ্রব্য বে-আইনীভাবে বিক্রয়ের ব্যাপারে কিছু কিছু অভিযোগ জনসাধারণের নিকট হ'তে এসেছে।

(খ) উক্ত এলাকায় চোলাই মদ ও অন্যান্য মাদক দ্রব্য বে-আইনীভাবে বিক্রী বন্ধ করবার জন্য জেলার আবগারী প্রশাসন এবং পুলিশ বিভিন্ন ব্যবস্থা নিয়েছেন। বিভাগীয় নিরোধক অভিযান জোরদার করা হয়েছে। সংগৃহীত সংবাদ ও জনসাধারণের অভিযোগের ভিত্তিতে বে-আইনী চোলাই মদ ও অন্যান্য মাদক দ্রব্য বিক্রীর প্রধান ঘাঁটিগুলিতে নিয়মিতভাবে হানা দেওয়া হচ্ছে।

শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ- মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, মাদক দ্রব্যের কারবার ওঁর বিভাগের কর্মচারীদের সহযোগিতায় হচ্ছে না। আপনি কি জানেন, কয়েক মাস আগে কয়েক শত মানুষ কয়েকদিন মিছিল করে জেলা শাসকের কাছে গিয়েছিল এবং তারা যে জেলা শাসকের কাছে স্মারকলিপি দিয়েছিল তাতে কি অভিযোগ ছিল, এটা কি আপনি জানেন?

শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ- মিছিল হয়েছিল, জেলাশাসক মহাশয় ডেপুটেসনিষ্টদের সঙ্গে সাক্ষাত করেছেন, এটা আমার জানা আছে এবং এই চোলাই সম্পর্কেই তারা অভিযোগগুলি করেছেন এবং এর ফলে কৃষ্ণনগরের নাগরিক জীবন খানিকটা বিপর্যস্ত হয়েছে, এটা জানিয়েছিলেন। তারপর ডি. এম. এস. পি. র সঙ্গে আমার সাক্ষাত হয়। সেই সময় এই বিষয়ে তাদের সঙ্গে আমার আলোচনা হয়েছে এবং আমাদের আবগারী বিভাগের কর্মচারী ছাড়াও সাধারণ পুলিশদেরও এই ব্যাপারে তাদের দায়িত্ব কর্তব্য পালন করতে বলা হয়েছে।

শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ- আপনি কি অবগত আছেন, স্টেশন রোড, বেলডাঙ্গার মোড়ে যে পানের দোকান ছিল সেটাকে উঠিয়ে দিয়ে সেখানে চোলাই মদের কারবার করা হচ্ছে এবং মোটরসাইকেলে করে কোন একজন নেতা তাদের প্রাপ্য নিয়ে আসছেন এবং বেলডাঙ্গার মোড়ে প্রতিদিনই মদের লেনদেন হচ্ছে?

শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ- বেলডাঙ্গায় এই ধরণের চোলাই মদ বিক্রী হয়। কিন্তু যার সম্পর্কে উল্লেখ করলেন সে সরকারী কর্মচারী কিনা বললেন না। যদি এই রকম নির্দিষ্ট অভিযোগ থাকে জানাবেন তার সম্পর্কে অনুসন্ধান করা হবে, ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ- স্যার, চোলাই মদ বেওয়ারিসভাবে চারিদিকে বিক্রী হচ্ছে, এটা আপনি নিশ্চয় অস্বীকার করতে পারবেন না। কিন্তু উনি যে ভাবে বলছেন তাতে মনে হচ্ছে এই চোলাই মদের কারবার পশ্চিমবাংলা থেকে উঠে গেছে। আমার প্রশ্ন হচ্ছে এই, গত এক বছরে কতগুলি চোলাই মদের কারবার রিপোর্টেড হয়েছে, পুলিশ কতগুলি কেস করেছে এবং তার ভিতরে কতগুলি কনভিকটেড হয়েছে, এটা আপনি বলতে পারবেন?

শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ- নোটিশ চাই, তবে নদীয়া জেলার গত বছরের তুলনায় এবছরের একটি তুলনা মূলক হিসাব আমি আপনাদের দিয়ে দিতে পারি। বর্তমান বছরের প্রথম ৪ মাসে অর্থাৎ এপ্রিল '৮৫ থেকে জুলাই '৮৫ পর্যন্ত সময়ে গত বছরের অনুরূপ সময়ের তুলনায় সংশ্লিষ্ট অঞ্চলে বিভাগীয় নিরোধক অভিযানের সক্রিয়তা ও ধারাবাহিকতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা গিয়েছে। বে আইনী চোলাই মদের পরিমাণ এবং ধৃত আসামীদের সংখ্যার নিম্নলিখিত একটি পরিসংখ্যান উক্ত বক্তব্যের সত্যতা প্রমাণ করবে।

	এপ্রিল '৮৪ থেকে জুলাই '৮৪	এপ্রিল '৮৫ থেকে জুলাই '৮৫
(ক) বে-আইনী চোলাই মদের পরিমাণ।	১০৬৯.৪ লিটার	১৮০৭.৩ লিটার
(খ) গ্রেপ্তার করা আসামীর সংখ্যা	৪১ জন	১২২ জন
(গ) কেসের সংখ্যা	৭৭	১৭৬

এটা হচ্ছে নদীয়ার হিসাব।

শ্রী অম্বিকা ব্যানার্জী :- মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কনভিকটেড কতজন হয়েছে?

মিঃ স্পীকার :- রায়ের ব্যাপারটা তো জুডিসিয়াল ডিপার্টমেন্টের ব্যাপার, সেটা জানতে হ'লে জুডিসিয়াল ডিপার্টমেন্টকে প্রশ্ন করুন যে, এক্সাইজের ব্যাপারে কতজনের সাজা হয়েছে, How he can answer this?

ডাঃ জয়নাল আবেদিন :- প্রশ্নটা নদীয়া জেলা সম্পর্কে হলেও সমস্যাটা সারা পশ্চিমবঙ্গের। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, আপনার এ্যাডমিনিসট্রেটিভ এ্যাপারেটাস কি আছে Just to regulate and supervise and control this illicit business in the periphery of West Benal.

শ্রী বিমলানন্দ মুখার্জী :- প্রশ্নটা নির্দিষ্টভাবে ছিল নদীয়া জেলার কৃষ্ণনগর সম্পর্কে, আপনি এখন জেনারেল ওয়েতে বলছেন, আমাদের এখানে বিশেষ যে ব্যবস্থাটা আছে—কিছু আইনের পরিবর্তন করা হয়েছে এই বিধানসভা থেকে, সেটা আপনারা জানেন যাতে করে তাড়াতাড়ি করে পানিশমেন্ট দেওয়া যায়, সহজ হয়। এখন আমাদের বিভাগের সমস্ত অফিসারস, উপর থেকে নীচে পর্যন্ত তাদের কিছু অসুবিধা আছে আপনারা জানেন। আবগারী বিভাগের যে কর্মচারী, পুলিশরা আছেন তাদের হাতে লাঠিও থাকে না। সমস্যা কতগুলি জায়গায় আছে আপনারা জানেন। যারা চোলাই করে তারা অস্ত্র নিয়ে চলাফেরা করে সেইজন্য আমরা অস্ত্র সমেত পুলিশের সাহায্য পাই। এ ছাড়া আমাদের দপ্তর থেকে একটি বিশেষ ব্যবস্থা করা হয়েছে—বিশেষ সশস্ত্র পুলিশ বাহিনী করা হচ্ছে, ৯টি জেলাতে তাদের ট্রেনিং শেষ হয়েছে, কাজ শুরু হচ্ছে। তবে সমস্যাটা বিরাট, এটাকে ট্যাকেল করতে গেলে আরো অনেক ব্যবস্থার দরকার আছে।

গ্রামীণ ব্যাঙ্কগুলির শাখা বৃদ্ধি করার পরিকল্পনা :

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১।) **শ্রীকাশীনাথ মিশ্র :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ন্যাশনাল ব্যাঙ্ক অব এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (নাবার্ড)-এর মাধ্যমে পশ্চিমবাংলার গ্রামীন ব্যাঙ্কগুলির শাখা বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) মল্লভূমি গ্রামীন ব্যাঙ্কের শাখা বাঁকুড়া ২নং ব্লকের মানকানালী, সোন্দরা, পুরন্দরপুর অঞ্চলে আজ পর্যন্ত কোন শাখা খোলা হয় নাই;

(গ) ইহার কারণ কি; এবং

(ঘ) গ্রামীণ ব্যাঙ্কগুলিতে রাজ্য সরকারের লগ্নির পরিমাণ কত ?

ডঃ অশোক মিত্র:- (ক) রিজার্ভ ব্যাংক অফ ইণ্ডিয়া নাবার্ডের পরামর্শক্রমে গ্রামীন ব্যাংকগুলির শাখা খোলার অনুমতি দিয়ে থাকেন ; পশ্চিমবাংলার ক্ষেত্রেও এই নীতি প্রযোজ্য ব'লে ঘোষণা করা হয়েছে।

(খ) ও (গ) ১৯৮২-৮৫ সালের ব্যাংক শাখা সম্প্রসারণ সংক্রান্ত নীতি অনুযায়ী প্রতি ১৭০০০ জনসংখ্যার জন্য একটি শাখা খোলার কথা। এই ভিত্তিতে বাঁকুড়া জেলা কর্তৃপক্ষ উল্লিখিত তিনটি অঞ্চলের মধ্যে মানকানালীতে একটি শাখা খোলার জন্য সুপারিশ করেছিলেন। তদনুযায়ী রাজ্য সরকার রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার কাছে প্রয়োজনীয় লাইসেন্স দেবার প্রস্তাব দেন। জানা গেছে, রিজার্ভ ব্যাংক মানকানালীতে একটি শাখা খোলার জন্য ইউনাইটেড ইণ্ডাস্ট্রিয়াল ব্যাংককে লাইসেন্স দিয়েছিলেন। দীর্ঘদিন লাইসেন্স ধরে রেখে অবশেষে উক্ত ব্যাংক মানকানালীকে শাখা খোলার পক্ষে অনুপযুক্ত বলে বিবেচনা করেন এবং শাখা খুলতে অসম্ভব হন। ফলে মানকানালীতে শাখা খোলার জন্য ইউনাইটেড ইণ্ডাস্ট্রিয়াল ব্যাংককে দেওয়া লাইসেন্সটি বাতিল হয়ে যায়। অন্য কোন ব্যাংককে মানকানালীতে শাখা খোলার লাইসেন্স এখনো দেওয়া হয়নি।

(ঘ) এ রাজ্যের ন'টি গ্রামীন ব্যাংকে রাজ্য সরকারের মোট লগ্নীর পরিমাণ ৩৩ লক্ষ ৭৫ হাজার টাকা।

[1-10 – 1-20 P.M]

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :- মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি 'ক' প্রশ্নের উত্তরে যা বললেন তার পরিপ্রেক্ষিতেআমি আপনার কাছে জানতে চাইছি যে, পশ্চিমবাংলায় গ্রামীণ ব্যাংক খোলার জন্য কতগুলি গ্রোথ সেন্টারকে চিহ্নিত করা হয়েছে?

ডঃ অশোক মিত্র :- আমাদের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকার, রিজার্ভ ব্যাংক এবং ন্যাবার্ডের কাছে অনুরোধ জানান হয়েছিল যে, পশ্চিমবাংলার প্রতিটি জেলায় অন্তত একটা করে গ্রামীণ ব্যাংক খোলার জন্য এবং ১৯৮২ সাল থেকে ১৯৮৫ সালের মধ্যে প্রতিটি জেলায় কম করে ৩০'টি শাখা খোলবার জন্য অনুরোধ করেছিলাম। কিন্তু সে ব্যাপারে রিজার্ভ ব্যাংকের কাছ থেকে আমরা এখন পর্যন্ত কোনো সাড়া পাইনি।

ডাঃ মানস ভূঁঞ্যা :- মাননীয় অর্থমন্ত্রী মহাশয় জানাবেন কি, মেদিনীপুর জেলায় 'মেদিনীপুর গ্রামীণ ব্যাংক' খোলার ব্যাপারটা এখন পর্যন্ত কি অবস্থায় আছে?

ডঃ অশোক মিত্র :- আমাদের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছিল, কিন্তু ওঁদের কাছ থেকে এখন পর্যন্ত সাড়া পাওয়া যায়নি।

শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :- মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, রাজ্য গ্রামীণ ব্যাংকগুলির মাধ্যমে বিভিন্ন স্কীমে যে টাকা লোন হিসাবে দেওয়া হয়েছে, বর্তমান বছরে সে লোন রিকভারি আশানুরূপ কিনা এবং যদি তা না হয় তাহলে তার কারণ কি?

ডঃ অশোক মিত্র :- বর্তমান বছরের হিসাব অমি বলতে পারব না, কিন্তু গত বছর পর্যন্ত, আমার যত দূর মনে আছে শতকরা ৪২ ভাগই ফেরত দেওয়া হয়েছে এবং এটা সর্বভারতীয় হিসাবের আদৌ অনুতসাহব্যঞ্জক নয়।

*৬৭-হেল্ড ওভার

দুগ্ধ উন্নয়ন বিভাগের ভরতুকি

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৫।) **শ্রীঅশোক ঘোষ :** দুগ্ধ উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, গত আর্থিক বছরে (এপ্রিল ১৯৮৪ থেকে মার্চ ১৯৮৫) রাজ্য সরকারকে দুগ্ধ উন্নয়ন বিভাগে ভরতুকি দিতে হয়েছে ;

(খ) সত্য হলে, কত টাকা দিতে হয়েছে ; এবং

(গ) সরকার বর্তমানে দুধের দাম বাড়ানোর কথা চিন্তা করছেন কি ?

শ্রী অমৃতেন্দু মুখার্জী:- (ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) উক্ত আর্থিক বছরে রাজ্য সরকারকে মোট ১৪,০২,৫৮,০০০ (চৌদ্দ কোটি দুই লক্ষ আটান্ন হাজার) টাকা ভরতুকি দিতে হয়েছে।

(গ) এই প্রসঙ্গে কতকগুলি কারণ উল্লেখ করা দরকার মনে করি।

(*) টাটকা তরল দুধ সংগ্রহের ক্ষেত্রে দুধ উৎপাদকদের বেশী দাম দিতে হচ্ছে,

(*) দুধ প্রশেসিং এবং গ্রাহকদের কাছে সরবরাহের জন্য জ্বালানি এবং পরিবহণ খরচ বৃদ্ধি হয়েছে,

(*) পলিইথিলিন ফিল্মের দাম বৃদ্ধি হয়েছে,

(*) দুধ উৎপাদন এবং উৎপাদন ও সরবরাহর প্রয়োজনে বিভিন্ন জিনিষ পত্রের দামও বৃদ্ধি পেয়েছে,

(*) কর্ম্মচারীদের বেতন এবং নিয়ম অনুযায়ী ভাতার হার বৃদ্ধি হয়েছে,

এই সব কারণে দুধের উৎপাদন খরচ বৃদ্ধি হয়েছে। কিছুদিন আগে সরকারের সরবরাহকৃত দুধের দাম বৃদ্ধি হলেও উল্লিখিত কারণগুলির ফলে সরকারী দুধের বাবদ ভরতুকির পরিমাণ বিপুলভাবে বেড়ে গিয়েছে। এই ভরতুকীর পরিমাণ একটা যুক্তিযুক্ত স্তরে রাখার জন্য কিছুদিন পূর্ব্বে দুধ সংগ্রহ ও সরকারী দুধের বিক্রয় মূল্য নির্দ্ধারণের সময় সরকারের প্রস্তাব ছিল মাঝে মাঝে দুধ সংগ্রহ ও বিক্রয় মূল্য সম্পর্কে পর্যালোচনার জন্য রিভিউ কমিটি করে এই কমিটির সুপারিশ নেওয়া প্রয়োজন। সেদিকে লক্ষ্য রেখে সরকার একটি রিভিউ কমিটি গঠন করার কথা ভাবছেন। এই রিভিউ কমিটির সুপারিশ পাওয়ার পরেই সরকার দুধের বিক্রয় দাম সম্পর্কে পরবর্ত্তী সিদ্ধান্ত নেবেন।

শ্রী অশোক ঘোষ :- মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরে বললেন কিছুদিন আগে দুধের দাম বাড়ানো হয়েছে। তাসত্ত্বেও বছরে সরকারকে ১৪ কোটি ২ লক্ষ ৫৮ হাজার টাকা ভরতুকি দিতে হয়েছে। আমি জানতে চাইছি, আগে যে দুধের দাম বাড়ানো হয়েছিল সেটা কোন পদ্ধতিতে হয়েছিল? আপনি বলেছেন রিভিউ কমিটির হাতে তুলে দেবেন। কিন্তু আগে যেটা বাড়ানো হল সেটা কাদের পরামর্শ অনুযায়ী বাড়ানো হল?

শ্রী অমৃতেন্দু মুখার্জী :- রিভিউ কমিটির পরামর্শ অনুযায়ী বাড়ানো হয়েছিল এবং বাড়ানোর পর আপনাদের অনুরোধে আমরা কিছু দুধের দাম কমাতে বাধ্য হয়েছি। এক লিটার টোণ্ড দুধের দাম ২ টাকা ৯০ পয়সা ধার্য্য করা হয়েছিল। এই বিধানসভায় মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদবাবু বসে আছেন - আপনি ছিলেন কিনা বলতে পারবো না - অনেকেই দাবী করেছিলেন দুধের দাম কমানো দরকার। আপনাদের অনুরোধ মেনে নিয়ে রাজ্যসরকার দুধের দাম কিছু কমিয়েছিলেন। এই দাম কমানোর ফলে টোণ্ড মিল্কের দাম ২ টাকা ৭০ পয়সা করা হয়েছিল।

শ্রী অশোক ঘোষ :- রিভিউ কমিটি যেটা আগে করেছিলেন এবং এখন যেটা করার কথা চিন্তা করছেন - এই রিভিউ কমিটি কাদের নিয়ে করা হবে?

শ্রী অমৃতেন্দু মুখার্জী :- সরকারী কর্মচারীদের নিয়ে করা হবে। এর একটা নীতি আছে। যারা দুধের উৎপাদনের সঙ্গে জড়িত তার মধ্যে পশুপালন দপ্তরের ডিরেক্টর থাকেন, দুধ সরবরাহ এবং সংগ্রহের সঙ্গে যারা জড়িত অর্থাৎ ডেয়ারী ডেভেলপমেন্ট-এর অফিসার তার মধ্যে থাকেন এবং দরের ব্যাপারটা ঠিক করবার জন্য যারা পরামর্শ দেন অর্থাৎ অর্থদপ্তরের কর্মচারীরা তারমধ্যে থাকেন এবং একজন বিভাগীয় সেক্রেটারী কনভেনার হোন। এই কমিটি সুপারিশ করবেন, সুপারিশ করার পর সেই সুপারিশের ভিত্তিতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেন।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :- আমি যেটা জানতে চাইছি সেটা হচ্ছে, এই দুধের দাম রাজ্যের উৎপাদকদের যা দিচ্ছেন আর রাজ্যের বাইরে থেকে যে দুধ সংগ্রহ করা হচ্ছে তারমধ্যে দামের পার্থক্য আছে। রাজ্যের বাইরে অর্থাৎ অন্য রাজ্য থেকে যা সংগ্রহ করা হচ্ছে তার দাম বেশী। সেইজন্য আমি জানতে চাইছি, রাজ্যের ভিতর থেকে উৎপাদকদের কাছ থেকে সংগ্রহের প্রচেষ্টা বাড়িয়ে দাম বৃদ্ধি করে প্রয়োজনীয় দুধ সরবরাহের ব্যাপারে দৃষ্টি দেবেন কি?

শ্রী অমৃতেন্দু মুখার্জী ঃ- আপনি আন্দাজে বলে গেলেন। বাইরে থেকে যে দুধ সংগ্রহ করছি তার দাম কত তা কি আপনি জানেন? ২ নম্বর হচ্ছে, সমবায় মারফত যে দুধ আমরা সংগ্রহ করছি তার দাম কত তা কি জানেন? আমি বলে দিচ্ছি যেহেতু আপনি প্রশ্ন করেছেন। আমরা সমবায় সমিতি থেকে যে দুধ সংগ্রহ করছি তার প্রতি লিটারে ৪.৫ ভাগ স্নেহ জাতীয় পদার্থ আর ৮.৫ ভাগ হচ্ছে ছানা জাতীয় পদার্থ - এরজন্য আমরা দাম দিয়ে থাকি ৩ টাকা ১৮ পয়সা, কো-অপারেটিভের ক্ষেত্রে আরোও ২০ পয়সা ইনসেনটিভ দিই, এরফলে লিটার প্রতি দাম দাঁড়াচ্ছে ৩ টাকা ১৮ পয়সা। এই ৩ টাকা ১৮ পয়সা উৎপাদকদের হাতে পৌছে দেবার চেষ্টা করি।

আমরা জানি, প্রকৃত উৎপাদনকারীরা কমপক্ষে সোয়া তিন টাকা করে দুধের দাম পান। দুধের কো-অপারেটিভগুলিও কিছু পান। বাইরে থেকে যে দুধ সংগ্রহ করা হয়, সেটা আমরা অন্ধ্র এবং মহারাষ্ট্র থেকে কিনি। যেহেতু পশ্চিমবঙ্গে বেশীরভাগ দুধ ছানার কাজে ব্যবহৃত হয়,সেহেতু, শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় তাঁর সময়ে এই ছানার ব্যাপারে কন্ট্রোল করে দিয়েছিলেন। কিন্তু আমরা এটা উপযুক্ত মনে করিনি বলে দুধ কম পাই। এই কারণেই অন্ধ্র ও মহারাষ্ট্র থেকে আমাদের দুধ কিনতে হয়। যে দরে আমরা এই দুধ কিনি, গারাহারি মতে এখানকার উৎপাদকরা প্রায় সেই দরই পান।

[1-20 — 1-30 P.M.]

ডাঃ সুশোভন ব্যানার্জী ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৪ কোটি টাকা ভরতুকি দিচ্ছেন বলে যা বললেন, এক্ষেত্রে সরকারের দেওয়া মানেই হোল সারা পশ্চিমবঙ্গের মানুষ এই ১৪ কোটি টাকা বহন করছেন। সুতরাং এই ভরতুকি দেওয়া দুধ আপনি কলকাতা এবং বড় বড় শহর ছাড়া সমস্ত জেলার মানুষের কাছে পৌছে দিতে পারছেন কিনা? যদি না পেরে থাকেন, তাহলে কবে নাগাদ পশ্চিমবাংলার মানুষের কাছে কিছু কিছু সুবিধা পৌছে দিতে পারবেন বলে মনে করছেন?

শ্রী অমৃতেন্দু মুখার্জী ঃ- মাননীয় সদস্য ডাঃ ব্যানার্জী যে প্রশ্ন করেছেন, সেই সম্পর্কে বলছি যে, আমরা যে দুধ সরবরাহ করছি তাতে কলকাতার লোক সুযোগ বেশী পাচ্ছেন এবং মফঃস্বলের লোক কম সুযোগ পাচ্ছেন - এদিক থেকে বিষয়টা আমরা বিবেচনা করছি না। এটা একটা জনকল্যাণমূলক প্রকল্প। সুতরাং এক্ষেত্রে কলকাতা এবং মফঃস্বলকে সমান বলেই মনে করি। বৃহত্তর কলকাতার দুগ্ধ প্রকল্পে এই বছরের ভরতুকির পরিমাণ হচ্ছে ১২ কোটি ৬৪ লক্ষ ২৭ হাজার টাকা। দুর্গাপুরের দুগ্ধ সরবরাহ প্রকল্পে ভরতুকির পরিমাণ হচ্ছে ১ কোটি ১৯ লক্ষ ৫৫ হাজার টাকা এবং বর্ধমানের ডেয়ারী প্রকল্পে ভরতুকির পরিমাণ হচ্ছে ১৮ লক্ষ ৭৬ হাজার টাকা। এই সবটা নিয়েই ভরতুকির মোট পরিমাণ দাঁড়িয়েছে ১৪ কোটি ২ লক্ষ ৫৮ হাজার টাকা। আজকে বৃহত্তর কলকাতায় খাঁটি গরুর দুধ কেনেন - এই রকম কার্ড হোল্ডারের সংখ্যা হচ্ছে ২,২০৫ এবং তাঁরা কেনেন প্রতিদিন ১২,৮৩০ লিটার দুধ। টোণ্ড মিল্ক কেনেন - এই রকম কার্ড হোল্ডারের সংখ্যা হচ্ছে ১,৭৫,২৭৩ এবং তাঁরা কেনেন মোট ১,২৮,৫৫৪ লিটার প্রতিদিন। তাছাড়া ডবল টোণ্ড মিল্ক গরীব লোকেদের জন্য বিক্রী করা হয়। এই ডবল টোণ্ড মিল্ক কার্ড হোল্ডারের সংখ্যা বর্তমানে ২৬,৪০৮ জন এবং প্রতিদিন তাঁরা কেনেন ২১,৫৪২ লিটার দুধ। এই হিসেবটা বৃহত্তর কলকাতার। এর বাইরে দুর্গাপুর এবং বর্ধমানেও আমরা দুধ সরবরাহ করে থাকি।

শ্রী বঙ্কিম ত্রিবেদী ঃ- মিঃ স্পীকার স্যার, যে উত্তরটা উনি চাইলেন সেটা কিন্তু মন্ত্রী মহাশয় দিলেন না।

মিঃ স্পীকার ঃ- মিঃ ত্রিবেদী, আপনি রিসেন্ট লোকসভার প্রসিডিংস দেখেছেন? সেখানে স্পীকার বলছেন, "আই ক্যান টেল হিম টু রিপ্লাই, বাট হোয়াট টু রিপ্লাই - আই ক্যান নট টেল হিম।"

শ্রী লক্ষীকান্ত দে ঃ- এই ভরতুকি কমাবার উদ্দেশ্যে দুগ্ধ সরবরাহ বাড়াবার কোন নতুন পরিকল্পনা আছে কিনা জানাবেন কি?

শ্রী অমৃতেন্দু মুখার্জী ঃ- গত বছর যে বাজেট পেশ করা হয়েছিল তাতে পরিকল্পনার কথা বলা হয়েছিল। দুর্গাপুরে একটা ডেয়ারী আছে, সেটা উন্নয়ন করবার চেষ্টা করছি যাতে আরো বেশী করে দুধ সরবরাহ করতে পারি। বর্দ্ধমানে একটা ডেয়ারী হয়েছে সেটার উন্নয়নের চেষ্টা করা হচ্ছে, সেখানে যে দুধ সরবরাহ করা হচ্ছে সেটা বাড়াবার চেষ্টা করা হচ্ছে। কৃষ্ণনগরে একটা ডেয়ারী হচ্ছে, সেটা সক্রিয় করতে সামান্য কাজ বাকি। সেখানে যাতে বেশী দুধ দিতে পারি তার ব্যবস্থা করছি। অপারেসান ফ্লাড প্রকল্পে বহরমপুরে একটা ডেয়ারী হচ্ছে। ডেয়ারী সম্পন্ন হলে বেশী দুধ যাতে দিতে পারি তার চেষ্টা করা হচ্ছে। সেই দিক থেকে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলতে চাই অন্য জায়গায় যাতে বেশী দেওয়া যায় তার চেষ্টা করা হচ্ছে।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় দুধের দাম বাড়াবার ব্যাপারে রিভিউ কমিটির কথা বলেছেন এবং সেই সঙ্গে ১৪ কোটি টাকা ভরতুকির কথা বলেছেন। ইতিপূর্বে যখন দুধের দাম সরকার বাড়িয়েছিল বাস্তবে রাজ্যের কনজিউমারদের সেটা ক্রয় ক্ষমতার বাইরে চলে গিয়েছিল। তখন গোটা রাজ্য ব্যাপি প্রতিবাদ হয়েছিল। আবার রিভিউ কমিটি বসেছে। এই ব্যাপারে আপনি নজর রাখবেন কিনা যাতে অপচয় বন্ধ করে, অন্যান্য দিকে খরচ কমিয়ে দুধের দাম যাতে না বাড়ে? এই দিকের নজর দেবেন এই ব্যাপারে কোন প্রতিশ্রুতি হাউসকে দেবেন কি?

শ্রী অমৃতেন্দু মুখার্জী ঃ- আমি যে কথা বলেছি যে এই ব্যাপারে বিশেষ কিছু আমি বলতে পারবো না। সেই কমিটির সুপারিশ পাওয়ার পর সরকার সিদ্ধান্ত নেবেন এ ছাড়া আর কিছু বলতে পারবো না।

বেসরকারী বিদ্যালয়ের শিক্ষক ও অ-শিক্ষক কর্মীদের অবসরকালীন সুযোগ-সুবিধা ঃ

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮।) **শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক)ইহা কি সত্য যে, ১৫ই মে, ১৯৮৫ তারিখে সরকার বেসরকারী বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষাকর্মীদের অবসরকালীন সুযোগসুবিধা সংক্রান্ত এক আদেশ প্রকাশ করেছেন ; এবং

(খ)সত্য হলে, এই আদেশ প্রকাশ করার পূর্বে এই সংক্রান্ত স্কীম স্কুলে স্কুলে পাঠিয়ে মতামত চেয়ে পাঠানো হয়েছিল কি?

শ্রী কান্তি বিশ্বাসঃ-(ক) হ্যাঁ।

(খ) না, কারণ এসব ক্ষেত্রে মতামত কখনও নেওয়া হয় না।

শ্রী দেবপ্রসাদ সরকার : আমার প্রশ্নটা আমি যেভাবে দিয়েছি সেইভাবে হয়নি। এই আদেশ প্রকাশ করার "পূর্বে" বলিনি, "পরে" বলেছিলাম। যাই হোক আমার জিজ্ঞাস্য হল, সরকার এই যে শিক্ষক এবং শিক্ষাকর্মীদের অবসনকালীন সুযোগসুবিধা সংক্রান্ত যে স্কীম তৈরী করেছে সেই স্কীমের উপর, আদেশের উপর শিক্ষক ও শিক্ষাকর্মীদের মতামত চেয়ে পাঠিয়েছেন? এই যে স্কীম তৈরী হয়েছে এই স্কীমের উপর শিক্ষক এবং শিক্ষাকর্মীরা যে অপসান দেবেন সেই ব্যাপারে কোন কপি তাদের কাছে পৌঁছে দেওয়া হয়েছে কি? যদি কপি পৌঁছে দেওয়া না হয়ে থাকে তাহলে কবে নাগাদ পৌঁছে দেওয়া হবে এবং অপসান জমা দেবার শেষ দিন কত তারিখ সেটা জানাবেন কি?

শ্রী কান্তি বিশ্বাস : প্রথম কথা হচ্ছে সমস্ত বিদ্যালয়ে শিক্ষক ও শিক্ষাকর্মীদের অবসরকালীন সুযোগসুবিধা সংক্রান্ত আদেশ পৌঁছানো হয়নি। শিক্ষক এবং শিক্ষাকর্মীদের জন্য যখন কোন নূতন সিদ্ধান্ত হয়েছে অতীতে তখন সমস্ত বিদ্যালয়ে সরকারেরর পক্ষ থেকে আদেশ দিয়ে তথ্য সরবরাহ করা হয়নি। আমরা এই আদেশনামা নিম্নতম সরকারী অফিসগুলোতে পৌঁছে দিয়েছি, সেখান থেকে তারা এটা সংগ্রহ করতে পারে। রাজ্যস্তরে যতগুলি শিক্ষা সংক্রান্ত সংগঠন আছে তাদের ওয়াকিবহাল করা হয়েছে। জেলা স্তরে যে সমস্ত অফিস আছে সেখানে এই আদেশের কপি পাঠানো হয়েছে। সেখান থেকে তারা যত কপি চাইবেন সেটা দেওয়া হবে। আর সময় সম্পর্কে বলতে চাই, কলিকাতার উচ্চ আদালত এই ব্যাপারে একটি তারিখ নির্ধারণ করে দিয়েছিল। অপসান নেওয়ার ব্যাপারে আমরা সময়টা আরো বাড়িয়ে দেব।

শ্রী দেবপ্রসাদ সরকার : শিক্ষক ও শিক্ষাকর্মীদের অবসরকালীন সুযোগসুবিধা সংক্রান্ত বিষয়ে স্কীম বা পরিকল্পনা তৈরী করে আদেশ দিলেন। একটা সুস্পষ্ট আইন তৈরী করে আদেশ না দিয়ে স্কীমের স্তরে রেখে আদেশ দিলেন কেন দয়া করে মন্ত্রী মহাশয় জানাবেন কি?

[1-30 – 1-40]

শ্রী কান্তি বিশ্বাস : সরকারী আদেশ যদি প্রকাশিত হ'ত, তাতে আমাদের আরও বেশী সময় লাগত। ১।৪।১৯৮১ তারিখের পরে যাঁরা অবসর নিয়েছেন, তাঁদের অসুবিধার কথা বিবেচনা করে অবসরকালীন এই সুযোগ-সুবিধা দ্রুত তাঁদের কাছে পৌঁছে দেবার জন্য আমরা এটিকে একটি প্রকল্প হিসাবে ঘোষণা করেছিলাম। আইনের দিক দিয়ে এই প্রকল্পের মাধ্যমে করার ক্ষেত্রে কোন অসুবিধা নেই। সময় কমানোর জন্য আমরা এই ব্যবস্থা নিয়েছি।

শ্রী সুরেশ চন্দ্র সিংহ : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই পেনসন দেওয়ার ক্ষেত্রে ৯০ দিনের যে সময় সীমা আগে ছিল, তা বাড়ানো হয়েছে কিনা?

শ্রী কান্তি বিশ্বাস : না, বাড়েনি। ডিসেম্বর মাসের কোন এক তারিখে দেওয়া হবে।

শ্রী ধীরেন্দ্রনাথ সরকার : কোন কোন বিদ্যালয়ে এস. আই. অফ স্কুলস থেকে এই অপশান ফর্ম বর্তমানে না হলেও ব্যাক ডেট দিয়ে ফিল-আপ করে ১২।৮ তারিখ থেকে বাধ্যতামূলকভাবে দেওয়া শুরু হয়ে গিয়েছে - এ খবর কি আপনার জানা আছে?

শ্রী কান্তি বিশ্বাস : এ রকম কোন খবর আমার কাছে নেই। এ রকম কোন ঘটনা ঘটার কোন কারণও তো দেখি না, বিশেষ করে যেখানে ডিসেম্বরের কোন এক তারিখ থেকে দেওয়া হবে, সেক্ষেত্রে আমাদের অফিসারদের ব্যাক ডেড্ দিয়ে নেওয়ার স্বার্থকতা কোথায়?

শ্রী ননী কর : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আপনি অবসরকালীন যে সুযোগ-সুবিধা দিচ্ছেন সেগুলো মাধ্যমিক শিক্ষকদের পক্ষ থেকে সকলেই সমর্থন করেন যে, বিষয়টি নিয়ে কোন্ কোন্ শিক্ষক সংগঠন এর বিরুদ্ধে প্রতিবাদ করেছেন এবং মামলা করেছেন? সেই সংগঠনগুলির মধ্যে মাননীয় দেবপ্রসাদ বাবুর সংগঠনও কি আছে?

মিঃ স্পীকার : এর উত্তর উনি কি করে দেবেন? এটা কি এইভাবে হতে পারে?

শ্রী ননী কর : উনি সরকার অনুমোদিত সংগঠনগুলির কথা বলেছেন। যাঁরা প্রতিবাদ জানিয়ে হাইকোর্টে মামলা করেছেন, তাঁদের মধ্যে এমন কোন সংগঠন আছে কিনা আমি সেটাই জানতে চাইছি?

মিঃ স্পিকার : কোন ব্যক্তি, যিনি সংগঠনের সঙ্গে যুক্ত থাকতে পারেন, হাইকোর্টে মামলা করতে পারেন। কোন সংগঠন সাধারণভাবে যুক্ত থাকে না। যাক, কান্তিবাবু, আপনার যদি কিছু জানা থাকে তাহলে বলুন।

শ্রী কান্তি বিশ্বাস : কয়েকটি সংগঠন সরকারের এই স্কীমের বিরুদ্ধে মামলা করেছেন। কয়েকটি যৌথ মোর্চার মাধ্যমে তাঁরা মামলা করেছেন। এগুলির মধ্যে একটি এইচ. এম. এ. এবং অপরটি হল এস. টি. এ. - এরমধ্যে দেবপ্রসাদ বাবুর সংগঠনও আছে। তাঁরাই প্রথমে মোকর্দ্দমা করেন এবং হেড মাস্টার্স্ এ্যাসোসিয়েশন পরে করেন।

*৭০-হেল্ড ওভার

প্রথাবর্হিভূত শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যা

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩১।) **শ্রীহিমাংশু কুন্ডর :** শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক)১৯৮৫ সালের ৩১শে জুলাই পর্যন্ত সময়ে পশ্চিমবঙ্গে কত সংখ্যক শিক্ষার্থীকে প্রথাবর্হিভূত শিক্ষাপ্রতিষ্ঠানের আওতায় নিয়ে আসা সম্ভব হয়েছে ;

(খ)উৎসাহিত শিক্ষার্থীদের প্রতিষ্ঠানিক শিক্ষাক্ষেত্রে শিক্ষাগ্রহণের কোন সুযোগ আছে কি ; এবং

(গ)যদি থাকে তা হলে কত সংখ্যক ছাত্র-ছাত্রীকে এ পর্যন্ত প্রতিষ্ঠানিক শিক্ষাকেন্দ্রে শিক্ষাগ্রহণের সুযোগ দেওয়া সম্ভব হয়েছে ?

শ্রীমতী ছায়া বেরা :- ক) উক্ত সময়ে প্রায় ৪,৫৬,০০০ (চার লক্ষ ছাপান্ন হাজার) শিক্ষার্থীকে প্রথাবহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠানের আওতায় নিয়ে আসা সম্ভব হয়েছে।

খ) হ্যাঁ, আছে।

গ) প্রায় শতকরা এগার জন ছাত্রছাত্রীকে প্রতিষ্ঠানিক শিক্ষা গ্রহণের সুযোগ দেওয়া সম্ভব হয়েছে।

(No Supplementary)

(শ্রী শম্ভু চরণ ঘোষ দাঁড়িয়ে উঠলেন উত্তর দেওয়ার জন্যে)

*৭২-হেল্ড ওভার

মিঃ স্পীকার : এটা তো কান্তিবাবুর উত্তরের সঙ্গে যুক্ত

শ্রী কান্তি বিশ্বাস : এই প্রশ্ন আমার দপ্তরের সঙ্গে সংযুক্ত কিন্তু প্রথমে এটা উচ্চশিক্ষামন্ত্রীর কাছে গিয়েছিলো এবং সেখান থেকে ফাইল আমার কাছে আসে, তখন আমি দেখলাম এটা আমাকে উত্তর দিতে হবে। আমি ঠিক প্রস্তুত হয়ে আসতে পারি নি, আপনি এটা হেল্ড ওভার করে দিন, পরে আমি উত্তর দেবো।

মিঃ স্পীকার : এই প্রশ্নটি হেল্ড ওভার হবে।

রেলের আদায়কৃত যাত্রীভাড়া ও মাশুল থেকে রাজ্য সরকারের আয়

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৮।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** অর্থ বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক)রেলদপ্তর পশ্চিমবাংলার মোট যে পরিমাণ যাত্রীভাড়া ও মাশুল সংগ্রহ করেন সেই অর্থের কোন অংশ রাজ্য সরকার পান কিনা ; এবং

(খ)না পেয়ে থাকলে, তার কারণ কি এবং রাজ্য সরকার উক্ত টাকার অংশ আদায় করার জন্য কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা ?

ডঃ অশোক মিত্র : (ক) না, তবে রেলের যাত্রী ভাড়ার উপর ধার্য্য করের পরিবর্তে কেন্দ্রীয় অনুদানের একটি অংশ রাজ্যসরকার পেয়ে থাকেন।

(খ) অষ্টম অর্থকমিশনের সুপারিশ ১৯৮৪-৮৫ সালে ভারত সরকার কার্যকরী না করায়, এই বাবদ প্রাপ্য প্রায় ৬ কোটি টাকা, ঐ বছর পাওয়া যায় নি।

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে ৬ কোটি টাকা পাওয়ার কথা সেটা অন্য রাজ্যের কালেকশানের তুলনায় বেশী না কম সেটা জানাবেন কি?

ডঃ অশোক মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয় যদি এটা বিস্তারিতভাবে বলার জন্য অনুমোদন করেন তাহলে বলি যে ১৯৫৭ সালে রেল প্যাসেনজার ফেয়ার ট্যাক্স গ্রহণ করা হয়। আমাদের সংবিধান অনুযায়ী এইরকম ট্যাক্স রেলযাত্রী ভাড়ার উপরে এবং মাশুলের উপরে নির্ধারণ করার ক্ষমতা একমাত্র কেন্দ্রীয় সরকারের এবং সংবিধানের ২৬৯ ধারা অনুযায়ী ওই ট্যাক্স রাজ্যগুলির মধ্যে বন্টন করে দেওয়ার নিয়ম কিন্তু ১৯৬১-৬২ সালে এই আইন রদ করা হয়। তারফলে ওই রাজ্যগুলি ওই দেয় থেকে বঞ্চিত হয়। কিন্তু তখন সিদ্ধান্ত নেওয়া হয় ক্ষতিপূরণ বাবদ রাজ্যগুলি তখন সাড়ে ১২ কোটি টাকা দেওয়া হবে। তখন হিসাব করে দেখা যায় যে গোটা দেশের রেলভাড়া থেকে প্রায় ১২০ কোটি । ১২৫ কোটি টাকা আদায় হয় অথচ সেই পরিমাণে রাজ্যগুলিকে মাত্র সাড়ে ১২ কোটি টাকা দেওয়া হয়। ১৯৮৩-৮৪ সালে এর মাত্র ২৩ কোটি ৭২ লক্ষ এসে দাঁড়িয়ে গেল। অথচ রেলভাড়া এবং মাশুল ভাড়া এর দ্বিগুন বেড়েছে কিন্তু গত ২০-২২ বছরে এর ক্ষতিপূরণ বাবদ একটুও টাকা বাড়েনি। পরবর্তীকালে অষ্টম অর্থ মঞ্জুরি কমিশনের সুপারিশ অনুযায়ী সিদ্ধান্ত হয় যে রেলভাড়া এবং মাশুল ভাড়া বাবদ ক্ষতিপূরণ হিসাবে ৭.৯৫ ভাগ কেন্দ্রীয় সরকারকে দিতে হবে এবং সেইভাবে আমরা ৭.৯৫ ভাগ পেয়ে থাকি।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবে কি, অষ্টম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী গত বছরে ৬ কোটি টাকা আমরা পাই নি, আমার প্রশ্ন হচ্ছে এই যে টাকা দেওয়া হয়নি সেটা কি অন্য রাজ্যগুলিকেও দেওয়া হয় নি, গোটা ভারতবর্ষের সমস্ত রাজ্যগুলিতে কার্য্যকরী হয়েছে এই টারমিনাল এ্যান্ড আদার ট্যাক্সেস এর আর্টিকেল ২৬৯ (সি)।

ডঃ অশোক মিত্র : প্রতি বছর ৭.৯৫ ভাগ পাওয়ার কথা অষ্টম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী, কিন্তু গত বছর আমরা পাই নি, যতটুকু জেনেছি তাতে আমরাই শুধু পাই নি তাই নয় গোটা ভারতবর্ষের সমস্ত রাজ্য এই দাবী থেকে বঞ্চিত হয়েছে।

*৭৪-হেল্ড ওভার

*৭৫-হেল্ড ওভার

বহরমপুরে অবস্থিত ফিডার ডেয়ারী

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** পশুপালন ও পশুচিকিৎসা (দুগ্ধ উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, বহরমপুরে অবস্থিত "ফিডার ডেয়ারী" কবে নাগাত চালু হতে পারে?

শ্রী অমৃতেন্দু মুখার্জি : এখনও কয়েকটি কাজ বাকী আছে। সেইগুলি সম্পন্ন হলে ডেয়ারীটি চালু করা যাবে।

[1.40 P.M. to 1.50 P.M.]

শ্রী জয়ন্ত বিশ্বাস : বহরমপুরে ফিডার ডেয়ারী সর্ব্বোচ্চ কত লিটার দুধ সরবরাহ করতে পারবে?

শ্রী অমৃতেন্দু মুখার্জী : এটা ফিডার ব্যালানসিং ডেয়ারী। তার মানে হচ্ছে নিয়ে আসবে, কিছু ব্যালান্স রাখবে এবং অন্য জায়গায় পাঠাবে যেমন বিদ্যুতের ব্যবস্থা আছে। ৬০ হাজার লিটার দুধ এখানে প্রোসেসিং হয়। সেখানে এখনও কিছু কাজ বাকী আছে। য়্যাফুলেন্ট ট্রিটমেন্টের জন্য যে পরিবেশ দূষনের কাজ করা দরকার সেটা এখনও হয়নি। যখন কাজ শেষ হবে তখন করতে পারবো।

শ্রী জয়ন্ত বিশ্বাস : সেখানে পরিচালনা সংক্রান্ত বিষয়ে একটা সিস্টেম করলেন, কিন্তু আপনার ফেডারেশানকে পরিচালনা ভার দিতে চাইছেন। আমার প্রশ্ন হচ্ছে ন্যাশনাল ডেয়ার বোর্ড-এর শর্তাবলী অনুসারে লোকাল ইনফ্রষ্ট্রাকচারের হাতে হবে, কিন্তু সেটাকে ন্যস্ত করে আপনার ইচ্ছাধীন কেন করতে যাচ্ছেন?

শ্রী অমৃতেন্দু মুখার্জী : ইচ্ছাধীন নয়। এখানে দুগ্ধ সমবায় ফেডারেশান আছে যেটা আই. ডি. সি. কর্তৃক অনুমোদিত। সেখানে যেসব ইউনিয়ন আছে তাতে সব ইউনিয়নের প্রতিনিধি আছে। সেখানে ঠিক হয়েছে ফেডারেশান পরিচালনা করবে। এটা ব্যক্তিগত ব্যাপার নয়। আপনি যা বলছেন কটো যুক্তিহীন কথা।

১৯৮৫-৮৬ সালে জুনিয়র হাই ও হাই স্কুলকে মঞ্জুরি দেবার পরিকল্পনা

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩।) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রি মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক)১৯৮৫-৮৬ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গে মোট কতগুলি জুনিয়ার হাই ও হাই স্কুলকে মঞ্জুরি দিবার পরিকল্পনা আছে : এবং

(খ)তন্মধ্যে কোন্ কোন্ জেলায় কতগুলি স্কুলকে মঞ্জুরি দেওয়া হইবে?

শ্রীকান্তি বিশ্বাস:-ক) ২৫০টি জুনিয়ার হাইস্কুল, জুনিয়ার হাই মাদ্রাসা এবং ১৫০টি হাইস্কুল হাইমাদ্রাসাকে মঞ্জুরী দিবার পরিকল্পনা আছে।

খ) এখনও স্থিরীকৃত হয়নি।

শ্রী সুধাংশুশেখর মাঝি : যেসব স্কুলগুলি অনুমোদন করতে চাইছেন সেগুলি কিসের ভিত্তিতে করবেন?

শ্রী কান্তি বিশ্বাস : এজন্য প্রতি জেলায় একটি করে কমিটি আছে। তারা জেলার অবস্থা সমীক্ষা করে পাঠান এবং সেগুলি পরীক্ষা করার জন্য রাজ্য স্তরে একটা কমিটি আছে। তারা সব বিচার বিবেচনা করে রাজ্য সরকারের কাছে পাঠান এবং সরকার তাঁর সাধ্যমত অনুমোদন দেবার ব্যবস্থা করেন।

শ্রী অমর ভট্টাচার্য্য : কোলকাতায় কি এই রকম ধরণের কোন কমিটি আছে?

শ্রী কান্তি বিশ্বাস : থাকার কথা এবং আছে।

শ্রী সত্যপদ ভট্টাচার্য্য : ইনস্পেকশান কমিটি রিপোর্ট পাঠাবার পর সেন্ট্রাল কমিটি যেগুলি স্যাংশান করবেন সেগুলিকে অনুমোদন দেবেন। কিন্তু যেগুলি সেন্ট্রাল কমিটি অনুমোদন করেন নি সেগুলিকে আপনারা অনুমোদন দিয়েছেন কি?

শ্রী কান্তি বিশ্বাস : সেন্ট্রাল কমিটি যে তালিকা পাঠায় স্বাভাবিকভাবে একটু বড় হয় এদিকে আমাদের অবস্থা অনুযায়ী আমাদের দিতে হবে। সেজন্য যতগুলো তাঁরা সুপারিশ করেন ততগুলি আমরা দিতে পারি না। জেলা পরিষদ বা পঞ্চায়েত তাঁদের এলাকার অবস্থা বিবেচনা করে কোন স্কুল করার জন্য আবেদন জানালে সরকার তা বিবেচনা করে সংস্থাপন করার জন্য ২।১টি অনুমোদন দেন।

শ্রী প্রবোধ পুরোকায়েত : জেলাস্তরে যে কমিটি আছে কাদের নিয়ে করা হয়েছে এবং আপনার কাছে এমন কোন অভিযোগ আছে কি হাই স্কুলের জন্য দরখাস্ত করা তদন্ত করা হচ্ছে না?

শ্রী কান্তি বিশ্বাস : প্রতি জেলায় যিনি জেলা বিদ্যালয় পরিদর্শক থাকেন তিনি মধ্যশিক্ষা পর্ষদের মনোনীত থাকেন এবং সরকারের মনোনীত একজন থাকেন। আমাদের এখানে শিক্ষার যে নব বাতাবরণ সৃষ্টি হয়েছে তাতে বিভিন্ন জায়গায় স্কুল করার জন্য আবেদন আসছে। কিন্তু শিক্ষা ব্যবস্থা যুগ্ম তালিকায় থাকা সত্বেও কেন্দ্র আর্থিক দায়িত্ব তেমন গ্রহণ করছেন না বলে আমরা কিছু করতে পারছি না।

প্রথাবর্হিভূত শিক্ষাকেন্দ্রের ছাত্র-ছাত্রীদের পুস্তক বিতরণ

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৪।) **শ্রীনীরোদ রায়চৌধুরী :** শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রি মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক)রাজ্যের প্রথাবর্হিভূত শিক্ষাকেন্দ্রের ছাত্র-ছাত্রীদের জন্য পুস্তক বিতরণের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(খ)থাকিলে, কি ধরনের পুস্তক সরবরাহ করা হবে?

শ্রীমতী ছায়া বেরা :

ক) হ্যাঁ, আছে।

খ) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত "লেখা পড়া" প্রাইমার ভাষা ইতিহাস, ভূগোল, পরিবেশ পরিচিতি ও স্বাস্থ্য বিষয়ক বাংলা পুস্তক।

শ্রী নীরোদ রায় চৌধুরী : নূতন পাঠ্যক্রম চালু হবার আগে এই সব প্রথা বহির্ভূত ছাত্র-ছাত্রীদের কি ধরনের বই পড়ান হোত?

শ্রী ছায়া বেরা : আমাদের স্টেট লেভেল কমিটি থেকে কয়েকটা বই অনুমোদন করে পাঠান হয়েছিল এবং সেগুলি পড়ান হয়ে থাকে—যেমন "যাবত বাঁচি, তাবত শিখি", 'পড়তে এস", " পড়বে এসো","হিসাব", "অঙ্ক শেখা", আমাদের দেশ", "এই পৃথিবী", "কি করে স্বাস্থ্য থাকবে"।

শ্রী নীরোদ রায় চৌধুরী : মাননীয় মন্ত্রী মহোদয়া বলবেন কি এই প্রথা বহির্ভূত বিদ্যায়তনগুলির বর্তমান ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?

শ্রীমতী ছায়া বেরা : নির্দিষ্ট করে সংখ্যা না বলা গেলেও একটা হিসাব ধরে নেওয়া যায় যে ১৮ হাজার ২৬০টি কেন্দ্র আছে, প্রত্যেক কেন্দ্রে ২৫ জন করে শিক্ষার্থী আছে, তার হিসাব যত হয় সেই সংখ্যক ছাত্র-ছাত্রী আছে।

শ্রী প্রবোধ পুরকাইত : মাননীয়া মন্ত্রী মহোদয়া জানাবেন কি আপনি যে বিধি বহির্ভূত বিদ্যালয়ের সংখ্যা বললেন এরমধ্যে অনেক জায়গা আছে যেখানে কাগজে-কলমে বিদ্যালয় আছে বা শিক্ষক আছেন যাঁদের অল্প টাকা দেওয়ার ব্যবস্থা আছে, বা তাঁরা বেতন পাচ্ছেন না, কিন্তু সেখানে পড়াশুনার কোন ব্যবস্থা নেই, এর প্রতিকার করে, এগুলি যাতে ঠিকমত চলে সেইদিকে নজর দেবেন কি?

শ্রীমতী ছায়া বেরা : নজর এই বিষয়ে দেওয়া হবে।

শ্রী প্রভঞ্জন কুমার মণ্ডল : মাননীয়া মন্ত্রী মহোদয়াকে ধন্যবাদ যেটা ঘোষণা করেছেন তারজন্য। কিন্তু একটা বিষয় হচ্ছে ডি. আই. অব স্কুলসের কাছে একটা নির্দেশ গেছে যে বিধি বহির্ভূত স্কুলের সাথে যুক্ত যেসব টিচার ইনচার্জ তাঁদের প্রত্যেককে ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টারে এসে বইগুলি সংগ্রহ করে নিয়ে যেতে হবে। এটা অনেক টাকার ব্যাপার, কারণ দূর দূরান্ত থেকে কলকাতায় বা ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টারে অসংখ্য লোককে আসতে হবে। সেজন্য ব্লক লেভেলে, পঞ্চায়েত লেভেলে, বা সাব ইন্সপেক্টর অফ স্কুলস লেভেলে যাতে বইগুলি সরবরাহ করা যায় সেজন্য প্রয়োজনীয় নির্দেশ দেবেন কি?

শ্রীমতী ছায়া বেরা : সমস্যাটা শুনলাম, নিশ্চয়ই ব্যবস্থা নেব।

ডাঃ সুকুমার রায় : মাননীয়া মন্ত্রী মহোদয়া জানাবেন কি প্রথা বহির্ভূত শিক্ষা কেন্দ্র প্রত্যেক জেলাতে যেগুলি আছে তারমধ্যে অস্তিত্ববিহীন যেগুলি কাগজে-কলমে আছে সেগুলি সম্বন্ধে কোন অভিযোগ এসেছে কিনা এবং এসে থাকলে প্রত্যেকটিতে আপনি গেছেন কিনা?

শ্রীমতী ছায়া বেরা : এই অভিযোগ আপনার কাছে শুনলাম, আপনি নির্দিষ্ট করে অভিযোগ দিয়ে দেবেন, আমি নিশ্চয়ই দেখব।

*৭৯-হেল্ড ওভার

হরিণঘাটা দুগ্ধ সরবরাহ প্রকল্পের উন্নতি

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮।) **শ্রীসুমন্তকুমার হীরা :** দুগ্ধ উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হরিণঘাটা দুগ্ধ সরবরাহ প্রকল্পের উন্নতির জন্য রাজ্য সরকার গত ছয় মাসে কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কি ; এবং

(খ) ক'রে থাকলে, কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রীঅমৃতেন্দু মুখার্জীঃ-(ক) হরিণঘাটা দুগ্ধ সরবরাহ প্রকল্পটি বর্তমানে বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প নামে পরিচিত, রাজ্য সরকার ইতিমধ্যেই এই প্রকল্পের বিভিন্ন কেন্দ্রে কতকগুলি কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছেন।

(খ) এই প্রকল্পের অধীনে বেলগাছিয়ার কেন্দ্রীয় দুগ্ধগার এবং হরিণঘাটা দুগ্ধ শালার যন্ত্রপাতি প্রয়োজন অনুযায়ী পরিবর্তন ও পুনর্নবীকরণের কাজ হাতে নেওয়া হয়েছে। এই প্রকল্পের অধীন দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রগুলিতেও অনুরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

শ্রী সুমন্ত কুমার হীরা : দুগ্ধ প্রকল্পে আধুনিকীকরণের যেকথা বললেন সেই আধুনিকীকরণের ক্ষেত্রে আপনি কি কি পদক্ষেপ নিয়েছেন এবং কি কে ধরণের মেশিন বসিয়েছেন?

শ্রী অমৃতেন্দু মুখার্জী : হরিণঘাটা দুগ্ধশালার জন্য অতি সম্প্রতি একটা নতুন এল টি/ইউডেক বটলিং প্ল্যান্ট সংগ্রহ করা হয়েছে। এটা ইউনাইটেড ডেয়ারী ইঞ্জিনিয়ারিং কোম্পানীর কাছ থেকে আমরা সংগ্রহ করেছি। এই বটলিং প্ল্যান্টে প্রতি ঘণ্টায় ৮ হাজার বোতলে দুধ পোরা যাবে। এছাড়া হরিণঘাটা ডেয়ারিতে স্টীম লাইনের পুনর্বিন্যাস করা হচ্ছে এবং ওয়েল ফায়ার্ড বয়লার স্থাপন করার কাজেও হাত দেওয়া হয়েছে।

বেলগাছিয়া কেন্দ্রীয় দুগ্ধাগারেও দুটি হাই স্পীড বটলিং প্ল্যান্ট, হোমোজিনাইজার মিল্ক পেস্টুরাইজেসন প্ল্যান্ট ইত্যাদি স্থাপন বা প্রয়োজন পুনর্নবিকরণের কাজ শুরু হয়েছে। এই দুগ্ধ প্রকল্পগুলির অধীনে ফুলিয়া ও বেথুয়াডহরী দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রগুলিতেও আইস ব্যাঙ্ক কয়েল ইত্যাদি যন্ত্রপাতির পুনর্বিন্যাসের জন্য প্রয়োজনীয় আদেশ দেওয়া হয়েছে। এই সমস্ত কাজ পর্যায়ক্রমে শেষ হবে এবং সমস্ত কাজে মোট ৫৬ লক্ষ ৬৬ হাজার টাকা ব্যয় করা হবে। বাজেটে তার মঞ্জুরী আছে।

[1-50—2-00 P.M.]

শ্রী সুমন্ত কুমার হীরা : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই বললেন আধুনিকীকরণের কয়েকটি দিনের কথা বললেন, দুগ্ধ পৌঁছে দেবার যে ট্রাকের জন্য কিছু আধুনিকীকরণ করেছেন কি বৃহত্তর কলকাতায় দুধ পৌঁছে দেবার জন্য?

শ্রী অমৃতেন্দু মুখার্জী : দুধ তৈরী করার পর বিভিন্ন জায়গায় পৌঁছে দেবার জন্য আমাদের ৯১টি ট্রাক আছে তার ২৩টি আছে হরিণঘাটায় এবং ৬৮টি আছে বেলগাছিয়ায়। পুরানো ১৫টি ট্রাক খারাপ হয়ে আছে, সেগুলি আমরা বাতিল করেছি এবং আরও ১৫টি ট্রাক তৈরী করার জন্য আমরা অর্থ দপ্তরের মঞ্জুরী পেয়েছি। এবং টাটা চেচিস আমরা অর্ডার দিয়েছি। আপনি বেলগাছিয়া কেন্দ্রের প্রতিনিধি, সেখানে দুগ্ধ যাতে ঠিকমত সরবরাহ করা যায় তার ব্যবস্থা করছি।

Shri Rajesh Khaitan : Will the Hon'ble Minister in charge be pleased to explain as to why the price of milk has risen while all the steps have been taken by the Government?

Shri Amritendu Mukherjee : I have already given my reply on this subject. You were not present at that time. I spoke on this issue for about 10 minutes.

শ্রী নিরঞ্জন মুখার্জি : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এইসব আধুনিকীকরণ করার ফলে দুধ কেটে যাওয়া কমেছে, কি বেড়েছে?

শ্রী অমৃতেন্দু মুখার্জি : আধুনিকীকরণ করার ফলে দুধ সরবরাহ বাড়বে, বর্তমানে যেসব মেসিন আছে অর্থাৎ আধুনিকীকরণ করা হয়েছে তাতে বেলগাছিয়া ও হরিণঘাটা মিলে ৩ লক্ষ ৫০ হাজার লিটার দুধ সরবরাহ করা যাবে।

শ্রী অম্বিকা ব্যানার্জি : মাননীয় মন্ত্রী মহাশয় একটু আগে মর্ডানাইজেসনের কথা বললেন, তার মধ্যে এক জায়গায় আপনি বললেন অয়েল ফায়ার্ড ফারনেস বসানো হয়েছে। কিন্তু আমরা জানি এই অয়েল ফায়ার্ড ফারনেস একটা ব্যাক ডেটেড ব্যাপার। তাহলে কি মনে করবো যে কোল ফায়ার্ড ফারনেস থেকে অয়েল ফায়ার্ড ফারনেস করেছেন? আর এক জায়গায় চিলিং যন্ত্রের উন্নতি সাধনের কথা বলেছেন। তা যদি করতে হয় তার মধ্যে কিছু আধুনিক তাহলে সেই মোতাবেক আধুনিক কম্প্রেসারের আধুনিকীকরণ দরকার হয় যেটা চিলিংয়ের পক্ষে অত্যন্ত প্রয়োজন, তার কথা আপনি উল্লেখ করেন নি।

শ্রী অমৃতেন্দু মুখার্জী : আপনি যা প্রশ্ন করেছেন, তার জবাব আমি দিয়েছি। ক্রমাগত আধুনিকীকরণ হচ্ছে। আমাদের পুরাণ যে সমস্ত বয়লারগুলো রয়েছে, কোল ফায়ার্ড বয়লার রয়েছে, অয়েল ফায়ার্ড বয়লারও রয়েছে, এখন ইলেকট্রিক ফায়ার্ড বয়লার করা যাবে কি না, পরে বিবেচনা করে দেখবো। এখন আমরা সেটাতে হাত দিইনি।

Started Questions (to which answers were laid on the table)

মুক্ত বিশ্ববিদ্যালয়

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৪।) **শ্রীলক্ষ্মণ শেঠ :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকার কিংবা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে কোন পরিকল্পনা পেশ করেছেন কিনা; এবং

(খ) ক'রে থাকলে উক্ত পরিকল্পনার প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি কি ?

Minister-in-charge for Education (Higher) Deptt :

(ক) পরিকল্পনা পেশ করা হয়নি, তবে যুক্ত বিশ্ববিদ্যালয় সম্পর্কে অবগত করা হয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

দুর্গাপুর ডেয়ারীকে মাদার ডেয়ারীতে রূপান্তরিত করার পরিকল্পনা

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪০১।) **শ্রীদিলীপ মজুমদার :** দুগ্ধ উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর ডেয়ারীকে মাদার ডেয়ারীতে রূপান্তরিত করিবার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ শুরু হইবে; এবং

(গ) ঐজন্য কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান হইতে কি সাহায্য পাওয়া যাইবে?

Minister-in-charge for Animal Hushaniry and Veterinary Services Deptt :

(ক) না, এরকম কোন পরিকল্পনা রাজ্য সরকারের নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

কলিকাতা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪২২।) **শ্রীসরল দেব :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলকাতা বিশ্ববিদ্যালকে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার কোন প্রস্তাব কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে দিয়েছেন কিনা?

Minister-Incharge for Education (Higher) Deptt :

না।

মুর্শিদাবাদ আদর্শ মহাবিদ্যালয়ে কর্মচারী নিয়োগ

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৬।) **শ্রীআতাহার রহমান :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রি মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় মুর্শিদাবাদ আদর্শ মহাবিদ্যালয়ে মোট কতজন ৪র্থ শ্রেণীভুক্ত কর্মচারী নিয়োগ করা হইয়াছে; এবং

(খ) তাঁহাদের সকলকে নিয়মিত বেতন দেওয়া হয় কিনা?

Minister-Incharge for Education (Higher) Deptt :

ক) মোট ৭ জন।

খ) ৭ জনের মধ্যে ৬ জনের বেতনের জন্য নিয়মিত অনুদান দেওয়া হয়।

আদালত অবমাননার দায়ে অভিযুক্ত ডিরেক্টর অব স্কুল এড়ুকেশন

*৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮১০।) **শ্রীসত্যপদ ভট্টাচার্য :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক)ইহা কি সত্য যে, সাম্প্রতিককালে ডিরেক্টর অব স্কুল এড়ুকেশন আদালত অবমাননার দায়ে অভিযুক্ত হইয়াছেন;

(খ)সত্য হইলে, এর জন্য কোন দণ্ড হইয়াছে কিনা; এবং

(গ)কোন ঘটনার পরিপ্রেক্ষিতে এই মামলার উদ্ভব হইল?

Minister-in-charge for Education (Secondary) Deptt :

(ক) ও (খ) সত্য বটে বিদ্যালয় শিক্ষা অধিকর্তা আদালত অবমাননার দায়ে অভিযুক্ত হয়েছিলেন কিন্তু এর বিরুদ্ধে কোলকাতার উচ্চ আদালতের ডিভিসন বেঞ্চে আপীল করা হয় এবং আপীল গৃহীত হয় ও একই সাথে মহামান্য ডিভিশন বেঞ্চ স্থগিতাদেশ দেন। বিষয়টি এখন আদালতে বিচারাধীন আছে।

(খ) নদীয়া জেলার হলদীপাড়া নেতাজী সুভাষচন্দ্র বি. পি বিদ্যানিকেতন এবং রূপসহ অজয় বিদ্যালয়ের অনুমোদিত চারজন চতুর্থ শ্রেণীর কর্মচারীর ১.৪.৮১ হইতে প্রবর্তিত সংশোধিত বেতনহার মঞ্জুর না করার পরিপ্রেক্ষিতে।

ভদ্রেশ্বর-বৈদ্যবাটী এলাকায় কলেজ নির্মাণ

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৪।) **শ্রীশৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক)ভদ্রেশ্বর-বৈদ্যবাটী এলাকায় কলেজ নির্মাণের কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ)উপরের 'ক' প্রশ্নের উত্তর 'না' হইলে, বর্তমানে যে ১৯টি কলেজ নির্মাণের প্রস্তাব আছে তাহার মধ্যে হুগলী জেলায় কি একটিও নির্মাণের প্রস্তাব আছে?

Minister-in-charge for Education (Higher) Deptt :

ক) না।

খ) হুগলী জেলার বলাগড়ে একটি কলেজ খোলা হবে।

বিভিন্ন ভাষায় ছাপান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের প্রশ্নপত্র

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৬।) **শ্রীমনোহর তিরকী :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক)মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরে কোন্ কোন্ ভাষায় প্রশ্নপত্র ছাপার ব্যবস্থা আছে এবং;

(খ)হিন্দী ও উর্দু ভাষায় উক্ত প্রশ্নপত্র ছাপার জন্য সরকার কি কি ব্যবস্থা নিচ্ছেন?

Minister-in-charge for Education (Secondary) Deptt :

ক) মাধ্যমিক স্তরে : - ইংরাজী, বাংলা ও নেপালী ভাষায় এবং উচ্চ মাধ্যমিক স্তরে ইংরাজী ও বাংলা ভাষায়।

খ) বিষয়টি পশ্চিমবঙ্গ মাধ্যমিক পর্ষদ এবং পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক কাউন্সিলের সাথে আলোচনা পর্যায়ে আছে।

১৯৮৫-৮৬ সালে পশ্চিমবঙ্গে নতুন ডিগ্রী কলেজ অনুমোদন

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৬।) **শ্রীপ্রশান্তকুমার প্রধান :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক)১৯৮৫-৮৬ সালে পশ্চিমবঙ্গে কতগুলি নূতন ডিগ্রী কলেজকে অনুমোদন দেওয়া হয়েছে;

(খ)তন্মধ্যে কোন কোন্ জেলায় কতগুলি করে; এবং

(গ)এর জন্য সরকারের আর্থিক ব্যয়ভার কতটা বহন করতে হবে?

Minister-in-charge for Education (Higher) Deptt :

ক) আপাতঃ ছয়টি নূতন ডিগ্রী কলেজ স্থাপনের সিদ্ধান্ত হয়েছে।

খ) বাঁকুড়া ২

২৪-পরগণা ১

মালদহ ১

কুচবিহার ১

হুগলী ১

গ) প্রতিটি কলেজের জন্য এই বছরে ১ লক্ষ ৮ হাজার টাকা হিসাবে মোট ৬.৪৮ লক্ষ টাকা।

Adjourment Motion :

[2-00—2-10 P.m.]

Mr. Speaker : Today I have received one notice of adjournment Motion from Dr. Manas Bhunia on the subject of danger of Calcutta for its gradual subsidence. The subject matter of the motion does not call for the adjournment of the business of the House. The Member may call the attention of the Minister concerned through Calling Attention, Mention Cases and Questions. I, therefore, withhold my consent to the motion. The Member may, however, read out the text of the motion as amended.

Dr. Manas Bhunia : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হলো কলকাতা মহানগরী ধীরে ধীরে বসে যাচ্ছে। প্রেসিডেন্সী কলেজের ভূতত্ত্ব বিভাগের অধ্যাপকদের বৈজ্ঞানিক সমীক্ষায় ধরা পড়েছে যে, কলকাতা মহানগরীর ভূ-গর্ভস্থ জলের স্তর ক্রমশঃ নিচের দিকে নেমে যাওয়ায় যে কোন মুহূর্তে ধ্বস নেমে বিপর্যয় হতে পারে। ক্রমাগত বেশি পরিমাণে ভূগর্ভস্থ জল বিভিন্ন উপায়ে উত্তলনের জন্যে ইতিমধ্যেই কলিকাতা এক ফুট নীচে নেমে গেছে।

Calling Attention to Matters of Urgent Public Importance.

Mr. Speaker : I have received three notices of Calling Attention, namely :-

1.Severe irregularities in education and administration of Jhargram Raj College (Govt.) by- Dr. Manas Bhunia

2.Measures against gradual sinking of Calcutta, by - ... Shri Rajesh Khaitan

3.Police firing at Baranagar in connection with lock out in a jute mill, by - ... Shri Dipak Sengupta.

I have selected the notice of Shri Rajesh Khaitan on the subject of Measures against gradual sinking of Calcutta.

The Minister-in-charge will please make a statement today, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : On the 18th.

Statement under Rule 346

Mr. Speaker : I now call upon Dr. Ashok Mitra to make a statement under Rule 346 regarding non-submission of the reports of the State Public Service Commission before the House.

Dr. Ashok Mitra :

Sir,

As desired by you, I rise to make a statement regarding non-submission before the House of the reports of the State Public Service Commission.

Under article 323 (2) of the Constitution of India, the State Public Service Commisson is to submit annual reports as to the activities of the Commission during the year in question. On receipt of such report the Government is to place the report together with a memorandum explaining, as respects the cases, if any, where the advice of the Commission was not accepted the reasons for such non-acceptance, before the Legislature of the State.

The Commission could not always send the reports just after the close of the respective years. This apart, the report cannot be placed before the Legislature without a complete memorandum showing the cases where the recommendations of the Commissions were not accepted and the reasons for such non-acceptance.

The report for the year 1974-75 is ready for placing the same before the Assembly in this Sessions.

As regards reports for the year 1975-76 to 1980-81, we have not yet received the comments of the different departments on the observations made in the report regarding non-acceptance of the recommendations of the Public Service Commission.

Steps are being taken to obtain the comments of the concerned departments in respect of the reports for these years, and the reports, along with the comments, will be placed before the House as early as possible.

Reports for the years subsequent to 1980-81 are yet to be received from the Commission.

Mention Case

ডাঃ মানস ভূঁঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে বর্তমান সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যার পরিপ্রেক্ষিতে আমার এলাকায় সবংয়ে এক নতুন ধরনের অত্যাচার শুরু হয়েছে। শুনেছি নাকি আগামী ২৮শে সেপ্টেম্বর মেদিনীপুর জেলায় এ.বি.টি.এ. এর একটা সম্মেলন হবে সবংয়ে। সেখানে নাকি মন্ত্রী কান্তি বিশ্বাস, মন্ত্রী মহোদয়া ছায়া বেরা এবং মাননীয় পণ্ডিত অশোক মিত্র অর্থমন্ত্রী মহাশয় যাবেন। এই ঘটনার পরিপ্রেক্ষিতে সমস্ত থানায় প্রতিটি গ্রামে জোর জুলুম করে চাঁদা আদায় করা হচ্ছে। শিক্ষকদের কাছে থেকে চাঁদা আদায়তো চলছেই এবং একই সঙ্গে গ্রামের প্রতি বাড়ীতে বাড়ীতে ঢুকে এ.বি.টি.এ. এর সম্মেলনের নাম করে চাঁদা আদায়ের জুলুম চলছে এবং যে এই চাঁদা দিতে চাইছে না, তার উপরে মজুরী বয়কট, অত্যাচার এবং বিভিন্নরকম নিপীড়ন চলছে। এটা শুধু সবং থানাতেই নয়, মেদিনীপুর জেলার সম্মেলন উপলক্ষে সমগ্র মেদিনীপুর জেলার বিভিন্ন অঞ্চলে, বিভিন্ন গ্রামে, বিভিন্ন ব্লকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সমস্ত শিক্ষকদের নামধারী কিছুলোক এই সমস্ত মন্ত্রীদের সুভাগমনের জন্য এবং সেখানে নাকি একটা শিক্ষার বিপ্লব ঘটবে এ.বি.টি.এ. সম্মেলনের মাধ্যমে এবং সেই উদ্দেশ্যে মানুষের উপরে জুলুম করে, অত্যাচার করে চাঁদা আদার করা হচ্ছে।আপনি জানেন আজকে চাষের কাজের সময় চাষীর বাড়ীতে বাড়ীতে গিয়ে সেখানে চাঁদা আদায় করা হচ্ছে, তাদের উপরে জুলুম করা হচ্ছে। এই ব্যাপারে প্রশাসনকে জানানো হয়েছিল। প্রশাসনকে জানানোর পর উত্তরে তারা বলেছেন যে, মন্ত্রীরা আসছেন কি করবো। মন্ত্রীরা আসছেন তাদের আদর আপ্যায়নের জন্য এবং এ.বি.টি.এ. এ'র সম্মেলন হবে সে জন্য জোর করে চাঁদা আদায় চলছে। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে শিক্ষামন্ত্রী, অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মনোহর টিরকি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কাগজে পড়েছি যে, উত্তরবঙ্গে ট্রাক ধর্মঘট চলছে। এই ট্রাক ধর্মঘটের ফলে সেখানে চা শিল্পে একটা সংকট দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, চা আমাদের উত্তরবঙ্গের একটা বৃহত্তর শিল্প। এখানে ট্রাক ধর্মঘটের ফলে কোন ট্রাক চলছে না। তার ফলে শিলিগুড়ি থেকে ফ্যাক্টরীতে এবং অকসান সেন্টার থেকে কলকাতায় চা আসতে পারছে না এবং চায়ের উপরে একটা প্রভাব পড়ছে। কাজেই আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে ট্রাকের মালিকের কি অসুবিধা আছে, কি দাবী-দাওয়া আছে সেগুলি নিয়ে আলোচনা করে যাতে ধর্মঘট মিটে যায় এবং পূজোর আগে চা বাগানে যাতে বোনাস দেওয়া হয় সেই ব্যবস্থা করুন। কারণ চা যদি বিক্রয় না হয়, যদি যাতায়াত না করা যায় তাহলে আইন-শৃঙ্খলার বিঘ্নিত হতে পারে। সে জন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে এই ধর্মঘটের নিস্পত্তি যাতে হয়, চা বাগানের অবস্থা যাতে ভালো হয় সেদিকে নজর দেবার জন্য অনুরোধ করছি।

শ্রী ধীরেন্দ্রনাথ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, পশ্চিম দিনাজপুর জেলার ২টি গুরুত্বপূর্ণ নদীর উপরে ২টি গুরুত্বপূর্ণ ব্রীজের কাজ সম্পর্কে। টাংগন নদীর উপরে পুশমনডিতে মহিপাল দিঘীতে একটা ব্রিজ নির্মাণের কাজ আজ থেকে ৩ বছর আগে শুরু হয়েছে। অথচ সরকারী প্রশাসনের অবহেলার জন্য এবং সি.পি.এম-এর তরফে যে কনট্রাক্টরকে এই কাজে নিয়োজিত করা হয়েছে তার অবহেলার জন্য এবং দুর্নীতির জন্য আজ পর্যন্ত সেই ব্রীজ তৈরী হয়নি। সেই ব্রীজের জন্য নামকাওয়াস্তে কতকগুলি কাজ করা হয়েছে। অথচ সেই ব্রীজের একটা অংশে পূর্ব দিকে বিশাল এলাকা রয়েছে সেই বিশাল এলাকা নদী যখন প্লাবিত হয় তখন ভারতবর্ষের সঙ্গে সেটা বিচ্ছিন্ন হয়ে যায়।

[2-10 —2-20 P.M.]

সেই এলাকা বাংলাদেশ সীমান্তবর্তী এলাকা এবং গ্রামের হাজার হাজার মানুষ দীর্ঘ ৩/৪ মাস ধরে ভারতবর্ষের সঙ্গে যোগাযোগ করতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অবস্থায় কাজের অবহেলায় এই জিনিস নষ্ট হতে শুরু করেছে। রায়গঞ্জ থানায় শ্রীমতী নদীর উপর আর একটি ব্রীজ শুরু হয়েছে। সি.পি.এম.-এর জেলা পরিষদের সভাধিপতি এই কাজটি শুরু করেছেন। লোক দেখানো ব্রীজের কাজ শুরু করার জন্য মেশিন নিয়ে এসে কয়েকটি খুঁটি শুধু পোঁতা হয়েছে, আর কোন কাজ সেখানে হচ্ছে না। তাই আপনার মাধ্যমে এই দুটি ব্রীজের কাজ তাড়াতাড়ি করার জন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীদীপক সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরশুদিন কাগজে দেখেছি এবং কলকাতায় এসে খবর পেলাম শুক্রবারদিন এসপ্ল্যানেড ইষ্টে একটি জমায়েত হয়েছিল। আমি কাগজে দেখলাম ৪ঠা অক্টোবর, পশ্চিমবাংলার কিছু মুসলিম সাম্প্রদায়িক সংগঠন আসাম চুক্তি এবং শরিয়তি সংক্রান্ত ব্যাপারে হয়ত কিছু বক্তব্য আছে, তা নিয়ে সারা পশ্চিমবাংলায় হরতালের ডাক দিয়েছেন। সত্যি যদি এই ধর্মঘটের ডাক দেওয়া হয় তাহলে পশ্চিমবাংলায় একটা সাম্প্রদায়িক পরিবেশ সৃষ্টি হবে এবং সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হবার সম্ভাবনা রয়েছে। বর্তমানে বিধানসভা চালু রয়েছে এবং বিধানসভাই হচ্ছে জনসাধারণের মতামত প্রকাশের একটা আদর্শ ফোরাম। প্রশাসনের শুধু সতর্ক হওয়া নয়, এখান থেকেও এই ধর্মঘট সম্পর্কে একটা সর্ববাদী সম্মত সিদ্ধান্ত পশ্চিমবাংলার মানুষকে জানানো দরকার আছে বলে আমি মনে করি। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। কেন না, ইতিপূর্বে উর্দু ভাষাকে কেন্দ্র করে যে আন্দোলন কলকাতায় চালাবার চেষ্টা হয়েছিল, সেই সুযোগ কোন কোন রাজনৈতিক দলের নেতারাও গ্রহণ করবার চেষ্টা করেছিলেন। আগামি ৪ঠা অক্টোবরের উদ্দেশ্যে যে প্রস্তাব নেওয়া হয়েছে, যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং খবরের কাগজে যা প্রকাশিত হয়েছে সেটার সুযোগ নিয়ে যারা পশ্চিমবাংলায় অশান্তি সৃষ্টি করতে চায় তারা যে সক্রিয় হয়ে উঠবে না, এই কথা কেউ বলতে পারবে না। তাই আমি আপনার মাধ্যমে এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনারও দৃষ্টি আকর্ষণ করছি যে, এই বিধানসভা ধর্মঘট সম্পর্কে থেকে একটা সুচিন্তিত সিদ্ধান্ত নিয়ে পশ্চিমবাংলার মানুষকে জানানো হোক এবং ৪ঠা অক্টোবর যাতে কোন সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট না হয় তার জন্য আমাদের সচেতন হওয়ার প্রয়োজনীয়তা আছে বলে আমরা মনে করি।

শ্রী ফণিভূষণ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ইরিগেসন মন্ত্রী এবং স্বায়ত্বশাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলায় পুরাতন মালদহ মিউনিসিপ্যালিটি আছে এবং সেই মিউনিসিপ্যালিটি থেকে একটি রাস্তা মহিষবাথানি পর্যন্ত গেছে। এই ৪/৫ মাইল রাস্তাটি মহানন্দা নদীর ধার দিয়ে গেছে। মিউনিসিপ্যালিটি পেরিয়ে মহানন্দা নদীর উপর একটা ব্রীজ আছে। সেই ব্রীজটি গতবারের বন্যায় খুব খারাপ হয়ে গিয়েছিল। এবারের বন্যায় সেটি আরো খারাপ হয়ে গেছে। আর একটু জোরে স্রোতের ধাক্কা লাগলে একেবারে ভেঙ্গে পড়ে যাবে। ব্রীজটি ভেঙ্গে গেলে ঐ অঞ্চলের মানুষ যাতায়াত করতে পারবে না। তাছাড়া ঐ রাস্তা দিয়ে যে সমস্ত ট্রাফিক চলে বিশেষ করে ১০/১২টি যে বাস চলে সেগুলি সব বন্ধ হয়ে যাবে। ঐ জায়গা থেকে মাইল দুয়েক দূরে সাহানগর অঞ্চল পড়ে। ঐ সাহানগর অঞ্চল মহানন্দার ইরোসানে প্রচণ্ডভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

আমার মনে হয় কয়েক বছর ধরেই এটা কাটছে, এবারে এমন একটা অবস্থায় এসেছে যে একটা 'ইউ'-এর মতন ফর্ম করেছে। সেখানকার ৪/৫টি গ্রামের ৭/৮ হাজার মানুষ একেবারে ধুয়ে, মুছে চলে যাবে এরকম একটা অবস্থার মধ্যে এসে পৌছেছে। মাননীয় মন্ত্রিমহাশয়দের কাছে আমার অনুরোধ, অবিলম্বে তদন্ত করে এ বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা নিন।

শ্রী দ্বিজেন্দ্রনাথ রায় : - মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আমার এলাকার কুমারগঞ্জ থানায় পুলিশ একটি খুনের ঘটনাকে কেন্দ্র করে একজন আসামীকে গত ১০ই আগষ্ট ধরেছিল। যাকে ধরা হয় সে হাতকড়া অবস্থায় পুলিশের কাছ থেকে ছুটে পালিয়ে যায়, আজও তার সন্ধান পাওয়া যায়নি। স্যার, এই খুনের ঘটনার কিনারার ব্যাপারে পুলিশকে সক্রিয় ভূমিকায় দেখা যাচ্ছে না। আসামী পুলিশের কাছ থেকে পালিয়ে যাবার পর সেখানকার মানুষরা হতাশ হয়ে গিয়েছিল এবং বলেছেন এই যদি প্রশাসন হয় তাহলে আমাদের কোন কিছু সুযোগ-সুবিধা থাকবে না। স্যার, এই এলাকাটি একটি সীমান্ত এলাকা। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আমার অনুরোধ, অবিলম্বে এ সমস্ত পুলিশ, যাদের হাত থেকে আসামী ছুটে পালিয়ে গিয়েছে এবং এখনও তার সন্ধান পাওয়া যায়নি তাদের ব্যাপারে কঠোর মনোভাব দেখান।

ডাঃ সুশোভন ব্যানার্জি :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বীরভূম জেলায় প্রায় ২ লক্ষ ক্ষেতমজুর আজ অর্ধাহার, অনাহারে দিন কাটাচ্ছেন। তাদের হাতে কাজ নেই, তারা মজুরি পাচ্ছে না ফলে এখন তারা শাক, গুগলি খেয়ে দিন কাটাচ্ছে। স্যার, সেপ্টেম্বর, অক্টোবর মাসেই যদি এই অবস্থা হয় তাহলে আমাদের জেলাতে বেশ কিছু মানুষ না খেতে পেয়ে মারা যাবে। তাছাড়া অপুষ্টিজনিত রোগের সংখ্যাও বৃদ্ধি পাবে। স্যার, যেহেতু ৮০ হাজার চটকল শ্রমিক তারা সংগঠিত তাই তাদের নিয়ে অনেক কাণ্ড করা হচ্ছে আর যেহেতু এই ক্ষেতমজুররা সেইভাবে সংগঠিত নয় তাই তাদের নিয়ে সেইভাবে চিন্তা করা হচ্ছে না। মাননীয় মন্ত্রীদের কাছে আমার তাই অনুরোধ, অবিলম্বে পঞ্চায়েতের মাধ্যমে তাদের খাদ্যের ব্যবস্থা করুন এবং বীরভূম ও পশ্চিমবাংলার লক্ষ লক্ষ ক্ষেতমজুরকে বাঁচান।

শ্রী সতীশ রায় : - মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে এই সভারও মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ৫ ও ৬ই সেপ্টেম্বর বরাহনগর জুট মিলের মালিক সেই কারখানার ওয়ার্কারদের প্রাপ্য বেতন না দেবার ফলে সেখানকার শ্রমিকরা স্বাভাবিকভাবে বিক্ষুব্ধ হয় এবং সেই বিক্ষোভকে কেন্দ্র করে মালিকের যড়যন্ত্রে কিছু ভাড়াটিয়া লোক সেই কারখানার ভেতর হামলা শুরু করে। এর ফলে স্যার, সেখানে একটা দুঃখজনক ঘটনা ঘটেছে—জুট মিলের কয়েকজন অফিসার আহত হয়েছিল, কয়েকজন শ্রমিক গুলিতে আহত হয়েছেন। স্যার, বরাহনগরের জুট মিলের মালিক শ্রমিকদের প্রাপ্য ৯৩ লক্ষ টাকা—যেটা প্রভিডেন্ড ফাণ্ডের টাকা তা মেরে দিয়েছে, গ্র্যাচুইটির ১৫ লক্ষ টাকা মেরে দিয়েছে এবং ই.এস.আই-এর ৯ লক্ষ টাকা বাকি রেখেছে।

এ ধরণের বিভিন্ন শ্রমিক বিরোধী কাজের সাথে মালিক যুক্ত আছে। আমি মনে করি পুজোর সময়ে শ্রমিকদের বোনাস দিতে হবে বলে এই ধরণের ঘটনা ঘটিয়ে মালিক বে-আইনীভাবে লক্ আউট ঘোষণা করেছে। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি, তিনি এ বিষয়ে অবিলম্বে প্রশাসনিক স্তরে পূর্ণাঙ্গ তদন্তের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

[2.20 - 2.30 P.M.]

শ্রী অমরেন্দ্রনাথ ভট্টাচার্য্য : - মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়'টি হ'ল—রাজ্য সরকারী কর্মচারীদের এবং রাজ্য সরকারের অনুমোদিত অথবা অনুদানপ্রাপ্ত বিভিন্ন সংস্থার কর্মচারীদের বকেয়া ভাতা সম্পর্কে। সংবাদে প্রকাশ অষ্টম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী বকেয়া ভাতা দেবার জন্য ১২৩ কোটি টাকা কেন্দ্র থেকে রাজ্য সরকারের হাতে এসে পৌচেছে। এখন পর্যন্ত আমরা সর্বোচ্চ সংখ্যা যা শুনেছি তাতে ২২ কোটি টাকা করে যদি এক একটি বকেয়া কিস্তির পরিমাণ হয় তাহলে এ' টাকা দিয়ে অন্তত পাঁচটি বকেয়া কিস্তি দেওয়ার পরেও ১৫ কোটি টাকার মত রাজ্য সরকারের হাতে থেকে যায়। এখন আমার অর্থমন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন হচ্ছে এ' টাকা পাওয়া গিয়েছে কিনা, যদি পাওয়া গিয়ে থাকে, তাহলে তা কোথায় গেল এবং এ সম্পর্কে সরকার নীরব কেন? ইতিপূর্বে আমরা ৩০০ কোটি টাকা কেন্দ্র থেকে দেওয়া হয়নি বলে অনেক কিছু শুনেছি, কিন্তু এই যে ১২৩ কোটি টাকা দেওয়া হয়েছে, এ ব্যাপারে সরকার নীরব কেন? তাই আমি এই বিষয়টির প্রতি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী লক্ষীকান্ত দে : - মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। হার্ডিঞ্জ হষ্টেলের পাশে বিদ্যাসাগর হষ্টেলে'টি মা বাবা হারা হয়ে পড়ে আছে। এর না আছে মা, না আছে বাবা। বিশ্ববিদ্যালয় বলে, এটা তাদের নয়, বিদ্যাসাগর কলেজ বলে, এটা তাদের নয়। এই অবস্থার মধ্যে দীর্ঘ দিন ধরে এটি পড়ে আছে। ১৯৭২ সালে কংগ্রেস রাজত্বের সময়ে সেখানে কিছু ছাত্র—ছাত্রপরিষদের লোকেরা—সুপারিনটেন্ডকে মেরে বের করে দিয়েছিল। তারপর থেকে কেউ আর হস্টেলটির দায়িত্ব নিতে চাইছেন না। আজকে কলকাতা শহরে বাইরে থেকে এসে ছাত্রদের যেখানে থাকার খুবই অসুবিধা হচ্ছে সেখানে এরকম একটা হস্টেল বন্ধ হয়ে পড়েআছে। তাই আমি বিষয়'টির প্রতি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এত বড় একটা বাড়ি পড়ে আছে, এই বাড়িটায় তিনি ছাত্রদের থাকবার ব্যবস্থা করুন। হয় বিশ্ববিদ্যালয় না হয় বিদ্যাসাগর কলেজ, যে কেউ এটার দায়িত্ব গ্রহণ করুক। এই ব্যবস্থা যাতে হয় তার জন্যই আমি এই বিষয়টির প্রতি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অম্বিকা ব্যানার্জি : - মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি অতি গুরুতর বিষয়ের প্রতি ফিনান্স মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। গত তিন মাস ধরে শুধু কলকাতা তথা ভারতবর্ষের নয় সারা এশিয়ার বৃহত্তম টার্ফ ক্লাবটি বন্ধ হয়ে পড়ে আছে। তিন মাস আগে সহিসদের সঙ্গে একটা গোলমালকে কেন্দ্র করে ক্লাবটি বন্ধ করে রাখা হয়েছে। এটা শুধু মাত্র একটা বড় গাম্বলিং ক্লাবই নয়, এটা একটা স্পোর্টস ক্লাবও বটে। এখানে সারা ভারতবর্ষের লোক স্পোর্টসে জয়েন করবার জন্য আসে। শুধু তাই নয়, এটা বন্ধ হয়ে যাওয়ার জন্য প্রয় ১১০০ কর্মী আজকে বেকার হয়ে পড়েছে। এই ঘটনাটি ফিনান্স মিনিস্টার জানেন কিনা জানি না। তবে আমার মনে হয় এটা বন্ধ থাকার জন্য রাজ্য সরকার প্রচুর পরিমাণ রেভিনিউ লস্ করছেন। বর্তমানে কয়েকজন স্টুয়ার্ডের দ্বারা ক্লাবটি পরিচালিত হচ্ছে, যাদের মধ্যে পশ্চিমবঙ্গের অনেক ওপরতলার লোকেরা আছে। এক সময়ে যে ক্লাবটির ফেয়ারনেসের জন্য নাম ছিল, সেখানে বর্তমানে কতগুলি এমন মানুষ স্টুয়ার্ড হয়ে সমস্ত কিছু চালাচ্ছেন যাদের সম্বন্ধে আমাদের ধারণা ভাল নয়, বিশেষ করে চীফ্ স্টুয়ার্ড সম্বন্ধে আমাদের ধারণা মোটেই ভাল নয়। স্টুয়ার্ডদের মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের রিপ্রেজেনটেসন আছে। সেখানে যিনি পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধিত্ব করছেন তাঁর সঙ্গে কি মাননীয় অর্থমন্ত্রীর এ বিষয়ে কোন কথা হয়েছে? কেন, কি কারণে ক্লাবটি বন্ধ হয়ে আছে? এমন কি সেখানে বর্তমানে কোন সহিস না থাকার ফলে প্রায় কয়েক শত ঘোড়া অনাহারে শেষ হয়ে যাচ্ছে। এর মধ্যে এমন অনেকঘোড়া আছে যা ভারতবর্ষের প্রাইড্। সেগুলি মারা যেতে বসেছে এবং সরকার লক্ষ লক্ষ টাকার রেভিনিউ লস্ করছেন। তাই আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি, তিনি অবিলম্বে এ বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করুন এবং যারা দেশের কোটি কোটি টাকার সম্পত্তি এইভাবে নষ্ট করছে তাদের উপযুক্ত শাস্তি যাতে হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন। কারো অসাবধানতার জন্য এবং ব্যক্তিগত ইন্টারেস্টের জন্য ক্লাবটি বন্ধ হয়ে আছে কিনা, তাও তিনি খোঁজ করে দেখুন। পরিশেষে মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে এ বিষয়ে ফিনান্স মিনিস্টারের কাছে একটা এনকোয়ারী দাবী করছি।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমদিনাজপুর জেলায় ডাকাতি অসম্ভবভাবে বেড়ে উঠেছে। গত ৯-৮-৮৫ তারিখে পশ্চিমদিনাজপুর জেলায় তপন থানার রামপাড়া চাঁচড়া অঞ্চলে একইদিনে ১০টি বাড়িতে ডাকাতি হয়েছে। এছাড়া পরবর্তীকালে হিলি থানার বীনশিড়া অঞ্চলে তিত্তরে ১৯--৮-১৯৮৫ তারিখে একইদিনে ২টি বাড়িতে ডাকাতি হয়েছে। এর পাশের গ্রামে ৮টি বাড়িতে ডাকাতি হয়েছে। এরফলে জেলার বিভিন্ন জায়গায় মানুষ মরেছে। যে বাড়িতে ডাকাতি হয়েছে একইদিনে ২জন মানুষ মারা গেছে, পুলিশ থাকা সত্ত্বেও পরেরদিন সেই একই বাড়িতে ডাকাতি হয়েছে। এই জেলার বিভিন্ন জায়গা থেকে গরু-বাছুর ব্যাপকভাবে নিয়ে যাচ্ছে। এমতবস্থায় লোকেদের মধ্যে প্রচণ্ড ভীতি দেখা দিয়েছে। সুতরাং স্বাভাবিকভাবে বিভিন্ন জায়গায় স্থায়ীভাবে কিছু পুলিশ ক্যাম্প অত্যন্ত দরকার। এছাড়া বর্ডার এরিয়াতে ব্যাপকভাবে ডাকাতি হচ্ছে। কাজেই ডাকাতি বন্দ করবার জন্য পুলিশ এবং বি.এস.এফ বাহিনী যাতে পাহারা দেন তারজন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীর নিকট অনুরোধ করছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটিগুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় ভূমিসংস্কার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে বসে আছেন। পুরুলিয়া জেলায় বলরামপুর থানার ঘাটবেড়া গ্রামে কংগ্রেস আমলে প্রায় ১০০ জনের বেশী তপসিলী এবং আদিবাসী সম্প্রদায়ভুক্ত ভূমিহীন লোককে যে ভেসটেড ল্যাণ্ড ছিল সেটা পাট্টা দেওয়া হয়েছিল। কিন্তু ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসবার পর থেকে যে জোতদারের উদ্বৃত্ত জমি নিয়ে নেওয়া হয়েছিল সেই জোতদার রাতারাতি বামফ্রন্টের নেতা বনে গেলেন। তারপর সেই সমস্ত ভূমিহীন পাট্টাদার প্রাপ্ত তপসিলী সম্প্রদায়ভুক্ত মানুষকে ঐ সমস্ত জমি থেকে উচ্ছেদ করে। এই ব্যাপারে স্থানীয় প্রশাসন এবং রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও আজ পর্যন্ত সেই সমস্ত ভূমিহীন তপসিলী সম্প্রদায়ভুক্ত মানুষকে পাট্টা দেওয়া জমি ফিরিয়ে দেওয়া হয়নি। এ ব্যাপারে বিহার সিং, মানু মাঝি এবং মিহির সিং স্থানীয় জে. এল. আর. ও এবং এ. ডি. এমের সঙ্গে দেখা করে ঐ সমস্ত লোককে পাট্টা দেবার জন্য ব্যবস্থা করতে বলেন। কিন্তু স্থানীয় প্রশাসন তাদের তাড়িয়ে দেয়। কারণ স্থানীয় প্রশাসন ঐ জোতদারের পক্ষে। এমনকি এই ব্যাপারটি নিয়ে বামফ্রন্টের নেতৃবৃন্দের কাছেও দাবী করেন কিন্তু যেহেতু ঐ জোতদার বামফ্রণ্টের সমর্থক এবং স্থানীয় নেতা সেইজন্য স্থানীয় নেতৃবৃন্দ তাদের কথা শোনেননিয়। আমি ভূমি সংস্কার মন্ত্রীর কাছে অনুরোধ করবো, তিনি যেন ঐ সমস্ত ভূমিহীন পাটারদের কথা বিবেচনা করে অবিলম্বে যাতে তাদের জমি ফিরিয়ে দেন তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দামোদর ভ্যালি করপোরেশনের প্রশাসন কর্তৃপক্ষ ৭।৮ বছর ধরে সেখানে স্বৈরাতান্ত্রিক ব্যবস্থা চালাচ্ছেন। পূর্বতন জেনারেল ম্যানেজার যিনি ছিলেন তাঁর সময় থেকে সেখানে অঘটন ঘটছে। কর্মচারীদের আন্দোলন সেখানে ভাঙা হয়েছে। বহু কর্মী সেই সময়ে সাসপেণ্ড হয়েছিলেন। বর্তমানে যিনি জেনারেল ম্যানেজার হয়েছেন তাঁর আচার-ব্যবহার সমস্ত কর্মচারীকে ক্ষুব্ধ করে তুলেছে। বিশেষ করে বাঙালী অফিসার এবং ইঞ্জিনিয়ারদের উপর আক্রমণ প্রতিনিয়ত হচ্ছে। এরফলে ডি. ভি. সির স্টাফ এ্যাসোসিয়েসান এবং অন্যান্য কর্মচারীদের সংস্থা বিহার এবং পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। কিন্তু তা সত্ত্বেও ঘটনা ঘটে চলেছে। আমরা ডি.ভি.সির বিভিন্ন জায়গা থেকে যে সমস্ত সংবাদ পেয়েছি তা উদ্বেগজনক, বিশেষ করে বর্তমান জেনারেল ম্যানেজার মিঃ ঘাইয়ের অশালীন কথাবার্তা ও ব্যবহার এবং আক্রমনাত্মক মনোভাব কর্মচারীদের বিক্ষুব্ধ করে তুলেছে। বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। প্রশাসন এইভাবে শ্রমিকদের অধিকার হরণ করবে এটা সমস্তরকম গণতান্ত্রিক রীতি-নীতিবিরোধী। সেই কারণে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে এ-বিষয়ে দিল্লীর সঙ্গে যোগাযোগ স্থাপন করতে অনুরোধ জানাচ্ছি।

[2-30 —2-40 P.M.]

শ্রী বঙ্কিম ত্রিবেদী : মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি সভার এবং আপনার সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল — এই সরকারের স্বাস্থ্যবিভাগ বলে একটি বিভাগ থাকবার কথা, কিন্তু দেখতে পাচ্ছি, সমস্ত পশ্চিমবঙ্গে সেই ব্যবস্থা অচল হয়ে পড়েছে। আমার জেলা মুর্শিদাবাদ তার ব্যতিক্রম নয়। জেলায় ২৩টি পদে ডাক্তার নেই, উপরন্তু ১০ জনকে বদলীর হুকুম দেওয়া হয়েছে। আমি কান্দি হাসপাতালের কথা বলছি, দীর্ঘদিন ধরে সেখানে একটা অরাজক অবস্থা চলছে। আজকে সেখানে সবকিছুর সীমা ছাড়িয়ে গেছে। সেখানে হাসপাতালের কোন প্রাচীর নেই, ফলে কুকুর এবং শুকর অবাধে সেখানে চলাফেরা করছে। হিসাব করে দেখা গেছে, সেখানে বেড প্রতি দুইজন রোগী এবং একটি শুকর। সেখানে এস.ডি.এমও নেই, একস্-রে মেশিন খারাপ হয়ে পড়েআছে, একস্-রে প্লেট নেই। এ ব্যাপারে আমি নিজে এস.ডি.এম. ও ইনচার্জ, সি.এম.ও.এইচ এবং মাননীয় মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েশনও চিঠি দিয়েছেন। কিন্তু

বলতে বাধ্য হচ্ছি, সরকার এবং মন্ত্রীদ্বয়ের দৃষ্টি বোধহয় নেই, কর্ণও বোধহয় কোন কাজ করছেনা। সেই কারণে দৃষ্টি এবং কর্ণ আকর্ষণ করে অনুরোধ করছি, যেন অবিলম্বে এই সমস্ত ব্যাপারের প্রতিকার করা হয়। এ-ব্যাপারে ইণ্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েশন যে চিঠি দিয়েছেন তার একটি কপি আপনার কাছে দিচ্ছি।

শ্রী সাধন চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পৌর এবং পরিবহণ মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগর হচ্ছে নদীয়া জেলার সদর শহর। সেখানে যে বাস স্ট্যাণ্ড আছে, সেখান থেকে প্রতিদিন ১০০ বাস জেলার মধ্যে এবং বাইরে যাতায়াত করে। প্রতিদিন নারী ও শিশুসহ ৮।১০ হাজার মানুষ ঐ বাস স্ট্যাণ্ডটি ব্যবহার করেন, কিন্তু যে দুর্দশা তাদের ভোগ করতে হয় তা কেবলমাত্র নরকের সঙ্গেই তুলনীয়। ঐ বাস টার্মিনাস নির্মাণের জন্য ১৯৮২ সালে ২৭.১৮ লক্ষ টাকা স্যাংশন হয়, কিন্তু পৌরসভার অযোগ্যতা এবং প্রশাসনিক দীর্ঘসূত্রতার ফলে আজও এই বাস স্ট্যাণ্ড টার্মিনাসটি হচ্ছে না। তাই আপনার মাধ্যমে পৌর এবং পরিবহণ মন্ত্রীদ্বয়কে অনুরোধ করছি, ঐ টাকা দিয়ে যাতে অবিলম্বে বাস স্ট্যাণ্ড টার্মিনাসটি তৈরী হয় সেইমত ব্যবস্থা যেন তাঁরা গ্রহণ করেন।

ডাঃ সুকুমার রায় : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বিগত আর্থিক বছরে পশ্চিমবাংলার বহু মাধ্যমিক স্কুলকে ১১ ও ১২ ক্লাশ খুলতে দেওয়ার অনুমোদন দেওয়া হয়েছে এবং সেই সময় বলা হয় যে, যেসব স্কুল এই ক্লাশগুলি খুলবে, তাঁরা সেই আর্থিক বছরে এরজন্য কোন অতিরিক্ত শিক্ষক চাইতে পারবেন না। অর্থাৎ ১৯৮৫ সালের মার্চ পর্যন্ত কোন শিক্ষক এক্ষেত্রে চাওয়া যাবে না। কিন্তু বর্তমান আর্থিক বছরের ৬ মাস পেরিয়ে যাবার পরেও দেখতে পাচ্ছি, বহু স্কুলকে নুতন শিক্ষক নিয়োগের ব্যাপারে কোন অনুমোদন দেওয়া হচ্ছে না। কোন দৃষ্টিভঙ্গি থেকে এটা করা হচ্ছে, আমি বুঝতে পারছি না। এ-পর্যন্ত যেসব স্কুলে উন্নত মানের পড়াশুনা হোত, তারমধ্যে যেখানে যেখানে ১১ ও ১২ ক্লাশ খোলা হয়েছে সেখানে টিচারের অভাবে পড়াশুনার ক্ষতি হচ্ছে। স্বভাবতঃই মনে হচ্ছে উন্নত মানের পড়াশুনা না হয় তারজন্যই এই চক্রান্ত। পুরুলিয়ার চিত্তরঞ্জন স্কুল, যেখানে মাধ্যমিক ক্লাসের জন্য ১০ জন টিচার পাওনা আছে, সেখানে ১১ ও ১২ ক্লাশ খোলার জন্য শিক্ষার মান নিচে নেমে যাচ্ছে।

এখনও পর্যন্ত তাদের যা পাওনা সেই শিক্ষক দেওয়া হয় নি। অথচ আমরা দেখতে পাচ্ছি যে অনেক জায়গায় যেখানে ওনাদের তাবেদারি করছে সেখানে এই শিক্ষাবর্ষে, এই আর্থিক বর্ষে শিক্ষক চলে গেছে। এইভাবে ডিসপ্যারিটি কেন হচ্ছে, এই ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গি কি এটা পরিষ্কার করে শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাই।

শ্রী মলিন ঘোষ : মাননীয় স্পীকার স্যার আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রায় ৩০ হাজার আদিবাসী অধ্যুষিত এলাকায় একটি রাস্তার ভগবতীপুর কলাছড়া রোড — কি অবস্থা হয়েছে সেটা দেখে আসবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এই অবস্থার মধ্যে যাতে এই রাস্তাটির সংস্কার করা হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি। পি. ডব্লু. ডিপার্টমেন্টকে মন্ত্রী চালাচ্ছে না মন্ত্রীকে ডিপার্টমেন্ট চালাচ্ছে, অর্থাৎ কুকুর ল্যাজ নাড়াচ্ছে, নাকি ল্যাজ কুকুরকে নাড়াচ্ছেসেটা বুঝতে পারছি না। এই রাস্তার অর্ডার টেণ্ডার হয়েছে, কিন্তু সেই কন্ট্রাক্টরের এত বড় সাহস যে রাস্তার ধারে মাল ফেলে রেখেছে, রাস্তা সংস্কার করছে না। এই রাস্তায় যোগাযোগ রক্ষার জন্য একটা মাত্র মিনিবাস চলে, কিন্তু রাস্তা খারাপ হওয়ার জন্য সেটাকে চালানো যাচ্ছে না। সেই জন্য এই রাস্তা সংস্কারের জন্য আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন বিধানসভায় আমি বারে বারে প্রশ্ন তুলেছি ফুলেশ্বর কটন মিল, যেটার নাম নিউ গুজরাট কটন মিল, সেটাকে ১৪ মাস ধরে মালিক বে-আইনীভাবে লকআউট করে রেখেছে। এর ফলে প্রায় ১৪শো কর্মচারী অনাহারে অর্ধাহারে না খেয়ে দিন যাপন করছে। কিছুদিন আগে মদন দাস নামে এক শ্রমিক না খেয়ে মারা গেছে। এই ব্যক্তির বাড়ি হচ্ছে বানিতলা, স্পিনিং ডিপার্টমেন্টে কাজ করত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লেবার কমিসনার-এর সঙ্গে তিনবার আলোচনা হয়েছে, সেই ব্যাপারে মালিক কিছু গ্রাহ্য করেন নি। শ্রমমন্ত্রীর কাছে ফাইল রেফার করা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কোন ত্রিপাক্ষিক বৈঠক হ'ল না। আমরা যে সমস্ত মেনসান করি, সেই মেনসানের উপর গুরুত্ব দেওয়া হয় কিনা জানিনা এবং সেটা দপ্তরে পৌঁছায় কিনা সন্দেহ আছে। এই মিলের ১৪শো কর্মচারী অনাহারে অর্ধাহারে দিনযাপন করছে, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। অবাঙ্গালী শ্রমিকরা গাছের পাতা খেয়ে, কোয়াটারের জল খেয়ে কোনরকমে দিন কাটাচ্ছে। ত্রিপাক্ষিক বৈঠক করে ফুলেশ্বর কটন মিল যাতে খোলা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পূর্তমন্ত্রী, গৃহনির্মাণ মন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফারাক্কা ফিডার ক্যানেল তৈরী হওয়ার পর সেই ফিডার ক্যানেলটি আমাদের দু-খণ্ডে বিভক্ত করে দিয়েছে। আমার এলাকায় কৃত্তিম জলের ফলে হারুয়া, বহুতালি এবং বংশবিটি এবং বাকি অঞ্চলে প্রায় ৬০-৭০ হাজার লোক ক্ষতিগ্রস্ত হয়। এখানে বহুতালি থেকে কানুপুর পর্যন্ত রাস্তাটি ১৯৭১-৭২ সালে সরকারের অনুমোদন লাভ করেছে। এই রাস্তাটি ২ কিলোমিটার মাত্র হয়েছে, বাকি রাস্তা আজ পর্যন্ত হয়নি। প্রায় ৭০ হাজার লোক জংগিপুর এবং বহরমপুরের সঙ্গে যোগাযোগ করতে পারছে না। কৃষি সম্পদ বিক্রি করার সুযোগ-সুবিধা পাচ্ছে না, হাসপাতালে যোগাযোগ করতে পারছে না, ব্যবসা-বাণিজ্য কেন্দ্রে যাবার সুযোগ-সুবিধা পাচ্ছে না, স্কুল কলেজের ছাত্র-ছাত্রিদের যাতায়াত করার সুযোগ-সুবিধা নেই। সামান্য কয়েকটি নৌকা আছে, সেই দিয়ে যাতায়াত করছে। আবার প্রতি বছর এখানে নৌকা ডুবি হয়ে মানুষ মারা যাচ্ছে।

[2-40 —2-50 P.M.]

আমি কানুপুর বহুতালি রাস্তাটি নির্মাণের জন্য এই বিধানসভার ফ্লোরে বারবার করে সরকারের দৃষ্টি আকর্ষণ করে আসছি। কিন্তু সরকার এখনও নিশ্চুপ হয়ে বসে আছেন। ওখানকার জনসাধারণ এবারে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, অবিলম্বে ওখানে রাস্তাটি নির্মাণ করা না হলে তাঁরা ৩৪ নং জাতীয় সড়ক অবরোধ করবেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আন্দোলনের সহায়ক, একথা আমরা সকলেই জানি। তবে আমি পুনরায় সরকারের দৃষ্টি আকর্ষণ করে জানাই যে, অবিলম্বে ওখানে রাস্তাটি নির্মাণ না হলে স্থানীয় জনসাধারণ জাতীয় সড়ক অবরোধ করে চূড়ান্ত ব্যবস্থা গ্রহণ করবেন : আমি স্থানীয় প্রতিনিধি হিসাবে জনগণের আবেদনপত্র তাঁরা আমার কাছে দিয়েছেন, তা এখানে দিচ্ছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি সরাসরি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই। তার কারণ, এই সরকার দৃষ্টি আকর্ষণের প্রস্তাবটি তুলে দিয়েছেন, কোন বিষয়ের প্রতি দৃষ্টি দেবার আগ্রহ এঁদের নেই। আশা করি, আপনি এটি লক্ষ করে থাকবেন। কোন সমালোচনার জন্য আমি এখানে

কিছু বলছি না। একটা সরকার যে কতখানি নির্মম হতে পারেন, তার একটি উদাহরণ আমি আপনার সামনে রাখছি। কাননদেবী, যাঁকে আমরা সকলেই জানি, বাংলা তথা ভারতবর্ষের ফিল্ম ইণ্ডাস্ট্রিতে যিনি 'দেবী' রূপে প্রতিষ্ঠিত, যাঁর এই শিল্পে একজন শিল্পী হিসাবে অনবদ্য ভূমিকা আছে, তিনি আজকে সরকারের আচরণে পর্যুদস্ত হতে চলেছেন। এই সরকার তাঁকে এমনভাবে পর্যুদস্ত করছেন যে, আজ তাঁর পথে বসা ছাড়া কোন গত্যন্তর নেই। কাননদেবীর মত একজন মহীয়সী শিল্পীর দ্বিতীয় আর কোন পথ নেই। এই সরকারের কাছ থেকে আমরা যখন প্রায়ই শুনি যে ফিল্ম ইণ্ডাস্ট্রির জন্য এটা করছি, ওটা করেছি, তখন কাননদেবীর মত একজন স্বনামধন্য শিল্পীকে দেখছি মুমূর্ষ অবস্থায় রাস্তায় নামিয়ে দিয়েছেন। ১৯৭০ সালে তদানিন্তন রাজ্য সরকার নকসালদের হাত থেকে বাঁচবার জন্য একটি বাড়ী তাঁর কাছ থেকে নিয়েছিলেন পুলিশদের থাকবার জন্য এবং সেজন্য তাঁর সঙ্গে একটি এগ্রিমেন্টও হয়েছিল। রেট পার স্কোয়ার ফিট ফোর এ্যানাস্ ভিত্তিতে তাঁর কাছ থেকে সরকার বাড়িটি নিয়েছিলেন। তারপর থেকে হোম মিনিস্টার, পি. ডবলিউ.ডি মিনিস্টার সকলের কাছে বাড়িটি ফেরত পাওয়ার জন্য তিনি হন্যে হয়ে ঘুরেছেন। বাড়িটি নেওয়ার ব্যাপারে তাঁর সঙ্গে সরকারের ৫ বছরের একটি এগ্রিমেন্ট হয়েছিল। পরে তাঁর সঙ্গে আর একটি এগ্রিমেন্টও হয়েছিল ৫ বছরের এক্সটেনশানের জন্য - অর্থাৎ মোট ১০ বছরের জন্য বাড়িটি নেওয়া হল বলে কণ্ডিশন হয়েছিল। আজ ১৪ বছর পার হয়ে গেছে। তিনি তাঁর বাড়িটি ফেরত পাওয়ার জন্য সরকারের কাছে বহু আবেদন নিবেদনও জানিয়েছেন। তিনি আরও জানিয়েছেন যে, তাঁর দ্বিতীয় কোন আয় নেই, বাড়িটি ফেরৎ না পেলে পরিবারের সবাইকে নিয়ে রাস্তায় দাঁড়িয়ে অনাহারে মরতে হবে। আইনসম্মতভাবে সরকার বাড়িটি ফেরৎ দিতে যেখানে বাধ্য, সেখানে এইরকম একজন মানুষের জন্য এখানে দাঁড়িয়ে মেনশান করতে হচ্ছে - এটি খুবই দুর্ভাগ্যের। আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন জানাই - যদি তাঁদের বিন্দুমাত্র লজ্জা থাকে, তাহলে অবিলম্বে কাননদেবীর হাতে তাঁর বাড়িটি দেওয়ার ব্যবস্থা যেন করেন। যিনি পশ্চিমবাংলা তথা ভারতবর্ষের সংস্কৃতির বিকাশের একজন অংশীদার, তাঁকে বাঁচাবার ব্যবস্থা যেন সরকার অবিলম্বে করেন।

শ্রী সুরেশ চন্দ্র সিংহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হল যে, আমার বিধানসভা কেন্দ্রে ডালখোলা হচ্ছে একটি বিখ্যাত বাণিজ্যস্থল। এই স্থানের উপর দিয়ে ৩৪ নং জাতীয়সড়ক সোজা আসাম পর্যন্ত চলে গিয়েছে। এরই পাশ দিয়ে গিয়েছে এন.এইচ - ৩১ নম্বর রাস্তা। এই জায়গার লেভেল ক্রসিং আছে, সেই গেটটি বন্ধ থাকার জন্য হাজার হাজার বাস, ট্রাক দাঁড়িয়ে থেকে জ্যাম সৃষ্টি করে। এন.এইচ. ৩৪ নম্বর দিয়ে উত্তর বাংলা থেকে সরাসরি আসাম পর্যন্ত যাওয়া যায়। এরই পাশ দিয়ে গিয়েছে ৩১ নং জাতীয় সড়ক। এখানে লেভেল ক্রসিং থাকায় এবং গেট দীর্ঘক্ষণ বন্ধ থাকার জন্য ডালখোলা বাজারটির খুবই ক্ষতি হচ্ছে। ঐ সময় হাজার হাজার বাস, লরী, ট্যাক্সি রাস্তায় আটকা পড়ে জ্যাম সৃষ্টি করে চলে। অবিলম্বে যদি ওখানে ফ্লাই ওভার তৈরী না করা হয়, তাহলে ঐ জায়গাতে রেল ক্রশিংয়ের জন্য বহু গাড়ীকে ঘণ্টার পর ঘণ্টা আটক পড়ে থেকে ঐ বাজারটির প্রভূত ক্ষতিসাধন করবে। এই দিক থেকে একটা পরিকল্পনা আছে যে ডালখোলার পূর্বদিকে একটা ডাইভারসান করে অন্ততঃ এন.এইচ. ৩১-এর সঙ্গে যোগাযোগ করার ব্যবস্থা করুন। আমি এই বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই কারণে যে সেখানে একটা ফ্লাই ওভার করে অথবা সেটা যদি করা সম্ভব না হয় তাহলে ডালখোলা হাসপাতালের কাছ থেকে যে এন.এইচ. ৩১ গেছে তারসঙ্গে কানেকটিং লিংক করার জন্য ডাইভারসান করে দিন যাতে যানবাহন চলাচলের সুবিধা হয়। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয়। পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শৈলেন্দ্র নাথ চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলায় চাঁপদানি নর্থ ব্রুক জুট মিল টি আজ প্রায় দীর্ঘ ৩ বছর ৮ মাস যাবৎ বন্ধ হয়ে পড়ে আছে। এই কারখানার ৪ হাজার শ্রমিক কাজ করে, তারা আজ অনাহারে দুর্বিসহ জ্বালায় জ্বলছে, তারমধ্যে কিছু লোকের মৃত্যু ঘটেছে। বহু প্রচেষ্টা করা সত্ত্বেও কারখানা খোলা যাচ্ছে না। বহুবার জানিয়েছি কিন্তু তা সত্ত্বেও কিছু হয়নি, মাননীয় শ্রমমন্ত্রী এখানে মিটিং ডেকেছিলেন এবং সেই মিটিংয়ে জানতে পারলেন যে এই কারখানার মালিক বিভিন্ন সংস্থার কাছ থেকে এবং লোকের কাছ থেকে প্রায় ১০ কোটি টাকা ঋণ করেছে, এই ঋণ পরিশোধ করার তার উপায় নেই। আমি মাননীয় মুখ্য মন্ত্রীর কাছে জানতে চাই যে এই কারখানাটি অবিলম্বে খোলার ব্যবস্থা করুন এবং এটা যাতে কেন্দ্রীয় সরকারের মাধমে আণ্ডার টেকিং হিসাবে যেরকম ৫-৬টি চটকল চলছে সেইরকম এটিরও ব্যবস্থা করুন এবং ৪ হাজার শ্রমিককে এই মৃত্যুর হাত থেকে বাঁচান। তারজন্য আপনার মাধামে তাঁদের দৃষ্টি আকর্ষণ করার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী সুভাষ গোস্বামী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি উদ্বেগজনক পরিস্থিতির কথা উত্থাপন করছি। ছাদনার বাহিতরা গ্রামে অতি সম্প্রতি স্মলপক্স রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। যতটুকু খবর পাওয়া গেছে তাতে এ পর্যন্ত একজন মহিলা এই রোগ আক্রান্ত হয়েছেন। এইরোগ তার গায়ে অতি বিভৎস আকারে দেখা দিয়েছে। আশেপাশের লোক যারা তাকে দেখতে যাচ্ছেন অনেকেই তাকে দেখে চমকে যাচ্ছেন। এই রোগ যাতে গ্রামের দূর দূর এলাকায় আর ছড়িয়ে না পড়তে পারে তারজন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যাতে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন যাতে এই রোগ আবার নতুন করে ছড়িয়ে না পড়তে পারে।

শ্রী নীরোদ রায়চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ন্যাশনাল হাইওয়ে জাতীয় সড়ক যশোর রোড বনগাঁ পর্যন্ত বিস্তৃত। এই যশোর রোড দীর্ঘদিন ধরে অবহেলিত, যাতায়াত করা যায় না। রোজই প্রায় এ্যাকসিডেন্ট হচ্ছে। বিশেষ করে আমার নির্বাচন কেন্দ্র হাবড়া শহরের উপরে যে অঞ্চল ৩নং গেট থেকে জয়গাছি এলাকা পর্যন্ত। এখানের ধারে ধারে রাস্তার চিহ্নমাত্র নেই। সেখানে যে ন্যাশনাল হাইওয়ের যশোর রোড ছিল বলে মনে হয় না। এখানে বৃষ্টির ফলে খুব এ্যাকসিডেন্ট হচ্ছে, বিরাট বিরাট গর্ত তাতে জল জমে আছে এবং মানুষ পড়ে গিয়ে এ্যাকসিডেন্ট হচ্ছে। গত একমাসে প্রায় ৩৮টি দুর্ঘটনা হয়েছে। বাসে ভ্যানে, রিক্সায় এবং সাইকেলে প্রায় সব সময়ে এ্যাকসিডেন্ট হচ্ছে। অনেকবার আবেদন নিবেদন করেও এই রাস্তা সংস্কারের বা রিপেয়ারিং-এর কোন ব্যবস্থা নেওয়া হয় নি। যাতে এই রাস্তা মেরামতি হয়, মানুষ চলাফেরা করতে পারে এবং যানবাহন চলতে পারে সেইজন্য আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-50— 3-00 P.M.]

Shri Rajesh Khaitan : Mr. Speaker, Sir, through you, I want to draw your kind attention to a very sad accident which took place on Friday night, the 6th September, 1985. The house being the premises no. 4, Mullick Street, had collapsed. As a result, 18/19 famsilies are on the road. Time and again, we have mentioned this in the House about the unauthorised construction. We have also mentioned regarding the deplorable condition of other houses in the Burrabazar area, Central

Calcutta and north Calcutta areas but we do not know what is the policy of the Government. For instance, we have mentioned about the unauthorised construction near the areas just one furlong from Writer's Buildings but no action has been taken as yet. The families of that building are taking shelter elsewhere. This is true that the police and the Deputy Commissioner of the Buildings department of the Calcutta Corporation had taken prompt action after the house collapsed. It is also true that the Burrabazar Civil Defence Association took action in time but this is not the answer to the problem. The Minister-in-Charge for Municipal Affairs is present in the House. I also draw his kind attention to the fact. Is it the scheme of the government that action will be taken after any house is collapsed? Three months' back, another house had collapsed in the constituency of Shri Dewoki Nandan Poddar where two persons had died. But here for God's grace, none died. Only the families suffered. So, I request the Govenment that something should be done to take the people into confidence.

(Zero Hour)

Shri Dhrubeswar Chattopadhyay : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া থেকে বাগমুণ্ডি ভায়া বলরামপুর, পুরুলিয়া থেকে বাগমুণ্ডি ভায়া ঝালদা এবং পুরুলিয়া থেকে আরসার এই ৩টি রাস্তার অবস্থা অত্যন্তই শোচনীয়। রাস্তার কোথাও কোথাও এমন সব গর্ত হয়ে রয়েছে যার ফলে বাস চলাচল করতে পারে না। গত ৭ তারিখ থেকে বাস মালিকরা বাস বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছিল, কিন্তু ডি.সি-র অনুরোধে শেষ পর্যন্ত ওই সিদ্ধান্ত স্থগিত রেখেছে। গত ২০.৮.৮৫ তারিখে পুরুলিয়া থেকে বাগমুণ্ডি যাবার পথে বলরামপুর এবং বাগমুণ্ডির মাঝখানে একটা বিরাট ধস নামার ফলে বাস বন্ধ হয় যায়। বাস-এর লোকেরা যাত্রীদের একটা বিপদসংকুল স্থানে নামিয়ে দেয় এবং তারপর তারা প্রায় রাত ১২/১টা নাগাদ বাড়ী পৌঁছায়। তারপর, গত ৫ তারিখে ঝালদা থেকে বাগমুণ্ডি যাবার পথে একটা ব্রীজ এমনভাবে ভেঙ্গে গেল যার ফলে বাস আটকে গেল। আমি পূর্তমন্ত্রীর কাছে আবেদন করছি এই রাস্তাগুলির মেরামতির কাজ অবিলম্বে শুরু করুন।

ডাঃ ওমর আলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অনিয়মিত বিদ্যুত সরবরাহ, বিদ্যুতের ঘাটতি এবং অনাবশ্যক লোডশেডিং-এর ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। অনাবশ্যক কথাটা বলার কারণ হচ্ছে, আমরা কাগজে দেখছি আমাদের বিদ্যুত উৎপাদন বাড়ছে এবং প্রতিনিয়তই বাড়ছে। কিন্তু বাস্তবে গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে দেখা যাচ্ছে বিদ্যুত সরবরাহ অনিয়মিত হচ্ছে, বিদ্যুতের ঘাটতি হচ্ছে এবং লোডশেডিং হচ্ছে। এই ব্যাপারে বিভিন্ন লোক বিভিন্ন কথা বলছেন। কেউ বলছেন বিদ্যুৎ উৎপাদন হলেই তো হবে না, বিদ্যুত গ্রহণ এবং বিদ্যুত বণ্টন যদি ঠিকভাবে না হয় তাহলে এই লোডশেডিং চলবে। আমি আমার নির্বাচিত এলাকার কথা বলি। এখানে যারা বিদ্যুত চায় এরকম ৬৮১ জন দুবছর আগে টাকা জমা দিয়েছে কিন্তু এখনও বিদ্যুত পায় নি। প্রায় ৭০০ স্যালো টিউবওয়েলের মালিক বিদ্যুতের কানেকসন চাইছে কিন্তু তাদের দরখাস্ত পর্যন্ত গ্রহণ করা হচ্ছে না। স্যার, আমাদের পাঁচকুড়ায় বিদ্যুতের অভাব আছে তা নয়, বিদ্যুত গ্রহণ এবং বিদ্যুত বণ্টন ঠিকভাবে হচ্ছে না বলেই এই অবস্থা। সেজন্য কথা হয়েছিলো মেচেগ্রামে একটা পাওয়ার সাব-স্টেশন করা হবে এবং সেখানে বিদ্যুত গ্রহণ করা হবে এবং সেখান থেকে বিদ্যুত বণ্টন করা হবে। কিন্তু সেটা করা হয়নি। সেজন্য বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন করছি উৎপাদিত বিদ্যুত যাতে সরবরাহ করা হয় তার ব্যবস্থা করুন এবং ব্যবস্থা করে মেচেগ্রামে একটা পাওয়ার সাব-স্টেশন স্থাপন করে বিদ্যুত গ্রহণ এবং সরবরাহের ব্যবস্থা করুন।

শ্রী প্রবোধ পুরকাইত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এসপ্ল্যানেড থেকে জামতলা পর্যন্ত যে ২২৮ নং রুট আছে এই রুটে অল্প কয়েক মাস বাস চলাচল শুরু হয়েছে। মাঝে রাস্তা মেরামত না হওয়ার জন্য বাস বন্ধ হয়ে গিয়েছিল, কিন্তু সম্প্রতি চলছে। কিন্তু হঠাৎ বাসের কর্মী নিয়োগকে কেন্দ্র করে মালিক এবং কিছু স্থানীয় যুবকদের মধ্যে বিরোধ বাধাতে কয়েকদিন হল এই রুটের মাঝে বাসে ছিনতাই হয় এবং ছিনতাইকে উপলক্ষ করে মালিকরা জামতলা থেকে বাস বন্ধ করে দিয়েছে, তারা জয়নগর থেকে এসপ্ল্যানেড পর্যন্ত বাস চালু রেখেছে। এই অবস্থার হাজার হাজার মানুষেক ভয়ংকর দুর্গতি চলছে। কারণ জামতলা থেকে বিরাট এলাকার মানুষ জয়নগর, কলকাতায় আসছে। জয়নগরে ব্লক অফিস, জে.এল.আর.ও. অফিস, রেজিস্ট্রি অফিস আছে, মানুষকে ১৪/১৫ টাকা খরচ করে ভ্যানে করে জয়নগরে আসতে হচ্ছে। ছিনতাইয়ের ঘটনা বাস মালিকদের নিজেদের ক্রিয়েটেড। এই অবস্থায় পরিবহণ মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি যাতে জামতলা থেকে এসপ্ল্যানেড পর্যন্ত ২২৮ নং বাস চালু হয় এবং যাত্রী সাধারণ তার সুযোগ-সুবিধা নিতে পারে।

শ্রীমতী মহারাণী কোঙার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল ৮ই সেপ্টেম্বর বর্ধমান থেকে হাওড়া মেন লাইন যে লাস্ট লোকাল ট্রেন ছিল হঠাৎ দেখা গেল সেই ট্রেন বন্ধ হয়ে গেছে, যাত্রীদের কাছে কোন প্রচার করা হয়নি যে লাস্ট ট্রেন বাতিল হয়ে গেছে। তারপর ৩/৪ শো পাবলিক স্টেশনে গিয়ে সেখানে যে অফিসার থাকে তাঁর কাছে প্রশ্ন করল যে ট্রেন নেই কেন, তখন তিনি বললেন ট্রেন বাতিল হয়ে গেছে। তখন পাবলিক থেকে বলা হল লোক স্টেশন দিয়ে বাজারে গেছে, ঘোরাঘুরি করছে, কেউ কোন কথা শুনেনি যে ট্রেন বাতিল হয়ে গেছে। তখন সেই অফিসার বললেন যে আপনারা কনট্রোলারের সঙ্গে কথা বলুন। কনট্রোলার বললেন যে কাগজে বিবৃতি দেওয়া হয়ে গেছে। তখন পাবলিক থেকে বলা হল বর্ধমান থেকে হাওড়ার যে লাস্ট ট্রেন ভায়া মেন, না, কর্ড কোনটা বাতিল হয়ে গেল সে সম্বন্ধে কোন কথা বলেননি, কিন্তু পাবলিককে না জানিয়ে আপনারা ট্রেনটি বন্ধ করে দিলেন। এখন পাবলিক এই রাত্রিবেলায় যাবে কোথায়? অনেক অনুরোধ করা সত্ত্বেও লাস্ট ট্রেন চালান হল না। তিনি বললেন ট্রেনে লোকসান যাচ্ছে, সেজন্য লাস্ট ট্রেন বন্ধ করে দেওয়া হয়েছে। সকাল থেকে লোকে ট্রেনে কিভাবে ঝুলতে ঝুলতে যাচ্ছে, কত এ্যাকসিডেণ্ট হচ্ছে, অথচ লোকসানের কথা বলে লাস্ট ট্রেন বাতিল করে দেওয়া হল। সেজন্য আপনার মাধ্যমে রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি রেল কর্তৃপক্ষ যাই করুক মানুষের কাছে প্রচার করে যেন জিনিসটা করা হয়।

মিঃ স্পীকার ঃ মেনসান আওয়ারে শ্রী আবদুল রোউফ আনসারি এবং শান্তি মোহন রায়ের যে দুটি মেনসান ছিল সে দুটি টেকনিক্যালি ঠিক ছিল না বলে বাতিল হয়ে গেছে। এখন জিরো আওয়ার আরম্ভ হয়ে গেছে, শ্রী সত্য রঞ্জন বাপুলি বলুন।

[3-00 —3-10 P.M.]

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ - মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বৃহস্পতিবার আমরা বিদ্যুত নিয়ে আলোচনা করেছি। আমাদের বিদ্যুতমন্ত্রী কতগুলি ভুল তথ্য দিয়ে এই হাউসকে যে বিভ্রান্ত করেছেন সেটাই আমি আপনার মাধ্যমে বলতে চাই। তিনি তথ্য দিয়ে বললেন বিদ্যুতের উন্নতি হয়েছে এবং বিদ্যুতের পরিমাণ অনেক বেড়েছে। আমি

মনে করি এটা সম্পূর্ণ অসত্য কথা। আমি আপনার মাধ্যমে তাঁর এই বিবৃতির প্রতিবাদ করছি কারণ আমার কাছে যে ডিটেল্ড লিস্ট আছে তার মাধ্যমে দেখা যাবে মন্ত্রিমহাশয়ের তথ্য ভুল। স্যার, আপনি বোধহয় একথা কোনদিন শোনেননি যে, লালবাজারের কন্ট্রোল রুমে বিদ্যুতের অভাবে বিকল হয়ে গিয়েছিল। স্বাধীনতরা পর একথা কেউ শোনেনি যে, বিদ্যুতের অভাবে লালবাজারের কন্ট্রোল রুম বন্ধ। বিদ্যুতমন্ত্রী আমাদের কাছে বললেন বিদ্যুতের উৎপাদন এতোই বেড়েছে লোক নিতে পারছেনা। সেদিন আমি বেহালায় বালানন্দ ব্রহ্মচারীর হাসপাতালে গিয়েছিলাম। সেখানে গিয়ে দেখলাম শুধু হাসপাতালেই অন্ধকার তা নয়, সমস্ত বেহালা অঞ্চল এবং আমতলা পর্যন্ত অন্ধকারে আচ্ছন্ন হয়ে রয়েছে এবং শেষ পর্যন্ত এই অবস্থা চলেছে। অথচ বিদ্যুতমন্ত্রী বলছেন অবস্থা খুব ভাল। এইজন্যই আমি বলেছি বিদ্যুতমন্ত্রী বিদ্যুত সম্বন্ধে অসত্য কথা বলেছেন। আসল কথা হচ্ছে দিনের পর দিন বিদ্যুতের অবস্থা খারাপ হচ্ছে। কিন্তু তিনি আসল কথা না বলে মানুষকে বলছেন আমরা অনেক বেশী বিদ্যুত উৎপাদন করছি, কিন্তু কনজিউমারের সংখ্যা বেড়েছে বলে ঘাটতি হচ্ছে। তাহলে লালবাজারে বিদ্যুত ঘাটতি হল কেন? আমি অনুরোধ করছি বিদ্যুতের এই চরম দুরবস্থার জন্য মুখ্যমন্ত্রী এক্ষেত্রে হস্তক্ষেপ করুন, নাহলে পশ্চিমবাংলা বাঁচবেনা। আমি মনে করি বর্তমান বিদ্যুতমন্ত্রীকে দিয়ে এই বিভাগ চলবে না।

শ্রী সুমন্ত কুমার হীরা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সল্ট লেক যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে হলদিয়া পর্যন্ত একটি মহান পদযাত্রা শুরু হবে আগামী ১৪ই সেপ্টেম্বর এবং এটি শেষ হবে ১৯শে সেপ্টেম্বর। এই মহান পদযাত্রার উদ্দেশ্য হল পশ্চিমবাংলার যুব সম্প্রদায়ের দাবী সকলের জন্য কাজ এবং সকলের জন্য শিক্ষা। এই দাবীকে জনগণের মধ্যে নিয়ে যাবার জন্যই এই কর্মসূচী নেওয়া হয়েছে। স্যার, আপনি জানেন আমাদের এই বেকার সমস্যা যেখানে গেছে তাতে মানুষ এবং যুব সম্প্রদায় অন্য কোন সমস্যার কথা আর বলছেনা। আজকে একটা সমস্যাই শুধু সোচ্চার, আমরা সক্ষম এবং সবল কাজেই আমাদের কাজ দিতে হবে। এখন প্রশ্ন দাঁড়িয়েছে এই কাজ কে দেবে? কাজ দেবার দায়িত্ব মুস্টিমেয় কয়েকটি শিল্পপতির এবং মুস্টিমেয় কয়েকটি উদ্যোগের, না কাজ দেবার দায়িত্ব গোটা সমাজের? আরও প্রশ্ন, সকলের জন্য কাজ এই সামাজিক দায়িত্ব কে পালন করবে? এই সামাজিক দায়িত্ব কে বহন করবে? আজকে যুব সম্প্রদায় জানতে চায় এইসব প্রশ্নের উত্তর কে দেবে? পশ্চিমবাংলার যুবসম্প্রদায় তাদের দাবী তুলে ধরার জন্য যে কর্মসূচী নিয়েছে তাতে দেখা যাচ্ছে আগামী ১৪ই সেপ্টেম্বর সল্ট লেক যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে একটি মহান পদযাত্রা শুরু হবে এবং সেটি শেষ হবে ১৯শে সেপ্টেম্বর হলদিয়ায় গিয়ে। এই সংস্থান নির্বাচনের মধ্যে একটা তাৎপর্য আছে। সেই তাৎপর্য হচ্ছে সল্ট লেকে যুব ভারতী ক্রীড়া সংস্থানে যুবকরা তাদের শরীর গঠন করবে, তারা সুস্থ সবল দেহ অর্জন করবে এবং কাজ পাবার যেটা নিদর্শন সেটা সৃষ্টি হবে হলদিয়া পেট্রো কেমিক্যাল কমপ্লেক্সে। এবং এতে পশ্চিমবঙ্গের অসংখ্য যুবক স্কুল কলেজের ছাত্র-ছাত্রী অংশ গ্রহণ করবে। দু হাজার ব্যক্তি আগাগোড়া অংশগ্রহণ করবে এবং কয়েক লক্ষ যুবক সল্ট লেক থেকে হাওড়া ময়দান পর্যন্ত নিবিড় জনস্রোতের সৃষ্টি করবে এবং সেখানে একটা ব্যারিকেডের সৃষ্টি হবে।

শ্রী অনিল মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া শহরের বর্তমান চেয়ারম্যান হচ্ছে কংগ্রেস সমর্থন পুষ্ট। তার নীতির ফলে বাঁকুড়া শহরে দারুণ জলাভাব দেখা দিয়েছে। জল সরবরাহ বাঁকুড়া শহরে ঠিক মত হচ্ছে না। আবার উল্টো দিকে কংগ্রেসের আই এন টি ইউ সি বাঁকুড়া শহরে এই জলাভাবের সময় বনধ ডেকেছিল। একদিকে কংগ্রেসের সমর্থকদের জন্য ওখানে জল পাওয়া যাচ্ছে না তাদের নীতির ফলে আবার অন্য দিকে বনধ ডাকা হয়েছে আরও গুটিকয়েক অজুহাতকে কেন্দ্র করে। আর আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি আইনানুগ ব্যবস্থা থাকলে তিনি এই সব কার্যাবলী তদন্ত করুন। এবং কি কারণে কারা কোথায় এই ধরণের রাজনীতি করছে এবং তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

শ্রী অশোক ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সকালে সংবাদপত্র পড়ে সাধারণ মানুষ বিশেষ করে শহরের মানুষ খুবই আতঙ্কিত হয়েছে। কলকাতা শহর ক্রমশ বসে যাচ্ছে। ১৯৫৪-১৯৫৫ সাল থেকে ক্রমশ কলকাতার মাটির স্তর নাকি নেমে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে পৌর মন্ত্রীকে হাওড়ার কয়েকটি ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া শহরের শরৎ চ্যাটার্জী রোড, ক্যারি রোড, নরসিংহ দত্ত রোড, নেতাজী সুভাষ রোড ৪।৫ ফুট নেমে যাচ্ছে। এর কারণ আমরা যখন বিভিন্ন দপ্তরে, পৌর দপ্তরের জেলা শাসকের কাছে দরবার করি কারণ কি জানান - হঠাৎ নেমে যাচ্ছে কেন - তার কোন উদ্যোগ আমরা দেখতে পাই নি এবং কোন হদিস দিতে পারে নি। তাই আমি পৌর মন্ত্রীকে অনুরোধ করছি তিনি অবিলম্বে খোঁজ খবর নিয়ে আমাদের জানান কেন হঠাৎ তিন চার ফুট নেমে যাচ্ছে এবং এই ব্যাপারে আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন আজকে হাওড়ার মানুষ সেটা জানতে চায়।

[3-10 - 3-20 P.M.]

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পৃথিবীর বিভিন্ন দেশে তরুণ সমাজ মাদক দ্রব্যের প্রতি বিশেষভাবে আকৃষ্ট হওয়াতে একটা সর্বনাশা অবস্থার সৃষ্টি হয়েছে, যা নিয়ে সরকার, সমাজ বিজ্ঞানী চিকিৎসকরা শংকিত। অথচ এমনই একটি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আমাদের পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার উদাসীন। এঁরা প্রায়ই বলেন, এঁদের ক্ষমতা সীমিত। আমাদের আন্তরিকতা আছে কিন্তু ক্ষমতা সীমিত। আজকে কলকাতা শহরের বিভিন্ন জায়গায় যত্রতত্র যখন বিয়ার বার ওপেন করার লাইসেন্স মঞ্জুর করা হচ্ছে, কলকাতার আশেপাশে তরুণ তরুণী, কিশোর কিশোরী, ছাত্র-ছাত্রীরা এক সর্বনাশার পথে এগিয়ে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীর কাছে প্রার্থনা জানাচ্ছি যে এই ভাবে যত্রতত্র যে সমস্ত বিয়ার বার ওপেন করার লাইসেন্স দেওয়া হয়েছে, যদি সম্ভব হয় তা প্রত্যাহার করে নেওয়া হোক। যদি তা সম্ভব না হয় তাহলে এই বিয়ার বারের প্রসার যাতে আর না ঘটে তার ব্যবস্থা করা হোক।

শ্রী অমলেন্দ্র রায়ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুটো প্রেস কনফারেন্সের প্রতি আপনার এবং এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। দুটোই গতকালের। প্রথম কনফারেন্সটা হচ্ছে কংগ্রেস আই এর সাধারণ সম্পাদক *** কলকাতায় প্রেস কনফারেন্স করে বলেছেন যে আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু নাকি আসাম চুক্তি সম্পর্কে বিভ্রান্তির সৃষ্টি করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কিছুদিন আগে আসামের মুখ্যমন্ত্রী *** এখানে এসেছিলেন এবং আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে গেছেন। কেন্দ্রীয় আইন মন্ত্রী *** মহাশয় এসে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন, যৌথ বিবৃতি অবশ্য বেরোয়নি, কিন্তু তাঁরা কেউই এই কথা বলেন নি যে আমাদের মুখ্যমন্ত্রী আসাম চুক্তি সম্পর্কে বিভ্রান্তি ছড়াচ্ছেন। গতকাল যখন সাধারণ সম্পাদক *** মহাশয় এই ভাবে প্রেস কনফারেন্সে বক্তব্য রাখলেন তখন তাঁর পাশে আইন মন্ত্রী *** মহাশয় বসেছিলেন। তিনি অবশ্য বলেছিলেন যে আমি নাম করতে চাই না, কিন্তু তিনি *** বক্তব্য সমর্থন করেছেন। এটাই বুঝিয়ে ছিলেন। কিন্তু আমরা জানিনা

মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে *** কি করে এই আভিযোগ আনলেন। মুখ্যমন্ত্রী শুধু এইটুকু বলেছেন যে তিনি একটা ব্যাখা চেয়েছেন, একটা চুক্তি হচ্ছে, সেই চুক্তির একটা ব্যাখ্যা চেয়েছেন এবং দেশে আইন কানুন আছে সিটিজেনশিপ সম্পর্কে। সংবিধানের আর্টিকেল ৫ থেকে ১১ পর্যন্ত এতগুলো আর্টিকেল আছে, ১৯৫৫ সালে যে সিটিজেনশিপ এ্যাক্ট হয়েছে, সেখানে কি ভাবে সিটিজেনশিপ এ্যাকয়্যার করতে হবে, কি করে কাউকে সিটিজেনশিপ থেকে ডিপ্রাইভ করতে হবে, কি করে সিটিজেনশিপ টার্মিনেট করবে, সমস্ত কিছু বিধি বিধান ১৯৫৫ সালের নাগকরিত্ব আইনে আছে, এবং তার সঙ্গে সঙ্গে ঐতিহাসিক চুক্তিগুলির সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে আসাম চুক্তির ব্যাখ্যা কি ভাবে করা হয়, কি ভাবে করা হবে, সেটা মুখামন্ত্রী জানতে চেয়েছেন এবং একটা আশঙ্কার কথা তুলে ধরা হয়েছে, যে ভাবে চুক্তি করা হয়েছে তার ফলে মানুষের মনে অনিশ্চিত অবস্থার সৃষ্টি হবে, মানুষের মনে আতঙ্ক দেখা দেবার সম্ভাবনা আছে। যদি সেই ভাবে সমস্ত জিনিসটাকে সারা দেশের মানুষ সকলে মিলে এটাকে তুলে ধরা না হয়। কাজেই *** এই অভিয়োগ সম্পূর্ণ অসত্য এই বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে প্রেস কনফারেন্সের কথা বলতে চাই। প্রেস কনফারেন্স কালকে হয়েছে এবং সেই প্রেস কনফারেন্সে এ্যাড্রেস করেছেন আর কেউ নয়, আসামের মুখ্যমন্ত্রী *** স্বয়ং। তিনি কি বলেছেন? বিভ্রান্তিকর কথা *** বলছেন। আমি জিজ্ঞাসা করছি যে আসামের মুখ্যমন্ত্রী *** মহাশয় গতকাল প্রেস কনফারেন্সে কি বলেছেন? তিনি বলেছেন, ১৯৭১ সালের পরে যারা আসামে এসেছে তাদের সকলকে— তাদের যে ব্যাখ্যা আসাম চুক্তি সম্পর্কে জোর করে আসাম থেকে পশ্চিমবঙ্গে, বিহারে পাঠিয়ে দেওয়া হবে। এটা যদি সত্য হয় তাহলে এটাতো একটা ভয়ঙ্কর কথা। এর চেয়ে এ্যাবসর্ড, এর চেয়ে ফ্যানটাস্টিক ইন্টারপ্রিটেশন আর কিছু হতে পারেনা। কাজেই আজকে এটা দেখা দরকার। মাননীয় মুখামন্ত্রীকে অনুরোধ করবো যে আসামের মুখ্যমন্ত্রী *** মহাশয় প্রেস কনপারেন্সে আসাম চুক্তি সম্পর্কে যে ব্যাখা করেছেন, সেই সম্পর্কে তিনি দিল্লীর কাছে জানতে চান যে এই ব্যাখ্যা সঠিক ব্যাখ্যা কি না? যদি তাই হয় তাহলে এই ব্যাখ্যা সম্পর্কে যে আশংকা আমরা করছি সেই আশংকা সত্যে পরিণত হবে। তারা স্বাধীন দেশের স্বাধীন নাগরিকত্বের আইনের তোয়াক্কা না রেখে, নিয়ম-কানুনের তোয়াক্কা না করে, একটা ঐতিহাসিম চুক্তির পথ না রেখে গায়ের জোরে ওখানে কাউকে বাঙ্গালী, কাউকে হিন্দু, কাউকে মুসলমান বলে তাড়িয়ে দেবেন—এটাই কি ব্যাখ্যা? এই ভাবে কি আসাম সমস্যার সমাধান হবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে জন্য আমরা চাই যে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অবিলম্বে এই ব্যাপারটা দেখুন এবং এই যে ব্যাখ্যা করা হয়েছে এই ব্যাখ্যা এবসর্ড এবং এটা ফ্যানটাষ্টিক ব্যাখ্যা। এই ব্যাখ্যা আসাম এ্যাকর্ডয়েব সরকারী ব্যাখ্যা কিনা সেটা জানা দরকার। নতুবা এই ভাবে যদি ব্যাখ্যা ছড়ান হয়, এই ভাবে যদি মুখামন্ত্রীর তরফ থেকে, কোন কোন মন্ত্রীর তরফ থেকে করা হয় তাহলে একটা আশংকা দেখা দেবে, শান্তিপূর্ণ ভাবে এই কাজ কখনও সমাধান করা যাবেনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন যে আমরা পাঠিয়ে দেব জ্যোতিবাবু মতামতের প্রয়োজন নেই, বিহারের মুখ্যমন্ত্রীর মতামতের প্রয়োজন নেই। এটা একটা ভয়ঙ্কর কথা, এই ভাবে সমাধা হয়না। If is a national question. It is national issues. কাজেই এই যে ঐতিহাসিক চুক্তি, অন্যান্য যে সমস্ত আইন-কানুন আছে তার সঙ্গে সংগতি রেখে আজকে একটা ব্যবস্থা করতে হবে, এ ছাড়া অন্য কোন ভাবে এই ব্যাখ্যা হতে পারে না

মিঃ স্পীকারঃ—Dr. Zainal Abedin, what is your point of order ?

ডঃ জয়নাল আবেদিন ঃ - মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা বৈধতার প্রশ্ন উত্থাপন করছি। আমাদের রুলস অব প্রসিডিওর এর কোন ধারায় আপনি মাননীয় সদস্য অমলেন্দ্র বাবুকে একটা অপ্রসঙ্গিক বিষয়ে যে বিষয়ে বলা যায়না, সেটা বলবার অধিকার দিয়েছেন, এটা আমার প্রথম প্রশ্ন। ..... গোলমাল ....

রুলসের ৩৫১ ধারা অনুযায়ী যদি দিয়ে থাকেন তাহলে আমি সেই ৩৫১ ধারা আপনার কাছে উল্লেখ করছি। সেখানে বলছে

A member who wishes to bring to the notice of the House any matter which is not a point of order shall give notice to the Secretary in writing starting briefly the point which he wishes to raise in the House together with reasons for wishing to raise it, and he shall be permitted to raise it only after the Speaker has given his consent and at such time and date as the Speaker may fix.

Mr. Speaker : Dr. Abedin has raised a point of order that under what provision, what rules or procedure Shri Amalendra Roy raised this question. I have already mentioned about the 'Zero Hour'. There is no provision under the rules for 'Zero Hour', and I wanted to abolish it. But on the request of the opposition it has been maintained by convention. Shri Roy has raised it in 'Zero Hour'. Only one thing he has mentioned, i.e., certain names. He can mention the office, but not the names. As such the names of Shri Hiteswar Saikia, Shri Priya Ranjan Das Munsi, Shri Ashok Sen, will expunged. Now Shri amalendra Roy will finish his submission.

শ্রী অমলেন্দ্র রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কোন উত্তেজনা এখানে সৃষ্টি করতে চাইছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে এই, কোন তরফ থেকেই আসাম চুক্তি সম্পর্কে বিভ্রান্তি সৃষ্টি করা উচিত নয়। কারণ, এখনো পর্যন্ত আসাম চুক্তির সঠিক ব্যাখ্যা কি, আইনগত দিক থেকে বিচার বিবেচনা করে তারপর প্রতিটি শর্তের আইনগত ব্যাখ্যা কি - আমাদের যতটুকু জানা আছে এখনো পর্যন্ত ঐ ইউনিয়ন সরকারের আইনমন্ত্রী সেই ব্যাখ্যা দেশের মানুষের সামনে হাজির করতে পারেন নি। এখনো পর্যন্ত আসাম চুক্তির বহু শর্তের ব্যাখ্যা দরকার এবং আমি আগেই বলেছি, সেই ব্যাখ্যা মন-গড়া ব্যাখ্যা হলে চলবে না, সেই ব্যাখ্যা এ্যাবসার্ড হলে চলবে না, সেই ব্যাখ্যা ফ্যানটাস্টিক ব্যাখ্যা হলে চলবে না। সেই ব্যাখ্যা মিলিয়ে দিতে হবে। ১৯৫০ সালে আমরা যে কনস্টিটিউটসন, সংবিধান গ্রহণ করেছি সেই সংবিধানের সংজ্ঞায় তাকে মিলিয়ে দেশের সামনে রাখতে হবে এবং ১৯৫৫ সালে আমরা যে নাগরিকত্বের আইন গ্রহণ করেছি তার সঙ্গে সংগতি রেখে, এই ব্যাখ্যা দেশের সামনে হাজির করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আজকে এই আসাম চুক্তির ব্যাপারে সকল মন্ত্রী, দায়িত্বশীল নেতারা সকলেই ফরেনার কথাটি ব্যবহার করছেই, এ্যালিয়েন কথাটি ব্যবহার করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কনস্টিটিউসনটি খুলে দেখুন - শুধু কনস্টিটিউসন নয়, তার সঙ্গে সংশ্লিষ্ট কতকগুলি স্ট্যাটুট খুলে দেখুন সো ফার এ্যাজ দি কমনওয়েলথ কানট্রিজ আর কনসার্নড্ - কোন কমনওয়েলথ কানট্রি আর একটি কমনওয়েলথ কানটির সিটিজেন ফরেনার বলে ট্রিটেড হবে পারেন না এ্যাকর্ডিং টু দি প্রভিসন অব দি কনস্টিটিউসন - আজকে এই সব প্রশ্ন এর মধ্যে জড়িত আছে।

Dr. Zainal Abedin : Sir, I invite your attention to rule 328 of the Rules of procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly. A member while speaking or the floor of the House shall have to observe certain norms. You

---

Note : Expunged as ordered by the chair.

are here to see whether he is competent to use certain aspects on certain matters reflecting upon certain personalities who are not here. যে গুরুতর বিষয়ের উনি অবতারণা করেছেন, যে রিফ্লেকশান উনি করেছেন upon the Central Government. Mr. Amalendra Roy is not competent to bring the matter under the garb of zero hour. Let him come with a specific motion. He cannot use the privilege of zero hour to ventilate the grievances for political gain. এবং যে নাম তিনি উচ্চারণ করেছেন.......

শ্রী অমলেন্দ্র রায় : কোথায় লেখা আছে?

ডাঃ জয়নাল আবেদিন : ৩২৮-এ লেখা আছে। Again Sir, where is the permission? Where is the force and where is the scope to speak on the matter as he has taken the use of this floor? আপনার কাছে আমার নিবেদন, জিরো আওয়ার You have not managed to forget it. আপনার কাছে আমি গিয়েছিলাম এবং বললাম জিরো আওয়ারে আমাকে বলতে দেবেন। Zero hour has been introduced at the instance of the opposition. কিন্তু স্যার, আজকে জিরো আওয়ারে যে প্রসঙ্গ উত্থাপন করা যায় না, Except on a substantive motion what has happened in parliament, what has happened in other legislatures and what submission of other Ministers of other States and of central Minister, cannot be the subject matter of discussion of this House under any gain. এই আইন আপনি মানতে বাধ্য। কাজেই অমলবাবু যে বক্তব্য রেখেছেন তা হোলসেল এক্সপাঞ্জ করতে বাধ্য, তা না হলে আপনি আইনের অপব্যবহার করছেন বলে আমরা মর্মাহত হ'ব, আজকে অমলবাবু শুধু নয়, এ দলের সবাই রাজনৈতিক ফয়দা লোটবার চেষ্টা করছেন।

গোলমাল

These holders are using to exploit the situation for their political gain. এরা কোন অলটারনেটিভ সাজেশান দিতে পারেন নি। They are afraid. তাছাড়া সেকেণ্ড পয়েন্ট হচ্ছে, কোথাও একথাও বলা নেই, আসাম চুক্তিতে ডিপোর্টেসানের কোন প্রভিসান নেই। তা সত্বেও He has used the floor of this House on this issue, Again he has misused. He has created a confusion in the minds of the people. He has tried to create confusion in the minds of the people and the press. Hence I submit you. কাজেই স্যার, আমি বলব, মাননীয় সদস্য শ্রী অমল রায় যে বক্তব্য রেখেছেন তা হোলসেল এক্সপোঞ্জ করা হোক।

মিঃ স্পীকার : I will give my ruling. Please take your seat.

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, আমি বিষয়বস্তুর উপর বিশদ বিবরণ দিতে চাই না। স্যার, আপনি স্পীকার, আপনি যদি আপনার নিজের রুলিং ভঙ্গ করেন তাহলে আমাকে একটা কথা বলতে হবে যে, এটা একটা ম্যাড এ্যাসেম্বলীতে পরিণত হয়েছে। আমি মাত্র ৪/৫ দিন আগের একটি ঘটনার কথা আপনার কাছে উল্লেখ করছি, আপনি নিজেই রুলিং দিয়েছেন যে যদি কোন কলিং এ্যাটেনশান মোশান এ্যাকসেপটেড হয় বাই দি মিনিস্টার তাহলে সেই বিষয়ের উপর আইদার জিরো আওয়ার অথবা অন্য কোনভাবে দৃষ্টি আকর্ষণ পর্যন্ত করতে পারা যাবে না। ইট ইজ ইয়োর রুলিং। আজকে জিরো আওয়ারে যে কথার উল্লেখ করা হয়েছে—আপনি জানেন, ১৩ তারিখে আসামের ব্যাপারে একটা রেজিলিউসান আসছে।

মিঃ স্পীকার : আমার কাছে আসে নি। মিঃ মুখার্জী nothing has been decided. Nothing has been filed before me, I cannot anticipate that something will be coming before me.

[3.30 - 3.40 P.M.]

শ্রী সুব্রত মুখার্জী : হাউসের প্রত্যেকেই জানেন যে, মোশান ইজ কামিং। বিজনেস এ্যাডভাইসারি কমিটিতে যে কয়েকটি রেজিলিউসান এসেছে আমরা জানি, তারমধ্যে একটা হচ্ছে আসামের উপর রেজিলিউসান। You cannot give any guarantee whether it has been accepted.

স্যার, নম্বর টু পয়েন্ট ইজ্ দিস, যদি কোনো ব্যক্তি আসামের মুখ্যমন্ত্রীকে কিছু বলে থাকেন তাহলে He is the person to give the answer. ঐ মুখ্যমন্ত্রী একজন এখানে থার্ড পারসন, সুতরাং একজন থার্ড পারসনকে আর একজন থার্ড পারসন কি বলেছেন, না বলেছেন তা নিয়ে যেভাবে একটা পরিকল্পনামাফিক নাটক করতে দিলেন, ঐ ইস্যুতে বক্তব্য রাখতে দিলেন তাতে আমরা মনে করি It is the worst step on the part of the speaker.

স্পীকার স্যার, আপনি যদি এই ধরণের কনস্পিরেসি করেন তাহলে We are sorry. It is a mad Assembly. Then where to go? It is a mad Assembly.

আমরা বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে চাই, আসাম ইস্যুতে রেজিলিউসন আসুক, আমরা তাকে ফেস করতে চাই। যে বক্তব্য সেখানে থাকবে সে বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমরা আমাদের বক্তব্য রাখব। কিন্তু মাঝখানে শুধু মানুষকে বিভ্রান্ত করবার জন্য এই সংকীর্ণমনা মানুষগুলিকে আপনি যেভাবে মদত দিলেন ইতিহাসে তার নজির নেই। এই সভাকে আপনি যেভাবে ধূলুণ্ঠিত করলেন তা সত্যিই ঐতিহাসিক। এই অবস্থায় আমরা দাবী করছি এ্যাসেম্বলির প্রসিডিংস থেকে এগুলি সব বাদ দেওয়া হোক। All the proceedings should be expunged from the Chair.

শ্রী সুমন্ত কুমার হীরা : - অন এ পয়েন্ট অফ্ অর্ডার, স্যার, আবেদিন সাহেব এবং সুব্রতবাবু যা বললেন তা আমরা শুনলাম। কিন্তু গত দু'দিন ধরে আসামের মুখ্যমন্ত্রী এবং কংগ্রেসের একজন নেতা যে বিবৃতি দিয়েছেন সে বিবৃতির ফলে পশ্চিমবাংলার স্বার্থ ক্ষুন্ন হচ্ছে। তাঁর বিবৃতি পশ্চিমবাংলার ইমিডিয়েট ইন্টারেস্ট হ্যাম্পার করছে। হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ আসাম থেকে বিতাড়িত হয়ে পশ্চিমবাংলায় ছুটে আসবে। এর ফলে পশ্চিমবাংলা স্বার্থ বিঘ্নিত হবে। আমরা নিশ্চয়ই এ অবস্থায় চুপ করে বসে থাকতে পারি না। যে দল কেন্দ্রীয় সরকার চালাচ্ছে, সেই দলের একজন নেতা, একজন মন্ত্রী যদি এ'রকম বিবৃতি দেন তাহলে তা আমাদের রি-য়্যাক্ট করবেই, পশ্চিমবাংলার মানুষের স্বার্থেই রি-য়্যাকসন হবে, আমরা কখনই চুপ করে বসে থাকতে পারি না।

শ্রী অনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ্ অর্ডার, স্যার মাননীয় সদস্য শ্রী অমলেন্দ্র রায় যে প্রসঙ্গটি উত্থাপন করেছেন, সেটি পশ্চিমবাংলার স্বার্থে খুবই জরুরী প্রসঙ্গ। যে ঘটনা ঘটতে চলেছে তাতে পশ্চিমবাংলার অর্থনীতি বিপর্যস্ত হবে, পশ্চিমবাংলার মানুষ ক্ষতিগ্রস্ত হবে। যে নীতি নিদ্ধারিত হতে চলেছে তাতে পশ্চিমবাংলার স্বার্থ ক্ষুণ্ণ হবে। অতএব মাননীয় সদস্য অমলেন্দ্র রায় যে প্রস্তাব এনেছেন তা খুবই সঙ্গত। ওখানে যা বলা হচ্ছে তা শুধু বে-আইনীই নয়, তা বিচ্ছিন্নতাবাদী এবং জাতীয়তাবাদ বিরোধী। আজকে পশ্চিমবাংলার অর্থনীতিকে বিপর্যস্ত করার জন্য পরিকল্পিতভাবে এ'সব কথা বলা হচ্ছে, নীতি গ্রহণ করা হচ্ছে।

Mr. Speaker : On the point raised by Dr. Zainal Abedin that the submissions made by Shri Amalendra Roy are not in consonance with the Rules of Procedure and Conduct of Business of the Assembly, as also the point taken by Shri Subrata Mukherjee, I have at the earlier occasion said that what has been raised in the Calling Attention, Mention Hour, cannot be raised in the zero hour. Now, the question here is that zero hour by itself is not provided anywhere in the Rules. A lot of debates took place in the zero hour before the last Budget Session. I had wanted to abolish the zero hour which is not prevalent in any State Legislature or in the Parliament. But at the request of the Opposition, and at a meeting of all parties, where the Chief Minister was also present, it was requested that the zero hour should be continued. I take it as a convention but not as the rights of the members - it should not be. It should not be done. It was further agreed that by 12.00 O'clock the permission should be sought from me along with the subject that a Member wants to make mention in the zero hour and to take leave of that. I have made it a convention for taking a list of the members. Those members who don't come but make a telephone call or send a note, then also I make a list. I have received today the names of six members who sought permission to make mention in the zero hour. I have allowed these six members to make mention in the zero hour. Dr. Zainal Abedin came in the House for the first time in this Session after 1.00 p.m. and wanted to make a mention in the zero hour. But I did not allow him because the convention is that notice should be given by 12.00 noon - according to the convention that has been established. As such, I have no case for that because the question here is that the mention in the zero hour is based on convention. There is no written law for zero hour. What can be said and what cannot be said - we find that. Under rule, we find it. It is by itself a convention. Zero hour by itself is a convention. It is not by any established rules. It is only by itself a convention. Everything under the sun is mentioned in the zero hour.

[3.40 - 4.15 P.M.] (including Adjournment)

It is expected that the members should maintain as far as possible the rules and procedure as laid down by me. Now the procedure is that the names of the persons who are not members of this House should not be mentioned. I have discontinued it and to-day also I have expunged the names mentioned by the member. But How can I say that the member cannot raise the question. I cannot say that. As such, I disallow both the questions raised by Shri Subrata Mukherjee and Dr. Zainal Abedin and the rest is in order.

The House stands adjourned for recess till 4.15 P.M.

(At this stage the House was adjourned till 4.15 P.M.)

Shri Md. Nezamuddin : মিঃ স্পীকার স্যার, অন এ পয়েন্ট অফ্ ইনফরমেশন—কাগজে একটা খবর দেখলাম যে আমাদের কেন্দ্রীয় সরকার একটি অর্ডিনান্স জারী করেছেন। তাতে তাঁরা বলেছেন যে, যদি কোন ইনডিপেনডেন্ট ক্যান্ডিডেট প্রার্থী হবার পরে মারা যান তাহলে সংশ্লিষ্ট কেন্দ্রের নির্বাচন বাতিল হবে না।

Mr. Speaker : This is not point of information. I will not allow this. এসব নিয়ে পয়েন্ট অফ্ ইনফরমেশন হয় না। এটা আইনের ব্যাপার। আপনি বসুন।

Motions Under Rule 185

Mr. Speaker : Today there are three Motions more or less on the same subject. I will take all the Motions together. Now I call upon Shri Abdul Mannan to move his Motion.

Shri Abdul Mannan : Mr. Speaker Sir, I beg to move the following Motion :

যেহেতু এই রাজ্যের উচ্চ শিক্ষার ক্ষেত্রে ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়গুলির সাধারণ প্রশাসনিক এবং শিক্ষাবিষয়ক কাজকর্মের ক্ষেত্রে রাজ্যের ক্ষমতাসীন রাজনৈতিক দলগুলির সাম্প্রতিক ক্রমাগত বাধাদানের ফলে বিশ্ববিদ্যালগুলির দৈনন্দিন প্রশাসনিক ও শিক্ষাবিষয়ক কাজকর্ম বাধাপ্রাপ্ত হচ্ছে;

যেহেতু বিশ্ববিদ্যালয়গুলির উপাচার্যগণ ক্ষমতাসীন রাজনৈতিক দলের প্রতি আনুগত্য প্রকাশ ক'রে অগণতান্ত্রিক পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন পরিচালনায় অসম্মত হওয়ায় বিশ্ববিদ্যালয়গুলিতে অচল অবস্থা সৃষ্টি হচ্ছে;

যেহেতু এই রাজ্যের ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়গুলিতে এক শ্রেণীর কর্মচারীদের অগণতান্ত্রিক ও আইন-বহির্ভূত আন্দোলনের ফলে বিশ্ববিদ্যালয়গুলির ভাবমূর্তি বিঘ্নিত হচ্ছে;

যেহেতু বিশ্ববিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীদের বিভিন্ন পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রকাশ এবং উচ্চ শিক্ষার জন্য গবেষনামূলক কাজকর্ম বাধাপ্রাপ্ত হচ্ছে;

সেহেতু এই সভা রাজ্য সরকারকে অনুরোধ করছে যে, অবিলম্বে ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়গুলির আচার্যের সঙ্গে আলোচনার মাধ্যমে বিশ্ববিদ্যালয়গুলির অচলাবস্থা দূর করার ব্যবস্থা গ্রহণ করা হোক।

[4.15 - 4.25 P.M.]

শ্রী আবদুল মান্নান ঃ মিঃ স্পীকার স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে ব্যাথাহত চিত্তে এই প্রস্তাবটিআনতে হয়েছে। অর্থকৌলিন্যে হয়ত বাঙ্গালী শ্রেষ্ঠত্ব অর্জন করতে পারেনি, কিন্তু সাহিত্য, দর্শন, জ্ঞান-বিজ্ঞানে এবং অন্যান্য বিভাগে বাঙ্গালী শুধু ভারতেই নয়, বিশ্বের সর্বত্র একদা স্বীকৃতিলাভ করেছিলেন। কিন্তু আজকের অবস্থা এমন এক জায়গায় গিয়ে দাঁড়িয়েছে যে, আজকে বাংলার বাইরের লোকেরা অনেক এগিয়ে গেছেন। আজকে এখানকার শিক্ষক, গবেষকরা হতাশগ্রস্ত। যদি অনুকূল পরিবেশ আজকে এখানে থাকতো, তাহলে এখানকার শিক্ষক, গবেষকরা খ্যাতি অর্জন করতে সক্ষম হতেন। ১৯৭৮ সালের পর থেকে পশ্চিমবাংলার বিশ্ববিদ্যালয়গুলিতে যে ক্রমবর্ধমান অরাজকতা এবং দুর্নীতির কড়াল ছায়া গ্রাস করেছে তা অস্বীকার করবার উপায় নেই। রাজ্যের সব কয়টি বিশ্ববিদ্যালয়েই আজকে একই অবস্থা। রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলি আজকে শাসক দলের আড্ডাখানায় রূপান্তরিত হয়ে গেছে। পড়াশুনা এবং তার চর্চা আজকে বিশ্ববিদ্যালয়গুলির ছাত্রদের কাছে একটা গৌণ ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। শাসকযন্ত্রের চেয়ারম্যান এবং মন্ত্রীরা রাইটার্স বিল্ডিংস-এ বসে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য কে নির্দেশ দেন কিভাবে বিশ্ববিদ্যালয় চালাতে হবে। আজকে কর্মচারীদের এক অংশ সেই দলের নির্দেশে রোজ বিক্ষোভ, মিছিল করছে। রোজ ডেমোনেসট্রেসান নিয়ে উপাচার্য্যকে ঘেরাও করছে। এইভাবে তারা বিশ্ববিদ্যালয়কে কলুষিত করছে। আজকে প্রতিটি বিশ্ববিদ্যালয়ের এমন অবস্থা যে সেখানে উপাচার্য্য নিরাপত্তা বোধ করছে না। কলিকাতা বিশ্ববিদ্যালয় এমন একটা বিশ্ববিদ্যালয় যেখানে উপাচার্য্য ছিলেন স্যার আশুতোষ মুখোপাধ্যায়, স্যার যদুনাথ সরকার, ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জী, ডাঃ হাসান সুরাবর্দ্দী, আজিজুল হক এবং বিধানচন্দ্র রায় এদের মতো মানুষ। সেই উপাচার্য্যের ঘরের সামনে, সেনেট হলে পুলিশের ফাঁড়ি বসে গেছে, সেখানে একটা থানা হয়ে গেছে। প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের দিকে যদি আমরা তাকাই তাহলে দেখবো সব বিশ্ববিদ্যালয়ে এই অবস্থার সৃষ্টি হয়েছে। এই কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বন্দে মাতরম মন্ত্রের স্রষ্টা ঋষি বংকিম চট্টোপাধ্যায় এবং জয় হিন্দ মন্ত্রের স্রষ্টা নেতাজী একদিন ছাত্র ছিলেন। সেই বিশ্ববিদ্যালয়ের অবস্থা এমন দাঁড়িয়েছে যে তার জন্য লজ্জায় আমাদের মাথা হেঁটকরতে হয়। এমন অবস্থা কেন হ'ল? আমরা যদি এইদিকে তাকাই তাহলে দেখবো বিশ্ববিদ্যালয়গুলিতে পড়াশোনার কোন পরিবেশ নেই। প্রতিদিন সেখানে ঘেরাও হচ্ছে, বিক্ষোভ হচ্ছে এবং হৈচৈ হচ্ছে। সেখানে শাসক দলের রাজনৈতিক আস্ফালন ছাড়া আর কিছুই হয় না। আজকে বিশ্ববিদ্যালয়গুলির প্রধান কর্তব্য হল জাতি গঠন করা, সেখানে ভাল পরিবেশ সৃষ্টি করে ছাত্রদের চরিত্র গঠন করে প্রকৃত পথে নিয়ে যাওয়া। কিন্তু সেখানে আমরা দেখতে পাচ্ছি একটা রাজনৈতিক আখড়ায় রূপান্তরিত করা হয়েছে। সেখানে ছাত্রদের ভবিষ্যত কি সেটা তারা বুঝতে পারছে না। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে এমন অবস্থা হ'ল কেন সেই ব্যাপারে আমরা যদি দেখি তাহলে দেখবো যে ৫ জন কর্মচারীকে ছাটাই করা নিয়ে এই অচলাবস্থা। এই ৫ জন কর্মচারী কারা? এই ৫-জন কর্মচারীর মধ্যে একজন হচ্ছেন *** তাকে একটা ড্রাইভার হিসাবে এ্যাপয়েন্টমেন্ট করা হয়েছিল। কলিকাতা বিশ্ববিদ্যায়ে যখন তিনি উপাচার্য্য হিসাবে ছিলেন তখন সেই ড্রাইভারকে নিয়োগ করা হ'ল না, তিনি যাবার আগে সেই কর্মচারীকে এ্যাপয়েন্টমেন্ট দিয়ে গেলেন। সেই কর্মচারী একটা ড্রাইভিং লাইসেন্সের সার্টিফিকেট সাবমিট করেছিল। স্যার, আপনি অবাক হয়ে যাবেন এই রকম ঘটনা ইতিহাসে আর ঘটেনি। সেই ড্রাইভিং লাইসেন্সের নাম্বার হ'ল পি.এল.এফ ৩৬৮৫। বর্ত্তমান উপাচার্য্য যখন মটর ভেইকেলস ডিপার্টমেন্টকে চিঠি লিখে জানতে চাইলেন পি.এল.এফ ৩৬৮৫ এই লাইসেন্সটির মালিক কি? সেই চিঠির ভিত্তিতে ওই ডিপার্টমেন্ট একটা চিঠি দিয়েছিল। *** উনি ডিরেক্টর, পাবলিক ভেইকেলস ডিপার্টমেন্ট, ক্যালকাটা বললেন....

মিঃ স্পীকার ঃ No names please, you can mention the office. নামগুলি এক্সপাঞ্জ করা হবে।

শ্রী আবদুল মান্নান ঃ উনি বললেন এই লাইসেন্স হচ্ছে লছমি প্রসাদ সাউ-এর, ঠিকানা ৩২৩, আপার চিতপুর রোড, ক্যালকাটা। স্যার, উনি এইরকম একজনকে, যার ড্রাইভিং লাইসেন্স নেই এইরকম একজনকে চাকুরী দিয়ে চলে গেলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য তাঁর ক্ষমতা বলে এই অন্যায়ের তদন্ত করলেন। এর জন্য তিনি একটা ৩-ম্যান কমিটি করলেন। সেই কমিটির রিপোর্ট সিনডিকেট মিটিং-এ প্লেস করা হয়। সেই সিনডিকেট মিটিং সেই রিপোর্ট ডিসএ্যপ্রুভ করতে পারতেন। কিন্তু সেই রিপোর্ট ডিসএ্যপ্রুভ করলেন না আবার এ্যাপ্রুভ করলেন না, একটা গোলমাল সৃষ্টি করে মিটিং চালাতে দেওয়া হ'ল না। ফলে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমস্ত কাজ বন্ধ হয়ে গেছে।

[4.25 - 4.35 P.M.]

সেখানে প্রো-ভাইস-চ্যান্সেলার (এ্যাকাডেমিক)-এর অ্যাপয়েন্টমেন্ট দেওয়া যাচ্ছে না। উপাচার্য নাম দিয়েছেন একজনের এবং মন্ত্রী মহাশয় নাম দিয়েছেন আর একজনের। এই অ্যাপয়েন্টমেন্টটা না দেওয়ার ফলে বিশ্ববিদ্যালয়ের সমস্ত কাজকর্ম বন্ধ হয়ে গিয়েছে। এই অবস্থা চলছে বিশ্ববিদ্যালয়ের ভেতরে। আবার এও দেখা যাচ্ছে যে, একই বছরে একই ব্যক্তি দুজায়গা থেকে মাইনে নিয়েছেন। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়েব সুপারিনটেনডেন্ট - মেনটেনান্স এণ্ড সিকিউরিটি পোস্টের জন্য একটা দরখাস্ত করেছিলেন এবং সেখানে ঐ পোস্টে চাকরি পেয়েছিলেন। তিনি ঐ পোস্টে ১লা জানুয়ারীতে জয়েন করেছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ে। কিন্তু ঐ একই সময়ে তিনি ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনেও কাজ করছেন। সেখানে তিনি ১লা জানুয়ারী থেকে ৩১শে জানুয়ারী পর্যন্ত মাইনেও নিয়েছেন। এই অবস্থা জানতে পেরে উপাচার্য চিঠি লিখে জেনেছেন যে তিনি সি.এস.সি. থেকে রিলিজ পেয়েছেন ১লা ফেব্রুয়ারী থেকে। একজন লোক একটা সংস্থার ১লা জানুয়ারী থেকে ৩১শে জানুয়ারী পর্যন্ত সেখানকার কর্মচারী হিসাবে কাজ করে যেখানে মাইনে নিয়েছেন, সেই একই ব্যক্তি আবার কলকাতা বিশ্ববিদ্যালয়ে ১লা জানুয়ারী থেকে চাকুরী করলেন এবং মাইনেও নিলেন। এই ঘটনা থেকেই বোঝা যায় যে, কোন রাজ্যের বুকে আমরা বাস করছি। কলকাতা বিশ্ববিদ্যালয়ে অন্য একজন আসাম ট্রাভেল এজেন্সী থেকে একখানা সার্টিফিকেট সংগ্রহ করে - যে নামে আসলে কোন সংস্থা নেই - চাকুরী পেয়েছেন। ঐ ব্যক্তি যে চিঠি দিয়েছিলেন, সেখানে টেলিফোন নাম্বার পর্যন্ত উল্লেখ করেছিলেন ঐ সংস্থার নাম দিয়ে। সেই টেলিফোন নাম্বারে ফোন করে দেখা গিয়েছে যে, ঐ নামে কোন সংস্থা সেখানে নেই। তাঁর সেই সার্টিফিকেট এ্যাটেস্টেড করেছিলেন আমাদের একজন মন্ত্রীমহাশয়ের একজন কনফিডেন্সিয়াল এ্যাসিস্ট্যান্ট। ঐ এ্যাসিস্ট্যান্ট খুব গুরুত্বপূর্ণ পদে রয়েছেন, তিনি ঐ সার্টিফিকেট এ্যাটেস্টেড করেছিলেন এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের মত একটা জায়গায় সেই ব্যক্তি চাকুরী করতে গেলেন। এই অবস্থাতেও সেই চাকুরী পাওয়া ভদ্রলোকের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া যাবে না বলে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন। একটা শিক্ষাক্ষেত্রে এইরকম অবস্থা চলতে থাকলে কাজ করা অসম্ভব, উপাচার্য একথা যদি বলে থাকেন তাহলে তিনি দোষের কি করলেন? তাহলে তো সেই ব্যক্তিকে রিওয়ার্ড দিতে হয়। এই রকম অবস্থায় আপনারা সেখানে বলছেন যে, উপাচার্য যদি এই রকম আচরণ করতে থাকেন তাহলে বিশ্ববিদ্যালয়ের

Note : Expunged as ordered by the chair.

কাজকর্ম ব্যাহত হবে। আর আমরা দেখলাম যে, আপনারা উপাচার্য যাতে কাজকর্ম চালাতে না পারেন, তার ব্যবস্থা করলেন। এইরকম অবস্থা আজ চলছে পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়গুলিতে। শুধামাত্র কলকাতা বিশ্ববিদ্যালয়ের মত একটা বিশ্ববিদালয়েই এই অবস্থা চলছে না - এ অবস্থা আজ সর্বত্র। উপাচার্য আর একটা কাজ করেছেন - সেটি হচ্ছে, ঐ পাঁচজনের মধ্যে আর একজন কর্মচারীও আছেন যাঁর বয়স ৩৫ বৎসর। একজন ওভারএজেড় ভদ্রলোক কলকাতা বিশ্ববিদ্যালয়ের দরখাস্ত করেছিলেন একটা পোস্টের জন্য। মোট দরখাস্ত পড়েছিল ৩৫ জনের। দরখাস্ত বাছাই পর্বে দেখা গেল ৩৪ জনের বয়স ঠিক ৩০ বৎসরের মধ্যে এবং একজন আবেদনকারীর বয়স ৩৫ বৎসর। যাঁর বয়স ৩৫ বৎসর, তাঁর আবেদন অবৈধ হওয়ার কথা। কিন্তু দেখা গেল ওভারএজেড় ভদ্রলোকের আবেদনপত্রই বৈধ বলে বিবেচিত হল। এ ঘটনা কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে নতুন হল, এর আগে কোনদিন এ ঘটনা ঘটেনি। রেজিষ্ট্রারার, এ্যাসিস্ট্যান্ট রেজিষ্ট্রারার বললেন, ওভারএজেড় ভদ্রলোকের এ্যাপ্লিকেশনকে বিবেচনা করা যেতে পারে। কেননা, সব দরখাস্তকারীদের মধ্যে তাঁর বয়স বেশী এবং তিনি যোগ্যতর ব্যক্তি। তাঁকে নেওয়া হয়েছি" কং কাতা বিশ্ববিদ্যালয়ের চাকুরীতে। এই অবস্থা কলকাতা বিশ্ববিদ্যালয়ে চলছে। আমি মাননীয় সদস্যদের কাছ থেকে তাঁদের বক্তব্য শুনে পরে আবার আমার বক্তব্য রাখব। আমি মাননীয় সদস্যদের কাছে এই আবেদন রাখব যে, পশ্চিমবাংলার বুকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব অত্যাধিক। শিক্ষাকেন্দ্রের অন্যতম পীঠস্থান বিবেচনা করে আমার এই প্রস্তাবকে আপনারা গ্রহণ করুন এবং শিক্ষাক্ষেত্রে পশ্চিমবঙ্গে যে নৈরাজ্য চলছে তা দূর করার ব্যবস্থা করুন।

শ্রী দেব প্রসাদ সরকার ঃ যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা গভীর উদ্বেগের সাথে লক্ষ করছে যে, বেশ কিছুকাল যাবৎ উপাচার্য এবং সিন্ডিকেটের মধ্যে ক্রমবর্ধমান বিবাদ এবং তার থেকে উদ্ভূত সমস্যা এই রাজ্যের ঐতিহ্যমণ্ডিত শিক্ষা প্রতিষ্ঠান কলকাতা বিশ্ববিদ্যালয়ে এমন একটা অচল অবস্থার সৃষ্টি করেছে যে, বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কাজকর্ম ও পড়াশোনা কার্যত বন্ধ হওয়ার পথে;

সেইহেতু রাজ্যের লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীর ভবিষ্যতের কথা চিন্তা করে কলকাতা বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক, সুস্থ ও স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনা এবং এই শিক্ষা প্রতিষ্ঠানের স্বাধিকার সুপ্রতিষ্ঠিত করার উদ্দেশ্যে উভয়ের মধ্যে বিবাদীয় বিষয়গুলিকে "প্রেস্টিজ ইস্যু" না করে পারস্পরিক অলাপ-আলোচনার মাধ্যমে একটি সুষ্ঠু মীমাংসায় উপনীত হওয়া এবং অবিলম্বে কলকাতা বিশ্ববিদ্যালয়ে বর্তমান অচল অবস্থার অবসান ঘটানোর জন্য এই সভা রাজ্য সরকারের মাধ্যমে এই মর্মে দুই বিবাদমান পক্ষের শুভ বুদ্ধির কাছে আবেদন জানাচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিশ্ববিদ্যালয়ের উপর যে প্রস্তাব আমি এনেছি, সেটি অলরেডি সার্কুলেটেড় হয়েছে। এই মোশান যে টেকস্ট অফ দি মোশান, আশা করি তা পড়ে সকলেই উপলব্ধি করতে পেরেছেন। আমি যে স্পিরিট থেকে এই মোশানটা মুভ করতে চেয়েছি তা হচ্ছে, প্রাকটিক্যালি আমাদের দেশে, বিশেষ করে এই রাজ্যে দীর্ঘদিনের ঐতিহ্যমণ্ডিত শিক্ষাপ্রতিষ্ঠান, আমাদের দেশের বহু স্বনামধন্য মণীষী ও দেশ বরেণ্য নেতাদের স্রষ্টা এই কলকাতা বিশ্ববিদ্যালয়।

সেখানে বিশ্ববিদ্যালয়ে আজকে যে অচলাবস্থার সৃষ্টি হয়েছে এবং তাকে কেন্দ্র করে এই রাজ্যের শুভবুদ্ধিসম্পন্ন মানুষ এবং শিক্ষিত অনুরাগী মানুষরা যে গভীর উৎকণ্ঠা এবং উদ্বেগের সঙ্গে কাজ করছেন সেই উৎকণ্ঠা থেকে আমি এই সভায় বিশ্ববিদ্যালয়ের বর্তমান অচলাবস্থার দ্রুত যাতে অবসান হয় সেই উদ্দেশ্যে এই মোশন এখানে এনেছি। আজকে এইকথা সকলেই স্বীকার করবেন যে কলিকাতা বিশ্ববিদ্যালয় এমন একটা পরিস্থিদিতে দাঁড়িয়েছে যে যেখানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এদদিকে আর সিনেট, সিণ্ডেকেট একদিকে। এরমধ্যে বিবাদের পরিণতি এমন একটা অচলাবস্থার সৃষ্টি হচ্ছে যাতে এই বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কাজকর্ম, পড়াশোনা এবং পরীক্ষা সমস্ত কিছু বিপর্যস্ত, অত্যন্ত অচলাবস্থার পরিস্থিতি সৃষ্টি হয়েছে। কার্যত গত কয়েক মাস ধরে যথা জুন মাসে মাত্র ৬ দিন, জুলাই মাসে মাত্র ৫ দিন এবং আগস্ট মাসে মাত্র ৫ দিন কাজ হয়েছে। পরীক্ষাগুলি প্রায় বন্ধ হতে বসেছে। যথা পার্ট টুর প্রাকটিক্যাল অনির্দিষ্ট কালের জন্য বন্ধ এবং পোস্ট গ্রাজুয়েট পরীক্ষা, তাছাড়া আরো বহু পরীক্ষা আছে যা গ্রহণ করা সম্ভব হয়নি। এইরকম একটা পরিস্থিতি চলছে। এখানে উভয়পক্ষের ঝগড়া-ঝাটি এবং বিবাদকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনে এমন একটা অচলাবস্থার সৃষ্টি হয়েছে এবং সেই অচলাবস্থা এমন একটা জায়গায় গিয়ে পৌঁছেছে যে যেখানে বিশ্ববিদ্যালয় অধ্যাপক, অফিসার নিয়োগের কাজ বন্ধ হয়ে গেছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ডিপার্টমেন্ট মিলিয়ে ২০০টি অধ্যাপকের পদ শূণ্য, ঝগড়া-বিবাদের জন্য কোন এ্যাপোয়েন্টমেন্ট দেওয়া যাচ্ছে না। ডে টু ডে রুটিন ওয়ার্ক এবং সিণ্ডিকেটের ২০০-র মত রেজিলিউশান এ্যাপ্রুভের যে সিদ্ধান্ত নেওয়া হল সবই বন্ধ হয়ে রয়েছে, বলতে গেলে একটা কমপ্লিট ডেডলক, সম্পূর্ণ অচলাবস্থার সৃষ্টি হয়েছে। এই যে অচলাবস্থার সৃষ্টি হয়েছে একথা অবশ্য বিবাদমান পক্ষ কেউই অস্বীকার করবেন না, উভয়পক্ষই স্বীকার করেছেন। এরা উভয়ে উভয়ের দাবী আদায় করতে চাইছে, এই ব্যাপারে পরস্পর পরস্পরের লড়াই ক্রমশ জোরালো হয়ে যাচ্ছে। এইরকম পরিস্থিতির ফলে বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ বিনষ্ট হতে চলেছে, যাতে এই পরিস্থিতির মোকাবিলা করে এর সমস্যার সমাধান করা যায় সেইরকম উদ্বেগ কিন্তু দেখা যাচ্ছে না যেটা নাকি সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন মানুষের কাছেই একান্ত কাম্য হওয়া উচিত। এক্ষেত্রে দেখা যাচ্ছে একে অপরের উপর পাল্টা অভিযোগ চালাচ্ছেন। এক্ষেত্রে উপাচার্যের বিরুদ্ধে পাল্টা অভিযোগ হচ্ছে তিনি নাকি ইমারজেনিস পাওয়ার ব্যবহার করছেন, আইনের নয়ছয় করছেন। অর্থাৎ সিণ্ডিকেটের ইলেকটেড বডিকে উপেক্ষা করে প্যারালাল এ্যাডমিনিস্ট্রেশন চালাচ্ছেন এবং নিজের খেয়ালখুশিমত এ্যাপোয়েন্টমেন্ট দিচ্ছেন। এই সমস্ত কাজ ঠিক হচ্ছে না। আবার উপায়ার্যের থেকে বক্তব্য হচ্ছে তাঁর এ্যাপোয়েন্টমেন্ট পাওয়ার থেকে এবং গোড়ার থেকে তার প্রতিটি কাজে এবং প্রতিটি পদক্ষেপে বাধা দেওয়া চেষ্টা করা হচ্ছে। ফলে ডি.সি. হিসাবে যখন বিশ্ববিদ্যালয়ের কাজ চালাতে হবে তখন ইমারজেন্সি পাওয়ারকে ইউজ না করে তার পক্ষে কোন উপায় নেই। কারণ তাদের দিকে থেকে কোন কো-অপারেশান পাচ্ছেন না। এই বক্তব্য হচ্ছে উপাচার্যের পক্ষের। এইভাবে যখন ৫ জনকে বরখাস্ত করলেন তখন উভয়পক্ষের পাল্টা পাল্টা অভিযোগ বা বক্তব্য আমরা দেখতে পাচ্ছি এবং এই বিতর্কের মধ্যে স্বয়ং মুখ্যমন্ত্রীও ইনভলভড রয়ে গেছেন। তিনিও বলেছেন যে এই পরিস্থিতির জন্য উপাচার্য্য দায়ী, এই ধরণের এক তরফা বক্তব্য রেখেছেন। সুতরাং এই জিনিষ আমরা দেখতে পাচ্ছি।

[4.35 - 4.45 P.M.]

এক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে এইরকম আনএনডিং অভিযোগ, পাল্টা অভিযোগ তুলে সমস্যাকে দীর্ঘায়িত করা হচ্ছে। এর ফলে ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ নষ্ট হতে চলেছে। সুতরাং এদিক থেকে সমস্যাকে দেখা উচিত। কিন্তু দেখতে পাচ্ছি অত্যন্ত উদবেগের সঙ্গে যে এর দ্রুত অবসান না ঘটিয়ে একে বামফ্রন্টের পেছন থেকে মদত দেয়া হচ্ছে এবং বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের উপর রাজ্য সরকারের ক্ষমতা সংস্থাপন করার চেষ্টা হচ্ছে। অপরদিকে কংগ্রেস পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের বিশৃঙ্খলার সুযোগ নিয়ে এর স্বাধিকার খর্ব করে কেন্দ্রের হস্তক্ষেপের চেষ্টা করছেন। এবং এটা একটা মটিভেটেড ওয়েতে চেষ্টা চলছে। এর চেয়ে মর্মান্তিক হচ্ছে পশ্চিমবাংলার বিদ্বনজন

সমাজের একটা অংশ কলকাতা বিশ্ববিদ্যালয়ের এইরকম পরিস্থিতি দেখে এই অবস্থার হাত থেকে পরিত্রাণ পাবার জন্য বিকল্প ব্যবস্থা হিসেবে কেন্দ্রে হস্তক্ষেপের চিন্তা করছেন। তাঁদের এই উদ্বেগের সঙ্গে আমি ফুল শেয়ার করি কিন্তু তাঁরা পরিত্রাণের পন্থা হিসেবে যে পথ গ্রহণ করতে চাইছেন সেটা বাঞ্ছনীয় নয়। কেন্দ্রের দ্বারা যেসব সেন্ট্রাল ইউনিভারসিটি পরিচালিত হচ্ছে তাদের চেহারা কি সেটা সকলেই জানেন। Report of the Committee to enquired into the workings of the Central Universities. ডাঃ মাধুরী সাহার চেয়ারম্যানশীপে একটা কমিটি যা ইউ.জি.সি. করেছিলেন তার রিপোর্ট অত্যন্ত মারাত্মক। প্রত্যেকটা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় ইনভেষ্টিগেশান করে এই রিপোর্ট হয়েছিল। সেখানে দেখা যাচ্ছে সর্বত্র একটা ক্যায়োটিক অবস্থা চলছে। আমি সময় থাকলে দেখাতাম সেখানে কি অরাজক অবস্থা চলছে। সেখানে পেজ ৫৫তে বলছে, The Academic atmosphere of this campus is far from satisfactory as a result of pressure politics, indiscipline and often lawlessness. The agony experienced by these universities is unmeasurable and it is destroying the fabrics of the system. আবার পেজ ৬৪ তে conclude করতে গিয়ে বললেন Since the frequent students' agitation in the universities have led to a paralysation of these institutions again and again and caused much agony to serious students, teachers and parents, and since they have disabled the universities from performing the national tasks in the present context. It is important to understand the real causes and the factors are responsible for most of these agitations. ফলে পরিত্রাণের জন্য যাঁরা কেন্দ্রে হস্তক্ষেপের কথা চিন্তা করছেন তাঁরা দেখুন মারাত্মক কি অবস্থা সেসব জায়গায় চলছে, সুতরাং পরিত্রাণের রাস্তা ওটা নয়। কাজেই বিশ্ববিদ্যালয়ের এই অচল অবসানের জন্য আমি সাজেশান রাখছি বিবাদমান পক্ষ আলোচনার মধ্যে দিয়ে মর্যাদাপূর্ণ পথে অচল অবস্থার অবসান ঘটাবেন। আমি আশা করবো হাউস আমার এই প্রস্তাব বিবেচনা করবেন শিক্ষা এবং ছাত্র-ছাত্রীদের স্বার্থে। এটুকু বলে রাইট অফরিপ্লাইতে জবাব দেবো।

স্যার, আই বেগ টু মুভ

যেহেতু এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কলকাতা বিশ্ববিদ্যালয়কে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে ঘোষণার বাতাবরণে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে পরিণত করবার এবং তার মধ্য দিয়ে গৌরবময় ঐতিহ্যসম্পন্ন এই প্রাচীন বিশ্ববিদ্যালয়ের বৈশিষ্ট্য, মর্যাদা, অধিকার ও স্বাধীনতা খর্ব করবার চক্রান্ত চলছে;

যেহেতু এই সভার সুচিন্তিত অভিমত এই যে, কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে পরিণত করলে এই রাজ্যের শিক্ষা প্রসারের ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে অপূরণীয় ক্ষতি হবে;

সেইহেতু এই সভা দ্ব্যর্থহীনভাবে এই চক্রান্ত ও অপচেষ্টার তীব্র নিন্দা করছে ও তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে প্রস্তাব করছে যে, কলকাতা বিশ্ববিদ্যালয়কে বর্তমানে যেমন রাজ্যের অধিকারভুক্ত বিষয় হিসাবে গণ্য করা হয় তা অপরিবর্তিত থাকুক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাব আগেই এখানে প্রিন্টেড হয়ে বিলি হয়েছে, কাজেই সেই প্রস্তাব পাঠ করার দরকার নেই, সেজন্য পাঠও করছি না। এই সঙ্গে আরও দুটো প্রস্তাব উত্থাপিত হয়েছে বিশ্ববিদ্যালয় পরিচালনা সম্পর্কে, এরপরে এই প্রসঙ্গে আমি বিশদভাবে আলোচনা করব, কিন্তু আগের দুটি প্রস্তাবের আলোচনা আমি যা শুনলাম তাতে এঁরা নিশ্চয়ই বিশ্ববিদ্যালয়ের ভাল চান এবং বিশ্ববিদ্যালয় ঠিকভাবে চলুক সেটা সকলেই আমরা চাইছি, কিন্তু মূল কথা হচ্ছে যেভাবে প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাতে একদিকে ভাইস-চান্সলার অন্যদিকে সিনেট, সিন্ডিকেট এই দুই'টি বিবাদমান পক্ষ, যেন বিবাদ করাই তাঁদের কাজ, সেজন্য তাঁরা সেখানে গেছেন। দ্বিতীয় কথা তাঁরা বলার চেষ্টা করছেন বিশ্ববিদ্যালয়ে দারুণ অচলাবস্থার সৃষ্টি হয়েছে। আমি এর তীব্র প্রতিবাদ করছি। বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা দেখা দেয়নি। একজন সিনেটের মেম্বার হিসাবে আমি বলতে পারি বিশ্ববিদ্যালয়ের বি.এ., বি.এস.সি. এই পরীক্ষাগুলি নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে শুধু প্র্যাকটিকাল কিছু কিছু বাকি ছিল, আমি দেখে এসেছি আমার কলেজে চিঠি গেছে যে, ফিজিক্স প্র্যাকটিক্যাল পরীক্ষার সেন্টার সিলেক্টেড হয়ে গেছে। প্র্যাকটিক্যাল পরীক্ষা টেম্পোরালি বন্ধ করা হয়েছিল, কন্ট্রোলার কেন যে বন্ধ করেছিলেন সেই আলোচনায় যাচ্ছি না, তবে সেগুলি আরম্ভ হয়েছে। ছোটখাটো ইউনিভার্সিটি পরীক্ষা সেগুলি হয়ত বন্ধ থাকতে পারে কিন্তু বিশ্ববিদ্যালয়ে একটা দারুণ অবস্থার সৃষ্টি হয়েছে সেটা ঠিক নয়। কংগ্রেস পক্ষ থেকে একজন সদস্য বললেন, বয়স অল্প তাই ঐসব কথা বললেন, আমি তাঁকে ১৯৭০ সাল থেকে ১৯৭৭ সালের কথা স্মরণ করতে বলব, যখন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গোপাল সেনকে হত্যা করা হল তখন ওঁদের শিক্ষকরা কি করেছেন?

১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত কলেজগুলিতে এবং বিশ্ববিদ্যালয়ে যে অবস্থা চলেছে সেকথা শুনলে আনন্দ বোধ করবেন। আমাদের বামফ্রন্ট সরকার আসার পর কলেজে যে সুন্দরভাবে পরীক্ষা হচ্ছে, পঠন-পাঠনের যে যথেষ্ট উন্নতি হয়েছে সেই বিষয়ে কোন সন্দেহ নেই। এডুকেশান এ্যাডমিনিষ্ট্রেশানে ডিসিপ্লিন বেড়েছে সেই বিষয়ে কোন সন্দেহ নেই। তবে কিছু কিছু জায়গায় ওরা ডিসটার্ব সৃষ্টি করছে। এডুকেশান পরিচালনার মধ্য দিয়ে যে ডিসিপ্লিন হয়েছে সেটা অস্বীকার করা যাবে না। শুধু তাই নয়, ছেলেদের পঠন-পাঠনের উন্নতি হয়েছে, কারণ ছেলেরো যথেষ্ট সচেতন হয়েছে, পাশের হার থেকে সে কথা বোঝা যায়। কাজেই আজকের দিনে বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থায় যেসব সমস্যাগুলি দেখা দিয়েছে সেই সমস্যাগুলি হচ্ছে আমি পরিস্কারভাবে বিশ্বাস করি ভাইস-চ্যান্সেলারের [illegible] দৃষ্টিভঙ্গির জন্য। যে ৪/৫ জন কর্মচারীর নাম এখানে উল্লিখিত হয়েছে তাদের চাকরী সম্বন্ধে আমি জিজ্ঞাসা করি আত্মপক্ষ সমর্থনের কারও সুযোগ নেই? এমনকি খুনী আসামীও আত্মপক্ষ সমর্থনের সুযোগ আছে। ৫/৬ জন কর্মচারীকে যে ছাটাই করা হল আমাদের বিরোধ এখানে। আমরা বার বার আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়ার কথা বলেছি, আমরা বার বার বলেছি যে ৩ জনের একটা কমিটি করা হোক এবং ১৫ দিনের মধ্যে রিপোর্ট দিতে বলা হোক।

[4.45 - 4.55 P.M.]

একথা পরিস্কারভাবে সিনেট এবং সিন্ডিকেট জোরের সঙ্গে বলেছে। কিন্তু ভাইস—চ্যান্সেলর কোন কথাই মানতে রাজী নন। শুধু রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই অবস্থার সৃষ্টি করা হয়েছে।

Mr. Speaker:— Mr. Banerjee, আপনার Reply থেকে ৩ মিনিট বাদ যাবে, কারণ আপনি এখন বেশী সময় নিয়েছেন।

শ্রী সত্যরঞ্জন বাপুলিঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ৩টি বিশ্ববিদ্যালয় নিয়ে ওয়ান এইটি ফাইভে মোসন হাউসে এসেছে। আমি আপনার মাধ্যমে মাননীয় সদসাদের অনুরোধ করছি যদি তাঁরা মনে করেন বিশ্ববিদ্যালয়ের ব্যাপারটা গুরুত্বপূর্ণ তাহলে আলোচনা যাতে সুষ্ঠভাবে হয় সেদিকে তাঁরা যেন সকলে নজর রাখেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই বলি কার পাপে আজকে বিশ্ববিদ্যালয়ের এই অবস্থা? কে এর জন্য দায়ী বা কাকে এরজন্য দায়ী করা যায়? বর্তমান উপাচার্য *** প্রাক্তন উপাচার্য *** না ওই ৫ জন বিশ্ববিদ্যালয়ের কর্মচারী যাঁদের ছাটাই করা হয়েছে তাঁরা এর জন্য দায়ী? আমি প্রথমেই আমাদের দেশের দুজন মাহাপুরুষের উক্তি শোনাব যাঁরা ইতিপূর্বে এই কোলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন। উপাচার্য শ্যামাপ্রসাদ মুখার্জী বলেছিলেন একটা বক্তৃতায়, "কোলকাতা বিশ্ববিদ্যালয় ভারতবর্ষের গর্ব এবং এই বিশ্ববিদ্যালয় অনেক ভারত রত্নের জন্ম দিয়েছে।" আর একজন উপাচার্য ডাঃ বিধানচন্দ্র রায় বলেছিলেন, "শিক্ষা হবে সার্বজনীন এবং বিশ্ববিদ্যালয় হবে শিক্ষার পীঠস্থান।" স্যার, আমি তাঁদের এই দুটি উক্তি নিয়েই বক্তব্য শুরু করছি। আজকে বিশ্ববিদ্যালয়ের অবস্থা অত্যন্তই শোচনীয়। কিছু কিছু বক্তা যতই বলুন না কেন ঠিক ঠিকভাবে চলছে—পশ্চিমবাংলার ৬ কোটি মানুষ জানে বিশ্ববিদ্যালয় ঠিকভাবে চলছে না। এখন প্রশ্ন হচ্ছে কেন চলছে না? আমি এরজন্য কাউকে দায়ী করছি না। আমি শুধু দায়ী করছি আজকে কার পাপে এই অবস্থা হল? কাজেই পাপ যখন রয়েছে তখন তাকে নিশ্চয়ই চিহ্নিত করতে হবে এবং তাকে দূর করতে হবে। স্যার, বামফ্রন্ট সরকারের শিক্ষা নীতি সম্বন্ধে আমরা দ্ব্যর্থহীন ভাষায় বলেছি বামফ্রন্ট সরকারের শিক্ষা নীতি হচ্ছে সি পি এম—এর আগ্রাসী নীতি, তাঁদের জঙ্গী মনোভাব এবং তারজন্যই শিক্ষার এই অবস্থা হয়েছে। কিছুদিন আগে তাঁরা প্রাথমিক পাঠ থেকে ইংরেজী তুলে দিলেন তাঁদের নীতির জন্য। কিছুদিন আগে এই উপাচার্য দুজন অফিসার নিয়োগ করেছিলেন বলে তা নিয়ে হাইকোর্টে মামলা হল এবং সেই মামলায় উপাচার্য জিতেছেন। সেটা নিয়ে আবার সুপ্রিম কোর্ট হয়েছে। সরকার পক্ষ হয়ত বলবেন বিশ্ববিদ্যালয় ঠিকভাবে চলছে কাজেই ওটা নিয়ে আলোচনা করবেন না। কিন্তু মনে করুন ঠিকভাবে চলছেনা, তখন কি করবেন? আজকে *** আলোচ্য বিষয় নয়, আজকে আলোচ্য বিষয় হল মূল গোলমাল কোথায়?

প্রথম সূত্রটা কোথায়? যে দিন থেকে *** উপাচার্য নির্বাচিত হলেন সেই দিন থেকে সুরু হয়েছে। সেদিন থেকে তার সঙ্গে অসহযোগিতার আন্দোলন শুরু হয়েছে। সেই দিন থেকে এই বামফ্রন্ট সরকার সংঘর্ষ শুরু করেছে। আপনারা আচার্য শর্মার বিরুদ্ধে আন্দোলন করেছিলেন উপাচার্যের বিরুদ্ধে আন্দোলন শুরু করেছিলেন। একটি মাত্র রাজনৈতিক দল সি.পি.এম পার্টি যারা এই সংগ্রাম ঘোষণা করেছিলেন। আচার্য কোথায় যদি যায় তার বিরুদ্ধে আপনারা কালো পতাকা ধারণ করেছিলেন। মন্ত্রীসভা তাকে বর্জন করেছিলেন তাকে বয়কট বলেছিলেন। কেন? কোন কারণে? যেহেতু *** উপাচার্য কোন রাজনৈতিক দলকে সমর্থন করতে পারে নি। কিন্তু এটা তো ঠিক যে তিনি আগাগোড়া বামফ্রন্টকে সমর্থন করেছিলেন—সারা জীবনে তিনি বামফ্রন্টকে সমর্থন করেছিলেন। কিন্তু এই ক্ষেত্রে যেহেতু তিনি সমর্থন করতে পারেন নি কোন দলের কাছে নতি স্বীকার করতে পারেন নি তাই এই অবস্থা। আজকে কোন রাজনৈতিক দল তার উপর চাপ সৃষ্টি করতে পারে নি তাই তিনি কাজ করতে না পারেন তার চেষ্টা আপনারা করেছেন। সরকারী নীতি হচ্ছে তাকে সমর্থন করা হবে না। মাননীয় সদস্যের কাছে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি যে কাউকে ছাটাই করলে এবং কিছু অন্যায় করলে তার জন্য হাই কোর্ট রয়েছে, সুপ্রীম কোর্ট রয়েছে। কিন্তু সেখানে না গিয়ে ইউনিভার্সিটির গেটে আন্দোলন করবো।

মিঃ স্পীকারঃ—ডাঃ সন্তোষ ভট্টাচার্যের নাম বাদ যাবে।

শ্রীসত্যরঞ্জন বাপুলীঃ—***আগের উপাচার্য যেসব অন্যায় করেছেন সেগুলি কিছু নয়। আর *** এই উপাচার্য সব অন্যায় করেছে।

মিঃ স্পীকারঃ—ডাঃ সন্তোষ ভট্টাচার্য এবং ডাঃ রমেন পোদ্দারের নাম বাদ যাবে।

শ্রী সত্যরঞ্জন বাপুলীঃ—৫ জনকে ছাটাই করা হয়েছে। সেই পাঁচ জন কিছু বলছে না যদি অন্যায় হয় নিশ্চয় তার প্রতিবাদ করতে হবে। আর আগের উপাচার্য *** যে ২৮ জনকে নয়/ছয় ধারা অনুযায়ী নিয়োগ করেছিলেন ঠিক তার যাবার আগে? সেটা গনতান্ত্রিক হয়েছে। আজকে অত্যন্ত দুঃখের বিষয় যেই মাত্র *** বর্তমান উপাচার্য সেই কাজ করেছেন অমনি প্রশাসন তার বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠলো। অত্যন্ত পরিতাপের বিষয় মুখ্যমন্ত্রী যিনি প্রশাসনের সব চেয়ে উচ্চ সংস্থানে রয়েছেন তিনি রাইটার্স বিল্ডিংসে বসে বললেন বিশ্ববিদ্যালয়ের সমস্যার জন্য *** উপাচার্য দায়ী। He is the last part আমি আপনাদের কি প্রশ্ন করতে পারি যে শ্রী আবদুল মান্নান যে প্রস্তাব এনেছেন সেটা আপনারা সমর্থন করবেন। (এ ভয়েস:— কখনই না)... আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে বলি এই যে পথ রোধ করা হয়েছে এই যে পাঁচ জনকে বরখাস্ত করা হয়েছে কেন হয়েছে— কারণ *** দুর্নীতির সঙ্গে আপোষ করতে পারেন নি তাই এই অবস্থা। যদি আপোষ করতে পারতেন তাহলে এই সংঘাত থাকতো না। তাহলে মুখ্যমন্ত্রী বলতেন যে উপাচার্য ঠিক কাজ করেছেন। যে দিন থেকে এই জিনিস করা হয়েছে সেইদিন থেকে এই অবস্থার সৃষ্টি হয়েছে। *** উপাচার্য নিয়োগের পর থেকে তার বিরুদ্ধে আপনারা ষড়যন্ত্র আরম্ভ করেছেন। মাননীয় সদস্যরা বুকে হাত দিয়ে বলতে পারবেন যে যে ঐতিহ্য কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছিল সেটা আজকে আছে?

[4.55 - 5.05 P.M.]

আজকে অত্যন্ত লজ্জার কথা, আগেকার দিনের প্রাক্তন উপাচার্য যিনি ছিলেন, তিনি যে সমস্ত কাজ করে গেছেন, তদানিন্তন কালীন আপনাদের যে সমস্ত সিন্ডিকেটের মেম্বার ছিলেন, সিনেটের মেমবার যাঁরা ছিলেন, নাম বলতে পারবো না, বাঘা বাঘা ব্যারিষ্টার বলে পরিচিত, তিনি তো—প্রতিকারের জন্য তো ২২৬ খোলা ছিল, তিনি তো সুপ্রিম কোর্টে যান গিয়ে তো করতে পারতেন, কিন্তু তা না করে, কি হলো, তালা চাবি দিয়ে আন্দোলন হচ্ছে। আন্দোলন হচ্ছে শুধু কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে, হাজার হাজার কলেজের শিক্ষকদের এর ফলে দারুন দুরবস্থা ভোগ করতে হচ্ছে, হাজার হাজার ছাত্রের শিক্ষার পঠন পাঠন প্রত্যেক জায়গায় ব্যাহত হচ্ছে। আজকে অস্বীকার করার উপায় নেই, আজকে জঙ্গী মনোভাব বামফ্রন্ট সরকারের নীতির জন্য কলকাতা বিশ্ববিদ্যালয় আজকে চরম দুরবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে। আজকে উপাচার্য তিনি অসহায়, তাঁর প্রত্যেকটি কাজে বাধা দেওয়া হচ্ছে, তাঁর একটা কাজকেও সমর্থন করা হয়নি। তাঁকে ডেকে পাঠানো হয়েছিল রাইটার্স বিল্ডিংসে, মুখ্যমন্ত্রী চেষ্টা করেছিলেন, যদি তাঁকে বামপন্থীদের সমর্থনে আনা যায়, তিনি বাগে আনতে পারেন নি। ন্যায় নিষ্ঠাবান বর্তমান উপাচার্য্য চেষ্টা করেছেন কলকাতা বিশ্ববিদ্যালয়কে ঠিক ঠিক পথে নিয়ে যেতে। তিনি আজকে যদি বামপন্থীদের কবজায় যেতেন, নিশ্চয়ই আজকে আন্দোলন হতো না। বামপন্থীর কবজায় যদি যেতেন তাহলে আজকে এই ৯/৬

Note : Expunged as ordered by the chair.

ধারা যা প্রাক্তন উপাচার্য করে গিয়ে বৈধ করে গেছেন, আর আজকে স্বৈরতন্ত্র, গন্ধ দেখলেন বর্তমান ৯/৬ ধারা বর্তমান উপাচার্য করার জন্য। অপূর্ব। একই লোক একই ধারা, একই চেয়ার, দুজন দুটো করে গেলে, তার হলো গনতন্ত্র, আর এ হলো স্বৈরতন্ত্র। এটা নাকি অত্যন্ত খারাপ। এই জঙ্গী মনোভাব সৃষ্টি করেছেন আপনারা। আপনারা চান বামফ্রন্ট সরকার প্রথম থেকে বিশেষ করে সি.পি.এম., আপনারা চাইছেন শিক্ষা ব্যবস্থাকে পশ্চিমবাংলায় তছনছ করে দিতে। আন্দোলন শুরু হয়েছিল এক সময়ে, আজকে সেই আন্দোলন কোথায় এসে দাঁড়িয়েছে, প্রাথমিক স্তর থেকে ইউনিভার্সিটি পর্যন্ত আজকে এখানে মাননীয় সদস্যারা আছেন, আপনারা বললেন যে ধ্বনি ভোটে হয়তো আপনারা এটা পাশ করবেন, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে একটু বিনীতভাবে বলি, আজকে এর দোষটা কোথায়? এই দোষের শাস্তি যদি দিতে হয় তাহলে কাঠ গোড়ায় দাঁড় করাতে হয় বামফ্রন্টের জঙ্গী মনোভাব, বামফ্রন্ট সরকারের আগ্রাসী মনোভাব। বামফ্রন্ট সরকার বিশ্ববিদ্যালয়কে তাদের কুক্ষিগত করার জন্য প্রথম থেকে যে চেষ্টা তার জন্য এক মাত্র আজকে দায়ী। আজকে তা যদি না হতে, আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস আগেকার দিনে যা ছিল, তাই থাকতো। কিন্তু দুঃখের বিষয় দিনের পর দিন পাল্টাচ্ছে, হাজার হাজার ছাত্র-ছাত্রী তারা পড়াশুনা করতে পারছে না, উনি বললেন যে পরিক্ষা ঠিক হচ্ছে, পরিক্ষাই কি একমাত্র পথ? পরিক্ষার জন্যই কি শুধু কলকাতা বিশ্ববিদালয়? পঠন পাঠনের পদ্ধতি আজকে কোথাও এখানে ছিলেন আমাদের প্রাক্তন বিধানসভার সদস্য ভারতী মহাশয়, তিনি দেখিয়ে দিয়েছিলেন তদানিন্তনকালীন উপাচার্য কনভোকেশনের যে বক্তৃতা করেছিলেন, তাতে ২৬টি ইংরাজী ভূল বলেছিলেন। তাঁকে সমর্থন করার জন্য আপনারা পাগল? যেই তিনি চলে গেলেন প্রাক্তন উপাচার্য, অমনি মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে শিক্ষা মন্ত্রী,উচ্চশিক্ষামন্ত্রীর কথা আমি বলবো না, তিনি অসুস্থ লোক, তাঁকে আমি আঘাত করতে চাই না, তিনি তো কাঠের পুতুলের মত হয়ে আছেন—বারবার ডেকেছেন, বারবার ডেকে প্রশ্ন করেছেন উপাচার্যকে, কি করে তাদের দলে এনে কাজ করানো যায়, পারেননি। পারলেন না, সংঘাতের মধ্যে দিয়ে আপনারা চলেছেন, কলকাতা হাইকোর্ট রায় দিয়ে আপনাদের শিক্ষা দিয়েছে যে উপাচার্য এই ৯/৬ ধারার দু জন অফিসার নিয়োগ যে করেছেন তা ঠিক করেছেন। আবার ৯/৬ ধারায় যদি ক রে থাকে তাহলে কি অন্যায় তিনি করেছেন? তার জন্য তাঁরা ঝুলিয়ে রাখলেন কেন, তার দিল্লীতে গিয়ে দরবার করলেন কেন যে উপাচার্যের জন্য সর্বনাশ হয়ে যাচ্ছে? আমি আপনার কাছে অত্যন্ত বিনীতভাবে বলবো, আজকে পশ্চিমবাংলায় কলকাতা বিশ্ববিদ্যালয় একটা বিশ্ববিদ্যালয়, যার জন্য আমরা বাঙ্গালী হিসাবে গর্ব বোধ করি। বাঙ্গালীর গর্ব আজকে ধ্বংসের পথে। দেখে আসুন আপনি, সেখানে যান, দরজা থেকে আরম্ভ করে প্রত্যেকটি জায়গায় দেখাবেন বড় বড় পোষ্টার, শুধু উপাচার্যের বিরুদ্ধে শ্লোগান। এটা কি প্রকৃতপক্ষে বিশ্ববিদ্যালয়ের একটা প্রকৃত ক্ষেত্র? বিশ্ববিদ্যালয় পঠন পাঠন সেখানে তৈরী করার জন্য যে একটা বাতাবরন সৃষ্টি করা হয়, তারজন্য কি তৈরী হয়ে আছে? আজকে আমি আপনার মাধ্যমে বলবো, আপনি একজন বিচক্ষণ লোক, মাননীয় মন্ত্রী মহাশয় এবং মাননীয় সদস্য যাঁরা আছেন, আপনারা ভাবুন, কারণ আমরা যেটা এনেছি ১৮৫তে মোশন, হয়তো আপনারা পাশ করাবেন, কিন্তু পশ্চিমবাংলার ৬ কোটি মানুষ ধিক্কার দেবে, খবরের কাগজে যেই বেরোবে যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের এই অবস্থার জন্য দায়ী এই ***, তাকে ধিক্কার দেওয়া হোক। আপনারা জেনে রেখে দিন, পশ্চিমবাংলার ৬ কোটি মানুষ আপনাদের ধিক্কার দেবে একটা কারণে, এই পা পের জন্য দায়ী-একমাত্র বামফ্রন্ট সরকারের বর্তমান শিক্ষা নীতি, আগ্রাসী নীতি এবং জঙ্গী মনোভাব।

এই পাপের জন্য দায়ী একমাত্র বামফ্রন্ট সরকার। বর্তমান শিক্ষানীতিকে কুক্ষিগত করার জন্য কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রত্যেক জায়গায় তারা চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সে জন্য আবদুল মান্নান যে মোশান এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং অন্যগুলির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

67th Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the 67th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the following programme of business for Tuesday, the 10th September, 1985 and Wednesday, the 11th September, 1985, respectively:—

Tuesday, 10.9.1985 : The Bengal Public Demands Recovery (Amendment), Bill, 1985 (Introduction, Consideration and Passing)-2 hours.

Wednesday, 11.9.1985: The Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1985 (Introduction) Discussion on Statutory Resolutions-Notices given by Shri Abdul Mannan and Shri kashinath Misra.

The Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1985 (Consideration and Passing)—2 hours.

Shri Sumanta Kumar Hira may now move the motion for acceptance of the House.

Shri Sumanta Kumar Hira : Mr. Speaker, Sir I beg to move that the 67th Report of the Business Advisory Committee, as presented this day, be agreed to by the House.

Mr. Speaker : I hope the House agrees to it. (Voice — Yes)

This motion is adopted.

Now, there are a few amendments to the Motions under Rule 185. In the first motin moved by Shri Abdul Mannan there is no amendment. In the second motion moved by Shri Deba Prasad Sarkar there are 4 amendments tabled by Shri Kashinath Misra. All the amendments are in order and I call upon Shri Kashinath Misra to move his amendments.

I find he is absent. So the amendments are not moved.

There are 6 amendments tabled by Shri Kashinath Misra to the motion of Shri Amiya Bhusan Banerjee. Amendments numbers 1 to 4 are in order and the amendments numbers 5 and 6 are out of order. Shri Kashinath Misra may now move the amendments numbers 1 to 4. Since he is not present the amendments are not moved.

Note : Expunged as ordered by the chair.

Now, I call upon Shri Sumanta Kumar Hira to speak. Time is 10 minutes and it would not be extended.

শ্রী সুমন্ত হীরাঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আবদুল মান্নান, দেবপ্রসাদ সরকার এবং অমিয় ভূষণ ব্যানার্জী কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপরে ৩টি বেসরকারী প্রস্তাব এখানে রেখেছেন। আমি এক সঙ্গে এই ৩টি প্রস্তাবের উপরে আমার বক্তব্য রাখবো। মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয় যে কথাগুলি বলে গেলেন আমি তার সম্পর্কে কটূক্তি করতে চাইনা। তবে তার চরিত্র সম্পর্কে আপনারা সকলেই জানেন যে তিনি সত্য কথাকে সব সময়ে সযত্নে এড়িয়ে চলেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের চরিত্র, তার ঐতিহ্য আপনারা সকলেই জানেন। তারা যে দলে আছেন সেই দল পশ্চিমবঙ্গে ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত রাজত্ব করেছিলেন। আমি শুধু তাকে একথা বলেত চাই যে কথাগুলি তিনি বললেন তার সঙ্গে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ পর্যন্ত কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস যদি একটু মিলিয়ে দেখতেন তাহলে এই সভায় দাঁড়িয়ে তিনি এগুলি বলতে পারতেন না। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেস (আই) দলের সদস্য যারা এখানে আছেন, সেই কংগ্রেস (আই) দলের অনেকেই কলকাতা বিশ্ববিদ্যালয়কে ধূলায় লুটিয়ে দিয়েছিলেন এবং তাকে ধ্বংস করে সমস্ত শিক্ষা পদ্ধতিকে তারা বিপর্যস্ত করেছিলেন। আমরা সেই সব জিনিস দেখেছি এবং জেনেছি। তারা কলকাতা বিশ্ববিদ্যালয়কে ধ্বংস করার জন্য পরিকল্পিত ভাবে চক্রান্ত করেছেন। সেখানে নিয়মিত পরীক্ষা বন্ধ হয়েগিয়েছিল, নিয়মিত পঠন-পাঠন বন্ধ হয়ে গিয়েছিল, নিয়মিত রেজাল্ট বের হওয়া বন্ধ হয়ে গিয়েছিল। সেই সময়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ে কবে পরীক্ষা হবে সেটা কেউ বলতে পারতো না। ছেলেমেয়েরা অনেক আশা নিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ে ভর্ত্তি হত। তারা কেউ এম.এস.সি., এম.কম. অথবা বি.কম. ডিগ্রী নিয়ে পড়ার জন্য যেত এবং আরো আশা করতো যে রেজাল্ট বের হবার পরে সেই রেজাল্টের ভিত্তিতে তারা চাকুরীর জন্য দরখাস্ত করবে। কিন্তু তাদের সেই রেজাল্ট কবে বের হবে সেটা তারা জানতে পারতো না, মাসের পর মাস, বছরের পর বছর সেই রেজাল্ট ঝুলে থাকতো।

[5.05 - 5.15 P.M.]

আর সেই ভর্ত্তির সময় করে রেজাল্ট বেরবে, কবে পরীক্ষা হবে তা তারা জানত না। মাসের পর মাস, বছরের পর বছর সেই পরীক্ষা ইউথ-হেল্ড থাকতো, পরীক্ষায় বসতে দেওয়া হত না, পরীক্ষা সময় মত হত না। আমরা দেখলাম দুটি এ্যাকাডেমিক সেসান গ্যাপ হয়ে গেল। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে দেখল কলকাতা বিশ্ববিদ্যালয়ের দুটি এ্যাকার্ডেমিক সেসান গ্যাপ হয়ে গেছে। দুটি এ্যাকাডেমিক সেসানের পরীক্ষা বসছে না। লাষ্ট থার্ড ইয়ারের পরীক্ষা তখনো হয়নি। ছেলে মেয়েরা অন্ধকারে হাতড়াচ্ছে, কি করবে। ১৯৭২ সালের প্রথম দিকে ছেলে মেয়েরা কলকাতা বিশ্ববিদ্যালয় ছেড়ে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে আরম্ভ করল। তারা বুঝল কলকাতা বিশ্ববিদালয়ের ভবিষ্যত নেই। অতএব কলকাতা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলে সার্টিফিকেট নিয়ে বের হওয়া যাবে না। ফলে এখানে কেউ ভর্তি হত না। আজকে ওরা কি বুকে হাত দিয়ে এই কথা বলতে পারবেন যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের এখনো কি সেই অবস্থা আছে? সেই দুটি এ্যাকাডেমিক সেসানের গ্যাপ পুষিয়ে দিয়ে আজকে নিয়মিত পরীক্ষা হচ্ছে এবং নিয়মিত পরীক্ষার রেজাল্ট বেরোচ্ছে। তিনি কতকগুলি অসত্য কথা বলে গেলেন। তিনি বললেন কলকাতা বিশ্ববিদ্যালয় উঠে গেছে। যারা কলকাতা বিশ্ববিদ্যালয়কে ধ্বংস করে গিয়েছিলেন তাদের পক্ষে কি এই কথা মানায়? বি.এ., বি.এস.সি. পরীক্ষার একই অবস্থা ছিল। কলকাতা বিশ্ববিদ্যালয়ের এ্যাফিলিয়িটেড কলেজগুলিতে বি.এ., বি.এস.সি. পরীক্ষা নিয়মিতভাবে হত না এবং তার রেজাল্টও ঠিক নিয়মিতভাবে বের হত না। বছরের পর বছব ছেলে মেয়েদের অনিশ্চিত অবস্থার মধ্যে থাকতে হত। কবে বি.এ., বি.এস.সি., বি.কম. পরীক্ষা হবে, কবে রেজাল্ট বেরবে তা তারা জানত না। ফলে অনেকেরই চাকরীর বয়সসীমা পেরিয়ে যেত, যেহেতু তারা কলকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট হতে পারে নি, সার্টিফিকেট পায় নি। কেন না, পরীক্ষা হত না বলে দরখাস্ত করতে পারে নি। ফলে অনেকের ভাগ্যেই সারা জীবনে জীবিকার পথ একেবারে বন্ধ হয়ে গেছে। এই অবস্থা ওরা সৃষ্টি করেছিলেন। সত্য বাপুলী মহাশয়ের দল এই অবস্থা সৃষ্টি করেছিলেন। ছাত্র এবং যুব সমাজের মধ্যে একটা অনিশ্চিত অবস্থা সৃষ্টি করেছিল। আজকে আর সেই অবস্থা নেই। আজকে নিয়মিত পরীক্ষা হচ্ছে, ৩ মাসের মধ্যে রেজাল্ট বেরোচ্ছে। পরীক্ষা সিডিউল্ড টাইমেই হচ্ছে। পরীক্ষা যে সিডিউল্ড টাইমেই হচ্ছে এই কথা আজকে কেউ অস্বীকার করতে পারবেন না। আজকে এটাই হচ্ছে ঘটনা যে, এখন কেউ কলকাতা বিশ্ববিদ্যালয় ছেড়ে অন্য কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে যায় না ভাল ছেলে মেয়েরা কলকাতা বিশ্ববিদ্যালয়েই পড়াশুনা করছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের আন্ডারে এ্যাফিলিয়েটেড কলেজগুলিতে নিয়মিতভাবে আজকে পড়াশুনা হচ্ছে। অন্য কোথাও এই রকম পড়াশুনা হয় না। অন্য কোন রাজ্যে এইভাবে পড়াশুনা হয় না। কলকাতা বিশ্ববিদ্যালয়ের এ্যাফিলিয়েটেড কলেজগুলি ছাড়া ছেলেরা অন্য কোথাও আজকে যেতে চায় না। পরীক্ষা টাইমলি হচ্ছে, রেজাল্টও ঠিক সময়ে বের হচ্ছে। তারা সময়মত সার্টিফিকেটও পেয়ে যাচ্ছে। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেসী রাজত্বে ছেলে মেয়েদের ভবিষ্যত অন্ধকারে পড়ে ছিল। ঐ সময়ে ডিপ্লোমা সার্টিফিকেট কেউ পেত না। একটা এরিয়ার পড়ে গিয়েছিল। আমরা এসে ১০ বছরের সেই এরিয়ার ক্লিয়ার করেছি। বি.এ., বি.এস.সি., বি.কম. পরীক্ষা দিয়েছে, পাস করেছে, সার্টিফিকেট পায় নি। সার্টিফিকেট পাবার কোন উপায় ছিল না, ১০ বছর ধরে তারা বসেছিল। এই সার্টিফিকেট না পাবার ফলে তারা চাকরির ব্যবস্থাও করতে পারেনি, অনেক যুবকের সমস্ত রাস্তা একেবারেই বন্ধ হয়ে গেছে। ১০ বছরের সার্টিফিকেট গ্যাপ আজকে পূরণ করে আনা হয়েছে। ছেলে মেয়েরা আজকে বি.এ., বি.এস.সি., বি.কম. পাশের সার্টিফিকেট নিয়মিতভাবে পাচ্ছে, সেই ব্যবস্থা আমরা এসে করেছি। ওরা পরীক্ষায় গন-টোকাটুকি চালু করেছিলেন। পঠন পাঠন ওরা একেবারে তুলে দিয়েছিলেন। গন-নকল, গন টোকাটুকি বলে একটা শব্দ ওরা ১৯৭১/৭২ সালে চালু করেছিলেন। পড়াশুনা করে পাশ করার দরকার নেই, গন-টোকাটুকি করে পাশ করলেই হবে। যুক্তি কি ছিল? উকিলরা যদি ভাল টুকে ভাল উকিল হতে পারে তাহলে ভাল ছেলেরা বই দেখে লিখলে ভাল ছেলে হবে না কেন? ওদের সময়ে টুকে এম.বি.বি.এস. পরীক্ষা দিয়ে পাশ করে ডাক্তার হয়েছে, ইঞ্জিনিয়ার হয়েছে। তারা কি নিয়মিতভাবে পড়াশুনা করে ডাক্তার, ইঞ্জিনিয়ার হয়েছিল? ফলে সেই সব ইঞ্জিনিয়াররা যে ব্রীজ তৈরী করে সেই ব্রীজ ভেঙ্গে পড়ে। ঐ সব ডাক্তাররা যে রোগী দেখে সেই রোগী মারা যায়। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ওরা এই জিনিস সৃষ্টি করে গেছেন। কাজেই আজকে ওদের মুখে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমালোচনা করাটা একেবারেই মানায় না।

ওরা যে অপরাধ করেছিলেন সেই অপরাধের কোন ক্ষমা নেই, পশ্চিমবঙ্গবাসী ওঁদের ক্ষমা করবেন না। এ ছাড়া মাননীয় সদস্য শ্রী সত্য বাপুলী মহাশয় যে সব কথা বললেন তার উত্তর দেওয়ার প্রয়োজন আছে বলে মনে করি না, তবুও কয়েকটি কথা বলছি। তিনি আশুতোষ মুখার্জী, ডঃ বিধান চন্দ্র রায় এই কোলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার ছিলেন বলে উল্লেখ করলেন এবং বললেন কোলকাতা বিশ্ববিদ্যালয় রত্ন তৈরী করতো। তাকে বলি, আজও কোলকাতা বিশ্ববিদ্যালয় তা করছে, উনি তা জানেন না। সারা ভারতবর্ষের মধ্যে এই কোলকাতা বিশ্ববিদ্যালয় জুনিয়ার রিসার্চ ফেলোশিপের জন্য যে পরীক্ষা হয়েছিল অল ইন্ডিয়া বেসিসে

সায়েনটিফিক টালেন্ট সার্চের জন্য তাতে সর্বোচ্চ স্থান দখল করেছে, সবচেয়ে বেশী স্কলার এই কোলকাতা বিশ্ববিদ্যালয় থেকেই বেরিয়েছে। এটা ১৯৮৩ সালের ঘটনা। তখন *** মহাশয় ছিলেন না। *** মহাশয় ছিলেন।

মিঃ স্পীকারঃ—সন্তোষ ভট্টাচার্য ও রমেন পোদ্দার এই দুটি নাম বাদ যাবে।

শ্রী সুমন্ত কুমার হীরাঃ—কোলকাতা বিশ্ববিদ্যালয়ের সায়েন্স গ্র্যাজুয়েটরা সারা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান দখল করে আমাদের মুখ উজ্জ্বল করেছে, এত স্কলার আর কোন বিশ্ববিদ্যালয় থেকে বেরয়নি। যে বিশ্ববিদ্যালয়ের এই কৃতিত্ব সেই বিশ্ববিদ্যালয়ের এঁরা সমালোচনা করছেন, এসব আপনারা অস্বীকার করতে পারবেন না কারণ *** উপাচার্য মহাশয়ের কনভোকেশানের স্পিচ যদি পড়েন তাহলেই এসব দেখতে পাবেন। সারা ভারতবর্ষের মধ্যে কোলকাতা বিশ্ববিদ্যালয়-এর ছেলেমেয়েরা ইউ.জি.সি.-র ফেলোশিপে ফার্স্ট হয়েছে এবং সবচেয়ে বেশী রিসার্চ স্কলার লাভ করেছে। আজীবন বামপন্থী ***।

মিঃ স্পীকারঃ—সন্তোষ ভট্টাচার্যের নামগুলি বাদ যাবে।

শ্রীসুমন্ত কুমার হীরাঃ—তিনি কমিউনিস্ট পার্টির মেম্বার ছিলেন। এইটুকু জেনে নিন যে কমিউনিষ্ট পার্টিতে অনেক ব্ল্যাকশিপ থাকে, থাকতে পারে, ধরা পড়লে পার্টি থেকে বিতাড়িত হয়। অনেক বড় বড় লোক কমিউনিষ্ট পার্টিতে ঢোকে কমিউনিষ্ট পার্টির ক্ষতি করার জন্য, বিপ্লবের ক্ষতি করার জন্য কিন্তু গণ আন্দোলন ও লড়াই-এর ফলে এই ব্ল্যাকশিপ, আত্মগোপনকারীরা বেরিয়ে যায়, শেষ পর্যন্ত তারা থাকতে পারে না। *** উপাচার্যের ভাগ্যেও সেই জিনিস ঘটেছে।

মিঃ স্পীকারঃ—ডাঃ ভট্টাচার্য বাদ যাবে।

শ্রীসুমন্ত কুমার হীরাঃ—এই বলে শ্রী আবদুল মান্নানের প্রস্তাবের বিরোধিতা করে এবং শ্রী দেবপ্রসাদ সরকারের প্রস্তাবেব বিরোধিতা করে এবং অমিয় ভূষণ ব্যানার্জীর প্রস্তাবকে সমর্থন করে শেষ করলাম।

ডাঃ মানস ভূঞ্যাঃ—মাননীয় স্পীকার মহাশয়, অত্যন্ত সময় উপযোগী একটি গুরুত্বপূর্ণ বিষয়ে তিনজন বিধানসভার মাননীয় সদস্য তিনটি দৃষ্টিভঙ্গী থেকে ১৮৫-তে তিনটি প্রস্তাব নিয়ে এসেছেন, আমি সে সম্পর্কে কয়েকটি কথা বলছি। স্যার, মান্নান সাহেব তাঁর বক্তব্য রেখেছেন, দেবপ্রসাদবাবুও তাঁর বক্তব্য রেখেছেন এবং বর্তমান কোলকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেটের সদস্য এবং বিধানসভার সদস্য অমিয়বাবুও তাঁর বক্তব্য রেখেছেন। তাঁদের উপস্থাপিত দৃষ্টিভঙ্গী ব্যক্তিগত মতামতের উপর অনেকখানি নির্ভরশীল একথা নিশ্চিতভাবে বলা যায়। কিন্তু দুর্ভাগ্যের ব্যাপার সরকারী দলের তরফ থেকে তথাকথিত সুবক্তা সুমন্তবাবু যে বক্তব্য পেশ করলেন ১০ মিনিট ধরে তা শুনে মনে হল—আপনি স্যার, আশা করি আমার সঙ্গে একমত হবেন—এই প্রস্তাবগুলির উপর তাঁর বক্তব্য কিছুই নেই, শুধু বলার জন্যই কতকগুলি কথা বললেন। তাঁর বক্তব্যের মধ্যে আমরা শুনলাম ১৯৭২ থেকে ১৯৭৭ সাল এই সময়ের কিছু উল্টো পাল্টা মন্তব্য এবং কিছু কাল্পনিক কথা। এ ছাড়া তিনি আর যেটা করলেন সেটা হচ্ছে বর্তমান ভাইস চ্যান্সেলারের শ্রাদ্ধবাসরে পুরোহিতের কাজ। যারা সরকার চালাচ্ছেন সেই দলের প্রধান বক্তা হিসাবে অমিয়বাবুর প্রস্তাবকে সমর্থন করতে উঠে ও মান্নান সাহেবের প্রস্তাবের বিরোধিতা করতে উঠে যে বক্তব্য তিনি রাখলেন তার থেকে কদর্য বক্তব্য ইদানিংকালে বোধহয় বিধানসভায় আর হয়নি। শিক্ষাক্ষেত্রে এই দৃষ্টিভঙ্গী যদি সরকারী দলের এ্যাসিস্টেন্টে চিফহুইপের হয় তাহলে এই হাততোলা সদস্যদের বক্তব্য ও চিন্তাধারা কোন পর্যায়ে যেতে পারে সেটা সহজেই অনুমেয় পশ্চিমবঙ্গের মানুষের কাছে।

[5.15 - 5.25 P.M.]

আমাদের বক্তব্য অত্যন্ত পরিস্কার, এখানে আক্রমন করার জন্য মান্নান সাহেব প্রস্তাব নিয়ে আসেননি, কাউকে বিদ্রুপ করার জন্য মান্নান সাহেব প্রস্তাব নিয়ে আসেননি। পশ্চিমবঙ্গের শিক্ষা ক্ষেত্র সম্বন্ধে পশ্চিমবঙ্গের মানুষের আশংকাই তিনি এখানে প্রকাশ করেছেন মাত্র। একটা মানুষের মস্তিষ্ককে যদি তার প্রাণকেন্দ্র ধরা হয়, তাহলে পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থার প্রাণকেন্দ্র হচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। সেই বিশ্ববিদ্যালয়ের ক্যামপাসের মধ্যে যদি কংগ্রেসী আমলে খারাপ কাজ হয়ে থাকে তাহলে সেটা যেমন নিন্দার ব্যাপার, তেমনি তথাকথিত প্রগতিশীল শিক্ষাদরদী বামফ্রন্ট সরকারের আমলে যে ঘটনাগুলি সেখানে ঘটছে সে গুলিকেও নিশ্চয়ই নিন্দা করতে হবে। ইদানিংকালে আমরা কলকাতা বিশ্ববিদ্যালয়ে কি দেখছি? আজকে সারা দেশে কলকাতা বিশ্ববিদ্যালয় নিয়ে বিতর্কের ঝড় উঠেছে। তথাকথিত শিক্ষাবিদরা কখনো ৩৪ জন, কখনো ১৫ জন, কখনো ১০০ জন এখানে ওখানে যাচ্ছেন, বিতর্কের ঝড় তুলেছেন। সব চেয়ে আশ্চর্যের সঙ্গে আমরা লক্ষ করছি, অবাঞ্ছিতভাবে স্বয়ং মুখ্যমন্ত্রীও এই বিতর্কের মধ্যে জড়িয়ে পড়ছেন। আমরা জানি না ইচ্ছাকৃত, না অনিচ্ছাকৃতভাবে তিনি এর মধ্যে জড়িয়ে পড়ছেন। কিন্তু এটা পশ্চিমবঙ্গের শিক্ষার ক্ষেত্রে, সংস্কৃতির ক্ষেত্রে অত্যন্ত দুর্ভাগ্যজনক ব্যাপার। সরকারী পক্ষের অন্যান্য সদস্যের শিক্ষা ক্ষেত্রে রাজনৈতিক বক্তব্য আমরা আশা করতে পরি, কিন্তু স্বয়ং মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর কাছে এ জিনিস কখনোই আশা করা যায় না। অথচ বিভিন্ন ক্ষেত্রে তাঁর বিভিন্ন কথাবার্তা এই ঘটনার পরিপ্রেক্ষিতে খুবই উদ্বেগের ব্যাপার এবং সেটাই আজকে মাননীয় মান্নান সাহেবের প্রস্তাবের মধ্যে প্রকাশ পেয়েছে।

কলকাতা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় হবে, কি হবে না সেটা বিতর্কের ব্যাপার। জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে পরিকল্পিত হবে, কি হবে না তাও বিতর্কের ব্যাপার। কিন্তু যেটা বাস্তব সত্য, সেটা হচ্ছে সেখানে পরীক্ষা বন্ধ হয়ে গেছে এবং সেখানে মার্কসবাদী তাণ্ডবা নাচ চলছে, এটাই আমাদের আশংকা এবং উদ্বেগের ব্যাপার। কলকাতা বিশ্ববিদ্যায়ের ভাইস চ্যান্সেলারের ঘরের সামনে মার্কসবাদী তাণ্ডবা নাচ চলছে। কলেজ স্ট্রীটের মেছো বাজারের চেয়েও বেশী আবর্জনা জমেছে কলকাতা বিশ্ববিদালয়ের ভাইস-চ্যান্সেলারের ঘরের সামনে। পরীক্ষা বন্ধ হয়ে গেছে, ফলে নিশ্চয়ই এটা ছাত্রদের সাথে সাথে পশ্চিমবাংলার সর্বস্তরের মানুষের কাছে উদ্বেগের ব্যাপার। এই অবস্থায় এখানে আজকে এই প্রস্তাব নিয়ে আলোচনা হচ্ছে, অথচ এখানে আজকে মুখ্যমন্ত্রী উপস্থিত নেই। ৪/৫ জন শিক্ষামন্ত্রী আছেন, কিন্তু ওঁদের ভাষায় জ্যোতি বাবুর মত বিচক্ষণ মুখামন্ত্রীর-বামপন্থী তথাকথিত প্রগতিশীলদের ভাষায়-কাছ থেকে আমাদের অবিলম্বে জানতে হবে পশ্চিমবাংলার শিক্ষা এবং সংস্কৃতির প্রাণ-কেন্দ্র কলকাতা বিশ্ববিদ্যালয় সুষ্ঠুভাবে চলবে কিনা? এটা আজকে আমাদের দাবী, এটা শুধু সদস্য হিসাবেই আমাদের দাবী নয়, এই দাবী পশ্চিমবঙ্গের সাড়েপাঁচ কোটি মানুষের। তাদের দাবীকেই মান্নান সাহেব আজকে তাঁর প্রস্তাবের মধ্যে দিয়েই এখানে তুলে ধরেছেন।

Note : Expunged as ordered by the chair.

শুধু কলকাতা বিশ্ববিদ্যালয় কেন, কল্যাণী বিশ্ববিদ্যালয়ে কি হয়েছে? কি চলছে সেখানে? দিনের পর দিন খুনোখুনি চলছে। হোস্টেলগুলিতে ছাত্রদের পড়াশুনা বন্ধ হয়ে গেছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। আজকে নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি ক্যাম্পাসের মধ্যে কি কান্ড চলছে? যতক্ষণ না বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে বাগে আনতে পারছিলেন ততক্ষণ তাঁর বাড়িতে, অফিস চেম্বার-এ লাঠালাঠি, খুনোখুনি, রক্তারক্তি হয়েছে, হাসপাতালে ভর্তি পর্যন্ত হতে হয়েছে। সরকার পক্ষের সদস্যরা বিশ্ববিদ্যালয় এবং শিক্ষা ক্ষেত্রের দৃষ্টিভঙ্গীর কথা বললেন, এই যদি দৃষ্টিভঙ্গীর পরিচয় হয়, তাহলে Is it the reflection of educational qualities of the Left Front Government? এটা আমার প্রশ্ন এবং এই প্রশ্নই অত্যন্ত উদ্বেগের সঙ্গে মান্নান সাহেব ওঁর প্রস্তাবের মধ্যে দিয়ে নিয়ে এসেছেন। এই প্রশ্নগুলিকে বিতর্কের বিষয় হিসাবে ১৮৫ ধারায় মোসানের মধ্যে দিয়ে এখানে তুলে ধরা হয়েছে। আমি মান্নান সাহেবের প্রস্তাবকে সমর্থন করছি এবং সমর্থন করতে উঠে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, আজকে এ বিষয়ে সর্বস্তরে যে বিতর্কের ঝড় উঠেছে সে বিষয়ে তিনি হস্তক্ষেপ করুন। স্যার, আমি আপনার মাধ্যমে অবিলম্বে স্বয়ং মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি। দাবী করছি, মুখ্যমন্ত্রী আর এক মুহূর্ত দেরী না করে শুধু কলকাতার নয়, শুধু পশ্চিমবঙ্গের নয়, ভারতবর্ষের উত্তর-পূর্বাঞ্চলের সংস্কৃতির প্রাণ কেন্দ্র কলকাতা মহানগরীর বুকে যে কলকাতা বিশ্ববিদ্যালয় তাকে রক্ষা করুন। আমরা বুক ফুলিয়ে, মুখ তুলে বলি আমরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। আমরা সে সব মনীষীদের কথা কোট করে এখানে বক্তৃতা করি যাঁরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন। সুতরাং আমি দাবী করছি, অসুস্থ উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে নয়, মধ্যশিক্ষা দপ্তরের মন্ত্রীর কাছে নয়, আইনমন্ত্রীর কাছে নয়, ক্ষুদে, মাঝারী, সিকি এসব মন্ত্রী-টন্ত্রীর কাছে নয় স্বয়ং মুখ্যমন্ত্রীর কাছে।

আমি আপনার মাধ্যমে অবিলম্বে দাবী করছি মাননীয় মুখ্যমন্ত্রী আগামীকাল আজকে এই সভায় যে গুরুত্বপূর্ণ আলোচনা চলছে, দিল্লীতে কি আলোচনা চলছে তা দেখার দরকার নেই—আজকে এই বিধানসভায় যা উপস্থাপনা করা হয়েছে আমি বিরোধীদলের তরফ থেকে মান্নান সাহেবের প্রস্তাবের ভিতর দিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি অবিলম্বে তিনি এই অরাজক অবস্থার প্রতি হস্তক্ষেপ করে কলকাতা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ব্যবস্থার প্রাণ সঞ্চার করার জন্য উদ্যোগ নিন। ঐ *** উপাচার্য কি করলে, অমুক কি করে গেলেন, অমুক বিশ্ববিদ্যালয়ে কি হচ্ছে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কি রিপোর্ট দিলেন, সেন্ট্রাল বিশ্ববিদ্যালয় সম্বন্ধে কি লেখা হয়েছে, সিন্ডিকেটের সদস্যরা যতই উদ্বেগ প্রকাশ করুন, এইসব না দেখে আপনি ছাত্রদের কথা ভেবে, যে সমস্ত অভিভাবকেরা উদ্বেগজনক অবস্থায় আছেন তাঁদের কথা ভেবে, সংস্কৃতির প্রাণকেন্দ্র কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যতের কথা চিন্তা করে এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভিতরে বর্তমানে যে অরাজক অবস্থা চলছে তার সম্পূর্ণরূপে নিরসনের জন্য আমি আপনার মাধ্যমে দাবী করছি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করুন এবং নিরসনের প্রচেষ্টা চালিয়ে যান। আমরা বিরোধী পক্ষরা কথা দিচ্ছি, সংস্কৃতির প্রাণকেন্দ্রকে রক্ষা করার জন্য আমাদের সমস্ত রকম সহযোগিতা থাকবে যদি তাঁদের চিন্তাধারা পার্টির স্বার্থে বা দলের স্বার্থে না হয়, যদি তাঁদের চিন্তাধারা শিক্ষার স্বার্থে হয়, যদি তাঁদের চিন্তাধারা ছাত্রদের স্বার্থে হয়, কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে রাজনীতিকে দূরে সরিয়ে সত্যিকারের শিক্ষা ব্যবস্থা যদি প্রতিষ্ঠিত হয় তাহলে আমরা সমর্থন করবো। আমি পরিশেষে মান্নান সাহেবের প্রস্তাবকে সমর্থন করে এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পুনরায় দাবী জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকারঃ—সন্তোষ ভট্টাচার্যের নামটা বাদ যাবে।

শ্রী অনিল মুখার্জীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের সদস্যের কথা শুনে মনে হচ্ছে ভূতের মুখে রাম নাম। ওনারা বলছেন শিক্ষার কথা, যাদের রাজত্বে অখিলেশের মতন ছাত্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সামনে দুই কংগ্রেস নেতার দ্বন্দ্বে প্রাণ বলি দিল, যাদের নেতৃত্বে পশ্চিমবাংলার ডঃ গোপাল সেনের মতন উপাচার্য প্রাণ দিল, যাদের নেতৃত্বে সারা পশ্চিমবাংলার বিদ্যালয়গুলি চলতে লাগলো, যাদের নেতৃত্বে সারা পশ্চিমবাংলার মহা-বিদ্যালয়গুলি বন্ধ হয়ে গেল, যাদের নেতৃত্বে সারা পশ্চিমবাংলার বিশ্ববিদ্যালয়গুলি কতকগুলি জোতদার-জমিদারের আখড়ায় পরিণত হয়েছিল তারাই আজকে শিক্ষার কথা বলছেন? যাদের নেতৃত্বে আজকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে গোলমাল পাকানো হচ্ছে তাঁরাই বলছেন শিক্ষার মধ্যে নাকি আমরা গোলমাল করছি শুনলে অবাক লাগে। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা নিজেরাই ভেঙে, পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলাকে নিজেরাই নষ্ট করে এই বিধানসভায় এসে আবার বলে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে। ঠিক তেমনই কলেজে কলেজে, বিশ্ববিদ্যালয়ে বিশ্ববিদ্যালয়ে ছাত্র পরিষদের মাধ্যমে তান্ডব নৃত্য সুরু করে শিক্ষা ব্যবস্থাকে তছনছ করে দিয়ে আজকে বিধানসভায় এসে বলছেন শিক্ষা ব্যবস্থাকে বাঁচান।

[5.25 - 5.35 P.M.]

শুনলে হাসি পায় যে, আজকে কংগ্রেস এইকথা বলছে। আজকে আমরা কি করেছি? বামফ্রন্ট সরকারই বা এক্ষেত্রে কি করেছেন? ওঁদের নিয়োজিত গজেন্দ্র গাদকার কমিটির সুপারিশ অনুযায়ী ওঁদেরই মডেল এ্যাক্টের নিয়ম অনুসারে বা ধাঁচে বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে নতুন ইউনিভারসিটি আইন তৈরী করেছেন। সেই আইনের বলে বিভিন্ন ধরনের বিভিন্ন প্রতিনিধি সেখানে গেছেন। তবে সারা পশ্চিমবঙ্গের শিক্ষিত মানুষ আজকে যদি বামপন্থী হয়ে যান, আমরা কি করতে পারি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে (ওঁদের জ্বালার কারণ হচ্ছে, পশ্চিমবাংলার শিক্ষিত মানুষ ওঁদের ত্যাগ করেছেন এবং আমাদের দিকে এসেছেন। তাই ভি.সি.কে বাদ দিয়েও সেনেট এবং সিন্ডিকেটে মেজরিটি পান বামপন্থীরা এবং এটাই হচ্ছে ওঁদের উষ্মার কারণ। আজকের উপাচার্য *** এশিয়াটিক সোসাইটির কংগ্রেসীদের *** সঙ্গে নিয়ে দিল্লীতে গিয়ে দিল্লীর পদলেহন করছেন এবং শিক্ষাক্ষেত্রে রাজনীতি করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি খবরের কাগজে দেখেছেন যে, ভিসি.টু রিজাইন ইফ সেন্টার ডাজ নট ইন্টার্ভেন - এই হেডিংয়ে সমস্ত কাগজে খবর বেরিয়ে গেছে। আজকে এটা অত্যন্ত লজ্জা এবং ঘৃণার কথা, পশ্চিমবঙ্গের একজন ভি.সি. আজকে পশ্চিমবাংলার মানুষকে উপেক্ষা করে দিল্লীর কেন্দ্রীয় সরকার এবং কংগ্রেস নেতাদের কাছে পদত্যাগপত্র পেশ করতে গেলেন। এর চেয়ে লজ্জা এবং ঘৃণার ব্যাপার পশ্চিমবঙ্গে এর আগে আর ঘটেনি। এইরকম অপদার্থ উপাচার্যের সমর্থনে আজকে কংগ্রেসের বিধানসভার সদস্যরা এখানে ওকালতি করছেন দেখে লজ্জা লাগছে। বিশ্ববিদ্যালয়ের আজকের যে গণ্ডগোল - এটা কার পাপে কখন থেকে শুরু হোল? *** ১৯৮০ সালে যখন পুনরায় পার্লামেন্টে নির্বাচিত হয়ে ক্ষমতায় ফিরে এলেন, পাপটা তখন থেকেই শুরু হয়েছিল। কারণ ১৯৭৭ থেকে ১৯৮০ পর্যন্ত পশ্চিমবাংলার কোন বিদ্যায়তনে, কোন বিশ্ববিদ্যালয়ে কোনরকম গোলমাল ছিল না। যেইমাত্র *** নির্বাচিত হয়ে ক্ষমতায় ফিরে এলেন, সেই সময় থেকেই ছাত্র-পরিষদও আবার লাফিয়ে উঠলেন। তাঁরা বিশ্ববিদ্যালয়ে বিশ্ববিদ্যালয়ে তাণ্ডব শুরু করলেন মায়ের মদতে। তারপর থেকেই কেন্দ্রীয় সরকার এবং ইন্দিরা কংগ্রেস পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রে এবং আইন-শৃঙ্খলার ক্ষেত্রে এখানকার সমাজ-বিরোধী কংগ্রেসী নেতাদের দ্বারা গোলমাল পাকাতে শুরু করলেন। সুতরাং,

---

Note : Expunged as ordered by the chair.

শিক্ষাক্ষেত্রে যদি কোন উন্নতির চেষ্টা হয়ে থাকে, সেটা বামফ্রন্টে আমলেই হয়েছে। ১৯৭৭ সালের পর থেকে পশ্চিমবাংলায় এটা লক্ষ্য করেছেন বলেই ১৯৮২ সালের নির্বাচনে জনসাধারণ পুনরায় আমাদের পক্ষে রায় দিয়েছেন। এই নির্বাচনের প্রাক্কালে রাজ্যের আইন-শৃঙ্খলা এবং শিক্ষাক্ষেত্রের উপর অনেক প্রশ্নই আপনারা তুলেছিলেন, কিন্তু তার জবাব রাজ্যের মানুষ আপনাদের দিয়েছেন। আসলে, নিজেদের রোগ ওঁরা নিজেরাই ধরতে পারছেন না। নিজেদের রোগটা আগে ধরুন! আপনাদের একজন ছাত্র-পরিষদের নেতা, বর্তমানে যিনি লোকসভার সদস্য, তাঁকে বিশ্ববিদ্যালয়ের আইন কলেজে চুরি করে লেখার জন্য তাকে একটি ঘর দেওয়া হয়েছিল। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অখিলেশ যখন মারা যায়, তখন আমি ল'কলেজে পড়াই। সেই সময় আমরা পরীক্ষা হলে রিভলভার পর্যন্ত দেখেছি।

এই কংগ্রেস নেতাদের সেই কাজ। মাননীয় চেয়ারম্যান স্যার, শুধু তাই নয় ওনারা আজকে বলছেন বিশ্ববিদ্যালয়ে পুলিশের ফাঁড়ি হয়েছে। কিন্তু *** নির্দেশে ১৯৭৪ সালের পরীক্ষার হলে *** তখন ভাইস চ্যানসেলার ছিলেন। পুলিশ নিয়ে গিয়ে ল' কলেজে পরীক্ষা চালাতে হয়েছে। (শ্রী সুব্রত মুখার্জী: objection) বর্ধমানে পুলিশ নিয়ে গিয়ে পরীক্ষা চালাতে হয়েছে। বাঁকুড়া, হুগলী কলেজে এইসব অবস্থা হয়েছে, খোঁজ-খবর নিয়ে একটু দেখবেন। তখন ছাত্র-পরিষদের নেতাদের পড়াশোনা করতে হত না। এমন কি বই দিলে তারা নকল করতে পারতো না। অনেক সময় বাইরে থেকে খাতা লিখে নিয়ে গিয়ে পরীক্ষা হলে পাঠাতে হ'ত। আজকে ওনারা আবার শিক্ষা নিয়ে কথা বলতে এসেছেন! আপনারা যদি সতী হতেন তাহলে অপরের চরিত্র নিয়ে সমালোচনা করতে পারতেন। অসতীদের চরিত্র নিয়ে সমালোচনা করার অধিকার নেই। আগে নিজেদের কথা বলুন, তারপর সমালোচনা করবেন। আজকে দেবপ্রসাদ সরকার মহাশয় দুটো নৌকায় পা দিয়ে এমন প্রস্তাব এনেছেন যেটার সমর্থন করা যায় না। তাই আমি ওনার প্রস্তাবের বিরোধিতা করছি। কংগ্রেসের পক্ষ থেকে যে প্রস্তাব আনা হয়েছে তার বিরোধিতা করছি! অমিয়বাবু যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবদুল মান্নান : স্যার আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। স্যার, এই হাউসে একটা কনভেনসান আছে যে এই হাউসের যিনি সদস্য নন তার সম্বন্ধে কোন কিছু উল্লেখ করা যাবে না। একটু আগে মাননীয় সদস্য শ্রী অনিল মুখার্জী মহাশয় এখানে এমন একজনের কথা উল্লেখ করেছেন যিনি এই হাউসের সদস্য তো দূরের কথা আপামোর ভারতবর্ষের নেত্রী এবং তিনি আজ মৃতা। সেই নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী সম্বন্ধে তিনি বলেছেন - শ্রীমতী ইন্দিরা গান্ধীর নির্দেশে এইসব হয়েছে। এটা প্রথা বিরোধী বলে আমি মনে করি। এই কথাগুলি আপনি এক্সপাঞ্জ করুন। শ্রীমতী ইন্দিরা গান্ধীর নির্দেশে এইসব হয়েছে - এই কথাগুলি এক্সপাঞ্জ করার দাবি জানাচ্ছি।

মিঃ চেয়ারম্যান : রেকর্ড দেখে এটা করা হবে।

শ্রী মতীশ রায় : আজকে বিভিন্ন বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে ৩ জন মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের বিভিন্ন দিক আছে। কিন্তু একটা কথা আমি পরিষ্কার করে বলতে চাই আমাদের বিরোধী দলের বন্ধুরা গণতন্ত্রের যে ব্যাখ্যা দেন, গণতন্ত্র সম্বন্ধে তাদের যে চিন্তাধারা আমাদের চিন্তাধারার সঙ্গে মৌলিক পার্থক্য আছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য নিয়োগের ক্ষেত্রে রাজ্য মন্ত্রীসভার অনুমোদন নিয়ে উচ্চশিক্ষামন্ত্রী তৎকালীন আচার্য্যকে যে সুপারিশ করেছিলেন সেই সুপারিশ তিনি গ্রহণ করেননি। আচার্য্য তাঁর বিশেষ ক্ষমতা বলে যে কাজ তিনি করেছিলেন সেটা আমরা আজও ভুলিনি এবং সেটা গণতন্ত্রের পরিপন্থী এবং গণতন্ত্র বিরোধী। শিক্ষা নিয়ে ওনারা বারে বারে বলেছেন যে, বামফ্রন্ট যে শিক্ষানীতি গ্রহণ করেছে সেটা ভুল। এই শিক্ষানীতির ফলে জনসাধারণ ক্ষতিগ্রস্ত হয়েছে। শিক্ষা নিয়ে ওনারা যেমন জনসাধারণের কাছে বলেছেন আমরাও বলেছি। তারপরে ২ বার নির্বাচন হয়ে গেল এবং সেখানে জনসাধারণ সঠিক রায় দিয়েছে। সেই রায়ে প্রমাণ হয়ে গেছে যে বামফ্রন্ট সরকারের শিক্ষানীতি সঠিক। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যাঁরা নির্বাচিত প্রতিনিধি অর্থাৎ সেনেট এবং সিন্ডিকেটের সদস্যদের পরামর্শমতো উপাচার্য্য বিশ্ববিদ্যালয়ের কাজ পরিচালনা করে থাকেন, এটাই হচ্ছে প্রচলিত ব্যবস্থা।

[5.35 - 5.45 P.M.]

আজকে যে অবস্থা দেখা যাচ্ছে তা হচ্ছে, বর্তমান উপাচার্য তাঁর ক্ষমতাবলে কতকগুলি কাজ যা করেছেন, তাকে আমরা মনে করি গণতন্ত্র বিরোধী। আইনের বিশেষ ক্ষমতার কথা তিনি ঘোষণা করেছেন। সিনেট এবং সিণ্ডিকেটের নির্বাচিত প্রতিনিধিরা উপাচার্যের কাছে প্রস্তাব এনেছেন যে ঐ ৫ জন কর্মচারী যদি দোষী হয়, তাঁরা নিশ্চয়ই শাস্তি পাবেন। দেশের প্রচলিত আইনের মাধ্যমে তাঁদের শাস্তি দেওয়া যেতে পারে। মাননীয় উপাচার্যের সম্বন্ধে কোন বক্তব্যই সিনেট এবং সিণ্ডিকেটের সদস্যরা রাখেননি। তাঁরা শুধু বলেছেন যে, অপরাধীকেও তো বলার সুযোগ দিতে হবে; বিশেষ ক্ষমতাবলে কাউকে কর্মচ্যুত করা যাবে না। এই বিধানসভার বুকে আমরা ৩১১ নম্বর ধারার বিরুদ্ধে প্রস্তাব যখন পাশ করছি, তখন বিশ্ববিদ্যালয়ের ৯৬ ধারার ক্ষমতাবলে উপাচার্য যেভাবে ৫ জন কর্মচারীকে বরখাস্ত করলেন, তা কি মেনে নেওয়া যেতে পারে? সিনেটের পক্ষ থেকে তাঁরা বলেছেন যে ঐ কর্মচারীদের সাসপেণ্ড করে ১ মাসের মধ্যে তাঁদের বক্তব্য শুনে চূড়ান্ত সিদ্ধান্ত তিনি নিন। সেক্ষেত্রে তাঁরা কোন আপত্তি জানাবেন না। সেই সিদ্ধান্তে যদি তাঁরা দোষী সাব্যস্ত হয়, তাহলে তা তাঁরসঙ্গে একমত হয়ে তাঁরা গ্রহণ করবেন। দুঃখের বিষয়, উপাচার্য সদস্যদের সেই প্রস্তাব গ্রহণ করেননি এবং তিনি উল্টো রাস্তা গ্রহণ করেছেন। এইভাবে গণতান্ত্রিক পরিবেশ বজায় থাকে না বা সাধারণ মানুষের কাছে গ্রহণযোগ্য হতে পারে না। আজ বিভিন্ন পত্র-পত্রিকায় কলকাতা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে যে খবর বেরোচ্ছে তাতে আমরাও চিন্তিত। কিন্তু তা দূর করতে কেন্দ্রের কাছে আবেদন করলে কি দূর হবে, না মিটবে? কলকাতা বিশ্ববিদ্যালয়ের মর্যাদা তাতে বাড়বে না। তিনি এখন কেন্দ্রের কাছে আব্দার করছেন যে, এই বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় স্তরে তুলে নিলে অবস্থার পরিবর্তন হবে। এই কাজ করে কি উপাচার্যের যোগ্যতা প্রমাণিত হয়? যেহেতু এইভাবে সমস্যার সমাধান হতে পারে না, সেইজন্য আমরা যে কোন ভাবেই হোক না কেন কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপের চূড়ান্ত বিরুদ্ধে। এরফলে বরং পশ্চিমবাংলায় শিক্ষা জগতে সমস্যার সৃষ্টি হবে। শুধুমাত্র কলকাতা বিশ্ববিদ্যালয় নয়, বর্ধমান এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলো পরিচালনার ক্ষেত্রে বামফ্রন্ট সরকার একটা সুষ্ঠু নীতি নিয়েছেন। বিরোধিপক্ষের সদস্যরা আজ সমালোচনা করছেন দেখছি। কিছুদিন আগে পাশের রাজ্য বিহারে পাটনা বিশ্ববিদ্যালয়ের ভাইস্ চ্যান্সেলারকে ওখানকার রাজ্যপাল বিশেষ ক্ষমতাবলে পদচ্যুত করেছেন। এরফলে সেখানকার ছাত্র-শিক্ষক, অধ্যাপক সমিতির সদস্য এবং ওখানকার শাসকদলের অনেকেই রাজ্যপালের ঐ কাজের বিরুদ্ধে ধিক্কার জানাচ্ছেন এবং আন্দোলন করছেন। পশ্চিমবাংলার বুকে আমরা সেই কাজকে সমর্থন করি না। আমরা সুষ্ঠুভাবে পরিচালনার কথা বলি। এর পরেও ওঁরা বলেন যে বামফ্রন্ট সরকার সুষ্ঠুভাবে এখানে কাজ করতে পারছেন না, অগণতান্ত্রিক কাজ করছেন ইত্যাদি।

Note : Expunged as ordered by the chair.

আব্দুল মান্নান তাঁর প্রস্তাবের মধ্যে যে সমস্ত কথা উল্লেখ করেছেন, তার উপযুক্ত স্থান হচ্ছে সিনেট এবং সিণ্ডিকেটের সভায় আলোচনা করা। ঐ সমস্ত বিষয় নিয়ে সেখানেই আলোচনা হতে পারে এবং সর্বসম্মত সিদ্ধান্ত সেখান থেকেই গৃহীত হতে পারে। সেখানে শিক্ষাবিদ্‌রা আছেন, এই বিষয় নিয়ে আলোচনা সেখানে হলে তাঁরা সব জানতে পারবেন এবং সার্বিক উন্নতির পথ প্রশস্ত করা যেতে পারে। গণতান্ত্রিক ব্যবস্থাকে ধ্বংস করে স্বৈরতান্ত্রিক শাসন কায়েম করার একটা প্রবণতা আজ প্রশাসনের মধ্যে, কেন্দ্রীয় সরকারের মধ্যে বিশেষভাবে দেখা যাচ্ছে। এটাকে বিশেষভাবে বন্ধ করতে হবে। শিক্ষাক্ষেত্রে গণতান্ত্রিক পরিবেশকে বজায় রাখতে হবে। সেজন্য কলকাতা বিশ্ববিদ্যালয়ের বুকে যে অচলাবস্থা আজ সৃষ্টি করেছেন, তা দূর করতে হলে উপাচার্যকে স্থির মনে এই সমস্ত কথা চিন্তা করতে হবে। তাঁকে চিন্তা করে দেখতে হবে যে সিনেট ও সিণ্ডিকেটের সদস্যদের সঙ্গে সংঘর্ষে যাবেন, না, সুস্থ আলোচনার মাধ্যমে যে প্রস্তাব গৃহীত হবে সেইভাবে বিশ্ববিদ্যালয়ের কাজকর্ম পরিচালনা করবেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের বুকে অতীতে অনেকবারই আন্দোলন হয়েছে। বর্তমানে সেখানে যে আন্দোলন চলছে, তা দূর করতে গেলে যা করণীয় রাজ্য সরকার তা করার চেষ্টা করে চলেছেন। উপাচার্য, অধ্যক্ষ, এঁদের যে রাজনীতি বা ইতিহাস থাকুক না কেন, তিনি বিশেষ কোন চেয়ারে বসার পর তাঁর সেই মনোভাব নিশ্চয়ই পরিবর্তন হওয়া দরকার।

কংগ্রেস বন্ধুরা তাঁকে কেন্দ্র করে পশ্চিমবঙ্গে একটা নতুন ব্যবস্থা তৈরী করার চেষ্টা করছেন এবং সেই কারণে কংগ্রেসীরা বলছেন যে, পশ্চিমবঙ্গে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য সৃষ্টি হয়েছে। আমার একজন অধ্যাপক বন্ধু কিছুদিন আগে বললেন যে রাণাঘাটে তার এলাকায় একটি কলেজে শিক্ষাবিদ এবং ছাত্রদের নিয়ে একটা সম্মেলন হয়েছিল, সেখানে এই ব্যাপারে সম্মেলনটি হয়েছিল যে কি করে অধ্যাপক এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে সম্পর্কের উন্নতি করা যায়। সেখানে দেখা গেল কিছু ছাত্র পরিষদের ছেলে কলেজে তাদের বক্তৃতার মধ্যে বললো যে তাদের অধ্যাপকের বিরুদ্ধে কোন বিশেষ অভিযোগ নেই, শ্রদ্ধা পাওয়ার ব্যাপারে তাঁরা নিশ্চয়ই অধিকারী এবং তাদের কাজের কোন বিরোধীতা করবে না, তবে সেখানে পরীক্ষার সময়ে পরীক্ষার টেবিলে বসে যদি বই রেখে টোকাটুকির কাজ করে সেখানে অধ্যাপকরা বাধা দেবেন না এটাই আজকে আমাদের অধিকার। আজকে কংগ্রেস বন্ধুদের যদি এই চিন্তা হয়ে থাকে যে শিক্ষা ক্ষেত্রে এটাই তাদের গণতান্ত্রিক অধিকার তাহলে শিক্ষা জগতের কি অবস্থা হবে ভেবে দেখুন। আমাদের অধ্যাপক বন্ধু বললেন যে, এইভাবে ছাত্র-শিক্ষকের মৈত্রী কখনোই গড়া যায় না। তাদের প্রতিটি ক্ষেত্রে একটা বিশেষ চিন্তাধারা এবং দায়িত্ব পালন করতে হবে এবং ছাত্রদেরও পরীক্ষা দেওয়ার ক্ষেত্রে যে প্রচলিত নিয়ম আছে সেই নিয়ম মেনে চলতে হবে। কংগ্রেস বন্ধুরা এবং এস. ইউ. সি. বন্ধুরা যে প্রস্তাব এনেছেন সেটা সমর্থনযোগ্য নয়। এখানে মাননীয় অমিয় ব্যানার্জী মহাশয় যে প্রস্তাব এনেছেন যে গণতন্ত্রকে পুরোপুরি বাঁচিয়ে রেখে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উন্নতি করবো না উভয়পক্ষের জাতকুল বাঁচিয়ে একটা মাঝামাঝি অবস্থায় এর উন্নতি করবো - এই বিষয়ে একটা সুস্পষ্ট সিদ্ধান্ত নিতে হবে। আপনারা যখন ইংরাজি রাখার পক্ষে আন্দোলন করেছিলেন তখন বাংলাদেশের জনগণ আমাদের পক্ষে রায় দিয়েছিলেন। সুতরাং মাননীয় সদস্য শ্রী অমিয় ব্যানার্জী মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন করে এবং আমাদের বিরোধী বন্ধু আবদুল মান্নান এবং শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয় যে প্রস্তাব তার বিরোধীতা করছি। আজকে আমি মনে করি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে শিক্ষাক্ষেত্রে যদি সুষ্ঠভাবে কাজ পরিচালনা করতে হয় তাহলে গণতান্ত্রিক ব্যবস্থার মাধ্যমে সিণ্ডিকেট এবং সিনেটের উপযুক্ত মর্য্যাদা দিয়ে উপাচার্য্যকে কার্য্য পরিচালনা করতে হবে, তাদের সঙ্গে সংঘাত করে নয়। আজকে উপাচার্যের বিরুদ্ধে আমাদের কোন ব্যক্তিগত সংঘাত নেই, তাঁর নীতির বিরুদ্ধে আমাদের সংঘাত। তাঁর এই স্বৈরাতান্ত্রিক মনোভাব পরিবর্তন করতে হবে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে যে স্বৈরাতান্ত্রিকতা সৃষ্টি করতে চাইছেন এরজন্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আচার্য্য কেন্দ্রীয় সরকার এবং উপাচার্য্য দায়ী। এইকথা বলে মাননীয় অমিয় ব্যানার্জী মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে যে ৩টি প্রস্তাব উত্থাপন করা হয়েছে আমি সেই সম্পর্কে বলতে গিয়ে মাননীয় সদস্য শ্রী অমিয় ব্যানার্জী মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন করছি। কলিকাতা বিশ্ববিদ্যালয় শুধু পশ্চিমবঙ্গের গর্ব নয়, ভারতবর্ষের একটা গর্বের স্থান এবং এখান থেকে বহু মনীষী শিক্ষা লাভ করে শিক্ষাদান করে শুধু ভারতবর্ষে নয়, সারা বিশ্বের দরবারে সুপ্রতিষ্ঠা অর্জন করেছেন। সেই শিক্ষা প্রতিষ্ঠানে যে গোলযোগ দেখা দিয়েছে এবং যে সংকট সৃষ্টি হয়েছে তাতে যে কোন শুভবুদ্ধিসম্পন্ন নাগরিকের মনে উদ্বেগ হবে।

কিন্তু কেন এই সংকট? সত্য বাপুলী মহাশয় সেই প্রশ্নের উত্থাপন করলেন। কিন্তু তার গোড়ায় না গিয়ে কিছুটা পরে ঘটনার বিশ্লেষণ করে তার উত্তর দিয়েছিল। কেন্দ্রে একটা সরকার আছেন, সেই সরকার ইচ্ছা করলে সেই সরকারের সুপারিশ মত কাজ করতে পারেন প্রয়োজন মত সিনেট সিণ্ডিকেটকে লঙ্ঘন করে, জুনিয়ার লোককে সুপ্রীম কোর্টের জাস্টিস করতে পারেন। কিন্তু কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইনে উপাচার্য নিয়োগের বিষয়ে পরিষ্কার বলা আছে যে, ৩টি নামের প্যানেল হবে তার মধ্যে থেকে আচার্য্য রাজ্য সরকারের সঙ্গে পরামর্শ করে উপাচার্য নিয়োগ করবেন। যিনি ভোটের সর্বোচ্চ অধিকারী তাঁকে নিয়োগ করা হবে এমন কথা নেই এবং তাহলে আচার্যের সঙ্গে সরকারের পরামর্শের দরকার ছিল না। আইনের সেই স্পিরিটকে উপেক্ষা করে আচার্য উপাচার্য নিয়োগ করলেন একটা বিশেষ উদ্দেশ্য নিয়ে। এই কথা তৎকালীন আচার্য লোকসভা নির্বাচনের সময় স্বীকার করেছেন যে আমি কয়েক মাস কলকাতায় থাকার ফলে কংগ্রেসের এম.পি.র সংখ্যা ৪ থেকে ১৬ হয়েছে এবং আর কিছুদিন থাকলে এখান থেকে বামফ্রন্ট সরকারকে সরিয়ে দিতে পারতাম। অর্থাৎ আচার্যের এই পদে বসে তিনি শিক্ষা প্রতিষ্ঠানকে কলুষিত করার চেষ্টা করে গেছেন। সেখান থেকেই গোলযোগের সৃষ্টি হয়েছে। এই সমস্যা সমাধানের জন্য কলকাতা বিশ্ববিদ্যালরে আইনে যেসব স্ট্যাটুট, অর্ডিন্যান্স, রেগুলেশনস আছে তার মাধ্যমে যদি সমাধান করার চেষ্টা করা হোত, এরকম অবস্থা হ'ত না। তা না করে একটা এক্সট্রা কনস্টিটিউশানাল মেথডে দেখা হচ্ছে। এর ফলে কিছু লোক দিল্লীতে গিয়ে বলছেন এই সমস্যার সমাধান হবে না যদি না একে ন্যাশনাল ইন্সটিটিউট করা হয়। উপাচার্যের সহযোগিতার মনোভাব নিয়ে সমস্যা সমাধানের দিকে এগিয়ে যাওয়া উচিত ছিল। কিন্তু তাঁর বিপথে চালিত হবার জন্য সমস্যা তীব্র হচ্ছে। যাঁরা কলকাতা বিশ্ববিদ্যালয়কে ইন্সটিটিউট অফ্ ন্যাশনাল ইমপর্ট্যান্স করার কথা বলছেন তাঁরা কি জানেন গণি কমিটি কোন পরিপ্রেক্ষিতে একথা বলেছিলেন? গণি কমিটি বলেছিলেন পঠন-পাঠন, গবেষণার জন্য প্রচুর টাকার দরকার যেটা রাজ্য সরকার বহন করতে পারবেন না এবং কেন্দ্রীয় হলে কেন্দ্রীয় সরকার টাকা দেবেন এবং উন্নয়নের অসুবিধা হবে না। তারপর অনেক জল গড়িয়ে গেছে। আজকে সংবিধানকে সংশোধন করে কংকালের লিষ্টে আনা হয়েছে এবং তারফলে কলকাতা বিশ্ববিদ্যালয়কে টাকা দিকে কেন্দ্রের কোন অসুবিধা নেই। সুতরাং জাতীয় বিশ্ববিদ্যালয়ের চিন্তা না করে এর উন্নয়নের কথা চিন্তা করা উচিত। কিন্তু বর্তমান উপাচার্য আইনের বিধান লঙ্ঘন করে, সিনেট, সিণ্ডিকেটের সঙ্গে পরামর্শ না করে অগণতান্ত্রিক পথে আত্মপক্ষ সমর্থন করার সুযোগ না দিয়ে কয়েকজন কর্মচারীকে ছাঁটাই করলেন। যাই হোক জাতীয় বিশ্ববিদ্যালয় হবে এ কথা কোন রিপোর্টের রেকমেণ্ডেশানে নেই। আজ আমরা কি দেখছি?

[5.45 - 5.55 P.M.]

জাতীয় গুরুত্বপূর্ণ বিশ্ববিদ্যালয় বেনারস হিন্দু ইউনিভার্সিটি, আলিগড় বিশ্ববিদ্যালয় এইসব বিশ্ববিদ্যালয়ের কথা চিন্তা করুন, কেন্দ্র থেকে যেসব বিশ্ববিদ্যালয়

পরিচালিত হচ্ছে সেইসব বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রের আমলাতান্ত্রিকতার জন্য ক্যাম্পাসে যে গোলমাল সৃষ্টি হচ্ছে তার ফলে সেইসব শিক্ষাপ্রতিষ্ঠান আজকে কোন পর্যায়ে গিয়ে পৌঁছেছে সেটা চিন্তা করে দেখুন। তাই আমি মনে করি জাতীয় গুরুত্বপূর্ণ বিশ্ববিদ্যালয় হিসাবে কলকাতা বিশ্ববিদ্যালয়কে চিহ্নিত করলে আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে সমস্যা সেই সমস্যা সমাধান করা যাবে না, তার সমাধান করতে হবে স্ট্যাটুট, অর্ডিন্যান্স, রেগুলেশান্স ইত্যাদি নানা যেসব পদ্ধতির উল্লেখ রয়েছে তার মাধ্যমে। সিনেট, সিণ্ডকেটের সঙ্গে সহযোগিতা করে উপাচার্যকে সেই সমস্যার সমাধান বের করতে হবে। সেজন্য শ্রী আবদুল মান্নান এবং দেবপ্রসাদ সরকার যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে সমর্থন করতে পারছি না, মাননীয় সদস্য শ্রী অমিয় ব্যানার্জী যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ৩টি প্রস্তাব নিয়ে কোন বিস্তারিত আলোচনার সুযোগ নিচ্ছি না, খুব গুরুত্বপূর্ণ এই তিনটি প্রস্তাব সেই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু যদি ঠিক ঠিক করে সমস্ত সদস্যরা বিচার করতেন এবং শিক্ষা সংক্রান্ত ব্যাপারে উদাসীন না থেকে দায়িত্বশীল সরকার এবং আমরা সংসদের কাজ করতে পারতাম তাহলে আমার মনে হয় আবদুল মান্নান প্রস্তাবকে সমর্থন না করার কোন কারণ দেখতে পাই না। কি চাই আমরা? একটা সরকার চলছে, কলকাতা বিশ্ববিদ্যালয়, অন্যান্য বিশ্ববিদ্যালয় এবং শিক্ষা বিভাগের কাজকর্ম চলছে, একবার কাউকে দিয়ে একটা কমিটি করিয়ে দিন, সেই কমিটি দেখে আসুক কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে বাংলাদেশের প্রত্যেকটি বিশ্ববিদ্যালয় এবং সরকারী কলেজগুলির অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে, দু'টি বিভাগের আমি নাম বলতে পারি যে দু'টি বিভাগে সত্যিকারের উন্নতি হওয়া তো দূরের কথা চূড়ান্ত নৈরাজ্য চলছে - তার একটা হল স্বাস্থ্য বিভাগ, অপরটি হল শিক্ষা বিভাগ। ঠিক পশুপালন বিভাগকে এই সরকার টার্গেট করে আজকে শিক্ষা দপ্তরকে পশুপালন দপ্তরে পরিণত করেছেন। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের ইতিহাসের কথা বললেন পরীক্ষায় গণ-টোকাটুকি করেছে। আজকে বাজারের কথা শুনলে অবাক হবেন টোকাটুকি করতে হচ্ছে না, ভাইস-চ্যান্সেলার, ডীন, যারা এঁদের দলের লোক. এঁদের আত্মীয়স্বজন, তাদের সরাসরি নাম্বার বাড়িয়ে পাশ করিয়ে দিচ্ছে। সেই নজির আমার কাছে আছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা দেবার দরকার হচ্ছে না, এরা ছেলেদের দিয়ে জবরদস্ত কায়দায় ইউনিয়ন দখল করে রাখতে পারবে। আজকে একটা লোকাল কথা শোনা যাচ্ছে, নকল করার দরকার নেই, বাসী করা হচ্ছে। যারা পরীক্ষার্থী তাদের পরীক্ষা দিতে হয় না। তাদের খাতা পরীক্ষা হল থেকে বেরিয়ে যায়, বাজার থেকে এক্সপার্ট দিয়ে উত্তর লেখান হয়, পরীক্ষা হয়ে যায়। কোন এক সময় নকলের ব্যাপার ছিল, এখন নকল হচ্ছে না, বাসী হচ্ছে। আমরা চাই কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে সমস্যা সেই সমস্যার সমাধান হোক। নির্বাচিত সিনেট, সিন্ডিকেটের হাতে সত্যিকারের ক্ষমতা থাকা উচিত বলে আমরা মনে করি, শিক্ষার সাথে যুক্ত সমস্ত ব্যক্তিরা বিশেষ করে শিক্ষাবিদরা এটা সমর্থন করে। কিন্তু অবাক ব্যাপার, আমি প্রথম দু'টি রেজিলিউশানের কথা তুলছি না, তৃতীয় প্রস্তাবটা কি? আমি একথা বলতে পারি বর্তমান ভাইস-চ্যান্সেলার যে ট্রেড ইউনিয়ন মুভমেন্টের কথা কলকাতা বিশ্ববিদ্যালয়ে তুলেছেন এইরকম যদি লড়াই চলতে থাকে সি পি এম-এর আধিপত্য থাকবে, না, সন্তোষ ভট্টাচার্য্যের আধিপত্য থাকবে তাহলে বিশ্ববিদ্যালয়কে তো অম্লানে বিক্রি করতে হবে। মাসের পর মাস, দিনের পর দিন বিশ্ববিদ্যালয়কে তালা বন্ধ করে রাখতে হবে।

[5.55 - 6.05 P.M.]

সরকারের কি কোন দায়িত্ব ছিল না যে দায়িত্বের বলে তাঁরা কলকাতা বিশ্ববিদ্যালয়কে এই নৈরাজ্য থেকে মুক্ত করতে পারে? সিনেট এবং সিন্ডিকেটে তো তাদের প্রাধান্য রয়েছে। আমরা চাই এই অরাজকতার অবসান হোক। মাননীয় সদস্য অমিয়বাবু কি করে এই রিজিলিউশান আনলেন আমি সেটা বুঝতে পারছিনা। তিনি শিক্ষার সঙ্গে যুক্ত মানুষ এবং দীর্ঘদিনের অধ্যক্ষের পদে আছেন। আমি তাঁর প্রমি সম্মান জানিয়ে বলছি, তিনি একজাক্ট যে পয়েন্ট এনেছেন তার সঙ্গে ১৯৭৪ সালের সেপ্টেম্বর মাসে রাজ্যের শিক্ষা সম্পর্কে তাঁরা যে রিজিলিউসন পাঠিয়েছিলেন সেটা দেখার চেষ্টা করুন। আমি মনে করি একটা মানুষের ন্যূনতম সততা থাকা দরকার. একটা রাজনৈতিক দলের একটা ন্যূনতম চরিত্র থাকা দরকার যে একই চিন্তা নিয়ে তাঁরা এগিয়ে যাবেন। ১৯৭৪ সালে সেপ্টেম্বর মাসে তাঁরা কি রেজিলিউসন এনেছিলেন সেটা আমি বলছি। এটা এনেছিলেন সন্তোষ ভট্টাচার্য্য, রমেন পোদ্দার, ডাঃ মনীন্দ্রমোহন চক্রবর্তী, ডি এল গাঙ্গুলী এবং আর কিছু মার্কসবাদী ভিনরা। তাঁরা বলেছিলেন, We realise that the Centre may not have enough resources to take over the financial responsibility for all the universities in the country at one stroke. But a beginning must be made and the obvious first step would be to consolidate positions at the leading universities of the country. The University of Calcutta is the first of the largest university in India with its largest Post-Graduate sector and can therefore claim a pre-eminent position in this regard. We, therefore urge the Parliament to declare that the University of Calcutta as an institution of national importance under schedule VII list I, entry 63, so that the Government of India becomes bound by law to meet the financial requirements of the university in full. স্যার উদাহরণস্বরূপ এখানে বিশ্বভারতীর কথা বলা হয়েছে। হ্যাজ বিশ্বভারতী লস্ট ইটস সংপেশাল্স ক্যারেক্টার? আজকে কেন্দ্র যদি হস্তক্ষেপ করে, কেন্দ্র যদি দায়িত্ব নেয় তাহলে কি বিশ্ববিদ্যালয়ের চরিত্র নষ্ট হয়ে যাবে? আমি বুঝতে পারছিনা কোন যুক্তিতে তাঁরা এরকম একটা দায়িত্বজ্ঞানহীন প্রস্তাব এনেছেন। এটা শুধু তাঁদের ঔদাসিন্যতার ফল নয়, এটা তাদের দৈন্যতা। আমরা নীতিগতভাবে শিক্ষা জগতকে বাঁচাবার চেষ্টা করছি।

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে যে ৩টি প্রস্তাব এসেছে তারমধ্যে আমি আবদুল মান্নান এবং দেবপ্রসাদ সরকারের প্রস্তাবের বিরোধিতা করছি এবং অমিয়বাবুর প্রস্তাব সমর্থন করে বক্তব্য রাখছি। মাননীয় সদস্য আবদুল মান্নান তাঁর প্রস্তাবে রাজ্যের উচ্চ শিক্ষার ক্ষেত্রে "ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়গুলির" কথা বলেছেন। কিন্তু বক্তৃতার সময় দেখলাম, একমাত্র কলকাতা বিশ্ববিদ্যালয় ছাড়া আর কারুর কথা তিনি বলেননি। ঐটা আমার কাছে খুব অবাক লাগল। কংগ্রেস দলের পক্ষ থেকে যাঁরা প্রকৃতই আমাদের দেশে উচ্চ শিক্ষার প্রসার চান তাঁদের কাছে একটা কথা বলতে চাই। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রক বলেছেন নূতন বিশ্ববিদ্যালয় সংস্থাপনের পক্ষে তাঁরা নয়, নূতন কোন কলেজ সংস্থাপনের পক্ষেও তারা নয়।

এই মনোভাব তারা পোষণ করেন। আমি মাননীয় সদস্য আবদুল মান্নান সাহেব এবং সুব্রত মুখার্জী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সম্প্রতি লোকসভা এবং রাজ্যসভা সিদ্ধান্ত এবং কেন্দ্রীয় সরকারের শিক্ষা সংক্রান্ত অ্যাপ্রোচ পেপার—৫৩ প্যারাগ্রাফ পেজ নং ২৪ - সেখানে বলেছে ১৭ থেকে ২৩ পর্যন্ত যাদের বয়স যারা কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে পড়ে - ফিলিপাইনে এইসব ছেলেমেয়েরা পড়ে শতকরা ২৫ জন এবং অন্যান্য রাজ্যগুলিতে শতকরা ৩০ জন পড়ে। দক্ষিণ কোরিয়ায় শতকরা ১৮ জন পড়ে এবং জাপানে শতকরা ৩০ জন পড়ে। আমি অনুন্নত দেশগুলির কথা তুলছি। আর সেখানে ভারতবর্ষে শতকরা ৪.৮ জন মাত্র পড়ে। এতে আমাদের মাথা নিচু

হওয়া উচিত। উচ্চ শিক্ষার ক্ষেত্রে এই অবস্থার কথা না বলে অন্য কথা বলার প্রয়োজন নাই। যেখানে শতকরা ৪.৮ উচ্চ শিক্ষার সুযোগ পায় সেখানে ওদের দলের পক্ষ থেকে এইসব কথা এবং এইরকম উদ্বেগ প্রকাশ করার পিছনে কতটুকু আন্তরিকতা আছে সেটা আপনারা বুঝতে পারছেন। ঐ বইয়ের ২.৭ প্যারাগ্রাফ বলেছে এবং এটা অশোক মিত্রের তৈরী করা প্রতিবেদন নয় - কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এই প্রতিবেদন - যেখানে বলেছে যদি কনষ্ট্যান্ট প্রাইস ধরতে হয় ১৯৫০-৫১ সালে উচ্চশিক্ষার ক্ষেত্রে কত ছিল এবং তার যে খরচ হোত ৪ হাজার টাকা সেটা এসে দাঁড়িয়েছে ৩ হাজার ৬০০ টাকা মাথা পিছু। ছাত্রদের প্রতি ব্যয়ের পরিমাণ কমে এসেছে। এর থেকে এটা প্রতীয়মান হয় উচ্চশিক্ষা সম্প্রসারণ হোক এটা কংগ্রেস দল চান না। উচ্চশিক্ষা অভিলাষী উচ্চশিক্ষা পাক এটা কংগ্রেস দল চান না। তারা বিশ্ববিদ্যালয় সম্পর্কে যে অহেতুক অভিযোগ উত্থাপন করেছেন মাননীয় সদস্য আবদুল মান্নান। আমি শুনেছি উনি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং উনি ফার্স্ট ক্লাস পেয়েছিলেন। সত্য কিনা জানি না। কিন্তু ২৩ মার্চ ১৯৭৩ সালে কংগ্রেস সদস্য তুহীন সামন্ত এই বিধানসভায় বক্তৃতা করেছিলেন বর্ধমান বিশ্ববিদ্যালয় সম্পর্কে একটা ইনসিডেন্ট ব্যাপারে। তিনি বলেছিলেন একটা ছাত্র এক বছরে পাঁচটা পরীক্ষা দিয়েছে। অনার্স দিয়েছে, এম কম দিয়েছে, বি এ দিয়েছে এবং লাইব্রেরী সায়েন্স দিয়েছে। এক সঙ্গে ৫টি পরীক্ষা দিয়েছে একটি ছাত্র বর্ধমান বিশ্ববিদ্যালয়ে - অর্থাৎ মান্নান সাহেবের বিশ্ববিদ্যালয়ে। আবার জিওলজি ডিপার্টমেন্টে ১৯টি ছেলে পরীক্ষা দিয়েছে তার মধ্যে ১৮টি ছেলে ফার্স্ট ক্লাস পেয়েছে। জানি না মান্নান সাহেব যদি ফার্স্ট ক্লাস পেয়ে থাকে তাহলে কিভাবে ফার্স্ট ক্লাস পেয়েছে। আমি তাকে স্মরণ করিয়ে দিতে চাই তিনি বিশ্ববিদ্যালয় সম্পর্কে তিনি যা বলেছেন তাতে বলি সম্প্রীতি কেন্দ্রীয় সরকার ইন্দিরা গান্ধী - অর্থাৎ প্রধানমন্ত্রীর নামাঙ্কিত যে বিশ্ববিদ্যালয় সম্পর্কে রাজ্যসভা এবং লোকসভায় বলা হয়েছে যে সেখানে যে পরিচালক সমিতি হবে সেটা কেন্দ্রীয় সরকারের মনোনীত সমিতি হবে। গণতন্ত্রের লেশমাত্র সেখানে নেই। বিশ্ববিদ্যালয়ের মনোনীত সমিতি কোন চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারবে না। কর্মচারী নিয়োগ করতে পারবে না। কাউকে বরখাস্ত করতে পারবে না। কেন্দ্রীয় সরকারের মনোনীত উপাচার্য তা করতে পারবে। একজন ভিজিটর যিনি কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রী তিনিই সব। এই দৃষ্টিভঙ্গি নিয়ে তারা চলে। যাঁদের শিক্ষা সম্পর্কে বিন্দুমাত্র শ্রদ্ধা থাকে আমি তাঁদের অনুরোধ করবো ১৯৭৫ সালে যখন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ আপনারা করেছিলেন তখন কি কায়দায় কি কৌশলে অধিগ্রহণ করেছিলেন রমা চৌধুরীকে অপহরণ করেছিলেন সেটা আপনাদের মনে নাই। যদি বিন্দুমাত্র শিক্ষা সম্পর্কে শ্রদ্ধা থাকে সেটা আপনারা নিশ্চয় বুঝবেন। আমরা কলকাতা বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করেছিলাম কিন্তু উপাচার্য সুনীল মুখার্জীকে আমরা সরাই নি। আমরা বলেছিলাম আপনি কাজ করুন-—এই অধিকার আমরা দিয়েছিলাম। যেভাবেই উপাচার্য্য নিয়োজিত হোক না কেন শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রী পরিষ্কারভাবে বলেছিলেন আপনি নিয়ম মেনে চলুন।

[6.05 - 6.15 P.M.]

কিভাবে আইন মেনে চলেছেন - ৫ জন কর্মচারীকে তিনি বরখাস্ত করেছেন। কার সুপারিশে তিনি তিনজন সদস্যকে নিয়ে একটা কমিটি গঠন করেছেন? নিজের সুপারিশে এই কমিটি তিনি করেছেন। যে তিন জন সদস্যকে নিয়ে বর্তমান উপাচার্য্য কমিটি গঠন করলেন, সেই কমিটি এই পাঁচজনের নিয়োগ সম্পর্কে তদন্ত করবার জন্য বলেছেন, আত্মপক্ষ সমর্থন করার যেহেতু সুযোগ নেই, এইজন্য তাদের সম্পর্কে আমরা কোন সুপারিশ করছি না। এই সুপারিশ তারা করলেন, আত্মপক্ষ সমর্থনের কোন সুযোগ না দিয়ে কাউকে কখনও বরখাস্ত করা যায় না। কারো বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া যায় না, সুপ্রীম কোর্ট থেকে শুরু করে কলকাতা হাইকোর্ট-এর হাজার হাজার নজীর আছে, সেই নজীরের প্রতি মাননীয় বর্তমান উপাচার্য্য, তিনি পাঁচ জন কর্মচারীকে বরখাস্ত করলেন। দেখাতে পারেন, কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে সিন্ডিকেট এবং সিনেটকে অস্বীকার করে যে, সিন্ডিকেট সমস্ত নিয়োগ এবং বরখাস্ত করার মালিক, সেই সিন্ডিকেটকে সম্পূর্ণ রূপে উপেক্ষা করে উপাচার্য্য নিজের দায়িত্বে এই কাজ তিনি করেছেন, কলকাতা বিশ্ববিদ্যালয়কে কলঙ্কিত করেছেন, এই জিনিস অতীতে কখনও ঘটেনি। আশু মুখার্জীর কলকাতা বিশ্ববিদ্যালয়ে যে পদ তিনি অলঙ্কৃত করেছিলেন, গোটা ভারতবর্ষের মধ্যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের মুখকে উজ্বল করেছিলেন, সেখানে মাননীয় বর্তমান উপাচার্য্য মহাশয় নিজের ক্ষমতাবলে পাঁচজনকে কর্মচ্যুত করেছেন। কখনও সিন্ডিকেটের মিটিং-এ এনে আলোচনা করার সুযোগের ব্যবস্থা করেছেন? কি কারণে? সিন্ডিকেটের তরফ থেকে বারেবারে তাঁর কাছে আবেদন করা হয়েছে, আপনি কমিটি নিয়োগ করুন, সমস্ত বিষয়ে খতিয়ে দেখা হোক, প্রস্তাব দিন, আমাদের কাছে সুপারিশ হিসাবে উত্থাপন করুন, আলোচনা করে সিদ্ধান্ত নেব। একবারও তিনি দেননি। মাননীয় উপাচার্য্য গত এক বছরে একবার মাত্র সিনেটের মিটিং ডেকেছেন, এটা কি গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা? তাঁর সময়কালের মধ্যে মাত্র তিনবার তিনি সিন্ডিকেটের মিটিং ডেকেছেন, গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা? চিকিৎসা ফ্যাকলটিতে মিটিং তিনি একবারও ডাকেন নি। তিনি মিটিং ডাকবার মালিক, তিনি একবারও মিটিং ডাকেন নি এই দীর্ঘ সময়ের মধ্যে। গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা? বিভিন্ন ফ্যাকলটিতে একবার দুবার মাত্র মিটিং ডেকেছেন। কাজের সময় তিনি মিটিং ডাকেননি। এই উপাচার্য্যকে আপনারা সমর্থন করেন? কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতি দরদ না নিজের প্রতি দরদ, নিজের স্বার্থ রক্ষা করবার জন্য এই দরদ? সম্প্রতি শিক্ষামন্ত্রী সম্মেলনে শম্ভুবাবু এবং আমি গিয়েছিলাম। পশ্চিমবঙ্গে সাড়ে পাঁচ কোটি মানুষের পক্ষ থেকে শিক্ষা সম্পর্কে আলোচনা করবার জন্য। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী কৃষ্ণ চন্দ্র পন্থ-এর সঙ্গে আমাদের আলোচনা হয়েছে, আলোচনা হচ্ছে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গেও। তাঁরা বলেছেন, কেন এই সমস্ত অসুবিধা হচ্ছে, আমরা তো বুঝি না? মাননীয় প্রধানমন্ত্রী বললেন আমাদের সামনে কৃষ্ণ চন্দ্র পন্থের কাছে, বলে দিন আমাদের দলের লোককে, তাঁরা যেন এঁদের সঙ্গে আলোচনা করে বিষয়টা মিটিয়ে নেন। আমরা অভিনন্দন জানিয়েছিলাম এবং শিক্ষামন্ত্রী সম্মেলনে দাঁড়িয়ে আমি প্রধানমন্ত্রীর এই মন্তব্যকে প্রশংসা করেছিলাম। কিন্তু ভিন্ন ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার যারা কংগ্রেসী বিধায়ক, তাদের চরিত্র সম্পূর্ণ ভিন্ন। আমরা চাই কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে সুনাম, সেই সুনাম অক্ষয় থাকুক, আমরা চাই যিনি উপাচার্য্য আছেন, তাঁর কার্য্যকাল পর্য্যন্ত তিনি এ' পদে বহাল থাকুন। আমি গভীরভাবে বিশ্বাস করি গণতান্ত্রিক রীতিনীতি মেনেই একমাত্র কলকাতা বিশ্ববিদ্যালয়ের হৃত গৌরবকে উদ্ধার করতে পারবো, এটা আমি একান্তভাবে বিশ্বাস করি। মান্নান সাহেবদের স্মরণ করতে বলি, আপনি বলেছেন পড়াশুনা হয়না, ইনডিস্পিলিন। বিশ্ববিদ্যালয়ে মঞ্জুরী কমিশনের যে ন্যূনতম ক্লাস হওয়ার কথা, কলকাতা বিশ্ববিদ্যালয়ে তার থেকে এখন অনেক বেশী ক্লাস হয়। স্মরণ করতে বলি, কলকাতা বিশ্ববিদ্যায়ে যত দিনের মধ্যে পরীক্ষার ফল প্রকাশ কার হয় ভারতবর্ষের নাম করা কোন বিশ্ববিদ্যালয়ে এত অল্প সময়ের মধ্যে পরীক্ষার ফল প্রকাশ করা হয় না। আপনাকে স্মরণ করতে বলি, যখন নাকি উপাচার্য্য মহাশয় ওপরতলায় বসে সাংবাদিকদের ডেকে বলেছেন যে, এই দেখুন কবে পরীক্ষার ফল প্রকাশিত হবে তার কোন নিশ্চয়তা কিছু নেই। যারা অশিক্ষক কর্মচারী, তাদের ধর্মঘটের জন্য পরীক্ষার ফল সম্পূর্ণরূপে প্রকাশ হওয়া অনিশ্চিত। নিচে সাংবাদিকরা নামলেন, দেখলেন যে পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে, বিক্রি হচ্ছে, গেজেট তারা কিনতে পারছে। বর্তমান উপাচার্য্য মহাশয়কে দেখে আপনারা কলকাতা বিশ্ববিদ্যালয়ের সুনাম রক্ষা করবেন? আমি আপনাদের স্মরণ করতে বলি, অন্যান্য রাজ্যে - বিহারে *** উপাচার্য্য মহাশয়,

Note : Expunged as ordered by the chair.

তিনি এয়ারপোর্টে দাঁড়িয়ে একজন পরীক্ষার্থিণীকে রিসিভ করতে যাচ্ছেন, এটা কি রাজনীতি ? এই জন্য এই কথা বলেছি, যে আপনারা বলেছেন, আপনাদের রাজনৈতিক লোক না হলে পরে উপাচার্য্য পদে রাখেন না। এটাই হচ্ছে রাজনীতির কদাকার দৃষ্টান্ত। আমরা উপাচার্য্যকে এই পদে ব্যবহার করতে চাই না। আমরা বিশ্বাস করি উপাচার্য্য শিক্ষার বাতিকে প্রজ্জ্বলিত রাখবেন। আমরা বিশ্বাস করি পশ্চিমবাংলার যে সমস্ত বিশ্ববিদ্যালয়, সেই বিশ্ববিদ্যালয়ের গৌরবকে অক্ষুন্ন রাখবেন। সরকারী তরফ থেকে আমরা সম্পূর্ণভাবে সাহায্য করতে প্রস্তুত, স্বাভাবিক অবস্থাকে বজায় রাখতে প্রস্তুত, সেই জন্য ওঁরা যে প্রস্তাব এনেছেন মাননীয় সদস্য আবদুল মান্নান এবং দেবপ্রসাদ সরকার, তার সম্পূর্ণভাবে বিরুদ্ধাচরণ করে, অধ্যক্ষ অমিয় ব্যানার্জী যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রী এখানে শালীনতা অতিক্রম করে শিষ্টাচার অতিক্রম করে, সভ্যতা অতিক্রম করে এবং সর্বোপরি রীতি বর্হিগতভাবে রীতি বর্জন করে এবং আমি যদি বলতে বাধ্য হই কাণ্ডজ্ঞান বিবর্জিত হয়ে বিহারের মুখ্যমন্ত্রীর স্ত্রীকে এখানে তুলে এনেছেন।

মিঃ স্পীকার : Mr. Abedin, I will go into the procedings and if necessary I will expunge it. এই বিষয়ে আলোচনার জন্য ২ ঘণ্টা সময় রাখা ছিল। যা দেখা যাচ্ছে তাতে ২ ঘণ্টায় শেষ হবে না। কাজেই আমি মাননীয় সদস্যদের মতামত নিয়ে আরো আধ ঘণ্টা সময় বাড়িয়ে দিচ্ছি। আশা করি এতে আপনাদের সকলের মত আছে। আধ ঘন্টা সময় বাড়ান হল। Now Shri Sambhu Charan Ghosh.

শ্রী শম্ভুচরণ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে ৩টি বেসরকারী প্রস্তাবের উপরে মাননীয় বিরোধী পক্ষের সদস্যারা যে বক্তব্য রেখেছেন তা আমি মনোযোগ সহকারে অনুধাবন করেছি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ঘটনা যদি কলকাতা বিশ্ববিদ্যালয়ের মধ্যে সীমাবদ্ধ থাকতো তাহলে আমি বিশ্বাস করি যে এতদিনে একটা মিটমাট হওয়া সম্ভব হত। সম্প্রতি দিল্লীতে শিক্ষামন্ত্রী সম্মেলনে আমি যখন উপস্থিত ছিলাম তখন সম্মেলনের শেষে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী এবং প্রধানমন্ত্রী পৃথক পৃথকভাবে আবেদন করেছিলেন যে আপনারা রাজ্যের সমস্যাটা রাজ্যে মিটিয়ে নিচ্ছেন না কেন ? আমি তাদের কাছে অত্যন্ত পরিষ্কারভাবে আমাদের রাজ্যের পক্ষ থেকে একটা বক্তব্য তুলে ধরার চেষ্টা করেছিলাম। আমি বলেছিলাম যে জিনিসটা যদি শুধু বিশ্ববিদ্যালয় সংক্রান্ত হত তাহলে এটা আমরা মিটিয়ে নিতে পারতাম। আমি প্রসঙ্গক্রমে একথাও উল্লেখ করেছি যে, যখন ঘটনার সূত্রপাত হয় তখন কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য ডঃ সন্তোষ ভট্টাচার্য্য মহাশয়কে আলোচনা করার জন্য অনুরোধ করেছিলাম। তিনি আমার কাছে এসেছিলেন এবং আমি তাকে অনুরোধ করেছিলাম যে, আপনি ৫ জন কর্মচারীর বিরুদ্ধে যে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন সে সম্পর্কে আমি প্রশ্ন তুলছি না, আমি শুধু পদ্ধতিগত প্রশ্ন তুলছি। আপনি আপনার জরুরী ক্ষমতার অপপ্রয়োগ করেছেন। আপনি সিন্ডিকেটে একটা নতুন কমিটি করুন। সেই কমিটিতে আপনার মনোমত লোক থাকুক এবং তাদের কাছে ৫ জন কর্মচারীর বিষয়টি রাখুন। সেখানে যদি তারা দোষী সাব্যস্ত হয় তাহলে আমার বলার কিছু নেই। কিন্তু আপনি জরুরী ক্ষমতা কোন প্রয়োগ করবেন ? তিনি তখন বলেছিলেন যে, এখন সিদ্ধান্ত পরিবর্তন করা সম্ভব নয়। কাজেই এটা ঠিক নয় যে সরকারী পক্ষ থেকে কোন প্রচেষ্টা হয়নি কলকাতা বিশ্ববিদ্যালয়ের এই ঘটনা মিটমাট করার জন্য। দ্বিতীয়তঃ আমি অবাক হয়ে গেলাম যে দিল্লীতে গিয়ে সাংবাদিক, প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় মন্ত্রীদের ভুল বোঝাবুঝি হয়েছে। এদের বোঝানো হয়েছে যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট বা সিনেট এমনভাবে তৈরী হয়েছে যাতে আমরা সংখ্যা গরিষ্ঠ হই।

[6- 15 - 6-25 P.M.]

আমাকে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী প্রশ্ন করেছিলেন আপনারা নিজেদের লোকেদের মধ্যে রেখেছেন। কৃষক প্রতিনিধি, শ্রমিক প্রতিনিধি এর মধ্যে রাখবার কি প্রয়োজন আছে ? আমার কাছে একটা বই ছিল, আমি সেই বই থেকে একটা উদ্ধৃতি দিয়েছিলাম। ১৯৭১ সনে ইউ. জি. সি. একটি কমিটি নিয়োগ করেছিলেন, গজেন্দ্র গদকর কমিটি, কেন্দ্রীয় সরকার সেটা অনুমোদন করেছেন। সেই কমিটির সুপারিশ হচ্ছে বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থা শতকরা ৬০ জন প্রতিনিধি থাকবে বিশ্ববিদ্যালয়ের ভিতর থেকে, আর শতকরা ৪০ জন প্রতিনিধি থাকবে বিশ্ববিদ্যালয়ের বাইরে থেকে। গজেন্দ্র গদকর কমিটি সুপারিশের সময় বলেছিল যে, আমরাও চাই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমাজের একটা সম্পর্ক স্থাপিত হোক। সেইজন্য কৃষক প্রতিনিধি, শ্রমিক প্রতিনিধি, প্রাথমিক শিক্ষক প্রতিনিধি, মাধ্যমিক শিক্ষক প্রতিনিধি থাকার প্রয়োজন আছে। আপনারা এও জেনে রাখুন গজেন্দ্র গদকর কমিটি সুপারিশ করেছেন শতকরা ৪০ জন বাইরের প্রতিনিধি রাখতে পারেন, আর আমরা কলকাতা বিশ্ববিদ্যালয়ে বাইরের প্রতিনিধি রেখেছে শতকরা ২৭ জন, ৪০ জনও রাখিনি। আর আপনারা এও জেনে রাখনু আমাদেরও আগে বম্বে বিশ্ববিদ্যালয় আইনে ১৯৭১ সন থেকে ট্রেড ইউনিয়ন প্রতিনিধি সেখানে আছে। এই সমস্ত বলার পরে দেখা গেল সাংবাদিকরা বললেন আমরা তো এই সব জানতাম না, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী বললেন আমি তো এইসব জানতাম না। গজেন্দ্র গদকর কমিটি রিপোর্ট জানেন না। দিল্লীতে কংগ্রেস (ই)র পক্ষ থেকে এমনভাবে লবিং করানো হয়েছে, এমনভাবে ভুল বোঝানো হয়েছে যে, ওরা কলকাতা বিশ্ববিদালয়কে কেন্দ্র করে পশ্চিমবাংলায় রাজনীতি করতে চাইছেন। একটি জিনিস আমি আপনাদের কাছে উল্লেখ করতে চাই যে, ডঃ সন্তোষ ভট্টাচার্য্য উপাচার্য নিযুক্ত হয়েছিলেন ১৯৮৩ সনের ডিসেম্বর মাসে, আর লোকসভার ইলেকসান হয় ১৯৮৪ সনের ২৪শে ডিসেম্বর তারিখে। ১৯৮৩ সন থেকে ১৯৮৪ সন পর্যন্ত এই এক বছর কলকাতা বিশ্ববিদ্যালয় অত্যন্ত ভালভাবে চলেছে, মাঝে মাঝে দু'একটা হয়ত গণ্ডগোল হয়েছে, কিন্তু অচল অবস্থা সৃষ্টির চেষ্টা হয়নি। লোকসভার ইলেকসান দেখা গেল বামফ্রন্টের প্রতিষ্ঠা সাময়িক ভাবে একটু সরে গেছে, অর্থাৎ আমাদের ফল খারাপ হয়ে গেছে। কংগ্রেসের পক্ষ থেকে সেটাকে রাজনৈতিক মওকা হিসাবে গ্রহন করা হল। বামফ্রন্টকে জব্দ করার এই হচ্ছে সুযোগ—এটা তারা ঠিক করলেন। বামফ্রন্টের এটা সাময়িক অবস্থার পরিবর্তন। লোকসভার ইলেকসানে আমরা যেখানে ছিলাম, সাময়িকভাবে আমাদের অবস্থা খারাপ হয়েছিল, সেখান থেকে ইতিমধ্যেই অনেকখানি উন্নতি করতে পেরেছি, অগ্রগতি করতে পেরেছি। কিন্তু কংগ্রেস (ই) সেই সময়টুকু রাজনৈতিক পথ হিসাবে বেছে নিল এবং ১৯৮৫ সালের জানুয়ারী থেকে গণ্ডগোল শুরু করে দিল। তারা ভাবল যদি এই অবস্থা সৃষ্টি করতে পারি, শিক্ষাক্ষেত্রে যদি নৈরাজ্য বিশৃঙ্খলা সৃষ্টি করতে পারি তাহলে আখেরে তাদের সুবিধা হবে, তাদের দিন হয়ত ফিরে আসবে। তারা কেরলের কথা চিন্তা করতে লাগল। সেইজন্য আপনারা লক্ষ্য করবেন শুধুমাত্র উপাচার্য্যের ঘটনা নয়— কিছুদিন আগে আইন পরীক্ষা হল। কখন শুনেছেন কি, পাঁচিল টপকে গিয়ে আশুতোষ বিল্ডিং-এর ঘর ভেঙ্গে সেখানে গন-টোকাটুকি করার জন্য একদল উচ্ছৃঙ্খল যুবক হাজির হয়েছিল ? এই সমাজবিরোধীরা সাহস কোথা থেকে পেল ? ১৯৮৫ সাল বলে তারা এটা ভুল করেছেন। তারপর কলকাতা করপোরেশনের ইলেকসান হয়ে গেছে, বিভিন্ন জায়গায় বহু নির্বাচন হয়ে গেছে এবং আমরা এইটুকু প্রমাণ করতে পেরেছি যে, ১৯৮৪ সালের ডিসেম্বরে যে অবস্থা ঘটেছিল সেই অবস্থার পরিবর্তন ঘটাতে পেরেছি। কাজে কাজেই আপনাদের কাছে যেটা বলতে চাইছি সেটা হচ্ছে এই, কলকাতা বিশ্ববিদ্যালয়ের ঘটনা বিচ্ছিন্ন কোন ঘটনা নয়, এটা সম্পূর্ণভাবে রাজনৈতিক ঘটনা। কংগ্রেস পক্ষ থেকে যদি তারা মনে করে থাকেন ১৯৫৯ সালে কেরলে শিক্ষাকে হাতিয়ার করে সেখানকার প্রথম কমুনিষ্ট সরকারকে উচ্ছেদ করেছিলেন সেই রকম

চক্রান্ত এখানে করবেন তাহলে পরিষ্কার জেনে রাখুন আপনারা মুর্খের স্বর্গে বাস করছেন। আমরা তাদের সেই চ্যালেঞ্জ গ্রহণ করছি এবং এটার কোন যুক্তি পাই না যে, কেন্দ্রীয় সরকার কেন আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে পরিণত করার জন্য চিন্তা করছেন।

আমি সরাসরি কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম যে আপনারা কেন কোলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার চেষ্টা করছেন? বেশী টাকা পাওয়া যাবে এই তো? কিন্তু এটা তো যুক্তরাষ্ট্রীয় সরকারের দায়িত্ব এবং কর্তব্য অঙ্গরাজ্যের বিশ্ববিদ্যালয়কে অর্থ সাহায্য করা। কানাডা, অস্ট্রেলিয়া সেখানকার যুক্তরাষ্ট্রীয় সরকার সেখানকার স্টেট ইউনিভার্সিটিকে সমস্ত অর্থ সাহায্য করে থাকেন, শতকরা ১০০ ভাগ। কাজেই এর জন্য তো নেবার প্রয়োজন নেই। আসল কথা হচ্ছে, কোলকাতা বিশ্ববিদ্যালয়ে যে ঘটনাগুলির সৃষ্টি করা হচ্ছে সেটা করা হচ্ছে যাতে করে আমাদের স্টেট অটোনমি ইন এডুকেশান এটা চ্যালেঞ্জ করা যায়। এই প্রসঙ্গে আমি পরিষ্কারভাবে জানাতে চাই যে যদি কোনরকম থ্রেট টু স্টেটআটোনমি 'ইন'এডুকেশান হয় তাহলে পশ্চিমবঙ্গে আমরা সমস্ত শক্তি দিয়ে তা রুখবো। এই কথা বলে মাননীয় সদস্য শ্রী আবদুল মান্নানের প্রস্তাবের বিরোধিতা করছি, মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকারের প্রস্তাবের বিরোধিতা করছি এবং মাননীয় সদস্য শ্রী অমিয় ভূষণ ব্যানার্জীর প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী আবদুল মান্নানঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে প্রস্তাব উত্থাপন করেছি সেই প্রস্তাবেব বিরোধিতা করে সরকার পক্ষের মাননীয় সদস্যরা যে বক্তব্য রাখলেন তা আমি শুনলাম। স্যার, বিশেষ করে সরকার পক্ষের তিনজন সদস্যের বক্তব্য শোনার পর সংবাদপত্রে মাননীয় মন্ত্রী কান্তিবাবুর একটি বিবৃতির কথা মনে পড়ে গেল। যদিও সেই বিবৃতিটি পড়ে তখন উপহাস করেছিলাম কিন্তু এখন ভাবছি কান্তিবাবু যেটা বলেছেন সেটা ঠিকই যে শিক্ষা জগতের সংগে যারা যুক্ত নয় সেই মানুষেরা শিক্ষা নিয়ে আলোচনা করলে শিক্ষা নিয়ে কিছু বলতে পারেন না, শিক্ষার অগ্রগতি হতে পারে না। ওঁদের তিনজন সদস্য মহাশয়ের বক্তব্য শোনার পর আমার সেই কথাই মনে হ'ল। একজন যার *** তিনি শিক্ষা দিয়ে আলোচনা করলেন।

মিঃ স্পীকারঃ—কোন মেম্বারের বিরুদ্ধে অভিযোগ করতে গেলে আগে তাঁকে নোটিশ দিতে হয়, এইভাবে বলা যায় না। কাজেই আমি 'বাড়ীর ভেতর থেকে বোমা পাওয়া গিয়েচে' এই কথাগুলি এক্সপাঞ্জ করলাম।

শ্রী আবদুল মান্নানঃ—আর একজন সদস্য—সমাজবিরোধীদের দৌরাত্ম্য বন্ধ করার জন্য নাগরিক কমিটির মিটিং ডাকতেগিয়ে বামপন্থীদের এক বড় শরিককে সিদ্ধান্ত নিতে হয় যে এম.এল.এ. থাকলে সমাজ বিরোধীদের দমন করা যাবে না কারণ তার সঙ্গে তাদের যোগাযোগ আছে। সেই বিধানসভার সদস্য যখন শিক্ষা সম্বন্ধে বলেন তখন ভ্রূ কুঁচকে যায়। আর একজন যিনি শিক্ষার সঙ্গে কোনদিন জড়িত নন তিনিও আজকে শিক্ষা সম্বন্ধে বলে গেলেন। তারপর অমিয়বাবু যখন বক্তৃতা করলেন তখন তাঁর বক্তৃতা শুনে আমি বুঝতে পারলাম না যে তিনি সিন্ডিকেটের সদস্য হিসাবে বক্তব্য রাখলেন না, বিধানসভার সদস্য হিসাবে বক্তব্য রাখলেন। সিন্ডিকেটের সদস্য হিসাবে যদি বলে থাকেন তাহলে সিন্ডিকেটের সদস্যের অধিকার ছিল সিন্ডিকেটের সভায় উপাচার্যের প্রস্তাবকে নাকচ করার বা গ্রহণ করার। কোনটাই তিনি করেন নি, তা না করে আজকে একটা গোলমাল সৃষ্টি করার জন্য এই সব কথা বলছেন। কাজেই আমি এসব কথার আর উত্তর দিতে চাই না। তারপর দুজন মাননীয় মন্ত্রীর বক্তব্যও আমি শুনলাম। মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী অনেক কথা বললেন। আমি পারসোনেল এ্যাটাক করতে চাই না কিন্তু যেহেতু উনি পারসোনাল এ্যাটাক করলেন সেইজন্য আমিও কয়েকটি কথা বলতে চাই। বিহারের মুখ্যমন্ত্রীর কথা উনি বললেন। বিহারের মুখ্যমন্ত্রীর স্ত্রী অনেক দূরের ব্যাপার, এখান থেকে ট্রেনে চেপে তবেই পাটনা যেতে হয় কিন্তু এখান থেকে বাসে চেপে সোজা তিলজলায় যাওয়া যায়। সেখানে আমরা কি দেখেছি? আমরা কি দেখিনি বনগাঁ থেকে কাকে নিয়ে আসা হয়েছে, কার স্ত্রীকে নিয়ে আসা হয়েছে ওখানকার স্কুলের হেডমিস্ট্রেস করে? কি ভাবে, অন্যায় করে তাকে নিয়ে আসা হয়েছে তা কি আমরা জানি না? তারপর সখওয়াত মেমোরিয়াল গার্লস স্কুলে কার মেয়ে দৌরাত্ম্য চালাচ্ছে সে কি আমরা দেখিনি। তারপর কার মেয়েকে গভর্নমেন্টের গাড়ীতে স্কুল থেকে বাড়ীতেপৌঁছে দেওয়া হচ্ছে সে কি আমরা দেখিনি? আজকে মাননীয় মন্ত্রী মহাশয়রা যদি সেই দিকে দৃষ্টিপাত করতেন তাহলে আমি বুঝতাম তাঁরা কিছু করছেন। সেখানে মন্ত্রীর স্ত্রী এবং মেয়ে বলে কি সে ব্যাপারটি দেখা হবে না? স্যার, আমি যখন কোলকাতা বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের কথা বলছিলাম তখন শুধু কোলকাতা বিশ্ববিদ্যালয়ের কথা বলিনি, আমি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কথা বলেছি, আমি কল্যানী এগ্রিকালচারাল ইউনিভার্সিটির কথা বলেছি।

[6- 25 -6-35 P.M.]

কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়ে একজন কৃষি মন্ত্রীর প্রতিহিংসা চরিতার্থ করার জন্য কি ভাবে রেজিষ্ট্রার পবিত্র গুপ্তকে হাই কোর্টের অর্ডার নিয়ে যাওয়া সত্ত্বেও ঢুকতে দেওয়া হচ্ছে না, এ কথা কি আজকে কেউ অস্বীকার করতে পারবেন? অস্বীকার করতে পারবেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে কি ভাবে ৬ মাসের জন্য উপাচার্য নিয়োগ করা হয়েছে? ৯(৬) ধারা প্রয়োগ করার জন্য একটু আগেই আপনারা উপাচার্যের নিন্দা করলেন। সে সম্বন্ধে ইতি পূর্বেই সুব্রতবাবু বলেছেন যে, আপনাদের রাজনৈতিক সততা নেই, এ প্রশ্নের উত্তর দিতে আমরা লজ্জা বোধ করি। কবে থেকে পশ্চিম বাংলার ঐ বিশ্ববিদ্যালয়ে ৯(৬) ধারা চালু হয়েছে? এটা নিশ্চয়ই সুব্রতবাবু বা কংগ্রেস চালু করে যায়নি। কারা ৯(৬) ধারা তৈরী করেছে? আপনারা যে নতুন ইউনিভার্সিটি এ্যাক্ট ১৯৬৯ সালে তৈরী করেছিলেন, তার মধ্যে আপনারা এটা করে যাননি? তখন কারা ক্ষমতায় ছিল, তখন আপনাদের যুক্ত ফ্রন্ট সরকার ক্ষমতায় ছিল। আজকে উপাচার্য ৯(৬) ধারা প্রয়োগ করছেন বলে আপনারা এত কথা বলছেন, কিন্তু ইতিপূর্বে প্রাক্তন উপাচার্য যখন এই ধারা শতাধিকবার প্রয়োগ করেছিলেন তখন তো কৈ এ কথা আপনারা তোলেননি, তখন তো বলেননি সিন্ডিকেটের সভায় পাঠাতে হবে। আজকে ধান ভানতে শিবের গীত গেয়ে গেলেন একজন সদস্য। গোপাল সেনের খুনের কথা এখানে তোলা হলো। উপাচার্য গোপাল সেনের খুনের ঘটনা নিশ্চয়ই দুঃখজনক ঘটনা, নিন্দনীয় ঘটনা, কিন্তু কোন সালে তিনি খুন হয়েছিলেন এবং কারা তাঁকে খুন করেছিল? ১৯৭০ সালের ডিসেম্বর মাসে গোপাল সেন খুন হয়েছিলেন। কারা খুন করেছিল? উপাচার্য গোপাল সেনকে নকশালরা খুন করেছিল। তারা কারা? সি.পি.আই'র সঙ্গে সি.পি.আই(এম)'এর যা তফাত সি.পি.আই(এম)-এর সঙ্গে সিপিআই (এম. এল)এর তাই তফাত বা নকশালদের সঙ্গে তাই তফাত। নকশালরা কাদের সৃষ্টি? আপনাদের দলের ছেলেরাই নকশাল হয়েছিল এবং তারাই উপাচার্য গোপাল সেনকে খুন করেছিল। অথচ আজকে আপনারা সে কথা বলছেন! আজকে কেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের রবীন্দ্র অধ্যাপক পদ খালি রয়েছে? দিনের পর দিন কেন খালি রাখা হয়েছে? একজন বক্তাও সে কথা বললেন না। তিনবার সিলেকসন কমিটি সিন্ডিকেটের কাছে রিপোর্ট পাঠিয়েছে, তিনবারই সিন্ডিকেট রেফার্ড ব্যাক করেছে। সিলেকসন কমিটি থেকে

Note : Expunged as ordered by the chair.

যাঁদের সিলেক্ট করা হয়েছিল. যাঁদের নামের প্যানেল করা হয়েছিল তাঁদের মধ্যে আপনাদের দলের লোক কেউ নেই বলেই তাঁদের মধ্যে থেকে নিয়োগ করলেন না। এর চেয়ে লজ্জার আর কি আছে? যাদবপুর বিশ্ববিদ্যালয়ের নমিনেটেড কাউন্সিলের মেয়াদ আগামী সেপ্টেম্বর মাসের ১০ তারিখ শেষ হয়ে যাচ্ছে, অথচ সেখানে নির্বাচন কবে হবে কেউ জানে না। সেখানে যে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট কন্সটিটিউয়েন্সি আছে, সেখানে যে ১০ জন ফি দেয়নি সেই ১০ জন কি করে ভোট দিয়ে আসছেন, সে কথা আপনারা কেউ বললেন না। আমরা কিন্তু প্রস্তাবেব মধ্যে দিয়ে বা এখানে বক্তব্য রাখতে গিয়ে একবারও বলিনি যে, কলকাতা বিশ্ববিদ্যালয়কে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে ঘোষণা করা হবে, কি হবে না। আমার প্রস্তাবের কোথাও সে কথা নেই। অথচ আপনারা সেই কথা নিয়ে এখানে আলোচনা করলেন এবং সুব্রতবাবু সে বিষয়ে জবাব দিয়েছেন। এখানে দু'জন মন্ত্রী বক্তৃতা করলেন, অথচ কেউ একবারও বললেন না যে মদের কারখানার একজন ট্রেড ইউনিয়ন লীডার, যিনি পরে উপাচার্য হয়েছিলেন এবং যিনি বর্তমানে আপনাদের দলের একজন নেতা তিনি ১৯৭৪ সালে গণী কমিটির কাছে কলকাতা বিশ্ববিদ্যালয়কে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে ঘোষণা করার দাবী জানিয়ে যে স্মারকলিপি দেওয়া হয়েছিল তাতে সই করেছিলেন। এ বিষয়ে সুব্রতবাবু চ্যালেঞ্জ দিয়ে গেলেন, । অথচ কেউ সে কথা একবারও বললেন না। অবশ্য এ বিষয়ে আপনাদের বলার কোনো মুখ নেই। যখন বক্তব্যের মধ্যে কোনো যুক্তি থাকে না তখন এলোমেলো কথা বেরিয়ে আসে। আপনাদেরও আজকে সেই অবস্থা হয়েছে। তবে একটা জিনিস আজকে আমাদের ভাল লাগল, সেটা হচ্ছে, বিগত তিন বছর ধরে আমরা বিধানসভার প্রতিটি অধিবেশনে আপনাদের কাছ থেকে যে কথা শুনে আসছি, সে কথা আজকে শুনলাম না। বিগত তিন বছরের প্রতিটি অধিবেশনেই প্রতিটি বিষয়েই আলোচনা করতে গিয়ে আপনাদের মন্ত্রীরা এবং অন্যান্য সদস্যারা কেন্দ্রের বিরুদ্ধে চক্রান্ত এবং ষড়যন্ত্রের অভিযোগ করেন। কিন্তু আজকে বামফ্রন্ট সরকারের দুজন মাননীয় মন্ত্রী কেন্দ্রের কংগ্রেসী সরকারের প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর প্রশংসা করলেন। এর জন্য আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রস্তাবের কোথাও আমি বলি নি যে, আমরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ চাইছি। আমি আমার প্রস্তাবের কোথাও কলকাতা বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ চাইনি কিন্তু আমরা চাই কলকাতা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে যে অবস্থা চলছে, যে নৈরাজ্য চলছে তার অবসানের জন্য রাজ্য সরকার হস্তক্ষেপ করুন। ওখানে শাসক দলের কিছু মানুষ বিশৃঙ্খলা সৃষ্টি করছে, পড়াশুনো বন্ধ হয়ে গেছে। আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়ে ছাত্ররা পি.এইচ.ডি'র জন্য থিসিস সাবমিট করে ক্লিয়ারেন্স পাচ্ছেনা। বিগত কয়েকটি পরীক্ষার খাতা রিভিউ'র জন্য যে সমস্ত ছাত্ররা কলকাতা বিশ্ববিদ্যালয়ে দরখাস্ত করেছে, আজকে তাদের খাতা রিভিউ হচ্ছেনা। গত ২/৩ বছর ধরে এই জিনিস চলছে। এ সব জিনিস বন্ধ করার জন্য, বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা দূর করার জন্য, আমরা কখনই কে. সি. পন্থ বা রাজীব গান্ধীর সরকারকে টানছি না। আমরা রাজ্য সরকারের কাছে এই অবস্থার অবসান চেয়েছি। আমরা শিক্ষামন্ত্রী তথা মন্ত্রীসভার কাছে দাবী করছি, আপনাদের দলের পক্ষ থেকে ওখানে যে অরাজকতা সৃষ্টি করা হয়েছে তা দূর করুন এবং যারা এ সব করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন। সন্তোষ ভট্টাচার্য ভাল, কি মন্দ মানুষ আমরা সে প্রশ্নের মধ্যে যেতে চাই না। আমরা এখানে তাঁর হয়ে দালালি করতে আসিনি। কিন্তু আজকে বিশ্ববিদ্যালয়ে যে অবস্থা চলছে তাতে গোটা পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হচ্ছে। যাতে কলকাতা বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠভাবে পঠন-পাঠন চালু হয়, সুষ্ঠভাবে সমস্ত কাজকর্ম চলে তার জন্যই আমি এই প্রস্তাব এখানে উত্থাপন করেছি। আমার প্রস্তাবের মধ্যে কোথায় উপাচার্যর হয়ে দালালি করার কথা লেখা আছে? আমার রেজলিউসনের কোথাও উপাচার্যর পক্ষে দালালি করার মত একটা লাইন বা একটা শব্দও কেউ যদি দেখাতে পারেন তাহলে আমি তা এখনই তুলে নেব। কোথাও এ রকম কোনো কথা নেই। আজকে এখানে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন '৮৫ সালের পর থেকেই এই গোলমালের শুরু। যদি গোলমাল কোথাও কিছু হয়ে থাকে, যদি কোথাও কেউ চক্রান্ত করেই থাকে তাহলে তা প্রতিরোধ করা রাজ্য সরকারের কর্তব্য। যদি কংগ্রেসও কোথাও চক্রান্ত করে থাকে, তাহলেও যারা রাজ্যের প্রশাসনের দায়িত্বে আছেন তাঁদের কর্তব্য এবং দায়িত্ব হচ্ছে তা বন্ধ করা। এ দায়িত্ব কি আজকে মাননীয় শিক্ষামন্ত্রী অস্বীকার করতে পারেন? রাজ্য সরকারের শিক্ষামন্ত্রী নিজেই যখন এ কথা বলছেন তখন আমি মাননীয় সদস্যাদের কাছে দাবী করছি, এই অবস্থার অবসানের জন্য, রাজ্যে শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য দূর করার জন্য, কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিশৃঙ্খলা দূর করার জন্য আমি যে প্রস্তাব এনেছি সে প্রস্তাবকে আপনারা সমর্থন করুন এবং গ্রহন করুন। সামগ্রিক শিক্ষার স্বার্থেই আমি আপনাদের কাছে এই অনুরোধ করছি। একটু আগে মাননীয় সদস্য প্রবোধবাবু বললেন, "আমরা কলকাতা বিশ্ববিদ্যালয় নিয়ে গর্ব করতাম।" আবার সেই গর্বের দিন ফিরিয়ে আনার জন্য আমি আপনাদের কাছে আবেদন রেখে আমার জবাবী ভাষণ আমি এখানেই শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকারঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়. আজকে বিশ্ববিদ্যালয়ের উপর যে প্রস্তাব আনা হয়েছে এই সম্পর্কে আমি আগেই বলেছি ৩টি প্রস্তাব এখানে উঠেছে, কিন্তু দি ভেরী ল্যাঙ্গুয়েজ ড্রাফটিং এ্যান্ড এ্যাপ্রোচ এই ৩টি প্রস্তাবের মধ্যে ভিন্ন করে দেখলে দেখা যাবে যে আমার প্রস্তাবটি উভয় বিবদমান পক্ষের ক্ষেত্রে একটা মর্যাদাপূর্ণ মীমাংসার জায়গায় এসে যাতে বর্তমান অচল অবস্থার অবসান ঘটানো যায় এবং এটা গ্রহন করার ক্ষেত্রে কোন অসুবিধা না হয় সেই ভাবেই ড্রাফটিং হয়েছিল। আপনারা এগজামিন করে দেখতে পারেন। আমার এই মোসানটি উত্থাপন করার মধ্য দিয়ে এই অচল অবস্থার অবসানের জন্য একটি পরিবেশ সৃষ্টি করতে সাহায্য করে এটাই আমি চেয়েছিলাম। কিন্তু আনফরচুনেটলি গোটা হাউসের ডিবেট যেদিকে গেল তাতে দেখা গেল অচল অবস্থার অবসান ঘটানোর যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গি অন্যান্যদের ডিবেটের মধ্য দিয়ে প্রতিফলিত হলো না। এক্ষেত্রে সরকার পক্ষ থেকে যথার্থভাবেই অভিযোগ উঠেছে যে কংগ্রেস জমানায় ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের ইতিহাসে, শিক্ষাক্ষেত্রে যে অরাজকতা যে নৈরাজ্য সৃষ্টি হয়েছিল তা সবাই জানেন এবং এটা একটা কলঙ্কজনক ইতিহাস। কিন্তু আমি আপনাদের সংস্কারমুক্ত মন নিয়ে ভাবতে বলছি, কংগ্রেসের সেই কলঙ্কজনক ইতিহাস পশ্চিমবঙ্গের শুভবুদ্ধিসম্পন্ন মানুষের মনে যে আতঙ্ক সৃষ্টি করেছিল সেই ইতিহাসকে বিস্মৃতির অতলে তলিয়ে দিতে সাহায্য করছে কিনা আপনাদের কার্যকলাপ? আজকে যারা মটিভেটেড ওয়েতে কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রের হাতে তুলে দিতে চাইছে তাদের কথা বলছিনা, কিন্তু এছাড়া বিদুজ্জন সমাজের একটি অংশ যারা আজ কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার কথা ভাবছেন ঐই ব্যাপারে তাদের ভাবাতে সাহায্য করলো কে? ইজ ইট নট ইওর বিহেবিহার? আপনাদের কাছে যে এক্সপেকটেসান ছিল—শিক্ষাকে গণতন্ত্রীকরণের ক্ষেত্রে, বিশ্ববিদ্যালয়ে স্বাধীকার রক্ষার প্রশ্নে—সেই এক্সপেকটেসান কি রক্ষা করেছেন— এটা আমি আপনাদের ভেবে দেখতে বলবো। আপনারা আজকে আপনাদের কার্যকলাপের দ্বারা রাজ্যের শুভবুদ্ধিসম্পন্ন মানুষেব এক অংশকে এই জায়গায় পুস করেছেন যারজন্য কসান দিতে হচ্ছে এবং তাদের বলতে হচ্ছে যে এ্যাটেম্পট নেওয়া হচ্ছে ইট উইল বি ফর্ম ফ্রাইং প্যান টু ফায়ার। কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপের কথা কেন তাঁরা আজকে ভাবছেন এবং এই কসানটা কেন আজকে তাদের দিতে হচ্ছে এটা আমি ভেবে দেখতে বলবো। তাই আমি বলবো, কি রাজ্য সরকার, কি কেন্দ্রীয় সরকার কলিকাতা বিশ্ববিদ্যলয়ের স্বাধীকারের উপর থেকে হাত ওঠান। এক সময়ে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গর্ব শ্রী আশুতোষ মুখার্জী, আচার্য্য প্রফুল্ল চন্দ্র রায় প্রমুখ সমস্ত মনীষীরা বিশ্ববিদ্যালয়ের সত্যিকারের স্বাধীনতা চোখের মনির মতন রক্ষা

করার চেষ্টা করেছেন। বৃটিশ আমল থেকে সুরু করে স্বাধীনতার কাল ধরে পশ্চিমবঙ্গের শুভবুদ্ধিসম্পন্ন মানুষেরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের স্বাধীকার রক্ষিত হোক এটা তাঁরা চেয়ে আসছেন। কোন সরকারের পক্ষ থেকে যদি বিশ্ববিদ্যালয়ের স্বাধীকারের উপর হস্তক্ষেপ করা হয় সেটা কেউই মনের দিক থেকে মেনে নেবেন না। কেন্দ্রীয় সরকার হলেও মেনে নেবেন না আবার বামফ্রন্ট সরকারের আমলে যা হচ্ছে সেটা মেনে নেবেন না। আজকে দেশের শুভবুদ্ধিসম্পন্ন মানুষের এক অংশের কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় করার দিকে যে ঝোক—আপনাদের এ্যাক্টিভিটিস সেই দিকে ঝুকতে সাহায্য করবে। এই বিপদের কথা ভেবে কলিকাতা বি[illegible]য়ের স্বাধীকার পূর্ণপ্রতিষ্ঠা করার চেষ্টা করুন। বর্তমানে যে অচল অবস্থা সৃষ্টি হয়েছে সেই অচল অবস্থার অবসানের জন্য মর্যাদাসম্পন্ন মীমাংসায় যদি আসা যায়, আগামীদিনের পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যে ঐতিহ্য সেই ঐতিহ্য যদি ফিরিয়ে আনা যায়, শিক্ষাক্ষেত্রে দেশের দলমত নির্বিশেষে সমস্ত শিক্ষানুরাগী বুদ্ধিজীবী মানুষের মতামত এবং সাহায্য নিয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয়কে দলীয় সংকীর্ণতার উর্দ্ধে যদি রাখা যায় তাহলে প্রকৃত স্বাধীকার রক্ষা হবে। আমার আবেদন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের যে ঐতিহ্য ছিল সেই ঐতিহ্যকে বজায় রাখুন। এইকথা বলে আবার আমার প্রস্তাবকে সমর্থন করুন এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-35 -6-45 P.M.]

শ্রী অমিয়ভূষণ ব্যানার্জী:—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে বিভিন্ন বক্তার বক্তব্য আমি মনযোগ সহকারে শুনেছি। বিরোধী পক্ষের বক্তব্য শুনে মনে হোল—কলকাতা বিশ্ববিদ্যালয়ে আজকে যা কিছু সঙ্কট দেখা দিয়েছে সেটা আমরা, যাঁরা নির্বাচিত সিন্ডিকেট সদস্যরা বর্তমানে রয়েছি তারাই সৃষ্টি করেছি। তবে এটা তাঁরা উদ্দেশ্যমূলকভাবে করছেন, নাকি রং ইনফর্মেশনের কারণে বলছেন, জানিনা। আমি এখানে দুই একটি ইনফর্মেশান দিচ্ছি। এ ক্ষেত্রে ওঁরা নিজেরা হলে কি করতেন? কলকাতা বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভি.সি.-র কয়েকটি কাজের কথা এখানে বলছি। ধরুন, একটি সিলেক্ট কমিটি হোল এবং একজন ইকোনোমিক্সের অধ্যাপকের এ্যাপেয়েন্টমেন্ট হোল। যেদিন সিলেক্ট কমিটি হোল, তার পরদিন এই এ্যাপয়েন্টমেন্ট হোল, কিন্তু সিন্ডিকেট এ্যাপয়েন্টমেন্ট লেটার সম্বন্ধে কিছুই জানলো না এবং তারপর দিন সে ইউ.এস.এতে চলে গেলো কয়েক দিনের জন্য। এ সম্বন্ধেও সিন্ডিকেট হ্যাজ নট বিন ইনফর্মড এ্যাট অল।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভাইস চ্যান্সেলরের কাজের আর একটি নজির রাখছি। কে.ডি. কলেজ অফ কমার্স থেকে একজনকে ডেপুটি রেজিস্ট্রার করে আনা হোল। ঐ পদে পার্মানেন্টএ্যাপয়েন্টমেন্টে যিনি ছিলেন, তিনি একদিন সকালে এসে দেখলেন যে, অন্য কেউ তাঁর চেয়ারে বসে আছেন। তিনি তাঁর কাছে পরিচয় জিজ্ঞাসা করায় বললেন, আমি নতুন এ্যাপয়েন্টমেন্ট পেয়েছি। এইকথা শুনে তিনি গেলেন ভি.সির কাছে, কিন্তু বললেন যে, পরে জানাচ্ছি। তখন তিনি রেজিস্ট্রারের কাছে যাওয়ায় রেজিস্ট্রার বললেন যে, এ-ব্যাপারে তিনি কিছু জানেন না। আর্শ্চয্যের ব্যাপার হচ্ছে, পার্মানেন্ট এ্যাপয়েনটমেন্টে যিনি আছেন, তিনি সকাল ১০টায় অফিসে এসে দেখলেন, তার চেয়ারে অন্য কেউ বসে আছেন, কিন্তু কর্তৃপক্ষের কাছে ব্যাপারটা জানতে চাওয়ায় সত্বেও তিনি তার সদুত্তর পেলেন না পরে তাঁকে জানান হয় যে, তাঁকে ট্রানসফার করে অন্য জায়গায় দেওয়া হয়েছে। তিনি এর বিরুদ্ধে মামলা করেছেন এবং জিতেছেন। ঐ ভদ্রলোককে কে.ডি.কলেজ অফ কমার্স থেকে ৬ মাসের জন্য নিয়ে আসা হোল, পরে আবার তাঁর সময় এক্সটেন্ড করার চেষ্টা হোল, কিন্তু হাইকোর্ট রাজী হলনা বলে তাঁকে চলে যেতে হোল।

মিঃ স্পীকার স্যার, কি ধরণের এ্যাডমিনিস্ট্রেশন তিনি চালাচ্ছেন তার আর একটি উদাহরণ আমি এখানে দিচ্ছি। আপনি জানেন যে, রেজিস্ট্রার, ইন্সপেক্টর অফ কলেজেস এ্যান্ড কন্ট্রোলার অফ একজামিনেশনস-এই তিনজনই হলেন 'এ' ক্লাস অফিসার। এর মধ্যে ইনস্পেকটর অফ কলেজেস, যিনি তিনি রেজিস্ট্রার হিসাবে ৫ বছর ধরে বিভিন্ন বিভাগে কাজ করেছেন এবং ইনস্পেক্টর অফ কলেজেস হয়েছেন। সেই ইনস্পেক্টর অফ কলেজেস-এর কনফার্মেসনের টাইম এলো। কিন্তু ভি.সি. ভাবলেন যে, এঁকে রাখবো, না তাড়িয়ে দেবো? মনে হচ্ছে যে, রাখাই ভাল। তবে মুখে বললেন, আর একটি বছর কাজ করে দেখতে পারেন। যদি সন্তুষ্ট করতে পারেন, তাহলে থাকবেন। একজন ব্যাক্তি, যিনি ডক্টরেট করেছেন এবং ইউনিভার্সিটিতে বিভিন্নভাবে ৫ বছর ধরে কাজ করেছেন এবং যিনি 'এ' ক্লাস অফিসার—তাঁর সম্বন্ধে ভি.সি. এই ধরনের মন্তব্য করেছিলেন। রেজিস্ট্রা র যিনি আছেন, সময় হয়ে এলে তিনি এ্যাপিল করেছিলেন যে, তাঁকে যেন আর একটি বছর এক্সটেনশন দেওয়া হয়। তার উত্তরে তাঁকে বলা হয়েছিল —"রাখবো কিনা ভাবছি। ঠিক আছে, থাকুন। এই হচ্ছে তদানীন্তন এ্যাডমিনিস্ট্রেশনের অবস্থা! এই রকম আমি আরো অনেক উদাহরণ দিতে পারি। আজকে এই সমস্ত আর আমরা সহ্য করছি না। বারবার এই সব আমরা সহ্য করেছিলাম। বারবার বলেছিলাম, আমরা যাঁরা নির্বাচিত প্রতিনিধি আছি—আমাদের সঙ্গে সংঘর্ষের পথে না গিয়ে সহযোগিতা করে প্রশাসন চালান। আমাদের মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সকলেই বলেছেন যে, আপনি যেভাবেই নির্বাচিত হোন না কেন, তখন যে আন্দোলন আমরা করেছি সেটা ভি.সির বিরুদ্ধে নয়; চ্যান্সেলারের যেভাবে এ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন- আন্দেলন হয়েছিল তার বিরুদ্ধে। আপনার বিরুদ্ধে কিছু বলার নেই, কারণ আপনি নির্বাচিত হয়েছেন। আপনি আইনকানুন মেনে, স্ট্যাটুট মেনে চলুন— বিরোধ হবে না। কিন্তু কি ভাবে তিনি চলেছেন? তারপর ৫ জন কর্মচারীর ব্যাপারটা এলো। এঁদের ভেতর একজন সুপারিনটেনডেন্ট, তিনজন ড্রাইভার এবং একজন টেলিফোন অপারেটর রয়েছেন। এঁদের মধ্যে যিনি সুপারিনটেনডেন্ট, তিনি সি.ই.এস.সি-তে কাজ করতেন। সি.ই.এস সিকে লেখায় তাঁরা নাকি জানিয়েছেন যে, তিনি মাইনে নিয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউ এভার দি ফ্যাক্ট ইজ নট ট্রু, আমার কাছে ডকুমেন্ট আছে, তা সত্ত্বেও তাঁরা বললেন। সি.এ এস.সি ইজ এ্যান অরগানাইজেসান-তারা লিখেছেন, ডিসমিস্যাল হল। বেশ, ভাল কথা। একজন ড্রাইভার, তার নাকি বিহারে ড্রাইভার হিসাবে লাইসেন্স ছিল। কিন্তু এখানে তিনি করবার সময় নাকি ভুল হয়েছে। সেই সম্পর্কে আমরা পরিষ্কার কথা বলেছি এখানে যদি কিছু অনিয়ম হয়ে থাকে, দুর্নীতি হয়ে থাকে তার পক্ষে আমরা বিন্দুমাত্র দাঁড়াবো না। কিন্তু সেই লোককে তো একটা সুযোগ দিতে হবে। যে কোন চোর তার আত্মপক্ষ সমর্থনের সুযোগ পায়। এই কর্মচারী আত্মপক্ষ সমর্থনের সুযোগ পাবে না? এটা হতে পারে না, আমরা বলেছি তাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিন। তারপর তিনি একটা কমিটি করলেন, সেই কমিটিতে ৩ জন ছিলেন-প্রো- ভি.সি. ছিলেন এবং আরো দু-জন। সেই কমিটির রিপোর্ট বেরোলো। তাদের বলা কথা তাকে রাখা হবে কি হবে না। সেই রিপোর্ট সম্পর্কে কিছু বললেন না, বললেন আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া উচিত। তখন ভি সি দেখলেন কমিটি যখন বলছে তখন তো কিছু করা যাচ্ছে না। তখন তিনি নিজে রিপোর্ট লিখলেন এই কমিটির রিপোর্ট স্পেসাল এনকুয়ারী করেছি এবং সেই রিপোর্টের ভিত্তিতে আমি দেখছি ওই ব্যাক্তি অপরাধী, তার চাকুরী যাবে। বেশ গেল। তখন আমরা বললাম যে আপনি ৩-জনের একটা কমিটি করুন, তাতে চেনসেলারের ২-জন মনোনীত প্রতিনিধি থাকবে আর ডাক্তার রায়চৌধুরী থাকবেন। ১৪ দিনের ভেতর ওই কমিটি রিপোর্ট দিবেন এবং সেই রিপোর্টের ভিত্তিতে রায় যদি তার বিরুদ্ধে যায় এবং তখন

যদি তার চাকুরী যায় তাহলে আমরা আর কিছু বলবো না। তিনি তাতে রাজী হলেন না। এই রকম আমি বহু উদাহরণ দিতে পারি যার মাধ্যমে দেখা যাবে যে আমরা ভি.সি.-র সঙ্গে কোয়াপারেট করার প্রচন্ড চেষ্টা করেছি। এই ব্যাপারটা আমাদেরই দেখতে হবে। আপনারা যাই বলুন না কেন, গভর্নমেন্ট আমাদের যদি কিছু হয়ে থাকে তার জন্য জনসাধারনের কাছে কৈফিয়ত আমাদেরই দিতে হবে। সেনেটে নির্বাচিত প্রতিনিধিদের মধ্যে অধিকাংশই আমাদের। আপনারা জানেন আগে আপনাদের আমলে যে আইন ছিল সেই আইনে নির্বাচিত প্রতিনিধিদের অংশটা কম ছিল, এখন নির্বাচিত প্রতিনিধিদের অংশ অনেক বেশী। এখন মনোনীত সদস্য সংখ্যা কম। সেই নির্বাচনে আমরা জিতেছি। এটা যদি অপরাধ হয়ে থাকে তাহলে সেই অপরাধের জন্য আমাদের দায়ী করে লাভ নেই, আমাদের দেশের যারা ভোটার তাদের কাছে গিয়ে মাথা খুঁড়ুন, তাদের কাছে গিয়ে আপনারা অভিযোগ করুন তাহলে ভাল হবে। আমাদের তো তারা ভোটে জিতিয়েছে, আমরা কি করবো? তাও আবার আপনারা বলেননি যে আপনাদের আমলে যে ভাবে ভোট হত সেই ভাবে ভোট হয়েছে। আপনারা দেখেছেন সেই ভোট অনেক সুষ্ঠভাবে হয়েছে। সেখানে আমরা জিতেছি এবং এই পরিবেশে ইউনিভারসিটি চালাবার চেষ্টা করছি। আপনারা বলছেন যে আন্দোলন হচ্ছে। আন্দোলন হচ্ছে বলে কি দারুন অপরাধ হয়ে গেছে? আমাদের এই পশ্চিমবাংলায় ৫-জন কর্মচারী জানলোনা তাদের অপরাধী হিসাবে বিচার হয়ে গেল এই পজিসান মেনে তারা নীরবে চলে যাবে, তাদের সহকর্মীরা সেটা মেনে চলে যাবে? এটা কি করে হতে পারে? আজ তিনি রেজিস্ট্রারকে তাড়াবেন, কাল তিনি ইন্সপেক্টর অফ কলেজকে তাড়াবেন এবং পরশু আর একজনকে তাড়াবেন এবং পরে বলবেন সব বাতিল, আমিই মহান, আমিই সর্ব্বের সর্ব্বা, আমি সব চালাবো। এই জিনিস তো মেনে নেওয়া যায়না। আপনারা এই ব্যাপারে ন্যাশনাল ইম্পর্টেন্স দিতে চান বলে আমার মনে হয়েছে। আপনাদের শংকরীবাবু মাঝে মাঝে দিল্লী যাচ্ছেন আর বলছেন সি.পি.এম নাকি এখানে কিছু কাজকর্ম করতে দিচ্ছে না। আরে এই সব কথা হিটলার থেকে আরম্ভ করে অনেকেই এ্যান্টি কমিউনিজিম হিসাবে প্রসংশা অর্জন করার চেষ্টা করেছেন। আর ইতিহাসের পৃষ্ঠা থেকেই জানা গেছে হিটলার কি পজিসানে গিয়েছে, আর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভি.সি. তো কোন ছাড়। কাজেই এই সব কোন কথা নয়, কথা হচ্ছে বিশ্ববিদ্যালয়কে যদি সুষ্ঠভাবে পরিচালনা করতে হয় তাহলে সেনেট এবং সিনডিকেটের নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা দিতে হবে। আপনারা জানেন আপনাদের আমলে আপনারা যে আইন করে দিয়েছেন সেই আইনে আছে প্রতিটি নিয়োগের ক্ষেত্রে, প্রতিটি কনফারমেসানের ক্ষেত্রে সিনডিকেটের অধিকার আছে। আজকে ভি.সি. নিজে নিয়ম করে এ্যাপয়েন্টমেন্ট দেবেন, কাকে এটা করছেন, কাকে ওটা করছেন এটা তো চলতে দেওয়া যায় না। বিভিন্ন কমিটির মিটিং ডাকছেন না। সমস্ত নির্বাচিত সংস্থাকে বাতিল করে দিয়ে—আমিই সর্ব্বের সর্বা—এই ভাবে ইউনিভারসিটি পরিচালনা করা যায় না।

[6-45 - 6-55 P.M.]

কাজেই এই সমস্ত দিক বিবেচনা করে আমি এখানে এই প্রস্তাব এনেছি। আপনারা এখানে যা বলেছেন তা—আমরা জানি—সম্পূর্ণভাবে বিরুদ্ধাচারণের জন্য বলেছেন। মাননীয় উপাচার্য দিল্লীতে দৌড়াদৌড়ি করছেন কেন তার কারণও আমাদের অজানা নেই। তিনি বিষয়টিকে নাশনাল ইম্পর্টান্স দেওয়ার জন্য চেষ্টা করছেন। যাইহোক, আমি এখানে যে প্রস্তাবটি এনেছি, আর একবার তার প্রতি সমর্থনের আবেদন জানিয়ে আমার বক্তব্য এখানে শেষ করছি।

The motion of Shri ABDUL MANNAN that :

যেহেতু এই রাজ্যের উচ্চ শিক্ষার ক্ষেত্রে ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়গুলির সাধারণ প্রশাসনিক এবং শিক্ষাবিষয়ক কাজকর্মের ক্ষেত্রে রাজ্যের ক্ষমতাসীন রাজনৈতিক দলগুলির সাম্প্রাকিত ক্রমাগত বাধাদানের ফলে বিশ্ববিদ্যালয়গুলির দৈনন্দিন প্রশাসনিক ও শিক্ষাবিষয়ক কাজকর্ম বাধাপ্রাপ্ত হচ্ছে;

যেহেতু বিশ্ববিদ্যালয়গুলির উপাচার্যগণ ক্ষমতাসীন রাজনৈতিক দলের প্রতি আনুগত্য প্রকাশ ক'রে অগণতান্ত্রিক পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন পরিচালনায় অসম্মত

হওয়ায় বিশ্ববিদ্যালয়গুলিতে অচলাবস্থার সৃষ্টি হচ্ছে;

যেহেতু এই রাজ্যের ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়গুলিতে এক শ্রেণীর কর্মচারীদের অগণতান্ত্রিক ও আইন-বহির্ভূত আন্দোলনের ফলে বিশ্ববিদ্যালয়গুলির ভাবমূর্তি বিঘ্নিত হচ্ছে;

যেহেতু বিশ্ববিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীদের বিভিন্ন পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রকাশ এবং উচ্চ শিক্ষার জন্য গবেষণামূলক কাজকর্ম বাধাপ্রাপ্ত হচ্ছে;

সেইহেতু এই সভা রাজ্য সরকারকে অনুরোধ করছে যে, অবিলম্বে ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়গুলির আচার্যের সঙ্গে আলোচনার মাধ্যমে বিশ্ববিদ্যালয়গুলির অচলাবস্থা দূর করার ব্যবস্থা গ্রহণ করা হোক।

Was then put to vote and a Division taken with the following results.

NOES

Abdul Bari, Shri Md.
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Lakhan
Banerjee, Shri Amiya Bhusan
Basu, Shri Ajit
Basu, Shri Subhas
Barui, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Nani
Bhattacharya, Shri Satya Pada
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, shri Kamalakshmi
Biswas, Shri Kanti
Chakrabortty, Shri Umapati
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Sadhan
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Shri
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Malin
Ghosh, Shri Satyendranath
Ghsoh, Shri Susanta
Goswami, Shri Rammarayan
Goswami, Shri Subhas
Gupta Shri Sitaram
Hajra, Shri Sachindra Nath
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Kalimuddin Shams, Shri
Kar, Shri Nani
Koley, Shri Barindra Nath
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Swadeshranjan
Majumdar, Shri Sunil Kumar
Malakar, Shri Nani Gopal
Malik, Shri Sreedhar
Mandal, Shri Prabhanjan Kumar
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Narayandas
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Panda, Shri Bhupal Chandra
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendu
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Anil
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Sur, Shri Prasanta Kumar
Tirkey, Shri Manohar
Tudu, Shri Bikram

AYES

Abdul Mannan, Shri
Abdus Sattar, Shri
Banerjee, Shri Ambika
Banerjee, Dr. Sushovan
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Ghosh, Shri Ashok
Mahato, Shri Subhas Chandra
Mahata, Shri Shantiram
Mishra, Shri Abanti
Mosehuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Samar
Mukhopadhyay, Shri Subrata
Roy, Shri Sukumar

ABSENTIONS

Sarkar, Shri Deba Prasad
Purkait, Shri Prabodh

The Ayes being 14, and the Noes 86, the motion was lost.

The motion of Shri DEB PRASAD SARKAR that :

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, বেশ কিছুকাল যাবৎ উপাচার্য এবং সিন্ডিকেটের মধ্যে ক্রমবর্ধমান বিবাদ এবং তার থেকে উদ্ভূত সমস্যা এই রাজ্যের ঐতিহ্যমণ্ডিত শিক্ষা প্রতিষ্ঠান কলকাতা বিশ্ববিদ্যালয়ে এমন একটা অচল অবস্থার সৃষ্টি করেছে যে, বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কাজকর্ম ও পড়াশোনা কার্যত বন্ধ হওয়ার পথে;

সেইহেতু রাজ্যের লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যতের কথা চিন্তা ক'রে কলকাতা বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক, সুস্থ ও স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনা এবং এই শিক্ষা প্রতিষ্ঠানের স্বাধিকার সুপ্রতিষ্ঠিত করার উদ্দেশ্যে উভয়ের মধ্যে বিবাদীয় বিষয়গুলিকে "প্রেসটিজ ইসু" না ক'রে পারস্পরিক আলাপ-আলোচনার মাধ্যমে একটি সুষ্ঠু মীমাংসায় উপনীত হওয়া এবং অবিলম্বে কলকাতা বিশ্ববিদ্যালয়ে বর্তমান অচল অবস্থার অবসান ঘটানোর জন্যই এই সভা রাজ্য সরকারের মাধ্যমে এই মর্মে দুই বিবদমান পক্ষের শুভ বুদ্ধির কাছে আবেদন জানাচ্ছে।

was then put and a Division takes with the following results :

NOES

Abdul Bari, Shri Md.
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Lakhan
Benerjee, Shri Amiya Bhusan
Basu, Shri Subhas
Barui, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Nani
Bhattacharya, Shri Satya Pada
Biswas, Shri Hazari
Biswas Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti
Chakrabarty, Shri Jatin
Chakrabortty, Shri Umapati
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Sadhan
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhyry, Shri Bikash
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Shri
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Malin
Ghosh, Shri Satyendranath
Ghsosh, Shri Susanta
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Gupta, Shri Sitraram
Hajra, Shri Sachindra Nath
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada,
Kalimuddin Shams, Shri
Kar, Shri Nani
Koley, Shri Barindra Nath
Let, Shri Dhirendra
Maity, Shri Bankim Behari
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Swadeshranjan
Majumdar, Shri Sunil Kumar
Malakar, Shri Nani Gopal
Malik, Shri Sreedhar
Mandal, Shri Prabhanjan Kumar
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal. Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Narayandas
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Panda, Shri Bhupal Chandra
Panda, Molini Mohan
Pathak, Shri Patit Paban
Paramanik, Shri Abinash
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy Barman, Shri Khitibhusan
Roy, Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen , Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Sur, Shri Prasanta Kumar
T\irkey, Shri Manohar
Tudu, Shri bikram

ABSTENTIONS

Abdus Sattar, Shri
Banerjee, Shri Ambika
Banerjee, Dr. Sushovan
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Mishra, Shri Abanti
Moslehuiddin Ahmed, Shri
Mukhopadhyay, Shri Subrata
Roy, Shri Sukumar
Sarkar, Shri Dhirendra Nath

AYES

Sarkar, Shri Deba Prasad
Purkait, Shri Prabodh

The Ayes being 2, and the Noes 87, the motion was lost :

The motion of Shri AMIYA BHUSAN BANERJEE that :

যেহেতু এই সভা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কলকাতা বিশ্ববিদ্যালয়কে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে ঘোষণার বাতাবরণে কেন্দ্রীয় বিশ্ববিদালয়ে পরিণত করবার এবং তার মধ্য দিয়ে গৌরবময় ঐতিহ্যসম্পন্ন এই প্রাচীন বিশ্ববিদ্যালয়ের বৈশিষ্ট্য, মর্যাদা, অধিকার ও স্বাধীনতা খর্ব করবার চক্রান্ত চলছে।

যেহেতু এই সভার সুচিন্তিত অভিমত এই যে, কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে পরিণত করলে এই রাজ্যের শিক্ষা প্রসারের ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে অপূরণীয় ক্ষতি হবে;

সেইহেতু এই সভা দ্ব্যর্থহীনভাবে এই চক্রান্ত ও অপচেষ্টার তীব্র নিন্দা করছে ও তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে প্রস্তাব করছে যে, কলকাতা বিশ্ববিদ্যালয়কে বর্তমানে যেমন রাজ্যের অধিকারভুক্ত বিষয় হিসাবে গণ্য করা হয় তা অপরবর্তিত থাকুক।

was then put and a Division taken with the following results :

AYES

Abdul Bari, Shri Md.
Anisur Rahman Biswas, Shri
Bagdi, Shri Lakhan
Benerjee, Shri Amiya Bhusan
Basu, Shri Ajit
Basu, Shri Subhas
Barui, Shri Gobinda
Bera, Shri Pulin
Bhattacharya, Shri Nani
Bhattacharya, Shri Satya Pada
Biswas, Shri Hazari
Biswas Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kanti
Chakrabarty, Shri Jatin
Chakrabortty, Shri Umapati
Chatterjee, Shri Dhirendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Sadhan
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhyry, Shri Bikash
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Shri
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Malin
Ghosh, Shri Satyendranath
Ghosh, Shri Susanta
Goswami, Shri Ramnarayan
Goswami, Shri Subhas
Gupta, Shri Sitraram
Hajra, Shri Sachindra Nath
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada,
Kalimuddin Shams, Shri
Kar, Shri Nani
Koley, Shri Barindra Nath
Let, Shri Dhirendra
Malty, Shri Bankim Behari
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Swadeshranjan
Majumdar, Shri Sunil Kumar
Malakar, Shri Nani Gopal
Malik, Shri Sreedhar
Mandal, Shri Prabhanjan Kumar
Mir Abdus Sayeed, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Narayandas
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Panda, Shri Bhupal Chandra
Panda, Shri Mohini Mohan
Pathak, Shri Patit Paban
Paramanik, Shri Abinash
Rai, Shri H. B.
Ray, Shri Achintya Krishna
Roy, Shri Birendra Narayan
Roy, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Kripa Sindhu
Saren, Shri Ananta
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen , Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Sur, Shri Prasanta Kumar
T\irkey, Shri Manohar
Tudu, Shri bikram

NOES

Abdul Mannan, Shri
Abdus Sattar, Shri
Banerjee, Shri Ambika
Banerjee, Dr. Sushovan
Bapuli, Shri Satya Ranjan
Bhunia, Dr. Manas
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Mishra, Shri Abanti
Moslehuiddin Ahmed, Shri
Mukherjee, Shri Samar
Mukhopadhyay, Shri Subrata
Roy, Shri Sukumar
Sarkar, Shri Dhirendra Nath

ABSENTATIONS :

Sarkar, Shri Deba Prasad
Purkait, Shri Prabodh

The Ayes being 87, and the Noes 14, the motion was carried.

Legislation

The West Bengal Open Unsiversity Bill, 1985

Shri Sambhu Charan Ghose : Sir, I beg to introduce the West Bengal Open University Bill, 1985.

(Secretary then read the title of the Bill)

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, সেইজন্য আমি অনুরোধ করছি এই বিলটি সিলক্ট কমিটিতে পাঠান এবং এতে অন্তত ৪ জন সদস্য নিন।

মিঃ স্পীকার : ৩ জন সসস্যকে নেওয়া হয়েছে।

শ্রী সুব্রত মুখার্জী : সিলেক্ট কমিটিতে পাঠানোর জন্য অন্ততঃ ৪ জন মেম্বার নিন, অনেক বক্তা সেখানে এবং একটা ভালো করে আলোচনা হতে পারে এই অনুরোধ আমি হাউসের কাছে রাখছি।

[6-55 P.M. - 7.01 P.M.]

Shri Sambhu Charan Ghose : Mr. Speaker, Sir, I beg to move "that the West Bengal Open University Bill, 1985, be reffered to a Select Committee of the House consisting of -

1. Shri Shyamal Chakraborty
2. Shri Sumanta Kumar Hira
3. Shri Amiya Bhusan Banerjee
4. Shri Radhika Ranjan Pramanik
5. Shri Santasri Chattopadhyay
6. Shri. M. Ansaruddin
7. Shri Upendra Kisku
8. Shri Dinesh Chandra Dakua
9. Shri Nikhilanda Sar
10. Shri Bimal Kanti Basu
11. Shri Anil Mukherjee
12. Shri Satyendra Nath Ghsoh
13. Shri Kripa Sindhu Saha
14. Shri Amalendra Roy
15. Shri Subhas Goswami
16. Shri Kamakhya Ghosh
17. Shri Prabodh Chandra Sinha
18. Shri Swadesh Ranjan Maji
19. Shri Bankim Bihari Maity
20. Shri Sunil Santra
21. Shri Umakanta Roy
22. Sm. Renu Leena Subba
23. Shri Prabodh Purkait
24. Shri Satya Ranjan Bapuli
25. Shri Abdul Mannan
26. Dr. Manas Bhunia and
27. Shri Sambhu Charan Ghose, Minister-in-charge of Education Department (Higher)

   that in order to constitute a sitting of the Committee the quorum shall be one-third of the total number of the Members of the Committee;

   that the Committee shall make a report to this House by the next Session."

মিঃ স্পীকার : আপনার কি কোন বক্তব্য আছে?

শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ আমি দুটি মাত্র কথা বলতে চাই। ওপেন এয়ার ইউনিভারসিটি সম্বন্ধে অনেক সময়ে দেখা যায় ভ্রান্ত ধারণা আছে। এটাকে অনেক সময়ে মুক্ত বিশ্ববিদ্যালয় বলা হয়, আবার কোন কোন সংবাদপত্রে মুক্তাঙ্গন বলা হয়। আসলে কিন্তু এটা মুক্ত বিশ্ববিদ্যালয়। ১৯৭১ সালে প্রথমে ইংলণ্ডে ওপেন ইউনিভারসিটি হয়। তার মূল কথা হচ্ছে ইট ইজ ওপেন টু অল। একজন অষ্টম মানের ছাত্র এই বিশ্ববিদ্যালয়ের ছাত্র হতে পারে—বয়সের কোন সীমা নেই। সেই হিসেবে ওপেন টু অল বলা হয়। আমাদের যে খসড়া বিল তাতে আমরা একটু পার্থক্য করেছি। উপাচার্যদের সঙ্গে যখন আলোচনা হয় তখন তাঁরা বলেন যে, আপনি লণ্ডনের মত ওপেন টু অল করবেন না। ন্যূনতম এস. এফ পরীক্ষায় পাশ ছাত্ররা যাতে এর ছাত্র হতে পারে তার ব্যবস্থা করুন। সেজন্য এস. এফ উত্তীর্ণ ছাত্ররা এর ছাত্র হবে। ১৬ বছর কিম্বা স্কুল ফ্যাইনাল পাশ ছেলে এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে না। ২০ বছর বয়স হতে হবে। গ্র্যাজুয়েশনে ভর্তি হতে পারে যারা দীর্ঘদিন ধরে উচ্চ শিক্ষার সুযোগ পাইনি তাদের জন্য ব্যবস্থা করা হয়েছে। অনেকের ধারণা ওপেন ইউনিভার্সিটি মানে করসপণ্ডেনেন্স কোর্স। আমি নিজে লণ্ডনে দেখেছি সেখানে করসপণ্ডেনন্স কোর্স ছাড়াও আরও অনেকগুলি জিনিস আছে। ক রসপণ্ডেনন্স কোর্সের মতন লেসেনগুলি ছাত্রদের কাছে পাঠিয়ে দেওয়া হয়, রেডিও টিভির মাধ্যমে শিক্ষা দেওয়া হয়, রেগুলার বুলেটিন বার করা হয় এবং বিভিন্ন জায়গায় টিচিং সেণ্টার থেকে শিক্ষা দেওয়া হয়। ভারতবর্ষের মধ্যেই আমরা প্রথমে এটা নিয়ে আলোচনা শুরু করি ১৯৮১ সাল থেকে। ১৯৮৩ সালে হায়দ্রাবাদে প্রথম মুক্ত বিশ্ববিদালয় স্থাপন করে। এ বছর কেন্দ্রীয়ভাবে দিল্লীতে হবে। তাঁরা আইন পাশ করেছেন ওপেন ইউনিভার্সিটি করবেন। আমরা পশ্চিমবাংলায় মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপন করবো সরকারের এই সিদ্ধান্ত শিক্ষামন্ত্রী সম্মেলনে আমি ঘোষণা করি। তারপর কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রীর কাছে প্রস্তাব রাখি রেডিও, টিভি-র চ্যানেল যেন আমরা ব্যবহার করতে পারি। তিনি সমস্ত রকম সহযোগিতা করবেন বলে বলেন। আমি সম্প্রতি তাঁর কাছ থেকে একটা চিঠি পেয়েছি তার প্রথম অংশ পড়ে দিচ্ছি—

Dear Shri Ghose,

With reference to your letter number such and such of 9th July, 1985 I am happy to note that the West Bengal Government is considering establishment of an open university in the State. I hope that this university will be able to work in co-ordination with the National Open University. আশা করছি পশ্চিমবাংলায় একটা ওপেন ইউনিভার্সিটি, একটা আদর্শ বিশ্ববিদ্যালয় স্থাপন করতে সক্ষম হব।

শ্রী সুব্রত মুখার্জী ঃ স্যার, আপনার বদান্যতার তুলনা নেই, শুধু একটা অনুমতি চাইছি যে, সিলেক্ট কমিটিতে আমরা যে সমস্ত নাম দিয়েছি তাঁরা নিশ্চয়ই যখন এখানে আলোচনা হবে তখন সেই আলোচনায় অংশ গ্রহণ করতে সুযোগ পাবেন। সেই দৃষ্টিভঙ্গী নিয়ে আমরা সিলেক্ট কমিটিতে নাম দিয়েছি। কারণ, সিলেক্ট কমিটিতে যেহেতু অংশ নিয়েছি সেজন্য পরবর্তীকালে আর তাঁরা বক্তৃতা দিতে পারবেন না এটা যেন না হয়।

মিঃ স্পীকার ঃ না, ওসব হবে না। যাঁরা সিলেক্ট কমিটিতে মেম্বার হবেন তাঁরা বক্তৃতা করতে পারবেন না, দ্যাট উইল হ্যাভ টু বি মেনটেন্ড।

শ্রী সুব্রত মুখার্জী ঃ আপনি আগে বক্তৃতার সুযোগ দিয়েছিলেন, আপনার বদান্যতার তুলনা নেই, এবারেও দেবেন আশা করছি।

মি স্পীকার ঃ আমি এর আগে একবার এ্যালাও করেছিলাম, তারপর বলে দিয়েছিলাম যে আর করবো না।

The Motion of Shri Sambhu Charan Ghose, "That the West Bengal Open University Bill, 1985 be reffered to s Select Committee of the House consisting of—

1. Shri Shyamal Chakraborty
2. Shri Sumanta Kumar Hira
3. Shri Amiya Bhusan Banerjee
4. Shri Radhika Ranjan Pramanik
5. Shri Santasri Chattopadhyay
6. Shri. M. Ansaruddin
7. Shri Upendra Kisku
8. Shn Dinesh Chandra Dakua
9. Shri Nikhilanda Sar
10. Shri Bimal Kanti Basu
11. Shri Anil Mukherjee
12. Shri Satyendra Nath Ghsoh
13. Shri Kripa Sindhu Saha
14. Shri Amalendra Roy
15. Shri Subhas Goswami
16. Shri Kamakhya Ghosh
17. Shri Prabodh Chandra Sinha
18. Shri Swadesh Ranjan Maji
19. Shri Bankim Bihari Maity
20. Shri Umakanta Roy
21. Shri Sunil Santra
22. Sm. Renu Leena Subba

23. Shri Prabodh Purkait
24. Shri Satya Ranjan Bapuli
25. Shri Abdul Mannan
26. Dr. Manas Bhunia and
27. Shri Sambhu Charan Ghose, Minister-in-charge of Education Department (Higher)

that in order to constitute a sitting of the Committee the quorum shall be one-third of the total number of the Members of the Committee;

that the Committee shall make a report to this House by the next Session," was then put and agreed to.

Adjourment :

The House was then adjourned at 7- 01 P.M. tile 1 P.m. on Tuesday, the 10th September,1985, at the Assembly House, Calcutta.

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 10th September 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 13 Ministers, 8 Ministers of State and 180 Members.

Held over Starred questions

(to which oral answars were given.)

[1.00 - 1.10 p.m.]

পৌরসভার নির্বাচন

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯১।) **শ্রীকাশীনাথ মিশ্র ও শ্রী জয়ন্ত বিশ্বাস** : স্থানীয় শাসন ও নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) রাজ্যের ৮৪টি পৌরসভার নির্বাচন কবে নাগাদ সম্পন্ন হবে ;

(খ) উক্ত পৌরসভাগুলির মেয়াদ কতদিন বৃদ্ধি করা হয়েছে ;

(গ) উক্ত পৌরসভাগুলির জন্য বিশেষতঃ উন্নয়ন কাজে সি ইউ ডি পি, অনুদান ও ঋণ কেন্দ্র সরকার দিচ্ছেন কিনা ; এবং

(ঘ) বাঁকুড়া, সোনামুখী, বিষ্ণুপুর পৌরসভাগুলির ওয়ার্ড পরিবর্তন করার ব্যাপারে রাজ্য সরকার কোন বিজ্ঞপ্তি জারি করেছেন কিনা?

শ্রী প্রশান্ত কুমার শূর :

(ক) পৌরসভাগুলির নির্বাচন সংক্রান্ত বিষয়টি বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন। নির্বাচনের সঠিক দিন এখনও ধার্য হয়নি।

(খ) বহরমপুর, পুরাতন মালদহ, মেদিনীপুর ও রায়গঞ্জ পৌরসভা ছাড়া অন্যান্য পৌরসভাগুলির মেয়াদ একবৎসর বৃদ্ধি করা হয়েছে।

(গ) সি ইউ ডি পি অনুদান ও ঋণদান সি এম ডি এলাকাভুক্ত ৩৬টি পৌরসংস্থায় দেওয়া হয়েছে।

(ঘ) না।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন বহরমপুর মিউনিসিপ্যালিটিতে প্রশাসক নিয়োগের আগে ৯/১০ জন সদস্যের একটা মনোনীত বোর্ড গঠণ করা হয়েছিল। আমার প্রশ্ন হচ্ছে, এই বোর্ড এক/দেড় মাসের মধ্যে এমপ্লয়মেন্ট একসচেঞ্জ থেকে লোক না নিয়ে অন্যভাবে আইন কানুন বিধি এড়িয়ে এবং অবৈধভাবে ব্যাপক হারে যে লোক নিয়োগ করেছেন এটা আপনি দেখবেন কি?

শ্রী প্রশান্ত কুমার শূর : কি কি বহির্ভূতভাবে হয়েছে জানালে আমি নিশ্চয়ই দেখব।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : মন্ত্রিমহাশয় বললেন পৌরসভার নির্বাচন সম্পর্কে কোন সিদ্ধান্ত হয়নি। কিন্তু বিভিন্ন সময় সংবাদপত্রে আমরা আপনার যে বিবৃতি দেখেছি তাতে আপনি একটা নির্দিষ্ট সময় সীমা ঘোষণা করেছেন। আমার প্রশ্ন হচ্ছে সেই টার্গেট ডেট-কে লক্ষ্য রেখে আপনি নির্বাচনের জন্য অগ্রসর হচ্ছেন কি?

শ্রী প্রশান্ত কুমার শূর : আমি বলেছি ১বছর বাড়িয়ে দিয়েছি। সুতরাং এই এক বছরের মধ্যে নির্বাচন করে দেব।

শ্রী ফণীভূষণ রায় : মন্ত্রিমহাশয় যে ৩টি পৌরসভার কথা বললেন তার মধ্যে পুরাতন মালদহ আছে। আমার প্রশ্ন হচ্ছে এই ৩টি পৌরসভার ক্ষেত্রে কি কারণে সময় বাড়ান হল না এবং কবে এই পৌরসভার নির্বাচন হবে?

শ্রী প্রশান্ত কুমার শূর : আমি বলেছি প্রশাসক নিয়োগ করা হয়েছে। আমরা যদি এই পৌরসভার নির্বাচন একসঙ্গে করতে পারি সেটা নিশ্চয়ই দেখব।

শ্রী কামাক্ষ্যা চরণ ঘোষ : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি মেদিনীপুর পৌরসভায় যে এ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়েছে, তার আগে যে কমিশনার ছিল তার বিরুদ্ধে যে অভিযোগ ছিল চুরি, টাকা-পত্র তছরূপ ইত্যাদি সে সম্বন্ধে কোন ব্যবস্থা করেছেন?

শ্রী প্রশান্ত কুমার শূর : সেই সব অভিযোগ সম্বন্ধে বিবেচনা করেই তো প্রশাসক বসিয়েছি।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি মন্ত্রী মহাশয় যে বলেছেন এক বছরের মধ্যে নির্বাচন হবে কিনা সেটা বিবেচনাধীন আছে, তাহলে আবার এক বছর একসটেনসন করার কোন সিদ্ধান্ত আছে কিনা?

শ্রী প্রশান্ত কুমার শূর : আইনে সেই সুযোগ নাই। সুতরাং এক বছরের মধ্যেই নির্বাচন করতে হবে।

শ্রী সরল দেব : মন্ত্রি মহাশয়ের কাছে জানতে চাইছি যে নির্দিষ্ট সময়ের মধ্যে ভোটের ব্যবস্থা না করে আরও এক বছর একসটেনশন কারণ কি? শুধু কি ঐ পৌরসভার ওয়ার্ড নির্বাচন বা ওয়ার্ড বৃদ্ধি এবং নতুন ওয়ার্ড সংযোজন করাই কি কারণ?

শ্রী প্রশান্ত কুমার শূর : অনেকগুলি পৌরসভা নূতন এলাকা যুক্ত করেছে, আবার অনেকগুলি পৌরসভা নির্বাচনের কথা বলছে। এই সমস্ত কারণেই আমাদের সমস্ত কিছু বিবেচনা করে সময় নির্দিষ্ট করতে পারলাম না।

সি ইউ ডি পি - III পরিকল্পনা

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৭।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্য** : স্থানীয় শাসন ও নগর-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সি ইউ ডি পি -III পরিকল্পনায় শুরু থেকে এ পর্যন্ত মোট কত টাকা খরচ করা হয়েছে ; এবং

(খ) ঐ পরিকল্পনার কার্যকারিতা কতদিন পর্যন্ত থাকছে ?

শ্রী প্রশান্ত কুমার শুর :

(ক) ৩১শে আগষ্ট ১৯৮৫ পর্য্যন্ত সি. এম. ডি. এর এলাকাভুক্ত কলিকাতা কর্পোরেশন, হাওড়া কর্পোরেশন ও অন্যান্য পৌরসভাগুলি ১১১১.৮১ লক্ষ টাকা লইয়াছে।

(খ) এখনও পর্য্যন্ত ঠিক আছে, যে এই পরিকল্পনা ১৯৮৭-৮৮ সাল পর্য্যন্ত চলবে।

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সি.ইউ.ডি পি-৩-এর যে পরিকল্পনা ছিল তাতে কতগুলি মিউনিসিপ্যালিটিতে এই রকম উন্নয়নমূলক কাজ হচ্ছে এবং এই যে টাকা মিউনিসিপ্যালিটিগুলকে দেওয়া হয়েছে তা পরিশোধ করতে হবে কিনা এবং পরিশোধ করতে হলে কিভাবে করবে?

শ্রী প্রশান্ত কুমার শূর : কথা হোল এটা লোন হিসাবেই দেওয়া হচ্ছে। তবে এটা আপনারা জানেন আগেও বিভিন্ন মিউনিসিপ্যালিটিগুলিকে বহু টাকা দিয়েছি এবং তা রেমিটও করেছি মুকুব করেছি। এবং দ্বিতীয় পরিকল্পনার টাকাও আমরা রেমিট করছি এখানে এখনও ২৭ কোটি টাকা অনুমোদিত হয়ে রয়েছে। এর মধ্যে এই টাকাও ধরা আছে।

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য : আমাদের এই সি ইউ ডি পি-৩ পরিকল্পনায় দপ্তর থেকে যে সবকাজ হচ্ছে সে সম্পর্কে বিভিন্ন অভিযোগ মন্ত্রী মহাশয়ের কাছে আছে কিনা এবং ইঞ্জিনীয়ার উইং- এর কাজের ফলে বিভিন্ন পৌরসভায় ঐ ইঞ্জিনীয়ার উইং যথাযথভাবে অনুমোদন দিচ্ছে না বলে কাজ হেল্ড আপ হয়ে যাচ্ছে? এ সম্পর্কে কোন অভিযোগ মনত্রী মহাশয়ের কাছে আছে কিনা?

শ্রী প্রশান্ত কুমার শূর : সঠিক অভিযোগ সম্বন্ধে আমি এখন বলতে পারছি না। তবে আমি আপনাকে এই কথা বলতে পারি যে এই কাজগুলিকে মনিটার করার জন্য ডিরেক্টার জেনারেল অব অপারেসন বলে একটা সেল আছে এবং ডিরেক্টর জেনারেল অব অপারেসন এই সব কাজগুলি তদারকী করেন। সুতরাং স্পেসিফিক বক্তব্য থাকলে আমি তার ব্যবস্থা নিতে পারবো।

শ্রী ফনি ভূষণ রায় : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সি. ইউ. ডি পি স্কীমের টাকা উত্তরবঙ্গের পৌরসভাগুলি পায় কিনা এবং যদি পায় তাহলে যেহেতু উত্তর বাংলা অবহেলিত, সেই সব মিউনিসিপ্যালিটিকে প্রায়রিটি দেওয়া হয় কিনা। এবং এ সম্পর্কে মালদা জেলার দুটি মিউনিসিপ্যালিটি-ইংলিস বাজার পৌরসভা, পুরাতন মালদা পৌরসভা কত টাকা পাচ্ছে?

[1.10 – 1.20 p.m.]

শ্রী প্রশান্ত কুমার শূর : আমি আগেই বলেছি যে, সি. ইউ.ডি. পি(৩) এরিয়ার মধ্যে ৩৬ টি পৌরসভা আছে, কলকাতা করপোরেশন এবং হাওড়া করপোরেশন নিয়ে। সুতরাং এটা উত্তরবঙ্গের ক্ষেত্রে প্রযোজ্য নয়। তাসত্বে ও আপনাকে বলছি যে আমাদের পশ্চিবাংলার টাউন এ্যাণ্ড কান্ট্রি প্ল্যানিং এক্টের আওতায় ৪টি ডেভেলপমেন্ট অথারিটি আছে। উত্তরবংগের হচ্ছে শিলিগুড়ি, জলপাইগুড়ি, আসানসোল, দুর্গাপুর, হলদিয়া ডেভেলপমেন্ট অথারিটি এবং ক্যালকাটা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথারিটি। এ-ছাড়াও আমাদের প্ল্যানিং এ্যাণ্ড ডেভেলপমেন্ট দপ্তর মাঝে মাঝে বিশেষ বিশেষ ক্ষেত্রে অর্থ দিয়ে থাকে।

শ্রী সরল দেব : মাননীয় সদস্য গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য মহাশয়ের প্রশ্নের উত্তরে বলেছেন সি.ইউ.ডি.পি স্কীমে টাকা লোন হিসাবে দিচ্ছেন। কিন্তু আপনার বোধ হয় জানা আছে যে, অধিকাংশ পৌরসভারই ২০ থেকে ২৫% এর মত কালেকসান হয় বাকিটা ডেভেলপমেন্ট থেকে ওয়েজ এ্যাণ্ড

মিনস হিসাবে দিতে হয়। এটাকে আপনি একেবারে অনুদান হিসাবে ঘোষণা না করে সাসপেন্সে রেখে দিচ্ছেন কেন? কেন না অধিকাংশ মিউনিসিপ্যালিটিরই কালেকসান হয় মাত্র ২০ টু ২৫% এর মত। কোন কালেই এরা টাকা পরিশোধ করতে পারবে না, এটাই হচ্ছে বাস্তব সত্য। কাজেই পরিস্কারভাবে এটাকে অনুদান হিসাবে ঘোষণা করছেন না কেন, সাসপেন্সে রেখে দিচ্ছেন কেন?

শ্রী প্রশান্ত কুমার শূর : আপনারা জানেন সি. ইউ. ডি. পি.(৩)-র ঋণ পাই আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। ১০০ কোটি টাকার মধ্যে ১০ কোটি টাকা অনুদান পাই, ২৫ কোটি টাকা ঋণ পাই। এই ঋণগুলি আমাদের শোধ করতে হবে। ষ্টেট গভর্নমেন্ট এমনি লোন নিয়ে টাকা দিচ্ছে। এই টাকা ষ্টেট গভর্নমেন্টকে শোধ করতে হবে। সুতরাং আমরা শোধ করার জন্য বলি। আপনারা একটি কথা স্বীকার করবেন যে, পৌরসভাগুলি শতকরা ২৫ ভাগ কর আদায় করলে কি করে চলবে? সুতরাং পৌরসভাগুলির শতকরা ৮০/৯০ ভাগ আদায় করা উচিত। সেটা না করে রাজ্য সরকারের উপর নির্ভর করলে এবং উন্নয়ন মূলক খাতে যে অর্থ বরাদ্দ থাকে সেটা ব্যয় করলে এলাকার উন্নয়ন কোনদিনও হবে না। সেই জন্য পৌরসভাগুলির উচিত হচ্ছে তাদের যে ব্যয় সেই ব্যয় বহন করার জন্য কর আদায়ের দিকে বেশী করে নজর দেওয়া।

Starred questions
(to which oral answars were given.)

রাজ্যের স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনগুলির অবস্থা খতিয়ে দেখার জন্য লণ্ডন থেকে বিশেষজ্ঞদলের আগমন

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫০।) **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার** : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনগুলির অবস্থা খতিয়ে দেখতে লণ্ডন থেকে একটি বিশেষজ্ঞদল (লণ্ডন ট্রান্সপোর্ট ইণ্টারন্যাশানাল কন্সালটেন্সী এজেন্সী) মিঃ মার্টিন হার্ট-এর নেতৃত্বে বর্তমান বৎসরে কলকাতায় এসেছিলেন; এবং

(খ) সত্য হলে, ঐ বিষয়ে ঐ দলের তরফে রাজ্যসরকারের নিকট কোন রিপোর্ট দেওয়া হইয়াছে কিনা?

শ্রী শিবেন্দ্র নারায়ন চৌধুরী :

(ক) শুধু কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার বিভিন্ন দিক পর্যালোচনা করে এই সংস্থার আরও উন্নতি বিধানের জন্য পরামর্শ দেওয়ার জন্য লণ্ডন ট্রান্সপোর্ট ইনটারন্যাশন্যাল কনসানটেন্সী এজেন্সীকে নিয়োগ করা হয়েছিল। অন্যদুইটি পরিবহণ সংস্থা ও কলকাতা ট্রামওয়েজকে এই পর্যালোচনার আওতাভূক্ত করা হয়নি।

(খ) উপরোক্ত কনসানটেন্সী এজেন্সী কলকাতা রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার পরিবহণগত বিভিন্ন দিক পর্যালোচনা করে তাঁদের প্রাথমিক প্রতিবেদন সরকারকে দাখিল করেছেন কিছুদিন পূর্বে। তাঁদের সুপারিশসমূহ বর্তমানে সরকারের বিবেচনাধীন রয়েছে।

শ্রী ধীরেন্দ্র নাথ সরকার : লণ্ডন ট্রানসপোর্ট ইণ্টারন্যাশন্যাল কনসালটেন্সী এজেন্সীর মিঃ মার্টিন হার্টের নেতৃত্বে গঠিত কমিটির রিপোর্ট রাজ্য সরকারের কাছে যেটি পেশ করেছেন তার মধ্যে কি কি বিষয় উল্লেখ আছে সেটা জানাবেন কি?

শ্রী শিবেন্দ্র নারায়ন চৌধুরী : ডিটেলস বলা সম্ভব নয়, সুপারিশের কয়েকটি বিষয় উল্লেখ করছি। তারা যে রেকমেণ্ডেসন দিয়েছেন তার ষ্ট্রাটেজিক ইনিসিয়েটিভ হচ্ছে,

Re-organisation of CSTC, Management. Structure, Permanent Maintenance, Meeting Passengers, demand and material supply.

শ্রী ধীরেন্দ্র নাথ সরকার : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, ঐ কনসালটেন্সী এজেন্সীকে কে নিয়োগ করেছিলেন?

শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরী : সি.এস.টি.সি করেছে।

শ্রী সমর মুখার্জী : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, ঐ রিপোর্টে সি.এস.টি.সিকে প্রাইভেট কম্পানীর হাতে তুলে দেওয়ার সুপারিশ করা হয়েছে কিনা?

শ্রী শিবেন্দ্র নারায়ণ চৌধুরী : এরকম কোন রেকমেনডেসান করেন নি।

মিঃ স্পীকার : এটা একটা রিপোর্টের উপর প্রশ্ন, কাজেই কোন প্রাইভেট কম্পানীর হাতে তুলে দেওয়া হবে কিনা এই অতিরিক্ত প্রশ্ন এই প্রশ্ন থেকে আসে না। যাই হোক যা করেছেন করেছেন।

শ্রী সুমন্ত কুমার হীরা : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, ঐ লণ্ডন ট্রান্সপোর্ট ইনটারন্যাশানাল কন্সালটেন্সী এজেন্সী ষ্টেট ট্রান্সপোর্টকে ভ্যায়াবল করা সম্পর্কে কোন সুপারিশ করেছেন কিনা?

শ্রী শিবেন্দ্র নারায়ণ চৌধুরী : যে ৪ টি বিষয়ের কথা বললাম এতেই তো এর উন্নতি কি ভাবে করা যায় তার সাজেসান বা রেকমেনডেসান আছে।

শ্রী মহম্মদ রমজান আলি : Will the Minister-in- charge be pleased to state how much expenditure was incurred for this consultancy borne by this government?

শ্রী শিবেন্দ্র নারায়ণ চৌধুরী : নোটিশ চাই।

কৃষি ফসল বীমা প্রকল্প

*৯৩। (অনুমদিত প্রশ্ন নং *৪৯৭।) **শ্রী আতাহার রহমান** : কৃষি বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) সমস্ত প্রকার কৃষি ফসলের বীমা প্রকল্প চালু করার কোন পরিকল্পনা বর্ত্তমানে রাজ্যসরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

শ্রী কমল কান্তি গুহ :

(ক) কোন কোন ফসলের বীমা প্রকল্প চালু হবে সে সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার নেন।

(খ) প্রশ্ন ওঠে না।

শস্য বীমা প্রকল্প সম্প্রসারণ

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৬।) **শ্রী শিবপ্রসাদ মালিক** : কৃষি বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) ১৯৮৫-১৯৮৬ সালে পশ্চিমবঙ্গে শস্য বীমা প্রকল্প সম্প্রসারণের ও কৃষকদের জীবন বীমা এবং তাহাদের বলদের বীমা চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, কবে নাগাত উক্ত পরিকল্পনা গুলি বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

শ্রী কমল কান্তি গুহ :

(ক) ১৯৮৫-৮৬ সালে পশ্চিমবঙ্গে আমন ও বোরো ধান ছাড়া ও গম, তৈলবীজ এবং ডালশস্যের শস্যবীমা চালু আছে।

আপাততঃ কৃষকদের জীবনবীমা চালু করার কোন পরিকল্পনা সরকারের নাই।

বলদের বীমা সংক্রান্ত কোন পরিকল্পনা এই বিভাগে করা হয়না। তবে পশুপালন বিভাগের তত্ত্বাবধানে বলদের জন্য বীমা ব্যবস্থা চালু আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

[1.20–1.30 p.m.]

শ্রী সুরেশ সিংহ : মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি, শষ্য বীমা পশ্চিমবাংলার কোন্ কোন্ জেলাতে চালু করা হয়েছে, কোন্ কোন্ ব্লকে?

শ্রী কমল কান্তি গুহ : আমাদের এটা থানা ভিত্তিক চালু আছে। ২৮৬টি থানা, যেগুলো মফস্বল এর মধ্যে পড়ছে, তার মধ্যে ২৪১টি থানায় চালু আছে। পরবর্ত্তীকালে কোন্ কোন্ থানা এর মধ্য পড়েছে।

মিঃ স্পীকার : আপনি লিস্টটা সার্কুলেট করে দেবেন।

শ্রী ভুপেন্দ্র নাথ শেঠ : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, শষ্য বীমা চালু করার ক্রাইটেরিয়া কি, কারা পেতে পারে, কত জমির মালিক হলে পেতে পারে।

শ্রী কমল কান্তি গুহ : এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত হচ্ছে, যেসব কৃষকরা ব্যাঙ্ক থেকে লোন নেবেন, তারা এই শষ্য বীমার আওতায় আসবেন। অবশ্য রাজ্য সরকারের পক্ষ থেকে এই সিদ্ধান্তের প্রতিবাদ করা হয়েছে। আমরা এই কথা বলেছি, যে কৃষক চাষ করবেন, তারা যাতে বীমার আওতায় আসতে পারেন, সেই সিদ্ধান্ত পাশ করা উচিত। কিন্তু সেই সুপারিশ মানা হয়নি।

শ্রী শশাঙ্ক শেখর মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই ফসল বীমা চালু করবার জন্য এই সরকারের পক্ষ থেকে কোনওরকম গ্রামে বা গঞ্জে তার নির্দিষ্ট ক্যাটাগরির মধ্যে যারা করে তাদের মধ্যে ঘুরে অনুপ্রানিত করে, তাদের সাহায্য করবার জন্য কোনও রকম এজেন্সি আজ পর্য্যন্ত নিয়োগ করা হয়েছে কি?

শ্রী কমল কান্তি গুহ : অনুপ্রানিত করার কোন প্রশ্ন ওঠেনা। কারণ যারা ব্যাঙ্ক থেকে ঋণ নিয়েছে এই ২৪১টি থানার মধ্যে, তারাই এই বীমার আওতায় আসবেন।

শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় : আপনি যে বললেন, কোন ফসলের উপর বীমা হবে, সেটা সেন্ট্রাল গভর্নমেন্ট ঠিক করে, -আম ফসলের উপর কোন ও বীমা হয়েছে কি? কারণ মালদহ, মুর্শিদাবাদ-এর অর্থকারী ফসল হচ্ছে আম, তার উপর কোন বীমা হবে কি?

শ্রী কমল কান্তি গুহ : পশ্চিমবঙ্গে আমরা রাজ্য সরকারের উদ্যোগে যখন এই ফসল বীমা চালু করলাম, তখন এর মধ্যে ছিল ধান, গম, তৈল বীজ, আলু। এখন কেন্দ্রীয় সরকার আমাদের অনুমতি দিয়েছেন খালি আমন ধানের ক্ষেত্রে, ডাল শষ্য এবং গমের ক্ষেত্রে, আলুটাও বাদ দিয়েছে। আমরা এখানে অর্থকরী ফসল হিসাবে পাট এবং আউস ধানকে নেবার জন্য বহু চিঠি পত্র লেখা লেখি করেছি, তারা নাকচ করে দিয়েছে আমাদের সুপারিশ।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রিমহাশয় কয়েক বছর ধরে এই শষ্য বীমা প্রকল্প চালু করেছেন, অনুমানিক ভাবে মন্ত্রী কি বলতে পারেন পশ্চিমবাংলার কত কৃষক এই বীমা প্রকল্পের মধ্যে এসেছে, ইতি মধ্যে বিভিন্ন জায়গায় অনাবৃষ্টি, অতিবৃষ্টির জন্য অনেক চাষী ক্ষতিগ্রস্ত হয়েছে, তার ফলে কত চাষী উপকৃত হয়েছে এই শষ্য বীমা প্রকল্পের মাধ্যমে?

শ্রী কমল কান্তি গুহ : যে ২৪১টা থানা নির্দিষ্ট হয়েছে ওখানে প্রাকৃতিক দুর্যোগের জন্য যদি ফসল নষ্ট হয়, তাহলে ঐ থানাগুলোতে যেখানে ৮০ ভাগের মত ফসল নষ্ট হবে, সেখানকার কৃষকরা যারা ব্যাঙ্ক ঋণ নিয়েছে, তারা খালি এই শষ্য বীমার আওতায় আসবে, অন্য কৃষকরা এর আওতায় আসবেনা। কত জন উপকৃত হয়েছে, এই মুহূর্তে বলা সম্ভব নয়।

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, আমাদের শষ্য বীমা প্রকল্প চালু করবার পরে নিশ্চয়ই পশ্চিম বাংলার বিরাট সংখ্যক কৃষক উপকৃত হয়েছে। আমাদের সরকারের কাছে এই তথ্য আছে কি না, ভারতবর্ষের অন্য কোন রাজ্যে এই ধরণের প্রকল্প চালু আছে কি না, এটা অনুগ্রহ করে জানাবেন কি?

শ্রী কমল কান্তি গুহ : আমরা এখানে পরিক্ষা মূলক ভাবে ১৯৮০ সালে চালু করে ছিলাম। কিন্তু এর দ্বারা বৃহত্তর কৃষক সমাজের উপকৃত হবার কোন সম্ভাবনা নেই। কারণ পূর্ব ভারতে এই জাতীয় ব্যাঙ্কগুলোর কৃষিতে লগ্নী অত্যন্ত কম। যারা ব্যাঙ্কের লোন পাবেন না তারা এর দ্বারা উপকৃত হবেন না। কাজেই বৃহৎ সংখ্যায় মানুষ উপকৃত হবে, এই প্রত্যাশা যদি কারো থেকে থাকে, তাহলে সেটা ভুল।

হলদিয়ায় পানীয় জল সরবরাহ

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪।) **শ্রী কাশীনাথ মিশ্র :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ (শহরের জল সরবরাহ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) হলদিয়তে জল সরবরাহের জন্য গেঁয়োখালি প্রকল্পের কাজ ত্বরান্বিত না হওয়ার কারণ কি;

(খ) হলদিয়াতে পানীয় জল সরবরাহের জন্য কত টাকা ব্যয় করা হবে; এবং

(গ) হলদিয়া নোটিফায়েড এরিয়া অথরিটি এ ব্যাপারে কোন অর্থ ব্যয় করেছে কিনা?

শ্রী প্রশান্ত কুমার শুর :

(ক) ভুমি অধিগ্রহনে বিলম্ব ও প্রয়োজনীয় অর্থের অভাবের জন্য কাজটি বিলম্বিত হচ্ছে

(খ) ৩২.০০ কোটি টাকা।

(গ) না।

পশ্চিমবঙ্গে আর এল আই, ডিপ টিউবওয়েল ইত্যাদি স্থাপন

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৯।) **শ্রী হিমাংশু কুঙর :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) পশ্চিমঙ্গে চলতি আর্থিক বৎসরে কতগুলি (১) আর এল আই, (২) ডিপ টিউবওয়েল ও(৩) স্যালো/গুচ্ছ–স্যালো টিউবওয়েল বসানোর পরিকল্পনা আছে ; এবং

(খ) ইহার মধ্যে মেদিনীপুর জেলা ও ইহার অন্তর্গত কেশপুর ব্রকে কতগুলি আর এল আই, ডিপ টিউবয়েল ও স্যালো টিউবওয়েল বসানোর পরিকল্পনা আছে?

শ্রী কানাই ভৌমিক :

(ক) অর্থবিভাগের অনুমোদন সাপেক্ষে চলতি আর্থিক বৎসরে বিশ্বব্যাঙ্ক সাহায্য পুষ্ট পশ্চিমবঙ্গ ক্ষুদ্রসেচ প্রকল্পের অধীনে ২৫টি বর্তমান আর. এল. আই প্রকল্পের পাম্পগৃহ নির্মাণ, বৈদুতিকরণ এবং পাইপ স্থাপন : ১০০টি উচ্চসেচক্ষমতা সম্পন্ন ও ৪০টি মধ্যসেচক্ষমতা সম্পন্ন গভীর নলকূপ এবং ৪৮০টি সেন্ট্রিফুগাল পাম্পযুক্ত ও ১৮০টি সাব্মারসিবল পাম্পযুক্ত স্যালো টিউবওয়েল স্থাপনের পরিকল্পনা ক্ষুদ্রসেচ বিভাগের বিবেচনাধীন আছে।

(খ) ইহার মধ্যে উপরে বর্ণিত ২৫টি আর.এল.আই এর উৎকর্ষসাধন তাহাদের বর্তমান অবস্থানেই সম্পাদিত হইবে। ডিপ টিউবওয়েল এবং স্যালো টিউবওয়েলগুলির মধ্যে মেদিনীপুর জেলার জন্য ১৯টি উচ্চসেচক্ষমতা সম্পন্ন এবং ৬টি মধ্য সেচ ক্ষমতাসম্পন্ন, ১২০টি সেন্ট্রিফুগাল এবং ২৭টি সাব্মারসিবল পাম্পযুক্ত স্যালো টিউবওয়েল বসাইবার পরিকল্পনা গৃহীত হইয়াছে। ইহার মধ্যে কেশপুর থানায় কতগুলি বসিবে তাহা জিলা স্থান নির্বাচন কমিটির সুপারিশ ভিন্ন বলা সম্ভব নয়।

শ্রী হিমাংশু কুমার : কতগুলি আর এল আই এবং ডিপ টিউবওয়েল সারা পশ্চিমবাংলায় অকেজো হয়ে রয়েছে জানাবেন কি?

শ্রী কানাই ভৌমিক : নোটিশ চাই।

শ্রী অবিনাশ প্রামানিক : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, যে সমস্ত পুরাণ গুচ্ছ স্যালো ডিফাংট হয়ে রয়েছে সেগুলি পুনরায় চালু করা হবে কিনা?

শ্রী কানাই ভৌমিক : এই প্রশ্ন এই প্রসঙ্গে আসেনা তবুও বলছি ১১৫টি স্যালো টিউবওয়েল পুনরায় স্থাপনের পরিকল্পনা নিয়েছি।

শ্রী তারাপদ সাধুখাঁ : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, ১৯৮৫/৮৬ সালে যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার মধ্যে কত ভাগ এই ১৯৮৫/৮৬ সালের মধ্যে সম্পন্ন করা হবে এবং কোন সময়ের মধ্যে সম্পন্ন করা হবে?

শ্রী কানাই ভৌমিক : আমাদের যে পরিকল্পনা ছিল তাতে দেখা যাচ্ছে গত বছরের পরিকল্পনার কাজ এখনও কিছু বাকী আছে। এগুলি আমরা এই বছর শেষ করব এবং তার সঙ্গে এবছরের যে সমস্ত পরিকল্পনা বিশ্ব ব্যাঙ্কের রয়েছে সেগুলি এবং গত বছরের যা হয়েছে সেই রেসিডুয়াল ওয়ার্ক একসঙ্গে করবার চেষ্টা করছি। অথ্যাৎ দুটো একসঙ্গে করার চেষ্টা হচ্ছে।

শ্রী হেমন্ত কুমার রায় : আমরা দেখছি আর এল, আই, ডিপ টিউবওয়েল এবং স্যালো টিউবওয়েলের রেভিনিউ আদায় করেন বিডিও এবং জল দেবার ব্যাপারে, একজিকিউসনের ব্যপারে কাজ করে অন্য ডিপার্টমেণ্ট। এর ফলে দেখা যাচ্ছে যিনি জলকর আদায় করেন তাঁর যে বিষয় কোন চিন্তা নেই। যাঁরা টাকা নেন তাঁদের বললে তাঁরা বলেন এটা আমরা করতে পারবনা, মাইনর ইরিগেসন ডিপার্টমেণ্টকে জানান। আমার প্রশ্ন হচ্ছে, একটা ফেজের মাধ্যমে যাতে এটা করা হয় সেটা আপনি চিন্তা করছেন কি?

[1.30 – 1.40 p.m.]

শ্রী কানাই ভৌমিক : এই অসুবিধার কথা অনুধাবন করে আমরা এ বিষয়ে চিন্তা ভাবনা করছি যাতে এই সমস্যার সমাধান করা যায় এবং সে জন্য আমরা একটা প্রস্তাবও তৈরী করেছি। অর্থাৎ সমস্ত কিছুই আমরা চিন্তা-ভাবনার মধ্যে রেখেছি।

*৯৭। স্থগিত।

দ্বিতীয় হুগলী ব্রীজের কাজ

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৪।) **শ্রী দিলীপ মজুমদার** : মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) দ্বিতীয় হুগলী ব্রীজের কাজ কবে শুরু হয়েছে; এবং

(খ) বর্তমানে এই সেতুর কাজ কোন পর্যায়ে আছে?

শ্রী প্রশান্ত কুমার শুর :

(ক) কাজ শুরু হয়েছে ৭৩ সালে।

(খ) বর্তমানে এই সেতুর কাজের অগ্রগতির খতিয়ান নিম্নরূপ

কলকাতা প্রান্ত – ৭০ পারশেণ্ট

হাওড়া প্রান্ত – ৩৫ পারশেণ্ট

মূল সেতু – ৪৫ পারশেণ্ট

শ্রী বিজয় পাল : মাননীয় মন্ত্রিমহাশয়, এই প্রকল্পটি শেষ হতে আর কত দিন সময় লাগবে এবং শেষ পর্যন্ত অনুমানিক কত টাকা এর জন্য খরচ হবে?

শ্রী প্রশান্ত কুমার শুর : এটা ১৯৮৭ সালের ডিসেম্বর মাসের মধ্যে আমরা শেষ করার চেষ্টা করছি। এর জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ হিসাবে ১৫০ কোটি টাকা পাবার প্রতিশ্রুতি পেয়েছি, আর আমাদের রাজ্য সরকারের তরফ থেকে ২৫ কোটি টাকা ব্যয় হবে। এখন পর্যন্ত আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ হিসাবে ৮৬ কোটি ২২ লক্ষ টাকা পেয়েছি এবং রাজ্য সরকারের তরফ থেকে ১৩ কোটি ২০ লক্ষ টাকা খরচ হয়েছে।

শ্রী অমলেন্দ্র রায় : মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি, দ্বিতীয় হুগলী ব্রিজের মেন ওয়ার্ক যদি ১৯৭২ সালে শুরু হয়ে ১৯৮৫ সালের মধ্যে ৪৫% হয়ে থাকে তাহলে বাকিটা ১৯৮৭ সালের ডিসেম্বরেব মধ্যে কিভাবে কমপ্লিটেড হবে?

শ্রী প্রশান্ত কুমার শুর : আপনারা সকলেই জানেন যে এর একটা দীর্ঘ ইতিহাস আছে। ১৯৭২ সালে তদানিন্তন প্রধান মন্ত্রী এই সেতু শিলান্যাস করেছিলেন, কিন্তু ১৯৭৩ সালে প্রথম এখানে কাজ শুরু হয় এবং ১৯৭৩ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এখানে খুব বেশী কাজ হয়নি, কি কলকাতা প্রান্তে কি হাওড়া প্রান্তে, কোনো প্রন্তেই কাজ হয়নি। কারণে দুটি বিদেশী কনসালটেণ্ট কম্পানীর মধ্যে স্ট্রাকচারের ডিজাইন নিয়ে মতান্তর হয়েছিল, নানান কিছু হয়েছিল, ফলে কাজ বন্ধ হয়ে গিয়েছিল। দুটি কম্পানীর একটি গ্রেট ব্রিটেনের এবং আর একটি ওয়েষ্ট জার্মানির। আমরা ৭৭ সালে ক্ষমতায় আসার পর আমাদের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আমরা এবিষয়ে দিল্লীতে উচ্চ পর্যায়ের মিটিং করি এবং সেখানে অনেক গুলি জিনিসের মীমাংসা হয়। মীমাংসার পরে প্রকৃত পক্ষে ১৯৭৯ সাল থেকে কাজ শুরু হয় এবং যেটা সব চেয়ে কঠিন কাজ, চারটি স্তম্ভ সাব-স্ট্রাকচারের তার মধ্যে এক নম্বরটি এবং চার নম্বরটির কাজ শেষ হয়ে গেছে, আর দু নম্বরটি আগামী অক্টোবর মাসের মধ্যে শেষ হয়ে যাবে। আর তিন নম্বরটি যেটি করা সব চেয়ে কঠিন কাজ, যেটি নদীর মধ্যে থাকবে সেটি নির্মানের কাজ আশা করছি আগামী মার্চ মাসের মধ্যে শেষ হয়ে যাবে। সাব-স্ট্রাকচারের উপর

কাঠামো করার কাজের কনট্রাক্ট বি. বি.জে, ব্রেথওয়েট, বার্ণ স্ট্যাণ্ডার্ড এণ্ড জেসপ কম্পানীকে দেওয়া হয়েছে এবং ইতি মধ্যেই তাদের কাজ অনেক এগিয়ে গিয়েছে। এই তিনটি প্রতিষ্ঠানের শুধু পশ্চিমবঙ্গের মধ্যেই নয় সারা ভারতবর্ষের মধ্যে খুব বড় প্রতিষ্ঠান। এই ধরণের কাজ খুব বেশী প্রতিষ্ঠান করতে পারে না এবং এই ধরণের কাজ এশিয়ার মধ্যে এই প্রথম হচ্ছে। তারা এই কাজ করতে পারবে এবং তার জন্য সমস্ত রকম ব্যবস্থা করা হয়েছে। আমরা আশা করছি ১৯৮৭ সালের ডিসেম্বর মাসের মধ্যে সমস্ত কাজ শেষ হয়ে যাবে। অবশ্য কিছু অতিরিক্ত সময় লাগলেও লাগতে পারে।

Dr. Zainal Abedin : Will the Hon'ble Minister-in-Charge of Urban Development Department be pleased to state whether the State Government or the Agency in charge of the construction has been able to utilise the fund in proportion to the work of the Hooghly Bridge so far placed at the disposal of the State Government?

Shri Prasanta Kumar Sur : Yes. We have really had to wait for some time because the fund did not come from the Central Government. But what it came the work really took its speed. We are now going on according to the Schedule.

শ্রী সরল দেব : মাননীয় মন্ত্রীমহাশয় জানাইবেন কি, এই দীর্ঘসূত্রতার ফলে আপনাদের আরিজিন্যাল এসটিমেটেড কষ্ট যা ছিল সেটা প্রাইস এসক্যালেসান হওয়ার পর বেড়ে গেছে। এখন টোটাল কষ্ট কত এবং কেন্দ্র যে টাকাটা দিচ্ছেন সেটা কি আনুদান হিসাবে অথবা ঋণ হিসাবে এবং তা পরিশোধ কতদিনের মধ্যে করতে হবে?

শ্রী প্রশান্ত কুমার শূর : আগেকার পরিকল্পনা ছিল ৫৭ কোটি টাকা এবং ১৯৭৭ সালের আগে এই পরিকল্পনা শেষ হওয়ার কথা ছিল। এখন সেটা ১৫০ কোটি টাকায় দাঁড়িয়েছে। কেন্দ্রীয় সরকার শেষ পর্যন্ত রাজি হয়েছেন - আগে রাজি ছিলেন না- সব টাকাটা ঋণ হিসাবে আমাদের দেবেন এবং রাজ্যসরকার ধীরে ধীরে যেমন শোধ করতে হয় সেইভাবে শোধ করবে। আর পশ্চিমবঙ্গ সরকার নিজেরা এসট্যাবলিশমেণ্ট খরচের জন্য ব্যয় করেছেন যেমন পুর্নবাসনের ব্যাপারে, আপনারা জানেন, হাওড়া সাইটে কয়েকশত পরিবার প্রায় ২ হাজার পরিবারকে পুর্নবাসন দিতে হবে। সেইজন্য সমস্ত পুর্নবাসনের খরচা রজ্যসরকারকে বহন করতে হবে।

শ্রী সুমন্ত কুমার হীরা : মাননীয় মন্ত্রীমহাশয় জানাইবেন কি, এই দ্বিতীয় হুগলী সেতুর ইনিসিয়াল যে পরিকল্পনা হয় সেই পরিকলল্পনার যে একসপেনডিচার সেই একসপেনডিচার কেন্দ্রীয় সরকারের বহন করার কথা ছিল। কারণ এই ব্রীজ জাতীয় গুরুত্বপূর্ণ ব্রীজ। কলিকাতার সঙ্গে সংযোগরক্ষাকারী হাওড়া ব্রীজটা বাদ দিলে আর কোন সংযোগ নেই। সুতরাং যে একসপেনডিচার হবে তার সবটাই কেন্দ্রীয় সরকারের দেওয়া উচিৎ কিনা?

শ্রী প্রশান্ত কুমার শূর : এটা বলতে গেলে বলতে হয় কেন্দ্রীয়সরকারের পরিকম্পনা। তাহলেও আমরা নথিপত্র যা দেখেছি তাতে কেন্দ্র অনুদান হিসাবে দেবেন বলে উল্লেখ নেই। সুতরাং আমি এইকথা বলতে পারবো না কেন্দ্রীয় সরকার অনুদান হিসাবে দেবেন বলে কোন কথা ছিল।

হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনে লোক নিয়োগ

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭০।) **শ্রী অশোক ঘোষ** : স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ২২এ আগস্ট, ১৯৮৪ থেকে ৩১এ জুলাই, ১৯৮৫ অবধি হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনে স্থায়ী বা অস্থায়ী হিসাবে কত লোক নিয়োগ করা হয়েছে?

শ্রী প্রশান্ত কুমার শূর :

স্থায়ী পদে ১৬ জন ও অস্থায়ী ভাবে স্বল্প সময়ের জন্য দৈনিক মজুরীর ভিত্তিতে ৫৫৫ জনকে নিয়োগ করা হয়েছে।

শ্রী অশোক ঘোষ : মাননীয় মন্ত্রীমহাশয় স্থায়ী এবং অস্থায়ী পদের যে ফিগার দিলেন - এই ব্যাপারে কি আপনার জানা আছে যে সরকারী নিয়ম বহির্ভূতভাবে লোক নেওয়া হয়েছে অর্থৎ এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ এর মাধ্যমে লোক নেওয়া হয়নি?

শ্রী প্রশান্ত কুমার শূর : স্থায়ী পদে যে ১৬ জনকে নেওয়া হয়েছে সেটা হল, ডাইং ইন হারনেস কেসে। এরজন্য এমপ্লয়মেণ্ট একসচেঞ্জের কোন সুপারিশ প্রয়োজন নেই। আর ক্যাজুয়াল লেবার নিতে হলে সরকারের কোন অনুমোদন লাগে না।

শ্রী অশোক ঘোষ : স্বল্পকালীন যে অস্থায়ী কর্মচারী নিয়োগ করেছেন তা কতদিনের জন্য নেওয়া হয়েছে এবং এর জন্য আপনাদের পদ্ধতি কি?

শ্রী প্রশান্ত কুমার শূর : আপনি পিরিওডটা তো বলেই দিয়েছেন। ৫৫৫ জনের মধ্যে ৪৩৫ জনকে ছাড়িয়ে দিয়েছেন আর নতুন যে ৬ টি ওয়ার্ড এসেছে সেখানে ১২০ জন আছে।

[1.40 – 1.50 p.m.]

শ্রী অম্বিকা ব্যানার্জী : মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি–আপনারা যাদের কে অস্থায়ী পদে নিয়েছেন তারা কতদিন কাজ করলে তাদের স্থায়ী করা হবে এবং সেই সঙ্গে সঙ্গে ৪টি গুরুত্বপূর্ণ পদ অর্থাৎ চীফ ইঞ্জিনীয়ার, ফাইনান্স্ চীফ, কমিশনার ইত্যাদি পদ আজ পর্য্যন্ত খালি পড়ে আছে, সেই সব জায়গায় কোন লোক নেওয়া হয় নি।

শ্রী প্রশান্ত কুমার শূর : প্রথম কথা হল, আমরা কমিশনারের পদটাকে পূরণ করেছি। যোগ দিয়েছেন কিনা সেটা খবর রাখিনি। আর অন্য পদগুলিতে আমরা লোক দিতে পারি নি। কারণ এই ধরণের অফিসার এ খুঁজে বার করতে পারিনি। আর যেটা বললেন, ওঁদেরকে স্থায়ী করণের যে প্রথা আপনারা আমাদের রাজ্য সরকার সিদ্ধান্ত জানেন কোন পার্মানেনট্ নেচারের কাজ যদি কেউ করে থাকেন কনটিনিউয়াস যদি ৩ বছরের জন্য করে থাকে তা হলে তাঁদেরকে আমরা স্থায়ী করতে পারি। ৩,৪,৫,৬, মাস ধরে যারা কাজ করে তাদের স্থায়ী করার কোন প্রশ্ন ওঠে না।

শ্রী ভূপেন্দ্র নাথ শেঠ : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে পাঁচশো কতজনকে অস্থায়ী পদে বিয়োগ করেছেন, তা এই অস্থায়ী পদে নিয়োগের পদ্ধতি কি?

শ্রী প্রশান্ত কুমার শূর : এই ধরণের লোক নেওয়া হয়েছে, যারা সেফটি পায়খানা পরিস্কার করে, ড্রেণ পরিস্কার করে, জঞ্জাল জমা করে, বিশেষ বিশেষ প্রয়োজনে ক্যাজুয়েল লেবার নেওয়া যায়।

[illegible] মাধ্যমে বস্ত্রাদি বিতরণ

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৩।) **শ্রী সুভাষ গোস্বামী :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহর্পূক জানাইবেন কি, রাজ্যের ত্রাণ দপ্তর হইতে বিধায়কদের মাধ্যমে দুঃস্থদের মধ্যে বণ্টনের জন্য বাৎসরিক দেয় বস্ত্রাদির মধ্যে রঙিন চেক–শাড়ির পরিবর্তে সাদা শাড়ি এবং ১০ হাত ধুতির পরিবর্তে ৮ হাত ধুতি এবং অতিরিক্ত হিসাবে গায়ের চাদর দেওয়ার কোন পরিকল্পনা আছে কি?

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী : এইরূপ কোনও পরিকল্পনা বর্তমানে নাই।

শ্রী সুভাষ গোস্বামী : মাননীয় মন্ত্রীমহাশয়া অনুগ্রহ পূর্বক জানাবেন কি– যে সমস্ত বস্ত্র এম. এল. এ দের মাধ্যমে বণ্টন করা হয় সেগুলি সাধারনত: খুবই বয়স্কদের মধ্যে দেওয়া হয়। রঙীন শাড়ী যাদের দেওয়া হয় তারা সেই রঙীন শাড়ী পরে না। অনেকে ১০ হাত ধুতি পরে না, ৭/৮ হাত ধুতি পরে। সেই রকম ব্যবস্থা যাতে করতে পারা যায় সেজন্য এই প্রস্তাবটা একটু ভেবে দেখবেন।

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী : আমরা যেসমস্ত কাপড় দিই সেগুলি তন্তুজ এবং তনুশ্রী থেকে নেওয়া হয়। আগে রিলিফে যে সমস্ত কাপড় দেওয়া হোতো সেগুলি হাট থেকে হোলসেল হিসাবে নেওয়া হোতো। এখন তন্তুজ এবং তনুশ্রী থেকে নিয়ে থাকি, তা ছাড়া আমরা ওখান থেকে ছিট নিয়ে যে জামাগুলি তৈরী করে দিই সেগুলি সোশাল ওয়েলফেয়ার এর টেলারিং সেণ্টার করে থাকেন। এগুলি মহিলা সমিতির মাধ্যমে এবং ব্লকের মাধ্যমে বিলি করা হয়। উত্তরবঙ্গে আগে ধুতি দেওয়া হোতো তারপর ওরা ধুতি পরেনা জানতে পেরে আমরা সেখানে প্যাণ্ট দেওয়ার ব্যবস্থা করেছি। আর আপনি যেটা বললেন ৭/৮ হাতি ধুতির কথা সেটা কোন এলাকা বললে আমরা সেখানে দেবার ব্যবস্থা করব। আমরা এটা জানি অনেক গরীব মেয়ে আছেন যাঁরা রঙীন শাড়ী পরতে ভালবাসেন। আমরা যে শাড়ী দিচ্ছি তাতে ওঁরা আনন্দ প্রকাশ করেন। তবে ৮ হাত শাড়ী পড়েন এটা আমার জানা ছিল না। নির্দিষ্ট এলকা বললে এই ব্যবস্থা করা যেতে পারে। এই যে ধুতি এবং শাড়ী আমরা দিচ্ছি–এগুলি বেশিরভাগ তন্তুজের ধুতি এবং শাড়ী।

শ্রী সুভাষ গোস্বামী : বর্তমানে যে পরিমান বস্ত্র দিচ্ছেন এক্ষেত্রে পরিমান বাড়াবার কোন পরিকল্পনা আছে কিনা।

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী : আমাদের সরকারের সীমাবদ্ধ ক্ষমতা। তাছাড়া আপনারা জানেন। আমাদের সরকার আসার পর রাজ্যে বন্যা, খরা, অতিবৃষ্টি ইত্যাদি হয়েছে। এর মধ্যে দিয়েই আমাদের কাজ করতে হচ্ছে। সেইজন্য দেবার ইচ্ছা থাকলেও অনেক সময় দিতে পারিনা। তবে আপনি যে প্রশ্ন করেছেন সেটা মাথায় থাকলো; ক্ষমতায় কুলোলে নিশ্চয়ই দেবো।

ডাঃ জয়নাল আবেদিন : Will the Hon'ble Minister–in–Charge be pleased to state

শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় : তুমি আবার এর মধ্যে কেন?

ডঃ জয়নাল আবেদিন : * * * * * * * * * * * *

মিঃ স্পীকার : এগুলো সব একস্পাঞ্জাড় হয়ে যাবে। মিঃ আবেদিন, আপনি আপনার প্রশ্ন রাখুন।

Dr. Zainal Abedin : Will the Hon'ble Minister–in–charge of Relief and Social Welfare Department be pleased to state as to when this scheme of distribution of Clothings to the destituteswas first introduced?

Mr. Speaker : This is not relevant. How can she reply this question.

Dr. Zainal Abedin : Sir, let me conclude, If the Chair interferes in this way how can I put my question. Let me conclude first. Will the Hon'ble Minister–in–charge be pleased to state as to whether the Government has any contemplation of increasing the size and quota of the clothings to be distributed through MLAS because the whole of West Bengal is gradually becoming destitute and bankrupt?

[* Expunged as ordered by the Chair]

Mr. Speaker : She has already replied this question.

শ্রী দেব নারায়ণ চক্রবর্তী : আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, আপনারা এই যে বস্ত্র বিতরণ করছেন, সেক্ষেত্রে রাজ্যের আই সি ডি এস এর যে গরীব শিশুরা আছে তাদেরকে পূজার সময় জামা কাপড় দেওয়া যায় কিনা?

[1.50–2.00 p.m.]

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী : মাননীয় সদস্য বলেছেন যে আমাদের পশ্চিমবাংলায় যে আই. সি. ডি. এস প্রোজেক্ট আছে সেই প্রোজেক্টের তফশিলী জাতি এবং উপজাতি শিশুদের জন্য পুজার সময় কিছু দিতে পারা যায় কিনা। আমি বলছি এই ব্যাপারে কিছু দেবার চেষ্টা করবো। পশ্চিমবাংলায় অনেক তফশিলীজাতি এবং উপজাতি আছে এবং অনেক শিশু সেই ব্যাপারে সংযুক্ত। সূতরাং একটা সেন্টারে দিতে গেলে অন্য সেন্টারে এর প্রতিক্রিয়া হতে পারে। পশ্চিমবাংলায় এই রকম অনেক ব্লক আছে যেখানে ১০০-১৫০ সেন্টার আছে। সেই জন্য সমস্ত সেন্টারে যাতে ৪০- ৫০ জন শিশুকে কিছু দিতে পারি তার জন্য চেষ্টা করবো।

বাঁকুড়া পৌরসভার অন্তর্ভুক্ত ওয়ার্ডগুলিকে বিভক্তিকরণ

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৩।) **শ্রী সমর মুখার্জী এবং শ্রী কাশীনাথ মিশ্র** : স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) ইহা কি সত্য যে, বাঁকুড়া পৌরসভার অন্তর্ভুক্ত ওয়ার্ডগুলিকে বিভক্তিকরণ করা হচ্ছে;

(খ) সত্য হলে উক্ত পৌরসভার অন্তর্ভুক্ত ওয়ার্ডগুলি বিভক্তিকরণে জন্য রাজ্যসরকারের কোন সুপারিশ আছে কিনা; এবং

(গ) উক্ত পৌরসভা কিসের ভিত্তিতে কোন্ কোন্ ওয়ার্ডর বিভক্তিকরণ করার কাজ হাতে গ্রহণ করেছেন?

শ্রী প্রশান্ত কুমার শুর :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

শ্রী সমর মুখার্জী : মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি এই যে ওর্য়াড গুলি ভাগ করা হচ্ছে তাতে সরকার পক্ষের প্রার্থীরা যাতে জয়ী হয় সেই ভাবে কায়দা করে ওয়াড গুলি ভাগ করা হচ্ছে?

মিঃ স্পীকার : This question is disallowed

ডাঃ সুকুমার রায় : একটু আগে শুনলাম যে অনেক পৌরসভার কিছু ওয়ার্ড বিভক্তি করণ করা হচ্ছে এবং তার জন্য কিছু সময় নেওয়া হায়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই সেই রকম ভাবে পুরুলিয়া জেলায় যে যে পৌরসভা আছে তার মধ্যে বিভক্তি করণের কাজ হবে কি?

মিঃ স্পীকার : This question is not relveant. It is not allowed

শ্রী ফনী ভূষণ রায় : এই যে পৌরসভার ওয়াড গুলি ভাগ করা হচ্ছে পৌরসভার মধ্যে পৌরসভা এলাকার বর্হিভূত অঞ্চল অর্থৎ রুরাল এরিয়াকে নতুন করে সংযুক্ত করা হচ্ছে তার চিন্তাধারাটা কি? কিসের ভিত্তিতে, কি কি ক্রাইটেরিয়নে এই ওয়াড গুলি ভাগ করা হচ্ছে এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি?

শ্রী প্রশান্ত কুমার শূর : আমি উত্তরে বলেছি কোন বিভাজন হচ্ছে না। আমাদের সামনে কোন প্রস্তাব রাখা হয় নি।

অঙ্গনওয়াড়ী এবং সহায়িকাদের ভাতা বৃদ্ধি

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৭।) **শ্রী সুভাষ নস্কর** : ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) অঙ্গনওয়াড়ী এবং সহায়িকাদের মাসিক ভাতা বৃদ্ধির কোন সরকারী সিদ্ধান্ত আছে কিনা;

(খ) থাকলে, বর্ধিত ভাতার সর্বোচ্চ পরিমাণ কত; এবং (গ) কবে নাগাদ বাড়তি ভাতা দেওয়া হবে বলে আশা করা যায়?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি–অঙ্গনওয়াড়ীর মহিলা এবং সহায়িকা কেন্দ্রে যাঁরা কাজ করেন - তাঁরা ২০০-২৫০ টাকা এবং স্কুলে যারা কাজ করেন তাঁরা ৯০ টাকা মাসিক ভাতা হিসাবে কাজ করেন– তাঁদের পারিবারিক স্বচ্ছলতা খুবই কম, তাঁদের এই ভাতার পরিমাণ বা সুযোগ সুবিধা বৃদ্ধির কথা চিন্তা করছেন কিনা?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর আমি জানাতে চাইছি যে, এই আই.সি.ডি এস. বা ইনটিগ্রেটেড চাইল্ড ডেভালপমেন্ট স্কীমটি হচ্ছে সেন্ট্রালী স্পনসর্ড স্কীম। এখানে কর্মরত সমস্ত কর্মীদের বেতন, সাম্মানিক ভাতা ইত্যাদি সমস্ত কিছুই কেন্দ্রীয় সরকার নির্ধারণ করে থাকেন । পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা এঁদের ভাতা বৃদ্ধির জন্য দাবী এর আগে জানিয়েছিলাম। এই ব্যাপারে কেবলমাত্র আমরাই ছিলাম না, আরও দু- একটি সরকারও ছিলেন। যারফলে ১৭৫ টাকা থেকে ২৫০ টাকা এবং ৫০ টাকা থেকে ৯০ টাকা ভাতা বৃদ্ধি পেয়েছি। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা কেন্দ্রের কাছে সাম্মানিক ভাতা বৃদ্ধির জন্য পুনরায় দাবী জানিয়েছি।

শ্রী সমর মুখার্জী : এই অঙ্গনওয়াড়ী সেন্টারগুলিতে যে সমস্ত খাদ্য এবং ডাল দেওয়া হয়, সেগুলো যথাযথ ভাবে ব্যবহৃত হচ্ছে বা বিক্রি হয়ে যাচ্ছে - এই ধরণের কোন সংবাদ কি আপনার জানা আছে?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : আমার এই রকম কোন সংবাদ জানা নেই। কোন নির্দিষ্ট অভিযোগ আপনার থাকলে তা আমাকে জানাবেন, দেখব।

শ্রী রাইচরণ মাজি : ১৯৮৫ সালে যে সমস্ত হেল্পার সিলেক্ট হয়েছিল, তাদের কাজ কবে থেকে শুরু হবে অনুগ্রহ করে জানাবেন কি?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : যাঁদের নেওয়া হয়েছিল তাঁদের দিয়ে ১৯৮৫-৮৬ সালের কাজ ইতিমধ্যেই শুরু হয়ে ৩ মাসের মধ্যে কাজ শেষ হয়ে গিয়েছে। পরবর্ত্তী বছরের কাজ আশা করা যায়, ৩১শে মার্চের মধ্যেই শেষ হয়ে যাবে।

শ্রী শশাঙ্ক শেখর মণ্ডল : মাননীয় মন্ত্রীমহাশয় বলেছিলেন যে বীরভূম জেলার রামপুরহাট অঞ্চলে একটি ব্লকের কাজ দয়া করে চালাবার চেষ্টা করবেন। এর জন্য প্রয়োজনীয় তথ্যাদি সিডিউল্ড কাষ্ট এর সংখ্যা কত, তাঁদের ছেলেমেয়ের সংখ্যা কত ইত্যাদি অনেক চেষ্টা করে সংগ্রহ করে দিয়েছিলাম-প্রকল্পটি রূপায়ণের জন্য দিয়েছিলাম। সম্প্রতি এটি রূপায়ণের জন্য কোন ব্যবস্থা আপনার আছে কি?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : ১৯৭৮ সালে এখানে বিধ্বংসী বন্যা হয়ে গিয়েছে। ১৯৮৫-৮৬ সাল পর্যন্ত যে ৩০ টি মাদার চাইল্ড কেয়ার প্রোগ্রাম ছিল, সেগুলিকে আপগ্রেড করার কাজ শুরু হয়ে গিয়েছে। আপনার কথা আমার নিঃসন্দেহে মনে আছে। রামপুরহাটে নিশ্চয়ই দেওয়া হবে।

Short Notice Starred question

(to which oral answar was given.)

যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে মিছিল

*১৩২। (এস এন) (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৫ (এস এন)। **শ্রী ননী কর** : শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে কোন যুব মিছিলের পরিকল্পনা আছে কি;

(খ) থাকিলে, তাহারা উদ্দেশ্য কি; এবং

(গ) ঐ মিছিলে কোন্ কোন্ সংগঠন অংশ গ্রহণ করবেন?

শ্রী সুভাষ চক্রবর্ত্তী :

(ক) হ্যাঁ আছে।

(খ) সকলের জন্য কাজ, শিক্ষা ও স্বাস্থ্য এবং পারমাণবিক যুদ্ধে চক্রান্তের বিরুদ্ধে জনমত করা এবং জাতিপুঞ্জের দেওয়া স্লোগান উন্নয়ন অংশ এবং শান্তির প্রশ্নে এবং এ রাজ্যে আর্থ সামাজিক ক্রিয়া সংস্কৃতির স্বার্থে যুব বর্ষে যে দিনটি সাহসিক সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন তাকে যুববর্ষ উদযাপন কমিটির পক্ষে স্বাগত জানানো এবং অভিনন্দ জানানোর উদ্দেশ্যে এই পদযাত্রা যুবভারতী ক্রিড়াঙ্গন থেকে হলদিয়া পর্যন্ত অনুষ্ঠিত হবে ১৪ ই সেপ্টেম্বর পদযাত্রীদের সামনে রেখে লক্ষ্যাধিক মানুষের বর্ণাঢ্য এক শোভাযাত্রা বেলা ২টায় শুরু হবে। এক সংক্ষিপ্ত বর্ণাঢ্য অনুষ্ঠানে রাজ্য বামফ্রন্টের চেয়ার ম্যান শ্রী সরোজ মুখার্জী উদ্বোধন করবেন এই পদযাত্রা ১৯শে সেপ্টেম্বর হলদিয়া হেলিপেডে লক্ষ লক্ষ মানুষের উপস্থিতিতে রাজ্যের মুখ্যমনত্রী পদযাত্রীদের স্বাগত জানাবেন। এবং পদযাত্রার অন্যতম উদ্দেশ্য হলদিয়া পেট্রোকেমীক্যালস কমপ্লেক্স, সল্টলেক ইলেকট্রনিক্স কমপ্লেক্স এবং যুবভারতী ক্রিয়াঙ্গন এই তিনটি মর্যদা সম্পন্ন গৌরব জনক কার্যক্রমকে উচ্চে তুলে ধরা।

(গ) এই পদযাত্রায় কেন্দ্রীয় যুববর্ষ উদযাপন কমিটির পৃষ্ঠপোষকতায় শতাধিক সংগঠন ও দুই সহস্রাধিক ক্লাব সংগঠন অংশগ্রহণ করছেন।

[2.00 – 2.10 p.m.]

শ্রী ননী কর : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ২১শে আগষ্ট তারিখে ষ্টেডিয়ামে যে হাঁটো পরিকল্পনা আছে কার্যকরী করলেন এরসঙ্গে তার কোন যোগসূত্র আছে কিনা?

শ্রী সুভাষ চক্রবর্ত্তী : আছে, কারণ আমাদের রাজ্যে ক্রীড়াসংস্কৃতির ক্ষেত্রে একটা বিরাট মানসিক প্রস্তুতি থাকার প্রয়োজন। ক্রীড়াক্ষেত্রে আমাদের দেশের মান অতীব নিম্নস্তরের বিবের দরবারে। সেখানে আমাদের মাথা হেঁট করে দিয়েছে গোটা ২০ কোটি মানুষ এই লস এ্যাঞ্জলসের খেলার ফলাফলের তালিকা দেখেছেন এবং সেখানে ১৩৩ টি দেশের যে নামের তালিকা সেই তালিকাতে ভারতবর্ষের নাম ওঠেনি। এই লজ্জাজনক অবস্থাকে যাতে দূর করা যায় তা জন্য ক্রীড়াক্ষেত্রকে রক্ষা করা প্রয়োজন এবং এই ক্রীড়াকে যদি বাঁচাতে হয় তাহলে আরো বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন আছে। সেইদিকে থেকে এই পরিকল্পনাটিকে সংগঠিত করতে চাই যোগসূত্র হিসাবে।

Starred questions

(to which answars were laid on the table.)

জয়নগর-মজিলপুর [illegible] সরকারী তহবিল হইতে দেয় অর্থ

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮২২।) **শ্রী দেবপ্রসাদ সরকার :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, চব্বিশ পরগনা জেলার জয়নগর মজিলপুর পৌরসভাকে গত ১৯৭৮–৭৯ সাল ১৯৮৪–৮৫ সাল পর্যন্ত (বছর হিসাবে) সরকারী তহবিল থেকে কত টাকা দেওয়া হয়েছে?

Minister–in–charge for the Local Government and Urban Developement Deptt.

পশ্চিমবঙ্গ সরকার জয়নগর মজিলপুর পৌরসভাকে ১৯৭৮–৭৯ সাল থেকে ১৯৮৪–৮৫ সাল পর্যন্ত ৭ বছরে যথাক্রমে মোট ৫,১১,৫০০ টাকা, ৬,৭২,৯৬, টাকা ৭,৪৮,৭০১ টাকা, ৬,২৫,৪৫২ টাকা, ৪,১১,৬৪৫ টাকা, ৬,৭৫,৭৭৯ টাকা এবং ৬.৬৭,৮৫৫ টাকা দিয়েছেন।

(প্রতিটি খাতের বিশদ বিবরনের জন্য একটি তালিকা সংযোজিত হল ।)

Statement referred to in reply of Starred Question No. 103

STATEMENT OF GOVT. GRANTS RECEIVED THE JOYNAGAR–MAZILPUR MUNICIPALITY DURING THE PERIOD 178–79 to 1984–1985

Head	1978–79 Rs.	1979–80 Rs.	1980–81 Rs.	1981–82 Rs.	1982–83 Rs.	1983–84 Rs.	1984–85 Rs.
Communication Grant	37,183	56,380	54,410	–	36,130	16,000	16,000
Development Grant	50,803	50,000	80,000	3,21,000	–	1,30,500	62,400
Tubewell Grant	6,000	30,000	–	–	–	–	1,50,000
Comprehensive Development Grant	96,000	1,00,000	97,000	–	–	–	–
Conversion of Service Previes	15,000	45,000	60,000	–	–	–	–
Crash Programme	–	66,000	1,00,000	–	–	–	–
Community Hall	–	1,00,000	1,00,000	–	–	–	–
Development of Harijan Basti	30,000	–	–	–	–	–	–
Octroi grant	66,069	1,04,319	1,15,873	1,46,041	2,13,808	3,16,907	1,64,441
Subvention	98,761	1,21,262	1,41,418	1,58,411	1,51,707	2,02,372	2,16,565
Non-recurring Grant. Grant for Maturity and Child Welfare Centre	–	–	–	–	10,000	10,000	10,000
Flood Daamage	1,11,690	–	–	–	–	–	48,460
	5,11,506	6,72,961	7,48,701	6,25,452	4,11,645	6,75,779	6,67,866

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর আমি জানাতে চাইছি যে, এই আই.সি.ডি এস. বা ইনটিগ্রেটেড চাইল্ড ডেভালপমেন্ট স্কীমটি হচ্ছে সেন্ট্রালী স্পনসর্ড স্কীম। এখানে কর্মরত সমস্ত কর্মীদের বেতন, সাম্মানিক ভাতা ইত্যাদি সমস্ত কিছুই কেন্দ্রীয় সরকার নির্ধারণ করে থাকেন । পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা এঁদের ভাতা বৃদ্ধির জন্য দাবী এর আগে জানিয়েছিলাম। এই ব্যাপারে কেবলমাত্র আমরাই ছিলাম না, আরও দু- একটি সরকারও ছিলেন। যারফলে ১৭৫ টাকা থেকে ২৫০ টাকা এবং ৫০ টাকা থেকে ৯০ টাকা ভাতা বৃদ্ধি পেয়েছি। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা কেন্দ্রের কাছে সাম্মানিক ভাতা বৃদ্ধির জন্য পুনরায় দাবী জানিয়েছি।

শ্রী সমর মুখার্জী : এই অঙ্গনওয়াড়ী সেন্টারগুলিতে যে সমস্ত খাদ্য এবং ডাল দেওয়া হয়, সেগুলো যথাযথ ভাবে ব্যবহৃত হচ্ছে বা বিক্রি হয়ে যাচ্ছে - এই ধরণের কোন সংবাদ কি আপনার জানা আছে?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : আমার এই রকম কোন সংবাদ জানা নেই। কোন নির্দিষ্ট অভিযোগ আপনার থাকলে তা আমাকে জানাবেন, দেখব।

শ্রী রাইচরণ মাজি : ১৯৮৫ সালে যে সমস্ত হেল্পার সিলেক্ট হয়েছিল, তাদের কাজ কবে থেকে শুরু হবে অনুগ্রহ করে জানাবেন কি?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : যাঁদের নেওয়া হয়েছিল তাঁদের দিয়ে ১৯৮৫-৮৬ সালের কাজ ইতিমধ্যেই শুরু হয়ে ৩ মাসের মধ্যে কাজ শেষ হয়ে গিয়েছে। পরবর্তী বছরের কাজ আশা করা যায়, ৩১শে মার্চের মধ্যেই শেষ হয়ে যাবে।

শ্রী শশাঙ্ক শেখর মণ্ডল : মাননীয় মন্ত্রীমহাশয় বলেছিলেন যে বীরভূম জেলার রামপুরহাট অঞ্চলে একটি ব্লকের কাজ দয়া করে চালাবার চেষ্টা করবেন। এর জন্য প্রয়োজনীয় তথ্যাদি সিডিউল্ড কাষ্ট এর সংখ্যা কত, তাঁদের ছেলেমেয়ের সংখ্যা কত ইত্যাদি অনেক চেষ্টা করে সংগ্রহ করে দিয়েছিলাম-প্রকল্পটি রূপায়ণের জন্য দিয়েছিলাম। সম্প্রতি এটি রূপায়ণের জন্য কোন ব্যবস্থা আপনার আছে কি?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : ১৯৭৮ সালে এখানে বিধ্বংসী বন্যা হয়ে গিয়েছে। ১৯৮৫-৮৬ সাল পর্যন্ত যে ৩০ টি মাদার চাইল্ড কেয়ার প্রোগ্রাম ছিল, সেগুলিকে আপগ্রেড করার কাজ শুরু হয়ে গিয়েছে। আপনার কথা আমার নিঃসন্দেহে মনে আছে। রামপুরহাটে নিশ্চয়ই দেওয়া হবে।

Short Notice Starred question

(to which oral answar was given.)

যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে মিছিল

*১৩২। (এস এন) (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৫ (এস এন)। **শ্রী ননী কর** : শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে কোন যুব মিছিলের পরিকল্পনা আছে কি;

(খ) থাকিলে, তাহারা উদ্দেশ্য কি; এবং

(গ) ঐ মিছিলে কোন্ কোন্ সংগঠন অংশ গ্রহণ করবেন?

শ্রী সুভাষ চক্রবর্তী :

(ক) হ্যাঁ আছে।

(খ) সকলের জন্য কাজ, শিক্ষা ও স্বাস্থ্য এবং পারমাণবিক যুদ্ধে চক্রান্তের বিরুদ্ধে জনমত করা এবং জাতিপুঞ্জের দেওয়া শ্লোগান উন্নয়ন অংশ এবং শান্তির প্রশ্নে এবং এ রাজ্যে আর্থ সামাজিক ক্রিয়া সংস্কৃতির স্বার্থে যুব বর্ষে যে দিনটি সাহসিক সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন তাকে যুববর্ষ উদযাপন কমিটির পক্ষে স্বাগত জানানো এবং অভিনন্দ জানানোর উদ্দেশ্যে এই পদযাত্রা যুবভারতী ক্রিড়াঙ্গন থেকে হলদিয়া পর্যন্ত অনুষ্ঠিত হবে ১৪ ই সেপ্টেম্বর পদযাত্রীদের সামনে রেখে লক্ষ্যাধিক মানুষের বর্ণাঢ্য এক শোভাযাত্রা বেলা ২টায় শুরু হবে। এক সংক্ষিপ্ত বর্ণাঢ্য অনুষ্ঠানে রাজ্য বামফ্রন্টের চেয়ার ম্যান শ্রী সরোজ মুখার্জী উদ্বোধন করবেন এই পদযাত্রা ১৯শে সেপ্টেম্বর হলদিয়া হেলিপেডে লক্ষ লক্ষ মানুষের উপস্থিতিতে রাজ্যের মুখ্যমনত্রী পদযাত্রীদের স্বাগত জানাবেন। এবং পদযাত্রার অন্যতম উদ্দেশ্য হলদিয়া পেট্রোকেমীক্যালস কমপ্লেক্স, সল্টলেক ইলেকট্রনিক্স কমপ্লেক্স এবং যুবভারতী ক্রিয়াঙ্গন এই তিনটি মর্যদা সম্পন্ন গৌরব জনক কার্যক্রমকে উচ্চে তুলে ধরা।

(গ) এই পদযাত্রায় কেন্দ্রীয় যুববর্ষ উদযাপন কমিটির পৃষ্টপোষকতায় শতাধিক সংগঠন ও দুই সহস্রাধিক ক্লাব সংগঠন অংশগ্রহণ করছেন।

[2.00 – 2.10 p.m.]

শ্রী ননী কর : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ২১শে আগষ্ট তারিখে ষ্টেডিয়ামে যে হাঁটো পরিকল্পনা আছে কার্যকরী করলেন এরসঙ্গে তার কোন যোগসূত্র আছে কিনা?

শ্রী সুভাষ চক্রবর্তী : আছে, কারণ আমাদের রাজ্যে ক্রীড়াসংস্কৃতির ক্ষেত্রে একটা বিরাট মানসিক প্রস্তুতি থাকার প্রয়োজন। ক্রীড়াক্ষেত্রে আমাদের দেশের মান অতীব নিম্নস্তরের বিবের দরবারে। সেখানে আমাদের মাথা হেঁট করে দিয়েছে গোটা ২০ কোটি মানুষ এই লস এ্যাঞ্জলসের খেলার ফলাফলের তালিকা দেখেছেন এবং সেখানে ১৩৩ টি দেশের যে নামের তালিকা সেই তালিকাতে ভারতবর্ষের নাম এঠেনি। এই লজ্জাজনক অবস্থাকে যাতে দূর করা যায় তা জন্য ক্রীড়াক্ষেত্রকে রক্ষা করা প্রয়োজন এবং এই ক্রীড়াকে যদি বাঁচাতে হয় তাহলে আরো বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন আছে। সেইদিকে থেকে এই পরিকল্পনাটিকে সংগঠিত করতে চাই যোগসূত্র হিসাবে।

1. Chaotic condition in Bolpur College – Dr. Sushovan Banerjee
2. Strike resorted to by the Junior Doctors, Bankura Sammilani Medical College and Hospital – Shri Abdul Mannan and Dr. Manas Bhunia
3. Non-functioning of 350 public Tube-wells at Block No. 1 & 2 of Ramnagar, Midnapur – Shri Abanti Mishra
4. Deplorable condition of the roads in Kandi Sub-Division – Shri Bankim Tribedi
5. Scarcity of drinking water in Bankura Town _ Shri Anil Mukherjee

I have selected the notice of Dr. Sushovan Banerjee on the Subject of chaotic condition in Bolpur College. The Minister in charge will make a statement to-day if possible or give a date.

Shri Patit Paban Pathak : Sir, on the 16th September.

MENTION CASES

Mr. Speaker : Today,I have received 45 notices on Mention cases. so I will request all the Members to be as brief as possible for accommodating all.

শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভাতে এবং পুলিশ মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ, অদ্ভুত এবং চমকপ্রদ ঘটনার কথা বলছি, চুরি, ডাকাতি এবং অসামাজিক কাজকর্ম হলে পুলিশের কাজ হচ্ছে সেখানে শান্তি রক্ষা করা, তাদের ধরে প্রমাণ সংগ্রহ করা এবং প্রয়োজন হলে আদালতে সোপার্দ করা। কিন্তু এক্ষেত্রে একটি অদ্ভুত ঘটনা দেখা গেল এন. এইচ ৩৪ নবগ্রামে শিবপুরের মোড়ে একটি ট্রাক এ্যাকসিডেণ্ট হয়েছিল এবং সেই ট্রাকের ভেতরে চায়ের পেটি ছিল। সেখানকার স্থনীয় জনসাধারণ ওই চায়ের পেটি চুরি হয়ে যেতে পারে এই সন্দেহ করে সেখানে পাহারা দিতে থাকে। করেক ঘণ্টা পরে দেখা গেল স্থানীয় থানার পুলিস এবং হোমগার্ড সেখানে আসেন এবং স্বেচ্ছা সেবকদের বলেন চুরি হয়ে যেতে পারে সুতরাং তাদের সেখান থেকে চলে যেতে বলেন। কিন্তু স্থানীয় সেচ্ছা সেবকরা মনে করেন এরা কোন রকম খারাপ কাজ হতে পারে বা চুরি হতে পারে এই সন্দেহ করে তার আশেপাশে থাকেন। তারপরে দেখেন যে গভীর রাত্রে একটি সাইকেল রিক্সা করে হোম গার্ডদের সাহায্যে চায়ের পেটি তোলা শুরু হলো। তখন স্থানীয় সেচ্ছা সেবকরা যারা আশেপাশে লুকিয়েছিল তারা ওই পুলিশ এবং হোমগার্ডদের ধরলেন এবং আটকে রাখলেন যতক্ষণ না উর্দ্ধতন কর্তৃপক্ষ না আসেন। শুনেছি উদ্ধতন কতৃপক্ষে এসে এ্যারেস্ট করেন। কিন্তু সত্যি তাদের বিরুদ্ধে এফ. আই আর করে এ্যারেস্ট করা হয়েছে কিনা জানতে চাই এবং পুলিশ মন্ত্রীকে তারসঙ্গে এও অনুরোধ রাখছি অবিলম্বে তারা যেন ছাড়া না পায় সেইদিকে যেন দৃষ্টি দেন।

শ্রী বঙ্কিম ত্রিবেদী : স্যার, আপনার মাধ্যমে একটি গুরুতর ঘটনার প্রতি হাউসের এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। আইন শৃঙ্খলার ব্যাপার নিয়ে এখানে অনেক অভিযোগ করা হয়েছে এবং ভবিষ্যতেও হবে। আইন শৃঙ্খলা এখন অতীত জিনিষ হয়ে গেছে। বহরমপুর শহরে কিছু দিন আগে যে ঘটনা ঘটে গেছে তার বিস্তারিত বিবরণ কাগজে বের হয়েছে। কিন্তু মফঃস্বলের ঘটনার সামান্য অংশই বের হয়। কিছুদিন আগে মুখ্যমন্ত্রী এখানে বলেছিলেন কাঁন্দির ভরতপুর এলাকায় দুষ্কৃতকারী যারা তাদের সনাক্ত করা হয়েছে এবং শীঘ্র তাদের ধরা হবে। সেখানে ৮টি পুলিশ ক্যাম্পের ব্যবস্থার কথাও তিনি বলেন। কিন্তু মাত্র ৩টি চালু আছে। দুস্কৃতকারী দের সনাক্ত করার পর তাদের গ্রেপ্তার করতে এত সময় লাগছে কেন তা বুঝতে পারছি না। গত বৃহস্পতিবার ৫ তারিখে কাঁন্দির জেমোতে সীতাপতি ত্রিবেদীর বাড়িতে ২০/২৫ জন দুস্কৃতকারী বোমা, পাইপগান, রিভলবার দেখিয়ে তার স্ত্রীকে আহত করে বন্দুক ছিনিয়ে নিয়ে গেছে। এরপর মানুষ সেখানে থাকতে পারবে কিনা সন্দেহ আছে। মনে হয় যেন একটা প্যারালাল য়্যাডমিনিষ্টেশান রান করছে। সরকার যদি অন্ধ, বধির না হন তাহলে এর প্রতিকার করুন।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : স্যার, আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। কলরকারখানা বন্ধ হবার কথা শেনা যায়। গত সপ্তাহে মুর্শিদাবাদ জেলার একটি হাসপাতালে তালা ঝোলার কথা বলেছিলাম। কিন্তু আজকে আমার কাছে খবর এসেছে জিয়াগঞ্জে শ্রীপ্রতসিং কলেজের কর্তৃপক্ষ অনির্দিষ্ট কালের জন্য কলেজ বন্ধ বলে ঘোষনা করেছেন। সেখানে ছাত্র ভর্তির একটা সমস্যা ছিল। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল বেরুবার পর একটা তীব্র আকার ধারণ করেছে। সেখানকার ছাত্ররা এর ফলে কলেজে ভর্তি হতে পারছে না এবং তার ফলে একটা বিক্ষোভ দেখা দিয়েছে। আজকে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে যে নৈরাজ্য চলছে তার ফলে কলেজগুলিতে একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে। জিয়াগঞ্জের অবস্থা এমন একটা পর্যায়ে এসেছে যে কলেজ কর্তৃপক্ষ জানিয়েছেন যে উপযুক্ত প্রোটেকসানের ব্যবস্থা না করলে তাঁরা কলেজ খুলতে পারবেন না। বিষয়টি গুরুত্তর বলে কলেজটি খোলার ব্যবস্থা করা হোক এই আবেদন জানাচ্ছি।

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর আমি জানাতে চাইছি যে, এই আই.সি.ডি এস. বা ইনটিগ্রেটেড চাইল্ড ডেভালপমেন্ট স্কীমটি হচ্ছে সেন্ট্রালী স্পনসর্ড স্কীম। এখানে কর্মরত সমস্ত কর্মীদের বেতন, সাম্মানিক ভাতা ইত্যাদি সমস্ত কিছুই কেন্দ্রীয় সরকার নির্ধারণ করে থাকেন । পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা এঁদের ভাতা বৃদ্ধির জন্য দাবী এর আগে জানিয়েছিলাম। এই ব্যাপারে কেবলমাত্র আমরাই ছিলাম না, আরও দু- একটি সরকারও ছিলেন। যারফলে ১৭৫ টাকা থেকে ২৫০ টাকা এবং ৫০ টাকা থেকে ৯০ টাকা ভাতা বৃদ্ধি পেয়েছি। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমরা কেন্দ্রের কাছে সাম্মানিক ভাতা বৃদ্ধির জন্য পুনরায় দাবী জানিয়েছি।

শ্রী সমর মুখার্জী : এই অঙ্গনওয়াড়ী সেন্টারগুলিতে যে সমস্ত খাদ্য এবং ডাল দেওয়া হয়, সেগুলো যথাযথ ভাবে ব্যবহৃত হচ্ছে বা বিক্রি হয়ে যাচ্ছে - এই ধরণের কোন সংবাদ কি আপনার জানা আছে?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : আমার এই রকম কোন সংবাদ জানা নেই। কোন নির্দিষ্ট অভিযোগ আপনার থাকলে তা আমাকে জানাবেন, দেখব।

শ্রী রাইচরণ মাঝি : ১৯৮৫ সালে যে সমস্ত হেল্পার সিলেক্ট হয়েছিল, তাদের কাজ কবে থেকে শুরু হবে অনুগ্রহ করে জানাবেন কি?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : যাঁদের নেওয়া হয়েছিল তাঁদের দিয়ে ১৯৮৫-৮৬ সালের কাজ ইতিমধ্যেই শুরু হয়ে ৩ মাসের মধ্যে কাজ শেষ হয়ে গিয়েছে। পরবর্তী বছরের কাজ আশা করা যায়, ৩১শে মার্চের মধ্যেই শেষ হয়ে যাবে।

শ্রী শশাঙ্ক শেখর মণ্ডল : মাননীয় মন্ত্রীমহাশয় বলেছিলেন যে বীরভূম জেলার রামপুরহাট অঞ্চলে একটি ব্লকের কাজ দয়া করে চালাবার চেষ্টা করবেন। এর জন্য প্রয়োজনীয় তথ্যাদি সিডিউল্ড কাষ্ট এর সংখ্যা কত, তাঁদের ছেলেমেয়ের সংখ্যা কত ইত্যাদি অনেক চেষ্টা করে সংগ্রহ করে দিয়েছিলাম-প্রকল্পটি রূপায়ণের জন্য দিয়েছিলাম। সম্প্রতি এটি রূপায়ণের জন্য কোন ব্যবস্থা আপনার আছে কি?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় : ১৯৭৮ সালে এখানে বিধ্বংসী বন্যা হয়ে গিয়েছে। ১৯৮৫-৮৬ সাল পর্যন্ত যে ৩০ টি মাদার চাইল্ড কেয়ার প্রোগ্রাম ছিল, সেগুলিকে আপগ্রেড করার কাজ শুরু হয়ে গিয়েছে। আপনার কথা আমার নিঃসন্দেহে মনে আছে। রামপুরহাটে নিশ্চয়ই দেওয়া হবে।

Short Notice Starred question

(to which oral answar was given.)

যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে মিছিল

*১৩২। (এস এন) (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৫ (এস এন)। **শ্রী ননী কর :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে কোন যুব মিছিলের পরিকল্পনা আছে কি;

(খ) থাকিলে, তাহারা উদ্দেশ্য কি; এবং

(গ) ঐ মিছিলে কোন্ কোন্ সংগঠন অংশ গ্রহণ করবেন?

শ্রী সুভাষ চক্রবর্তী :

(ক) হ্যাঁ আছে।

(খ) সকলের জন্য কাজ, শিক্ষা ও স্বাস্থ্য এবং পারমাণবিক যুদ্ধে চক্রান্তের বিরুদ্ধে জনমত করা এবং জাতিপুঞ্জের দেওয়া শ্লোগান উন্নয়ন অংশ এবং শান্তির প্রশ্নে এবং এ রাজ্যে আর্থ সামাজিক ক্রিয়া সংস্কৃতির স্বার্থে যুব বর্ষে যে দিনটি সাহসিক সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করেছেন তাকে যুববর্ষ উদযাপন কমিটির পক্ষে স্বাগত জানানো এবং অভিনন্দ জানানোর উদ্দেশ্যে এই পদযাত্রা যুবভারতী ক্রিড়াঙ্গন থেকে হলদিয়া পর্যন্ত অনুষ্ঠিত হবে ১৪ ই সেপ্টেম্বর পদযাত্রীদের সামনে রেখে লক্ষাধিক মানুষের বর্ণাঢ্য এক শোভাযাত্রা বেলা ২টায় শুরু হবে। এক সংক্ষিপ্ত বর্ণাঢ্য অনুষ্ঠানে রাজ্য বামফ্রন্টের চেয়ার ম্যান শ্রী সরোজ মুখার্জী উদ্বোধন করবেন এই পদযাত্রা ১৯শে সেপ্টেম্বর হলদিয়া হেলিপেডে লক্ষ লক্ষ মানুষের উপস্থিতিতে রাজ্যের মুখ্যমনত্রী পদযাত্রীদের স্বাগত জানাবেন। এবং পদযাত্রার অন্যতম উদ্দেশ্য হলদিয়া পেট্রোকেমীক্যালস কমপ্লেক্স, সল্টলেক ইলেকট্রনিক্স কমপ্লেক্স এবং যুবভারতী ক্রিয়াঙ্গন এই তিনটি মর্যদা সম্পন্ন গৌরব জনক কার্যক্রমকে উচ্চে তুলে ধরা।

(গ) এই পদযাত্রায় কেন্দ্রীয় যুববর্ষ উদযাপন কমিটির পৃষ্ঠপোষকতায় শতাধিক সংগঠন ও দুই সহস্রাধিক ক্লাব সংগঠন অংশগ্রহণ করছেন।

[2.00 – 2.10 p.m.]

শ্রী ননী কর : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ২১শে আগষ্ট তারিখে ষ্টেডিয়ামে যে হাঁটো পরিকল্পনা আছে কার্যকিরী করলেন এরসঙ্গে তার কোন যোগসূত্র আছে কিনা?

শ্রী সুভাষ চক্রবর্তী : আছে, কারণ আমাদের রাজ্যে ক্রীড়াসংস্কৃতির ক্ষেত্রে একটা বিরাট মানসিক প্রস্তুতি থাকার প্রয়োজন। ক্রীড়াক্ষেত্রে আমাদের দেশের মান অতীব নিম্নস্তরের বিবের দরবারে। সেখানে আমাদের মাথা হেঁট করে দিয়েছে গোটা ২০ কোটি মানুষ এই লস এ্যাঞ্জলসের খেলার ফলাফলের তালিকা দেখেছেন এবং সেখানে ১৩৩ টি দেশের যে নামের তালিকা সেই তালিকাতে ভারতবর্ষের নাম এঠেনি। এই লজ্জাজনক অবস্থাকে যাতে দূর করা যায় তা জন্য ক্রীড়াক্ষেত্রকে রক্ষা করা প্রয়োজন এবং এই ক্রীড়াকে যদি বাঁচাতে হয় তাহলে আরো বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন আছে। সেইদিকে থেকে এই পরিকল্পনাটিকে সংগঠিত করতে চাই যোগসূত্র হিসাবে।

সমস্ত বিভিন্ন কারণে ওখানে ছাত্র সংসদের নেতৃত্বে ছাত্র ছাত্রীরা অনশন করছে। তখনকার ডি ডি পি আই অধীর চক্রবর্তী লিখিতভাবে যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিলেন সেগুলি এখনও পালন করা হয়নি। ২৬ টি অধ্যাপকের পদ শূণ্য, ইংরেজী অনার্স কোর্স বন্ধ হয়ে গেছে, ছাত্রীরা সেখানে থাকতে পারছেনা, ছাত্র-ছাত্রীরা বাধ্য হয়ে অনশন করছে, পড়াশুনা বন্ধ খোদ সরকারী কলেজে যখন এই অবস্থা তখন আপনারা চিন্তা করুন শিক্ষা ব্যবস্থা আমাদের কোথায় এসে দাঁড়িয়েছে। কাজেই আমি অনুরোধ করছি যে সমস্ত কারণে ঝাড়গ্রাম রাজ কলেজের ছাত্র ছাত্রীরা আন্দোলন করতে বাধ্য হচ্ছে, অনশন করছে সেই সমস্ত সমস্যা সমাধান শিক্ষামন্ত্রী যেন অবিলম্বে করেন।

[2.20 – 2.30 p.m.]

শ্রী শীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকার একটি হাসপাতালের দূরব্যবস্থার কথা আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে বলতে চাই। অধ্যক্ষ মহাশয়, আমার এলাকার মহেসাইল প্রাইমারী হেল্‌থ সে‌ন্টারে প্রচুর পরিমাণে রোগী আসে। কিন্তু সেখানে কোন ঔষধপত্র নেই-কোন রকম ঔষধ পত্র পাওয়া যাচ্ছে না। সেখানে কালা জ্বরের প্রকোপ খুব বেশী। কিন্তু সেখানে কালা জ্বরের কোন রকম ঔষধপত্র নেই। সেখানকার লোকরা ভাবছে এই হাসপাতাল তুলে দেওয়ায়ই ভাল। যদি ঔষধপত্র না পাওয়া যায় তাহলে হাসপাতাল থেকে লাভ কি। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে জানাচ্ছি যে অচিরে মুর্শিদাবাদের সি.এম.ও এইচ-কে আদেশ দিন যাতে অতি সত্বর সেখানে কালা জ্বরের ইনজেকসন পাঠানো হয়।

শ্রী অশোক কুমার ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া করপোরেশনের কংগ্রেস কাউন্সিলারদের কোন রকম নিরাপত্তা নেই। সেখানে সমাজবিরোধীরা এক সন্ত্রাসের সৃষ্টি করছে। এবং এই প্রবনতা ক্রমশ বেড়েই চলেছে। গত ২২ শে আগষ্ট হাওড়া করপোরেশনের বর্ষপূর্তি উৎসব ছিল। মাননীয় মন্ত্রী শ্রী প্রশান্ত শূর সেই সভায় যাচ্ছিলেন। কিন্তু সেখানে যেহেতু হাওড়া করপোরেশনের কংগ্রেস কাউন্সিলাররা কাজ পাচ্ছে না সেই কারণে একটা মেমোরেণ্ডাম দেবার জন্য গাড়ী আটক করেছিল কংগ্রেসের কাইন্সিলাররা। এই অবস্থায় কংগ্রেস কাউন্সিলার রাম চন্দ্র সিং এবং শম্ভু নস্করকে মন্ত্রীর সামনে খুব পেটানো হোল। তাদের এমন কি হাওড়া হাসপাতালে ভর্তি করতে হয়েছে। আজকে কংগ্রেসের কাউন্সিলাররা নিাপত্তার অভাব বোধ করছে। গত ২৮শে আগষ্ট কাউন্সিলারদের মিটিংয়ে যখন কংগ্রেসের কাউন্সিলাররা এক মত না হতে পেরে ওয়াক আউট করলো তখন তাদের এ সব সমাজ বিরোধীরা গেট আটকে দিয়েছিল হাওড়া টাউন হলের। তারা সেখান থেকে এমন কি বেরুতে পর্যন্ত পারে নি। এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীকে জানানো সত্বেও কোন সুরাহা হয়নি। তাই আমি মাননীয় পৌরমন্ত্রীকে অনুরোধ করছি যে হাওড়ার কংগ্রেস কাউন্সিলারদের নিরাপত্তার ব্যাপারে তিনি যেন একটু নজর দেন।

শ্রী প্রশান্ত কুমার শূর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অশোকবাবু যে প্রশ্নে উত্থাপন করেছেন তাতে তিনি আমাকে একটু সুযোগ করে দিলেন। কারণ হচ্ছে হাওড়া মিউনিসিপ্যালিটিকে মর্যাদা দান করার জন্য আমাদের চিন্তাধারা অনুসারে তাকে হাওড়া করপোরেশনে পরিণত করা হোল। সেই ব্যাপারে বর্ষ পূর্তি উৎসব উপলক্ষে আমাকে আমন্ত্রণ করা হোল। যারা কংগ্রেসের প্রতিনিধি তাদের যদি কোন বক্তব্য থাকে নিশ্চয় তা তারা আমার কাছে রাখতে পারতেন কিন্তু আমি অবাক হয়ে গেলাম যে হাওড়া পৌরসভার গোটা কংগ্রেস কাউন্সিলাররা সংঘবদ্ধভাবে আমার গাড়ীর উপর উঠে সামনে নাচতে সুরু করে দিলেন পিছনের দিকে উঠে পড়লেন-আমার গাড়ীর জানালার কাছে চেঁচামেচি সুরু করে দিলেন। আমি আবাক হয়ে যাই এই ধরণের কার্যকলাপে। হাওড়া করপোরেশনের প্রতিনিধি হিসাবে তারা যদি এই ব্যবহার করেন এবং গাড়ীর উপর উঠে নাচতে সুরু করেন তাহলে এই ধরণের অসভ্য কার্যকলাপ আমরা কখনই সহ্য করতে পারিনা। যারা সেই সব নাগরিকদের প্রতিনিধি হিসাবে এই ধরণের কার্যকলাপ যদি করেন তাহলে আমরা তা কখনই সহ্য করতে পারবো না।

(তুমুল গোলমাল)

শ্রী সুরেন্দ্র নাথ মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার কাশীপুর থানার পঞ্চায়েত সমিতির সুবোধ চন্দ্র নায়েক গত ৩/৮/৮৫ তারিখে পুরুলিয়ায় মিটিং করে ফেরার সময় রাত্রির প্রায় ১১টা নাগাদ রাস্তার মধ্যে কংগ্রেসী মদত-পুষ্ট সমাজবিরোধীদের দ্বারা আক্রান্ত হয়ে খুন হয়। আই. বি. পুলিশ কয়েকজন সমাজবিরোধীকে ধরেন। এ এলাকার দুজন কংগ্রেসী নামকরা সমাজবিরোধীকে আই. বি. পুলিশ এ্যরেষ্ট করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ এলাকায় কংগ্রেসীরা সন্ত্রাসের রাজত্ব চালিয়ে যাচ্ছে। বাম ফ্রন্টের নির্বাচিত পঞ্চায়েত সমিতির প্রতিনিধিদের এই ভাবে খুন করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এ এলাকায় সন্ত্রাসের রাজত্ব কায়েম করার জন্য কংগ্রেসী মদত-পুষ্ট সমাজবিরোধীরা নির্বাচিত পঞ্চায়েত সদস্যদের খুন করার চেষ্টা করছে। এই ভাবে তারা সুবোধ চন্দ্র নায়েককে খুন করেছে। আই. বি. রিপোর্ট অনুযায়ী এ পর্যন্ত দু জন কংগ্রেস কর্মী ধরা পড়েছে। কাশীপুর থানার ওসি এ এলাকার নামকরা সমাজবিরোধীদের এখনো পর্যন্ত ধরতে পারে নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ খুনের সাথে জড়িত কংগ্রেসী সমাজবিরোধীদের অতি সত্বর গ্রেপ্তার করে শাস্তিদানের ব্যবস্থা করার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ সুকুমার রায় : মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, স্যার বিগত সেখানেও আমি বহুবার পুরুলিয়া পৌরসভার কথা বলেছি এবং আজ আবার সেই কথার পুনরাবৃত্তি করছি। স্যার, পুরুলিয়া পৌরসভার কর্মচারীরা রেগুলারলি মাইনে পাচ্ছে না। আর সব চেয়ে দুর্ভাগ্যের বিষয় হল পৌরসভার শিক্ষকরা ২ মাস মাইনে পান নি। আর আপনি দফায় দফায় বকেয়া দুবার যে মহার্ঘভাতা পাঠিয়েছেন তার একটি পয়সাও তাদের সামনে তুলে ধরা হয়নি। আপনাদেরই পরিচালিত একটা পৌর বোর্ড আছে, তাদের কাছ থেকে এটা আপনি জানবার

চেষ্টা করুন। আপনি এটা জানতে পারলে আমার মনে হয় সাধারণ কর্মচারী, শিক্ষকদের ভবিষ্যত কিছুটা ভাল হবে। কারণ, তারা রেগুলারলি মাইনে পাচ্ছে না। আপনি যে মহার্ঘভতাটা দফায় দফায় পাঠিয়েছেন সেটা যে কেন পাচ্ছে না তাও আমি বুঝতে পারছি না। এই বিষয়ে সত্বর উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য আমি মাননীয় পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2.30 – 2.40 p.m.]

শ্রী সুধাংশু শেখর মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্টমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ২১শে আগষ্ট মানবাজার থানার বড়কদম গ্রামে শ্রী লালবিহারী মাণ্ডিকে গ্রামের ১৬ আনার কাছে ডেকে এনে অত্যাচার করা হয় এবং ডাইনি বলে তাকে আখ্যায়িত করা হয় এবং তাকে ৬ হাজার টাকা জরিমানা করে জোর করে তার কাছ্থেকে তা আদায় করা হয়। এই ৬ হাজার টাকা আদায় করার জন্য তার অস্থাবর সম্পত্তি-ধান, চাল, ছাগল, ভেড়া উত্যাদি লুঠপাট করা হয়। এ সম্পর্কে লালবিহারী মাণ্ডি মানবাজার থানায় ডাইরি করেন। মানবাজার থানার ও. সি. উভয় পক্ষকে ডেকে মীমাংসা করার চেষ্টা করেন কিন্তু দুঃখের বিষয় কিছুই করা যায় নি। বর্তমানে শ্রী লালবিহারী মাণ্ডি ঘর ছাড়া হয়ে রয়েছে। মাননীয় স্বরাষ্টমন্ত্রী কাছে আমার অনুরোধ অবিলম্বে দোষী ব্যক্তিদের গ্রেপ্তার করা হোক এবং যে ৬ হাজার টাকা তাকে ডাইনি বলে আখ্যা দিয়ে জোর করে তার কাছ থেকে আদায় করা হয়েছে তা ফেরত দেওয়ার ব্যবস্থা করা হোক। এ ব্যাপারে মূলত উদ্যোগ নিয়েছিলেন কংগ্রেস এবং ঝাড়খণ্ড মুক্তি মোর্চা।

শ্রী ধীরেন্দ্র নাথ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দুঃখের বিষয় এবারে বিধানসভা সুরু হবার পর থেকে কোন স্বাস্থ্যমন্ত্রীকে এই সভায় দেখা যায়নি এবং আজকেও তাঁরা নেই অথচ স্যার, বহু মাননীয় সদস্য এখানে স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে মেনশান ককরছেন। স্যার, এখন আমি যে বিষয়টি উল্লেখ করছি সেটা হচ্ছে, পশ্চিমদিনাজপুরের কুশমণ্ডি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র সম্পর্কে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে কংগ্রেস যখন সরকারে ছিল তখন এ স্বাস্থ্যকেন্দ্র ৪ জন ডাক্তার ছিলেন কিন্তু বামফ্রন্ট সরকার আসার পর ২/১ বছরের মধ্যে সেখান থেকে ডাক্তার তুলে নেওয়া শুরু হয় এবং বর্তমানে সেখানে মাত্র একজন ডাক্তার আছেন। সেখানে কংগ্রেস আমলে ২৫ টি বেড হয়েছিল কিন্তু তারপর আর তার কোন উন্নতি হয়নি। সেখানে ঔষধপত্র সরঞ্জাম ইত্যাদি কিছুই বাড়ানো হয়নি। স্যার এটাই সেখানকার একমাত্র প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ফলে দূরবর্তী বহু গ্রাম থেকে এখানে রোগীরা আসেন কিন্তু সেখানে চিকিৎসা ও ঔষধের কোন ব্যবস্থা না থাকায় তাদের বিনা চিকিৎসায় মরতে হচ্ছে। স্যার, আপনি জানেন, কুশমণ্ডি কেন্দ্রে থেকে দীর্ঘদিন ধরেই কংগ্রেস প্রার্থীরা বিজয়ী হয়ে আসছেন, এর ফলে আমি মনে করছি সেখানে একটা দলবাজীর মনোভাব দেখা যাচ্ছে এবং তারজন্যই সেখান থেকে ডাক্তারদের উইথড্র করা হচ্ছে। আমি এ ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে ব্যবস্থা গ্রহনের দাবী জানাচ্ছি।

শ্রী মীর ফকির মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ন বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলার পলাশী ব্লকে বরেয়া, দ্বিপবরেয়া, ধাওয়াপাড়া এই তিনটি গ্রামে নদীয়া জেলার তেহট্ট থনার ও. সি ও করিমপুরের সি. আই সংগঠিত পুলিশ বাহিনী নিয়ে এবং আর. এস.এস. এর ক্যাডারদের সঙ্গে নিয়ে বাড়ী বাড়ী লুঠতরাজ চালিয়েছে। গত ২৭.৮.৮৫ থেকে ৪.৯.৮৫ পর্য্যন্ত ৮/৯ দিন ধরে এই লুঠতরাজ চলে। সেখানে বাড়ীর আসবাবপত্র থেকে আরম্ভ করে হাঁস, মুরগি, ছাগল, পাকা ধান, জলে ভেজা পাট কিছুই লুঠওপাটের হাত থেকে রক্ষা পায় নি। সেখানে ৫৫ জনকে এ্যারেষ্ট করা হয় যারমধ্যে অধিকাংশই বৃদ্ধ এবং গ্রামের নিরীহ নির্দোষ মানুষ। লুঠপাট বন্ধ না হওয়ায় বাধ্য হয়ে মাননীয় মুখ্যমন্ত্রী এবং আই. জি. কে জানানো হয়। তাঁরা কোলকাতা থেকে স্পেশাল অফিসার পাঠাবার পর এই লুঠপাট বন্ধ হয়। স্যার,এর নায়ক তেহট্ট থানার ও. সি. এবং করিমপুরের সি. আই। স্যার, এরাই আর. এস. এস. কে পরিচালিত করেছে এবং আর,এস.এস এর ক্যাডারদের নিয়ে বাড়ী বাড়ী লুঠপাট চালিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার তাই অনুরোধ, অবিলম্বে আর.এস. এস-এর নায়ক এ ও.সি এবং করিমপুরের সি.আই-এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হোক।

শ্রী নৃপেন্দ্র নাথ শেঠ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি নিজেকে ভাগ্যবান বলে মনে করছি কারণ বিভাগীয় মন্ত্রী শ্রী বিনয় চৌধুরী মহাশয় এখন হাউসে উপস্থিত আছেন। আমি আপনার মাধ্যমে স্যার, একটি বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষন করছি। স্যার, আপনি জানেন, উত্তর ২৪ পরগণার বনগাঁ মহকুমা একটি সীমান্ত এলাকা। স্যার, আপনি আরো জানেন, প্রশাসনের পক্ষ থেকে উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের যে স্কীম চালু আছে আর.এল.ই.জি.পি স্কীম সেটা পঞ্চায়েতের মাধ্যমে ইমপ্লিমেন্টটেড হবার কথা।

[2.40–2.50 p.m.]

মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর মাধ্যমে সেখানে ডেভলপমেন্টের একটা ব্যবস্থা হয়েছে। কিন্তু আমাদের বনগাঁ মহকুমার গাইঘাটা এবং বাগদা থানার আর. এল. ই. জি. পি.'র যে স্কীম দেওয়া হলো তা ১৯৮৩-৮৪ সালে এ্যাকসেপ্ট হলো না। এবার ১৯৮৫ সালে যে যে স্কীম নেওয়া হয়েছে-টাকা স্যাংশন করার জন্য অন্য পদ্ধতি নেওয়া হয়েছে। গভর্নমেন্ট এবং জেলা পরিষদের নতুন পদ্ধতি হচ্ছে অন গোয়িং স্কীমের মধ্যে আমাদের টাকা এ্যালট হবে। সুতরাং বনগাঁ মহকুমা ১৯৮৩ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত অবহেলিত অবস্থায় রয়েছে। তাই আমি আপনার মাধ্যমে পঞ্চায়েতমন্ত্রী বিনয় চৌধুরী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে আমার বনগাঁ মহকুমার কিছু স্কীমকে অগ্রাধিকার দেওয়া হোক।

শ্রী বিভূতি ভূষণ দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই বছর জুলাই মাস থেকে মেদিনীপুর জেলার ৩৬টা কলেজ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে এলো। আরও দুটি কলেজ

খেজুরী এবং চন্দ্রকোনা এই দুটি কলেজ এই বিশ্ববিদ্যালয়ের অনুমোদন পেয়েছে। কিন্তু বামফ্রন্ট সরকারের বৈজ্ঞানিক শিক্ষা নীতির ফলে ছাত্রছাত্রীর সংখ্যা মেদিনীপুর জেলায় এত বৃদ্ধি পেয়েছে যে এই জেলার ছাত্র ছাত্রীদের কলেজে ভর্তি একটা বিরাট সমস্যা হিসাবে দেখা দিয়েছে, বিভিন্ন কলেজে স্থানাভাব দেখা দিয়েছে। ছাত্র-ছাত্রী বৃদ্ধি পাওয়ার জন্য অধ্যাপকেরও অভাব হচ্ছে। যে সমস্ত কলেজে অধ্যাপকের পদ শূন্য আছে, সেই পদগুলোতে নূতন করে অধ্যাপক নিয়োগের ব্যবস্থা করা হোক। শূন্য পদে অধ্যাপক নিয়োগ করে বেশী করে অনার্স পড়ানোর ব্যবস্থা করা হোক। প্রাইভেট কলেজে যে সমস্ত ফোর্স পোস্ট খালি আছে, যেখানে কোন অধ্যাপক নেই, সেই ফোর্সে পোস্ট অধ্যাপক নিয়োগের প্রস্তাব আমি রাখছি। তাছাড়া বিজ্ঞান বিষয়ে ভাল ভাল ছাত্রছাত্রী তারা স্থানাভাবে কলেজে স্থান না পেয়ে তারা বাইরে চলে যাচ্ছে, ভাল ভাল সায়েন্স ছাত্র-ছাত্রী আর্টস লাইনে চলে যাচ্ছে। সুতরাং যেখানে সায়েন্স পড়ানো হয়, সেখানে যাতে বিজ্ঞান বিভাগে আসন সংখ্যা বৃদ্ধি করা যায়, এই প্রস্তাব রাখছি।

ডাঃ সুশোভন ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী মহাশয়ের একটি গুরুত্ব পূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূমের বানিজ্যিক ব্যাঙ্ক গুলি বীরভূমকে শোষণ করছে। কারণ এই বানিজ্যিক ব্যাঙ্কগুলি তাদের আমানত ওখানে খরচ করছে যত্সামান্য। যে সমস্ত বেকার ছেলেরা এই সমস্ত বানিজ্যিক ব্যাঙ্কের দরজায় দরজায় ঘুরছে, তাদের প্রতি ব্যাঙ্কের ম্যানেজার এবং ফিল্ড অফিসাররা ভদ্র ব্যবহার করতে ভুলে গেছে। আই.আর.ডি.পি.'র লোন বন্ধ হয়ে গেছে। ফিল্ড অফিসাররা ক্লারকের কাজ করছে, তারা কোনওদিন ফিল্ডে যান না, কোন উন্নয়ন মূলক পরিকল্পনায় অংশ গ্রহন করেন না। কোন উন্নয়ন মূলক পরিকল্পনা চালু আছে কিনা তা তাদের মাথা থেকে উবে গেছে। আজকে যে মূলধন পাচার হয়ে যাচ্ছে একটা জেলা থেকে এই পাচার যদি চলতে থাকে এবং আপনারা যদি কোন ব্যবস্থা না নেন, তাহলে আমরা বীরভূম বাসীরা আমাদের ব্যবস্থা করে নেব। এর থেকে গ্রামীণ ব্যাঙ্কগুলো অনেক ভাল কাজ করছে। তারা কৃষি ক্ষেত্রে এগ্রিকালচারাল লোন মানুষের কাছে পৌছে দিচ্ছে। কিন্তু এই বানিজ্যিক ব্যাঙ্ক কৃষি ক্ষেত্রে লোন দেবার কোন ব্যবস্থা নিচ্ছে না। এদের কৃষি ক্ষেত্রে লোন দেবার কোন পরিকল্পনা নেই। বেকার যুবকদের স্বনির্ভর পরিকল্পনায় ঋণ দেবার কোন চেষ্টা নেই। কোন রকম ভাবে জেলার উন্নয়নের কোন কাজে এই বানিজ্যিক ব্যাঙ্ক লাগছে না।

সেজন্য আমি প্রস্তাব করছি মুখ্যমন্ত্রী তাদের কর্তব্য সম্বন্ধে সচেতন করুন। তবে তারা যদি সচেতন না হয় তাহলে আমরা বীরভূমবাসী যেভাবে তাদের সচেতন করা যায় সেই ব্যবস্থা নিতে আরম্ভ করব এই কথাটা জানিয়ে রাখলাম।

ডাঃ অশোক কুমার মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বীরভূম জেলার রাষ্ট্রীয় ব্যাঙ্ক গুলির ক্রিয়াকলাপ সম্বন্ধে মাননীয় সদস্য যা বললেন তাতে আমার মনে হয় পশ্চিমবাংলার প্রতিটি জেলার রাষ্ট্রীয় ব্যাঙ্ক সম্বন্ধে এই ধরনের বক্তব্য রাখা যায়। আমরা প্রত্যেকেই বুঝতে পারছি রাষ্ট্রীয় ব্যাঙ্কের ভূমিকা অত্যন্তই নিন্দনীয়. পশ্চিমবাংলার পক্ষ থেকে আমরা নিজেরা ব্যঙ্ক রচনা করবার প্রস্তাব রেখেছি। আমি আশাকরি এই ব্যপারে আমরা কংগ্রেস দলের পূর্ণ সহানুভূতি পাব।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কোলকাতা শহরে ম্যালেরিয়ার প্রকোপ সাংঘাতিকভাবে দেখা দিয়েছে এবং পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতেও এই রোগের প্রকোপ দেখা দিয়েছে এবং প্রচুর লোক আক্রান্ত হয়েছে। এই অবস্থায় জরুরীকালীন ভিত্তিতে বিভিন্ন জায়গায় ডি ডি টি স্প্রে করা একান্ত প্রয়োজন। আমি আশা করি এই ভয়াবহ সমস্যার সমাধানের জন্য স্বাস্থ্যমন্ত্রী দৃষ্টি দেবেন।

শ্রী সমর মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ ঘটনার প্রতি। পশ্চিমদিনাজপুর এবং মালদহ জেলায় প্রচুর আদিবাসী এবং হরিজন সম্প্রদায়ের লোক বাস করে। ওখানকার চাকুলিয়া থানার জানগুরু সতীশ সাহা দ্বিতীয় ভগবান সেজে বসে আছে। কারুর বাড়ীতে চুরি, ডাকাতি হলে বা কেউ মারা গেলে এ জানগুরু যা বলছে সেই ব্যবস্থাই লোকেরা করছে। হবিবপুর, গাজল, বামনগোলা প্রভৃতি অঞ্চালে কেউ মারা গেলে এই জানগুরু সতীশ সাহা বলে অমুক লোকটা ফুসকিন সেইজন্যই মারা গেছে, কাজেই ওকে মেরে ফেল। চুরি, ডাকাতির ক্ষেত্রে এই জানগুরু যাদের নাম বলছে তাদের উপর অত্যাচার করা হচ্ছে, মারা হচ্ছে। এই সমস্ত অঞ্চলে এই জানগুরুর ক্রিয়াকলাপ একটা অরাজকতার সৃষ্টি করেছে। তাই আমি দাবী করছি অবিলম্বে এই সতীশ সাহাকে গ্রেপ্তার করা হোক এবং হরিজন এবং আদিবাসীদের মধ্যে সে যে বিভীষিকা সৃষ্টি করেছে সেটা দূর করা হোক। এই জানগুরুর কি হচ্ছে ১০০ টাকা থেকে ১০০০ টাকা। তার কাছে যদি কেউ কোন সমস্যা নিয়ে যায় এবং সে যদি দোষী হিসেবে তার স্ত্রীর নামও বলে তাহলেও স্ত্রীকে পিটিয়ে মেরে ফেলা হবে। কাজেই আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি বিভীষিকা সৃষ্টিকারী সতীশ সাহা যে এখন চাকুলিয়ায় রয়েছে তাকে অবিলম্বে গ্রেপ্তার করা হোক।

শ্রী ধীরেন্দ্র নাথ সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ব্যাপারে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৫ই জুলাই বীরভূম জেলার লাভপুর থানায় লহরদা বাসস্ট্যাণ্ডে একজন মহিলাসহ ৪ ব্যক্তিকে হত্যা করে দুর্বৃত্তরা পালিয়ে যায় এবং আজ পর্যন্ত তাদের ধরা হয়নি। যাঁরা নিহত হয়েছেন তাঁদের নাম হচ্ছে, মহিম, শেখ, ভাদু শেখ, জব্বর শেখ এবং তাঁর স্ত্রী মসিনা বিবি। যারা এ কাজ করেছে তাদের সকলের পরিচিতি জানা সত্তেও পুলিশ তাদের ধরছে না। কেবল মাত্র হত্যাকাণ্ডের নায়ক,এ এলাকার কংগ্রেসী প্রধানকে ধরা হয়েছে। বাকি লোকেদের যাতে ধরা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অবন্তি মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরী গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সেচ ও জল পথ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীঘা থেকে রসুলপুর নদীর মোহনা পযন্ত ৪০ মাইল ব্যপী সি-টাইড় সুউচ্চ বাঁধটির উপরে যে ১০/১২ টি স্লুইস গেট গুলি জল নিকাশের জন্য রয়েছে-যথা খাদাল, গোবড়া, ঝাউগেরীয়া, বিরামপুর প্রভৃতি- সে গুলি সেচ বিভাগ থেকে ঠিক মত

রক্ষণাবেক্ষণ করা হচ্ছে না। মেরামতের অভাবে ধ্বংস হতে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ ও জলপথ বিভাগের গাফিলতির ফলে কাঁথি, রামনগর, দীঘা থানার লক্ষ লক্ষ মানুষ ইতি মধ্যেই বিপর্যস্ত হওয়ার সম্ভাবনায় ভীত এবং সন্ত্রস্ত হয়ে দিন কাটাচ্ছে। এমন অবস্থা হয়েছে দীঘার পর্যটন কেন্দ্র যে কোনো মুহূর্তে ধ্বংস হওয়ার সম্মুখীন হতে পারে। কারণ বর্তমানে দীঘা পর্যটন কেন্দ্রের সংলগ্ন গোবিন্দ-বসান আটুলি গ্রামটি প্রায় সম্পূর্ণরূপে ধ্বংসের সম্মুখীন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অবস্থায় আমি এই বিষয়টির প্রতি মাননীয় সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এ বিস্তীর্ণ এলাকাকে রক্ষা করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ কার জন্য অনুরোধ করছি।

(এই সময়ে মাইক্রোফোন সংযোগ বিচ্ছিন্ন হয় এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় শ্রী মাধবেন্দু মহান্তকে বক্তব্য রাখতে অনুরোধ করেন।)

শ্রী মাধবেন্দু মহান্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বাস দুর্ঘটনার প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী এবং পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, গত ৬ই সেপ্টেম্বর, ৮৫ একটি যাত্রী বোঝাই বাস যখন নদীয়া জেলার করিমপুরের দিকে যাচ্ছিল তখন সেটি কাঠালি গ্রামের কাছে মাঠের মধ্যে উল্টে পড়ে। ফলে সেখানে ৪৩ জন যাত্রী আহত হয়েছে তাঁদের মধ্যে শিশু এবং মহিলারাও আছেন। কয়েক জনের অবস্থা খুবই গুরুতর। একজন যাত্রী ঘটনাস্থলেই মারা গিয়েছেন, তাঁর নাম গৌর নাথ, বাবার নাম নিশিথ নাথ। কয়েকজন গুরুতর আহত যাত্রীকে ইতি মধ্যেই কৃষ্ণণগরে ট্রান্সফার করতে হয়েছে। আমি বিষয়টির প্রতি স্বরাষ্ট্র মন্ত্রী এবং পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে আহত যাত্রীদের উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা হয় এবং নিহত যাত্রীদের পরিবারকে এবং আহত যাত্রীদের উপযুক্ত পরিমান ক্ষতিপূরণ দেওয়া হয়।

শ্রী মসলেউদ্দিন আহমেদ : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় ভূমি-রাজস্ব মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলার বংশীহারি ব্লকের ৮ নং পুশুরী অঞ্চলের অধীন তুলারাম মৌজায় সরকারী ন্যাস্ত জমি ভূমিহীন কৃষক ও ভূমিহীন ক্ষেতমজুরদের মধ্যে বিলি করা হয়েছিল এবং তারা পাট্টাও পেয়েছিল।

[2.50 – 3.00 p.m.]

কিন্তু বিগত আগষ্ট মাসের দ্বিতীয় সপ্তাহে সি.পি.এমের প্রায় ২০০/৩০০ লোক এই ভেষ্ট জমির উপর আক্রমণ করে। এই ভেষ্ট জমির যারা মালিক তাঁরা জে.এল আর ওর কাছে, থানার দারোগার কাছে এস. ডি. ওর কাছে এবং এস. এল. আর ওর কাছে প্রতিকারের জন্য যায়। কিন্তু তাঁরা প্রতিকার পায়না। এরজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর নিকট অনুরোধ করছি তাঁরা যেন তাদের ভেষ্ট জমি ফেরৎ পায়।

শ্রী দেব নারায়ণ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। গত কাল পাণ্ডুয়া থানার হাতনী সাবসিডিয়ারী হেল্থ সেণ্টারে ২ হাজার মানুষের বিক্ষোভ হয়েছে। এই বিক্ষোভের কারণ হচ্ছে, ঐ হাসপাতালে ৫টি শয্যা বিশিষ্ট একটি ঘর আছে। সেই ঘরটির ৬ মাস হলো ছাদ পড়ে গেছে। ঐ ছাদ যাতে মেরামত হয় তারজন্য অনেকদিন ধরেই আবেদন-নিবেদন চলছে। যে সমস্ত গর্ভবতী মায়েরা এবং মেয়েরা আসে তাদের সঙ্গে ওখানকার স্বাস্থ্যকর্মী যারা আছেন তাঁরা অশালীন আচরণ করেছেন। এরফলে ঐ এলাকার লোক বিক্ষোভে ফেটে পড়ে এবং এ্যাসিসটাণ্ট সি.এম.ও এইচ ও ডাক্তারদের ঘেরাও করে রাখে। রাত্রি ১২ টা পর্যন্ত আলাপ-আলোচনা করার পর তাদের ঘেরাও মুক্ত করা হয়েছে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই, স্বাস্থ্যকর্মীরা সাধারণ মানুষের সঙ্গে সদ্ভাবে আচরণ করুন। মানুষকে মানুষ হিসাবে মর্যাদা দিন। যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে টুকি-টাকি মেরামত করার দরকার আছে সেগুলি বামফ্রণ্ট সরকারের যতটুকু ক্ষমতা আছে সেই ক্ষমতা অনুযায়ী মেরামত করার ব্যবস্থা করুন। সেবামূলক প্রতিষ্টানে যাতে যত্নসহকারে মানুষকে সেবা করেন এই আবেদন আমি আপনার মাধ্যমে জানালাম।

শ্রী ফণীভূষন রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। মালদা জেলার সদর পৌরসভা তথা ইংলিশবাজার পৌরসভা সি.পি.এমের. দ্বারা পরিচালিত যার চেয়ারম্যান হচ্ছেন শ্রী প্রভাত আচার্য্য। এই পৌরসভার অধীনে যিনি বাস করেন তিনি হচ্ছেন আমাদের পৌররাষ্টমন্ত্রী শ্রী শৈলেন সরকার মহাশয়। এই পৌরসভার দক্ষিন অংশে দেখা যাচ্ছে সেখানে প্রচুর মার্কেট রয়েছে এবং রাস্তা ঘাটের উন্নয়ন হচ্ছে, কারণ বিশেষ করে কমিশনারগণ সেই এলাকা থেকে নির্বাচিত। কিন্তু দুর্ভাগ্য হচ্ছে উত্তর অংশের মানুষের সেখানে কোন মার্কেট নেই., উন্নয়নের কোন ব্যবস্থা নেই। উত্তর অংশ একেবারে অবহেলিত। মার্কেট যেতে হলে ১ মাইল হেঁটে যেতে হয় কিন্তু দক্ষিনাংশে ১০০ ফুট গেলেই মার্কেট পাওয়া যায়।

(এই সময়ে মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী শচীন্দ্র নাথ হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রী সবার দৃষ্টি আকর্ষণ করছি। বালিপুরের ছত্রশাল থেকে খানাকুল পর্যন্ত সামগ্রিক উন্নয়নের দাবীতে গত ৪ সেপ্টেম্বর এক পদযাত্রা অনুষ্ঠিত হয়। এই পদযাত্রায় নেতৃত্ব দেন ভারতের মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির উত্তর লোক্যাল কমিটি। এই পদযাত্রা বিভিন্ন গণ-সংগঠন ছাত্র শিক্ষক যুব, মহিলা প্রভৃতি সমস্ত স্তরের মানুষ ২৩ দফা দাবীর ভিত্তিতে পদযাত্রা সুরু করেছিলেন। এই দাবী গুলির মধ্যে আমি আপনার মাধ্যমে গুটি কয়েক দাবী এখানে রাখতে চাই। (১) খানাকুল স্বাস্থ্যকেন্দ্রকে অবিলম্বে রুরাল হাসপাতালে পরিণত করতে হবে। (২) রাজা রামমোহন রায়ের জন্মস্থান রাধানগরে পর্যটন কেন্দ্র গড়ে তুলতে হবে এবং রামমোহন রায়ের জন্য সংগ্রহশালা গড়ে তুলতে হবে। ঐ বাবদে যে টাকা খরচ হবে তা কেন্দ্রীয়সরকারকে বহন করতে হবে।

রাধানগর থেকে কলকাতা পর্যন্ত সি.এস.টি.সি. বাস চালু করতে হবে। খানাকুলে একটা টেকনিকেল ক,জে স্থাপন করতে হবে। রাধানগর গোড়হাটির রাস্তার কাজ পূর্ত দপ্তরকে অবিলম্বে গ্রহণ করতে হবে। গ্রামীন যাতায়াতের সুবিধার জন্য খানাকুলের রামপুর ক্যানেলের কাছে যে দুটি ব্রীজ আছে অবিলম্বে সে দুটিকে মেরামত করতে হবে। আমি এই দাবী সম্বলিত স্মারকলিপিটি আপনার কাছে পেশ করছি।

শ্রী অম্বিকা ব্যানার্জী : আপনার মাধ্যমে আমি একটি গুরুতর বিষয়ের অবতারণা করে মাননীয় বিদুৎ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আপনারা সকলেই জানেন যে মধ্যহাওড়া বেলিলিয়স রোডের স্মল স্কেল ইণ্ডাসট্রিজের এমন সর্ববৃহত্ত এ্যাসেম্বলী সারা ভারতবর্ষের আর কোথাও নেই। গত কিছুদিন ধরে সেখানে লোড শেডিংয়ের প্রকোপ এমন বেড়েছে যে সেখানকার সমস্ত ইণ্ডাসট্রি অন দি ভার্জ অফ কোলান্স। আমরা ওয়াগনের অর্ডার আনবার জন্য দিল্লীগিয়েছিলাম, আপনারা জানেন যে এ সমস্ত টালাই কারখানাগুলি ওয়াগণ ইনডাসট্রির সঙ্গে কানেকটেড আমরা যখন ওয়াগণের অর্ডার আনতে দিল্লী যাচ্ছি তখন দেখছি এ কারখানাগুলি বিদুতের অভাবে কিভাবে বন্ধ হয়ে যাচ্ছে। শুধু তাই নয় ঢালাই কারখানাগুলিতে যখন মাল গলান হয় তখন যদি বিদুৎ চলে যায়-সাধারণ মানুষের জেনারেটর কেনার ক্ষমতা নেই তখন কি বিরাট ক্ষতি হয় সেটা টেকনিক্যাল বিষয়ে যাদের একটু আইডিয়া আছে তারাই জানেন। আমার কথা হচ্ছে যে বিদ্যুতের র‍্যাশনিং করে যদি বলে দেওয়া হয় যে কোন সময় বিদুৎ পাবে কোন সময় পাবে না তাহলে কারখানায় কাজের একটু সুবিধা হয়। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শুখময় চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি বিশেষ জরুরী ঘটনার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কংগ্রেস দলের প্রতিনিধি আমাদের এই বিধানসভার বিধায়ক মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে বাঁকুড়া শহরে বন্ধ এবং হরতাল ডেকেছে। তাঁদের দাবী কি, না মূল্যবৃদ্ধি, ছাত্র ভর্তি এবং বিদ্যুৎ সমস্যা। সেখানে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে মূল্যবৃদ্ধি হচ্ছে সেখানে মানুষকে বিভ্রান্ত করার জন্য রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই দাবী নিয়ে বন্ধ ডাকা হয়েছে। তারপর ছাত্রভর্তির ব্যাপারে বাঁকুড়া জেলায় খাতরা এবং অন্যান্য যে কলেজগুলি রয়েছে সেখানে অনার্স কোর্স, মরণিং কোর্স এবং পাশ কোর্স চালু করেছেন। তারপর বাঁকুড়ার অমরকানন এবং বড়জোড়ায় যে নুতন কলেজ সরকার স্থাপন করেছেন ৩/৪ দিন আগে সেখানে ছাত্র ভর্তির আদেশ দেওয়া হয়েছে। তারপর বাঁকুড়া সহরে জলসরবরাহ ব্যাপারে বিদ্যুত সরবরাহের জন্য মিউনিসিপ্যালিটিতে ৪ টি জেনারেটরের ব্যবস্থা করা হয়েছে। বিদ্যুতের ব্যাপারে ডি. পি. এলে দুর্গাপুর থেকে যে বিদ্যুৎ নেওয়া হয় সেই বিদ্যুতের দীর্ঘদিনের পুরনো লাইনের পাশে আবার দ্বিতীয় লাইন যোগাযোগ করেছেন, অথচ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে আজকে বাঁকুড়ায় বন্ধ ডাকা হয়েছে।

শ্রী হাজারী বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুর্শিদাবাদের সাগরদিঘী একটি তপশীলি সংরক্ষিত এলাকা, এ' এলাকায় এবারে মাত্র ৪০ ভাগ জমিতে আমন ধানের চাষ হয়েছে এবং বাকি ৬০ ভাগ জমি পতিত অবস্থায় আছে। এ' এলাকায় বিগত দিনের সরকার কোন রকম সেচের ব্যবস্থা করতে পারেন নি। বর্তমানে বামফ্রন্ট সরকার সেখানে ৪টি ডিপটিউবওয়েল দিয়েছেন।

[3.00 – 3.10 p.m.]

সেই এলাকায় ৪০ ভাগ জমিতে আবাদ হয়েছে। বাকী ৬০ ভাগে অনাবাদী থাকবার জন্য সেখানকার কৃষক অত্যন্ত বিপদগ্রস্থ। ঐ সমস্ত কৃষক যাতে ভবিষ্যতে আর কখনও এই বিপদে না পড়ে তারজন্য সেখানে সেচ-ব্যবস্থা গড়ে তুলতে অনুরোধ করছি। তাছাড়া এই ক্ষতিগ্রস্থ কৃষকরা যাতে আগামী রবি ফসল সুষ্ঠভাবে করতে পারে সে-বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীসহ বিভাগীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী সাধন চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষ্ণনগর শহরে নদীয়া জেলা হাসপাতাল-তিনটি হাসপাতালের সমষ্টি মাত্র। এরমধ্যে প্রধান হাসপাতালটি শহরের প্রান্তে শক্তিনগরে অবস্থিত। অপরটি সদর হাসপাতাল। তৃতীয়টি হচ্ছে সিবানন্দ সেবাসদন। কিন্তু প্রধান হাসপাতালটি এবং অবশিষ্ট দুটি হাসপাতালের মধ্যে দুরত্ব ৪ কিলোমিটারেরও বেশী। এরফলে জনসাধারণকে নানা অসুবিধা ভোগ করতে হয়, বহু রোগী এরফলে মারাও যান। এই হাসপাতাল দুটি থেকে হঠাৎ কোন রোগীকে শক্তিনগর হাসপাতালে পাঠাতে হলে সরকারের বহু টাকা নষ্ট হয়। যদি সরকার ঐ তিনটি হাসপাতালকে আলাদা আলাদা করে গণ্য করে সেইমত ঘোষণা করেন এবং সেইমত প্রয়োজনীয় ডাক্তার, নার্স, এবং অন্যান্য প্রয়োজনীয় কর্মচারীর ব্যবস্থা করেন তাহলে ঐ সমস্ত রোগীরা যথেষ্ট উপকৃত হন। এ-ব্যাপারে প্রয়োজনীয় আদেশ দান করতে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী রবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা উলুবেড়িয়া থেকে প্রায় ২০ কিলোমিটার দূরে শ্যামপুর ১নং ব্লকে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে-নাম নবগ্রাম প্রাথমিক স্বাস্থকেন্দ্র। স্বাস্থ্যকেন্দ্রটি দীর্ঘদিনের পুরোনো এবং এলাকাটি গরীব এলাকা। স্বাস্থ্যকেন্দ্রটি ৮ বেডের। ৪টি বেড মহিলা এবং ৪টি বেড পুরুষ দের জন্য। কিন্তু দেখা যাচ্ছে, সেখানে ২০জনের মত রোগী সর্বদা ভর্তি থাকেন। আউট ডোরেও প্রায় ২০০ রোগী প্রতিদিন সেখানে আসেন। কিন্তু স্বাস্থ্যকেন্দ্রটির ছাদ নেই, পঞ্চায়েত থেকে পলেথিন চাপিয়ে কোন রকমে কাজ চালান হচ্ছে। এই ব্যাপারে স্বাস্থ্য দপ্তরকে কয়েকবার জানিয়েছি এবং এই হাউসেও উল্লেখ করেছি। এই দারুণ বর্ষাতে বহু রোগীকে এক অসহায় অবস্থার মাধ্যে কাটাতে হচ্ছে, কারণ তাঁদের পক্ষে আর্থিক কারণে উলুবেড়িয়াতে আসা সম্ভব নয়। তাই আপানার ম্যাধোমে মাননীয় মন্ত্রীকে ঐ নবগ্রাম প্রাথমিক হেল্‌থ সেণ্টারটি রিপেয়ারের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আনুরোধ জানাচ্ছি।

শ্রীমতি ছায়া ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে এই সভায় আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। আপনি জানেন যে, মুর্শিদাবাদের শাড়ী এবং সিল্ক এর চাহিদা শুধু ভারতবর্ষেই নয়, বিশ্বের দরবারে এর চাহিদা অনস্বীকার্য্য। কিন্তু এই শিল্পের যে কাটুনী এবং শিল্পী তাঁরা অত্যন্ত অসহনীয় অবস্থার মধ্যে দিন কাটাচ্ছেন এবং ক্রমেই ধ্বংসের মুখে এগিয়ে চলেছেন। খাদিও গ্রামোদ্যোগ নিগমের মাধ্যমে কেন্দ্রীয় সরকার যে টাকা দেন সেটা কয়েকজন মানুষকে দেওয়া হচ্ছে, কিন্তু যেসব শিল্পী ও কাটুনী এই শিল্পে কাজ করেন তাঁরা সুতো এবং কাজ পাচ্ছেন না।

আবার যাঁরা কাজ পাচ্ছেন-তাঁরা পুরো মজুরী পাচ্ছেন না। সরকারের কাছ থেকে টাকা পেয়ে একদিকে ঐ সমস্ত লোকের যেখানে বাড়ী ও গাড়ী হচ্ছে, সেখানে কাটুনীদের অবস্থা দিনের পর দিন খারাপ হয়ে পড়ছে। কাজেই আজকে সেখানে এই পরিস্থিতি। সামনে পুজো, এই শিল্পীদের হাতে কোন কাজ নেই। কিছু দিন আগে খাদি কমিসানের ডিরেক্টর সেখানে গিয়েছিলেন তখন শিল্পীরা তাঁর সঙ্গে দেখা করতে চান। কিন্তু খাদি কমিশনের ডিরেক্টর তাদের সঙ্গে দেখা করতে চান না। সেই জন্য শিল্পীরা বাধা বিপত্তি অতিক্রম করে বাই ফোর্স তাঁর সঙ্গে দেখা করতে যান। তখন উনি পুলিশ ডেকেছিলেন শিল্পীদের হাটিয়ে দেবার জন্য। সেই শিল্পী এবং কাটুনীদের মধ্যে মহিলা বেশী ছিলেন। শিল্পীদের সঙ্গে সেই ডিরেক্টরের সানান্য দেখা করার মনোবৃত্তি হ'ল না। এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

শ্রী অজিত বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী এবং এই মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি একটি অত্যন্ত গুরুত্ব পূর্ণ বিষয়ের প্রতি। আমার কাছে এটা গুরুত্বপূর্ণ এবং নৈহাটি বিধানসভা কেন্দ্রের জনগনের কাছে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু এটা সংশ্লিষ্ট মন্ত্রী এবং এই মন্ত্রীসভার কাছে গুরুত্বপূর্ণ কিনা সেই বিষয়ে আমার যথেষ্ট সন্দেহের উদ্রেক হয়েছে। এই একই বিষয়ে নিয়ে আমি বহুবার উল্লেখ করেছি, কিন্তু কোন কাজ হয় নি। নৈহাটি স্টেট জেনারেল হসপিটালের একটা এ্যপ্রোচ রোড আছে। এখানে হাসপাতালটি ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং আরো কিছু মন্ত্রী এটা উদ্বোধন করতে যান। আমি গতবারে সেসানে এটা উল্লেখ করেছিলাম, লিখিত আকারে প্রশ্ন করে ছিলাম। জবাবে মাননীয় পূর্তমন্ত্রী টেবিল্ড করেছিলেন এবং বলেছিলেন এই বিষয়ে কিছু জানেন না, অর্থ পায়নি। এই ব্যাপারটা এমন হয়ে দাঁড়িয়েছে যে এটা অত্যন্ত বিড়ম্বনা এবং বিরক্তি কর ব্যাপার। সংশ্লিষ্ট মন্ত্রী দপ্তরে কোথায় যে টাকাটা আটকে আছে সেটা বুঝতে পারছি না। এই রাস্তাটির জন্য ১০,১৩,৭০০ টাকা মঞ্জুর হয়, তার চিঠি প্রাইভেট সেক্রেটারী টু রাম নারায়ণ গোস্বামী কাছ থেকে পেয়েছি। ১ মাস পরে এই জবাব পেয়েছি মাননীয় পূর্তমন্ত্রীর কাছ থেকে। এটা কি ব্যাপার হ'ল সেটা আমি বুঝতে পারছি না। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যাতে ঠিক ভাবে প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে অর্থ মঞ্জুর হয় এবং সেই অর্থ দিয়ে যেন কাজ সম্পাদিত হয়। এই রাস্তাটা যাতে তাড়াতাড়ি হয় সেই ব্যপারে যথাযথ ব্যাবস্থা অবলম্বন করার জন্য অনুরোধ জানাচ্ছি। আর একটা কথা হচ্ছে ৪ তারিখে একজন অন্তঃসত্ত্বা মহিলা রিক্সা করে ওই রাস্তা দিয়ে হাসপাতালে যচ্ছিল। রাস্তার এমন অবস্থা যে সেই রিক্সা থেকে সেই মহিলা পড়ে যায়। পড়ে যাওয়ার ফলে সেই মহিলা সেখানেই একটি সন্তান প্রসব করে। আজকে ওই রাস্তার এই দুরবস্থা হয়েছে। এই রাস্তা সংস্কারের ব্যাপারে সহনুভূতির সঙ্গে নয় কর্তব্য হিসাবে এটাকে গ্রহন করা উচিৎ। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে আমাকে উল্লেখ করতে দেবার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর নিকট একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। স্যার, কলিকাতা এবং পশ্চিমবাংলায় বিভিন্ন রেশন সপে আমরা প্রায়ই দেখি যে চাল পাওয়া যাচ্ছে না এবং রেশনের জিনিষ পাওয়া যাচ্ছে না অনেক সময় দেখা যায় যে সব চাল রেশনে দেওয়া হচ্ছে সেটা একেবারেই অখাদ্য। অথচ সেই চাল জোর করে রেসনের দোকানের মালিক ক্রেতাদের কিনতে বাধ্য করাচ্ছে এছাড়া আমরা দেখতে পাচ্ছি কলিকাতা শহরে কেরোসিন তেলের অভাব। কলিকাতায় দেখা যায় কেরোসিন তেলের জন্য লাইনে পর লাইন দিয়ে লোক দাঁড়িয়ে আছে। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে বিশেষ করে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুলিশ ডিপার্টমেন্ট একটা ইনফোর্সমেন্ট ব্রাঞ্চ আছে। কেরোসিন তেলের কেন এতো কেয়ারসিটি সেটা তাদের দেখা উচিত। কেরোসিন তেল সত্যিই কেউ নিচ্ছে কি নিচ্ছে না এবং সেটা কোথায় যাচ্ছে সেটা দেখা উচিত। উধাও হয়ে যাবার এই যে প্রবণতা সেটা পুলিশের নজর রাখা উচিত বলে আমি মনে করি। এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেবার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আর্কষণ করছি।

[3.10 – 3.20 p.m.]

ডাঃ ওমর আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, সম্প্রতি কেন্দ্রীয় শ্রম মন্ত্রক থেকে এটা জানা গেছে যে ১৯৮১ সালের ডিসেম্বর মাস থেকে ১৯৮৫ সালের এপ্রিল মাস পর্যন্ত আমাদের এ পিশ্চিমবাংলায় ২৫ টি চটকল বন্ধ আছে। এরই সঙ্গে নতুন করে আর একটি সংযোজিত হয়েছে বরানগরের জুটমিলটি। যারফলে ৮০ হাজারেরও বেশী শ্রমিক কর্মচ্যুত হয়েছেন। এটি শুধু মাত্র চটকল শ্রমিকদের কর্মচ্যুতির ব্যপার নয়, এর সঙ্গে যুক্ত রয়েছে লক্ষ লক্ষ পাটচাষীর ভাগ্য। এরই ফলে আজ আমরা দেখছি পাটের দাম ক্রমশঃ কমে যাচ্ছে। আপনি জানেন যে ৩২ টি পাটকল মালিক শ্রমিকদের কাছ থেকে আদায় করা প্রভিডেন্ট ফাণ্ডের ৪৬ কোটি টাকা জমা দেয় নি। শ্রমিকদের কাছ থেকে প্রভিডেন্ট ফাণ্ড বাবদ টাকা যেমন তারা জমা দেয়নি, ঠিক তেমনি ই.এস.আই স্কীম বাবদ আদায়ী অর্থও জমা দেয়নি। হাজার হাজার চটকল শ্রমিক এবং লক্ষ লক্ষ পাটচাষীর ভাগ্য যেখানে মালিকদের হাতে-এখানে কি এমন কোন আইন নেই যার সাহায্যে ঐ সমস্ত মালিকদের গ্রেপ্তার করা যায়? তাদের শাস্তি দেওয়া যায়, এমন কোন আইন কি সরকারের হাতে নেই? যদি তা না থাকে, তাহলে এই ধরণের একটি আইন যাতে সরকার প্রনয়ণ করেন তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি। এরজন্য প্রয়োজন হলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আগাম অনুমোদন নিয়ে-অবশ্য যদি তা দরকার হয়-তা করুন। এই উদ্যোগ গ্রহণের জন্য আমি আপনার মাধ্যমে সমগ্র মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তারাপদ সাধুখাঁ : মাননীয় অধ্যক্ষমহাশয়ের মাধ্যমে আমি মাননীয় কৃষি মন্ত্রী এবং সমবায় মন্ত্রীর কাছে একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সারা দেশের চাষীদের জন্য যখন সবাই কান্নায় ভেঙে পড়ছিলেন এবং মাননীয় মন্ত্রীমহাশ যখন আলুর দাম'এর দিকে লক্ষ্য রেখে আলুর দাম বেঁধে দিয়েছিলেন, ঠিক সেই সময় আমরা দেখলাম যে, তারকেশ্বরের কাছে একটি রাষ্ট্রীয় হিমঘর, ১লক্ষ মন আলু গুদামজাত করার ক্যাপাসিটি আছে, সেটি গত ১ বছর ধরে বন্ধ হয়ে পড়ে আছে। আমার প্রশ্ন এটি বন্ধ হয়ে আছে কেন? ওখানে কর্মচারীদের সম্পূর্ণ বসিয়ে রেখে মাসে মাসে

১১,৭০০ টাকা করে মাহিনা দিয়ে যাওয়া হচ্ছে। গত এক বছর ওখানকার চাষীরা যদি ঐ হিমঘরে আলু রাখতে পারতেন, তাহলে তাঁদের সমূহ ক্ষতির সম্মুখীন হতে হত না। চাষীদের প্রভূত উপকার হতে পারতো। দেশের চাষীকুলের জন্য সময়ে অসময়ে যাঁরা অশ্রু ঝরান, তাঁদের আজ জবাবদিহি করতে হবে, কেন রাষ্ট্রায়ত্ব ঐ হিমঘরটি গত এক বছর ধরে বন্ধ অবস্থায় পড়ে আছে এবং কেনই বা কর্মচারীদের মাহিনা বাবদ প্রতি মাসে ১১,৭০০ টাকা গোনা হচ্ছে? ঐ হিমঘরটি খোলা থাকলে চাষীদের ব্যাঙ্ক থেকে লোনের ব্যবস্থা করে দুর্দ্দিনে বাঁচানো সম্ভব হতে পারতো। সেই সঙ্গে সঙ্গে কর্মচারীদের মাহিনা বাবদ বছরে ১[১]/[২] লক্ষ টাকা, ইলেকট্রিসিটি বাবদ ১ লক্ষ এই যে লস হয়ে গেল, তা রোধ করা সম্ভব হতো। আমি এবিষয়ে মাননীয় মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি যে তাঁরা যেন অযথা কুম্ভীরাশ্রু নিপাত না করেন।

শ্রী সুখেন্দু খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল বাঁকুড়া জেলা সম্মিলনী মেডিকেল কলেজে চতুর্থ শ্রেণীর কর্মচারী ও ডাক্তারদের মধ্যে ডেথ সার্টিফিকেটকে - এক শ্রেণীর চতুর্থ শ্রেণীর হাত দিয়ে - কেন্দ্র করে এক বচসা এবং পরে ধস্তাধস্তি হয়। এর ফলে ওখানে এক চরম বিশৃঙ্খলা বিরাজ করছে। জেলা প্রশাসন, পুলিশের উচ্চপদস্থ ব্যক্তি, ওখানকার সাধারণ লোক এবং এ্যাডভাইসারি কমিটির সদস্যদের হস্তক্ষেপের ফলে কোন দুর্ঘটনা ঘটেনি। ঐ কর্মচারীগণ ও ডাক্তারগণ - দু-পক্ষই এরপর ওখানে ধর্মঘট ডাকেন। কিন্তু জেলা প্রশাসন ও স্থানীয় মানুষের নেতৃত্বে চতুর্থ শ্রেণীর কর্মচারী এবং ডাক্তারগণ তাঁদের ধর্মঘট প্রত্যাহার করে নেন। কিন্তু স্থানীয় কংগ্রেসের নেতৃত্বে কংগ্রেস সমর্থক কিছু ডাক্তার ওখানে এখনও ধর্মঘট চালিয়ে যাচ্ছেন। এরফলে উক্ত হাসপাতালের রোগীদের দারুণ অসুবিধা হচ্ছে এবং এক বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। ঐ ধর্মঘটের অজুহাতে কংগ্রেস সমর্থকরা তাদের মস্তানদের নিয়ে গিয়ে এক অরাজক অবস্থার সৃষ্টি করছে। অবিলম্বে এর প্রতিকার হওয়া প্রয়োজন। এই সঙ্গে আমি এখানকার ঘটনার বিচার বিভাগীয় তদন্তের জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী ধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি আগেও বলেছি এবং আজকে আবার বলতে বাধ্য হচ্ছি যে আমার কেন্দ্র পুরুলিয়া জেলায় আরসাতে হাতির অত্যাচারে ওখানকার চাষীরা বিপর্যস্ত। বারেবারে আমি এই সম্বন্ধে জানিয়েছি কিন্তু কোন প্রতিকার হয় নি। আজকে ওখানে হাতি ফসল ছেড়ে মানুষের উপর আক্রমন চালাচ্ছে। এক মাস পূর্বে সেখানে হাতি মানুষকে মেরে ফেলেছে। আমি গত কয়েকমাস আগে নিজের চোখে লক্ষ্য করেছি যে গোয়ালিয়া গাজায় একজন সাইকেলে করে আসবার সময়ে হাতির কবলে পড়েন এবং তার প্রান রক্ষা করার জন্য সাইকেলটিকে হাতির কাছে বলি দিতে হয়েছে। তাছাড়া শিলকাবাজারে আখের যথেষ্ট চাষ হয়, ওই আখই হচ্ছে ওখানকার চাষীদের একমাত্র জীবিকা। কিন্তু যেভাবে হাতির উপদ্রব বেড়ে চলেছে তাতে প্রচুর আখ নষ্ট হয়ে যাবে এবং প্রচুর ক্ষতি হবে। সুতরাং অবিলম্বে এর একটা ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী উপেন্দ্র কিস্কু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় রাস্তাঘাট দীর্ঘদিন ধরে মারাত্মক অবস্থায় পড়ে আছে। বেনাগেরা, কৃষ্ণপুর সারিগারি এবং কজওয়ে এবং বাঁকুড়া ঝাড়গ্রামের মধ্যে একটি গুরুত্বপূর্ণ রাস্তা খারাপ হয়ে পড়ে আছে। অবিলম্বে এটা যদি নতুন করে তৈরী না করা হয় তাহলে যে কোন সময়ে দূর্ঘটনা ঘটে যেতে পারে। সেইজন্য অবিলম্বে ওই রাস্তাটি তৈরী করার জন্য আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী রেনুলীনা সুব্বা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গতকাল দার্জিলিং থেকে ফিরেছি। দার্জিলিং গভর্ণমেণ্ট কলেজ সম্পর্কে যে খবর বেরিয়েছে সেটা সম্পূর্ণ সত্যি নয়। তত বেশী কিছু গণ্ডগোল নয়, ওই কলেজের কোয়ালিফায়িং মার্কসের যেসব ছাত্র-ছাত্রী আছে তাদের এ্যাডমিশান নিয়ে একটা কিছু হয়েছিল। আমি এখান থেকে ২ তারিখে জ্যোতিবাবুর সঙ্গে দেখা করে আলোচনা করেছিলাম এবং এডুকেশন মিনিষ্টার শ্রী শম্ভুবাবুর সঙ্গে কথা বলে দার্জিলিং চলে গেলাম এবং ওখানে গিয়ে দেখলাম সেরকম টেন্স অবস্থা নয়। আমার কাছে সব ডকুমেণ্টস আছে। সেখানে বোটানি ডিপার্টমেণ্টের ডাঃ বরুণ চ্যাটার্জী নেপালী জাতির উপর যে মন্তব্য করেছিলেন তারফলেই এই ঘটনা ঘটেছিল। যখন এই ঘটনাটা ঘটে তখন আমি ওখানে ছিলাম না এবং সেখানে কি হয়েছিল আমি জানিনা, তবে যদি কোন ত্রুটি হয়ে থাকে তারজন্য আমি দুঃখিত। এখান থেকে গিয়ে আমি হেড অফিসার এবং একজিকিউটিভ অফিসার বিমান বোস এবং পি. ডব্লিউ. ডি.-র সাব-এ্যাসিস্টেণ্ট ইঞ্জিনিয়ার বিমল মণ্ডল তাঁর বাড়ী গিয়েছিলাম এবং দুঃখপ্রকাশ করেছি। এখানে যা কিছু ত্রুটি হয়েছে তা এ্যাডমিশানের ব্যাপারকে নিয়ে। আমি পরে গভর্ণমেণ্ট কলেজের প্রিন্সিপ্যালের কাছেও গিয়েছিলাম, সেখানে সব ডকুমেণ্টস্ চেক করলাম, পরে আমার কাছে যে ডকুমেণ্টস্ এলো তাতে কিছু মিসটেক আছে দেখলাম। এ্যাডমিশানের ব্যাপারে ছাত্র-ছাত্রীদের মধ্যে কোয়ালিফায়িং মার্কস নিয়ে যে অসন্তোষ তারমধ্যে শুধু নেপালীরাই নেই বাঙ্গালী মেয়েরাও আছে। আমার কাছে যে লিস্ট আছে তারথেকে আমি বলে দিতে পারি কতজন বেঙ্গলী আছে যথা - বরুণ প্রসাদ গুপ্ত, ইন্দ্রজিৎ মুখার্জী এবং অঞ্জলী মুখার্জী, সেখানে একটা ত্রুটি ছিল এ্যাডমিশানের ব্যাপারে এবং আমি এই সম্পর্কে ডাঃ দাশগুপ্তের সাথে আলোচনা করলাম এবং ওখানকার লেকচারারদের সঙ্গে আলোচনা করলাম। কিছু ত্রুটি ছিল, সেই ত্রুটিগুলি রেক্টিফাই করা হোক এবং একটা তদন্ত করা হোক এই আমার অনুরোধ। দার্জিলিংয়ে এখন নরমাল অবস্থা চলছে। আমি এই ব্যাপার নিয়ে রাইটার্স বিল্ডিংসে উচ্চশিক্ষামন্ত্রী এবং এডুকেশান সেক্রেটারীর সঙ্গে কথা বলেছি এবং তারপরে ওয়েস্ট বেঙ্গল গভর্ণমেণ্ট কলেজেস্ টিচার্স এ্যাসোসিয়েশানের সম্পাদকের সঙ্গে কথা বলেছি এবং ভাইস প্রেসিডেণ্টের সাথেও কথা বলেছি।

LAYING OF REPORT

First, Second and Third Annual Reports of the West Bengal Fish Seed Development Corporation Limited for the years 1980-81, 1981-82 and 1982-83.

Shri Kiranmoy Nanda : Sir, I beg to lay the 1st,2nd and 3rd Annual Reports of the West Bengal Fish Seed Development Corporation Limited for the years 1980-81, 1981-82 and 1992-83.

[3.20 – 3.30 p.m.

শ্রী আবদুস সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার পাটের ব্যাপার নিয়ে গত শুক্রবার হাউসে একটা মোশান পাস হয়েছে এবং গত ২৯ তারিখে বামফ্রন্টের পক্ষ থেকে বাংলা বন্ধের ডাক দেওয়া হয়েছিল যাতে পাটের দাম বাড়ে। কিন্তু তা বাড়েনি। এর ফলে পাট শিল্প এবং পাট চাষীদের অবস্থা খুব ভয়াবহ। আমি মুর্শিদাবাদ জেলায় দেখেছি পাটের দাম ২০০ টাকা কুইন্টল নেমে গেছে। সাপোর্ট প্রাইস সেখানে ২৪৪ টাকা, তার উপর এক্সট্রা ২৫ টাকা। সেখানকার আর. এম.-কে জিজ্ঞাসা করায় তিনি বলেন ২৫ টাকা আগষ্ট পর্যন্ত ছিল। পাট চাষীদের অবস্থার কথা জানিয়ে আমি কাল চন্দ্রশেখর সিংকে একটা টেলিগ্রাম পাঠিয়েছি। এখুনি যদি মিল মালিকরা না কেনে তাহলে কি হবে জানিনা। সেখানে পার মুনীষ খরচ হচ্ছে ২০ থেকে ২৫ টাকা। সুতরাং পাট কাটার পর ছাড়ান, পচান ইত্যাদির জন্য খরচ এমন অবস্থায় গেছে যে আধাআধি ভাগের কথা উঠেছে। সেদিনে মোশানে একটা কর্পোরেশানের কথা বলা হয়েছিল, সেন্ট্রালের অনুমতির কথা হয়েছিল। আমার মনে হয় এর জন্য অনুমতির দরকার হয় না। যাতে রিজার্ভ ব্যাঙ্কের টাকা পাওয়া যায় তার জন্য সব দলের লোক নিয়ে কমিটি করা দরকার এবং হাউসের বিভিন্ন দলের সদস্য নিয়ে একটা টিম চন্দ্রশেখর সিং-এর কাছে যাওয়া উচিৎ। কৃষি, অর্থ এবং মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করছি যে আপনারা অবিলম্বে একটা কর্পোরেশান করুন। তা না করতে পারলে চাষীদের অবস্থা ভাল হবে না। গতবার চাষীরা ভাল দাম পেয়েছিল ঠিকই। এবছর পাটের পরিমান হয়েছে ১লক্ষ ১২হাজার যেখানে গতবছর ছিল ৭৪হাজার। সুতরাং পাটের চাষ বেড়ে গেছে, মাত্র ২/১আনা ধানের জমি বাকী আছে। পাট চাষীদের বাঁচানোর জন্য কেন্দ্র এবং রাজ্য উভয় সরকারকে এগিয়ে আসতে হবে। যে সরকার এখানে আছে তাকে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এই সরকার যদি এগিয়ে আসেন তাহলে আমরা তার সঙ্গে সহযোগিতা করবো। কর্পোরেশান করে যদি টাকার দরকার হয় আমাদের তাহলে রিজার্ভ ব্যাঙ্কের কাছে যেতে হবে। চন্দ্রশেখর সিংকে বলুন সাপোর্ট প্রাইসের নীচে নেবে গেছে এবং জে. সি. আই. যদি এখুনি ব্যাপকভাবে পাট না কেনে তাহলে কিছু হবে না। এই প্রাইস ফল করার একটা কারণ হচ্ছে চন্দ্রশেখর সিং এখানে এসে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলার পর একটা ম্যাক্সিমাম প্রাইস কি ফিক্স করলেন তারপর থেকেই পড়তে আড়ম্ভ করেছে এবং সেই ট্রেনড় এখনও চলছে। গতবার ছিল ২২৩টাকা, এবারে হয়েছে ২৪৪টাকাআর ২৫ মানে ২৬৯টাকা। গত বছর হাজার টাকা পাটের কুইন্টাল হয়েছিল। কিন্তু যখনই মুখ্যমন্ত্রী রাজী হয়ে গেলেন তখনই ম্যাক্সিমাম প্রাইস কমতে আরম্ভ করেছে। সুতরাং আজকে এই একটা অবস্থা হয়েছে। আমি আপনার কাছে অনুরোধ করছি সব দলের লোককে নিয়ে আপনি একটা টিম করে দিন, সেই টিমের কেন্দ্রীয় মন্ত্রী চন্দ্রশেখরের কাছে যাওয়ার দরকার আছে।

শ্রী দেওকীনন্দন পোদ্দার : মিঃ স্পীকার, স্যার, কলাবাগান ক্ষেত্র যেখানে মাইনরিটি বসবাস করে ঐ ক্ষেত্রে বহুদিন ধরে সমাজ বিরোধীরা ওখানকার সি পি এম-এর নেতৃত্বে খুন, বোমাবাজী চালিয়ে যাচ্ছে। গত ৭তারিখে সি পি এম-এর কিছু গুণ্ডা বোমাবাজী করে পাশে মেছুয়া ফল মণ্ডীর ফল ব্যবসায়ীদের মারধোর করে। যখন ফল ব্যবসায়ীরা থানায় গেছে তখন সি পি এম-এর লোকাল কমিটি থানায় গিয়ে দারোগাকে বলে ফল ব্যবসায়ীদের উপর লাঠি চার্জ করেছে। জোড়াসাঁকোর ও. সি. এই ব্যাপারে ফল ব্যবসায়ীদের কাছে ডায়েরী না নিয়ে সমাজ বিরোধীদের গ্রেপ্তার না করে ফল মণ্ডীর যে সুপ্রতিষ্ঠিত ব্যবসায়ী হাজী মমতাজ যিনি কলাবাগান বেতুন মাল নামে একটা ইনস্টিটিউশানের প্রেসিডেন্ট, ফল মণ্ডী এ্যাসোসিয়েশনের যিনি সেক্রেটারী তাঁকে ও. সি. গ্রেপ্তার করলেন, কিন্তু সি পি এম-এর গুণ্ডাদের গ্রেপ্তার করলেন না। ঐ ও. সি.-র সঙ্গে যোগসাজস করে সি পি এম-এর গুণ্ডারা কংগ্রেসী কাউন্সিলর আকতার হোসেন রাই-এর বাড়ীতে পরশুদিন বোমাবাজী করল, আমাদের কংগ্রেসের একজন কর্মী অভিজিৎ দত্তকে গতকাল তলোয়ার দিয়ে আহত করল। আমি জানতে চাই এইভাবে আর কতদিন সি পি এম জোড়াসাঁকোর ও. সি.-র সঙ্গে যোগসাজস করে সেখানে সন্ত্রাস চালাবে? আমার দাবী জোড়াসাঁকোর ও. সি.-কে ইমিডিয়েট্লি ট্রান্সফার করা হোক।

Shri Rajesh Khaitan : Mr. Speaker, Sir, you have just now heard about law and order situation. Now I will draw your attention about education. We do not know what is going on here in regard to education, what is the position in regard to Bengali and other languages and how these are treated. In the last session mention was made about Urdu language and also about Hindi language. I will now say about Sanskrit language which is mother of various languages including Bengali and Hindi. Yesterday at Esplanade East there was a hunger strike by the Sanskriti Sangram Samity. Nobody has gone there. You are aware that Dr. Bhabatosh Dutta Committee recomanded that at the secondary level Sanskrit should be made compulsory but this Government, which is a useless Government, do not bother about education. Since last five years no toll examination is being held to encourage the Sanskrit language which is mother of many languages including Bengali and Hindi. I will draw the attention of the Hon'ble Chief Minister because other Ministers are not always present in the House. The Higher Education Minister is not here. Therefore, Hon'ble Chief Minister's attention has to be drawn. The Finance Minister is here and his attention also is being drawn. Sooner the Sanskrit language is saved it is better because tradition, culture and heritage of Sanskrit language is in danger. It should be protected and safeguarded.

[3.30 – 4.30 p.m.]
(including adjournment.)

শ্রী সুমন্ত কুমার হীরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর ব্যাপারে এবং সকলের পক্ষেই গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করছি। আপনি জানেন কিনা জানিনা, দার্জিলিং-এ ৭হাজার ফুট উঁচুতে যে রাস্তা রয়েছে তার কি শোচনীয় অবস্থা হয়েছে। আজকে দেখা যাচ্ছে হেভি ট্রাফিক, বড়

বড় গাড়ী, বাস প্রভৃতি ওই রাস্তা দিয়ে যাতায়াত করতে শুরু করেছে। ইংরেজ আমলে পাহাড়ে উপরের ঐ রাস্তার প্রোটেকশনের জন্য গাড়ীর ওয়েট মাপবার যে ব্যবস্থা ছিল শিলিগুড়িতে সেটা এখন উঠে গেছে। বর্তমানে যার যেমন খুশী সে বড় বড় গাড়ী নিয়ে উপরে উঠছে এবং তার ফলে ধস নামছে। কার্শিয়াং-এর আগে এক কিলোমিটার রাস্তা বসে যাবার ফলে গাড়ীগুলিকে অন্য রাস্তা দিয়ে ঘুরিয়ে বার করতে হচ্ছে। সেখানে ট্রাফিক কণ্ট্রোল করা হচ্ছেনা এবং হেভি ভেহিকেল অবাধে যাতায়াত করছে। এছাড়া ওখানে বড় বড় মিনিবাস চলছে। রাস্তা বেশী চওড়া নয় বলে পাশাপাশি দুটো মিনিবাস চলতে পারে না এবং তার ফলে অনেক সময় এ্যাক্সিডেন্ট হচ্ছে। আমি অনুরোধ করছি অবিলম্বে সেখানে গাড়ী কণ্ট্রোল করবার ব্যবস্থা করা দরকার।

শ্রী শচীন সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি যে ভয়াবহ এবং গুরুত্বপূর্ণ সংবাদ পরিবেশিত হয়েছে সে সম্পর্কে আমি আপনার মাধ্যমে সমস্ত সদস্যকে অনুরোধ করছি বিষয়টিকে অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য। বিগত ৩রা সেপ্টেম্বর বিরোধীদলের নেতা জ্যোতিবাবুকে হত্যার ষড়যন্ত্র সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেন এবং তার সঙ্গে সঙ্গে আবার সন্দেহও প্রকাশ করেন এই সংবাদ কতটা সত্য। চিফ সেক্রেটারী জানেন না একথাও তিনি বলেছেন। গোয়েন্দা দপ্তর থেকে সংবাদ এসেছিল এবং যথাস্থানে সেটা পাঠিয়ে দেওয়া হয়েছে। স্যার, এটা একদিনের ঘটনা নয়, আপনার বোধহয় মনে আছে ১৯৮০ সালে যখন প্রয়াত ইন্দিরা গান্ধী নির্বাচনী সফরে বেড়িয়েছিলেন তখন তিনি রাঁচীতে সভা করতে পারেন নি, তাঁর সভা বাতিল করতে হয়েছিল। গোয়েন্দা দপ্তরের রিপোর্ট ছিল আনন্দ মার্গীরা ইন্দিরা গান্ধীকে হত্যা করবে। তাপর সংবাদ বেরিয়েছিল সুপ্রিম কোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি এ. এন. রায়কে ১৯৭৫ সালের ১৯শে মার্চ হত্যার ষড়যন্ত্র করেছে এই আনন্দ মার্গীরা। এই ধরণের অনেক ঘটনা আমি বলতে পারি তাদের হিট লিস্টে কারা কারা আছে। শ্রী এল. এন. মিশ্র. তাদের হিট লিস্টে ছিল। মত পার্থক্যের কারণ হল শ্রী মিশ্র নাকি সোভিয়েতের সমর্থক ছিল। তারপর বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী আবদুল গফফর তাদের হিট লিস্টে ছিল। তাঁকে হত্যা করার কারণ হল তিনি আনন্দ মার্গীদের জেল থেকে মুক্তি দেননি। তাদের হিট লিস্টে আরও একজনের নাম ছিল তিনি হচ্ছেন মাধবানন্দ অবধূত। তিনি এ্যাপ্রুভার হয়েছিলেন বলে তাঁর নামও তাদের হিট লিস্টে ছিল। প্রভাত করের স্ত্রীর নামও তাদের হিট লিস্টে ছিল। এখন প্রশ্ন হল তারা কেন এগুলি করছে? কিসের জন্য করা? তারা পৃথিবী জয় করার অলীক কল্পনা নিয়ে চলছে। এবং সেই অনুযায়ী কিভাবে তাণ্ডব নৃত্য করতে হয় এবং সেই তাণ্ডব নৃত্যের মাধ্যমে তন্ত্র বিদ্যার দ্বারা তারা পৃথিবী জয় করবে। মানুষের মাথার খুলি তারা অনেক যোগাড় করেছে। বাঁকুড়া এবং বিভিন্ন জেলার আদিবাসীদের মাথার খুলি তারা যোগাড় করেছে, এবং তারা বিভিন্ন শ্মশানে, কবরে গিয়ে তারা ঘোরাঘুরি করে। এটাই নাকি ধর্ম। আমরা তো জানি মন্দিরে মসজিদেব গীর্জায় ধর্মের অনুষ্ঠান হয়। কিন্তু ধর্মের নামে এই সব জিনিষ হয় এ আমরা কখনও শুনিনি। মানুষ হত্যা করা কি ধর্ম হতে পারে? তারা নাকি তন্ত্র বিদ্যার দ্বারা পৃথিবী জয় করবে। এ নিশ্চয় কোন এক রাজনৈতিক দলের খেলা এবং তাদের নেতৃবৃন্দ এক বিরাট ষড়যন্ত্রের সৃষ্টি করেছে। তারা ইতিমধ্যে ৭০জন রাজনৈতিক কর্মীকে হত্যা করেছে এবং আমাকেও হত্যা করার জন্য তারা বিভিন্নভাবে প্রচার করছে। এবং আমার নির্বাচনী কেন্দ্রকে তারা গ্লোব ওয়াল হেডকোয়ার্টার করেছে। আমি ব্যক্তিগতভাবে এদের কার্যকলাপকে অতি জঘন্য বলে মনে করি। এবং তারা ৪/৫ জন মিলে ঘোরাফেরা করে। গাড়ী করে হোক আর যা করেই হোক তারা ২৪ঘণ্টা বিভিন্নভাবে ঘোরাঘুরি করছে। এই জিনিষের একটা তদন্ত হওয়া দরকার। সেইজন্য আমি মন্ত্রীসভাকে বিশেষ নজর দিতে অনুরোধ জানাচ্ছি।

মিঃ স্পীকার : আপনি বসুন এখন বিরতি, হাউস ৪.৩০ মিঃ আবার বসবে।

(At this stage the House adjournned till 4.30 p.m.)

(AFTER ADJOURNMENT)

[4.30 – 4.40 p.m.]

শ্রী সত্যরঞ্জন বাপুলি : মিঃ ডেপুটি স্পীকার, স্যার, অন এ পয়েন্ট অফ ইনফরমেসন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় আইন মন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন পার্লামেন্টে লোকপাল বিল এসেছে। আমি আপনার কাছে অনুরোধ করছি আমাদের রাজ্যের মন্ত্রী, এম. এল. এ.-দের দুর্নীতি ধরার জন্য একটি লোকপাল বিল আনুন। এই বিল নিয়ে আমরা হাউসে আলোচনা করতে চাই। আপনি মন্ত্রীদের লোকপাল বিলের মত একটা বিল নিয়ে আসতে বলুন।

মিঃ ডেপুটি স্পীকার : নো ডিসকাসন। আপনি বসুন, আলোচনা চলবে না।

Legislation

The Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1985

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to introduced the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1985.

(Secretary then read the title of the Bill)

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1985, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে এই প্রস্তাব উত্থাপন করছি যে, দি বেঙ্গল পাবলিক ডিমাণ্ডস রিকভারি (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৮৫ বিবেচনার জন্য গৃহীত হোক। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ১৯১৩ সালের বেঙ্গল পাবলিক ডিমাণ্ডস রিকভারি এ্যাক্টের বিধান অনুসারে সার্টিফিকেট প্রসিডিংসের মাধ্যমে পাবলিক ডিমাণ্ডস আদায় করা হয়ে থাকে। এই আইনের ৩/৬ ধারায় পাবলিক ডিমাণ্ডস-এর সঙ্গায় বলা হয়েছে পাবলিক ডিমাণ্ডস বলতে ঐ আইনের এক নং তপসিলে উল্লেখিত এরিয়ার অথবা বকেয়া টাকার সার্টিফিকেট স্বাক্ষরিত হবার তারিখ পর্যন্ত আইন মাফিক তার উপর আদায়ীকৃত সুদও বোঝাবে। ওয়েস্ট বেঙ্গল সোসাইটিজ রেজিস্ট্রেশন এ্যাক্ট, ১৯৬১ অনুসারে ডিষ্ট্রিক্ট ডেভেলপমেন্ট রুরাল এজেন্সি, রেজিস্ট্রিকৃত ফি ফরমুলেশন এজেন্সি বা সমিতি যুগ্মভাবে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অর্থ সাহায্য পেয়ে বিভিন্ন ধরণের মানুষকে নগদে বা দ্রব্যে সাবসিডি, টাকা, ঋণ দিয়ে থাকে। যে সব ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তিগণ এইরূপ সাবসিডি, ঋণ, টাকা ইত্যাদি পাবলিক ডিমাণ্ড হিসাবে আদায় করার পক্ষে লিখিতভাবে সম্মতি দিয়েছেন সেই সব ক্ষেত্রে এজেন্সি বা সমিতি কর্তৃক প্রদত্ত সাবসিডি, বা ঋণ যাতে এই আইন অনুযায়ী সার্টিফিকেট বা প্রসিডিংস ইত্যাদি করে আদায় করা যায় তার জন্য আইনের ১নং তপসিলের সংশোধন প্রয়োজন। তাছাড়া ১৯১৩ সালের বেঙ্গল পাবলিক ডিমাণ্ডস রিকভারি এ্যাক্ট-এর সেকসানস ৫৬ এ্যাণ্ড ৫৭ ধারায় ১৯০৮ সালের ইণ্ডিয়ান লিমিটেসন এ্যাক্টের উল্লেখ আছে। ১৯৬৩ সালে লিমিটেসন এ্যাক্ট রদ করা হয়েছে। এই কারণে বেঙ্গল পাবলিক ডিমাণ্ডস রিকভারি এ্যাক্ট, ১৯১৩-এর ২ ধারা যথাযথভাবে সংশোধন করা দরকার। ছোট্ট বিল। আমি আশা করি মাননীয় সদস্যগণ আমার এই প্রস্তাবে সম্মতি দেবেন এবং বেঙ্গল পাবলিক ডিমাণ্ডস রিকভারি (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৮৫ যেটা উত্থাপন করলাম বিধানসভা কর্তৃক সেটা অনুমোদনের জন্য গৃহীত হবে।

মিঃ ডেপুটি স্পীকার : There is a motion for Circulation by Shri Kashinath Misra. But as the Member is not present, the motion is not moved.

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী বিনয় চৌধুরী মহাশয়কে আমরা প্রায়শঃই বা প্রতি সেশানেই দেখি সংশোধনী বিল আনেন। প্রয়োজন হলে আনবেন, আমি সে সম্বন্ধে না বলে এই বিল সম্বন্ধে কয়েকটি কথা বলছি। আজকে যে বিল আনা হয়েছে সেই বিলের আপ টু ক্লজ থ্রি আপত্তির কোন কারণ নেই, কিন্তু আমি তাঁকে সরাসরি জিজ্ঞাসা করতে চাই যে সাবসিডি কথাটা তিনি ব্যবহার করলেন কেন? হোয়াট ইজ দি ডেফিনেসান অব সাবসিডি? আপনারা ডিক্সনারিটা দেখুন।

Subsidy is outright grant. Why it is necessary to recover subsidy? We do not understand. You have subsidised something. Government of India has given subsidy on many things including food, fertiliser, clothings – Janata clothings. The Government has subsidised the registered societies and given loan also.

আজকের লোনের যে পার্ট, ঋণের যে অংশটা সেটা রিকভার করবেন। Why subsidy is recovered? If it is recovered then why it is called subsidy?

এখানে মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় নেই, আমি তাঁর কাছে গিয়েছিলাম Just to elicit his opinion as to why this word 'subsidy' has been included in the Bill?

উনি বললেন, আমিও সঠিক জানি না, বোধ হয় Loan without interest is subsidy.

আমি অর্থনীতিবিদ নই, আপনি তো প্রবীণ মানুষ, এটার কেন প্রয়োজন হ'ল তা আমি বুঝতে পারছি না, আশা করি আপনি সেটা বলবেন। দিস ইজ পয়েন্টস নং ওয়ান, এর পর আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, সাবসিডি ইউটিলাইজ করে ফেলেছে, সোসাইটিরা বসে নেই, যদি খরচ না হয়ে থাকে কোন সাবসিডি তাহলে আপনি আদায় করার চেষ্টা করতে পারেন। আপনি কি হিসাব দিতে পারেন, ডিউরিং ইয়োর রেজিম কতগুলি সোসাইটি রেজিষ্টার্ড হয়েছে? আপনি কি গ্যারান্টি দিতে পারেন যে এই সোসাইটিগুলি আর্টিকেল অব মেমোরাণ্ডাম অনুসারে কাজ করে যাচ্ছে? আপনি কি বলতে পারেন রেজিষ্টার্ড সোসাইটিগুলির নিয়মিত অডিট হয়? আপনি কি বলতে পারেন

The Government has the apparatus to identify the societies which have become defunct or moribund or vanished on the touch of the Left Front Government, by the gracious touch of the Left Front Government, by the aged Minister Shri Benoy Krishna Chowdhury?

একথা আমি জানতে চাই। পশ্চিমবঙ্গের যে অর্থনৈতিক অবস্থায় এসে দাঁড়িয়েছে, পশ্চিমবঙ্গের সামাজিক অবস্থাকে আপনারা যেখানে নিয়ে গিয়েছেন তাতে আমাদের পুঞ্জিভূত ক্ষোভ আপনাদের বিরুদ্ধে যে এই সরকার নন-পারফরমেন্ট সরকার, এই সরকার জনহিতকর কোন কাজ করে নি। এই সরকার কাজ করেনি বলেই সোসাইটিগুলিকে রেজিষ্টার্ড করতে হচ্ছে by the benevolent organisers and promoters. Sir, according to Indian Constitution the Custodian of the Cityzens is the Supreme Court and the Custodian of the Legislators is the Speaker – the Chair.

(Noise and interuptions)

The howlers are always disturbing us. I do not want to be a silent spectator to that.

[4.40 – 4.50 p.m.]

স্যার, আমরা সকলেই জানি গভর্ণমেন্ট সমাজের সমস্ত দায়িত্ব নিতে পারেনা। আপনি জানেন আবাদি কংগ্রেস থেকে শুরু করে সিকস্টিফোর্থ

ভুবনেশ্বর কংগ্রেস পর্যন্ত সর্বত্রই লক্ষ্য ছিল সমাজতান্ত্রিক ধাঁচে নয়, জাতীয় সরকারের লক্ষ্য হবে সমাজবাদকে গণতান্ত্রিক পথে নিয়ে যাবার। ভলান্টারি অর্গানাইজেসন এবং

Registered societies are to some extent dutyful towards relief in the miseries of the people and in times of natural calamity or for certain other specific purposes which Government alone can not do. The Dairy Department including 'Pinjrapol' Society that is also a registered society. That means public institutions are being augmented by private enterprises forming a society.

সেই সোসাইটিকে গভর্ণমেন্ট অনুদান দিয়ে থাকেন। আপনি তাহলে এখন আবার সেই অনুদান আদায় করবার বিধান কেন করছেন? আপনাদের রাজত্বকাল ৮ বছরে এসে পৌঁছেছে এবং দেখছি দেশ দেউলিয়া হয়েছে – ইওর এক্সচেকার ইজ ব্যাঙ্কক্রাফট। আমরা জানি আজ প্রতিটি বাঙ্গালী ইজ এ ব্যাঙ্কক্রাফট। আপনারা অনুৎপাদন ব্যয় সংকোচ করতে পারতেন। এদিকে আপনারা ফ্ল্যাট প্রভিসন রেখেছেন ফর অল ক্যাটিগরিস্ অব সোসাইটি। "অরোভিল" অব অরবিন্দ এ্যাট পণ্ডিচেরী ইজ অলসো এ রেজিষ্টার্ড সোসাইটি। ডু ইউ প্রপোজ টু রিকভার গ্রান্ট, সাবসিডি এ্যাণ্ড লোন ফ্রম দেম? এরকম বিভিন্ন ক্যাটিগরির সোসাইটি আমাদের দেশে আছে এবং ইওর ল ইজ ফ্ল্যাট। হোয়েনেভার ইউ বিকাম ব্যাঙ্কক্রাফট ইউ ক্যানট পে স্যালারিস টু ইওর এমপ্লয়িজ। ডেঞ্জার ইজ ইনহারেন্ট ইন ইট। এই ফ্ল্যাট পাওয়ার আপনি কেন নিতে চাচ্ছেন? তারপর, নাইন (ডি) যেটা ইনভাটেড কমার মধ্যে আছে সে সম্বন্ধেও আমি জানতে চাই। আপনি কি হিসেব করেছেন গভর্ণমেন্ট কত টাকা নেতে পারে এই সোসাইটির কাছ থেকে? আপনাদের ব্রুট মেজরিটি আছে সো ইউ উইল এক্সারসাইজ ইওর ব্রুটাল মেথড দ্যাট আই নো। আপনি স্টেটমেন্ট অব অবজেক্টস্ এ্যাণ্ড রিজনস্ –এ কেন ফাইনানসিয়াল মেমোরাণ্ডাম দিলেন না যে সোসাইটিগুলোতে এত লোন এবং দিস্ এ্যামাউন্ট অব মানি ইজ সাবসিডি এ্যাণ্ড ইট ইজ লকড্? আপনারা ফ্ল্যাট পাওয়ার নিয়ে নিচ্ছেন এবং ইউ আর কিপিং পিপল্ স্টার্ভড। ইউ ইওরসেলফ ইজ হাংরি ফর পাওয়ার – মোর পাওয়ার, ব্রুটাল পাওয়ার। ইন দ্যাট রেসপেক্ট আই ক্যান সাপোর্ট দিস্ বিল আপটু ক্লজ থ্রি। বাট আই এ্যাম নট ইন এ পজিশন এ্যাট দি মোমেন্ট টু এক্সপ্রেস মাই সাপোর্ট টু সেকসন ফোর উইথ নাইন (ডি)। আজকে আপনাদের পরিষ্কারভাবে মনে রাখতে হবে সার্কেল অফিসারের বোর্ড পাল্টিয়ে বি ডি ও লাগালেই কর্তব্য শেষ হয় না। এই সরকার সামাজিক দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে। আমার কাছে নজীর আছে সরকারী হাসপাতালে মানুষের শিশু কুকুরে খেয়ে ফেলেছে। এই জন্য সোসাইটি গড়ে উঠেছে। এই যে ক্লিনিক তারা পরিচালনা করছে। এই যে সরকারী হাসপাতালে শিশুকে কুকুরে খেয়েছে, এটা অসভ্য নজীর, এটা বর্বর নজীর, এই রকম ঘটনা কোন সভ্য দেশে ঘটে না। এই সোসাইটিগুলো তো মালটি পারপাস, এক একটা উদ্দেশ্য নিয়ে – আজকে তিনটে প্রশ্ন তুলেছি, আপনি জবাব দেবেন, কত টাকা গভর্ণমেন্ট থেকে অধিক পাওনা আদায়ের সম্ভাবনা রয়েছে as loan and as subsidy component এবং কতগুলো সোসাইটিকে এই বিলের আওতায় আনতে চান টাকা আদায়ের জন্য এবং একটা হিসাব দিন, ডার্কে রাখবেন না আমাদের, কত টাকা সরকারী টাকা আবদ্ধ আছে এবং এর পরে সরকারী নীতি কি to promote registered society for certain social responsibility Which the Government alone can not perform or bear এই কথাটা তো আপনি বলবেন? আজকে সেইজন্য এই বিলের এই অংশকে সমর্থন করে অন্য অংশে আপনার ব্যাখ্যা জেনে পরবর্তীকালে আমাদের মন্তব্য আমরা রাখতে চাই। ইতিমধ্যে আমাদের একটা সনির্বন্ধ অনুরোধ রাখবেন, আমাদের দল বৃহৎ, অনেক মানুষ এই দলের মধ্যে ঢুকে গেছে, এদের কি অভ্যাস – এর জন্য যদি একটা নতুন সোসাইটি প্রমোট করেন তাহলে এখানে না হয় এই সোসাইটিকে – এরা এখানে যেটা করছেন, সেটা করতে পারবেন, আজকে আমি কতার্থ হবো যদি এই সব লোকেদের ওখানে চিকিৎসার ব্যবস্থা করেন। এই কথা বলে অন দি ফার্স্ট রিডিং অব দিস বিল আমার বক্তব্য আমি সীমাবদ্ধ রাখছি।

শ্রী হাজারী বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ভূমি ও ভূমি সদ্ব্যবহার বিভাগের মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন বঙ্গীয় সরকারী প্রাপ্য আদায় সংশোধনী বিল, তাকে সমর্থন করে দু একটি কথা বলতে চাই। আপনি জানেন এই বিলের প্রশ্নে বিরোধী দলের মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন বললেন – উনি সমাজের প্রশ্নটা করলেন, কিন্তু সমাজকে রক্ষা করার কথাটা বললেন না। এবং সেই দোষারোপটা এই সরকারের বিরুদ্ধে করলেন। উনি এই সমস্ত কথা জানা সত্ত্বেও আজকে যেটা করছেন, আমি পরিষ্কারভাবে জানাতে চাই যে সমাজনীতি ও রাজনীতি পাশাপাশি চলে এবং রাজনীতির দ্বারা সমাজের উত্থান পতন ঘটে। উনারা গোটা ভারতবর্ষে সরকারে আছেন, রাষ্ট্রক্ষমতায় উনারা আছেন এবং রাষ্ট্রের কর্ণধার হিসাবে উনারা আছেন এবং তার মাধ্যম দিয়ে কোন সমাজকে তারা শেষ করছেন, কোন সমাজকে তারা ওঠাচ্ছেন, এই কথা জানা সত্ত্বেও আজকে দোষারোপ করছেন পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারকে। যাইহোক, যে বিল আজকে মন্ত্রী মহাশয় এনেছেন, অত্যন্ত সময়োপযোগী বিল আনা হয়েছে। আমরা সকলেই জানি যে ৫৬ ধারার প্রশ্নটা এখানে বলা হয়েছে এবং ৫৭ ধারায় বলা হয়েছে, মূলতঃ আমি প্রথমে ৫৬ ধারার কথা বলি। কারণ এই ধারাটা লিমিটেশন এ্যাক্টের সঙ্গে যুক্ত এবং এই লিমিটেশন এ্যাক্ট, আমরা অনেকেই জানি যে ডিলিট হয়ে গেছে। এই লিমিটেশন এ্যাক্টের মাধ্যমে ৫৬ ধারার প্রশ্নে সার্টিফিকেটের মাধ্যমে টাকা আদায় করা হতো। যেহেতু এই লিমিটেশন এ্যাক্ট ডিলিট হয়ে গেছে, ৫৬ ধারা সংশোধনের প্রশ্নটা সেই জন্য আজকে দেখা দিচ্ছে। কারণ এই ধারা বলে কোন সার্টিফিকেটের দরখাস্ত , আপিল কোন কিছু করা চলছে না। যার জন্য সময়োপযোগী ভাবে মন্ত্রী মহাশয় আজকে এই বিল এনেছেন, আমি এটা সমর্থন করছি। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে ৫৭ ধারা, একটি প্রশ্ন ছাড়া আজকে সেখানে ঐ ধারার মাধ্যম দিয়ে টাকা আদায় করা সম্ভব হচ্ছে না। যার জন্য এই ধারাটি সংশোধনের প্রশ্ন দেখা দিয়েছে। শেষ পর্যায়ের প্রশ্নে আমি বলতে চাই যে এই আইনটা ১৯০৮ সালের ছিল, যার মাধ্যম দিয়ে তখনকার দিনে সার্টিফেকেটের মাধ্যমে সমস্ত টাকা পয়সা আদায় করা হতো এবং তখনকার সময়ে কয়েকটা ক্ষেত্রে মানুষ ঋণ পেতে এবং সহজেই তার ফলে ঋণ আদায় করা যেত।

[4.50 – 5.00 p.m.]

দিন পরিবর্তন হচ্ছে, সমাজ পরিবর্তন হচ্ছে, মানুষের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হচ্ছে, বিশেষ করে পরিবর্তিত পরিস্থিতিতে এখানে বামফ্রন্ট সরকার

এসেছে। এই পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকার কিছু কিছু পরিকল্পনা গ্রহণ করেছেন, রাজ্য সরকার প্রচুর পরিকল্পনা গ্রহণ করেছেন। বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রকল্প করার জন্য জনসাধারণের মধ্যে যে সমস্ত ঋণগুলি দেওয়া হচ্ছে, সে ঋণ নিয়ে তারা বিভিন্ন প্রকল্পের মাধ্যমে নিজেদের জীবিকার সংস্থান করছে। তবে কি রাজ্য সরকারের তরফ থেকে, কি কেন্দ্রীয় সরকারের তরফ থেকে বিভিন্ন প্রকল্পে জনসাধারণকে যে সমস্ত ঋণ দেওয়া হচ্ছে সে সমস্ত ঋণের টাকা যদি তারা সময়মত্ ফেরত না দেয় তাহলে পরবর্তী পর্যায়ে কোনো সরকারের পক্ষেই অন্য মানুষদের ঋণ দেওয়া সম্ভব নয়। বিগত দিনে এ বিষয়ে ১৯০৮ সালের যে আইন ছিল সে আইন বলে এই সমস্ত ঋণের টাকা আজ আর আদায় করা সম্ভব নয়। সেই কারণে মাননীয় মন্ত্রী মহাশয় আজকে এই সংশোধনী বিলটি এখানে উপস্থিত করেছেন। ১৯০৮ সালের আইন এবং ১৯৬১ সালের আইনের কয়েকটি শব্দ পরিবর্তন করে যা রাখা দরকার তা তিনি এখানে সঠিকভাবেই রেখেছেন। এ্যাক্ট অনুযায়ী সংজ্ঞাগুলি যে ভাবে রাখা দরকার সেভাবেই তিনি রেখেছেন। আইনের এই পরিবর্তনের ফলে বিভিন্ন প্রকল্পে জনসাধারণকে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার যে সমস্ত টাকা ঋণ হিসাবে দিচ্ছেন সে সমস্ত টাকা আদায় করা সম্ভব হবে। বিগত দিনের আইনকে যদি রেখে দেওয়া হয় তাহলে এই টাকা আদায় করা সম্ভব হবে না। তাই আইনের সমস্ত সংজ্ঞা, ধারা এবং উপধারার পরিবর্তন ঘটান হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি বিগত দিনের আইনের সিডিউল (১) এবং ৯(খ)–এর সংশোধন অত্যন্ত প্রয়োজন। সে পরিবর্তন এখানে আজকে করা হচ্ছে। তারপরে ১৯৬১ সালের আইন বলে যে সমিতিগুলির রেজিষ্ট্রি হয়েছিল, সেই সমিতিগুলি রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সমস্ত রকমের ঋণ এবং সাহায্য পেয়ে আসছে। এখানে বলা হচ্ছে, সেই রেজিষ্ট্রেশন প্রাপ্ত সমিতিগুলি সরকারের কাছ থেকে টাকা পেতে পারে যদি তারা অন্য ব্যক্তি বা সমিতিকে তাদের লিখিত শর্ত মাফিক টাকা দিয়ে থাকে। এই শর্ত যদি তারা মানতে রাজী থাকে, তাহলেই তারা টাকা পাবে এবং সে ক্ষেত্রে সরকারের পক্ষেও টাকা আদায় করা সম্ভব হবে, সরকারের কাছে টাকা ফেরৎ আসবে। আইনের মধ্যে এই ব্যবস্থাটুকু থাকা বিশেষভাবে প্রয়োজন ছিল এবং মাননীয় মন্ত্রী মহাশয় সঠিকভাবেই এই ব্যবস্থা আইনের মধ্যে রেখেছেন। এই সমস্ত ধারা উপধারা সম্বলিত যে বিল আজকে মাননীয় মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত করেছেন তাকে আমি পুরোপুরি সমর্থন করছি। যাতে টাকা আদায়ের ক্ষেত্রে অসুবিধা না হয় এবং টাকা আদায় করে পরবর্তী পর্যায়ে অন্যান্য মানুষদের ঋণ দেওয়া যায় এবং প্রকল্পগুলিকে সঠিকভাবে রূপ দেওয়া যায়, সে দিকে লক্ষ্য রেখেই আমি এই বিলকে সমর্থন করছি এবং অন্যান্য মাননীয় সদস্যদের কাছে বিলটিকে সমর্থন করবার জন্য আবেদন রাখছি।

Shri Rajesh Khaitan : Mr. Speaker, Sir, I want to draw the attention of Shri Benoy Krishna Chowdhury to the implications of this Amendment Bill- the Bengal Public Demands Recovery (Amendment) Bill,1985, on which I hear the debates today. Sir, firstly, I want to point out, it has also been pointed out by Dr. Zainal Abedin, that in the Statement of Objects and Reasons, the financial implications have not been mentioned by the amendment of which it would have a bearing on the Government of West Bengal. In regard to the implimentation under the provisions of the proposed Clause 9B under this Amendment Bill, in the Bengal Public Demands Recovery Act, as it exists, the question of financial implications has also not been mentioned. My second point is that it would be a best thing if we change the nomenclature of this Bill and call it as the Bengal Public Demands Non-Recovery Act. I say this because under the Bengal Public Demands Recovery Act, as it exists, it has been stipulated that money or revenue dues can be recovered under the Bengal Public Demands Recovery Act.

The Hon'ble Minister knows very well that thousands and thousands of people, if not lakhs and lakhs, demand recovery certificates and give line in the office of the Certificate Officer. Revenue dues have not been recovered. A good number of Officers are overburdened with their recovery processes and other revenue matters under the different Statutes. How then the Hon'ble Minister under this proposed amendment will be able to recover the dues from the registered or unregistered societies? I ask myself this question. It is impossible. If you look at the percentage of recovery of revenue in relation to revenue certificates pending under different revenue recovery procedures under this Act, you will find different revenue recovery procedure under this Act. you will find that the percentage of recoveries is very poor and by this amendment it is sought to adopt the same procedure, same method through same office which is overburdened and that office which can not recover the dues properly is being asked by this amendment to recover the dues from the registered or unregistered societies. Sir, the very purpose of the object will be defeated. That is my submission. Now, Sir, I will say about the proposed amendment. I do not want to say regarding the change of the Indian Limitation Act, 1908 or the Limitation Act, 1963. No debate is required for this. What has been mentioned in the proposed amendment i.e. 9B of clause 4? It is mentioned that the Central Government or the State Government will give loan or subsidy to individual persons not directly but through the societies. Therefore, this Government or Central Government will give loan or subsidy to different persons through the societies. Now, those societies are not going to be held responsible under this proposed amendment. The Government says that once

permission of this House is obtained under this proposed amendment the Government will recover the loan or the subsidy from the different persons. Therefore, I ask the Hon'ble Minister then why don't you give loan and subsidy directly to the persons and why through the societies? If the Government do that then the money will be given through the societies but recovery will be done by the Government. Then the societies will say that they are not responsible for this. There are many instances where societies, which are registered or unregistered, do not give particulars. They do not give information, they do not give data in regard to individuals. If names are given, the addresses of different individuals are not given and if the addresses are given the names are not given. Does the Government know about it? They have no adequate staff to know about these things. The Government is overburdened with different commitment. The Ministers and officials are committed to different aspects. They why the Government take onus on itself by introducing the amendment? As such we only wish recovery of this money not from the societies but from the individuals.

[5,00 – 5.10 p.m.]

You will find, Sir, as we have experienced that Government will not be able to recover the dues, loans and subsidies. These will have to be written off as bad debts. The burden of our Finance Minister, Mr. Ashok Mitra will increase further. The other Ministers will continue complaining to him that he is not giving money, proper funds to run their Ministries. Sir, the recovery procedure intended to be introduced for such loans and subsidies to the societies is impracticable and impossible and therefore, I call that as a 'non-recoverableprocedure' which is sought to be introduced. This point is most significant as has been pointed out by my senior colleague Dr. Zainal Abedin, as to how many societies have been registered. This is a very important point, a fact which the House should have been taken into confidence and told as to how many societies have been registered ; how many societies are there to which such loans and subsidies have been given and how many societies are there who have defaulted in repaying such loans and subsidies and how many societies have defaulted in giving the particulars of the names of such persons who have failed in repaying the loans and subsidies. These particulars, this information, this data, have been hidden and have not been given to the Members of this House. It is the duty cast upon this Government under the Legislature that they should take the House into confidence. Mr. Speaker, Sir, you must take up, pull up this Government as to why they have not disclosed these facts and figures in regard to the number of societies who are defaulters, how much loans have been given to them, how much subsidies have been given to them, how much loans have been repaid and how much is due. Are we not entitled to know these, Sir? If we are – which we are indeed – why these facts and figures are not given to us? If such facts and figures were given to us we would have been able to participate in the debate more effectively. But nothing has been given to us and because of the good majority that they have in this House they think that whatever they will do will have to accepted. Sir, this like a roadroller which they want to put across us, the Oposition Benches.

It is a serious matter. It concerns the revenue of our States. Then why not give us the facts and figures? You want to recover, we want to help you. This is not the procedure to recovered through an office where lakhs and lakhs of files and revenue certificates are lying in heaps of papers for recovery.

Therefore, Sir, I will most humbly request Benoy Babu, who is a senior Member of this House and a senior Minister too, just not to introduce an amendment for the sake of introducing. Look to the spirit, look to the practicability of the matter whether at all you will be able to implement the provisions of the proposed amendment which is sought to be introduced. My humble submission, Mr. Speaker, Sir, is that the Government of West Bengal will not be able to implement the proposed amendment under the provisions sought to be introduced by way of the amendment to the Bengal Public Demands Recovery Act and no useful purpose will be served. Thank you, Sir.

শ্রী অনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের সদস্যরা আইনটা ভাল করে পড়েন নি এবং ইংরাজী ভাষাটাও ভাল করে বোঝেননি। কংগ্রেস এই অবস্থাতে এসেছে। একজন ডাক্তারবাবু বললেন, আর একজন আইনজ্ঞ ব্যক্তি আইনটা না পড়ে সেনটেনস্টা বললেন। লেখা আছে–

Jointly by the State Government and Central Government. How irresponsible is a Legislator? Even he does not care to read the aims and objectives which have written in this piece of paper and he has come to argue the case before the House. I am very sorry to mention that Congress has come to such a sorry figure at this stage.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীপক্ষ ওঁদের অপদার্থতার কথা, অকর্মন্যতার কথা একবারও স্বীকার করলেন না। ১৯০৮ সালের লিমিটেশন এ্যাক্ট ১৯৬৩ সালে রিপিল করেছিলেন। ঐ কংগ্রেস আমলেই ১৯৬৩ সালে লিমিটেশন এ্যাক্ট তৈরী হয়েছিল এবং ১৯১৩ সালের বেঙ্গল পাবলিক ডিমাণ্ডস্ রিকভারি এ্যাক্ট ১৯৭৩ সাল পর্যন্ত ছিল। সেই আইনের সেকশন ৫৬ আমি এখানে পড়ে দিচ্ছি। এতে এপ্লিকেশনস্ অফ দি ইণ্ডিয়ান লিমিটেশন এ্যাক্ট, ১৯০৮ বলা আছে। পাবলিক ডিমাণ্ডস রিকভারি এ্যাক্টের এই অংশে বলা আছে -

Sections 6 to 9 of the Indian Limitation Act, 1908 shall not apply to suits, appeals or applications under this Act, except as declared in Sub-section (1), the provisions of the Indian Limitation Act, 1908 shall apply to all proceedingsunder this Act as if a certificate filed hereunder were a decree of a Civil Court.

এটা হ'ল সেকশন ৫৬। তারপর ১৯৬৩ সালে এই আইনটা পাশ হ'ল এবং কংগ্রেস ১৯৬৩ থেকে যেদিন পর্যন্ত এখানে ক্ষমতায় ছিলেন, সেদিন পর্যন্ত অর্থাৎ ১৯৭৭ সাল পর্যন্ত এঁরাই চালিয়েছেন। ১৯০৮ সালের লিমিটেশন এ্যাক্ট রিপিল হবার পর ১৯৬৩ সালের এ্যাক্টটি কিন্তু ইনকর্পোরেশনের জন্য ওঁরা পাবলিক ডিমাণ্ডস রিকভারী এ্যাক্টের এ্যামেণ্ডমেন্ট আনলেন না। জয়নাল আবেদিন সাহেব সেই সময় মন্ত্রী ছিলেন। তিনি কিন্তু এখানে একবারও বললেন না যে, ভুল করেছিলাম। কিন্তু বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর বিনয়বাবু সেটার সংশোধন করলেন। এইজন্য পুনরায় তাঁকে ধন্যবাদ জানাই। এটা সংশোধন না করবার কারণে কত মামলা খারিজ হয়েছে এবং তারজন্য সরকারের কত ক্ষতি হয়েছে সেটাও কিন্তু ওঁরা একবারও বললেন না। সেকশন ৫৭তে ছিল - সার্টিফিকেট অফিসারস্ এণ্ড পাবলিক ডিমাণ্ড রিকভারী কোর্ট। সেখানে বলা ছিল -

A certificate Officer shall be deemed to be a Court, and any proceedings before him shall be deemed to be civil proceedings within the meaning of Section 14 of the Indian Limitation Act, 1908.

আজকে ইণ্ডিয়ান লিমিটেশন এ্যাক্ট, ১৯৬৩ ইনকর্পোরেট করা হয়েছে ১৯০৮-এর এ্যাক্টের থেকে। ওঁদের সময়ে অর্থাৎ ১৯৬৪ থেকে ১৯৭৭ চলে গেছে, ১৯৬৭ থেকে ১৯৭১ সালে, কিন্তু কোন সময়েই কংগ্রেস সেই আইনটি অর্থাৎ পাবলিক ডিমাণ্ডস রিকভারী এ্যাক্টটা চেঞ্জ করেন নি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, ১৯৬৩ সালে লিমিটেশন এ্যাক্ট পাশ হওয়ায় পাবলিক ডিমাণ্ডস রিকভারী এ্যাক্ট-এর ৫৬ এবং ৫৭ ধারার পরিবর্তন করবার পর, সেকশনস্ ৬ টু ৯ যদি একই নাম্বার না থেকে থাকে, তাহলে সেম নাম্বারিং করে নেবেন বর্তমান লিমিটেশন এ্যাক্টে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দ্বিতীয় কথা হোল - এতক্ষণ ধরে বিরোধীপক্ষ উল্টোপাল্টা কথা বলে হাউসকে মিসলিড্ করছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আইনজ্ঞ ব্যক্তি, নিশ্চয়ই আইনের ধারাগুলো আপনার পড়া আছে। এখানে শ্রী রাজেশ খৈতান মহাশয় রয়েছেন, তিনিও নিশ্চয়ই পড়াশুনা করে থাকেন। আমি এখানে সিডিউল ওয়ানটি পড়ে দিচ্ছি। এতে পাবলিক ডিমাণ্ডস্-এর ডেফিনেশনটা বলা আছে। ডেফিনেশন আণ্ডার সেকশন ৩৬ - সেখানে বলছে -

"Public Demand" means any arear or money mentioned or reffered to in Schedule I, and includes any interestwhich may, by law, be chargeable thereunder upto the date on which a certificate is signed under Part II.

[5.10 – 5.20 p.m.]

সিডিউল (১)-এ আমরা কি দেখতে পাচ্ছি ; তারমধ্যে যেটা আমরা দেখেছি সেটা হ'ল - প্রতিটি ক্ষেত্রে ১, ২, ৩, ৪, যতগুলি আছে - রেভিনিউ আদায় করার ব্যবস্থা আছে। সেকশান ৯ রেলিভেন্ট যেখানে, সিডিউল (১)-এর মধ্যে ৯, ৯(এ) যেখানে বলছে কালেকশান প্রসিডিয়োর যে any money payable to an Officer of the Government ৯(এ)-র দ্বারা যদি কোন সোসাইটির কাছে এরিয়ারের টাকা থাকে সেটা কালেকসানে প্রভিশান নেই। রাজেশ খৈতান মহাশয় হাইকোর্টে যান কিনা জানিনা সেখানে এই নিয়ে অনেক মামলা হচ্ছে। কো-অপারেটিভ ইনস্টলমেন্ট নিয়ে মামলা হচ্ছে। পাবলিক ডিমাণ্ডস রিকভারী এ্যাক্ট অনুযায়ী সার্টিফিকেট অফিসাররা যখন সামন ইস্যু করছে, নোটিশ দিচ্ছে সেটা চ্যালেঞ্জ করে হাইকোর্টে মামলা হচ্ছে। সেখানে ফি-এর কোন ব্যবস্থা নেই। ৯(এ) অথবা ৯-এর মধ্যে কোন প্রভিসান নেই যে রিজেকটেড সোসাইটির কাছ থেকে কালেকশান করতে পারেন। অতএব এই আইনটা পাবলিক ডিমাণ্ডস রিকভারি এ্যাক্ট অনুযায়ী সার্টিফিকেট অফিসার কিছু কালেকশান করতে পারবেন না। মাননীয় মন্ত্রী মহাশয় উপযুক্ত ভাবেই এই এ্যামেণ্ডমেন্ট এনেছেন এবং এটা করা উচিৎ ছিল বলে আমি মনে করি। কংগ্রেস দীর্ঘদিন ধরে শুধু টাকাই দিয়েছে কিন্তু কোনদিন টাকা আদায় করেনি। বরং গ্রামে গ্রামে গিয়ে বলেছেএই টাকা সরকারের, টাকা তোরা ফেরৎ দিবি না। আজকে তাই পশ্চিমবাংলায় কো-অপারেটিভ মুভমেন্ট ফেল করেছে। জয়নাল আবেদিনের মত মন্ত্রী সেখানে ছিলেন বলেই এই আইনটা বুঝতে পারেননি, যার জন্য এই সংস্কার করেননি এবং এ্যামেণ্ডমেন্ট আনেন নি। ওনার মাথায় এটা ঢোকেনি বলেই এই দুরবস্থা। আজকে পশ্চিমবাংলা ৪০কোটি টাকা পায় কেন্দ্রর কাছ থেকে সেখানে গুজরাট পায় ৩০০কোটি টাকা। গুজরাট, মহারাষ্ট্র এবং রাজস্থানে টাকা আদায় এবং লোন আদায় করার ব্যবস্থা আছে। জয়নাল আবেদিন সাহেব কো-অপারেটিভ মন্ত্রী থেকে কি করেছেন? এই আইনের সংশোধন করেননি বলেই টাকা আদায় করতে পারা যাচ্ছে না।

(**ডাঃ জয়নাল আবেদিন** : স্যার, আমাদের এই সব কথা শুনতে হবে?)

মিঃ স্পীকার : জয়নাল সাহেব, জনগণ আপনাকে ভোটে জিতিয়েছে সব রকম কথা শোনার জন্য।

শ্রী অনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যখন বলে গেলেন যত উল্টোপাল্টা কথা, ইরেলিভেন্ট টক করে গেলেন। আমি আইনের কথাই বলছি। ৯ (এ)-তে আছে -

Any money payable to Government or to an Officer of Government in repayment of the loan in cash or in kind, in respect of which money, the person to whom the loan in cash or in kind was advanced, has agreed by a written instrument that such money shall be recoverable as a public demand.

ওনার মত আমি ঘোঁড়ার ডাক্তার নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়,৯(এ)-তে যে ধারা সেই ধারাতে আমরা দেখতে পাচ্ছি টাকা আদায় করা যাবে না। সুতরাং ৯ (বি) কে ইনক্লুড করা হয়েছে। ৯ (বি)-তে বলছে -

Any money payable to a society registered or deemed to have been registered under the West Bengal Societies Registration Act, 1961, when such money is financed jointly by the State Government and the Central Government and is granted by such society as subsidy or loan to a person who agrees by a written instrument, registered or unregistered, that such money shall be recoverable as a public demand.

সুতরাং অনাদায়ী টাকা আদায়ের জন্য এটা করা হয়েছে এবং সেকশান বি ইনক্লুড করতে হয়েছে। আমি অকস্‌ফোর্ড ডিকসনারী থেকে সাবসিডি কথাটার মানে কি দেওয়া আছে তা এখানে একবার পড়ে দিই।

Subsidy means – Parliamentary grant of money to the sovereign for State needs, tax levied on particular occasion ; money grant from one State to another in return for military or naval aid or other equivalent ; money contributed by State to keep down price of commodities etc. or to expenses of commercial undertaking, charitable institution, etc., held to be of public utility.

সুতরাং এর কোন ইউটিলিটি নেই তা নয়। সাবসিডি শুধুমাত্র গ্রান্ট নয়। আমি এই বলে আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সত্যপদ ভট্টাচার্য : মাননীয় স্পীকার মহোদয়, আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের বিলকে পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি। তবে এই আইনের বিষয়ে এত আইনজ্ঞদের মধ্যে যে কি ভাবে আমার মত একজন আইনজ্ঞ যে আইন বিশেষ বোঝে না বলবো তা ভেবে পাচ্ছি না। স্যার, চোরের মায়ের বড় গলা - প্রাক্তন কো-অপারেটিভ মিনিষ্টার এখানে খুব বড় বড় কথা বলে গেলেন দেখলাম। তাঁর আমলে যে সমস্ত সোসাইটি গড়েছিলেন তার সবগুলিতে লালবাতি জ্বেলে দিয়ে গেছেন তাঁরা। তাঁরা রামকৃষ্ণ বিবেকানন্দ এর নাম দিয়ে একটা টেক্সটাইল কো-অপারেটিভ তৈরী করেছিলেন। সেটাকেও তাঁরা মেরে খেয়েছেন ; একই অবস্থা নদীয়া জেলাতেও। এখন দায়িত্ব এসে পড়েছে বিনয় চৌধুরী মহাশয়ের উপর টাকা আদায়ের। হিজল কো-অপারেটিভ নাম দিয়ে যেটি তাঁরা তৈরী করেছিলেন, সেখানে কৃষকদের লাঙ্গলে মরচে ধরে আছে। তাহলে টাকা আদায় হবে কি ভাবে? টাকা সরকারকে আদায় করতেই হবে, টাকা রিকভার করার প্রয়োজন আছে। টাকা আদায়ের ব্যাপারে আমরা দেখেছি যে, সোসাইটিগুলোর খুবই দেরী হয়। সার্টিফিকেট অনেক পরে গিয়ে পৌঁছায়। হেয়ারিংয়ের পর হেয়ারিং হয়ে যায়, তবু ও টাকা ঠিকমত আদায় হয় না। সেজন্য সোসাইটিগুলিকে দেয় টাকা দেওয়া হয় না। আপনারা যে সমস্ত কো-অপারেটিভগুলো করেছিলেন, সেগুলো টাকা দেয়নি। টাকা আদায়ের দায়িত্ব এখন বিনয় চৌধুরীর ঘাড়ে এসে চেপেছে। রামকৃষ্ণ বিবেকানন্দের নামে কো-অপারেটিভ তৈরী করে তাঁদের নামকে আপনারা ধূলিস্যাৎ করেছেন। দায়িত্ব এখন মন্ত্রী মহাশয়ের। সার্টিফিকেটগুলো যাতে তাড়াতাড়ি যায়, তার ব্যবস্থার কথা এখানে বলা হয়েছে। মাননীয় অনিলবাবু এখানে সাবসিডি কথার অর্থ যা বললেন, তা আমি বুঝতে পারলাম না। স্যার, এক সের বেগুন নিলে দুটো ফাউ পাওয়া যায় - এমন অবস্থায় কেউ বেগুন না কিনে যদি ফাউ দাবী করে তাহলে অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়ায় একবার ভেবে দেখুন। সোসাইটিগুলোর বাকী টাকা তারা আদায় দেয় না। এজন্যই সাবসিডির টাকা আদায়ের ব্যবস্থা থাকা উচিত। মাননীয় মন্ত্রী মহাশয় যদি সেই টাকা আদায়ের ব্যবস্থা করতে পারেন, তাহলে আমরা জানি যে সোসাইটিগুলো আবার সরকারের কাছ থেকে টাকা পাবে এবং সোসাইটিগুলো ভালভাবে চলতেও পারবে। এজন্যই টাকা রিকভারির দরকার আছে। এরজন্য আইনের সংশোধন করা দরকার। সোসাইটিগুলো ভালভাবে চালাবার জন্য তাদের কাছ থেকে টাকা আদায় হওয়া প্রয়োজন। এই কথা বলে আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভূপাল চন্দ্র পাণ্ডা : মাননীয় স্পীকার স্যার, আমি ভূমি রাজস্বমন্ত্রী যে বিলটি এনেছেন তাকে পুরোপুরি সমর্থন করে সামান্য দু-একটি কথা বলতে চাই। সেটি হল এই যে, একথা ঠিক যে কংগ্রেস আমলে অতীতে বহু অর্থ বিনিয়োগ হয়েছিল বিভিন্ন ডেভোলাপমেন্টে লক্ষ্য নিয়ে বা ব্যবহারের উদ্দেশ্য নিয়ে। যেমন ধরুন, তাঁতশিল্প এবং খাদী গ্রামোদ্যোগের মাধ্যমে বহু রকমের টেক্সটাইল ইত্যাদি: সূতীবস্ত্র বা খাদী উৎপাদনের জন্য এই সমস্ত কেন্দ্রে অর্থ দেওয়া হয়েছিল। এই সমস্ত কেন্দ্রকে দেওয়া অর্থের পরিমান সামান্য কিছুও আদায় হয় নি। আমাদের যতটুকু জানা আছে তা হচ্ছে, বহু জায়গায় লালবাতি জ্বালিয়ে সরকারকে অর্থ আদায় দেওয়ার পরিবর্তে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখানো হয়েছিল।

[5.20 – 5.30 p.m.]

মাল্টিপারপাস অর্থে মাল পাচার হয়ে গেছে। আর পাস অর্থে পাচার হয়ে গেছে। এখন প্রশ্ন এসে দাঁড়িয়েছে যে এইসব টাকা আদায় কি করে হবে, কারণ আইনের মধ্যে এমন সব লুকনা থেকে যায় যে আদায় করা অসম্ভব হয়ে পড়েছে। এখনো পর্যন্ত এগুলি সংশোধন হয় নি, সম্প্রতি মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী তার শাসনকালে দেখতে পেয়েছেন যে এই লকুনার ভেতরে বহু অর্থ এইভাবে অপচয় বা অপব্যবহার হচ্ছে। তৃতীয়তঃ আর একটি কথা আমি সঙ্গে সঙ্গে মাননীয় ভূমি [illegible] বলবো যে কোর্ট কেসের মাধ্যমে বহু অর্থ জমা পড়ে আছে, লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা জমা পড়ে আছে, এগুলি সবই পাবলিকের দেওয়া অর্থ, কেস চলাকালীন এ্যাডভান্স ডিপোজিট হিসাবে দেওয় অর্থ, অনেক ক্ষেত্রে রেন্ট-কন্ট্রোলেও টাকা জমা পড়ে থাকছে, সেই সমস্ত টাকা ৩ বছরের মধ্যে উইথড্র না করলে সেই টাকা জমা পড়ে যাবে এবং সেই টাকা আজ কোথায় আছে কেউ জানে না। সরকারের কোন এ্যাটর্ণির কাছে যেমন টাকা দিতে হয়, তেমন অথরিটি দিতে হয় যে হি ক্যান উইথড্র দি মানি। এই পাওয়ার দেওয়া আছে কিন্তু প্র্যাকটিকালি এ্যাটর্ণিরা তার কত টাকা তুলেছেন বা প্রাপককে কত টাকা দিয়েছেন সেটার কিন্তু কোন হিসাব নেই। এইভাবে প্রচুর অর্থ অপচয় হচ্ছে, প্রায় লক্ষ লক্ষ বললে ভুল হবে কোটি কোটি টাকা কোর্টের আবদ্ধের মধ্যে কেসে চাপা পড়ে আছে। যে পরিমান অর্থ জমা পড়ে আছে তাতে আমার মনে হয় আমাদের রাজস্বের যে পরিমান অর্থের অভাব সেইক্ষেত্রে এই ডিপোজিট মানি নিয়ে যদি বিভিন্ন ডেভেলাপমেন্ট পারপাসে ব্যবহার করতে পারি তাহলে অন্তত যে মানি রক্ষিত আছে এবং যারা প্রাপক তাদের উইথ সার্টন ইন্টারেস্ট টাকা পে করতে পারবেন। সেইজন্য আমি এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে আবেদন করবো যে তিনি যাতে অবিলম্বে সিদ্ধান্ত করে ঐ জমা টাকাটা ন্যাশানাল ডেভেলাপমেন্টের কাজে লাগান। এই কথা বলে এই বিলকে পরিপূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডঃ জয়নাল আবেদিন মহাশয়ের বক্তব্য আমি মন দিয়ে শুনেছি এবং উনি যদি উত্তেজিত না হন তাহলে খুব ভালোই বলেন, যুক্তিপূর্ণ কথা বলেন। একটি কথা সাবসিডি কথাটি কেন হল সেটা মন দিয়ে শুনুন, সাবসিডি আউটরাইট গ্রান্ট নয়, আমি আগেও বলেছি যে কেন্দ্র, রাজ্য এবং কেন্দ্র-রাজ্যের জয়েন্ট অনেক স্কীম আছে যেগুলি গত ১৫–২০ বছর ধরে হয়ত সাবসিডি লোনের সঙ্গে এ্যাটাচড্ ছিল, এদের লোন ইউটিলাইজেশান কত পারসেনটেজ হবে সেটা দেখতে হবে। যেমন ধরুন একটা ট্রাইবালের ব্যাপারে ৫০ পার্সেন্ট, সিডিউল কাস্টের ক্ষেত্রে ২৫ পার্সেন্ট। বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম পারসেন্টেজ হয়ে থাকে এবং পারসেন্টেজ বাড়ে সেটা ইউটিলাইজেশান অফ দি লোনের উপর। অনেক সময়ে দেখা গেল যে লোন পরে ইউটিলাইজেশান করতে পারেনি সেখানে দেখতে হবে কতটা ডিউ সাবসিডি পাবে সেখানে ততটা তাকে এক্সট্রা ফেরৎ দিতে হবে। কারণ এই এক্সট্রা বলতে ডিকসনারির মিনিং অনেক সময় একটা জিনিষ বোঝায় না, এখানে প্র্যাকটিক্যাল দিকটা দেখতে হবে এবং আমি সেটা ব্যবহারিক অভিজ্ঞতায় করেছি। অনেক অসুবিধাগুলি দেখেশুনে এই কাজ করা হয়েছে। সেইজন্য প্র্যাকটিক্যাল দিক থেকে এই ধারাটিকে বাদ দেওয়া হয়েছে। সুতরাং লোন এবং সাবসিডি এই ২টি জিনিষ নিশ্চয়ই বুঝতে পেরেছেন। যদি আপনার এই বিষয়ে কোন প্রশ্ন থাকে তাহলে তৃতীয় পঠনের সময়ে আবার আপনাকে বুঝিয়ে দেব।

অনেক সময় একটা বিতর্ক করতে হবে তখন কিছু না থাকলে অনেক কিছু জিনিষ বলা যায়। কেউ যদি বিশ্লেষণ করে দেখেন তাহলে দেখবেন এখানে দুটি পয়েন্ট আছে। একটা হচ্ছে লিমিটেশান এ্যাক্ট। যেখানে তার রেফারেন্স আছে সেখানে এই শব্দটা সরিয়ে এটা করেছি। দ্বিতীয় হচ্ছে গত ২০/২৫ বছর ধরে সেন্ট্রাল গভর্ণমেন্ট এবং স্টেট গভর্ণমেন্ট এবং উভয় মিলে অনেক নূতন ধরণের স্কীম করেছে। সেই স্কীমগুলির টাকা যাতে রিকভার করা যায় সেজন্য উইদিন দি পারভিউ অফ দি পাবলিক ডিমাণ্ডস্ রিকভারি এ্যাক্ট-এর এনেবেলিং ক্লজ ৯(এ) পর ৯(বি) করা হয়েছে। এতে কোন অসুবিধা নেই। This will only to bring to any other schemes. অনেকে বলেছেন ফাংসানিং-এর ইমপ্রুভমেন্ট যেটা একটা আলাদা জিনিষ। কোর্টে অনেক জমে আছে। আর একটা হচ্ছে আইন। আইন প্রয়োগ করতে গিয়ে তা যেসব মেসিনারির মধ্যে দিয়ে হবে সেটা অন্যভাবে বলতে পারেন। যে সমাজ ব্যবস্থা আছে তাতে কোর্ট থাকলেও আইন করে কিছু হবে না। এখানে দেখতে হবে ইমপ্লিমেন্টেশান কি ভাবে আরো ভালভাবে এক্সপিডাইট করা যায়। কিছুদিন আগে একটা অল ইণ্ডিয়া কনফারেন্স হল। কোর্টে অনেক মামলা জমে আছে। তার ডিসপোজালের ক্ষেত্রে এ্যাডমিনিষ্ট্রেটিভ সাইডে ল্যাপস্ আছে। এটা আইনের দিক থেকে করা যাবে। You can bring horse to the water but you can not force it to drink.এখন সেখানে আইন করলে হবে এবং যারা কাজ করবে তারা ঠিকভাবে কতখানি করবে তার উপর নির্ভর করবে। সেগুলি আমরা দেখব কিভাবে কি করা যায়। এ না হলে অনেক স্কীমের টাকা আদায় করা অসম্ভব। টৌটাল এ্যামাউন্ট ইনভলভ কত সে সম্বন্ধে যদি প্রশ্ন করতেন তাহলে আমি বলতাম নোটিশ চাই। এটা কেউ কি বলতে পারেন? এখানে আমি তো আর হিউম্যান কমপিউটার নই। এখানে সেন্টেন্সটা আর একবার পড়ে দিচ্ছি। আপনারা প্রত্যেকটা অংশ ভালভাবে বুঝবার চেষ্টা করুন। এখানে ৯(বি)-তে আছে Any money payable to a society registered or deemed to have been registered under the West Bengal Societies Registration Act, 1961, when such money is financed jointly by the State Government and the Central Government and is granted by such society as subsidy or loan to a person who agrees by a written instrument, registered or unregistered, that such money shall be recoverable as a public demand.

এখানে কতকগুলি ক্লজ আছে। আমি ১৯২৮ সালে ম্যাট্রিক পাশ করি। তখন আমাদের একজন সেকেণ্ড মাস্টার ছিলেন – তখন আমাদের ফার্স্ট ক্লাস ছিল– তিনি কি বলতেন সেটা বলি। এছাড়া তখন আমাদের যিনি এ্যাসিস্টেন্ট হেডমাসটার ছিলেন তিনি আমাদের সেন্টেন্স এ্যানালিসিস শেখাতেন। সেটা এই রকম ছিল যে কমপ্লেক্স সেন্টেন্স – প্রিন্সিপাল সেন্টেন্স গাইডেড বাই হাউ মেনি ক্লজেস। তাঁর নাম ছিল হেমেন্দ্রবাবু। সেই

রকম কমপ্লেক্স ল'য়ের অনেক রকম এ্যানালিসিস আছে। সেজন্য বলছি এতে কোন অসুবিধা নেই এবং খুব সিম্পল জিনিষ।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3 and 4

The question that clauses 1, 2, 3 and 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed.

ডঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পণ্ডিত স্থানীয় একজন ব্যক্তি, আমার বন্ধু সদস্য, যিনি কোর্টে ব্রিফ পান না, এখানে বলার সুযোগ পেয়ে কিছু ব্যক্তিগত আক্রমণ করার চেষ্টা করেছেন। স্যার, এই বিলটা রিলেটস টু সোসাইটি, নট টু কো-অপারেটিভ সোসাইটি। আজকে ওপক্ষে সদস্যরা যা বলেছেন বোধ হয় দুটো গুলিয়ে ফেলেছেন চীন বা রাশিয়া থেকে মগজ ধোলাই করার জন্য। সোসাইটি আর কো-অপারেটিভ সোসাইটি এক নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জাম আর জামরুল এক নয়, সাল আর খাল এক নয় এই বন্ধুদের কি করে বোঝাই এই জিনিষটা। তবু প্রসঙ্গক্রমে আমাকে আক্রমণ করেছেন বলে একটা উত্তর দেওয়ার অধিকার আমার আছে অলদো থার্ড রিডিংএ বলার কোন স্কোপ নেই। স্যার, এদের আমলে কো-অপারেটিভ আন্দোলন যেখানে প্রয়োজন এ্যাকর্ডিং টু দি প্রাইস লেভেল অব ১৯৭১, থ্রি হান্ড্রেড ক্রোরস সেখানে এরা আদায় করতে পারেনি পরস্পর দ্বন্দ্বের জন্য। দে হ্যাভ নট বিন এবল্ টু এক্সিড ইভেন হান্ড্রেড ক্রোরস আদায় করতে পারেনি বার বার কো-অপারেটিভ জিনিষটার বদল করেও। এরা লুটে খেয়েছে, আজও লুটে খাচ্ছে। অনিল আর সুনীল দুটো এক নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিলের বিরোধিতা করার উপাদান নেই, শুধু আপনাকে অনুরোধ এই যে আপনার এ্যাপারেটাস – ইমপ্লিমেন্টিং এ্যাপারেটাস, যেখানে ইট রিকয়ার্স ওভারহলিং রিঅর্গানাইজেশান এণ্ড টু বি লিটল্ এ্যাকটিভ ব্যক্তিগত ক্ষেত্রেও এবং সোসাইটির ক্ষেত্রেও। এই ক্ষেত্রে যদি সুপারভিসান এবং পিরিয়ডিক্যাল চেক আপ হয় তাহলে বোধ হয় গভর্ণমেন্ট মানির লিটিগেশান বার্ড হয়ে যায় না। এইজন্য আপনাকে অনুরোধ প্লিজ গিয়ার আপ ইয়োর মেশিনারি। আপনারা অনেক কিছু করেছেন, এটা করতে পারেন কিনা দেখুন – দি এ্যাপারেটাস ফর ইমপ্লিমেন্টেশান অব দি প্রভিসানস অব দিস বিল। এই কথা বলে আমি এই বিলের বিরোধিতা করছি না।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the Bengal Public Demands Recovery (Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

ADJOURNMENT

The House was then adjourned at 5.34 p.m. till 1.00 p.m. on Wednesday, the 11th September, 1985, at the Assembly House, Calcutta.

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta, on Wednesday, 11th September, 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 12 Ministers, 15 Ministers of State and 168 Members.

[1-00 — 1.10 p.m.]

Mr. Speaker : To-day the questions of Shri Nani Bhattacharyya, Minister-in-charge of Irrigation & Waterways will be held over as he is unwell. Now Held over question 29.

Held Over Starred Questions
(to which oral answers were given)

বীরভূম জেলায় কয়লার সন্ধান

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি বীরভূম জেলায় উচ্চমানের কয়লার সন্ধান পাওয়া গিয়াছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত কয়লা উত্তোলনের ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে অবহিত করা হইয়াছে কি ?

শ্রী নির্মল কুমার বোস :

(ক) হ্যাঁ।

(খ) বীরভূমের হিংলো অঞ্চলে কয়লার সন্ধান পাওয়া গিয়াছে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থা এই ব্যাপারে সম্পূর্ণ অবহিত আছেন

শ্রীধীরেন্দ্র নাথ সেন : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কয়লার সন্ধান পাওয়া গেছে। এই কয়লা কি পরিমান পাওয়া যাবে সেটা জানাবেন কি ?

শ্রীনির্মল কুমার বোস : এখনই সেই সম্পর্কে বিস্তৃত তথ্য দেওয়া সম্ভব নয়। তার কারণ ওখানে পশ্চিমবঙ্গ সরকারের যে মাইনস ডিপার্টমেন্ট আছে, তারা খোঁজ খবর করে এই বিষয়ে তথ্য নিচ্ছেন। তার পরে জিওলজিক্যাল সার্ভেও বিস্তৃত তথ্য সংগ্রহ করছেন। তবে প্রাথমিক পর্যায়ে তারা সন্তুষ্ট হয়েছেন যে এখানে কয়লা রয়েছে। কত কয়লা পাওয়া যাবে, কোন কোন জায়গায় পাওয়া যাবে এই সব নিয়ে অনুসন্ধান চলছে। তাই এখনই বিস্তৃত কিছু বলা সম্ভব নয়।

শ্রীভক্তি ভূষণ মণ্ডল : মাননীয় শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়, এই কয়লার ব্যাপারে যে স্কীম আছে, এটা অলরেডি স্যাংশান হয়ে আছে। পলাশস্থরি থেকে ইলামবাজার হয়ে জয়দেবপুর এই যে স্কীমটা, এই ব্যাপারে সার্ভে অব ইণ্ডিয়া থেকে ওরা কি রিপোর্ট দিয়েছে ? আর একটা হচ্ছে, এটা টেকনিক্যাল কমিটিতে অলরেডি পাশ হয়ে আছে কিনা সেটা জানাবেন কি।

শ্রীনির্মল কুমার বোস : আমি এইটুকু বলতে পারি যে ১৯৭৪ সালে প্রথম রিপোর্ট তৈরী হয়। তারপরে জিওলজিক্যাল সার্ভে ১৯৭৯ সালে কাজ শুরু করেন। এখানে হিংলো গ্রাম পঞ্চায়েতের যে অঞ্চল আছে তার একটা এলাকায় নির্দিষ্ট করা হয়েছে। সেই নির্দিষ্ট এলাকায় তথ্য অনুসন্ধান করার কাজ শুরু হয়েছে। প্রাথমিক রিপোর্ট পাওয়া গেছে, কিন্তু চূড়ান্ত সিদ্ধান্ত করা হয়নি যার ফলে কোল অব ইণ্ডিয়ার এই কয়লার কাজ শুরু করতে পারে।

শ্রীসিদ্ধেশ্বর মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি খয়রাশোল থানার সগরডাঙ্গা এলাকায় আন-অথরাইজড কয়লা রেজ করে বিক্রি হচ্ছে এটা আপনি জানেন কি?

শ্রীনির্মল কুমার বোস : এটা সম্পূর্ণ আলাদা বিষয়, আনঅথরাইজ কয়লা রেজিং হচ্ছে কিনা। এ্যাবানডানড কোল মাইন থেকে চারটি জায়গায় বেসরকারী পরিচালনায় কয়লা রেজ করার কথা ছিল-কিন্তু তারা কয়লা তোলা চালু করে নি। এ এলাকায় বিশেষভাবে এবং ব্যাপকভাবে ইললিগ্যালি মাইনিং হচ্ছে। আমরা এ বিষয়টি ই সি এলকে এবং ভারত সরকার এবং বর্তমান সেন্টারের মন্ত্রী বসন্ত পাতিলের সংগে আলোচনা করেছি এগুলি বন্ধ করার জন্য। তবে বেআইনীভাবে হিংলো অঞ্চলে এই কয়লা তোলা হচ্ছে এই রকম খবর আমাদের কাছে নাই।

শ্রীআবদুল মান্নান : মন্ত্রী মহাশয় স্বীকার করলেন আনঅথরাইজ ওয়েতে কয়লা তোলা হচ্ছে। বর্তমানে যে আইন আছে তার দ্বারা তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া যায় কিনা এবং যদি না থাকে সেই ক্ষমতা আপনি নেবার জন্য আইন করবেন কিনা?

শ্রীনির্মল কুমার বোস : এই ব্যাপারে আমরা ই সি এলকে জানিয়েছি। তথাপি রাজ্য সরকারের দায়িত্ব আছে। আমরা মাঝে মাঝে তাদের ধরি। এই বিষয়টি আরও তৎপর করবার চেষ্টা হচ্ছে।

বীরভূম জেলায় পাথর উত্তোলন

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বীরভূম জেলার রামপুরহাট, মহম্মদবাজার এবং নলহাটী থানা এলাকায় কালো পাথরের (ব্ল্যাক স্টোন) খাদ হইতে বৈজ্ঞানিক পদ্ধতিতে পাথর উত্তোলনের কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রী নির্মল কুমার বোস :

বীরভূম জেলায় মহম্মদ বাজার থানার সরকারী সংস্থা West Bengal Mineral Development & Trading Corporation পাথর উত্তোলন করিতেছে। রামপুরহাট ও নলহাটি থানা এলাকায় বেসরকারী উদ্যোগে বর্তমানে এই পাথর উত্তোলনের কিছু কাজ হইতেছে।

শ্রীসরল দেব : প্রশ্নটা হচ্ছে মিনারাল ডেভেলপমেন্ট করপোরেশন বৈজ্ঞানিক কাজ করবার কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রীনির্মল কুমার বোস : মহম্মদবাজার এবং রামপুরহাটে West Bengal Mineral Development and Trading Corporation কাজ করছে। আমরা একে আরও বাড়াবার চেষ্টা করছি। অন্য কোনভাবে উত্তোলন করবার কোন পরিকল্পনা নাই। তবে এই রকম প্রস্তাব এলে আমরা বিবেচনা করবো।

ডাঃ সুশোভন ব্যানার্জী : যদিও এই প্রশ্নের সংগে আমার প্রশ্ন সরাসরিভাবে যুক্ত নয় তবুও মন্ত্রী উত্তর দিলে বাধিত হবো। মহম্মদবাজার এলাকায় ব্লাক ষ্টোন ও সাদা চীনা মাটি বিস্তৃত এলাকায় পাওয়া যায়। ভারতবর্ষের বিভিন্ন জায়গায় দেখা গেছে এই রকম কাঁচা মাল থাকলে সেখানে সেই ধরণের শিল্প হয়েছে। হিন্টারল্যাণ্ড সেই সব শিল্প গড়ে উঠে। বীরভূম জেলায় চিনা মাটি সাদা পাথর ব্লাক ষ্টোন থাকা সত্ত্বেও আজ পর্যন্ত সেখানে এই ধরণের কোন শিল্প গড়ে উঠে নি। কেন শিল্প হচ্ছে না, সেটা দয়া করে বলতে পারেন কি?

[1.10-1.20P.M.]

শ্রীনির্মল কুমার বোস : মহম্মদ বাজার এলাকায় যে পাথর রয়েছে সেই পাথরটা আমরা তুলছি এবং এই পাথর নানা কাজে ব্যবহৃত হচ্ছে। পি. ডবলিউ. ডি. সি. এম. ডি. এ. এর কাজে ব্যবহৃত হচ্ছে। এছাড়াও মাননীয় সদস্য যে কথাটা বললেন, এই পাথর দিয়ে অন্য কোন শিল্প হয় কিনা, ওখানে চীনা মাটি আছে, অন্যান্য আরো যে সব জিনিস আছে সেগুলি নিয়ে আমাদের মাইনিং ডেভেলাপমেন্ট এ্যাণ্ড ট্রেডিং করপোরেশন চিন্তা ভাবনা করছেন। আমরা বিভিন্ন বেসরকারী উদ্যোক্তাদের সংগে কথা বার্তা বলছি। কেবল বৃহৎ, মাঝারি শিল্প নয়, ওখানে ক্ষুদ্র ক্ষুদ্র কিছু শিল্পও হচ্ছে। এই ধরণের প্রস্তাব নিয়ে ক্ষুদ্র শিল্প করার চিন্তা ভাবনাও করা হচ্ছে। ডিষ্ট্রিক্ট ইনডাষ্ট্রিজ সেন্টারের মধ্যে এই ধরণের প্রস্তাব আছে। বেসরকারী কোন উদ্যোগ এগিয়ে এলে নিশ্চয় সর্বপ্রকার সাহায্য করা হবে।

শ্রীধীরেন্দ্র নাথ সেন : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন শিল্প স্থাপনের ব্যাপারে চিন্তা ভাবনা করা হচ্ছে। নলহাটি, মহম্মদ বাজার এলাকার পাথর খাদগুলির সংগে বিরাট একটা কমুনিকেশন গ্যাপ রয়ে গেছে এবং এগুলি চালান করবার ব্যাপারে একটা অসুবিধা আছে। রেল সম্বন্ধে ট্রানস্পোর্ট সিস্টেম সম্বন্ধে আপনি কি চিন্তা ভাবনা করছেন?

শ্রীনির্মল কুমার বোস : সাঁইথিয়া থেকে পাটনিল হাটগাছা পর্যন্ত, যেখানে মাইনিং ডেভেলপমেন্ট এ্যাণ্ড ট্রেডিং করপোরেশন থেকে পাথর তোলা হচ্ছে, রেল লাইন নিয়ে যাবার জন্য রেলওয়ে দপ্তরকে বহুবার অনুরোধ জানানো হয়েছে, বহুবার কথাবার্তা হয়েছে। কিন্তু তারা এটা করবেন, এখনো পর্যন্ত সেই রকম কিছু বলেন নি। আমরা তাগাদা করে চলেছি। এই রেল লাইন হয়ে গেলে কাজের খুব সুবিধা হবে।

শ্রীসেখ ইমাজুদ্দিন : আপনি বললেন রামপুরহাট, নলহাটি থেকে বেসরকারীভাবে পাথর তোলা হচ্ছে। এই পাথর তোলার ক্ষেত্রে এই সব মালিকরা সরকারের কাছ থেকে কোন লাইসেন্স নেন কিনা এবং কোন রেন্ট দেন কিনা, দয়া করে এটা জানাবেন কি?

শ্রীনির্মল কুমারবোস : তাদের অনুমতি দেওয়া হয় এবং তার জন্য তাদের কাছ থেকে আমরা পয়সা পাই।

পুরুলিয়ায় সন্ধানপ্রাপ্ত কয়েকটি খনিজ পদার্থ

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং - *২২৮।) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি পুরুলিয়া জেলায় মানবাজার ২নং ব্লকে রক্‌ফসফেট, তামা, চীনামাটি ও ডালোমাইট-এর সন্ধান পাওয়া গিয়াছে; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাদ উক্ত খনিজ পদার্থ আহরণ করার কাজ আরম্ভ করা হবে বলে আশা করা যায়।

শ্রী নির্মল কুমার বোস :

(ক) হ্যাঁ।

(খ) এখনই বলা সম্ভব নয়।

শ্রী সুধাংশু শেখর মাঝি : আপনি 'ক' প্রশ্নের উত্তরে বললেন 'হ্যাঁ' আর 'খ' প্রশ্নের উত্তরে বললেন, এখনই বলা সম্ভব নয়'। পুরুলিয়া জেলার মানবাজার ২নং ব্লকের কোন্ কোন্ মৌজায় এই রক ফসফেট, ডালোমাইট পাওয়া গেছে এবং কি পরিমান পাওয়া গেছে, সেটা বলতে পারবেন?

শ্রীনির্মল কুমার বোস : আপনার প্রশ্ন হচ্ছে, 'পুরুলিয়া জেলার মানবাজার ২নং ব্লকে রক ফসফেট, তামা, চিনামাটি, ডলোমাইটের সন্ধান পাওয়া গেছে কিনা – আমি বলেছি হ্যাঁ। মৌজাগুলির ব্যাপারে আলাদা প্রশ্ন করবেন উত্তর দিয়ে দেব। কপার, ক্লে এ্যাণ্ড ডলোমাইট এই তিনটি বিষয়ের মধ্যে এখন পর্যন্ত যে হিসাব পাওয়া গেছে তাতে দেখা যাচ্ছে এগুলি অল্প অল্প এখানে ওখানে কিছু পাওয়া গেছে এবং আরো তথ্যানুসন্ধান করা হচ্ছে। কারণ, পাশের ব্লকেই রক ফসফেট নিয়ে কাজ হচ্ছে বেলদিতে। সুতরাং এটা কি পরিমান পাওয়া যাবে, কতটা কি কাজ হবে সেটা দেখা হচ্ছে। কিন্তু ডলোমাইটের ব্যাপারে বলতে পারি মানবাজার ২নং ব্লকে ডলোমাইটের পরিমান খুব আশাপ্রদ বলে মনে হচ্ছে এবং আমরা আমাদের কর্মসূচীর মধ্যে এটাকে অন্তর্ভুক্ত করেছি। উত্তরবংগের জয়ন্তী পাহাড় এলাকাতেও ডলোমাইটের খুব ভালো কাজ হচ্ছে। আমরা আশা করছি পুরুলিয়ার ডলোমাইট দিয়েও খুব ভাল কাজ হবে এবং এখানে আমাদের খুব ভাল ভাবে কাজ করা যাবে বলে মনে হচ্ছে।

শ্রী সুধাংশু শেখর মাঝি : এর যথেষ্ট সুযোগ থাকা সত্বেও এই পদার্থ আহরণ করতে দেরি হচ্ছে কেন, সেটা জানাবেন কি?

শ্রীনির্মল কুমার বোস : দেরি হয়নি। কারণ, পাশের ব্লকেই রক ফসফেট নিয়ে আমাদের ভালভাবে কাজ চলছে। এই রকম ফসফেট ভারতবর্ষে সার হিসাবে ব্যবহৃত হয়। কেরলে পর্যন্ত আমাদের এটা বিক্রী হয়। উত্তরবঙ্গ, দক্ষিনবঙ্গ অর্থাৎ সমগ্র পশ্চিমবঙ্গের কৃষকরা মাটির উর্বরতা বৃদ্ধির জন্য ব্যাপক ভাবে এটাকে ব্যবহার করছেন। মানবাজারে তামার পরিমান কম দেখা যাচ্ছে। আর ডলোমাইটের ব্যাপারে ওদিকে বড় প্রকল্প কিছু হয়নি। মানবাজার এলাকায় ডলোমাইট অনুসন্ধানের কাজে বিলম্ব হয়নি। তথ্য অনুসন্ধানের পরই কাজ শুরু হয়েছে।

পুরুলিয়া জেলার ঝাড়বাগদা মৌজায় লোহার সন্ধান

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং - *২৩১।) **শ্রীসুধাংশুশেখর মাঝি :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার মানবাজার থানার ঝাড়বাগদা মৌজাতে উন্নত মানের লোহার সন্ধান পাওয়া গিয়াছে ; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাত উক্ত লোহা আহরণের কাজ আরম্ভ করা হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীনির্মল কুমার বোস : (ক) জানা নাই। (খ) প্রশ্ন উঠে না।

শ্রীসুধাংশু শেখর মাঝি : 'ক' প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন, "জানা নেই।" আমার প্রশ্ন , তিনি কি জানেন, মানবাজার থানার ঝাড়বাগদা মৌজাতে কিছু লোক এক টাকা কে. জি. দরে ঐ লোহার পাথর বিক্রি করতো এবং মাইনস এ্যাণ্ড মিনারেল ডেভালপমেন্ট কর্পোরেশনের লোকরা সেটা জেনে তারপর তা বন্ধ করেছেন?

শ্রীনির্মল কুমার বোস : এটা শুধু লোহার ব্যাপার নয়, এরকম ধারণা নানান জায়গায় আছে। কোথাও হয়ত লোহা পাওয়া গেল, সোনা বা রুপো পাওয়া গেল তা কিন্তু যথেষ্ট নয়। এখানে কিছু কিছু জায়গায় আকরিক লোহা পাওয়া গিয়েছে। সামান্য কিছু পাওয়া গেলে তা নিয়ে লাভজনক কোন ব্যবসা করা যায় না। তা ছাড়া এ ব্যাপারটা শুধু রাজ্যসরকার করেন না, ভারতসরকারের জিওলজিক্যাল সার্ভেও এর সংগে যুক্ত আছেন। আমাদের

রাজ্য সরকারের খনিজ সম্পদ বিভাগ এবং ভারতসরকারের জিওলজিক্যাল সার্ভে যুক্তভাবে সমস্ত তথ্য অনুসন্ধান করেন। এখনও পর্য্যন্ত যে লোহার খবর পাওয়া গিয়েছে এখানে তা এত স্কেচি, এত কম যে তা উত্তোলনের কোন রকম পরিকল্পনা বা তা নিয়ে শিল্প করা সম্ভব নয়। সুতরাং আমার উত্তর হচ্ছে, এই এলাকায় ভালো রকম লোহার সন্ধান পাওয়া গিয়েছে এ খবর আমাদের জানা নেই সুতরাং এ ব্যাপারে প্রশ্ন ওঠে না।

শ্রীকমলাক্ষ মাহাতো : মাইনস এ্যাণ্ড মিনারেলসের লোকজন যেদিন ওখানে যান সেদিন আমি সেখানে উপস্থিত ছিলাম এবং তাঁরা আমার কাছে স্বীকার করেছেন যে ঐ লোহার পাথর উন্নত ধরনের। মাননীয় মন্ত্রীমহাশয় এ ব্যাপারে ভালোভাবে তদন্ত করবেন কি?

শ্রীনির্মল কুমার বোস : আপনি যখন বলছেন তখন আমি এটা খোঁজ করে দেখবো।

শ্রীঅশোক ঘোষ : একই সদস্যের দুটি প্রশ্ন পর পর এলো কি করে?

মিঃ স্পীকার : অশোকবাবু আপনি বলছেন, একই সদস্যের দুটি প্রশ্ন পর পর এলো কি করে? আপনি যদি লক্ষ্য করে দেখতেন তাহলে দেখতে পেতেন এগুলি হেল্ড এভার প্রশ্ন।

Starred questions
(To which oral answers were given)

চলচ্চিত্রে সরকারের অর্থ লগ্নি

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪।) **শ্রীকাশীনাথ মিশ্র :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেনকি—

(ক) ১৯৮৪-৮৫ ও ১৯৮৫-৮৬ সালে (জুলাই মাস পর্যন্ত) কোন্ কোন্ প্রযোজকের চলচ্চিত্রে অর্থ লগ্নি করা হয়েছে;

(খ) সাম্প্রতিককালে মহুয়া রায়চৌধুরীর মৃত্যুতে অর্ধসমাপ্ত ছবিগুলিতে সরকারের ক্ষতির পরিমাণ কত;

(গ) সরকার-প্রযোজিত আংশিক বা অর্ধসমাপ্ত ছবিগুলির মধ্যে মহুয়া রায়চৌধুরী অভিনীত ছবির সংখ্যা কত; এবং

(ঘ) বাংলা চলচ্চিত্রকে উন্নত করার জন্য সরকার কর্তৃক কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

শ্রী প্রভাস চন্দ্র ফদিকার :

(ক) ১৯৮৪-৮৫ ও ১৯৮৫-৮৬ সালে কোন প্রযোজকের চলচিত্রেই অর্থ লগ্নী করা হয় নাই।

(খ) সরকার প্রযোজিত কাহিনী চিত্র ও শিশু চিত্র অর্ধ সমাপ্ত নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) ১। নিজস্ব প্রযোজনায় কাহিনীচিত্র নির্মাণ।

২। বেসরকারী প্রযোজকদের কাহিনীচিত্র নির্মাণের জন্য অনুদান প্রকল্প।

৩। ফিল্ম প্রডাকসন ইউনিটের মাধ্যমে প্রয়োজকদের স্বল্প হারে ক্যামেরা ইত্যাদি ভাড়া করার সুযোগ।

৪। ফিল্ম ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফাণ্ড গঠন।

৫। আর্ট ফিল্ম থিয়েটার নির্মাণ।

৬। ওয়েষ্ট বেঙ্গল কলার ফিল্ম। ডেভালাপমেন্ট কর্পোরেশন গঠন।

৭। টেকনিসিয়ন্স ষ্টুডিও অধিগ্রহণ।

৮। তথ্য চিত্র নির্মাণ।

৯। তথ্য চিত্র ক্রয়।

১০। সংবাদ-আলেখ্য নির্মাণ ইত্যাদি।

শ্রীআব্দুল মান্নান : মাননীয় মন্ত্রীমহাশয় যে ১০ দফা পরিকল্পনার কথা বললেন তারমধ্যে কোন কোন পরিকল্পনা এখন পর্যন্ত রূপায়িত হয়েছে তা জানাবেন কি?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : পাশাপাশি প্রত্যেকটিরই কাজ তলছে।

শ্রীঅম্বিকা ব্যানার্জী : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, টেকনিসিয়ন ষ্টুডিও অধিগ্রহণ করার পর এই ষ্টুডিও'র ভার যাদের উপর দেওয়া হয়েছে তারা সকলেই কি টেকনিসিয়ান বা কাদের কাদের উপর এই ভার দেওয়া হয়েছে?

[1.20-1.30P.M.]

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : টেকনিসিয়ান ষ্টুডিও পরিচালনার ভার এখনও সরকারের কাছে আছে। আমরা বিধানসভার একটা বিল এনেছিলাম। সেই বিল অনুযায়ী পরবর্তী পর্যয়ে পরিচালনায় ভার কর্পোরেশানের কাছে দেব। এখন পর্যন্ত এটা সরকারী পরিচালনাধীনে আছে।

শ্রীঅম্বিকা ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয়, এই টেকনিসিয়ন ষ্টুডি অধিগ্রহণের পরে এখন পর্যন্ত কোন কমিটি, কোন সংগঠনও হয়নি যারা এটাকে পরিচালনা করবেন। এটার কাজ কি ভাবে চলছে সেটা জানাবেন কি?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : ষ্টুডিও পরিচালনার কাজ যে ভাবে চলে সেখানে সরকারী অফিসারাই যথেষ্ট এবং সেই ভাবে রুটিন মাফিক ওয়ার্ক হচ্ছে। তবে এটা এখনও সরকারী নিয়ন্ত্রনে আছে।

শ্রীশেখ ইমাজুদ্দিন : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত কোন অর্থ লগ্নী হয়নি। কিন্তু তার পরেও ৫/৬ মাস বাকী আছে, সেই সময়ের মধ্যে কোন অর্থ লগ্নী করা হবে কিনা জানাবেন কি?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : অর্থ লগ্নী করার ব্যাপারটা একটু তাৎপর্যপূর্ণ, এটা বোঝা দরকার। অর্থ লগ্নী পশ্চিমবঙ্গে সরকারের তরফ থেকে কোন প্রযোজককে করা হয়নি।

*১১০। স্থগিত।

*১১১। স্থগিত।

সামাজিক বন সৃজন কর্মসূচীতে শহরাঞ্চলে গাছ বিতরণ

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৩।) **শ্রী[illegible] ভট্টাচার্য :** বন বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) সামাজিক বন সৃজন কর্মসূচী অনুযায়ী এ বছর (১৯৮৫) এ পর্যন্ত কলকাতা সমেত বিভিন্ন শহরাঞ্চলে কতগুলি গাছ বিতরণ করা হয়েছে;

(খ) এ কর্মসূচী অনুযায়ী গাছ প্রাপকদের কি কি সুযোগ দেওয়া হয়ে থাকে; এবং

(গ) বিলি না করতে পারার ফলে এ পর্যন্ত কত টাকার গাছ নষ্ট হয়েছে?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :

(ক) ৩৯, ৮৮, ৫৪৭

(খ) ১। চারা বিনামূল্যে বিতরণ করা হয়।

২। চারা লাগাবার পদ্ধতি এবং রক্ষনাবেক্ষন বুঝিয়ে দেওয়া হয়।

৩। এই কর্মসূচীর Incentive Scheme এর আওতায় প্রাপকদের (নুন্যপক্ষে ৫০ এবং উর্দ্ধপক্ষে ৭৫০ বিতরিত চারার ক্ষেত্রে) তিন বছরে চারা প্রতি মোট ৪০ পয়সা নগদ অথবা সমমূল্যের রাসায়নিক সার দেওয়া হয়।

(গ) নষ্ট হয়নি।

শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বিভিন্ন পৌর এলাকাতে এই বন্ধ সৃজনের জন্য যে গাছ দেওয়া হয় বা অন্যান্য সংস্থাগুলিকে যে গাছ দেওয়া হয়, এগুলি যথাযথ ভাবে লাগান হচ্ছে কিনা সেটা দেখার ব্যবস্থা সরকারের আছে কি না?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : যে চারা বিতরণ করা হয়, যারা এই ব্যাপারে উদ্যোগ নেবেন তাদের জন্য দেওয়া হয়। কাজেই যারা দায়িত্ব নিয়ে এগিয়ে আসেন সেই ভাবে কাজ হয়। সাধারণতঃ ৩ বছরে চারা প্রতি মোট ৪০ পয়সা নগদ বা সমমূল্যের রাসায়নিক সার দেওয়া হয়। প্রথম বছরে ১৬ পয়সা, দ্বিতীয় বছরে ১০ পয়সা এবং তৃতীয় বছরে ১৪ পয়সা করে দেওয়া হয়। এই চারা বিতরণের সময়ে এই বিষয়ে ভেরিফাই করে দেখা হয়।

শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এটা কি সত্য যে শান্তিনিকেতনে শ্রমিক অসন্তোষের জন্য কয়েক লক্ষ টাকার গাছ নষ্ট হচ্ছে?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : এই ধরণের কোন ঘটনার খবর আমার জানা নেই। আপনি যখন বললেন তখন এটা খোঁজ নিয়ে জানাবো।

শ্রীপ্রবোধ পুরকায়েত : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে কয়েক লক্ষ চারা বিতরণ করা হচ্ছে। এই চারাগুলি কি কি গাছের? এই প্রসঙ্গে আপনি বললেন যে ৩ বছরে প্রতি চারা পিছু ৪০ পয়সা করে দেওয়া হয়। এই যে চারাগুলি দেওয়া হয়, এটা দেবার পদ্ধতি কি সেটা বিস্তরিত ভাবে জানাবেন কি?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : আমি আগেই বলেছি যে আবেদন করলে চারা বিতরণ করা হয়। এই চারা বিতরণের পদ্ধতি সম্পর্কে আমি আগেই বলেছি। তবে বন বিভাগের যে সমস্ত কর্মচারী আছে তারা সেটা ভ্যারিফাই করে দিয়ে থাকেন। যেখানে যেখানে যারা দায়িত্বে আছেন সেই সমস্ত জায়গায় তারা দিয়ে থাকেন। এই ভাবে কাজ হয়।

রাজ্য সরকারের খনিজ সম্পদ বিভাগ এবং ভারতসরকারের জিওলজিক্যাল সার্ভে যুক্তভাবে সমস্ত তথ্য অনুসন্ধান করেন। এখনও পর্য্যন্ত যে লোহার খবর পাওয়া গিয়েছে এখানে তা এত স্কেচি, এত কম যে তা উত্তোলনের কোন রকম পরিকল্পনা বা তা নিয়ে শিল্প করা সম্ভব নয়। সুতরাং আমার উত্তর হচ্ছে, এই এলাকায় ভালো রকম লোহার সন্ধান পাওয়া গিয়েছে এ খবর আমাদের জানা নেই সুতরাং এ ব্যাপারে প্রশ্ন ওঠে না।

শ্রীকমলাকান্ত মাহাতো : মাইনস এ্যাণ্ড মিনারেলসের লোকজন যেদিন ওখানে যান সেদিন আমি সেখানে উপস্থিত ছিলাম এবং তাঁরা আমার কাছে স্বীকার করেছেন যে ঐ লোহার পাথর উন্নত ধরনের। মাননীয় মন্ত্রীমহাশয় এ ব্যাপারে ভালোভাবে তদন্ত করবেন কি?

শ্রীনির্মল কুমার বোস : আপনি যখন বলছেন তখন আমি এটা খোঁজ করে দেখবো।

শ্রীঅশোক ঘোষ : একই সদস্যের দুটি প্রশ্ন পর পর এলো কি করে?

মিঃ স্পীকার : অশোকবাবু আপনি বলছেন, একই সদস্যের দুটি প্রশ্ন পর পর এলো কি করে? আপনি যদি লক্ষ্য করে দেখতেন তাহলে দেখতে পেতেন এগুলি হেল্ড এভার প্রশ্ন।

Starred questions
(To which oral answers were given)

চলচ্চিত্রে সরকারের অর্থ লগ্নি

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪।) **শ্রীকাশীনাথ মিশ্র :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেনকি–

(ক) ১৯৮৪-৮৫ ও ১৯৮৫-৮৬ সালে (জুলাই মাস পর্যন্ত) কোন্ কোন্ প্রযোজকের চলচ্চিত্রে অর্থ লগ্নি করা হয়েছে;

(খ) সাম্প্রতিককালে মহুয়া রায়চৌধুরীর মৃত্যুতে অর্ধসমাপ্ত ছবিগুলিতে সরকারের ক্ষতির পরিমাণ কত;

(গ) সরকার-প্রযোজিত আংশিক বা অর্ধসমাপ্ত ছবিগুলির মধ্যে মহুয়া রায়চৌধুরী অভিনীত ছবির সংখ্যা কত; এবং

(ঘ) বাংলা চলচ্চিত্রকে উন্নত করার জন্য সরকার কর্তৃক কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

শ্রী প্রভাস চন্দ্র ফদিকার :

(ক) ১৯৮৪-৮৫ ও ১৯৮৫-৮৬ সালে কোন প্রযোজকের চলচিত্রেই অর্থ লগ্নী করা হয় নাই।

(খ) সরকার প্রযোজিত কাহিনী চিত্র ও শিশু চিত্র অর্ধ সমাপ্ত নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) ১। নিজস্ব প্রযোজনায় কাহিনীচিত্র নির্মাণ।

২। বেসরকারী প্রযোজকদের কাহিনীচিত্র নির্মাণের জন্য অনুদান প্রকল্প।

৩। ফিল্ম প্রডাকসন ইউনিটের মাধ্যমে প্রযোজকদের স্বল্প হারে ক্যামেরা ইত্যাদি ভাড়া করার সুযোগ।

৪। ফিল্ম ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফাণ্ড গঠন।

৫। আর্ট ফিল্ম থিয়েটার নির্মাণ।

৬। ওয়েষ্ট বেঙ্গল কলার ফিল্ম। ডেভালাপমেণ্ট কর্পোরেশন গঠন।

৭। টেকনিসিয়ান্স ষ্টুডিও অধিগ্রহণ।

৮। তথ্য চিত্র নির্মাণ।

৯। তথ্য চিত্র ক্রয়।

১০। সংবাদ-আলেখ্য নির্মাণ ইত্যাদি।

শ্রীআব্দুল মান্নান : মাননীয় মন্ত্রীমহাশয় যে ১০ দফা পরিকল্পনার কথা বললেন তারমধ্যে কোন কোন পরিকল্পনা এখন পর্যন্ত রূপায়িত হয়েছে তা জানাবেন কি?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : পাশাপাশি প্রত্যেকটিরই কাজ চলছে।

শ্রীঅম্বিকা ব্যানার্জী : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, টেকনিসিয়ান ষ্টুডিও অধিগ্রহণ করার পর এই ষ্টুডিও'র ভার যাদের উপর দেওয়া হয়েছে তারা সকলেই কি টেকনিসিয়ান বা কাদের কাদের উপর এই ভার দেওয়া হয়েছে?

[1.20-1.30P.M.]

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : টেকনিসিয়ান ষ্টুডিও পরিচালনার ভার এখনও সরকারের কাছে আছে। আমরা বিধানসভার একটা বিল এনেছিলাম। সেই বিল অনুযায়ী পরবর্তী পর্যয়ে পরিচালনায় ভার কর্পোরেশানের কাছে দেব। এখন পর্যন্ত এটা সরকারী পরিচালনাধীনে আছে।

(নো রিপ্লাই)

শ্রীঅম্বিকা ব্যানার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তা যদি আমি বুঝে থাকি তাহলে দেখছি যে, ওখানে প্রায় ৪ কোটি টাকা এখন পর্যন্ত খরচ হয়ে গিয়েছে, অথচ ওখানে এখন পর্যন্ত জলের কোনো ব্যবস্থা করা হয়নি। যে কোন একটা ইণ্ডাষ্ট্রির জল হচ্ছে ইনফ্রাষ্ট্রাকচারের মধ্যে প্রথম এবং প্রধান জিনিস। জল ছাড়া কোনো ইণ্ডাষ্ট্রি চলতে পারে না। এ ক্ষেত্রেও স্পিনিং মিল চালাতে জল ইজ এ মাষ্ট। অথচ এখানে আমরা দেখছি যে, চার কোটি টাকা খরচ হয়ে যাবার পরে জলের অনুসন্ধান করা হচ্ছে। এটা একটা হাস্যাস্পদ ব্যাপার। এই অবস্থার কারণ কি?

শ্রীপ্রলয় তালুকদার : মাননীয় স্পীকার মহোদয়, ৪ কোটি টাকা খরচ করার পরে জলের সন্ধান করা হচ্ছে, এটা ঠিক নয়। সব কাজই এক সঙ্গে করা হচ্ছে। অর্থাৎ সেড্ কনসট্রাকসন যেমন করা হচ্ছে, মেশিনের অর্ডার যেমন দেওয়া হচ্ছে তেমনই যে সব জায়গা থেকে জল পাওয়া যাবে সে সব জায়গায় ট্যাপ্ করা হচ্ছে। সমস্ত কাজই এক সঙ্গে করা হচ্ছে এবং সমস্ত কাজ শেষ করতে হয়ত আমাদের নিধারিত সময়ের চেয়েও কিছু বেশী সময় লাগবে। স্পিনিং মিলের জন্য জলের দরকার এটা আমরা জানি এবং এটাও জানি যে, বাঁকুড়া জেলা খরা পীড়িত এলাকা, সেখানে জলের সংকট রয়েছে, তা সত্ত্বেও সেখানে স্পিনিং মিল স্থাপনের সিদ্ধান্ত কেন নেওয়া হলো, সেটা বাঁকুড়া জেলার সমস্ত দলের এম. এল. এরা জানেন। বাঁকুড়া জেলায় কোনো শিল্প নেই, সেখানে জলের অভাব থাকা সত্ত্বেও স্পিনিং মিল স্থাপনের ব্যবস্থা করা হয়েছে। অবশ্য ডি. ভি. সি এবং হাটআসুরিয়া প্রভৃতি জায়গা থেকে জল পাওয়া যাবে জেনেই এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ৪ কোটি টাকা খরচ হয়ে যাবার পরে জলের অনুসন্ধান চলছে। এটা মোটেই ঠিক নয়। সমস্ত কাজ একই সঙ্গে চলছে। এর মধ্যে হাস্যাস্পদ ব্যাপার কিছু নেই।

শ্রীসুভাষ গোস্বামী : মাননীয় মন্ত্রী মহাশয় কি অনুগ্রহ করে জানাবেন, বাঁকুড়া জেলার বড়জোড়া স্পিনিং মিলটির প্রজেক্ট রিপোর্ট কারা তৈরী করেছিল এবং সমস্ত জিনিস না দেখে যদি তারা রিপোর্ট তৈরী করে থাকে তাহলে-বর্তমানে এত জিনিস কেনা হয়েছে, এর জন্য-তাদের কাছে কৈফিয়ত দাবী করবেন কি?

শ্রীপ্রলয় তালুকদার : কো-অপারেটিভ স্পিনিং মিলের প্রজেক্ট রিপোর্ট তৈরী করার ক্ষেত্রে যাঁরা একসপার্ট, তাঁরাই এ ক্ষেত্রেও প্রজেক্ট রিপোর্ট তৈরী করেছেন। সমস্ত কো-অপারেটিভ স্পিনিং মিলের প্রজেক্ট রিপোর্ট বোম্বাই এর এ একটা জায়গা থেকেই তৈরী হয়। প্রজেক্ট রিপোর্টে কোনো ভুল ছিল না। তাঁরা জায়গা ঠিক করে দিয়েছেন এবং কোন্ কোন্ জায়গায় জল পাওয়া যাবে তাও তাঁরা বলে দিয়েছেন, এখন সে সমস্ত জায়গা থেকে জলের ব্যবস্থা করা হচ্ছে।

*১১৪। স্থগিত।

*১১৫। স্থগিত।

সামাজিক বন সৃজনের লক্ষ্যমাত্রা

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৮।) [illegible] **রায় :** বন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানবেন কি–

(ক) পশ্চিমবঙ্গে সামাজিক বন সৃজনের পরিকল্পনা সর্বপ্রথম কোন্ সালে প্রবর্তিত হয়;

(খ) ১৯৮৪–৮৫ বছরে সামাজিক বন সৃজনের লক্ষ্যমাত্রা কত ছিল; এবং

(গ) সামাজিক বন সৃজনে অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের সাফল্যের কোন তুলনামূলক চিত্র সরকারের হাতে আছে কি?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :

(ক) ১৯৮১-৮২ সালে।

(খ) ২৪,৫১৩ হেক্টার।

(গ) গ্রামাঞ্চলে দরিদ্র জনসাধারণের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের সামাজিক বনসৃজন প্রকল্প অন্যান্য রাজ্যের তুলনায় সফলতর বলা চলে। এই প্রকল্পের অন্তর্গত খামার বনসৃজনে' ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের অংশগ্রহণের শতকরা হিসাব পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ৮১% যেখানে এই হিসাব গুজরাটে ৪২% হরিয়ানায় ৩৮%, জম্মুও কাশ্মীরে ৬৪%– সারিবদ্ধ আবাদী- বনসৃষ্টির ক্ষেত্রেও বেড়া ও অন্যান্য আনুষঙ্গিক সংরক্ষণের খরচ ন্যুনতম রেখে স্থানীয় পঞ্চায়েত ও জনসাধরণের সহযোগীতায় বৃক্ষপুঞ্জ সৃষ্টিতে এ রাজ্যকে সফলতম বলে চিহ্নিত করা হয়েছে।

আন্তর্জাতিক উন্নয়নসংস্থার বিশেষজ্ঞের প্রতিবেদনে পশ্চিমবঙ্গে চারা তৈরীর প্রযুক্তিগত দিকটিকে অন্যান্য অনেক রাজ্যের তুলনায় উন্নততর বলে উল্লেখ করা হয়েছে। পশ্চিমবঙ্গের **'পুঞ্জ খামার প্রকল্প'** (Group from Forestry) তুলনামূলক বিচারে বিশেষ প্রশংসা অর্জন করেছে।

গত চারবছরে সামাজিক বনসৃজন প্রকল্পে লক্ষ্যমাত্রার তুলনায় ১৩৫% কাজ সম্পূর্ণ করা হয়েছে। এই প্রকল্পের অন্তর্গত 'ক্ষয়িষ্ণু বনের পুনর্নবীকরণ অংশে লক্ষ্যমাত্রার তুলনায়, ১৯২% ,'খামার বনসৃজনে' ১৪১% এবং সাবিবদ্ধ আবাদি বনসৃষ্টিতে '১০৭%বনসৃজন করা হয়েছে।

শ্রীসুমন্তকুমার হীরা : মাননীয় মন্ত্রী মহাশয় বলেবেন কি, সাধারণ বনভূমি ও সামাজিক বনভূমি পশ্চিমবঙ্গে গত কয়েক বছরে যেভাবে ধ্বংস হয়েছে বলে খবরের কাগজে বেরিয়েছে-এই ব্যাপারে অন্যান্য রাজ্যের তুলনায় ধ্বংস বেশী হয়েছে না কম হয়েছে কিম্বা আদৌ ধ্বংস হয়েছে কিনা তা জানাবেন কি?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত গোটা ভারতবর্ষে বনভূমি কিভাবে ধ্বংস হয়েছে সেই তথ্য আমি দিতে পারি। এই তথ্য ভারতসরকারের ন্যাশনাল রিমোট সেনসিং এজেন্সি অর্থাৎ স্যাটেলাইট থেকে সংগ্রহ করেছি। বিভিন্ন রাজ্যের বনভূমি কিভাবে ধ্বংস হয়েছে তা দেওয়া আছে। গুজরাটে হয়েছে ৪৭.৯০ ভাগ, হরিয়ানায় ধ্বংস হয়েছে ২৫.৮৯ ভাগ, হিমাচল প্রদেশে ৩৮.৩৭ ভাগ, জম্মু এবং কাশ্মীরে হয়েছে ২৮.৫৭ ভাগ, মহারাষ্ট্রের হয়েছে ২৫.৫৭ ভাগ, ন্যাগালাণ্ডে হয়েছে ২৬.৩২ ভাগ, পাঞ্জাব-চণ্ডিগড়ে হয়েছে ৫৫.৪৪ ভাগ, রাজস্থানে হয়েছে ৪৭.১২ভাগ, দিল্লীতে হয়েছে ৪৪ ভাগ আর সেই জায়গায় পশ্চিমবাংলাতে হয়েছে ২২.৩৩ ভাগ। এই তথ্য ভারতসরকারের কর্তৃক প্রচারিত।

শ্রীসুমন্ত কুমার হীরা : মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, ধ্বংসপ্রাপ্ত বনভূমি সেটাকে সংরক্ষণের জন্য ঐসব এলাকার চারিপাশের গ্রামগুলিকে নিয়ে নতুন করে বনসৃজন করার কোন উদ্যোগ আপনার আছে কি?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : পশ্চিমবঙ্গ সরকার বনভূমি যা ধ্বংস হয়েছে তাকে রক্ষা করার জন্য একদিকে সামাজিক বনসৃজন প্রকল্প যাকে সোস্যাল ফরেষ্ট্রি বলা হচ্ছে তা নেওয়া হয়েছে এবং এই প্রকল্প সারা ভারতবর্ষের মধ্যে শীর্ষস্থানে আছে। দ্বিতীয়ত রাজ্যের পরিকল্পনা ষ্টেট প্ল্যান যাকে বলে তা অবলম্বন করে নতুন করে কৃষান নার্সারি ও অন্যান্য পদ্ধতি প্রয়োগ করে বনভূমিকে গ্রামীন কভার অর্থাৎ আচ্ছাদিত করার জন্য উদ্যোগ শুরু করেছি।

ডাঃ সুশোভন ব্যানার্জী : এই এ্যাসেম্বলী হাউসে বসে আপনি যতই ফিগার দিন, আমি আপনাকে পরিষ্কার চিত্র বলছি। যে জেলা বীরভূম জেলা নাম ছিল সেই জেলা এখন মরুভূমি নাম হয়েছে। তার কারণ ভারতবর্ষে বনজ সম্পদের পরিমান-আমার বলা যদি ভুল হয়ে থাকে তাহলে নিশ্চয়ই কারেক্ট করে দেবেন-গড়ে যেখানে ২২ ভাগ, পশ্চিমবাংলায় যেখানে ১৩ ভাগ, বীরভূমে সেখানে সাড়ে ৩ ভাগ। আপনি বীরভূমের ফরেষ্ট ডিপার্টমেন্ট থেকে খোঁজ নিয়ে জানুন স্যার, ৫৬ লক্ষ টাকা খরচ করে কেবলমাত্র ১৮ লক্ষ গাছ লাগানো হয়েছে।

এর কারণটা একটু আগে গোপাল বাবু বললেন। শান্তিনিকেতনে যে লেবার আনরেষ্ট হচ্ছে তার কারণ তারা চারাগুলি দিতে বাধা দিচ্ছে। আপনি যে সম্পদের পরিমাণটা বিধানসভায় তুলে ধরলেন তাতে- বীরভূমের মানুষ হিসাবে আমি মনে করছি-সারা দেশে গড় ২২ ভাগের মধ্যে পশ্চিমবঙ্গে ১৩ ভাগ এবং তার মধ্যে বীরভূমে সাড়ে তিনভাগ কেন হল এটা একটু দয়া করে জানাবেন কি?

[1.40-1.50P.M.]

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : আমি আগেই বলেছি যে আমাদের দেশে দারিদ্র বেড়ে যাওয়ায় বেশীরভাগ মানুষের কাজকর্ম না থাকায় এবং এক শ্রেণীর চোরাকারবারীদের প্রশ্রয় দেওয়ার ফলে ১৯৭২ থেকে ১৯৭৫ সাল পর্য্যন্ত সারা ভারতবর্ষের বনভূমি ধ্বংস হয়ে গেছে। আমরা সেগুলি রক্ষা করার প্রচেষ্টা নিয়েছি আমাদের বাজেটে। তা ছাড়া আর. এল. ই. জি. পি. এবং এন. আর. ই. পি. তে এ ফরেষ্ট তৈরী করার জন্য এ বছর ব্যাপকভাবে প্রকল্প গ্রহণ করেছি, তাতে আমরা অবশ্যই বীরভূমকে অন্তর্ভুক্ত করব।

ডাঃ সুকুমার রায় : মাননীয় মন্ত্রী মহাশয় একটু আগে ১৯৭২ থেকে ৭৫ সাল পর্য্যন্ত বনভূমি ধ্বংসের একটা পরিসংখ্যান দিলেন। আপনার কাছে ১৯৭৭ থেকে ১৯৮৫ পর্য্যন্ত কত ধ্বংস হয়েছে তার কোন পরিসংখ্যান আছে কি বা সেটা দেবেন কি?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : এই ধ্বংসের ব্যাপারটি ভারতবর্ষের দুটি প্রতিষ্ঠান সমীক্ষা করেছিলেন। আমি তার রিপোর্টটা দিয়েছি। এখন পশ্চিমবঙ্গের ব্যাপারে আমরা নিজেরা কিছু করিনি।

শ্রীমলিন ঘোষ : ১৯৭২ থেকে ১৯৭৭ পর্য্যন্ত কতটা সৃষ্টি এবং ধ্বংস হয়েছে, আর ১৯৭৭ থেকে ১৯৮৫ পর্য্যন্ত কতটা সৃষ্টি বা ধ্বংস হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় সেটা দয়া করে জানাবেন কি?

শ্রীঅচিন্ত্য কৃষ্ণ রায় : সেভাবে কিছু হিসাব করিনি, আমি যে হিসাব টা দিয়েছি সেটা ১৯৭৭ সালের আগের হিসাব।

পুরুলিয়া জেলায় সিমেন্ট কারখানা

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৫।) **শ্রীসুব্রত মুখার্জ্জী** এবং **শ্রীকাশী নাথ মিশ্র :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানবেন কি–

(ক) পুরুলিয়া জেলার "দামোদর সিমেন্ট অ্যাণ্ড স্ল্যাগ লিমিটেড" নামে প্রস্তাবিত সিমেন্ট কারখানাটি এ পর্যন্ত চালু না হবার কারণ কি; এবং

(খ) ১৯৮৫-৮৬ সালে ঐ সিমেন্ট কারখানার জন্য বাজেট বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

শ্রী নির্মল কুমার বোস :

(ক) যৌথ উদ্যোগে অংশগ্রহনের জন্য উপযুক্ত সংস্থা স্থিরীকরণে বিলম্ব এবং বার্ণপুরে ইস্কোর'র জমিতে গলিত ধাতু গুঁড়ো করার জন্য প্রয়োজনীয় জমি সংগ্রহে বিলম্ব,

(খ) ১৯৮৫-৮৬ সালে এই প্রকল্পের জন্য পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগমের West Bengal Industrial Development Corporation বাজেটে ৩০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

শ্রীশান্তিরাম মাহাতো : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে দামোদর সিমেন্ট এ্যাণ্ড স্ল্যাগ লিমিটেড নামে প্রস্তাবিত সিমেন্ট কারখানাটি চালু করতে ঠিকমত ব্যবস্থা করতে পারা যাচ্ছে না, সেজন্য দেরী হচ্ছে, এবং বার্ণপুরে ইসকোর জমিতে গলিত ধাতু গুঁড়ো করতে বিলম্ব হচ্ছে। এ গুড়ো করার কাজটা পুরুলিয়া জেলাতে করতে পারলে আরও ভাল হোতো এবং যে ৩০ লক্ষ টাকা ব্যয় হচ্ছে বাজেটে সেটাকে যদি একটু বাড়িয়ে একটা ডিষ্ট্রিক্টের শিল্পকে বাড়ানো যায় এর জন্য একটু ভেবে দেখবেন কি?

শ্রীনির্মল কুমার বোস : দুটি কারণে বিলম্ব হয়েছিল, তবে আপাততঃ কারণ দুটি দূর হয়েছে। রাজ্যসরকারের শিল্প নিগম এবং সিমেন্ট কর্পোরেশন অফ ইণ্ডিয়ার সাথে যৌথ উদ্যোগে কারখানাটি তৈরী হচ্ছে। ভারতসরকারের সিমেন্ট কর্পোরেশন অফ ইণ্ডিয়া এবং রাজ্য সরকারের ওয়েষ্ট বেঙ্গল ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন যৌথভাবে কাজটি করছে। দ্বিতীয় কথা হোল - বার্ণপুরের কারখানা থেকে মোল্টেন স্ল্যাগ ব্লাষ্ট ফার্ণেস থেকে তোলা হবে এবং এটা ক্রমশঃ হচ্ছে। মাননীয় সদস্য বললেন যে, এটাকে বার্ণপুরে না করে পুরুলিয়ায় করা যায় না? স্ল্যাগ পাবো বার্ণপুরে, সেটা কি পুরুলিয়ায় নিয়ে যাবো? আর শেয়ার ক্যাপিটাল ৮ কোটি টাকার মধ্যে ওয়েষ্টবেঙ্গল ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন দিচ্ছে ৩কোটি ৯২লক্ষ টাকা। এই টাকার মধ্যে ইতিমধ্যে ২ কোটি ৪৬ লক্ষ টাকা দেওয়া হয়েছে। বাকি টাকাটা দেবে সিমেন্ট কর্পোরেশন। এক্ষেত্রে টার্ম লোন আই. ডি. বি. আই. অনুমোদন করেছেন। এখন যা পরিস্থিতি, তাতে কাজ সুরু হয়েছে। এটা পুরুলিয়া জেলার একটা বড় উদ্যোগ। আগামী জুলাই মাস থেকে উৎপাদন সুরু হয়ে যাবে বলে আশা করছি।

শ্রী শান্তিরাম মাহাতো : এক্ষেত্রে সিমেন্ট কর্পোরেশন অফ ইণ্ডিয়া এবং ওয়েষ্ট বেঙ্গল ইণ্ডাষ্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের শেয়ার কত।

শ্রীনির্মল কুমার বোস : সিমেন্ট কর্পোরেশনের শেয়ার ৫১ভাগ এবং রাজ্যসরকারের শেয়ার ৪৯ ভাগ।

ডাঃ সুকুমার রায় : দামোদর সিমেন্ট এ্যাণ্ড স্ল্যাগ লিমিটেড -এর মধুকুণ্ডা প্রপারে কোন লোক নিয়োগ হয়েছে কিনা এবং সেখানে ক্যাজুয়াল লেবার হিসাবে দারোয়ান, গেটকিপার যা নিয়োগ করা হয়েছে-তাদের কলকাতা থেকে সরাসরি নিয়ে যাওয়া হয়েছে স্থানীয় লোকের কথা চিন্তা না করে - এই ধরণের কোন খবর আপনার কাছে আছে কিনা?

শ্রীনির্মল কুমার বোস : যেখানেই কোন কাজ হোক না কেন, স্থানীয় লোক নেওয়া হয়। তবে বাইরে থেকে বিশেষজ্ঞ নেওয়া হয়। তবে পুরুলিয়ার কারখানায় পুরুলিয়ার লোক কাজ পাবেনা — এটা হতে পারে না। এরকম ব্যাপার কোথায়ও হয়না, ওখানেও নিশ্চয়ই হচ্ছে না।

শ্রীআবদুল মান্নান : দামোদর সিমেন্ট কর্পোরেশন এ্যাণ্ড স্ল্যাগ লিমিটেডে সিমেন্ট কর্পোরেশন অফ ইণ্ডিয়ার ৫১ ভাগ শেয়ার আছে বলে বললেন। সিমেন্ট কর্পোরেশন অফ ইণ্ডিয়া ইতিমধ্যে কারখানাটির জন্য কত টাকা বরাদ্দ করেছে?

শ্রীনির্মল কুমার বোস : তাঁদের শেয়ারের পরিমান হচ্ছে ৪ কোটি ৮ লক্ষ টাকা। এরমধ্যে তাঁরা কত টাকা দিয়েছেন সেটা নোটিশ না দিলে বলতে পারছিনা।

শ্রীসুরেন্দ্রনাথ মাঝী : ঐ দামোদর সিমেন্ট এণ্ড স্ল্যাগ লিমিটেড কারখানাটি তৈরী করতে গিয়ে যাঁদের কাছ থেকে জমি নেওয়া হয়েছে, কারখানাটিতে কাজ পাওয়ার ক্ষেত্রে এসব ল্যাণ্ড ল জারদের অগ্রাধিকার দেবেন কিনা?

শ্রীনির্মল কুমার বোস : আমাদের সরকারের নিয়মই রয়েছে যে, এইসব কাজে যাঁদের জমি নেওয়া হবে সেইসব পরিবার থেকে একজন করে লোককে সেখানে কাজ দেওয়া হবে। কাজেই, সেখানেও সরকারী নিয়ম অনুযায়ীই কাজ হবে।

রাজ্যের শিল্প স্থাপনে বিদেশী রাষ্ট্রের সহিত আলোচনা

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৭২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ের সাম্প্রতিক বিদেশ সফর কালে এ রাজ্যে শিল্প স্থাপনের জন্য কোন কোন রাষ্ট্রের সঙ্গে কথা বলেছেন; এবং

(খ) ঐ বিষয়ে আশাব্যঞ্জক কোন সংবাদ আছে কি?

শ্রী নির্মল কুমার বোস :

(ক) ও (খ) : মুখ্যমন্ত্রী মহোদয় এই বৎসর জুলাই মাসে যখন বিদেশ সফর করেন তখন তিনি কোথাও পশ্চিমবঙ্গে শিল্পস্থাপনের কোন প্রস্তাব নিয়ে কারও সঙ্গে কথা বলেন নি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : সম্প্রতি এক বছরের মধ্যে বিভিন্ন সময়ে মাননীয় মুখ্যমন্ত্রী যখন বিদেশে গেছেন, সেই সময়ে—আমরা যতদূর জেনেছি তিনি বৈদেশিক রাষ্ট্রের সঙ্গে এই রাজ্যে শিল্প স্থাপনের বিষয়ে কথা বলেছেন এবং অনাবাসী ভারতীয়দের এই রাজ্যে শিল্প স্থাপনের ব্যাপারে আমন্ত্রণ জানিয়েছেন। এ-ব্যাপারে আপনার বিস্তারিতভাবে জানা আছে কিনা এবং কোন রিপোর্ট দিতে পারবেন কিনা অনুগ্রহ করে জানাবেন কি?

[1-50 — 2-00P.M.]

শ্রীনির্মল কুমার বোস : মাননীয় সদস্য প্রশ্নটা যে ভাবে করেছেন সেই ভাবেই আমি উত্তর দিয়েছি। সম্প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী বিদেশ সফরে গিয়েছিলেন-৯ই জুলাই ভারতবর্ষ থেকে গিয়েছিলেন এবং ৩০শে জুলাই ফিরে এসেছিলেন। সম্প্রতি সফরের কথা বলেছেন, সেই উত্তরে আমি বলেছি তিনি বিদেশে গিয়ে শিল্পপতিদের সংগে নির্দিষ্ট কোন কথা হয় নি। তবে মাননীয় সদস্য এখন আগেকার সফর নিয়ে বলেছেন। তার উত্তরে আমি বলতে পারি তিনি কানাডা এবং ব্রিটেনের অনাবাসী ভারতীয় - নন-রেসিডেন্ট ইণ্ডিয়ানদের অনেকের সংগে পশ্চিমবাংলার শিল্প স্থাপনের ব্যাপার নিয়ে আলোচনা করেন। শুরু তাদের সংগে নয়, সেখানকার অনেক শিল্প সংস্থার সঙ্গে এই ব্যাপার নিয়ে তিনি আলোচনা করেন। তা ছাড়া এখানে শিল্পোনয়নের জন্য কি কি সুযোগ-সুবিধা পাওয়া যাবে এবং এখানকার পরিবেশ সম্পর্কে আলোচনা করেন। এর ফলে আমরা বেশ কিছু সাড়া পেয়েছি। এর ফলে ইতিমধ্যে কিছু অনাবাসী ভারতীয় শিল্প স্থাপনের প্রস্তাব নিয়ে এসেছে এবং কিছু কিছু প্রস্তাব মঞ্জুর করা হয়েছে। তবে কাজ এখনও আরম্ভ হয় নি। পশ্চিমবাংলায় শিল্প স্থাপনে সাথে এখানে কি কি সুযোগ সুবিধা আছে এই সব তথ্য বিদেশে কেউ জানে না, কোন প্রচারের ব্যবস্থা ছিল না। মাননীয় মুখ্যমন্ত্রী এই সব ব্যাপারে আলোচনা করার ফলে ব্যপক প্রচার হয়েছে। এখানে যে শিল্প স্থাপনের পরিবেশ ভাল এটা সকলকে বোঝানো গেছে এবং তার সাড়া পাওয়া গেছে।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : আপনি জানালেন যে বিভিন্ন সময়ে মাননীয় মুখ্যমন্ত্রী এবং আপনি বিভিন্ন বিদেশী রাষ্ট্রের সঙ্গে কথাবার্তা বলেছেন আমাদের রাজ্যে শিল্প স্থাপনের জন্য। আমাদের মুখ্যমন্ত্রী বিদেশে প্রচার করার ফলে এখানে শিল্প স্থাপনের ব্যাপারে বেশ উৎসাহ সৃষ্টি হয়েছে। আমি জানতে চাই যে বিদেশী লগ্নীর ক্ষেত্রে উৎসাহ পাওয়া যাচ্ছে, অনেক ক্ষেত্রে এখানে শিল্প স্থাপনের জন্য কেন্দ্রের অনুমোদনের প্রয়োজন হয়, সেই অনুমোদনের ব্যাপারে কেন্দ্রের সঙ্গে কি যোগাযোগ করেছেন? এই ব্যাপারে কেন্দ্রের মনভাব কি, কতটা উৎসাহ পাওয়া যাচ্ছে এই ব্যাপারে কিছু জানাবেন কি?

শ্রীনির্মল কুমার বোস : আমি আগের এক প্রশ্নের উত্তরে বলেছি এবং আবার বলছি বিদেশী অনাবাসী ভারতীয়দের জন্য অনুমতির প্রয়োজন হয় না। বিদেশী কোন শিল্প সংস্থা কিংবা সরকারীভাবে বিদেশের সঙ্গে অর্থের যোগাযোগ হলে এবং শিল্পে অংশ গ্রহন করলে সেখানে কেন্দ্রের অনুমতির দরকার। কেন্দ্রের সংগে বিভিন্ন সময় আলোচনা করেছি, কোন সময় তাঁরা সমর্থন করেছেন এবং অনুমতি পাওয়া গেছে, কোন সময় পাওয়া যায় নি। তবে অনুমোদন নিয়ে কাজ করতে হয়।

শ্রীঅরুন কুমার গোস্বামী : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই যে বললেন বিদেশী রাষ্ট্রের সঙ্গে আলোচনা হয়েছে, কোন কোন বিদেশী রাষ্ট্রের সঙ্গে আলোচনা হয়েছে?

শ্রীনির্মল কুমার বোস : আমি আগেই বলেছি মাননীয় সদস্য জয়ন্তবাবু যে প্রশ্নটি করেছিলেন সেটা সম্প্রতি সফরের ব্যাপারে অর্থাৎ ৯ই জুলাই থেকে ৩০শে জুলাই পর্যন্ত মুখ্যমন্ত্রীর সফরের ব্যাপারে। তার উত্তরে আমি বলেছি সেই তিনি কোন কথা বলেন নি। আগে সফরে তিনি যে যে রাষ্ট্রের সঙ্গে আলোচনা করেছেন সেই নাম আমি আগেই বলেছি। অতিরিক্ত কিছু যদি জানতে চান তাহলে সেই ভাবে প্রশ্ন করবেন, আমি সেই তথ্য দিয়ে দেব।

শ্রীপ্রভঞ্জন কুমার মণ্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন সেই খবর সম্পর্কে বিভিন্ন পত্রিকায় একটা কনফিউজিং রিপোর্ট আছে। পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী এবং আপনি যে উদ্যোগ গ্রহন করেছেন পশ্চিমবাংলায় শিল্পোন্নয়নের জন্য সেটাকে ব্যহত করার জন্য কিছু প্রভাবশালী গোষ্ঠী চক্রান্ত চালিয়ে যাচ্ছে। এই ভাবে পশ্চিমবাংলার সরকারের তরফ থেকে মুখ্যমন্ত্রী এখানে শিল্পোন্নয়নের জন্য যে চেষ্টা করছেন সেটাকে ব্যহত করার জন্য এই গোষ্ঠী বিদেশী সংস্থার সঙ্গে কথাবার্তা বলছে এবং পশ্চিমবাংলার শিল্পকে ব্যহত করার চেষ্টা করছে এই রকম কোন খবর আপনার কাছে আছে কি?

শ্রীনির্মল কুমার বোস : মাননীয় সদস্য প্রভাবশালী গোষ্ঠী বাধার সৃষ্টি করছে এই কথা বলতে গিয়ে কাদের কথা বলছেন সেটা আমি বুঝতে পারছি না। তবে এই কথা ঠিক যে পশ্চিমবাংলায় শিল্প স্থাপনের কোন চেষ্টা হলে নানা মহল থেকে চেষ্টা করা হয় যাতে এখানে শিল্প স্থাপন না হয়। আমি দেখেছি কেন্দ্রীয় সরকারের কাছে যখন লাইসেন্সের জন্য যায় তখন কেন্দ্রীয় সরকারের কিছু দায়িত্বশীল অফিসার এবং মন্ত্রীরা পর্যন্ত বলেন - পশ্চিমবাংলায় কেন, অন্য জায়গায় করুন তার জন্য আমরা টাকা দেব, লাইসেন্স দেব।

(গোলমাল)

শ্রীনির্মল কুমার বসু : ... কিন্তু পশ্চিমবঙ্গে হলে হবে না, একথা আমরা শুনেছি। এখানে যাতে না হতে পারে সেজন্য তাঁরা চেষ্টা করেন। এটা একটা ঘটনা। এই সব জিনিস হয়।

(গোলমাল)

শ্রীগোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, সম্প্রতি আমাদের ভারতবর্ষের শিল্পপতিরা পশ্চিমবাংলায় শিল্প স্থাপন করতে আগ্রহ প্রকাশ করছেন না; এবং সম্প্রতি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বিদেশে ভারতীয় বংশোদ্ভব শিল্পপতি আছেন, তাঁদের সঙ্গে এখানে শিল্প স্থাপনের জন্য আলোচনা করেছেন—তাঁরা কি এখানে শিল্প স্থাপনের ব্যাপারে এই ধরণের মতামত প্রকাশ করেছেন যে, এখানে শিল্প স্থাপনের পরিবেশ নেই, না, শিল্প স্থাপনের সম্ভাবনা আছে ?

শ্রীনির্মল কুমার বসু : তাঁরা এখানে শিল্প স্থাপনের সম্ভাবনা আছে বলেই মত প্রকাশ করেছেন এবং যাঁদের সঙ্গে কথাবার্তা হয়েছে, তাঁদের মধ্যে অনেকেই পশ্চিমবঙ্গের বর্তমান পরিবেশ শিল্প স্থাপনের পক্ষে অনুকূল বলে মত প্রকাশ করেছেন। শুধু তাই নয়, তাঁদের মধ্যে অনেকেই শিল্প স্থাপনের জন্য এখানে এসেছেন এবং কেউ কেউ ইতিমধ্যে কাজও শুরু করে দিয়েছেন।

২৪-পরগনা জেলায় চন্দ্রকেতুগড় সংগ্রহশালা

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬২।) **শ্রীনীরোদ রায়চৌধুরী :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার বেড়াচাঁপায় চন্দ্রকেতুগড়ে প্রাপ্ত প্রত্নবস্তু নিয়ে সংগ্রহশালা তৎসহ রেস্টহাউস স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, উপরি-উক্ত পরিকল্পনা করে নাগাত বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

শ্রী প্রভাস চন্দ্র ফদিকর :

(ক) চন্দ্রকেতুগড় প্রত্ন অঞ্চলে একটি আঞ্চলিক মিউজিয়াম স্থাপনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে। কিন্তু তৎসহ রেস্ট হাউস স্থাপনের কোন পরিকল্পনা এই দপ্তরের নেই।

(খ) স্থান নির্ধারণ-পর্ব সমাপ্ত হলেই এই মিউজিয়াম স্থাপনের কাজ শুরু হবে।

শ্রীনীরোদ রায় চৌধুরী : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে, স্থান নির্দ্ধারণ এখনও পর্যন্ত হয় নি। বেড়াচাঁপার এই চন্দ্রকেতুগড় হাজার হাজার বছর আগে প্রতিষ্ঠিত। কিছুদিন আগে একানে খননকার্য চালানো হয়েছিল, এও আমরা দেখেছি। কি কারণে তা বন্ধ হল তা আমাদের জানা নেই। আপনি কি বলবেন যে ওই গড়টি যেহেতু বেড়াচাঁপাতে অবস্থিত, সেইহেতু এখানে ওটি প্রতিষ্ঠিত হবে না ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : প্রশ্নের উত্তরে বলা হয়েছে যে চন্দ্রকেতুগড় প্রত্নতত্ত্ব অঞ্চলে পড়ে - একটা ভৌগোলিক অঞ্চলে কোন জায়গা আছে, এ বিষয়ে যাঁরা বিশেষজ্ঞ তাঁদের মতামত দরকার আছে। প্রসঙ্গিক সূত্রে সেই স্থান নির্ধারণ হয়ে গেলেই পরবর্তী প্রাসঙ্গিক কাজ শুরু হবে।

শ্রীনীরোদ রায় চৌধুরী : এই কাজটি শুরু হতে কতদিন সময় লাগবে ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : স্থান নির্ধারণের পর আনুষঙ্গিক প্রাসঙ্গিক কাজ শুরু হবে।

শ্রীসুব্রত মুখার্জী : বেড়াচাঁপার চন্দ্রকেতুগড় প্রথমিক ভাবে এক্সক্যাভেসান হওয়ার পর বিশেষজ্ঞরা বলেছেন যে, সেটা বিজ্ঞান-ভিত্তিক হয়নি এবং সেজন্য পেগিং এবং পেষ্টপন করে দেওয়া হয়। পরবর্তী পর্যায়ে সেণ্ট্রাল আর্কোলজিক্যাল ডিপার্টমেণ্ট থেকে প্রত্নতাত্ত্বিক সন্ধানের জন্য এক্সক্যাভেসানের কোন সিদ্ধান্ত নিয়েছেন কি ?

শ্রীপ্রভাস চন্দ্র ফদিকার : প্রশ্নটি সংগ্রহশালা স্থাপন বিষয়ক। বহু পূর্ব থেকেই বিভিন্ন সংস্থার উদ্যোগে ওখানে খননকার্য শুরু হয়েছে বিভিন্ন সময়ে। বিভিন্ন সময়ে আবার স্থগিতও হয়েছে। আপাতত সরকারের কোন পরিকল্পনা নেই।

Starred Questions
(To which answers were laid on the table.)

বনে জঙ্গলে নিশ্চিহ্নপ্রায় পশু সংরক্ষণ

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৪।) **শ্রীহিমাংশু কুঙর :** বন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলার বন-জঙ্গলে কোন্ কোন্ পশু নিশ্চিহ্ন হওয়ার মুখে;

(খ) উক্ত প্রজাতিসমূহকে রক্ষা করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ;

(গ) বর্তমানে কুমীর প্রজাতিকে রক্ষা কোন সমস্যা আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে উক্ত সমস্যাটা কি?

Minister of State-in-charg of the Forests Deptt :-

(ক) ভারতসরকার কর্তৃক প্রস্তুত সর্ব্বাধিক বিপদাপন্ন পশুদের একটি তালিকা বন্য প্রাণী সংরক্ষন আইন, ১৯৭২ এর ১নং তপশীলে দেওয়া আছে। তদনুসারে পশ্চিমবঙ্গে বিপদাপন্ন পশুদের একটি তালিকা দেওয়া হল।

(খ) উক্ত প্রজাতিসমূহকে রক্ষা করিবার জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে :-

১। পনেরটি অভয়ারন্য ; একটি জাতীয় উদ্যান (সুন্দরবন); একটি ব্যাঘ্রপ্রকল্প (বক্সা); চারটি মৃগ উদ্যান; একটি মৃগ গবেষণা কেন্দ্র (সল্টলেক) এবং একটি কুমীর প্রজনন কেন্দ্র (ভগবতপুর-২৪-পরগণা) মোট তেইশটি উদ্যোগ গ্রহণ করা হইয়াছে;

২। ইং ১৯৭৩ সাল হইতে সমগ্র পশ্চিমবঙ্গে বন্য প্রাণী সংরক্ষণ আইনের তপশীল অন্তর্ভূক্ত সমস্ত পশুপক্ষী, সরীসৃপ ইত্যাদি শিকার নিষিদ্ধ ঘোষণা করা হইয়াছে।

৩। অবৈধ হত্যা নিবারণের জন্য সরকারী কর্মীদের দায়িত্ব দেওয়া আছে।

৪। অবৈধ হত্যার খবর প্রদান কারীকে পুরস্কার দেওয়ার ব্যবস্থা আছে।

৫। উপযুক্ত প্রচার মাধ্যমে জনগনকে সচেতন করা হইতেছে।

৬। সশস্ত্র প্রহরী নিয়োগ করিয়া বনাঞ্চলে টহলদারীর ব্যবস্থা হইয়াছে।

৭। অবৈধ হত্যা রোধের জন্য দূর্গম বনাঞ্চলে বিভিন্ন অংশের সহিত বেতার যোগাযোগের ব্যবস্থা করা হইয়াছে।

৮। পুলিশের সাহায্যে সন্দেহজনক স্থানে তল্লাসীর ও ধরপাকড়ের ব্যবস্থা এবং ক্ষেত্রবিশেষে আগ্নেয়াস্ত্রাদি বাজেয়াপ্ত করা হইতেছে।

৯। স্থানীয় এম, এল, এ, পঞ্চায়েত সদস্য এবং জেলাস্তরের বিভিন্ন আধিকারিকদের লইয়া কমিটি গঠন করা হইয়াছে।

১০। অভয়ারন্যের চারিপার্শ্বের ভূমিহীন ও দরিদ্র কৃষকদের অর্থনৈতিক উন্নতির জন্য প্রকল্প লওয়া হইয়াছে।

১১। বন্যপ্রাণী এবং বন্যপ্রাণী উদ্ভূত সামগ্রী প্রভৃতি রপ্তানী ও ব্যবসা নিয়ন্ত্রনাধীন করা হইয়াছে।

১২। ব্যাঘ্র প্রকল্পে পালিত শূকর বাঘের খাদ্য হিসাবে সরবরাহ করা হইতেছে।

(গ) হ্যাঁ, আছে।

(ঘ) উক্ত সমস্যাগুলি এইরূপ :-

১। এগুলির সংখ্যা বহুল পরিমাণে কমিয়া যাওয়ায় উপযুক্ত প্রজননের সমস্যা দেখা দিয়াছে।

২। মাছ ধরার নাইলন জালে কুমীরগুলি ধরা পড়ে ও মারা যায়।

৩। ইহারা যেসব ডিম্ব প্রসব করে সেইসব ডিম্ব মানুষে এবং জন্তুরা বিনষ্ট করে।

Statement referred to in reply to clause (a) of starred question no. 121

'a'

Revised list of Schedules to the Wild Life Protection Act, 1972 coming into force from 2.10.1980.

SCHEDULE-I

Part-I Mammals :

1. Cetacean Spp.
2. Clouded Leopard (Neofelis nebulosa)
3. Fishing Cat (Felis viverrine)
4. Flying Squirrels (all species of the genus Hylepetes. petaurists, Belomys & Eupetaurus)
5. Himalayan Thar (Hemitraqus jemlahicus)
6. Hispid Hare (Caprelagus hispidus)
7. Indian Elephant (Elephas maximus)
8. Indian wolf (Canis lupus pallipes)
9. Leopard or panther (Panthera pardus)
10. Leopard Cat (Felis bengalensis)
11. Lesser or Red panda (Allurus fulgens)
12. Pangolin (Manis crassicaudata)
13. Pyomy Hog (Sus salvanius)
14. Rhinoceros (Rhinoceres unicornis)
15. Serow (Capricornis sumatraensis)
16. Tiger (Panthera tigris)

Part-II : Amphibians and Reptiles

1. Agra Moniter Lizard (Varanus griseus Daudin)
2. Barred, Oval or Yellow Moniter Lizard (Varanus flavescens)
3. Crocodilus poresus
4. Ganges soft-shelled turtule (Trionyx gangeticus)
5. Himalayan Newt or Salamandar (Tylctotriton verrucosus)

6. Indian soft-shelled Turtle (Lissemys punctata punctata)
7. Large Bengal Monitor Lizard (Varanus bengalensis)
8. Olive Back Logger Head Turtle (Lepidochelys olivaces)
9. Pythons (Genus Pythen)
10. Water Lizard (Varanus salvator)

Part- III : Birds

1. Bengal Florican (Eupodotis bengalensis)
2. Great Indian Hornbill (Buceros bicornis)
3. Hornbills (Pailolaemus tickelli austeni, Aceros nipalensis, Rhyticeros undulatum ticchursti)
4. Large Falcons (Falco peregrinus, Falco biarmicus and Falco Chicquera)
5. Large Whistling Teal (Anatidae)
6. Monal pheasants (Laphophorus impeyanus, L. sclateri)
7. Mountain Quail (Ophrysia Superciliosa)
8. Ospray or Fish-eating Eagle (Pandion haliatetus)
9. Peacock Pheasant (Polyplectron bicalcaratum)
10. Peafowl (Pavo cristatus)
11. Tragopan pheasants (Tragopan melanocephalus, Tragopan blythil, Tragopan satyra, Tragopan temmincki)
12. White bellied Sea Eagle (Haliactus leucogaster)
13. White Spoonbill (Platales leucorodia)

জেলায় রবীন্দ্র ভবনগুলির রক্ষণাবেক্ষণ

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৩।) **শ্রীনটবর বাগ্দী :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) জেলার রবীন্দ্র ভবনগুলোর রক্ষণাবেক্ষণের জন্য কোন নির্বাচিত কমিটি আছে কিনা ;

(খ) এ পর্যন্ত কয়টি জেলায় এই ধরনের ভবন বা হল নির্মিত হয়েছে ;

(গ) উক্ত রবীন্দ্র ভবনগুলি হইতে সরকারের এ পর্যন্ত কত টাকা আয় হয়েছে ; এবং

(ঘ) প্রত্যেক মহকুমা শহরে এ ধরনের ভবন নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ?

Minister of State-in-chatrge for the Information and cuttural Affairs Deptt :

বেসরকারী উদ্যোগে নির্মিত রবীন্দ্র ভবনগুলি বেসরকারী উদ্যোগে পরিচালিত হয়। সরকারী তত্ত্বাবধানে পরিচালিত রবীন্দ্র ভবনগুলি পরিচালনার জন্য সরকার কর্তৃক গঠিত উপদেষ্টা কমিটি আছে।

সরকারী সূত্রে প্রাপ্ত তথ্য অনুযায়ী বেসরকারী ও সরকারী উদ্যোগে দুটি জেলা বাদে সমস্ত জেলাতেই রবীন্দ্র ভবন নির্মিত হয়েছে। পশ্চিমদিনাজপুর ও হাওড়া জেলায় যথাক্রমে দুটি এবং একটি রবীন্দ্র ভবন বেসরকারী উদ্যোগে নির্মীয়মান। কোন রবীন্দ্রভবন থেকেই সরকারের সরাসরি কোন আয় হয় না।

আমেরিকার শিল্প মেলায় রাজ্যের অংশগ্রহণ

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬২।) **শ্রীসুভাষ গোস্বামী :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানবেন কি–

(ক) ইহা কি সত্য যে, আমেরিকায় প্রস্তাবিত শিল্প মেলায় অংশগ্রহণ করার জন্য ভারত সরকার পশ্চিমবঙ্গ রাজ্য সরকারকে মনোনীত করিয়াছিলেন ;

(খ) সত্য, হইলে, উক্ত শিল্প প্রদর্শনী বাবত রাজ্য সরকার কত টাকা ব্যয় করিয়াছেন ; এবং

(গ) উক্ত ব্যয়ভারের কেন্দ্রীয় ও রাজ্য সরকারের অংশ কিরূপ ?

'Minister-in-charge for the Commerce and Industries Deptt :

(ক) ঠিক নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

কাঁথি মহকুমার লবণ কারখানা

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৯।) **শ্রীপ্রশান্তকুমার প্রধান :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার বর্তমানে কতগুলি লবণ কারখানা আছে ; এবং

(খ) উক্ত কারখানাগুলির মধ্যে (১) কতগুলি সরকারী এবং (২) কতগুলি ব্যক্তিগত মালিকানায় চলছে?

Minister-in-charge forthe Commerce and Industries Deptt :

(ক) কাঁথি মহকুমার ১৬টি লাইসেন্স প্রাপ্ত লবন তৈয়ারীর কারখানা আছে।

(খ) (১) একটিও নয় ;

এবং

(২) সবগুলিই ব্যক্তি গত মালিকানায় চলছে, তম্মধ্যে দুইটি লিমিটেড কোম্পানী এবং একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী।

উত্তরবঙ্গে ফ্রুট প্রসেসিং কারখানা

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৮।) **শ্রীমনোহর তিরকী :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গে মোট কয়টি ফ্রুট প্রসেসিং কারখানা আছে এবং তাতে কি কি ফলের প্রসেস করা হয় ; এবং

(খ) উক্ত প্রসেসড ফ্রুট বিদেশে রপ্তানি করে বৎসরে আনুমানিক কত টাকার বিদেশী মুদ্রা উপার্জন করা হয় ?

Minister-in-charge forthe Commerce and Industries Deptt :

(ক) উত্তরবঙ্গে বৃহৎ ও মাঝারি শিল্প প্রকল্পের আওতায় হয়। দুটি ফ্রুট প্রসেসিং (Fruit Proccssing) কারখানা স্থাপনের জন্য অনুমতিপত্র পাওয়া গেছে। প্রস্তাবিত এই দুটি কারখানায় প্রধানতঃ আনারস ও আম প্রসেসিং করা হবে। এ ছাড়া কমলালেবু এবং টম্যাটো থেকেও কিছু প্রসেসিং করা হবে।

(খ) উক্ত সংস্থা দুটির কোন রপ্তানী প্রস্তাব বর্তমানে নাই।

[2.00–2.10P.M.]

Adjournment Motion

Mr. Speaker : Today I have received three notices of Adjournent Motion. The first is from Shri Ashoke Ghosh on the subject of acute power crisis in the state. The second is from Shri Abdual Mannan on the subject of disruption of normal life and activities in the State due to severe power cut and the last is from Shri Samar Mukherjee on the subject of deplorable condition of Ratua-Chanchal Road in the Malda district.

The Subject matter of the motions do not warrant adjournment of the business of the House. The Members may call the attention of the Ministers concerned through Calling Attention, Mention etc. I, therefore, withhold my consent to all the motions.

One member of the party may, however, read out the text of the motion as amended.

শ্রীঅশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদন ব্যর্থতার জন্য ছোট ছোট শিল্প ব্যবসায়ীরা প্রচণ্ডভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে এই লোড-শেডিং এর দাপটে দৈনন্দিন জীবনযাত্রা বিপর্যস্ত। হাসপাতালগুলির অবস্থা আরও সঙ্গীন, এমন কি ট্রেন ও ট্রামকেও এর আভাবে থেমে যেতে হচ্ছে।

CALLING ATTENTION

Mr. Speaker : I have received 8 notices of calling Attention, namely :-

1. Measures taken to save the Jute Growers of West Bengal Shri Gour Chandra Kundu.
2. Alleged eating up of a still born baby by dog at Raigung Hospital, West Dinajpur on 3. 9. 85-Dr. Manas Bhunia
3. Alleged murder of Bachha Singh, Commissioner of Halisahar Municipality, 24-Parganas on 24th May, 1985-Shri Jagadish Ch. Das
4. Damage of Khariff Crops in Kandi, Murshidabad-Shri Bankim Tribedi
5. Conversion of "To-Bazar" into Super Market at Bongaon Shri Bhupendra nath Seth
6. Assault of a Lady of Chinsura at Lalbazar Police Head Quarters on 9.9.1985-Shri Dhirendra Nath Sarkar
7. Uncertainty about Mejia Thermal power Project-Shri Anil Mukherjee
8. Discontinuance of Interview Call through employment exchange to the educated unemployed youths already in receipts of loan under Self Employment Scheme-Shri Samar Mukherjee

I have selected the notice or Shri Jagadish Chandra Das on the subject of alleged murder of Bachha Singh, Commissioner of Halisahar Municipality, 24 Parganas on 24th May, 1985.

The Minister-in-charge will please make a statement today if possible or give a date.

Shri patit Paban Pathak : ১৮ তারিখে।

Mr. Speaker : Now, I request the Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of reported attack on Dr. Kiran Chaudhuri, MLA on the 29th August, 1985 by some anti-social elements. (Attention called by Shri Kashi nath Misra, Shri Amarendra Nath Bhattacharya, Shri Asok Ghosh, Shri Anup Kumar Chandra and Dr. Susovan Banerjee on the 3rd September, 1985)

Shri Jyoti Bose :

Mr. Speaker, Sir,

I rise to make the following statement with reference to the Calling Attentiomn Notices given by Sarvashree Anup Chanda, Kashinath Mishra, Ashoke Bose, Amarendranath Bhattacharyya, and Dr. Susovan Banerjee, Hon'ble Members, on the incidnts of attack and assault on Dr. Kiron Chowdhury, M. L. A. on the 29th August, 1985.

Dr. Kiron Chowdhury, M.L.A. of P-112, Lake Town filed a written complaint to the Officer-in-Charge, Lake Town Police Station on the 29th August, 1985, over this incident. On the basis of this complaint, Lake Town P.S. Case No. 35 dated 29.8.85, under Section 147/148/323/379 of IPC and 6(3) of I.E. ACt was started. A detailed enquiry was made and the position, as it emerges, based on the complaint of Dr. Chowdhury and the results of enquiry, is as follows :

On the 29th August at about 9.45 A.M., Constable Bholanath Burman, Security Guard of Dr. Kiron Chowdhury, M.L.A. went to the crossing of Jessore Road and Lake Town link road to hire a taxi for use of Dr. Chowdhury. At about 10.30 hours, the Security Guard found a taxi and asked the driver if he would go to Shyambazar on hire.The driver agreed to go after taking tea. The Security Guard waited for about half an hour and asked the driver again to go, but the latter refused. By this time, Dr. Chowdhury arrived there and asked the driver as to why he would not go to Shyambazar and according to him the driver pleaded his inability to go as his car was out of order. An alteration ensued and the Security Guard was surrounded by the supporters of the taxi driver. They abused the Security Guard and asked him who he was and the Guard showed his revolver and said he was a policeman. This led to further excitement and the crowd started pushing and abusing the M.L.A. and the Security Guard. When the Security Guard tried to move away as advised by Dr. Chowdhury, a number of people chased him with rods, brickbats and bombs. The Security Guard received splinter injuries on his right foot. He fired two rounds in the air to disperse the mob. Thereafter, he ran to the Lake Town P.S. and at about 10.45 hours informed the Duty Officer of the incident. It is learnt that one girl, Sushmita Mitra received bullet injury and she was removed to R.G.Kar Hospital.

An Officer of the Lake Town P.S. immediately rushed to the spot with force. A section of local people with the help of the Police helped the M.L.A. to go to the Police Station; but before this, the had torn his clothings and manhandled him. It is reported that his purse containing Rs.600/- in cash and a bearer cheque was taken away by the mob and his spectacles were damaged.

The M.L.A. got himself treated by a doctor. According to him, the M.L.A. sustained injury on the forehead with bleeding and haemotoma. He had also sustained multiple abrasions in the upper chest. It further appears that at the time of disturbance, Shri Dipak Chowdhury, son of the M.L.A. who tried to intervene was also assaulted, resulting in simple injury on his lips, backside of the car and the check. Shri shyam Gopal Goswami, brother-in-law of the M.L.A. who also went to rescue the M.L.A. was not assaulted.

Enquiries revealed that no bomb was hurled at the M.L.A. 's house, but a few brickbats were thrown. There is no evidence that his house was ransacked or that any section of the mob entered his house.

Dr. Chowdhury had also written to me about this incident. Enquiries have been conducted under supervision of superior officers in the district. Four persons including one named in the F.I.R. have been arrested so far. These persons are stated to be ill-reputed and have no political bearing. All the arrested persons are now in Jail custody. F.I.R. named persons are also reported to be roughs without any political bearing and special drives are being conducted for arresting the remaining F.I.R. named persons. Attempts are also being made to trace the taxi driver involved in this incident.

Police Pickets and petrols have been introduced, in Lake Town, Bangur and Belgachia areas. From June to August, 1985, there were certain incidents including murder of one Dilip Saha, a CPI(M) supporter. Specific cases have been started in respect of the different incidents. Thirty-four persons have been arrested in specific cases and one hundred and ten persons were arrested under Preventive Sections of law by the Lake Town P.S.,

Shri Rajesh Khaitan : স্যার, এটা সার্কুলেট করা হোক।

Mr. Speaker : Copy will be circulated

MENTION CASES

[2.10-2.20P.M.]

শ্রীমতী অপরাজিতা গোপ্পী : স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি মাননীয় প্রাথমিক এবং উচ্চ শিক্ষা মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহার শহরে সুনীতি একাডেমী নামে একটি ঐতিহ্যবাহী মহিলা বিদ্যালয় আছে। উনবিংশ শতাব্দীর শেষে যখন নারী শিক্ষার আন্দোলন শুরু হয় তখন দেখা যায় বেথুন স্কুলের পর এই বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। মহারানী সুনীতি দেবীর তত্ত্বাবধানে এটি হয়। এই বিদ্যালয়টির ১০০বছর পূর্ণ হয়েছে কিন্তু দুঃখের বিষয় এই বিদ্যালয়টি নানা দিক থেকে ধ্বংসের পথে যাচ্ছে। প্রধানা শিক্ষীয়ত্রী দীর্ঘদিন ধরে এই বিদ্যালয়ে নেই। একজন প্রাক্তন ছাত্রী হিসেবে এই পরিনতি দেখে আমি মর্মাহত। প্রধানা শিক্ষয়ত্রী ছাড়াও ১৩টি পদ এখানে খালি পড়ে আছে। সেখানে একাদশ ও দ্বাদশ শ্রেণীতে যেসব পার্ট টাইম শিক্ষকরা ক্লাস নিতেন তাঁদের ক্লাস নেয়া বন্ধ হতে চলেছে এর ফলে একাদশ ও দ্বাদশ শ্রেণীও বন্ধ হতে চলেছে। কিছুদিন আগে কুচবিহারে যে অত্যন্ত ঘূর্নি ঝড় হয় তাতে লাইব্রেরীর এমন ক্ষতি হয় যে প্রচুর ভাল ভাল বই নষ্ট হয়ে যায়। এই রকম ঔদাসীন্যের জন্য আমি অত্যন্ত মর্মাহত। শুধু তাই নয় এখানে প্রধানা শিক্ষয়িত্রীর যে একটা কোয়ার্টার ছিল সেই কোয়ার্টার ধ্বংস হয়েছে সমাজ বিরোধীদের দ্বারা। তারা এখান থেকে ইট, টিন, দরজা জানালা সমস্ত নিয়ে যাচ্ছে এবং সেখানে সমাজ বিরোধীদের আড্ডা হয়েছে। কুচবিহার শহরের উপর এই ঘটনাগুলি চলা কালীন বিভিন্ন সংবাদপত্রে এই বিদ্যালয় সম্পর্কে অনেক তথ্য প্রকাশিত হচ্ছে। আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর কাছে বিনীত আবেদন করছি এই ঐতিহ্যপূর্ণ বিদ্যালয় যে বিদ্যালয়টি ১০০ বছর পূর্ণ হয়েছে সেই বিদ্যালয় সম্পর্কে তিনি যেন আবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীআতাহার রহমান : মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্টের আমলে পশ্চিমবঙ্গে কয়েকটি কলেজ স্থাপিত হয়েছে, তার মধ্যে মুর্শিদাবাদ জেলায় ইসলামপুর বলে একটা জায়গায় একটা কলেজ হয়েছে এবং সেই কলেজ থেকে গ্রামের ছেলেরা যারা পড়াশুনা থেকে বঞ্চিত ছিল তারা ইতিমধ্যে পরীক্ষা দিয়ে দুবার উত্তীর্ণ হয়েছে। কিন্তু দুঃখের বিষয় কলেজে যে নির্বাচন হয়েছে সেখানে সি.পি.র

ছেলেরা জিতেছে, তারা শতকরা ২৫ ভাগ ছাত্র ভর্তি করার সুযোগ যাতে পায় এই দাবীতে আন্দোলন করে সেই কলেজ বন্ধ করে দেওয়ার চেষ্টা করছে। এই সমস্যা সমাধান করার জন্য আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীভূপেন্দ্র নাথ শেঠ : মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। উত্তর ২৪ পরগণা জেলার

বনগাঁ মহকুমায় শতকরা ৭০ ভাগ মানুষ এগ্রিকালচারের উপর নির্ভরশীল। ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প সেখানে আছে। সেখানে বিদ্যুত সরবরাহের যে ব্যবস্থা সেই ব্যবস্থা এত আশ্চর্যজনক যে অশোক নগরে মেন সাবস্টেশন করে বসিরহাট এবং বনগাঁয় দুটো ট্রান্সফর্মার বসান আছে। দীর্ঘদিন যাবত বসিরহাটের ট্রান্সফর্মার খারাপ হয়ে যাওয়ার বনগাঁর ট্রান্সফর্মারের উপর নির্ভর করে বনগাঁ এবং বসিরহাট একসঙ্গে পরিচালনা করছেন। এর ফলে বনগাঁ এবং বসিরহাটে সমস্ত বিদ্যুত ব্যবস্থা ভেঙ্গে পড়ার মত উপক্রম হয়েছে। আমি আপনার মাধ্যমে সুষ্ঠু তরান্বিত বণ্টন ব্যবস্থা গড়ে তোলার জন্য আবেদন রাখছি। স্যার, আপনি জানেন লোড শেডিং পশ্চিমবঙ্গে বিরাট আকার ধারণ করেছে, তার উপর বিদ্যুতের যেসমস্ত কর্মচারী আছে তাদের অব্যবস্থার জন্য আজকে বনগাঁয় বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। সেখানে স্কুল কলেজের ছেলেরা বিদ্যুতের অভাবে পড়াশুনা করতে পারছে না। গ্রামবাংলায় কেরোসিন তেলের অভাব, বিদ্যুত কর্মচারীদের অব্যবস্থার জন্য বিদ্যুত ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। যে সমস্ত অফিসার আছে তাদের অধীনস্থ যেসমস্ত বিদ্যুৎ কর্মচারী আছে তারা অফিসারদের কথা শুনছে না। সেজন্য আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেখানে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হয়।

শ্রীসুনীল দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উচ্চশিক্ষা মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন ঝাড়গ্রাম মহকুমা একটি অনগ্রসর মহকুমা। এই মহকুমায় সাঁকরাইল, মায়াপুর এবং গোপিবল্লভ পুরে উচ্চ শিক্ষার কোন রকম ব্যবস্থা নেই এবং তার ফলে এই এলাকার ছেলেমেয়েরা উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। আমার অনুরোধ হচ্ছে অবিলম্বে গোপিবল্লভপুর ব্লক নাম্বার টুতে একটি মহাবিদ্যালয় স্থাপন করে বাংলা, বিহার উড়িষ্যার সীমান্তবর্তী এলাকার ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার ব্যবস্থা করা হোক। আমি আশাকরি উচ্চশিক্ষা মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী এই বিষয়ে দৃষ্টি দেবেন।

শ্রীঅবনী ভূষণ সতপথি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বার্থে গুরুত্বপূর্ণ একটি বিষয়ের প্রতি গ্রামীণ জল সরবরাহ মন্ত্রী, পৌরমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঝাড়গ্রামে জল সরবরাহ করাবার জন্য কংশাবতী নদী থেকে জল এনে যাতে সরবরাহ করা যায় তারজন্য কয়েক বছর আগে কমপ্রিহেনসিভ ওয়াটার সাপ্লাই স্কীম বলে একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। গত ২৯.৪.৮৫ তারিখে শুনলাম ডিস্ট্রিক্ট একজিকিউটিভ ইঞ্জিনিয়ার বলেছেন মূল পরিকল্পনা এ্যাবানডান করা হয়েছে। আমি বুঝতে পারছিনা একটা খরা পীড়িত এলাকায় জল সরবরাহ করবার জন্য সরকার যে দীর্ঘস্থায়ী পরিকল্পনা গ্রহণ করেছিলেন সেটা কার মর্জিতে স্থগিত রাখা হল। অবশ্য এর পরিবর্তে শুনছি ৫টি ডিপ টিউবওয়েল খনন করে নাকি জল সরবরাহের ব্যবস্থা করা হবে। কিন্তু তাতে তো সমস্ত এলাকা কভার করবেনা এবং যেভাবে পরিকল্পনা করা হয়েছে সেটা একটা

দায়িত্ব জ্ঞানহীনতার পরিচয়। কাজেই আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়, পৌরমন্ত্রীমহাশয় এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি যাতে মূল পরিকল্পনা চালু থাকে।

শ্রীসামসুদ্দীন আমেদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অদ্ভুত ব্যবস্থাপনা যেটা বর্তমানে হওয়া সম্ভব ছিলনা। সেটা হচ্ছে আমাদের মালদহের বেলায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন মালদহ জেলার প্রাথমিক শিক্ষকরা এবং প্রাথমিক শিক্ষা কর্মীরা গত মাসের মাইনে ৯ তারিখ পর্যন্ত পায়নি এবং মাইনে না পাবার কারন অদ্ভুত। ওখানকার ডি. আই কাউকে চার্জ না দিয়ে অন্যত্র কাজে যোগদান করেছেন এবং তার ফলে শিক্ষক এবং কর্মচারীদের মাইনে হলনা। মাইনে দেবার কোন লোক নেই এটা একটা অদ্ভুত কথা। শিক্ষক এবং কর্মীরা মাইনের দাবীতে অবস্থান করছে এবং সেকেণ্ডারী ডি. আই-ও নেই। জানিনা তিনি ভয়ে পালিয়ে গেছেন কিনা। ওখানে এখন তালা ঝুলতে এবং ডি. এম বলছেন শিক্ষকদের ব্যাপারে আমি কি বলব? আমি তো বুঝতে পারছিনা একজন ডি. আই যদি ট্রান্সফার হয় তাহলে শিক্ষা কর্মী এবং আর্বান শিক্ষকরা কেন তাঁদের মাইনে পাবেননা? আমি আপনার মাধ্যমে দাবী করছি অবিলম্বে তাদের মাইনের ব্যবস্থা করা হোক।

শ্রীঅনন্ত কুমার বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অর্থমন্ত্রী এবং সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আর্কষণ করছি। আমি শুনলাম আর এল ই জি পি প্রোগ্রামে রাজ্য সরকার ১৯৮৪/৮৫ সালের আর্থিক বছরে কেন্দ্রের কাছে ৫৪ কোটি টাকা দাবী করেছিল এবং ওই আর্থিক বছরে কেন্দ্রীয় সরকার ২৩ কোটি টাকা দিতে রাজী হন। কিন্তু দেখা যাচ্ছে ১৯৮৫-৮৬ আর্থিক বছর শেষ হতে চলেছে, রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের দেয় টাকার মাত্র ৮ কোটি টাকা খরচ করতে পেরেছেন এই আর আই ই জি পি স্কীমে। এই যদি ঘটনা হয় তাহলে এর জন্য কে দায়ী, জেলা পরিষদ, কি অধীনস্থ দপ্তর দায়ী সেটা আমাদের বলুন। কেনই বা এর ব্যবস্থা করতে পারছেন? এর উপর গ্রামীন অর্থনীতি নির্ভর করছে।

[2.20–2.30 P.M.]

শ্রীঅম্বিকা ব্যানার্জি : মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৩/৪/৮৫ তারিখ থেকে হাওড়ায় অবস্থিত বালি জুট মিলটি মালিক পক্ষ বেআইনীভাবে লক আউট ঘোষণা করেছে পুলিশ বাহিনীর উপস্থিতিতে। এই মালিক কর্তৃপক্ষ প্রায় ১৩০০ শ্রমিককে ছাঁটাই করেছে। বর্তনাম পরিষদীয় মন্ত্রী এম. এল. এ সেই মিলের সি. আই টি. ইউ-এর সভাপতি। তিনি সম্পূর্ণ উদাসীন হয়ে আছেন। এর সঙ্গে প্রায় ৫ হাজার শ্রমিক জড়িত। কিছু দিন আগে একটি শ্রমিক দারিদ্রতার জ্বালা সহ্য করতে না পেরে ট্রেনের তলায় আত্মহত্যা করেছে। বহু শ্রমিকের বাড়ীর মেয়েরা এমন কি দেহ বিক্রয় করতে বাধ্য হচ্ছে। অথচ আমাদের পরিষদীয় মন্ত্রী এই সব জেনেও কিছু করছেন না। তাই আমি শ্রম মন্ত্রীর কাছে অনুরোধ এতবড় একটা ঐতিহ্যমণ্ডিত পুরানো মিল কেন বন্ধ হয়ে আছে সে সম্বন্ধে তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা নিন। এবং পরিষদীয় মন্ত্রী আছেন তিনি সি. আই. টি ইউ-এর সভাপতি তাঁর কাছেও অনুরোধ ঐ ৫ হাজার শ্রমিককে আপনি অনাহার থেকে বাঁচান।

শ্রীশিব প্রসাদ দলুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। খণ্ডকোশ থানার বৃদ্ধ কৃষকরা অনেক দিন থেকে পেনসন পাচ্ছে না। সরকারী অফিসে যোগাযোগ করা সত্ত্বেও কোন ফল হয় নি। এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবঙ্কিম ত্রিবেদী : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন দক্ষিণ বাংলার অনেক এলাকার এখন খরা চলছে এবং মুর্শিদাবাদ জেলার কাঁদি মহকুমাও খরাপ্রবন এলাকা। সেখানে বৃহত্ সেচের কোন পরিকল্পনা নাই। ক্ষুদ্র সেচের ব্যবস্থা আছে আর এল আই-এর সাহায্যে সেচ ব্যবস্থা আছে। কিন্তু সেখানে যারা কাজ করে তাদের অপারেটার -কাম-মেকানিক বলা হোত। হাইকোর্টের রায় অনুযায়ী এখন তাদের নাম এস. এ. ই হয়েছে। ফলে তারা আর এসব কাজ করছে না। এবং তাদের অন্য কোন জায়গাতেও ট্রান্সফার করা হয়। ফলে তৈরী ফসল নষ্ট হয়ে যাচ্ছে। এই পরিকল্পনা ১৯৭৮ সাল থেকে চালু হয়েছে। কিন্তু সেখানে কোন দেওয়া হয় নি। ২/৩টি পরিকল্পনার কাজ একটি লোকের দায়িত্বে আছে। ফলে সেখানে একটা গুরুতর অবস্থা দেখা দিয়াছে। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে মাননীয় ক্ষুদ্র সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমনীন্দ্র নাথ বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র তুফানগঞ্জ হচ্ছে আসাম সংলগ্ন এলাকা। সেখানে কয়েক বছর যাবত কয়েক হাজার আসাম থেকে আগত উদ্বাস্তু আছে। ফলে মাঝে মাঝে রামপুর এলাকায় দিন মজুরদের সঙ্গে তাদের অশান্তি সৃষ্টি হচ্ছে। তাছাড়া বর্তমানে আসাম চুক্তির ব্যাপারে একটা বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। আমার এলাকায় কিছু কিছু নতুন মুখ দেখতে পাচ্ছি । আসাম থেকে বহু লোক সেখানে আসছে এবং তাদের পরিবারের লোকজনদের রেখে যাচ্ছে। আমি এই ব্যাপারে সরকারের মাধ্যমে ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই এলাকা খুবই দুস্থ এলাকা এবং ওখানে বহু হাজার উদ্বাস্তু আছে। তাদের জন্য কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত টাকা দেন নি এবং তাদের ফিরিয়ে নেবার ব্যবস্থাও করছেন না। তারপর আবার এই নতুন উদ্বাস্তু স্রোত আসতে শুরু করার ফলে আমরা একটা বিশেষ বিপদের আশঙ্কা করছি। তাই আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি যে, দলে দলে এই ভাবে যাতে আসাম থেকে উদ্বাস্তু এখানে চলে না আসে তার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ রেখে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুণ।

শ্রীশান্তি মোহন রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলায় তারকেশ্বর ব্লকের অন্তর্গত রামনগর নুট বিহারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহ শিক্ষক শ্রীঅশ্বন ঘোষ, শঙ্কর পাল, মোহিনী কুমার ঘোষ প্রভৃতি ব্যক্তির জমিতে সি.

পি. এম. এর সন্ত্রাসের ফলে ধান চাষ করা বন্ধ হয়ে গেছে। এদের গোয়াল -ঘরে গরু দেখবার জন্য যেসব বাগাল আছে, তাদের আসাও বন্ধ করে দিয়েছে। এদের উপর সর্বপ্রকার সামাজিক বয়কট শুরু হয়েছে। এই সম্পর্কে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর বিবৃতি দাবী করছি এবং এই রকম সন্ত্রাস যাতে ঐসব ব্যক্তিদের উপর না চলে তার বিহিত ব্যবস্থা করার দাবী রাখছি।

শ্রীঅনন্ত সোরেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঝাড়গ্রাম মহকুমার গোপিবল্লভপুর ১নং ব্লকের দহমুণ্ডা, ছাতনা প্রভৃতি এলাকার সুবর্ণ রেখা নদীর পাড় প্রতিদিনই ভেঙ্গে যাচ্ছে। এই ভাঙন রোধ না করলে কয়েক হাজার মানুষ আশ্রয়হীন হয়ে পড়বে এবং ১০ হাজার একর জমি নষ্ট হবে। অবিলম্বে এই ভাঙন রোধ করার জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅমরেন্দ্র নাথ ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি বেলগছিয়া পশ্চিমের অন্তর্গত এক নং ওয়ার্ডের আইন শৃঙ্খলার যে মারাত্মক অবনতি ঘটেছে সেদিকে আকর্ষণ করছি। ১৯৮১ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত এই ৫ বছরের খতিয়ান দিলেই দেখা যাবে যে, খুন একটা বাৎসরিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে। খুনীরা ঘুরে বেড়ায়, পুলিশ দেখতে পায় না। পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে করেও কোন ফল পাওয়া যায় না। আমি আপনার মাধ্যমে এই দুর্ঘটনা ঘটানোর জন্য যারা দায়ী তাদের উপযুক্ত শাস্তি দেবার দাবী জানাচ্ছি। খুনের কিনারা হয় না, খুনীদের ধরা হয় না। খুনীরা খুন করে এবং ঘুরে বেড়ায়। যারা খুন হয় তাদের আত্মীয়স্বজনের উপর অত্যাচার হয়। পুলিশ তাদের বাড়ীতে গিয়ে আহত বা হত ব্যক্তির আত্মীয়স্বজনদের খোঁজ করে, আর যারা খুন করে তাদের খোঁজ করে না। এই অরাজকতন্ত্র সেখানে চলেছে। এর প্রতিকার করার জন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2.30-2.40 P.M.]

শ্রীহাজারী বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে ইষ্টার্ন রেলওয়ের শিয়ালদাহে ডিভিসানের জেনারেল ম্যানেজারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, শিয়ালদহ থেকে লালগোলা এবং লালগোলা থেকে শিয়ালদহের রাত্রিবেলার যে ট্রেন সেই ট্রেনে জলের কোন ব্যবস্থা নেই, ট্রেনের বগিগুলির দরজার লক ভাঙ্গা, জানালা সাঁটার ভাঙ্গা, ফার্ষ্ট ক্লাশগুলিরও এই অবস্থা। এর ফলে স্যার, এ ট্রেনে রাত্রিবেলায় যাতায়াত করা বিপদজনক হয়ে পড়েছে। দিন পনেরো আগে এ ব্যাপারে আমি শিয়ালদহের ষ্টেশন মাষ্টারের এ্যাটেশন ড্র করেছিলাম এবং একটা অভিযোগপত্রও দিয়েছিলাম কিন্তু দেখলাম কিছুই ব্যবস্থা হয়নি। পরশুদিন আমি রাত্রিবেলায় এ' ট্রেনে এলাম এবং দেখলাম একই অবস্থা—জলের ব্যবস্থা নেই, দরজা, জানালার ভাঙ্গা অবস্থাতেই আছে।আমি স্যার, আপনার মাধ্যমে তাই শিয়ালদহ ডিভিসানের জেনারেল ম্যানেজারের দৃষ্টি আকর্ষন করে বলছি, অবিলম্বে এ' রাত্রিবেলায় যে ট্রেনগুলি ছাড়াছে সেগুলি যাতে ঠিক ঠাক অবস্থায় থাকে তার ব্যবস্থা করুন। স্যার, আমরা এই মেনশানের কপি যদি রেলের জেনারেল ম্যানেজারের কাছে পাঠিয়ে দেওয়া হয় তাহলে ভালো হয়।

শ্রীআব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত চাঞ্চল্যকর সংবাদের প্রতি আপনার মাধ্যমে এই সভার ও মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষন করছি।স্যার, গত ৮ই জুলাই একবালপুরে একটি পেট্রোল পাম্পে মালবোঝাই তিনটি লরি হাজির হয়। পুলিশের সন্দেহ হওয়ার পুলিশ কাগজপত্র দেখতে চায়। কাগজপত্র দেখাতে না পারায়/ঐ তিনটি লরির মালিককে গ্রেপতার করা হয়। গ্রেপ্তার করার পর তাদের থানায় নিয়ে যাওয়া হয়। সেখানে ড্রাইভাররা স্বীকার করে যে মৌরীগ্রাম থেকে চোরাই পেট্রোল নিয়ে এসে ওখানে তারা পাচার করছিল। তখন দেখা যায় বামফ্রন্টের এক তনয় সেখানে নন্দুয়া বলে একজন লোককে নিয়ে হাজির হয়। ও. সিকে তাদের ছাড়তে বললে ও. সি. বলেন আমি ছাড়তে পারবো না কেননা এই কেসটা পুলিশ কমিশনারের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। তখন পুলিশ কমিশনারকে বলা হয় ঐ তিনটি লরিকে ছেড়ে দেবার জন্য। পুলিশ কমিশনার বলেন, আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা না বলে ছাড়তে পারবো না। সেই হিসাবে যখন মুখ্যমন্ত্রীর রাজনৈতিক সচিবের সঙ্গে তিনি যোগাযোগ করেন তখন মুখ্যমন্ত্রীর রাজনৈতিক সচিব বলেন যে সি. এম. এখন ব্যস্ত আছেন, মন মেজাজ ঠিক নেই এখন এসব কথা তাঁকে বলবেন না, আপনি লরি ছেড়ে দিন। তারপর দেখা গেল আশ্চর্যজনক ভাবে একবালপুর থানার ও. সি. তিনটি ফাঁকা লরিকে বা ট্যাংকারকে ধরে নিয়ে এসে ঐ পেট্রোলটা তাতে ভর্তি করলেন এবং করে ঐ তিনটি লরিকে ছেড়ে দিলেন। স্যার সেই বামফ্রন্টের তনয় পশ্চিমবঙ্গের ভাগ্যবিধাতা, মাননীয় মুখ্যমন্ত্রীর সন্তান * * ছিলেন বলে পুলিশকে এই ব্যবস্থা করতে হ'ল।

(নয়েজ)

স্যার, যারা পাপ করলো, অপরাধ করলো তাদের শাস্তি মকুব হয়ে গেল আর যারা নিরীহ, নির্দোষ তাদের শাস্তি পেতে হল। আমার দাবী, অবিলম্বে নিরীহ লরির মালিকদের ছেড়ে দেওয়া হোক এবং যারা দোষী তাদের ছেড়ে না দিয়ে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক।

মিঃ স্পীকার : চন্দন বসুর নামটা বাদ যাবে।

শ্রীসতীশ চন্দ্র বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে/স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী মহাশয়ে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি বিশেষ করে নদিয়া জেলার হাসখালি এবং রানাঘাট থানার আইন-শৃঙ্খলা রক্ষা করার জন্য। অত্যন্ত দুঃখের বিষয় যে লোকসভার নির্বাচনের প্রাক

Note : * * Expunged as ordered by the Chair

মুহূর্তে প্রয়াত শ্রীমতী গান্ধীর মৃত্যুর পরে যে সহানুভূতির আবহাওয়া এবং ভাবের জোয়ার এসেছিল এবং তাতে নৌকা ভাসিয়ে দিয়েছিল, পাল তুলে দিয়েছিলরাজীব গান্ধী। আজকে অর্থনৈতিক যে সংকট, তার নৌকা যখন আটকে গেছে তখন কংগ্রেস বিশেষ করে কলকাতা পৌরসভার নির্বাচনে পরাজিত হবার পরে সুপরিকল্পিতভাবে পশ্চিমবঙ্গে সমাজ বিরোধী, গুণ্ডা, পেশাদারী খুনীদের সংগঠিত করে একটার পর একটা খুন করে চলেছে। আজকে এর প্রতিবার চাই। গত ১০ই জুলাই এ' হাসখালিতে খুন করা হয়। ১২ই জুলাই রানাঘাটে আমাদের পার্টির সেক্রেটারীকে খুন করা হয়। ২২শে জুলাই আমাদের কমরেড রঞ্জিত দত্তকে খুন করা হয়। ১৫ই আগষ্ট বহিরগাছি গ্রাম পঞ্চায়েতের পার্টি সেক্রেটারীকে খুন করা হয় হাসখালিতে। তারপরে ১০ তারিখে আরো ২ জনকে খুন করা হয়েছে। গতকাল আর একজনের বাড়িতে ঢুকে বন্দুক ছিনতাই করেছে। আজকে এই ভাবে অরাজকতা সৃষ্টি করে চলেছে নদিয়ার বুকে। কাজেই আমি এই বিষয়ে আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকারের জন্য অনুরোধ জানাচ্ছি।

ডাঃ সুশোভন ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়ে উল্লেখ করতে চাই সে বিষয়টি আগেও দু'বার উল্লেখ করেছিলাম। এখানে মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের দেখা পাইনা এবং তাকে বলবারও সুযোগ পাইনা। আজকে এখানে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় রয়েছেন এবং আমাদের জেলার মন্ত্রী মহাশয় রয়েছেন, আমি তার সামনে একটা প্রোপোজাল রাখছি। অজয় নদিতে এই যে বন্যা প্রতিরোধ বাধ, এটাকে সম্পূর্ণ ভাবে ভেঙ্গে ফেলে আবার নতুন ভাবে বাধ করার পরিকল্পনা নিন। কারণ এই বাধই অজয় নদিতে বন্যার কারণ হয়ে দাঁড়িয়েছে। আপনি জানেন যে বিধান চন্দ্র রায়ের সময়ে মান সিং কমিটি হয়েছিল। সেই কমিটি রিপোর্ট দিয়েছিল যে বন্যা দুটি ব্যাপারে প্রতিরোধ হতে পারে। একটা হচ্ছে তার গতিপথ যেন রুদ্ধ করা না হয়। আর একটা হচ্ছে তার ওয়াটার বেড, একটা তীর থেকে আর একটা তীর ৫হাজার ফিট দূরত্বে হবে। কিন্তু এই দুটোর কোনটাই মানা হয়নি। একটা বাধ থেকে আর একটা বাঁধের মধ্যে ডিফারেন্স মাত্র ১৭০০ থেকে ১৮০০ ফিট। এই বাঁধ যদি আগামীদিনে রাখা হয় তাহলে বোলপুরের লোয়ার অংশে কোন দিন বন্যা প্রতিরোধ করা যাবেনা। কাজেই আপনার মাধ্যমে আমি অনুরোধ করবো যে নতুন করে কমিশন বসিয়ে যত শীঘ্র সম্ভব এর একটা সমাধান করার কথা চিন্তা করুন।

শ্রীসুভাষ গোস্বামী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বেঙ্গল লাইব্রেরী এসোসিয়েশন কর্তৃক লাইব্রেরিয়ানশীপ ট্রেনিংয়ের জন্য যে প্রস্তুতি চালিয়েছে সেখানে যে সমস্ত ছাত্রছাত্রীরা ভর্তি হবার জন্য এসেছেন, তাদের কাছ থেকে অন্যায় ভাবে টাকা নেওয়া হচ্ছে। প্রথমে ভর্তির জন্য ফর্ম দেবার সময়ে তাদের প্রত্যেকের কাছ থেকে ২টাকা করে নেওয়া হচ্ছে এবং সেই ফর্ম জমা দেবার সময়ে আবার ৪ টাকা করে নেওয়া হচ্ছে। এখন পর্যন্ত ১০ হাজার ফর্ম বিলি হয়েছে এবং আরো ফর্ম বিলি হবে। কিন্তু এদের কোন ইন্টারভিউ ডাকা হলনা। কিছু সংখ্যক ছাত্রছাত্রীকে মার্কশীটের ভিত্তিতে ইন্টারভিউ ডাকা হবে এবং তাদের পরীক্ষার ভিত্তিতে সিলেক্ট হবে। বাকী বহু সংখ্যক ছাত্রছাত্রীদের ইন্টারভিউ ডাকা হবেনা। অথচ তাদের কাছ থেকে এই ভাবে টাকা আদায় করা হয়েছে। আমি গ্রন্থাগারিক বিভাগের মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ করবো যে এই বিষয়টি যেন তদন্ত করে দেখেন এবং এই অযৌক্তিক ভাবে টাকা আদায় যেন বন্ধ হয়।

[2-40 — 2-50 P.M.]

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker, Sir, through you I want to draw the attention of the Minister-in-charge of the Urban Development Department. Sir, it is really very unfortunate for the people of West Bengal that the World Bank Authority has recommended that further IDA credit for Calcutta under CUDP - III be stopped because of lack of implementing machinery on the part of Government of West Bengal and the CMDA. Sir, in the month or April/May a Four Member/Expert Team of World Bank Authority came and they are dissatisfied with the performance of the CMDA's work for which about two hundred crores of rupees had been given. This money was given for the development of the urban are as. But this government has failed to utilise the money for various reasons which have been mentioned in the report published on 26th May, 1985. One of the reasons is the scarcity of human resources. Sir, many posts of technicians are lying vacant. The fact is that there is no dearth of technicians in this state. But those persons do not believe in Marxism. They do not believe in CPM. For this reason the people of West Bengal are suffering. So I would request the Minister-in-charge to fill up the posts immediately and not to deprive the people of West Bengal.

শ্রীসুরেশ সিংহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র করণদীঘিতে একটা প্রাচীনো হেলথ সেন্টার আছে, ঐ হেলথ সেন্টারটা প্রায় ১৯৬০ সালে স্থাপন করা হয়েছিল। সেই সময় ঐ হেলথ সেন্টার বিল্ডিং ষ্টাফ কোয়ার্টার তৈরী করা হয়েছিল, তারপর থেকে আর কোনও সংস্কার করা হয়নি। স্বাভাবিক ভাবে জি. ডি. এ., নার্স, ডাক্তার, এর যে ষ্টাফ কোয়ার্টার সেইগুলোর অবস্থা অত্যন্ত জরাজীর্ণ। এইগুলো অবিলম্বে সংস্কার করার বিশেষ প্রয়োজন হয়ে পড়েছে। একটা হেলথ সেন্টার দু হেক্টর জমির উপর অবস্থিত। সুতরাং এই হেলথ সেন্টারের আশেপাশে বর্ষাকলে জঙ্গল হয়ে যাচ্ছে, মশার উপদ্রপ হচ্ছে। এই সব পরিষ্কার এবং সংস্কার করার জন্য ডাক্তারকে বললে, সেই ভারপ্রাপ্ত ডাক্তার বাবু বলেন যে টাকা নেই। এর ফলে একটা হাসপাতালের পরিবেশ নষ্ট হয়ে যাচ্ছে। এই হেলথ সেন্টারের বিল্ডিং এবং ষ্টাফ কোয়ার্টারগুলো সংস্কার করার জন্য এবং তার চারপাশে যে জঙ্গল হয়ে রয়েছে তার পরিষ্কার করার জন্য মাননীয় স্বাস্থমন্ত্রী এবং মাননীয় পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসত্য রঞ্জন বাপুলি: স্পীকার মহাশয়, আমরা বেশ কিছুদিন যাবত সংবাদ পেয়েছি যে আমাদের ক্রীড়ামন্ত্রীর সঙ্গে স্পোর্টস কাউন্সিলের চেয়ারম্যানের বনিবনা হচ্ছে না। অতীতে এই ব্যাপারে কয়েকটি ছোটখাট পত্রিকায় এই বিষয়ে বেরিয়েছিল। তার প্রথম কারণ ডিস্ট্রিবিউশন অব ডিকেটস্ এবং ষ্টেডিয়ামের জন্য লটারীর টিকিট বিক্রি নিয়ে একটা বিরাট বিবাদ চলছিল স্পোর্টস কাউন্সিলের চেয়ারম্যান সঙ্গে। স্পোর্টস কাউন্সিলের চেয়ারম্যান এই ব্যাপারে প্রতিবাদ করবার চেষ্টা করেছিলেন, তিনি একজন বর্ষীয়ান কম্যুনিষ্ট নেতা। আমরা যা সংবাদ পেয়েছি, স্পোর্টস কাউন্সিসেল চেয়ারম্যান তিনি পদত্যাগ করেছেন। আমরা এর জন্য খুবই দুঃখিত এবং আমরা প্রকৃত ঘটনা স্পোর্টস মিনিষ্টারের কাছ থেকে জানতে চাইছি এবং তাঁর পদত্যাগের কারণ জানতে চাইছি। বিভিন্ন পত্র-পত্রিকায় টিকিট নিয়ে, লটারির টিকিট নিয়ে দলবাজী এবং দুর্নীতির কথা প্রকাশিত হয়েছে। সুতরাং এই অবস্থায় প্রকৃত তথ্য হাউসের কাছে জানান দরকার। তাই আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্পোর্টস মিনিষ্টারকে এ ব্যাপারে হাউসের সামনে একটা বিবৃতি রাখতে অনুরোধ করছি।

শ্রীপ্রবোধ চন্দ্র সিংহ: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি অর্থ এবং পরিকল্পনা দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন গত লোকসভা নির্বাচনের প্রাক্কালে 'দীর্ঘ-তমলুক' রেল প্রকল্প চালু করার জন্য কাজ শুরু হয়েছিল, কিন্তু লোকসভা নির্বাচন শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই এ' কাজ বন্ধ হয়ে যায়। এই বিধানসভার সিদ্ধান্ত অনুযায়ী গত ২৪/৫/৮৫ তারিখে একটি সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লীতে রেল মন্ত্রী বংশীলালের সঙ্গে সাক্ষাত করে এ' প্রকল্পটির কাজ আবার চালু করার জন্য দাবী জানিয়েছিলেন। রেল মন্ত্রী এ' প্রতিনিধি দলকে বলেছিলেন, "প্রকল্পটির বিষয়ে বিবেচনা করার জন্য এটা পরিকল্পনা কমিশনের কাছে পাঠান হচ্ছে।" বর্তমানে পরিকল্পনা কমিশনের বিবেচনার ফলাফল জানতে পারা গিয়েছে। তাঁরা বর্তমান আর্থিক অনটনের জন্য এ' প্রকল্পটি ড্রপ করার জন্য রেল মন্ত্রককে নির্দেশ দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিকল্পনা কমিশনের এই সিদ্ধান্ত আমাদের কাছে অত্যন্ত উদ্বেগজনক। কারণ ওখানে এ' রেল প্রকল্পটি চালু হলে শুধু দীঘাতে পর্যটন শিল্পই গড়ে উঠত না, সমগ্র মেদিনীপুর জেলার শিল্পের অগ্রগতি ঘটত, অর্থনীতির উন্নতি হ'ত। প্রকল্পটি বাতিল হওয়ার জন্য এ' এলাকায় জনসাধারণের মধ্যে বিক্ষোভ দানা বেঁধে উঠেছে। তমলুক এবং কাঁথিতে ইতিমধ্যেই একটি কনভেনসন হয়ে গিয়েছে এবং সেখান থেকে জন-আন্দোলনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই পরিপ্রেক্ষিতে আমি রাজ্যের পরিকল্পনা মন্ত্রী মহাশয়ের বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি, তিনি অবিলম্বে কেন্দ্রীয় পরিকল্পনা মন্ত্রীকে অনুরোধ করুন বিষয়টি পুনর্বিবেচনা করে পরিকল্পনা কমিশন যেন এ' প্রকল্পটি চালু করার অনুমতি দেন।

শ্রীঅরুণ কুমার গোস্বামী: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পৌর মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, আপনি জানেন যে হাওড়া পৌরসভা হাওয়া ওয়াটার ওয়ার্কস' এর মাধ্যমে হাওড়া শহরের নাগরিকদের পানীয় জল সরবহাহ করে থাকে। হাওড়া পৌরসভার হাওয়া ওয়াটার ওয়ার্কস'টি আমার নির্বাচনী কেন্দ্র শ্রীরামপুরে অবস্থিত। ওখানে ১০০ বিঘা জমির উপর ওয়াটার ওয়ার্কস'টি প্রতিষ্ঠিত। গত জুলাই মাসে হাওড়া পৌরসভার কাউনসিলারদের সভা থেকে অনুমোদন না নিয়ে হাওড়া পৌর কর্তৃপক্ষ ওয়াটার ওয়াক্স'টির মোট জমির একের তিনাংশ, প্রায় ৩২বিঘা জমি ক্যালকাটা মেট্রোপলিটন ওয়াটার এ্যাণ্ড স্যানিটেসন অথরিটির কাছে ৬ লক্ষ টাকার বিনিময়ে হস্তান্তর করেছেন।

সেই জমির ভিতরে চারটি ট্যাঙ্ক আছে, একটি এ্যালাম গো-ডাউন আছে এবং সুপারভাইজিং কোয়ার্টার্স আছে। পৌর কর্তৃপক্ষ বলছেন যে, পদ্ম-পুকুরে ওয়াটার সাপ্লাই স্ক্রীম'এর কাজ শেষ হয়েছে, ওখান থেকে হাওড়া শহরের নাগরিকদের পানীয় জল সরবরাহ করা হবে। কিন্তু আমরা জানি পদ্ম-পুকুর ওয়াটার সাপ্লাই স্কীমটি সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। সব চেয়ে গুরুতর ব্যাপার হচ্ছে, হাওড়া ওয়াটার ওয়ার্কস' এর মেন সুপারিনটেনডেন্ট এবং ওয়াটার ওয়ার্কস'এর সুপারিনটেনডেন্ট লিখিতভাবে প্রতিবাদ জানিয়েছেন যে তাঁদের না জানিয়ে জমি বিক্রি করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, পৌর মন্ত্রী মহোদয় এখানে উপস্থিত আছেন, আমি আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করছি, তিনি এ সম্পর্কে অনুসন্ধান করে, অদন্ত করে এই অব্যবস্থা বন্ধ করুন। নচেত আগামী দিনে হাওড়া শহরের মানুষরা পানীয় জল পাবে না। ওখানে যে জমি বিক্রী করা হয়েছে তার মধ্যে ওয়াটার ওয়ার্কস' এর চারটি ট্যাঙ্ক রয়েছে এবং একটি এ্যালাম গো-ডাউন রয়েছে। এ গুলি যদি নষ্ট হয়ে যায় তাহলে হাওড়াবাসীরা পানীয় জল পাবে না। পদ্ম-পুকুরে যে ওয়াটার সাপ্লাই স্কীম রূপায়িত হয়েছে তা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। সুতরাং বিষয়টির প্রতি অবিলম্বে নজর দেওয়ার জন্য আমি মাননীয় পৌর মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি।

[2.50-3.00 P.M]

শ্রীকুমুদ রঞ্জন বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। ইতিপূর্বে আমি এই হাউসে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করে বলেছিলাম আমাদের সন্দেশখালিতে দুটি ব্লক আছে। এই দুটি ব্লকে কয়েকটি রাস্তা আছে যে রাস্তায় গাড়ী-ঘোড়া চলে না, কেবলমাত্র রিক্সা চলে এবং মানুষেরা পায়ে হেঁটে যাতায়াত করে। কিন্তু ঐ রাস্তাটি পায়ে হাটার অযোগ্য হয়ে পড়েছে। রাস্তাটি হচ্ছে ২০ মাইল দীর্ঘ। কালিনগর হতে ভোলাখালি এবং সন্দেশখালি হতে ভাণ্ডারখালি। আর একটি রাস্তা হচ্ছে কানমারি বাজার হতে কানমারির মোড়। এই রাস্তাটি ৪ কিলোমিটার। এই রাস্তাগুলি বহুদিন যাবৎ সংস্কার হয়নি, যারফলে রিক্সাও চলে না, এমনকি মানুষরা পায়ে হাটতে পর্যন্ত পারে না। দীর্ঘ ৮ বছর ধরে সংস্কার হচ্ছে না। আমি এই ব্যাপারে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে বলেও কোন ফল পাইনি। আমার মনে হয় মাননীয়

মন্ত্রী মহাশয়ের এই ব্যাপারে যথেষ্ট অবহেলা আছে। সেই কারণে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি, অবিলম্বে যাতে ঐ রাস্তাগুলি সংস্কার হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি। ঐ রাস্তা সংস্কার হলে মানুষের অনেক উপকার হবে।

শ্রী প্রভঞ্জন কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষন করছি। বিষয়টি হচ্ছে, সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চলে ডি.ভি.সির ইলেকট্রিক লাইনের ডায়েরেক্ট কানেকসান দেওয়া কিম্বা হাই-টেনসান লাইন কোনদিনও যাবে না, কারণ ছোট ছোট দ্বীপ নিয়ে সুন্দরবন এলাকা গঠিত। আমি কিছুদিন আগে ত্রিপুরায় গিয়েছিলাম। সেখানে গিয়ে দেখে এসেছি সোনার এনার্জি অর্থাৎ সৌর শক্তি থেকে ইলেকট্রিক জেনারেশন হচ্ছে এবং কিছু কিছু জায়গায় - শুধু ইলেকট্রিক দিচ্ছে না - পাম্পসেট চালিয়ে ইরিগেসানের ব্যবস্থা করেছে। আমি ত্রিপুরা থেকে ঘুরে আসার পর এই বিষয়টি নয়ে এখানকার মাননীয় মন্ত্রী শ্রী প্রভাস রায়ের সঙ্গে আলোচনা করি। সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ডের অন্যান্য সদস্যদের সঙ্গেও আলোচনা করি এবং মিনিষ্টার অফ ষ্টেট সুন্দরবন ডেভেলমেন্ট বোর্ডের রেজ্জাক সাহেবের সঙ্গেও আলোচনা করি। ক্যামাক ষ্ট্রীটে প্লানিং বোর্ডের যে অফিস আছে সেখানেও এই বিষয়টি নিয়ে আলোচনা হয়। প্লানিং বোর্ডের সায়েন্স এ্যাণ্ড টেকনোলজি যে ডিপার্টমেন্ট আছে তাঁরা এই ব্যবস্থা করেন। কিন্তু দুঃখের কথা তাঁরা কয়েক বছর ধরে বসে আছেন। একটা ইনস্টলেসানও এখনও পর্যন্ত করতে পারেননি। আমরা বারবার ধরে বলছি যে আমরা প্রস্তুত আছি ইনষ্টলেশানের জন্য যা খরচা হবে তার কস্ট আমরা দেব কিন্তু ব্যবস্থাটা নেওয়া হোক। সৌর শক্তি থেকে যে ইলেকট্রিসিটি উৎপাদিত হবে তার দ্বারা সাধারণ মানুষ উপকৃত হবে। জল সেখানে আছে কাজেই এরফলে ইরিগেসানের ফেসিলিটি বাড়বে। সুতরাং আমি সরকারের কাছে এই ব্যবস্থা যাতে তাড়াতাড়ি গ্রহণ করা হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি।

ডাঃ সুকুমার রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। আপনি জানেন, পুরুলিয়া শহরে একটি বড় কলেজ আছে যার নাম হচ্ছে জনার্দন কিশোর কলেজ। এই কলেজে ভর্তি হওয়ার অসুবিধার কথা ছেড়ে দিলেও এবার অন্তত ছেলেদের অভিভাবকেরা কিছুটা স্বস্তির নিশ্বাস ফেলেছিলেন, কারণ ঐ কলেজের কর্তৃপক্ষ বলেছিলেন ঐ কলেজে কেমিষ্ট্রি, ফিজিওলজি জ্যু-লজির অনার্স কোর্স খোলা হবে। সেই অনুযায়ী ছেলেরা বাইরে কোন জায়গায় দরখাস্ত করেনি। ঐ কলেজে ভর্তি হওয়ার জন্য ভাল ভাল ছেলেরা দরখাস্ত দিয়েছে। কিন্তু তারা অনিশ্চয়তার মধ্যেপড়ে গেছে। শিক্ষা দপ্তর থেকে মৌখিকভাবে কলেজ কর্তৃপক্ষকে বলেছিলেন আপনার পুরুলিয়া জেলার প্রত্যেকটি জায়গায় এইকথাটি জানিয়ে দিন এবং সেই অনুযায়ী কলেজ কর্তৃপক্ষ জানিয়ে দিয়েছিলেন। কিছু ছেলে ভর্তি হওয়ার জন্য চেষ্টা করছে এবং কিছু ভর্তি হয়েছে।

কিন্তু অনার্স আদৌ চালু হবে কি না এখন পর্যন্ত জানা যাচ্ছে না। আমার মনে হয় শিক্ষা দপ্তরের অনুমতি এবং তার জন্য যে অফিশিয়াল চিঠিপত্র পাঠান দরকার সেগুলি করা হয় নি। সেজন্যই ব্যাপারটি বোধহয় অনিশ্চয়তার মধ্যে পড়ে আছে। সেই অফিশিয়াল চিঠিপত্র যাতে তাড়াতাড়ি পাঠান হয় সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমহঃ বাচ্চা মুন্সী : মিঃ স্পীকার স্যার, পশ্চিম দিনাজপুর জেলায় চোপড়া থানায় ভেরসা নদীর বাঁধ ১৯৮২ সাল থেকে এখন পর্যান্ত বাঁধা হয় নি। তার যে ধারটাতে পাকা করে পিলার দেবার কথা ছিল সেটা দেওয়া হয় নি এবং স্লুইশ গেটও তৈরী করা হয় নি। ওখানে যে মাটির কাজ করা হয়েছে সেটা ওখানে পাবলিকেও করতে পারত। কিছু মাটি ফেলা ছাড়া আর কিছু কাজ হচ্ছে না। তাই আমি মাননীয় সেচ মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে ঐ ইনকমপ্লিট কাজটা যাতে কমপ্লিট হয় এবং স্লুইজ গেটটা তাড়াতাড়ি তৈরী হয় সেদিকে তিনি যেন একটু দৃষ্টি পাত করেন।

শ্রীশান্তিরাম মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি পুরুলিয়া জেলাতে একটি কলেজ মঞ্জুর করা হয়েছে, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় কলেজটি মঞ্জুর করেছেন ঠিকই কিন্তু তার যে জায়গাটি নির্ধারণ করেছেন সেটি বিহারের বর্ডার এবং সেখানে কোন স্কুল নেই। কাছাকাছি একটিমাত্র হাই স্কুল আছে এবং তার আশে পাশে যে সব স্কুল আছে সেগুলি তার থেকে ১০, ১২ এবং ১৪ মাইল দূরে। পুরুলিয়ার সহ সভাধিপতির ইচ্ছাতে কলেজটি স্থাপন করা হয়েছে। যেখানে স্থাপন করা হয়েছে সেখানকার এবং বিভিন্ন জায়গার লোক এসে ডেপুটি কমিশনারের কাছে অভিযোগ করেছেন যে একটি মিডল প্লেসে কলেজটিকে স্থাপন করা হোক। যাতে ঠিকমত সাইটে কলেজটি স্থাপিত হয় সেই সাইট সিলেকশনের জায়গাটি ঠিক করার ব্যাপারে আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবিভূতি ভূষণ দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। কৃষিজ সম্পদ হিসাবে আমাদের দেশের অর্থনীতিতে পানের একটা বিরাট গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। এই কৃষির সঙ্গে এক লক্ষ কৃষক যুক্ত। শুধু তাই নয় প্রায় ৫/৬ লক্ষ কৃষক পরিবার এই পান চাষের উপর নির্ভরশীল। ভারতবর্ষের মধ্যে বাজারে যেমন ৬০০ কোটি টাকার ব্যবসা চালু আছে তেমনি ভারতবর্ষের বাইরেও এর বাজার আছে। পশ্চিমবংগের এই পান কৃষিকে অত্যাবশ্যকীয় কৃষিজ পণ্য হিসাবে স্বীকৃতি দেবার কথা ছিল, কিন্তু এখন পর্যন্ত তা দেওয়া হয় নি। শুধু তাই নয় অনেক সময় রেল চলাচলের অব্যবস্থার ফলে পান পচে যায়। এ ছাড়া খরা, বন্যা ইত্যাদির অন্যও এ চাষের ক্ষতি হয়। তাই আমি কয়েকটি দাবী আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাতে চাই। পানকে অত্যন্ত গুরুত্বপূর্ণ সম্পদ হিসাবে স্বীকৃতি দিতে হবে, রেল যোগাযোগের ব্যবস্থার উন্নতি করতে হবে।

(এই সময়ে মাননীয় অধ্যক্ষ মহাশয় পরবর্তী বক্তাকে আহ্বান করেন।)

শ্রীমুকুল বিকাশ মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কাঁথি থানার অন্তর্গত কানাইদিঘিতে কালীনগর নামে একটা ছোট ব্যবসাস্থল আছে। সেখানে দীর্ঘদিন ধরে কিছু সমাজ বিরোধী নানারকম অত্যাচার করে আসছে। লুঠ, খুন এবং নৌকা লুঠ করছে, বাড়ীতে আগুন দিচ্ছে। কিছুদিন আগে স্থানীয় সি. পি. এম. এবং কংগ্রেসী সমর্থকরা আন্দোলন গড়ে তুলেছিলেন এবং প্রতিরোধ করেছিলেন। প্রশাসন থেকে ডাকাত বলে চিহ্নিত করে একটি নামের তালিকাও প্রকাশ করা হয়েছিল। কিন্তু বর্তমানে তারা সেখানে এক অরাজক অবস্থা সৃষ্টি করেছে। সেখানে তারা রাধাকৃষ্ণ দাস নামে ২৫ বছরের এক যুবককে খুন করেছে।

(এই টৈজে মিঃ স্পীকার পরবর্তী বক্তাকে বলতে বলায় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়।)

[3-00 — 310 P.M.]

শ্রীহবিব মুস্তাফা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মালদা জেলায় বর্তমানে খরা পরিস্থিতি চলছে। এই খরা পরিস্থিতিকে মোকাবিলা করবার জন্য রতুয়া ২নং ব্লকে সি. এ. ডি. পির যে কয়টি ডিপ টিউবওয়েল ছিল, তার সব কয়টিই আজকে আচল হয়ে পড়ে আছে। বিদ্যুতের অভাবে সেগুলি চালু করা যাচ্ছে না। গত তিন মাসে মোট ৯ ঘন্টা চাষীরা বিদ্যুৎ পেয়েছে। এই অবস্থায় যেটুকু চাষ তাঁরা করতে পারতেন, বিদ্যুতের অভাবে সেটুকুও তাঁরা করতে পারেন নি। অবিলম্বে সেখানে বিদ্যুৎ সরবরাহ নিয়মিত করা দরকার। এ-বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অবন্তী মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগের একটি কলঙ্কিত কাহিনীর প্রতি বিভাগীয় মন্ত্রীসহ মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাসহ ভারতীয় অন্যান্য মাতৃভাষার সঙ্গে সংস্কৃত ভাষার যে সম্পর্ক রয়েছে এটা সর্বজনবিদিত। ১৯৭২ সালে ডঃ সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের সুপারিশে এবং পশ্চিমবাংলার সর্বস্তরের বিশিষ্ট শিক্ষাবিদগণ - এর অভিমত অনুসারে সংস্কৃতকে তৃতীয় ভাষারূপে আবশ্যিক পাঠ্যতালিকায় স্থান দেওয়া হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, ১৯৭৭ সালে পশ্চিমবাংলার প্রশাসনে বামফ্রন্ট প্রতিষ্ঠিত হয়েই ১৯৭৮ সালে একটি কলঙ্কিত নির্দেশনামার দ্বারা সংস্কৃতকে আবশ্যিক পাঠ্যতালিকা থেকে বাদ দিয়ে দিলেন। তারপর ডঃ ভবতোষ দত্তের সুপারিশে সংস্কৃতকে–

(এই ষ্টেজে মিঃ স্পীকার মহাশয়ের আহ্বানে পরবর্তী বক্তা বলতে সুরু করায় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

শ্রীবিমল কান্তি বোস : Mr. Speaker, Sir I like to draw the attention.

মিঃ স্পীকার : বিমলবাবু, একটু অপেক্ষা করুন। আচ্ছা অবন্তীবাবু, আপনি শেষদিকে যা বললেন সেটাতো রেকর্ড হোল না। লাভ কি হোল আপনার ? নিয়মটা তো মানতে হবে এখানে। বিমলবাবু, আপনি বলুন।

Shri Bimal Kanti Basu : Mr. Speaker, Sir, through you I like to draw the attention of the Minister-in-Charge of the Secondary Education, who is just now present in the House, as to the major lapse of the administration of Secondary Education. Sir, you will be surprised to know that the Education Department does not have any principle or guideline with regard to the transfer of secondary school wteachers as a result of thich unfortunately the teachers are left to the mercy and whims of the bureaucrats and thereby are transferred according to their sweet will. I am reluctant to believe, Sir, that the Minister-in-charge is not always in the know of all these things. Very recently one teacher of Jenkins School, Cooch Behar, a teacher of higher secondary set up, who is an M.A. B.T. in Pol. Science, has been transferred to a junior school of Class VIII. I am surprised as to how the junior school will be benefitted by this. How this is done and who does it ? How this is done and what purpose of education it serves ? Sir, sometime in August 1982, just from the Department a desire was expressed that a guideline was to be framed. Since 1982 three years have been lapsed and no guidelines have been framed. I would like to draw your kind attention so that the said guideline is framed.

শ্রীসমর মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন এখানে স্বাস্থ্যমন্ত্রী নেই তাই আমি আপনার মাধ্যমে ভগবানের কাছে ফরিয়াদ জানাতে চাই। গত ৩রা সেপ্টেম্বর রায়গঞ্জের একটি স্বাস্থ্য কেন্দ্র থেকে সদ্যজাত একটি মরা শিশুকে কুকুরে টেনে নিয়ে গেছে। "আজকাল" পত্রিকার প্রথম পাতাতেই বেরিয়েছে এই খবরটা। "ধর্মের কল বাতাসে নড়ে" বলে একটা কথা আছে। গোলাপগঞ্জে একটি শিশুকে কুকুরে টেনে নিয়ে যাওয়ার ব্যাপারে কলিং এ্যাটেনসন এবং এডজোর্নমেন্ট মোসানে আপনি তুলতে দেন নি। কিন্তু আজকাল পত্রিকায় বেরিয়েছে রায়গঞ্জে একটি হাসপাতাল থেকে একটি মরা শিশুকে কুকুরে টেনে নিয়ে গেছে। এই ব্যাপারে কংগ্রেস, কমিউনিষ্টের কোন প্রশ্ন নয়, স্বাস্থ্য কেন্দ্র থেকে যদি জীবন্ত শিশুই হোক আর মরা শিশুই হোক যদি কুকুর টেনে নিয়ে যায় তাহলে এর চেয়ে দুঃখের কিছু নয় না। তাই আপনি বলুন মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে তিনি যেন এই ব্যাপারে হাউসে একটা বক্তব্য রাখেন। আজকে পশ্চিমবাংলার প্রতিটি স্বাস্থ্য কেন্দ্র নরক থেকে নরকালয়ে পরিনত হয়েছে। পশ্চিমবাংলার মা-বোনেরা সেখানে যেতে পারছে না, তাদের সন্তানদের কুকুরে টেনে নিয়ে যাচ্ছে।

শ্রী সদা কান্ত রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ থেকে ১ বছরেরও বেশী আগে কোচবিহার জেলার মেকলিগঞ্জ মহকুমার উছলপুকুরী গ্রাম পঞ্চায়েতে একটি সাবসিডেয়ারী হেল্থ সেন্টার স্থাপনের সিদ্ধান্ত হয়। যথা সময়ে জেলার পি. ডব্লু. ডি.-র একজিকিউটিভ ইঞ্জিনিয়ার তাঁর টেকনিক্যাল রিপোর্ট পেশ করেন। কিন্তু আমি বিষয়ের সঙ্গে লক্ষ্য করছি আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা গ্রহন করা হয় নি। এই এলাকা থেকে প্রাইমারি হেল্থ সেন্টারের দূরত্ব ২০ কিলোমিটার। এই এলাকার অধিকাংশ লোক গরীব, ক্ষেত মজুর, বর্গাদার, প্রান্তিক চাষী, ক্ষুদ্রচাষী এবং তফশিলীজাতি-উপজাতি সম্প্রদায় ভুক্ত। এই এলাকার লোক সবচেয়ে বেশী অবহেলিত এবং পেছিয়ে পড়ে আছে। তাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অনতিবিলম্বে এই হাসপাতালের কাজ আরম্ভ হয় তার চেষ্টা করেন।

[3-10 — 3-20]

শ্রীফণী ভূষণ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে যে কথা বলবো সেটি সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তা সামসুদ্দিন সাহেব বলেছেন। তবে, তিনি যেটুকু বলেন নি, আমি সেটুকুই উল্লেখ করছি। স্যার, এই সরকার মানুষ মারার কল তৈরী করেছেন এবং মানুষকে অভুক্ত রেখে মারবার চেষ্টা ও চক্রান্ত করছেন। প্রাথমিক শিক্ষামন্ত্রী মানুষকে অভুক্ত অবস্থায় রেখেছেন মালদা জেলায়। এটি একটি নির্দ্দিষ্ট প্রমাণ। মালদা জেলার প্রাথমিক শিক্ষাকরা তাঁদের বেতন পর্যন্ত পাচ্ছেন না। এরফলে ওখানে অনশন হচ্ছে। স্যার, আজও ডি. আই. এর বাংলোর সামনে অনশন হচ্ছে। বড় লজ্জার কথা, এই অনশনে কো-অর্ডিনেশনের সভ্যরাও যোগদান করেছেন। বিষয়টির প্রতি যদি আপনি দৃষ্টি না দেন বেং মাননীয় শিক্ষামন্ত্রীকে যদি নির্দ্দেশ না দেন, তাহলে ঐ শিক্ষমণ্ডলী দিনের পর দিন অভুক্ত অবস্থায় থাকবেন। এই পরিপ্রেক্ষিতে আমি আপনাকে এই কথা বলছি।

শ্রীঅশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে যাঁরা বামপন্থী ট্রেড ইউনিয়ন করেন, তাঁদের মুখে প্রায়ই বলতে শুনি যে বিভিন্ন কলকারখানার মালিকরা শ্রমিকদের ই.এস.আই. এবং প্রভিডেণ্ড ফাণ্ডের টাকা জমা দিচ্ছেন না। তাঁদের শাস্তি দেওয়া হোক। এই ভাবে শ্রমিকদের টাকা তছরূপ করার জন্য তাঁদের জেলেপুরে দেওয়া হোক। বামপন্থী তথাকথিত ট্রেড-ইউনিয়নের নেতারা মুখে এই সমস্ত কথাবার্তা বলেন। এরই পাশাপাশি আমরা দেখছি যে, তাঁদেরই একজন নেতা - মার্ক্সবাদী কমিউনিষ্ট পাটির নেতা - হাওড়া কর্পোরেশনের মেয়র বসে আছেন। ওখানকার কর্মচারীদের কো-অপারেটিভের টাকা, যেটা কর্মচারীদের মাইনে থেকে কেটে নেওয়া হয়, যার পরিমাণ ১৪ লক্ষ ৫০ হাজার টাকা তিনি তছরূপ করেছেন। প্রভিডেণ্ড ফাণ্ডের ২ কোটি টাকা তছরূপ করেছেন। কর্মচারীরা দরখাস্ত করেও তাঁদের প্রভিডেণ্ড ফাণ্ড থেকে টাকা পান না। তিনি এমপ্লয়িদের লাইফ ইনসিওরেন্সের ২ লক্ষ টাকাও তছরূপ করেছেন। পশ্চিমবঙ্গের মার্ক্সবাদী কমিউনিষ্ট পাটির নেতারা মুখে বড় বড় কথা বলেন, শ্রমিক দরদী কথা বলেন। হাওড়া কর্পোরেশনের মেয়র চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মাইনে থেকে ১০০ টাকা এবং অন্যান্য কর্মচারীদের মাইনে থেকে ১৫০ করে টাকা প্রতি মাসে কেটে নেন। শ্রমিক - কর্মচারীদের গত ২২ মাসের টাকা এ পর্যন্ত পাওনা আছে যেখানে, সেখানে পাওনা টাকা পাওয়ার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার তাঁদের বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাচ্ছেন। আমি আপনার মাধ্যমে বিষয়টি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টিতে আনছি, তিনি যেন অবিলম্বে এদিকে দৃষ্টি দেন।

শ্রীলক্ষীকান্ত দে : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি এই নিয়ে আগে দুবার বলেছি, এটি হচ্ছে তৃতীয়বার। জানিনা, এবারে বিষয়টির প্রতি তাঁর চোখ পড়বে কিনা। আমার এলাকায় বিদ্যাসাগর ষ্ট্রিট নামে রাস্তায় বিদ্যাসাগরের বাড়িটি ভগ্নদশায় পড়ে আছে। লোকে বলেন যে, বাড়িটি পূর্ত বিভাগের অধীনে পড়ে আছে। কিন্তু ঐ বিভাগ থেকে আদৌ বাড়িটি সংস্কার আজও হয়নি। ওখানে বদমায়েশ লোকেরা একটা আখড়া গেড়েছে। কিছুদিন আগে বাড়িটির ভেতরে যে পুকুর আছে, সেখানে একজন পড়ে যান ও মারাও যান। এই ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় মানুষের মধ্যে প্রচণ্ড অশান্তি ও ক্ষোভের সঞ্চার হয়েছে। বিদ্যাসাগরের অনেক স্মৃতি অনেক স্থানেই রক্ষিত হচ্ছে। অথচ এই অঞ্চলে বিদ্যাসাগরের ঐ বাড়িটির দিকে পূর্ত বিভাগ কোন দৃষ্টি দেন না। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, অনুগ্রহ করে অবিলম্বে তিনি যেন এটি সংস্কারের ব্যবস্থা করেন।

শ্রীরাজকুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে যে, হাওড়া জেলায় বেসরকারী স্তরে যে ৪টি কারখানা আছে তারমধ্যে দুটি হচ্ছে জুট মিল। একটি হচ্ছে ফোর্ট গ্লষ্টার ইণ্ডাষ্ট্রিজ, জুট ডিভিসান নিউ মিল এবং অপরটি হচ্ছে ফোর্ট গ্লষ্টার ইণ্ডাষ্ট্রিজ, জুট ডিভিসান, নর্থ মিল। এই দুটি জুটমিলে ১০ হাজার শ্রমিক কাজ করে, এখানে বাঙ্গুর ব্রাদার্স কোম্পানী এই দুটি চটকলকে লক আউট করবার জন্য একটা চক্রান্ত শুরু করেছে। ১৯৭৪ সালে এই চটশিল্পটি যে এগ্রিমেন্ট হয়েছিল তাকে ভায়োলেট করে গত ৩০-৮-৮৫ তারিখে একটি নোটিশ দিয়েছে এবং সেই নোটিশে বলেছে ৯-৯-৮৫ তারিখের থেকে এই ২টি চটকল ২০টি সিফটে কাজ করতে হবে। এখানে ২০টি সিফেট কাজ করবার জন্য নোটিশ দিয়েছে এবং এরজন্য শ্রমিকরা সেখানে বাধা দিচ্ছে।

শ্রী দীজেন্দ্র নাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বালুরঘাট এলাকায় একটি স্বাস্থকেন্দ্রে নতুন ঘরবাড়ি করা হয়েছে। কিন্তু সেখানে ডাক্তার নার্স আজ পর্যন্ত যায় নি। আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি এই কারণে যে সেখানে ২০-২৫ হাজার লোক রয়েছে, তাদের জন্য এই স্বাস্থ্যকেন্দ্রটি উদ্বোধন করার ব্যবস্থা করুন। তাহলে এখানকার লোকেরা খুবই উপকৃত হবেন, কারণ এই এলাকাটি পশ্চাদপদ অঞ্চল সেইজন্য এখানের লোকেরা যাতে সুচিকিৎসা পায় তারজন্য এই স্বাস্থ্যকেন্দ্রটি চালু করুন।

Shri Rajesh Khaitan : Mr. Speaker Sir, yesterday Mr. Poddar has brouht to the notice of the House about the anti-social activities in the Jora Sanko area. To-day I would like to mention here about such anti-social activities which have spread in Sri Nath Babu Lane, Tiretta Bazar Street and Harin Bari Lane under the Bowbazar Police Station.

Sir, What has happened that Sarwar, Munna and Sheroo all residing at 5, Damzen Lane, Calcutta, and having their operational dens at 9, Sri Nath Babu Lane and 2D, Damzen 2nd Lane, Calcutta, are terrorizing the residents of the above localities with swords and revolvers and demanding illegal subscriptions almost daily and beating the people upon their refusal to pay the money demanded by them. Sir, on this, many people came out in the road under the flag of our party jointly with C.P.M. in a Peace March. They went to the Bow Bazar Police Station, they gheroaed the Police Station. But it is very unfortunate that nothing has since been done against those anti-socials. The police has failed to arrest those three criminals.

Therefore, Sir, I wish to draw the attention of the Hon'ble Chief Minister as well as the Home Minister to take immediate action against those presons, otherwise, I am afraid, the people of that area may take law and order in their own hands. Thank you.

শ্রীদেব নারায়ণ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা পাণ্ডুয়া থানার স্বাস্থ্যকেন্দ্রটিতে যে বাউণ্ডারি ওয়াল হওয়ার কথা সেখানে গত ৪ বছর ধরে ইঞ্জিনিয়াররা প্ল্যান এবং এস্টিমেটের টালবাহনা চালিয়ে যাচ্ছেন। এই বাউণ্ডারি ওয়ালটি না হওয়ার জন্য একাধিক লোক অনধিকার প্রবেশ করে সেখানে ঘর তৈরী করেছে এবং হাসপাতালের মধ্যে শুয়োর কুকুর ঢুকে যাচ্ছে। এরফলে একটা কেলেঙ্কারি অবস্থার সম্মুখীন হতে হবে। সেইজন্য আমার অনুরোধ মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে যারা এর ভেতরের কাজ-কর্মের সঙ্গে যুক্ত তারা যেন অবিলম্বে এর প্রতি নজর দেন।

শ্রী চিত্ত রঞ্জন বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্র এবং রাজ্যের মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে এই অধিবেশনে পাটচাষের অবস্থা সম্পর্কে নানারকম দিক থেকে আলোচনা হয়েছে। সমস্যার কথা আমিও তুলে ধরার চেষ্টা করেছিলাম। আমার জেলা নদীয়ার করিমপুরে বিখ্যাত পাটের গল্প আছে। সেখানে ১ নং উচ্চমানের তোষা পাট পাওয়া যায় কিন্তু সেই পাট এখন অতি কম দামে ২০০ টাকা দামে বাজারে বিক্রি করতে হচ্ছে এবং জে.সি.আই এখনো পর্যন্ত এই পাট কেনা শুরু করেনি। এবং পাট যতসামান্য যা চাষীরা বিক্রি করতে পারছে তারা তার দাম পাচ্ছে না। জন মজুরীর মজুরী এত বেশি যে তারা ছেড়ে দিচ্ছে। এই অবস্থার কথা বিবেচনা করতে অনুরোধ করছি।

[3-20 — 3-30P.M.]

শ্রীরবীন্দ্র নাথ মণ্ডল : স্যার, আমার উল্লেখের বিষয় আসাম। গত ৫ বছর ধরে সেখানে গোলমাল চলছে। ইতিপূর্বে প্রায় ৩০হাজার উদ্বাস্তু কুচবিহার, জলপাইগুড়ি জেলায় আসায় তার খরচের সিংহভাগ রাজ্য সরকারকে বহন করতে হয়েছে এবং কেন্দ্র তেমন কিছু দেয়নি। এখনও ১১ হাজার উদ্বাস্তু আছে। ইতিমধ্যে একটা চুক্তি হয়েছে। এটা অতীতের সমস্ত চুক্তিকে লঙ্ঘন করা হয়েছে। আসাম আন্দোলনকারীর যারা কবরে চলে গিয়েছিল তাঁদের কবর থেকে তুলে নিয়ে এসে কেন্দ্র লোকসভাকে এ্যাভয়েড করে, গণতন্ত্র ও নাগরিক আইন বিরোধী একটা চুক্তি তাদের সঙ্গে করলো। দেখা যাচ্ছে কিছু কংগ্রেসী নেতা এবং এসব আন্দোলনকারীরা যেসব কথা বলছেন তাতে লক্ষাধিক উদ্বাস্তু এখানে চলে আসতেপারে। এর ফলে বিভিন্ন রকম বিচ্ছিন্নতাবাদী শক্তি মদত পাচ্ছে। এই চুক্তির বিরুদ্ধে আমি ধিক্কার জানাচ্ছি এবং সরকারের দৃষ্টি অকর্ষণ করে বলছি যে রিফুজি ইনফ্লাক্স হবে তার ফলে যে আর্থিক চাপ সৃষ্টি হবে সেটা যেন কেন্দ্রীয় সরকার বহন করেন।

শ্রীসাহাবুদ্দিন মণ্ডল : স্যার, নদীয়া জেলার চাপড়া থানায় বড় আদুলিয়াতে পুলিশের একটা ফাঁড়ি আছে। এর ইন চার্জের নাম হচ্ছে তপন সরকার। ইনি একটা কেসের নাম করে হাতিশা বলে পাশের একটি গ্রামে যায়। সেখানে একটা তপশীলীর বাড়িতে গিয়ে নানা রকম জিজ্ঞাসা করার নাম করে ১৬ বছরের একটি মেয়েকে ক্যাম্পে নিয়ে আসে। আসার পথে পাট খেতের মধ্যে তাকে বলাতকার করার চেষ্টা করে। এতে গ্রামের মানুষ উদ্বেগ বোধ করে এবং তাকে আরোপী ক্যাম্পে রাখার চেষ্টা করে। সেখানেও তার শীততাহানির চেষ্টাও হয়। তাকে গ্রেপ্তার কেন করা হয়েছে তার কোন উত্তরও সে দিতে পারেনি। কিন্তু যখন অনেক লোক জড় হয়ে যায় তখন ও.সি. বলে যে আমি যদি ওর কোন ক্ষয়-ক্ষতি করে থাকি তাহলে আমি তার খরচ দেবো। এর প্রতিকারের দাবী করছি।

শ্রী প্রশান্ত কুমার প্রধান : স্যার, আমার এলাকার একটি রাস্তা সম্পর্কে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই কাজটা অনেকদিন থেকে হচ্ছে, টাকার জন্য আটকাচ্ছে না। ১৯৬৯ সালে এর পরিকল্পনা হয়, ১৯৭১ সালে সুরু হয়। ১২ কিলোমিটারের মধ্যে ১ কিলোমিটার মাত্র হয়েছে। কবিপুরে এবং দুর্গাপুরে দুটো ব্রীজ করতে হবে। সুতরাং টাকা নেই এই অজুহাত টিকে না। ভগবানপুর পশ্চিমবাড় রাস্তাটি হলে ভগবানপুর, পিংলা, ময়নার লোকের যাতায়াতের খুব সুবিধা হবে। সেজন্য এ দিকে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুমন্ত কুমার হীরা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা গুরুত্বপূর্ণ ঘটনা আমি হাউসের সামনে রাখতে চাই আপনার মাধ্যমে। গত বিধান সভায় আমি এই ঘটনা উল্লেখ করিছেলাম যে মার্কিন সাম্রাজ্যবাদ পুষ্ট কিছু আফগান বিদ্রোহী কলকাতায় ঘাঁটি গেড়েছে এবং গতবারের অধিবেশনে এই

কথা বলার পর আমরা দেখেছিলাম তারা প্রকাশ্যভাবে ঘোরাফেরা করছিল সেটা ভেতরে ভেতরে কাজকর্ম শুরু করেছে । কাবুলের বর্তমান সরকারের বিরুদ্ধে তারা এখানে একটা জনমত গঠন করার চেষ্টা করছে যারা কাবুলের আফগানবাসী আছে তাদের মধ্যে। স্যার, আমরা জানি যে একটা ইন্টারন্যাশান্যাল প্রোটোকল আছে, সেই পোরটোকলকে লঙ্ঘন করে এরা এইভাবে রাজনৈতিক কার্যকলাপ চালাচ্ছে। আমি জানি না কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে কি ব্যবস্থা নেবেন, কলকাতার মত একটা শহরে যার সুনাম আছে সেখানে বিদেশী বিদ্রোহী গোষ্ঠী তাদের রাজনৈতিক কার্যকলাপ অবাধে চালাবে এটা হতে দেওয়া যায় না, রাজ্যরসকারের পক্ষ থেকে সেদিক থেকে যে ব্যবস্থা নেওয়া প্রয়োজন সেটা তাঁরা দেখুন যাতে এই ধরণের বিদ্রোহী কার্যকলাপ না চলতে পারে।

শ্রীবঙ্কিম বিহারী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জল সরবরাহ মন্ত্রীর নিকট একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আবেদন রাখছি। আমাদের নন্দীগ্রাম থানার ৩টি ব্লকে এবং মহিষাদল থানার ২টি ব্লকে আজকে পাণীয় জলের অভাব দেখা দিয়েছে। পাণীয় জল না পাওয়ার জন্য আমাশয়, কলেরা, অজীর্ণ প্রভৃতি রোগের প্রাদুর্ভার ঘটেছে। এই ঘটনা আমি আগের অধিবেশনে বলেছিলাম, কিন্তু তা সত্বেও সেখানে নলকূপ বসানর কোন ব্যবস্থা হয়নি। যেগুলি অকেজো নলকূপ আছে সেগুলিও নষ্ট হয়ে যাচ্ছে। সেজন্য অবিলম্বে নতুন নলকূপ বসান এবং অকেজো নলকূপগুলি মেরামত করার জন্য আপনার মাধ্যমে আমি জল সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীপতিত পাবন পাঠক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অম্বিকা ব্যানার্জী একটা চটকলের লক-আউটকে উপলক্ষ করে বলেছেন যে সেখানকার সিটুর প্রেসিডেন্ট, বিধান সভার সদস্য এবং মন্ত্রী, তিনি এই ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। অজ্ঞতা ক্ষমার যোগ্য, আমি বলছি আপনাকে সেখানকার প্রায় ৪ হাজার শ্রমিক আজ ১৩৪/১৩৫ দিন ধরে কোম্পানীর দেওয়া লক-আউটের বিরুদ্ধে সেখানে সংগ্রাম করছে। সিটু সহ সমস্ত ইউনিয়ন, এটা অম্বিকা বাবুর জানা নেই, তারা দীর্ঘ স্থায়ী সংগ্রাম চালিয়ে যাচ্ছে। আগামী ১৬ তারিখে এরই বিরুদ্ধে একটা প্রতিবাদ মিছিল কলকাতায় আসবে। কারণ, কেম্পানী সে প্রস্তাব দিচ্ছে ১৩শো শ্রমিককে ছাঁটাই করলে তবে লক-আউট তুলবে এই প্রস্তাব আমরা মানতে পারি না। সেজন্য আগামী ১৬ তারিখে প্রতিবাদ মিছিল হবার সম্ভাবনা আছে, সেদিন আমরা সবাই আসছি এই পর্যন্ত সিদ্ধান্ত আছে। কিন্তু কোম্পানীর কিছু কিছু লোক এর বিরুদ্ধে প্রচার করছে। আমার মনে হয় অম্বিকাবাবু তাদেরই কথা বললেন যে আমরা এই সম্বন্ধে দৃষ্টি দিচ্ছি না। আজকে বোধ হয় তাদেরই কথা তিনি এখানে উল্লেখ করলেন।

[3.30-3.40P.M.]

শ্রীআবদুস সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামীকাল শিল্প ধর্মঘট হবে। এর আগে ২৯শে আগষ্ট গ্রামবাংলা বন্ধ ডাকা হয়েছিল এবং আগামী ৪ঠা অক্টোবর মুসলিম শরিয়তি ল বোর্ড তাদের কয়েকটি বিষয় নিয়ে ধর্মঘট করছে। প্রথম ধর্মঘটে গ্রামবাংলা বন্ধ হয়েছে। আজকে দেখলাম এই শিল্প ধর্মঘটকে কেন্দ্র করে সরকারী কর্মচারীরাও ধর্মঘট করছে ১২ই জুলাই কমিটির ডাকে। শিক্ষকদের ক্ষেত্রে দেখছি সি পি এম নিয়ন্ত্রিত এ বি টি এ ধর্মঘট ডেকেছে ১২ই জুলাই কমিটির ডাকে। এর ফলে স্কুল, কলেজ এবং ইউনিভার্সিটি বন্ধ থাকবে। তবে মনে রাখবেন ইনডাষ্ট্রির ডেফিনেশনের মধ্যে কিন্তু ইউনিভার্সিটি, স্কুল এবং কলেজ পড়েনা। রাইটার্স বিল্ডিংস্ সম্বন্ধে মুখ্যমন্ত্রী বলেছেন খোলা থাকবে-তবে কর্মচারীরা আসবে কি আসবেনা বলতে পারিনা। আমরাও চেয়েছিলাম খোলা রাখুন। কিন্তু প্রশ্ন হচ্ছে যানবাহন বন্ধ থাকলে লোকেরা আসবে কি করে? আমি জানতে চাই ইনডাষ্ট্রি বলতে কোন সরকারী অফিসকে বা দপ্তরকে বোঝায় কি? এটাতো ইনডাষ্ট্রির মধ্যে পড়েনা অথচ বামফ্রন্টের চেয়ারম্যান বলছেন এগুলি বন্ধ থাকবে। এটা যদি হয় তাহলে তো দেখা যাচ্ছে শিল্প সম্পর্কে বন্ধ-এর ব্যাপারে বাংলা বন্ধ হয়ে যাচ্ছে। আমি অবশ্য এতে আপত্তি করছিনা কারণ আপনারা চাইলেই এই জিনিস হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে অনুরোধ এখানে যদি ১২জুলাই কমিটির কোন নেতা থাকে তাহলে তাঁর সঙ্গে আপনি আলোচনা করুন। কারণ আপনারা সিকিউরিটি পার্সোনেল, ইলেকট্রিসিয়ান যদি না আসেন তাহলে আপনি তো কাজ করতে পারবেন না। আমরা চাই হাউস খোলা থাকুক, কিন্তু এই সমস্ত লোক যদি না আসেন তাহলে আমরা অহেতুক কষ্ট করে হেঁটে আসব কেন? বিজনেস্ এ্যাডভাইসরি কমিটির মিটিং হয়েছে এবং আপনিও নোটিশ দিয়েছেন হাউসে কাল কি আলোচনা হবে। কিন্তু কাজের পরিবেশ যদি না থাকে তাহলে কি হবে? আমার কথা হচ্ছে শিল্প ধর্মঘটের নামে এবং গ্রামবাংলা বন্ধের নামে দুবার বাংলা বন্ধ হয়ে যাচ্ছে। শুধু তাই নয়, পশ্চিমবাংলা বন্ধের ব্যাপারে অনুকূল বলে কেরালা থেকে শরিয়তি ল বোর্ড এখানে আসছে ধর্মঘট করতে। এরপর আর এস্ এস্-এর পালা আসবে এবং আপনাদের বামফ্রন্টের ঐতিহাসিক কেন্দ্রের বিরুদ্ধে বাংলা বন্ধ তো আছেই। গত ২৯শে আগষ্ট একটা বন্ধ হল, কালকে একটা হচ্ছে এবং ৪ঠা অক্টোবর আর একটা হবে। পশ্চিমবাংলা বন্ধের পক্ষে অনুকূল জায়গা বলে এখানে সকলেই আসছে। তবে এখানেই শেষ নয়, বামফ্রন্ট সরকারের আনুষ্ঠানিক বাংলা বন্ধ যেটা হয় সেটা বোধ হয় আপনারা পূজোয় পর করবেন কেন্দ্রর বিরুদ্ধে। আমি জানতে চাই, বামফ্রন্টের চেয়ারম্যান কেন বলছেন অফিস, স্কুল, কলেজ সব বন্ধ থাকবে? তাই যদি হয় তাহলে আমি বলবো আপনারা শিল্প ধর্মঘটের নামে বাংলা বন্ধ করছেন। এতে পশ্চিমবাংলার প্রভূত ক্ষতি হচ্ছে। একেই তো পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থা অত্যন্ত ভয়াবহ। তার পর যদি বার বার বন্ধ ডাকা হয় তাহলে আমার মনে হয় আরও ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। আর একটা কথা এখানে হাউস চলবে কিনা এই এ্যাসিওরেন্স আমরা পেতে চাই।

শ্রীআবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পূর্ত মন্ত্রী তথা আবাসন মন্ত্রী মাননীয় যতীন চক্রবর্তী মহাশয়কে রাজ্য সরকারের পক্ষ থেকে একটা রিওয়ার্ড দেওয়া উচিত। বিভিন্ন সময়ে জনস্বার্থে বিরোধী কাজ করেন, জনস্বার্থ বিরোধী বিল মোসন আনেন সরকারী নির্দেশ নামা জারী

করেন। এ বিষয়ে তিনি একটা রেকর্ড সৃষ্টি করেছেন। বর্তমানে দেখতে পেলাম কিছু দিন আগে এল আই জি, এম আই জি ফ্ল্যাটে যারা ভাড়াটিয়ারা থাকেন তাদের উপর এক নির্দেশনামা জারী করেছেন যে ঐ সমস্ত ভাড়াটিয়াদের ঐ সমস্ত ফ্ল্যাটের মেনটেনেন্স তাদের নিজেদের করতে হবে। রাজ্য সরকারের এই দেউলিয়াপনা শুধু সরকারী ফ্ল্যাটের ভাড়াটিয়াদের উপর বর্তাবে না, যারা বেসরকারী মালিক তারাও বলে বসবে ভাড়াটিয়াদের বাড়ীর মেনটেনেন্সের দায়িত্ব নিতে হবে। এতে বেসরকারী ভাড়াটিয়াদেরই মদত দেওয়া হবে। তাই আমি আবেদন রাখছি এই বিষয়ে তিনি যেন সত্বর ব্যবস্থা নেন।

Shri Rajesh Khaitan : Mr. Speaker, Sir, I wish to draw your attention to a very important matter that for the last two or three weeks, the sports loving people of West Bengal are very mauch purturbed the manner in which the Sri lankan Authority and the Sri Lankan people are treating our players. Our Indian Cricket Team players are being heckled and humiliated. Appreciating the policy of the Sri Lanka Government and also its friendliness, the Central Government and also our Prime Minister are extending all cooperation to them. It has also been appreciated by the Government of West Bengal and the Chief Minister. But the Sri Lanka Authority and its people are not extending any friendliness to us. Our cricketers are being humiliatd there. In today's newspapers, it has been reported that the Umpires are using the unparliamentarian language. The sports loving people of West Bengal have come to me and requested to mention this matter in the House. I request the Chief Minister to take up the matter with the Central Government while I would also like to apprise the fact to the Prime Minister.

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় রাখতে চাই। সেটা হচ্ছে কিছু দিন যাবত বিভিন্ন সময়ে সংবাদপত্রের মাধ্যমে বিভিন্ন মন্ত্রীর এবং বিধানসভার সকল দলের সদস্যদের সম্বন্ধে নানা রকম দুর্নীতির অভিযোগ পাচ্ছি। একটা পাক্ষিক পত্রিকায় কয়েকটি ডেফিনিট কেস অব কোরাপসন সম্বন্ধে বলা হয়েছে। আমি আপনার কাছে অনুরোধ করবো আপনি মুখ্যমন্ত্রীকে বলুন যেমন লোকসভায় একটা লোকপাল বিল এসেছে সেই রকম এই বিধানসভায় একটা বিল আনুন বিভিন্ন মন্ত্রী এবং এম. এল. এ ইনক্লুডিং অল পার্টি একটা ব্যবস্থা করুণ যাতে সমস্ত এম এল এ থাকবে এবং প্রত্যেক মন্ত্রী হিসাব দিতে বাধ্য থাকবে কার কত সম্পদ আছে তার হিসাব দিতে হবে। শুধু গোপন থাকবে সরকারী কোন দপ্তরে সেটা হবে না। মন্ত্রী হবার আগে কার কত সম্পদ ছিল এবং মন্ত্রী হবার পর কার কত সম্পদ হয়েছে তার হিসাব দিতে হবে। এই বিষয়ে আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি তিনি এর ব্যবস্থা নেবেন।

[3.40–4.30P.M.] [Including adjournment]

শ্রীসুমন্ত কুমার হীরা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেদিন একটি বেসরকারী প্রস্তাব উত্থাপিত হবার পরেও আজকে আমাকে আবার নতুন করে সেই বিষয়টি উত্থাপন করতে হচ্ছে এবং সেই বিষয়টি হচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ব্যাপার। আপনি নিশ্চয় সংবাদপত্রে দেখেছেন, আজকের ষ্টেটসম্যানেও আছে যে, বর্তমান ভাইস-চ্যানসেলর তিনি দিল্লী থেকে ফিরেছেন। দিল্লী থেকে ফিরেই তিনি বলেছেন রিজাইন করবেন না, সেই ইচ্ছাও তাঁর নেই। সংবাদপত্রে এটা বেরিয়েছে, খুব ভাল কথা বলেছেন। কিন্তু এর সঙ্গে সঙ্গে তিনি আরো একটি অত্যন্ত ভয়ংকর কথা বলেছেন। তিনি দিল্লী গিয়েছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের রিপোর্ট দিতে এবং রিপোর্ট চেয়ে তাঁকে ডেকে পাঠানো হয়েছিল। স্যার, কলকাতা ইউনিভার্সিটি ইতিমধ্যেই সেন্ট্রাল সাবজেক্ট হয়েগেলকিনা, কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই এটাকে টেক ওভার করে নিয়েছেন কিনা, আমি জানি না। একজন ভাইস-চ্যান-সেলরকে দিল্লী সরকার কি করে কৈফিয়ত্ তলব করে ডেকে পাঠাতে পারে সেটাও আমি বুঝে উঠতে পারছি না। কলকাতা বিশ্ববিদ্যালয় সম্পর্কে খোঁজ খবর নেবার জন্য কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী তাঁকে দিল্লীতে ডেকে পাঠিয়েছিলেন। এই ভাবে যদি কেন্দ্রীয় সরকার কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর হস্তক্ষেপ করতে শুরু করেন তাহলে পশ্চিমবাংলার স্বায়ত্বশাসন, পশ্চিমবাংলার স্বাধিকার, কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্বাধিকার কিছুতেই রক্ষিত হবে না। এই ঘটনাটিকে একটা অত্যন্ত ভয়ংকর দুর্ঘটনা বলা যেতে পারে এবং এই ঘটনা অবিলম্বে বন্ধ হওয়া উচিত। দিল্লী সরকার ডেকে পাঠালেই একজন ভাইস-চ্যানসেলর এই ভাবে ছুটে যাবেন?

শ্রীসত্যরঞ্জন বাপুলী : স্যার, এই ব্যাপারে আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে।

মিঃ স্পীকার : No Point of order now I call upon Shri Jayanta Kumar Biswas.

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় স্পীকার মহোদয়, গ্রামবাংলার পাট চাষীদের সঙ্কট সম্পর্কে আমরা সবাই ওয়াকিবহাল আছি। বিধানসভায় পাট চাষীদের ব্যাপারটা বার বার উল্লেখিত হয়েছে। কিন্তু তাসত্বে সংবাদপত্রে যেসব সংবাদ বেরোচ্ছে সেদিকে একটু দৃষ্টিপাত করা দরকার। আমরা সংবাদপত্র রেডিওতে বার বার শুনছি জে. সি. আই. কে পাট কিনতে নির্দেশ দেওয়া হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে জে. সি. আই. পাট কিনছে না। আসলে মহাজন, মাড়োয়ারীরা তাদের কাছ থেকে পাট কিনে নিচ্ছে। ফলে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, ক্ষুদ্র পাট চাষীদের কাছ থেকে জে. সি. আই. পাট কিনছে না। তাদের একটা কোটা বিগ বিজনেসম্যান কিনে নিচ্ছে। গ্রামঞ্চলে পাটের দর পড়ে গেছে, পাট চাষীরা শেষ হয়ে যাবে। জে. সি. আই. পাট কিনলে খানিকটা সুবিধা হয়। তাই সাধারণ চাষীদের কাছ থেকে যাতে জে. সি. আই. পাট কেনে অবিলম্বে সেই ব্যবস্থা গ্রহন করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীদেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। আগামি ১২ই সেপ্টম্বর শিল্প ধর্মঘট আহ্বান করা হয়েছে। এই শিল্প ধর্মঘট সম্পর্কে একটা সর্বব্যাপী আবেদন পশ্চিমবাংলার জনগনের কাছে রয়েছে এবং স্বাভাবিক ভাবে ফ্রাটারন্যাল বিভিন্ন অর্গানাইজেসনের তরফ থেকে এই শিল্প ধর্মঘটের প্রতি সমর্থনজ্ঞাপন করা হয়েছে। আমরাও একে সমর্থন করার সিদ্ধান্ত নিয়েছি। সেই জন্য আমাদের দলের সুচিন্তিত অভিমত হচ্ছে, এই সমস্ত ইণ্ডাষ্ট্রিয়াল ওয়ার্কাস, ওয়াকার্সদের পাশে থেকে এই শিল্প ধর্মঘটকে সমর্থন করার যথেষ্ট যৌক্তিকতা আমাদের জনপ্রতিনিধিদেরও রয়েছে। কাজেই সমস্ত দিক চিন্তা করে হাউসের কনসিডারেসনের জন্য আমি আপনার কাছে এই বক্তব্য রাখছি যে, আগামি ১২ই সেপ্টম্বর শিল্প ধর্মঘটের দিন বিধানসভা খোলা থাকা উচিত নয়। আমাদের দলের সুচিন্তিত অভিমত আমি বলে দিচ্ছি, আগামি ১২ই সেপ্টম্বর বিধানসভা খোলা থাকুক কি বন্ধ থাকুক, আমাদের দলের দুজন এম. এল. এ. ঐদিন আমরা বিধানসভার আলোচনায় অংশ গ্রহন করব না। কারণ, এই ধর্মঘটের দিন অর্থাৎ ১২ তারিখে ইণ্ডাষ্ট্রিয়াল ওয়ার্কার্সদের পাশে আমাদের থাকতে হবে। এটাই আমি আমাদের দলের পক্ষ থেকে হাউসের কাছে জানিয়ে দিলাম।

শ্রীমতী রেণুলীনা সুব্বা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় উল্লেখ করতে চাই। স্যার, আপনি জানেন, দার্জিলিং হচ্ছে একটা টুরিষ্ট সেণ্টার, হাজার হাজার পর্যটক দার্জিলিং-এ বেড়াতে যান। কিন্তু স্যার, এই দার্জিলিং-এ যাবার পথে যে রেললাইনটি আছে সেই রেললাইনে সাঁইথিয়া থেকে থানা পর্যন্ত সিঙ্গল লাইন, ফলে এই লাইনে বহু এ্যাকসিডেণ্ট হয়। কিছুদিন আগে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের দুর্ঘটনার কথা আপনারা জানেন। এই পথে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস, বিবেকানন্দ এক্সপ্রেস, গৌড় এক্সপ্রেস, ভাগলপুর এক্সপ্রেস ইত্যাদি গুরুত্বপূর্ণ এবং বড় বড় ট্রেন যাতায়াত করে কিন্তু সিঙ্গল লাইন হবার জন্য অধিকাংশ সময়েই ট্রেনগুলি লেট করে, এ্যাকসিডেণ্ট হয়, লোক মারা যায়। স্যার, এ সম্পর্কে আমরা অল পার্টি ডেলিগেসান নিয়ে দিল্লীতে গিয়েছিলাম এবং সেখানে রেলমন্ত্রী বংশীলালের সঙ্গে দেখা করেছিলাম কিন্তু তিনি আমাদের কোন কথার উত্তর দিলেন না, রাষ্ট্রমন্ত্রী মাধব রাও সিন্ধিয়াকে দেখিয়ে দিলেন এবং বললেন উনিই যা বলার বলবেন। কিন্তু স্যার, এইভাবে চুপচাপ বসে থাকলে তো আমাদের চলবে না, আমি তাই বলছি, এই বিধানসভা থেকে এব্যাপারে একটি প্রস্তাব নেওয়া হোক এবং সেটা রেল দপ্তরের কাছে পাঠিয়ে দেওয়া হোক। স্যার, আমি এই অব্যবস্থার প্রতিবাদ জানাচ্ছি এবং বলছি, উপযুক্ত ব্যবস্থা যদি না হয় তাহলে আমরা গোর্খালীগের পক্ষ থেকে ওখানে বিরাট এ্যাজিটেসান করবো।

68th Report of the Business Advisoruy Committee

Mr. Speaker : I beg to present the 68th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber yesterday and recommended the revised programme of business for the 12th, 13th and 16th September, 1985 respectively :

Thursday, 12-9-85 .... (i) Motion under rule 185 regarding proposal for amendment of the relevant law to provide for remission of rental of telephone for the period of its remaining ineffective—Notice given by Shri Amalendra Roy—1 hour.

(ii) Motion under rule 185 regarding setting up of a high capacity power plant in West Dinajpur Notice given by Shri Dhirendranath Sarkar—1 hour.

(iii) Motion under rule 185regarding immediate necessity for the Dwarakeswar River Barrage Project in Bankura district—Notice given by Shri Subhas Goswami—1 hour.

(iv) Motion under rule 185 regarding proposal for celebration of 300 years Jubilee of Calcutta—Notice given by Shri Rajesh Khaitan—1 hour.

Friday, 13-9-85 .. Motions under rule 185 regarding Assam Accord—Notices given by Shri Shyamal Chakraborty and Dr. Zainal Abedin—4 hours.

Monday, 16.9.85 ..(i) The West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 1985 (Introduction, Consideration and Passing)—1 hour.

(ii) The Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent Acquisition) Bill, 1985 (Introduction, Consideration and Passing—1 hour.

There will be no questions for Oral Answers and mention Cases on Friday, the 13th September, 1985.

I now request the Minister-in-Charge of Parliamentary Affairs Department to move the Motion for acceptance by the House.

করেন। এ বিষয়ে তিনি একটা রেকর্ড সৃষ্টি করেছেন। বর্তমানে দেখতে পেলাম কিছু দিন আগে এল আই জি, এম আই জি ফ্ল্যাটে যারা ভাড়াটিয়ারা থাকেন তাদের উপর এক নির্দেশনামা জারী করেছেন যে ঐ সমস্ত ভাড়াটিয়াদের ঐ সমস্ত ফ্ল্যাটের মেনটেনেন্স তাদের নিজেদের করতে হবে। রাজ্য সরকারের এই দেউলিয়াপনা শুধু সরকারী ফ্ল্যাটের ভাড়াটিয়াদের উপর বর্তাবে না, যারা বেসরকারী মালিক তারাও বলে বসবে ভাড়াটিয়াদের বাড়ীর মেনটেনেন্সের দায়িত্ব নিতে হবে। এতে বেসরকারী ভাড়াটিয়াদেরই মদত দেওয়া হবে। তাই আমি আবেদন রাখছি এই বিষয়ে তিনি যেন সত্বর ব্যবস্থা নেন।

Shri Rajesh Khaitan : Mr. Speaker, Sir, I wish to draw your attention to a very important matter that for the last two or three weeks, the sports loving people of West Bengal are very mauch purturbed the manner in which the Sri lankan Authority and the Sri Lankan people are treating our players. Our Indian Cricket Team players are being heckled and humiliated. Appreciating the policy of the Sri Lanka Government and also its friendliness, the Central Government and also our Prime Minister are extending all cooperation to them. It has also been appreciated by the Government of West Bengal and the Chief Minister. But the Sri Lanka Authority and its people are not extending any friendliness to us. Our cricketers are being humiliatd there. In today's newspapers, it has been reported that the Umpires are using the unparliamentarian language. The sports loving people of West Bengal have come to me and requested to mention this matter in the House. I request the Chief Minister to take up the matter with the Central Government while I would also like to apprise the fact to the Prime Minister.

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় রাখতে চাই। সেটা হচ্ছে কিছু দিন যাবত বিভিন্ন সময়ে সংবাদপত্রের মাধ্যমে বিভিন্ন মন্ত্রীর এবং বিধানসভার সকল দলের সদস্যদের সম্বন্ধে নানা রকম দুর্নীতির অভিযোগ পাচ্ছি। একটা পাক্ষিক পত্রিকায় কয়েকটি ডেফিনিট কেস অব কোরাপসন সম্বন্ধে বলা হয়েছে। আমি আপনার কাছে অনুরোধ করবো আপনি মুখ্যমন্ত্রীকে বলুন যেমন লোকসভায় একটা লোকপাল বিল এসেছে সেই রকম এই বিধানসভায় একটা বিল আনুন বিভিন্ন মন্ত্রী এবং এম. এল. এ ইনক্লুডিং অল পার্টি একটা ব্যবস্থা করুন যাতে সমস্ত এম এল এ থাকবে এবং প্রত্যেক মন্ত্রী হিসাব দিতে বাধ্য থাকবে কার কত সম্পদ আছে তার হিসাব দিতে হবে। শুধু গোপন থাকবে সরকারী কোন দপ্তরে সেটা হবে না। মন্ত্রী হবার আগে কার কত সম্পদ ছিল এবং মন্ত্রী হবার পর কার কত সম্পদ হয়েছে তার হিসাব দিতে হবে। এই বিষয়ে আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি তিনি এর ব্যবস্থা নেবেন।

[3.40–4.30P.M.] [Including adjournment]

শ্রীসুমন্ত কুমার হীরা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেদিন একটি বেসরকারী প্রস্তাব উত্থাপিত হবার পরেও আজকে আমাকে আবার নতুন করে সেই বিষয়টি উত্থাপন করতে হচ্ছে এবং সেই বিষয়টি হচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ব্যাপার। আপনি নিশ্চয় সংবাদপত্রে দেখেছেন, আজকের ষ্টেটসম্যানেও আছে যে, বর্তমান ভাইস-চ্যানসেলর তিনি দিল্লী থেকে ফিরেছেন। দিল্লী থেকে ফিরেই তিনি বলেছেন রিজাইন করবেন না, সেই ইচ্ছাও তাঁর নেই। সংবাদপত্রে এটা বেরিয়েছে, খুব ভাল কথা বলেছেন। কিন্তু এর সঙ্গে সঙ্গে তিনি আরো একটি অত্যন্ত ভয়ংকর কথা বলেছেন। তিনি দিল্লী গিয়েছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের রিপোর্ট দিতে এবং রিপোর্ট চেয়ে তাঁকে ডেকে পাঠানো হয়েছিল। স্যার, কলকাতা ইউনিভার্সিটি ইতিমধ্যেই সেন্ট্রাল সাবজেক্ট হয়েগেলকিনা, কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই এটাকে টেক ওভার করে নিয়েছেন কিনা, আমি জানি না। একজন ভাইস-চ্যান-সেলরকে দিল্লী সরকার কি করে কৈফিয়ত্ তলব করে ডেকে পাঠাতে পারে সেটাও আমি বুঝে উঠতে পারছি না। কলকাতা বিশ্ববিদ্যালয় সম্পর্কে খোঁজ খবর নেবার জন্য কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী তাঁকে দিল্লীতে ডেকে পাঠিয়েছিলেন। এই ভাবে যদি কেন্দ্রীয় সরকার কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর হস্তক্ষেপ করতে শুরু করেন তাহলে পশ্চিমবাংলার স্বায়ত্বশাসন, পশ্চিমবাংলার স্বাধিকার, কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্বাধিকার কিছুতেই রক্ষিত হবে না। এই ঘটনাটিকে একটা অত্যন্ত ভয়ংকর দুর্ঘটনা বলা যেতে পারে এবং এই ঘটনা অবিলম্বে বন্ধ হওয়া উচিত। দিল্লী সরকার ডেকে পাঠালেই একজন ভাইস-চ্যানসেলর এই ভাবে ছুটে যাবেন?

শ্রীসত্যরঞ্জন বাপুলী : স্যার, এই ব্যাপারে আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে।

মিঃ স্পীকার : No Point of order now I call upon Shri Jayanta Kumar Biswas.

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় স্পীকার মহোদয়, গ্রামবাংলার পাট চাষীদের সঙ্কট সম্পর্কে আমরা সবাই ওয়াকিবহাল আছি। বিধানসভায় পাট চাষীদের ব্যাপারটা বার বার উল্লেখিত হয়েছে। কিন্তু তাসত্বে সংবাদপত্রে যেসব সংবাদ বেরোচ্ছে সেদিকে একটু দৃষ্টিপাত করা দরকার। আমরা সংবাদপত্র রেডিওতে বার বার শুনছি জে. সি. আই. কে পাট কিনতে নির্দেশ দেওয়া হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে জে. সি. আই. পাট কিনছে না। আসলে মহাজন, মাড়োয়ারীরা তাদের কাছ থেকে পাট কিনে নিচ্ছে। ফলে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, ক্ষুদ্র পাট চাষীদের কাছ থেকে জে. সি. আই. পাট কিনছে না। তাদের একটা কোটা বিগ বিজনেসম্যান কিনে নিচ্ছে। গ্রামঞ্চলে পাটের দর পড়ে গেছে, পাট চাষীরা শেষ হয়ে যাবে। জে. সি. আই. পাট কিনলে খানিকটা সুবিধা হয়। তাই সাধারণ চাষীদের কাছ থেকে যাতে জে. সি. আই. পাট কেনে অবিলম্বে সেই ব্যবস্থা গ্রহন করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

that the Chairman, Mayor, Deputy Mayor, members of the mayor-in-Council and the members nominated to preside over the meetings of the Corporation on are not to be the members of the Borough Committee. It was, therefore, necessary to make provision so that the members of the Mayor-in-Council (other than the Mayor and Deputy Mayor) and the members nominated under section 93 of the Calcutta Municipal Corporation Act, 1980 to preside over the meetings of the Corporation in the absence of the Chairman can be included in the Borough Committees as members so as to ensure that the wards from which these persons are elected do not go unrepresented in the interest of the rate-payers of those wards.]

Section 353 of the aforesaid Act prescribes for the maintainance, Control and regulation of public streets sabve and except the squares parks and gardens which seems to the deficiency the Act has been suffering from.

The Bill aims at removing the difficulty described above by amendment of sub-section(2) of section 11 and substitution of section 353 of the Calcutta Minicipal Corporation Act, 1980.

The Calcutta Municipal Corporation (Amendment) Ordinance, 1985 and the Calcutta Municipal Corporation (Second Amendment) Ordinance,1985 had to be promulgated giving efect to the said amendments on the 19th August, 1985 as the West Bengal Legislative Assembly was not in session at that time and the amendements were considered urgently necessary in the interest of smooth functioning of the Calcutta Municipal Corporation.

(Noise)

(Secretry then read the Title of the Bill)

(Several Members rose in their seats)

(Noise and Interruption)

(At this stage several members rose to speak)

Mr. Speaker : I have received four notices of Statutory Resolutions. Now I Call upon Shri Abdul Mannan to move his resolution.

(At this stage several members rose to speak-noise)

Mr. Speaker : Mr. Mannan, are you going to move your resolution ?

(Several members rose to speak-Noise)

Mr. Speaker : Then the Resolution is not moved.

Now I call upon Shri Prasanta Kumar Sur, Minister-in-charge to move the motion for consideration of the Bill.

(Noise)

Shri Prasanta Kumar Sur : Sir, I beg to move that the Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1985, be taken into consideration.

(Noise)

(At this stage the members of Congress (I) walked out of the Chamber)

সংশোধনী বিলটিতে দুটি সংশোধনী প্রস্তাব করা হয়েছে।

১। ক্যালকাটা মিউনিসিপ্যাল করপোরেশন এ্যাক্ট ১৯৮০-এর ১১ ধারার ২ উপধারার সংশোধন এবং

২। ক্যালকাটা মিউনিসিপ্যাল করপোরেশন এ্যাক্ট ১৯৮০-এর ৩৫০ ধারার পরিবর্তে একটি নতুন ধারার সংযোজন।

ক্যালকাটা মিউনিসিপ্যাল করপোরেশন এ্যাক্ট ১৯৮০-এর ১১ ধারার ২ উপধারা অনুসারে বরো কমিটিতে বর্তমান কলকাতা পৌরসভার চেয়ারম্যান, মেয়র, ডেপুটি মেয়র, মেয়র ইন কাউনসিলের সদস্যবৃন্দ এবং চেয়ারম্যানের অনুপস্থিতিতে সভাপতিত্ব করার জন্য নির্বাচিত তালিকার অন্তর্ভুক্ত সদস্যবৃন্দের অন্তর্ভুক্তির কোন সুযোগ নেই। চেয়ারম্যান, মেয়র এবং ডেপুটি মেয়রের পুরসভার প্রশাসনের শীর্ষে অবস্থান করছেন। (At this stage the members of Congress (I) worked out of the Chamber) এঁদের বাদ দিলে মেয়র ইন কাউনসিলের সদস্যবৃন্দ এবং চেয়ারম্যানের অনুপস্থিতিতে সভা পরিচালনার জন্য নির্বাচিত তালিকার অন্তর্ভুক্ত সদস্যবৃন্দের অনুপস্থিতি বরো কমিটিতে বিশেষ ভাবে অনুভূত হবে। এরা যে এলাকা থেকে নির্বাচিত সেই এলাকার নির্বাচকবৃন্দদের আশা আকাঙ্খা বর্তমান আইন অনুসারে নির্বাচিত উপরোক্ত সদস্যবৃন্দদের মাধ্যমে অভিব্যক্ত

এবং রূপায়িত হতে পারবে না। বর্তমান আইনের এই অসম্পূর্ণতা সরকারের দৃষ্টিগোচর হয়েছে এবং বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে সরকার আইনটি এমন ভাবে সংশোধন করবার প্রস্তাব রেখেছেন যার ফলে উক্ত অসম্পূর্ণতা দূর করা সম্ভব হবে। এবং বরো কমিটিগুলোতে মেয়র ইন কাউনসিলের সদস্যবৃন্দ এবং চেয়ারম্যানের অনুপস্থিতিতে নির্বাচিত তালিকার অন্তর্ভুক্ত সদস্যবৃন্দ সক্রিয় সদস্য হিসাবে অংশগ্রহন করতে সক্ষম হবেন। বিষয়টি নিয়ে বিভিন্ন সংবাদপত্রে বিরূপ সমালোচনাও হয়েছে। কিন্তু একথা গভীর ভাবে কেউই দেখেন নি যে, প্রস্তাবিত সংশোধনী বিলটি কলকাতা পুরসভার নির্বাচকদের স্বার্থ রক্ষার দিকে লক্ষ্য রেখে করা হয়েছে, কোন বিশেষ দল বা মতের পরিপোষণ করবার জন্য নয়। দি ক্যালকাটা মিউনিসিপ্যাল করপোরেশন এ্যাক্ট ১৯৮০-এর ৩৪৪ ধারার ১ উপধারায় বলা হয়েছে যে পুরসভার অন্তর্গত সমস্ত স্কোয়ার, পার্ক এবং উদ্যান পুরসভার মিউনিসিপ্যাল কমিশনারের নিয়ন্ত্রনাধীন থাকবে এবং উপরোক্ত আইনের নির্দেশ এবং নিয়মাবলী অনুযায়ী এগুলি রক্ষিত, নিয়ন্ত্রিত এবং ব্যবহৃত হবে। কিন্তু উপরোক্ত আইনটির পর্য্যালোচনা করে দেখা গেছে এই একটি উপধারা ব্যতীত সমগ্র আইনটিতে স্কোয়ার, পার্ক এবং উদ্যান সম্পর্কে আর কোন নির্দেশের উল্লেখ নেই, অথচ বিভিন্ন সরকারী কাজে প্রতিনিয়তই এই স্কোয়ার, পার্ক এবং উদ্যান সাময়িক বা অপেক্ষাকৃত দীর্ঘ মেয়াদী লিজ দেবার প্রয়োজন ঘটে। যুগোপযোগিতা এবং কলকাতার জনসাধারণের স্বার্থেই উন্নয়নের বিভিন্ন প্রকল্পে এই স্কোয়ার, পার্ক এবং উদ্যানগুলি মূল্যবাণ ভূমিকা পালন করতে পারে। কিন্তু বর্তমান আইনটি এদিক থেকে কেবলমাত্র অসম্পূর্ণই নয়, উন্নয়নশীলতার দিক থেকে বলতে গেলে উন্নয়ন পরিপন্থীও বটে। কলকাতার মানুষের ভবিষ্যত উন্নয়নের স্বপ্নের দিকে লক্ষ্য রেখে আইনের এই অসম্পূর্ণতাকে দূর করা সরকারের কাছে এই মূহূর্তে খুবই প্রয়োজনীয় বলে মনে হয়েছে। উপরোক্ত দুটি সংশোধনী প্রস্তাবই যেহেতু অত্যন্ত জরুরী বলে সরকারের কাছে বিবেচিত হয়েছিল, সতর্কতার সঙ্গে বিচার বিবেচনা করার পর সরকার দুটি প্রস্তাবই অর্ডিন্যান্স আকারে ইতিপূর্বে ঘোষণা করবার ব্যবস্থা গ্রহণ করেছিলেন। এই অর্ডিন্যান্স দুটি বর্তমানে বিল আকারে এই সভায় উপস্থাপিত করা হয়েছে যাতে মাননীয় সদস্যবৃন্দ এই বিলটির গুরুত্ব উপলব্ধি করে সেটি সর্বসম্মত ভাবে গ্রহণ করতে পারেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা যখন আমরা প্রনয়ন করি, সেই সময় আমাদের একটা ত্রুটি হয়েছে। এই ১৯৫১ সালের যে আইন ডঃ বিধান চন্দ্র রায় করেছিলেন, সেই আইনে বরো কমিটির ফর্মেশনের যে দিকটা, সেদিকটা ভাল করে নজর করে দেখেন নি। আমি পড়ে দিচ্ছি, সেকশন ১৬, সেখানে ছিল।

[4-40— 4-50 P.M.]

The Corporation shall, at its first meeting after a general election or as soon as may be at any meeting subsequent thereto, group the wards of the Corporation which are contiguous into ten boroughs তারপরে বরো কমিটির ফর্মেসন সম্বন্ধে তখন এ' আইনে বলেছি, The Borough Committee shall consists of the Councillors of the Corporation representing wards consituting the Borough.

অর্থাৎ একটা বরোতে যতগুলি ওয়ার্ড থাকবে ততগুলি ওয়ার্ডের সমস্ত কাউনসিলররা বরো কমিটির মেম্বার থাকবেন, এই প্রভিসন ১৯৫১ সালের আইনের মধ্যে ছিল। কিন্তু আমরা যখন আইন করি তখন যে কোনো কারণেই হোক আমাদের একটা ত্রুটি হয়েছে, আমরা ১১ ধারা মতে বরো কমিটি ফর্মেসন করার ক্ষেত্রে বলেছিলাম, Each borough Committee shall consists of the councillors, other than the Chairman elected under section 6 and the members nominated under section 93 and the Councillors who are member of the Mayor in Council elected from the wards constituting the borough.

সেকসন ইলেভেন অফ্ ১৯৮০ তে বলা হয়েছে, "Group the wards of the Corporationwhich are contiguous into ten boroughs."

এর অর্থ হলো এই যে, আমাদের যে মেয়র ইন্ কাউনসিলের ১২ জন সদস্য, চেয়ারম্যান এবং তিন'জন প্রিসাইডিং অফিসার, ১২+৪= এই ১৬ জন মেম্বারস বরো কমিটিতে রিপ্রেজেন্ট করতে পারবেন না। এই ত্রুটি'টা আমাদের হয়েছিল। অথচ ১৯৫১ সালের আইনে ছিল প্রত্যেক কাউনসিলরই তাঁদের নিজ নিজ বরো'তে রিপ্রেজেন্ট করতে পারবেন। সুতরাং সেই অনুযায়ী আমাদের এই বিলের উদ্দেশ্য হচ্ছে প্রত্যেক কাউনসিলর যাতে তাঁদের বরোতে কাজ করতে পারেন। রিপ্রেজেন্ট যাতে করতে পারেন তার জন্যই এই জিনিসটা আমরা এখানে সংশোধন করে নিচ্ছি।

(এই সময়ে কংগ্রেস (ই) দলের সদস্যগণ পুনরায় সভায় ফিরে আসেন।)

তবে একটা কথা এখানে আমরা বলছি, সেটা হচ্ছে, মেয়র, ডেপুটি মেয়র এবং চেয়ারম্যান, এই তিন-জনকে বাদ দিয়ে আমরা আর সবাইকে বরো কমিটির মেম্বার হিসাবে রাখার কথা বলছি এবং সেই ভাবেই সংশোধনীটি আনা হয়েছে। আমরা সেই জন্যই আজকে এই নতুন আইনটি এনেছি। আগেকার আইনে বরো কমিটির কোন ক্ষমতা ছিল না, কিন্তু বর্তমান আইনে বরো কমিটিকে নিজ নিজ বরো এলাকার সমস্ত ওয়ার্ডগুলি যাতে তাঁরা দেখতে পাবেন তার জন্য আমরা ধারা সংযোজন করেছি। সেই অনুসারে আমরা মনে করি বরো কমিটিতে যদি সমস্ত ওয়ার্ড কমিটির সবার রিপ্রেজেনটেসন না থাকে তাহলে ওয়ার্ড কমিটির কাজগুলি সুষ্ঠভাবে হবে না। এই হলো একটা। আর একটা হলো ১৯৫১ সালে যে আইনটা বিধানবাবু করে গিয়েছিলেন, সেই আইনের ৩৬১ ধারায় বলা হয়েছিল, The Corporation may lay out and make new streets, squares and gardens. অর্থাৎ এ আইনে নিউ ষ্ট্রীটস, স্কোয়ার্স এ্যাণ্ড গার্ডেনস কথাগুলি বলা ছিল। কিন্তু আমরা ভুলবশত '৮০ সালের আইনের মধ্যে স্কোয়ার্স এ্যাণ্ড গার্ডেনস কথা দুটি বাদ দিয়েছিলাম। বর্তমান সংশোধনীতে সেখানে বলা হচ্ছে, The Corporation can turn, divert or

temporarily or permanently close any public street or part there of or permanently close any public square or garden.এটা ১৯৫১ সালের এ্যাক্টেও ছিল এবং সেখানে সেকসন ৩৬২'তে আরো বলা হয়েছিল, When any public street, or part thereof, or any public square or garden is permanently closed under section 361 the Corporation may sell or lease the site of so much of the roadway and footpath as is no longer required, or the site of the square or garden, as the case may be making due compensation to, or providing means of access for, any person who may suffer damage by such closing.

আমরা ১৯৮০ সালে যে নতুন আইনটি করেছিলাম সে আইনের সেকসন ৩৫৩'তে শুধু পারমানেন্ট স্ট্রীটের কথা বলেছিলাম। সেখানে বলেছিলাম The Municipal Commissioner, may with the previous sanction of the Corporation permanently close the whole or any part of a public street.তার মানে হল, স্কোয়ার, পার্কস এণ্ড গার্ডেন এই কথাটা সংযোজন করতে আমাদের ভুল হয়েছে। সুতরাং যে বিল আনলাম সেই বিলে যে অসম্পূর্ণতা ছিল সেটা যে কেবল দূর করলাম তা নয়, আমাদের কলকাতা শহরের যে উন্নয়ন সেই উন্নয়নের ব্যাপারে পার্কস স্কোয়ার এবং গার্ডেন কিভাবে ব্যবহার করবো সেইজন্য এই বিল আনতে হয়েছে। সুতরাং এই বিলে যে অসম্পূর্ণতা রয়েছে সেই অসম্পূর্ণতা দূর করে আমি বর্তমানে যে বিল এনেছি মাননীয় সদস্যগণ তা গ্রহন করবেন।

Mr. Speaker : There is motion for circulation of the Bill by Shri Rajesh Khaitan. Shri Khaitan may now move his motion.

Shri Rajesh Khaitan : Mr. Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1986.

Sir, the purpose and objective for introduction of this Bill by Shri Prasanta Kumar Sur, Hon'ble Minister, is apparent. On the face of it I would say that this Left Front Govrnment does not believe in democracy, does not believe in democratic norms and does not believe in the people who have cast their votes. Sir, recently the Calcutta Municipal election was held. The people knew what the Calcutta Municipal Corporation Act was as was brought by this very Government and the earlier Act had been amended. The people were told that if you vote in this election this Govrnment will see that the Calcutta Muncipal Corporation will run and manage the affairs of Calcutta in the manner prescribed in the Statute. But as soon as after the election result was out they found that they did not get the type of majority they wanted to have, and they have now contemplaced to come before this House to make amendments so that in the Borough Committees which are going to be formed they have the maximum number of majority. Sir, this is totally politically motivated, undemocratic and unbecoming of any government who believe in democracy. As regards the second amendment, let me say it is better. You are aware, Sir on 3rd June, 1985, Hon'ble Calcutta High Court had given a judgement relating to a park, - the park next to Satyanarayan Mandir in the Burabazar area. To bye pass and to overcome the judgement of Calcutta High Court, with political motivation this amendment to section 353 of the Calcutta Municipal Corporation Act is brought by the Hon'ble Minister, Shri Prasanta Kumar Sur. In the Judgement of Calcutta High Court it was stated how irregularly, how high handed way and how administratively Shri Prasanta Kumar Sur, Hon'ble Minister, has gone out of the way in leasing out that park. This government has set their hands in this judgement to proceed in the matter.

[4-50— 5-00 P.M.]

Sir, let me draw your attention to Section 599 of the Calcutta Municipal Corporation Act. Before that I must mention that under section 65 (3) of Calcutta Improvement Trust - public places, streets and parks were vested to the Calcutta Corporation. Under the Calcutta Improvement Trust Act of 1911 - Parks Streets, footpaths belong to the Calcutta Improvement Trust. The vested it to the Calcutta Municipal Corporation only for the purpose of maintenance, only for the purpose of regulating at their cost, for any other purposes. By the proposed amendment they are going to transgrace and deviate the purpose for which space, footpaths, streets and parks are given to the Calcutta Municipal Corporation. This is totally a fraud practice which is going to be practiced by this Government. Look what section 599 of the Calcutta Municipal Corporation Act says — 'Other laws not to be disregarded – Save as otherwise provided in this Act, nothing contained in this Act shall be construed to authorise the Corporation or any municipal authority or any officer or other employees of the Corporation to disregard any law for the time being in force'. Sir, the Calcutta Improvement Trust is in existence. By proposing in this amendment you are going to violate the section 599 of this Act. – Calcutta Municipal Corporation Act. This amendment is unconstitutional and illegal and unlawful exercise of power. The Hon'ble Minister Shri Prasanta Kumar Sur is aware that the Calcutta High Court passed several judgements in this regard. I refer here that the Calcutta Municipal Corporation cannot lease out and cannot give any licence and cannot sell the public places, streets and the parks. Yet this proposed amendment is being brought only to save their face, only for their ego. They have given parks in the heart of Calcutta. They have to combat by hook or by crook. They must stand by in this very House. You are aware in regard to the population problem and environment problem in this city. I had mentioned it to the Hon'ble Minister-in-charge of Environment in this House with a request that one representative of each political party to come with you as you are the Chairman of the Environment forum of this Legislative House and to visit that place and see whether the said park can be given any lease or something like that. They did not bother. It is a reasonable suggestion from my part. They have to some how or other lease out the park to private hands. Shri Prasanta Kumar Sur

& others always charge that we the Congress are always with the 'Byabasyees'. Now you are in the hands of the 'Byabasyees'. They have purchased you otherwise. You cannot bring an amendment in this House. To-day you are selling yourselves to the 'Byabasyees' আপনি কলকাতাকে বিক্রি করে দিতে প্রস্তুত হয়েছেন, কলকাতাকে মর্টগেজ করতে প্রস্তুত হয়েছেন, কলকাতাকে আঘাত করতে প্রস্তুত হয়েছেন। আমরা তা হতে দেব না, কলকাতা এবং পশ্চিমবঙ্গের মানুষ এটা হতে দেবে না। It is a serious matter. A senior member like you I expect you to be reasonable. I expect that you will come out to see the miseries of the people in the heart of Calcutta due to traffic congestion - people how they are living. In the garb of this proposed amendment you have to carry out your 'Jhid' because your commitment is there. Your commitment is to mortgage the city of Calcutta parks, streets and footbpaths. What is the necessity of amending section 353 ? It given the power to the Calcutta Municipal Corporation to lease the parks, streets and foothpaths. There is also a resolution to that effect by theCalcutta Corporation. But by this amendment you are taking away the power from the Calcutta Corporation. You say that the Mayor-in-Council will decide and the State Government will decide for the purpose of development of parks, streets and footpaths. You say that you believe in democracy. What about the elected representatives in the Calcutta Corporation ? What about the elected representative to a particular aea where the government would like to close the park for the purpose of development. You do not take into consideration the people's interest. It is against the public interest. This amendment is proposed against the public interest. If you want to avoid any blood-shed, if you want the people of Calcutta to remain peaceful and live peacefully you must not bring this amendment. I ask you to circulate the proposed amendment. Go to the people because they have voted you in the last Calcutta Municipal Corporation election against your unholy activities, against your undemocratic activities, against your selling and mortgaging and leasing out the parks, streets and the footpaths and the public places of Calcutta. Today in the closed doors of this House, you can propose an amendment with the brute majority of the Treasury Benches and with the use of muscle power, you are trying to push away and gag by bringing this amendment. Mr. Speaker, Sir, please protect us. You are the Chairman of the Legislative Environment Forum. It is in the public interest. Save Calcutta, preserve Calcutta and develop Calcutta but don't sell Calcutta's public places in the hands of the Byabasayis, whose money has come from their coffers and it can be seen in the Alimuddin Street where a shining building has been built up. So, I can see that the time has come when you cannot stop people talking freely. I only wish and hope that good sense will prevail upon this government for not pursuing such an undemocratic amendment.

I wish to rely upon the case reported in 76 C.W.N. 613, Page No. 883 about the judgement of Justice A N Sen on the case of Sceots (P) Limited & others, vs. Calcutta Corporation. Stalwarts of law and leading practitioners were present there. In the matter, I would, at least, request that they should respect our own High Court and Supreme Court. In my view, the Corporation does not become the owner of the public streets, parks and footpaths. Now I quote the Judgement of Justice A N Sen, which runs as follows : "Public streets are vested on the Corporation of Calcutta for the purpose of the Calcutta Municipal Act, 1951, viz., for seeing that such streets are maintained and can be properly used as thorough fares. The Corporation does not become the owner of the public streets in the sense that it can do whatever it chooses with such streets as a private owner can do with regard to property owned by him. It is clear that duty of the corporation to see that a public street can be properly used as a public street and is properly maintained as a public thoroughfare. It has no right or authority to let out any portion of a public street or to allow the use of only any part of a public steet." So, the Calcutta corporation has no power to lease out the parks and give licence to the Byabasayis. The Corporation has no right of ownership but only for the limited function and for the purpose of discharging the provisions and powers as laid down in the Calcutta Municipal Corporation Act.

[5.00–5.10]

These powers in the public interest does not give right to the Calcutta Corporation to develop undergrund parks, footpaths,gardens and sell out for just satisfaction of some private byabasyees so that they can create market place and fish bazar. What social benefit will be derived by it, I do not understand? What social objective you are going to achive by giving parks, streets, gardens to these byabasayees? We hardly have any park or any place where we can breathe. This city has been recorded as the most congested place in the world. Sir, they want to create jungle here. They cannot give anything to the people above land. They cannot provide air,they cannot provide water, they cannot provide electricity and they cannot give anything above the land of Calcutta. They cannot stop water–logging. The Hon'ble minister says that they have right to sell out streets, parks etc. to those who are byabasayees, who are giving money to their party and are allowing them to sell out callcutta. Do they think about the people of Calcutta? Sir, I ask the Hon'ble Minister how they will provide air, how they will provide light, water. What is the position of drainage system? Let the Hon'ble Minister say about it. I know they have nothing to reply. They will only say আমরা দেখে নেব, When you are not competent to manage municipal affairs over the land of Calcutta, then how will you manage underground land. Therefore, Mr. Speaker, Sir,this proposed amendment Bill is totally impractical and would not stand test of law. So, it is better if it is circulated for public opinion.

Then the Hon'ble Minister will see that it is impractical because the people will not want it, people will not support the whole object of this Bill. I,therefore, rise to oppose the Bill brought by the Hon'ble Minister and I finally say that in the interest of democracy/ in the interest of public, in the interest of Calcutta net the proposed amendment Bill be circulated amongst the people to elicit their opinion. Thank you.

শ্রীলক্ষ্মী কান্ত দে : মাননীয় স্পীকার স্যার, কলিকাতা করপোরেশনের নির্বাচনের পর কিছু আইনের বাস্তবসম্মত সংশোধন আনার প্রয়োজন হয়েছে বলে মন্ত্রী মহাশয় সেই প্রয়োজনে এই আইনের এ্যমেণ্ডমেন্ট এনেছেন । সেই জন্য আমি এই বিলকে সমর্থন করছি । খৈতান সাহেব বলেছেন যে নির্বাচনের উপর নির্বাচন হোক - কলিকাতা করপোরেশানে নির্বাচন হোক পার্ক বিক্রিকে কেন্দ্র করে । খৈতান সাহেবরা গত ১বছর ধরে বিভিন্ন সংবাদপত্রের বক্তব্য নিয়ে তাঁরা এই বক্তব্য হাজির করেছিলেন সমস্ত শহরবাসীর কাছে । তাঁরা এই সত্য নারায়ন পার্ক সম্বন্ধে নানা বক্তব্য রেখে পৌরসভার নির্বাচনে জয় লাভের চেষ্টা করেছিলেন । কিন্তু সেখানে খৈতান সাহেব এবং কংগ্রেসীদের মুখের উপর জবাব দিয়েছে কলিকাতার মানুষেরা এই নির্বাচনের মাধ্যমে । শহরবাসী মানুষেরা কলিকাতা কর্পোরেশনের নির্বাচনে তাদের পরাজিত করে দেখিয়ে দিয়েছে যে সত্যনারায়ন পার্ক সম্বন্ধে এতো দিন যা করা হয়েছে, সত্যনারায়ন পার্ক সম্বন্ধে যে আইনের প্রশ্ন উৎথাপন করা হয়েছে সেটা সঠিক । তা না হলে কলিকাতা কর্পোরেশানের নির্বাচনে কংগ্রেস হেরে যেত না বা আমরা জয়যুক্ত হতাম না । কি পরিবর্তন এর হিসাবটা আসছে? কাউন্সিলার হিসাবে কলকাতা কর্পেরেশনে যাঁরা নির্বাচিত হবেন এবং সংখ্যাগরিষ্ঠ দল হিসাবে যাঁরা নির্বাচিত হবেন, তাঁরা বরো কমিটি গঠন করবেন। মাননীয় বিরোধীপক্ষের সদস্য বলছেন, এটা অগণতান্ত্রিক। আপানাদের অনেকে তো আগে কাউন্সিলার ছিলেন, আজ এখানে এম. এল. এ. হয়েছেন, আপনারাই বলুন না, এতে অসুবিধাটা কোথায় দেখছেন? বরোকমিটি কি ভাবে, কোন ওয়ার্ড নিয়ে হবে, বরোকমিটি সংলগ্ন ওয়ার্ড কোনগুলো হবে–এসব বরো কমিটি যাঁরা গঠন করবেন, তাঁরাই ঠিক করবেন। এতে অসুবিধার কি আছে? নির্বাচনের মাধ্যমে জনগণ তাঁদের রায় দিয়েছেন। তাঁরা যাঁদের নির্বচিত করেছেন তাঁরা সেই জনগণের কল্যাণের জন্য যে কাজ করছেন সেটা মেনে নেওয়াটাই তো সঠিক গণতন্ত্র। তাহলে বরো নিয়ে এত চেঁচামেচি করার কোন প্রশ্ন তো ওঠে না? বেশ কিছু দিন যাবত দেখছি কাগজে কিছু লোক কলকাতার মানুষকে ভূলভাল বোঝাবার চেষ্টা করছেন। এগুলো আবার করছেন এমন এক শ্রেণীর মানুষ, যাঁদের কর্পোরেশন সম্বন্ধে বিন্দু মাত্র ধ্যান–ধারণা নেই তাঁরাই বরোর ব্যপারে বিভিন্ন সাজেসান দিচ্ছেন: কোথায় টালার জলের লাইনের উপর নির্ভরশীল, কোথায় নেই, কোথায় বিগ্‌টিউবওয়েলের উপর নির্ভরশীল, সেউ সমস্ত এলাকায় এক এক করে এগুলো গঠন করা উচিত, এইসব বলছেন। আমি জানিনা, এই সমস্ত কথাবার্ত্তা তাঁরা বলছেন কি ভাবে? একটা সমস্যার সঙ্গে আর একটা সমস্যাকে মেলান কি ভাবে? এখানে বিভিন্ন রকম ডিষ্ট্রিক্ট আছে, হিসাবপত্র আছে,-তাঁরা এসবের কিছুই জানেন না। এসব সত্ত্বেও দৈনন্দিন কাগজে লেখা হচ্ছে যে কোথায় কিভাবে সব হওয়া উচিত। নির্বাচনে জিতে গিয়ে যেন আমরা কংগ্রেসের সমস্ত অধিকার খর্ব করে দিয়েছি। আর কংগ্রেস যেহেতু হেরেছে, তার জন্য এত চিন্তাচিরত্র, ভাবনা দেখা দিয়েছে তাঁদের মনে, কি ভাবে কি গণ্ডোগোল করা যায়? যাঁরা উদাহরণ দিচ্ছেন, আমি তাদের কাছে জিজ্ঞাসা করি, পুরনো কর্পেরেশনে তো আপনারাও ছিলেন, - আমরা তো ১৯৬৯ সালে কেবলমাত্র কর্পেরেশনে জিতেছিলাম - আপনাদের মধ্যে মেয়র ছিলেন এবং কর্পোরেশন চালিয়েছিলেন, কবে বরো নিয়ে কোন বিরোধী দলের লোকের সঙ্গে আলোচনা করেছিলেন? একটা উদাহরণ দিন তো যে, অমুক সময়ে আমুক বিরোধীদলের লোকের সঙ্গে আলোচনা হয়েছিল? আমরা জানি যে, বিরোধীদলের লোকেরাও নির্বাচিত। তবে জনগণ যাঁদের বেশী করে নির্বাচিত করেছেন, তাঁরা জানেন যে কোথায় কি ভাবে সব চলাতে হবে। তাঁরা এটাও জানেন যে, কোনকিছু খারাপ হলে জনগণ তাঁদের সমালোচনা করবেন। - যাঁরা জিতে মেয়র নির্বাচন করেছেন তাঁদের জনগণ সমালোচনা করবেন। কর্পোরেশনের মধ্যে কি করে গণ্ডগোল পাকিয়ে দেওয়া যায় তারজন্য সমস্ত রকম প্রচেষ্টা আপনারা যে করবেন, তা সবাই জানেন। পরিবর্তন করার জন্য কি বলা হয়েছে এর মধ্যে? এইটুকু বলা হয়েছে যে, মেয়র–ইন–কাউন্সিল যাঁরা নির্বাচিত হলেন, তাঁরাই বরো কমিটির সদস্য হতে পারবেন। কিন্তু যাঁরা মনোনীত হয়েছেন, তাঁরা বরো কমিটির সদস্য হতে পারবেন না। এইটুকুই তো বলা হয়েছে, আর কিছু নয়। অসুবিধার কি আছে? আইনে বলা হয়েছে যে এবারকার বরোকে বেশী করে ক্ষমতা দেওয়া হল। আপনারা কি আপনাদের রাজত্বে কোন সময়ে ক্ষমতা দিয়েছিলেন বরো কমিটিকে এই ভাবে? সেই সময়ে ফাইল হাতে নিয়ে উন্নয়নের একটা কাজের জন্য অফিসারদের পেছনে পেছনে ঘুরতে হ'ত। এবারে বরোকে ক্ষমতা দিয়ে বলা হয়েছে যে - জল, লাইট, ড্রেন ইত্যাদি যাবতীয় ব্যাপারে মেনটেন্যান্সের যা কিছু করণীয় তার সমস্ত কিছুই বরো কমিটি করবে। সেই সঙ্গে সঙ্গে কর্পোরেশনে যাঁরা এমপ্লয়ী, শ্রমিক আছেন, তাঁরা বরো কমিটির কাছে জবাবদিহি করবেন। তাহলে বিষয়টা দাঁড়াল কি? কলকাতা কর্পোরেশনে জঞ্জাল পরিস্কার থেকে শুরু করে ড্রেন পরিস্কার করা, লাইট ইত্যাদি সমস্ত কাজগুলো দেখার দায়িত্ব বরো কমিটির। এবং সেই বরো কমিটির অধীনে সে সমস্ত কর্মচারী থাকবেন তাঁদের - এতদিন পর্যন্ত মেয়র বা একজিকিউটিভকে জবাবদিহি করতেন, এবার থেকে তাঁদের কাছে নয় -জবাব দিতে হবে বরো কমিটির কাছে। সেই বরো কমিটির সদস্য যদি মেয়র–ইন–কাউন্সিল এর সদস্য হন, তাহলে নিজের নিজের ওয়ার্ডে কি কাজ করতে হবে তা কি ভাবে দেখবেন? নিবাচিত কাউন্সিলাররা জনগণের কাছে জবাব দেবেন কি করে? নিজের এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার, ওয়ার্ডগুলিতে মেনটেন্যান্স ওয়ার্কএবং লাইট ইত্যাদি দেখার দায়িত্ব তো নির্দ্দিষ্ট এলাকার নির্বাচিত কাউন্সিলারের। সেই অধিকার তাঁর থাকবে না? তাঁর তো ঐ কাজগুলো করার ক্ষমতা নেই সরাসরি। এই আইনে সেখানে পরিস্কার করে বলে দেওয়া হয়েছে যে, সংশ্লিষ্ট কর্মচারীরা জবাবদিহি করবেন বরো কমিটির কাছে এবং কর্মচারীদের নিজেদের কোন ক্ষমতা থাকবে না। কাউন্সিলাররা তাঁদের নিজস্ব ওয়ার্ডে দেখার সুযোগ পাবেন না? আইনে সামান্য পরিবর্তন করে - মেয়র এবং ডেপুটী মেয়র ছাড়া - কেবলমাত্র মেয়র-ইন-কাউন্সিল থেকে ঐ সমস্ত কাজের জন্য যে প্যানেল করা হবে, তাঁরা ওয়ার্ডগুলোতে কাজ করবেন। আর কিছু বলার নেই তো এই আইনে? তাহলে এটা অগনতান্ত্রিক - এই সব বলা হচ্ছে কেন?

[5-10— 5-20 P.M.]

এটা কোন অগণতান্ত্রিক বিষয় নয়। এতে বেশি করে গণতান্ত্রিক সুযোগ সুবিধা দেওয়া হয়েছে এবং সেই সুযোগ–সুবিধা সঠিকভাবে কার্য্যকরী করার জন্য এই ছোট একটা পরিবর্তন এসেছে। এতে মেয়র ইন কাউন্সিলের লোক থাকবে না তা কি করে হয়। এতে এতো হৈচৈ করার কোন কারণ নেই। কাজ ঠিকমত হচ্ছে কিনা, মেন্টেনেন্স ওয়ার্ক ঠিকমত হচ্ছে কিনা সেটা কাউন্সিলের পক্ষে সব ওয়ার্ড ঘুরে দেখা সম্ভব নয়, সেইজন্য সেখানে একটা কোটা থাকবে তাতে মেয়র ইনকাউন্সিলের লোক থাকবে। এতে অসুবিধার তো কিছু নেই, কেবলমাত্র হেরে গেছেন বলে একটা হৈচৈ করে কলিকাতার জনসাধারণের কাছে একটা দৃষ্টি আকর্ষণ করার জন্যই এই জিনিষ আপনারা করছেন। তৃতীয় বিষয় হচ্ছে আইনের, আপনি তো ল-ইয়ার মানুষ, এসব জিনিষ, ভালোই বোঝেন,। আপনি একটু দেখুন এখানে কি লেখা আছে - লেখা আছে যে কলকাতা করর্পোরেশানের পার্ক ইত্যাদি বিভিন্ন জায়গা আছে, সেই বিভিন্ন জায়গায় বিভিন্ন জায়গায় উপকারমূলক সংস্থা বিভিন্ন কাজে ব্যবহার করতে পারবে কিনা, করপোরেশান তো উন্নয়নমূলক কাজের জন্য এই পার্কগুলি দিতে চাইছেন এতে তো হৈচৈয়ের কোন কারণ নেই। আমার অঞ্চলে আজাদ হিন্দ বাগ পার্কটিকে একটি ক্লাবকে দেওয়া হয়েছে এবং আরোকটি অংশ সুইমিং ক্লাবকে দেয়া হয়েছে। সেইরকম কলেজ স্কোয়ারেও অনেক এইরকম উন্নয়নমূলক সংস্থাকে ক্লাব করতে দেওয়া হয়েছে। আপনারা যে লিজ দিয়েছেন সেই লিজের টার্ম যখন শেষ হয়ে যাবে তারা তখন লিজ পাবে না এবং এই টার্ম না পাওয়ার জন্যে তারা কোনদিন হয়তো সেই লীজের সুযোগ থেকে বঞ্চিত হবে। এই আইনের ছোট এই পরিবর্তন যদি না করে রাখা হয় তাহলে যতগুলি ক্লাব, লাইব্রেরী এবং সুইমিং ক্লাব আছে তারা এই লীজের অধিকার থেকে বঞ্চিত হবে। এই পার্কে যে ক্লাবগুলি আছে যথা ফুটবল ক্লাব, এমনি ক্লাব ইত্যাদিগুলি এইসব ক্লাবগুলির সমস্ত অধিকার তাহলে হরণ করে নেওয়া হবে। অর্থাৎ ক্লাব, লাইব্রেরী প্রভৃতির সব অধিকার হরণ করবেন। আমার প্রশ্ন হচ্ছে যে আপনাদের সময়ে আপনারা কি এই সব পার্কগুলিকে কি দেন নি, এটা কি নতুন করে হচ্ছে, ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত একটার পর একটা বাগানকে আপনারা দিয়েছেন। আপনারা পার্ক দিয়েছেন রাস্তা দিয়েছেন আরআমাদের বেলায় এত কথা বলছেন? আমার আশেপাশের এলাকার বিষয়ে বলছি - ১৯৭২ সালে গ্রীয়ার পার্ক যেটি লেডিস বলে খ্যাত সেটিকে মহিলা ব্যায়াম ক্লাবকে আপনারা দিয়ে দিয়েছিলেন। ১৯৭২ সালে টালা পার্কের একটি অংশকে একটি ব্লকে দিয়ে দিলেন। ১৯৭৪ সালে আরেকটি পার্কের অংশকে মহিলা সাঁতার ক্লাবকে দিয়েছিলেন। ১৯৭৪ সালে টালা পার্কের খানিকটা অংশ একটি ক্লাবকে দিয়ে দিলেন। ১৯৭৪ সালে উডবার্ণ পার্কেরএকটা অংশ ক্লাবকে দিয়ে দিলেন। ১৯৭৪ সালে আমার অঞ্চল হৃষিকেশ পার্কে আপনারা উন্নয়নের কাজের জন্য জায়গা ছেড়ে দিয়েছিলেন এবং সেখানে একটা ক্লাবও হয়েছে। তাছাড়া তারা সুন্দরী পার্ক এবং স্যাম স্কোয়ার পার্ককেও আপনারা ক্লাব করার জন্য দিয়েছিলেন। তারপরে গিরিশ পার্কেও একটা মন্দির করা হয়েছিল, পার্কের ভেতরে রাস্তা বানিয়ে মন্দির তৈরী করে দেওয়া হয়েছিল, এটা কি জনসাধারণের স্বার্থে করেছিলেন? এটা বলতে অসুবিধা কি? দিল্লীতে কনট প্লেসে এবং অন্যান্য জায়গায় যে জিনিষ হয়েছে তার বিরুদ্ধে প্রধানমন্ত্রীকে বলার সাহস, নেই। কোলকাতকে নিয়ে শুধু হৈ চৈ। দিল্লী শহরে যে পার্ক আছে এবং সেখানে যা হচ্ছে তা নিয়ে বলুন। এতদিন এইসব বক্তব্য হাজির করেও আপনারা কর্পোরেশানের নির্বাচনে জিততে পারেন নি। এখানে কান্না ভেজা অশ্রু জলে বললেও জনসাধারন আপানাদের পরাজিত করেছেন। সুতরাং এই পরাজয় স্বীকার করে নিয়ে এই এমেণ্ডমেন্ট সমর্থন করবেন।

শ্রী আবদুর রাউফ আনসারী : স্যার, আপনি যদি দেখেন তাহলে দেখবেন প্রথম থেকেই কারচুপী চলছে। এটা চালাচ্ছে by this left front through the Government প্রথম হল ডিলিমিটেশান অফ দি কনস্টিটুয়েন্সি। এটা ভাঙা হল যাতে আমরা কর্পোরেশানে না আসতে পারি। তারপর ভোটার লিষ্ট। যেখানে ১৮ বছর বয়স করা হল সেখানে ১৫ হাজার, আর সেই এলাকায় ২১ হাজার থাকায় ২৩ হাজার - মানে ৮ হাজার কমে গেল। this was the manipulation of the voter list থার্ডলি ১৯৮২ সালের বিধান সভার নির্বাচনে আপনারা হেরে গেলেন তখন it is very difficult to capture Calcutta Corporation অর্থাৎ তখন আপনারা বাইরের কিছু পৌসভা যোগ করলেন। ৩টি মিউনিসিপ্যালটি জুড়ে দেয়া হল - ৪টা এম. এল. এ সিট। ৪১টি নোতুন ওয়ার্ড হল। কিন্তু সি.পি.এম হেরে গেছে কোলকাতা থেকে এবং পেলেন ৫০টি এবং লেজুড় নিয়ে হল ৭০ টি। সেজন্য আয়ারামকে নিয়ে, গার্ডেনরিচের কাউন্সিলারকে নিয়ে ৭১হল। এসব কোলকাতার মানুষ বুঝতে পেরেছেন They are also feeling that you have defeated in the battleআপনি তো মেয়র হলেন এবং তখন I was the leader of the oppsition of the Congress Party in the corporation আপনি বলেছিলেন সেইসময় I will find out the nepotism and corruption and I hope that you will support me আজকে কোথায় সেই প্রশান্তবাবু? তখন তিনি বলেছিলেন আমি সোসালিষ্ট। how much socialist and how much marxist this Government is,বোরো কমিটি সম্বন্ধে বলি। আণ্ডার সেকসান ৬ একজন প্রিজাইডিং চেয়ারম্যান হবেন এবং তিনি ৩ জনকে নমিনেট করবেন টু প্রিজাইড। The Borough Committees so as to ensure that the wards from which these persons are elected do not go unrepresented in the interest of the rate-payers of those wards. মেয়র ইন কাউন্সিলার যারা হবেন বা যিনি প্রিজাইডিং অফিসার থাকবেন তিনি বোরো কমিটিতে যাবেন না। হঠাৎ দেখলেন মেজরিটি যা হয়েছে তাতে মেজরিটি হয়নি।

[5.20-530 PM]

যদি রিজনেবল ওয়েতে, এ্যাডমিনিষ্ট্রেটিভ পয়েন্ট থেকে দেখেন তাহলে দেখবেন ইনডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেণ্ট এই বরো কমিটি সম্বন্ধে কি এ্যাডভাইস দিয়েছে হোয়েন ডাঃ রায় ওয়াজ এ্যালাইভ। আপনারা তাঁদের ওপিনিয়ান নেননি। যদি তাঁদের ওপিনিয়ান নেওয়া হত তাহলে অন্যরকম হত। এঁরা করলেন কি ৮ জন আর ৩ জন ১১ জনের ভোটটা করেছেন। নিজে আইন করেছেন দে উইল নটবি এনটাইটেলড টুভোট এণ্ড রিপ্রেজেন্ট

দি বরো কমিটি। সো হাউ দে উইল ফাংকসান? এরা বলছেন, না, মেয়র ইন কাউন্সিল এ বরো কমিটির মেম্বার হবে। কারণ, তারা পিপলস ইলেক্টেড রিপ্রেজেনটেটিভ। তাহলে দয়া করে বলবেন কি ডেপুটি মেয়র যিনি আমার বন্ধু লোক তিনি তো কাউন্সিলর, তাঁকেকেন দিলেন না? ইফ দি কাউন্সিলর সুড নট গো আনরিপ্রেজেনটেড তাহলে স্যানাল সাহেব যিনি ডিপুটি মেয়র হয়েছেনতাঁকে এই রাইট দিলেন না কেন? হোয়েন ইট ইজ আণ্ডারস্টুড দ্যাট দি ইলেক্টেড কাউন্সিলর উইল রিপ্রেজেন্ট দি বরো কমিটি তাহলে তাঁকে ওখানে বসতে দিলেন না কেন? আপনারা কয়েকজনকে টেনে নিয়ে এসে এক একজনকে মেয়র ইন কাউন্সিলে দিয়েছেন, এক একজনকে মিনিষ্টার করে দিয়েছেন। যেমন ধরুন একজনকে ওয়াটার সাপ্লাই এর দায়িত্ব দিয়েছেন। তিনি নিজের ওয়ার্ড ছাড়া ম্যাকসিমাম কাজ করাবেন। বরো কমিটিতে কি হয়– একটা মিটিং হয়, ওঁর ওয়ার্ডের জন্য যে টাকা এ্যালটেমেণ্টকরা হয় উনি যদি লিখে পাঠিয়ে দেন তাহলে ওঁর টাকা বরো কমিটিতে পাশ হয়ে যাবে। নোবডি ক্যান স্টপ ইট। দি অফিসারস উইল অলওয়েজ এ্যাটেণ্ড হিম। যাঁরা মেয়র ইন কাউন্সিলে আছেন তাঁরা মিনিষ্টারের মত, তাদেঁর কাছে সব ডিপার্টমেণ্টের লোক আসবে, সব চেয়ে বেশী তাঁর কাজ হবে এই পাওয়ার তাঁরা পেয়েছেন। তাই আমি মনে করি এখানে গো বাই করে তাদের অধিকার দিচ্ছেন যে তোমরা বরো কিমিটিতে বস।

Just to keep the Borough in their own hand, they are doing all these things. They are doing all these things in the interest of their party only, not in the interest of the people. Only for political interest you are doing all these things.

কোথাও ৯টা ওয়ার্ড নিয়ে বরো কমিটি করেছেন, কোথাও ৭ টা আবার কোথাও ১১টা নিয়ে বরো কমিটি হয়েছে। ১১টা কোথায় করেছেন, না, যেখানে কংগ্রেস কাউনসিলর আছে। কেন না আউট অব ১৫,৮ ফ্রম দি কংগ্রেস পার্টি যদি হয় তাহলে চেয়ারম্যান উইল বি ফ্রম কংগ্রেস পার্টি, সেটা যাতে না হতে পারে সেজন্য এই কারচুপি করা হল। সেজন্য ১১ জন কংগ্রেস কাউন্সিলরকে একদিকে ঠেলে দেওয়া হল। এখানে আপনি পলিটিকালাইজ করছেন, আপনাদের এ্যাডমিনিষ্ট্রেশন, সব অফিসার যাতে লেফ্‌ট ফ্রণ্টের চেয়ারম্যানকে যাতে ভয় খায় তারই জন্য এই ব্যবস্থা করেছেন, এছাড়া এর মধ্যে আর কিছু নেই। থার্ড থিং হচ্ছে যদি সম্মত মেয়র ইনকাউন্সিলরদের বরোকমিটিতে রিপ্রেজেণ্ট করতে দিলেন তাহলে হোয়াই মনি স্যান্যাল হ্যাজ নট বিন গিভেন দি রাইট টু সিট ইন দি বরো কমিটি? হি ইজ অলসো এ্যান ইলেক্টেড কাউন্সিলর। তাঁর রাইটটা আপনি কার্টল করলেন কেন? ভোটের ফলাফল যখন বেরুল, যখন দেখলেন কলকাতার মানুষ ওঁদের দিক থেকে সব চলে গেছে তখন গার্ডেন রিচ থেকে টেনে এনে জোর করে ৭৫ করে নিজেদের মেয়র করে নিলেন। তারপর ল্যাণ্ড এণ্ড পার্ক সম্বন্ধে আমার কলিগ খৈতানজি বলেছেন যে কয়েক জায়গায় আপনারা পার্ক দিয়ে দিয়েছেন। যদি পার্ক দেওয়া হয়ে থাকে তাহলে নতুন করে আইন করার দরকার কি আছে? যা আইন আছে সেটাই যথেষ্ট। সত্যনারায়নপার্ক, বড়বাজার এত কনজেস্টেড এরিয়া যে সেখানে এত ট্র্যাফিক, এত টাকার প্রশ্ন রয়েছে যে সেখানে ষড়যন্ত্র করা হয়েছে।

You have taken up this idea only for the interest of the multti millioners. You are possing this Bill in the interest of the multi millioners. You are passing this Bill in the interest of the multi-millioners.

লক্ষী দে আউট অব ফোর ওয়ার্ডস হি হ্যাজ লস্ট থ্রি ওয়ার্ডস, একটা ওযার্ডে জিতেছেন। কলকাতার মানুষ প্রমাণ করে দিয়েছে সি পি এম হ্যাজ লস্ট দি ব্যাটেল। পিপলস আর উইথ আস। উই নো ইট এণ্ড ইউ অলসো নো ইট। আমরা কর্পোরেশান ইলেকশানে ৬৭ টাতে জিতেছি, সি পি এম ৫০ টাতে জিতেছে। তাই দুঃখের কথা আপনারা কয়েকজন মাল্টি মিলিওনারদের হাতে এই শহরকে বিক্রি করে দিয়েছেন। প্রশান্ত শূর সমাজবাদী মানুষ, তাঁর চিন্তাধারা ২০ বছর যা ছিল সেটা আজকে নেই, কোন চাপে হোক, যে কোন কারণে হোক ইউ আর ইভল্‌ভিং এ নিউ পলিসি ইন অর্ডার টু আরন মোর এণ্ড মোর মানি। আপনারা বড়লোককে আরও বড়লোক করছেন এবং গরীবকে আরও গরীব করছেন। অথচ মুখে বলছেন আমরা সমাজবাদের দল।

You belong to the socialist forum, Where is the socialist outlook ? You are helping the capilatists. I am opposing the Bill, and I support the motion that the Bill be circulated for the purpose of eliciting opinion there on.

শ্রীঅনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীদলে সদস্যরা যে সমস্ত বক্তব্য এখানে রাখলেন তাতে দেখছি কংগ্রেস রাজত্বে যে আইন ছিল সেই আইনের কথা তাঁরা একেবারে ভুলে গেছেন। আমাদের কাছে যে আইন সংশোধন করবার জন্য আনা হয়েছে তাতে আমি আপনার কাছে উপস্থাপিত কবছি ১৯৫১ সালে কংগ্রেস সরকার যখন ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন এবং পরবর্তী সময়ে ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন এ্যাক্ট, ১৯৫১এই যে আইন ছিল তার ৫২০ সেকসনে একটা আইডেণ্টিক্যাল সেকসন ছিল। আজকে যেটাকে তাঁরা সমালোচনা করছেন ঠিক সেই রকম একটা আইন তাঁরা তৈরী করেছিলেন। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত সুব্রতবাবু এই বিভাগটি দেখতেন। কিন্তু তাঁরা সেটার পরিবর্তন করেন নি এবং রাজনীতির গন্ধও পাননি। আজকে তাঁরা সেই রাজনীতির গন্ধ আবিষ্কার করলেন। মন্ত্রীমহাশয় যেটা করেছেন তাতে দেখছি এটা রিপ্রেজেনটেশন দেবার ব্যাপার ছিল; কিছু কিছু মেম্বার যারা এক্সক্লুডেড হয়েছিল তারা যাতে প্রোপার্লি রিপ্রেজেনটেড হয় সেই ব্যবস্থা করা হয়েছে। এতে সমস্ত বরোরাই উপ্রকৃত হবেন—কংগ্রেসী বরোরাও উপকৃত হবেন। এটা কাউকে এ্যাফেক্ট করছেনা আমার মনে হয় এই তথ্য মিঃ. আনসারি এবং খৈতান সাহেব ভুলে গেছেন। এতে কংগ্রেস সদস্যরাও উপকৃত হবেন অথচ তাঁরা এই সমস্ত কথা বললেন। পরবর্তী কথা যেগুলি তাঁরা বললেন সেটা খুবই মারাত্মক। ভাবনা চিন্তা না করে, আইন ভাল করে না পড়ে কথাগুলি বললেন। ১৯৮০ সালের আইন যেটা হয়েছে তার ৩৪৪ ধারায় একটা কথা আছে,

'All public streets, squares, parks and gardens vested in the Corporation shall be under the control of the Municipal Commissioner and he shall cause the same to be maintained, controlled and regulated in accordance with the provisions of this Act, and the rules and regulations made there under.'

এখানে ৩৪০ ধারায় যে ক্ষমতা দেওয়া হয়েছে অর্থাৎ মিউনিসিপ্যাল কমিশনারের যে ফাংসনের কথা বলা হয়েছে তাতে পাবলিক স্ট্রীট দেওয়া, কিন্তু তার এনাবেলিং সেকসন এটাকে করা হল। ৩৫০-কে এ্যামেণ্ড করে নেওয়া হল ডেভলপমেন্ট করবার জন্য। তার কারণ হল এই সমস্ত স্কোয়ার, পার্ক, স্ট্রীট, গার্ডেন-গুলি ডেভলপ করবার জন্য কোন প্রভিসন ছিলনা।

[5.30-5.40P.M.]

এখানে ডেভেলমেন্টের জন্য এটা করা হয়েছে। তাই জন্য আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। আজকে কোন রাস্তা, ফুটপাত যদি দরকারে তাকে বাড়াতে হয় কমাতে হয় বা রাস্তার খানিকটা বন্ধ করে দিতে হয় বা কিছু রিপেয়ারের জন্য বন্ধ করতে হয় বা আরও অন্য ডেভেলপমেন্ট ওয়ার্ডের জন্য সেটা করতে হয় তার জন্য এটা দরকার হবে। এবং তার একটা বিকল্প ব্যবস্থা নিতে হবে সেটাই আইনে স্পষ্ট বলা আছে। কোথায় ওঁরা রাজনীতির গন্ধ পেলেন তা আমি জানি না।

For the purpose of carrying out any development work in any public street, park, square of garden or any part there of, such public street, park, suare or garden or the part thereof or the sub-soil there under may be dealt with or settled or transferred, as the case may be, either temporarily or permanently by way of grant or lease or licence, as the case may be

সুতরাং সেই কাজটা করতে গেলে ডেভেলপমেন্টের জন্য লাইসেন্স বা ট্রান্সফার ইত্যাদি করার জন্য এটা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫১ সালে এই আইনের ৫২০ ধারায় কংগ্রেস আমলে এটা ছিল।

When any scheme for the carrying out of work by any person or authority other than the Copporation has been confirmed by the State Government under section 518, sub-section (5), the Corporation may sele, lease or otherwise transfer to such person or authority the land and buildings which have been acquired under section 517 for the purpose and under the condition that he will carry out such work in accordance with the said scheme.

সুতরাং কংগ্রেসের টাইমেই এটা হয়েছে, সুব্রতবাবু যখন মন্ত্রী ছিলেন তখনই এই আইন হয়েছে। ট্রান্সফার করবার জন্য লিজ, বিক্রি অর এনি আদার পারপাসের জন্য এই আইনটি ছিল। ৫২০ ধারাটি কলকাতা করপোরেশন এ্যাক্টে (১৯৫১) সুব্রতবাবুর অর্থাৎ কংগ্রেস আমলে এটা তারা করেছিলেন। সুতরাং রাজনীতির গন্ধ তারা কোথা থেকে পাচ্ছেন তা আমি বুঝতে পারছি না। দীর্ঘ ৩৭ বছর ধরে তারা ক্ষমতায় থাকার সময় তারা এই উপধারাটি ব্যবহার করেছেন। অবশ্য আইনটি কিভাবে ব্যবহার করেছিলেন কংগ্রেসীরা তা আমার জানা নাই। এখানে ওঁরা আর একটি কথা বলে গেলেন ৫৯৯ ধারা সম্বন্ধে কংগ্রেসের আর একজন মাননীয় সদস্য। এখানে নাকি বলা হয়েছে একটা বিশেষ কারণে। অদ্ভুত কথা। আমি জানি না তিনি আইনটির ৫৯৯ ধারাটা পড়েছেন কিনা জানি না। আমি এটা পড়ে দিচ্ছি। সেখানে কিছুই ভায়োলেসন হয় নি। এই ৫৯৯ ধারায় ক্যালকাটা করপোরেসন এ্যাক্ট, ১৯৫১ এতে আছে।

Framing clause not to be disregarded and disrespected কি আছে ? তাতে আছে Save as otherwise provided in this Act, nothing contained in this Act shall be construed to authorise the Corporation or any municipal authority or any officer or other employee of the Corporation to disregard any law for the time being in force, Disregard to the law other than this law.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে ডিসচার্জ অব দিস এ্যাক্ট এখানে কিছুই ভায়োলেসন হচ্ছে না। সেকসন ৫৯৯ টি না পড়েই ওঁরা বলে দিলেন সমস্ত উল্টো পাল্টা কথা। স্যার, হাউসকে ওঁরা মিসলিড করছেন। তাই বলি রাজনীতির গন্ধ ওঁরা কোথায় পেলেন? ডেভেলপমেন্ট ওয়ার্ক করতে গেলেও সেখানে ওঁরা রাজনীতির গন্ধ খুঁজে পাচ্ছেন।

কিন্তু যেখানে সত্ কাজ করা হচ্ছে সেখানে আপনারা রাজনীতির গন্ধ খুঁজে পাচ্ছেন। কাজেই ওরা উদ্দেশ্য প্রণোদিত হয়ে সমস্ত আইনের ব্যাখ্যা করছেন এবং বিলের উপর সেই রকম বক্তব্য রাখছেন। তাই আমি তাদের বক্তব্যের বিরোধিতা করছি এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি প্রথমেই জানিয়ে রাখছি যে, আমাদের রাজেশ খৈতান সাহেব যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তাকে পরিপূর্ণ ভাবে সমর্থন করছি। কয়েকদিন আগে এই বিধানসভায় আমি বলেছিলাম, এই রাজ্য সরকার বারংবার বলেন এদের ক্ষমতা খুব সীমিত। আমি সেটা মেনে নিয়েই বলছি, সেদিনও বলেছিলাম যে, এদের ক্ষমতা সীমিত হতে পারে, কিন্তু অক্ষমতা বড় বেশী অসীম এবং এত তাড়াতাড়ি সেটা যে প্রমাণিত হবে আমরা ভাবতেও পারি না। সেদিন আইন হল এবং তার ভিত্তিতে নির্বাচন হল। নির্বাচনের পর সরকার

আবার দেখলেন, যে আইন করেছেন তাতে রাখা যায় না। করপোরেশনের নির্বাচনের পর মেয়র, ডেপুটি মেয়র, বরো কমিটি হচ্ছে। যখন বিধানসভা আসন্ন তখন অর্ডিন্যান্স করা হল। আসন্ন বিধানসভার কয়েক ঘন্টা কয়েকদিন আগে অর্ডিন্যান্স আনবার কোন যৌক্তিকতা ছিল না। আবার সেই অর্ডিন্যান্স আজকে বিল হিসাবে এসে হাজির হল। অবাস্তব বাদী চিন্ত এই সরকারের মৌলিক পরিচালকবৃন্দ এবং আপনাদের মত অবাস্তব লোকেরা প্রশান্তবাবুর মত বাস্তব লোকেদের বিরক্ত করেন বলেই এই ব্যবস্থা করতে হচ্ছে। আমি সরকারী দলের কাছে আবেদন জানাচ্ছি ওরা এটা একবার কল্পনা করে নিন। আমরা ওদের বাঁ দিকে বসে আছি,আর আপনারা আমাদের ডান দিকে বসে আছেন। আমাদের দলের পক্ষ থেকে আপনাদের দিকে বসে যদি এই ধরনের একটা অর্ডিন্যান্স করে পরে আবার বিল এক বছরের মধ্যে আনতাম তাহলে আপনারা কি করতেন? সেটা আপনারা একবার চিন্তা করে দেখুন। সেদিন প্রশান্তবাবু কি কি যুক্তি দিয়ে আজকের এই বিলের বিরোধিতা করতেন আজকে আমি প্রশান্তবাবুকে সেই সেই যুক্তিতে এই বিল প্রত্যাহার করার জন্য আবেদন জানাচ্ছি। আমার ধারণা করপোরেশনে যদি বামফ্রন্ট পরিচালিত দলগুলি আর ১০ টি আসন বেশী পেত এবং কংগ্রেস যদি ১০ টি আসন কম পেত তাহলে এই বিল আসত না। বরো কমিটির দখল নিয়েই মূল মামলা কোনো অঙ্কে হয় আমি জানি না-৭১টি আসনে ১০টি বরো কমিটি, আর ৬৮টি আসনে ৫টি বরো কমিটি হয়েছে। বামফ্রন্ট সরকার অঙ্কের নতুন গণিত প্রবর্তন করার জন্য এবং ভুল গণিতকে সমর্থন জানানোর জন্য এই বিল আনা হয়েছে। এমন বিল আনা হয়েছে যে বিলে মেয়রকে কলকাতার মেয়র পর্যন্ত করে দিতে পারা যায়, তার স্কেল পর্যন্ত আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যেখানে বসে আছেন সেখান থেকে অধ্যক্ষ থাকাকালীন এদিকে এসে বসে থাকাটা যেমন সঙ্গত নয় তেমনি মেয়র ইন কাউনসিল মেয়র এবং মন্ত্রী পরিষদের সাধারণ কাউনসিলরদের বরো কমিটির সদস্য করে দেওয়াটাও ঠিক সম্পূর্ণ সঙ্গত নয়।

মিঃ স্পীকার ঃ মিঃ ভট্টাচার্য্য, আপনারাও একবার আমাকে এখান থেকে ঐখানে বসিয়ে দিয়েছিলেন নো-কনফিডেন্স এনে।

শ্রীঅমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য ঃ স্যার, সেখানে তখন আপনার পরিবর্তে যিনি ছিলেন তিনি এখানে বসেছিলেন, আপনি তার স্থানে বসেছিলেন, এখানে বসেন নি। কিন্তু আজকে মেয়রকে বরো কমিটিতে আনা হচ্ছে এদের সংখ্যাগরীষ্ঠতার জন্য।

[5.40–5.50P.M.]

এই বিলে কর্পোরেশনকে এড়িয়ে যাবার চেষ্টা হচ্ছে। কোন কোন জায়গায় লেখা হয়েছে The Commissioner may with the previous sanction of the Mayor-in-Council and subsequent কথাটা একটু ঘুরিয়ে আছে, পারমিশান আব দি ষ্টেটগভর্নমেন্ট এ রাস্তাঘাট, পার্ক ইত্যাদি লিজ দিতে পারবেন, ভাড়া দিতে পারবেন ইত্যাদি । স্যার, আজকে যদি প্রশান্তবাবুর কোন একটি বিল এখানে না এনে সরাসরি দিল্লীতে রাষ্ট্রপতির কাছে পাঠান অনুমোদনের জন্য এই বিধানসভার সরকারী সদস্য, আপনারা কি বলবেন? This Assembly has be by-passed তখন আপনারা বলবেন এটা প্রিভিলেজ কমিটির কাছে রেফার করা হোক। আপনারা বলবেন, Shri Prasanta Sur has violated the privilege of this House তেমনি মেয়র ইন কাউনসিলের স্যাংসান নিয়ে কমিশনার নামক কোন এক ব্যক্তি একটা বিল বা একটা নির্দেশকে কার্যকরী করার জন্য গভর্ণমেন্টের কাছে পাঠিয়ে দেবেন যেমন প্রশান্তবাবুর একটা বিল ক্যাবিনেটের স্যাংসান নিয়ে রাষ্ট্রপতির কাছে পাঠিয়ে দিয়ে আইন করিয়ে নিয়ে আসবেন। আপনারা গণতন্ত্রের কথা বলেন, আপনারা জনগণতন্ত্রের কথা বলেন, আপনারা গণতান্ত্রিক বিপ্লবের কথা বলেন, সেই গণতন্ত্রের মূল কথা হ'ল নির্বাচিত প্রতিনিধিদের সংস্থা, কর্পোরেশন হ'ল সেই নির্বচিত প্রতিনিধিদের সংস্থা । মেয়র ইন কাউনসিল কোন একটি নির্দেশ দিলেন, কর্পোরেশনকে এড়িয়ে গেলেন, কর্পোরেশনের কিছুই করার থাকলো না, তাহলে কর্পোরেশনকে বাতিল করে এ মেয়র ইন কাউনসিলকে নমিনেটেড বডি করে তো কাজ করিয়ে নিতে পারেন। আজকে যে কারণে এবং যে যুক্তিতে এই অর্ডিন্যান্সটি বিল আকারে এই সভায় নিয়ে এসেছেন সেই যুক্তিতেই মেয়র ইন কাউনসিলের যে কোন নির্দেশ কর্পোরেশনের সভায় আনা সংগত এবং তা সভায় অনুমোদন করিয়ে নেওয়া প্রয়োজন। তাই মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অনুরোধ, এই বিলটা তিনি সাময়িকভাবে স্থগিত রাখুন এবং এটা প্রচারের উদ্দেশ্যে প্রেরণ করুণ। কেউ কেউ বলেছেন, প্রচার করে কি হবে? তার উত্তরে আমি বলছি, লোকেরা যে আইনের ভিত্তিতে কর্পোরেশনের নির্বচনে অংশ গ্রহন করেছে আজকে তাহলে সেই আইনের মৌলিক পরিবর্তন হয়ে যাচ্ছে। আমি পুনরায় ভোট গ্রহনের প্রশ্ন তুলছি না কিন্তু যে জনমতের ভিত্তিতে কর্পোরেশন গঠিত সেই জনমতকে এড়িয়ে যাবার যে চেষ্টা এতে আছে তা জনমতের সামনে ফেলে দেওয়া হোক, দেখা যাক তারা সমর্থন করেন কিনা। আপনাদের তো এখানে বিশাল সংখ্যাগরিষ্ঠতা আছে, এক দুমাস স্থগিত রাখলে বিলটা পাশ করিয়ে নিতে বাধা হবে না, তাই আমি বলব, এটা স্থগিত রাখুন। আপনারা তো গণতন্ত্রের কথা অনেক বলেন এবং বলেন আমরা নাকি গণতন্ত্রে বিরোধী, যদিও আমরা সেটা মানি না কিন্তু আপনাদের বলব, আপনারা সেই গণতান্ত্রিক সততার অত্যান্ত একটা পরিচয় রাখুন। এই বলে এবং শ্রীরাজেশ খৈতান মহাশয়ের সংশোধনীগুলি সমর্থন করে ও এই বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজয়ন্ত কুমার বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় প্রশান্ত কুমার শুর মহাশয় ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশান (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৮৫, যেটা এখানে উত্থাপন করেছেন, আমি তা সম্পূর্ণ ভাবে সমর্থন করছি। এই বিলের বিরোধিতা করতে উঠে বিরোধী পক্ষের মাননীয় সদস্য রাজেশ খৈতান মহাশয় তার স্বভাবসিদ্ধ যে বক্তৃতা করেন ধীরস্থির ভঙ্গীতে আজকে আমি সেটা দেখতে পেলাম না। কারণ তার যুক্তি বিশেষ কিছু ছিলনা। সে জন্য তিনি কণ্ঠস্বর দিয়ে তার যুক্তিহীনতাকে ভরিয়ে দিতে চেয়েছেন। আর একজন মাননীয় সদস্যর বক্তৃতাও শুনলাম। তিনি রসে বসে অনেক কথা বললেন। কিন্তু এই বিলের মূল যে বক্তব্য তার ধারে কাছে গেলেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের মধ্যে মূল যে বিষয়টা

রয়েছে তার এমন কোন পরিবর্তন আনা হয়নি। যেটুকু পরিবর্তন আনা হয়েছে, কর্পোরেশান আইনে সংশোধনীয় গণতান্ত্রিক বিধি-ব্যবস্থাকে আরো সম্পূর্ণ করার জন্য আনা হয়েছে । এই আইন ১৯৮০ সালে রচনা করা হয়েছিল। এর মধ্যে কিছু অসম্পূর্ণতা ছিল, এই বিলের মধ্যে দিয়ে সেটা দূর করতে চাওয়া হয়েছে। গণতান্ত্রিক ব্যবস্থায় এই জিনিস হয়ে থাকে। আইন যেখানে মানুষের জন্য, জনগণের জন্য তৈরী হয়, দেশের স্বার্থে তৈরী হয় সেখানে সংশোধন অনিবার্য হয়ে ওঠে। সে জন্য যে এুটিগুলি বাস্তব অভিজ্ঞতা থেকে দেখা গেছে সেগুলির সংশোধন করার চেষ্টা হয়েছে। একটা জায়গায় প্রথম অবস্থাতে যা করা হয়েছিল তাতে বলা হয়েছিল যে মেয়র -ইন-কাউন্সিল-এর সদস্যরা বরো কমিটির সদস্য হতে পারবেন না। পরবর্ত্তীকালে দেখা গেছে যে তাদের এই সদস্য না থাকার জন্য তারা দায়িত্ব পালন করতে পারছেন না। যারা নির্বাচিত প্রতিনিধি তাদের জনগণের প্রতি একটা দায়িত্ব আছে। সেই দায়-দায়িত্ব পালন করার জন্য থাদের সদস্য থাকা দরকার এবং সেই দায়-দায়িত্ব পালন করার জন্য বরো কমিটির সদস্য হওয়ার অধিকার তাদের তাকতে পারে। এটা অত্যন্ত গণতান্ত্রিক ব্যাপার। এতে আপত্তি করার কোন অবকাশ থাকতে পারেনা। প্রসঙ্গক্রমে একথা বলতে চাই যে মেয়র, ডেপুটি মেয়র, এবং চেয়ারম্যান, এদের সদস্য করে দিলে হত। কিন্তু এদের এ জন্য করা হয়নি কারণ এরা আরো গুরুত্বপূর্ণ দায়-দায়িত্বে থাকছেন, মর্যাদা সম্পন্ন পদে অধিষ্ঠিত থাকছেন, সেজন্য এদের বাইরে রাখা হয়েছে। কিন্তু অন্য যারা প্রতিনিধি হিসাবে আসছেন তাদেরও দায়-দায়িত্ব পালন করতে হবে সেটাই বলা হয়েছে। এর মধ্যে কোন অপ্রাসংগিক কিছু নেই। আজকে এরা গণতন্ত্র, গণতন্ত্র বলে চিৎকার করছেন, কিন্তু কংগ্রেস যখন কর্পোরেশান পরিচালনা করতো তখন বিরোধী পক্ষের সদস্যদের কোন অধিকার দেওয়া হয়নি। আজকে কর্পোরেশানের যে এ্যাক্ট, সেই এ্যাক্টে বিরোধী পক্ষকে কাজ করার সুযোগ দেওয়া হয়েছে। তাদের সদস্য হিসাবে বরো কমিটির সদস্য হিসাবে কাজ করার সুযোগ দেওয়া হয়েছে। অতীতে কোনদিন বিরোধী পক্ষকে এই সুযোগ দেওয়া হয়নি। অথচ আজকে এরা এখানে গণতন্ত্র, গণতন্ত্র বলে চিৎকার করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা জায়গায় সংশোধন আনা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন যে পার্ক, গার্ডেন ইত্যাদি এগুলি সম্পর্কে যে সিদ্ধান্ত হয়েছে সেটাতে নতুন কোন কিছু করছেন না। আজকে একথা অস্বীকার করে লাভ নেই যে পশ্চিমবাংলার রূপকার যিনি ছিলেন, গঠন মূলক কার্যকলাপের জন্য ডঃ বিধান চন্দ্র রায় ১৯৫১ সালে এই ধারার প্রবর্তন। করেছিলেন। পরবর্ত্তীকালে অসতর্কতা বশতঃ সেটা বাদ পড়ে যায়, সেটার সংযোজন করা হচ্ছে। এর মধ্যে অন্যায় কি হল?

[5.50-6.00P.M.]

এবং এর মধ্যে অন্যায়টা কোথায় হলো-এই কলকাতা শহর আজকে নানা কারণে ভেঙ্গে পড়েছে, তাতে বহিরাগত সমস্যা আছে, বিভিন্ন রাজ্য থেকে মানুষ আসছে এবং কলকাতা শহর আজকে ক্রমশঃ জনাকীর্ণ হয়ে যাচ্ছে, অতএব সমস্যা বাড়ছে এবং কলকাতা কর্পোরেশনের যে আয়, সীমাবদ্ধ আয়ের মধ্যে দিয়ে কলকাতাকে সৌন্দর্য্য মণ্ডিত করা যায় না। এই সব বাস্তব অবস্থার কথা চিন্তা করে অনেক ক্ষেত্রে অন্যান্য শহরের মত, অন্যান্য শহরে যেমন অনেক পার্ক এবং গার্ডেন্স এই গুলো বেসরকারী উদ্যোগে দেওয়া হয়েছে, তারা যত্নবান হন এবং তার শ্রীফিরিয়ে আনার চেষ্টা করেন। এই ধরণের প্রচেষ্টা এখানে হবে না, এটা কি করে বুঝলেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা যে কথা বারবার বলে থাকেন, সত্যনারায়ণ পার্কের কথা, সেই সব কথা তো এই হাউসে বার বার আলোচিত হয়েছে, সত্যনারায়ণ পার্কে কি কার্য্যকলাপ চলে, সেখানে মদ, জুয়া, গাঁজা ইত্যাদির কারবার ছিল। বেদখল হয়ে গিয়েছিল জায়গাটা, সেখানে একটা গঠণ মূলক কাজ করা হচ্ছে-যদি বেসরকারী উদ্যোগে এনে পার্কে ফিরিয়ে আনা যায় এবং তত্‌সহ বাজার করা যায় তাহলে এতে অন্যায় কি হবে? আমরা ছাত্রাবস্থায় যখন কলকাতায় থাকতাম তখন দেখেছি সুবোধ মল্লিক স্কোয়ার থেকে আরম্ভ করে আজাদ হিন্দ বাগ, সর্বত্র নতুন নতুন ক্লাবকে বসার অনুমতি দিয়ে সেই পার্কগুলোকে সংকীর্ণ করে দেওয়া হয়েছে, পার্কগুলোকে পার্কের অবস্থায় তারা রাখেন নি। এই তো বাস্তব অবস্থা। কাজেই ওঁরা এই সব সমালোচনা করছেন যুক্তি নেই বলে, গণন্ত্রের কথা বলছেন, উচ্চ কণ্ঠে চিৎকার করছে, সুতরাং এই বিলের বিরোধিতা করে লাভ কিছু হবে না। কলকাতার জনগন, সচেতন মানুষ নানা কারণে বিভ্রান্ত হয়েছিল। আজকে আবার তারা ফিরে এসেছে বামফ্রন্টের রাজনীতির চিন্তা ভাবনার পিছনে। কারণ ওঁদের আদর্শ বোধ হয় ধরা পড়ে গেছে, সেই জন্যই এই আর্তনাদ করে এই বিলের বিরোধিতা করছেন এবং সেই জন্য যুক্তি যুক্ত কথা তাঁদের কাছ থেকে আসছে না। সেই কারণে ওঁরা সে সমস্ত সংশোধনী এনেছেন তার বিরোধিতা করে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅনুপ কুমার চন্দ্র : মাননীয় স্পীকার মহাশয়, রাজেশ খৈতান মহাশয় যে সংশোধনী প্রস্তাব এখানে এনেছেন, তাকে সমর্থন করে আমি বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর মহাশয় যে বিল এখানে উত্থাপন করেছেন সেটা কোন সর্বহারা দলের প্রতিনিধি হিসাবে এনেছেন, না কোন বুর্জোয়া দলের প্রতিনিধি হিসাবে এনেছেন, সেটা আমি বুঝতে পারছি না। এই বিলের যেটা আসল উদ্দেশ্য সেটা পরিষ্কার ভাবে মন্ত্রী মহাশয় বুঝিয়ে দিয়েছেন যে বড়লোকদের কিভাবে আরও খুসী করা যায় এবং গরীব মানুষকে কি করে তাদের সুখ স্বাচ্ছন্দ থেকে বঞ্চিত করা যায়, এই বিলে এই কথা পরিষ্কার করে তা তিনি বুঝিয়ে দিচ্ছেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আজকে বড়লোকদের আঁবেদার সরকার হয়ে, বড়লোকদের প্রতিনিধি হয়ে পশ্চিমবাংলার মানুষকে বঞ্চিত করবার জন্য একটা চক্রান্ত করে যাচ্ছে। পশ্চিমবাংলার মানুষ এই কথা পরিষ্কার বুঝেছিলেন যে যাদের আজকে বসিয়েছি, বিশেষ করে কলকাতার মানুষ, যাদের পশ্চিমবাংলার গদিতে বসানো হয়েছে, তাদের চরিত্র কি, তাঁরা কি ভাবে পশ্চিমবাংলার অর্থনীতিকে তথা পশ্চিমবাংলার সামাজিক অবস্থাকে ধংসের পথে এগিয়ে নিয়ে যাচ্ছেন, সেটা বুঝতে পেরেছিলেন বলে বামফ্রন্ট সরকার সেই কারণে কর্পোরেশন ইলেকশনের ভোটার লিস্টে আমরা দেখতে পাই কলকাতার মানুষকে ভোটাধিকার থেকে বঞ্চিত করা হয়েছে। কোন জায়গায় হাজার হাজার কোন জায়গায় লাখে লাখে মানুষ কলকাতা কর্পোরেশনের ইলেকশনে তাদের প্রতিনিধি পাঠানো থেকে বঞ্চিত করা হয়েছে। সেদিন যে কারণে কলকাতার মানুষ চিৎকার করেছিলেন, সেটার কারণ আর কিছু নয়, কিছু মানুষ ঘোরো ধানের দুধ দেখা মানুষ তাঁরা কলকাতা কর্পোরেশন নিয়ে যখন চিন্তা করছেন।

যখন যুক্তি দিয়ে কেউ কিছু বলতে যায় তখন যাঁরা পাল্টা চিৎকার দিতে থাকেন, তাঁদের কাছ থেকে এর চেয়ে ভাল কিছু আশা করা অন্যায়, এটা আমরা ভাল করে জানি। আপনারা আইন সংশোধন করছেন, কিন্তু আইন সংশোধনের কতটুকু প্রয়োজনীয়তা আছে তা অবশ্যই আপনারা তলিয়ে দেখেননি। যদি তলিয়ে দেখতেন তাহলে দেখতে পেতেন যে, আইনের মধ্যে পরিষ্কারভাবে বলে দেওয়া আছে পার্ক, রাস্তাঘাট ইত্যাদির উন্নয়নের কথা। আইনের মধ্যে পরিষ্কার বলে দেওয়া আছে এ' সমস্ত জিনিসের উন্নয়নের জন্য কিভাবে এগিয়ে যেতে হবে এবং উন্নতি করতে গেলে কাদের সাহায্য নিতে হবে, সেটাও পরিষ্কারভাবে বুঝিয়ে দেওয়া আছে। অথচ আইনটিকে আজকে আপনারা অন্যায়ভাবে সংশোধন করছেন। আপনারা মনে করছেন আইন যে ভাবে আছে তাতে বোধ হয় আপনারা বড়লোকদের সুবিধা করে দিতে পারবেন না এবং কলকাতাকে তথা পশ্চিমবাংলাকে বিক্রি করবার একটা যে চেষ্টা আপনারা করছেন সেই সুযোগ থেকে বোধ হয় আপনারা বঞ্চিত হবেন। সেই জন্য নতুন করে আইনটিকে সংশোধন করছেন। এর ফলে আইনটিকে এমন একটা জায়গায় আপনারা নিয়ে যাচ্ছেন আমরা যেখানে আইনটির মধ্যে প্রচুর ফাঁক দেখতে পাচ্ছি, সে সমস্ত ফাঁকের মধ্যে দিয়ে আমরা জানি রাস্তা, পার্ক, ফুটপাথ বড়লোকেরা লিজ্ নেবে এবং সেগুলি নিয়ে তারা ছিনিমিনি খেলবে। যে জিনিস আমরা দেখতে পাচ্ছি কলকাতার বুকে কার পার্কিং জোনের ক্ষেত্রে। বিভিন্ন জায়গায় কার পার্কিং জোন্ বলে লেখা থাকা সত্ত্বেও তার পরেও অনেক লোককে খেসারদ দিতে হচ্ছে কার পার্কিং ফি দিয়ে। সেইভাবে বিভিন্ন পার্ক, স্ট্রীট্ এবং ফুটপাথ যাদের লিজ্ দেওয়া হবে তারা তার বাইরেও মুনাফা লুঠে নিয়ে যাবে। তারা পরিষ্কার ভাবে মানুষকে বুঝতে দেবে না যে, কতখানিক তার জায়গা, সে কতখানি জায়গা লিজ্ নিয়েছে। বর্তমানে যে ভাবে আইনটির সংশোধন করা হচ্ছে, তাতে পরিষ্কারভাবে উল্লেখ করা হচ্ছে না যে, এই সমস্ত জায়গা গুলির উন্নীত কি ভাবে হবে। এ বিষয়ে আইনের ব্যাখ্যার প্রয়োজন ছিল। তথাপি আমি বলছি না যে, এই আইন সম্পূর্ণভাবে ব্যর্থ হবে। কিন্তু যতটুকুই ব্যর্থ হোক না কেন, সেই ব্যর্থতার সমস্ত দায়-দায়িত্ব ভবিষ্যতে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাঁধে এসে পরবে। কারণ তিনি আইনের কোনো ব্যাখ্যা দেননি। আইনের মধ্যে যদি পরিষ্কারভাবে লিখে বুঝিয়েছেন যে, এগুলির দায়দায়িত্ব কার উপরে থাকবে, কি ভাবে এ গুলির উন্নতি হবে, কি পদ্ধতিতে সুষ্ঠুভাবে এ গুলি পরিচালিত হবে, কি ভাবে রক্ষণাবেক্ষণ হবে, তাহলে এটা পরিষ্কার হ'ত, মানুষ বুঝতে পারত, আইনটি ব্যর্থ হবার বেশী সম্ভাবনা থাকত না। এই সমস্ত বিষয় গুলি সম্বন্ধে আইনের মধ্যে সুস্পষ্ট নির্দেশ না থাকার জন্য ব্যর্থতার সমস্ত দায়-দায়িত্ব মন্ত্রী মহাশয়ের উপরে বর্তাবে। অতএব আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যদি সত্যিকারের সর্বহারা মানুষদের প্রতিনিধি হন, যদি সর্বহারাদের প্রতিনিধিত্ব করবার জন্য এখানে এসে থাকেন তাহলে বড়লোকদের সুবিধা না দিয়ে সর্বহারাদের কিছু সুবিধা দেবার জন্য আইন-কানুন করুণ। বড়লোকদের সুবিধ করে দেবার জন্য আইন করবেন না, এই বলে আমি মন্ত্রী মহাশয়ের এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পৌর মন্ত্রী শ্রীপ্রাশান্ত কুমার শূর মহাশয় যে বিলটি এখানে নিয়ে এসেছেন সে বিলের উপরে সরকার পক্ষের মাননীয় সদস্যরা অনেকেই বক্তব্য রাখলেন। আমি প্রথমেই যাঁর বক্তব্য শুনলাম, তিনি হচ্ছেন মাননীয় সদস্য শ্রীলক্ষীকান্ত দে মহাশয় । তিনি দীর্ঘ দিন কলকাতা কর্পোরেশনের কাউনসিলর ছিলেন। আমি ভেবেছিলাম তিনি এমন কিছু বক্তব্য রাখবেন যার ফলে জবাবী ভাষণ দেবার সময়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে সে সমস্ত বিষয় গুলি আর রিপিট্ করতে হবে না।

[6.00--6.10P.M.]

সরকারপক্ষের আরও ২জন সদস্য শ্রী অনিল মুখার্জী মহাশয় যে বক্তব্য রাখলেন তাঁর বক্তৃতা শুনে মনে হলো ডিভিশন বেঞ্চের কাছে একজন আইনজীবী হিসাবে যেন সওয়াল করতে এসেছেন সীমিত জ্ঞান নিয়ে বোঝাবার প্রায় বহুচেষ্টা করেছেন আইনগত কোন ত্রুটি আছে কিনা। শ্রী অনন্ত বিশ্বাস মহাশয় একজন শিক্ষক হিসাবে একটি রচনা বলে গেলেন। শ্রী লক্ষী দে মহাশয় যে যুক্তি দিয়েছেন তাকে কাউনটার করে তার যুক্তি খণ্ডন করে শ্রী অমর ভট্টাচার্য মহাশয় বলেছেন। আমি তাঁর সঙ্গে কিছু এ্যাড করতে চাই - মেয়র ইন কাউনসিলের সদস্যদের বরো কমিটিতে যদি রাখা না হয় তাহলে তাঁরা এলাকা কে দেখবে এই হচ্ছে প্রশ্ন? মাননীয় স্পীকার স্যার, আমি আপনাকে একটি কথা জিজ্ঞাসা করতে চাই, আমরা বিধানসভার সদস্য হিসাবে আমাদের নিজ নিজ এলাকার বিভিন্ন সমস্যা নিয়ে মেনসান আওয়ারে বক্তব্য রাখি এবং নানা রকম কোশ্চেন দিয়ে আমার উত্তর নিতে চাই এবং এলাকার সমস্যাগুলি তুলে ধরতে চাই। আপনি পারেন না এই হাউসে এসে দাঁড়িয়ে আমাদের মতন প্রশ্ন করতে কিম্বা মেনসান করতে। তাহলে কি ধরে নেব আপনার এলাকা উপেক্ষিত? আপনার এলাকা নেগলেকটেড যেহেতু বিধানসভায় আমাদের মতন বক্তব্য রাখতে পারেন না? সুতরাং আমাদের মত বক্তব্য না রেখে যদি আপনার এলাকার মানুষদের আপনি সেবা করতে পারেন এবং সরকার আপনার এলাকা সেবা করতে পারেন তাহলে মেয়র-ইন-কাউনসিলের সদস্য বরো কমিটি না গিয়ে কেন নিজ নিজ এলাকার মানুষের সেবা করতে পারবে না? মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যদিএই কথাটির জবাব দেন তাহলে আমি কৃতজ্ঞ থাকবো। আমি কয়েকদিন আগে দূরদর্শনে শকুন্তলা দেবার অঙ্কের ভেলকি দেখছিলাম। অঙ্কের যাদু করের অঙ্ক দেখে মনে হচ্ছিলো বাস্তবে বুঝি কোন মিল নেই। কিন্তু অঙ্ক কষে দেখলাম না, বাস্তবে মিল আছে। কিন্তু যাদুকর হিসাবে মাননীয় পৌরমন্ত্রী এমন অঙ্কের খেল খেলছেন যে অঙ্কের মিল বাস্তবে পাওয়া যাচ্ছে না। অও।রম্যান বাড়িতে নিয়ে ৭১টি ওয়ার্ডের ৫ বরো কমিটিতে কংগ্রেস যেখানে সংখ্যাধিকা পায় সেখানে ৭৩টি ওয়ার্ডে ১০টি ওয়ার্ডে বরো কমিটিতে সি. পি. এম সংখ্যাধিক্য পায় কি করে এটা আমি বুঝতে পারছি না। ১ থেকে ১০০ ওয়ার্ডের জন্য আলাদা সিসটেম হবে আর ১০১ থেকে ১৪১টি ওয়ার্ডে জন্য আর একটি সিসটেম হবে কেন? আমার প্রশ্ন হচ্ছে এই দৈত্য পদ্ধতি কেন? আমি এটা লিগ্যাল কি ইল্লিগাল বলতে পারবোনা কিন্তু রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে দলের প্রাধান্য বজায় রাখার জন্য এই বিল নিয়ে এসেছেন। ১৯৮০ সালে যে য়্যাক্ট তৈরী করেছিলেন সেই য়্যাকট সংশোধন করার দরকার হলো কেন? কোন দরকার ছিল না।

বরো কমিটিতে নিজেদের প্রাধান্য বিস্তার করার জন্য এই বিলটি নিয়ে এসেছেন। মাননীয় সদস্য শ্রী লক্ষ্মী দে মহাশয়ের এলাকায় ৫টি ওয়ার্ড আছে। এই ৫টি ওয়ার্ডের একটিতেও সি. পি. এম প্রার্থি জিততে পারেন নি। খালি একজন ইনডিপেন্ডেন্ট ক্যানডিডেট জিতেছেন যার নাম হচ্ছে ডাঃ কে. পি. ঘোষ। সুতরাং এই অবস্থায় তিনি তাঁর মস্তিষ্ক ঠিক রাখতে পারছেন না, সেইজন্য উল্টোপাল্টা বলছেন। সত্যনারায়ণ পার্ক নিয়ে আপনারা যা করেছেন কলিকাতা করপোরেশনের ইলেকসানে প্রমানিত হয়েছে যে, জনগনেররায় আপনাদের বিরুদ্ধে গেছে। সত্যনারায়ণ পর্কের আসে-পাশে কোন ওর্য়াডই আপনারা জিততে পারেন নি। আপনাদের বিরুদ্ধে সেখানকার মানুষ গর্জে উঠেছে। সেখানে আপনদের ক্যানডিডেটদের জামানত পর্যন্ত বজেয়াপ্ত হয়ে গেছে পৌরসভার নির্বাচনে। সুতরাং আপনারা গর্ব করছেন কি করে? আপনারা পৌরসভার নির্বাচন করতে ৮ বছর সময় নিলেন। আমরা যদি ক্ষমতায় থাকতাম তাহলে ৬ বছরের মধ্যেই নির্বাচন করতাম। ৮ বছর সময় নেওয়ার দরকার আমাদের হতো না। আমাদের সময়ে কলিকাতার উন্নয়নের জন্য সি. সি. এম ডি এ তৈরী করা হয়েছিল। এই সংস্থার মাধ্যমে আমরা নতুন নতুন পরিকল্পনা নিয়েছিলাম। পৌরসভার সমস্ত এলাকার উন্নতি বিধানের জন্য আমরা চিন্তা করেছিলাম। তখন আমাদের পৌরমন্ত্রী ছিলেন শ্রী সুব্রত মুখার্জী মহাশয়।

আপনি একুট পড়াশুনা করবেন। আপনারা ৮ বছর ক্ষমতা থাকার পরে নির্বাচন করেছেন, অংকের জাদুকর কি দেখালেন? আমরা দেখলাম লোকসভার নির্বাচনে যাঁরা ভোট দিলেন যে এলাকার ভোটার সংখ্যা যা, তাঁরা সেখানে ২১ বছর বয়েসে ভোট দিতে পারেন আর মিউনিসিপ্যাল ইলেকসনে ১৮ বছর বয়সে ভোট দিতে পারেন। এখানেও অঙ্কের কচকচানি দেখলাম। আমি অঙ্কের শিক্ষকতা করি। আমরা জানি ১৮ বছর বয়সে যারা ভোট দিচ্ছে যেখানে, সেখানে ভোটার সংখ্যা বেড়ে যাবে, কিন্তু আমরা দেখলাম যেমনভাবে সাড়ে তিন কোটি টাকা লোপাট হয়ে মাটি চাপা পড়ে গিয়েছিল ঠিক তেমনভাবে ভোটার লিষ্ট চাপা পড়ে গেল। ভোটারদের এমন অবস্থা হল ২১ বছর বয়সে ভোট দিলেন যে সংখ্যায় ১৮ বছর বয়েসে গিয়ে ভোটার সংখ্যা কমে গেল। কোন যাদু বা যুক্তিতে হল যেটা মাননীয় প্রশান্ত শূর মহাশয় একটু বুঝিয়ে বলুন না, যে ১৮ বছর বয়সে ভোট দিতে গেলে ভোটার সংখ্যা কমে যায় আর ২১ বছর বয়সে ভোট দিতে গেলে ভোটার সংখ্যা বেড়ে যায়। এই তো অবস্থা করেছেন, এইভাবে নির্বাচনে জিতে এসেছিলেন ওয়ার্ডগুলিকে এইভাবে ডিলিমিটেসন করেছেন। তিনটি বিধান সভা কেন্দ্রে ৪১টি ওয়ার্ড করেছিলেন ক্যালকাটা করপোরেশনে জিততে পারবেন না বলে বাইরের কতকগুলি এলাকাকে ঢুকিয়ে দিয়েছিলেন। তিনটি কেন্দ্রে ৪১ টি ওয়ার্ড করেছিলেন আর ২২টি বিধান সভা কেন্দ্রে ১০০ টি ওয়ার্ডে করেছেন। কোন হিসাব করেছেন, কোন জনসংখ্যার বা কোন এলাকার ভিত্তিতে করেছেন? আজকে প্রশান্ত শূর মহাশয় দয়া করে বলুন। আমরা জানি রাজনৈতিক উদ্দেশ্যে সিদ্ধির করার জন্য সেদিন এ'ভাবে ওয়ার্ডগুলিকে এ এলাকার মধ্যে এসেছিলেন, তাতে ও সুবিধা করতে পারেন নি। দলছুট সদস্যদের নিয়ে মেয়র নির্বাচন করতে হয়েছে। একটা বন্ধ করা ঘরে নিয়ে গিয়েছিলেন যাতে তারা কিছু বলতে না পারে, সাংবাদিকদের পর্য্যন্ত ঢুকতে দেওয়া হয় নি, এই ভাবে কর্পোরেশনে মেয়র নির্বাচন করেছেন। মেয়র নির্বাচন করার পরেও আবার ভাবছেন দলছুট মেম্বাররা যদি কিছু মনে করেন, তাদের বিবেকে লাগে যে অন্যায় কাজ হচ্ছে আমারা বেড়িয়ে যাই তার জন্য কর্পোরেশনের পাওয়ার সীজ করে দিচ্ছেন, দিয়ে বলছেন মেয়র ইন কাউন্সিলের রেকমেণ্ড অনুযায়ী স্যাংসন অনুযায়ী মিউনিসিপ্যাল কমিশনারকে ষ্টেট গর্ভণমেণ্ট পাঠিয়ে দেব। কোন যুক্তিতে? সেখানে তারা কর্পোরেশনে সিলেক্ট হয়ে এসেছে, জনগণের, সাধারণ মানুষের রায়ে জিতে এসেছেন, আজকে কেন তাদের আলোচনা অধিকার দেওয়া হবে না? কোন পার্ক, ফ্ল্যাট, গার্ডেন কাদের দেওয়া হবে তার সম্বন্ধে আলোচনা করতে পারবে না? আজকে কেন দেওয়া হবে না। আজকে ৩৫৩ ধারাকে সংশোধন করে সরাসরি ষ্টেট গভর্ণমেণ্টের কাছে পাঠিয়ে দিচ্ছেন। কর্পোরেশনে কোন আইন করছেন, ১৯৮০ সালে যে ভাবে আইন করেছিলেন এ'সমস্ত ৩৫৩ ধারাতে কর্পোরেশন ঠিক করবে, সিলেক্ট স্যাংসন করবে। আপনারা যদি গণতান্ত্রিক পদ্ধতিতে এগাতে চান তার প্রতি শ্রদ্ধাশীল হন তাহলে তাকে অধিকার দিন না। আমরা জানি তা আপনারা করতে পারবেন না, আপনাদের ভয় আছে। এমন একটা অবস্থার মধ্যে আপনারা আছেন যে আপনারা কাজ করতে পারবেন না, আমরা জানি। আপনাদের এমনিতেই বিধানসভায় মেজরিটি আছে, তাতেও আপনাদের আর. এস. পি., ফরওয়ার্ড ব্লক, ইনডিপেনডেন্ট এবং দল ছুট সদস্যদের তোয়াজ করতে হবে। আমরা জানি যে কমিউনিষ্ট পার্টির আত্মীয় স্বজন বলে কিছু নেই, এখন আপনারা বলবেন যে তার দাদা কমিউনিষ্ট পার্টি করে সেই হিসাবে সে কমিউনিষ্ট পার্টির লোক। এ'ভাবে কর্পোরেশন গঠন করেছেন। আপনাদের মধ্যে ভাগাভাগী নিয়ে ঝগড়া হচ্ছে, আপনাদের নিজেদের মধ্যে যে ঝগড়া আছে সেই ঝগড়াকে আপনারা প্রতিহত করতে পারবেন না। সেজন্য আজকে কর্পোরেশনের আইনকে এ্যামেনডেড করে সমস্ত ক্ষমতাকে এই ভাবে কুক্ষিগত করছেন। আমি সেজনা আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি দয়া করে এইভাবে করতে যাবেন না। মেয়র ইন কাউন্সিলের সদস্যদের এ' বরো কমিটিতে নিতে যাবেন না। আজকে কংগ্রেসের সংখ্যাধিক্য কমাবার জন্য কংগ্রেস কে সংখ্যালঘু করার জন্য আইন করবেন না, তাতে কলকাতার মানুষ গর্জে উঠবে, কলকাতার মানুষ মেনে নেবে না, ১৮ বছরে ভোটাধিকার দিয়ে ভোট কমিয়ে দিয়েও ভাল করতে পারেন নি, সামনে নির্বাচন আসছে সেদিনের জন্য সাবধান থাকুন। এই কথা বলে আমাদের সংশোধনীগুলি গ্রহণ করে এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভূপাল চন্দ্র পাণ্ডা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কর্পোরেশনের আইনের ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন আমি তাকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে সংক্ষেপে দু-একটি কথা বলছি। আমি আপনার মাধ্যমে বিরোধীদের এই ব্যাপারে একটু অনুরোধ করি যে তাঁরা যেন বিরোধিতার নামে বিরোধিতা না করেন। এই দৃষ্টিভংগীতে কোন জিনিষকে বিচার না করেন। এখন প্রশ্ন হচ্ছে এখানে এঁদের মূল বক্তব্যে যে বিরোধিতার সুর ছিল সেটা হল বরো কমিটির এরিয়া বিভাগ সম্পর্কিত।

[6.10-6.20 P.M.]

কলিকাতা কর্পোরেশনের নির্বাচনের ভেতর দিয়ে জনসাধারণ প্রমান করে দিয়ে যে তাঁদের সেই বক্তব্যের বিরুদ্ধে তারা। সেই জন্য তারা বামফ্রন্টকে

জয়ী করেছে। এ ছাড়াও ওনারা অন্যান্য বিষয় তুলেছেন, সেই ব্যাপারে আমি কিছু বলতে চাই। আমরা জানি কলিকাতা একটা ঘন বসতিপূর্ণ শহর, এখানে রাস্তাঘাটের প্রচণ্ড অসুবিধা। বিভিন্ন জায়গায় যে সমস্ত পার্কগুলি আছে বা বাগান গুলি আছে সেই গুলির ভেতর দিয়ে আমাদের এই শহরের উন্নয়ন করতে হবে। দিল্লীতে এতো পরিসব জায়গা থাকা সত্ত্বেও সেখানে পার্ক গুলিতে নূতনকরে ওভারগ্রাউণ্ড এবং আণ্ডারগ্রাউণ্ড তৈরী হচ্ছে। সেই জন্য কলিকাতার মতো জায়গায় আরো বেশী করে এই বিষয়ে ব্যবস্থা গ্রহন করা দরকার। যদি কেউ কলিকাতার উন্নয়ন চান তাহলে এই ব্যাপারে কেউ দ্বিমত হবেন বলে আমার মনে হয় না। এটা সুষ্ঠ ভাবে করার জন্য একটা কমিটি দরকার। এক-একটা সম্পৃক্ত এলাকা নিয়ে একটা বোরো কমিটি তৈরী করে শহরের উন্নয়ন কাজ হবে এবং জনসাধারনের সুযোগ সুবিধা বাড়বে, এই বিষয়ে কারো দ্বিমত থাকা উচিত নয়। যেটা নিয়ে প্রতিবাদ করছেন ওনারা সেটা হ'ল, - এই গুলি যে তৈরী হচ্ছে তার মধ্যে ওনারা রাজনৈতিক গন্ধ পাচ্ছেন। রাজনৈতিক গন্ধ তুলে কোন লাভ নেই। রাজনৈতিক গন্ধ কোথায় না নেই? রাজনীতিগত ভাব সব কিছু চিন্তা করলে ভাল কাজ করলেও বিরোধী বেঞ্চ থেকে তাঁদের বিরোধীতা করতে হবে। ভাল কাজ করার মনোবৃত্তি থাকলে সেই নিশ্চই ভাল কাজ করবে। আইনের যে খুঁত আছে সেটাকে সংশোধন করতে হবে সংশোধনী আনতে হবে। বিরোধীতা করতে হবে বলে বিরোধীতা করবেন সবব্যাপারে এটা ঠিক নয়। যে পথে কলিকাতার উন্নয়ন ব্যহৃত হয় সেই পথে যাওয়া ঠিক নয়, সেই পথ পরিত্যাগ করা উচিত। আমাদের এই কলিকাতা শহরে যে পথ রয়েছে, তাতে যে সমস্ত ক্লাব এবং শিক্ষা এই প্রতিষ্ঠান আছে সেই ব্যাপারে আমাদের লক্ষ্য দেওয়া দরকার। এই সব ক্ষেত্রে এই এলাকার উন্নয়নেন স্বার্থে আর কোথায় জায়গা পাওয়া যাবে? আর কোথাও জায়গা নেই। রাস্তা সংকুচিত হচ্ছে, অন্য দিকে কোন উন্নয়নের পথ পাওয়া যাচ্ছে না। আবার নূতন নূতন যে ডাইভারসান হচ্ছে সেই সঙ্গে পথ পরিসর রাখার সুযোগ সুবিধা রেখে পার্ক, বাগিচা এবং বাগান যে গুলি আছে তার উপর দিয়ে যাতে কিছু করা যায় সেই চেষ্টা করা হচ্ছে। উদাহরণ স্বরূপ বলতে পারি - সল্ট লেকের সঙ্গে সংযোগ স্থাপনের জন্য ট্রাম লাইন করতে হবে এই কথা ঠিক। সেই ট্রাম লাইন করতে হলে কিছু বৃক্ষ নষ্ট করতে হবে। আবার এটাও দেখতে হবে কলিকাতার মত ঘন বসতিপূর্ণ এলাকায় বৃক্ষের যথেষ্ট প্রয়োজন আছে। কিন্তু তথাপিও আমাদের কলিকাতার উন্নয়ন করতে হবে। সেই জন্য এই কাজ করতে হয়েছে। এই ব্যাপারে বিরোধীতা করা মানে বিরোধীতার নামে বিরোধীতা করা ছাড়া আর কিছুই নয়। এই বিল আনার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে শুভেচ্ছা এবং অভিনন্দন জানাচ্ছি। এখানে যাঁরা বিরোধিতার নামে বিরোধিতা করছেন তাঁদের কথা না শুনে যদি এই বিল হাউসে পাশ হয় তাহলে কলিকাতার অধিবাসী আমাদের মন্ত্রী মহাশয়কে আশীর্বাদ জানবে এবং তাঁর কল্যাল কামনা করবে এই বিষয়ে কোন সন্দেহ নেই। আমার একটা সংস্কৃত শ্লোকের কথা মনে পড়ে গেল, ওঁরা পণ্ডিতদের বক্তব্যকে সঠিক প্রমানিত করেছে। শ্লোকটি হ'ল " মক্ষিকা ব্রন মিচ্ছন্তি, মধু মিচ্ছন্তি ইপদা : "। অর্থাৎ খারাপ প্রকৃতির লোক যারা তারা সবাই খারাপের দিকে নজর দেয় বেশী, আর যারা সৎ লোক তারা ভাল পথটাই বেছে নেয়। সেই মক্ষিকার মগজ নিয়ে দেখলে পশ্চিমবাংলতেও সেই সৌরভ পাওয়া যাবে। আমাদের সরকারও মানুষের কল্যানের স্বার্থে নিয়োজিত আছেন। সেইজন্য মাননীয় পুরমন্ত্রীর আনিত এই বিলকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপ্রশান্তকুমার শূর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীরাজেশ খৈতান তাঁর বক্তৃতা শুরু করেছেন সত্যনারায়ণ পার্ক সম্পর্কে ৩০শে জুন, ১৯৮৫ সালের হাইকোর্টের একটি নির্দেশ নিয়ে। আমি এইকথা বলতে চাই, যতদিন কংগ্রেস পৌর প্রতিষ্ঠান প্রশাসনের দায়িত্বে ছিলেন, কলকাতা শহর উন্নয়নের কথা তাঁরা কখনও চিন্তা করেননি। কলকাতার পার্ক, কলকাতার রাস্তাঘাট-এগুলোর কথা তাঁরা কখনও ভাবেননি। আজকে সত্যনারায়ণ পার্ক সম্পর্কে ওঁরা অনেক কথাই বলছেন। কিন্তু সত্যনারায়ণ পার্কের আজকে কি অবস্থা? রাজেসবাবু কি দেখেন নি যে, সেখানে সমাজবিরোধীদের আড্ডাখানা ছিল? তিনি কি দেখেননি, সেখানে গাঁজা, মদ, জুয়ার আড্ডা চলতো? পার্ক হিসাবে তাকে ব্যবহার করা হোত না। আমরা সেই সত্যনারায়ণ পার্ক সম্পর্কে কি করেছি? সেই পার্কের নীচে একটি বাজার এবং উপরে পার্ক করার ব্যবস্থা করেছি। ঐ অঞ্চলটা হোল ব্যবসার অঞ্চল। কাজেই আজকে আমরা যদি চাই, কর্পোরেশন যদি চায় যে, ঐ পার্কের নীচে একটি বাজার হোক এবং উপরে পার্ক হোক-এতে আপত্তির কি থাকতে পারে? ঐ বাজার করা নিয়ে চারটি পত্রিকায় এ্যাডভার্টাইজমেন্ট দিয়ে কলকাতা কর্পোরেশনের নিয়ম অনুযায়ী যেসব টেণ্ডার তাঁরা পেয়েছিলেন, সেখানে দেখা গেছে-সর্বোচ্চ তাঁরা সেলামি পেয়েছিলেন ৩০লক্ষ টাকা ৩০ বছরের জন্য এবং সর্বোচ্চ রেন্ট পেয়েছিলেন মাসিক ৪০ হাজার টাকা। এরসঙ্গে ছিল ৫ লক্ষ টাকার সিকিউরিটি ডিপোজিট। সেখানে ঠিক হয়েছে যে, এ বাজারের মধ্যে খানিকটা জায়গা বিনা পয়সার কর্পোরেশনকে দেওয়া হবে এবং ৩০ বছর পরে ঐসমস্ত সম্পত্তির মালিক হবে কর্পোরেশন। সুতরাং আজকে চিন্তা করা দরকার যে, এইসব আমরা কলকাতার উন্নয়নের কথা ভেবে করছি, না, অন্য কিছু ভেবে এইসব আমরা করছি। রাজেশবাবু উন্নয়নের কথা বলছিলেন। বছরে তো উনি দুই-তিনবার দিল্লী যান, নিশ্চয়ই পালিকা বাজার দেখেছেন। দিল্লীর মেট্রোপোলিটান কাউনসিলকে উনি জিজ্ঞাসা করুণ না, কেন কণ্ট সার্কাসের পাশে আণ্ডার গ্রাউণ্ড মার্কেট করেছিলেন ওঁরা এবং তার উপরেই বা কোন পার্ক নেই কেন? আমি নিজে দেখেছি যে, নীচে সেখানে বাজার করা হয়েছে, কিন্তু উপরে কোন পার্ক নেই। কিন্তু আমাদের এখানে আমরা যা বলব কর্পোরেশন যা বলবে-সেই রকম পার্ক সেখানে করতে হবে এবং সেই পার্ক রক্ষণবেক্ষণ দায়িত্ব থাকবে ঠিকাদারের।

[6.20-6.30P.M.]

সুতরাং আমি বুঝতে পারলাম না কেন তিনি এই কথা বললেন? একটা কথা তিনি বললেন, ১৯৮৫ সালের ৩০শে জুন, এর উপরে হাইকোর্টের নির্দেশ হয়েছে। হ্যাঁ, ঠিক। আমি অস্বীকার করছি না। আরও বললেন, 'আপনি তারপর এই সংশোধন আনলেন কেন? আমি রাজেশবাবু এবং কংগ্রেস দলকে একটু স্মরণ করতে বলি-শ্রীমতী ইনদিরা গান্ধী রায়বেরিলিতে যখন লোকসভার নির্বাচনে জিতেছিলেন, এলাহাবাদ হাইকোর্ট তখন কি নির্দেশ কি জাজমেন্ট দিয়েছিলেন? দুর্নীতির দায়ে-নির্বাচনের বৈতরণী পার হতে সরকারী জীপ ও অফিসারদের ব্যবহার করার জন্য-এলাহাবাদ হাইকোর্টের

বিচারক রায় দিয়েছিলেন যে, 'আপনার নির্বাচন বাতিল হয়ে গেল, আপনি আর লোকসভার সদস্য থাকবেন না। প্রধানমন্ত্রীত্বের কথা তো আর ওঠেই না। তিনি এলাহাবাদ হাইকোর্টের সেই রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে আবেদন করেছিলেন—একথা তাঁরা ভুলে গেছেন?

(গোলমাল)

(এই সময়ে একাধিক সংগ্রেস সদস্য নিজ নিজ আসনে দাঁড়িয়ে অধ্যক্ষের দৃষ্টি আকর্ষণ করতে থাকেন এবং বলতে থাকেন, তবে কাউকেও স্পষ্ট ভাবে বোঝা যায় নি)।

সেদিন সংখ্যাগরিষ্ঠতা নিয়ে লোকসভায় পিপল'স রিপ্রেজেনটেশান নামে যে **এ্যাক্ট ছিল—নির্বাচনকালে কেউ কোরাপ্ট প্রাকটিস্ করতে তাঁর নির্বাচন বাতিল হয়ে যাবে আইনর সেই ধারাকে রেট্রোস্পেটিভ্ এফেক্ট্ দিয়ে সংশোধন করিয়ে সুপ্রিম কোর্টে তিনি এ্যাপিল করেছিলেন।**

(গোলমাল)

ডাঃ জয়নাল আবেদিন : Sir, on a point of order Under what rule he is saying all these things. He cannot refer it. How can you allow this.

(গোলমাল এবং ক্রমাগত বাধাবান চলতে থাকে)

শ্রীপ্রশান্ত কুমার শূর : সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি বিচারকালে বলেছিলেন যে, এই সময়ের মধ্যে আইনের সংশোধন হয়ে গেছে; সুতরাং তিনি অসহায়, তাঁর কিছু করার নেই। এই ভাবে সেদিন তিনি লোকসভার আসনে নির্বাচিত হয়ে বসে রইলেন। প্রধানমন্ত্রী হিসাবে তিনি এই ভাবে আসন বজায় রেখেছিলেন। আজকে এখানে একটা সংশোধনী আনার পরে রাজেশবাবু সেই প্রশ্ন তুললেন। তিনি সেদিন সুপ্রমি কোর্টে কি হয়েছিল তা ভুলে গেলেন। ১৯৮৫ সালের ৩০শে জুন হাইকোর্ট থেকে নির্দেশ দেওয়া হয়েছে বলে তিনি এখানে উল্লেখ করলেন এবং বললেন, 'কেন এই সংশোধন আপনি নিয়ে আসলেন?' লজ্জা করে না আপনাদের, চেহারা দেখাচ্ছেন? সেই দলের লোক আপনি। সুব্রতবাবু চলে গেছেন, তিনি এখানে প্রশ্ন উঠিয়েছেন-লীজ দেওয়া যায় কিনা? পার্ক লাজ, গার্ডেন লীজ ও জমি লীজ এই ভাবে দেওয়া যায় কিনা বলে তিনি প্রশ্ন উঠিয়েছেন। সুব্রতবাবু তো মন্ত্রী ছিলেন, মানিক তলার ১৪তলা বাড়ীতে সেখানে বাজার আছে, সেখানে ৪ বিঘা ঘেরা দেওয়া জমি তিনি লীজ দেওয়ার ব্যবস্থা করেছিলেন। কলকাতা হাইকোর্টে গিয়ে সেই লীজ আমাদের বাতিল করে আনতে হয়েছে। তার উপর রিচি রোড'এর উপরে তিনি সেই সময়ে কি করেছিলেন? একজন প্রভাবশালী মন্ত্রী হিসাবে সেই সময়ে মাত্র ১ টাকা খাজনায় ঐ জমি লীজ দিয়েছিলেন *। আজ এখানে এই সব বলতে লজ্জা করে না? আজকে এখানে সেই প্রশ্ন আপনারা উঠিয়েছেন।

(গোলমাল)

ডাঃ জয়নাল আবেদিন : Sir, I am Unable to understand why you are allowing these things. It seems to me that you are dead.

(গোলমাল)

শ্রীপ্রশান্ত কুমার শূর : রাজেশবাবু বলছিলেন যে, রক্তের বিনিময়ে-ব্লাডশেড্ হয়ে যাবে। ব্লাডশেড্ তো হবে ; তারজন্য আমরা তৈরী। প্রতিক্রিয়ার বিরুদ্ধে আমাদের দেশকে যদি এগিয়ে নিয়ে যেতে হয়, তার বিরুদ্ধে যদি আমাদের দাঁড়াতে হয়, তাহলে আমাদের অনেক রক্তই দিতে হবে—এতো আমরা জানি। আপনি নতুন কি বললেন? বড়লোক কিংবা আপনাদের জন্য নয়, সাধারণ মানুষকে রক্ত আমাদের দিতে হবে। এখানে মান্নান সাহেব স্পীকারের কথা উল্লেখ করে বললেন যে এখানে ওনাকে বসতে হবে, আমার মনে হয় উনি বোধ হয় সংশোধনীটি দেখেন নি। আমি বলেছি মেয়র, ডেপুটি মেয়র এবং চেয়ারম্যান তাদের বাদ দিয়ে আর সবাই বরো কমিটির মেম্বার হবেন। আপনি যদি দেখে থাকেন তাহলে বুঝবেন বরো কমিটির যে ধরণের হওয়া উচিত সেইরকমই করেছি। যার যার এলাকা বা ওয়ার্ড সেখানকার কাজকর্ম দেখাশোনা করা, পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, জঞ্জাল সাফাই প্রভৃতির কাজে সেই এলাকার প্রতিনিধির যদি কোন কারণে তাঁর এলাকার কাজকর্ম দেখতে তিনি অপারগ হন তাহলে তাঁর এলাকার কাজকর্ম এই কমিটির লোকেরা দেখবেন, এই জিনিসটাই আমি বলেছি। সেইজন্যই আমি বলছি এতে মেয়র, ডেপুটি মেয়র এবং চেয়ারম্যান ছাড়া অন্য সবাই প্রতিনিধিত্ব করতে পারেন, যাতে তাদের সমস্যার সমাধান করতে পারেন। সুতরাং আমি যে বিল এনেছি সেই বিলের উপর আপনারা যে সংশোধানী এনেছেন সেই সংশোধনীকে গ্রহণ করছি না এই বলে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : সুব্রতবাবু এই নামটি এক্সপাঞ্জ হবে।

Dr. Zainal Abedin : Mr. Speaker Sir, I rise on a point of order.

Note : * Expunged as ordered by the Chair.

(Noise)

Mr. Speaker : There is no point of order. Please take your seat.

(Noise)

(Several Members rose in their seats)

Dr. Zainal Abedin : Mr. Speaker Sir, Kindly hear me first.

Mr. Speaker : Please take your seat. I have already told that there is no question of any point of order.

(Noise and interruption)

(At this stage the Members of the Congress (I) Benches Walked out of the Chamber)

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion was thenput and lost.

The motion of Shri Prasants Kumar Sur that the Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

There are amendments to Clause 2 by Shri Amarendranath Bhattacharyya (amendment No.2), Shri Abdul Mannan (amendment No. 3) and Shri Rajesh Khaitan (amendment No. 4). All the amendments are same. Shri Bhattacharyya or Shri Mannan or Shri Rajesh Khaitan may move the amendments.

I find none is there. The amendments are not moved.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

There are amendments to Clause 3 by Shri Amarendranath Bhattacharyya (amendments No. 5 & 8), Shri Abdul Mannan (amendments No, 6 & 9) and Shri Rajesh Khaitan (amendments No 7 & 10).

Amendments No. 5, 6 & 7 are same and amendments No, 8, 9 & 10 are same. I request Shri Abdul Mannan to move the amendments.

He is not in the House. So the amendments are not moved. The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4 and Preamble

The question that Clause 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Prasanta Kumar Sur : Mr. Speaker Sir. I beg to move that the Calcutta Municipal Corporation (Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

ADJOURNMENT

The House was then adjourned at 6.30 P.M. till 1.00 P.M. of Thursday, the 12th September, 1985, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 12th September, 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 13 Ministers, 10 Ministers of State and 118 Members.

[1-00 — 1.02 p.m.]

Mr. Speaker : As there is no Reporter to record the proceedings, the House stands adjourned till 1 p.m. tomorrow, Friday the 13th September, 1985.

Adjournment

The House was then adjourned at 1.02 p.m. till 1 p.m. on Friday, the 13th September, 1985, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta, on Friday, the 13th September, 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 13 Ministers, 17 Ministers of State and 164 Members.

Calling Attention to Matters of Urgent Public Importance

[1-00 — 1.10 p.m.]

Mr. Speaker : To-day I have received four notices of Calling Attention on the following subjects, namely

1. Alledge murder of Shri Subhas Biswas, Head Master of Kamdanga Primary School, Ranaghat, on the 15th August, 1985 - from Shri Satish Chandra Biswas.
2. Rural water supply project/ scheme in Ondagram of Bankura District - from Shri Anil Mukherjee.
3. Ransacking of the houses and shops by police at Dr. Sudhir Bose Road under Ekbalpur P.S. - from Shri Abdul Mannan.
4. Alledge unnatural death of one Sukanta Debnath in Panihati State General Hospital and consequential situation arisen therein - from Shri Gopal Krishna Bhattacharyya.

I have selected the notice of Shri Gopal Krishna Bhattacharyya on the subject of alledged unnatural death of one Sukanta Debnath in Panihati State General Hospital and consequential situation arisen therein. The Minister-in-charge will please make a statement today, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : On the 20th September, 1985. Sir, I also draw your attention to the fact that we have not been able to collect all the materials with regard to the Calling Attention Notice by Shri Kashinath Misra and Shri Samar Mukherjee on the subject of alarming situation in Darjeeling over admission of students to Darjeeling College. This statement will also be made on the 20th September, 1985.

Mr. Speaker : So, the first statement will be made on the 20th September, 1985.

Now, I call upon the Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of incidents of arson, looting, murder etc., at Keshpur and adjoining area in Midnapore District resulting in death of two persons and serious injury to many others. Attention called by Shri Gyan Singh Sohanpal, Shri Amarendra Nath Bhattacharyya, Shri Kashi Nath Misra and Shri Himagnsu Konar on the 5th September, 1985.

Shri Jyoti Basu : Mr. Speaker Sir, I rise to make the following statement with reference to the Calling Attention Notice given by Sarvashree Gyan Singh Sohanpal, Himangsu Konar, Amarendra Nath Bhattacharyya and Kashinath Misra, Hon'ble Members, regarding the disturbances in Keshpur area under P.S. Keshpur, Dist. Midnapore.

There has been a strong political rivalry in the Keshpur P.S. area during the past leading to occassional clashes. It is reported that on the 12th August, 1985, one Sk. Abdul Mannan of CPI(M) lodged a complaint with the police that his brother Sk. Garibulla was murdered by Congress (I) supporters on the night of 10th/ 11th August. A case of unnatural death was started by the police on 12.8.85 and the deadbody was disinterred an sent for post-mortem. The report on examination of the preserved Viscera is still awaited. The CPI(M) supporters were reportedly not happy that even though a specific complaint of murder was lodged, a murder case was not started by the local police.

On the 28th of August, 1985, CPI(M) supporters of Beldoba following a dispute regarding drainage of accumulated water. The Congress (I) supporters had reportedly assaulted one Yakub Ali a CPI(M) supporter and his five family members. A police case was started and three persons were arrested. Thereafter the Officer-in-charge of the Keshpur Police Station worked out an amicable settlement acceptable to both the parties.

On the 29th August, 1985, CPI(M) supporters of Beldoba were reportedly agaitated on the ground that the Congress (I) supporters had violated the terms of the settlement in respect of drainage of water. There was thus a gathering of both the groups from Beldoba and adjoining villages. The police intervaned and dispersed the crowd.

In the meantime, one Abdul Rauf of village Gargajpota is alleged to have manhandled one Shri Alam. Over this, the Congress (I) supporters of Gargajpota attacked the house of Abdul Rauf and six CPI(M) supporters sustained injuries. It is reported that one Hazi Rajab Ali used his licensed gun during the clash. He was arrested and his gun was seized. Following his arrest, the tension in the area subsided. But police vigilance was maintained. It is learnt that Hazy Rajab Ali got released on Court bail the next day.

On the 31st August, 1985, a group of CPI(M) supporters are reported to have attacked the house of ten Congress (I) supporters and looted house-hold articles and one S.B.B.L. gun. A hay-stack was set on fire. According to reports altogether twenty-one persons received injuries. The people were reportedly armed and proceeded towards village Gargajpota where they are reported to have ransacked the houses of five Congress (I) supporters. Later, they ransacked some houses at Mukundapur and Khejurbani.

Meanwhile, the Congress (I) supporters had also gathered in large numbers. The Officer-in-charge of Keshpur P.S. who reached the spotarranged to get re-inforcements. It is reported that two huoses were set on fire and a clash followed in which the firearms were used. The Officer-in-charge opened six rounds of fire to control the situation. In the clash, one Abdul Sattar, a Congress (I) supporter was reportedly hit by a sharp cutting weapon and died and ten others were injured.

On the same evening a large numbers of Congress (I) supporters are reported to have surrounded the CPI(M) party Office at Naradeul, P.S. Keshpur, damaged the Party Office and assaulted Mojammal Haque, CPI(M) leader and sadi Mani Khan of the CPI(M) and killed one Abdul Rashid. This village is far away from the area affected by the earlier incidents.

District Magistrate and the Superintendent of Police visited the areas and met the local leaders. Strict police patrolling was introduced in the affected pockets. Specific cases have been started in respect of the incidents that took place on the 31st August. Orders under Section 144 Cr. P.C. were promulgated banning assembly of four or more persions in the area. Seven police camps have been

opened in the affected belt, and two platoons of E.F.R. have been deployed. Thirty-two persons including eighteen named in the F.I.R. have been arrested in connection with the first incident that took place on the 31st August, 1985 and one licensed gun which was looted has been recovered. In the second incident, eight persons including two named in the F.I.R. have been arrested.'

While the Prohibitary Orders under Section 144 Cr. P.C. were in vogue, Shri Soumen Mitra and a few other Hon'ble Members of this House visited the area on the 5th September. Altogether the M.L.A's. and their Party numbered about ten and on their arrival, a crowd of one hundred and more people assembled. This they did even though they were informed of existence of Prohibitory Orders in the area. Similarly, Shri Pranab Mukherjee, M.P. also visited Khejurbani on the same day in spite of the Police Officers having informed him of the existence of the Prohibitory Orders. Even though he was accompanied by only two other persons, there was an assembly of about and fifty people when he reached the village.

(Noise and interruptions)

Mr. Speaker : Now I call upon Shri Jyoti Basu to make Statement in reply to Calling Attention Notice of Shri Nirode Roy Chowdhury on the subject of alleged murder of one Shri Aloke Saha alias Gobinda, a Youth Congress (I) leader of Habra in broad day light on the 20th August, 1985.

Shri Jyoti Basu : Mr. Speaker, Sir, I rise to make the following Statement in reply to Calling Attention Notice given by Shri Nirode Roy Chowdhury, M.L.A. regarding the death of Shri Aloke Saha, alias Gobinda Saha, on the 20th August, 1985.

On 20.8.85 at about 9-15 a.m. while Gobinda Saha, alias Aloke, son of Monoranjan Saha of No. 3 Lane, Habra Bazar, P.S. Habra, Dist. 24-Parganas, was proceeding to Habra Railway Station, 5/6 armed miscreants reported to be his rival group in Congress (I), attacked and assulted him on his head with sharp cutting weapons. As a result, Gobinda sustained severe injuries and fell down on the road. He was taken to Habra S.G.Hospital and from there to Barasat S.D. Hospital where he was declared dead. The miscreants escaped from the place of occurrence but the police of Habra P.S. arrested three persons who were in possession of live bombs, one 'Nepala' (sharp cutting weapon), 2 pipe guns and 6 live cartridges.

All the three accused persons were named in the F.I.R. lodged in this connection by Shri Sailen Saha of Nutangram, P.S. Habra, Dist. 24-Parganas. On the basis of this F.I.R. a specific case was started by the Habra P.S.

The deceased was involved in several criminal cases, some of which ended in charge-sheet against him. He was a practising Advocate of Barasat Court and was a member of North 24-Parganas Yuba Congress (I) Committee. His background of involvement in several heinous offences, many of these being the result of intra-party rivalries within local Congress (I), is believed to have made him vulnerable to this fatal attack.

Motion Under Rule 185

Mr. Speaker : There are three Motions under rule 185. I will take up all the Motions together.

(noise)

(Dr. Manas Bhunia rose to speak something)

Mr. Speaker : Dr. Bhunia, please sit down. Now I request the Members concerned to move their Motions.

[1.10 to 1.20 p.m.]

Shri Shyamal Chakraborty : Sir, I beg to move this Assembly, while noting the withdrawal of the harmful agitation in Assam, views with great concern some of the terms of the accord signed between the Union Government and the AASU and Ganasangram Parisad. The arbitary shifting of the cut-off date from 1971 t0 1966 is a concession to the unreasonable demands of the agitationists which will result in depriving lakhs of Indian citizens of their basic political right to vote. It will be no surprise if such minorities in Assam turn into inferior citizens and develop fears about their security. It violates the principles of democracy and is against the solemn assurances given to the minorities by the nation's leaders during partition of the country and it is a serious departure from the international agreement between late Mrs. Indira Gandhi and late Mujibar Rahman in 1975. In this background the preparation of the electoral roll for the ensuing general elections in Assam is also causing apprehension among the minorities.

This Assembly is of the view that the problem created by the accord has assumed All-India importance and it is not just a concern of West Bengal or the minorities in Assam. The concessions given in the accord has given encouragement to divisive and fissiparous forces which are operating in various parts of the country.

Whilst expressing serious concern, this Assembly urges upon the people to remain alert against the forces which may try to mislead the people in West Bengal into chauvinistic and parochial channels. Our tradition of upholding the unity in diversity must never be sullied.

This Assembly greets those sections of the various language groups in Assam which stood for unity among themselves in the most difficult circumstances. In the new situation, it appeals to all the people of Assam irrespective of their language and religion to re-forge and strengthen fraternal bonds on the basis of democracy, equality and respect for each other for the greater good of Assam and the whole of India.

শ্রী শ্যামল চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আসাম সম্পর্কিত যে প্রস্তাব আপনার মাধ্যমে বিধান সভার সদস্যদের সামনে উপস্থাপিত করছি সেটা লিখিতভাবে মাননীয় সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে। স্বভাবতঃই ছাপার অক্ষরে যখন এটা দেওয়া হয়েছে তখন পড়ে আর সময় নষ্ট করতে চাই না। আমি সরাসরি আমার বক্তব্য বিষয়ের মধ্যে প্রবেশ করতে চাই।

আপনি জানেন যে স্বাধীনতার পর থেকে আসামের উপরে পর পর কয়েকবার নানারকম তাণ্ডব অনুষ্ঠিত হয়েছে। কিন্তু সম্প্রতি দীর্ঘ ৬ বছর ধরে আসামের বুকে যে তাণ্ডবলীলা চলেছে সেই সম্পর্কে যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে, এই রকম একটি বিষয় সম্পর্কে আমি প্রস্তাব উত্থাপন করেছি। বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর। পশ্চিমবাংলায় আমরা যারা গণতান্ত্রিক মানুষ, যারা প্রতিনিধি এবং নিবাচিত হয়ে এখানে উপস্থিত হয়েছি, আমরা খুবই দায়িত্বের সঙ্গে, খুবই সচেতনতার সঙ্গে বিষয়টি আলোচনা করতে চাই। আমি প্রথমে যে কথাটা আপনার উত্থাপন করতে চাই সেটা হচ্ছে, এই চুক্তি এমন একটা সময়ে করা হয়েছে যখন আন্দোলন স্থিমিত হয়ে গেছে। আন্দোলনের যারা প্রধান উদ্যোক্তা 'আসু', আসাম গণ সংগ্রাম পরিষদ, এরা যখন শরশয্যায় শায়িত হয়েছে তখন আমাদের প্রধান মন্ত্রী সেই শরশয্যা থেকে তুলে এনে এই চুক্তি তাদের সঙ্গে করেছেন। এই চুক্তির যে দীর্ঘ বয়ান আছে তার সবগুলি সম্পর্কে আমি উল্লেখ করতে চাই না। দু'একটি বিষয় আছে যেগুলি আমরা সমর্থন করতে পারি, করা উচিত। তেল শোধনাগার সংস্থাপনের কথা বলা হয়েছে সে সম্পর্কে উল্লেখ করতে চাই না। এই চুক্তির প্রধান ৩টি কি ৪টি বিষয়ে আমি আপনার কাছে তুলে ধরতে চাই। চুক্তির একটা অংশে প্রথমে যে কথা বলা হয়েছে সেটা হচ্ছে, বিদেশী নাগরিকদের চিহ্নিতকরণ ও ভোটার তালিকা থেকে নাম বাদ দেওয়ার ভিত্তিবর্ষ ও তারিখ হিসাবে ঠিক করা হয়েছে ১৯৬৬ সালের ১লা জানুয়ারীকে।

১৯৬৬ সালের ১লা জানুয়ারীর আগে যারা আসামে এসেছেন এবং এদের মধ্যে যাদের নাম ১৯৬৭ সালের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছিল তাদের সকলকে নতুন তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

১৯৬৬ সালের ১লা জানুয়ারীর পর থেকে ১৯৭১ সালের ২৪শে মার্চ পর্যন্ত যারা আসামে এসেছেন তাদের ১৯৬৪ সালের বিদেশী নাগরিক আইন এবং বিদেশী নাগরিক (ট্রাইবুনাল) অনুসারে চিহ্নিত করা হবে।

উপরোক্ত পদ্ধতিতে যারা বিদেশী বলে চিহ্নিত হবেন তাদের নাম বর্তমান ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হবে। এই ধরণের চিহ্নিত বিদেশী নাগরিকদের সংশ্লিষ্ট জেলার রেজিষ্ট্রেশন অফিসারের কাছে গিয়ে নিজের নাম নথিভুক্ত করতে হবে। এই নথিভুক্তিকরণ করা হবে বিদেশী নাগরিকদের নাম নথিভুক্তিকরণ আইন - ১৯৩৯ এবং বিদেশী নাগরিক সংক্রান্ত বিধি ১৯৩৯ অনুসারে।

উপরোক্ত প্রক্রিয়ায় যাদের বিদেশী বলে চিহ্নিত করে ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হবে ১০ বছর পর পুনরায় তাদের ভোটার তালিকাভুক্ত করা হবে। এই চুক্তির বয়ান অনুসারে আমরা দেখতে পাচ্ছি (এখন পর্যন্ত বিভিন্ন সূত্র থেকে আমরা যে সংবাদ পাচ্ছি তা হচ্ছে এই) ১৯৬৬ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত কম বেশী প্রায় ৫ লক্ষ মানুষ রাষ্ট্রহীন হয়ে পড়বে। আর এই চুক্তি যদি আমরা কার্যকরী করি তাহলে দেখব যে, অতীতে আমাদের দেশের নেতারা যারা রাষ্ট্র পরিচালনা করেছেন কিংবা রাষ্ট্র পরিচালনা না করলেও আমাদের দেশের কর্ণধার হিসাবে যাদের চিহ্নিত করা হয় এমন ব্যক্তিরা কিন্তু অতীতে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই প্রতিশ্রুতি নিশ্চয় আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের মনে আছে। তবুও আমি আপনাদের অবগতির জন্য নতুন করে সমস্ত বিষয় এখানে উপস্থাপিত করছি। যেমন আমাদের মহাত্মা গান্ধী ১৯৪৭ সালের ২১শে জুলাই দেশ বিভাগের এই দুঃসহ অভিশাপ বুকে নিয়ে আমাদের মত অসংখ্য মানুষ পূর্ববাংলা থেকে এপার বাংলা, আসাম, ত্রিপুরা কিম্বা অন্যত্র চলে এসেছিলেন, তাদের সম্পর্কে বলেছিলেন, যারা মৃত্যুভয়ে বা অন্য কোন কারণে পাকিস্তান ছাড়তে বাধ্য হয়েছেন আমাদের সেই সব বন্ধুরা ভারতে আশ্রয় পাবেন। এই ব্যাপারে আমাদের অভিমত অত্যন্ত সুস্পষ্ট। এটা কিন্তু মহাত্মা গান্ধীর দেয় প্রতিশ্রুতি ছিল আমাদের দেশের জনগণের কাছে। দেশ বিভাগের যন্ত্রণা নিয়ে যে মানুষ এপারে আছে, আপনাদের নেতা ভারতবর্ষের প্রধান মন্ত্রী জওহরলাল নেহেরু ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট স্বাধীনতা দিবসে লালকেল্লায় পতাকা উত্তোলন করার সঙ্গে সঙ্গে এই সব হতভাগ্য মানুষদের প্রতিশ্রুতি দিয়েছিলেন, বাস্তুহারা যে সব মানুষ ভারতে স্বাধীনভাবে বসবাস করতে আসবেন ভারতের নাগরিক হবার অধিকার তাদের অবশ্যই আছে, এবিষয়ে সন্দেহের কোন অবকাশ নেই এবং প্রয়োজনে চলতি আইন অবশ্যই বদলাতে হবে। সর্দার বল্লভভাই প্যাটেলও অনুরূপ প্রতিশ্রুতি দিয়েছিলেন। আমরা দেখতে পাচ্ছি পরবর্তীকালে শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং বাংলাদেশের রাষ্ট্রপ্রধান মুজিবর রহমানের সঙ্গে যে চুক্তি হয়েছিল সেই চুক্তিকেও পুরোপুরি লংঘন করা হল। শুধু তাই নয়, মিঃ স্পীকার স্যার, আপনার নিশ্চয় মনে থাকতে পারে ১৯৭১ সালে এই আসামের নাগরিক সম্পর্কে বা অন্যত্র নাগরিক সম্পর্কে আমাদের স্বরাষ্ট্র দপ্তরের কাছে একটি সার্কুলার ছিল। তখন পশ্চিমবাংলায় ওরা রাজ্য শাসন করতেন, পরিচালনা করতেন। আমাদের বিরোধী পক্ষ তখন রাজ্য শাসন করতেন। ভারত সরকারের কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয় থেকে ১৯৭৯ সালের ২৭শে নভেম্বর তারিখে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে সমস্ত রাজ্য সরকারের প্রশাসনের মুখ্যসচিবকে বলে পাঠানো হয়েছে যে, পূর্ববঙ্গ থেকে যেসব সাধারণ উদ্বাস্তু ১৯৭১ সালের ২৫শে মার্চের পরে ভারতে এসেছে তাদের সাধারণভাবে আমরা ভারতে বসবাসকারী বলে মনে করি না। অর্থাৎ ১৯৭১ সালের ২৫শে মার্চের আগে যারা এসেছে তারা ভারতে বসবাসকারী বলে বিবেচিত হবে, এটাই ছিল কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র দপ্তরের সার্কুলার। এখন এই সমস্ত অতীত প্রতিশ্রুতি ভঙ্গ করে অতীতের সমস্ত সিদ্ধান্ত ভঙ্গ করে পূর্ববাংলার আগমিত উদ্বাস্তু মানুষের প্রতি বিশ্বাসঘাতকতা করে এই নুতন চুক্তি করা হল এবং এটা যখন করা হল তখন কিন্তু আইনগত, সাংবিধানিক ইত্যাদি সমস্ত দিকগুলি পর্যালোচনা করে করা হল না। এটা আমার কথা নয়, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এস. বি. চৌহান পার্লামেন্টে প্রশ্নোত্তরকালে বলেছেন আমরা আইনগত দিকগুলি এখন খতিয়ে দেখব। এটা যে এক ধরণের তুঘলকী ব্যবস্থা, আমরা কল্পনাও করতে পারি না। এতগুলি লোকের ভাগ্য একেবারে নির্ধারিত হয়ে গেল, অথচ আইনগত, সাংবিধানিকগত দিকগুলি আদৌ পর্যালোচনা করা হল না। এই চুক্তিতে বলা হয়েছিল, একটা ন্যাশনাল কনসেনসাস আনা হবে, বিরোধী দলগুলির সাথে আলোচনা করা হবে। যখন চুক্তি স্বাক্ষরিত হল তখন লোকসভা খোলা ছিল, বিরোধী দলের নেতারা দিল্লীতে উপস্থিত ছিলেন, কিন্তু কারো সঙ্গে কোন প্রকার আলোচনা করা হল না। আমাদের নতুন তরুণ প্রধানমন্ত্রী তিনি চেয়েছিলেন ৩৮তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে নতুন প্রভাতী সূর্যের লাল রশ্মির অরুণোচ্ছটায় এই বিশ্বাসঘাতক চুক্তি ঘোষণা করতে এবং গোটা ভারতবর্ষের মানুষ, আসামের মানুষের উপর এই চুক্তিটা চাপিয়ে দেওয়া হল।

[1.20 to 1.30 p.m.]

এইরকম তাড়াহুড়া করে সমস্ত বিষয়টার অবতারণা করা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, এর ফলে আইনগত দিকের কি অবস্থা হতে পারে আমি আপনার মাধ্যমে সভার কাছে তা উপস্থাপিত করছি। ১৯৬৬ সালের পর যে শিশুরা জন্মগ্রহণ করেছিল তার যখন ২১ বছর বয়স হবে তার ভোটাধিকার কাড়বার অধিকার কারুর আছে? ভারতীয় সংবিধানের একটি ধারার কথা আমি উল্লেখ করছি। এই ৩(১) ধারাটি সংবিধানের নাগরিকত্ব সম্পর্কে। তাতে বলা হয়েছে Every person born in India on or after the 26th January, 1950, shall be a citizen of India by birth.

১৯৫০ সালের ২৬শে জানুয়ারী অথবা তার পরে যদি ভারতবর্ষে কোন শিশু জন্মগ্রহণ করে তাহলে জন্মসূত্রেই সে ভারতীয় নাগরিক। তাহলে মাননীয় প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর এক কলমের খোঁচায় কি করে তা বাতিল হয়ে যেতে পারে? স্যার, এই আইনগত দিকটা বিবেচনা করার জন্য আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি। এরপর আমি আর একটা ধারার কথা এখানে উল্লেখ করছি। সাত্তার সাহেব বিখ্যাত অ্যাডভোকেট, তিনি এখানে উপস্থিত আছেন, আশাকরি তিনি এ সম্পর্কে বলবেন। সেখানে ৫নং ধারায় নাগরিকত্ব আইনে বলা হয়েছে, The prescribed authority may, on application made in this behalf, Register as a citizen of India any person who is not already such citizen by virtue of the constitution. সেখানে বলা হয়েছে, যারা ৬ মাস থাকবে তারা নাগরিকত্বের জন্য দরখাস্ত করতে পারবে এবং নাগরিকত্ব তাদের গ্রহণ করা

হবে। স্যার, আজকে যে চুক্তি স্বাক্ষর করা হ'ল এবং যেভাবে করা হ'ল তাতে স্বভাবতঃ এই প্রশ্ন আসছে যে লক্ষ লক্ষ মানুষ যারা সেখানে বসবাস করছে তাদের ভবিষ্যত নিরাপত্তা আজ বিপন্ন। সেখানে বলা হয়েছে, বার্থ সার্টিফিকেট দেখাতে হবে। এ সম্পর্কে বলতে গিয়ে মাননীয় সদস্যদের কাছে আপনার মাধ্যমে স্যার, একটি প্রশ্ন রাখি। আমরা যে সমস্ত এম.এল.এ.-রা এখানে বসে আছি আমরা সবাই তো এই কোলকাতা শহরে জন্মগ্রহণ করিনি, বড় বড় শহরে জন্মগ্রহণ করিনি, অনেকেই গ্রামবাংলায় জন্মেছেন, বলুন তো আমাদের ক'জনের বার্থ সার্টিফিকেট আছে? অনেকেরই নেই। আমরা যারা সমাজের একটি বিশেষ অংশের মানুষ, সচেতন মানুষ তাদেরই যখন অনেকের বার্থ সার্টিফিকেট নেই তখন সেখানে যারা গ্রামবাংলায় জন্মেছেন, আসামের গরীব সাধারণ মানুষ তাদের সকলের বার্থ সার্টিফিকেট থাকা কি সম্ভব? তা ছাড়া বৃটিশ আমলে যাদের আসামে নিয়ে আসা হয়েছিল সেই সমস্ত গরীব মানুষ, যাদের মধ্যে কেউ কেউ নিরক্ষর সেই সমস্ত মানুষের বার্থ সার্টিফিকেট থাকা কি সম্ভব? তারপর ১৯৬৭ থেকে ১৯৭১ সালের মধ্যে যাদের ভোটার লিষ্টে নাম আছে, সুপ্রীম কোর্টের রায় আছে যে একবার যদি ভোটার লিষ্টে নাম থাকে তাহলে সেই নাম কাটা যাবে না। সাত্তার সাহেব আশা করি সেটা সমর্থন করবেন। এখন কে তা নির্ধারণ করবে? সুপ্রীম কোর্টের রায় ছিল যে বাড়ী বাড়ী গিয়ে ভোটার লিষ্ট তৈরী করা হবে কিন্তু আসামে একটা অদ্ভুত অবস্থা চলছে। সেখানে বাড়ী বাড়ী গিয়ে যে ভোটার লিষ্ট তৈরী করা হচ্ছে তাতে আমাদের কাছে সংবাদ আছে এবং বিভিন্ন সংবাদপত্রেও সে সংবাদ প্রকাশিত হয়েছে যে, মাত্র ১৫ জন মানুষ মিলে প্রায় ৩০ হাজার মানুষের বিরুদ্ধে অবজেকসান ফাইল করেছে এবং সেগুলি গৃহীত হচ্ছে। আসুর সদর দপ্তর থেকে গোছা গোছা আপত্তির ফর্ম বিলি করা হচ্ছে। আমি দু'একটি ঘটনার কথা এখানে উল্লেখ করছি। একজন এ্যাডিশ্যনাল চিফ ইঞ্জিনিয়ার, টি. কে. দাশগুপ্ত, যিনি ২২ বছর ধরে আসাম সরকারের চাকুরিয়া, তার নাম বাদ দেওয়া হচ্ছে। শ্রী নেপাল ঘোষ, ৩০ বছর ধরে তিনি পাণ্ডুতে মিষ্টির দোকান করেছেন, সেখানে ক্লাশ থ্রি পর্যন্ত পড়েছেন এবং সে সার্টিফিকেট তার আছে, তার নাম বাদ দেওয়া হচ্ছে। ৪০ বছর রেলে চাকরী করছেন মালিগাঁর অবনী দে, '৪৪ সাল থেকে রেলে চাকরী করছেন, সেখানে তাঁর সার্টিফিকেট আছে কিন্তু তবুও তাঁর নাম বাদ যাচ্ছে। এটা শুধু ২/১ জনের ক্ষেত্রে হচ্ছে না, লক্ষ লক্ষ মানুষ আজকে সেখানে অবাঞ্ছিত নাগরিক হিসাবে প্রতিপন্ন হচ্ছেন এবং তাদের সেখান থেকে বিতাড়ন করার চেষ্টা করা হচ্ছে।

আপনারা জানেন যে ১৯৫৬ সালে প্রথম নাগরিকত্ব আইন চালু হয়। তার পূর্বে কে বা কারা সেখানকার নাগরিক তা প্রমাণ করার জন্য এই সমস্ত সার্টিফিকেটের ব্যবস্থা করা হয়েছিল। এটা হতে পারে না, এটা অসম্ভব, এটা অবাস্তব ব্যাপার। আমি জানিনা আমাদের পশ্চিমবাংলায় কত লোকের কাছে নাগরিকত্ব সার্টিফিকেট আছে। আমার মনে হয় অধিকাংশ মানুষের কাছে এই নাগরিকত্ব সার্টিফিকেট নেই, যাদের ভোটার লিষ্টে নাম আছে। ১৯৬৭ সালের ভোটার লিষ্টে যাদের নাম ছিল এমন অনেক নাম ১৯৭১ সালে বাদ গেছে। আমরা এটা নিয়ে আলোচনা করেছি এবং সর্বসম্মত প্রস্তাবও দু'একবার গ্রহণ করার চেষ্টা করেছি। ১৯৭১ সালকে ভিত্তিবর্ষ করা হবে বলে বলা হয়েছে এবং সেভাবে ভোটার লিষ্ট তৈরী করার চেষ্টা করা হবে। কিন্তু মানুষ কি করে জানবে। ১৯৬৭ সালের ভোটার লিষ্টে যাদের নাম ছিল, সেই ভোটার লিষ্ট মানুষের কাছে নেই, সেই ভোটার লিষ্ট জনসাধারণের কাছে উন্মুক্ত করে দেওয়া হয়নি। ফলে ১০ লক্ষের উপরে নতুন বোটার বিহীন নাগরিক আজকে তৈরী হবার আশঙ্কা সেখানে বিরাজ করছে। আমাদের কেন্দ্রীয় আইনমন্ত্রী আশোক সেন মহাশয় কি বলেছেন? তিনি বলেছেন যে, রেসিডেনসিয়াল সার্টিফিকেট দেবে। কিন্তু রেসিডেনসিয়াল সার্টিফিকেটের দাম কি আছে? কে মানবে এটা, কেন্দ্র তো সিদ্ধান্ত করেই খালাস কিন্তু তদারকী কে করবে? আমরা তো নেলিনের বিভৎস হত্যাকাণ্ডের কথা ভুলে যেতে পারি না। এটা সুড়সুড়ি কিনা আমি জানি না। কিন্তু নেলিনের সময়ে সেই কয়েক হাজার মানুষের মৃত্যু নিয়ে যদি কারো মনে দুঃখবোধ না হয়, সেটাকে যদি সুড়সুড়ি ভাবেন, সেটা আপনারা ভাবতে পারেন। কিন্তু অন্য লোকেরা কি ভাববে? বাংলার লোক কি একথা ভাববেনা যে কিছু অপদার্থ লোককে তারা ভুল করে এখানে পাঠিয়েছেন? আমি একথা বলতে চাই যে ইতিমধ্যে পশ্চিমবাংলার ঘাড়ে ১১ হাজার মানুষ আগে থেকে আছেন। তাদের কোন দায়দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিচ্ছেন না, সমস্ত দায়িত্ব পশ্চিমবঙ্গকে বহন করতে হবে। এখানে হিতেশ্বর শইকিয়া বলছেন যে আমরা এক্সপেল করবো। এক্সপেল মানে কি বাংলাদেশে ফেরত দেয়া? এক্সপেল মানে কি পশ্চিমবঙ্গে বা ত্রিপুরার মানুষগুলিকে ঠেলে পাঠিয়ে দেওয়া? এই লক্ষ লক্ষ মানুষের দায়দায়িত্ব কে নেবে, কেমন করে নেবে, এটাই আজকে ভারতবর্ষের মানুষের কাছে, গোটা পশ্চিমবাংলার মানুষের কাছে বড় প্রশ্ন। আমি মনে করি যে আসু'র কাছে, গণসংগ্রাম পরিষদের কাছে, বিচ্ছিন্নতাবাদের কাছে কেন্দ্রীয় সরকার সুস্পষ্টভাবে আত্মসমর্পন করেছেন। এই আত্ম সমর্পন না করে তাদের উপায় ছিল না, কারণ আন্দোলনকে তারাই বাড়তে দিয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলিনা যে, সেখানে বাঙ্গালী বা বঙ্গ ভাষাভাষি বিপন্ন হচ্ছে বলে এখানে আমরা চিৎকার করছি। ক্ষুদ্র স্বার্থ নিয়ে আমরা বিচার-বিবেচনা করছি না। শ্রীলঙ্কার ঘটনার ব্যাপারে, তামিলের ঘটনার ব্যাপারে আমরা প্রতিবাদ করেছি। আসামে বাংলা ভাষাভাষী মানুষ আছে, নেপালী ভাষাভাষী মানুষ আছে, সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ আছে, তাদের উপর অত্যাচার হয়েছে, তারা সেখানে উদ্বাস্তু হবার আশঙ্কায় দিন গুণছে, এসবের দায়িত্ব তারা এড়িয়ে যেতে পারেন না। আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে, সেখানে আমাদের কমিউনিষ্ট পার্টি এবং অন্যান্য বামপন্থী দলের মানুষ যারা আছে, তাদের অনেক শাখা আছে, তারা এর বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে। কংগ্রেস সেখানে সমর্থন করেছে কিন্তু তারা সেখানে রুখে দাঁড়িয়েছে। আমাদের মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির প্রায় ৪০ জন আসামীয় মানুষ এই উগ্র জাতীয়তাবাদের কাছে আত্মসমর্পণ না করে সেখানে শুভবুদ্ধি ফিরিয়ে আনার জন্য সংগ্রাম করতে গিয়ে প্রাণ দিয়েছে। আমরা এর জন্য গর্বিত। আমরা বলি তারা দধীচি। এই দধীচির হাড় দিয়ে আজকে আসামে নতুন গণতান্ত্রিক আন্দোলনের সূচনা করা হবে এবং এই সূচনার আশংকায় আজকে এই চুক্ত চাপিয়ে দেওয়া হয়েছে। আমরা জানি যে এর পিছনে সাম্রাজ্যবাদের হাত ছিল। সেখানে মার্কিন সাম্রাজ্যবাদের থাবা ছিল। তারই পরিপ্রেক্ষিতে সাম্রাজ্যবাদী শক্তির মদতে সেখানে ইউনাইটেড স্টেটস্ অব আসসাম বলে একটা রাজ্য গঠন করার চেষ্টা হচ্ছিল। আমরা তার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলাম। তখন এই মার্কিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে একটা কথাও উচ্চারণ করা হয়নি। শুধু একথা বলা হয়েছিল যে বিদেশীদের হাত আছে। যখন পার্লামেণ্টে প্রশ্ন করা হয়েছিল যে কারা সেই বিদেশী বলুন? স্বরাষ্ট্র মন্ত্রী বলেছিলেন যে মালুম নেই। কেন তারা সেটা বলবেন না? ওদের সঙ্গে কি সম্পর্ক আছে সেটা আমরা বুঝতে পারি না। কিন্তু তারা কিছু বলেননি। শেষ পর্যন্ত ওরা ধরেছেন। কখন ধরেছেন? যখন দেখছেন যে দেশটা খণ্ডবিখণ্ড হয়ে গেল। আমরা জানি, আমাদের বিরোধী দলের বন্ধুরাও দেশটা যে টুকরো টুকরো হয়ে যাক তা তারা চান না।

[1.30 to 1.40 p.m.]

কিন্তু তা সত্ত্বেও আন্দোলনটাকে ওঁরা সমর্থন করলেন কেন? মিঃ স্পীকার, আমাদের বাড়িতে আমরা চায়ের জল গরম করি, জলটা ফোটে কিন্তু জলটা ফুটতে ফুটতে এমন একটা পর্য্যায়ে আসে যখন সেটা বাষ্পে পরিণত হয়। তখন কেটলিটা আমরা নামিয়ে রাখি। আমরা বাষ্প চাই না আমরা জল চাই। ওঁরা ততক্ষন পর্য্যন্ত আন্দেলনটাকে মদত দেন যতক্ষণ এক দল আর এক দলের বিরুদ্ধে ছুরি সানায়, যখন হিন্দুর বিরুদ্ধে মুসলমান, অসমীয়ার বিরুদ্ধে বাঙালী, বাঙালীদের বিরুদ্ধে অসমীয়, ততক্ষণ পর্যন্ত ওঁরা বলেন, আমরা শত্রু চিনতে পারছি না, নিজেদের মধ্যে লড়াই করুক। তারপর যখন দেখে যে দেশটা বিপন্ন হয়ে যাচ্ছে, দেশটা খণ্ড হয়ে যাচ্ছে, জল গরম হতে হতে বাষ্প হয়ে যাচ্ছে, ওদের তো বাষ্প দিয়ে কোন লাভ নেই, ওরা বোঝে এবার কেটলিটা নাবিয়ে রাখার সময় হয়েছে। সেই জন্য এই তাণ্ডবের ঘটনা খানিস্তান পর্য্যন্ত গড়ায়। ভিন্দেনওয়ালা সেখানে বুমেরাং হয়ে ফ্রাংকেনস্টাইন হয়ে দেখা দেয়। আসামের আন্দোলনকারীরা ফ্রাংকেনস্টাইন হয়ে দেখা দিয়েছিল এবং যখন সাম্রাজ্যবাদীদের মদতে গোটা দেশটা বিপন্ন করার চেষ্টা করলো তখন ওঁরা সন্ত্রস্ত হয়ে মিলিটারী কায়দায় সমাধান করবার চেষ্টা করেছেন, আর আজকে কবর থেকে তুলে নিয়ে এসে আত্মসমর্পণ করছেন। তাই আমি বলছি ওঁরা নির্বচনকে সামনে রেখে করেন। সমস্ত ঘটনা পরিচালনা করছেন নির্বাচনের মতো ক্ষুদ্র ইস্যুকে ক্ষদ্রভাবে যত অশান্তই হোক দলীয় স্বার্থকে সামনে রেখে, আমরা তা বলিনা। আমরা বলিনা, কারণ এইভাবে একটা দেশের ঐক্য নষ্ট হয়। যদি আসামের ঘটনা – যেমন আমরা বলছি যে খুব ভাল কাজ হয়েছে, ঐ যে তেল শোধনাগার হয়েছে, আজকে শুধু আসাম নয়, গোটা পূর্বাঞ্চলকে যখন বঞ্চিত করা হচ্ছে, আসামকে যেমন শিল্পে উন্নতি করতে দেওয়া হয়নি, আসামের মানুষের ক্ষোভ আছে, ন্যায্য ক্ষোভ, সেই ন্যায্য ক্ষোভকে কাজে লাগিয়ে কিছু মানুষ, তারা সামনের সারিতে এসে দাঁড়িয়েছিলেন এবং বিচ্ছিন্নতাবাদ আন্দোলনের ধারায় একে প্রবাহিত করতে চেয়েছিলেন। এর থেকে আজ একমাত্র মুক্তর পথ হতে পারে যদি সত্যি সত্যি রাজ্যগুলোর হাতে আরও বেশী ক্ষমতা দেওয়া হয়, যে কথা বলবার ক্ষমতা ওদের নেই। যে কথা বলবার সাহস ওদের নেই। তাই মিঃ স্পীকার স্যার, আজকে আসামের উপর যে প্রস্তাব উত্থাপন করলাম, আমি আশা করবো এটা সকলে সমর্থন করবেন। আমি বলি, এটা ভারতবর্ষের যে ঐক্য আমাদের ভারতবর্ষ এমন একটা দেশ যে দেশে ৭০ কোটি মানুষ, নানা ভাষা, নানা মত, নানা পরিধান, তবুও তো আমরা জানি আমাদের বিভেদের মাঝে মিলন মহান, এ'ও জানি। কিন্তু কেমন করে সেই মিলনকে সংগঠিত করতে হবে, কেমন করে গোটা দেশকে ঐক্যবদ্ধ করতে হবে, জাতিগুলোর বিকাশ আমরা যদি না করতে পারি, ভাষাগুলোর যদি বিকাশ আমরা না করতে পারি, আসামে তো শুধু অসমীয়া ভাষাভাষী মানুষ থাকেন না, আরও তো অনেক সংখ্যালঘু থাকেন, ঐ আসামে যারা থাকেন তারা অনেক পিছিয়ে আছেন ভাষার দিক থেকে, সংস্কৃতির দিক থেকে, তাদের অগ্রগতির পথে পৌঁছে দেবার দায়িত্ব আছে। প্রতিটি রাজ্যকে প্রতিটি ভাশাভাষি মানুষকে, প্রতিটি সম্প্রদায়ের মানুষের চেতনাকে যদি উন্নত না করা যায়, যদি তাদের সংস্কৃতিকে উন্নত না করা যায় তাহলে তো এই কাজ করা যায় না। সেই জন্য আমাদের দায়িত্ব হচ্ছে, আমাদের কর্তব্য হচ্ছে এই যে পিছিয়ে পড়া রাজ্যগুলো ভারতবর্ষে আছে, যে রাজ্যগুলোর ন্যায্য কতকগুলো দাবী রয়েছে, সেই দাবীগুলোকে পূরণ করা দরকার। ভাষা, সংস্কৃতিগুলোকে বিকশিত করা দরকার এবং তার মধ্যে থেকে আজকের সমসস্যার সমাধান করা দরকার। যে পথে ওরা সমস্যার সমাধান করতে যাচ্ছে, সেই পথে সমস্যার সমাধান হবে না। সেই পথে দেশটা টুকরো টুকরো হয়ে যাবে এবং অসংখ্য মানুষের ঢল আমাদের পশ্চিমবাংলায় আসসবে, পশ্চিমবাংলায় ঐ বাংলাদেশের উদ্বাস্তুদের পরিত চরম বিশ্বাসঘাতকতার দলিল হিসাবে আজকে এই চুক্তি একটা চিহ্নিত হয়ে থাকবে আমি আশা করবো, আমাদের বিরোধী দলভুক্ত যাঁরা আছেন, তাঁরা এই প্রস্তাবকে সমর্থন করবেন। এই কথা বলে মাননীয় স্পীকার মহাশয়, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবদুস সাত্তার : মিঃ স্পীকার স্যার, আমি একটা সাবস্টিটিউট মোশন দিয়েছিলাম, প্রশ্ন হচ্ছে সেটা সার্কুলেট করেন নি এখনও পর্যন্ত। আমাদের চীফ হুইপ সুব্রত মুখার্জীরও একটা ছিল। স্যার, সাবস্টিটিউট মোশন দিয়েছিলাম substitute motion in the place of original motion tabled by Shri Shymal Chakraborty আপনি এ্যালাও করেছেন কি না জানি না। যদি এ্যালাও করেন তাহলে আপনি যখন আমাকে ডাকবেন তখন বলবো। যদি এ্যালাও না করেন তা হলে আমি আপনাকে বইপত্র দেখাবো – আমি খানিকটা তো আর্গুমেণ্ট করতে পারি, বইপত্র দেখিয়ে?

মিঃ স্পীকার : Mr. Sattar, I have not received your motion as it is invalid according to our rules.

শ্রী আবদুস সাত্তার : স্যার, আপনি দেখুন দেয়ার ইজ প্রভিসন, লোকসভায় এই জিনিস এ্যাডমিটেড হয়েছিল।

মিঃ স্পীকার : They may have their consention but we are not bound by their convention. We are not dependent on that It does not bind us. We can precedent on certain occasions.

শ্রী আবদুস সাত্তার : স্যার, লোকসভায় এই জিনিস হয়েছে। এখানে আপনি ফলো করবেন, কি করবেন না তা আমি বলছি না। আপনি ওভার রুল করে দিন তাতে কোন আপত্তি নেই। কিন্তু আমরা এখানে লোকসভাকে ফলো করে এটা উত্থাপন করতে চাইছি এবং কাউল এণ্ড শকধরের বই'এর পেজ নম্বর ৫৬৬'র প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়াও মুখার্জী'স পার্লামেণ্টারি প্র্যাক্টিসের মধ্যেও কাবস্টিটিউট মোশানের প্রভিসন আছে। সুতরাং আমি নতুন কিছু নিয়ে আসিনি। কাউল এণ্ড শাকধারের বই'এর পেজ নম্বর ৫৬৬ এ দেখুন, সেখানে লেখা আছে, Motion moved in substitution of a motion for taking into consideration a matter of policy or situation on a statement or any other matter. This is a situation which calls for substitute motion.

মিঃ স্পীকার : Mr. Sttar, I know the precedents of the Lok-Sabha. I am aware of it. You will not have to enlighten me on that question, Kindly enlighten me about any precedent in this House, whether allowed by the previous Government on by the present Government.

শ্রী আবদুস সাত্তার : স্যার, অনেক বিষয়েই অতীতের প্রিসিডেন্ট না থাকা সত্ত্বেও আপনি অনেক জিনিস নতুন চালু করেছেন। এখানে আমি আপনাকে লোকসভা ডিবেট থেকে দেখাতে চাই যে, এই জিনিষ লোকসভায় হয়েছে।

মিঃ স্পীকার : No further debate on this point. I have disallowed it. Now I call upon Dr. Zainal Abedin to move his motion under rule 185.

(এই সসময়ে ডাঃ জয়নাল আবেদিন, শ্রী আবদুস সাত্তার, শ্রী সুব্রত মুখার্জী এবং শ্রী সত্যরঞ্জন বাপুলী দাঁড়িয়ে উঠে কথা বলার চেষ্টা করেন।)

ডাঃ জয়নাল আবেদিন : স্যার, আপনি লীডার অফ্ দি অপজিসনের কথাটা শুনুন।

মিঃ স্পীকার : I have disallowed it. I will not hear, I have heard him.

শ্রী সুব্রত মুখার্জী : How sir?

মিঃ স্পীকার : I have heard it. I have overruled it. The question does not arise Dr. Abedin, please move your motion.

শ্রী সত্যরঞ্জন বাপুলী : আমরা তাহলে বাইরে চলে যাই, আপনি আমাদের বাদ দিয়ে সি. পি. এম. সদস্যদের নিয়ে হাউস চালান।

Mr. Speaker : I have heard him. I have passed my ruling. The Substitute Motion is disallowed, Nothing more than that. There is no precedence in our House. Could you show me any precedence? Mr. Bapuli, if you want to go outside I cannot stop it. It is a free country. You have the right to go and come in this House. I cannot force you to be here. I have passed my ruling, whether you like it or not. No further debate on this. Dr. Abedin, pleae move your Motion.

Dr. Zainal Abedin : Mr. Speaker, Sir, I beg to move—

This Assembly notes with satifaction that the Accord on Assam signed between the Union Government and the AASU and Ganasangram Parishad on August 15, 1985 came as a great relief to the people of Assam specially the minorities who suffered much during the last six years of the agitation. The Accord has brought about an era of peace and goodwill and the great loss that India, Let not any one or any Party try unnecessarily to raise fear or prejudice by blatantly inciting people on communal, parochial and linguistic lines.

Protection of minorities both religious and linguistic is the constitutional responsibility of the Government and this Assembly hopes that all minorities in the state of Assam will be protected.

It is the responsibility of all concerned to create a congenial atmosphere so that there is no tension and panic in the mind of any section of the people in the State.

This Assembly condemns all attempts to create tansion in the State of West Bengal by distorted interpretation of the various provisions of settlement and to rouse passion and indulge in chauvinistic approach.

This is the moment when every one of us should underline the gravity of the situation and instead of being carried by emotion and misconception should try to cool the atmosphere by sober and human approach.

This Assembly hopes that all right-thinking people would come forward and assert themselves to prevent tension and bitterness, and believes that the Union Government in Co-operation with all

concerned would not only protect the minorities in the State of Assam but also inject confidence in their minds by appropriate action.

This Assembly understands that the resourceful State of Assam has suffered much during the last six years of agitation, and hopes that the leaders and the people of Assam will concentrate themselves in building up a new Assam, so that it can again take its rightful place in our National life.

This Assembly also appeals to the peuple of West Bengal to Exercise utmost restraint and maintain peace and cordiality in conformity with the tradition of the State. It is needless to point out that the Legislators have a special responsibility in a situation like this to stand united and uphold the principles of national unity and integration.

Sir, Now I seek your permission to reserve my right to speak in the form of a right of reply. Now the Leader of the Opposition may be allowed to speak.

Mr. Speaker : Now I call upon Shri Deba Prasad Sarkar to Speak on his Resolution.

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আসাম চুক্তির উপর আমার মোশানটি মুভ করছি। তবে আমার ছাপান মোশানটির ভেতরে দ্বিতীয় প্যারায় একটা টাইপের ভুল আছে, টাইপোগ্রাফিক্যাল মিসটেক্ আছে। যেখানে দ্বিতীয় প্যারায় "ভিত্তিবর্ষকে (কাট অফ ইয়ার) ১৯৭৭ সাল থেকে ১৯৬৬ সাল করা হয়েছে" কথাগুলি আছে সেখানে '১৯৭৭' সালের জায়গায় ১৯৭১ সসালের জায়গায় ১৯৭১ সাল হবে।

Sir, I beg to move that

যেহেতু সদ্য সম্পাদিত আসাম চুক্তি লক্ষ লক্ষ ভারতীয় নাগরিকের শুধু ভোটাধিকার হরণই নয় তাদের রাষ্ট্র পরিচয়হীন মানুষে (Stateless people) পর্যয়বসিত করে এমন একটা পরিস্থিতির সৃষ্টি করেছে যার মর্মান্তিক পরিণতির কথা চিন্তা করে যে কোন শুভবুদ্ধিসম্পন্ন মানুষ আতঙ্কিত ও বিচলিত না হয়ে পারে না।

যেহেতু সমস্ত রকম গণতান্ত্রিক ন্যায়নীতিকে লংঘন করে এই চুক্ততে ভিত্তিবর্ষকে (Cut of year) ১৯৭১ সাল থেকে ১৯৬৬ সাল করা হয়েছে;

যেহেতু এই চুক্তি উদ্বাস্তুদের প্রতি দেশ বিভাগকালীন জাতীয় নেতৃত্বের প্রতিশ্রুতিকে নির্মমভাবে লংঘন করেছে;

যেহেতু এই চুক্তি বাংলাদেশ অভ্যুত্থানের পর ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক চুক্তিকে লংঘন করেছে;

যেহেতু জাতীয় স্তরে এবং আসামে রাজনৈতিক দলসমূহের বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায়র প্রতিনিধিদের মতামতকে অগ্রাহ্য করে কেন্দ্রীয় সরকার আসাম সম্পর্কে প্রতিনিধিত্ব করার যাদের কোন নৈতিক এক্তিয়ার নেই এহেন প্রাদেশিকতাবাদী বিভেদকামী মুষ্টিমেয় শক্তির সাথে বোঝাপড়ার ভিত্তিতে এই চুক্তি সম্পাদন করেছেন;

যেহেতু এই চুক্তি অত্যন্ত আতঙ্কজনকভাবে আসামের প্রাদেশিকতাবাদী বিক্ষোভকারীদের হাতে বাড়তি আইনগত ক্ষমতা (Extra legal power) তুলে দিয়েছে;

যেহেতু এই চুক্তি আসামের মৃতপ্রায় এবং জনগণ থেকে বিচ্ছিন্ন বিভেদাকামী ও প্রাদেশিকতাবাদী অশুভ শক্তিকে পুনরুজ্জীবিত করে আসামের পরিস্থিতিকে ইতিমধ্যেই আশংকাজনক এবং সংকটাপন্ন করে তুলতে সাহায্য করেছে;

যেহেতু এই চুক্তির বলে বলীয়ান আসামের উগ্র প্রাদেশিকতাবাদী শক্তির নির্দেশমত আসাম থেকে অ-[illegible] নির্মূল করার জন্য ভোটার তালিকা থেকে তাদের নাম বাদ দেয়া হচ্ছে;

যেহেতু এই চুক্তিতে অসমীয় জনসাধারণের অসন্তোসের অন্যতম মুল কারণ অসমীয়া ভাষার, বর্তমানে রাজ্য ভাষা হিসাবে যে মর্যাদা রয়েছে তাকে অক্ষুন্ন রাখার কোন সাংবিধানিক গ্যারান্টি দেওয়া হয়নি;

যেহেতু এই চুক্তির মাধ্যমে আসাম সমস্যার একটা মর্যাদাপূর্ণ মানবিক সমাধান না করে সসমস্যাকে জিইয়ে রেখে বিভিন্ন ভাষাভাষী ও ধর্মাবলম্বী নাগরিকদের মধ্যে বিভেদ, অবিশ্বাস ও তিক্ততাকে সম্প্রসারিত করে ভ্রাতৃঘাতী সংঘাতের বীজকে মহীরূহে রূপান্তরিত করার চেষ্টা হয়েছে;

যেহেতু এই চুক্তি আসামের জনগণের স্বার্থের সাথে সম্পর্কবিহীন বস্তুতঃ ভোটের রাজনীতির সংকীর্ণ স্বার্থসিদ্ধির দিকে লক্ষ্য রেখে রাজনৈতিক প্রশাসনিক ক্ষমতা ভাগাভাগি করে নেওয়ার জন্য কায়েমী স্বার্থের ধারক-বাহক কেন্দ্রের শাসকদল ও প্রাদেশিকতাবাদী বিভেদকামী অশুভ শক্তির মধ্যে অনৈতিক আঁতাত গড়ে তোলার এক চূড়ান্ত সুবিধাবাদী পরিকল্পনা যার প্রতিক্রিয়া শুধু আসামেই নয় পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যের স্বার্থ ও ঐক্যকে বিপর্যস্ত করার আশঙ্কা রয়েছে;

যেহেতু এই চুক্তির ভয়াবহ প্রতিক্রিয়া শুধু আসামেই নয়, ইতিমধ্যেই তার প্রতিফলন মেঘালয় এবং ত্রিপুরায় দেখা যাচ্ছে এবং যে প্রতিক্রিয়া সারা ভারতবর্ষেও ছড়িয়ে পড়ার আশঙ্কা দেখা যাচ্ছে;

যেহেতু এই চুক্তি আসাম তথা পশ্চিমবঙ্গ সহ ভারতের জনগণের ঐক্য, ভ্রাতৃত্ব ও সংহতির পক্ষে চূড়ান্ত বিশ্বসঘাতকতার নামান্তর;

সেইহেতু এই সভা পশ্চিমবঙ্গ সহ দেশের সমস্ত অংশের শুভবুদ্ধি সম্পন্ন মানুষ এবং বাম ও গণতান্ত্রিক শক্তিসমূহের কাছে দেশব্যাপী ঐক্যবদ্ধ শক্তিশালী আন্দোলন গড়ে তোলার আহ্বান জানানোর সমাথে সাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দরীয় সরকারের কাছে অবিলম্বে এই অনৈতিক, অগণতান্ত্রিক, অমানবিক, অশুভ প্রাদেশিক বিচ্ছিন্নতাবাদী শক্তিকে মদতদানকারী আসাম চুক্তি বাতিল করার প্রস্তাব করছে।

[1 40 to 1.50 p m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আসামের উপর যে প্রস্তাব সেই প্রস্তাবের ভিত্তিতে আমি কেন পৃথক প্রস্তাব আনলাম সে বিষয়ের উপর যুক্তি আমি পরে রাখবো। কিন্তু আমি এই প্রস্তাব উৎথাপনের সময়ে যে বিষয়টি বলতে চাই সেটা হচ্ছে, গত ১৫ই আগষ্ট, আসাম চুক্তিতে সই করা হলো। সেই চুক্তি সম্পর্কে এক কথায় বলতে গেলে বলতে হয় It is a death below to the unity of the people not only of Assam but also to the unity of the people of india. এটা খুবই দুর্ভাগ্যজনক। এটা শুধু আসাম নয় ভারতবর্ষের জনগণের ঐক্যকে বিঘ্নিত করেছে এই আসাম চুক্তি। এই আসাম চুক্তির মধ্য দিয়ে যে শর্তগুলি আছে সেই সর্তগুলির মধ্যে যেভাবে ভোটিং রাইট কেরে নেওয়া হল লক্ষ লক্ষ ভারতীয় নাগরিকের এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারের তথা কেন্দ্রীয় মন্ত্রীদের বক্তব্য হচ্ছে যে তাঁদের শুধু ভোটাধিকার চলে গেছে কিন্তু অন্য সমস্ত অধিকার তাঁদের আছে। এই কথা বলা হল কখন — যখন সারা ভারতবর্ষের জনসাধারণ এই ধরণের অন্যায় এবং অবিচারের বিরুদ্ধে সোচ্চার হয়েছেন তখন এই কথা বলা হয়েছে। আমি জানি না কোন নাগরিকের যদি ভোটাধিকার চলে যায় তাহলে অন্যান্য অধিকার কি করে বর্তায়? তার জন্য কি কোন সাংবিধানিক প্রভিসন আমাদের কনস্টিটিউসানে আছে? যদি সাংবিধানিক প্রভিসন থাকে তাহলে সেক্ষেত্রে শুধুমাত্র তাদের প্রতিশ্রুতি দেওয়া হল কেন? তার আইনগত কি ভাবে হবে, কি বেসিসে হবে তা আমার জানা নেই। যারা এই বিষয়ে বলছেন তাঁরাই এই কথা বলতে পারবেন। এই চুক্তির মধ্য দিয়ে কার্যতঃ ভারতীয় লক্ষ লক্ষ নাগরিককে অত্যন্ত মর্মান্তিক অবস্থায় অর্থাৎ স্টেটলেস পিপল-এর পর্যায়ে নিয়ে যাওয়া হল। আজকে সেখানে শ্রীলঙ্কার যারা তামিল বংশ-উদ্ভুত তাদের নাগরিকত্বের জন্য--যারা আজকে রাষ্ট্র পরিচয়হীন হিসাবে আছে–ভারতসরকার তাদের সহযোগী হিসাবে আন্দোলন করছেন এবং তাদের হয়ে কথা বলছেন অথচ দুর্ভগ্যের কথা, আজকে রাষ্ট্র পরিচয়হীন হিসাবে আছে–ভারতসরকার তাদের সহযোগী হিসাবে আন্দোলন করছেন এবং তাদের হয়ে কথা বলছেন অথচ দুর্ভাগ্যের কথা, আজকে নিজেদের দেশে একটা কলমের খোঁচায় এই সরকার একটা চুক্তি করে ১০ থেকে ১১ লক্ষ ভারতীয় নাগরিককে স্টেটলেস অবস্থায় অর্থাৎ রাষ্ট্র পরিচয়হীন মানুষে পরিণত করে দিলেন। এই চুক্তির ফলে যে আন্তর্জাতিক অর্থাৎ ইনট্যারন্যাশনাল কমিটমেণ্ট কিম্বা ন্যাশনাল কমিটমেণ্ট টু দি ডিসপ্লেসড় পারসন্স যেটা ছিল, নেহেরু-লিয়াকৎ চুক্তি-বাংলাদেশ ভারত চুক্তি—এই সমস্ত চুক্তিগুলিকে লঙ্ঘন করা হল এই ধরণের চুক্তির মধ্য দিয়ে। ভারত সরকার নিজেস্ব যে আন্তর্জাতিক চুক্তিতে আবদ্ধ ছিল সেই চুক্তিকে লঙ্ঘন করে কার্যতঃ গোটা দুনিয়ার সামনে ভারতের মর্যাদা, ভারতের প্রেসটিজ অর্থাৎ তার ভাবমূর্তিকে মাথা হেঁট করে দিয়েছে–আমি এই কথা বলতে বাধ্য হচ্ছি। আজকে আসাম চুক্তির মধ্য দিয়ে বলা হচ্ছে আসাম সমস্যার সমাধান করা হল। আসাম সমস্যার সমাধান করা হল অথচ আসসামের জনগণের যে মূল সমস্যা–ভাষা, সংস্কৃতি, কৃষ্টি – এগুলিকে রক্ষা করার সমস্যা – এটা অত্যান্ত সংবেদনশীল।

যেটাকে ভিত্তি করে আসামের বিপথগামী আন্দোলনকারীরা এই বিচ্ছিন্নতাবাদীরা আসামের শিক্ষিত সম্প্রদায়কেও খানিকটা বিপথগামী করার চেষ্টা করেছেন, কারণ তাদের সেখানে ভাষা সংস্কৃতির প্রশ্নে যে বিষয়টা তোলা হচ্ছে তথাকথিত বিদেশীদের আগমনের মধ্যে দিয়ে তাতে একদিন অসমীয় ভাষাভাষীরা মাইনরিটি হয়ে যাবে এবং অসমীয়া ভাষা রাজ্যের ভাষার কোন স্বীকৃতি পাবে না। এই দাবী উঠেছিল আসামের মাটি থেকে। সেজন্য সেদিন আমরা আমাদের দল থেকে ৬ দলের মোর্চা সেই দাবী তোলা হয়েছিল যে অসমীয়া ভাষাভাষী মানুষের জনসংখ্যার পরিবর্তন যাই হোক না কেন অসমীয়া রাজ্য ভাষার যে মর্যাদা যে স্ট্যাটাস থাকবে এবং সে সম্পর্কে অসমীয়া ভাষাভাষী মানুষকে তাদের নিশ্চিন্ত করবার জন্য। কনস্টিটিউসন্যাল গ্যারান্টি একটা গ্যারান্টি, প্রতিশ্রুতি দিতে হবে। দরকার হলে এর জন্য পার্লামেণ্টে স্পেশ্যাল আইন পাশ করতে হবে। সে জিনিষ করা হয়নি এবং আসামের জনগণের আর একটি দিক। যেটা হচ্ছে আসামের অর্থনৈতিক উন্নয়ন, আসামের শিল্পোন্নয়ন। আমরা জানি শিল্পের দিক থেকে গোটা পূর্ব ভারত অবহেলিত এবং তার মধ্যে আসাম আবার আরও বেশী অবহেলিত। ফলে অত্যন্ত ন্যায়সঙ্গতভাবে আসামের জনগণের মধ্যে ক্ষোভ বেড়ে যাচ্ছে। তাদের চরম, প্রকট বেকার সমস্যা। সেদিক থেকে তাদের দাবী ছিল অর্থনৈতিক উন্নয়ন ও শিল্পায়ন। কিন্তু সেই শিল্পায়নের দায়িত্ব এই আসাম চুক্তির মধ্যে দিয়ে গ্রহণ করা হল না এবং এখানে কিছুক্ষণ আগে সরকারী দলের একজন মাননীয় সদস্য যে প্রস্তাব উত্থাপন করলেন, তিনি বলেছেন আসাম চুক্তির মধ্যে কিছু ভাল দিক আছে, যার জন্য আমরা সেগুলি সমর্থন করি। যেমন শিল্পায়ণের প্রশ্ন, অয়েল রিফাইনারী স্থাপনের প্রশ্ন। আমি বলতে চাই যে একটা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব নেওয়া দরকার ছিল, আসামে অয়েল রিফাইনারী, তৈল শোধনাগার, এই রকম একটা লাভজনক ব্যবসার দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিজে গ্রহণ করলেন না। একটা প্রাইভেট সেকটারের হাতে তুলে দিলেন এবং ব্যাঙ্ক থেকে ফাইন্যান্স করা সমস্ত রকম ফাইন্যান্স করার ফলে কার্যতঃ আঞ্চলিক এবং একচেটিয়া পুঁজিপতিরা তাকে সেবা করতে এগিয়ে এসেছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার নিজে শিল্প সস্থাপনের দায়িত্ব নেবার জন্য এগিয়ে আসেননি। সামগ্রিক শিল্প স্থাপনের কোন পরিকল্পনা এই চুক্তির মধ্যে দিয়ে প্রতিফলিত হল না। ফলে এই যে শিল্পায়নের প্রশ্ন এটা হয়নি। ফলে এখানে যেটা ভাল ভাল জিনিষ আছে – আমি বলতে চাই

যে একটা সুগার কোটেড পিল তেতো পিল যদি খাইয়ে দেওয়া হয় তাহলে সুগার কোটেড পিলটা, ওষুধের যে তেতো চরিত্রটা সেটা চলে যায় না। টু হুড উইংক দি পিল অফ আসাম তাদের যেভাবে তথাকথিত শিল্পায়নের কথা বলেছেন এটা আসামের জনগণের স্বার্থ রক্ষা করার জন্য নয়। তাহলে প্রাইভেট সেক্টারের হাতে তুলে দেওয়ার প্রশ্ন ছিল না। এটার মধ্যে অন্য পারপাস কাজ করছে, সে কথাটা আমি পরে বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয় এরমধ্যে দিয়ে সেটা হয়নি। এই চুক্তির আর একটা মারাত্মক দিক, বিচ্ছিন্নতাবাদী শক্তি প্যারোকিয়াল ফোর্স, ডিভাইসিভ ফোর্স তাদের কথা চিন্তা করলে আজ গোটা ভারতবর্ষের শুভবুদ্ধি সম্পন্ন মানুষ এমন কি আসামের অসমীয়া ভাষাভাষী সংখ্যাগরিষ্ঠ শুভবুদ্ধি সম্পন্ন মানুষ তারা আতঙ্কিত হয়ে ওঠে। এই বিচ্ছিন্নতাবাদী শক্তির ফলে নীলের ঘটনা, জোহরপুরের ঘটনা, জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের ঘটনার সঙ্গে ভারতবর্ষের ইতিহাসে আরএকটা নুতন ইতিহাস যুক্ত হল, যাতে লক্ষ লক্ষ মানুষ যারা গৃহছাড়া হল, শত শত গ্রাম ধ্বংসস্তুপে পর্যবসিত হল, সেখানে বিচ্ছিন্নতাবাদী শক্তির অত্যাচারে গোটা ভারতবর্ষ নয় দুনিয়ার মানুষের সামনে ভারতবর্ষের ঐতিহ্য আসামের মানুষের মান মর্যাদা মনুষ্যত্ব সমস্ত কিছুকে হেঁট করে দিচ্ছে। যার জন্য ধীরে ধীরে শুধু ভারতবর্ষ নয় আসামের শুভবুদ্ধি সম্পন্ন মানুষ আসামের সংখ্যাগরিষ্ঠ অংশের মানুষ এই বিচ্ছিন্নতাবাদী শক্তি সম্পর্কে তাদের মোহ ভাঙছিল। এরা পিপল থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছিল একটা মৃতপ্রায় শক্তিতে পর্যবসিত হচ্ছিল—এই আসু গণসংগ্রাম পরিষদ। কিন্তু অত্যন্ত দূর্ভাগ্যের কথা এই চুক্তির মধ্যে দিয়ে সারা ভারতবর্ষের জাতীয় স্তরে বিভিন্ন রাজনৈতিক দল আসামের ক্ষেত্রে বিভিন্ন রাজনৈতিক দল তারা তাদের কোন মতামতের অপেক্ষা না করে এইরকম প্যারোকিয়্যাল ফোর্সের সঙ্গে এইরকম ডেনজারাস ফোর্সের সঙ্গে একটা আঁতাত পরামর্শ করে একটা চুক্তি করেছেন।

[1.50 to 2.00 p.m.]

এইরকম ডেনজারাস ডিভাইসিভ ফোর্সের সঙ্গে পরামর্শ করে আজকে তাঁরা একটা চুক্তি করলেন। কি তার পারপাস? তাদের হাতে অনেক এক্সট্রা লিগ্যাল পাওয়ার তুলে দেওয়া হচ্ছে। আজকে সেখানে ভোট হতে চলেছে, কিন্তু যেভাবে ভোটার লিষ্ট থেকে নাম কেটে দেয়া হচ্ছে সেটা দেখলে অবাক হয়ে যাবেন। সেখানকার বিভিন্ন ভাষাভাষী, বিভিন্ন ধর্মাবলম্বী মানুষের বর্তমান পরিস্থিতি পর্যবেক্ষণ করবার জন্য আমাদের দলের সাধারণ সম্পাদক কমরেড নীহার মুখার্জী গত ৬ তারিখ থেকে ৯ তারিখ পর্যন্ত আসাম সফরে গিয়েছিলেন। ফিরে এসে তিনি যে বর্ণনা দিয়েছেন তা অত্যন্ত মারাত্মক। ইতিমধ্যেই সেখানে বিচ্ছিন্নতাবাদীদের তাণ্ডব শুরু হয়ে গেছে। ভোটারলিষ্ট তৈরীর নামে ১৯৫১ সালের ভোটার লিষ্টে নাম ওঠেনি – এমন সমস্ত মাইনরিটির নাম কেটে দেওয় হচ্ছে। এনটায়ার আসামে এটা শুরু হয়ে গেছে। এই চুক্তির বলে আজকে তাদের একস্ট্রা লিগ্যাল পাওয়ার দেওয়ায় তারা ইনস্পিরেশন পেয়ে গেছে। শুনলে অবাক হয়ে যাবেন যে, আসু এবং গণসংগ্রাম পরিষদ গভর্ণমেন্টের কাছ থেকে পাবলিক ভিকল রিকুইজিট করছে। এইভাবে সরাসরি আজকে তাদের মদৎ দেওয়া হচ্ছে। এই অবস্থা চলছে সেখানে! এরসঙ্গে আসামের জনগণের স্বার্থের কোনও সম্পর্ক নেই। আসলে, আসন্ন নির্বাচনে একদিকে কংগ্রেস দল এবং অপরদিকে বিচ্ছিন্নতাবাদী প্যারোকিয়াল ফোর্স -উভয়ে মিলে একটি অসুভ আঁতাত করে রাজনৈতিক এবং প্রশাসনিক ক্ষমতা যাতে সেখানে ভাগাভাগী করে নিতে পারা যায়, সেদিকে লক্ষ্য রেখেই এই অবাস্তব চুক্তিটি সম্পাদন করা হয়েছে। এর মধ্যে পিপলের কোনও স্বার্থ জড়িত নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই চুক্তির প্রতিক্রিয়া শুধু আসামেই নয়, পার্শ্ববর্তী মণিপুর, মিজোরাম, ত্রিপুরা প্রভৃতি রাজ্যগুলিতেও ইতিমধ্যে শুরু হয়ে গেছে এবং অচিরেই পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে তা ছড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে। তাই এর বিরুদ্ধে একদিকে যেমন গোটা দেশের শুভবুদ্ধি সসম্পন্ন সকল মানুষের ঐক্যবদ্ধ হওয়া দরকার, সোচ্চার হওয়া দরকার–এটা যেমন সত্য, অন্য দিকে অনৈক্য সৃষ্টিকারী আসাম চুক্তির সর্বনাশের দিকটা ভেবে বিধানসভায় রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে ফোর্থউইথ ঐ চুক্তি বাতিল করার দাবী রাখাও দরকার এবং সেই দাবী রেখে আমি আমার এই প্রস্তাব এখানে উত্থাপন করেছি। আশা করবো, আমার এই প্রস্তাবের গুরুত্ব উপলব্ধি করে সভার সকল মাননীয় সদস্যগণ একে সমর্থন করবেন। এই কয়টি কথা বলে আপাততঃ বক্তব্য এখানে শেষ করছি।

Shri Abdus Sattar : Mr. Speader, Sir some confusions have been attempted to be created by some people as well as by some parties. So, Sir, so far as agreement is concerned, I think, an objective and dispassionate examination of its background and contents of the agreement has become extremely necessary.

What are the facts and what is the agreement? For several years, in fact, almost from the time 1952, there is a controversy. I am referring to a date, June 27, 1962, when Pandit Jahawarlal Nehru, the then Prime Minister addressed the Assam State Committee Congress Party in Parliament. He said, 'you refer to Pakistani infiltration. This is true. But you will have to see that this infiltration from Bengal to Assam has been taking place for a long time past, i.e., since half a century ago. Therefore we should not look upon it as an essential political move. Nevertheless, it is true that this infiltration should be stopped and effectively dealt with,' I believe that this infiltration is taking place after five years of independence. Then, Sir, so far as this agitation is concerned — this has been agitated by the all India Students' Federation, Assam Students Union and the Sangram Parished they started this agitation

from the year 1971 when the Congress went out of power. So far as their demands are concerned it can be conveniently grouped into four categories (I) those coming between 1961 and December, 1965; i.e., before 1966; (2) those coming on and from 1.1.1966 to 24.3.1971; (3) those coming on or after 25.3.1971 and (4) the children flling under 1, 2, & 3 above but born in India. So, this is for the people who are falling under category 1 to 3, i.e., the people who came between 1961 and 1965. Befor that, they are untouched and not covered by the agreement, They shall continue to remaining Assam as they were, with all the existing rights as citizens, Then, the persons falling under category (4), i.e., those who were born in India after 1966 or 1971, under the law and agreement dealt with foreigners, they are the citizens by birth. Sir, the Assam Agreement is dealt with the foreigners only, and not with the children who were born here. They are the citizens by birth. So far as those who were born here in India after 1966, i.e., 1.1.1966 - their category also was left out. Then, Sir, the persons falling under cetegory (3), i.e., those who came on and from 25.3.1971 I think, our Chief Minister and all parties will agree that in his special intervlew to the telegraph as late as on the 24th August, 1985 where our Chief Minister admitted that those who came on or after 25th March, 1971, should be treated as foreigner and should be expelled, though they have got many difficulties, Incidentally even those comming under this category will be expelled only in accordance with law. Suppose, if they become citizens by registration, if they are not original citizens, these are also to be determined that they are not citizens. Secondly, who came after 25.3.71, through a quasi judicial process under the 'Illegal Migrants (Determination by Tribunals) Act, 1983, they should be treated as foreigners - it has been admitted by all the parties.

[2.00 - 210 p.m]

But even in their case of actual determination whether they will be citizen or not that will be made through a quasi-judicial process under the 'Illegal Migrants (Determination by Tribunals) Act, 1983. Automatically they would not leave India and if they becime citizens by registration or if their children could prove the they would be the citizens forthwith. They would not be deported or expelled from India or from Assam. So, there is no dispute with regard to categories 1, 3 and 4 The only dispute is that the persons who came under category 2 (1966-1971) 24th March and let us see what they have lost, what they have gained, and whether they will start now coming into West Bengal which is really the concern of our Chief Minister What have they lost? Mr. Speaker, Sir, it is true that these persons have lost temporarly, for 10 years from now, their right to be in the Electoral Rolls which are to be prepared. As such they will not be able to vote for 10 years. But our Home Minister of India has declared in the Lok Sabha that these persons whose names are in the voter list will be eligible to cast their votes in the next election also which is going to be held in November or December. So, for the sake of agreement, their right in the electoral rolls should be kept. As such they will not be able to vote for sometime. Before they loss this right or their names are deleted from the Electoral Rolls there has to be a determination through a quasi-judicial process under the Foreigners Act, 1946 read with the Foreigners (Tribunal) order, 1964. These are the methods through which the determination will be there.Suppose some persons who came after 1966 and upto 25th March, 1971 if they become the citizens by registration certainly their names would not be deleted from the voter list, So, their will be a process of determination through a quasi-judicial process - under the Foreigners Act, 1946, Foreigners Tribunal Order, 1964. Moreover, Sir, from the agreement it will appear that these persons shall have all the rights as citizens. They have got the right of property, they have got the right of job, they have got the right to reside etc. So far as the agreement is concerned. I think our Chief Minister has gone through the agreement. They have got every right and that has been declared even on the floor of the Lok Sabha.

Now, I want to suggest that these persons have got all the rights that has been declared. Only they will not be able to exercise their franchise for ten years. The only point is, who are Indian citizens? It will appear from the Article 5(2)(1) of the constitution. Shri Shyamal Chakrabarty read the portion of that Article. Even Section 11 of the Constitution read as follows : "Parliament to regulate the right of citizenship by law - Nothing in the foregoing provision of this part shall derogate from the power of Parliament to make any provision with respect to the acquisition and determination of citizenship and all other matters relating to citizenship." So they have got the right to regulate the citizenship. Sir, there are five methods by which the citizenship can be acquired. Out Chief Minister knows it very well. The methods are - (i) Citizenship by birth (Section 3), (ii) Citizenship by Descent (Section 4), (iii) Citizenship by Registration (Section 5), (iv) Citizenship by Naturalisation (not relevant to the present issue) (Section 6), (v) Citizenship by Incorporation of Territory (not relevant to the present issue) (Section 7). There has therefore to be a quasi-judicial determination about those persons who had come between 1966 and 1971 (24th March), to the effect that (i) they had come within that period and (ii) they do not fall within any of the first three above mentioned categories of citizenship. That is not the Term of the Agreement. The terms to be determined through a quasi-judicial determination. There must be a body for 'Sunani'. They will not ask to put their names in the voter list. If the determination is in their favour, they will continue to reside in Assam as before with their names in the Electoral Rolls. If their citizenships are determined through a quasi-judicial process, they will then continue to enjoy all the rights, even the right of being included in the voter list. Even they will cast votes in all the future elections. If, however, the determination is against them and if neither the High Court not the Supreme Court, as the case be, upsets it, they had obviously to go. And if it is found that the agreement is not in accordance with the law, or the Constitution, certainly, the High Court can interfere, certainly, the Supreme Court can interfereand the High Court and the Supreme Court may upset that. Now what they have gained? Although, they have no right and had to go, they have infact been protected by the Agreement.

(Noise)

If they are foreigners, certainly they have got no right to stay there. That is the law, That is the Foreigners' Act. But by the agreement, those persons have the right to stay there, with all their rights and privilages except of casting votes and they will all become citizens ipso facto on the expiry of 10 years, obviously by registration. These are the process. How a man can acquire the citizenship? That by registration or by virtue of staying there.

[2.10 to 2.20 p.m.]

This is the law but by agreement they are allowed to stay here with all the rights, with all the privilages, with their rights to property, with their right to job and everything. They are getting all the facilities by this agreement. The only exception is that if they are proved to be foreigners or if they are determined to be foreigners, in that case they would not be able to cast their votes for ten years. So we do not understand by it is being said that they are going to be expelled from Assam which is a part of India. So, hithertofore, what is the position of the persons? Their position was uncertain and nebulous and thousands and thousands of people were subject to considerable harassment. Those persons were tortured, their houses were burnt and many persons lost their lives at that time due to agitation and disagreement. Now all these uncertainties came to an end. Then there were many occurrences and it

was going for the last six years or more than that. Now the persons, who came after 24th March, 1966 to 1971 if they are detected to be foreigners will be considered as citizen after ten years but they will enjoy all the privileges freely and fully. Then why is this anxiety? They will be subject to harassment, they will be beaten, assaulted, their houses will be looted or their houses will be burnt to ashes, they will be killed? Nothing will happen, assaulted, their houses will be looted or their houses will be burnt to ashes, they will be killed? Nothing will happen to them now. They will remain as they are. I think his chapter has come to an end after this agreement. Now the Chief Minister has expressed concern about a question whether they will start coming to West Bengal after the agreement. Sir, why they will come to West Bengal after the agreement Sir, as has already been said previously when they become subject to hardships thousands and thousands of people come here. But 29,000 were taken back and only 11,000 stayed here and I am told Mr. Saikia and ready to take them back but they are not going because they are earning here and they are also getting doles from our Chif Minister. They are earning here and they are also getting doles from our Chief Minister. But as I have said Mr. Saikia are ready to take them back. they came here due to some hardships, they were assaulted,some persons were murdered and so they felt that they were not safe in the hands of Assamese. But now this agreement has ended these hardships. In the circumstances, why will they come to West Bengal, I cannot understand. From the report of newspapers we see that the Chief Minister is very much anxious about it i.e., people would come to West Bengal after the agreement. I think they would not come here, Why they will come, merely for casting vote? They are getting all the privileges, all the amenities, all the rights to properties. Simply for the sake of agreement their names were not included. I think some responsible persons are trying to poison the minds of the pwcple of West Bengal with regard to Assam agreement. It is unfortunate that this type of sensitive question has been raised in this regard and some parties, some people are trying to poison the minds of the people of West Bengal. This is very unfortunate and especially for the parties in power, CPM and other parties i.e., Left Front. At least they should have welcome this agreement because the chapter is ended after the agreement.

It ended a chapter of hardships, it ended a chapter of assaults, murders, lootings - everything. So now they will live there in peace with all their rights and you must keep in mind that this Agreement applies anly to Assam and to those who are detected as foreigners there. I emphasize that this Agreement is applicable to foreigners - only applicable to foreigners and nobody else. I do not know why the Chief Minister of West Bengal has expressed his concern about the influx of refugees or the persons from Assam. There is no such apprehension. So I would say let not any one unnecessarily try to raise fear or prejudice where their is none, by blatantly inciting people on communal, parochial and linguistic lines. Let us therefore not wast our time on useless controversy but concentrate on really improving Bengal and of removing the jungle growth that has come in the last few years in Bengal. Sir, these are my words and now Sir, I will refer to what Mr. Saikia said. Mr. Saikia came here. He met the Press and he said that after March 24, 1971, I repeat it, after March 24, 1971, those who have entered into Assam will be deported back to Bengladesh, according to Indira-Mujib Agreement, I would refer to Indira-Mujib Chukti, I mean the Agreement. What is in that Agreement? In that Agreement it is mentioned that only those persons who came after 24th March, 1971 would be deported to Bangladesh. This is the Agreement: and this deportation, Mr. Saikia said, would be done with the mutual consent of India and Bengladesh. Between 1971 and 1980 about 1,10,000 people were sent back. During the last two and half years very few people have corssed the border and I think here also the CPI(M), the Left Front is diveded

on the issue of deportation. The CPI Central Secretariat hailed the accord. They have said that the accord will restore normalcy in the rift-ridden State. The CPI Central Secretariat has given a befitting reply to the secretarian activists in the north eastem region. The RSP M.P. Mr. Pijush Tirkey, has welcomed this accord. So RSP is also welcoming this accord along with the CPI. I think this has divided the House. I do not know what the CPI(M) is going to do now and what the CPI(M) will say here. That is the main thing. Even Mr. Saikia had said that there would be no problem for persons who came here between 1967 and March 1971. There should be no apprehension in their minds, only some mischievous people are inciting them, only some people are poisoning the minds of these people and rising sentiments against the Bengalees. I think our Chief minister knows very well that when he came to power thereafter Mr. Ram Chatterjee brought a few thousands refugees from Dandakaranya and those refugees settled in Marchjanpi. they did not get any sympathy from this Government. Instead, they were sent back, they wee assaulted and murdered and the Chief Minister told in this House that those refugees would be sent back. This is the sympathy of the Chief Minister towards the Bengali refugees.

[2.20 to 2.30 p.m.]

Sir, even in Kashipur in Burdwan, many persons came to live from Dandakaranya. But this Left Front Government did not allow them to stay there. Many persons amongst them were done to death; many persons were assaulted and they were ultimately compelled to go back to Dandakaranya. But now, Sir they are sympathic to those who did not come to West Bengal. Why they would come to West Bengal? They would not come fo West Bengal. Now, the question is that under the law the names of the persons were entered in the electoral rolls - if so they are the citizens. If the verdict of the Supreme Court and High Court goes in their favour they will syay there. I think the Government has the power to amend the rules. Now, under the Foreigners Act, 1946 read with the Foreigners (Tribunal) Order they will be detected and if through quasi-judicial process that detection is there, they have nothing to say.

Therefore, I Say that we have no objection to the last portion of the motion moved by Shri Syamal Chakrabarty wherein it says, "This Assembly urges upon the people to remain alert against the forces which may try to mislead the people in West Bengal into chauvinistic and parochial channels. Our tradition of upholding the unity in diversity must never be sullied.

This assembly greets those sections of the various language groups in Assam which stood for unity among themselves in the most difficult circumstances. In the new situation, it appeals to all the people of Assam irrespective of their language and religion to re-force and strengthen fraternal bonds on the basis of democracy equaluty and respect for each other for the greater good of Assam and the whole of India." Sir, I fully endores this view. Sir, you see our motion also which has been moved by Dr. Zainal Abedin. There also we have said that it is a sensitive question and now we want peace, we want Assam to be developed. Assam is a resourceful State which has suffered much during the last six years. We have said that all people irrespective of linguistic or religious minorities including the people of Assam should now come forware to strengthen the economy of Assam, and, Sir, there are so many commitment it the Agreement so far as assam is concerned. I only hope, Sir, that my friends who are trying to create some confusion in the minds of the people will come to their senses. This Motion which has been tabled by Shri Syamal Chakrabarty is politically motivated and I oppose the Motion. We hope, Sir, that the Motion tabled by Dr. Zainal Abedin should be accepted by all so that tension is not spread in such way that may cause hardships for those who are living there.

Thank you, Sir.

শ্রী বিশ্বনাথ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় এবং সভ্য বন্ধুরা আমি একটা ব্যাপারে খুব আশ্চর্য্য বোধ করছি, সেটা হচ্ছে এই যে, আমাদের দেশ একটা না, যতগুলি রাজ্য ততগুলি দেশ। আমি দেশ বলছি, আপনারা লক্ষ্য করবেন। বাঙালী উদ্বাস্তু যদি ১৯৬৬ সালের পর ১৯৭১ সালের মধ্যে এসে থাকেন তাহলে তারা পূর্ণ নাগরিক অধিকার পেতে পারেন, অন্য রাজ্যে গেলেও পেতে পারেন, কিন্তু আসাম রাজ্যে পাবেন না। প্রধানমন্ত্রী সেখানকার ছাত্র সংগঠনের সঙ্গে একটা চুক্তি করলেন। এ সব অদ্ভুত অদ্ভুত ব্যাপার ঘটছে। প্রধানমন্ত্রী চুক্তি করছেন সংগঠনের সঙ্গে এবং তাদের মেজরিটি আছে, হয়ত পার্লামেণ্টে পাশ করিয়েও নিতে পারেন, কিন্তু একটা যুক্তি তো থাকা দরকার। দেশ যদি একটা হয়, প্রত্যেক রাজ্য যদি আলাদা দেশ না হয় তাহলে এ দেশের অনেকগুলি রাজ্যে মানুষ যে অধিকার পাবে, একটা বিশেষ রাজ্যের মানুষ সেই অধিকার পাবে না কেন-এটা একটা অদ্ভুত কথা এর ভিত্তিতে দেশের ঐক্য কি করে থাকতে পারে? এই রকম পার্সিয়ালিটি, পক্ষপাতিত্ব কি করে আমাদের দেশে চলতে পারে? সাত্তার সাহেবের বক্তৃতা আমি মনোযোগ দিয়ে শুনছিলাম। কিন্তু আমি তার একটি তার কিছুতেই বুঝতে পারছিলাম না যে তিনি বার বার খালি 'বিদেশী', 'বিদেশী' বলছিলেন এবং খালি বিদেশীদের উপর এটা প্রয়োগ হচ্ছে বলছিলেন। যাদের বিদেশী বলে ডিটেক্ট করা হবে তাদের উপর এটা প্রযোজ্য হবে। বিদেশী বলে যে চুক্তি হয়েছে সেটা আমরা পড়েছি। তাতে তো বিদেশী, স্বদেশী নেই। বাঙালী উদ্বাস্তু যারা ১৯৬৬ সাল থেকে ১৯৭১ সালের পরে এসেছে তারা অধিবাসী হিসাবে থাকতে পারে, কিন্তু ভোটাধিকার তাদের থাকবে না। সুতরাং ভোটাধিকারের প্রশ্ন দেখা যাচ্ছে। এখন তারা যদি ভারতের অধিবাসী হয় তাহলে তাদের ভোটাধিকার কেন থাকবে না? তারা কি বিলেত থেকে ফ্রান্স থেকে এসেছে? তাদের যে বিদেশী বলা হচ্ছে, তারা কোথা থেকে এসেছে? তারা পূর্ব পাকিস্তান থেকে এসেছে। আপনারা সকলেই জানেন যে, আমাদের দেশ যখন স্বাধীন হয় এবং দেশ ভাগ হয় তখন আমাদের দেশের সমস্ত নেতারা প্রতিশ্রুতি দিয়েছিলেন, দেশ ভাগের জন্য যারা উদ্বাস্তু হবে ভারতে তাদের আশ্রয় দেব। তারা তো ভারতে আশ্রয় পেয়েছে। আসাম ভারতের মধ্যে, না ভারতের বাইরে? তা যদি আশ্রয় পেয়ে থাকে তাহলে সব অধিকার থাকবে, ঐ অধিকারটুকু থাকবে না – এটা কেন হবে? তোমার হাত, পা, পেট কাটব না, খালি গলাটুকু কেটে মাথাটা নিয়ে নেব। নাগরিকের সব অধিকার থাকবে, কেবল নির্বাচনে নির্বাচিত হওয়ার অধিকার ছাড়া আমরা পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক দেশ বলে গর্ব করি। পৃথিবীর বৃহৎ গণতান্ত্রিক দেশে গণতন্ত্রের নতুন ডেফিনিসন করতে হবে, সংজ্ঞা করতে হবে যে, তোমাকে আমরা নাগরিক বলে মেনে নেব, সমস্ত অধিকার দেব, কিন্তু ভোটের অধিকার দেব না। আমার বন্ধুরা সকলেই বলেছেন যে, আগাগোড়া এই প্রতিশ্রুতি ছিল দেশ ভাগের জন্য কেউ উদ্বাস্তু হতে বাধ্য হলে তাকে এদেশে আশ্রয় দেব এবং খুব ন্যায্যভাবেই ইন্দিরা-মুজিব চুক্তি হয়েছিল। তার আগে পূর্ববাংলা পাকিস্তান ছিল।

সেখানকার মানুষের উপর অত্যাচার হচ্ছিল, যার জন্য সেখ সাহেবের আন্দোলন হয়। ভারত সরকারের সহযোগিতায় সেখ সাহেবের আন্দোলন সাফল্যমণ্ডিত হয় এবং পূর্ব বাংলা স্বাধীন হয়, মুক্ত হয় এবং বাংলাদেশ গঠিত হয়। সুতরাং তারপর আর কোন যুক্তিসঙ্গত কারণ থাকতে পারে না যে, দলে দলে সব উদ্বাস্তু হয়ে চলে যাও, এখানে বাস করতে পারবে না। তার আগে পর্যন্ত বলার একটা জাস্টিফিকেসন ছিল, তখন বলতে পারতেন যে আমরা ওখানে বাস করতে পারছি না কারণ, পাকিস্তানের সেখেরা শুধু হিন্দু নয়, হিন্দু, মুসলমান নির্বিশেষে বাংলাদেশীদের উপর অত্যাচার করছিল।

[2.30 to 2.40 p.m.]

যারজন্য বাঙালীরা বিদ্রোহী হ'ল যার জন্য ভারতবর্ষকে শেষ পর্যন্ত সৈন্য ঢোকাতে হ'ল তাদের সাহায্যের জন্য। সুতরাং একটা ন্যায্য কারণ ছিল এই ডেটটার। এটা আকস্মিক বা হঠাৎ আসে নি, একটা ঐতিহাসক, বাস্তব কারণ ছিল যে কারনের জন্য এই ডেটটা এসেছে। তাই যদি হয় তাহলে আজকে ইন্দিরা গান্ধীর ছেলে কি করে সেখানকার ছাত্তরে সংগঠনের সঙ্গে একটা এ্যাক্ট করে সেসটাকে বদলে দেবেন? কথাটা কোন যুক্তিসঙ্গত কথা নয়। তিনি ভারতবর্ষের প্রধানমন্ত্রী হ'তে পারেন কিন্তু ইন্দিরা গান্ধী যখন এটা করেছিলেন তখন তিনিও ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন। তিনি তো ভারতের তরফেই করেছিলেন চুক্তিটা, না তাঁর তরফে করেছিলেন? সুতরাং সেনখানে কি একটা পরম্পরা থাকবে না আগের সঙ্গে পরের? না কি বাঙালী এমন অপরাধ করেছে যে বাঙালী উদ্বাস্তু হলে তাদের কোন বিশেষ রাজ্যে ভিঠতে দেব না বা ভিঠতে দিলেও তাদের ভোটের অধিকার — নির্বাচিত করার এবং নির্বাচিত হাবর অধিকার দেব না এবং সেটাও ১০ বছরের জন্য দেব না। এটা কোন কারণ হ'ল? ব্যাপারটা কি? ১০ বছরের জন্য অধিকারটা কেড়ে নেওয়া হচ্ছে কেন? কেড়ে নিচ্ছ তো কেড়ে নিচ্ছ, না নিচ্ছ তো নানিচ্ছ, নাগরিক তো নাগরিক, নাগরিক নয় তো নাগরিক নয়। তারা এখানকার নাগরিক, তাদের সব অধিকার থাকবে শুধু ভোটের অধিকার টা কেড়ে নেওয়া হচ্ছে এবং তাও ১০ বছরের জন্য কেড়ে নেওয়া হচ্ছে – এটা কোন কথা হ'ল? আমি আইন নই, আমি জানি না সংবিধান অনুযায়ী এটা টিকবে কিনা, তবে এই দেশের একজন অধিবাসী হিসাবে এবং দীর্ঘদিন ধরে রাজনীতি করছি সেই অভিজ্ঞতার ভিত্তিতে বলছি, এতবড় কেটা যুক্তিহীন, যুক্তিবিরোধী কথা হতে পারে না। যা বলবে সঙ্গতিপূর্ণভাবে বল, যা করবে সোজাসুজিভাবে কর, কিন্তু এটা কি রকম কথা? সেইজন্য আমি এর প্রতিবাদ করছি।

শ্রী আবদুস সাত্তার : আপনাদের পার্টির সেণ্ট্রাল সেক্রেটারিয়েট কি বলেছেন?

শ্রী বিশ্বনাথ মুখার্জী : উনি আমাদের পার্টির কথা তুলেছেন। আমাদের ব্যাপার আমরা বুঝবো, আপনাদের কংগ্রেসের ব্যাপার আপনারা বুঝবেন। সাত্তার সাহেব, আপনাদের পার্টির ভেতরে যদি কোন গণ্ডগোল হয় তাহলে সেসটা আপনাদের পার্টিই বুঝবে। সেটা কি সি. পি. আই. বুঝবে, না সি. পি. এম. বুঝবে? তেমনি আমাদের পার্টির ভেতরের ব্যাপার আমরা বুঝবো। আমি ঠিক করছি, না ভুল করছি সেটা আমার পার্টি বুঝবে। ামি নিশ্চয় আমার রজ্যের আমার পার্টির পূর্ণ সমর্থন নিয়েই একথা বলছি, তা না হলে একথা বলতাম না। তাঁরা আমাকে একথা বলবার অধিকার দিয়েছেন, দায়িত্ব দিয়েছেন। আমি সেইজন্য তাঁদের তরফেই কথা বলছি এবং আমি বলছি, আমার পার্টি বরাবর বলে এসেছে, আমাদের জাতীয় পরিষদের বিগত সভায়, সেটা লাস্ট মিটিং...

শ্রী আবদুস সাত্তার : আপনাদের সেন্ট্রাল সেক্রেটারিয়েট কি বলেছেন সেটা বলুন।

শ্রী বিশ্বনাথ মুখার্জী : সেন্ট্রাল সেক্রেটারিয়েট, সেক্রেটারিয়েট বলবেন না। জাতীয় পরিষদের বিগত অধিবেশনে ১৯৭১ সালের প্রস্তাব পাশ হয়েছে এবং সেটাই আমাদের সর্ব্বোচ্চ সংস্থা। আমরা আমাদের পার্টির সঙ্গে বোঝাপড়া করবো যে জাতীয় পরিষদের সিদ্ধান্ত বদলাবার অধিকার কারুর আছে কিনা। সেটা আমরা বুঝবো, সেটা আপনারা বুঝবেন না।

শ্রী আবদুস সাত্তার : সেটা আমরা উপভোগ করবো।

শ্রী বিশ্বনাথ মুখার্জী : হ্যাঁ, উপভোগ করন, কিন্তু যেটা ন্যায্য সেটা আমি বলব। আমরা বরাবর আমাদের পার্টির তরফ থেকে বলেছি, জাতীয় পরিষদ থেকে বলেছি, আমাদের রাজ্য পরিষদ থেকেও বলেছি, সর্বস্তরে বলেছি যে ১৯৭১ সাল শুভ বি দি কাট অফ ইয়ার। যদি ঐ গণ্ডগোলের মীমাংসা করতে হয় তাহলে ১৯৭১ সাল শুভ বি দি কাট অফ ইয়ার। আজকে তার থেকে সরে আসার কোন কারণ দেখি না। যেহেতু আসামে একটা আন্দোলন হচ্ছিল—তাহলে পশ্চিমবঙ্গে যদি এই রকম একটা আন্দোলন একদল করে যে অমুকদের তাড়িয়ে দাও, কিম্বা তারা থাকুক কিন্তু তাদের ভোটাধিকার থাকবে না তাহলে কি তাদের সঙ্গে রাজীব গান্ধী এরকম একটা প্যাক্ট করতে পারেন? বারবার একটা কথা বলছেল—ফরেনার, ফরেনার। ফরেনার। ফরেনার কি করে হ'ল? ডিটারমিনড টু বি ফরেনার। তাহলে তারা ওখানে আছে কি করে? তারা তো দেখছি ওখানে বছরের পর বছর রয়েছে এবং দেশের নেতাদের আশ্বাস পেয়েই রয়েছে। যদি ফরেনার হয় তাহলে কি করে এতদিন ওখা থাকল? ওখানে তো কংগ্রেস সরকার ছিল। তাঁরা তাদের ওখানে রাখলেন কি করে? কাজেই এই ফরেনার বলে ব্যাপারটাকে গুলিয়ে দেবার চেষ্টা করবেন না। একটা ভয়ঙ্কর অবস্থা পার্টিসনের জন্য সৃষ্টি হয়েছিল। তখনকার কেন্দ্রীয় সরকার তাদের দায়িত্ব নিয়েছিলেন কিনতু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি বর্তমান কেন্দ্রীয় সরকার সেই দায়িত্ব অস্বীকার করছেন। আমি মনে করি এটা অত্যন্ত অন্যায়।

শ্রী সত্যরঞ্জন বাপুলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলার জন্য উঠে দাঁড়াতেই কিছু সংখ্যক সদস্য একটুখানি হাসলেন। এতে আমি খুসীই হয়েছি। আমি শশুধু ওঁদের অবসস্থা দেখে ভাবছি আজকে যে রেজোলিউসন শ্যামলবাবু এনেছেন এটা কিসের জন্য? এঁদের বলার ভঙ্গী এবং আচার আচরণ দেখে শুধু আমারই নয়, হাউসের প্রত্যেকটি মেম্বার এবং খবরের কাগজের রিপোর্টারদের ধারণা হবে একটা রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়ে কিছু রাজনৈতিক ফায়দা লোটার জন্য একটা রেজলিউসন না আনলে নয় তাই আনা হয়েছে। তাঁরা যদি এটাকে সিরিয়াস বলে মনে করতেন, গুরুত্বপূর্ণ ব্যাপার বলে মনে করতেন তাহলে আলোচনার ভঙ্গী অন্যরকম হত। এতে আমি খুব দুঃখিত হলাম। শ্যামলবাবু একজন ভাল বক্তা, তিনি বললেন এটা একটা স্পর্শকাতর ব্যাপার। কিন্তু তাঁর বলার মধ্যে স্পর্শকাতরতার কোন চিহ্ন আছে কি? আজকে এই বিধানসভায় যে বক্তব্য শুনলাম তাতে আমরা কি পেয়েছি?

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব বিনীতভাবে বলছি এবং এটা খুব পরিতাপের বিষয় যে আমাদের বক্তৃতার সময় সরকার পক্ষ থেকে এরকম গোলমাল করছেন। মাননীয় সদস্যরা সকলেই দেখছেন বিরোধীদলের বক্তব্য ধৈর্য্য ধরে শোনার অবকাশ ওঁদের নেই। হাউসের এই পরিস্থিতিতে আমি মুখ্যমন্ত্রীকে ডেকে পাঠাতে চাই। আপনি তাঁকে ডাকুন এবং তিনিও এস দেখুন কি অবস্থা। ১৯৬০ সালে যখন আসামে দাংগা হচ্ছিল তখন সেখানে শতশত বাঙ্গালীকে কাটা হয়েছিল। সেই সময় আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ রায় যে রেজোলিউশন এনেছিলেন তার উপর ওঁদের নেতা যে বক্তব্য রেখেছিলেন সেটা আমার কাছে আছে। যদি আলোচনা করে এই সমস্যার সমাধান চান তাহলে সকলে মিলে আলোচনা করুন। সেদিন ডাঃ রায় যে রেজোলিউশন এনেছিলেন তাকে জ্যোতিবাবু পূর্ণ সমর্থন করেছিলেন এবং তাঁর ভাষা ছিল কি সেটা আপনারা শুনুন। We must see that the attitude of the Government to be considered. We must have confidence upon the Government of India and we must see that what action they can taken after the resolution." ডাঃ বিধানচন্দ্র রায় তখন কি বলেছিলেন? "That guarantee of the Constitution of India for the freedom of the people must be safeguarded at any cost." এগ্রি করেছিলেন। ডাঃ জয়নাল আবেদিন যে রেজলিউশন এনেছেন, আমরা সেটাই রাখতে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বিনীত ভাবে আপনাদের কাছে নিবেদ করতে চাই, কারা এই রেজলিউশন এনেছেন? মরিচঝাঁপি থেকে যখন আপনারা লোকগুলোকে কুকুরের মত, গরু ছাগলের মত তাড়িয়ে দিলেন তখন লাগেনি? কাশীপুরে যখন গুলি চালালেন, বুকে লাগেনি? মরিচঝাঁপিতে আগুন লাগিয়ে তাদের তাড়িয়ে দিলেন, লাগলো না? আজকে আনতে পারবেন, মুখ্যমন্ত্রীকে বলুন, আপনাদের রেজলিউশন উইথড্র করতে, তাঁকে বলুন একটি কথা, তাঁরই বক্তব্যের মধ্যে ছিল, পশ্চিমবংগের লোক দণ্ডকারণ্যে যাবে কেন, বাংলায় কবরস্থান হবে। বলুন মুখ্যমন্ত্রীকে একটা রেজলিউশন আনতে বলুন। আমরা দু হাত তুলে সমর্থন জানাবো, এই রেজলিউশন আনতে পারবেন না।

(গোলমাল)

[2.40 to 2.50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসলে যে সমস্ত বিধানসভার সদস্য এখানে চিৎকার করছেন, তাঁরা জানেন না, তাঁরা পড়েনও নি। যেটা বিশ্বনাথবাবু বলেছেন সেটা অত্যন্ত ভাল কথা বলেছেন, ১০ বছরের জন্য নাকি তাঁদের ভোটাধিকার কেড়ে নেওয়া হবে, এটা কি কথা? কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় ১০ বছরের

জন্য ভোটাধিকার কেড়ে নেওয়া হবে কখন? ১৯৭১ সালে ভোট হয়ে যাবার পর যে ভোটার লিস্ট আছে, সেই ভোটার লিস্ট অনুযায়ী সকলে ভোট দেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হয় জ্যোতিবাবুকে বলুন তাঁদের এ্যাকর্ডের কপিটা দিতে, Here is the copy of the accord, যেখানে আছে "The voter list prepared on the basis of 1971 for the ensuing election all the voters will cast their votes" আজকে অত্যন্ত দুঃখের বিষয়, আসল ব্যাপারটা জানেন না, না জেনে অত্যন্ত কঠিন ভাবে বলার চেষ্টা হচ্ছে যে ভোট কেড়ে নিলো। ১৯৭১ সালে যদি ভোট দেয়, তারা প্রত্যেকে সিটিজেন, তারা যদি সিটিজেন না হয়, ভোট দিতে পারে না। তারপর যদি কোন এ্যাকর্ড হয়ে থাকে, anti to the spirit of the Constitution নিশ্চয়ই সেটা টিকবে না, সেটা কনস্টিটিউশন অব ইণ্ডিয়ায় কি গ্যারান্টি আছে। That must be maintained. আপনাদের দেখতে হবে কি, ১৯৭১ সালের ভোটার লিস্টের উপর যে নির্বাচন হবে, সেই সরকারর এ্যাটিচ্যুডটা কি। আপনাদের বলতেও তো লজ্জা হওয়া উচিত, কর্পোরেশনের ইলেকশন হলে, পাঁচ লক্ষ ভোট কমে গেল। আপনারা বলছেন ভোটার লিস্ট, ইলেকটোর্যাল রাইট জালিয়তি হবে। আপনাদের ইম্পর্ট্যান্ট লোক তো আছে, পাঠিয়ে দিন না সেখানে? আপনাদের মত ভোটার লিস্ট জালিয়াতি করতে পশ্চিমবাংলায় কেন, সারা ভারতবর্ষের কেউ পারবে না, চলে যান সেখানে। আজকে আপনারা জানলেন না যে ভোটার লিস্ট জালিয়াতি হবে কি না, বুঝলেন না কিছু, চিৎকার করতে আরম্ভ করলেন যে সেখানে ভোটার লিস্ট থেকে নাম বাদ যাবে। দুর্ভাগ্যের বিষয় যে রেজলিউশনটা সি. পি. এম. থেকে এনেছেন তার ফার্স্ট প্যারাগ্রাফে এর লাস্ট লাইনটা অত্যন্ত আনফর্চুনেট। কি? না, ইলেকটোর্যাল রোল ঠিক ভাবে তৈরী হবে না। আপনারা কি করে জানলেন? আমি মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করবো, যদি আসামে কোন গণ্ডগোল হয়, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তাদের উপকার করতে পারবেন? না আসামে যে সরকার হবে তারা তার সেফগার্ড দেবে? পশ্চিমবাংলায় যদি আজকে একটা হিন্দু মুসলমানের রায়ট হয়, আসাম সরকার আসবে আপনাদের উপকার করতে? না, দিল্লীর সরকার আসবে আপনাদের উপকার করতে?

আপনারা বলেন, 'আমরা যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে আছি; কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যখন একটা অ্যাক্ট হয়েছে তখন কিসের সঙ্গে সংগ্রাম করবার জন্য এরকম একটা প্রস্তাব আনা হয়েছে, তা আমরা বুঝতে পারছি না। ১৯৭১ সালের ভোটার লিস্ট অনুযায়ী ভোট হবার পরে সেখানে পরিস্থিতি কি দাঁড়াবে, তা আমরা এখনই বুঝতে পারছি না। আমি শ্যামলবাবুকে বলছি, নিশ্চয়ই আপনি রেজলিউসন আনবেন যদি সেখান থেকে একজনও বাঙালী চলে আসে, সেখানে যদি হিন্দু-মুসলমানদের উপর অত্যাচার হয় তাহলে নিশ্চয়ই আপনি রেজলিউসন আনবেন, কংগ্রেস আপনার সে রেজলিউসনকে তখন নিশ্চয় দৃঢ়ভাবে সমর্থন করবে। কিন্তু আজকে সেখানকার অবস্থা কি তা জানলেন না, সেখান থেকে একটা লোকও এলো না, সেখানকার লোকেরা মুখ্যমন্ত্রীকে কিছু বলল না, অথচ আপনি একটা রেজিলিউসন নিয়ে এলেন এবং তার মধ্য দিয়ে সেখানকার মানুষের সেন্টিমেন্টে সুড়সুড়ি দিয়ে, সেখানকার মুসলমানদের হাত করে নিয়ে আপনাদের দল যাতে সেখানে নির্বাচনে দুটো সিট পায় তার জন্য চেষ্টা করছেন। এটা অত্যন্ত পরিতাপের বিষয়। পশ্চিমবাংলার বুকে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী বলতে পারলেন না যে, যে ভোটার লিস্টের মধ্যে দিয়ে সেখানে নির্বাচন হবে, সে নির্বাচনে কি ক্ষতি হবে, কোনো ক্ষতি হবার আগেই রেজলিউসন এসে গেল। সুতরাং আমি মনে করি, This resoultion is premature, this resolution is irresponsible and resolution is an unreasonable resolution.

এই রেজলিউসনকে আগামী দিনে দাঙ্গা-হাঙ্গামা বাধাবার যন্ত্র হিসাবে ব্যবহার করা হবে, তার জন্যই আজকে এটা আনা হয়েছে। শ্যামলবাবুকে আমি বিনীতবাবে বলছি, আপনার শুভবুদ্ধিকে জাগিয়ে তুলে আজই এই রেজলিউসন উইথড্র করে নিন। এবং ডাঃ জয়নাল আবেদিন সাহেব যে রেজলিউসন এখানে উত্থাপন করেছেন তাকে গ্রহণ করুন। ডাঃ আবেদিনের রেজলিউসনের মধ্যে ওখানকার মানুষের স্বাধীনতা থেকে আরম্ভ করে প্রত্যেকটি জিনিষের গ্যারান্টির কথা আছে। তার দ্বারা শুধু পশ্চিমবাংলা নয়, সমস্ত রাজ্যেরই উপকার করা হবে, প্রত্যেককেই বাঁচান হবে। সকলের সমস্ত রকম স্বাধীনতার গ্যারান্টির জন্যই ঐ রেজলিউসন আনা হয়েছে। সুতরাং আমি আপনাদের কাছে আবেদন করছি, আপনারা ডাঃ আবেদিনের প্রস্তাবটিকে সমর্থন করুন, তাহলে পশ্চিমবাংলার মানুষও আপনাদের সমর্থন করবেন। তা নাহলে শ্যামলবাবু যে প্রস্তাব নিয়ে এসেছেন সে প্রস্তাবের মাধ্যমে মানুষের কোনো উপকার হবে না এবং ভোটও পাওয়া যাবে না। তাই আমি আবার ডাঃ আবেদিনের প্রস্তাবটিকে সমর্থন করবার জন্য আপনাদের কাছে অনুরোধ রাখছি এবং আমার বক্তব্য শেষ করছি।

দীপক সেনগুপ্ত : স্পীকার স্যার, একটু আগে শুনলাম আসাম থেকে আগামী দিনে যদি কোনো লোক বিতাড়িত হয় তাহলে শ্যামলবাবু বিধানসভায় নতুন করে প্রস্তাব আনলে সভ্যবাবুরা তাকে সমর্থন করবেন। স্যার এ বিষয়ে সভার সকলকে সচেতন করবার জন্য আমি একটি বই থেকে একটা উদ্ধৃতি দিতে চাই। কারণ এর সঙ্গে আসামের ঘটনাবলীর একটু সম্পর্ক আছে. স্যার, স্বাধীনোত্তরকালে যে সমস্ত উন্নয়নশীল দেশে পুঁজিবাদী ধাঁচে সমাজ গড়ে উঠেছে, সমাজতান্ত্রিক পথে চলেনি সে সমস্ত দেশে স্থায়ী বাসিন্দাদের সঙ্গে ক্রমান্বয়ে মাইগ্রেটদের বিরোধ দেখা দিয়েছে। নাইজেরিয়াতেও আমরা সে জিনিষ দেখেছি। স্যার মাইনর উইনার তাঁর 'সন্স অফ দি সয়েল' বই-এর ৭৫ পৃষ্টায় বলেছেন, "In Nigeria violent attacks against Ibo settlers in the north precipitated the events that subsequently led to the Civil War. ওখানে শেষ পর্যন্ত সিভিল ওয়ার হয়েছিল। আসামের চুক্তির ফলে সাত্তার সাহেব বলেছেন, "কৈ উদ্বাস্তু তো এলো না, আগে তো ২৯,০০০ এসেছিল!" আমি সাত্তার সাহেবকে বলি, আমাদের ঐ কথাই শুধু মনে হয়নি। আজকে পশ্চিমবাংলায় যে অবস্থা রয়েছে তাতে মানুষ বামফ্রন্ট সরকারকে ক্ষমতায় বাসিয়েছে। এখানে আমাদের বিচার্য বিষয় শুধু ভোটাধিকার থাকল, কি থাকল না বা আসাম থেকে মানুষ চলে আসবে, কি আসবে না তা নয়। মূল কথা ঐ চুক্তি সম্বন্ধে একটু আগেই বিশ্বনাথদা বলে গেলেন। কেন চুক্তি করা হলো? সাত্তার সাহেব বিষয়টিকে চারভাগে ভাগ করলেন। কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করছি, আপনি কি ভুলে গেছেন, আসাম আন্দোলন, কোনো নতুন আন্দোলন নয়, ১৯৪৭ সালের স্বাধীনতার পর থেকেই বার বার সেখানে আন্দোলন হচ্ছে। বারে বারে সেখানে বাঙাল–খেদা

আন্দোলন এবং বিদেশীখেদা আন্দোলন হয়েছে। এখন মুল জায়গাটা কোথায়? আসামের বেশ কিছু মানুষ মনে করছেন আমরা সংখ্যা লঘিষ্ঠ হয়ে পড়িছি। আসাম বিধানসভায় তারা লক্ষ্য করছে গোটা বিধানসভায় অ-অসমীয়া প্রতিনিধিত্ব ২/৩ অংশ হয়ে যাবে কিনা। তা যদি হয় তাহলে আসাম রাজ্যে সংকট বাড়বে। সেইজন্য আসামে বারেবারে আন্দোলন হয়েছে। শেষকালে আসু এবং গণ সংগ্রাম পরিষদ আন্দোলন করেছেন। এখানে সাত্তার সাহেব খুব হাল্কাভাবে বলেছেল ভোটাধিকার না থাকলে কি হবে? আমার প্রশ্ন হচ্ছে ভোটাধিকার রাখা কেন হলো না? আসলে প্রধানমন্ত্রী রাজীব গান্ধী মনে করছেন এই মুহূর্তে ১০ বছরের জন্য সেখানে ভোটাধিকার থাকবে না, যারা পূর্ব-পাকিস্তান অর্থাৎ পরবর্তীকালে বাংলাদেশ থেকে ১৯৭১ সানের ২৪ মার্চের আগে এসেছে তাদের ভোটাধিকার ছাড়াই ১০ বছরের জন্য সব ক্ষমতা থাকবে-এটা কেন করলো বুঝতে পারছি না। সত্যিই এটা বোঝা মুশকিল। ভোটাধিকার না থাকলেও যে নাগরিক থাকা যায়, ভারতবর্ষে নানা ভাবে ব্যবসা করে লুটেপুটে খাওয়া যায়, ইনস্যুরেন্সের ব্যবসা করা যায় এবং তা থেকে যে কয়েক লক্ষ টাকা রোজকার করা যায় তারই জ্বলন্ত নিদর্শন প্রানমন্ত্রীর স্ত্রী স্বয়ং সোনিয়া গান্ধী রয়েছেন। ভারতবর্ষে তাঁর দীর্ঘকালের নাগরিকত্ব ছিলনা অথচ তিনি অনায়াসে ইনস্যুরেন্সের ব্যবসা করছেন। ভারতবর্ষের নাগরিকত্ব না থেকেও তিনি সব রকমের সুযোগ সুবিধা গ্রহণ করছেন। সুতরাং ওনার নাগরিকত্ব না থাকলে কি হয় – এই প্রশ্ন মাথায় আসছে না। নাগরিক অধিকারের ব্যাপার নিয়ে মাননীয় সদস্য শ্যামলবাবু বলেছেন এবং বিশ্বনাথ বাবু বলেছেন। সাত্তার সাহেব ঘুরিয়ে ফিরিয়ে বলতে চেয়েছেন, পূর্ব পাকিস্তান থেকে যারা এসেছেন তাদের নাগরিক অধিকার দেওয়া হয়েছে এবং তাদের পুনর্বাসনের দায়িত্ব আমরা নিয়েছি। কিন্তু এই পুনর্বাসনের ক্ষেত্রে পাঞ্জাবের ব্যাপারে একভাবে নেওয়া হয়েছে – আমি সেই প্রসঙ্গে যাচ্ছি না। বাংলাদেশ হওয়ার পরও কি অবস্থা হলো? ইন্দিরা - মুজিব চুক্তির সঙ্গে সঙ্গে বলা হল বাংলাদেশে সাম্প্রদায়িক দাঙ্গা হবে না, উদ্বাস্তু আর আসবে না। ২৫ মার্চ পর্যন্ত যারা এসেছেন তাদের পুনর্বাসনের একটা দায়িত্ব আমাদের আছে এবং নাগরিক অধিবার দেবার প্রশ্নও এতে জড়িত রয়েছে। কিন্তু কোন ব্যবস্থাই কেন্দ্রীয় সরকারের তরফ থেকে করা হলো না। এই বিধানসভায় এই নিয়ে বহু আলোচনা হয়েছে এবং এই নিয়ে বহু আবেদন করেছি। কিন্তু কেন্দ্রীয় সরকার উদ্বাস্তু দপ্তর যেটা রয়েছে সেটাও তুলে দিতে চাচ্ছেন অথচ প্রকৃতপক্ষে পূর্ববঙ্গ থেকে আসা উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা হয় নি। উদ্বাস্তুরা এসেছেন এবং তাঁরা যে যেখানে পারেন পুনর্বাসন ব্যবস্থা করে নিয়েছেন। এটা খুবই স্বাভাবিক পূর্ব বাংলার লাগোয়া পশ্চিমবাংলা রয়েছে, বিহারের লাগোয়া পূর্ণিয়া রয়েছে। সুতরাং এক্ষেত্রে মানুষের আসা যাওয়া স্বাভাবিক। এই যাওয়া আসা ১৮৯১ সাল থেকে শুরু হয়েছে। এইভাবে প্রথমে ৪৫ হাজার মুসলিম সম্প্রদায় আসামে বন কেটে বসবাস শুরু করেছেন। আজকে এই বাঙাল-খেদা আন্দোলন এবং বিদেশী আন্দোলনের মূল জায়গায় - এখানে কয়েকজন সদস্য বলেছেন এটা খুব স্পর্শকাতর ব্যাপার আমি বলছি দরকার হলে ঐ স্পর্শকাতর জায়গায় অপারেশন করে কঠিন মনোভাব নিয়ে এগুতে হবে, স্পর্শকাতর ব্যাপার বলে ছেড়ে দেওয়া ঠিক নয়। গোটা আসামে পূর্বপাকিস্তান থেকে অধুনা বাংলাদেশ থেকে বহু মুসলিম জনসাধারণ আসামে বসবাস করছেন। এখন তারা যদি ফরেনার হিসাবে ডিটেকটেড হন তাহলে কি তাদের পাঠিয়ে দেওয়া হবে? এটা কারা নির্ধারণ করবেন? ১৯৪৬ সালে ফরেনার'স অ্যাক্ট অনুসারে রাজ্য সরকারের হাতে সেই অধিকার দেওয়া হয়েছে। অতীতে দেখা গেছে আসামের রাজ্যসরকার সেখানে নিরপেক্ষভাবে চলতে ব্যর্থ হয়েছেন। আইন নির্ধারণের ক্ষেত্রে আসামের আন্দোলনকারীরা স্বক্রীয় ভূমিকা নিয়েছে। অর্থাৎ তারা নিজেরাই আইন নির্ধারণ করেছেন । আমার জেলা একেবারে আসামের লাগোয়া জেলা। আগে যে রেজিস্ট্রেসানের প্রশ্ন এসেছিল আমরা চেয়েছিলাম পুরানো যে দলিল-দস্তাবেজ আছে, ৩০/৩৫ বছরের যে ডকুমেন্ট আছে সেগুলো দেখে রেজিস্ট্রেসানের ব্যাপারটা ঠিক কার হোক। ওগুলো ছিড়ে ফেলে দিয়ে বলা হয়েছে এইসব ডকুমেন্টের মূল্য কোথায়? এর গ্যারান্টি কোথায়?

ওখানে [illegible] সংস্থার সঙ্গে যে চুক্তি করা হল আমাদের আপত্তি সেখানেই। আসামে একটা নির্বাচিত বিধানসভা পরবর্তীকালে ওঁরা স্বীকার করেছেন যেখানে তদারকি মুখ্যমন্ত্রী হয়েছিল সেই বিধানসসভা চালু রয়েছে। সেখানে নির্বাচিত প্রতিনিধি রয়েছে। আসামের জনগণের প্রতিনিধি রয়েছে – আসু, গণসংগ্রাম পরিষদ। লোকসভা চালু ছিল, লোকসভাকে বাইপাশ করা হয়, আসামের বিধানসভাকে বাইপাশ করা হল। যে আন্দোলন হয়েছিল তার পিছনে কোন সমর্থন ছিল না। এখন বলা হচ্ছে আসামের ঘটনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এটিকে আসামের ঘটনা মনে করি না। আজকে যে প্রশ্ন এসেছে, অনেকে বলেছেন প্রধানমন্ত্রী মহাশয় ছেলেমানুষ, আমি মনে করি তিনি ছেলেমানুষ নন, তিনি অনেক শেয়ানা। গত নির্বাচনের আগে তিনি আসাম থেকে ফিরে হঠাৎ দার্জিলিং গিয়েছিলেন। দার্জিলিং গিয়েছিলেন কেন? দার্জিলিংয়ে প্রাক্তন কংগ্রেসী মুখ্যমন্ত্রী শ্রী সিদ্ধার্থ শংকর রায় দাঁড়িয়েছিলেন। তাঁর পিছনে কিছু সংখ্যক কংগ্রেসী সমর্থন করতে ছুটেছিলেন। বামফ্রন্টের সি. পি. এমের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে। সেখানে কি করে পাহাড়ী নাগরিকদের সমর্থনটাকে আদায় করা যায়। অত্যন্ত ঘৃণ্য রাজনীতি যেহেতু জনস্বার্থের ব্যাপার ছিল এরিয়ার লোকের সমর্থন নিয়ে আসে সেজন্য রাজীব গান্ধী মহাশয় হঠাৎ দার্জিলিং গিয়েছিলেন। সেখানে গোর্খা ন্যাশানাল লিবারেল ফ্রন্ট এদের দাবীদার, আসাম চুক্তির পরে তারা একটা সংগঠন তৈরী করেছে, গোর্খা ল্যাণ্ড বলে তারা দাবী করছে। আসাম চুক্তিকে শুধুমাত্র আসামের সঙ্গে চুক্তি বলে বিবেচনা করতে পারছি না। আজকে উত্তরবাংলায় কি দেখতে পাচ্ছি? গত ৫ই সেপ্টেম্বর উত্তরবঙ্গের চার জনের প্রতিনিধি দিল্লী গেলেন। বাহিরের লোকের নাম করা যাবে না, আপনার রুলিং আছে, নাম উল্লেখ না করার চেষ্টা করব। আজকে শুনি রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর নিরাপত্তা অত্যন্ত কঠোর, সকলের সঙ্গে দেখা করেন না, দেখা করা অত্যন্ত কষ্টকর। সেখানে উত্তরবঙ্গ থেকে উত্তরবঙ্গ তপশীলি জাতি উপজাতি নামে চার জনের প্রতিনিধি দল তাদের একজন ছিলেন নকশাল আন্দোলনের সময়কার কুখ্যাত জোতদার সম্মত রাই, এঁর সঙ্গে রাষ্ট্রপতি দেখা করতে পারলেন না। এঁরা স্মারকলিপি দিয়েছিলেন, আসামে যে চুক্তি করেছিলেন সেই চুক্তিটি উত্তরবঙ্গের ক্ষেত্রেও প্রযোজ্য হোক। এখানে এর আগে নাকি ৮৫ ভাগ তপশীলির বসবাস ছিল, উত্তরবঙ্গে ৬৫ ভাগ উত্তরবঙ্গে এই আইন পাশ করতে হবে, এই আইনের প্রয়োগ করতে হবে। যাঁরা কিনা ১৯৬৬ সালে নূতন এসেছেন তাঁদের নাগরিকের অধিকার থাকবে না। ১০ বছরের চুক্তি করা হল, আমি মাননীয় জয়নাল সাহেব এবং সাত্তার সাহবেকে জিজ্ঞাসা করছি যাঁরা এই প্রস্তাবের বিরোধিতা করে বক্তব্য রেখেছেন। বিধানসভায় আমরা ১০ বছর থাকব কি না জানিনা, জয়নাল সাহবের একটা গর্ব আছে, জানিনা, সেটা আবহমানকাল চলবে কিনা? কিন্তু এই কথা ঠিক যে আবার ১০ বছর পরে আসামের

নাগরিকদের ভোটাধিকারের প্রশ্ন আসবে, যে বাংলাদেশ থেকে এসেছে। আবার আন্দোলন এবং গণ্ডগোল হবে তার জন্যই এই চুক্তি করা হয়েছে। আসামের ব্যাপারে একটা চুক্তি কেন্দ্রের প্রধানমন্ত্রী করেছেন। তারই আলোচনা আমরা বিধানসভায় করছি। আসাম চুক্তি তা নয়, আসাম থেকে আজকে মানুষকে আনবার জন্য দৃষ্টিভঙ্গী অন্যত্র দেবার জন্য বলা হয়েছে। ইন্দিরা গান্ধীর সময়ে ধরে নেওয়া হয়েছিল যে মুজিব ক্ষমতায় এলে বাংলাদেশে ভাল হবে, কিন্তু আজকে বাংলাদেশের প্রকৃত অবস্থা কি? মুজিব মারা গেলেন, জিয়া রাষ্ট্রপ্রধান হয়ে ঘোষণা করলেন বাংলাদেশের রাষ্ট্রের এ্যাবসলিউট ট্রাস্ট এ্যণ্ড ফেত ইন দি অলমাইটি আল্লা থাকবে। ওখানকার একজন সমাজ বিজ্ঞানী তালুকদার মুনিরুজ্জামান বলেছেন, তাঁর মন্তব্যটা একটু স্মরণ করিয়ে দিই যদিও বাংলাদেশ সৃষ্টি হবার পরে সেখানে হিন্দু-মুসলিম দাঙ্গা হয়নি, কিন্তু আজকে বর্ণ হিন্দুদের শতকরা ৫০ ভাগ, সেখানকার মুসলমান জনসাধারণ তাঁদের সন্দেহের চোখে দেখেন এবং এর সঙ্গে একটা সঠিক সংখ্যাতত্ত্ব এঁদের কাছে লেখা ছিল।

[3.00 to 3.30 p.m.]
including adjournment

১৯৬১ থেকে ১৯৭১ এই সময়ের মধ্যে বাংলাদেশ থেকে যে পরিমাণ লোক আসামে এসেছিল, রেজিষ্ট্রার জেনারলের হিসেব অনুযায়ী সেই সংখ্যা হচ্ছে ৯ লক্ষ ৪০ হাজার। কেউ কেউ বলবেন যে, এই সংখ্যা হচ্ছে ৫ লক্ষ, আবার কেউ কেউ বলছেন ১ লক্ষ। আর আসামের তদারকি মুখ্যমন্ত্রী বললেন যে, এই সংখ্যা হচ্ছে ১ লক্ষ এবং এর মধ্যে মুসলমান জনসংখ্যা হচ্ছে ২৮,৯৫২ যাদের ১ বছরের জন্য নাগরিক অধিকার থাকবে না বলে বলা হয়েছে। কিন্তু, আমি মনে করি, এই ফিগারটা ফরেনার্স ডিটেকটেড হবার পর আরও বাড়বে ছাড়া কমবেনা। এই ফরেনার্স ডিটেকট্ করবেন আসামের স্টেট গভর্ণমেণ্ট। কিন্তু গত কয়েক বছর ধরে আমরা দেখতে পাচ্ছি যে, সেখানকার সরকার বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকারীদের হাতে ক্রীড়নক হয়ে রয়েছেন। তাই এক্ষেত্রেও সঠিক বিচার পাওয়া যাবে বলে মনে হয়না। বাংলাদেশে শেষ লোকগণনা হয়েছে ১৯৭৪ সালে। তার আগে ১৯৫১ সালে ওঁদের লোকগণনায় দেখা গিয়েছিল, ওঁদের মোট জনসংখ্যার ২২ ভাগ ছিলেন হিন্দু। ১৯৬১ সালে সেটা কমে দাঁড়িয়েছিল ১৮.৪ ভাগে। কিন্তু ১৯৭৪ সালে লোকগণনায় সেই সংখ্যা দাঁড়িয়েছে ১৩.৭৩ ভাগে আর্থাৎ আরো ৫ শতাংশ কমে গেছে। এদিকে আসামে লোকসংখ্যা বৃদ্ধি পেয়েছে ৩.৭৩ শতাংশ। এই বৃদ্ধি সেখানে শুধু বাঙ্গালী উদ্বাস্তুদের আগমনের কারণেই ঘটেছে তা নয়; নেপাল থেকে নেপালীরা এসেছেন, বিহার–উড়িষ্যা এবং অন্যান্য রাজ্য থেকেও অনেকে এসেছেন এবং সেই কারণেও এই বৃদ্ধি ঘটেছে। অবশ্য ভারতের যেকোন এলাকা থেকে যে কেউ যে কোন রাজ্যে গিয়ে থাকবার অধিকার স্বীকৃত। কিন্তু দেখা যাচ্ছে, আসামে আজকে তাঁদেরকেও বিদেশী বলে চিহ্নিত করবার সম্ভাবনা দেখা দিয়েছে। কাজেই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে তিনটি প্রস্তাব এখানে এসেছে – সেক্ষেত্রে নিশ্চয়ই একটি প্রস্তাবকে সমর্থন করবো। কিন্তু তার আগে একটি আবেদন জানাতে চাই। দেশ বিভাগের সময় ওঁরা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, যাঁরা উদ্বাস্তু হিসাবে এখানে আসবেন তাঁদের গ্রহণ করা হবে। অবশ্য সেই প্রতিশ্রুতি তাঁরা পালন করেছেন, কি করেন নি সেই বিতর্কে যেতে চাইনা। কিন্তু এই কথা ঠিক যে, দেশ বিভাগ তাঁরা সমর্থন করেছিলেন। গান্ধীজি সেই সময় বলেছিলেন–"দেশ বিভাগ করতে হলে সেটা আমার মৃতদেহের উপর দিয়ে করতে হবে।" কিন্তু ঐ মহাপুরুষের অবস্থা কি হয়েছিল? ক্ষমতা দখলের জন্য নেহেরু তখন দিল্লীতে বসে আছেন। গান্ধীজী গেছেন কলকাতায় রায়টের বিরুদ্ধে লড়তে। অবশ্য তখন তিনি কলকাতায় এসেছিলেন বলেই আরো কিছুকাল বেঁচেছিলেন তা না হলে "আমার মৃতদেহের উপর দেশ বিভাগ করতে হবে" – এই গোঁ ধরে তিনি যদি সেই সময় দিল্লীতে বসে থাকতেন, তাহলে "গান্ধী হত্যাকাণ্ড" আরও আগে ঘটতো এবং সেক্ষেত্রে নাথুরাম গডসের বদলে হয়তো অন্য কেউ দায়ী হতো। কাজেই সেদিন যাঁরা দেশ বিভাগকে সমর্থন করেছিলেন, আজকে তাঁদের সেকথা স্বীকার করার মত সৎ সাহস থাকা উচিত, এবং সেই পরিপ্রেক্ষিতেই এই আলোচনা করা দরকার। আজকে আসামে বসবাসকারী তদানীন্তন পূর্ব পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের বলা দরকার যে, তোমাদের ক্ষেত্রে আমরা ভুল করেছি; সেখানে ইনফিল্ট্রেশন হয়েছে কিনা, মাইগ্রেশন হয়েছে কিনা – এই কথাগুলি ঠিকভাবে ভেবে দেখিনি। কিন্তু তাই বলে তার খেসারৎ দেবার জন্য যে নতুন চুক্তি করা হলো, এই চুক্তিকে কোনক্রমেই আমরা সমর্থন করতে পারিনা। তাই মাননীয় সদস্য শ্যামলবাবু যে প্রস্তাব এই সভায় এনেছেন তাকে সমর্থন করছি। মাননীয় সদস্যদ্বয় – জয়নাল সাহেব এবং দেবপ্রসাদ সরকার মহাশয় যে দুটি প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করছি। অবশ্য শ্যামলবাবু তাঁর বক্তৃতার মধ্যে বলেছেন যে, আসাম চুক্তির মধ্যে ভাল কথা কিছু আছে, যেমন – সেখানে তেল শোধনাগার স্থাপন করা হবে বলা হয়েছে।

মাননীয় সদস্য শ্যামলবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের আমি বিরোধিতা করছি না, তবে তিনি প্রস্তাব উত্থাপন করতে গিয়ে যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের কয়েকটি কথার আমি বিরোধিতা করছি। তিনি একটা কথা এখানে রেফার করেছেন যে আসামে একটি তৈল শোধনাগার হবে বলে কথা দিয়েছেন, এটা একটা ভাল জিনিষ হচ্ছে"। এটা আমি মনে করি না যে এটা ভাল প্রস্তাব। আসাম চুক্তির ফলে নাগরিক অধিকার কেড়ে নিয়ে সেখানে একটি তৈল শোধনাগার করার প্রতিশ্রুতি দেওয়া হল, এটা মোটেই ভালো কথা নয়। পাঞ্জাবে চুক্তর বিনিময়ে সেখানে একটা ইনট্রিগ্যাল কোচ ফ্যাক্টরি করে দেবার প্রতিশ্রুতি দিয়েছেন, সেখানে রেলওয়ে ওয়াগান তৈরী হবে। সেখানে নির্বাচনের বৈতরণী পার হওয়ার জন্য একটি নিউক্লিয়া প্ল্যাণ্ট তৈরী করার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। এইভাবে যদি পশ্চিমবাংলার উন্নয়নের জন্য যে দাবিগুলি রয়েছে সেই দাবিগুলি পূরণের জন্য বিচ্ছিন্নতা বাদী শক্তি একমত হয় তাহলে এখানে একটা বিচ্ছিন্নতাবাদী শক্তি মাথা চাড়া দিয়ে উঠবে। এইভাবে কোন চুক্তির বিনিময়ে কোন প্রতিশ্রুতি দেওয়া হয় তাহলে বিচ্ছিন্নতাবাদী শক্তি উৎসাহিত হবে । সেখানকার নিজ নিজ এলাকার উন্নয়নের জন্য এই ধরনের বিচ্ছিন্নতাবাদী আন্দোলন শুরু করবে। সেই জন্য আমি শ্যালবাবুর বক্তব্যকে সমর্থন করতে পারছি না। মাননীয় সদস্য শ্যামলবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব গৃহীত হোক, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3.30 to 3.40 p.m.]

(At this stage the House was adjourned till 3.30 p.m.)

After Adjournment

ডাঃ মানস ভুঁইয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় মাননীয় সদস্য শ্যামলবাবু এবং মাননীয় সদস্য ডঃ আবেদিন সাহেব দুটি পৃথক প্রস্তাব এবং তার সঙ্গে দেবব্রতবাবু একটি প্রস্তাব নিয়ে এসেছেন যে ঘটনার পরিপ্রেক্ষিতে তা'হল ভারতবর্ষের পূর্বাঞ্চলের রাজনৈতিক প্রেক্ষাপট ও গুরুত্বপূর্ণ যে রাজ্য, সেখানকার ঘটনার পরিপ্রেক্ষিতে। এখানে এই যে প্রস্তাব আনা হয়েছে, তাকে আমি মনে করি সময়োপযোগী নয়। এটি রাজনৈতিক হটকারী সিদ্ধান্তের প্রতিফলন বলে আমি মনে করি। আজকে যে চিন্তাধারা এবং যে চুক্তির বিষয়কে কেন্দ্র করে মাননীয় সদস্য শ্যামলবাবু এখানে এই প্রস্তাব এনেছেন তা'হল, আসামের সংখ্যালঘু মানুষ, বাঙালী, নেপালী এবং অন্যান্য সম্প্রদায়ের যে সমস্ত মানুষ ১৯৬৬ সালের ১লা জানুয়ারী থেকে ১৯৭১ সালের ২৫শে মার্চের মধ্যে এসেছেন, সদ্য সমাপ্ত চুক্তির ফলে কিছুদিনের জন্য ভোটাধিকার হারাচ্ছেন, সেই চুক্তির বিরুদ্ধে ঐ সম্প্রদায়ের মানুষদের স্বপক্ষে আনীত একটি প্রস্তাব। সামগ্রিকভাবে [illegible] চিন্তাধারার একটি নিম্নমানের উস্কানী এই প্রস্তাবের মধ্যে প্রতিফলিত করবার চেষ্টা মাননীয় সদস্য শ্যামলবাবু করেছেন। এটি খুবই দুঃখের ব্যাপার। ভারতবর্ষের প্রতিটি প্রান্তের মানুষ বিগত কয়েক বৎসরের রাজনৈতিক টানাপোড়েনে রক্তস্নাত আসামের সমগ্র সামাজিক, অর্থনৈতিক অবস্থা পর্য্যালোচনা করছিলেন, কেবল মাত্র পশ্চিমবাংলার মানুষ হিসাবে বা বাঙালী হিসাবে নয়, ভারতবর্ষের মানুষ হিসাবে যখন তাঁদের পর্যালোচনা করছিলেন, ঠিক সেই মুহূর্তে পশ্চিমবঙ্গে বিধানসভা চলতে চলতে সেখানকার সংখ্যালঘু মানুষের প্রতি হঠাৎ করে খুব বেশী মাত্রায় কুম্ভীরাশ্রু বর্ষণ করার চেষ্টা করেছেন। এটা একটা হঠকারী সিদ্ধান্তেরই প্রতিফলন হয়ে গেল। আমরা আশা করেছিলাম যে, জ্যোতিবাবুর নেতৃত্বে এখানে যে সরকার চলছে বলে ওঁরা দাবি করেন, তাঁর দলেরই একজন সদস্য এই ধরনের প্রস্তাব আনার ব্যাপারে তিনি বাধা দেবেন। আমরা আশা করেছিলাম যে, এখানে এমন ধরণের একটি প্রস্তাব আসবে যার মধ্যে দিয়ে আমরা সর্বদলীয় একটা চিন্তাধারায় উপনীত হতে পারি। আমরা আশা করেছিলাম যে, ভারবর্ষের সমগ্র মানুষকে আসামের সামগ্রিক বিষয়ের উপর সামিল করে এগোতে পারি মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর মুখ্যমন্ত্রীত্বে। আমরা আশা করেছিলাম ভারতবর্ষের সমস্ত সচেতন নাগরিকদের কাছে, সমস্ত মানুষের কাছে আমরা আবেদন জানাব এই হাউস থেকে যে, ভারতবর্ষের তরুণ প্রধানমন্ত্রী ভারতবর্ষের বুকে ১৯৭৯ সাল থেকে যে ঘটনার সূত্রপাত হয়েছে, অনেক মানুষ যেভাবে রক্তস্নাত হয়েছেন, তা দূর করতে যেভাবে প্রয়াসী হয়েছেন, তারজন্য তাঁকে ধন্যবাদ জানাবো এবং এরই মধ্যে দিয়ে আসামে সমস্ত সম্প্রদায়ের মধ্যে একটা কমিউন্যাল হারমনি এস্টাবলিশ করতে তিনি যেভাবে প্রশাসনকে এগিয়ে নিয়ে চলেছেন, তার প্রতি সন্দেহাতীত শুভেচ্ছা এবং সংর্থন জানিয়ে একটা প্রস্তাব এখানে আসবে বলে আমরা আশা করেছিলাম। কিন্তু দুর্ভাগ্যের ব্যাপার ওদের ওই ভিন্ন দৃষ্টিভঙ্গির মধ্যে থেকে মাঝে মাঝে যে সমস্ত টোন শোনা যায় এবং এই বিভিন্ন দৃষ্টিভঙ্গি খুব নিম্নমানের রাজনৈতিক মতাদর্শ ওদের ওই পথ থেকে বিরত করছে। এটা অত্যন্ত দুর্ভাগ্যের ব্যাপার। ওদের মুখে যে সমস্ত কথা শুনছি শুনলে হাসি পায়। রিফিউজি প্রবলেমের কথা অনেক দিন থেকেই শুনে আসছি এবং তাদের রিহ্যাবিলিটেশান প্রবলেন এইসবকথাবার্তা আমি আমার ছাত্রজীবন থেকে শুনে আসছি এবং জ্যোতিবাবুর বক্তৃতা আমার ছাত্রজীবন থেকে শুনে আসছি এবং সৌভাগ্যবশতঃ বিগত তিন বছর ধরে বিধানসভার মধ্যে তাঁর বক্তৃতা শুনছি। যদি তথ্য নিয়ে দেখা যায়, তাহলে দেখি যে আমাদের শ্রদ্ধেয় বাংলার রূপকার স্বর্গত বিধানচন্দ্র রায়ের আমলে দেশ বিভাগের ফলে সব থেকে বেশী সংখ্যক উদ্বাস্তু পশ্চিমবঙ্গের বুকে এসেছিলো প্রায় ৩০ লক্ষের মত হবে এবং তখন তিনি ছিলেন এখানকার মুখ্যমন্ত্রী। তারপর ১৯৬৫ সালে ভারত-পাক যুদ্ধের পরে প্রফুল্লচন্দ্র সেনের সময়ে প্রায় ৯ লক্ষ উদ্বাস্তু এখানে এসেছে। সরকার সেই সময়ে অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে সেই সমস্ত উদ্বাস্তুদের রিহ্যাবিলিটেশানের ব্যবস্থা নিয়েছিলেন এবং সেই সময়ে ত্রুটি-বিচ্যুতি থেকে যেতে পারে এবং একটা অসুখ হলে যেমন তার ঔষুধ থাকবে তেমনি ত্রুটি-বিচ্যুতি থাকলে তা গঠনমূলক সমালোচনার মধ্যে দিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। মাননীয় জ্যোতিবাবু যে চিৎকার করছেন তিনিই বলুন এবং তাঁর সদস্যরাই বলুন তাঁদের আমলে কতজন উদ্বাস্তু পশ্চিমবঙ্গের বুকে এসেছে এবং কতজনের রিহ্যাবিলিটেশানের সুষ্ঠ পরিবেশ আপনারা তৈরী করতে পেরেছেন? এখানে কুম্ভিরাশ্রু বিসর্জন করে কি হবে? এই প্রশ্ন আমাদের সদস্য শ্রী সত্য বাপুলী মহাশয়ও করেছিলেন। আমি একজন ডাক্তার হিসাবে ভারত সেবাশ্রম সংঘের সঙ্গে সংযুক্ত ছিলাম, আমি ইছামতীর তীর থেকে শুরু করে মরিচঝাঁপি অবধি ছিলাম। আমি জানি সরকারী সাহায্যে ভাড়াটে পোষা মন্ত্রীকে দিয়ে একটা রজনৈতিক দল তাঁরা দাবী করলেন যে উত্তরবঙ্গে তারা প্রতিষ্ঠিত, আসাম বর্ডারে এবং দীনহাটায় যারা থাকেন তাদের দিয়ে ওখানে চক্রান্ত করে প্রতিষ্ঠিত কিছু উদ্বাস্তুকে ধরে এনে পশ্চিমঙ্গের বুকে আবার নতুন করে তাদের প্রতিষ্ঠিত করার চেষ্টা করলেন। তাদের দশা যে কি হয়েছিল পশ্চিমবঙ্গের মানুষ তা সবাই জানেন। আজকে আসামের সংখ্যালঘু সম্প্রদায় যথা মুসলিম, বাঙালী এবং নেপালী, মঙ্গোলয়ানদের প্রতি তাদের দরদ উৎলে উঠছে এবং এই যে সদ্য সম্পাদিত চুক্তির গতিপ্রকৃতি বিচার না করে এবং সেই আন্দোলনের কারণ বিচার না করে এখানকার সমস্ত বড় বড় প্রগতিশীলরা নাকি কান্নায় ভেঙে পড়েছেন, বিহ্বল হয়ে পড়েছেন এই চুক্তি নাকি জাতীয় নীতির ঐতিহ্য থেকে সরে এসেছে। এর নাকি বিরূপ রিএ্যাকশান দেখা দেবে। আমি বিশ্বনাথ বাবুর বক্তৃতা শুনলাম, তিনি পশ্চিমবঙ্গের স্বার্থে সর্বদলীয় সি. পি. আই দল থেকে সরে এসে জ্যোতিবাবুর সঙ্গে হাত মিলিয়ে এবং বামফ্রন্ট সরকারের হয়ে পশ্চিমবঙ্গে জয়গান করে বেড়াচ্ছেন। এই সব টাইপের কাণ্ডকারখানা করে একটার পর একটা উদ্দেশ্য নিয়ে আগামীদিনে আমরা বাঙালী একটা দল গড়ে এবং ওখানকার উদ্বাস্তুদের সেন্টিমেণ্টে একটা সুড়সুড়ি দিয়ে আসামের সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা বিঘ্নিত করে, আগামী দিনের তাদের উজ্জ্বল পথের স্থায়িত্বকে বিঘ্নিত করে একটা উদ্দেশ্য মাফিক কাজ করতে চাইছেন। এগুলি স্বয়ং আমাদের মুখ্যমন্ত্রীর পরিকল্পনা মাফিক কাজ হচ্ছে এবং বামফ্রন্ট সরকার সেইভাবে পরিচালনা করছেন। আপনি কি অস্বীকার করতে পারেন যে ১১ই আগষ্ট দিল্লীতে সারকুলার রোডে বঙ্গভবনে আসামের মুখ্যমন্ত্রী হিতেশ্বর সইকিয়া এবং পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু কি এই ব্যাপারটা দেখেননি, মুখ্যমন্ত্রী কি ওই এ্যাকোর্ড এ্যাপ্রুভ

করে আসেননি? কেন সেখানে বিপ্লব করলেন না, দিল্লীর বুকে কেন প্রতিবাদ করলেন না? আজকে পশ্চিমবঙ্গের মাটিতে শুধুমাত্র বাঙালী বলে সুড়সুড়ি দিয়ে আসামের সংখ্যালঘু সম্প্রদায়কে পথে বসাবার চেষ্টা করছেন ওখানকার হটকারী রাজনৈতিক দলগুলি। আজকে সেই মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি নেতা জ্যোতিবাবুর সাকরেদ শ্রী শ্যামল চক্রবর্তী একটা প্রস্তাব এখানে নিয়ে সারা পশ্চিমবঙ্গের মানুষকে বোঝাবার চেষ্টা করছেন।

[3.40 to 3.50 p.m.]

এতে কাজ হবে না। মানুষ এদের চরিত্র বুঝে গেছে। এদের বুঝে নিয়েছে বলে এদের নানা রকমভাবে সুড়সুড়ি দেবার চেষ্টা চলছে। ব্রহ্মপুত্রের ধারে যেসব মানুষ মুখ্যমন্ত্রী সাইকিয়ার নেতৃত্বে বসবাস করছে তিনি তাদের নিয়েছেন যে এদের বুঝে নিয়েছে বলে এদের সম্পত্তি, ভাষা, জীবন, মান কোন কিছুই বিনষ্ট হবেনা।

(নির্দিষ্ট সময় হওয়ায় মাননীয় সদস্য আসন গ্রহণ করেন)

শ্রী অমলেন্দু রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্যামলবাবুর প্রস্তাবের সমর্থনে এবং ডাঃ আবেদিন যে প্রস্তাব উত্থাপন করেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। ডঃ আবেদিনের প্রস্তাব সম্পর্কে গোড়াতে একটা কথা বলা দরকার এটা একটা অদ্ভুত প্রস্তাব। সাত কাণ্ড রামায়ণ পড়ে সীতা কার মা এটা তিনি ঠিক করতে পারেননি। সীতা রামের মা নয়। উনি যে প্রস্তাব রেখেছেন তার মধ্যে সীতাকে খুঁজে পাওয়া যাচ্ছেনা মূলতঃ বিরোধ হচ্ছে সিটিজেনশিপ রাইট নিয়ে। এটা একজনের হোক, এক হাজার জনের হোক ইট ইজ এ কোয়েশ্চন অফ প্রিন্সিপল। সেই প্রশ্নটা এই প্রস্তাব থেকে বাদ দেয়া হয়েছে। সুতরাং এর বিরোধিতা করা ছাড়া উপায় নেই। আমার অভিযোগ মূলতঃ ভারত সরকারের বিরুদ্ধে। আমি বলতে চাই ভারত সরকারের কোন অধিকার নেই সঙ্গত এবং সাংবিধানিকভাবে এ চুক্তি করার। চুক্তি যা তাঁরা করেছেন পৃথিবীর কোথাও তা হয়নি। কেউ কোথাও শুনিনি যে সিটিজেনশিপ সম্পর্কে একটা য়্যাকর্ড হয়েছে এবং তা কার সম্পর্কে না একটা বেসরকারী সংস্থার সঙ্গে। এ প্রতিষ্ঠান, ও প্রতিষ্ঠানের সঙ্গে কোথায় হয়েছে? আমাদের যা আইন কানুন আছে, সংবিধান আছে, সিটিজেনশিপ অ্যাক্ট আছে তাতে সিটিজেনশিপ রাইট সম্পর্কে কিছু করার ক্ষমতা রাজ্য সরকারের নেই এবং সমস্ত ক্ষমতা ইউনিয়ন সরকারের হাতে কেন্দ্রীভূত। অর্থাৎ যা কিছু ব্যবস্থা তা কেন্দ্রকে নিতে হবে, সমস্ত কিছু দায়িত্ব তাঁদের উপর সেখানে দেওয়া আছে। কিন্তু আজ বেসরকারী একটা সংস্থার সঙ্গে য়্যাকর্ড হচ্ছে। এটা পৃথিবীর ইতিহাসে কোথাও নেই। তারপর যা য়্যাকর্ড হয়েছে তার মূল কথা সম্পর্কে বলতে চাই। আমি বলতে চাই এই চুক্তি সম্পূর্ণ বেআইনী, অ্যাবসলিউটলি ইললিগ্যাল, অ্যাবসলিউটলি আনকনস্টিটিউসান্যাল। সাত্তার সাহেব আর্টিকেল ১১ উল্লেখ করলেন এবং বললেন সেখানে পার্লামেন্টকে ক্ষমতা দেওয়া আছে। পার্লামেন্ট কি ঠিক করলেন ৬১ থেকে ৭১ তাদের ভোটাধিকার থাকবে না, তাদের নাগরিক অধিকার দেওয়া হবে না, নাগরিকত্ব দেওয়া হবে না? তিনি উকিল মানুষ দেখলেন না কনস্টিটিউসানের আর্টিকেল ১১-এ যেখানে সিটিজেনসিপ রাইট সম্পর্কে, যেটা হচ্ছে লাস্ট আর্টিকেল, বলা হয়েছে যে হ্যাঁ, পার্লামেন্টের অধিকার আছে; এমনকি কনস্টিটিউসানে যা বলা আছে সেগুলি ধরে নিয়েও পার্লামেন্ট রেগুলেট করবে সেই ক্ষমতা পার্লামেন্টকে দেওয়া হয়েছে। তিনি কে দেখার দরকার নেই, দিল্লীতে তখন পার্লামেন্ট বসেছিল, ইনস্পাইট অফ দ্যাট বাইপাসিং দি পার্লামেন্ট আজকে য়্যাকর্ড হয়ে যাচ্ছে। অদ্ভুত ব্যাপার। শাসনের নামে স্বৈরাচার বোধহয় এর থেকে বড় আর কিছু হতে পারে না যা তাঁরা করলেন। সুতরাং আমার প্রথম এবং প্রধান চার্জ এগেনস্ট দি গভর্নমেন্ট অব ইণ্ডিয়া এণ্ড দা প্রাইম মিনিষ্টার অব ইণ্ডিয়া যে একটা য়্যাকর্ড আপনারা করেছেন যার আইনগত এবং সংবিধানগত ভিত্তি নেই। অ্যাবসলিউটলি ইল্লিগ্যাল, অ্যাবসলিউটলি আনকনস্টিটিউসন্যাল এই হচ্ছে প্রথম কথা। দ্বিতীয় কথা সাত্তার সাহেব বার বার বললেন যে বিদেশীদের জন্য এই য়্যাকর্ড করা হয়েছে, ওনলি ডিলস্ ইউথ দ্যা ফরেনার্স। সাত্তার সাহেব যখন ঐ কথা বলে আমার দুঃখ হয়না। অধ্যক্ষ মহাশয়, আমি জানি সাত্তার সাহবকে, আমি জানি অন্যান্যদের, এই বেঞ্চে যাঁরা বসে আছেন দেশের স্বাধীনতা সংগ্রামের সঙ্গে কোন যোগাযোগ ছিল না এবং সেইজন্য সাত্তার সাহেব যখন বলেন যে বিদেশীদের এই দেশ থেকে সরাবার জন্য এই য়্যাকর্ড হয়েছে, আমার দুঃখ হয়না। কিন্তু ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী পার্লামেন্টারী কনসালটেটিভ কমিটির মিটিংএ বলেছেন, এখানে ওখানে আরো বলা হচ্ছে, পূর্ব ভারতে এই আওয়াজ তোলা হয়েছে বিদেশী হঠাও, সেই কথার প্রতিধ্বনি শুনতে পাচ্ছি স্বরাষ্ট্রমন্ত্রীর মুখে পার্লামেন্টারি কনসালটেটিভ কমিটির মিটিংএ। আমি তারিখটা বলে দিচ্ছি, ২১শে আগষ্ট তারিখে পার্লামেন্টারী কনসালটেটিভ কমিটির যে মিটিং হয়েছে সেখানে তিনি বললেন – A nation cannot allow the foreigners to influences its political set up. জিজ্ঞাসা করি ঐ স্বরাষ্ট্রমন্ত্রীকে তিনি ভারতের কাকে বলছেন বিদেশী? কে বিদেশী? সংবিধানে সিটিজেনশিপ রাইটস যেখানে এস্টাবলিস করা হয়েছে সেখানে কোথায় বলা আছে কে বিদেশী? ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসের কথা যাঁরা জানেন তাঁদের মাথা লজ্জায় হেঁট হয়ে যায় যদি এইভাবে পাকিস্তান, ভারত এবং বাংলাদেশই উপমহাদেশের কোন অধিবাসীকে অবিভক্ত ভারতের কোন অধিবাসীকে বিদেশী আখ্যায় এইভাবে চিহ্নিত করা হয়, তাহলে স্বাধীনতা আন্দোলনের জন্য যে শহীদরা হাসতে হাসতে একদিন ফাঁসির মঞ্চে উঠেছিল তাদের স্মৃতির প্রতি অবমাননা করা হয় এটা বোঝা উচিত। এটা বোঝা উচিত আজকে যদি তাদের বিদেশী হিসাবে চিহ্নিত করা হয় তাহলে যে স্বাধীনতা সংগ্রামীরা বছরের পর বছর ইংরেজদের সঙ্গে লড়াই করতে গিয়ে হাসিমুখে জীবনের শ্রেষ্ঠ দিনগুলি কারাগারের অন্ধকার কুঠরিতে কাটাতে বাধ্য হয়েছে সেইসব স্বাধীনতা সংগ্রামীদের প্রতি বিদ্রুপ করা হয়। যারা আজকে এই আওয়াজ তুলেছে দেশে তাদের বোঝা উচিত লক্ষ লক্ষ স্বাধীনতা সংগ্রামী যাদের উপর অমানুষিক নিপীড়ন নির্যাতন হয়েছে তাদের সকলকেই আজকে অপমান করা হয় যদি এইভাবে বিদেশী বলে বলা হয় বোনাফাইডি রিফিউজীদের।

[3.50 to 4.00 p.m.]

কি করে এসব কথা বললেন, এটা তো সেকুলার স্টেট? কোথায় লেখায় রয়েছে বাংলাদেশ থেকে হিন্দু আসতে পারবে, কিন্তু মুসলমান আসতে পারবে না? কোথায় সেই আইন? ডাঃ আবেদিন, ইট ইজ এ সেকুলার স্টেট, কাজেই কোথায় বলা হয়েছে যদি কেউ আসতে চায় সে হিন্দুই হোক বা

মুসলমানই হোক আসতে পারবে না? Where is the bar I want to know. Show me in the Constitution where is the bar. Show me in the Citizenship Act. where is the bar. There was no bar. Absolutely there was no bar and their can be no bar at all.

যারা পার্টিসনের ইতিহাস জানে তারা জানে লজিকটা কি। সব লজিক কি ভুলে যাচ্ছেন এবং বলছেন বিদেশী? মাননীয় অধ্যক্ষ মহাশয়? আপনি আইনজ্ঞ লোক তাই আপনাকে অনুরোধ করছি আমাদের সংবিধানের ৩৬৭ ধারাটা একবার দেখুন। যেখানে ইন্টারপ্রেটেসন দেওয়া দেওয়া হয়েছে সেখানে ওই ৩৬৭ ধারার ৩-এ বলা হচ্ছে ফর দি পার্পাস অফ দিস্ কনস্টিটিউসন "ফরেন স্টেট" মিনস্ এনি স্টেট আদার দ্যান ইণ্ডিয়া। তারপর, প্রোভাইসোতে বলা হয়েছে Provided that subject to the provision of any low made Parliamment, the President may by order declere any State not be a foreign State for such purposes as may be specified in the order.

তারপরও সাত্তার সাহেব বলছেন ফরেনার, ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী বলছেন ফরেনার। [illegible] এই প্রোভাইসোতে কি আছে? আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী জানেন কিনা জানিনা, ওই প্রোভাইসো অনুসারে ১৯৫০ সালে ভারতের মহামান্য রাষ্ট্রপতি যে অর্ডার জারি করেছিলেন সেই অর্ডারে পরিস্কারভাবে বলা হয়েছে কোন কমনওয়েলথ কান্ট্রির লোক কমনওয়েলথ কান্ট্রিতে ফরেনার বলে ট্রিটেড হবেনা। হি ক্যান গো ব্যাক। বাংলাদেশ থেকে যারা এসেছে তাদের কথা আজ ভুলে যাওয়া স্বাভাবিক। তবে মনে রাখবেন একই অধিকার কমনওয়েলথ কান্ট্রির লোকেরা ভোগ করবে, সেই কণ্ডিসন ফুলফিল করে তারপর ট্রান্সফার অফ পাওয়ার হয়েছিল। স্ট্যাফোর্ড-ক্রীপস্ এর বক্তৃতা শুনুন, দে আর অলসো ট্রিটেড অ্যাস দি কনস্টিটিউসন অব দি কান্ট্রি ইজ কনসার্নড। শুধু আমাদের দেশের নাগরিকরাই নয়, যারা বৃটিশ পিপল ছিল তারাও ফরেনার হিসেবে বিবেচিত হয়নি। ট্রান্সফার অফ পাওয়ার বিল নিয়ে যখন বৃটিশ হাউস অব কমন্স-এ আলোচনা হচ্ছিল তখন স্ট্যাফোর্ড - ক্রীপস্ বলেছিলেন, "Proper protection of the minorities was made a condition of transfer as was indeed the negotiating of a treaty as to the conditions of transfer. It will make provision for protection of recial and religious minorities."

এই অনুসারে সংবিধানের ৩৬৭-তে এই প্রভিসন রাখা হয়েছে তা নয়। আমাদের কনস্টিটিউসন পাশ হবার পর ১৯৫৫ সালে সিটিজেনশিপ অ্যাক্ট হয়েছে। বিলের সেকসন ১১ এবং ১২ যদি পড়েন তাহলে দেখবেন সিডিউলে দেশের নাগরিকদের নাম করা হয়েছে কাদের ট্রিট করা হবে।

আজকে সব ভুলে গেলেন? অদ্ভুত ব্যাপার! আজকে ওরা অম্লান বদনে বলছেন ফরেনার্স, বিদেশী। এমন কি এই ডিসটিংসান পর্যন্ত নেই, যেখানে সমস্ত জায়গায় বলা আছে অবিভক্ত ভারতের বাসিন্দা হয়, অবিভক্ত ভারতেরই নাগরিক হয় তাহলে ভারতেরই নাগরিক বলে গণ্য হবে। কাজেই সংবিধান হয়ে যাবার কমেন্সমেন্ট অব দি কনস্টিটিউসনে বলে দেওয়া হল কারা কারা নাগরিক হবেন এবং সেটা ঠিক হয়ে গেল। আমরা সকলেই জানি ১৯৪৯ সালে সেই সংবিধান হয়েছিল, কনস্টিটিউসান সম্পর্কিত ধারাগুলি তখন চালু করা হয়েছিল। কিন্তু ১৯৪৯ সালে তখনও আর্টিকেল ১০ এবং ১১ নং ধারা চালু করা হয়নি। ১৯৫০ সালে সংবিধান চালু হয়েছে পুরোপুরিভাবে এবং সিটিজেনশিপ রাইট সম্পর্কিত অন্য দুটি ধারাও তখন চালু করা হয়েছে। তারও ৫ বছর বাদে সিটিজেনশিপ অ্যাক্ট বিধিবদ্ধ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সিটিজেনশিপ অ্যাক্টের সেকসান ৫টা দেখলে আপনি দেখবেন ১৯৪৯ সাল থেকে ১৯৫৫ সালের মধ্যে যখন সিটিজেনশিপ অ্যাক্ট হল তখন বহু মানুষ স্টেটলেস হয়ে গিয়েছিল। বহু মানুষ মাইগ্রেট করেছে। তার মধ্যে অনেকের জন্ম হয়েছে, তারা সব স্টেটলেস হয়ে গিয়েছিল। ১৯৫৫ সালের সিটিজেনশিপ অ্যাক্ট বলে লক্ষ লক্ষ মানুষ যারা স্টেটলেস হয়ে গিয়েছিল তাদের তখন রেগুলারাইজ করা হল সিটিজেন হিসাবে। আর আজকে অদ্ভুত কথা বলছেন। আইনের কোন পরিবর্তন হল না, সংবিধানের কোন পরিবর্তন হল না। আজকে একটা পাবলিক অর্গানাইজেসন, বেসরকারী সংস্থার সঙ্গে চুক্তি করে বলে দেওয়া হল যে, ১৯৬৬ সাল থেকে ১৯৭১ সালের মধ্যে যারা এসেছে তারা কেউ নাগরিক নয়। তারা কেউ ভোটাধিকার পাবে না, কেউ অমুক তমুক করতে পারবে না ইত্যাদি বলে দেওয়া হচ্ছে। এটা সিটিজেনশিপ অ্যাক্টের কোন্ ধারায় বলা আছে সেটা আমাদের একটু বলে দিতে হবে। জয়নাল সাহেব কোন্ ধারায় কাজ করেছেন সেটা বলে দিতে হবে। ডিপ্রাইভেসন অব সিটিজেনসিপ-এর কনডিসনগুলি আছে। সেই কণ্ডিসনগুলি ফুলফিল না করলে ডিপ্রাইভড করা যায় এবং কি কি কারণে ডিপ্রাইভড করা যায় সেগুলিও দেওয়া আছে। কিন্তু তার একটি কারণও এই ক্ষেত্রে প্রযোজ্য নয় এবং ইন-মেস এইভাবে কাজ করা যেতে পারে না, যাবে না। আইনতঃ তার জন্য যে বিধি ব্যবস্থা আছে, যার বিরুদ্ধে অভিযোগ তাকে ইন রাইটিং জানাতে হবে যে, এই গ্রাউণ্ডে তোমার সিটিজেনশিপ খারিজ করতে চাই। তারপর তার আত্মপক্ষ সমর্থনের ব্যবস্থা সেখানে থাকা চাই। তারপর সে যদি চায় তাহলে সেটা কমিটি অব এনকোয়ারির কাছে যাবে, তারপর ব্যবস্থা করা যাবে। কিন্তু সেই সব কিছুই নেই। মাঠে ঘাটের ব্যাপারে আমরা অনেক কিছু চীৎকার করে বলতে পারি। দিল্লীর সাহেনসা-বাদশার দল, আপনারা তো শাসনকার্য চালাচ্ছেন। মাঠে ময়দানের মত [illegible] এত বড় অধিকারকে আপনারা কেড়ে নেবার চেষ্টা করছেন কেন? এটা ইললিগ্যাল, আনকনস্টিটিউসনাল ডিডস্। এই অ্যাক্টের আমি সম্পূর্ণ ভাবে বিরোধিতা করে শ্যামলবাবু যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে ডাঃ আবেদিনের প্রস্তাবকে ধিক্কার দিয়ে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

Shri Rajesh Khiatan : Mr. Speaker, Sir, I rise on a point of order. Shri Amalendra Roy who considers, argues and professes himself to be a Constitutional Pundit, has himself in his speech dared to charge a person/office in his absence. That is not permissible under the rules of the procedure of this

House. He has charged the Prime Minister. He cannot charge the Prime Minister. His remarks should be expunged.

(noise)

[4.00 to 4.10 p.m.]

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আসামের যে সমস্যা এই সমস্য শুধু পশ্চিমবাংলার সমস্যা নয়, স্বাধীনতার ৩৮ বছর পরেও আমাদের এই সমস্যা নিয়ে মাথা ঘামাতে হচ্ছে। স্যার, যদিও রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে আজ হাউসে এই প্রস্তাব আনা হয়েছে তবুও আমরা আশা করেছিলাম সরকারপক্ষের মাননীয় সদস্যরা যখন আলোচনায় অংশগ্রহণ করবেন তখন তাঁদের বক্তব্যের মধ্যে এই সমস্যাটা তুলে ধরার চেষ্টা করবেন। এই হাউসে এই সমস্যা নিয়ে বহুবার আলোচনা হয়েছে, প্রস্তাবও নেওয়া হয়েছে, আজকে যিনি মুখ্যমন্ত্রী, তিনি যখন বিরোধীদলের নেতা ছিলেন তখন বহুবার হাউসে বহু প্রস্তাব এসেছে, আলোচনা হয়েছে কিন্তু এই সমস্যা দূর হয়নি, এই সমস্যা বার বার জাতীয় জীবনে দেখা দিয়েছে। তাই আমরা আশা করেছিলাম সরকারপক্ষের মাননীয় সদস্যরা যখন বক্তব্য রাখবেন তখন এই সমস্যাটা হাইলাইট করে এবং এই সমস্যায় জর্জরিত যে সমস্ত মানুষ, সে আসামীয়া হোন বা বাঙালী হোন, তাঁদের স্বার্থের কথা চিন্তা করে বক্তব্য রাখবেন। কিন্তু ওঁদের আলোচনা শুনে মনে হ'ল যেন এটা পার্লামেন্টের অধিবেশন এবং সেখানে পার্লামেন্টের অপোজিসান মেম্বার হিসাবে তারা সরকারকে গালাগাল দেবার জন্য কিছু কাল্পনিক অভিযোগ আনছেন। অমলবাবুর কথা শুনে মনে হ'ল উনি লোকসভা কিংবা বিধান সভায় না এসে অন্য আর একটা দলে নাম লেখালে ভাল করতেন এবং ভাল পারিশ্রমিক পেতেন এবং তার সঙ্গে সঙ্গে নামও করতে পারতেন। হয়তো সাংস্কৃতি দপ্তর থেকে একটা রিওয়ার্ডও দিয়ে দিতে পারতো পশ্চিমবঙ্গ সরকার। উনি কেন্দ্রীয় সরকারের প্রতি দোষারোপ করে কেন্দ্রীয় সরকারকে গালাগাল দিলেন। আমি তাঁকে জিজ্ঞাসা করছি, সেন্ট্রাল গভর্নমেন্ট কি উড়ে এসে জুড়ে বসেছে? তাঁর মনে রাখা উচিত যে কেন্দ্রীয় সরকার একটা নির্বাচিত সরকার। উনি দিল্লীর সরকারকে সাহেনশা, বাদশা ইত্যাদি আখ্যায় ভূষিত করলেন কিন্তু সেই পার্লামেন্টে ওঁদের দলের কটা এম. পি. আছেন ৫৪২ এর মধ্যে সেটা কি ওঁর মনে আছে? সি. পি. এমের লেজুড় হয়ে ২-৩ টাতে জিতেছেন। কাজেই আমি বলব এসব কথা তাঁর না বলাই ভাল। স্যার, ১৯৮৩ সালে আসামে যে নির্বাচন হয়েছিল তাতে কি হয়েছিল সেটা আপনারা সকলেই জানেন। এক একটি বিধানসভা কেন্দ্রে এক একজন যিনি বিধায়ক হলেন সেখানে এক লক্ষ ভোটারের মধ্যে মাত্র ১৫০/১৬০জন ভোট দিলেন। সেই ১৫০/১৬০ টি ভোটে ৪ জন ক্যাণ্ডিডেটের মধ্যে একজন জিতে গেলেন। এইভাবে সেখানে ভোট হয়েছিল। সেখানে সাধারণ মানুষ ভোট বয়কট করেছিল। এইরকম একটা সমস্যা যেখানে গত তিন বছর ধরে চলছিল। ইন্দিরা গান্ধীর সরকার থেকে আরম্ভ করে রাজীব গান্ধীর সরকার সবাই সমস্যার সমাধানের চেষ্টা করলেন--কখনও রবীন্দ্র ভার্মাকে পাঠালেন ফরমুলা বের করার জন্য, কখনও বিরোধী দলগুলির কাছে আবেদন করলেন, সর্বদলীয় মিটিং হ'ল, অনেক কিছু হ'ল কিন্তু সমস্যার সমাধান করা গেল না। সেখানে বিরোধীদল কোন পজিটিভ প্রস্তাব নিয়ে এগিয়ে আসতে পারলেন না। সেদিন সবাই দায়িত্ব এড়িয়ে চলে গেলেন। এই মার্কসবাদীরা - আর. এস. পি. তো কোন ফ্যাক্টরই নয়, তারা এতই মাইক্রোসকপিক যে এখনও পর্যন্ত সেই রকম দূরবীন বেরোয়নি যা দিয়ে তাদের দেখা যায়--এই মার্কসবাদী পার্টির কাছেও আবেদন রাখলেন কেন্দ্রীয় সরকার একটা সূত্র বের করে দেবার জন্য যাতে সমস্যার সমাধান করা যায় কিন্তু তারাও সেদিন ব্যর্থ হলেন। তাহলে এ ক্ষেত্রে ভারত সরকার কি করবেন ? একটা রাজ্যকে ভারতবর্ষের বাইরে বার করে দেবেন? ভারতসরকারকে তো একটা সমাধান করতে হবে। কাজেই শুধু বাঙালী বাঙালী চিৎকার করলেই হবে না, সেখানে আপনারা যে কিছুই করতে পারেননি সেটা স্বীকার করতে হবে। হিতেশ্বর সইকিয়া মন্ত্রীসভার প্রধান হিসাবে সেখানে কি করেছিলেন তা কি আপনারা অস্বীকার করতে পারেন? একজন অসমীয়া হিসাবে বাঙালীদের মনে নিরাপত্তার বোধ জাগিয়ে দিয়েছিলাম আশা করি সেটা আপনারা অস্বীকার করবেন না। কেন আমরা আজকে পারবোনা বাঙালী এবং অসমীয়াদের মধ্যে একটা সম্প্রীতির বন্ধন সৃষ্টি করতে? সেই জিনিস সৃষ্টি না করে শুধু সেন্টিমেন্টে আঘাত দিয়ে পশ্চিমবঙ্গে ভোট নিতে হবে বলে বাঙালীরা উদ্বাস্তু হয়ে গেল, এই সমস্ত শ্লোগান দিয়ে বাঙালি সেন্টিমেন্টে আঘাত দিতে চাইছেন। শ্যামলবাবু তার রেজিলিউসন মুভ করে প্রথমে একটা কথা বলেছেন যে এটা একটা স্পর্শকাতর ব্যাপার। সত্যিই যদি স্পর্শকাতর ব্যাপার হয়ে থাকে তাহলে আমাদের এমন কিছু বলা উচিত নয়, এমন কিছু করা উচিত নয় যাতে তাদের সেন্টিমেন্টে আঘাত লাগে, একটা প্রীতির বন্ধন সৃষ্টি করতে বাধার সৃষ্টি হয়। কারন সমস্ত আসামীয়া তো আর আসু সংগ্রাম পরিষদের লোক নয়, সমস্ত অসামীয় তো আর বিচ্ছিন্নতাবাদীদের সঙ্গে যুক্ত নয়। ১৯৮৩ সালে যখন নির্বাচন হয়েছিল তখন আমরা দেখেছি যে বহু আসামীয়া বাঙালীদের বাড়ীতে আশ্রয় নিয়েছে, বাঙালিদের বাড়িতে খাওয়া দাওয়া করছে। আসামীয়া এবং বাঙালীদের মধ্যে একটা মৈত্রির বন্ধন সৃষ্টি হয়েছে। আজকে একদিকে বিদেশীদের চক্রান্ত, অন্যদিকে আমাদের দেশের বিরোধী রাজনৈতিক দলের লোকেরা ভারত সরকারকে বেকায়দায় ফেলার জন্য মানুষের মনে সুড়সুড়ি দিয়ে একটা চক্রান্ত করার চেষ্টা করছেন যাতে বিচ্ছিন্নতাবাদীরা মদত পেয়ে আসামীয়া এবং বাঙালীদের মধ্যে একটা রিফট সৃষ্টি হয়। আপনারা তো এটা দূর করার কোন চেষ্টা করলেন না? আপনারা চাইছেন যে বাঙালী এবং আসামীয়াদের মধ্যে একটা রায়ট বেধে যাক। আপনারা বাঙালীদের সেন্টিমেন্টে আঘাত দিয়ে যেমনভাবে উদ্বাস্তুদের নিয়ে রাজনীতি করেছিলেন, ঠিক সেইরকমভাবে আর একটা রাজনীতি করে হয়তো আগামী নির্বচনে জেতার স্বপ্ন দেখছেন। চুক্তিতে কি বলা হয়েছে? সেখানে বলা হয়েছে ১৯৬৬ সালের পর ১৯৭১ সালের মার্চ পর্যন্ত যে বিদেশী নাগরিকরা আছেন তাদের ভোট দিতে দেওয়া হবে না। আর আপনারা কি করেছেন পশ্চিমবাংলায় সেটা ভুলে গেলেন? ওখানে যদি আইন করে বলে থাকে এবং সেটা যদি অন্যায় হয়, কিন্তু আপনারা তো বিনা আইনে করেছেন। কংগ্রেস হলে ভোটার লিস্টের নাম থাকবে না, কংগ্রেস না হলে ভোটার লিস্টে নাম থাকবে। এটা কোন দেশী রাজত্ব? অনেকে তো কনস্টিটিউসানের অনেক ব্যাখ্যা করলেন, অনেক কিছু বুঝিয়ে দিলেন। শ্যামলবাবু এটা বুঝতে পারলেন না যে কর্পোরেশনের ভোটার লিস্ট তৈরী করেছিলেন, লোকসভার ইলেকশানে যা ছিল,

সেটা কমে গেল ১৮ বছর বয়স করা সত্ত্বেও। সেখানে কিন্তু অমলবাবু বললেন না যে কনস্টিটিউশন্যাল রাইট খর্ব করা হয়েছে, গণতান্ত্রিক অধিকার খর্ব করা হয়েছে। আজকে আসামের এই ইস্যুতে আমরা চেয়েছিলাম যে বাঙালীরা যাতে উদ্বাস্তু না হয়। আজকে তাদের মনে যদি কেউ নিরাপত্তা জাগাতে পেরে থাকে তাহলে আসামের ৩ বছরের যে সরকার, সেই সরকারই সেটা করেছেন। সেই সরকার পি. এস. পি. র সরকার, সেই সরকার মার্কসবাদী কোন সরকার নয়, সেই সরকারের মুখ্যমন্ত্রী ছিলেন হিতেশ্বর শইকিয়া। আমরা সেখানে বাঙালীদের মধ্যে নিরাপত্তাবোধ জাগিয়ে তুলেছি। ভারতবর্ষে বাঙালী যারা ১৯৬৪ সালের মার্চের মধ্যে এসেছেন তাদের আসামে থাকতে দিতে হবে, ভারতবর্ষে থাকতে দিতে হবে – এই স্লোগান তো আমাদেরও। জয়নাল সাহেব যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবে কোথাও তো বলেন নি যে বাঙালীদের উদ্বাস্তু করে দিতে হবে। জয়নাল সাহেব যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবে একথা তো বলেন নি যে বাঙালীদের উদ্বাস্তু করে দিতে হবে আবার পাঠিয়ে দিতে হবে। আপনারা এটা ঠিকমত বলেন নি। শুধু জয়নাল সাহেবকে এ্যাটাক করে গেলেন। আমি জানিনা, আপনারা ইংরাজী পড়তে জানেন কি না, সে জন্য হয়ত এটা বুঝতে পারেননি। শুধু শুধু জয়নাল সাহেবকে আক্রমণ করে গেলেন। জয়নাল সাহেব কোথায় বলেছেন যে সেন্ট্রাল গভর্ণমেন্ট যা করেছে সব ঠিক করেছে? জয়নাল সাহেব কোথায় বলেছেন যে আসুদের সঙ্গে হাত মিলিয়ে কাজ করতে হবে? তিনি কোথায় বলেছেন যে গণসংগ্রাম পরিষদের সঙ্গে গিয়ে কাজ করতে হবে? একটা লাইনও দেখাতে পারবেন? আপনাদের শুধু বিরোধিতা করতে হবে, বাঙালী সেন্টিমেন্টে আঘাত দিতে হবে, দেশের মানুষকে ভুল বোঝাতে হবে, সে জন্য আজকে এই প্রস্তাব এনে কেন্দ্রের বিরুদ্ধে গালিগালাজ করে একাটা সুযোগ নেবার চেষ্টা করছেন। আপনারা আজকে উদ্বাস্তুদের জন্য চোখের জল ফেলছেন। আপনাদের এই চোখের জল ক্রোকোডাইল টিয়ারস্ ছাড়া আর কিছু নয়। উদ্বাস্তুদের প্রতি আপনারা কি করেছেন সেটা সত্য বাপুলী মহাশয়, মানস ভুঁইয়া বলে গেলেন। আপনারা উদ্বাস্তুদের নিয়ে কাশীপুরে কি করেছিলেন? দণ্ডকারণ্য থেকে উদ্বাস্তুদের নিয়ে এলেন। রামবাবু বলেছিলেন যে তোমরা পশ্চিমবাংলায় এস, তোমাদের আমরা রেখে দেব। তারপরে কি হল? আপনারা যা করেছিলেন তাতে অনেক মা তার ছেলেকে ফিরিয়ে নিয়ে যেতে পারেনি, অনেক ভাই তার বোনকে ফিরিয়ে নিয়ে যেতে পারেনি, এই রকম অবস্থার সৃষ্টি করেছিলেন। আজকে আপনারা বাঙালী উদ্বাস্তুদের জন্য দরদের কথা বলছেন, আর সেটা আমাদের পশ্চিমবঙ্গের মানুষকে বিশ্বাস করতে হবে। আমরা জানি যে একটা রাজনৈতিক দৃষ্টিভঙ্গিতে এই প্রস্তাব আনা হয়েছে। আমি শ্যামলবাবুকে বলবো যে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে বাংলা দেশের মানুষ বাংলার বাইরে যে সব মানুষ আছে তাদের ক্ষতি করবার চেষ্টা করবেন না। তাদের নিরাপত্তার জন্য আজকে সুস্থ মানসিকতা নিয়ে এগিয়ে আসতে হবে। শুধু সেন্টিমেন্টের কথা বলে বাঙালীর নিরাপত্তার অভাব সৃষ্টি করবেন না। এই আবেদন রেখে শ্যামলবাবু যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে এবং জয়নাল সাহেব যে প্রস্তাব এনেছেন, বাংলার স্বার্থে বাঙালির স্বার্থে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.10 to 4.20 p.m.]

শ্রী রাম চ্যাটার্জী : মিঃ স্পীকার স্যার, আজকে মাননীয় সদস্য শ্রী শ্যামল চক্রবর্তী মহাশয় যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন করে দু'একটি কথা বলতে চাই। আজকে কিছু পার্টি ডিসিপ্লিন ব্রেকার হৈচৈ করছেন, সুব্রতবাবু কি বলছেন না বলছেন, তাতে এসে যায় না। আজকে এই কথা বলবো, আসামে আমি দেখেছি কংগ্রেসের প্রচলিত যে প্রথা, সেই প্রথাতে অন্ধকার রাত্রে হঠাৎ দিল্লীতে রাজীব গান্ধী, প্রফুল্ল মহান্তি, ভৃগু ফুকান এদের সঙ্গে একটা বিরাট চুক্তি করছেন। দেশের মানুষ ভাবলো কত বড় জেনারেল রে বাবা – বিরাট চুক্তি হলো, কি চুক্তি? মরা সাপ, মরে গিয়েছিল ভৃগু ফুকান তার মাথায় ফুঁ দিচ্ছেন রাজীব গান্ধী – জ্যান্ত হও, জ্যান্ত হও, ঢোড়া সাপ ওঠো, ব্রহ্মপুত্রের তলা থেকে ওঠো, ভৃগু ফুকান ফোঁস করে উঠলো, বিষধর সর্প অতি, কানে কানে বলে দিল, চলে যাও, কোথায়? না, আসামে চলে যাও, গিয়ে পদলেহন কর। যে সমস্ত গরীব আসামী বহুদিনের নির্যাতিত আসামী, যারা দিনের পর দিন ঐ নির্যাতন সহ্য করে এসেছে, যারা অনাহারক্লিষ্ট অবস্থায় রয়েছে, যেখানে দুটো শ্রেণী রয়েছে দরিদ্র এবং ধনী, তাদের আজকে রাজনীতির বলি হতে হচ্ছে। আজকে যিনি প্রধানমন্ত্রী, কোথায় ফোন করছেন? কার সঙ্গে এই চুক্তিপত্র? ছোট্ট একটা স্টুডেন্ট ইউনিয়ন, আমরা যদি আজকে চুক্তি করি সুব্রত'র দলের চারটে ছোঁড়ার সঙ্গে, কি চুক্তি করবো, যে এদের ভোটাধিকার থাকবে না কোথাও, তাহলে ওরা কি করবে ১০ বছর? এই রকম বকম বকম তো চলবে না, সব ফুটানি কেটে যাবে। তার জন্য আমরা মনে করি ভারতবর্ষের মাটিতে প্রত্যেকটি মানুষের সমান অধিকার আছে। আমরা মনে করি যে ব্রহ্মপুত্রের জলের উপর আমাদের যেমন অধিকার আছে, গঙ্গার জলের উপরও অসমীয়া মানুষদের সমান অধিকার আছে। আমরা মনে করি ওরা বিচ্ছিন্নতাবাদের প্রতীক। ওরা ভারতবর্ষে বিচ্ছিন্নতাবাদ আনয়ন করেছেন। আমরা জানি ওদের ভিতর প্রচুর লোক আছে যারা আমেরিকার পয়সায় পুষ্ট, যারা আমেরিকার টাকায় ভরপুর। আজকে বড় বড় কথা বলা হচ্ছে। আমরা প্রতিটি সংখ্যালঘুর দিকে আছি। সেইজন্য আজকে যে অবস্থা চলছে এর বিরুদ্ধে আমরা যেতে চাই। সুব্রতবাবু এইরকম আস্ফালন করবেন না, ওটা আপনাদের পার্টিতে সাজে, বামপন্থী সাজা বিপ্লবী, ধীরে ধীরে। আজকে আমি এই কথা বলবো যে পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবাংলার মানুষের পিছনে আছে, যেখানে বিচ্ছিন্নতাবাদ মাথা চাড়া দেবে, তার বিরুদ্ধে আমরা আছি। এই কংগ্রেস যদি দেশকে টুকরো টুকরো করতে চায় তাহলে আমরা তার বিরুদ্ধে সোচ্চার। আমরা আছি, যারা বাংলা ভাষাভাষি, তারা বাংলায় কথা বলে বলে তাদের উপর স্টীম রোলার চলবে, আমরা বসে থাকবো, তা হতে পারে না। যেমন পাঞ্জাবে আমরা সমর্থন করেছি, তেমনি আমরা বিরোধিতা করবো আসামের। এটা অন্যায়, কারণ একটা রাত্রে এক কলমের খোঁচায় এত লক্ষ মানুষের ভাগ্য নির্ধারিত হবে – যেমন পাঞ্জাব চুক্তিকে আমরা সমর্থন করেছি, তেমনি আসাম চুক্তিকে বিরোধিতা করছি। এটা একটা অন্যায় চুক্তি। রাত্রিবেলা একটা কলমের খোঁচায় লক্ষ লক্ষ মানুষের ভাগ্যকে নিয়ন্ত্রিত করবার অধিকার কেন্দ্রীয় সরকারকে কে দিয়েছে? একটা ছোট স্টুডেন্টস্ ইউনিয়নের সঙ্গে কথা বলার অধিকার কে দিয়েছে? অবশ্য ওঁরা সব কিছুই মেনে নিতে পারে, কিন্তু আমরা পারি না। ইটালি থেকে একজনকে নিয়ে এসে পার্টি সভাপতি করার মত ব্যাপার ওঁরা মেনে নিতে পারে, কিন্তু আমরা পারি না। তাই আমি আসাম চুক্তিকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করছি, জয়নাল আবেদিন সাহেবের মোশানের বিরোধিতা করছি এবং শ্যামলবাবুর মোশানকে সমর্থন করছি। এই ক'টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, অন পয়েন্ট অফ অর্ডার।

মিঃ স্পীকার : নো পয়েন্ট অফ অর্ডার।

(এই সময়ে শ্রী সুব্রত মুখার্জী কিছু বলার জন্য দাঁড়িয়ে থাকেন, কিন্তু মিঃ স্পীকার তাঁকে বসতে ইঙ্গিত করেন এবং শ্রীমতী রেণুলীনা সুব্বাকে বক্তব্য রাখতে অনুরোধ করেন।)

শ্রীমতী রেণুলীনা সুব্বা : মিঃ স্পীকার স্যার, এই বিধানসভায় ডিসিপ্লিন নেই, আপনি ডিসিপ্লিন মেন্টেন করুন। আপনারা গণ্ডগোল করবেন না, আপনারা সবাই চুপ করে বসুন। স্যার, আগে আপনি হাউসের ডিসিপ্লিন ফিরিয়ে আনুন, তবে আমি আমার বক্তব্য রাখব। কেউ আমাকে বক্তৃতা দিতে বাধা দিলে বা ডিস্টার্ব করলে আমি ওয়াক আউট করবো। যেভাবে চেঁচামেচি করা হচ্ছে তাতে এখানে ডিসিপ্লিন নেই, এখানে ফ্রিডম অফ স্পীচ নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসাম চুক্তির ফলে গোটা আসাম আগ্নেয়গিরি হয়ে উঠেছে। আসাম চুক্তি আসামের মাইনরিটি মানুষের চোখের ঘুম কেড়ে নিয়েছে। সেন্ট্রাল গভর্ণমেন্ট মাইনরিটিদের সঙ্গে বিট্রে করেছেন, এটা লজ্জার কথা। (এই সময়ে কংগ্রেস পক্ষ থেকে একটি শব্দ : জ্যোতিবাবুর দলে গেছে।) এটা জ্যোতিবাবুর দলের কথা নয়, এটা জনগণের কথা। এটা শুধু পশ্চিমবাংলার কথা নয়, এটা গোটা পৃথিবীর কথা। এ রকম কোথায় হয়, একজন নাগরিককে প্রথমে ভোটাধিকার দেওয়া হলো, তারপরে তা কেড়ে নেওয়া হলো? ওঁরা কি মেনে নেবেন, যদি এখানে মুখ্যমন্ত্রী বলেন ১০ বছরের জন্য ওঁদের ভোটাধিকার কেড়ে নেবেন? ওঁরা কি মানবেন? সুতরাং এটা লজ্জার কথা। আজকে আসামে লক্ষ লক্ষ মানুষ রিফিউজি হয়ে যাচ্ছে। কয়েক বছর ধরে 'আসু' যে আন্দোলন করছিল তার ফলে ১১,০০০ মানুষ আলিপুরদুয়ারের রিফিউজি ক্যাম্পে এসে আশ্রয় নিয়েছে, এখনো তারা সেখানে আছে।

আপনারা জানেন ১৮২৬ সালে আসামে অহম রাজা ছিল, তখন বর্মার মান রাজা আসামে গিয়ে অত্যাচার করত। সে সময়ে আসামে বিরাট জঙ্গল ছিল। ১৮২৬ সালে অহম রাজার সঙ্গে মান রাজার একটা চুক্তি হয়েছিল "এ্যাংডাবু" চুক্তি। সে সময়ে অহম রাজাকে রক্ষা করবার জন্য বৃটিশ আর্মির গোর্খা ফৌজ আসামে ছিল। সে সময়ে আসামে বিরাট জঙ্গল ছিল, লক্ষ লক্ষ নেপালী এবং বাঙালী মাইনরিটি মানুষ আসামে গিয়ে জঙ্গল পরিষ্কার করে চাষবাস শুরু করেছিল। আগে সেখানে কোনো রকম চাষ হ'ত না, মানুষ ভালভাবে থাকতে পারত না। বাঙালী এবং নেপালীরা সেখানে গিয়ে চাষবাস শুরু করেছিল, ব্যবসা-বানিজ্য শুরু করেছিল। সেখানে একটা ভাল পরিবেশ তারা সৃষ্টি করেছিল। এটা হচ্ছে আসামের ইতিহাস। এই ইতিহাস আপনারা জানেন কিনা জানি না, কিন্তু এটাই হচ্ছে আসামের আসল ইতিহাস। আজকে আমরা দেখছি হাজার হাজার মানুষ আসাম থেকে চোখের জল নিয়ে দিল্লীতে ছুটে যাচ্ছে, বিক্ষোভ দেখাচ্ছে, মিছিল করছে।

[4.20 to 4.30 p.m.]

কিছুদিন আগে দুইজন নেপালী মন্ত্রী ওখান থেকে এখানে এসেছিলেন। আমি নাম বলছি। আমার কথা হচ্ছে যে, নেপালী হোক আর বাঙালী হোক রিয়ালিটিকে বুঝতে হবে। শ্রী কুলবাহাদুর ছেত্রী এখনও সইকিয়া গভর্নমেন্টের মন্ত্রী আছেন। ৮ তারিখে মিটিং করেছেন। একজন লোক এসেছেন, তিনি এম. এ. পাশ করা, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটিতে কাজ করেন। তাঁকে নোটিশ দেওয়া হয়েছে যে তুমি বিদেশী। আজকে ওয়েষ্ট বেঙ্গল থেকে যদি কেউ আসামে চাকরী করতে যায় এবং তাঁকে যদি বলা হয় যে তুমি বিদেশী তাহলে দেশের কি অবস্থা হবে? আপনারা এই জিনিষটা বুঝতে পারছেন না। আজকে বাবা যদি মদ খেয়ে বাড়ীতে আসে তাহলে তার ছেলে বলবে বাবা মদ খেয়ে বাড়ীতে আসেনি, তার কারণ, তা নাহলে ছেলেটিকে বাড়ী থেকে বার করে দেবে। কংগ্রেসের আজকে সেই হয়েছে অবস্থা। সানডে ম্যাগাজিনে আসাম অ্যাক্ট নিয়ে একজন কংগ্রেস এম. পি. লিখেছেন বেঙ্গল ফল-আউট। হি ইজ ফ্রম বেঙ্গল, হি ইজ নট ফ্রম আসাম হি ডিড নট লাইকড্ টু বি নেমড্। কারণ, তা নাহলে বাড়ী থেকে বের করে দেবে সেইজন্য নাম করেননি। ভীতু সাহস পায়নি। ভাল করে শুনুন, At least 30 thousand Bengalees would be rendered Stateless as a result of the accord. There would be a bloodshed if they were evicted by force. সুতরাং এই যদি হয় ওখানে যারা মাইনরিটি আছে বেঙ্গলি, বিহারী, মাড়োয়ারী আজকে তারা সবাই ভয় পেয়ে গেছে। আসামের অবস্থা খুবই খারাপ। সংসদের যখন অধিবেশন চলছিল তখন এই আসাম নিয়ে আলোচনা করলেন না অথচ চুক্তিতে সই হয়ে গেল। ইন্দিরা-মুজিব চুক্তি কোথায় গেল? সই করে দিলেন ব্যাস, সব সমস্যা মিটে গেল? এরফলে যে লক্ষ লক্ষ মানুষ উদ্বাস্তু হয়ে যাবে। আপনারা বলছেন ১০ বছর পর ভোটাধিকার ফেরত দেবেন। এর গ্যারান্টি কি আপনারা দিতে পারবেন? সুতরাং রিয়ালিটিটাকে বুঝতে হবে। ভারতবর্ষের মানুষ আমরা সবাই এই দেশে বাস করি। ইউনিভার্সিটির ছাত্র ইউনিয়নের কয়েকজন নেতা গিয়ে বললেন আর চুক্তি হয়ে গেল? তাহলে কি বিহারের লোক পশ্চিমবঙ্গে আসবে না, পশ্চিমবঙ্গের লোক আসামে যাবে না, পশ্চিমবঙ্গের লোক বিহারে যাবে না, পাঞ্জাবের লোক কি বিহারে যাবে না? এটা অত্যন্ত লজ্জার কথা। আপনারা জানেন না, লক্ষ লক্ষ নেপালী আজকে ওখানে স্টেটলেশ হয়ে যাচ্ছে বলে আমরা খবর পেয়েছি। আসামে বিরাট এজিটেসান শুরু হয়েছে। ১৯৭৯ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত সোদিয়া, দিশপুর এবং তেজপুরে বহু বাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছে, বহু মানুষকে খুন করা হয়েছে। মাঠের বহু ফসল নষ্ট করে দেওয়া হয়েছে। সুতরাং পরিশেষে আমি লেফটফ্রন্ট থেকে যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার , আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে।

মিঃ স্পীকার : Mr. Mukherjee, one minute please. I will say that Shrimati Subba is a lady member and

she is the only member from her party. So when she delivers speech she should not be disturbed. It is most shameful. This should not have been done. ! will again say that she is the lone member in her party. Why do you disturb her. She has the right to speak. She should not be disturbed. It is most shameful. Now Mr. Mukherjee, what is your point of order?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন চোখে কনজাংটিভাইটিস রোগ হলে ওটা ভীষণ ছোঁয়াচে হয়। আমি সংবাদপত্রে পড়েছি মাননীয় মন্ত্রী নির্মলবাবুর ওটা হয়েছে। আমি ওঁকে বিতাড়ন করতে বলছি না, উনি দয়া করে একটু অন্য জায়গায় বসুন। কারণ সামনাসামনি থাকলে একটু মুশকিল হতে পারে। আর রাম চ্যাটার্জী মহাশয় প্রধান মন্ত্রী সম্বন্ধে যে উক্তি করেছেন সেটা সাম্প্রদায়িকতার দোষে দুষ্ট এবং অত্যন্ত কুরুচি সম্পন্ন। তাই ওটা এক্সপাঞ্জ করার জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছি।

শ্রী নির্মল কুমার বসু : আমার রোগটা হয়েছিল, এখন সম্পূর্ণ সেরে গেছে। এখন আমি সম্পূর্ণভাবে রোগমুক্ত। এখানে অনেক চিকিৎসক সদস্য আছেন, তাঁরা দেখে যেতে পারেন।

মিঃ স্পীকার : সেটা আমি দেখব। যদি এক্সপাঞ্জ করার মত কিছু থাকে তাহলে এক্সপাঞ্জ করা হবে। নাউ শ্রী নির্মল বোস।

Motion Under rule 185

শ্রী বংকিম বিহারী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্যামলবাবু যে আসামের ব্যাপারে প্রস্তাব এনেছেন আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। আমি কংগ্রেসী বন্ধুদের বলছি যে ১৯৬০ সালের ২রা সেপ্টেম্বর ডাঃ বিধান চন্দ্র রায়ের নেতৃত্বে আসামের অত্যাচারের বিরুদ্ধে নারী নির্যাতনের বিরুদ্ধে যে প্রস্তাব সর্বসম্মতভাবে এসেছিল সেটা একটু পড়ে দেখতে অনুরোধ করছি। তখন মাননীয় জ্যোতিবাবু, হেমন্ত বাবু, যতীনবাবু সকলেই বিরোধী পক্ষে ছিলেন, কিন্তু সেদিন এ রকম হট্টগোল হয় নি। এক মতে সিদ্ধান্ত হয়েছিল এবং সেই সিদ্ধান্ত দিল্লীতে গিয়েছিল এই আসামের নির্যাতনের বিরুদ্ধে। শুধু তাই নয়, ১৯৫১ সালে, ১৯৬০ এবং ১৯৭০ সালে ঐ আসামের একটা প্রবলেম যে প্রবলেমের উপর আজকে ভীতি আসছে। সেখানে শুধু বাঙালী অবাঙালী যারাই আছে তাদেরকে মেরে খেদানো হয়েছে। যদি পড়েন সে সব পড়ে দেখবেন যে তখন তাদেরকে গাছে ঝুলিয়ে ফাঁসী দেয়া হয়েছে। এই সভ্য জগতে এই জিনিষ হয় কি না জানিনা। আজকে জহরলাল নেহেরু এবং শ্রীমতী ইন্দিরা গান্ধী যেটা পারলেন না রাজীব গান্ধী মহাশয় সেটা সমাধান করলেন। কাউকে কিছু জিজ্ঞাসা না করে, পার্লামেন্টে কোন সিদ্ধান্ত না নিয়ে মন্ত্রী সভার বৈঠকে আলোচনা না করে নিজেই একাকী সিদ্ধান্ত নিয়ে করলেন। যারা বাঙালী, অবাঙালী নিধন করে তাড়িয়েছে তাদের সঙ্গে চুক্তি করলেন। আজকে বিভিন্ন জায়গা থেকে যখন বিদ্রোহ আসবে তখন কি তিনি চুক্তি করতে পারবেন? আমার মনে হয় পারবেন না। এই সরকারের চুক্তির প্রভাব, প্রবাহ যদি বিহার, উড়িষ্যায় এবং উত্তরপ্রদেশে যায়, যদি বাঙালী সেখান থেকে বিতাড়িত হয় তাহলে তিনি কি সেটা রোধ করতে পারবেন?

[4.30 to 4.40 p.m.]

ইতিহাস বোধহয় তাঁর জানা নেই। ১৯৪৫ সাল, তখনও দেশ স্বাধীন হয়নি, তখন হিন্দু মুসলমানের দাঙ্গা লেগেছিল নোয়াখালিতে। তার প্রতিক্রিয়া গিয়ে লেগেছিল সুদুর বিহার রাজ্যে। তখন তিনি বোধহয় নাবালক ছিলেন এবং সেই কারণেই ঘটনাটা বোধ হয় তিনি জানেন না। আজকে ঐ আসাম চুক্তির বলে দেশের ১০ লক্ষ মানুষের ভোটাধিকার ১০ বছরের জন্য কেড়ে নেওয়া হল। লজ্জা লাগলোনা এটা করতে? শ্রী রাজীব গান্ধী এটা করেছেন। তাঁর মা এবং ঠাকুরদাদা যা পারলেন না, উনি সেটা করে ফেললেন! আজকে ***ভারতবর্ষে গ্রহণ করছেন, কিন্তু লক্ষ লক্ষ নাগরিকের ভোটাধিকার অন্য দিকে কেড়ে নিচ্ছেন। এটা একটা লজ্জাকর ব্যাপার। এক্ষেত্রে চিন্তা করবার অবকাশ আছে। পার্লামেন্টে এসে বাঙ্গালী অন্যায়ের বিরুদ্ধে লড়াই করেন। অন্যায়ের বিরুদ্ধে বাঙ্গালী চিরকালই লড়াই করে এসেছেন। আমি মনে করি, রাজীব গান্ধীর বিরুদ্ধেও সেই লড়াইয়ে তাঁরা আসবেন। তিনি আজকে একনায়কতন্ত্রী হিসাবে কাজ করছেন আমার কথা শুনে বিরোধীপক্ষের যাঁরা হাসছেন, তাঁদেরকে, একটি কথা বলছি। আপনাদের একজন প্রভাবশালী এম. এল. এ. কথাটি বলেছেন, অবশ্য তাঁর নাম আমি এখানে বলতে চাইনি। তিনি বলেছেন যে, ভারতবর্ষকে পাঁচটি ভাগে ভাগ করে একটি ভাগ চীনকে, একটি ভাগ পাকিস্থানকে, একটি বাংলাদেশকে, একটি সিংহলকে এবং একটি অংশ আরবদেশকে দিয়ে শ্রী রাজীব গান্ধী মহান ব্যাক্তি হবেন।

(গোলমাল)

(এই সময় মিঃ স্পীকার শ্রীমতী অপরাজিতা গোপ্পীকে বলতে আহ্বান করায় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

মিঃ স্পীকার : শ্রী বঙ্কিম বিহারী মাইতির বক্তব্যের মধ্যে থেকে "সোনিয়া গান্ধী" নামটা বাদ যাবে।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে, আমি মনে করি, বিধানসভাতে মাননীয় সদস্য শ্রী শ্যামল চক্রবর্তী যে প্রস্তাবটা এনেছেন সেই প্রস্তাবটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যে মুহূর্তে আমরা এই প্রস্তাবটা নিয়ে আলোচনা করতে বসেছি, আমি আশা করবো, সকল সদস্যগণ এই প্রস্তাবের গুরুত্ব উপলব্ধি করবেন। হালকা করে এটাকে নেবেন না। মনে রাখবেন, আমরা যখন পশ্চিমবাংলার বিধানসভায় এই প্রস্তাব নিয়ে আলোচনা করছি, তখন গোটা ভারতবর্ষের বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে পশ্চিমবাংলার দায়িত্বশীল প্রতিনিধিরা সেখানে কি আলোচনা করেন সেটা জানবার জন্য গোটা ভারতবর্ষের মানুষ

Note : * * * Expunged as ordered by the Chair

এই দিকে তাকিয়ে আছেন। কাজেই আপনারা এই আলোচনাটিকে হালকা করে নেবেন না। আজকে যে প্রশ্নটা দেখা দিয়েছে – নিশ্চয়ই এটা স্পর্শকাতর আলোচনা। কিন্তু আমি মনে করি, যে মুহূর্তে আমরা এই আলোচনা করতে যাচ্ছি – সেই মুহূর্তটা ভারতবর্ষের পক্ষে একটা অগ্নিগর্ভ অবস্থা, এই অগ্নিগর্ভ অবস্থার মধ্যে আজকে আমরা এই আলোচনা করতে বসেছি। গোটা ভারতবর্ষের দিকে তাকিয়ে দেখুন—বিচ্ছিন্নতাবাদী আন্দোলনে আজকে গোটা দেশটা টুকরো টুকরো হয়ে পড়ছে। মান্নান সাহেব ভারতবর্ষের স্বাধীনতার ইতিহাস জানেন না বলেই ঐসব কথা বলছিলেন। ভারতবর্ষের বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে ভারতবর্ষের সংগ্রামী মানুষ এখানে আন্দোলন করেছেন। আমরা জানি যে, এই ভারতবর্ষ দ্বিখণ্ডিত হয়েছিল কেন এবং কোন চক্রান্তের ফলেই বা তার এই দ্বিখণ্ডন। দ্বিখণ্ডিত ভারতের বুকে বসে আজকে আলোচনা করছি যে, আসামে যে সমস্ত ভাষাগত, ধর্মগত সংখ্যালঘু আছেন—তাঁরা সেখানে থাকতে পারবেন, কি পারবেন না।

[4.40 to 4.50 p.m.]

মান্নান সাহেব একবার আমাদের নির্দিষ্ট করে বললেন যে ভারতবর্ষে যখন এই ধরনের দুর্যোগ আসে তখন আমরা আন্দোলন করি কিনা। আপনি জানেন যে ১৯৬১ সালে যখন আমাদের রাজ্যে অবস্থিত কুচবিহারে হাজার হাজার মানুষ উদ্বাস্তু হয়ে এসে পড়ল তখন আমরা দিল্লীর পার্লামেন্টের সামনে প্রতিবাদ জানিয়েছিলাম। তখন প্রধানমন্ত্রী ছিলেন জহরলাল নেহেরু। তখন জাতীয় নেতৃবৃন্দ ভারতবর্ষের মানুষকে আশ্বাস দিয়েছিল, দ্বিখণ্ডিত ভারতবর্ষের মানুষকে আশ্বাস দিয়েছিল। ওপার বাংলা থেকে ভাষা গত, ধর্মগত সংখ্যালঘুসম্প্রদায় যারা আমাদের এখানে আসছে জাতীয় নেতৃবৃন্দ তাদের আশ্বাস দিয়েছিলেন যে তাদের নাগরিক অধিকার দেওয়া হবে। কিন্তু এই প্রস্তাব রাখা হয়নি। সেই দিন আমরা বিক্ষোভ প্রদর্শন করেছিলাম। আপনারা জানেন সেই বিক্ষোভের ফলে আমাদের কারারুদ্ধ করা হয়েছিল। সেই সময় কংগ্রেস সরকার দিল্লীর সেন্ট্রাল জেলে আমাদের আটকে রেখেছিলেন। আমাদের দেশের মানুষের স্বার্থে, সাধারণ মানুষের স্বার্থে বামপন্থী দলগুলি প্রতি মুহূর্তে এই ধরনের দুর্যোগপূর্ণ ঘটনা সম্পর্কে সকলকে সচেতন করে দিয়েছে। আজকে যে ঘটনার ব্যাপারে আলোচনা করা হচ্ছে সেটা নিশ্চয়ই গুরুত্বপূর্ণ। এই আলোচনার পরিপ্রেক্ষিতে আমি কয়েকটা কথা বলতে চাই। মাননীয় প্রধানমন্ত্রী রাজীব গান্ধী আসামের ব্যাপারে একটা চুক্তি করেছেন। প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী বিরোধী সদস্যদের সংগে আলাচনা করে ভিত্তিবর্ষ স্থির করলেন ১৯৭১ সাল। কিন্তু কেন এই মুহূর্তে সেই ভিত্তিবর্ষ ১৯৭১ সালকে পাল্টে দেওয়া হল? এর ভেতর একটা গভীর ষড়যন্ত্র চলছে। কেন আজকে সাধারণ মানুষের নাগরিক অধিকার খর্বকরে দেওয়া হ'ল? ওপার বাংলা থেকে যে সমসস্ত ধর্মগত, ভাষাগত সংখ্যালঘু সম্প্রদায় এই ভারতবর্ষে এসেছে তারা গোটা ভারতবর্ষে থাকতে পারবে কিনা সেই প্রশ্ন আজ দেখা দিয়েছে। সংগত কারণেই মাননীয় সদস্য বিশ্বনাথ মুখার্জী বলেছেন যে আজকে পশ্চিমবাংলার ক্ষেত্রে এই ঘটনা ঘটবে। এই ব্যাপারে আমি আপনাদের বলি এই ঘটনার ব্যাপারে আপনারা একটু দূরদৃষ্টি দিয়ে উপলব্ধি করবেন। সেই দূরদৃষ্টি দিয়ে গোটা ভারতবর্ষের অবস্থা চিন্তা করবেন। বিচ্ছিন্নতাবাদী এবং সাম্প্রদায়িক আন্দোলনকারীরা ভারতবর্ষকে দ্বিখণ্ডিত করার চক্রান্ত চালাচ্ছে। ভারতবর্ষ একটা মহান দেশ, এই দেশকে দ্বিখণ্ডিত করার জন্য বিদেশী শক্তি চক্রান্ত চালিয়ে যাচ্ছে। এই বিদেশী শক্তি আমাদের দেশের দারিদ্রতার সুযোগ নিয়ে মানুষকে বিভ্রান্ত করে তুলেছে। এই কথা চিন্তা করে রাজনৈতিক প্রশ্নে সচেতন না হয়ে আবেগের বশবর্তী হয়ে যদি ঘটনাকে বিচার না করি তাহলে আমি মনে করি আগামী দিনে গোটা ভারতবর্ষের অবস্থা ভয়ংকর হবে। গোটা ভারতবর্ষে আজকে আন্দোলন শুরু হয়েছে।

বম্বের শিবসেনারা আজকে হুংকার দিয়েছে—বম্বে দানের ভাণ্ডার খুলে বসে নেই যে সকলকে আসতে দেবে, আমরা মারাঠী ছাড়া আর কাউকে ঢুকতে দেব না। এই প্রশ্ন যদি সর্ব্বত্র দেখা দেয় তাহলে আপনারা বলুন এই ভারতবর্ষ কার? এই ভারতবর্ষে আমাদের কি অধিকার আছে? আমরা আগে ভারতবাসী, তারপর আমরা বাঙালী, আমরা মারাঠী, আমরা উড়িয়া এই কথা আজকে বলতে হবে। এইভাবে ভারতবর্ষকে নিয়ন্ত্রণ করতে না পারলে, এইভাবে দেশের মানুষকে সচেতন করতে না পারলে এই বিপদের হাত থেকে ভারতবর্ষকে রক্ষা করতে পারা যাবে না, দেশের মানুষকে রক্ষা করতে পারবো না। সর্বশেষে আমি এই কথা বলতে চাই আজকে যে প্রস্তাব এসেছে এই প্রস্তাব অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব। এই প্রস্তাব নিয়ে আজকে যদি আমরা সচেতন ভাবে আলোচনা না করি, যদি প্রতিবাদে সোচ্চার না হই তাহলে আগামী দিনে ভারতবর্ষের অবস্থা ভয়ংকর হবে।

আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি সংবাদপত্রে প্রকাশিত সংবাদের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখানে অনেক আলোচনা শুনলাম। সেখানকার সাধারণ মানুষ ভাষাগত, ধর্মগত, সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের সেখানে নাগরিকত্ব থাকবে কিনা এসব নিয়ে এখানে আলোচনা হয়েছে। আপনারা জেনে রাখুন, কি ভয়ংকর সংবাদ সংবাদপত্রে প্রকাশিত হয়েছে, রাজীব গান্ধীর সঙ্গে যখন চক্তি হয়েছে, তার বহু আগে থেকেই আসামে ভোটার লিষ্ট থেকে এই সমস্ত সম্প্রদায়ের মানুষের নাম বাদ দেওয়া হয়েছে। এই ভয়ংকর সংবাদ সংবাদপত্রে বেরিয়েছে। আমাদের রাজ্যে কুচবিহারের মানুষ আজ উদ্বিগ্ন হয়ে উঠেছেন; সেখানে (আসাম রাজ্যে) প্রায় ২০ লক্ষ মানুষের নাম কেটে দেওয়া হয়েছে ভোটার লিস্ট থেকে। শুধু তাই নয়, মাননীয় অধ্যক্ষ মহাশয় এই সংবাদপত্রে বেরিয়েছে যে, দরং জেলার ডেপুটী ম্যাজিষ্ট্রেট ওখানকার ইলেকশান্স রেজিষ্ট্রেশান অফিসারকে জানিয়ে দিয়েছেন যে, যে সমস্ত লোক সিটিজেনশিপ কার্ড দেখাতে পারবে না তাদের নাম কেটে দেওয়া হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে জিজ্ঞাসা করি—আমি তো বিধানসভার একজন সদস্য। আমাকে যদি সিটিজেনশিপ কার্ড দেখাতে বলে, আমার দেশও তো ছিল পূর্ব বাংলায়, আমি তো তা দেখাতে পারব না, তাহলে কি আমার নাগরিকত্ব থাকবে না? আমি কি এই দেশের নাগরিকত্বের অধিকার থেকে বঞ্চিত হব? সুতরাং এই সব প্রশ্নগুলো বিবেচনা করার দরকার আছে। আমি সভার সকল সদস্যের কাছে আবেদন জানাই, আমরা সকলে মিলে একসঙ্গে এই প্রস্তাবের পেছনে সমর্থন জানাই। এই সমস্ত প্রশ্নের বিরুদ্ধে আমরা একযোগে সোচ্চার হয়ে প্রতিবাদ জানাই। সেজন্য আপনাদের কাছে আবার আবেদন জানাই, আসুন, আমরা একসঙ্গে—এটা শুধু আপনার,আমার প্রশ্ন নয়, এটা গোটা

ভারতবর্ষের মানুষের প্রশ্ন, সংহতির প্রশ্ন, বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে রুখে দাঁড়াবার প্রশ্ন, গোটা ভারতবর্ষ যাতে ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে না যায়, তারজন্য আমাদের সকলের সমবেত ভাবে এই প্রস্তাবের প্রতি সমর্থন জানাই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিমলানন্দ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাহাশয়, অত্যন্ত সংযত ভাষায় একটি প্রস্তাব মাননীয় সদস্য শ্যামল চক্রবর্তী মহাশয় এখানে উত্থাপন করেছেন। আসাম চুক্তি শুধু নয়, ভারতবর্ষের বুকে উত্তর-পশ্চিম এবং উত্ত-পূর্ব সীমান্তে যে অগ্নিগর্ভ অবস্থা বিরাজ করছিল, তা প্রশমনের প্রয়োজন ছিল – সঠিক চুক্তির প্রয়োজন ছিল। পাঞ্জাবে যে চুক্তি হয়েছে, প্রায় সকলেই তার প্রতি সমর্থ জানিয়েছেন। এই জায়গায় আসার প্রয়োজন ছিল না, যদি অনেক আগেই চুক্তি করা হোত, তাহলে এত মূল্য দিতে হোত না। আসাম চুক্তিরও প্রয়োজন ছিল ঠিকই। কিন্তু এখানে বিরোধী পক্ষের সদস্যদের অনেকেই বলেছেন –কেউ কেউ বলছেন যে, ভারত সরকারের বা কেন্দ্রের কোন হাত ছিল না এই সমস্যা সৃষ্টিতে। আমরা সবই জানি। আমি আসামে দীর্ঘকাল থেকেছি, সেখানকার গ্রামে গ্রামে ঘুরেছি এবং অসমীয়া মানুষকে ভালভাবেই দেখেছি ও বুঝেছি। অসমীয়া মানুষ অত্যন্ত অতিথিপরায়ণ। তাঁদের সাদর অভ্যর্থনা আমি বহুবারই পেয়েছি যা নিয়ে আজকে এই মানসিকতা। কিন্তু আসাম কি, বাইরে থকে আমরা অনেকেই তা বুঝি না আমরা কমিউনিষ্টরা বা বামপন্থীরা বাঙালীকে বাঙালী হিসাবে, অসমীয়াকে অসমীয়া হিসাবে, মারাঠিকে মারাঠি হিসাবে বা পাঞ্জাবীকে পাঞ্জাবী হিসাবে দেখি না। আমরা সবাইকে মানুষ হিসাবে বুঝি। আমরা মানুষকে আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি দিয়ে দেখি। কিন্তু সমস্যা যাঁরা সৃষ্টি করেছিলেন, তাঁরা ভারতবর্ষের কর্ণধার বা শাসনক্ষমতায় অধিষ্ঠিত থেকে এটা করেছিলেন না, যে ভারতবর্ষের পূর্বাঞ্চল কমিউনিষ্ট অঞ্চল হয়ে যাচ্ছে? তাঁদের উস্কানির দরুণ, প্রাদেশিক শক্তি, সাম্প্রদায়িক শক্তি এবং শেষ পর্যন্ত তা বিচ্ছিন্নতাবাদে গিয়ে হাজির হয়েছে।

আপনারা পাঞ্জাবের চেহারা দেখেছেন এবং আসামেও তার চেহারা দেখেছেন। এই আসামের বুকে নানা জাতি, নানা গোষ্ঠী প্রায় আড়াই হাজার বছর আগে এসেছেন। বর্তমানে সেখানকার মুখ্যমন্ত্রী হিতেশ্বর সইকিয়া তিনি অহম বলে থাকেন, তিনি থাইল্যাণ্ড থেকে ব্রহ্মদেশ হয়ে এই আসামে এসেছিলেন। সেখানে নানা ভাষা যথা আস্টিক জাতি, দ্রাবিড় জাতি এইভাবে আসামে এসেছিলেন সেখানে নানা ভাষা, গোষ্ঠী এবং নেপালী সম্প্রদায় এই সমস্ত গোষ্ঠীর ভেতরে একাটা দ্বন্দ্ব লাগিয়ে দেওয়ার চেষ্টা করা হল এই বলে যে, পশ্চিমবঙ্গ কমিউনিষ্ট হয়ে গেছে. ত্রিপুরা কমিউনিষ্ট হয়ে গেছে এবং আসামও হতে আর বাকী নেই। ১৯৭৭ - ৭৮ সালে যে ২৪ জন বামপন্থী নির্বাচিত হলেন তাঁদের আখ্যা দেওয়া হল 'বাঙ্গাল' বলে। এইভাবে বাঙালীর বিরুদ্ধে আন্দোলন শুরু হল। ওখানকার হোতারা এইভাবে আন্দোলনের আগুন ছড়িয়ে দিলেন বিদেশী বলে। এই বিদেশী বলতে শুধু বাঙালী নয়, এরমধ্যে নেপালী এবং আরও বহু জাতি আছেন। তাঁদের ভেতরে লড়াইয়ের আগুন ছড়িয়ে দেওয়া হল। ওখানে আবার, বোরো, মিকির, মিশান প্রভৃতি যেসব জাতি উপজাতি আছেন, তাঁদের মধ্যে আমাদের কমরেড সেখানে কিছু আছেন। আমি সেখানে গিয়েছিলাম এবং দেখেছি যে, সেখানে যাতে গণতান্ত্রিক আন্দোলন, বামপন্থী আন্দোলন শক্তিশালী হতে না পারে তারজন্য ওই তপশীলি জাতি অহম, বোরো প্রভৃতি জাতির মধ্যে আন্দোলন লাগিয়ে দিলেন। তাদের মধ্যে মারামারির সৃষ্টি হল। যে আসাম ৫টি রাজ্য নিয়ে গঠিত ছিল তা পুরোপুরি ভাগাভাগি হয়ে গেল। তাতে উদয়চল এসে গেল অহমে, এবং গাড়ো পাহাড়ের কাছে এসে গেল গোয়লপাড়া। এতেও বাধা মানলো না। পাঞ্জাবে যে ধরণের শ্লোগান দেওয়া হয়েছিল, কাশ্মীরে যে ধরণের শ্লোগান দেওয়া হয়েছিল অনুরূপ শ্লোগান আসামের ক্ষেত্রেও দেখা গেল) "আসামে বিদেশী অনুপ্রবেশ বন্ধ করো।" সেখানে রিক্সাওয়ালাকে ১০০ টাকা দিয়ে শ্লোগান দেওয়ানো হল, আসামে বাঙালী খেদাও, নেপালী খেদাও। সেই শ্লোগানের ফলে আসামের কাজ বন্ধ হয়ে যাবার উপক্রম হল। সেই আন্দোলনের মুখ্য উদ্দেশ্য ছিল বাঙালীরা বিদেশী। এর ফলে সমস্ত গণতান্ত্রিক আন্দোলন মার খেল। সেখানে আমাদের পার্টির সি. পি. আই. এবং সি. পি. এমের লোকেরা কাজ করতে পারেনি, মারাত্মকভাবে আহত হয়েছিল এবং অনেকে নিহত হয়েছিল। আমাদের পার্টির অফিসগুলি জ্বালিয়ে দেওয়া হয়েছিল। অনেক মানুষের ঘরবাড়ি জ্বালিয়ে দেওয়া হয়েছে এবং সমস্ত আন্দোলন অন্যপথে নিয়ে যাওয়ার চেষ্টা হয়েছিল। সাম্রাজ্যবাদীর শ্লোগান এবং বিচ্ছিন্নতাবাদের আন্দোলন সেখানে মাথা চাড়া দিয়ে উঠেছে। যে জিনিস আপনারা করেছেন সেই জিনিষ আজকে বুমেরাং হয়ে দেখা দিয়েছে আপনাদের উপর এবং এই বিচ্ছিন্নতাবাদের মূল্য দিতে হয়েছে সারা দেশকে। আমরা ভারতীয় হিসাবে এর তীব্র নিন্দা করছি। আপনারা আসাম এবং পাঞ্জাবের ক্ষেত্রে যে জিনিষ করেছেন, সেটা আজকে আপনাদেরই উপর বুমেরাং হয়ে দেখা দিয়েছে। এতে শুধু আপনারা ভুগছেন না, ভুগছে গোটা দেশ। আসামের ক্ষেত্রে যে চুক্তি করলেন, সেই চুক্তির কোন প্রয়োজন ছিল বলে মনে হয় না। সেই চুক্তির পরিপ্রেক্ষিতে এখানে শ্যামলবাবু যে প্রস্তাব এনেছেন সেটা অত্যন্ত সংযত প্রস্তাব। এখান থেকে যে সমসস্ত পত্র-পত্রিকা বেরোয় এবং যে সমস্ত কার্টুন বেরোয়, সেগুলি ওখানকার জনসাধারণ অর্থাৎ ট্রাইবালরা খুব মনোযোগ সহকারে পড়েন বা দেখেন। সুতরাং এইগুলির ক্ষেত্রে, এই সংবাদ পরিবেশনের ক্ষেত্রে যাতে কোন গণ্ডগোল বাধতে না পারে তার জন্য সাবধানতা অবলম্বনেরও প্রয়োজন আছে। এই প্রস্তাবে বলা হয়েছে সকল জাতি সকল ধর্মের মানুষ সবাইকে ঐক্যবদ্ধভাবে গণতান্ত্রিক ব্যবস্থা ও পরিকাঠামো বজায় রাখতে অগ্রসর হতে হবে সুতরাং এই যে প্রস্তাবটি এসেছে, এটি খুবই সংযত প্রস্তাব।

[4.50 to 5.00 p.m.]

সুতরাং সংযতভাবে আমাদের চলা দরকার। কিন্তু কি ঘটলো? ন্যাশান্যাল কনসেনসাস বলে একটা কথা ছিল। আসামে বিভিন্ন দলগুলির মধ্যে আমরা ছিলাম এবং ঠিক ছিল ৭১ সালকে ভিত্তিবর্ষ হিসাবে ধরা হবে। তার ব্যাকগ্রাউণ্ড এই ছিল যে অধিকাংশ মানুষ তার আগেই বাংলাদেশ থেকে এসেছে। ইন্দিরা-মুজিব একটা চুক্তি হয়েছিল। তার ফলে তিনি দায়িত্ব নিতে পারতেন পরে, আগেরটা নিতে পারবেন না ইন্দিরা গান্ধীর একটা জাতীয় সংগ্রামী ইতিহাস ছিল। কিন্তু হঠাৎ দেখলাম সেই ন্যাশান্যাল কনসেনসাসকে উপেক্ষা করে ৬৫ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত এটা করলেন। এর ফল কি? ৬ বার নির্বাচনে ভোট দিয়েছেন ৬৬, ৭১, ৭৭, ৭৮, ৮৩ এবং ৮৫ সালে ভোট দেবেন – তাঁরা আর ভোট দিতে পারবেন না, নাগরিকত্ব থাকবে না। এর আইন

সংগত কোন দিক আছে? এটা হতে পারে? গণতন্ত্রে কোথায় বলে ৬ বার ভোট দেবার পর তাদের ভোটাধিকার থাকবে না? বা ভারতীয় নাগরিকত্ব থাকবে না? এটা ভারতের প্রশ্ন আসাম বা পশ্চিমবাংলার প্রশ্ন নয়। মরিচঝাঁপির প্রশ্ন করেছেন? সকলে আসামে থাক একথা কেউ বলেনা, সকলে পশ্চিমবাংলার থাক একথা বলিনা। আমাদের পার্টি বলেছে আন্দামান। কেবলমাত্র আসাম, ত্রিপুরা, পশ্চিমবাংলা জায়গা দেবে এটা হতে পারে না, দায়িত্ব সমস্ত ভারতবর্ষকে নিতে হবে। ভারতবর্ষকে টুকরো করার জন্য যারা দায়ী তাঁরা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা থেকে সরে গেলে চলবে না। এখন প্রস্তাবে এটুকুন উল্লেখ করা হয়েছে। যেটা ন্যাশনাল কনসেনসাস ছিল সেটা কেন বর্জন করা হল এবং কিসের চাপে প্রধানমন্ত্রী নিজের ভাবমূর্ত্তি সৃষ্টি করার জন্য তাড়াহুড়ো করে রাত্রি ৩টার সময় তিনি সমাধান করে দিলেন। কিন্তু তিনি দেখলেন না সারা ভারতের আইন কি আছে, আর্ন্তজাতিক আইন কি বলে? এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি শেষ করছি।

শ্রী প্রবোধ চন্দ্র সিংহ : স্যার, আসাম সম্পর্কে শ্যামলবাবু যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে সমর্থন করে ২–১ টি কথা বলতে চাই। আসামে যে সমস্যার উদ্ভুত হয়েছে সে সমস্য৷ বিদেশী নাগরিকের সমস্যা নয়। ভারত যে পরিস্থিতির মধ্য দিয়ে স্বাধীনতা অর্জন করেছে সেই পরিস্থিতির ফলে অখণ্ড ভারতবর্ষের লক্ষ লক্ষ মানুষ বিভিন্ন ভাবে বিপদের সম্মুখীন হয়েছে। শুধু আসাম নয় এক্ষেত্রে আর একটা কথা উল্লেখ করা বোধ হয় অত্যুক্তি হবে না। আজ যারা দণ্ডাকারণ্যে রয়েছে তাদের নাগরিকত্বের, ভোটাধিকারের দিক থেকে আমরা কি সমর্থন করতে পারি না? ভারতবর্ষের সমস্ত রাজনৈতিক দল এবং প্রাক্তন প্রধানমন্ত্রী আসাম আন্দোলনকারীদের কাছে নতি স্বীকার করেননি। ৭১ সালকে ভিত্তিবর্ষ হিসেবে নির্ধারণ করেছিলেন। সেখানে হঠাৎ কিছু বিচ্ছিন্নতাবাদী শক্তির কাছে নতি স্বীকার করে ৬৬ সাল করা হল। ১০ বছর ধরে থাকলে তাদের নাগরিকত্ব অর্জন করার প্রশ্ন আসবে। এই যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে তাতে লক্ষ লক্ষ মানুষ নিরাপত্তা বোধের অভাব অনুভব করছে। আজকে যদি ভোটাধিকার না থাকে, নাগরিকত্ব না থাকে তাহলে নিশ্চয়ই এই প্রশ্ন আসবে লক্ষ লক্ষ মানুষ তাদের জীবন-জীবিকা রুজি-রোজগারের জন্য তারা কোন সরকারের কাছে দাবি করবে? তাদের আপদে-বিপদে জীবন রক্ষা করার প্রশ্নে তারা কার কাছ থেকে কি পরিমাণ সহযোগিতা পাবে সেই সব প্রশ্ন আসবে। সুতরাং প্রশ্নটা আজকে জটিল আকার ধারণ করেছে এই প্রশ্নটা শুধু আইনের দৃষ্টিভঙ্গিতে বিচার করলে চলবে না, এর পিছনে মানবিকতার প্রশ্ন রয়েছে। যখন দেশ বিভক্ত হয়েছিল তখন জাতীয় নেতারা প্রতিশ্রুতি দিয়েছিলেন যারা সংখ্যালঘু সম্প্রদায় তাদের অন্য দেশে তাড়াতে পারবে না, তাদের দায়-দায়িত্ব সরকার গ্রহণ করবেন এবং তাদের পুনর্বাসনের সুযোগ -সুবিধা দিতে হবে। ভারতবর্ষ স্বাধীন হওয়ার পর থেকে পূর্ব বাংলায় বিভিন্ন সময়ে গণআন্দোলন হয়েছে, সেই সমস্ত আন্দোলনের ফলে সেখানকার সংখ্যালঘু সম্প্রদায় নিরাপত্তার সঙ্গে সেখানে বসবাস করতে পারেনি, তাই লক্ষ লক্ষ মানুষ সেখান থেকে চলে এসে ভারতবর্ষের সীমান্তবর্তী রাজ্যে বসবাস করছে। সেইসব মানুষদের বিদেশী হিসাবে চিহ্নিত করার চেষ্টা হচ্ছে, তাদের ভারতবর্ষ থেকে বিতাড়িত করার চেষ্টা করা হচ্ছে, তার জন্য পরিস্থিতি জটিল আকার ধারণ করবে। চুক্তিতে আছে ১৯৭১ সালের পর যারা এসেছে তাদের এক্সপেল করা হবে। প্রধানমন্ত্রী এক্সপেল কথাটা বলেছেন, বাংলাদেশ সরকার চুক্তির এই অংশটা মানছেন না। তাঁরা বলছেন ১৯৭১ সালের মার্চের পর কোন নাগরিক বাংলাদেশ থেকে আসামে যায়নি, সুতরাং আসাম সরকার তাদের ফেরত পাঠাবার জন্য বললে বাংলাদেশ সরকারে তাদের গ্রহণ করার প্রশ্ন আসেনা। চুক্তিতে ডিপোর্টেশান কথাটা নেই, এক্সপেল কথাটা আছে। ডিপোর্টেশন কথাটার অর্থ হল যে দেশ থেকে এসেছে সেই দেশে ফেরত পাঠাবার প্রশ্ন আছে, কিন্তু এক্সপেল কথার অর্থ হল আসাম থেকে বহিষ্কার, তারপর তারা ভারতবর্ষের কোন অঙ্গরাজ্যে বসতি স্থাপন করবে সেটা আমাদের দেখার দরকার নেই। আজকে শুধু আসাম সমস্যা পশ্চিমবঙ্গের সমস্যা নয়, আজকে আসাম সমস্যাকে সর্ব ভারতীয় সমস্যা হিসাবে আমাদের চিহ্নিত করতে হবে। কারণ, ভারতবর্ষ স্বাধীনতা অর্জন করার জন্য ভারতবর্ষের সমস্ত নাগরিকের সুখ স্বাচ্ছন্দ বিধান করার জন্য কেবল মাত্র পূর্ব ভারতের রাজ্যগুলিকে দায়-দায়িত্ব বহন করতে হবে একটা সংগত নয়। আজকে যে সমস্যা দেখা দিয়েছে সেই সমস্যাকে নৈতিক দৃষ্টিভঙ্গিতে ভারত সরকারকে সমাধান করার জন্য ব্যবস্থা করতে হবে। এই যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এই চুক্তি অনুসারে যখন ভোটার তালিকা সংশোধিত হবে তখনই হাজার হাজার মানুষ যারা ভোটাধিকার প্রয়োগ করেছে তাদের নাম বাদ যাবে। তারপর সেখানে যদি আঞ্চলিকতাবাদ মাথাচাড়া দেয়, সেখানে যদি অন্যরকম পরিস্থিতির সৃষ্টি হয়, সেখানে যদি সংখ্যালঘুরা বসবাস করার সুযোগ লাভ করতে না পারে, তাদের অর্থনৈতিক, সামাজিক পরিস্থিতি যদি অন্যরকম দেখা দেয় তাহলে সেই অর্থনৈতিক এবং সামাজিক পরিস্থিতির ফলে ভারতবর্ষের জাতীয় ঐক্য সংহতির উপর প্রচণ্ড আঘাত আসবে। সুতরাং আমি মনে করি এই যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে আসাম আন্দোলনকারীদের তোষণ করার জন্য এই পলিসি অব এ্যাপিজমেণ্টের মধ্য দিয়ে কোন মহৎ জিনিষ লাভ সম্ভব নয়। একটা জিনিষ আমরা দেখেছি দ্বিতীয় মহাযুদ্ধের প্রাক্কালে হিটলার এ্যাপিজমেণ্ট পলিসি অনুসরণ করেছিলেন, তার ফল পরবর্তী কালে ভাল হয়নি। ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে যে সমস্ত বিচ্ছিন্নতাবাদী শক্তি মাথাচাড়া দিয়ে উঠেছে তাদের যদি সন্তুষ্ট করে চলতে হয় তাহলে ভারতবর্ষের জাতীয় সংহতি রক্ষা করা যাবে না। সেই কারণে আমাদের শ্যামল চক্রবর্তী মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি; ডাঃ জয়নাল আবেদিন এবং দেবপ্রসাদ সরকার যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.00 to 5.10 p.m.]

শ্রী জ্যোতি বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্যামল চক্রবর্তী যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে সংক্ষেপে কয়েকটা কথা বলতে চাই। কিছুদিন আগে পর্যন্ত আমার একটু ক্ষীণ আশা ছিল কংগ্রেস পক্ষ থেকে এই প্রস্তাবকে অন্ততঃ নৈতিক সমর্থন জানাবে। নৈতিক বলছি এই জন্য সবটা তারা সমর্থন করবেন না, কারণ দিল্লী থেকে হুকুম এসেছে চুক্তিকে সমর্থন করতে হবে এবং আর কোন প্রস্তাব এলে তাকে সমর্থন করবেন না যতই তার মধ্যে যুক্তি থাক। ওঁরা অবশ্য নিশ্চয়ই বুঝতে পারছেন এর মধ্যে যুক্তি আছে। ওঁদের এক নেতার সঙ্গে যখন এই নিয়ে আলোচনা করছিলাম যখন তিনি বললেন – বুঝতেই তো পারছেন আমাদের পক্ষে অসুবিধা আছে। সাত্তার সাহেবের বক্তৃতা শুনে আমি আশ্চর্য্য হলাম। তিনি যে কথা বললেন সেটা আর একটু

নীচু গলায় বললে ঠিক হতো। তাঁর বক্তৃতা শুনে মনে হল আশু এবং সংগ্রাম পরিষদের উকিলের অভাব নেই – তাঁরা বিরোধীদলের মধ্যে ভালো উকিল পেয়েছেন। তাঁরা তো এখানে আসতে পারছেন না তাই এই সমস্ত উকিল ধরেছেন। উনি বললেন এতে কি অসুবিধে হচ্ছে? এতো ভাল চুক্তি হয়েছে--মারামারি, দাঙ্গা, হাঙ্গামা করছিল সেটা আর হবে না। এখানে প্রশ্ন হল কিসের বিনিময়ে এই চুক্তি হল। উনি বললেন অনলি ফর টেন ইয়ার্স দে হ্যাভ বিন ডিপ্রাইভড দি রাইট টু ভোট। দ্যাট ইজ দি অনলি ট্রাবল দেয়ার। এই অনলি ডিসএ্যাডভান্টেজ কথাটা আমি বুঝতে পারছি না। কারণ তারা তো দ্বিতীয় শ্রেণীর নাগরিক হয়ে গেল – অবশ্য যদি তাদের নাগরিক বলা যায়। কিন্তু মানুষের তো গণতান্ত্রিক অধিকার আছে যে আমি ভোট দিতে পারি। কিন্তু আসামে কি হচ্ছে? ১৯৫২ সালের পর প্রথম নির্বাচন হয়, এবং তারপর থেকে আজ পর্যন্ত ভোট দেবার যে গণতান্ত্রিক অধিকার ছিল সেটা কেড়ে নিচ্ছে। কত লোকের ক্ষেত্রে এটা প্রয়োজ্য হবে সেটা আমি জানি না। এর পরও এঁরা বলছেন এটা কিছুই নয়। তারপর, ওদের একজন নেতা বলেছেন বিলেতে আমেরিকায় এরকম আছে - তাদের Right to property, right to work.এসব আছে, আমেরিকায় গ্রীন কার্ড আছে, বিলেতেও আছে। তারা যদি আমেরিকান সিটিজেন হয় তাহলে ২ রকম নেই – একই রকম আছে। যদি বিলেতের নাগরিক হয় তাহলেও একই রকম আছে। ইণ্ডিয়ান সিটিজেনশিপ হোল্ড করলেও সেখানে তারা কাজ করতে পারেন এসব নিয়ম আছে। ভারতবর্ষে আমরা এতদিন ধরে জানতাম এখানে একই ধরণের নাগরিক হবে এবং তার মধ্যে নারী, পুরুষ থাকবে, যে কোন ভাষাভাষীর লোক থাকবে এবং একই অধিকার সকলে ভোগ করবে। কিন্তু সেই অধিকার তো খর্ব করা হচ্ছে। আর একটা অদ্ভুদ কথা উকিল সাহেব বলেননি। ১৯৬৬ সালের পর যারা এসেছে তাদের ১০ বছরের জন্য ভোট দেবার অধিকার থাকবে না। কিন্তু প্রশ্ন হল যারা পশ্চিমবাংলায়, দণ্ডকারণ্যে, ত্রিপুরায়, দিল্লীতে গেছে তাদের কি হবে? না, কি তাদেরও ভোটাধিকার কেড়ে নেওয়া হবে ১০ বছরের জন্য? আমি ওঁদের একজনকে জিজ্ঞাসা করেছিলাম, এরজন্য কি নূতন আইন করতে হবে? তিনি বললেন, না, তার দরকার হবে না – আমাদের সংবিধানের মধ্যে সবই আছে। আমি আশ্চর্য্যান্বিত হলাম এতবড় একটা রাজনৈতিক অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। গরু, ছাগলকেও তো খেতে দেওয়া হয় সেই রকম খেতে দেওয়া হবে কিন্তু নাগরিক অধিকার দেওয়া হবে না ১০ বছরের জন্য। ১৯৭১ সালে আইনে যারা এসেছে তাদের ক্ষেত্রে আমরা সকলেই মেনে নিয়েছি। আমি ব্যক্তিগতভাবে ইন্দিরা গান্ধীর সঙ্গে আলোচনা করেছি এবং যে পার্টির পক্ষ থেকে যে আলোচনা হয়েছে তাতে আমি বললাম এটা ঠিক আছে কারণ আপনারা সকলেই জানেন ১৯৭১ সালের মার্চ মাসের পর যে সারকুলার দিয়েছিল তাতে বলা হয়েছে তারপর যারা আসবে তাদের তোমরা নাগরিক করবে না।

কিন্তু ১৯৭১ সালের পর এদের কি হবে? এখন শুনছি ওখান থেকে কেউ কেউ নেতা আসামে বলছে এরাতো সব গরু ভেড়ার দল, তাদের বাংলাদেশে পাঠিয়ে দিতে হবে, এখানে ওখানে পাঠিয়ে দিতে হবে। একি আবদারের কথা হচ্ছে, ভারতবর্ষে কোন গণতন্ত্র নেই, কারো স্বাধীনতা নেই? আর আমি বলি যে, হ্যাঁ, ওরা যদি নাগরিক না হয়—আমরা যখন মেনে নিয়েছি তখন বলতে হবে যে, না, ওদের সে অধিকার নেই। কিন্তু আমরা সবাই জানি ওদের বাংলাদেশে পাঠিয়ে দেওয়া যায় না। আমি শ্রীমতী গান্ধীকে বলেছিলাম, আপনি আমাদের সবাইকে ডাকুন, ওদের ভারটা কেন্দ্রীয় সরকার এবং সব রাজ্যগুলি মিলে সবাই মিলে কিছু কিছু ওদের ভারটা নেব। আপনারাও নেবেন, আমরাও নেব। আমরা এটা ওঁকে বলেছিলাম। কিন্তু সমস্ত চুক্তি লঙ্ঘন করে এই জিনিষ করা হল, গণতন্ত্রের বিরুদ্ধে এবং আন্তর্জাতিক যে সমস্ত চুক্তি ছিল নেহেরু-লিয়াকত থেকে আরম্ভ করে ইন্দিরা-মুজিব চুক্তি ইত্যাদি সমস্তই লঙ্ঘিত হল। তাও কিছু কংগ্রেসী বন্ধু বলছেন, না কিছুই হয়নি, ঠিক আছে। তারপর কথা হচ্ছে ১৯৭১ সালের পরে যারা ডিটেকটেড হচ্ছে--ডিটেকসানের ব্যাপারটায় আমি পরে আসছি– ঠিক হল তারা নাগরিক না। কিন্তু তাদের ছেলেমেয়েদের কি হবে, ১৯৭১ সালের পর যাদের এখানে জন্ম হয়েছে? সংবিধান অনুযায়ী তারা এখানকার নাগরিক, যদি না সংবিধান বদল করা যায় নাগরিকত্বের ব্যাপারে। তাহলে কি আমরা ওদের বৃদ্ধ পিতা মাতাকে ধরে ভাগিয়ে দিয়ে বলব তোমাদের সব ছেলেমেয়েগুলি থাকছে ওদের সব দেখবে আসাম? কেউ কিছু চিন্তা করেছেন? আশ্চর্যের ব্যাপার হচ্ছে এই, এত তাড়াহুড়ো করে করলেন, বিরোধী দলের সঙ্গে আলোচনাও করলেন না। পাঞ্জাবের ব্যাপারে আলোচনা হয়েছে। পাঞ্জাবের ব্যাপারে আমরা বোধহয় সবাই সমর্থন জানিয়েছি। দেরি হয়েছে, আমরা সমর্থন জানিয়েছি। ওরা দেরি করে করেছেন, আরো অনেক আগে হতে পারত, সেটা আলাদা কথা কিন্তু এই বেলায় কিছু হল না। তারপর আমি বিবৃতি দিয়েছিলাম, যতদূর সংবিধান জানি, যদি ইললিগ্যাল ইমাইগ্রান্ট হয়ও তাহলে তাদের ছেলে মেয়েরা এখানকার নাগরিক হবে। তারপর স্বরাষ্ট্রমন্ত্রীকে একজন কেউ জিজ্ঞাসা করেছিলেন। উনি টেলিভিসনে বলেছিলেন, না, জ্যোতিবাবুকে একটু বোঝাতে হবে, তবে লিগ্যাল ব্যাপারটা আমি দেখব। লিগ্যাল ব্যাপার না দেখে, কনস্টিটিউসন না দেখে করে দিলেন একটি চুক্তি। একি ছেলে খেলা হচ্ছে আমাদের দেশের মানুষদের নিয়ে, আমাদের দেশের নাগরিকদের নিয়ে? সেই জিনিস ওরা করেছেন। কোন জায়গায় সমর্থন করা যেতে পারে? কোথাও সমর্থন করা যেতে পারে না, সেইজন্য আমি বলেছিলাম তাহলে আপনাদের বলে দিতে হবে যে, পশ্চিমবাংলার সেই লোকগুলির কি হবে, ত্রিপুরার কি হবে? ইতিমধ্যেই দাবি উঠে গেছে উত্তরবঙ্গের দু'একটি জায়গায় এরকম হয়েছে। আমরা হতে দেব না, মাথা চাড়া দিতে দেব না। ওরা বলছেন একই আইন হোক, আইনের ব্যবস্থা হোক, জলপাইগুড়ি ও কুচবিহার বা উত্তবঙ্গের জেলাগুলিতে যারা এসেছেন বা কলকাতায় যারা এসেছেন তাদের সব একই আইনে ফেলা হোক যে, ভোট দিতে পারবে না। সেখানেও আবার দু'রকম হচ্ছে নাকি ওদিকে একরকম এদিকে একরকম? কারণ, আসুকে সন্তুষ্ট করতে হবে, সংগ্রাম পরিষদকে সন্তুষ্ট করতে হবে, আর তো কোন কারণ নেই। আর ওটা স্তিমিত হয়ে আসছিল। ১৯৭৯ সালে নির্বাচন যেটা হয়েছিল সেটাকে বিশেষ কোন নির্বাচনের নাম দেওয়া যায় না। সংবিধান এমন ছিল যে, না করলে সংবিধান বদলাতে হত। তাই সেই সময় নির্বচন হয়েছে। সেই নির্বাচন ২/৩ হাজার লোক মারা গেছে। ২%, ৩% ভোট দিয়েছে। সে যাই হোক, সরকার আসার পরে ওরা খানিকটা ব্যবস্থা করেছিল, যাতে মারামারি, কাটাকাটি না হয় তার ব্যবস্থা করেছিল। তারপর যা হয় হবে। ঠিক সেইসময় ওদের ডেকে নিয়ে গিয়ে হিরো করে দেওয়া হল। আমরা তাই এই প্রস্তাবে বলেছি যে, এটা শুধু বাঙালীর ব্যাপার নয়। বাঙালী হবে কেন? দণ্ডকারণ্য থেকে ১ লক্ষ ২০ হাজার বাঙালী এসেছিল। অন্যায়ভাবে তারা এখানে এসেছিল, আসবার কোন প্রয়োজন

ছিল না। উসকে টুসকে তাদের এখানে নিয়ে আসা হয়েছে। আর তখন যিনি প্রধানমন্ত্রী ছিলেন সৌভাগ্যবশতঃ তিনি আমার সঙ্গে একমত হলেন যে, ওরা কেন এসেছে, গরু, ছাগল, বাড়ী ইত্যাদি যার যতটুকু আছে সব বিক্রী করে দিয়ে - দণ্ডকারণ্যে ওদের প্রতি ভাল ব্যবহার করা হয়নি কিন্তু আমি এখানে কি করব? আপনাদের সরকার যদি থাকতো তাহলে আপনারা কি করতেন? এটা কি সম্ভব? ১ লক্ষ ২০ হাজার লোককে কি দেখতে পারি? এটা কখনও হতে পারে না। তাহলেতো এখানকার লোকদের সঙ্গে মারপিট লেগে যেত। এটা বাঙালীর প্রশ্ন বলতে পারছি না, এটা সর্বভারতীয় প্রশ্ন। It is a national question, question of the right of Indian Citizens, particularly after the constitution was framed. আমরা সাউথ আফ্রিকার কথা বলছি, তাদের অধিকারের কথা বলছি, আমরা তামিলদের কথা বলছি, সিংহলিয়ানদের কথা - আর এই কথাগুলি আমরা বলব না? ন্যায্য কথা বলতেই হবে।

[5.10 to 5.20 p.m.]

এটা হতে পারে তারজন্য আমরা হয়ত কিছু লোকের ভোট পাব না। কিন্তু ভোটটাই কি সব? এই ভোটব্যাঙ্ক রক্ষা করতে গিয়েই তো কংগ্রেস দেশের সর্বনাশ করছে। জমিদারী জোতদারী উঠছে না। তারা বিচ্ছিন্নতাবাদ আন্দোলনকে মদত দিচ্ছে। তারপর যখন আর সামলাতে পারে না তখন বিরোধীপক্ষকে বলেন-আপনারা আসুন, দেশের ঐক্য ইত্যাদি ইত্যাদি। আমি একটা বিবৃতিতে বলেছিলাম যাঁরা ওখানে থাকবেন তাঁদের রক্ষণাবেক্ষণ করতে হবে। কিন্তু কার কাছে আবেদন করব? জনগণ ছাড়া আর কারুর কাছে তো আবেদন করতে পারব না। সেখানে অনেক ভাষাভাষির লোক আছে, বাঙালী আছে, নেপালী আছে, অন্যান্য ভাষাভাষির লোক আছে, তাদের সকলকে আমরা একথা বলেছি। ওখানে যারা সংখ্যালঘু এবং সংখ্যাগরিষ্ঠ তারা প্রায় সমান সমান। আমরা বলছি সদ্ভাব দিয়ে ওখানে থাকতে হবে এবং একটা বিচ্ছিন্নতাবাদের আন্দোলনের ফলে যে বৈরিতা, তিক্ততা সৃষ্টি হয়েছে তা থেকে মানুষকে ফিরিয়ে আনতে হবে এটা শুধু বাঙালীর প্রশ্ন নয়। শ্যামল বলেছে ওখানে আমাদের ৪০ জন সমর্থক মারা গেছে। ৩/৪ জন বাদ দিলে তারা সকলে আসামের লোক) অসমীয়া ভাষাভাষী। তাঁরা বলেছেন আমাদের দেশের ঐতিহ্য হল, তারা ইউনিভারসিটিতে ছিল, গ্রামে ছিল অন্যান্য জায়গায় ছিল তাদের অপরাধ বিভিন্নতার মধ্যে ঐক্য একের মধ্যে থাকতে একসঙ্গে, তবে ভবিষ্যতে যাতে দলে দলে লোক আসামে না আসে সেটা দেখতে হবে। সেটা কেন্দ্রীয় সরকার দেখবেন এবং আমরাও দেখব। আমরা তো বলেছি দেওয়াল করে দিন, বেড়া দিন - আসা বন্ধ করতে হবে। কিন্তু ওখানে যারা সংগ্রাম করছে তারা বলছে যাঁরা থাকবেন তাঁদের অসমীয় হয়ে যেতে হবে। এ রকম কথা কি কখনও শুনেছেন, ইতিহাসে পড়েছেন? আমি কি বলতে পারি পশ্চিমবাংলায় যাঁরা থাকবেন তাঁদের বাংলা ভাষাভাষি হতে হবে, বাঙালী হতে হবে, বাঙালীর সংস্কৃতি মেনে নিতে হবে? ঐ রকম মনোভাব নিয়ে যারা কথা বলে তাদের সঙ্গেই চুক্তি করা হয়েছে এবং সেইজন্যই আমরা এর বিরোধিতা করছি। এখন প্রশ্ন হল ১৯৭১ সালের আইনে যারা এসেছে এবং ওখানে থেকে যাবে তাদের কি হবে? তারপর বলা হয়েছে মুখ্যমন্ত্রী নাকি আশঙ্কা প্রকাশ করেছেন পশ্চিমবাংলায় কিছু লোক চলে আসবে। আমি কোনদিন একথা বলিনি। তাদের যদি যেতেই হয় তাহলে তারা দিল্লী যাবে। আমি ঐ ধরণের কথা একবারও বলিনি সেখানে যারা অন্য ভাষাভাষির লোক আছে তাঁদের ওখানে মাটি কামড়ে পড়ে থাকতে হবে নিজেদের অধিকার প্রতিষ্ঠিত করতে হবে - কোথায় তাঁরা ঘুরে ঘুরে বেড়াবেন। আমরা জানি অসংখ্য সমর্থক পাব আসামে এবং তাঁরা বুঝতে পারবেন এটা ঠিক জিনিষ হচ্ছে না। কিন্তু এর ঢেউ ভারতবর্ষের অন্য জায়গায় গিয়ে লাগবে, বিচ্ছিন্নতাবাদ মাথাচাড়া দেবে এবং তাদের আন্দোলনকে জোরদার করা হবে। মনে করবেন না সাম্রাজ্যবাদী শক্তি এতে পরাজিত হল। তারা এরমধ্যে দিয়ে ফায়দা ওঠাবার সুযোগ নেবে যা তারা পাঞ্জাবে করেছে। এরকম একটা ভয়ঙ্কর ব্যাপার ভারতবর্ষে হয়ে গেল কাজেই এটা একটু ভালভাবে বুঝতে হবে। আমরা আমাদের প্রস্তাবে বলেছি কিছু কিছু শক্তি আছে যারা একে বিপথে পরিচালিত করতে যাচ্ছে, নানারকম শ্লোগান উঠেছে। তবে পশ্চিমবাংলায় আমি এটা হতে দেব না এবং আশা করি কংগ্রেস এই ব্যাপারে আমাদের সঙ্গে থাকবেন। আমি গর্বের সঙ্গে বলতে পারি কয়েক বছর আগে যখন আসামে বিরাট আন্দোলন চলছে তখন একটা সাংস্কৃতিক প্রতিনিধিদল আসাম থেকে আমাদের এখানে এসেছিল, একটা ফুটবল টীমও এসেছিল। কত সমাদর তারা পেয়েছে, কত সম্মান তারা পেয়েছিল। ভাই, বন্ধুর মত আমরা তাদের রেখেছি এবং সাধারণ মানুষের মত বিভিন্ন জায়গায় আমরা তাদের রেখেছি। তারা এখান থেকে জয়ধ্বনি দিতে দিতে আসামে ফিরে গেছে। এই হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গের ঐতিহ্য। সে জন্য আমি শুধু বামপন্থীদের কথা বলছি না, আমাদের সকলেরই কথা বলছি যে আমাদের খুব সাবধানতা অবলম্বন করতে হবে। কারণ ওস্কাবার লোকের অভাব নেই। এরা মুষ্টিমেয় হতে পারে এবং টাকা-পয়সা নানা জায়গা থেকে পেতে পারে, কিন্তু এই জিনিস আমরা এখানে হতে দেব না। সে জন্য একথা বলতে চাই যে নতুন পরিস্থিতি যেটা হয়েছে, সেখানে আমরা আবেদন করেছি In the new situation, it appeals to all the people of Assam irrespective of their language and religion to re-farge and streighten fraternal bonds on the basis of democracy, equality and respect for each other for the greater good of Assam and the whole of India. এর জন্য আমরা আবেদন করেছি। এর বেশী এখানে আমরা আর কি করতে পারি? আমরা বামপন্থীরা যে প্রস্তাব নিয়েছিলাম তাতেও আমরা বলেছি। আমি জানিনা কংগ্রেসের প্রস্তাবে কেন এটা বলা হয়েছে যে ডিষ্টর্টেড ইণ্টারপ্রিটেশান অব দি ভ্যারিয়াস প্রভিশান অব সেটেলমেণ্ট। কোনটা ডিষ্টর্টেড করেছি? ডিস্টর্টেড তো কিছু নেই। আপনাদের আইন মন্ত্রী, আপনাদের লীডার সকলের সঙ্গে আলোচনা করেছি। ডিস্টর্ট করতে যাব কেন? ডিস্টর্ট করবার আগেই তো সর্বনাশ হয়ে গেল। আবার ডিস্টর্ট করতে হবে? ডিস্টর্ট আমরা কখনই করবো না। তারপরে বলা হয়েছে, একটা সোবার এ্যাণ্ড হিউম্যান এ্যাপ্রোচ নিতে। আমি জানিনা ৬ লক্ষ, ৮ লক্ষ কত লক্ষ লোক ভোটার অধিকার থেকে বঞ্চিত হবে। ১৯৭১ সালের পরে কত লক্ষ ছেলেমেয়ে তাদের পিতা মাতার কাছ থেকে সরিয়ে নিয়ে এখানে রেখে তাদের ভাগিয়ে দেওয়া হবে সেটা আমি জানিনা। এটা ঠিকই যে হিউম্যান এ্যাপ্রোচ দরকার। কিন্তু কংগ্রেসের যে সব বক্তব্য শুনলাম এতে কোন হিউম্যান এ্যাপ্রোচ আছে? ওরাতো ভয়ে

তটস্থ হচ্ছেন। দিল্লী থেকে কি বলবে, কংগ্রেস থেকে তাড়িয়ে দেবে, না কি করবে, কারণ রাজীব গান্ধী এই চুক্তি করেছে। এমন কতকগুলি বিষয় আছে সেখানে পার্টির নির্দেশ নিশ্চয়ই শুনতে হবে। কিন্তু বশংবদ হলে চলবে না। এমন কতকগুলি বিষয় আছে, এমন কতকগুলি ঘটনা হয় যেখানে গোটা জাতির স্বার্থ জড়িত থাকে সেখানে সত্য কথা বলতে হবে, মানবিক দৃষ্টিভঙ্গী থেকে বলতে হবে, [illegible] দৃষ্টিভঙ্গী থেকে গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী থেকে বলতে হবে। আমাদের প্রস্তাবে সেই ভাবে বলা হয়েছে। আমরা সেই ভাবে আমাদের বক্তব্য এখানে রেখেছি। শেষ করার আগে আমি একটা কথা বলতে চাই। আমরা ওখানে কি দেখছি? আমি জিজ্ঞাসা করেছিলাম যে কোন লিষ্টের উপরে ভিত্তি করে ভোট হবে? আর ভোট যখন হয় তখন আপনারা কি জিজ্ঞাসা করেন কাউকে যে আপনার নাগরিকত্ব আছে কি না? কেউ কোনদিন করেনা। এই বিষয়ে কতগুলি নিয়ম আছে, কাগজপত্র দেখতে হয়, তার নাম আগে ছিল কিনা এইসব দেখতে হয়। তা না করে যে জিনিষ করা হয়েছে, সেটা ভারতবর্ষের কোথাও হয়েছে? প্রশাসনের একটা বিরাট অংশ পুলিশসহ যারা এই আন্দোলনকারীদের সমর্থন করেছিল তাদের হাতে ইলেক্টোরাল রোল তৈরী করার অধিকার দেওয়া হয়েছে। আমি দেখেছি, আমাকে একজন দেখিয়েছেন এতে কত বাদ যাবে আমি জানিনা। কিন্তু বাঙালী নাম দেখলেই বাদ পড়ে গেছে পাতার পর পাতা। ১৫ জন লোকের নাম থাকলে ৫০ হাজার লোকের নামে অবজেকসান দিয়েছে। আর সেই ১৫ জন লোককে এ্যাপীয়ারও হতে হচ্ছে না। আমরা দেখেছি একটা টীম দিল্লী থেকে ইলেকশান কমিশনের কাছ থেকে গেছে, তারা কি রিপোর্ট দেবেন আমি জানিনা। কিন্তু ইলেকটোরাল রোলটা ঠিক হচ্ছে না। সে জন্য মানুষ সেখানে শঙ্কিত হচ্ছে। আর কেন শঙ্কিত হচ্ছেন? নিজেদের ঘরবাড়ী ছেড়ে, অধিকার ছেড়ে তারা চলে আসবেন এটা কারো পক্ষে উচিত নয়। কাজেই ওখানে যে গণতান্ত্রিক শক্তিগুলি আছে তাদের সকলের ঐক্যবদ্ধ হওয়া উচিত। আমি এই কথাগুলি তুলতে চাচ্ছিলাম না। কিন্তু এগুলি যখন উঠেছে – আমি কোনদিন কাউকে এখানে চলে আসতে বলিনি। কিন্তু কথা হচ্ছে ঐ আগে যেটার নাম দেওয়া হয়েছে বাঙালী খেদাও আন্দোলন, সেটার এখন নাম দেওয়া হয়েছে, কিছু সর্বভারতীয় সমর্থন পাবার জন্য, ফরেনার অর্থৎ বিদেশী। আমরা যদি মেনেই নেই ১৯৭১ সালের মার্চের পরে বিদেশী বলে স্বীকার করতে, কিন্তু বাকীটা মেনে নিন, একসঙ্গে থাকুন। এইভাবেই তো আমাদের ভারতবর্ষে বিভিন্নতার মধ্যে ঐক্য গড়ে উঠেছে। তারপরে অন্যান্য অর্থনৈতিক যে সব ব্যাপার আছে সেগুলি আলাদা কথা। আমি তার মধ্যে এখন যেতে চাইনা। সে জন্য আমি বলবো যে আশংকার যথেষ্ট কারণ আছে। এদের শুধু একটা অধিকার নয়, আরো অনেক অধিকার যাবে যদি না সমস্ত ভারতবর্ষের দিকে নজর রাখা যায়। আর যদি শুধু বাংলা ভাষাভাষীর কথা বলেন – আমরা তো আন্দোলন করেছি, সিলোনে ঐ তামিলদের জন্য, সাউথ আফ্রিকার জন্য আন্দোলন করেছি।

[5.20 to 5.30 p.m.]

আমরা যখন লণ্ডনে যাই, আমাদের কতকগুলো সংগঠন আছে, তারা এসে আমাদের কাছে হাজির হয়, বলেন, থ্যাচার যে সমস্ত আইন করছেন –আমরা ২০ বছর, ৩০ বছর এখানে কাজ করছি, ওদের হেল্থ সার্ভিস যেটা চলে, ফর্টি ফাইভ পার্সেন্ট এসিয়ান্স, পাকিস্তানী, বাংলাদেশী, ইণ্ডিয়ানস সেখানে কাজ করেন এবং তাদের মধ্যে ডাক্তার থেকে সকলের বিপদ সৃষ্টি করে দিচ্ছে নূতন আইনে। আমরা তাদের জন্য লড়াই করি, তাদের অনেকের ইণ্ডিয়ান সিটিজেনশিপ আছে, আবার অনেকে ওদের সিটিজেনশিপ নিয়েছে। এইসব আক্রমণ হচ্ছে সেখানে। সেই জন্য আমরা আমাদের প্রতিবেশী যখন এবং আমরা মনে করি যে ভবিষ্যত এত কিছু অন্ধকার নয়, কারণ এই বিপদের মধ্যেও ওরা যদি ঐক্যবদ্ধ হয়ে প্রতিষ্টিত হবার জন্য দাঁড়ান এবং ভারতবর্ষের সমস্ত গণতন্ত্রপ্রিয় মানুষের যদি সমর্থন পান, আমার ধারণা যে এই অন্ধকার কেটে যাবে। আমার ধারণা, আমাদের যা ঐতিহ্য সেটাকে বজায় রেখে ঐক্যবদ্ধভাবে বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে আমরা দাঁড়াতে পারবো। এই কথা বলে এই প্রস্তাবকে আর একবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sixtyninth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the sixtyninth Report of the Business Abvisory Committee, which at its meeting held in my Chamber today, recommended the revised programme of business for the 16th September, 1985 and Programme of Business for the 17th September. 1985.

Monday. 16.9.85 (i) The West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 1985 (Introduction. Consideration and Passing) - 1 hour.

(ii) The Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking Over of Management and Subsequent Acquisition) Bill, 1985 (Introduction, Consideration and Passing) – 1 hour.

(iii) The West Bengal Primary Education (Amendment) Bill, 1985 (Introduction, Consideration and Passing) 1/2 hour.

Tuesday, 17.9.85 (i) The West Bengal Public Libraries (Amendment) Bill, 1985 (Introduction). Consideration and Passing) –1 hour.

(ii) a. The Infusions (India) Limited (Acquisition of Shares) Bill, 1985 (Introduction)

b. Discussion on Staturoty Resolution – Notice given by Shri Kashinath Misra.

c. The Infusion (India) Limited (Acquisition of Shares) Bill, 1985 (Consideration and Passing) – 1 Hour.

(iii) The Code of Criminal Procedure (West Bengal Third Amendment) Bill, 1985 (Introduction, Consideration and Passing)– 1 hour.

(iv) The Official Trustees (West Bengal Amendment) Bill, 1985 (Introduction. Consideration and Passing) - 1hour.

I now request the Minister-in-Charge of Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

Shri Patit Paban Pathak : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য্য উপদেষ্টা কমিটির ৬৯ তম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য আমি সভায় উত্থাপন করছি।

Mr. Speaker : This item of business is to be finished at 5.35 আশা করি সকলের মত আছে। এটা গৃহীত হলো। এই রেজলিউশনটার জন্য যে সময় ধার্য্য করা হয়েছে, তার মধ্যে এটা শেষ হবে না। সেই জন্য আমি হাউসের কাছে অনুমতি নিয়ে এক ঘণ্টা সময় বাড়ালাম, আশাকরি সকলের এই বিষয়ে মত আছে।

শ্রী শ্যামল চক্রবর্ত্তী : মিঃ স্পীকার স্যার, আমার সময় অল্প, আর দীর্ঘ আলোচনা হয়েছে; স্বভাবতই আমি খুব সংক্ষিপ্ত সময়ের মধ্যে দু'একটি কথা বলতে চাই। আমি বিরোধী সদস্য মাননীয় শ্রী জয়নাল আবেদিন এবং মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে প্রস্তাব উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করছি। আমাদের বিরোধী বন্ধুরা যে কথা বলেছেন, প্রথমে আমি মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয়, তাঁকে ধন্যবাদ জানাচ্ছি – কারণ আমি যে মৌলিক কথা এখানে উপস্থিত করেছিলাম প্রথমে, যে এই চুক্তি হলো পুরানো প্রতিশ্রুতি ভঙ্গ এবং সংবিধানের মৌলিক অধিকার বিরোধী। তার প্রতিবাদ, তার বিরোধিতা যুক্তিসঙ্গতভাবে আমাদের বিরোধী সদস্যরা কোন প্রমাণ উপস্থিত করতে পারেননি। সত্য বাপুলি মহাশয় বরঞ্চ একটা নূতন সংযোজন করেছেন। ১৯৬০ সালে এই বিধানসভার একটি আলোচনার রেফারেন্স দিয়ে তিনি বলেছেন যে এমন কি তৎকালীন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়, তিনিও প্রতিশ্রুতি দিয়েছিলেন যে Constitution must be safeguarded. কিন্তু এখানে দেখা যাচ্ছে ডাঃ বিধানচন্দ্র রায়ের সেই প্রতিশ্রুতি এখানে ভঙ্গ করা হচ্ছে। বাপুলি মহাশয় আরও বলেছেন যে একজন বাঙালীও যদি আসে তাহলে কংগ্রেস নাকি দলবদ্ধভাবে তার প্রতিরোধ করবে। এটা কি শুধু মুখের কথা? কারণ ১১ হাজার উদ্বাস্তু এখনও পর্যন্ত আসাম থেকে এসে পশ্চিমবাংলায় আছেন এবং গত কয়েক বছর ধরে তারা রয়েছেন। কংগ্রেস পক্ষকে এই কথা বলতে শুনিনি, এই সম্পর্কে প্রধানমন্ত্রীর কাছে চাপ দেওয়া, আন্দোলন করা, সংগ্রাম করা, আবেদন করা এবং তাদের সমস্ত দায় দায়িত্ব গ্রহণ করা, সেই ব্যাপারে আমরা কোন উদ্যোগ দেখিনি। বরঞ্চ সমস্ত দায়িত্ব আমাদের পশ্চিমবঙ্গ সরকারের উপর এসে পড়েছে।

এই চুক্তি কিভাবে বিচ্ছিন্নতাবাদকে প্ররোচিত করছে সেটাই আমি শুধু এখানে উল্লেখ করছি। ত্রিপুরায় টি. এন. ভি. দাবী করছে ১৯৪৯ সালকে ভিত্তিবর্ষ করা হোক এবং সেভাবে আন্দোলন সংগঠিত করবার চেষ্টা করছে। সুতরাং এই চুক্তি একটা বিপদজনক প্ররোচনামূলক চুক্তি।

মাননীয় সদস্য মান্নান সাহেব বললেন, "বিরোধীদের কোনো পজিটিভ্ প্রস্তাব ছিল না।" মান্নান সাহেব জানেন না, আমি তাঁর অবগতির জন্য জানাতে চাই যে, হোম সেক্রেটারীর সার্কুলারের পরে অন্তত আমাদের পার্টির পক্ষ থেকে পরিস্কার প্রস্তাব দেওয়া হয়েছিল, "১৯৭১ সালকে ভিত্তিবর্ষ হিসাবে ধরা হোক।" কাজেই আমি এখানে আমাদের বিরোধী পক্ষের সদস্যদের বলছি, যদি তাঁদের সাহস থাকে, হিম্মত থাকে তাহলে একটা ব্যাপারে তাঁরা অন্তত বলুন যে, আমাদের দেশে একজন ভদ্রমহিলা আছেন, ১৯৬৫ সালের পর তাঁর বিবাহ হয়েছে, তিনি ভারতবর্ষে এসেছেন ১৯৬৬ সালের পরে, সুতরাং ১৯৬৬ সালের পরে ভারতবর্ষে এসেও যদি তাঁর নাগরিকত্ব থাকতে পারে, তাহলে আসামের এই সব ১০ লক্ষ মানুষের অপরাধ কি? আমাদের বিরোধী সদস্যদের কি ক্ষমতা আছে ভারতবর্ষের প্রধান মন্ত্রীর কাছে একথা বলার যে, যেমন করে এক কলমের খোঁচায় আসামের লোকেদের নাগরিকত্ব কেড়ে নেওয়া হচ্ছে তেমন করে ঐ ভদ্রমহিলার *** নাগরিকত্ব কেড়ে নেওয়া হোক। আমি জানি এ কথা বলার সাহস ওদের নেই। কারণ ওদের প্রধানমন্ত্রী যা বলবেন, ওঁদের নেতা যা বলবেন, ওঁদের দলীয় সংগঠনের সভাপতি যা বলবেন তাই সুবোধ বালকের মত ওঁদের মেনে নিতে হবে। ওঁদের অবস্থাটা আমি আমাদের বাংলাদেশের একটা প্রাচীন কবিতার দু'টি লাইন উদ্ধৃতি দিয়ে বুঝিয়ে আমার বক্তব্য শেষ করছি –

"যদ্যপি গুরু আমার
শুঁড়ি বাড়ি যায়
তদ্যপি গুরু আমার
নিত্যানন্দ রায়।"

ধন্যবাদ

Note : * * * Expunged as ordered by the Chair.

মিঃ স্পীকার : শ্রী শ্যামল চক্রবর্তীর বক্তৃতার মধ্যে থেকে শ্রীমতী সোনিয়া গান্ধীর নামটা বাদ যাবে।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আসাম অ্যাকর্ড এর উপর আমি যে প্রস্তাব উত্থাপন করেছি সে প্রস্তাবের সমর্থনে আমার রাইট অফ রিপ্লাই রাখছি এবং আসাম অ্যাকর্ড-এর উপরে শ্রী শ্যামল চক্রবর্তী ও শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয় যে প্রস্তাব দু'টি উত্থাপন করেছেন সে দু'টির আমি বিরোধিতা করছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন অত্যন্ত বেদনার মধ্যে, অত্যন্ত যন্ত্রণার মধ্যে দিয়ে দেশ ভাগ হয়েছিল। একটা দুর্ভাগ্যজনক পরিস্থিতির মধ্যে ভারতবর্ষকে দু'ভাগ করা হয়েছিল। সেদিন যারা দেশ বিভাজনের দাবী করেছিল তাদের সি. পি. এম.-সি. পি. আই. সমর্থন করেছিল। কি যন্ত্রণায় ভারতবর্ষকে ভাগ করতে হয়েছিল তা আজ প্রমাণিত সত্য। সে ইতিহাস কি আজকে জ্যোতিবাবু অস্বীকার করত পারেন? তাঁরা যে ভারত ভাগ তথা বাংলা ভাগকে সমর্থন করেছিলেন, সেকথা কি আজকে তাঁরা অস্বীকার করতে পারেন? জ্যোতিবাবু, বাংলার মন্বন্তর সৃষ্টিতে বৃটিশের সংগে আপনারা হাত মিলিয়েছিলেন, সে কথা কি আজকে অস্বীকার করতে পারেন? এ কথা কি আপনারা অস্বীকার করতে পারেন যে, কুইট ইণ্ডিয়া মুভমেন্ট যাতে ফ্রাস্ট্রেটেড হয়, গান্ধীজীর 'করেঙ্গে ইয়া মরেঙ্গে' যাতে ব্যর্থ হয় তার জন্য আপনাদের দলের পি. সি. যোশী হাত মিলিয়েছিলেন সেক্রেটারী অফ স্টেটের সংগে?

সুতরাং দেশ বিভাগজনিত যে সমস্যা এই সমস্যা জ্যোতি বাবুর পূর্বপুরুষদের সৃষ্টি, সি. পি. এম.-এর সৃষ্টি, যারা মার্কসবাদের কথা বলে তাদের সৃষ্টি। এর ফল কি হয়েছে?

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা দেখছি স্বাধীনতার পর প্রতি ১০ বছর অন্তর অন্তর আসামে একটা করে গোলমাল বেধেই আছে। তবে আমরা আরো দেখছি যে, আমাদের যে সেনস্যাস্- লোকগুমারি বা আদমগুমারি - হয় তার রিপোর্ট বলছে, আসামের লোকসংখ্যা ভরতের অন্যান্য প্রান্তের চেয়ে প্রতিবারই অধিক বেড়েছে। যার ফলে আসামে বার বার দাঙ্গা হয়েছে। ১৯৬০ সালে যখন এই বিধানসভায় জ্যোতিবাবু বিরোধী দলের নেতা ছিলেন তখনও সে জিনিস ওখানে হয়েছিল এবং তা নিয়ে এখানে আলোচনা হয়েছিল।

[5.30 to 5.40 p.m.]

আজকে আমি জিজ্ঞাসা করি, মাননীয় জ্যোতিবাবু যখন বিরোধী দলে নেতা ছিলেন তখন ডাঃ বিধান চন্দ্র রায় যে কোন প্রস্তাব দিতেন বিরোধী দলকে সঙ্গে নিয়ে। আর আজকে কি অবস্থায় এসে দাঁড়িয়েছে? সেইজন্য ডাঃ বিধানচন্দ্র রায় ওয়াজ হেস্ড এ্যাজ এ নোবেল লিডার এভরিহোয়ার। আর আজকে এই আসাম চুক্তি নিয়ে জ্যোতিবাবু যে ভূমিকা গ্রহণ করেছেন তার ফলে অসমীয়ারা তাঁর মাথা কেটে নিতে চাইছেন। সেইজন্য জ্যোতিবাবু ন্যাশনাল লিডারের মর্যাদা পাননি। আজকে জ্যোতিবাবু কি অস্বীকার করতে পারেন এই আসাম আন্দোলন নিয়ে তিনি কনসাল্টেড হননি কেন্দ্রীয় সরকারের দ্বারা? আজকে রাজীব গান্ধীর নেতৃত্বে যে য়্যাকর্ড স্বীকৃত হয়েছে এর বিকল্প প্রস্তাব জ্যোতিবাবু কিম্বা আর কোন ন্যাশনাল লিডার দিতে পারেননি। সুতারাং এর বিকল্প কি ছিল তা আমি সরাসরি জিজ্ঞাসা করি - এই প্রস্তাবের বিকল্প কি? যে য়্যাকর্ডে রিচ করা হয়েছে তার বিকল্প এই বিধানসভায় আপনারা বলতে পারলেন না তাহলে কি আসাম জ্বলবে? আসাম কি ভারতের অঙ্গ নয়? আসাম জ্বললে বাংলা ভাষাভাষী মানুষেরাও জ্বলে - এটাই সম্ভাব্য ঘটনা। এর বিকল্প ছিল না বলে We Congratulate the Prime Minister for reaching at an accords which has been accepted by all.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জ্যোতিবাবু ভোটের কথা বলেছেন। আপনারা করপোরেশনের ভোট করলেন। ১৮ বছর বয়স থেকে ভোটের অধিকার দিলেন। স্বভাবতঃ ৩৭ লক্ষ যেখানে ভোটারের সংখ্যা হওয়া উচিৎ সেখানে সেটা কমিয়ে ২০ লক্ষ থেকে ২৩ লক্ষ হয়ে গেল কিভাবে? সুতরাং এইভাবে আপনারা আরবিট্রারিলি ভোটারের সংখ্যা কমিয়ে দিলেন। এইভাবে আপনারা ছেলেখেলা করলেন আর আসামের বেলায় বলছেন সাম মেশিনারী অপারেটস দেয়ার - এইকথা কি করে আপনারা বলতে পারছেন? আপনাদের লজ্জা পাওয়া উচিৎ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথম কথা হচ্ছে আসাম চুক্তির ব্যাপারে কোন জাতীয় দলের কোন নেতা বিকল্প প্রস্তাব দিতে পারেননি। এই চুক্তিতে কোথাও বলা হয়নি কাউকে ডিপোরটেসন করা হবে। এই চুক্তিতে ডিপোর্টেসানের কোন উল্লেখ নেই। এটা একটা শক্তিশালি চুক্তি। আপনারা কেন ভাবলেন ১৯৭১ সালকে ভিত্তি করে এই ভোট হবে? অর্থাৎ যাদের ভোটের অধিকার ১০ বছর পর গৃহীত হবে তারা আজকে ভোটে অংশগ্রহণ করতে পারবেন না। কারণ, The Development subsequently depends upon the Complesion and Character and the ideology of the Government that will be installed after the election in Assam. আজকে এটা উপেক্ষা করতে পারেন না। মাননীয় জ্যোতি বসু মহাশয় একজন বিজ্ঞ রাজনীতিবিদ। অসময়োচিত প্রস্তাবকে এই বিধানসভা গরম করার জন্য আনা হয়েছে। রাজনৈতিক মুনাফা আদায় করার জন্য এই প্রস্তাব উত্থাপন করা হয়েছে। তাই আমি বাধ্য হয়ে এই বিকল্প প্রস্তাব এনেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার কাছে নিবেদন করতে চাইছি মাননীয় জ্যোতি বসু মহাশয় যে বলেছেন এখানে উদ্বাস্তু এসেছে ১১ হাজার। উদ্বাস্তু এখান থেকে ২৯ হাজার ফেরত গেছে। এই ১১ হাজার বিভিন্ন জীবিকায় নিজেদের জড়িত করে রেখেছে, গভর্ণমেন্টের ডোল পাচ্ছে এখানে থাকতে চাইছে। আমরা নিজে গিয়ে তাদের সংগে কথা বলেছি। তারা এখান থেকে যেতে চাইছে না। জ্যোতিবাবু ১৫ই আগষ্ট এই চুক্তি স্বাক্ষরিত হয়েছে, টু ডে ইট ইজ থার্টিনথ্ অফ সেপ্টেম্বর, আপনি বলতে পারেন একজনও ওপার থেকে এপারে বিতাড়িত হয়ে এসেছে? অত্যাচারিত হয়েছে? না, বরং শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। আজকে শইকিয়া সাহেব এই শুভ বুদ্ধি উত্থাপন করতে পেরেছেন বলে আজকে আসাম শান্ত। আপনি কি চাইছেন? রাজনীতির

মুনাফা লোটবার জন্য ওখানে আগুন জ্বলতে থাকুক, আগুন জ্বলেনি বলে আপনার ক্ষোভ। আজকে আসাম শান্ত। ভারতের এক প্রান্তে আগুন জ্বললে অন্য প্রান্তে আগুন জ্বলে এটা স্বাভাবিক কথা। আজকে এ্যাকর্ড রিচড হয়েছে, তাতে আসামের দাবানল স্তব্ধ হয়েছে। পরিবর্তীকালে যে সরকার আসবে তাদের কার্য্যকলাপের উপরে এই জ্যোতিবাবুদের মত দল এই ষড়যন্ত্রে কতখানি উসকানি দেয় তার উপরে নির্ভর করবে। সুতরাং এটা প্রস্তাব নয়, এটা একটা ষড়যন্ত্র।

একটা উসকানি, প্ররোচনা। আজকে আমরা এই ষড়যন্ত্রকে ধিক্কার দিচ্ছি। ভারতের প্রধানমন্ত্রী তাঁর স্বল্পকালীন কার্য্যকালে একদিকে পাঞ্জাবকে শান্ত করেছেন, পাঞ্জাব এ্যাকর্ড একসেপটেবল টু অল, পরবর্তীকালে আসামকে শান্ত করেছে। Assam accord acceptable to minimum all except those who are the opportunists, who are politically motivated. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের এই অপরাচুনিষ্ট – [illegible]। অপারচুনিষ্ট সি. পি. এম. - এর উদ্দেশ্যটা কি? আপনি জানেন ওরা একমাত্র ত্রিপুরায় সাকসেসফুল হয়েছে আর কোথাও সাকসেসফুল হতে পারে নি। এদের সমস্ত ষড়যন্ত্র এবং কৌশল হচ্ছে কাছাড়কে যাতে আলাদা করতে পারে। আপনি দেখেছেন যে শিলচরে ধর্মঘট করে দিল, ১০০ জন আহত, নিহত হল। কাছাড়কে যদি আলাদা করতে না পারে তাহলে সি. পি. এম. গভর্ণমেণ্ট কোথাও জায়গা পায় না। এটা সর্বসম্মত, যে নির্বাচন হল তাতে কংগ্রেস ৪০২ টি আসন পেয়েছে রাজীব গান্ধীর নেতৃত্বে। জ্যোতিবাবুর দল ২৯ থেকে নেমে এসে ১৬টি পেয়েছে, অস্বীকার করতে পারেন? কংগ্রেস ৪ থেকে বাড়িয়ে ১৬টি আসন পেয়েছে। আজকে ভারতবর্ষের পটভূমিকা আইসোলেটেড হয়েছে আজকে সেজন্য কাছাড়ে মুনাফা লুঠতে যাচ্ছেন, কাছাড়কে আসাম থেকে আইসোলেটেড করতে চাইছেন এদের বিভিন্ন ষড়যন্ত্রের মাধ্যমে। যাতে আর একটা ত্রিপুরা করতে পারেন তার জন্য চেষ্টা করছেন। কিন্তু সে গুড়ে বালি জ্যোতিবাবু, আজকে দেশের মানুষ জাগ্রত, এটা জেনে রাখুন। আজকে কাট অফ ইয়ার ৬৬ কেন করা হল? আজকে ক্যালকাটা সিটিতে ভোটার কমিয়ে ৩৭ লাখের জায়গায় ২৩ লাখ করেছেন, আজকে কাট অফ ইয়ার ৭১ থেকে ৬৬ কেন করা হল? আজকে আপনি কোন যুক্তি না করে কাট অফ ইয়ার কোথায় নিয়ে এসেছেন? আজকে ক্যালকাটা সিটির ভোটার সংখ্যা ৩৭ লাখ ছিল ২৩ লাখ করেছেন কোন যুক্তিতে? আজকে আশুর সংগে চুক্তি করে কেন্দ্রীয় সরকার কোন অন্যায় করেছেন বলে মনে করি না কারণ এ ছাড়া কোন বিকল্প ছিল না বলেই এটা করা হয়েছে।

[5.40 to 5.50 p.m.]

তারপর উনি ভোটার লিস্ট সম্বন্ধে যে ব্যাখ্যা দিয়েছেন সেটা অপব্যাখ্যা ছাড়া কি? আমরাতো সব অধিকারই সেখানে ভোগ করতে পারবো। সামনের নির্বাচনেও আমরা সেখানে ভোট দিতে পারবো। সেখানে কাট অফ ইয়ার ১৯৬৬ ধরা হলেও ১৯৭১-এর ভোটার লিস্ট ধরে সেখানে ভোট দিতে পারবো।

আজকে সেখানে নাগরিক অধিকার থাকবেনা বলে ডিসটোরেশন করছেন। ডিসটোরেশন করছেন বলে আপনাদের নিন্দা করছি। আপনারা এইভাবে ডিসটোরটেড ভারশন দিয়ে আসামের লোকদের প্ররোচিত করবেন না। অতীতে আপনারা এইভাবে অনেক সর্বনাশ করেছেন। আমাদের দেশ ভাগ হবার জন্যও আপনারাই দায়ী। আপনারাই বৃটিশের সঙ্গে ষড়যন্ত্র করে এটা করেছিলেন। আপনারা এইভাবে চিরকাল দেশদ্রোহিতা করে গেছেন। স্যার, ঐ চুক্তির ফলে হাউ মাচ্ পিপল্ উইল বি এ্যাফেকটেড? প্রস্তাবে লক্ষ লক্ষ মানুষের কথা বলা হয়েছে। কিন্তু আসলে তা নয়। কিন্তু যদি ধরেও নেওয়া যায় যে, ১৯৬৬ থেকে ১৯৭২—এই সময়ের মধ্যে ২৮ হাজার মুসলমান এবং ৬৪ হাজার হিন্দু এ্যাফেকটেড হবে, তাহলেও ইট ইজ ওনলি ৯৬.০০০। এর ফলে ২৮ হাজার মুসলমান এবং ৬৪ হাজার হিন্দু ভোটার এ্যাফেকটেড হতে পারে। ইট ইজ লেস্ দ্যান এ ল্যাখ। আজকে আমরা কোথায় গিয়ে দাঁড়িয়েছি? Sir, what is the size of Assam? Assam has s size of 78,000 square kilometres. What is the density of population in Assam? It is only 242. What is the size of West Bengal? It is 88,000 square kilometres. What is the density of population in West Bengal? It is only 640. Even that West Bengal has been able to absorbe refugees from the other side of the border. West Bengal has been able to manage the affairs barring those ten years of Jyoti Babu's rule when West Bengal is retrograding in the map of India, retrograding in the map of per capitia income, retrograding in the map of agricultural production, retrograding in the map of industeial input. জ্যোতিবাবুকে সানুনয়ে অনুরোধ করবো – oil in your own machine (নিজের চরকায় তেল দিন). Assam people will look after themselves. There is the Constitution of India to protect the rights of the people of India - those who are the genuine people of India. স্বাধীনতার প্রাক্কালে লর্ড মাউণ্ট ব্যাটেন একটি প্যাক্ট করেছিলেন। উনি ছিলেন ফার্স্ট গভর্ণর জেনারেল অফ ইণ্ডিয়া। সাবসিকোয়েণ্টলি, জহরলাল নেহেরু একটি চুক্তি করেছিলেন। সাবসিকোয়েণ্টলি মহম্মদ আলি জিন্নাও একটি চুক্তি করেছিলেন। চুক্তিতে বলা হয়েছিল – স্বাধীনতার পর নাগরিকরা আনুপাতিক হারে অন্য দেশে চলে যেতে পারবেন। বাট দিস পিরিওড ওয়াজ নট ইনডেফিনেট এবং It was limited by the time between the past signed by Shrimati Indira Gandhi and Mujibar Rahaman. আজকে দিস্ প্রসেস্ ক্যান নট্ বি। দেখছি, ভারতের অপর প্রান্তে অটোমেটিক ন্যাচারাল্ এক্সচেঞ্জ অফ পপুলেশন হয়েছে। কিন্তু ভারতের পূর্বপ্রান্তে ন্যাচারাল এক্সচেঞ্জ অফ পপুলেশন হয়নি। বাঙালীকে ডুবাবার জন্য নয়, বাঙালী সর্বত্র মাথা তুলে থাকতে পারবেন বলেই এটা হয়েছিল। আসামেও বাঙালীরা থাকতে পারবেন, যদি না আমরা ওদের প্ররোচিত করে বিপথগামী করি, যেমন করা হয়েছিল মরিচঝাঁপির উদ্বাস্তুদের ক্ষেত্রে। আপনাদেরই একজন মন্ত্রী তাদের প্ররোচিত করে পশ্চিমবাঙলায় ডেকে নিয়ে এসেছিলেন। কিন্তু পরবর্তীকালে তাঁদের সাথে কি রকম

অমানবিক আচরণ করেছিলেন সেটা সবারই জানা আছে। কিন্তু তখন তো আপনাদের নিন্দা করতে শুনিনি ঐ মন্ত্রীকে? সেইজন্য বারবার অনুরোধ করবো, আজকে ডিসটরটেড্ ভারশন্ করে, ঐ চুক্তির অপব্যাখ্যা করে রাজনৈতিক মুনাফা লুটবার জন্য আসাম রাজ্য থেকে কাছাড়কে ছিন্ন করবার কোন অপচেষ্টা করবেন না। অমল রায় মহাশয় বলেছেন যে, ইনডিপেনডেন্ট স্ট্রাগলে সাত্তার সাহেব ছিলেন না, ছিল জাতীয় কংগ্রেস। আপনারা তো সেই সময় ঘরে বসে আন্দোলন করেছেন! ভারতবর্ষের স্বাধীনতা লাভের পরবর্তী দায়িত্বভার কিন্তু বৃটিশ ইণ্ডিয়ান ন্যাশানাল কংগ্রেসের হাতেই দিয়ে গিয়েছিলেন; অমল রায়, জ্যোতি বসুর হাতে তাঁরা সেই দায়িত্ব তুলে দিয়ে যাননি। আজকে ভারতের সংবিধান তৈরী করেছেন ইণ্ডিয়ান ন্যাশানাল কংগ্রেস। জ্যোতিবাবু বা অমলবাবু – দে অয়ার নট্ ফাইটার্স, দে অয়ার নট্ স্ট্রাগেলার্স। আজকে যা কিছু হয়েছে, তা হয়েছে within the ambit of this Constitution. The main points of the Indian Constitution are two. First as Custodian of the Legislatures you are final. You are the custodian of the Legislatures. Secondly, as regards the citizens outside this House, the Supreme Court happens to be their custodian. For the final say, the Supreme Court of India is there and the people's verdict is all. জ্যোতিবাবু যে কথা বললেন যে ওঁরা নাকি হুকুম তামিল করে চলেছে। আপনাদের ক্ষয়িষ্ণু অবস্থাটার কথা চিন্তা করুন। আপনারা যদি এতো জনহিতকর কাজ করেন, মানুষের প্রতি আপনাদের এতোই দরদ তাহলে ভারতবর্ষের মানচিত্র থইতে থইতে কোথায় দাঁড়িয়েছে, আর কোথায় ছিল? You have not been even recognised as a large party in the Parliament in India. Have you been able to influence more or less two crores of people in India? no why? - because of your ideologies, because of your performance. If you have the courage, Mr. Jyoti Basu, - I through a challange to you আপনাদের অবস্থা ক্ষয়িষ্ণুতে কেন দাঁড়িয়েছে? আপনাদের যদি সৎসাহস থাকে? Let there be a poll on the issue of Assam Accord and please put your candidate and I will contest because I support the Assam Accord. Let there be a poll on this issue. I challenge you and let the poeple come forward and give their verdict. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে অনেক কথা অপ্রাসঙ্গিকভাবে তোলা হয়েছে। তার জন্য কোর্ট আছে, সোসাল ফোরাম আছে। আমি মাননীয় জ্যোতিবাবুকে বলতে চাই ভারতবর্ষে আরও ২১টি লেজিসলেটিভ এ্যাসেম্বলী আছে আদার দ্যান দিস, আপনি যে উস্কানিমূলক, প্ররোচনামূলক প্রস্তাব আপনাদের সদস্যদের দিয়ে তুলিয়েছেন আর কোন লেজিসলেটিভ এ্যাসেম্বলিতে এই প্রস্তাব তোলা হয়েছে? আপনাকে আরো জিজ্ঞাসা করতে চাই শইকিয়া একাধিকবার যেকথা বলেছেন সেটা অপব্যাখ্যা আপনি কেন করেছেন? They will be deported to West Bengal. এই কথা আদৌ বলা হয়নি। আপনি আসাম এ্যাক্ট নিয়ে একটা ফায়দা তোলার চেষ্টা করেছেন, এই ব্যাপারে আপনার ছবিও বেড়িয়েছে। No upsurge of refugees to West Bengal. সেইজন্য যত কিছু বক্তব্য এখানে রাখা হয়েছে It is hypothetical, it is absured. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরিস্কার করে বলতে চাই – বিশ্বনাথবাবু এখানে নেই থাকলে ভালো হ'ত – তাঁর পার্টির ন্যাশনাল পলিটব্যুরো যে বক্তব্য রেখেছেন আজকে বিশ্বনাথ বাবুকে তার অপব্যাখ্যা করতে শুনলাম। জ্যোতিবাবু বলেন আমরা নাকি এবং আমাদের দল নাকি দিল্লীর হুকুম তামিল করে চলে। আপনারা তো চলেন না। এর জন্য আপনারা কি কম দোষী, এটা কি অভিনন্দনযোগ্য বলে মনে করেন? দিল্লী এবং আপনাদের ইন দি আপার রিজিয়ন এক কথা বলবেন আর আপনি এক কথা বলবেন, এতে কি করে দেশের সংহতি সৃষ্টি হবে? দিল্লীতে আপনাদের দল কি বলেছেন? আপনার নিজের দলের পলিটব্যুরো কি বলেছেন? আজকে এখানে সেই ব্যাখ্যাতো আপনি দিলেন না? What are views of the national dailies? সেইজন্য আমি বলতে চাই আসামে যে চুক্তি হয়েছে এর বিকল্প কিছু ছিল না। সেইজন্য আজকে এই চুক্তি যাতে অশান্তির কারণ না হয়, সেই দিকে সতর্ক দৃষ্টি আমাদের সকলের দেওয়া উচিত। এই ব্যাপার নিয়ে পশ্চিমবাংলা বিধানসভায় উত্তেজনা সৃষ্টি হবার কোন অবকাশ আছে বলে আমার মনে হয় না। এই চুক্তির যারা অপব্যাখ্যা করছেন তা থেকে আপনারা বিরত থাকুন। চুক্তির ব্যাপারে যে উস্কানি আপনারা দিচ্ছেন, যে প্ররোচনা আপনারা দিচ্ছেন সেটা যাতে মানুষকে উত্তেজিত না করে সেটার দিকে সকলের দৃষ্টি দেওয়া উচিৎ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধান চন্দ্র রায়ের ব্যাপারে হি ওয়াজ হেল্ড কিন্তু জ্যোতিবাবুর নাম শুনলে অসমিয়ারা ক্ষিপ্ত। Shri Jyoti Basu being a leader of national stature will be hated by the people on the other side of the border.

এটা আমরা চাই না। পশ্চিমবাংলায় আপনার পার্টি প্ররোচনামূলক কাজে বিরত থাকুক এবং আপনি এমন বাতাবরণ সৃষ্টি করুন যাতে আপনি আপনার মর্যাদা ফিরে পান, এই অনুরোধ আপনাকে করবো। নান ইজ ইনডিপেনডেন্ট, প্রত্যেকেই প্রত্যেকের উপর নির্ভরশীল। আজকে আসামকে আমরা কিভাবে সাহায্য করতে পারি, এই চুক্তি পরিপূরণে কিভাবে সাহায্য করতে পারি সেটা দেখা উচিত। We should render our counsel, we should render our advice, we should render our efforts and co-operation to all the people of Assam if we expect a similar and reciprocal co-operation from them and the rest of India.

[5.50 to 6.00 p.m.]

ন্যাশনাল লিডারশিপ এবং পার্লামেন্টে আজ যে ডিসিশান এসেছে তার প্রতি ইট ইজ আওয়ার ডিউটি টু ইমপ্লিমেন্ট দ্যাট এবং ইট হ্যাজ বিন প্লেসড্ ইন পার্লামেন্ট এ্যাকর্ডিংলি। সেখানে তো কোন বিতর্ক হয়নি? সেখানে তো কোন প্রস্তাব আসেনি এই রকম? কিন্তু জ্যোতিবাবুরা পশ্চিমবঙ্গে তা পারলেন না, বিতর্কের সৃষ্টি হল এখানে। আজকে বিরোধিতার সৃষ্টি হলো এখানে। সেজন্য এই বিরোধিতামূলক প্রস্তাব প্রত্যাহারের অনুরোধ জানাই তাঁদের। এখানে মাননীয় শ্যামল চক্রবর্তী এবং দেবপ্রসাদ সরকার যে প্রস্তাব এনেছেন তা প্রত্যাহারের জন্য আমি তাঁদের সনির্বন্ধ অনুরোধ জানাই। তাঁরা যে প্রস্তাব উত্থাপন

করেছেন তা তাঁরা প্রত্যাহার করুন এবং আমি যে প্রস্তাব উত্থাপন করেছি, সহযোগিতার হাত বাড়িয়ে তা গ্রহণ করুন। আসামে শান্তি ফিরে আসুক। আসাম ইজ এ পার্ট অব বেঙ্গল, সেখানে বাঙালীর শান্তি ফিরে আসুক এই আশা করি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের নেতা আবদুস সাত্তার যে যুক্তির অবতারণা করেছেন, সেই বক্তব্য এবং আমাদের অন্যান্য সদস্যদের বক্তব্যকে সমর্থন জানিয়ে, আমি এখানে যে প্রস্তাব উত্থাপন করেছি তা গ্রহণের জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। সেই সঙ্গে সঙ্গে ধন্যবাদ জানাই এইজন্য যে আমার প্রস্তাবের উপর কোন সংশোধনী নেই। সে জন্য আমি মনে করি এটা সর্বজনগ্রাহ্য। আপনার তরফ থেকে আমি সহযোগিতা পেয়েছি, সেইজন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য আমি শেষ করলাম। জয়হিন্দ্।

মিঃ স্পীকার : ডাঃ আবেদিন, আমার একটা প্রশ্ন আছে। ইন্দিরা গান্ধীকে তো কিছু লোক মেরেছিল, সেজন্য কি তিনি ন্যাশানাল লীডার রইলেন না? আজকে রাজীব গান্ধী তো অনেক সিকিউরিটি নিয়ে ঘুরে বেড়ান? জ্যোতিবাবুর মাথা চাই বলায় উনি তাহলে ন্যাশানাল লীডার রইলেন না? কি আরগুমেণ্ট দিলেন?

শ্রী দেবপ্রসাদ সরকার : মানীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আসাম চুক্তির উপরে যে তিনটি প্রস্তাব এসেছে, সেই তিনটি প্রস্তাবের মধ্যে জয়নাল আবেদিন সাহেব যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবের বয়ান এবং উদ্দেশ্য বলা বাহুল্য, আমার প্রস্তাবের বয়ান এবং উদ্দেশ্যের বিপরীতমুখী। সেজন্য জয়নাল সাহেবের প্রস্তাব সমর্থন করা চলে না। মাননীয় সদস্য শ্যামল চক্রবর্তী যে প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাব আনা সত্ত্বেও আমাকে কেন আর একটা প্রস্তাব দিতে হল, সে কথা আমি পরে বলবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই যে, আজকে আসাম চুক্তি সম্পাদিত হওয়ার পিছনে ইভিল ডিজাইন কাজ করছে। একটা বিভেদমূলক ধারণা সৃষ্টি করার উদ্দেশ্যে এই চুক্তি সম্পাদিত হয়েছে। যদি আসাম পিপল কনসার্নডকে ফিল করে এই অ্যাকর্ড হ'ত তাহলে এই চুক্তির স্বাক্ষর করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ভারতবর্ষের বিভিন্ন রাজনৈতিক দলের মতামত নিতেন এবং আসামের বিভিন্ন রাজনৈতিক দলের মতামতও নিতেন। কিন্তু তাঁদের মতামত তাঁরা নিলেন না। এইভাবে আসাম চুক্তিতে স্বাক্ষর করে কেন্দ্রীয় সরকার কি পালন করলেন এর দ্বারা? শৌভিনিষ্টিক, ফিশিপ্যারাস এ্যাণ্ড ডিভাইসিভ্ ফোর্সকে মদত যোগাবার উদ্দেশ্য নিয়ে তাঁরা এই চুক্তিতে স্বাক্ষর করলেন। যে শক্তি আসামের বুকে অনৈক্য সৃষ্টির ক্ষেত্রে একটা জঘন্যতম চেষ্টা চালাচ্ছে তার সঙ্গে আসাম চুক্তি স্বাক্ষর করলেন। এর ডিজাইন বিহাইণ্ডটা কি তা যাদের সঙ্গে নিয়ে এবং যাকে সঙ্গে নিয়ে স্বাক্ষর করলেন, তা থেকে সহজেই প্রমাণ হয়ে যায়? আসাম সমস্যা সমাধানের কোন সূত্র এর মধ্যে নেই। ওখানে বিভিন্ন ভাষাভাষী ও বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে একটা পারপেচ্যুয়াল গ্রাউণ্ড অফ কনফ্লিক্টকে স্থায়ী রেখে ট্রাবলড্ ওয়াটারের মধ্যে মাছ ধরবেন বলে কেন্দ্রীয় সরকার এই চুক্তি করলেন। এই ডিজাইনের মধ্যে ওয়ার্ক করছে, এটা অত্যন্ত নক্কারজনক ব্যাপার। একদিকে তারা কাট অফ ইয়ার ১৯৭১ সাল থেকে ৬৬ সাল করলেন, আবার অন্য দিকে ওদের কাছে গিয়ে অর্থাৎ মাইনরিটি কমিউনিটির কাছে গিয়ে বলছেন যে তোমাদের কোন চিন্তা নেই, এখানে আসু ক্ষমতায় এলে তোমাদের রাখবে না, কিন্তু কংগ্রেস ক্ষমতায় যদি আসে তাহলে তোমাদের চুক্তির জয় হবে এবং তাতে ১৯৭১ সালের বিষয় তো থাকবেই তার পরেরটাও ধরা হবে, তাতে কোন অসুবিধা হবে না। আজকে যদি আসু ক্ষমতায় আসেন তাহলে ভোটার লিস্টে মাইনরিটির কোন সুবিধা হবে না; এইভাবে কংগ্রেসের কথাবার্তা থেকে বোঝা গেছে অত্যন্ত নিম্নমানের প্রাদেশিকতা এবং ওদের দৃষ্টিভঙ্গী অত্যন্ত পক্ষপাতিত্বমূলক। এইভাবে তারা ওদের ব্যাক করছে। এইভাবে এক্সট্রা লিগ্যাল পাওয়ার তাদের হাতে তুলে দেওয়া হল। এইরকম একটা সিচুয়েশানে যেখানে প্রকাশ্যে ঘোষণা করা হল যে আমরা যদি ক্ষমতায় আসতে পারি তাহলে আসামকে অ-আসামীয়া মুক্ত করবো, এই দুটি আণ্ডারস্টাণ্ডিংয়ের মধ্যে থেকে আমার প্রশ্ন হচ্ছে হোয়াট ইজ দি পারপাস? সেখানে পারপাস হচ্ছে আগামীদিনে নির্বাচনে ক্ষমতায় এসে সেখানকার রাজনীতিকে [illegible]ট্রোভ্ড পাওয়ার সঙ্গে দুভাগে ভাগ করে নেবেন। এরসঙ্গে জনগণের স্বার্থের কোন সম্পর্ক নেই, নাথিং, এই হচ্ছে ডিজাইন। এরফলে ১৯৮৩ সালে নির্বাচনের সময়ে সংখ্যালঘিষ্ঠ সম্প্রদায়ের নিরাপত্তার অভাবের সুযোগ নিয়ে কিভাবে ইন্দিরা কংগ্রেস সেখানের নির্বাচনকে প্রহসনে পর্যবেষিত করলেন। সেই দৃষ্টিভঙ্গীর ভিত্তিতেই এটা করা হয়েছে যাতে মাইনরিটি কমিউনিটিকে আরো সিকিউরড় জায়গায় নিয়ে যাওয়া যায় এবং এইভাবে নির্বাচনের ফায়দা লোটেন। এরফলে পিপলের কোন ইণ্টারেস্ট সার্ভ হচ্ছে না। এতে অত্যন্ত দুর্ভাগ্য যে এই চুক্তির ফলে আসামের জনগণের যে সমস্যা তার অর্থনৈতিক সমস্যা, শিল্পায়নের সমস্যা, তার ভাষা সংস্কৃতির এবং বাসস্থানের সমস্যা তাকে গার্ড করা সম্ভব হচ্ছে না, বলতে গেলে এই সমস্যাকে আপাতদৃষ্টিতে রিজেক্ট করা হল। দুর্ভাগ্যবশতঃ এইরকম একটা নক্কারজনক চুক্তি, সর্বনাশা চুক্তি ভারতবর্ষের ইতিহাসে স্বাধীনতার উত্তরকালে ভরতবর্ষের ঐতিহ্যকে, মর্যাদাকে কালিমালিপ্ত করেছে। আজকে সর্বনাশা হল এইজন্য যে সেখানে স্বীকার করতে হবে যে আসামের জনগণের অসমীয়া ভাষাভাষী এবং অ-অসমীয়া ভাষাভাষীদের মধ্যে দ্বন্দ্ব এবং তাদের স্থায়িত্ব এইসব সমস্যা তাদের শোষণ ব্যবস্থার বিরুদ্ধে, সেখানে জনগণের সম্মিলিত আন্দোলন সেভাবে আন্দোলনের সাড়া জাগাতে পারেনি এবং সেখানকার বিভিন্ন রাজনৈতিক এবং গণতান্ত্রিক চেতনা সম্পন্ন মানুষ সেই আন্দোলনের সাড়া জাগাতে পারেনি। এই দুর্বলতার সুযোগ নিয়ে এতোবড় একটা আঘাত হানার চেষ্টা করা হল। আমি এখানে বলতে চাই কেন আসাম চুক্তির উপর একটা পৃথক প্রস্তাব নিয়ে এলাম। যদিও বামফ্রন্টের তরফ থেকে মাননীয় সদস্য শ্রী শ্যামল চক্রবর্তী মহাশয় প্রস্তাব উত্থাপন করেছেন তবু এটা বলা দরকার এজন্য যে আমি যখন কোন প্রস্তাব সমর্থন করছি বা রিজেক্ট করছি কেন করছি সেটা জানানো দরকার। সেইদিক থেকে শ্যামল চক্রবর্তী মহাশয় যে প্রস্তাব এনেছেন সেখানে প্রস্তাবের সঙ্গে কিছু কিছু কমন জিনিষ আছে থাকলেও এমন কিছু আছে যেটা বামফ্রন্টের প্রস্তাবে নেই। আজকে তিনি এখানে আসাম চুক্তির সমালোচনা করছেন বাট নট ডিলেড এবং গোড়াতেই বলেছি সাম অ্যাকর্ডে এই আন্দোলন শুরু হয়েছে, সেই অ্যাকর্ডের মধ্যে বিচ্ছিন্নতাবাদের আন্দোলনের টোন আছে।

[6.00 to 6.10 p.m.]

এবং সেখানে সেম টার্ম আছে। আমার বক্তব্য Why not in totality? What is the design. সেখানে আপনাদের বক্তব্যে একই টোন এবং ড্রাফটিং অফ দি ল্যাংগোয়েজ ইজ ইন কনফরমিটি এবং এনটায়ার জিনিষ অফ দি অ্যাকর্ড সেটা পিউপিলের ইণ্টারেস্টের বিরুদ্ধে। এতে জনসাধারণের কোন ইণ্টারেস্ট আছে? তৈল শোধনাগারকে প্রাইভেট সেক্টারের হাতে তুলে দিতে চাইছেন এবং সেণ্ট্রাল গভর্ণমেণ্ট কোন দায়িত্ব নিতে চাইছেন না। একটা তেতো পিলকে সুগার কোটেড করে খাইয়ে দেবার ব্যবস্থা হচ্ছে। ফলে হুডউইঙ্ক দি পিউপিল করা হচ্ছে এবং আসাম সমস্যা সমাধানের প্রশ্নকে এড়িয়ে

যাওয়া হচ্ছে। ফলে এণ্টায়ার জিনিষ যেটা অ্যাকর্ডে আছে অ্যান্টি পিউপিল এবং রিঅ্যাকসানারি ফোর্সেস সেখানে মাথাচাড়া দেবে। আপনাদের এখানে কিছুটা ভাল কিছুটা মন্দ দেখান হয়েছে। ফলে এই যে নরম দৃষ্টিভঙ্গী দেখান হচ্ছে তাতে জনসাধারণ বিভ্রান্ত হবে। এবং আসাম অ্যাকর্ডে যে সর্বনাশা চরিত্র আছে তা থেকেও জনসাধারণকে বিভ্রান্ত করা হচ্ছে। অল পাটি রেজোলিউশানের কথা আমরা অনেক শুনেছি যেটা মুখ্যমন্ত্রী বারবার বলেছেন। কিন্তু অল পাটি মোশান নেবার ক্ষেত্রে দেখলাম বিধান সভার বাইরে এবং ভেতরে কংগ্রেস পাটির প্রণব মুখার্জী এবং সাত্তার সাহেবের সঙ্গে আপনারা আলোচনা করেছেন। কিন্তু কংগ্রেস ছাড়া আরো অনেক যে পাটি আছে তাদের সঙ্গে কোন আলোচনা করেননি। এরা কনসালটেড হলে ইউনাইটেড ওয়েতে একটা কিছু হোত। সেই কারণেই আসাম চুক্তির উপর পৃথকভাবে আমি একটা প্রস্তাব এনেছি। এই প্রস্তাবের যৌক্তিকতা স্বীকার করে আশা করবো আপনারা আমার এই প্রস্তাবকে সমর্থন করবেন। এই কথা বলে আমি আমার প্রস্তাব মুভ করছি।

The motion of **Shri Shyamal Chakraborty** that –

This Assembly, whilst noting the withdrawal of the harmful agitation in Assam, views with great concern some of the terms of the accord signed between the Union Government and the AASU and Ganasangram Parisad. The arbitrary shifting of the cut-off date from 1971 to 1966 is a concession to the unreasonable demands of the agitationists which will result in depriving lakhs of Indian citizens of their basic political right to vote. It will be no surprise if such minorities in Assam turn into inferior citizens and develop fears about their security. It violates the principles of democracy and is against the solemn assurances given to the minorities by the nation's leaders during partition of the country and it is a serious departure from the international agreement between late Mrs. Indira Gandhi and late Mujibar Rahman in 1975. In this background the preparation of the electoral roll for the ensuing general elections in Assam is also causing apprehension among the minorities.

This Assembly is of the view that the problem created by the accord has assumed all-India importance and it is not just a concern of West Bengal or the minorities in Assam. The concessions given in the accord has given encouragement to divisive and fissiparous forces which are operating in various parts of the country.

Whilst expressing serious concern, this Assembly urges upon the people to remain alert against the forces which may try to mislead the people in West Bengal into chauvinistic and parochial channels. Our tradition of upholding the unity in diversity must never be sullied.

This Assembly greets those sections of the various language groups in Assam which stood for unity among themselves in the most difficult circumstances. In the new situation, it appeals to all the people of Assam irrespective of their language and religion to re-forge and strengthen fraternal bonds on the basis of democracy, equality and respect for each other for the greater good of Assam and the whole of India.

Motion was then put to vote and a division taken with the following results :

AYES

Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Adak, Shri Netai Charan
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Natabar
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Ajit
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Jyoti
Bauri, Shri Madan
Bera, Shrimati Chhaya
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Chakraborty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chakraborty, Shri Shyamal
Catterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama

Chatterjee, Shri Ram
Chatterjee, Shri Tarun
Chattopadhyaye, Shri Sailendra Nath
Chattopadhayay, Shri Santasri
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das Mahapatra, Shri Kamakshyanandan
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Doloi, Shri Siba Prasad
Ghatak, Shri Santi Ranjan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Kamakhya Charan
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Halder, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Birendra Nath
Konar, Shrimati Maharani
Kunar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra
Let. Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhanshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Malik, Shri Sreedhar
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mandi, Dr. Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Mitra, Dr. Ashok
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mirdha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Munshi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Subhas
Omar Ali, Dr.
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Ray, Shri Dwijendra Nath
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Haradhan
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy, Shri Umakanta
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin

Sen Gupta, Shri Dipak

Sinha, Dr. Haramohan

Sinha, Shri Prabodh Chandra

Sk. Siraj Ali, Shri

Talukdar, Shri Pralay

Tudu, Shri Bikram

Uraon, Shri Subodh

NOES

Abdul Mannan, Shri

Abdur Rauf Answari, Shri

Abdus Sattar, Shri

Abedin Dr. Zainal

Banerjee, Shri Ambika

Bhunia, Dr. Manas

Bose, Dr. Sisir Kumar

Chandra, Shri Anup Kumar

Chaudhuri, Dr. Kiran

Ghosh, Shri Asok

Goswami, Shri Arun Kumar

Gyan Singh Sohanpal, Shri

Habibur Rahaman, Shri

Khaitan, Shri Rajesh

Mahbubul Haque, Shri

Mishra, Shri Abanti

Molla, Shri Fazle Azim

Mukherjee, Shri Samar

Mukhopadhyay, Shri Subrata

Nurul Islam Chowdhury,Shri

Poddar, Shri Deokinandan

Roy, Shri Santi Mohan

Sarkar, Shri Dhirendra Nath

Shaikh Imajuddin, Shri

Abstentions

Sarkar, Shri Deboprasad

Purkait, Shri Prabodh

The Ayes being 124, Noes 24 and abstentions 2, the motion was carried.

The motion of Dr. Zainal Abedin that –

This Assembly notes with satisfaction that the Accord on Assam signed between the Union Government and the AASU and Ganasangram Parishad on August 15, 1985 came as a great relief to the people of Assam specially the minorities who suffered much during the last six years of the agitation. The Accord has brought about an era of peace and goodwill and the great loss that India, specially Assam and West Bengal, had to suffer in life, property, trade and commerce, will now be a forgotten shadow of the past. Let not any one or any Party try unnecessarily to raise fear or prejudice by blatantly inciting people on communal, parochial and linguistic lines.

Protection of minorities both religious and linguistic is the constitutional resposibility of the Government and this Assembly hopes that all minorities in the State of Assam will be protected.

It is the responsibility of all concerned to create a congenial atmosphere so that there is no tension and panic in the mind of any section of the people in the State.

This Assembly condemns all attempts to create tension in the State of West Bengal by distorted interpretation of the various provisions of settlement and to rouse passion and indulge in chauvinistic approach.

This is the moment when every one of us should underline the gravity of the situation and instead of being carried by emotion and misconception should try to cool the atmosphere by sober and human approach.

This Assembly hopes that all right-thinking people would come forward and assert themselves to prevent tension and bitterness and believes that the Union Government in co-operation with all concerned would not only protect the minorities in the State of Assam but also inject confidence in their minds by appropriate action.

This Assembly understands that the resourceful State of Assam has suffered much during the last six years of agitation and hopes that the leaders and the people of Assam will concentrate themselves in building up a new Assam, so that it can again take its rightful place in our National life.

This Assembly also appeals to the people of West Bengal to exercise utmost restraint and maintain peace and cordiality in conformity with the tradition of the State. It is needless to point out that the Legislators have a special responsibility in a situation like this to stand united and uphold the principles of national unity and integration.

The motion was then put to vote and a division taken with the following results :

NOES

Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Adak, Shri Netai Charan
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Natabar
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Ajit
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Jyoti
Bauri, Shri Madan
Bera, Shrimati Chhaya
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Chakraborty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chakraborty, Shri Shyamal
Catterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Ram
Chatterjee, Shri Tarun
Chattopadhyaye, Shri Sailendra Nath
Chattopadhayay, Shri Santasri
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das Mahapatra, Shri Kamakshyanandan
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Doloi, Shri Siba Prasad
Ghatak, Shri Santi Ranjan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Kamakhya Charan
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Halder, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Birendra Nath
Konar, Shrimati Maharani
Kunar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra
Lama, Shri Dawa
Let. Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhanshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Malik, Shri Sreedhar
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mandi, Dr. Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Mitra, Dr. Ashok
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin

Mondal, Shri Sudhansu Sekhar
Mirdha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Munshi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Subhas
Omar Ali, Dr.
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Purkait, Shri Prabodh
Ray, Shri Dwijendra Nath
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Haradhan
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy, Shri Umakanta
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Deboprasad
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Talukdar, Shri Pralay
Tudu, Shri Bikram
Uraon, Shri Subodh

AYES

Abdul Mannan, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin Dr. Zainal
Banerjee, Shri Ambika
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chaudhuri, Dr. Kiran
Ghosh, Shri Asok
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Khaitan, Shri Rajesh
Mahbubul Haque, Shri
Mishra, Shri Abanti
Molla, Shri Fazle Azim
Mukherjee, Shri Samar
Mukhopadhyay, Shri Subrata
Nurul Islam Chowdhury,Shri
Poddar, Shri Deokinandan
Roy, Shri Santi Mohan
Sarkar, Shri Dhirendra Nath
Shaikh Imajuddin, Shri
Shamsuddin Ahmad, Shri

The Ayes being 25 and the Noes 129, the motion was lost.

The motion of Shri Deba Prasad Sarkar that – যেহেতু সদ্য সম্পাদিত আসাম চুক্তি লক্ষ লক্ষ ভারতীয় নাগরিকের শুধু ভোটাধিকার হরণই নয় তাদের রাষ্ট্র পরিচয়হীন মানুষে (Stateless people) পর্যবসিত করে এমন একটা পরিস্থিতির সৃষ্টি করেছে যার মর্মান্তিক পরিণতির কথা চিন্তা করে যে কোন শুভবুদ্ধিসম্পন্ন মানুষ আতঙ্কিত ও বিচলিত না হয়ে পারে না;

যেহেতু সমস্ত রকম গণতান্ত্রিক ন্যায়নীতিকে লঙ্ঘন করে এই চুক্তিতে ভিত্তিবর্ষকে (Cut off year) ১৯৭১ সাল থেকে ১৯৬৬ সাল করা হয়েছে;

যেহেতু এই চুক্তি উদ্বাস্তুদের প্রতি দেশ বিভাগকালীন জাতীয় নেতৃত্বের পরিতিশ্রুতিকে নির্মমভাবে লঙ্ঘন করেছে;

যেহেতু এই চুক্তি বাংলাদেশ অভ্যুত্থানের পর ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক চুক্তিকে লঙ্ঘন করেছে;

যেহেতু জাতীয় স্তরে এবং আসামে রাজনৈতিক দল সমূহের বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতিনিধিদের মতামতকে অগ্রাহ্য করে কেন্দ্রীয় সরকার আসাম সম্পর্কে প্রতিনিধিত্ব করার যাদের কোন নৈতিক এক্তিয়ার নেই এহেন [illegible]বাদী বিভেদকামী মুষ্টিমেয় শক্তির সাথে বোঝাপড়ার ভিত্তিতে এই চুক্তি সম্পাদন করেছেন;

যেহেতু এই চুক্তি অত্যন্ত আতঙ্কজনকভাবে আসামের প্রাদেশিকতাবাদী বি[illegible] হাতে বাড়তি আইনগত ক্ষমতা (Extra legal power) তুলে দিয়েছে;

যেহেতু এই চুক্তি আসামের মৃতপ্রায় এবং জনগণ থেকে বিচ্ছিন্ন বিভেদকামী ও প্রাদেশিকতাবাদী অশুভ শক্তিকে পুনরুজ্জীবিত করে আসামের পরিস্থিতিকে ইতিমধ্যেই আশঙ্কাজনক এবং সঙ্কটাপন্ন করে তুলতে সাহায্য করেছে;

যেহেতু এই চুক্তির বলে ক্ষমতাসীন আসামের উগ্র প্রাদেশিকতাবাদী শক্তির নির্দেশমত আসাম থেকে অ-[illegible] নির্মূল করার জন্য ভোটার তালিকা থেকে তাদের নাম বাদ দেওয়া হচ্ছে;

যেহেতু এই চুক্তিতে অসমীয়া জনসাধারণের অসন্তোষের অন্যতম মূল কারণ অসমীয় ভাষার বর্তমানে রাজ্য ভাষা হিসাবে যে মর্যাদা রয়েছে তাকে অক্ষুণ্ণ রাখার কোন সাংবিধানিক গ্যারান্টি দেওয়া হয়নি;

যেহেতু এই চুক্তির মাধ্যমে আসাম সমস্যার একটা মর্যাদাপূর্ণ মানবিক সমাধান না করে সমস্যাকে জিইয়ে রেখে বিভিন্ন ভাষাভাষী ও ধর্মাবলম্বী নাগরিকদের মধ্যে বিভেদ, অবিশ্বাস ও তিক্ততাকে সম্প্রসারিত করে ভ্রাতৃঘাতী সংঘাতের বীজকে মহীরূহে রূপান্তরিত করার চেষ্টা হয়েছে;

যেহেতু এই চুক্তি আসামের জনগণের স্বার্থের সাথে সম্পর্কবিহীন বস্তুতঃ ভোটের রাজনীতির সংকীর্ণ স্বার্থসিদ্ধির দিকে লক্ষ্য রেখে রাজনৈতিক প্রশাসনিক ক্ষমতা ভাগাভাগি করে নেবার জন্য কায়েমী স্বার্থের ধারক বাহক কেন্দ্রের শাসকদল ও প্রাদেশিকতাবাদী বিভেদকামী অশুভ শক্তির মধ্যে অনৈতিক আঁতাত গড়ে তোলার এক চূড়ান্ত সুবিধাবাদী পরিকল্পনা যার প্রতিক্রিয়া শুধু আসামেই নয় পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যের স্বার্থ ও ঐক্যকে বিপর্যস্ত করার আশঙ্কা রয়েছে;

যেহেতু এই চুক্তির ভয়াবহ প্রতিক্রিয়া শুধু আসামেই নয়, ইতিমধ্যেই তার প্রতিফলন মেঘালয় এবং ত্রিপুরায় দেখা যাচ্ছে এবং যে প্রতিক্রিয়া সারা ভারতবর্ষেও ছড়িয়ে পড়ার আশঙ্কা দেখা যাচ্ছে;

যেহেতু এই চুক্তি আসাম তথা পশ্চিমবঙ্গ সহ ভারতের জনগণের ঐক্য, ভ্রাতৃত্ব ও সংহতির পক্ষে চূড়ান্ত বিশ্বাসঘাতকতার নামান্তর;

সেইহেতু এই সভা পশ্চিমবঙ্গ সহ দেশের সমস্ত অংশের শুভবুদ্ধি সম্পন্ন মানুষ এবং বাম ও গণতান্ত্রিক শক্তিসমূহের কাছে দেশব্যাপী ঐক্যবদ্ধ শক্তিশালী আন্দোলন গড়ে তোলার আহ্বান জানানোর সাথে সাথে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অবিলম্বে এই অনৈতিক, অগণতান্ত্রিক, অমানবিক, অশুভ প্রাদেশিক বিচ্ছিন্নতাবাদী শক্তিকে মদতদানকারী আসাম চুক্তি বাতিল করার প্রস্তাব করছে

The motion was then put to vote and a Division taken with the following results.

NOES

Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Adak, Shri Netai Charan
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
Bagdi, Shri Natabar
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Ajit
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Jyoti
Bauri, Shri Madan
Bera, Shrimati Chhaya
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satya Pada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Chakraborty, Shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chakraborty, Shri Shyamal
Catterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Ram
Chatterjee, Shri Tarun
Chattopadhyaye, Shri Sailendra Nath
Chattopadhayay, Shri Santasri
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das Mahapatra, Shri Kamakshyanandan
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey, Shri Lakshmi Kanta
Doloi, Shri Siba Prasad
Ghatak, Shri Santi Ranjan
Ghose, Shri Sambhu Charan
Ghosh, Shri Kamakhya Charan
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Ramnarayan
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Halder, Shri Krishnadhan
Hazra, Shri Haran
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Konar, Shrimati Maharani
Kunar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra
Let. Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhanshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Majumdar, Shri Sunil Kumar
Malik, Shri Sreedhar
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Sukumar
Mandi, Shri Rampada
Mandi, Dr. Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir Abdus Sayeed, Shri
Mitra, Dr. Ashok
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mirdha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Munshi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Subhas
Omar Ali, Dr.
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Ray, Shri Dwijendra Nath
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Haradhan
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Umakanta
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Dhirendra Nath

Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Sur, Shri Prasanta Kumar
Talukdar, Shri Pralay
Tudu, Shri Bikram
Uraon, Shri Subodh
Abdul Mannan, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin Dr. Zainal
Banerjee, Shri Ambika
Bhunia, Dr. Manas
Bose, Dr. Sisir Kumar
Chandra, Shri Anup Kumar
Chaudhuri, Dr. Kiran
Ghosh, Shri Asok
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Khaitan, Shri Rajesh
Mahbubul Haque, Shri
Mishra, Shri Abanti
Molla, Shri Fazle Azim
Mukherjee, Shri Samar
Mukhopadhyay, Shri Subrata
Nurul Islam Chowdhury, Shri
Poddar, Shri Deokinandan
Roy, Shri Santi Mohan
Sarkar, Shri Dhirendra Nath
Shaikh Imajuddin, Shri
Shamsuddin Ahmad, Shri

AYES

Sarkar, Shri Deboprasad
Purkait, Shri Prabodh

The Ayes being 2 and the Noes 149 the motion was lost.

ADJOURNMENT

The House was then adjourned at 6.10 p.m. till 1.00 p.m. on Monday, the 16th September, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 16th September 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 8 Ministers, 9 Ministers of State and 162 Members.

Held over Starred Questions
(to which oral answers were given)

উচ্চ মাধ্যমিক পরীক্ষার মার্কশীটে ত্রুটি

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬।) **শ্রী রামপদ মাণ্ডি** : শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি –

(ক) ১৯৮৫ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের মার্কশীটে ত্রুটি সম্পর্কে কোন অভিযোগ রাজ্য সরকার পেয়েছেন কি; এবং

(খ) পেয়ে থাকলে,

(১) কতজন ছাত্র-ছাত্রীর কাছ থেকে অভিযোগ পাওয়া গেছে,

(২) এই ত্রুটিগুলির কারণ কি, ও

(৩) এর সংশোধনের জন্য কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে কিনা?

[1.00–1.10 pm]

শ্রী কান্তি বিশ্বাস : (ক) রাজ্য সরকারের নিকট কোন অভিযোগ আসে নি। তবে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের নিকট কিছু আবেদন এসেছে। (খ) উক্ত সংসদের নিকট তিন হাজার আবেদনপত্র জমা পড়েছে। (ক) অধিকাংশ ক্ষেত্রেই এই ভুল ট্যাবুলেটিং–এর সময় হয়ে থাকে। (৩) প্রমাণিত ভুলগুলি সংশেশাধন করা হয়েছে, এবং দায়ী টেবুলেটর সম্পর্কেও ব্যবস্থা গৃহীত হচ্ছে।

শ্রী সুব্রত মুখার্জী : এই সংশোধনগুলি কি পদ্ধতিতে হয়ে থাকে এবং এই ভুলগুলি কিভাবে হয়ে থাকে সেটা জানাবেন কি?

শ্রী কান্তি বিশ্বাস : অনেক সময় ফার্ষ্ট পেপারটা সেকেণ্ড পেপারে বসেছে, আবার সেকেণ্ড পেপার ফার্ষ্ট পেপারে বসেছে। অনেক সময় ৩/৮ এর জায়গায় ৮/৩ হয়েছে। যখন এই ভুলগুলি আসে তখন সেখানে পরীক্ষক পাঠিয়ে এবং আমাদের পক্ষ থেকে লোক এই দু জনে মিলে বিবেচনা করে সেটা সংশোধন করা হয় এবং তার পরে সেটা প্রকাশ করা হয়। এবং বিষয়টির প্রতি বিশেষভাবে লক্ষ্য করা হয়।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : মার্কসিটের ত্রুটি এ বছর এবং প্রতি বছরই হচ্ছে। কিন্তু প্রতি বছরই ইনকমপ্লিট রেজাল্ট বেরোয় তা সমাধান করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন? কারণ প্রতি বছর এই কারণের জন্য অনেক ছাত্র ভর্তি হতে পারে না।

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় সদস্যের প্রশ্নটা মূল প্রশ্নের সঙ্গে সম্পর্কযুক্ত নয়। তবুও উত্তরে এইটুকু বলছি যে ইনকমপ্লিট রেজাল্টের কারণ হচ্ছে – বিদ্যালয়গুলির কাছ থেকে যে সমস্ত তথ্য চাওয়া হয় সেগুলি ঠিকমত পাঠানো হয় না। এ বিষয়ে আমরা বিদ্যালয়ের প্রধানদের সতর্ক করে দিয়েছি যে এই জিনিসের পুনরাবৃত্তি যাতে আর না হয়।

Dr. Zainal Abedin : Will the Hon'ble Minister–in–charge of Primary and Secondary Education be pleased to state as to whether such large errors - you have mentioned three thousand errors - has ever occurred in the past and also whether it is a human error or simply arithmetical error?

Shri Kanti Biswas : The number of errors is 3000. But this figure is to be considered on the background of the total number of examinees in the Higher Secondary Council which is 2,53,000 and if fraction is calculated on 2, 53, 000 then it will be far less than one per cent. So far as I know this is the lowest percentage in India and not only that, the number of errors is progressively coming down and down every year.

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া : মার্কসিটের অভিযোগ দাখিল করার সুযোগ একমাত্র কলকাতায় হেড অফিসগুলিতে আছে। কিন্তু অন্যান্য জায়গায় যেমন উত্তরবঙ্গে ঐগুলি দাখিল করার কোন ব্যবস্থার কথা চিন্তা করছেন কিনা?

শ্রী কান্তি বিশ্বাস : বিকেন্দ্রীকরণ করার সম্ভাব্যতা নিয়ে আমরা বিচার বিবেচনা করছি।

সংস্কৃত টোলের উন্নতি ও শিক্ষার প্রসার

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৭।) **ডাঃ মানস ভূঁইয়া এবং শ্রী কাশীনাথ মিশ্র** : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) ডঃ ভবতোষ দত্ত কমিশন পশ্চিমবাংলার সংস্কৃত টোলগুলির উন্নতিসাধন সহ সংস্কৃত শিক্ষার প্রসারের জন্য যেসকল সুপারিশ করেছেন সে বিষয়ে সরকার কি পরিকল্পনা গ্রহণ করছেন ; এবং

(খ) ১৯৭৭ সালের জুলাই হতে ১৯৮৫ সালের জুলাই পর্যন্ত সংস্কৃত শিক্ষার প্রসার সহ টোলগুলিতে উন্নতি ও অচলাবস্থা দূরীকরণের জন্য কতগুলি কমিশন বসানো হয়েছিল?

শ্রী কান্তি বিশ্বাস : (ক) সংস্কৃত টোল সম্পর্কে কোন সুপারিশ ডঃ ভবতোষ দত্ত কমিশনের নিকট কোন অনুরোধ করা হয় নি। তবে এই শিক্ষার উন্নতি সাধনের জন্য সরকার প্রয়াসী। (খ) একটি কমিটি গঠিত হয়েছিল।

শ্রী মানস ভূঁইয়া : সংস্কৃতকে কম্পালসারি করার কোন নীতি পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছেন কিনা এবং গ্রহণ করে থাকলে তার সুনির্দিষ্ট নীতিটা কি?

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় সদস্যের জবাবে এইটুকু বলতে চাই যে পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ পাঠ্যসূচী নির্ধারণ করেন এবং এই পাঠ্যক্রম আজকের নয়, অনেক দিন ধরে চলে আসছে। আজকে এই সরকার এই পাঠ্যক্রম সংশোধন করায় সচেষ্ট। সংস্কৃত ঐচ্ছিক হিসাবে ব্যবহৃত হবে। সরকার আবশ্যিক করার কথা ভাবছেন না।

শ্রী কাশীনাথ মিশ্র : যে তদন্ত কমিটি হয়েছিল সেই তদন্ত কমিটি কি কি সুপারিশ করেছেন সেটা মন্ত্রী মহশয় জানাবেন কি?

শ্রী কান্তি বিশ্বাস : কমিটি প্রতিবেদনটি বড় আর এই কমিটি একটা ষ্ট্যাটুটারী কমিটি বলে যে বোঝায় তা নয়। সেইজন্য সেই কমিটির প্রতিবেদন প্রকাশ করা হয় নি। এখন সেটা বিবেচনাধীন আছে। প্রশ্নের উত্তর দেওয়াকালে এই সবের উত্তর দেওয়া সম্ভব নয়।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এখানে যেসমস্ত স্বীকৃত টোলগুলি আছে সেই টোলগুলির শিক্ষকরা আপনাদের দপ্তর থেকে বছরে আড়াই তিন হাজার করে টাকা পান। এখন এই সব টোলগুলিতে যেসব প্রবীন শিক্ষকরা আসেন তারা ঠিকমত সেই টাকা পান না। যেমন লালবাগের টোলের শিক্ষকদের কাছে টাকা পাঠানো হয়নি - সেখানে যাতে টাকা পাঠানো হয় তার ব্যবস্থা করবেন কি?

[1.10–1.20 pm]

শ্রী কান্তি বিশ্বাস : সঠিক সুনির্দিষ্টভাবে একটি টোল সম্পর্কে যদি প্রশ্ন জিজ্ঞাসা করেন তাহলে এই মুহূর্তে তার উত্তর দেওয়া খুব শক্ত। প্রয়েজনীয় তথ্য সংগ্রহ না করে সেই জন্য সেই ভাবে প্রশ্ন জিজ্ঞাসা করুন আমি তথ্য সংগ্রহ করে উত্তর দেব। তবে সাধারণভাবে যেটা হয়ে থাকে সেটা হচ্ছে এই পশ্চিমবাংলায় যতগুলি টোল আছে সেগুলি পরিদর্শন করার জন্য একজন আধিকারিক আছেন এবং আধিকারিকের সুপারিশের ভিত্তিতে জেলাপরিষদ টাকা দিয়ে থাকেন। অনেক সময় পরিদর্শকের প্রতিবেদনে কিছু আপত্তি থাকলে টাকা পেতে বিলম্ব হয়, এটাই হচ্ছে সাধারণ কারণ।

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য : আপনি বলেছেন সংস্কৃত শিক্ষাপ্রসারের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। আবার বলেছেন একে আবশ্যিক করার কোন পরিকল্পনা বর্তমানে নেই। আরো বলেছেন মধ্যশিক্ষা বোর্ড এটাকে ঐচ্ছিক হিসাবে রেখেছে। বর্তমান পৃথিবীতে বিভিন্ন শিক্ষার মানদণ্ডের কাঠামোতে এই টোল শিক্ষা ব্যবস্থার মাধ্যমে যে সংস্কৃত পড়ানো হচ্ছে এটা কি তার সাথে দাঁড়াতে পারবে?

শ্রী কান্তি বিশ্বাস : ঐচ্ছিক বিষয় অনেক কিছু থাকে, ঐচ্ছিক বিষয়ে পড়াশুনা করে ডক্টরেট ডিগ্রী পাচ্ছে এবং প্রকৃত শিক্ষক হিসাবে উন্নীত হচ্ছে। এই রকম ভুরি ভুরি উদাহরণ আছে। আপনি নিজে একজন শিক্ষক হয়ে এটা নিশ্চয় জানেন যে, ঐচ্ছিক বিষয় থাকলেও সেই বিষয়ে প্রত্যুতপন্নমতি সম্পন্ন হতে পারবেন না, এই যুক্তি খাটে না। সেই জন্য সংস্কৃত ইচ্ছুক ছাত্র ছাত্রীরা যাতে এই বিষয়ে উৎসাহী হয়ে তাদের অভিলাষ পরিপূর্ণ করতে পারে তার জন্য সরকার পক্ষ থেকে যে ব্যবস্থা নিয়ে জোরদার করা দরকার সেই জোরদার করার কথাই আমরা বলেছি।

জহর শিশু ভবনের উদ্যোগে পরিচালিত বিধিমুক্ত শিক্ষাকেন্দ্র

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৭।) **শ্রী সুব্রত মুখার্জী এবং শ্রী কাশীনাথ মিশ্র**: শিক্ষা (সামাজিক অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) পশ্চিম বাংলায় ন্যাশানাল কালচারাল অ্যাসোসিয়েশন পরিচালনাধীন জহর শিশু ভবনের উদ্যোগে ১৯৮০সাল হতে কতগুলি বিধিমুক্ত শিক্ষাকেন্দ্র পরিচালিত হচ্ছে ;

(খ) উক্ত সংস্থার মাধ্যমে ঐ শিক্ষাকেন্দ্রগুলি কিভাবে পরিচালনা হয়ে থাকে ;

(গ) (১) রাজ্য সরকারের বিধিমুক্ত শিক্ষাবিভাগ উক্ত শিক্ষাকেন্দ্রগুলির জন্য কোন অনুমোদন দেন কিনা ;

(২) ঐ শিক্ষাকেন্দ্রে নিযুক্ত শিক্ষক-শিক্ষিকাদের কোন নিয়োগপত্র দেওয়া হয় কিনা;

(ঘ) ১৯৮৪-৮৫ ও ১৯৮৫-৮৬ সালে বিধিমুক্ত শিক্ষাকেন্দ্রের জন্য কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কোন আর্থিক সাহায্য করেছেন কিনা ; এবং

(ঙ) বাঁকুড়া জেলার ২১ টি ব্লকে বিধিমুক্ত শিক্ষাকেন্দ্রগুলিকে সরকারীভাবে অনুমোদন বা স্বীকৃতি না দেওয়ার কারণ কি?

শ্রীমতী ছায়া বেরা : (ক) ৮৮৮ টি (এক শিক্ষক বিশিষ্ট)।

(খ) সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী কেন্দ্রগুলি পরিচালিত হয়ে থাকে।

(গ) ১) হ্যাঁ।

২) হ্যাঁ।

(ঘ) ৮৪-৮৫ সালে দিয়েছেন। ১৯৮৪-৮৫ সালের জন্য কেন্দ্রীয় সাহায্য পাওয়া গিয়েছে। ১৯৮৫-৮৬ সালের সাহায্য এখনও পাওয়া যায় নি।

(ঙ) বিধিমুক্ত শিক্ষা বিষয়ক জেলা কমিটি দ্বারা সুপারীশকৃত বাঁকুড়া জেলার সকল কেন্দ্রকেই অনুমোদন দেওয়া হয়েছে।

শ্রী কাশীনাথ মিশ্র : ন্যাশন্যাল কালচারাল এ্যাসোসিয়েসন এর সঙ্গে রাজ্য সরকারের কোন এগ্রিমেন্ট আছে কিনা এবং তাদের পরিচালনা করার জন্য কতগুলি দেওয়া হয়েছে?

শ্রীমতী ছায়া বেরা : এগ্রিমেন্টের ব্যপার নয় স্বেচ্ছাসেবী সংগঠনগুলি সম্বন্ধে সরকারের যে নিয়ম আছে-অর্থাত প্রত্যেক জেলায় জেলা কমিটি করে দেওয়া আছে সেই জেলা কমিটির কাছে যে কোন স্বেচ্ছাসেবী সংস্থা যেখানে যেখানে কেন্দ্র স্থাপন করতে চান সেই সমস্ত কিছু আবেদন করে যে শিক্ষকের নাম সুপারিশ করে জেলা কমিটির কাছে পাঠান, জেলা কমিটির অনুমোদন সাপেক্ষে সেইখানে সরকার অনুমোদন দেন, সেখানে তারা পরিচালনা করেন। এইভাবে এখনো পর্যন্ত ওরা ৮৮৮ টি কেন্দ্রের পরিচালনা করছেন।

শ্রী কাশীনাথ মিশ্র : ১৯৮৪-৮৫ সালে কেন্দ্রের দেয় অর্থের পরিমাণ কত এবং সেই টাকা সবই খরচ হয়েছে কিনা, জানাবেন?

শ্রীমতী ছায়া বেরা : ১৯৮৪-৮৫ সালে কেন্দ্রীয় সরকার থেকে ১ কোটি ২০ লক্ষ ৮১ হাজার ৭০৫ টাকা দেওয়া হয়েছে। এটার পরিমান ফিফটি, ফিফটি অর্থাৎ সম পরিমাণ টাকাও রাজ্য সরকার ব্যয় করেছেন। ১৯৮৪-৮৫ সালে কেন্দ্রীয় সরকার আর একটি টাকা দিয়েছেন তার পরিমান হচ্ছে ৯ লক্ষ ৮৯ হাজার ১০০ টাকা।

সেটা হচ্ছে মেয়েদের জন্য বিশেষ পরিকল্পনা যেটা হচ্ছে নাইনটি-টেন এই রকম - রাজ্যসরকারের টেন বাকিটা ওদের, সেই হিসাবে আমরা খরচ করেছি।

ডাঃ মানস ভূঁঞা : মাননীয় মন্ত্রিমহোদয়া বললেন যে জেলা কমিটির মাধ্যমে এটার সিলেকসান হয়। তিনি কি জানাবেন, এটা কি জেলা কমিটির মাধ্যমে হয়, না, সরাসরি জেলা পরিষদ সিলেকসান করে?

শ্রীমতী ছায়া বেরা : কমিটির মাধ্যমে হয়।

মুরারই এ কে ইনস্টিটিউশনে শিক্ষকের অভাবে ছাত্রভর্তি বন্ধ

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৪।) **ডাঃ মোতাহার হোসেন** : শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুক্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার মুরারই এ কে ইনস্টিটিউশনটি শিক্ষকের অপ্রতুলতায় উচ্চ মাধ্যমিক শ্রেণীতে গত বৎসর হইতে ছাত্রভর্তি বন্ধ করিতে বাধ্য হইয়াছে:

(খ) সত্য হইলে, উক্ত বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ বন্ধ হওয়ার কারণ কি : এবং

(গ) এই অচলাবস্থা দূর করতে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শ্রী কান্তি বিশ্বাস :

(ক) আনুষ্ঠানিক ভাবে রাজ্যসরকার কিংবা উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের নিকট উক্ত বিদ্যালয়ে গত বৎসর হতে উচ্চমাধ্যমিক শ্রেণী বন্ধ হয়ে যাওয়ার কোন সংবাদ আসে নি তবে বিধি অনুসারে উক্ত শ্রেণীতে অধ্যয়নত শিক্ষার্থীদের সংসদে নাম রেজিস্ট্রী করার কোন আবেদন বিদ্যালয়ের নিকট হতে আসে নি। এর থেকে মনে হয় গত বৎসর উক্ত শ্রেণীতে ঐ বিদ্যালয়ে কোন শিক্ষার্থী ভর্তি হয়নি।

(খ) কতকগুলি বিধিগত জটিলতার জন্য শিক্ষক নিয়োগ ব্যাহত হয়েছে।

(গ) উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ বিষয়টি সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে যাতে করণীয় কাজ করে তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। জেলা বিদ্যালয় পরিদর্শককেও এ ব্যাপারে তৎপর হতে নির্দেশ দেওয়া হচ্ছে।

ডাঃ মোতাহার হোসেন : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন তাঁরই চিঠিতে ডি.আই.এই স্কুলে শিক্ষক নিয়োগ বন্ধ করেছেন কিনা?

শ্রী কান্তি বিশ্বাস : নিয়োগ হবার ক্ষেত্রে কিছু বিধি বহির্ভূত অভিযোগ আমাদের কাছে আসে। সমস্ত বিষয়টা খতিয়ে না দেখে নিয়োগ সম্পূর্ণ না করার জন্য আমরা এখান থেকে নির্দেশ দিই। ইতিমধ্যে মাননীয় সদস্য জানেন, হাইকোর্টে দুটি মামলা হয় ফলে বিষয়টাতে জটিলতার সৃষ্টি হয়। যদিও অনেক আগে আমাদের নির্দেশ গিয়েছিল কিন্তু তবুও ইতিমধ্যে সমস্ত বিষয়টা পরিস্কার করা সম্ভব হয়নি।

ডাঃ মোতাহার হোসেন : শিক্ষক নিয়োগের ব্যাপারে কোন মামলা হয়েছে বলে আমার জানা নেই। শিক্ষক নিয়োগের ব্যাপারে আপনার এই আদেশের ফলে একটা চালু স্কুলে গত দু বছর ধরে ছাত্ররা ভর্তি হতে পারছে না। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন আর কতদিন সময় লাগবে একটা সুষ্ঠু ব্যবস্থা করে এখানে যাতে ছাত্ররা ভর্তি হতে পারে তার ব্যবস্থা করতে?

শ্রী কান্তি বিশ্বাস : একটা চালু স্কুল যদি বন্ধ হয়ে যায় তাহলে নিশ্চয় সেটা আমাদের পক্ষে খুব গৌরবের ব্যাপার নয়। যেখানে প্রতি বছর আমরা প্রায় ৫০ টি মাধ্যমিক বিদ্যালয় খুলি সেখানে যদি একটা চালু বিদ্যালয় বন্ধ হয় তাহলে সেটা অত্যন্ত বেদনা ও দুঃখের ব্যাপার হয়। যে বিদ্যালয় বন্ধ হয়ে গেল সেই বিদ্যালয়ের পক্ষ থেকে বিদ্যালয়ে উচ্চমাধ্যমিক শ্রেণীতে ভর্তি বন্ধ করার আগে সেই বিদ্যালয়ের কর্তৃপক্ষ বা প্রধান একবারও সরকারের কাছে বলেন নি যে আমাদের এই অসুবিধার জন্য বিদ্যালয় চালু করতে পারছি না। যেখানে হাজারের উপর মাধ্যমিক বিদ্যালয় আমারা খুলেছি সেখানে তা হলে আমরা তৎপরতার সংগে এই অসুবিধা দূর করতে পারতাম। আমাদের পক্ষ থেকে এই অসুবিধা দূর করার উদ্যোগ আমরা নিয়েছি।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, মুরারই-এর এই এ. কে.ইনসটিটিউশান সমেত সমগ্র পশ্চিমবঙ্গে শিক্ষক নিয়োগ আপাতত বন্ধ থাকবে এই মর্মে কোন নির্দেশ পাঠিয়েছেন কিনা?

শ্রী কান্তি বিশ্বাস : এই প্রশ্নটা একটি নির্দিষ্ট স্কুল সম্পর্কে আর আপনি প্রশ্ন করছেন সাধারণভাবে সমস্ত স্কুল সম্পর্কে। যাই হোক, আমি জানাচ্ছি, সরকারের পক্ষ থেকে নিয়োগ বন্ধ থাকবে এমন কথা আমরা বলি নি।

মুক্ত বিশ্ববিদ্যালয়

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৪) **শ্রী লক্ষ্মণ শেঠ** : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) রাজ্য সরকার মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকার কিংবা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কাছে কোন পরিকল্পনা পেশ করেছেন কিনা ; এবং

(খ) ক'রে থাকলে,উক্ত পরিকল্পনার প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি কি?

শ্রী শম্ভুচরণ ঘোষ :

(ক) পরিকল্পনা পেশ করা হয় নি, তবে মুক্ত বিশ্ববিদ্যালয় সম্পর্কে অবগত করা হয়েছে।

(খ) প্রশ্ন উঠে না।

[1.20–1.30 pm]

শ্রী কৃপা সিন্ধু সাহা : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ভারতবর্ষে অন্য কোন রাজ্যে এই মুক্ত বিশ্ববিদ্যালয় আছে কি না?

শ্রী শম্ভু চরণ ঘোষ : একমাত্র অন্ধ্র রাজ্যে ১৯৮৩ সালে তারা মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন।

শ্রী অম্বিকা ব্যানার্জী : মাননীয় মন্ত্রিমহাশয়, এই মুক্ত বিশ্ববিদ্যালয় করার পিছনে আপনার উদ্যোগ আছে। আপনি সেন্ট্রাল মিনিস্টার শ্রী পন্থকে এই বিষয়ে বলেছেন। তিনি এই উদ্যোগের সফলতা কামনা করে চিঠি দিয়েছেন। এই চিঠি দেবার পরে এই উদ্যোগ নিতে, এই ধরণের ইউনিভার্সিটি করতে আপনার দেরী হওয়ার কারণ কি, কি কি বাধা বর্তমানে আছে সেগুলি জানাবেন কি?

শ্রী শম্ভু চরণ ঘোষ : আপনি জানেন যে এই মুক্ত বিশ্ববিদ্যালয় সম্পর্কে একটা বিল বিধানসভায় পেশ করেছি। সেটা সিলেক্ট কমিটিতে গেছে। সিলেক্ট কমিটিতে চূড়ান্ত রূপ পাবার পরে এটা নিয়ে পুনরায় আলোচনা করা হবে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল রিভিউ-এর জন্য আবেদনপত্র

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৫।) **শ্রী সুভাষ গোস্বামী** : শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) বিগত মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষার মার্কশিটে কি ধরণের কত সংখ্যক ভুল ধরা পড়িয়াছে ;

(খ) ১৯৮৪ সালের মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষার ফলাফল রিভিউ-এর জন্য কত সংখ্যক আবেদনপত্র জমা পড়িয়াছিল ; এবং

(গ) তন্মধ্যে কতজনের ফলাফল প্রাপ্ত নম্বরের ব্যতিক্রম ঘটিয়াছে?

শ্রী কান্তি বিশ্বাস :

(ক) মাধ্যমিক পরীক্ষার মার্কশিটে ভুলের সংখ্যা - ১৬৬২ টি।

উচ্চ মাধ্যমিক পরীক্ষার ক্ষেত্রে উক্ত সংখ্যা ৩০০০ টি। পরীক্ষার্থীর নাম, বিদ্যালয়ের নাম, মার্কস সঠিকভাবে না লেখা ইত্যাদির দরুণ উক্ত সংখ্যক ভুল পরিলক্ষিত হয়।

(খ) মাধ্যমিক পরীক্ষার ফলাফল রিভিউএর জন্য আবেদন পড়েছিল - ৫০৩৩ টি (কেবলমাত্র অকৃতকার্য্য পরীক্ষার্থীর পক্ষে) উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে স্ক্রুটিনির জন্য দরখাস্ত পড়ে ৮৫৩১ টি

(গ) মাধ্যমিক পরীক্ষায় ৭০৫ টি ক্ষেত্রে প্রাপ্য নম্বরের ব্যতিক্রম ঘটেছে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৮২ জনের ক্ষেত্রে ব্যতিক্রম দেখা যায়।

কলকাতা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত

*৮৫। (অনুমোদিত) প্রশ্ন নং *৪২২।) **শ্রী সরল দেব** : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার কোন প্রস্তাব কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে দিয়াছেন কিনা?

শ্রী শম্ভুচরণ ঘোষ :

না।

শ্রী কৃপা সিন্ধু সাহা : মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার জন্য কংগ্রেস পক্ষ থেকে কোন প্রস্তাব গেছে কি না?

শ্রী শম্ভু চরণ ঘোষ : এই সম্পর্কে সংবাদপত্রে বিবৃতি দেখেছি এবং কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে। তবে অবগত হয়েছি যে পশ্চিমবাংলার সংশ্লিষ্ট মহল থেকে কেন্দ্রীয় সরকারকে চাপ সৃষ্টি করা হয়েছে যাতে করে কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় বলে রূপান্তরিত করা হয়।

শ্রী অমলেন্দ্র রায় : মাননীয় মন্ত্রিমহাশয়, আমি এর সঙ্গে সম্পর্কিত অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্নের জবাব আপনার কাছে চাইছি। আপনি জানেন যে এডুকেশান অরিজিন্যালি কনসটিটিউশানে স্টেট সাবজেক্ট ছিল। কিন্তু কি কারণে কবে এটা স্টেট লিষ্ট থেকে বাদ দিয়ে কনকারেন্ট লিষ্টে আনা হল, সেই ইনফরমেশান আপনি দয়া করে দিতে পারবেন কি?

শ্রী শম্ভু চরণ ঘোষ : জরুরী অবস্থার সময়ে ১৯৭৬ সালে শিক্ষাকে রাজ্য তালিকার ১১ নম্বর এন্ট্রি থেকে বাতীল করে কনাকারেন্ট লিষ্টের ২৫ নম্বর এন্ট্রিতে অন্তর্ভুক্ত করা হয়। প্রসংগত আরো আপনাকে জানাতে চাই যখন স্টেট সাবজেক্ট থেকে কনকারেন্ট লিষ্টে এডুকেশানকে আনা হয় তখন রাজ্যের বিভিন্ন বিধানসভাগুলির মত চাওয়া হয়। তখন পশ্চিমবঙ্গে কংগ্রেস সরকার প্রতিষ্ঠিত এবং সেই বিধানসভাও এই বিষয়টি অনুমোদন জানিয়েছিল।

Dr. Zainal Abedin : Will the Hon'ble Minister–in charge of Higher Education be pleased to state as to the present state of affairs of the Calcutta University and the statement that was prevailing, and what are the remedies he has found or sought so far to eliminate this impediment towards the normal functioning of the Calcutta University.

শ্রী শম্ভুচরণ ঘোষ : কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় সরকারের হাতে সমর্পণ করা উদ্দেশ্য নিয়ে কোন কোন মহল থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা সৃষ্টির প্রয়াস চলছে।

শ্রী সুমন্ত কুমার হীরা : মাননীয় মন্ত্রিমহোদয়, আপনি জানালেন যে কোন কোন মহল থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় করার জন্য কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করা হচ্ছে। আমরা দেখছি ইতিমধ্যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর দিল্লীতে গিয়ে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রীর সঙ্গে আলোচনা করছেন, কিন্তু আমরা জানি না কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রীর এরকম কোন এক্তিয়ার আছে কিনা, তিনি একটা রাজ্য বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যানসেলরকে ডেকে পাঠিয়ে তাঁকে গাইড করতে, পরামর্শ দিতে এবং নির্দেশ দিতে পারেন কিনা, সংবিধানে এ রকম কোনো ক্ষমতা কি কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রীকে দেওয়া আছে?

মিঃ স্পীকার : এ প্রশ্ন হয় না।

শ্রী সত্য রঞ্জন বাপুলী : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, গণী কমিটির রিপোর্টের মধ্যে কলকাতা বিশ্ববিদ্যালয়কে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় করার জন্য কোনো প্রস্তাব বা সুপারিশ ছিল কিনা এবং সে সুপারিশ সরকার গ্রহণ করেছেন কিনা?

শ্রী শম্ভু চরণ ঘোষ : গণী কমিটির সকল সুপারিশই সরকার গ্রহণ করবেন বা সবগুলির প্রতিই সরকার সম্মতি দেবেন, এটা মনে করা ঠিক নয়।

মিঃ স্পীকার : কমিটির রিপোর্টে কি ছিল, না ছিল তা রিপোর্ট পড়লেই জানতে পারবেন, সেটা জানবার জন্য কোশ্চেন করতে হয় না।

উচ্চ মাধ্যমিক স্তরে মহিলাদের জন্য উর্দু বিভাগ

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৮।) **শ্রী লক্ষীকান্ত দে** : শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) উচ্চ মাধ্যমিক স্তরে মহিলাদের উর্দু পড়ানোর জন্য কোলকাতায় কোন বিভাগ আছে কি ;

(খ) থাকলে, কতগুলি কলেজে বা স্কুলে অনুরূপ ব্যবস্থা আছে ; এবং

(গ) না থাকলে, নতুন করে এইরূপ বিভাগ খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

[1.30-1.40 pm]

শ্রী কান্তি বিশ্বাস : (ক) হ্যাঁ, আছে.

(খ) একটি স্কুলে এবং একটি কলেজে ঐ ব্যবস্থা চালু আছে।

(গ) প্রশ্ন ওঠে না।

শ্রী লক্ষীকান্ত দে : আরো নতুন কোনো বিদ্যালয়ে এই ব্যবস্থা চালু করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রী কান্তি বিশ্বাস : এ বছর সি. এম. ও. গার্লস হাই স্কুলটিকে উর্দু মাধ্যম বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে। আগামী বছর আবার এই বিষয়টি নিয়ে নতুন করে ভেবে দেখা হবে।

শ্রী অম্বিকা ব্যানার্জী: মাননীয় মন্ত্রিমহাশয়, এর আগে আমি এই বিধানসভায় বহুবার বলেছি, হাওড়ার নরসিংহ দত্ত কলেজটির তিন মাইল রেডিয়াসের মধ্যে এক লক্ষ উর্দু ভাষাভাষী মানুষের বাস, সুতরাং ঐ কলেজে উর্দু ক্লাশ চালু করা হোক। কিন্তু এখন পর্যন্ত তা করা হয়নি। বর্তমানে ওখানে উর্দু ক্লাশ চালু করার কথা কি মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করছেন?

শ্রী কান্তি বিশ্বাস : মূল প্রশ্নের সঙ্গে এই প্রশ্নটির সরাসরি কোনো যোগ নেই এবং মাননীয় সদস্য কলেজের বিষয়ে জিজ্ঞাসা করেছেন, সুতরাং এটা উচ্চ শিক্ষামন্ত্রীর জবাব দেবার কথা, কিন্তু আজকে এ সম্পর্কে উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে কিছু জিজ্ঞাসা করা হয়নি। যদি স্কুল সম্বন্ধে প্রশ্ন হয়, তাহলে আমি নিশ্চয়ই উত্তর দেব। তবে পশ্চিমবঙ্গ সরকারের সাধারণ নীতি হচ্ছে যে সমস্ত কলেজে উচ্চ-মাধ্যমিক পাঠক্রম চালু আছে, সেখানে তা থাকবে, কিন্তু নতুন কোনো কলেজে উচ্চ-মাধ্যমিক পাঠক্রম চালু করা হবে না।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : কলকাতা-সহ সমস্ত পশ্চিম বাংলায় উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিতে ক্ল্যাসিক্যাল ল্যাংগোয়েজ হিসাবে স্যান্সক্রীট, ফার্সী এবং উর্দু পড়ার বিশেষ সুযোগ নেই। মাননীয় মন্ত্রী মহাশয়ের কথা থেকে বুঝতে পারলাম যে, কলকাতায় যদিও কিছু সুযোগ আছে, কিন্তু মফঃস্বল জেলায় আদৌ সুযোগ নেই। ফারসী এবং উর্দু ভাষা আধুনিক ভাষা, সুতরাং এই ভাষাগুলি যাতে পড়ান হয় তার জন্য আমি মন্ত্রি মহাশয়ের কাছে জানতে চাইছি যে, যদি কেউ এ বিষয়ে তাঁর কাছে আবেদন করেন তাহলে তিনি কি সে আবেদন মঞ্জুর করবেন?

শ্রী কান্তি বিশ্বাস : আবেদন না আসার আগেই আমি কি করে মঞ্জুর করি আবেদন আগে আসুক, তারপরে নিশ্চয়ই আমরা বিবেচনা করব।

Starred Questions
(to which oral answers were given)

জাতীয় পাঠ্যক্রম

*১৫৪।(অনুমোদিত প্রশ্ন নং *১৩৯।) **শ্রী কাশীনাথ মিশ্র** : শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) এন সি ই আর টি-র অধিকর্তা জাতীয় পাঠক্রমের জন্য কোন খসড়া রাজ্য সরকারের শিক্ষা দপ্তরের কাছে পেশ করেছেন কিনা ; এবং

(খ) সর্বভারতীয় ক্ষেত্রে জাতীয় পাঠক্রম নিয়ে আজ পর্যন্ত রাজ্য সরকারের সঙ্গে কি কি বিষয়ে আলোচনা হয়েছে?

শ্রী কান্তি বিশ্বাস :

(ক) না।

(খ) রাজ্য সরকারের সঙ্গে জাতীয় পাঠক্রম নিয়ে পৃথকভাবে কোন আলোচনা হয়নি, তবে গত জুলাই মাসে এন. সি. ই. আর. টির উদ্যোগে পূর্বাঞ্চলীয় রাজ্য সরকারকে নিয়ে পাঠক্রম সম্পর্কে একটি আলোচনা সভা কলকাতায় অনুষ্ঠিত হয়।

শ্রী কাশীনাথ মিশ্র : পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিকে নিয়ে যে আলোচনা হয়েছিল সেই আলোচনায় বামফ্রন্ট সরকারের শিক্ষা দপ্তর থেকে পাঠক্রম এবং পাঠ্যসূচী সম্বন্ধে কোনো আপত্তি জানান হয়েছিল কি?

শ্রী কান্তি বিশ্বাস : সেখানে নির্দিষ্টভাবে কোনো পাঠক্রম নিয়ে আলোচনা হয়নি, পাঠক্রমের কতগুলি রূপরেখা নিয়ে আলোচনা হয়েছিল এবং সেখানে কিছু কিছু বিষয়ে আমাদের আপত্তি ছিল। অনেকগুলি আপত্তি পূর্বাঞ্চলীয় ১২টি রাজ্যের প্রতিনিধিরা এবং ঐ রাজ্যগুলির বিভিন্ন শিক্ষা সংস্থার পক্ষ থেকে যাঁরা এসেছিলেন তাঁরাও দিয়েছিলেন। সবচেয়ে বড় কথা এ বিষয়ে আমাদের প্রস্তাব এবং মূল্যায়নের সংগে তাঁরা একমত পোষণ করেছিলেন পূর্বাঞ্চলীয় সম্মেলনে যে সমস্ত প্রস্তাব গৃহীত হয় তার মধ্যে দৃষ্টিভঙ্গীর ক্ষেত্রে এই এই ব্যতিক্রম ঘটান উচিত বলে একটি প্রস্তাব গৃহীত হয়।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, পূর্বাঞ্চলীয় সম্মেলনে পূর্বাঞ্চলীয় রাজ্যগুলি সঙ্গে এবং তাদের বিভিন্ন শিক্ষাবিদদের সঙ্গে আলোচনার সময়ে বামফ্রন্ট সরকার কি কি মূল প্রস্তাব রেখেছিলেন?

শ্রী কান্তি বিশ্বাস : শিক্ষা সম্পর্কিত, পাঠক্রম এবং পাঠ্যসূচী ইত্যাদি বিষয়ে সেখানে আলোচনা হয়েছিল। সমস্ত প্রস্তাবগুলি এখানে বলা সম্ভব নয়। তবে মাননীয় সদস্য চাইলে আমি সেগুলি টেবিলে লে' করে দেব। তবে সেখানে মূলত: প্রস্তাব ছিল; প্রাথমিক বিদ্যালয় স্তর থেকে স্বাধীনতা সংগ্রামের ইতিহাস পড়ান হোক। 'আমরা বলেছিলাম, ইতিহাসের পাঠ্যসূচী যে ভাবে পড়ান হয় সে ভাবে স্বাধীনতা সংগ্রামের ইতিহাস যদি প্রাথমিক পড়ান হয়-যুক্তির উপর ভিত্তি করে যদি এটা পড়ান হয়-তাহলে প্রাথমিক স্তরের ছাত্ররা এটা গ্রহণ করতে পারবে না। বরংচ তাদের বিভিন্ন গল্পের মধ্যে দিয়ে স্বাধীনতা সংগ্রামের ইতিহাস কিছু কিছু পড়ান যেতে পারে। প্রাথমিক স্তরেই ইতিহাসের পাঠ্যসূচীর মধ্যে দিয়ে ছাত্রদের কখনই পড়ান সম্ভব নয়। এ বিষয়ে আমাদের সংগে পূর্বাঞ্চলের সমস্ত শিক্ষাবিদরা একমত হয়েছিলেন। তাঁরা সকলেই বলেছিলেন, প্রাথমিক স্তর থেকে স্বাধীনতা সংগ্রামের-ইতিহাস ইতিহাসের পাঠ্যসূচী হিসাবে গ্রহণ করা উচিত নয়। আমাদের দ্বিতীয় প্রস্তাব ছিল ভাষা শিক্ষা নিয়ে। প্রাথমিক স্তরে দুটি ভাষা পড়ানর বিষয়ে একটা প্রস্তাব উঠেছিল। সেখানে আমরা কোঠারী কমিশন এবং ইউনেসকোর রিপোর্ট থেকে উদ্ধৃতি দিয়েছিলাম, শিশু-মনস্তাত্বিকদের অভিমত, দুটি ভাষা প্রথমিক স্তরে কখনই যুক্তিসংগত নয়, বিজ্ঞান সম্মত নয়। ১২ টি রাজ্যের শিক্ষাবিদরা এ বিষয়ে আমাদের সঙ্গে একমত হয়েছিলেন এবং দিল্লী থেকে এন. সি. ই. আর. টি'র প্রতিনিধি যাঁরা এসেছিলেন অর্থাৎ যাঁরা সম্মেলন ডেকেছিলেন তাঁরাও একই অভিমত প্রকাশ করেছেন। এই রকম আরো কয়েকটি বিষয়ে আমরা আপত্তি তুলেছিলাম এবং আমাদের বাদ দিয়ে বাকি ১১'টি রাজ্য সে আপত্তিগুলি গ্রহণ করেছেন। তাঁরা সকলেই আমাদের সঙ্গে এক মত হয়েছেন।

শ্রী দেব প্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি জানাবেন কি, সম্প্রতি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যে জাতীয় শিক্ষা নীতির কথা বলা হচ্ছে এবং নেশনওয়াইজ ডিবেটের কথা বলা হচ্ছে, যার উপর ভিত্তি করে আপনারা ঐ সম্মেলন এ্যাটেণ্ড করলেন, সেই জাতীয় শিক্ষা নীতির কোনো খসড়া-যা লোকসভায় ওঁরা পেশ করেছেন-আমাদের রাজ্য সরকারের হস্তগত হয়েছে কি; হয়ে থাকলে তা আমাদের, সদস্যদের দেখার কোনো সুযোগ আছে কি?

শ্রী কান্তি বিশ্বাস : আমরা কেন্দ্রীয় সরকারের নিকট মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী এবং আমি যৌথভাবে দাবী করেছিলাম যেহেতু বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ সেইহেতু পর্যাপ্ত পরিমাণে বিভিন্ন ভাষায় অনুবাদ করে মুদ্রিত আকারে বিভিন্ন সংগঠন, রাজনৈতিক সংগঠন, ছাত্র যুব, শিক্ষক সংগঠন, শ্রমিক সংগঠন, শ্রমিক সংস্থা এবং কৃষক সংগঠনের মধ্যে বণ্টন করা হোক। বারেবারে এই ব্যাপারে আমাদের তরফ থেকে দাবী করা হয়েছে। ওনারা বলেছেন, ৩টি ভাষায় ছাপাচ্ছেন। ইংরাজী ভাষায় ছাপানো হয়েছিল, তার ২/১ টি কপি পেয়েছি। এছাড়া হিন্দিতেও কিছু ছাপাচ্ছেন এবং উর্দুতেও কিছু ছাপাচ্ছেন। আমরা বলেছিলাম আমাদের কাছে কিছু সরবরাহ করা হোক। ওনারা বলেছেন, যত তাড়াতাড়ি পারবেন ২ হাজার কপি সরবরাহ কববেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন। অবশ্য আমরা এখনও পাইনি। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাই ৬ মাস সময় দেবার দাবী করেছিলাম। ওনারা অস্বীকার করেছেন। ১৫ নভেম্বরের মধ্যে মতামত জানাতে হবে যেহেতু সময় সংকীর্ণ - ওনারা কবে কপি পাঠাবেন জানি না-তাই পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে ইংরাজীতে ৫ হাজার কপি ছাপাবার সিদ্ধান্ত করেছি এবং এ ব্যাপারে নির্দ্দেশ জারী করা হয়েছে। এই বই যখন পাবো তখন সমস্ত রাজনৈতিক সংগঠন, সমস্ত গণ-সংগঠন এবং মাননীয় সদস্যদের মধ্যে বণ্টন করবার আশা রাখি।

ডঃ কিরণ চৌধুরী : প্রাথমিক এবং মাধ্যমিক বিষয়ক শিক্ষামন্ত্রী জানাইবেন কি, আপনি একটু আগে উল্লেখ করলেন যে, জাতীয় শিক্ষানীতির মধ্যে প্রাথমিক স্তরে ইতিহাস পড়ানো - স্বাধীনতা সংগ্রামের ইতিহাস পড়ানো সম্ভব হবে না। একটু রেফারেন্স হিসাবে আনা যেতে পারে তার এ ব্যাপারে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে কোন মতভেদ হয়েছে কি? কারণ, আমার যতদূর জানা আছে, তিনি চেয়েছিলেন, ব্যক্তিগত ইতিহাস, ব্যক্তিগত জীবনী লিখে তার মাধ্যমে জাতীয় সংগ্রামের রেফারেন্স দেওয়া যেতে পারে, এইভাবে খানিকটা পড়ানো হোক-এটা তিনি চেয়েছিলেন। স্বাধীনতা সংগ্রামের ইতিহাস ঢুকিয়ে দেবার তাঁর বক্তব্য নয়। আপনি এ ব্যাপারে আলোকপাত করবেন কি?

শ্রী কান্তি বিশ্বাস : মাননীয় সদস্যের ইতিহাস সম্পর্কে ধ্যান-ধারণা আছে। আপনি জানেন, শিক্ষা নীতির মধ্যে বিভিন্ন পাঠ্যসূচী এবং পাঠক্রম সম্পর্কে আলোচনার অবকাশ থাকে না। জাতীয় শিক্ষানীতির যে রূপরেখা আছে, সেই জাতীয় শিক্ষানীতির খসড়া তালিকা যখন বণ্টন করা হয়েছে তার উপর দাঁড়িয়ে আমরা আমাদের মতামত ব্যক্ত করেছি এবং ভবিষ্যতেও আমাদের মতামত ব্যক্ত করবো। প্রাথমিক স্তরে ইতিহাস পড়ানো হবে কি হবে না এটা এই শিক্ষানীতির আলোচনায় প্রাধান্য পেতে পারে না। যখন শিক্ষানীতি চূড়ান্ত হবে তার উপর ভিত্তি করে বিভিন্ন পাঠ্যসূচী এবং পাঠক্রম নিদ্ধারিত হবে। আমরা যে কথা বলছি, স্বাধীনতা সংগ্রামের ইতিহাস বিভিন্ন উপাখ্যানের মধ্য দিয়ে আনা যেতে পারে, সেই ইতিহাসে বিভিন্ন মহানায়কের বিভিন্ন বিষয়গুলি আনা যেতে পারে। সুতরাং সেইজন্য প্রস্তাব দিয়েছিলাম স্বাধীনতা সংগ্রামের ইতিহাস পড়ানো হবেনা। আপনি ইতিহাস পুস্তকের প্রণেতা হিসাবে আমার বিশ্বাস, আমার সাথে একমত হবেন যে প্রাথমিক স্তরে পড়ানো সম্ভব নয়।

মুর্শিদাবাদ গ্রামীণ ব্যাঙ্ক

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪।) **শ্রী অমলেন্দ্র রায়** : অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) মুর্শিদাবাদ গ্রামীণ ব্যাঙ্ক এ পর্যন্ত (১) কতগুলি শাখা খুলেছে এবং (২) কতজন কর্মচারী নিয়োগ করেছে ; এবং

(খ) ঐ ব্যাঙ্কে কর্মচারী নিয়োগের জন্য কি পদ্ধতি অনুসরণ করা হয়েছে বা হচ্ছে?

ডাঃ অশোক মিত্র :

(ক) (১) মুর্শিদাবাদ গ্রামীণ ব্যাঙ্ক এ পর্যন্ত একটি শাখা খুলেছে।

(২) ঐ ব্যাঙ্ক এখনো পর্যন্ত কোন কর্মচারী নিয়োগ করেনি।

(খ) কর্মচারী নিয়োগের জন্য ঐ ব্যাঙ্ক সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞাপন মারফৎ পদপ্রার্থীদের কাছ থেকে দরখাস্ত নিয়েছে। দরখাস্তকারীদের প্রাথমিক পর্যায়ে একটি লিখিত পরীক্ষা নেওয়া হয়েছে বলে জানা গেছে। এরপর মৌখিক পরীক্ষা হবে।

[1.40–1.50 pm]

শ্রী অমলেন্দ্র রায় : মাননীয় অর্থমন্ত্রী, একটি প্রশ্নের জবাব চাইছি। অবশ্য জানি যে, সরাসরি এই প্রশ্নের উত্তর দেওয়া আপনার পক্ষে বোধ হয় সহজ হবে না। তবে আমাদের জানা দরকার বলে যতটুকু বলা সম্ভব, বলুন। ঐ ব্যাঙ্কটি দশ মাস আগে লোকসভা নির্বাচনের সময় ডিসেম্বর মাসে খুলেছে। গত সোমবার আপনি একটি হিসাব দিয়ে বলেছিলেন যে, ১৭ হাজার লোক পিছু ঐ ব্যাঙ্কের একটি করে শাখা খোলা হবে। আজকে মুর্শিদাবাদ জেলার লোকসংখ্যা ৩৭ লক্ষ। কাজেই এ্যাকচুয়ালি প্রায় ২২৫ টির মত শাখা খোলা যেতে পারে এবং ৫০/৬০ টি করে শাখা ব্যাঙ্ক হতে পারে প্রতিটি মহকুমায়। আজকে মুর্শিদাবাদ জেলায় বহু ছেলে-মেয়ে বেকার। কাজেই সেখানে অতগুলি শাখা খুললে পর তাতে বহু বেকার ছেলেমেয়ের কাজ হতে পারে। কাজেই এই প্রোগ্রামে ওদের কাজে বহাল করবার জন্য কোন ব্যবস্থা হচ্ছে কিনা জানাবেন কি?

ডঃ অশোক মিত্র : মাননীয় সদস্য যে উদ্যোগ প্রকাশ করলেন, তার সঙ্গে আমি একমত। কিন্তু একথা অনুধাবন করতে বলছি যে, ঐ ব্যাঙ্কের ক্ষেত্রে রাজ্যসরকার ছোট শরিক; বড় শরিক হচ্ছেন কেন্দ্রীয় সরকার এবং মেজ শরিক হচ্ছেন রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক - ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া। আমরা এক্ষেত্রে শেষে আছি। তবে এখানে জানাতে হচ্ছে যে, কেন্দ্রীয় অর্থমন্ত্রক গ্রামীণ ব্যাঙ্ককে নির্দেশ দিয়ে বলেছে - "যদি বিধানসভায় গ্রামীণ ব্যাঙ্ক সম্পর্কে কোন প্রশ্ন তোলা হয় এবং সেই প্রশ্নের পরিপ্রেক্ষিতে গ্রামীণ ব্যাঙ্কের কাছে যদি কোন তথ্যের অনুসন্ধান করা হয়, সেই তথ্য যেন রাজ্য সরকারকে পরিবেশন করা না হয়।" এই ধরণের নির্দেশের বিরুদ্ধে রাজ্যসরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে প্রতিবাদ পাঠান হয়েছে। যতদূর জানতে পেরেছি, ১৯৮৪ সালের ডিসেম্বর মাসে রিজার্ভ ব্যাঙ্ক থেকে লিড ব্যাঙ্ককে গ্রামীণ ব্যাঙ্কে ১৩টি শাখা খোলার অনুমোদন দেওয়া হয়েছে। কিন্তু ১৩টির মধ্যে মাত্র একটি শাখা খোলা হয়েছে। তবে গরীব মধ্যবিত্ত চাষী এবং ক্ষেতমজুরদের ঋণ দেবার ব্যাপারটা, যেটা প্রধানত: আমরা চাই, সেই কাজটাই এখনও সুরু হয়নি। এটা সুরু না হবার কারণ হচ্ছে- সেখানে কর্মচারী নিয়োগ করা হয়নি। এই ব্যাপারে ইউনাইটেড ব্যাঙ্কের প্রাক্তন চেয়ারম্যানকে আমি অনুরোধ করেছিলাম, কিন্তু ফল হয়নি। নতুন যিনি চেয়ারম্যান এসেছেন, এই সপ্তাহের মধ্যে দেখা করবার জন্য তাঁকে অনুরোধ করেছি। সাক্ষাতে তাঁকে এই ব্যাপারে আবার অনুরোধ করবো।

শ্রী অমলেন্দ্র রায় : মাননীয় অর্থমন্ত্রী যা বললেন, সেটা তো ভয়ঙ্কর কথা! কারণ উই আর এ পার্টি টু দিস ব্যাঙ্ক। আমরা ছোট হতে পারি, তবে ছোট - বড় - মাঝারী শরিক হওয়াটা একটা কথা নয়। তিন পার্টির মধ্যে আমরাও তো একটা পার্টি! তিনটি পার্টি মিলেই ব্যাঙ্কটা আমরা করেছি। তাহলে কি করে অর্থমন্ত্রক ঐ নির্দেশ জারী করেন? রাজ্যসরকারের তরফ থেকে এই ব্যাপারে তীব্র প্রতিবাদ করা হয়েছে কিনা - সেটা জানতে চাইছি।

ডঃ অশোক মিত্র : মাননীয় সদস্যদের আগেই জানিয়েছি যে, এই সম্পর্কে ইতিমধ্যে দুটি প্রতিবাদপত্র কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছি, কিন্তু এখনও পর্যন্ত তার কোন জবাব আসেনি। আমরা পশ্চিমবাংলার কোন সংসদ সদস্যকে অনুরোধ করবো, এই ব্যাপারে সংসদে প্রশ্ন রেখে এ-সম্পর্কে আলোচনা তুলবার জন্য।

ডাঃ সুশোভন ব্যানার্জী : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি 'খ' প্রশ্নের উত্তরে কর্মচারী নিয়োগ করার ব্যাপারে পদ্ধতিগত বিষয়ে উত্তর দিয়েছেন। এখানে সঠিক কথাই বলেছেন যে পশ্চিমবঙ্গ সরকার একটি পার্টি। সেন্ট্রাল গভর্ণমেণ্টও একটি পার্টি এবং যাঁরা টাকা দেন - লিড় ব্যাঙ্কও একটি পার্টি। কিন্তু আমার অতীতের অভিজ্ঞতা থেকে মনে হয়েছে, এই পার্টির যাঁরা নিকটবর্তী – এ্যাপয়েন্টমেন্টের সময়ও তাঁরাই প্রেফারেন্স পান। কিন্তু যাঁরা সত্যিকারের মেধাবী, যাঁরা সত্যিকারের ব্যাঙ্কের কাজকর্ম জানেন তাঁরা অনেক সময়েই এক্ষেত্রে বঞ্চিত হন। ব্যাঙ্কের বোর্ড অফ ডিরেক্টরস্ মধ্যে ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্ট আছেন, তারমধ্যে সেন্ট্রাল গভর্ণমেন্ট আছেন এবং ব্যাঙ্কেরও একজন আছেন। আজকে এঁদের নিকটবর্তী যাঁরা, তাঁরা ছাড়া সত্যিকার মেধাবী যাঁরা তাঁরা যাতে সুযোগ পান - এই ব্যাপারে চিন্তা ভাবনা করছেন কিনা?

ডঃ অশোক মিত্র : মাননীয় সদস্য যে কথাগুলি বললেন সেইগুলি অনেকটা সত্য। আমার কাছে যতটুকু খবর আছে যে এই গ্রামীন ব্যাঙ্ক কর্মচারী নিয়োগের জন্য রিজার্ভ ব্যাঙ্ক এবং ন্যাবাড যে পদ্ধতি নির্দেশ করে দিয়েছেন সেই পদ্ধতি অনুযায়ী লোক নিয়োগ করা হয়। তবে আমার কাছে এই ধরনের অভিযোগ এসেছে, বিশেষত: বীরভূম জেলার ক্ষেত্রে অনেক সময় কয়েকটি গ্রামীন ব্যাঙ্কের কর্তৃপক্ষ উপর রাজনৈতিক প্রভাব খাটানোর চেষ্টা করা হচ্ছে। এই অভিযোগ আমি ১৯৮৪ সালে বীরভূম গ্রামীণ ব্যাঙ্ক থেকে পেয়েছি। এই অভিযোগ পেয়ে বীরভূমের ওই গ্রামীন ব্যাঙ্কের যারা লিড় ব্যাঙ্ক - ইউনাইটেড কমার্সিয়াল ব্যাঙ্ক - সেই ব্যাঙ্কের চেয়ারম্যানকে এই অভিযোগের কথা জানিয়েছি। আমি বলেছি এই ধরনের জিনিষ অভিপ্রেত নয়।

শ্রী সরল দেব : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি মিনিমাম পার্টনার হিসাবে পশ্চিমবঙ্গ সরকারের যে এমপ্লয়মেন্ট নীতি সেই নীতি মোতাবেক লোক নিয়োগের ব্যাপারে আপনি সুপারিশ করেছেন কি? এই ব্যাপারে আপনি তো কিছু পরিস্কার করে বললেন না?

ডঃ অশোক মিত্র : আমি বার বার গ্রামীণ ব্যাঙ্ক কর্তৃপক্ষকে পশ্চিমবঙ্গ সরকারের নীতির কথা বলেছি যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম সংগ্রহ করতে হবে এবং যারা আলাদা করে আবেদন করবে তাদের নাম যাতে নথিভুক্ত থাকে সেটাও দেখা প্রয়োজন। কিন্তু যেহেতু আমাদের পূর্ণ ক্ষমতা নেই এই ব্যাঙ্কের কাজকর্মে দৈনন্দিন কি কাজকর্ম হচ্ছে সেটা পর্যালোচনা করার সেইহেতু কি ঘটছে না ঘটছে সেটা বাইরে থেকে আমার পক্ষে বলা সম্ভব নয়।

Dr. Zainal Abedin : Will the Honourable Minister-in-Charge of Finance be pleased to state as to whether it is desirable that each district should have one Rural Bank and the steps taken by the State Government to set up Rural Banks for each district co-terminus with the geography of the district and the results so far?

ডঃ অশোক মিত্র : গত সপ্তাহের এক প্রশ্নের জবাব দিতে গিয়ে আমি বলেছিলাম যে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের কাছে চিঠি দিয়ে জানানো হয়েছে যে পশ্চিমবাংলায় প্রতিটি জেলাতে অন্ততপক্ষে একটি করে গ্রামী ব্যাঙ্ক খোলা হোক। এই ব্যাপারে আমরা প্রতিনিয়ত আলাপ আলোচনা চালিয়ে যাচ্ছি।

শ্রী যামিনী ভূষণ সাহা : গ্রামীণ ব্যাঙ্কের ব্যাপারে যে প্রশ্ন দেখা দিয়েছে সেটা একটা গুরুতর অবস্থার সৃষ্টি করেছে, সেটা আমি আপনার কাছে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এক প্রশ্নের উত্তরে বললেন যে "ব্যাঙ্কে নির্দেশ দেওয়া হয়েছে বিধানসভা থেকে কোন প্রশ্ন করলে তার জবাব যেন না দেওয়া হয়"। আমি ১৯৬২ সাল থেকে এই বিধানসভায় আছি, এই ধরনের কথা আমি কখনও শুনিনি। পশ্চিমবাংলা অপারেট করছে, পশ্চিমবাংলার আমানতকারীরা টাকা দিচ্ছে - পশ্চিমবাংলা থেকে সরকারী হিসাবে টাকা দিল কি না দিল সেটা প্রশ্ন নয় - বিধানসভা থেকে কোন প্রশ্ন হাজির করলে তার জবাব দেওয়া হবে না, সংবিধানে এই অধিকার দেওয়া নেই। স্যার, এটা একটা প্রিভিলেজের প্রশ্ন এসে যাচ্ছে

মিঃ স্পীকার : এই ব্যাপারে আপনি প্রিভিলেজ মোসান ফাইল করলে আমি দেখবো।

বাঁকুড়া খ্রীস্টান কলেজের পরিচালন কমিটি

*১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৩।) **শ্রী সমর মুখার্জী এবং শ্রী কাশীনাথ মিশ্র** : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) বাঁকুড়া খ্রীষ্টান কলেজের পরিচালন কমিটি (গভর্নিং বডি) গঠিত হয়েছে কি; এবং

(খ) গঠিত না হয়ে থাকলে, তার কারণ কি?

শ্রী শম্ভুচরণ ঘোষ :

(ক) ও (খ) কলেজগুলির পরিচালন সমিতি বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী গঠিত হয়। এই কলেজের পরিচালন সমিতিতে সদস্য হিসাবে সরকার দুই ব্যক্তিকে ইতিমধ্যেই মনোনীত করিয়াছেন। বিষয়টি সম্পূর্ণরূপে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের এক্তিয়ারে রাজ্যসরকারের কিছু করণীয় নাই।

[1.50–2.00 pm]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি – বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মনোনীত সদস্য আজ পর্যন্ত না দেওয়ার কারণ কি যার জন্য কমিটি কাজ করতে পারছে না?

শ্রী শম্ভু চরণ ঘোষ : বর্ধমান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবিষয়ে সরকারীভাবে আমাদের কিছু জানান নি। আমি যতদূর জানতে পেরেছি তা হচ্ছে, বর্ধমান বিশ্রবিদ্যালয়' এর কাছে কলেজ কর্তৃপক্ষ যে বিধি পাঠিয়েছেন তা সরকারের আলোচনাকালে যে বিধি প্রণীত হয়েছিল তাঁর অনুরূপ নয়।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, সরকারের সাথে যে এগ্রিমেন্ট হয়েছিল উক্ত মিশনারী কর্তৃপক্ষের, সেই এগ্রিমেন্ট অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের কাছে বা ডি. পি. আই.' এর কাছে, সেই এগ্রিমেন্টের কোন কপি মিশনারী কর্তৃপক্ষ পাঠিয়েছেন কিনা?

শ্রী শম্ভু চরণ ঘোষ : আমাদের সাথে সর্বশেষ আলোচনা হয়েছিল ১৯৮৫ সালের ১১ই জানুয়ারী তারিখে। কলেজ কর্তৃপক্ষের সাথে সরকারের শিক্ষা বিভাগের আলোচনা মারফৎ একটা স্পেশ্যাল কনষ্টিটিউশান তৈরী হয়েছিল, তাতে স্থির হয়েছিল যে কলেজ কর্তৃপক্ষ সেই স্পেশ্যাল কনষ্টিটিউসান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে অনুমোদনের জন্য পাঠাবেন। তাঁরা সেটা পাঠিয়েছেন কিনা সে সম্পর্কে আমার কাছে সরকারীভাবে কোন খবর নেই।

কলকাতা শহরের খাটাল উচ্ছেদ

*১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪।) **শ্রী দেবপ্রসাদ সরকার** : পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) ইহা কি সত্য যে, আদালতের ইনজাংশনের জন্য কলকাতা শহরের খাটাল উচ্ছেদের কাজ এগুচ্ছে না; এবং

(খ) সত্য হলে,–

(১) বর্তমানে কলকাতা পুরএলাকায় এইরূপ কতগুলি ক্ষেত্রে খাটাল মালিকদের পক্ষে ইনজাংশন রয়েছে,

(২) এই সমস্ত ইনজাংশনের মধ্যে সময়ানুক্রমে (ক্রোনোলজিক্যালি) প্রথম ইনজাংসনের আদেশ ও সর্বশেষ ইনজাংশনের আদেশের তারিখ দুইটি কত, ও

(৩) ১৯৭৭ সালের জুন মাস থেকে অদ্যাবধি খাটাল মালিকদের পক্ষে কতগুলি ইনজাংশনের আদেশ ভেকেট করা হয়েছে?

শ্রী অমৃতেন্দু মুখার্জী :

(ক) আদালতের ইনজাংশনের ফলে কলকাতা শহরে খাটাল উচ্ছেদের কাজে বাধা সৃষ্টি হয়েছে।

(খ) (১) ৩৩ টি ক্ষেত্রে।

(২) ২১.১২.১৯৭৬

২৫.৯.১৯৮৪ (৫)

(৩) ৪ (চারটি)।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রিমহাশয় খাটাল উচ্ছেদের ব্যাপারে বললেন যে কলকাতা শহরে ৩৩ টি ক্ষেত্রে ইনজাংশন আছে। আমার যতদূর জানা আছে তা হচ্ছে, তালিকাভুক্ত খাটালের সংখ্যা এখানে ৮০০ এবং এর বাইরেও ৩.০০০ হাজারের মত খাটাল আছে। আমার প্রশ্ন হচ্ছে এই যে, এখানে ইনজাংশনের আওতায় কতগুলো খাটাল আছে এবং যেগুলো ইনজাংশনের বাইরে আছে, সেগুলো উচ্ছেদের ক্ষেত্রে অন্তরায় কি?

শ্রী অমৃতেন্দু মুখার্জী : মাননীয় মন্ত্রী এখানে কতগুলো খাটাল আছে, তার একটা সংখ্যা উল্লেখ করলেন। আমরা জরীপ করে যা পেয়েছি তার সঙ্গে অবশ্য ঐ সংখ্যাটা মিলছে না। যাইহোক, আমরা, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কলকাতার পুরো এলাকায় আনুমানিক ৭০০ টি খাটালের হিসাব জরীপ করে পেয়েছি। হিসাবটা অবশ্যই আনুমানিক। এরমধ্যে প্রায় ৬৫০ টি খাটাল ইনজাংশনের আওতার মধ্যে আছে। কলিকাতা হাইকোর্টের ৩৩টি কেসের মধ্যে এখনো পর্যন্ত মাত্র ২টি কেস আমরা ভেকেট করতে পেরেছি, তবে অভিযুক্ত করেছি ৩টি কেসকে এবং খুব সম্প্রতি অপর পক্ষ এফিডেফিট দাখিল করেছে। যেগুলি ভেকেট করতে পারেনি তার কারণ হচ্ছে খাটাল মালিকরা ভেকেট না হওয়ার জন্য কোর্টের কাছে প্রেয়ার করেছে এবং ইনজাংশানও তারা পেয়েছে। সুতরাং এই অসুবিধাগুলির জন্য কাজ করা যাচ্ছে না।

শ্রী দেব প্রসাদ সরকার : আপনার হিসাবমত গত ৮ বছরের মধ্যে ৪টি ভ্যাকেট হয়েছে। রাজ্যসরকার সিরিয়াসলি এইগুলি ভ্যাকেট করার ব্যাপারে কি লক্ষ্য রেখেছেন? যদি লক্ষ্য রাখতেন তাহলে গত ৮ বছরে মাত্র ৪টি কি করে ভ্যাকেট হল এবং এই যে অচলাবস্থার সৃষ্টি হয়েছে এর হাত থেকে মুক্তি পাওয়ার ব্যাপারে রাজ্য অন্য কোন পরিকল্পনার কথা চিন্তা করছেন কিনা অথবা নতুন কোন আইন আনার কথা ভাবছেন কিনা?

শ্রী অমৃতেন্দু মুখার্জী : আমরা রাজ্যসরকারের পক্ষ থেকে আদালত পরিচালনা ব্যাপারে যা যা করণীয় করেছি এবং এই ব্যাপারে এ্যাডভোকেট জেনারেল পর্যন্ত আমাদের সাহায্য করছেন। কিন্তু তা সত্ত্বেও আদালত কি করবেন না করবেন তা তো রাজ্য সরকারের উপর নির্ভর করে না, আমরা এরজন্য প্রাণপণ চেষ্টা করছি।

মাননীয় সদস্য যে দ্বিতীয় প্রশ্ন করেছেন যে খাটাল মুক্ত করার জন্য কিছু করা যায় কিনা তার উত্তরে আমি জানাচ্ছি মাননীয় সদস্য নিশ্চয় জানেন যে হাউসে গতবার ওয়েষ্ট বেঙ্গল ক্যাটেল লাইসেন্স এ্যাক্ট, ১৯৫৯ পাশ করানো হয়েছে কিন্তু পাশ হওয়ার পরে প্রায় ২ বছর পড়েছিলো রাষ্ট্রপতির অনুমোদনের জন্য। সম্প্রতি আমরা দিল্লী গিয়ে রাষ্ট্রপতির অনুমোদন পেয়েছি এবং সেই অনুমোদন পাওয়ার পরে এখানে সেই এ্যামেণ্ডমেন্টের ভিত্তিতে রুলস্ তৈরী করেছি, সেই রুলস্ তৈরী হয়ে গেছে। একটা ভিত্তিতেই এই রুলস্ তৈরী হয়েছে এবং সকলেই একমত হয়ে গ্রহণ করেছিলাম, তার ভিত্তিতেই আমরা রুলস্ তৈরী করেছি। আশা করছি সেই রুলস্ পাবলিস হয়ে যাবে এবং পাবলিস হয়ে যাবার পরে যে নতুন আইন হয়েছে সেই আইন অনুসারে খাটাল মলিকদের নোটিশ দেওয়া হবে যে খাটাল থেকে গরু, মোষ বিভিন্ন জায়গায় নিয়ে যেতে হবে, যদি না নিয়ে যায় তাহলে কোর্টের নির্দেশ অনুসারে ওই গরু মোষ কোর্ট বাজেয়াপ্ত করতে পারে অথবা কোর্ট নিলাম বা অকশান করে দিতে পারে। এইভাবে আমরা খাটাল অপসারণের কথা ভাবছি।

Mr. Speaker : Question Hour is over.

Starred Questions

(to which answers were laid on the table)

প্রথা-বহির্ভূত শিক্ষাকেন্দ্রের শিক্ষক ও শিক্ষিকাদের ভাতা বৃদ্ধি

*১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং * ৪৭৫।) শ্রী নীরোদ রায়চৌধুরী : শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি–

(ক) রাজ্যের প্রথা-বহির্ভূত শিক্ষাকেন্দ্রের শিক্ষক/শিক্ষিকাদের ভাতা বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) না থাকলে, তার কারণ কি?

Minister of State in-Charge of Social Education, Non-formal Education of Library Service Deptt.

(ক) না।

(খ) নন-ফরমাল শিক্ষা ব্যবস্থাটি একটি কেন্দ্রীয় প্রকল্প। প্রকল্পের নীতি অনুযায়ী রাজ্য সরকার আর্থিক দায় দায়িত্বের অর্ধেক বহন করেন। তাই কেন্দ্রীয় সরকারার অনারারিয়াম বৃদ্ধির বিষয়টি বিবেচনা না করলে রাজ্য সরকারের পক্ষে বিবেচনা করা স্বাভাবিক কারণেই সম্ভব নয়।

অ্যাড-হক ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড (প্রাথমিক)

*১৬০।(অনুমোদিত প্রশ্ন নং *৩৪৫।) শ্রী ধীরেন্দ্রনাথ সরকার : শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) ইহা কি সত্য যে, রাজ্যে সরকার বর্তমানে রাজ্যর অ্যাড-হক ডিস্ট্রিক্ট স্কুলে বোর্ডগুলি (প্রাথমিক) ভেঙ্গে দিয়ে নির্বাচন করার পরিবর্তে পুনরায় অ্যাড-হক ভিত্তিতে ঐগুলি নতুন নামে গঠন করার প্রস্তাব বিবেচনা করছেন ; এবং

(খ) সত্য হলে,- (১) বর্তমানে ঐ প্রস্তাব কি পর্যায়ে আছে, ও (২) ঐ বোর্ডগুলি ভেঙ্গে দিয়ে নির্বাচন না করার কারাণ কি?

Minister-in-charge for Aducation (Primary and Secondary) Deptt.

(ক) অনুমান সত্য নয়। ১৯৭৩ সালের পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইনের থারা বলে রাজ্যস্তরে পরিষদ গঠন সুষ্ঠভাবে করতে হলে প্রাথমিক পদক্ষেপ হিসাবে মানোনীত পরিষদ গঠনের প্রয়োজনীয়তা আছে। সেইজন্য ঐ পরিষদ গঠনের বিষয়টি বিবেচনা করতে হচ্ছে।

(খ) ১) বিবেচনা স্তরে আছে। ২) নির্বাচনের সাহায্য জেলা পরিষদ গঠনের প্রায়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

পশ্চিমবাংলার গ্রাম-গঞ্জে অবৈধ মদ বিক্রয়

*১৬১।(আনুমোদিত প্রশ্ন নং *১০০২।) শ্রী বিভূতিভূষণ দে : আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) পশ্চিমবঙ্গের গ্রাম-গঞ্জে অবৈধ মদ বিক্রির দোকানের অস্তিত্ব সম্পর্কে সরকার অবহিত আছেন কি ; এবং

(খ) অবহিত থাকলে,-

(১) ঐ সমস্ত দোকানের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা ।নচ্ছেন, ও

(২) তা কতদূর কার্যকারী হয়েছে?

Minister of State-in-Charge for Excise Deptt.

(ক) পশ্চিমবঙ্গে গ্রামে গঞ্জে সর্বত্র বেআইনী মদ বিক্রী হচ্ছে এরকম খবর সরকারের নেই। তবে কিছু কিছু স্থানে অবৈধ মদ বিক্রীর আস্তানা আছে।

(খ) বেআইনী মাদক দ্রব্য প্রস্তুত ও বিক্রী প্রতিহত করার উদ্দেশ্যে সরকার বিশেষ ভাবে তৎপর আছেন। এই উদ্দেশ্যে সাম্প্রতিককালে আবগারী আইন সংশোধন করা হয়েছে। আবগারী দপ্তর কর্তৃক ধারাবাহিকভাবে বে-আইনী মাদক দ্রব্য ব্যবহার নিরোধক অভিযান চালানো হয়ে থাকে। আবগারী দপ্তরের অপরাধ নিরোধক শাখাকেও অধিকতর শক্তিশালি করা হচ্ছে। বেআইনী মাদকদ্রব্য (মদ, গাঁজা আফিম) সংক্রান্ত অপরাধে গত ১৯৮৩ সালে ১৬,৯৫৬ জন অপরাধীকে এবং ১৯৮৪ সালে ২১,৬৬৮ জন অপরাধীকে গ্রেপ্তার করা হয়েছে।

পূজার সময় সরকারী [illegible] এককালীন অনুদান প্রদান

*১৬২।(অনুমোদিত প্রশ্ন নং *৮৮৩।) শ্রী অশোক ঘোষ : অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি-

(ক) রাজ্য সরকারী [illegible] পূজার সময় এককালীন অনুদান বাড়ানোর কথা সরকার ভাবছেন কিনা; এবং

(খ) ভাবলে, বেসিক পের উর্দ্ধসীমা কত পর্যন্ত এবং এককালীন অনুদান বাড়ানোর পরিমাণ কত?

Minister-in-Charge for Finance Deptt.

(ক) ও (খ) :- গত বছর সরকারী কর্মচারীদের এককালীন অনুদান বাড়ানো হয়েছিল। নতুন কোন সিদ্ধান্ত কখনো গ্রহণ করা হ'লে তা যথাযথ জানানো হবে।

পুরুলিয়া জেলায় শিক্ষা সেস্ বাবদ টাকা ডিস্ট্রিক্ট এডুকেশন ফাণ্ডের পরিবর্তে অন্যত্র জমা

*১৬৪।(অনুমোদিত প্রশ্ন নং *২২০।) শ্রী কমলাকান্ত মাহাতো : শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলায় শিক্ষা সেস্ বাবদ কয়েক লক্ষ টাকা "ডিস্ট্রিক্ট এডুকেশন ফাণ্ডে" জমা হওয়ার পরিবর্তে ট্রেজারীতে অন্য ফাণ্ডে জমা হয়ে আছে; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর হ্যাঁ হলে উক্ত টাকা 'ডিস্ট্রিক্ট এডুকেশন ফাণ্ডে জমা দেওয়ার কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা?

Minister-in-charge for Education (Primary and Secodary) Deptt.

(ক) হ্যাঁ।

(খ) উক্ত টাকা যাহাতে জেলা প্রাইমারী এডুকেশন ফাণ্ডে পুনরায় জমা হয় তাহার জন্য পুরুলিয়া জেলার অতিরিক্ত সমাহর্ত্তা মহশয় তাঁহার কার্যালয় পত্রাংক ১২৪(সম তাং ১২/৮/৮১) মাধ্যমে রাজ্যের রাজস্ব পর্ষদকে অনুরোধ করিয়াছেন।

মানুষের মাথাপিছু আয়

*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৬।) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস** : অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৭৬ এবং ১৯৮৪ এই দুই সালের প্রত্যেক সালে এ রাজ্যের মানুষের মাথাপিছু আয় কত ছিল?

Minister-in-charge for Finance Deptt.

১৯৭০/৭১ সালের স্থির মূল্যে পশ্চিমবাংলার মানুষেরা মাথাপিছু আয় ১৯৭৬-৭৭ সালে ছিল ৭৫২.৬৭ টাকা এবং দ্রুত হিসাব অনুযায়ী ১৯৮৩-৮৪ সালে ছিল ৮০১.৮৫ টাকা।

পুরুলিয়া জেলার বলরামপুরে নতুন ডিগ্রী কলেজ স্থাপন

*১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬।) **শ্রী শুধাংশুশেখর মাঝি** : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি–

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার বলরামপুরে একটি নুতন ডিগ্রী কলেজ স্থাপন করিবার জন্য সরকারের পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাদ উহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

Minister-in-charge for Education (Higher) Deptt.

(ক) ও (খ) এইরূপ একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

রাজ্য সরকারী কর্মচারীদের বকেয়া ডি এ

*১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫১।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী** : অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি–

(ক) রাজ্য সরকারী কর্মচারীদের এ পর্যন্ত কত কিস্তি ডি এ পাওনা আছে;

(খ) পূজোর আগে কোন বকেয়া ডি এ দেবার পরিকল্পনা আছে কিনা;

(গ) যদি থাকে কত কিস্তি দেবার পরিকল্পনা আছে ; এবং

(ঘ) এ বাবতে সরকারের কত অর্থের প্রয়োজন?

Minister-in-charge for Finance Deptt.

(ক) কেন্দ্রীয় হারের তুলনায় রাজ্য সরকারী কর্মচারীরা ১০ কিস্তি মহার্ঘ ভাতা কম পাচ্ছেন। কেন্দ্রীয় সরকার আরও একটি কিস্তি সম্বন্ধে সম্প্রতি ঘোষণা করেছেন।

(খ) ও (গ) :- ব্যাপারটি বিবেচনাধীন আছে এবং আগামী কয়েকদিনের মধ্যে একটি ঘোষণা করা হবে।

(ঘ) ১১ কিস্তি মহার্ঘভাতা দিতে সরকারের বৎসরে আনুমানিক ২০০ কোটি টাকা লাগবে।

পানিহাটি পৌরাঞ্চলে ডিগ্রী কলেজ-

*১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৬।) **শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য** : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পানিহাটি পৌরাঞ্চলে ডিগ্রী কলেজ স্থাপনের কোন প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি?

Minister-in-charge for Education (Higher) Deptt.

বর্তমানে নেই।

খারিজি মাদ্রাসা

*১৭২।(অনুমোদিত প্রশ্ন নং*৮১১।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য** : শিক্ষা (মাদ্রাসা) বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে কিছু খারিজি মাদ্রাসা আছে এবং এই মাদ্রাসাগুলি আরবের অর্থে চলে ; এবং

(খ) এই মাদ্রাসাগুলির আয়ব্যয়ের হিসাব সরকার হইতে দেখার কোন ব্যবস্থা আছে কিনা?

Minister of State for Primary and Secondary Education Deptt.

(ক) ইহা সত্য যে পশ্চিমবঙ্গে কিছু খারিজি মাদ্রাসা আছে। এই মাদ্রাসাগুলি আরবের অর্থে চলে কিনা - এ সম্পর্কে সরকারের কাছে কোন তথ্য নাই।

(খ) না।

রাজ্য সরকারের নিজস্ব ব্যাংক স্থাপন

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১০২।) **শ্রী বিমল কান্তি বসু** : গত ৯ই মে, ১৯৮৫ তারিখের প্রশ্ন নং ৩৬৩ (অনুমোদিত প্রশ্ন নং ১০) এর উত্তর উল্লেখে অর্থ বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্য সরকারের নিজস্ব ব্যাঙ্ক স্থাপন সম্পর্কে যে প্রস্তাবটি পুনর্বিবেচনার জন্যে রিজার্ভ ব্যাঙ্কের কাছে পাঠানো হইয়াছিল তাহা এখন কি পর্যায়ে আছে?

Minister-in-charge for Finance Deptt.

রিজার্ভ ব্যাঙ্ক পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের নিজস্ব ব্যাঙ্ক সংস্থাপনের জন্যে লাইসেন্স মঞ্জুর করতে রাজী হন নি। রাজ্য সরকার কিন্তু নিজস্ব ব্যাঙ্ক প্রতিষ্ঠার দাবী প্রত্যাহার করে নেন নি। প্রস্তাবটি কার্যকর করার জন্যে প্রচেষ্টা অব্যাহত আছে এবং রিজার্ভ ব্যাঙ্কের কাছে পুনর্বার উপরোধ করা হয়েছে।

কলেজে ভর্তির ক্ষেত্রে সুষ্ঠুনীতি প্রণয়ন

*১৭৪।(অনুমোদিত প্রশ্ন নং * ৬৬০।) **শ্রী সুভাষ গোস্বামী** : শিক্ষা (উচ্চতর) শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) রাজ্যের মহাবিদ্যালয়গুলিতে ভর্তির জন্য কোন সুনির্দিষ্ট নীতি আছে কিনা ; এবং

(খ) না থাকিলে ঐ মহাবিদ্যালয়গুলিতে ভর্তির ক্ষেত্রে সরকার কোন সুষ্ঠু নীতি প্রণয়নের কথা ভাবছেন কি?

Minister-in-charge for Education (Higher) Deptt.

(ক) মহাবিদ্যালয়গুলিতে ভর্তির ব্যাপারে অনুমোদনকারী বিশ্ববিদ্যালয়গুলি সময়ে সময়ে যে সকল নীতি নির্ধারণ করে থাকে মহাবিদ্যালয়গুলিতে সেই সকল নীতিই প্রযোজ্য হয়।

(খ) বিষয়টি বিশ্ববিদ্যালয়ের এলাকাভুক্ত। সুতরাং প্রশ্ন ওঠে না।

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

*১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং * ৬৬৭।) **শ্রী প্রশান্ত কুমার প্রধান** : শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় স্নাতকোত্তর শিক্ষার কাজ কবে নাগাদ শুরু হতে পারে এবং

(খ) ঐ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ভবন নির্মানের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

Minister-in-charge for Education (Higher) Deptt.

(ক) শীঘ্রই স্নাতকোত্তর শিক্ষার কাজ শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে।

(খ) বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ভবন নির্মানের কাজের মধ্যে সীমানা প্রাচীর ও প্রশাসনিক ভবন নির্মানের কাজ ইতিমধ্যেই প্রায় শেষ হয়েছে। বিজ্ঞান ভবনের দ্বিতীয় তল নির্মানের কাজও প্রায় সমাপ্ত হয়েছে কলা ভবন ও বিজ্ঞান ভবনের (দ্বিতীয় পর্যায়) কাজ চলছে।

বগুলা শ্রীকৃষ্ণ কলেজে বিজ্ঞান বিভাগ

*১৭৮।(অনুমোদিত প্রশ্ন নং*১১৯৬।) **শ্রী সতীশচন্দ্র বিশ্বাস** : গত ১লা এপ্রিল, ১৯৮৫ তারিখের প্রশ্ন নং *১৮৯ (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৭)-এর উত্তর উল্লেখে শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বগুলা শ্রীকৃষ্ণ কলেজে "বিজ্ঞান বিভাগ" খোলার বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

Minister-in-charge for Education (Higher) Deptt.

বগুলা শ্রীকৃষ্ণ কলেজে বিজ্ঞান বিষয়ে পাস কোর্স খোলার বিষয়টি নতুন ভবন নির্মানের উপর নির্ভরশীল। কলেজ কর্তৃপক্ষ গৃহনির্মানের জন্য রাজ্য সরকারের অনুদান প্রার্থনা করেছেন এবং এই প্রস্তাব শিক্ষা বিভাগের বিবেচনাধীন আছে।

[2.00-2.10 pm]

Mr. Speaker : Dr. Zainal Abedin, you have filed a Motion of No-confidence on 11.9.85. Now, I draw your attention to Rule 199. It says, "(I) A motion expressing want of confidence in the Council of Ministers of a motion disapproving the policy of the Council of Ministers in a particular respect may be made subject to the following restrictions, namely :-

(a) leave to make the motion shall be asked for after questions and before the list of business for the day is entered upon;

(b) the member asking for leave shall, before the commencement of the sitting for that day, give to the Secretary a written notice of the motion which he proposes to move."

Have you given any written notice today?

Dr. Zainal Abedin : Sir, let me explain my point. The time is negotiable here. We tabled a motion to the Secretary and conveniently the Speaker will take up the matter with the Leader of the House and the Leader of the Opposition and after negotiation the leave will be permitted, this will come as business. Sir, I invite your attention again, because everything is negotiable, specially with regard to the No-confidence Motion. The question is that Rule 35 of the House expressly dictates where you have no option that a question tabled here will be answered after clear 12 days. Have you done this. Sir? I have tabled a question to the secretary or the Speaker but your Secretariat did not even intimate me that my question has been admitted, Sir, time is negotiable and according to the previous practice, I feel I have done it in due time. it is for you to negotiate the issue with the leader of the Opposition and the Leader of the House and inform us when the time will be given. As such it is redundant to move the motion afresh on this occasion.

Shri Gyan Singh Sohan Pal : Sir, supporting the contention of Dr. Abedin, I wish to submit that there is an established convention not only in this House but even in the Lok Sabha also that notice of intention to move a Motion of No-confidence is given. Accordingly this is not the first occasion when a No-confidence Motion has been moved in this House. Previously, on several occasions, No-confidence Motion had come before this house and the same practice has been followed. It is an established convention. However, Sir, you have drawn the attention of Dr. Abedin to Rule 199 I invite your attention to Rule 199(b) which says, "the member asking for leave shall, before the commencement of the sitting for that day, given to the Secretary a written notice of the motion which he proposes to move.' In this sub-section, nowhere it has been said that just one hour before on the same date the notce has to be given. Sir, the honourable Member has given it two days before which makes no difference. The fact remains that he has submitted it before the commencement of the sitting. He has given the notice before the commencement of the sitting. So there should be no objection. The objection raised by you, I do not think, is maintainable. However, you are the supreme authority and whatever you will decide, we will have to abide by and your decision cannot be challenged here or elsewhere. So our submission to your honour is that your contention is not maintainable and is not called for.

Mr. Speaker : Mr. Sohan Pal, I would request you to read sub-rule(b) together with me again. "the member asking for leave shall - please note the emphasis on the word 'shall' - before the commencement of the sitting for that day - here also please note the emphasis on the word 'that day' - give to the Secretary a written notice of the motion which he proposes to move."

"That day' does not mean that you submit the motion a day before that. 'That day' means, on the day the motion is to be moved - if I understand English correctly. I am ready to learn and correct myself if am wrong. I again repeat, - a member asking for leave, shall before the commencement of the sitting for 'that day', give to the Secretary a written notice of the motion on which he proposes to move. It means that the notice is to be given before the House takes up any business, you have not given any such motion today.

Shri Gyan Singh Sohanpal : Sir, I cannot say that your interpretation is wrong because I have already explained that you hold such a position that it is not possible for any member to challenge your authority. But the rule does not give any specific timing.

Mr. Speaker: It gives a specific timing, 'before the commencement of the sitting of the House for that day'.

Shri Gyan Singh Sohanpal : It was given even before one day. The only embargo is that after the sitting it cannot be submitted. That is the only restriction imposed in it. If A member can submit the motion one day before or even two days before there is no restriction in it. That has been the convention and we have followed this convention.

Mr. Speaker : Mr. Sohanpal, we all wish to learn something. But we must not learn wrong thing.

Shri Gyan Singh Sohanpal : Sir, under your able leadership we have learnt this.

Shri Abdus Sattar : I think, Sir, you are deviating from the stand you took earlier because previously we also tabled the motion of No Confidence. It was negotiated, the date was fixed and it was discussed, This practice you followed. I hope you will follow the same practice you followed earlier.

Mr. Speaker : I had already informed that your notice is taken as wrong. I have informed it to Dr. Zainal Abedin, Mr. Mukherjee, Shri Gyan Singh Sohanpal and the concerned members.

(Shri Abdus Sattar rose to speak)

Please, please, Mr. Sattar. I made it clear. If you insist that your notice is not wrong I have nothing to say. It is not a fact that you have not been informed that your notice is defective - it is not that you have not been informed.

Shri Abdus Sattar : If you say this we are nowhere and we shall go out. So far as rule 199(b) is concerned this is a case of interpretation. "The member asking for leave shall submit it before the commencement of the sitting for that day". So far as 'that day' is concerned do you mean that it is before the commencement of the sitting on the same day ?

Mr Speaker : Yes, Yes.

Shri Abdus Sttar : If I say that before not on the same day, but before the day you will take it into consideraion, i.e., before the date which is fixed, i. e., today. if we say, before that day we gave to the Secretary a written notice of the motion which we proposed to move. So, notice has already been given. It does not mean that the notice is to be given on that day.

Mr. Speaker : The notice is to be given on that day before the sitting of the day.

Shri Abdus Sattar ; The practice you followed earlier - this has become a practice.

Mr. Speaker : Mr Sattar, this House practised a ruling when a vote of 'No Confidence' motion could be converted into a vote of 'Confidence'. Are you agreeing to follow that practice? You have to change that practice - you cannot follow that practice.

Shri Abdus Sattar : That is another question.

Mr. Speaker : No, no. I have committed a mistake earlier, but I an not willing to commit the same mistake today. I must correct myself. The House can always correct itself.

Dr. Zainal Abedin rose to speak : Sir, this was negotiated, and there is precedence

No question of negotiation or precendence. I am on the rules. The negotiation part comes later because the wrong practice will evolve something wrong, and we are to follow that practice - I am not in agreement on this point.

Shri Abdus Sattar : There is some technicalities.

[2.10–2.20 pm]

Mr. Speaker : I have told the members that the notice is wrong.

(Noise)

Shri Subrata Mukherjee : You simply said that there were some difficulties.

(Noise)

Shri Abdus Sattar : In this house the practice which you have adopted in earlier cases was that you allowed the motion.

Mr. Speaker : If you have any other point you can make your submission.

Dr. Zainal Abedin : The question is such at times the precedent and convention take place. These are little stronger than the rules. The precedent, you being on the same Chair there has been in one or more occasion the same procedure has been adopted. In this case Sir, on matters of technicality I think it is upto you to decide. We have seen on other occasion, I can cite example with regard to time, and * * * * * * * * * * * *

(Noise and interruptions)

M.r Speaker : Dr. Abedin, don't make aspersion on the Chair. This is expunged.

Dr. Zainal Abedin : In that case you being in the Chair we have tabled in the same manner. After negotiation the time has been fixed that on such and such date the notion would be taken for discussion. it was not necessary to table a fresh motion. It is upto you to decide. If you want to protect the criticism of the Opposition against the Government you are at liberty to do it. We have no grievance against your ruling.

Shri Gyan Singh Sohanpal : Sir, you have been good enough to point out to the Leader of the Opposition about the motion which was before the House - the notion of no confidence which was subsequently converted into a motion of confidence. You have changed that convention. You have referred to that convention But unfortunately no confidence motion submitted within your regime you have accepted it in the same manner as we submitted. You have set this convention. Now if you want to give a second though and if you want to change convention by pointing out that it should be done like this, we shall take note of it.

Mr. Speaker : You have the right to disagree. How I will agree with you? Now the question is that you are seeking protection under precedence and not under the rules. In an unequivocal submission you are now seeking protection of the precedence and not under rule. If you go beyond the rules you are not protected.

Shri Subrata Mukherjee : We are seeking protection both under the precedents and under the rules.

Mr. Speaker : I am not infallible. I take the matter from that point of view and I overlook the mistake. I take the motion to be in order.

Mr Speaker : I have received a Notice under Rule 199 of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly of a motion expersssing want of confidence in the Council of Ministers given by Dr. Zainal Abedin, Shri Satya Ranjan Bapuli, Shri Subrata Mukherjee, **Shri Abdul Mannan and Shri Ashok Ghosh**. Though the motion is out of order, now under Rule 199(2) ibid I request those members who are in favour of the motion for which the leave is to be granted will please rise in their seats.

(At this stage, the opposition members rose in their seats)

I find that the number of members rising is 50, the leave of the House is granted.

The discussion on the motion will be held on 20-9-85.

Dr. Zainal Abedin and Shri Gyan Singh Sohan Pa , in future, please don't seek any protection of precedence but protection of rules.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received three notices of Adjournment Motion.

The first is from Shri Kashinath Misra and Shri Anup Kumar Chandra on the subject of non-co-operation by State Government with the Congress (I) led Panchayats; the second is from Dr. Manas Bhunia on the subject of harassment to public for the Padayatra from Salt Lake Yuba Bharati Krirangan to Haldia and the last is from Shri Sk. Imajuddin on the subject of alleged use of state buses

Note : * Expunged as orderd by the Chair.

without payment of fares and the State Police services in the Padayatra from Salt Lake Stadium to Haldia on 14.9.85.

The subject matters of the motions do not warrant adjournment of business of the House. The members may tall the attention of the Ministers concerned through Calling Attention, Mention etc. I, therefore, withhold my consent to all the motions.

One member of the party may however, read out the text of the motion as amended.

Shri Shaikh Imajuddin : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হোল :- গত ১৪ই সেপ্টেম্বর তারিখে বামফ্রণ্টের যুব ছাত্রদের সল্টলেক থেকে হলদিয়া পর্যন্ত পথযাত্রাকে সফল করার জন্য রাষ্ট্রীয় পরিবহণের ২০০ (দুশ) খানা বাস বিনা ভাড়ায় পদযাত্রীদের বহন করে আনবার জন্য ব্যবস্থা করা হয়েছে এবং পুলিশ প্রশাসনকে এই পদযাত্রা সফল করার জন্য প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে কাজে লাগানো হয়েছে।

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker : I have received seven notices of Calling Attention, namely :-

1. Acute power crisis in the state due to stoppage of financial help to Kolaghat, Santaldith and Bandel Power Stations by the State Government. -Shri Kashinath Mishra, Shri Asok Ghosh, Shri Amarendra Nath Bhattacharya and Shri Anup Kumar Chandra.
2. Alleged illegal suspension of Smt. Anima Chandra, headmistress of Ramkrishnapur St. Monica School, Howrah. - Shri Ambica Banerjee.
3. Murder of two persons by some anti-socials at Mahesh on 10.9.85 - Shri Dhirendra Nath Sarkar.
4. Apprehended forcible occupation of land on Dihi Serampur Road under Benepukur P. S. donated to Calcutta University by Shri Harendra Kumar Mukherjee,Ex-Governor of West Bengal - Shri Sk. Imajuddin and Shri Habibur Rahaman.
5. Recent clash between two associations of West Bengal Police force at Midnapur District Headquater - Dr. Manas Bhunia.
6. Trace of coal mine in Purulia District - Shri Jayanta Kumar Biswas.
7. Rural water supply scheme in Cada, Bankura - Shri Anil Mukherjee.

I have selected the notice of Shri Dhirendra Nath Sarkar on the subject of murder of two persons by some anti - socials at Mahesh on 10.9.85.

The Minister-in-Charge will please make a astatement today, if possible or give a date.

Shri Patit Paban Pathak : Sir, on the 20th September, 1985.

[2.20-2.30 pm]

MENTION CASES

শ্রী সরল দেব : মিঃ স্পীকার, স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে মন্ত্রিসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আমি কয়েকদিন আগে মাননীয় ভূমি ও ভূমিরাজস্ব কৃষি মন্ত্রীর কাছে বারাসাত বাসীদের পক্ষ থেকে একটি স্মারকলিপি দিয়েছি। বারাসাত মধ্যগ্রামে একটি ১০০ বছরের পুরানো হাট আছে। এই হাটকে কেন্দ্র করে ১০০ গ্রামের পাইকারি সবজী বাজার সেখানে বসে। সম্প্রতি কিছু কংগ্রেসী মস্তান সেই হাটকে প্লট করে বিক্রী করছে। স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার আমি এই বিষয়ে দু জন মন্ত্রীর কাছে ডেপুটেশন দিয়েছি। আবিলম্বে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা না হলে ১০০ টি গ্রাম এর থেকে বঞ্চিত হবে এবং ঐ অঞ্চলের চাষীরা তাদের কৃষিজাত ফসল বিক্রী করতে পারবে না। স্যার, বারাসাত জেলা শহর হওয়ার পরিপ্রেক্ষিতে ঐ অঞ্চলে জমির দাম বেড়ে যাওয়ায় কংগ্রেসী নামকরা কুখ্যাত সমাজবিরোধী, গুণ্ডারা 'এ হাট-টিকে প্লট করে বিক্রী করছে। এই ব্যাপারে আমি মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সঙ্গে সঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, সন্ত্রাস সৃষ্টিকারী কংগ্রেসী সমাজবিরোধীদের বিরুদ্ধে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী আশোক ঘোষ : মিঃ স্পীকার, স্যার, গত ১২ই সেপ্টেম্বর পশ্চিমবাংলায় শিল্প ধর্মঘটের নামে ব-কলমে পশ্চিমবাংলা ধর্মঘট হল। আপনি নির্দেশ দিয়েছিলেন বিধায়কদের বিধানসভায় আসতে হবে। আপনার সেই নির্দেশ মত আমরা পায়ে হেঁটে, কেউ গাড়ীতে, কেউ মোটর-বাইকে, কেউ সাইকেলে করে বিধানসভায় এসেছিলাম। মুখ্যমন্ত্রী মাত্র ২০০ গজ দূরে থাকেন। বিধানসভায় আসার জন্য নিশ্চয় মুখ্যমন্ত্রীর প্রোটেকসান দরকার, সিকিউরিটি দরকার। কিন্তু তার জন্য বিধানসভার চারিদিকে এবং বিবাদী বাগের চারিদিকে নো এণ্ট্রি করে দেওয়া হয়েছিল। আমি একজনের মোটর বাইকের পিছনে চেপে আসছিলাম। পুলিশ আমাকে ৪ জায়গায় আটকায়। আমার পরিচয় পত্র দেখানো সত্ত্বেও আমাকে ওখান দিয়ে যেতে দেওয়া হবে না, পুলিশ আমার প্রতি এই ধরণের ব্যবহার করে। সুব্রত মুখার্জি , অমর ভট্টাচার্য্য, শিশির বসু ইত্যাদি সদস্যরা বিধানসভায় আসতে গিয়ে

এই ধরণের বাধা পেয়েছেন। আমি আপনার কাছে জানতে চাই যে, আমাদের বিধানসভায় আসতে বললেন অথচ এই ধরণের বাধা দেওয়া হল কেন? মুখ্যমন্ত্রী হেঁটে আসছেন, তার জন্য টি, ভি, ক্যামেরায় ছবি তোলা হল, এত পুলিশ প্রোটেকসান দিয়ে নো এন্ট্রি করে, আর আমরা হাউসে আসতে গিয়ে বাধা পেলাম। যেসমস্ত পুলিশ আমাদের আসার পথে বাধা দিয়েছে আমি আপনার মাধ্যমে তার বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি, ধিক্কার জানাচ্ছি। সেদিনের পুলিশী ব্যবস্থার জন্য আমরা হাউসে আসতে যে বাধা পেয়েছি সেই সম্পর্কে আপনার হস্তক্ষেপে মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবী করছি।

শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল : মাননীয় স্পীকার মহোদয়, রাষ্ট্রসংঘের ঘোষণায় ১৯৮৫ আন্তর্জাতিক যুববর্ষে পশ্চিমবঙ্গের যুব প্রস্তুতি কমিটির পক্ষ থেকে গত ১৪ তারিখে যে ঐতিহাসিক মহা-মিছিল সংঘটিত হয়েছিল তা পশ্চিমবাংলার সংগ্রামী 'ঐতিহ্যেরই প্রতীক। ২ লক্ষ মানুষ এই মহামিছিলে অংশগ্রহণ করেছিল এবং ১০ লক্ষ মানুষ এই মহামিছিলকে সমর্থন জানিয়েছে। শিক্ষাবিদ, ক্রীড়াবিদ, শিল্পী, সাহিত্যিক, শ্রমিক-কর্মচারী, মধ্যবিত্ত শ্রমজীবী মানুষ ইত্যাদি সর্বস্তরের মানুষ এতে অংশগ্রহণ করেছেন এবং শ্লোগানের ভিত্তিতে তারা এই মহামিছিলে সংঘটিত করে চলেছেন আজ তারা যখন উলুবেড়িয়া থেকে কোলাঘাট অভিমুখে রওনা দিয়েছেন এখনকার খবর হল হাজার হাজার গ্রামের মানুষ, আবাল বৃদ্ধ বনিতা তাদের সাদর উষ্ণ সম্বর্ধনা জানাচ্ছেন। এই মহামিছিলের শ্লোগান পশ্চিমবাংলার যুব মানসকে উদ্বুদ্ধ করে তুলেছে এবং এই শ্লোগানের ভিত্তিতে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার যুব মানসের মধ্যে সামাজিক কাজে উদ্বুদ্ধ করতে যে চেতনা সৃষ্টি করার উদ্যোগ গ্রহণ করেছে ভারতবর্ষের ইতিহাসে কোনদিনও তা কোন সরকার করেনি। পশ্চিবঙ্গের ইতিহাসেও তা করেনি। সেইজন্য আমি বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাচ্ছি। লক্ষ লক্ষ মানুষের পদভারে পশ্চিমবঙ্গ কল্লোলিত। কোলকাতার বুক দিয়ে যখন তারা যাচ্ছিল মনে হচ্ছিল সমাজের প্রতিক্রিয়াশীল শক্তির বুকের পাঁজর একে একে ভাঙতে শুরু করেছে। সেইজন্যই আজ তারা হিংস্র, ক্ষিপ্ত,প্রতিহিংসাপরায়ণ। আর তাদের পাহারাদার হিসাবে রয়েছে কংগ্রেস. তাই তারা আজ এর বিরোধী। সুব্রত মুখার্জী মহাশয়ের ঐ যে কথা -এটা হ'ল অন্তিমযাত্রা' আমি সে প্রসঙ্গে বলতে চাই, প্রতিক্রিয়াশীলদের অন্তিমকাল উপস্থিত। আগামী দিনের প্রজন্ম যে সুস্থ সমাজ গড়ে তুলবে এটা সেই শুভ আগমনীর সূচনা, সেইজন্যই আমি এই পদযাত্রাকে অভ্যর্থনা জানাচ্ছি, স্বাগত জানাচ্ছি। আর অভিনন্দন জানাচ্ছি বামফ্রন্ট সরকারকে এবং পশ্চিমবঙ্গের সর্বস্তরের মানুষকে আমার এই বক্তব্যের মধ্যে দিয়ে।

শ্রী হবিবুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, পশ্চিমবাংলার পাটচাষীরা প্রচুর খরচ করে পাট চাষ করে আজ তার ন্যায্য মূল্য না পাওয়ার ফলে তারা একটা হতাশার মধ্যে দিন কাটাচ্ছে। এর উপর স্যার, তারা আরো হতাশ হচ্ছে তার কারণ, তারা পাট পচাবার জল পাচ্ছে না। এ বছরে মুর্শিদাবাদ জেলাতে বৃষ্টি অত্যন্ত কম হওয়ার ফলে তারা পাট পচবার জন্য উপযুক্ত জল পাচ্ছে না ফলে জমিতে তাদের পাট শুকতে আরম্ভ করেছে। এর ফলে জমি খালি করে তারা সেই জমিতে রবি শস্য চাষ করতে সাহস পাচ্ছে না। তাই স্যার, আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আমার অনুরোধ, গর্ত করে তার ধারে স্যালো টিউবওয়েল বসিয়ে তাতে জল জনিয়ে পাট চাষীরা যাতে পাট পচাতে পারে তার ব্যবস্থা করুন। ১৯৭৩ সালে কংগ্রেস আমলে যখন সাত্তার সাহেব পশ্চিমবঙ্গের কৃষিমন্ত্রি ছিলেন তখন পশ্চিমবাংলায় এই ব্যবস্থা করা হয়েছিল - গর্তের পাশে স্যালো টিউবওয়েল বসিয়ে তাতে জল জমা করে তাতে পাট পচাবার ব্যবস্থা করা হয়েছিল। মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আমার অনুরোধ অবিলম্বে মুর্শিদাবাদ জেলাতে যেখানে পাটচাষীরা পাট পচাবার জল পাচ্ছে না সেখানে গর্তের ধারে স্যালো টিউবওয়েল বসিয়ে বা রিভার লিফ্টের মাধ্যমে জলের ব্যবস্থা করে চাষীদের পাট পচাবার জন্য সুব্যবস্থা করা হোক।

শ্রী শীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দিন কয়েক আগে জঙ্গীপুর মহকুমায় রঘুনাথগঞ্জ থানায় জঙ্গীপুর শহরে ঢোকার পথে খড়খড়ি ব্রীজ, যেটার নামকরণ হয়েছে রাম সেন ব্রীজ, তার উদ্বোধন করলেন আমাদের পশ্চিমঙ্গের মাননীয় পূর্তমন্ত্রী শ্রীযতীন চক্রবর্তী মহাশয়। স্যার, এই ব্রীজ করার জন্য ঐ এলাকার সর্বস্তরের মানুষের শুভ আশীর্বাদ বামফ্রন্ট সরকার লাভ করেছেন। এই ব্রীজটির জন্য সর্বস্তরের মানুষের বিভিন্ন দিক থেকে উপকার হবে। স্যার, এই প্রসঙ্গে বলতে গিয়ে অবিলম্বে একটি বিষয়ের প্রতি দৃষ্টি দেওয়ার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই ব্রীজ করার জন্য অনেক লোকেরই জমি গিয়েছে নিশ্চয় তারা তাদের টাকা পাবেন, কিন্তু এই লোকেদের মধ্যে দুজন রিক্সাওয়ালা আছেন যাদের টাকাটি অবিলম্বে দেওয়া দরকার। স্যার, ঐ'দুজন রিক্সাওয়ালার সামান্য জমি যা ছিল এবং যা ঐ' ব্রীজের জন্য চলে গিয়েছে সেই সামান্য জমিটুকুই তাদের সহায় সম্বল ছিল এবং সেই জমি থেকেই তাদের অন্ন, বস্ত্রের সংস্থান হ'ত। জমি চলে যাওয়ায় আজ তারা অনাহারে দিন কাটাচ্ছে। মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আমার অনুরোধ, অবিলম্বে তদন্ত করে ঐ'দুজন রিক্সাওয়ালা যাতে তাদের টাকা পান তার ব্যবস্থা করুন।

[2.30-2.40 pm]

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্য পরিবহণ দপ্তরের একটা বৈষম্যমূলক আচরণের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি যে ১৯৩৯ সালের যে মোটর ভিহিকলস্ এ্যাক্ট আছে, তার সেকশান ৪৩তে বলছে যে একই স্টেজ ক্যারেজে একই রকম ফেয়ার ষ্ট্রাকচার হবে। কিন্তু আমরা দেখছি যে আজকে রাজ্য পরিবহণ দপ্তরের নিয়ন্ত্রণাধীনে 'এল' বাস বলুন, 'এস' বাস বলুন, অর্ডিনারী বাস বলুন, আর রাজ্য পরিবহণ দপ্তরের নিয়ন্ত্রণের বাইরে বেসরকারি বাস বলুন বা মিনি বাসই বলুন সব বাসেই একই রকম ষ্টেজ ক্যারেজ, একই রকম ভাবে যাত্রী বহন করে। এমন কি মিনি বাসগুলির অবস্থা আরো খারাপ। সেগুলিতে সোজা হয়ে দাঁড়িয়ে যেতে পারা যায়না, মাথা নত করে দাঁড়াতে হয়। এই যখন অবস্থা তখন আমরা দেখছি যে প্রত্যেক ক্যারেজের জন্য আলাদা আলাদা ভাড়ার ব্যবস্থা রয়েছে। ষ্টেট অর্ডিনারী বাসে এক রকম ভাড়া, মিনি বাসে এক রকম ভাড়া, 'এস' বাসে এক রকম ভাড়া, 'এল' বাসে এক রকম ভাড়া। এই রকম ভাড়ার বৈষম্য থাকবে কেন আমি বুঝতে পারছি না। আমি রাজ্য সরকারকে অনুরোধ করছি যে দয়া করে এই বৈষম্যগুলি দূর করুন। আপনারা হয়ত বলবেন যে কংগ্রেস আমলেও

ছিল। তখন 'ডি' বাস ছিল। ডিলাক্স বাসে বসে যাওয়া যেত। সেখানে কোন ষ্ট্যাণ্ডিং প্যাসেঞ্জার নেওয়া হত না। মিনি বাসেও তাই ছিল, সেখানে কোন ষ্ট্যাণ্ডিং প্যাসেঞ্জার নেওয়া যেতনা। কাজেই সেখানে মানুষ অতিরিক্ত ভাড়া দিয়ে যেত। আজকে রাজ্য সরকার ষ্ট্যাণ্ডিং এ্যালাউ করেছেন। শুধু তাই নয়, আজকে যেখানে মিনি বাসের ছাতে চড়ে লোক যাচ্ছে, বাম্পারে চড়ে লোক যাচ্ছে, যেখানে 'এস' বাসের দরজা বন্ধ করা যাচ্ছে না এমন ভাবে লোক উঠছে। কাজেই যেখানে মানুষ কোন সুবিধা পাচ্ছে না, সেখানে এই ভাড়ার বৈষম্য কেন থাকবে, ফেয়ার ষ্ট্রাকচারের বৈষম্য কেন থাকবে? এই রকম ডিসক্রিমিনেটোরী ফেয়ার ষ্ট্রাকচার থাকবে কেন? আজকে রাজ্য সরকারের কাছে আমার অনুরোধ এই বৈষম্যমূলক, ডিসক্রিমিনেটোরী ফেয়ার ষ্ট্রাকচার যেটা রয়েছে সেটা উইথড্র করুন এবং যাত্রীসাধারণকে যাতায়াতের সুযোগ করে দিন। কিছুদিন আগে হাই কোর্টের কাছে আপনারা হেরে গেছেন। একটা বসে সিণ্ডিকেট এ্যাসোসিয়েশান এর সঙ্গে হাইকোর্টে যে মামলা হয়েছিল রাজ্য সরকারের, সেই মামলায় হেরে গেছেন এবং রাজ্য সরকারকে নির্দেশ দেওয়া হয়েছে যাতে এই রকম ডিসক্রিমিনেটোরী যাতে না থাকে তার ব্যবস্থা করতে। আমি সে জন্য আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করছি যে অবিলম্বে ভাড়ার এই বৈষম্য দূর করে সমস্ত বাসে একই রকম ভাড়া চালু করা হোক।

শ্রী বিভূতি ভূষণ দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মেদিনীপুর জেলার নারায়ণগড় ব্লকের বেলদা কলেজে একটা বিজ্ঞান শাখা খোলার জন্য আমি দাবী জানাচ্ছি। এই কলেজে বিজ্ঞান শাখা খোলার জন্য ঐ এলাকার মানুষেরা দীর্ঘদিন ধরে দাবী করে আসছিল। এই ব্যাপারে আগেও আমি বলেছি এবং আবার আজকে বলছি যে নারায়ণগড় ব্লকের এই কলেজে কলা বিভাগ এবং বাণিজ্য বিভাগ চালু আছে এবং পাশাপাশি ৫/৬টি ব্লক থেকে ছাত্রছাত্রীরা সেখানে পড়তে আসে। এই এলাকায় অনগ্রসর মানুষ বিশেষ করে তপশীল জাতি ও উপজাতি সম্প্রদায়ের লোকেরা বেশী বাস করে। কাজেই সেদিক থেকে যদি এখানে বিজ্ঞান শাখা খোলা হয় তাহলে ঐ সমস্ত দুঃস্থ মানুষদের বিজ্ঞান পড়ার জন্য অত্যন্ত ব্যয়-ভার বহন করে বাইরে যেতে হয়না। এখানকার স্থানীয় মানুষেরা দীর্ঘদিন ধরে এই দাবী জানিয়ে আসছিল। সে জন্য ঐ কলেজে বিজ্ঞান শাখা খোলার জন্য আমি আবেদন জানাচ্ছি যে অবিলম্বে এখানে বিজ্ঞান শাখা খোলার অনুমোদন দেওয়া হোক।

শ্রী অজিত বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা আর্জি পেশ করছি। বিষয়টি হচ্ছে, আমাদের এই বিধানসভা, তার চত্তরে বিধানসভার মাননীয় সদস্যগণ, এখানকার কর্মচারীবৃন্দ, মন্ত্রীরা সকলে যারা এখানে কর্মরত, তাদের অসুবিধার কথা। এখানে যখন বৃষ্টি হয় তখন বিধানসভার চত্বর এমনভাবে জলে ভরে যায় যে যাতায়াত করা খুবই মুসকিল হয়ে পড়ে। এবং আমি তখন ভাবলাম যে কালকে সারাদিন বৃষ্টি হয়েছে, সুতরাং বিধানসভার গেটে নেবে হাউসের মধ্যে যাবো কি করে। যাই হোক বৃষ্টি হয়নি। আমি এই হাউসের কাস্টডিয়ান, এই বিধানসভা ভবনের জলনিকাশী ব্যবস্থা যাতে ভাল হয় সেই একটু অনুগ্রহ করে দেখবেন। দ্বিতীয় কথা হচ্ছে ক্যান্টিন সম্পর্কে।

[2.40-2.50 pm]

মিঃ স্পীকার : স্পীকারের এ্যাডমিনিষ্ট্রেশনের বিরুদ্ধে কিছু বলা যায় না, এটা এগেনস্ট দি রুলস্। সুতরাং এই বিষয়ে কিছু বললে রেকর্ড হবে না।

শ্রী অনুপ কুমার চন্দ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটা আবেদন করছি, যে আবেদন সারা পশ্চিমবাংলার মানুষ একই ভাবে করে যাচ্ছে। অর্থাত ফল কিছু পাচ্ছে না। আজকে সরকারী হাসপাতালগুলো ওয়ান ওয়ে হয়ে গেছে, রোগীরা ঢুকে আর বেরোতে পারছে না। তার কারণ এই সরকারী হাসপাতালগুলোতে যে ম্যানেজিং কমিটি আছে, সেই কমিটিতে বেশ কিছু আযোগ্য লোককে ঢুকিয়ে দেওয়া হয়েছে পরিচালনার জন্য। তাদের মত অনভিজ্ঞ লোকের হাতে পরিচালন ভার যাবার ফলে ডাক্তার, নার্স, ক্লাস ফোর ষ্টার্ফ তাদের সকলেই নিজেদের কাজ থেকে বিরত থাকছে। কিছুদিন আগে একটা হাসপাতালে গিয়ে আমার একটা অভিজ্ঞতা হয়েছে, আমার এক আত্মীয়কে নিয়ে হার্ট ডিপার্টমেন্টে গিয়েছিলাম। সেখানে দুটো ই. সি. জি. মেশিন রয়েছে, দুটোই খারাপ। সেই খারাপ ই. সি. জি. মেশিন দিয়ে রোগীদের পরিক্ষা করা হচ্ছে। এই ব্যাপরে আমি ধরার জন্য একটা জায়গা থেকে ই. সি. জি. মেশিন নিয়ে আসা হলো। দিনের পর দিন ই. সি. জি. মেশিন এক্সরে মেশিন খারাপ হয়ে থাকা সত্বেও কোন রকম ব্যবস্থা গ্রহণ করা হয় না। হাসপাতালে গেলে দেখা যায় আলো এবং বাগানের জন্য প্রচুর টাকা খরচ করা হচ্ছে। সঙ্গে সঙ্গে আর একটা জিনিস প্রত্যক্ষ করা যাচ্ছে হাসপাতালগুলোতে ভীষণভাবে মশার আমদানি হয়েছে। হাসপাতালের চারপাশে নোংরা এবং পচা জল জমে থাকার দন্য মশা এত বেশী বেড়ে গেছে যে রোগীরা ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে পড়ছে। এক রোগের চিকিৎসা করাতে গিয়ে তারা ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে পড়ছে। এই বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী দয়া করে একটু লক্ষ্য দিন তা না হলে স্বাভাবিক ভাবে পশ্চিমবাংলার মানুষ ভীত সন্ত্রস্ত হয়ে পড়ছে। সরকারী হাসপাতালে বিনা পয়সায় চিকিৎসা চলছে কিন্তু পয়সা দিয়ে মানুষ কাঁকরমনি চাল, ডালের জল, আর মাছের গন্ধ দেওয়া ঝোল খেয়ে তারা রোগ সারাবার জন্য পড়ে থাকছে। ডাক্তাররা রোগী দেখেন না, নার্সরা গল্প করতে ব্যস্ত থাকেন রোগীদের দেখার চেয়ে, ওয়ার্ড বয়দের পয়সা দিয়েও কাজ পাওয়া যায় না। এই রকম যদি চলতে থাকে তাহলে স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে অনুরোধ করি, তিনি হয় পদত্যাগ করুন তা নাহলে এই ম্যানেজিং কমিটিগুলোকে বাতিল করুন এবং সার্জন সুপারিণ্টেণ্ডেণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট, সেকরেটারী, ওয়ার্ড মাষ্টার তাদের সবাইকে এই ধরণের কাজে ছেড়ে দেওয়া হয় তাহলে আমার মনে হয় হাসপাতাল সুষ্ঠুভাবে চলবে। ম্যানেজিং কমিটিতে ঐসব অযোগ্য ব্যক্তিদের, হয়তো বা পার্টির লোকেদের রাখার দরকার আছে বলে মনে করি না।

শ্রী পতিত পাবন পাঠক : অনূপ বাবু কোন কোন হাসপাতালে ম্যানেজিং কমিটির মেমবার আছেন বাই ভার্চু অব হিজ পোজিশন এ্যাজ এম. এল. এ.।

শ্রী অনুপ কুমার চন্দ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে কথা বললেন, সেটা ঠিকই। আমার সঙ্গে ম্যানেজিং কমিটির যারা আছেন তারা মার্কস্‌বাদী কম্যুনিষ্ট পার্টির একজন সদস্য হওয়া সত্ত্বেও বিভিন্ন সময়ে বিভিন্ন কাজে তারা আমার কাছে আসতেন, এসে হাসপাতালে ভর্তি এবং তাদের রোগীদের চিকিৎসার জন্য সাহায্য প্রার্থনা করতেন। তাদের আজকে বুঝিয়ে পারা যায় না তারা এখন এই ম্যানেজিং কমিটির মধ্যে ঢুকে এই সর্বনাশ করছে। এই সম্পর্কে মন্ত্রী মহাশয় অবহিত হয়ে পরবর্তীকালে যদি আলোচনা করেন তাহলে বোধ হয় ঠিক হবে।

শ্রী লক্ষীকান্ত দে : মাননীয় স্পীকার মহাশয়, গত কয়েকদিন আগে কাগজে দেখলাম এবং দেখে খুব আনন্দিত হলাম যে দমদম বিমান বন্দরে পোলিশি এবং বুলগেরীয়ার বিমান চলাচল করবে। এই উপলক্ষে দমদম বিমান বন্দরকে আরও বেশী আকৃষ্ট করার জন্য আমার বক্তব্য হচ্ছে-আপনি জানেন, যে ভারত সরকার নতুন কিছু যাত্রী বিমান কিনছেন নতুন মডেলের, ৭৫৭ বলে নতুন যাত্রী বিমান যাত্রী কেনা হচ্ছে। দমদম বিমান বন্দরে তার রিমডেলিং এবং তার রিপেয়ারিং করার জন্য যদি মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারকে বলেন এবং কেন্দ্রীয় সরকার যদি রাজী হন তাহলে এই দমদম বিমান বন্দরকে আরও অনেক উন্নত করা যাবে এবং আরও আকৃষ্ট করা যাবে বলে আমার মনে হয়।

শ্রী ফজলে আজিম মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র গার্ডেনরীচের লোক সংখ্যা ৩ লক্ষের সীমারেখা অতিক্রম করে গেছে। সেখানে কোন সরকারী হাসপাতাল না থাকায় সেখানকার মানুষ দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছে। বাংলায় একটা প্রবাদ আছে ছেলে না কাঁদলে মা দুধ দেয় না। বামফ্রন্ট সরকার এমন একটি মা, ওখানকার জনসাধারণের কান্নায় কান দিচ্ছেন না। গার্ডেনরীচের কাছাকাছি হাসপাতাল এস. এস. কে. এম হাসপাতাল, যার দূরত্ব আট মাইল। অনেক সময় দেখা গেছে মুমূর্ষ রোগীকে ঐ হাসপাতালে নিয়ে যাওয়ার পথে খিদিরপুরের ব্রীজ ঘন্টার পর ঘন্টা খোলা থাকায় ঐ সমস্ত মুমূর্ষ রোগী পথি মধ্যে মারা যায়। গার্ডেনরীচ নাগরিক পরিষদ নামে একটি সম্পূর্ণ নির্দল সংগঠন বহুদিন ধরে আন্দোলন করে আসছে, তারা গত ৭ই সেপ্টেম্বর বাধা বটতলায় ভুক হরতাল করেছেন এবং গত ১৪ই সেপ্টেম্বর কাঁচি সড়কে ভুক হরতাল করেন। মাননীয় মন্ত্রী মহাশয় এঁদের দাবী মেনে নিয়ে অভিলম্বে ঐ এলাকায় একটি সরকারী হাসপাতাল তৈরী করুন।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ নদীয়া এবং আরও কয়েকটি জেলায় উগ্রপন্থী অথবা নকশাল দমনের জন্য সরকার থেকে ব্য-ও গ্রহণ করেছেন এটা সংবাদপত্রে দেখেছি। মাননীয় স্পীকার মহাশয়, ঘটনা হচ্ছে এই যে পুলিশী তৎপরতা দেখা যাচ্ছে, সেখানে বিশেষ করে বামফ্রন্ট সরকারের রাজনৈতিক কর্মীদের বিরুদ্ধে তাদের আক্রমণ পরিচালিত হচ্ছে উগ্রপন্থী বা সন্ত্রাসের কাজে যারা যুক্ত নয়। মাননীয় সদস্য বঙ্কিম ত্রিবেদী মহাশয় এই বিষয়ে বলেছেন। কয়েকদিন আগে দেখা গেল সন্ত্রাসবাদ দমনের নামে ভরতপুর থানার আলুগ্রামে আর. এস. পি.'র উপপ্রধানকে গ্রেপ্তার করা হলো এবং তার বাড়ি ভাংচুর করা হলো। তারপর বহরমপুর থানার সাবুল চৌড্ডী গাছা গ্রামে পাঁচ ছয় জন আর.এস.পি. কর্মীকে নকশাল পন্থী বলে গেপ্তার করা হলো। কংগ্রেস এবং পুলিশের যোগসাজসে এই সব ঘটনা ঘটছে। বামফ্রন্ট কর্মীদের, বিশেষ করে আর.এস.পি কর্মীদের হয়রান করা হচ্ছে তাদের উপর জুলুম হচ্ছে। ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি উগ্রপন্থী দমনের নামে কৃষক আন্দোলনের কর্মী যারা তাদের উপর এই আক্রমণকে কোন ক্রমেই বরদাস্ত করা হবে না।

শ্রী অম্বিকা ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে। হাওড়া শিবপুর বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজে রিগিংএর অত্যাচার সহ্য করতে না পেরে বহু প্রথম বর্ষের ছাত্র হোষ্টেল ছেড়ে চলে যাচ্ছে। দূর-দূরান্ত থেকে যে সমস্ত ছাত্ররা এসেছে তাদের মধ্যে বেশ কিছু ছাত্র কলেজের সংলগ্ন কর্মচারীদের কোয়ার্টারে আশ্রয় নিয়েছে। ওখানে রিগিং-এর মাত্রা এমন ভীষণ হয়ে যাচ্ছে যারফলে বহু ছাত্র অসুস্থ হয়ে পড়ছে এবং মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এমনকি ওখানকার ছাত্রীরাও রিগিং-এর হাত থেকে রেহাই পাচ্ছে না। গতবছর এইরকম সময়ে আমি বলেছিলাম একটা ছেলেকে রিগিং-এর নাম করে খুন করা হয়েছিল। আসলে বলা হয়েছিল যে সে আত্মহত্যা করেছে কিন্তু ঘটনাটি তা নয়। এর কিছু দিন পরে একই কলেজের একজন ছাত্র রিগিং-এর অত্যাচার সহ্য করতে না পেরে বাধ্য হয়ে আত্মহত্যা করে। এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। মননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন আমেরিকা গিয়েছিলেন তখন নিউইয়র্কে সেই ছেলেটির ভাই এবং বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজের এক্স-স্টুডেন্টস রা একযোগে মুখ্যমন্ত্রীর কাছে অভিযোগ করেন অত্যন্ত উত্তেজিত হয়ে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে বিষয়টি দেখবেন। কিন্তু এ বছরেও সেই একই জিনিষ হচ্ছে। আমি ওখানকার মানুষ। ওখানকার স্থানীয় মানুষেরা প্রচণ্ড উত্তেজিত হয়ে পড়েছে। তারা বলছে ছাত্রদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে তিনি যেন কলেজের প্রিন্সিপ্যালকে এবং স্থানীয় প্রশাসনকে এই রিগিং বন্ধ করার জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে যথাযথ নির্দেশ দেন।

ডাঃ মানস ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের এবং মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকারের অনেক ভাঁড়ামো দেখেছি। ইদানিংকালে যে ভাঁড়ামো দেখছি তা সমস্ত ইতিহাসকে ছাপিয়ে গেছে। মেদিনীপুর জেলায় বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের নামে একটা প্রহসন চলছে। মাঝেমাঝে পত্র-পত্রিকায় বলছে, খুলছে খোলা হচ্ছে এই হচ্ছে, ওই হচ্ছে, ভিত্তিপ্রস্তর স্থাপন হল, দেওয়াল গড়ে উঠছে। কিন্তু আসলে একটা প্রহসন চলছে। সবথেকে মারাত্মক ব্যাপার হচ্ছে, একজন রিটায়ার লোককে উপাচার্য্য করে সেখানে সব সময়ের জন্য না দিয়ে কলকাতাতে তাঁকে বসিয়ে রেখে পরিচলনা করার চেষ্টা করা হচ্ছে। আরোও মারাত্মক ব্যাপার, যেখানে বিদ্যাসাগরের নামে বিশ্ববিদ্যালয় এবং সেখানে সমস্ত কলেজগুলিকে এই বিশ্ববিদ্যালয়ের আওতায় আনা হচ্ছে সেখানে অদ্ভুত ব্যাপার দেখছি, এই বিশ্ববিদ্যালয়ের আওতায় সমস্ত কলেজগুলিতে ডিগ্রী কোর্সে বাংলাকে ঐচ্ছিক হিসাবে ট্রিট করা হচ্ছে। এর চেয়ে বড় প্রহসন শুনেছেন কখনও? বিদ্যাসাগরের নামে যে বিশ্ববিদ্যালয়

এবং তার আনডারে যে সমস্ত ডিগ্রী কলেজগুলি আছে সেখানে বাংলা হবে ঐচ্ছিক এর থেকে বড় প্রহসন ইদানিংকালে পৃথিবীর মধ্যে কোথাও হয়েছে কিনা তা জানা নেই। আমি তাই আপনার মাধ্যমে বিনয়ের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের কাছে এবং মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালযের আনডারে সমস্ত কলেজগুলিতে বাংলাকে যেন কমপালসারি সাবজেক্ট হিসাবে গ্রহণ করা হয়।

শ্রী অবিনাশ প্রামানিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আমাদের হুগলী জেলা পরিষদের শিক্ষা স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ গত ৫ সেপ্টেম্বর মগরা থানার বিশপাড়া গ্রামে যখন পার্টির সম্মেলনে ছিলেন সেই সময়ে রাত্রি ৭/৮ সময়ে তার উপর আক্রমণ হয়। ঐ আক্রমণকারীরা হচ্ছে ঐ অঞ্চলের কংগ্রেসের মদৎপুষ্ট সমাজবিরোধীরা। তাঁকে সেখানে হত্যার উদ্দেশ্যে আক্রমণ করা হয়। ধারালো অস্ত্র দিয়ে তাঁকে আঘাত করে তারা, ফলে অজ্ঞান হয়ে যান। বর্তমানে তিনি চুঁচুড়া হাসপাতালের ৭ নম্বর বেডে চিকিৎসাধীন আছেন। ঐ অঞ্চলে কয়েক মাস আগে বাগাটি কলেজের শিবশঙ্কর পালকে কংগ্রেসী মদৎপুষ্ট গুণ্ডারা হত্যা করে। সেখানে সমাজবিরোধীরা একটা সন্ত্রাসের পরিবেশ সৃষ্টি করেছে। ঐ চন্দ্রাহাটি অঞ্চলের পুলিশ সমাজবিরোধীদের গ্রেপ্তার করেনি। ঐসব সমাজবিরোধীদের দমনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে আনুরোধ করছি।

[2.50–3.00 pm]

শ্রী ঘখিলাল মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলায় আমার কেন্দ্র ভুতনিদিয়াড়ায় তিনটি অঞ্চল- উত্তর চণ্ডিপুর, দক্ষিণ চণ্ডিপুর ও হীরানন্দপুর। এই তিনটি জায়গায় নদীর নীচ দিয়ে কেবল গিয়েছিল, কিন্তু অনেক দিন আগেই তা চুরি হয়ে গেছে। এতদিন হয়ে গেল, কিন্তু এখনও কেবল রিপ্লেস করা হয়নি। আমার ঐ অঞ্চলে ছোট ছোট মেশিন এবং এগ্রিকালচার ক্ষেত্রে বিদ্যুত দরকার; কিন্তু তার চুরির ফলে সেখানে এই সব কাজ বন্ধ হয়ে আছে। ঐ অঞ্চলে ৫০ হাজার লোকের বাস। তাঁদের মধ্যে অনেকেই বিদ্যুতের সাহায্যে জীবিকা নির্বাহ করেন। কাজেই বিদ্যুৎ না থাকাতে তাঁদের নানা দিক থেকেই অসুবিধা হচ্ছে এ-ব্যাপারে সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী অনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় ক্ষুদ্র সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কেন্দ্রীয় সরকার এবং রাজ্যসরকার - উভয়েই চান যে, গ্রামবাংলার উন্নতি হোক এবং এক্ষেত্রে ভূগর্ভস্থ জলের সদ্ব্যবহার করা হোক। এই উদ্দেশ্যে বামফ্রন্ট সরকার বিগত কয়েক বছর আগে থেকে স্টেট ওয়াটার বোর্ডের মাধ্যমে কতগুলি জায়গায় বোর করে পাইপ-লাইন করেছিলেন। এরমধ্যে ওন্দা পঞ্চায়েত সমিতির অধীনে নিকুঞ্জপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত নিশ্চিন্তপুর মৌজায় চার বছর পূর্বে একটি বোরিং হয়েছিল। ওখানে প্রচুর জল পাওয়া যাবে। সেখানে পাইপ লোয়ারিং এবং টেষ্টিংও হয়ে গেছে। এক ঘণ্টায় ৩৭ হাজার গ্যালন জল দেবে বলে জানা গেছে। এটা স্টেট ওয়াটার বোর্ড এম. আই. সিকে হ্যাণ্ডওভার করে দিয়েছে। কিন্তু আমলাতান্ত্রিক গাফিলতির জন্য সেখানে মেসিন বসান হয়নি। ফলে সেখানকার জনসাধারণ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। আপনার মাধ্যমে অনুরোধ করছি, গ্রামের অর্থনীতির উন্নতির স্বার্থে ওখানে প্রয়োজনীয় মেশিন বসান হোক।

শ্রী হিমাংশু কোনার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি ভারতসরকার নতুন শিক্ষানীতি চালু করবার চেষ্টা করছেন। পার্লামেন্টে গত ২৩শে আগষ্ট তার কিছু ইঙ্গিতও পাওয়া গেছে। সেখানে বলা হয়েছে যে, প্রতিটি কমপ্রিহেনসিভ উন্নয়ন ব্লকে একটি করে মডেল প্রাইমারী স্কুল, প্রতিটি জেলাতে একটি করে মডেল কমপ্রিহেনসিভ মাধ্যমিক স্কুল এবং উচ্চশিক্ষার জন্য ১০০টি উন্নয়নকেন্দ্র স্থাপন করা হবে। কিন্তু একটা বামফ্রন্ট সরকারের শিক্ষায় গণতান্ত্রিকরণসহ তাঁদের সর্বজনীন শিক্ষানীতির পরিপন্থী এবং কোঠারী কমিশনের যে নীতি প্রাথমিক স্তরে মাতৃভাষা, ষষ্ট শ্রেণী পর্যন্ত দ্বিভাষা এবং সপ্তম শ্রেণী থেকে ত্রি-ভাষা এটা তারও পরিপন্থী। এরফলে শিক্ষা ক্ষেত্রে অনেকেই বঞ্চিত হবেন। এরফলে ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থাই জোরদার হবে এই যে কম্প্রিহেনটিভ পথে যাবার চেষ্টা হচ্ছে, এতে সমগ্র ভারতবর্ষ দারুণভাবে ক্ষতিগ্রস্ত হবে সবাই বঞ্চিত হবেন শিক্ষা ক্ষেত্রে।

(মিঃ স্পীকার এই সময় পরবর্তী বক্তাকে বলতে আহ্বান করায় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী অবন্তি মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাদ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করে শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার বিশ্বনাথপুর নিম্ন বুনিয়াদী শিক্ষণ সমিতি একটা ভাড়া ঘরে চলে আসছে। যে ঘরে বিদ্যালয় চলে সেই ঘর দুটি ছোট কুটুরি, বিদ্যালয়ের শিক্ষার্থীরা থাকে, অফিসের কাজ চলে একটা ছোট কুটুরিতে, বিদ্যালয়ের অধ্যাপকরা থাকেন। প্রয়োজনীয় বই-পত্র, শিক্ষার উপকরন এই কুটুরিতে কিছুই নেই, সংগীত চর্চাব অনুশীলন কিছু নেই। একটা নিম্ন বুনিয়াদী শিক্ষা সংস্থা চালাতে গেলে তার যে নিম্নতম সরঞ্জাম থাকা দরকার সেটা নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রামনগর থানার অন্তর্গত লছিমপুর মৌজায় কতিপয় শিক্ষা দরদী ব্যক্তি এই শিক্ষা প্রতিষ্ঠানের ঘর নির্মানের জন্য ৪ একর জমি দান করেছেন। সরকারের তরফ থেকে অবিলম্বে যাতে এই শিক্ষা প্রতিষ্ঠানের জন্য গৃহ নির্মাণ করা হয় এবং সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে যাতে এই শিক্ষা সংস্থাটির তার মৌলিক বৈশিষ্ট নিয়ে চলে তার জন্য আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রাজকুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টা হ'ল – হুগলী নদীতে যে সমস্ত মৎসজীবীরা মাছ ধরে তারা ভীষণ আর্থিক সংকটের মধ্যে দিন যাপন করছে। কারণ এই হুগলী নদীতে বর্ষাকালে ইলিশ মাছ ছাড়া অন্য কোন মাছ পাওয়া যায় না। এই বছর হুগলী নদীতে বিশেষ ইলিশ মাছ পাওয়া যাচ্ছে না। যারা ফলে এখানকার মৎসজীবীরা নিদারুন অর্থিক

সংকটের মধ্যে পড়েছে। তারা ভীষণ কষ্টের মধ্যে দিয়ে দিন কাটাচ্ছে। সেই জন্য আমি মৎসমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই অগণিত মৎসজীবী যারা দুঃখ কষ্টে দিন কাটাচ্ছে তাদের যেন আর্থিক সাহায্য দেবার ব্যবস্থা করেন। এই বিষয়টা যাতে জরুরী বিষয় হিসাবে গ্রহণ করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মৎসমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ শুশোভন ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে এক দশক ধরে বোলপুর এলাকায় একটি কর্মবিনিয়োগ কেন্দ্র খোলার জন্য দাবি জানানো হচ্ছে। এই দাবি প্রশাসনিক ক্ষেত্রে নাকচ হয়ে যাচ্ছে যেহেতু বোলপুর একটা সাব-ডিভিসান নয় বলে। এটা করতে গেলে প্রশাসনিক ক্ষেত্রে অসুবিধা আছে। কিন্তু এই অসুবিধা আজ দূর হয়েছে। সিউড়িতে যে কর্মবিনিয়োগ কেন্দ্র আছে তাদের পক্ষে দুটো সাব ডিভিসান কভার করা মুসকিল হয়ে যাচ্ছে। বোলপুর এখন সাবডিভিসান হিসাবে ডিক্লেয়ার করা হয়েছে। আমাদের হিসাব মতো ১৯৮৫ সালের জুলাই পর্যন্ত যে সমস্ত যুবক যুবতী এই সিউড়ি কর্মবিনিয়োগ কেন্দ্রের অন্তর্ভুক্ত হয়েছেন তাদের সংখ্যা হ'ল ৮৬,৫,১৮ জন। আশ্চর্যের বিষয় ১৯৮৪ সালের ডিসেম্বর পর্যন্ত ১ বছরে যারা চাকুরী পেয়েছে তাদের সংখ্যা হ'ল ২১৫ জন। এরই মধ্যে যুবক-যুবতীরা বুঝতে পারছেন যে, শুধু মাত্র কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম লেখালেই চাকুরী পাওয়া যায় না, সেই জ্ঞান তাঁদের হয়েছে। কিন্তু তা সত্ত্বেও কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম লেখানো দরকার। এটা যেমন প্রশাসনিক দিক থেকে দরকার, তেমনি তাঁদের নিজেদের দিক থেকেও দরকার। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানাই যে, পুরুলিয়া জেলায় অবিলম্বে একটি কর্মবিনিয়োগ কেন্দ্র স্থাপন করার ব্যবস্থা তিনি করুন।

[3.00-3.10 pm]

শ্রী সুবোধ চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার যে সমস্ত পাট্টা বিলি বন্দোবস্ত করেছেন, সেগুলো গরীব ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে। গ্রামের বুকে সাধারণ ভাবে দুর্বল শ্রেণীর মানুষদের মধ্যেই এই পাট্টা বিলি করা হয়েছে। কংগ্রেসী জোতদার ও মহাজনদের উচ্ছেদ করে তারা এখন সেই সমস্ত জমিতে আবাদ করছে। কিন্তু বিভিন্ন গ্রামে জারাটাঁড়, সেনাবলা, হেঁসলা প্রভৃতি গ্রামের কৃষকরা এখন (বিশেষ করে সরকারী পাট্টা হোল্ডাররা) গ্রামে বাস করতে পারছে না। গত ২৪/৭ তারিখে পাট্টা জমি থেকে উচ্ছেদের জন্য পাট্টা হোল্ডারদের উপরে এক আক্রমণ সংঘটিত হয়। সেই গুণ্ডা বাহিনীর হাত থেকে বাঁচাতে পুলিশ সেখানে যায় কিন্তু ঐ গুণ্ডা বহিনীর হাতে তারাও এ্যাসালটেড হয়। এরফলে আজ সেখানে পাট্টা হোল্ডাররা বাস করতে পারছে না। এই যদি অবস্থা হয় তাহলে সরকারের পক্ষ থেকে পাট্টা দেওয়ার উদ্দেশ্য কি? এই সমস্ত পাট্টা হোল্ডাররা যাতে গ্রামে বাস করে নিজ নিজ জমি চাষাবাদ করতে পারেন এবং পাট্টা হোল্ডারদের নিরাপত্তা সুরক্ষিত হয়, তবে ব্যবস্থা গ্রহণের জন্য আমি পুনরায় তাঁদের কাছে আবেদন জানাই।

শ্রী ধীরেন্দ্র নাথ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই রাজ্যে বামফ্রন্ট সরকারের দলবাজীর একটি নক্কারজনক ঘটনার প্রতি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, আমাদের পশ্চিমদিনাজপুর জেলায়, বিশেষ করে কুশমণ্ডি থানায় দীর্ঘদিন ধরে সি. পি. এম. ও আর এস. পি. দল যৌথভাবে কংগ্রেস কর্মীদের উপর আক্রমণ চালাচ্ছে। শুধু তাই নয়, কংগ্রেস সমর্থক যে সমস্ত দরিদ্র মানুষ ঐ অঞ্চলে আছেন, তাঁদের উপর এরা আক্রমণ চালাচ্ছে। আমি একটি উদাহরণ আপনার সামনে রাখছি। ঐ থানার আলমপুর, বলাপুকুর এবং লোহাগঞ্জ মৌজায় আমাদের কংগ্রেস সমর্থক দরিদ্র মানুষ সরকারের কাছ থেকে পাট্টা পেয়েছেন। তাঁরা সেই জমিতে আবাদও শুরু করেছেন। কিন্তু যেহেতু তাঁরা কংগ্রেস সমর্থক, সেই জন্য স্থানীয় আর. এস. পি. এবং সি. পি. এম. দল নক্কারজনক ভাবে ভাবে তাঁদের উপর হামলা করেছে। ঐ অঞ্চলে মায়া মাণ্ডি নামে একজন ট্রাইবাল মহিলাকে বলাৎকার করারও চেষ্টা করেছে। শুধু তাই নয়, তাকে প্রাণে মেরে ফেলারও চেষ্টা তারা করেছে। এই ভাবে ঐ অঞ্চলে উক্ত দলের সমর্থকরা এক সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করে চলেছে। এই সন্ত্রাস ও আক্রমণ অবসানের জন্য আমি বিভাগীয় মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ জানাই।

শ্রী ব্রজ গোপাল নিয়োগী : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার সারা গ্রামাঞ্চলে ধানগাছগুলোতে ব্যাপক পোকা লেগেছে। মামড়ি পোকা, মাঝারি পোকা ধানগাছগুলোতে এমন ভাবে লেগেছে যে, ধানের ভেতরে সবুজ অংশটা একেবারে সাদা হয়ে গেছে। আপনি ট্রেনে, বাসে চড়ে গ্রামের বুকে গেলে দেখবেন যে, মাঠের দুধারে সবুজ বলতে কিছু নেই, সব সাদা হয়ে গেছে। এরফলে এবারে আমন ফলন দারুণ ভাবে ক্ষতিগ্রস্থ হয়ে পড়বে। চাষীরা ইতিমধ্যেই এই পোকার অত্যাচারের ফলে মাথায় হাত দিয়ে বসে পড়েছে। চাষীরা সে সমস্ত ঔষধ ধানগাছে দিচ্ছে তা দিয়েও কাজ বিশেষ কিছু হচ্ছে না। এই ব্যাপারে কৃষি দপ্তরের বিশেষ ভাবে দৃষ্টি দেওয়া দরকার। চাষীরা গতবারে আলু চাষে মার খেয়েছে, এবারে মার খাচ্ছে পাটের দামে, এখন আবার মার খেতে চলেছে আমন ফলনের ক্ষেত্রে। এগুলি অধিক ফলনশীল ধান এবং এতে ওষুধ দেওয়া দরকার। আমন ধানেও পোকা লেগে যেতে পারে সেইজন্য আমি আপনার মাধ্যমে কৃষিদপ্তরকে আনুরোধ করছি অবিলম্বে যাতে ব্যবস্থা নেওয়া হয়। কিন্তু কৃষি দপ্তর থেকেও জানিয়েছে যে ৭ টি জেলায় এটি এপিডেমিক হয়েছে বলে ঘোষণা করেছেন। আমি সেইজন্য দাবী করছি যে বিমান বাহিনীর সাহায্যে এবং হেলিকপ্টারের সাহায্যে ওই ২৪ টি জেলাগুলিতে যেন যুদ্ধকালীন জরুরী অবস্থা মনে করে ওষুধ দেওয়ার ব্যবস্থা করেন। কারণ কৃষকরা এই চাষের উপরই নির্ভরশীল, এর যদি কোন ক্ষতি হয় তাহলে কৃষকরা মার খাবে।

শ্রী সত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মার্কসীয় নীতির নবরূপকার আমাদের মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসুকে বিধানসভার মাধ্যমে পদ্মভূষণ

আখ্যা দেওয়ার জন্য আপনার মাধ্যমে নিবেদন করছি। তিনি এখানে বহুজাতিক সংস্থা, একচেটিয়া পুঁজিপতিদের সঙ্গে ব্যবসা করার পথ খুঁজে পেয়েছেন। কংগ্রেস আমলে ডাক্তার বিধানচন্দ্র রায়ের আমলে আমরা যখন টাটা বিড়লার সঙ্গে ব্যবসা করার চেষ্টা করেছিলাম তখন আমাদের সব সময়ে বলা হোত আমরা নাকি টাটা বিড়লার দালাল। অথচ আজকে তিনি একচেটিয়া পুজিপতি এবং বহু জাতিক সংস্থা যথা গোয়েংকা, মুঙ্গেরামের এজেন্ট হিসাবে কাজ করছেন। এই জ্ঞান যদি আগে থেকে হোত তাহলে খুব ভালো হোত। আমরা কংগ্রেসীরা বারেবারে স্বাধীনতার পর থেকে এই প্রচেষ্টা চালিয়ে গেছিলাম এবং তখন যদি মদত দিতেন তাহলে হাজার হাজার যুবক কাজ পেতো এবং হাজার হাজার সংস্থা এখানে গড়ে উঠতো। মুখ্যমন্ত্রীর যে জ্ঞান ফিরেছে এর জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং আপনার মাধ্যমে তাঁকে পদ্মশ্রী আখ্যা দেওয়ার জন্য রেকমেণ্ড করছি।

শ্রী নীরোদ রায়চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত জরুরী বিষয় আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ প্রায় বেশ কিছু দিন যাবৎ হাবড়া জেলায় কংগ্রেসী গুণ্ডাদের এক নজিরবিহীন গুণ্ডামি শুরু হয়েছে। দুই দলের মধ্যে গণ্ডগোলের ফলে খুন, ডাকাতি লুঠতরাজ ভীষণভাবে বেড়ে যাচ্ছে। লোকসভার কংগ্রেস প্রার্থী হিসাবে যিনি এবার দাঁড়িয়েছিলেন তিনি সব কিছু করাচ্ছেন। তিনি বেশ কিছু ভাড়াটে গুণ্ডা আমদানি করে লক্ষ লক্ষ টাকা খরচ করে গণ্ডগোল করাচ্ছেন। এই গুণ্ডারা বহু হত্যা করেছেন এবং শোনা যাচ্ছে ওই নেতার তস্য পুত্র নাকি পরবর্তী বিধানসভায় দাঁড়াবেন তারজন্য সমস্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমি এই প্রসঙ্গে একটু সংক্ষেপে বলি লব, কুশ ঘোষ নামে দুজন ছেলেকে হত্যা করা হল। গত ৫ই জ্যৈষ্ঠ বিজয় বণিককে কংগ্রেসীর লোকেরা খুন করলো, গত ২২ জুলাই তারিখে খুন করলো কংগ্রেসের ছেলেরা একটি ক্লাশ টেনের ছেলে লবকে এবং গত ২০ তারিখে ওদের ছেলের হাতে ওদের নেতা শ্রী গোবিন্দ দে কে প্রকাশ্য দিবালোকে হত্যা করা হোল। এরা একদিকে শোকসভা করে যাচ্ছেন অন্য দিকে এরাই আবার হত্যা করে যাচ্ছেন। এরফলে হাবড়ার জনজীবন এক চরম অবস্থায় গিয়ে পৌছেছে। গতকাল এখানে কংগ্রেসের মাননীয় সদস্য সোমেন বাবু এবং হৃষিকেশ বাবু জনসভা করেছেন এবং মিছিলও করেছেন, থানাতে ডেপুটেশানও দিয়েছেন। আমাদের ভয় হচ্ছে আরো কত লোক না জানি খুন হয়ে যায়। ওরা একটা বাড়ী ভাড়া করে ২৪ জন ডাকাতকে রেখেছেন এবং ওদের নিজেদের লোকেদেরই খুন করছে। লোক খুন করার একটা দারুণ ব্যবস্থা ওরা করেছে। যারা খুন করছে তাদের শাস্তি দেবার জন্য আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[3.10–3.20 pm]

শ্রী কাশীনাথ মিশ্র : স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। যারা দু:স্থ, অসহায়, খঞ্জ, কুষ্ঠরোগাগ্রস্ত তাদেরই ক্ষয়রাতি সাহায্য দেয়া হয়। কিন্তু বাঁকুড়া জেলায় এই সাহায্য ক্রমাগত কমে যাচ্ছে এবং যারা পাবার কথা তারা পাচ্ছে না। সেখানে পদ্মজা নাইডু আরোগ্য নিকেতন যা আছে সেখানে নিগেটিভ রুগ্নী থাকে, তার ফ্যামিলি থাকে। সেখানে কয়েক শো শিশু থাকে। তাদের কোন খাদ্য দেয়া হচ্ছে না। সেজন্য এই কুষ্ঠরোগাগ্রস্তদের রক্ষা করার জন্য ত্রাণ দপ্তরকে অনুরোধ জানাচ্ছি এবং শিশুদেরও রক্ষা করার অনুরোধ জানাচ্ছি এবং খয়রাতী সাহায্য যাতে যথা সময়ে সেখানে যায় তারও ব্যবস্থা করার অনুরোধ করছি।

শ্রী মহঃ বাচ্চা মুন্সী : স্যার, পশ্চিম দিনাজপুর জেলায় চাপড়া কেন্দ্রে ২০ শে জুন তারিখে ইদেল ফেতরের নামাজ হয় সেদিন হঠাত কয়েকটা বাড়ী ঘর পুড়তে দেখা যায়। এ কাজ কারা করলো কেউ জানেনা। পুলিশ ২০০ জনকে এজন্য গ্রেপ্তার করেছে। আইন অনুযায়ী এদের চার্জশীট এবং জামিন দেয়া দরকার। কিন্তু পুলিশ এদের ছাড়ছেও না, জামিনও দিচ্ছে না। সেদিন ডি. এম. এস. পি. সেখানে থাকা সত্ত্বেও ৩/৪ টি বস্তীতে লোক ঢুকে বাক্স ভেঙে টাকা পয়সা লুঠ করে। মা বোন যারা বাড়ীর হয়না তাদের উপরেও মারপিঠ করে। এভাবে পুলিশ বামফ্রণ্ট সরকারের ভাবমূর্তি নষ্ট করছে। যারা দোষী তাদের পুলিশ চার্জশীট দিক এবং যারা নয় তাদের মুক্তি দিক। এই ব্যবস্থা করার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker Sir, through you I draw the attention of the Transport Minister. Sir, on the 31st August 1985, Calcutta Goods Transport Association has declared lock out and consequent on this no goods, commodities from West Bengal are going to other states and from other states no goods are coming in this State. Sir, the most unfortunate part of this is that on the eve of the Puja the goods or articles produced by lakhs of youths are lying idle and so they are gradually set back economically. Similarly the articles and goods which are to come to West Bengal from other states for the Puja purpose are also lying idle. So, Sir, this has given a blow to the economy of West Bengal and thousands of youths are likely to be out of employment. Other organised who are also producing goods and articles are not able to market their goods in view of the said lock out.

So, through you, I would request the Minister in charge of the Transport Department to interfere into the matter so that this economic problem is solved at an early date. Thank you, Sir.

শ্রী ভূপেন্দ্র নাথ শেঠ : মিঃ স্পীকার, স্যার, আমি ভাগ্যবান যে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আজকে হাউসে উপস্থিত আছেন। বনগাঁ সীমান্ত অঞ্চলে একটা মাত্র হাসপাতাল আছে এবং বারাসতের পরে লক্ষ লক্ষ মানুষ তার উপর নির্ভরশীল। আমি ব্যক্তিগতভাবে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলেছি যে এই সীমান্তবর্তী একমাত্র হাসপাতালে দীর্ঘদিন যাবত কোন এ্যাম্বুলেন্স নেই, কোন জীবনদায়ী ওষুধ নেই, সেখানকার ডাক্তাররা নার্সিং হোম খুলে প্রাইভেট প্র্যাকটিস করে যাচ্ছে, সময় মত হাসপাতালে আসছে না। এখানে যে আইসোলেশান ওয়ার্ড আছে সেই আইসোলেশান ওয়ার্ডে কোন গদি নেই, রাবার ক্লথ নেই, বাতি নেই, সেখানে এক নরককুণ্ড অবস্থা। তার প্রতিবাদে বনগাঁর সমস্ত মানুষ সেখানে বসে অবস্থান করছে এবং সমস্ত হাসপাতাল বিপর্যস্ত

হয়ে পড়েছে। সাধারণ মানুষের যদি পয়সা না থাকে তাহলে বনগাঁ হাসপাতালে কোন রকমে ভর্তি হওয়া সম্ভব নয়। গত ২/৯/৮৫ তারিখে স্বাস্থ্যমন্ত্রীর কাছে এই বিষয়ে ওখানকার জনসাধারণের পক্ষ থেকে একটা দাবিপত্র দেওয়া হয়েছে। আমি আপনার মারফত এই বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শিশির অধিকারী : মিঃ স্পীকার, স্যার, বর্ষার সময় এই বিধান সভায় দাঁড়িয়ে আমরা বহুবার বলেছি যে কাঁথি মহকুমার বিস্তীর্ণ অঞ্চল লবণাক্ত জলে ধুয়ে মুছে যাচ্ছে। ৭০ কিলোমিটার এমব্যাংকমেন্টের মধ্যে মাত্র ১৪ কিলোমিটার এমব্যাঙ্কমেন্ট সারান হল, বাকি এমব্যাঙ্কমেন্ট ভেঙ্গে জল ঢুকছে । পিচিং পয়েন্ট যেখানে বোল্ডার দিয়ে পিচিং করা ছিল সেই বোল্ডার ধুয়ে গিয়ে ২৫ হাজার একর জমি লবণাক্ত জলে ধ্বস হয়ে গেছে। ৭০ টি স্লুইস গেটের কবাট নষ্ট হয়ে যাওয়ায় তার মধ্য দিয়ে সমুদ্রের জল ঢুকছে এবং বৃষ্টির জল বেরিয়ে যাচ্ছে। দক্ষিণ কাঁথির রামনগর ১ নং, ২ নং ব্লক, কাঁথির ১ নং, ২নং ব্লক, খেজুরী থানার ২ নং ব্লকে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। এই সমস্ত স্লুইস গেটগুলি সম্বন্ধে ওখানকার ৩ টি দৈনিক নিয়মিতভাবে লিখছে, অথচ তার কোন প্রতিকার নেই। আমি সেচমন্ত্রীর কাছে দাবি করছি স্লুইস গেটগুলি সারান হোক, ৭০ কিলোমিটার এমব্যাঙ্কমেন্ট সারান হোক। এগুলি যদি সারান না হয় তা হলে কাঁথি মহকুমার দক্ষিণাঞ্চল মুছে যাবে। বিগত ৭/৮ বছর ধরে এই সরকার কাঁথি মহকুমার দক্ষিণাঞ্চলের জন্য এক পয়সাও খরচ করেনি। এই বিষয়ে তৎপর ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[3.20–3.30 pm]

শ্রী শেখ ইমাজুদ্দীন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষাদপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি প্রথমেই এই সরকারকে ধন্যবাদ জানাচ্ছি কারণ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীগণ এখন মাসে মাসে বেতন পাচ্ছেন। যদিও ১লা তারিখেই পাচ্ছেন না, তবে মাসে মাসেই পাচ্ছেন। এখন তাঁদের একটা দাবী হচ্ছে পুজোর আগে এবং ঈদের আগে তাঁদের একটা এ্যাডভান্স দেওয়া হোক। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ এবং অশিক্ষক কর্মচারীগণ যেমন পুজো এবং ঈদের আগে এ্যাডভান্স পান মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদেরও সেই রকম এ্যাডভান্স দেওয়া হোক। আমি আশা করি মন্ত্রীমহাশয় তাঁদের জন্য এই এ্যাডভান্স ব্যবস্থা করবেন।

শ্রী সত্যরঞ্জন বাপুলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের আচার্যের বিরুদ্ধে বামফ্রন্টের নূতন জেহাদ শুরু হয়েছে। আমরা এতদিন ধরে আলোচনা করছিলাম বামফ্রন্ট এই কোলকাতা বিশ্ববিদ্যালয়কে তাদের একটা একচেটিয়া ব্যবসা ক্ষেত্রে পরিণত করবার চেষ্টা চালাচ্ছে। আজকে ফ্রন্ট চেয়ারম্যান সরোজ মুখার্জী যেটা ঘোষণা করেছেন তাতে এটা পরিস্কার হয়ে গেছে যে তাঁরা আবার নূতন করে জেহাদ ঘোষণা করলেন। আচার্য যদি উপাচার্যকে এইভাবে সমর্থন করেন তাহলে তাঁরা নাকি আন্দোলন করবেন। আমি মুখ্যমন্ত্রীকে বলছি তিনি তাঁর পার্টিকে সামলান। কোলকাতা বিশ্ববিদ্যালয় যেন সি পি এম - এর আখড়ায় পরিণত না হয়।

শ্রী অনিল মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ খবরের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় মেঝিয়ায় একটি থার্মল পাওয়ার প্ল্যান্ট সম্বন্ধে কেন্দ্রীয় সরকার বলেছিলেন এই প্রস্তাবিত প্রস্তাব ফাইভ ইয়ার প্ল্যানের মধ্যে শুরু করা হবে। কিন্তু কোন কোন কাগজে দেখছি এটা নাকি জমির অভাবে করা যাচ্ছেনা, আনসার্টেনিটি দেখা দিয়েছে এবং এই পরিকল্পনা নাকি কার্যকরী হবে না। আমি যতদূর জানি বামফ্রন্ট সরকার এর জন্য জমি দিতে চায়। তা যদি হয় তাহলে কোন কারণে এটা কেন্দ্রীয় সরকার করতে চাচ্ছেনা সেটা জানা দরকার। আমি এই ব্যাপারে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আবদুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৫ তারিখে পদযাত্রার নাম করে আমরা একটা রংগযাত্রা দেখতে পেলাম। বামফ্রন্ট তাঁদের লোকদের দিয়ে সল্ট লেক থেকে হলদিয়া পর্যন্ত এই যে পদযাত্রা করাচ্ছেন তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু এই পদযাত্রার নাম করে এই যে লক্ষ লক্ষ মানুষকে দুর্ভোগের মধ্যে ফেলা হয়েছে সেখানেই আমাদের আপত্তি। এই পদযাত্রার ব্যাপারে রাজ্য সরকার কয়েক লক্ষ টাকা তছরুপ করেছেন এবং বামফ্রন্টের লোকদের আপ্যায়নের জন্য কয়েক লড়ি মুর্গি আনা হয়েছে তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু এই যে ৬০০ বাস তুলে নিয়ে মানুষকে দুর্ভোগের মধ্যে ফেলেছেন এটা কোন মতেই সহ্য করা যায়না। আন্তর্জাতিক যুব বর্ষের নাম করে আপনারা যদি মনে করে থাকেন বামফ্রন্টে যারা রয়েছেন তারাই একমাত্র যুবক তাহলে সেই মনে করাটা ঠিক হচ্ছেনা। এইভাবে সরকারী অর্থের অপচয় কিছুতেই সহ্য করা যায়না। আমি রাজ্য সরকারকে বলছি দলের স্বার্থে যে সমস্ত টাকা খরচ করা হয়েছে সেটা অবিলম্বে ফেরত দেওয়া হোক। সি পি এম তাদের তহবিল থেকে টাকা খরচ করুক।

[3.30–4.00 pm]

(including Adjournment)

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস : মাননীয় স্পীকার মহোদয়, রাজ্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে কর্মসংস্থান করার ব্যবস্থা করতে হবে। এবং সরকারী চাকুরীর ক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নিয়োগ হচ্ছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে দুর্নীতি থাকুক বা সুনীতি থাকুক তবুও এই দৃঢ় নীতি অনুসারেই কাজ করা হচ্ছে। কিন্তু আমি উদ্বেগের সঙ্গে দেখছি, পশ্চিমবাংলার বিভিন্ন করকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে রাজ্য সরকারের এই সিদ্ধান্তকে গ্রহণ করা হচ্ছে না এবং সেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নিয়োগ করা হচ্ছে না। তা যদি হোত তাহলে বহু বাঙালির কর্মসংস্থান হোত। আমি প্রাদেশিকতার কথা বলছি না। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে ঐ সমস্ত প্রতিষ্ঠান বাইরের থেকে লোক এনে তাদের

নিয়োগ করছে. আর এ দিকে হাজার হাজার লক্ষ লক্ষ বাঙালী কর্মসংস্থান পাচ্ছেনা। এই দিকে আমি মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি যে যাতে ঐসমস্ত প্রতিষ্ঠানেও এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নিয়োগ করা হয় তার আশু ব্যবস্থা যেন গ্রহণ করেন।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এখানে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। এই পশ্চিমবাংলায় প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত প্রায় সহস্রাধিক শিক্ষক অনুমোদিত স্কুলে শিক্ষকতা করছে। কিন্তু তারা বেতন পাচ্ছে না। এটা অত্যন্ত মর্মান্তিক ঘটনা। এই কলকাতায় প্রায় আড়াইশত শিক্ষক এ্যাডিসান্যাল শিক্ষক হিসাবে শিক্ষকতা করছে। এই সব স্কুলগুলি সরকারের অনুমোদিত স্কুল কিন্তু ঐ সমস্ত শিক্ষকদের সরকারের তরফ থেকে কোন রকম বেতন পাচ্ছে না। সরকারের অনুমোদিত এ্যাডভাইসারী কমিটি তাদের নিয়োগ করেছে। কিন্তু এই অবস্থা। তাই আমি এই সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, Sir, the subject which I mention now has been mentioned over and over again. I draw the attention of the State Government on the plight of the Jute growers. মাননীয় শচীন সেন রেডি হয়েছেন আমাকে শুরু করে দেবার জন্য। আপনি কলকাতার মানুষ। আজকে মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী উপস্থিত থাকলে ভাল হোত। সারা পশ্চিমবাংলায় জুটের দাম রাজ্য সরকারের সঙ্গে ষড়যন্ত্র করে মিল মালিকরা ১৫০ টাকা পার কুইনটল দাম ফেলেছে। জুট করপোরেসন বলছে ২০% মার্কেটেবল সারপ্লাস পাটের বেশী কিনতে পারবে না। এই জুট যদি ১৫০ টাকা পার কুইনটাল হয় তাহলে কি অবস্থা হবে? Is this a pupeet Government? What the Industries Minister is doing, what the Labour Minister is doing.... তারা কি করছে, জুট করপোরেসন যা বলেছে তাতে ভারত সরকার বলেছে যে তোমরা ছয় সপ্তাহের পাট ষ্টক কর। কেন মার্কেট কণ্ট্রোল করা যাচ্ছে না? ২০ পারসেন্ট মার্কেটেবল সারপ্লাস যেটা তার বেশী তারা কিনতে পারবে না। Why it is not operating, why the Government is not vigilant over the orders of the Central Government that every Jute Mill must have a stock of six weeks. এটা একটা ফেষ্টিভ সিজন এখন It has gone below Rs 150 per quintal. They are in convinience with the multinationals. They are digging ground for the Jute growers. You should give at least the support price to the Jute growers, if you cannot give more. এতবড় দুর্যোগ আমরা আর কখনও দেখি নি।

শ্রী আবদুর রউফ আনসারী : Sir, we have heard that there is Central Tax in our State. There is Left Front Government 'Tax', 'Goonda' Tax, and C.P.M. party tax.

এই সল্ট লেকে যুব উৎসব হোল তাতে সমস্ত রেশন শপদের বলা হয়েছে, তোমাদের এতো গম দিতে হবে এতো আটা দিতে হবে এতো ময়দা দিতে হবে তানাহলে তোমাদের রেশন শপ ক্যানসেল হয়ে যাবে। প্রাইভেট বাস ওনাদের বলা হয়েছে তোমাদের এতোগুলি বাস দিতে হবে তা না হলে তোমাদের Bus Route permit cancel হয়ে যাবে।

The youth of West Bengal by force - the C.P.M. party-are collecting tax, a mere type of tax by violating the law. I say this party is functioning like the Nazi party of Hitlar in Germany.

শ্রী রামনারায়ণ গোস্বামী : মিঃ স্পীকার স্যার, কয়েকদিন আগে এই হাউসে মাননীয় বিধেয়ক সুভাষ গোস্বামী বলেছিলেন যে বাঁকুড়ার একটি জায়গায় এক মহিলা স্মল পক্সে আক্রান্ত হয়েছে। এই ঘটনাটি ঠিক নয় এবং এই ঘটনা সত্য নয়। তিনি এলারজেটিক ডারমাটাইটিজ রোগে আক্রান্ত হয়েছেন চিকেন পক্সও নয়, আর স্মল পক্সও নয়

(At this stage the House was adtoruned till 4 pm.)

(After adjournment)

[4.00–4.10 pm]

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দুটো প্রিভিলেজ মোসান নিয়ে এসেছিলাম। তখন হাউসের সুযোগ ছিল না, নন-অফিসিয়াল রেজলিউসান ছিল। This is the first day after that....

মিঃ ডেপুটি স্পীকার : আপনি নোটিশ দিয়েছেন?

শ্রী সুব্রত মুখার্জি : হ্যাঁ, স্যার, আমি আগেই দিয়েছি।

মিঃ ডেপুটি স্পীকার : ঠিক আছে, স্পীকার রুলিং দিয়ে দেবেন। You will get the ruling. You will get a decision in due course.

GOVERNMENT BUSINESS

Legislation

The West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 1985.

Shri Ram Narayan Goswami : Sir, I beg to introduce the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

Shri Ram Narayan Goswami : Sir, I beg to move that the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 1985, be taken into consideration .

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সামান্য একটি লাইন বলে দিচ্ছি। হোমিওপ্যাথি সিসটেম অব মেডিসিনের বিলের সংশোধনী প্রস্তাব এনেছি সেন্ট্রাল কাউনসিল অব হোমিওপ্যাথির নির্দেশ অনুযায়ী, ভাবত সরকারের নির্দেশ অনুযায়ী এবং যে রেগুলেসন সি. সি. এইচ, এনেছেন সেই রেগুলেশনের ভিত্তিতেই আজকে এই এ্যামেণ্ডমেণ্ট বিল এনেছি। আমি আশা করি মাননীয় সদস্যরা এই বিলটিকে সমর্থন করবেন।

শ্রী সুব্রত মুখার্জি : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কলকাতা করপোরেশন রক্তাক্ত। হাউস চলছে, মন্ত্রীরা এখানে রয়েছেন। আমাদের আই. এন. টি. ইউ. সির পক্ষ থেকে কলকাতা করপোরেশনের কর্মচারীরা তাদের দাবী দাওয়ার ভিত্তিতে আন্দোলন করছিলেন। পুলিশ পৌরসভার ভিতরে গিয়ে মেয়রের অনুমতি না নিয়ে আমাদের সমর্থক কর্মীদের আহত করেছে। এই সরকার বলেছেন পুলিশ গণতান্ত্রিক আন্দোলনে হস্তক্ষেপ করবে না।

মিঃ ডেপুটি স্পীকার : মিঃ মুখার্জি নো মোর ডিসকাসন। Now I call upon Dr. Sushovan Banerjee to begin his speech

(গোলমাল)

শ্রী সুব্রত মুখার্জি : স্যার, ব্যাপারটা গুরুত্বপূর্ণ, আমাকে একটু বলতে দিন। প্রয়োজন হলে আপনি হাউস এ্যাডজোর্ন করে দিন। স্যার, এই সরকারের ঘোষিত নীতি হচ্ছে পুলিশ গণতান্ত্রিক আন্দোলনে বিশেষ করে শ্রমিক কর্মচারীদের আন্দোলনে পুলিশ যাবে না। কিন্তু এই ক্ষেত্রে পুলিশ গিয়ে প্রবীণ স্বাধীনতা সংগ্রামী শশাঙ্কবাবুকে আহত করেছে, তিনি এখন হাসপাতালে ভর্তি হয়ে আছেন। ১০০ জনের বেশী আহত হয়েছে।

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার : Now I call upon Dr. Sushovan Banerjee to speak.

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, সেখানে লাঠি চার্জ হ'ল কেন, শ্রমিক কর্মচারীরা মার খেল কেন, পৌরসভা রক্তাক্ত হ'ল কেন তার জবাব সরকারকে দিতে হবে। আপনি স্যার, হাউস এডজর্ন করুন, আগে সরকার জবাব দিন তরপর হাউস চলবে। এই অবস্থায় আলোচনা চলতে পারে না।

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার : I again call upon Dr. Sushovan Banerjee. Are you ready to speak?

ডাঃ সুশোভন ব্যানার্জী : Yes Sir. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে হাউসে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ওয়েষ্ট বেঙ্গল হোমিওপ্যাথি সিসটেম অব মেডিসিন (এ্যমেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৫ এনেছেন আমি তার আলোচনায় অংশগ্রহণ করে কয়েকটি কথা বলতে চাই। এই বিলের ব্যাপারে উনি আমাদের এ্যমেণ্ডমেণ্ট ইনভাইট করেছেন, আমরা আমাদের বক্তব্য রাখছি, অবশ্য উনি মনে করলে আমাদের বক্তব্য রিজেক্ট করতে পারেন করাণ উনি জানেন ভোটের জোরে এই বিল উনি পাশ করিয়ে নিতে পারবেন। তবে আমাদের কথা যদি মন দিয়ে শোনেন, আমাদের প্রেয়ার যদি গ্রাহ্য করেন তাহলে বলব, এত হ্যারিডলি এই বিল পাশ না করে কিছুদিন সময় দিয়ে এবং যথেষ্ট ডিবেটের সুযোগ দিয়ে যদি হাউসে এই বিলটি উপস্থিত করতেন তাহলেই বোধহয় সবচেয়ে সুষ্ঠ ব্যাপার হ'ত। এই বিলটি সম্বন্ধে উনি প্রথমেই বললেন, সেন্ট্রাল কাউনসিলের নির্দেশ মতন এই সমস্ত এ্যামেণ্ডমেণ্ট উনি এনেছেন। প্রথমেই বলেছেন, ৪ বছর অতিক্রান্ত হবার পর যদি দেখা যায় কোন ইলেকসান হ'ল না তাহলে এ্যাড হক কমিটি ফর্ম করে সেখানে হোমিওপ্যাথি মেডিক্যাল কাউনসিল চালানো যাবে। স্যার, এই সেণ্ট্রাল কাউনসিল ১৯৭৩ সালে তৈরী হয়েছিল, তারপর থেকে তার কোন রকম ইলেকসান হয়নি এবং তাদের এগেনষ্টে সুপ্রীম কোর্টে কেসও রয়েছে। এদের যে নির্দেশ দেওয়া আছে, যে প্রিনসিপ্যাল তারা ফলো করেন, সেখানে তাদের কি কর্তব্য? কোলকাতার যে সমস্ত রেপুটেড ফিজিসিয়ান আছেন, কোন রোগ আউটব্রেক করলে যাদের কাছ থেকে অপিনিয়ান নেন, এ ব্যাপারে তাদের অপিনিয়ান নিয়েছেন কিনা, প্রফেশন্যাল বডিস, তাদের অপিনিয়ান নিয়েছেন কিনা, ক্যালকাটা ইউনিভার্সিটির যারা অথরিটি, যারা ডিগ্রি কোর্স চালাচ্ছেন তাদের কোন মতামত নিয়েছেন কিনা, টিচার্সদের মতামত নিয়েছেন কি না, আপনাদের তৈরী এ্যাডভাইসারি বডির মতামত নিয়েছেন কিনা আমি জানি না। আমার মনে হয় কারুর সঙ্গে পরামর্শ না করে খুব হ্যারিডলি আপনি বিল তৈরী করেছেন এর ফলে আগামী দিনে পশ্চিমবঙ্গবাসী হোমিওপ্যাথি মেডিসিন থেকে আনেকখানি দূরে সরে যাবে।

[4.10–4.20 pm]

প্রিন্সিপ্যাল এ্যাক্টের ১৫এ-তে এ্যামেণ্ডমেণ্ট সেকসন নাম্বার থ্রি তে আপনি বলেছেন, প্রিন্সিপ্যাল এ্যাক্ট অনুসারে কাউনসিল ইজ কমপোজড় অব নাইনটিন মেম্বার্স। অর্থাত ১৯ জন মেম্বার নিয়ে যে কাউনসিল তৈরী হল সেখানে ১০ জন নমিনেটেড মেম্বার্স, ৮ জন সিলেকটেড মেম্বার্স এবং ১ জন কোলকাতা বিশ্ববিদ্যালয়ের। আমরা যদি পুরানো দিনের দিকে ফিরে যাই অর্থাত ১৯৬৩ সালে ফিরে যাই তাহলে দেখব পি সি সেন যখন মুখ্যমন্ত্রী ছিলেন এবং তখন যে বিল এসেছিল তাতে আজকে যাঁরা এ্যামেণ্ডমেণ্ট করছেন সেদিন তারা অপজিসন বেঞ্চ থেকে চিৎকার করে বলেছিলেন এটা মোস্ট আনডেমোক্রেটিক সেট আপ। কিন্তু আপনাদের আমলে আজকে দেখছি সেই ১০ জন নমিনেটেড মেম্বার্স এবং ৮ জন সিলেকটেড

মেম্বার্স। আমি ভেবেছিলাম এই বিলের এ্যামেণ্ডমেন্ট আনতে গিয়ে আপনারা প্রথমেই আনবেন উল্টোটা অর্থাৎ ১০ জন ইলেকটেড মেম্বার্স ৮জন নমিনেটেড মেম্বার্স এবং ১ জন কোলকাতা বিশ্ববিদ্যালয়ের মেম্বার। তারপর এই যে আপনি অ্যাডহক কমিটি ফর্ম করছেন তাতে বলা যায় সমস্ত পাওয়ারটাই সরকারের কাছে নিয়ে নেওয়া হবে। কাজেই আমি যতই ভাবি এটা নিস্পাপ হয়েছে, এ্যাডহক কমিটি গঠনের ব্যাপারটায় মন সায় দেয়না। আমাদের ওখানে একটা ইলেকসন হয়েছিল ১৯৮০ সালে এবং তাতে দেখা গেল একদল রাজনৈতিক সমর্থনপুষ্ট লোক সামান্য ভোট পেল। তখন ননী ভট্টাচার্য মহাশয় নিখিল দাস এবং আরও দুজন মেম্বারকে নিয়ে একটা এ্যাডহক কমিটি করে দিলেন। তাঁরা অল্প ভোট পাওয়া সত্বেও তাদের এ্যাডহক কমিটিতে টেনে আনা হল। অপরদিকে যাঁরা ইলেকসনে জিতেছিলেন তাঁদের রেজাল্ট বার করা হলনা। এটা কোর্টে সাব-জুডিস হয়ে রয়েছে - কোর্ট কেস পেণ্ডিং, নাম্বার ২৫৭৬ অব ১৯৮০ বিফোর দি অনারেবল হাইকোর্ট। আপনি সেই রেজাল্ট বার না করে তাকে সুপারশিড করে নুতন এ্যাডহক বডি তৈরী করতে যাচ্ছেন। এটা করলে কিন্তু হোমিওপ্যাথি চিকিৎসার উন্নতি হবেনা। যাঁদের ইলেক্ট করে পাঠালেন তাঁদের নাম আজ পর্যন্ত পাবলিসড হলনা । সেইজন্য এই ৩নং এ্যামেণ্ডমেন্টকে আমি নিস্পাপ এ্যামেণ্ডমেন্ট বলতে পারছিনা। আপনি যেটা করেছেন সেটা প্রফেসন্যাল লোকের বদলে একটা ব্যুরোক্রেটিক সেট আপ - কে চাপিয়ে দেওয়া হচ্ছে এবং সেটাই হচ্ছে আমার অবজেকসন। তারপর এখানে লেখা রয়েছে it appears to the State Government that the nomination or election to the Council has not taken place in accordance with the provisions of this Act or a period of more than four years from the date of the first meeting of the Ccuncil has elapsed.আপনি এখানে ইফ ইট এ্যাপিয়ার্স কথাটা না লিখে যদি বলতেন ইফ ইট ফাউণ্ড আফটার প্রোপার এনকোয়ারী অর ইনভেস্টিগেসন তাহলে আমার বলার কিছু ছিলনা। শুধু "এ্যাপিয়ার্স" কথাটির উপর এতবড় একটা মেডিকেল কাউনসিলের ক্ষেত্রে আপনি জাজমেন্ট দেবেন? এটা আপনি আবার চিন্তা করুন। এরপর আমি আসছি প্রিন্সিপ্যাল এ্যাক্ট নাম্বার ১৮, এ্যামেণ্ডমেন্ট সেকসন নাম্বার ফোর। এখানে রয়েছে originally the Council Constituted by the Government used to recognize about the eastablishmen. of a new set up. এই কাউনসিল গভর্ণমেন্ট তৈরী করে এবং এই কাউনসিলে প্রফেসন্যাল পার্সন্স এবং নমিনেটেড পার্সন্স থাকে এবং তাঁরা বলে দেন এরকম একটা নিউ সেটআপ তৈরী করা হবে। তারপর এই যে আপনি বলছেন "প্রায়র এ্যাপ্রুভ্যাল অব দি গভর্ণমেন্ট"- এর মানে কি? এর মানে হচ্ছে প্রফেসন্যাল এবং নমিনেটেড পার্সন-দের দিয়ে আপনি যে কাউনসিল তৈরী করলেন তাঁদের আপনি বিশ্বাস করতে পারছেন না। আমি আপনার এই "প্রায়র এ্যাপ্রুভ্যাল অব দি গভর্ণমেন্ট" কথাটায় ঘোরতর আপত্তি করছি। চার নং এ্যামেণ্ডমেন্টে আমার আর একটা বক্তব্য আছে। আপনি এখানে বলেছেন যে সেন্ট্রাল কাউন্সিল যে ডি. এইচ. এম. এস. কোর্স চেয়েছেন, যেটা আপনি এখানে ইনট্রোডিউস করতে চেয়েছেন তার প্রথম হচ্ছে কোয়ালিফিকেশন। তাতে বলে দিয়েছেন ইণ্টারমিডিয়েট। স্যার ডিপ্লোমা কোর্সে আপনি যদি ইণ্টারমিডিয়েট সায়েন্স অথবা ইকুইভ্যালেন্ট কোয়ালিফিকেশন চান, তাহলে আমাদের গ্রামবাংলার বহু ছেলে পড়ার সুযোগ পাবে না। ইণ্টারমিডিয়েট পাশ করার পর তারা অন্য কোন লাইনে চলে যাবে । কারণ আবার চার বছর তাদের পড়তে হবে। অর্থাৎ গ্রামের গরীব মানুষকে সার্ভ করার সুযোগ থেকে তারা বঞ্চিত হবে। আর একটা জায়গায় দেখতে পাচ্ছি সেণ্ট্রীল কাউন্সিল বলেছে, ডি. এইচ. এম. এস. যেটা চালু করছেন তাতে টু ইজটু বেড রেশিও দেওয়া হবে এবং ৫৮ জন হেড্স লাগবে ফর ফিফটি বেডস। আমাদের ছোট ছোট হোমিওপ্যাথি মেডিকেল কলেজগুলো, সেকানে টু ইজটু বেড রেশিও করা সম্ভব কি, আপনি বিশ্বাস করেন? অথবা ৫০ বেডের হাসপাতালে ৫৮জন ষ্টাফ থাকা কি সম্ভব? আপনারা বলেছেন হোমিওপাথ মেডিকেল কলেজগুলো মাশরুম গ্রোথ হচ্ছে। আপনারাই এই কাউন্সিলের এ্যাপ্রুভ্যাল দিয়েছেন, এই গভর্নমেন্ট দিয়েছে এই হাউস থেকে। আপনারা জানেন দুটো হোমওপ্যাথি মেডিকেল কলেজে এ্যাডহক কমিটি তৈরী করেছিলেন। দুটি মেডিকেল কলেজ হচ্ছে বর্ধমান এবং আসানসোল হোমিওপ্যাথি মেডিকেল কলেজ। মিঃ স্পীকার স্যার, অনেক এই রকম প্রাইভেট ছোট ছোট মেডিকেল কলেজগুলো আছে যেখান থেকে গরীব ছেলেরা ডাক্তারী পাশ করেছে এবং গ্রামে তারা প্রাকটিশ করছে। আজকে যদি এই সিস্টেম ইনট্রোডিউস হয় তাহলে এই সমস্ত ছোট ছোট হাসপাতালগুলো উঠে যাবে। কারণ ওদের ফাইন্যানশিয়্যাল রিসোর্সেস একেবারে নেই এবং এই এ্যামেণ্ডমেন্ট বিলের মধ্যে কোথাও বলেন নি। সুতরাং এই সব মেডিকেল কলেজগুলো উঠে যাবে। এই সব ছোট ছোট মেডিকেল কলেজগুলো থেকে ছেলেরা পাস করে গ্রামবাংলায় গিয়ে গরীব রোগীদের চিকিৎসা করছে। এই বিলটা ইনট্রোডিউস করলে - ডি. এইচ. এম. এস. কোর্স যেটা সেণ্ট্রাল কাউন্সিল বলেছেন সেই ভাবে করলে এই সব ছোট ছোট হোমিওপ্যাথি মেডিকেল কলেজের ফাইন্যানশিয়্যাল রিসোর্সেস নেই বলে এইগুলো উঠে যাবে। প্রিন্সিপ্যাল এ্যাক্ট ২১ এ্যামেণ্ডমেন্ট নং সিক্স এই সাব ক্লজে বলেছেন In the principal act Homoeopathic Physicians are of two categaries.... দুটো ক্যাটাগোরি আছে, একটা হচ্ছে পার্ট এ, যারা হচ্ছে ইনস্টিটিউশন্যালি কোয়ালিফায়েড ডক্টার, এরা রেজিষ্ট্রেশন পাচ্ছে ইলস্টিটিউশনের মাধ্যমে। পার্ট বি'তে ডাক্তাররা রেজিষ্টার্ড হচ্ছে অন দি বেসিস অব এক্সপিরিয়েন্স, অর্থাত ১০ বছরে হোমিওপ্যাথি ফিজিসিয়ানদের সঙ্গে যুক্ত, গ্রাম বাংলায় সার্ভিস দিয়েছেন এক সময়ে। আপনারা তিনটে পরিক্ষার ব্যবস্থা করেছিলেন, এই হাউসে এ্যামেণ্ডমেন্ট করা হয়েছিল, আমি পড়ে শোনাচ্ছি, Notification No. HC/2726/IR/1/66. তাতে পরিস্কার ভাবে বলেছেন যে একটা Additional Charges for unsuccessful candidates-all unsuccessful candidates or a candidate who fails to appear at any examination, shall be allowed to appear at to subsequent examination.

[4.20-4.30 pm]

সেই ভিত্তিতে গ্রামের প্রচুর ডাক্তার ফি জমা দিয়েছেন। তাঁরা ফি জমা দেবার পরে আজকে আপনি যদি বলেন এটা তুলে দিলাম,, পরীক্ষা দেবার পারমিসন দিচ্ছি না, তাহলে আমি বলব আপনি আজকে তাঁদের চিট করছেন। তাঁদের টাকা দেওয়া আছে, তাঁদের আজকে পরীক্ষা দিতে না দিলে তাঁরা কোর্টে কেস করতে পারেন। আজকে আপনি ইতিপূর্বে পাশ করিয়ে নেয়া বিলের থেকে অনেক দূরে চলে যাচ্ছেন। সুতরাং সমস্ত

অবস্থা বিবেচনা করে কিছু দিনের মধ্যেই আর একটি এ্যামেণ্ডমেন্ট বিল নিয়ে এসে সমস্ত কিছু ঠিক করে নিতে পারেন। সেই আশায় আমি যে সমস্ত কাগজ পত্রের কপি এনেছি সে সমস্ত আপনার কাছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে এবং চীফ মিনিষ্টারের কাছে দিচ্ছি, আপনারা সেগুলি বিবেচনা করে আগামী ৭ দিন বা ১৫ দিন পরে বা নেকস্ট সেসনে আর একটি এ্যামেণ্ডমেন্ট বিল নিয়ে আসুন। আপনি একটু ভালভাবে বিচার বিবেচনা করলে এর মধ্যে থেকে অনেক ভাল জিনিস পাবেন। এটা কোনো পাটিগত ব্যাপার নয় এটা গ্রামবাংলার গরীব ডাক্তার দের ব্যাপার, এর মধ্যে তাঁদের সম্বন্ধে অনেক কিছু বলা আছে। আমি আপনাকে অনুরোধ করছি, দয়া করে আপনি এঁদের ব্যাপারে একটু সদয় হোন। গ্রামবাংলার গরীব ডাক্তারদের যে ব্যবস্থা করতে যাচ্ছেন তার থেকে তাঁদের একটু অব্যাহতি দিন।

Shri Kashinath Misra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1985.

শ্রী বামাপদ মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে স্বাস্থ্যমন্ত্রী মহোদয় "দি ওয়েষ্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৮৫" এই হাউসে উত্থাপন করেছেন। আমি এই বিলকে সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং মন্ত্রী মহোদয়কে আমি অভিনন্দন জানাচ্ছি। কারণ হোমিওপ্যাথিক চিকিৎসাকে আরো বিজ্ঞান ভিত্তিক এবং ফলপ্রসু করার জন্য এই বিল আনা হয়েছে। আমি অত্যন্ত দু:খিত আমাদের মাননীয় সদস্য সদাশয় ডাক্তার সুশোভন ব্যানার্জী এই বিলটির কয়েকটি পয়েন্টে বিরোধিতা করলেন। কিন্তু আমরা গতকাল কয়েটি দৈনিক সংবাদপত্রে দেখেছি, বিশেষ করে 'স্টেটসম্যানে' জনৈক বিশেষজ্ঞ ডাক্তারও একই কথা বলেছেন। আমরা আরো দেখে আসছি যে, এই হোমিওপ্যাথিক্ চিকিৎসার ক্ষেত্রে পশ্চিমবাংলায় কিছু সংখ্যক ভেষ্টেড ইনটারেষ্ট আছে, তারা এটাকে একচেটিয়া করে রাখতে চায়। সরকারকে, সমাজকে তারা কিছু দিতে চায় না এবং সরকার কিছু করতে গেলেও তারা বাধা সৃষ্টি করে। যাই হোক আমি এই বিলটিকে সমর্থন করতে গিয়ে দু' একটি কথা বলতে চাই।

ডাঃ ব্যানার্জী প্রিন্সিপাল এ্যাক্ট সম্বন্ধে যা বললেন তার পরিপ্রেক্ষিতেই আমি প্রথমে আমার বক্তব্য রাখতে চাই। এখানে নমিনেটেড এবং সিলেকটেড না করে, নমিনেসন এবং ইলেকসনের দুটো প্রভিসনই রাখা হয়েছে এবং ষ্টেট গভর্ণমেন্ট কাউনসিলের উপর না ছেড়ে দিয়ে, সেটা নিজেরাই করবেন। এটা খুবই ভাল কথা। কারণ আমরা দেখেছি ১৯৬৩ সালে যখন প্রধান য়্যাক্টটি হয় 'ওয়েষ্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন য়্যাক্ট, ১৯৬৩' তখন থেকে আজ পর্যন্ত কাউনসিলের কোনো ইলেকসন হয়নি। ১৯৭৭ সালে বর্তমান সরকার আসার পর একটা এ্যাডহক বডি করা হয়েছিল এবং ১৯৮০ সালে সেখানে প্রথম ইলেকসন হয়েছিল। কিন্তু তারপর কি দেখা গেল? ঐ সমস্ত শক্তি হাইকার্টে চলে গেল এবং হাইকোর্ট একজন এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করলেন। তিনি কে? তিনি হোমিওপ্যাথিক চিকিৎসক নন, বিশেষজ্ঞ নন, তিনি একজন আইনজ্ঞ। এই ভাবে হোমিওপ্যাথিক চিকিৎসায় একটা সুব্যবস্থা প্রতিষ্ঠা করে, বৈজ্ঞানিক ভিত্তিতে তাকে প্রতিষ্ঠিত করার বামফ্রন্ট সরকারের প্রচেষ্টাকে বার বার ব্যহত করতে লাগল। এখন সেই প্রচেষ্টা ভালভাবে চালাবার জন্য বর্তমানে যে এ্যামেণ্ডমেন্ট এসেছে এটা সকল মাননীয় সদস্যর সমর্থন করা উচিৎ। আমরা দেখেছি, ১৯৭৩ সালে সেণ্ট্রাল কাউনসিল অফ হোমিওপ্যাথি ভারত সরকারের তত্ত্বাবধানে তৈরী হয়। তারা কতকগুলি রেগুলেসান তৈরী করেছেন। ১৯৮৩ সালের রেগুলেসানে তারা বলেছেন ডি. এম. এস কোর্স করতে হবে সমস্ত প্রদেশগুলিতে। এখন স্বভাবতঃই মাসরুম গ্রোথ যেগুলি হয়ে যাচ্ছে, যেখানে অসাধু ব্যবসায়ীরা ব্যবসা খুলে বসে আছ সেুগুলিকে ঠেকাতে হবে তানাহলে ঐ সমস্ত অসাধু ব্যবসায়ীরা চিকিৎসার নামে লোককে ফাঁকি দেবে -এটা হওয়া উচিৎ নয়। তাই আমি ডাঃ ব্যানার্জীকে বলছি, নাম্বার ১২ সার্কুলার সি. সি. এইচ. ডেটেড ১৩-৫-৮৩ তারিখে সেণ্ট্রাল কাউনসিল অফ হোমিওপ্যাথি একটা নির্দেশ দেন। সেই নির্দেশে তাঁরা বলেন, আপনি পড়ে দেখবেন সমস্ত হোমিওপ্যাথি কলেজে একটা ম্যানডেটরী দিয়েছে, ডিপ্লোমা ইন হোমিওপ্যাথ মেডিসিন এ্যাণ্ড সার্জারি ১৯৮৩/৮৪ সাল থেকে চালু করতে হবে। এটা একটা ম্যানডেটরী। সুতরাং এখানে কোন রকম উপায় নেই। তাছাড়া আমরা দেখেছি, আমাদের কেন্দ্রীয় মন্ত্রী মাননীয়া মহোসিনা কিদোয়াই, মিনিষ্টার অফ হেলথ্ এ্যাণ্ড ফ্যামিলি ওয়েলফেয়ার ১৮ জুলাই, ১৯৮৫ সালে সমস্ত রাজ্যসরকারের স্বাস্থ্যমন্ত্রীদের এক সার্কুলার দিয়ে জানিয়েছেন, এই যে মাসরুম গ্রোথ হচ্ছে এই গ্রোথ ড্রাসটিক্যালি বন্ধ করতে হবে হোমিওপ্যাথিক চিকিৎসার স্বার্থে এবং সাধারণ মানুষের স্বার্থে। আমরা দেখেছি, যেদিন সেই সার্কুলার এল তার পরেও কিভাবে জাল-জচ্ছুরীর ব্যবসা চলতে লাগলো। আমি অনুরোধ করবো ডাঃ ব্যানার্জীকে আপনি ২৮ ফেব্রুয়ারী ১৯৮৫ তারিখের আনন্দবাজার পত্রিকাটা দেখুন সেখানে দুম করে হঠাৎ ১১ টি কলেজ যেমন, পুরুলিয়া, নিতাই চরণ চক্রবর্তী কলেজ, এ. কে. ব্যানার্জী কলেজ প্রভৃতি এ্যাডর্ভাটাইজমেন্ট দিয়ে দিলেন যে এত টাকা করে দিয়ে হোমিওপ্যাথিতে ভর্তি হতে পারেন। দেখুন, কি দু:সাহস। সেণ্ট্রাল কাউনসিল অফ হোমিওপ্যাথির যে রেগুলেশান এবং তখন তাঁর ম্যানডেটরী ঘোষণা করা হল তখন সেই ম্যানডেটরী কে চ্যালেঞ্জ জানিয়ে তাঁরা এই সমস্ত ব্যবসা চালাচ্ছেন আমার মনে হয় কোন রাজ্যসরকারের এ ব্যাপারে বরদাস্ত করা উচিৎ নয় এবং সাধারণ মানুষেবও উচিৎ নয়। তাছাড়া আমরা দেখেছি যখন টেন্থ জয়েণ্ট কনফারেন্স হয়েছিল সেখানে গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া বলেছেন সমস্ত ষ্টেটকে যে, মাসরুম গ্রোথকে উঠিয়ে দিতে হবে। একাদশতম জয়েন্ট কনফারেন্সে বলা হয়েছিল আনকোয়ালিফায়েড, আন-অথরাইস্ড যেগুলি আছে সেগুলিকে বন্ধ করে দিতে হবে। এগুলিকে সহায়তা দিলে চলবেব না, এদের থাকার কোন প্রয়োজনীয়তা নেই। তাছাড়া উনি আর একটি কথা বলেছেন ৪ এ্যমেণ্ডমেন্ট মাটিকুলেসান পাশ বা পাশ না হলেও অভিজ্ঞতার ভিত্তিতে পড়ানো হলে Intermediatc Examination in Science or equivalent examination with Physics, Chemistry and Biology as their subjects, in Eng. Diploma Course ডিপ্লোমা কোর্স এটা কিছু না। এ্যলোপ্যাথিতে যারা পড়েন সেখানে ক্লাস ১২ পাশ করে জয়েণ্ট এনট্রান্স পরীক্ষা দেন। সুতরাং একটা বিজ্ঞান-ভিত্তিক উপায়ে হোমিওপ্যাথি করতে গেলে পর যেমন তেমন করে দিলাম-এটা আজকালকার দিনে হওয়া উচিৎ নয়। আপনারা যাদের স্বার্থের কথা বলছেন তাঁদের স্বার্থসুরক্ষিত হয়েছে Clause (6) Sub section (3) (ii)

"the following proviso shall be added :-" provided that the rights and privileges of the Homoeopathic practitioners, whose names had been registered in Part B of the Register before the coming into force of the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Act, 1985 shall not be affected."

[4.30–4.40 pm]

কোন অসুবিধা নেই। এটি একটি বিজ্ঞানভিত্তিক চিকিৎসা পদ্ধতি; এর ক্রমশ; মানের উন্নয়ন করা দরকার, যাতে এর মানের অবনমন না ঘটে তারজন্য চেষ্টা করা দরকার। সেইজন্য আজকে যে প্রচেষ্টা হচ্ছে, আমাদের সকলেরই তাকে সমর্থন করা দরকার। তবে আজকে যে সমস্ত কলেজ হচ্ছে সেখানে ছাত্র অনুপাতে ডাক্তার দেওয়া যাচ্ছেনা। বর্তমানে বামফ্রন্ট সরকার তিনটি হোমিওপ্যাথিক কলেজকে অধিগ্রহণ করেছেন। আর একটি কলেজও অধিগ্রহণ করা হবে। এক্ষেত্রে যথাসাধ্য উন্নতির চেষ্টা করা হচ্ছে, তবে কেন্দ্র টাকা-পয়সা যদি দিতেন তাহলে ভাল হোত। কিন্তু, কেন্দ্রীয় সরকার ফোর্থপ্ল্যানের পর এক্ষেত্রে কোন টাকা পয়সা দেন নি। তবে সেন্ট্রাল কাউন্সিলএর রেগুলেশন আনুযায়ী তাঁরা বলছেন যে, কিছু টাকা দেওয়া যেতে পারে। তবে সেটাও কবে পাওয়া যাবে, ঠিক নেই। কিন্তু বামফ্রন্ট সরকারের মাননীয় মন্ত্রী এই রকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে যেভাবে হোমিওপ্যাথী চিকিৎসাকে মানুষের মধ্যে ভাল ভাবে পৌঁছে দেবার চেষ্টা করছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কাজেই মাননীয় মন্ত্রী যে বিলটা এখানে উপস্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে মাননীয় কাশীবাবুর আনীত এ্যামেণ্ডমেন্টের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্যবিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয় "ওয়েষ্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিষ্টেম অফ মেডিসিন (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৮৫" যা এনেছেন, এই বিলের দ্বারাই তাঁরা ১৯৭৭ সালে কাউনসিলের প্রবর্তন করেছিলেন। এই কাউনসিলের মাধ্যমে তঁরা মাসরুম গ্রোথ অফ দি ইনষ্টিটিউশন সিষ্টেমটা রোধ করতে চেয়েছিলেন, কিন্তু পারেন নি। আজকে এই বিলের মাধ্যমে সেটা সম্ভব হবে কি? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কাউনসিলটা হচ্ছে সরকারের একটা ষ্ট্যাটুটরী অর্গানাইজেশন। কাজেই সরকারের একটা ষ্ট্যাটুটরী অর্গানাইজেশনের উপর এ্যামেণ্ডমেন্টটা হচ্ছে। সরকার এখানে মেননি ১৫ (এ) (বি)-এর মধ্যে (বি)-তে কিছু সংযুক্তকরণ করতে চাইছেন। অনেক জায়গাতেই নির্বাচন হয়। ঐ ইনষ্টিটিউশনেও নির্বাচন হয়ে গেছে। কিন্তু সেই নির্বাচনের রেজাল্ট যদি কোন কারণে বন্ধ হয়ে যায়, সেক্ষেত্রে সেখানে নিজেদের মনোনীত এ্যাড-হক কমিটির মাধ্যমে যাতে করা যায় তার ব্যবস্থা এর মাধ্যমে তাঁরা করছেন। আমরা দেখতে পাচ্ছি, ১৯৮০ সালে একটি এ্যাড-হক কমিটির সুপারভিশনে সেখানে ইলেকশন হয়েছিল, কিন্তু হাই কোর্টে তার বিরুদ্ধে কেস্ হয়ে যায়। সেই কেসের নম্বর হচ্ছে ২৪৭৮ অফ ১৯৮০। কেসটি এখনও কোর্টে আছে। কাজেই এক্ষেত্রে গণতান্ত্রিক পদ্ধতিতে যেটা হওয়া উচিৎ ছিল - সেই দৃষ্টিভঙ্গি কিন্তু আমরা দেখতে পাচ্ছি না। সেখানে আমরা দেখতে পাচ্ছি ১৫ (এ)-তে যেটা বলা হচ্ছে, রেজাল্ট বার হবার কথাটা সেই রেজাল্ট বার হবার কথাটা ঠিক ভাবে বলা হয় নি। এই রেজাল্টটা যদি উইথহেল্ড হয়, যদি বন্ধ হয় তাহলে কি হবে? এর আগে দেখা গেছে নিজস্ব বাছাই করা প্রতিনিধি দেওয়া হয়েছে। বর্তমানে যে নিয়ম হচ্ছে সেই নিয়ম অনুযায়ী অসুবিধা আছে। এটা ১৯৬৩ সালের আইন, তারপর এই আইনের সংশোধন এই সরকার করেছে। ১৯৮০ সালে এর ফলে আঘাতপ্রাপ্ত হয়েছে এবং সেই কেসের মামলা এখনও পর্যন্ত চলছে। সেখানে কোন রকম সারকুলার না করে এই বিল আনা হয়েছে। এই ব্যাপারে আরো বেশী করে মতামত সংগ্রহ করে এই বিলটা আনবেন বলে আমার মনে হয়েছিল। আজকে হোমিওপ্যাথির যে সিস্টেম, হোমিওপ্যাথিতে যে ভাবে প্রসার ঘটছে তাতে অনেকে উৎসাহিত হয়ও হোমিওপ্যাথি শিক্ষাব্যবস্থার জন্য সেটাকে সক্রিয় ভাবে গ্রহণ করতে পারছে না। সেই পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী মহাশয় যে ভাবে বিলটা এনেছেন সেটা প্রতারণা করা হচ্ছে, এটা আমরা আশা করি নি. আশা করি এই ব্যাপারে তিনি প্রচার করবেন এবং প্রচার করে জনমত সংগ্রহ করবেন। আজকে যে সরকার বলে থাকেন যে সব কিছু তাঁরা গণতান্ত্রক পদ্ধতিতে করে থাকেন, আমরা আশা করেছিলাম এটাও তাঁরা সেই ভাবে পরিচালনা করবেন। কিন্তু দু:খের বিষয় এই ক্ষেত্রে সেটা করা হয় নি। আজকে যে বিল এখানে আনা হয়েছে সেই বিলের উপর ক্লজ (৪) তে আমি এ্যামেণ্ডমেন্ট দিয়েছি। ক্লজ-৪ যোগ্যতা সম্পর্কে যে কথা বালা হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি সরকারের দৃষ্টিভঙ্গি ঠিক নয়। আজকে শিক্ষা ক্ষেত্রে বিভিন্ন পরিবর্তন ঘটেছে। উচ্চ মাধ্যমিককে আর ইনটারমিডিয়েট বলা হচ্ছে না। সরকার এই বিলের মধ্যে ইনটামিডিয়েট কথাটা রেখে দিলেন। আর কোন জায়গায় ইনটারমিডিয়েট একজামিনেশন কথাটা ব্যবহার করা হয়না। এখানে হাইয়ার সেকেণ্ডারী কথাটা সংযুক্ত করা হোক। আজকে হায়ার সেকেণ্ডারীকে উচ্চমাধ্যমিক বলা হয়, ইন্টারমিডিয়েট কথাটা বলা হয় না। আমি মনে করি মাননীয় মন্ত্রী মহাশয় এই ব্যাপারে লক্ষ্য দেবেন। মন্ত্রীমহাশয় যে ব্যবস্থা করতে যাচ্ছে সেই ব্যাপারে আমি আশা করি তিনি এই সমস্ত ক্রটিগুলি দূর করবেন। এই বিলকে তাড়াতাড়ি আনা হয়েছে বলে এই সমস্ত জিনিসগুলি তিনি লক্ষ্য করতে পারেন নি। এই ব্যাপারে যে প্রশাসনিক যন্ত্র আছে এই বিল আনার আগে তাঁরা সেটাকে পুংখানুপুংখ রুপে পরিক্ষা নিরিক্ষা করেন নি। এই বিল আনার মাধ্যমেই সেটা ভাল ভাবে পরিলক্ষিত হচ্ছে। সেইজন্য আমি আশা করবো মন্ত্রী মহাশয় এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন। আইনের যে লক্ষ্য পেনালটি, সেই পেনালটির পরিবর্তন ঘটানো হয়েছে। যারা প্রতারণা করে যাবে ফ্যাকালটি অফ হোমিওপ্যাথি সিস্টেম অফ মেডিসিন তাদের পানিশমেন্টের ব্যবস্থা হওয়া উচিৎ।

[4.40–4.50 pm]

আজকে আমরা এখানে সরকারের যে দৃষ্টিবঙ্গী দেখতে পাচ্ছি তাতে দেখছি যে-সরকার তাঁর নির্দিষ্ট চিন্তাধারার মাধ্যমে এখানে যেটা প্রতিষ্ঠিত করতে চাইছেন, তা কিন্তু ঠিকভাবে প্রবাহিত হচ্ছে না। আমাদের চোখের সামনে তা ঠিকভাবে ভাসছে না। সরকারের পক্ষ থেকে এখানে পেনাল্টির যে প্রভিসানগুলো উল্লেখ করেছেন তা আরও রিজিড করার দরকার ছিল। এটা না হওয়ার জন্য আমরা দেখছি যে, যেখানে কেউ অন্যায় করবে সেখানে তার প্রতিরোধ সৃষ্টি করার বেশ সুযোগ থাকবে। সেটাকে আরও বাইণ্ডিংসের মাধ্যমে আনা যেতে পারতো। সরকারের দৃষ্টি এখানে কিছুটা

অবস্থা বিবেচনা করে কিছু দিনের মধ্যেই আর একটি এ্যামেণ্ডমেন্ট বিল নিয়ে এসে সমস্ত কিছু ঠিক করে নিতে পারেন। সেই আশায় আমি যে সমস্ত কাগজ পত্রের কপি এনেছি সে সমস্ত আপনার কাছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে এবং চীফ মিনিষ্টারের কাছে দিচ্ছি, আপনারা সেগুলি বিবেচনা করে আগামী ৭ দিন বা ১৫ দিন পরে বা নেকস্ট সেসনে আর একটি এ্যামেণ্ডমেন্ট বিল নিয়ে আসুন। আপনি একটু ভালভাবে বিচার বিবেচনা করলে এর মধ্যে থেকে অনেক ভাল জিনিস পাবেন। এটা কোনো পার্টিগত ব্যাপার নয় এটা গ্রামবাংলার গরীব ডাক্তার দের ব্যাপার, এর মধ্যে তাঁদের সম্বন্ধে অনেক কিছু বলা আছে। আমি আপনাকে অনুরোধ করছি, দয়া করে আপনি এঁদের ব্যাপারে একটু সদয় হোন। গ্রামবাংলার গরীব ডাক্তারদের যে ব্যবস্থা করতে যাচ্ছেন তার থেকে তাঁদের একটু অব্যাহতি দিন।

Shri Kashinath Misra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1985.

শ্রী বামাপদ মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে স্বাস্থ্যমন্ত্রী মহোদয় "দি ওয়েষ্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন (এ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৮৫" এই হাউসে উত্থাপন করেছেন। আমি এই বিলকে সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং মন্ত্রী মহোদয়কে আমি অভিনন্দন জানাচ্ছি। কারণ হোমিওপ্যাথিক চিকিৎসাকে আরো বিজ্ঞান ভিত্তিক এবং ফলপ্রসু করার জন্য এই বিল আনা হয়েছে। আমি অত্যন্ত দু:খিত আমাদের মাননীয় সদস্য সদাশয় ডাক্তার সুশোভন ব্যানার্জী এই বিলটির কয়েকটি পয়েণ্টে বিরোধিতা করলেন। কিন্তু আমরা গতকাল কয়েটি দৈনিক সংবাদপত্রে দেখেছি, বিশেষ করে 'স্টেটসম্যানে' জনৈক বিশেষজ্ঞ ডাক্তারও একই কথা বলেছেন। আমরা আরো দেখে আসছি যে, এই হোমিওপ্যাথিক্ চিকিৎসার ক্ষেত্রে পশ্চিমবাংলায় কিছু সংখ্যক ভেষ্টেড ইনটারেষ্ট আছে, তারা এটাকে একচেটিয়া করে রাখতে চায়। সরকারকে, সমাজকে তারা কিছু দিতে চায় না এবং সরকার কিছু করতে গেলেও তারা বাধা সৃষ্টি করে। যাই হোক আমি এই বিলটিকে সমর্থন করতে গিয়ে দু' একটি কথা বলতে চাই।

ডাঃ ব্যানার্জী প্রিন্সিপাল এ্যাক্ট সম্বন্ধে যা বললেন তার পরিপ্রেক্ষিতেই আমি প্রথমে আমার বক্তব্য রাখতে চাই। এখানে নমিনেটেড এবং সিলেকটেড না করে, নমিনেসন এবং ইলেকসনের দুটো প্রভিসনই রাখা হয়েছে এবং ষ্টেট গভর্ণমেণ্ট কাউনসিলের উপর না ছেড়ে দিয়ে, সেটা নিজেরাই করবেন। এটা খুবই ভাল কথা। কারণ আমরা দেখেছি ১৯৬৩ সালে যখন প্রধান য়্যাক্টটি হয় 'ওয়েষ্ট বেঙ্গল হোমিওপ্যাথিক সিস্টেম অফ মেডিসিন য়্যাক্ট, ১৯৬৩' তখন থেকে আজ পর্যন্ত কাউনসিলের কোনো ইলেকসন হয়নি। ১৯৭৭ সালে বর্তমান সরকার আসার পর একটা এ্যাডহক বডি করা হয়েছিল এবং ১৯৮০ সালে সেখানে প্রথম ইলেকসন হয়েছিল। কিন্তু তারপর কি দেখা গেল? ঐ সমস্ত শক্তি হাইকার্টে চলে গেল এবং হাইকোর্ট একজন এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করলেন। তিনি কে? তিনি হোমিওপ্যাথিক চিকিৎসক নন, বিশেষজ্ঞ নন, তিনি একজন আইনজ্ঞ। এই ভাবে হোমিওপ্যাথিক চিকিৎসায় একটা সুব্যবস্থা প্রতিষ্ঠা করে, বৈজ্ঞানিক ভিত্তিতে তাকে প্রতিষ্ঠিত করার বামফ্রণ্ট সরকারের প্রচেষ্টাকে বার বার ব্যহত করতে লাগল। এখন সেই প্রচেষ্টা ভালভাবে চালাবার জন্য বর্তমানে যে এ্যামেণ্ডমেণ্ট এসেছে এটা সকল মাননীয় সদস্যর সমর্থন করা উচিৎ। আমরা দেখেছি, ১৯৭৩ সালে সেণ্ট্রাল কাউনসিল অফ হোমিওপ্যাথি ভারত সরকারের তত্বাবধানে তৈরী হয়। তারা কতকগুলি রেগুলেসান তৈরী করেছেন। ১৯৮৩ সালের রেগুলেসানে তারা বলেছেন ডি. এম. এস কোর্স করতে হবে সমস্ত প্রদেশগুলিতে। এখন স্বভাবতঃই মাসরুম গ্রোথ যেগুলি হয়ে যাচ্ছে, যেখানে অসাধু ব্যবসায়ীরা ব্যবসা খুলে বসে আছ সেগুলিকে ঠেকাতে হবে তানাহলে ঐ সমস্ত অসাধু ব্যবসায়ীরা চিকিৎসার নামে লোককে ফাঁকি দেবে –এটা হওয়া উচিৎ নয়। তাই আমি ডাঃ ব্যানার্জীকে বলছি, নাম্বার ১২ সার্কুলার সি. সি. এইচ. ডেটেড ১৩–৫–৮৩ তারিখে সেন্ট্রাল কাউনসিল অফ হোমিওপ্যাথি একটা নির্দেশ দেন। সেই নির্দেশে তাঁরা বলেন, আপনি পড়ে দেখবেন সমস্ত হোমিওপ্যাথি কলেজে একটা ম্যানডেটরী দিয়েছে, ডিপ্লোমা ইন হোমিওপ্যাথ মেডিসিন এ্যাণ্ড সার্জারি ১৯৮৩/৮৪ সাল থেকে চালু করতে হবে। এটা একটা ম্যানডেটরী। সুতরাং এখানে কোন রকম উপায় নেই। তাছাড়া আমরা দেখেছি, আমাদের কেন্দ্রীয় মন্ত্রী মাননীয়া মহোসিনা কিদোয়াই, মিনিষ্টার অফ হেলথ্ এ্যাণ্ড ফ্যামিলি ওয়েলফেয়ার ১৮ জুলাই, ১৯৮৫ সালে সমস্ত রাজ্যসরকারের স্বাস্থ্যমন্ত্রীদের এক সার্কুলার দিয়ে জানিয়েছেন, এই যে মাসরুম গ্রোথ হচ্ছে এই গ্রোথ ড্রাসটিক্যালি বন্ধ করতে হবে হোমিওপ্যাথিক চিকিৎসার স্বার্থে এবং সাধারণ মানুষের স্বার্থে। আমরা দেখেছি, যেদিন সেই সার্কুলার এল তার পরেও কিভাবে জাল–জচ্চুরীর ব্যবসা চলতে লাগলো। আমি অনুরোধ করবো ডাঃ ব্যানার্জীকে আপনি ২৮ ফেব্রুয়ারী ১৯৮৫ তারিখের আনন্দবাজার পত্রিকাটা দেখুন সেখানে দুম করে হঠাৎ ১১ টি কলেজ যেমন, পুরুলিয়া, নিতাই চরণ চক্রবর্তী কলেজ, এ. কে. ব্যানার্জী কলেজ প্রভৃতি এ্যাডর্ভাটাইজমেণ্ট দিয়ে দিলেন যে এত টাকা করে দিয়ে হোমিওপ্যাথিতে ভর্তি হতে পারেন। দেখুন, কি দু:সাহস। সেণ্ট্রাল কাউনসিল অফ হোমিওপ্যাথির যে রেগুলেশান এবং তখন তাঁর ম্যানডেটরী ঘোষণা করা হল তখন সেই ম্যানডেটরী কে চ্যালেঞ্জ জানিয়ে তাঁরা এই সমস্ত ব্যবসা চালাচ্ছেন আমার মনে হয় কোন রাজ্যসরকারের এ ব্যাপারে বরদাস্ত করা উচিৎ নয় এবং সাধারণ মানুষেবও উচিৎ নয়। তাছাড়া আমরা দেখেছি যখন টেন্‌থ জয়েণ্ট কনফারেন্স হয়েছিল সেখানে গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়া বলেছেন সমস্ত ষ্টেটকে যে, মাসরুম গ্রোথকে উঠিয়ে দিতে হবে। একাদশতম জয়েণ্ট কনফারেন্সে বলা হয়েছিল আনকোয়ালিফায়েড, আন–অথরাইস্ড যেগুলি আছে সেগুলিকে বন্ধ করে দিতে হবে। এগুলিকে সহায়তা দিলে চলবেব না, এদের থাকার কোন প্রয়োজনীয়তা নেই। তাছাড়া উনি আর একটি কথা বলেছেন ৪ এ্যামেণ্ডমেণ্ট মাটিকুলেসান পাশ বা পাশ না হলেও অভিজ্ঞতার ভিত্তিতে পড়ানো হলে Intermediatc Examination in Science or equivalent examination with Physics, Chemistry and Biology as their subjects, in Eng. Diploma Course ডিপ্লোমা কোর্স এটা কিছু না। এ্যালোপ্যাথিতে যারা পড়েন সেখানে ক্লাস ১২ পাশ করে জয়েণ্ট এনট্রান্স পরীক্ষা দেন। সুতরাং একটা বিজ্ঞান–ভিত্তিক উপায়ে হোমিওপ্যাথি করতে গেলে পর যেমন তেমন করে দিলাম-এটা আজকালকার দিনে হওয়া উচিৎ নয়। আপনারা যাদের স্বার্থের কথা বলছেন তাঁদের স্বার্থসুরক্ষিত হয়েছে Clause (6) Sub section (3) (ii)

সংস্থার সঙ্গে আলোচনা করলে ভাল হোত এবং তাঁরাও অনেক সাহায্য করতে পারতেন। এই বিল সম্পর্কে তাঁরা বলেছেন যেহেতু একটা কেস হাইকোর্টে পেণ্ডিং আছে সেহেতু বিলটা উত্থাপন করা যায় কিনা এবং যতদিন কেসটা সেটেল্ড না হচ্ছে ততদিন এই বিল কার্যকরী করতে গেলে কোন বাঁধা আসবে কিনা সেটা আপনি বলবেন। ডি. এম. এস. কোর্সের সঙ্গে আধুনিক এলোপ্যাথ চিকিৎসা যোগ হওয়ায় এর ফল ভাল হতে পারে। এ ক্ষেত্রে বলা হয়েছে এদের ক্ষেত্রে যে নীতি নেয়া হয়েছে তাতে কাউন্সিলের অধিকারকে খর্ব করা হয়েছে। আর একটা কথা সত্যেনবাবু বলেছেন যে ডি. এম. এইচ. এস শিক্ষার ক্ষেত্রে বিলের মধ্যে ইন্টারমিডিয়েটের কথার উল্লেখ আছে। কিন্তু সে পাঠ্যক্রম তো এখন আর নেই। ফলে ছাত্র যারা এ্যাডমিশান নিতে চায় তাদের অসুবিধা দেখা দেবে। সেজন্য আবেদন করছি ইন্টারমিডিয়েট কথাটা তুলে দিয়ে ১০ প্লাস ২ শব্দটা করবেন এবং তাহলেই বর্তমান শিক্ষাব্যবস্থার সঙ্গে সুসামঞ্জস্য হবে। ১৯৬৩ সালে প্রিন্সিপাল এ্যাক্টে টিচারের যে সংজ্ঞা দেয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে ডিমনস্ট্রেটারদের সম্বন্ধে কোন কথা নেই। অর্থাৎ Teacher means any person appointed by the Homoeopathic Institution affiliated to as organised by the Council to hold a teaching post এর সঙ্গে যেহেতু ডিমনস্ট্রেটারের পোষ্ট আছে কিন্তু তাদের কথার কোন উল্লেখ নেই সেজন্য Teacher includes post of Demonstrator also কথাটা যোগ করলে ভাল এবং তাদের যে অধিকার সেটা তারা পেতে পারবে। আপনার আন্তরিকতা প্রশ্নাতীত। সেদিক থেকে এই বিলের সংশোধনীর ফলে হোমিওপ্যাথি চিকিৎসার ক্ষেত্রে একটা সুদূরপ্রসারী ফল হবে। হোমিওপ্যাথির বহু ভূয়া প্রতিষ্ঠান আছে বলে মানুষের আস্থা এর উপর থেকে চলে যাচ্ছে। কিন্তু এই বিলের দ্বারা সেটা দূর হচ্ছে। গ্রামে হোমিওপ্যাথি ও আয়ুর্বেদের একটা বিরাট ভূমিকা আছে। অল্প পয়সায় এই দুটির চিকিৎসা হয়। এই বিলে যদি অসম্পূর্ণ থাকে তাহলে পরে একটা কম্প্রিহেনসিভ বিল এনে তা দূর তিনি নিশ্চয় করবেন। এই ব্যবস্থার প্রতি তাঁর যে সদিচ্ছা আছে সেটা দেখে এই বিলকে আমি সমর্থন করছি এবং যেসব প্রশ্ন চিকিৎসকেরা উত্থাপন করেছেন সেগুলি তিনি নিশ্চয় বিবেচনা করবেন। এই কথা বলে আমি শেষ করছি।

শ্রী রামনারায়ণ গোস্বামী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী পক্ষের সদস্যরা এবং আমাদের ট্রেজারী বেঞ্চের সদস্যরা যা বলছিলেন তা আমি খুব মন দিয়ে শুনলাম। আপনারা বিলটা পড়ে বুঝতে পেরেছেন যে ২/৩ টি উদ্দেশ্য নিয়ে এই বিলটা আনা হয়েছে। আমরা দেখেছি এবং আপনাদের সকলের অভিজ্ঞতাও তাই যে হোমিওপ্যাথি সিসটেম অব মেডিসিন যত বেশী জনপ্রিয় হচ্ছে ততই এক অংশ কায়েমী স্বার্থের মানুষ এটাকে মানি মেকিং প্রসেস হিসাবে ব্যবহার করছে। আমি দেখিয়ে দিতে পারি শুধু পশ্চিমবঙ্গ নয়, গোটা ভারতবর্ষ জুড়ে এই জিনিষ হচ্ছে, হোমিওপ্যাথি নামকে তারা নানাভাবে ব্যবহার করছে এবং করে তারা মানুষকে ঠকাচ্ছে। ডাঃ সুশোভন ব্যানার্জী এবং কাশী বাবু বললেন গরীব মানুষ করে খাচ্ছে, আপনি কেন বাধা দেবেন, তাদের এটা একটা লাইফলিহুডের প্রশ্ন। আমি কয়েকটা মানুষ খুন করে যদি আমার নিজের খাওয়ার ব্যবস্থা করি তাহলে আপনারা কি আমাকে সমর্থন করবেন? হোমিওপ্যাথি চিকিৎসা ভারতবর্ষে এই জন্য দরকার মানুষকে বাঁচাবার জন্য, মেরে ফেলার জন্য নয়। সেজন্য ব্যাঙের ছাতার মত বেআইনী বোগাস ইনস্টিটিউশান যাতে গড়ে না উঠে, ছাত্রদের কাছ থেকে টাকা আদায় করে কিছু মানুষ যাতে তাদের স্বার্থসিদ্ধি করতে না পারে তারই জন্য আমরা ব্যবস্থা নিয়েছি এটা আমরা একা কিছু করছি না, আপনাদের দেখাতে পারি গত বছর ৯ই জুলাই থেকে ১১ই জুলাই ১৯৮৪ সালে দিল্লীতে জয়েন্ট কাউন্সিলের একটা মিটিং হয়েছিল, সেই মিটিংএ গোটা ভারতবর্ষ, ইণ্ডিয়ান টেরিটরি এবং সমস্ত স্টেট এর হেলথ মিনিষ্টাররা উপস্থিত ছিলেন, সেই মিটিংএ বলা হয়েছে In order to deal effectively and - uniformly with the prohlems caused by mushroom growth of I.S.M. and Homoeopathic Educational Institutions, it is recommended that there should be provision to ensure that no new Educational Institutions be allowed to be opened without the prior approval of the concerned State Govrernment/Government of India and Central Council of Indian Medicine. সুতরাং কেউ কেউ বললেন যে কনসার্নড গভর্নড গভর্নমেন্ট কথাটা কেন যোগ করলেন, এতে ক্ষমতা খর্ব কার হচ্ছে। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের মন্ত্রীরা যুক্তভাবে এই সিদ্ধান্ত নিয়েছেন। আপনি জানেন যে গত ২ তারিখ থেকে ৬ তারিখ পর্যন্ত দিল্লীতে সেন্ট্রাল কাউনসিলের যে ইলেভেন্থ কনফারেন্স হল সেই কন্ফারেনসে বলা হচ্ছে- It notes with concern the awarding of degree/ diplomas/Certificates in Indian system of medicine and Homoeopathy and by unqualified persons, unauthorised institutions etc. etc. and recommends that there is a need to initiate a suitable and comprehensive legislation in this regard both by Centre and the States.

সুতরাং মাসরুম গ্রোথ অব হোমিওপ্যাথিক ইনস্টিটিউসানকে বন্ধ করা এটা লেফটফ্রন্ট একা করছে না? গভর্নমেন্ট অব ইণ্ডিয়া, সেন্ট্রাল কাউন্সিল অব হোমিওপ্যাথি তাদের সুপারিশ এবং নির্দেশ অনুসারে আমরা করছি। দ্বিতীয়ত আপনারা জানেন এখানে ডি এইচ এম এস আমরা ইন্ট্রোডিউস করেছি। এতাবত্কাল চলছিল ডি এম এস কোর্স। এই যে এইটাকে আমরা ইনক্লুড করেছি এটা আমাদের খুশীমত করেছি তা নয়, তখন আমি মন্ত্রী হইনি তার আগে থেকে এই ব্যবস্থা চলছিল। ১৯৮৩ সালে যখন আমি এলাম তার আগে থেকে হোমিওপ্যাথি ডিপ্লোমা কোর্সটা ম্যানডেটরী ছিল স্টার্টিং ফ্রম ১৯৭৩/১৯৭৪। সেখানে বলা হচ্ছে Since the regulations have been sanctioned by the Central Government/under the provision of Homoeopathic Central Council Act, 1973 these have become mandatory. It is therefore requested that these regulations should be implemented in all the Homoeopathy Colleges from the ensuing sessions starting from 1973/1974.

[5.00-5.10 pm]

এটা হচ্ছে ম্যানডেটরি, সেন্ট্রাল কাউনসিল উইথ দি কনফারেন্স অব দি গভর্ণমেন্ট অফ ইণ্ডিয়া এই রুল চালু করেছেন। এখানে বলা হয়েছে Passed the Intermediate examination in Sciences or equivalent examination with Physics, Chemistry

and Biology as their subjects. কাজেই ইণ্টারমিডিয়েট বললে ভাববার কিছু নেই। আমাদের এখানে ইণ্টারমিডিয়েট নেই সুতরাং ইণ্টারমিডিয়েট বলার দরকার নেই। এটা আসাম, ত্রিপুরা, বিহারের ছাত্রদের ক্ষেত্রে থাকে। কারন ওইসব জায়গায় এখনও হায়ার সেকেণ্ডারী চালু হয়নি, ইণ্টারমিডিয়েটে চালু রয়েছে। এটা ইনফ্রাকচুয়ার্স, এতে কোন অসুবিধা হবেনা। হায়ার সেকেণ্ডারী এবং ইণ্ট্রারমিডিয়েট দুটি কথা এখানে থাকছে। মোট কথা হল টেন প্লাশ টু - হায়ার সেকেণ্ডারী আর ইটস্ ইকু ইভ্যালাণ্ট। কাজেই কাশীবাবু যেটা বলছেন ইণ্টারমিডিয়েটের বদলে হায়ার সেকেণ্ডারী বলা হোক, তার কোন দরকার নেই। ১৯৮৫ সালের ১৮ই জুলাই কেন্দ্রীয় স্বাস্থমন্ত্রী যে চিঠি আমাদের লিখেছেন তাতে আছে,

As you are aware various unrecognised/bogus institutions are continuing to offer degrees and diplomas in Homoeopathy and other systems of medicine. Such institutions are freely advertising in the newspapers and issuing handbills. This matter is earlier been discussed in the Joint Conference of Health and Central Family Welfare Council and other forums from time to time.

এই চিঠিকে গুরুত্ব দিয়ে আমরা মাসরুম গ্রোথ অব হোমিওপ্যাথি ইন্সটিটিউসন বন্ধ করবার জন্য আইনের দিক থেকে স্ট্রিনজেণ্ট হচ্ছি এবং অন্যদিকে ফৌজদারী আইনে যে ব্যবস্থা করা যায় সেটা পুলিশের সঙ্গে করছি। তারপর, সোসাইটিতে রেজিসট্রেসন এ্যাক্ট অনুযায়ী যে সমস্ত ইন্সটিটিউসন - এর রেজিসট্রেসন করিয়ে আনছি সেখানে রেজিস্ট্রারকে বলা হচ্ছে - সোসাইটি রেজিসট্রেসন এ্যাক্ট অনুসারে রেজিসট্রেসন দেবার আগে যেন গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া এবং সেণ্ট্রাল অব ইণ্ডিয়া এবং সেণ্ট্রাল কাউনসিল অব হোমিওপ্যাথি - র সঙ্গে আলোচনা করেন। আমরা সর্বদাই গর্ভমেণ্ট অব ইণ্ডিয়া সেণ্ট্রাল কাউনসিল অব হোমিওপ্যাথি এবং লব্ধ প্রতিষ্ঠ চিকিৎসকদের মতামত নিয়ে করছি। এখানে বলা হয়েছে কাউনসিল গণতান্ত্রীক হচ্ছেনা। আমি জিজ্ঞাসা করছি ১৯৬৩ সাল থেকে আজ পর্যন্ত যে কাউনসিল আছে সেটা কি গনতান্ত্রিক? কোনদিন গণতান্ত্রিক বডি হয়নি, আমরা সেই গণতান্ত্রীক বডি করতে যাচ্ছি এবং সেটা হলেই নির্বচন করব। তবে মনে রাখবেন এইসব ব্যবস্থা করতে হলে ফর দি টাইম বিয়িং এ্যাডহক কমিটি করা ছাড়া উপায় নেই। আমাদের মূল উদ্দেশ্য হচ্ছে হোমিওপ্যাথি চিকিৎসার ক্ষেত্রে এই যে বোগাস্ ইন্সটিটিউসনগুলো রয়েছে তারে দূর করতে হবে। আপনারা নিশ্চয়ই কেউ চাননা ১০ টাকা দিয়ে একখানা মেটারিয়া মেডিকা কিনে ডাক্তারী করুন। আমি আর দীর্ঘ বক্তব্যের মধ্যে যাচ্ছিনা। মাননীয় সদস্যেরা যে সমস্ত এ্যামেণ্ডমেণ্ট এনেছেন আমি তার বিরোধিতা করছি এবং অনুরোধ করছি হোমিওপ্যাথি চিকিৎসার স্বার্থে তাঁরা যেন এই বিল সমর্থন করেন।

মিঃ ডেপুটি স্পীকার : The times fixed for the discussion on this Bill is going to be expired by 5.07 P.M. I, therefore, propose that the time for discussion may be extended for 10 minutes. I think, Members are in favour for this motion.

...... (Voices – Yes) .....

The times extended by 10 minutes. Now, Shri Satya Ranjan Bapuli. But he is allowed to speak only for two minutes.

শ্রী সত্যরঞ্জন বাপুলী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রী মহাশয়ের কাছে একটা ক্লারিফিকেসন চাচ্ছি। এখানে ইণ্টারমিডিয়েট অব ইকুইভ্যালেণ্ট অর্থাত ১০ প্লাস ২- অর্থাত ১২ ক্লাস হলেই ইণ্টারমিডিয়েট হয়ে যাবে, আপনি মানে করে দিলেন। কিন্তু আইনে ফাঁক থেকে যাবে। কিন্তু যদি ইণ্টারমিডিয়েট এণ্ড হায়ার সেকেণ্ডারী করে দেন তাহলে আর অসুবিধা থাকবে না। এই রকম ডেফিনিট করে বলে দিতে আপনার অসুবিধা কি? আপনি বিধান সভায় বলে দিলেন তাতে এটা পরিস্কার হচ্ছে না। ইণ্টারমিডিয়েট এণ্ড হায়ারসেকেণ্ডারী করে আর এটা অপরিস্কার থাকে না। এর জন্য একটা ক্লারিফিকেসন থেকে যাবে।

শ্রী রাম নারায়ণ গোস্বামী : আমি এটা সেণ্ট্রাল কাউন্সিল অব হোমিওপ্যাথির যে রেজলিউসনটা হুবহু এখানে দিয়েছি। পাসড ইণ্টারমিডিয়েট সায়েন্স অর ইটস ইকুইভ্যালণ্ট উইথ ফিজিক্স, কেমিষ্ট্রি এণ্ড বায়োলজি এ্যজ ইটস সাবজেক্ট। আসামে ইণ্টারমিডিয়েট আবার এখানে হায়ার সেকেণ্ডারী এই রকম নানা রাজ্যে নান রকম ব্যবস্থা। এটা আপনি নিশ্চয় বুঝবেন।

The motion that the Bill be circulated for eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Ramnarayan Goswami that the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3

The question that clauses 1 to 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 4

Mr. Deputy Speaker : This is amendment by Shri Kashinath Misra (Amendment No. 2) to clause 4. Shri Misra may please now move his motion.

শ্রী কাশীনাথ মিশ্র : Sir, I beg to move that in Clause 4 (a) in the proposed section 18 (1) of the principal Act, in the proviso, in the line 6, for the words 'Intermediate Examination' the words 'Higher Secondary Examination' be substituted.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি আমার এমেণ্ডমেন্টটা দেখুন। এখানে বলা হয়েছে ইন্টারমিডিয়েট অর ইটস ইকুইভ্যালেন্ট। আমি স্বাস্থ্যমন্ত্রীকে বলব অন্যান্য রাজ্যের পরিপ্রেক্ষিতে এটা আপনি দিয়েছেন। কিন্তু আপনি যদি ইন্টারমিডিয়েট এণ্ড হায়ার সেকেণ্ডারী করেন তাহলে আর কোন ফাঁক থেকে যাবে না। কিন্তু ওটা থাকলে একটা ফাঁক থেকে যাবে। এটা একটু মন্ত্রী মহাশয় দেখবেন।

শ্রী রামনারায়ণ গোস্বামী : আমি এ বিষয়ে আইনজ্ঞদের সঙ্গে এ নিয়ে আলোচনা করেছি এবং দিল্লীতেও আলোচনা করেছি। এটা থাকলে কোন রকম অসুবিধা হবে না। আমি ওনার এমেণ্ডমেন্ট গ্রহণ করছি না।

The motion of Shri Kashinath Misra that in clause 4 (a) in the proposed section 18(1) of the Principal Act, in the proviso, in line 6, for the words "Intermediate Examination" the words "Higher Secondary Examination" be substituted, was then put and lost

The question that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 5 to 14 and preamble

The question that clauses 5 to 14 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Ramnarayan Goswami : Sir, i beg to move that the West Bengal Homoeopathic System of Medicine (Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[5.10 - 5.20 p.m.]

শ্রী পতিত পাবন পাঠক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটি জিনিস উল্লেখ করছি আমার জেলা বালিতে একটি বড় চটকল আছে। ১৪৭ দিন ধরে সেখানে লক আউট চলছে। তার শ্রমিক কর্মচারীরা আই. জে. এম. এ.-র সামনে, বিধানসভা অভিযান করেছিল এবং মাননীয় সদস্য কমল সরকার, শান্তশ্রী চট্টোপাধ্যায় সেখানে গিয়েছিলেন। আমরা তাদের সমর্থন জানিয়ে এসেছি, এটা হাউসের অবগতির জন্য আপনার কাছে উপস্থিত করলাম।

LEGISLATION

The Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking over of management and Subsequent Acquistion) Bill, 1985.

Shri Ram Narayan Goswami : Sir, i beg to introduce the Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

Shri ram narayan Goswami : Sir, I beg to move that the Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) Bill, 1985, be taken into consideration.

Mr. Deputy Speaker : There is a motion for circulation of the Bill by Shri Kashi Nath Misra. He may please move his motion.

শ্রী কাশীনাথ মিশ্র : Sir,I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion there on by the 31st December, 1985.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহেশ ভট্টাচার্য্য হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ এণ্ড হসপিটাল (টেকিং ওভার অব ম্যানেজমেন্ট এ্যাণ্ড সাবসিকোয়েন্ট এ্যাকুইজিসন) বিল, ১৯৮৫ নিয়ে এসেছেন। গভর্ণমেন্ট এটাকে আণ্ডারটেকিং করে নিচ্ছেন, নিশ্চয় সেটাকে আমরা প্রশংসনীয় উদ্যোগ বলতে পারি। কিন্তু এর সাথে সাথে কতগুলি ত্রুটি আমরা দেখতে পাচ্ছি, সেদিকেও সরকারের দৃষ্টি দেওয়া উচিৎ ছিল। বিলের প্রথমেই বলা হচ্ছে, যেহেতু জনস্বাস্থ্যের উন্নতিকল্পে, হাওড়া জেলার, ১ জি, টি রোড (দক্ষিণ)-এ অবস্থিত মহেশ ভট্টাচার্য্য হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল নামে সাধারণভাবে পরিচিত প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য উন্নততর ব্যবস্থা অবলম্বন করণার্থ এবং তদুদ্দেশ্যে উক্ত প্রতিষ্ঠানের মালিকানাধীন বা ইহার হিতার্থে ধৃত সকল সম্পত্তির পরিচালনভার সীমিত কালের জন্য গ্রহণ ও পরবর্তীকালীন অর্জন, জনস্বার্থে সঙ্গত, এর সাথে আমরা আশা করেছিলাম হোমিওপ্যাথি মেডিকেল সায়েন্সকে আরো ডেভেলাপ করার জন্য নতুন কিছু ব্যবস্থার কথা নিশ্চয় উল্লেখ থাকবে। এই বিলের মধ্যে সেটাকে সংযুক্ত করলেন না। হোমিওপ্যাথি মেডিকেল সায়েন্স ডেভেলাপমেন্টের কথাও এর মধ্যে যুক্ত করা উচিত ছিল, কিন্তু সেটাকে উনি একেবারেই এড়িয়ে গেলেন। কাদের স্বার্থে করছেন? হোমিওপ্যাথি মেডিকেল সায়েন্সের যে আজকে সম্প্রসারণ ঘটেছে সেটাকে এর সাথে অন্তভূক্ত করার প্রয়োজন ছিল। সেটা কিন্তু আমরা দেখতে পাইনি। বরং সেখানে আমরা দেখতে পাচ্ছি এটাকে একেবারে এড়িয়ে যাচ্ছেন। সেইজন্য আমরা চাইছি, জনমত সৃষ্টির মাধ্যমে চিন্তাধারাটা আরো বাড়াতে। অধিগ্রহণের ব্যাপারে আরো যে সমস্ত বক্তব্য আছে সেগুলি আলোচনার সময় বলব, এখন এই বলে আমি সার্কুলেশান মোশান মুভ করছি।

শ্রী অশোক ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আজ যে মহেশ ভট্টাচার্য্য হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (পরিচালনাভার গ্রহণ ও পরবর্তীকালীন অর্জন) বিধেয়ক, ১৯৮৫ বিল এই হাউসে এনেছেন আমি সে সম্পর্কে কয়েকটি কথা বলছি। স্যার, প্রথমেই অধিগ্রহণের ক্ষেত্রে মাননীয় মন্ত্রীমহাশয়ের এই সৎ প্রচেষ্টাকে আমি অভিনন্দন জানাচ্ছি। স্যার, বামফ্রন্ট সরকারের স্বাস্থ্য দপ্তরে দু জন মন্ত্রী অথচ আমরা জানি মালদহের স্বাস্থ্যকেন্দ্রে কুকুর সদ্যজাত শিশুকে ভক্ষন করেছে, রায়গঞ্জে স্বাস্থ্যকেন্দ্রের ভেতরে মৃত শিশকে কুকুর ভক্ষন করেছে এইসব ঘটনা ঘটেছে। এই সরকার আবার মহেশ ভট্টাচার্য্য হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ অধিগ্রহণ করছেন। স্যার, বিগত ৮ বছরে বামফ্রন্ট সরকার স্বাস্থ্য ক্ষেত্রে যে কাজের নমুনা দেখিয়েছেন সেই সরকার আগামী বছরে স্বাস্থ্য ক্ষেত্রে কি কাজের নমুনা দেখাবেন তা আমরা জানি না। এই মহেশ ভট্টাচার্য্য মেডিক্যাল কলেজটিকে প্রয়োজনীয় মুহূর্তে অক্সিজেন দিয়ে তিনি বাঁচাবার চেষ্টা করছেন, তাঁর সৎ প্রচেষ্টার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। স্যার, এই কলেজে দাঁড়িয়ে মাননীয় মন্ত্রী রামনারায়ণবাবু বলেছিলেন, আমি দু মাসের মধ্যে এই হাসপাতালটিকে জাতীয়করণ করবো, অধিগ্রহণ করবো। দু মাসের মধ্যে তাঁর প্রতিশ্রুতি তিনি রাখতে না পারলেও, সেখানে এক/দেড় বছর কেটে গেলেও, যার শেষ ভাল তার সব ভাল এই যুক্তিতে মাননীয় মন্ত্রী মহাশয়কে তাঁর এই প্রচেষ্টার জন্য হাওড়াবাসীর পক্ষ থেকে আর একবার অভিনন্দন জানাচ্ছি। তবে স্যার, এই সরকার অভিনন্দন পাবার যোগ্য নয়। স্বাস্থ্য দপ্তর তিন বছর আগে কোলকাতার দুটি হোমিওপ্যাথি ডিগ্রি কলেজ এবং মেদিনীপুরের একটি ডিগ্রি কলেজকে অধিগ্রহণ করেছিলেন অব্যবস্থার জন্য। কোলকাতা হোমিওপ্যাথি কলেজ এবং ডি. এন. দে কলেজ এই দুটি কলেজের নাভিশ্বাস উঠেছে। সেখানে নিয়মিত ক্লাশ হচ্ছেনা, ক্লাশ বন্ধ থাকছে। সরকারী প্রশাসনের অত্যন্ত অব্যবস্থার জন্য এই ডি. এন. দে কলেজের আজ নাভিশ্বাস উঠেছে। স্যার, আমরা দেখেছি, মাননীয় মন্ত্রী রামনারায়ণবাবু এবং ভারতের প্রখ্যাত হোমিওপ্যাথি চিকিৎসক শ্রী ভোলানাথ চক্রবর্তীর মধ্যে কিছুদিন আগে এক কবির লড়াই হয়ে গেল। আমি জানি না, স্বাস্থ্যমন্ত্রী রামনারায়ণবাবু স্বাস্থ্য সম্বন্ধে এবং চিকিৎসা সম্বন্ধে কতটা অভিজ্ঞ। ভোলানাথবাবুর থেকে এ ব্যাপারে তার বেশী যোগ্যতা আছে কিনা সে বিচার পশ্চিমবঙ্গবাসী করবেন, আমি স্যার, এই প্রসঙ্গে বলতে গিয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ের একটি দাম্ভিক উক্তির প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। ১৭.১.৮৫ তারিখে মাননীয় মন্ত্রীমহাশয়ের এই উক্তিটি আনন্দবাজারে বেরিয়েছিল। তিনি বলেছিলেন, 'হোমিওপ্যাথি বোর্ডে আর কোন উপদেষ্টার প্রয়োজন নেই। আমি এসবের পরোয়াও করি না।

[5.20–5.30 pm]

অর্থাৎ ঐ উপদেষ্টার কথা প্রয়োজন বলে মনে করছেন না। রাজ্য হোমিওপ্যাথিক ব্যোর্ডের ডাইরেক্টরের প্রয়োজন নেই যদি ১৭.১.৮৫ তারিখে আনন্দবাজারে ষ্টেটমেন্ট মন্ত্রী মহাশয় ঠিক দিয়ে থাকেন, কাগজে ঠিক বেরিয়ে থাকে। তারপরে আমরা কি দেখলাম। আমরা দেখলাম তিনি ৬ মাসের মধ্যে এই হোমিওপ্যাথি উপদেষ্টা পর্ষদ গঠন করলেন এবং একজন ডাইরেক্টরও নিয়োগ করলেন। কাকে নিয়োগ করলেন? মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কিভাবে আস্তে আস্তে রাজনীতি ঢোকাচ্ছেন এই পর্ষদের কমিটি দেখলে সেটা পরিস্কার হয়ে যাবে। আমরা দেখছি ডবলিউ. বি. সি. এস-এর একজন অফিসার, যার সঙ্গে চিকিৎসার কোন সম্পর্ক নেই, তাকে নিয়ে এসে আলিমুদ্দিন ষ্ট্রীটের চাপে মন্ত্রী মহাশয় তাকে ডাইরেক্টর করে দিলেন। পাবলিক সার্ভিস কমিশন যে দুটো নাম বলেছিল, পাবলিক সার্ভিস কমিশান ডাইরেক্টরের জন্য দুই জনের নাম সুপারিশ করেছিল। আনন্দবাজার পত্রিকার ১৭.১.৮৫ যে ষ্টেটমেন্টের কথা আমি উল্লেখ করেছিলাম সেখানে মন্ত্রী রামনারায়ণবাবু এক জায়গায় বলেছেন, রাজ্য হোমিওপ্যাথি বোর্ডে এখন কোন স্থায়ী ডাইরেক্টর নেই, পাবলিক সাভিস কমিশন দু'বার লোক ঠিক করে দিয়েছে দুজনই প্রত্যাখাত হয়েছে, স্যার, এই কথা সম্পূর্ণ অসত্য। আমি বিধানসভায় দাঁড়িয়ে বলছি যে মাননীয় মন্ত্রীর এই ষ্টেটমেন্ট ঠিক নয়। কেননা, আমরা দেখেছি যে পাবলিক সার্ভিস কমিশন যে দুটি নাম রেকমেণ্ডেড করেছিলেন, তার একজন হলেন ডঃ নীল রতন চক্রবর্তী, আর একজন হলেন রামকৃষ্ণ ঘোষ মণ্ডল। তিনি বর্তমানে মহেশ চন্দ্র ভট্টাচার্য্য কলেজের অধ্যক্ষ। কেন্দ্রীয় সরকারের ন্যাশান্যাল ইনসটিটিউট অব হোমিওপ্যাথির ডাইরেক্টর থাকার জন্য নীল রতন চক্রবর্তী মহাশয় আসতে অস্বীকার করেছিলেন, কারণ বেতন এবং কাজের সুযোগ না থাকার জন্য তিনি আসতে চাইলেন না, একথা সত্য। কিন্তু রামকৃষ্ণ ঘোষ মণ্ডল পাবলিক সার্ভিস কমিশন থেকে যার নাম সুপারিশ করা হয়েছিল, তিনি মহেশ চন্দ্র ভট্টাচার্য্য কলেজের অধ্যক্ষ, তাঁকে কেন নেওয়া হলনা? নেওয়া হলনা কারণ তিনি ডঃ ভোলানাথ চক্রবর্তীর খুব ঘনিষ্ঠ বন্ধু, রাম নারায়ণ গোস্বামী, মাননীয় মন্ত্রী যে রাজনীতিতে বিশ্বাস করেন, যে দলভুক্ত যে আদর্শে বিশ্বাস করেন তার সঙ্গে একমত পোষণ করেন না। সেই জন্য তাকে বাদ দেওয়া হল। স্যার, আমরা যেখানে দেখছি যে উপদেষ্টা তিনি প্রয়োজন বোধ করলেন না, অথচ উপদেষ্টামণ্ডলী একটা উপদেষ্টা পর্ষদ গঠন করলেন। এটা আবার কাদের নিয়ে গঠিত হল? এটা গঠন করা হল প্রগতিশীল হোমিওপ্যাথি সংঘ - বামফ্রন্ট সরকার সবই প্রগতির নাম নিয়ে চালিয়ে যাচ্ছেন। কালকে পদযাত্রা হচ্ছে প্রগতির নাম করে সারা পশ্চিমঙ্গের মানুষকে জব্দ করার জন্য। - এই প্রগতিশীল হোমিওপ্যাথি সংঘ কিভাবে গঠন করা হল? এখানে যে সভাপতি হল, সম্পাদক হল, সদস্য হল, এরা সকলেই মাননীয় মন্ত্রী যে রাজনৈতিক দলভুক্ত, সেই রাজনৈতিক দলের ব-কলমে কেউ সভাপতি কেউ সম্পাদক, কেউ সদস্য এবং ডি. এন. দে কলেজের অধ্যক্ষ একজন আছেন আর একজন ডঃ এস. পি. দে. তিনি অসুস্থ লোক, মিটিং এ্যাটেণ্ড করতে পারেন না, তাকে লোক দেখানোর জন্য রাখা হয়েছে। এই ধরনের একটা প্রগতিশীল হোমিওপ্যাথি সংঘ গঠন করা হল। প্রত্যেকটি ব্যাপারে স্বাস্থ্য মন্ত্রীর এই ধরণের নক্কারজনক দলবাজী হলে স্বাস্থ্য দপ্তরে বিশৃংখলা ছড়াবেই। এটা আশ্চর্য্যজনক নয় যে ভেষজ প্রস্তুত কমিটির ডঃ ভোলানাথ চক্রবর্তীর কথার সঙ্গে মাননীয় মন্ত্রী একমত হতে পারেননি। তিনি বলেছিলেন যে বিলেত থেকে ফিরে এসে তিনি নাকি বিলেতী ঔষধ সরবরাহের নামে রেকমেণ্ড করেছেন। আমরা দেখছি, এখানে যে কমিটি তৈরী হয়েছে সেখানে ২/১ জন বিশেষজ্ঞের নাম বাদ দিয়ে চরম দলবাজী করে গেছেন। স্যার, যে হোমিওপ্যাথি কলেজটি উনি অধিগ্রহণ করতে যাচ্ছেন, সেই হাসপাতালের বর্তমান আবস্থা কি সেটা একটু দেখুন। উনি বলে এলেন বকেয়া বেতন মিটিয়ে দেবেন ১লা ফেব্রুয়ারীর মধ্যে প্রতিশ্রুতি দিলেন, কিন্তু ৮ মাস কেটে

গেল বকেয়া বেতন দেওয়া হলো না। প্রতি শিক্ষকের ১৯৭৯ সাল থেকে মাইনে বাকী, ২০ থেকে ৩০ হাজার টাকা করে এক একজন পারেন, তারা এই বকেয়া বেতন পাচ্ছেন না। স্বাভাবিকভাবে শিক্ষকদের আর্থিক অসংগতির মধ্যে পড়তে হয়েছে, অস্বচ্ছলতা দেখা দিয়েছে, কারণ একটা বিরাট অঙ্কের টাকা বাকি থেকে গেছে। এর ফলে তাদের কাজে ঢিলেমি এসে গেছে, নিয়মিত ক্লাস হচ্ছে না। একটু আগে মন্ত্রিমহাশয় বলেছেন যে এই বিলের মাধ্যমে তিনি হোমিওপ্যাথি চিকিৎসার প্রসার পশ্চিমবাংলায় ঘটাতে চাইছেন। তাঁর এই প্রচেষ্টা সাধু, সেই বিল আমরা সমর্থন করছি। কিন্তু এখানে ছাত্র ভর্ত্তি সমস্যা অত্যন্ত প্রকট আকার ধারণ করেছে। আমরা দেখছি যে এখানে বোর্ড থেকে যে নাম পাঠানো হয়েছে -১০০ জন ছাত্র যদি থাকে, ৫০ টার বেশী সেখানে ছাত্র ভর্ত্তি হচ্ছেনা। বোর্ড রেকমেণ্ড করে মন্ত্রীর কাছে নাম পাঠায়, মন্ত্রীর স্বাক্ষর করার সময় নেই। মহেশ ভট্টাচার্য্য হোমিওপ্যাথি মেডিকেল কলেজে ছাত্র ভর্ত্তি সমস্যা দুরূহ হয়ে উঠেছে, ছাত্ররা কতদিন অপেক্ষা করবে, কবে মন্ত্রীর সই হবে তবে তাদের নাম যাবে এবং ভর্ত্তি হবে, এই বিষয়ে ছাত্ররা খুব অনিশ্চয়তার মধ্যে থাকে। অপর দিকে মন্ত্রি মহাশয়ের শতকরা ১০ ভাগ যেটা প্রাপ্য সেটা পাঠাতে মন্ত্রী মহাশয় বিলম্ব করছেন না। সেটা অধ্যক্ষের কাছে আগেই চলে যাচ্ছে। অনেক ছাত্র হোমিওপ্যাথি পড়তে আগ্রহী, তারা ভর্ত্তির জন্য আবেদন করছে, কিন্তু রাইটার্স বিল্ডিংস থেকে মন্ত্রীর সই করার টাইম নেই বলে তারা ভর্ত্তি হওয়া থেকে বঞ্চিত হচ্ছে। এই অবস্থা চললে হোমিওপ্যাথির প্রসার কতখানি হবে, মন্ত্রী মহাশয় একটু বলবেন। মন্ত্রী মহাশয় হাওড়ায় বলেছেন যে হোমিওপ্যাথিকে এ্যালোপ্যাথির মত সমান সুযোগ সুবিধা দেবেন। আমরা দেখেছি হোমিওপ্যাথি কলেজে ছাত্রাবাস নেই, হাউস ষ্টাফ নেই, এ্যালোপ্যাথির মত কোন সুযোগ সুবিধা যারা হোমিওপ্যাথি কলেজে পড়াশুনা করে তাদের দেওয়া হয়না। আমরা দেখেছি ছাত্ররা অত্যন্ত অব্যবস্থার মধ্যেও পড়াশুনা করছে। ওখানে মন্ত্রী মহাশয় বলে এলেন ১ লক্ষ টাকা অনুদান দেবেন, কিন্তু গত দু বছরে মাত্র ৬২।। হাজার টাকা দিলেন, যার থেকে বাড়ি মেরামত, ল্যাবরেটারী তৈরী, টেলিফোনের বিল এবং বিদ্যুতের বিল দিতে হবে এবং আরও আশ্চর্য্য হবেন, মহেশ ভট্টাচার্য্য হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে একটা এক্সরে মেশিন মাত্র ৪৭ হাজার টাকার অভাবে খারাপ হয়ে পড়ে রয়েছে। আমি হাওড়ার এ্যালোপ্যাথিক সত্যবালা হাসপাতালের ব্যাপারে যখন মন্ত্রী মহাশয়ের কাছে গিয়েছিলাম, তিনি অনেক সাহায্য করেছিলেন। কিন্তু এই যে চরম অবস্থা মহেশ ভট্টাচার্য্য হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে চলছে, সেইগুলো তিনি প্রতিকার করবেন বলে প্রতিশ্রুতি দিয়ে এসেছিলেন, কিন্তু কিছুই হয়নি। ডাঃ ভোলানাথ চক্রবর্ত্তী মহাশয় যে সমস্ত উন্নয়নমূলক কাজের কথা বলেছিলেন, সেই সমস্ত কিছুই করা হয়নি। আগেকার সরকারের স্বাস্থ্যমন্ত্রী শ্রী অজিত পাঁজা এবং পূর্ত্তমন্ত্রী ভোলানাথ সেন মহাশয় এই ব্যাপারে চেষ্টা করেছিলেন। প্রতি অঞ্চলে প্রতি স্বাস্থ্যকেন্দ্রে একজন করে হোমিওপ্যাথিক চিকিৎসক নিয়োগ করার ব্যবস্থা করেছিলেন। বর্ত্তমান অবস্থায় দেখা যাচ্ছে পঞ্চায়েতে হোমিওপ্যাথিক চিকিৎসকের সংখ্যা আগের থেকে কমে গেছে এবং যে চিকিৎসক ওখানে নিয়োগ করা হয় তাদেরকে মাত্র ২৫০ টাকা করে বেতন দেওয়া হয় এবং কম্পাউণ্ডারকে মাত্র ১৫০ টাকা।

[5.30–5.40 pm]

এ ক্ষেত্রে আমরা দেখছি তাঁরা নিয়মিতভাবে বেতন পাচ্ছেন না। পঞ্চায়েতের মাধ্যমে আজকে গ্রাম উন্নয়নের চেষ্টা করা হচ্ছে, সেখানে স্বাস্থ্য কেন্দ্র হোমিওপ্যাথিক চিকিৎসক পাঠাবার চেষ্টা সরকার করছে। তাঁদের দ্বারা গ্রামের মানষের চিকিৎসার ব্যবস্থা করতে চাইছেন। কিন্তু স্বাস্থ্যকেন্দ্রের যাঁরা প্রাণ, তাঁরা যদি নিয়মিত বেতন না পান, ডাক্তাররা ২৫০ টাকা এবং কমপাউণ্ডাররা ১৫০ টাকা বেতনও যদি নিয়মিত না পান, তাহলে চিকিৎসা কেন্দ্রগুলি নিশ্চয়ই প্রাঞ্জল হতে পারে না। তাঁরা ২/৩ মাস এরিয়ার সমেত বেতন পাবার আশায় দিন কাটান। এ অবস্থায় নিশ্চয়ই তারা মন দিয়ে মানুষের চিকিৎসা করতে পারে না। এ বিষয়ে নিশ্চয়ই মন্ত্রী মহাশয় আমার সঙ্গে একমত হবেন। আবার পঞ্চায়েতের অধীন এমন অনেক স্বাস্থ্য কেন্দ্র রয়েছে যেখানে কোনো চিকিৎসকই নেই এবং গত তিন বছর ধরে অনেক স্বাস্থ্যকেন্দ্র চিকিৎসকের অভাবে ধুঁকছে। এর আগে ননী ভট্টাচার্য্য মহাশয় যখন স্বাস্থ্য মন্ত্রী ছিলেন তখন তাঁর আমলে মহেশ চন্দ্র ভট্টাচার্য হোমিওপ্যাথিক কলেজকে ২০০ শয্যা-বিশিষ্ট কলেজ হাসপাতাল করার জন্য ১ কোটি টাকার একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। তারপরে ননী ভট্টাচার্য্য মহাশয় এই দপ্তর থেকে চলে গিয়েছেন, দু'জন মন্ত্রী এসেছেন, কিন্তু হাওড়াবাসীরা লক্ষ্য করছেন যে তারপর থেকে এখন পর্যন্ত মাত্র ৪০ লক্ষ টাকার সেখানে কাজ হয়েছে। বাকি কাজ কন্ট্রাক্টর'রা বন্ধ করে দিয়েছে। টাকার অভাবে সেখানে কোনো কাজ হচ্ছে না। এটা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি না, আমি জানি না। এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় যদি আমাদের আলোকপাত করেন তাহলে আমরা উপকৃত হব। তারপরে হাওড়া মহেশ চন্দ্র ভট্টাচার্য হোমিওপ্যাথিক কলেজে যে সমস্ত ছাত্ররা পড়াশুনা করেন তাঁদের জন্য সেখানে কোনো ছাত্রাবাসের ব্যবস্থা নেই। অথচ আমরা সেখানে দেখছি ছাত্রদের থাকার ব্যবস্থা নিয়ে স্বাস্থ্য মন্ত্রী সেখানে কিরকম দলবাজী করছেন। হাওড়ায় এইচ আই টি -র যে ফ্ল্যাট হয়েছে যেগুলি দ্বিতীয় হুগলী সেতু করতে গিয়ে যাঁরা বাস্তুহারা হয়েছেন তাঁদের মধ্যে এ্যালট করার কথা সেগুলিতে মন্ত্রীর নির্দেশে এইচ. আই. টি.-র চেয়ারম্যান এস.এফ. আই'র ১৫ জন সদস্যকে ছাত্রাবাস হিসাবে বাস করতে দিয়েছেন। নিয়ম অনুযায়ী ঐ কলেজের এখন পর্যন্ত কোনো ছাত্রাবাস নেই, কেবল মাত্র কলকাতার কেন্দ্রীয় ছাত্রাবাসে ১৫ জনের থাকার ব্যবস্থা আছে। এ বিষয়ে বার বার বলা সত্বেও এইচ.আই.টি কিছু করতে পারছে না, কারণ মন্ত্রী তাঁদের হুমকি দিচ্ছেন। মন্ত্রী হুকুম দিয়েছেন, ঐ ছাত্ররা, অর্থাৎ মহেশ ভট্টাচার্য কলেজের ছাত্ররা সেখানে থাকবে। অথচ এ বিষয়ে ঐ হোমিওপ্যাথিক কলেজের অধ্যক্ষ কিছুই জানতে পারছেন না। তিনি কিছুই জানেন না। তাঁর কলেজের ছাত্রদের জন্য কোথায় ছাত্রাবাস হয়েছে, কার নির্দেশে হয়েছে, তিনি কিছুই জানেন না। অধ্যক্ষ সম্পূর্ণ অন্ধকারে রয়েছেন। এই অবস্থার মধ্যে মাননীয় মন্ত্রী মহাশয় মহেশ চন্দ্র ভট্টাচার্য হোমিওপ্যাথিক কলেজ এবং হাসপাতালটি নিতে চলেছেন। যদিও এই বিলটি প্রচণ্ড সাধু এবং সৎ উদ্দেশ্যে অধিগ্রহণ করা হচ্ছে, কিন্তু পশ্চিমবাংলার অন্যান্য হাসপাতালের যে চিত্র বর্তমানে আমরা দেখছি সেই চিত্রের যেন এখানেও পুনরাবৃত্তি না হয়। এখানে তা হবে না এই আশা রেখে, মন্ত্রী মহাশয়ের এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জয়কেশ মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (পরিচালন-ভার গ্রহণ ও পরবর্তীকালীন অর্জন) বিধেয়ক ১৯৮৫-কে সমর্থন করছি। ইতিপূর্বে এখানে বলা হয়েছিল বামফ্রন্ট সরকার মোট চারটি ডিগ্রি হোমিওপ্যাথিক কলেজকে অধিগ্রহণ করবেন। তার মধ্যে তিনটি ইতিমধ্যেই হয়ে গিয়েছে। এখন একটা বাকি। একটু আগে মাননীয় সদস্য অশোক-বাবু অনেক কথা বললেন এবং অনেক ভুল কথাও বললেন। হয়ত তিনি অনেক কথা জানেন না। এটা কেন এতদিন হয়নি ইত্যাদি বলতে গিয়ে উনি ডাঃ ভোলানাথ চক্রবর্তীর অনেক প্রশংসা করে গেলেন। তা সবই তো ওখানে ভাল ছিল, কিন্তু যখন বলা হয়েছিল ওটি গভর্ণমেন্টকে গিফ্ট করতে হবে, তখন তাঁরা ওখানে একটা কনডিসন দিয়েছিলেন। কনডিসনটা কি? কনডিসন'টা হচ্ছে, এই হোমিওপ্যাথিক কলেজ হাসপাতালটি নিতাই চক্রবর্তীর নামে করতে হবে, মহেশ ভট্টাচার্যর নাম বদল করে নিতাই চক্রবর্তী নামে করতে হবে। নিতাই চক্রবর্তী হচ্ছে ভোলনাথ বাবুর পিতা। এই নিয়ে দীর্ঘকাল ধরে আলোচনা হয়েছে। কিন্তু এটা হওয়া সম্ভব নয়। সেখানে মহেশ ভট্টাচার্য্যের পরিবারের লোক অর্থ দান করেছেন, যেখানে সি. এম. ডি. এ টাকা দিয়েছে যেখানে এইচ আই টি জমি দিয়েছে ঐ নামে এবং অন্যান্য লোকেরা যেখানে আর্থিক সাহায্য করেছেন সেই জায়গায় হঠাৎ ভোলাবাবু-র পিতার নামে পরিবর্তন করে দিতে হবে -এটা গভর্ণমেন্ট করতে পারে না। এই নিয়ে দীর্ঘকাল টানা পোড়েন হয়েছে। পরবর্তীকালে ওখানকার গভর্নিংবডি নি:শর্তভাবে গভর্ণমেন্টকে দিতে রাজি হয়েছেন এবং সেই মতন দিয়েছেন। সুতরাং যেখানে গর্ভনিং বডি নিঃশর্তভাবে দিয়ে দিচ্ছেন যেখানে অন্য কোন সমস্যা নেই, সেখানে হঠাৎ সার্কুলেসানে দিতে হবে এই ধরনের প্রশ্ন উঠতে পারে না। সুতরাং কাশিবাবু যে প্রস্তাব রেখেছেন সেটা অবান্তর। এখানে টাকা পয়সা ইত্যাদির ব্যাপারে কথা উঠেছে। কংগ্রেস গভর্ণমেন্ট যখন ছিল । তখন যখন কলেজগুলি করা হল তখন এই টাকার কথা কি ভাবা হয়েছিল? তখন [illegible] কথা ভাবা হয়েছিল হাসপাতাল হবে কিনা, সেখানে মানুষেরা থাকতে পারবে কিনা, কোন রোগী ভর্তি হতে পারবে কিনা? এই কথা কি ভাবা হয়েছিল? এখন মহেশ ভট্টাচার্য্য কলেজে সেখানে যে হাসপাতাল আছে তা দেখলে অবাক হয়ে যাবেন, যেটা ডিপ্লোমা কলেজের অযোগ্য সেই কলেজকে ডিগ্রী কলেজ করে দেওয়া হল ডাঃ ভোলানাথ চক্রবর্তীর পরামর্শক্রমে। সুতরাং এটা আপনাদের বোঝা উচিৎ। যাইহোক তাই হোক করে নিজের বাবার নামে পরিবর্তন করতে চাইছিলেন। এখন বামফ্রন্ট সরকার টাকা দেবার ব্যবস্থা করেছেন। সেখানে গ্রাউণ্ড ফ্লোর হয়ে গেছে, ফার্ষ্ট ফ্লোর তৈরী হচ্ছে। সেখানে কলেজ হচ্ছে। সুতরাং সেখানে ধীরে ধীরে উন্নতি হচ্ছে। আর কলেজের প্রফেসারদের টাকার ব্যাপারে এবং অন্যান্য সব ব্যাপারে গভর্ণমেন্ট টাকা দিচ্ছে। কিন্তু কেন টাকা পেতে দেরী হয় এবং দিতে দেরী হয় তার একটা কারণ রয়েছে। ওদের কাছে হিসাব চাওয়া হয়েছে, কি খরচ, কত আয়, কত ষ্টাফ প্যাটার্ন এগুলো জানান। কিন্তু ওঁরা জানাতে চাননি। এইভাবে দিনের পর দিন কাটিয়েছেন। এখন তারা সময়মত টাকা পাচ্ছেন। কলেজ অধ্যাপকদের বছরে ৬ লক্ষ ৭২ হাজার টাকা দেবার ব্যবস্থা হয়েছে। তাঁরা ইন্সটলমেন্ট পেয়ে গেছেন, বাকি টাকাটা পেয়ে যাবেন। তেমনি হাসপাতালের জন্য ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে। ইন্সটলমেন্ট দেওয়া হয়েছে। সেখানে যে সমস্ত ছাত্ররা পাশ করেছে সেই সমস্ত ইনটারনিদের ইণ্টার্নশিপের জন্য ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে যা ভারতবর্ষের আর কোন রাজ্যের কোন কলেজে দেওয়া হয়নি। সুতরাং উন্নতি হয়নি কে বলল? ভোলাবাবু যখন বিলাতে গিয়েছিলেন সেখানে নেলসন কোম্পানীর সঙ্গে চুক্তি করলেন যে কল্যাণীতে হারবেরিয়াম হবে ওষুধ তৈরী করবার জন্য। এই নেলসন কোম্পানী ১২ নোজড ছাড়া আর কোন ওষুধ তৈরী করেনা। এই ভারতবর্ষে যখন ওষুধ তৈরী হচ্ছে, বিভিন্ন কোম্পানী যখন ওষুধ তৈরী করছে, এখানে কি ব্যবস্থা আছে না আছে এগুলি জানার দরকার ওনার হলো না।

[5.40-5.50 pm]

ভারতের সম্পদ দিয়ে ভারতেই হোমিওপ্যাথির ওষুধ তৈরী করা উচিৎ, কিন্তু তার কোন ব্যবস্থা হোল না। সেখানে হঠাৎ চলে গেলেন বিলাতে নেলসন কোম্পানীর কাছে। মেনে নিচ্ছি, তিনি একজন বড় ডাক্তার, কিন্তু বিলাতে গিয়ে বলে এলেন যে, ইকলিপস্ নামের ওষুধটা তিনি নিজে তৈরী করেছেন। কিন্তু এটা তৈরী করেছিলেন ডাঃ এস. এন. চ্যাটার্জী। এব্যাপারে প্রতিবাদও করা হয়েছিল, কিন্তু কোন উত্তর পাওয়া যায় নি। তিনি এ্যাডভাইসর হিসাবে কি পরামর্শ দিয়েছেন? যেখানে গভর্ণমেন্ট টাকা দিচ্ছে না, সেখানে তিনি চার চারটি ডিগ্রি কলেজ করবার পরামর্শ দিলেন! ওষুধের ব্যাপারে বিলেতে গিয়ে নেলসন কোম্পানির সঙ্গে পরামর্শ করে এলেন। এটা কি ধরণের পরামর্শ? যেখানে একটি কলেজ করলে ভাল হত, সেখানে তিনটি কলেজ করে গেছেন। এই ধরণের পরামর্শের দরকার আছে? এই পরামর্শের ফলে টাকা পয়সা এবং হোমিওপ্যাথি চিকিৎসা উভয়ই ডুবেছে। হাওড়ার মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথি কলেজে ডাঃ নিতাই চক্রবর্তী ছিলেন প্রিন্সিপাল। আমার জিজ্ঞাস্য, তাঁর পক্ষে কি ঐ পদে যাবার যোগ্যতা ছিল কোনদিনই তাঁর সেই যোগ্যতা ছিলনা। সেই জায়গায় ডাঃ এম. এস. দাশগুপ্ত হচ্ছেন ভারতের একজন বিখ্যাত ডাক্তার। ডাঃ ভোলা চক্রবর্তীরও শিক্ষক তিনি। তিনি ঘোরাফেরা করতে পারতেন, রাইটার্স বিল্ডিংএও যেতে পারতেন। কিন্তু তাঁকে এ্যাডভাইসরী বোর্ডে নেওয়া হোল না। ন্যাশনাল রিসার্চ ইনষ্টিটিউট অফ হোমিওপ্যাথি তিনিই প্রতিষ্ঠা করেছিলেন। এই সমস্ত উড়িয়ে দেওয়া যাবে একটি লোকের জ্ঞান আছে তাঁকে ব্যবহার করবো না। কিন্তু আর একটি হোমিওপ্যাথিকে ডোবাবার জন্য, সর্বনাশ করবার জন্য যা ইচ্ছা তাই করব এটা কখনও মেনে নেওয়া যায় না। আজকে এ্যাডভাইসরী বোর্ড করা হয়েছে পরামর্শ দেবেন। কিন্তু আজকে বিলটা সার্কুলেশনে পাঠাবার প্রশ্ন আসছে কৈন বুঝতে পারছি না। সবই তো মিটে গেছে। তিনটি কলেজ হয়েছে, চতুর্থটির ক্ষেত্রেই সার্কুলেশন? আজকে এই বিলকে সরাসরি সমর্থন করুন এই কথা বলে বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অম্বিকা ব্যানার্জী: মাননীয় স্পীকার স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহেশ ভট্টাচার্য্য হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ এ্যাণ্ড হসপিটাল (টেকিং ওভার অফ ম্যানেজমেন্ট এ্যাণ্ড সাবসিকোয়েন্ট এ্যাকুইজিশন) বিল, ১৯৮৫, যা সভায় পেশ করেছেন তাকে আমি সমর্থন জানাই। কিন্তু এক্ষেত্রে কয়েকটি বিষয় আমি তাঁর দৃষ্টিগোচরে আনতে চাই। আজকে প্রথমে যে কথাটা ওঁকে মনে করিয়ে দিতে চাই, সেটা হচ্ছে - কলেজটা পাঁচ বছরের জন্য

টেক ওভার করছেন। একটি কলেজ হাসপাতালকে পাঁচ বছরের জন্য টেক ওভার করে এত টাকা খরচ করে অর্গানাইজ করবেন, কিন্তু পাঁচ বছর পরে তার কি হবে সেটা ভেবে আমরা স্বস্তি পাচ্ছি না। কাজেই জবাবী ভাষণে এটা বললে বাধিত হবো। যে হাসপাতালটি টেকিং ওভার এণ্ড এ্যাকুইজিশন হচ্ছে সেটি সেন্ট্রাল হাওড়ায় আমার কেন্দ্রে অবস্থিত। হাসপাতালটি হাওড়া শহরের কেন্দ্রবিন্দুতেও অবস্থিত। প্রচণ্ড কনজেসটেড জায়গার মধ্যে হাঁসপাতাল। এই হাসপাতাল ভাল ভাবে চললে হাওড়ার মানুষ বিশেষ ভাবে উপকৃত হবে। হাওড়ায় জেনারেল হাসপাতাল আছে এবং আরো ২-১টা সরকারী স্বাস্থ্যকেন্দ্র আছে, তাতে এই এলাকার মানুষের হয় না। এই কলেজটা চালু হলে এবং পরে এটা ঠিক মত ভাবে চললে হাওড়য় মানুষ প্রভূত ভাবে উপকৃত হবে। বর্তমানে হাঁসপাতালগুলির যে অবস্থা সেখানে আমরা যদি গিয়ে দেখি - আমার আগে জয়কেশবাবু যেটা বললেন তাহলে যে কোন মানুষের দু:খ হবে। যে হাসপাতাল একটা হোমিওপ্যাথি কলেজের নামে চলছে সেটা মোটেই কাম্য নয়। সেখানকার ছাত্ররা যেভাবে পড়াশুনা করে সেটা কোনরকমেই একটা হাসপাতাল বা কলেজ বলা যায় না। তার কারণ হল এই হাসপাতাল বিভিন্ন দিক থেকে অসুবিধা ভোগ করছে। এই ব্যাপারে আমি কয়েকটি ঘটনা তুলে ধরতে চাই। আমার পূর্ববর্তী বক্তা অশোক বাবু যে কথা বলেছেন যে সেই হাঁসপাতাল প্রচণ্ড আর্থিক অসুবিধার মধ্যে দিয়ে চলছে। সেইজন্য সেখানকার কর্মচারীরা সময়মত মাইনে পায় না। তাদের পে-স্কেল অনুযায়ি তারা মাইনে পাচ্ছে না। পার্টটাইমাররা তাদের মাইনে পাচ্ছে না, এবং যদি পান তো ৬ মাস কি ১ বছর অন্তর। নার্স স্টাফ যারা আছেন তাদের মাইনে অতি সামান্য এবং সেটাও তারা সময়মত পায় না। স্বাভাবিকভাবেই তাদের কাছ থেকে আমরা এফিসিয়েন্সি ক্লেম করতে পারি না। শুনেছি ৬ লক্ষ টাকার মতো স্যাংসান হচ্ছে, খুব আনন্দের কথা । কিন্তু টাকা ঠিকমত ভাবে পাচ্ছে না। সরকারী টাকা যদি ঠিকমত ভাবে পাওয়া যায় তাহলে নিশ্চয়ই কলেজ সুষ্ঠভাবে চলবে, এই আশা আমরা করি। আশোকবাবু আরো বলেছেন কলেজের ছাত্রদের হোস্টেল নেই। আনেক সময় কলেজের ছাত্রদের কলেজের ভেতরে শুয়ে থাকতে হয়। ডুমুরজলায় অনেক কোয়ার্টার তৈরী হয়েছে। দিজ আর মেড ফর হাওড়া ব্রিজ এ্যাপ্রোচ রোডের জন্য যাদের বাড়ি ভাঙা হয়েছিল তাদের পুনর্বাসনের জন্য। এখানে কোয়টার তৈরী হচ্ছে দেখে ছাত্ররা গিয়েছে বহু ছাত্র পাশ করে গিয়েছে তবুও তারা কোয়টারে আছে। বাইরে থেকে বহু ছাত্র এসে এখানে রয়েছে। অথচ বর্তমান ছাত্ররা সেই কোয়টারে ঢুকতে পারছে না। এই ব্যাপারে আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন ব্যাপারটা একটু অনুসন্ধান করেন। প্রকৃত ছাত্রদের থাকার ব্যবস্থা আছে কিন্তু তারা পাচ্ছে না। তা ছাড়া ছাত্র ভর্তির ব্যাপারে অনেক অসুবিধা আছে। এখানে যেসব ছাত্র ভর্তি হবে তার লিষ্ট রাইটার্স বিল্ডিংস থেকে খায়। এখানে ছাত্র ভর্তির সময় চলে গেল, এখনও পর্যন্ত সেই লিষ্ট রাইটার্স বিল্ডিংথেকে যায়নি। এই খবর আমাদের কাছে আছে। ডুমুরজলায় ১কোটি টাকার প্লান তৈরী করে একটা হাসপাতাল তৈরী হচ্ছে। ওটা হলে একটা সুন্দর জিনিস হবে। এই হাঁসপাতাল যত তাড়াতাড়ি হবার কথা সেটা হচ্ছে না। ক্রমশ খরচ বেড়ে যাচ্ছে। ১ কোটি টাকার প্লান, যখন এই হাসপাতাল শেষ হবে তখন দেখা যাবে খরচ বেড়ে দেড় কোটি টাকা হয়েছে। আপাততঃ ৪০ লক্ষ টাকার মতো খরচ হয়ে গেছে। যত তাড়াতাড়ি পারা যায় এই হাসপাতাল শেষ করতে হবে তা না হলে আপনার বাজেটের পক্ষে অসুবিধা হবে। এই হাসপাতাল তাড়াতাড়ি তৈরী হলে মানুষ যে রকম উপকৃত হবে সেইরকম খরচ বেশী বাড়বে না। তাছাড়া আমরা শুনেছি বহু মেসিন প্রপারলী মেনটেন করা হয় নি। বিশেষ করে এক্সরে মেসিন পুংখানুপুংখভাবে ঠিক সময় রিপেয়ার করা হয় নি। যে মেসিন ঠিক সময়ে-এ সারালে ১০-১৫ হাজার টাকা লাগতো, এখন সেটা ৪০-৪৫ হাজার টাকায় দাঁড়িয়েছে। প্রপার টাইমে মেসিন রিপেয়ার করা হয় নি।

[5.50-6.00 pm]

আপনি যদি সেখানে নতুন কোন এক্সরে মেসিন কেনার জন্য অর্ডার দেন, তাহলে ডাক্তারবাবুরা ভালভাবে কাজ চালাতে পারেন। আমি জানি, সেখানে অনেক ভাল ডাক্তার আছেন কিন্তু ব্লাড প্রেসার মাপার কোন যন্ত্র বা ই. সি. জি. করবার কোন যন্ত্র নেই। আজকের দিনে যেগুলো ন্যূনতম প্রয়োজন সেগুলো সেখানে নেই। আমরা জানি, সেখানে ৫০-১০০ টার মত বেড আছে। কিন্তু তা কেবল সংখ্যাতেই সত্য। বেডগুলোর কোনটা ভাঙা, কোনটা বা ব্যবহারের অযোগ্য অবস্থায় পড়ে আছে। যার ফলে সেখানে কোন রুগি হোমিওপ্যাথি চিকিৎসার জন্য আসতে পারে না। এখানে অনেক ভালো ষ্টাফ আছেন তাঁদের মধ্যে অনেক কোয়ালিফায়েড স্টাফও আছেন। আমি বিশেষ ভাবে জানি যে, এখানে অধ্যক্ষ জিনি আছেন তিনি একজন নামকরা ডাক্তার। জয়কেশ বাবু অনেক কথাই বলবেন। তিনি ডাঃ ভোলানাথ চক্রবর্তী সম্বন্ধে অনেক কিছু বললেন। আমার তাঁর এ্যাডমিনিষ্ট্রেটিভ ক্যাপাবিলিটি কেমন তা জানা নেই। কিন্তু ডাক্তার হিসাবে তার সাজেস্‌সান সরকারী কাজের জন্য মাননীয় মন্ত্রীমহাশয়ের অনেক কাজে লাগবে, এ বিষয়ে আমি একেবারেই নিঃসন্দিহান। এখানে বিলডিং তৈরীর ব্যাপারে যেটা হয়েছে, সে ব্যাপারে বিশেষভাবে উদ্যোগ নেওয়ার জন্য আমি তাঁর কাছে অনুরোধ জানাই। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে একটি ছবি দেখাবো, যার দ্বারায় আপনি হাসপাতালটির ভেতরে ল্যাট্রিন ও জলের যে অব্যবস্থা চলছে, তা বুঝতে পারবেন। সেখানে ইলেকট্রিসিটিরও বেশ অব্যবস্থা চলছে এবং তার জন্য কোন জেনারেটরেরও ব্যবস্থা নেই। সময় নেই, অসময় নেই সেখানে পাওয়ার অফ হয়ে যাচ্ছে অথচ হাসপাতাল ভালভাবে চলতে গেলে এটি অত্যন্ত অপরিহার্য, এটি এখানে নেই। এই কলেজটিকে প্রাকটিক্যালি মৃত্যুপথযাত্রী হিসাবে গণ্য করা চলে। আপনি ঠিক সময়মত এগিয়ে এসেছেন এটিকে অধিগ্রহণের জন্য। হাওড়া জেলার অন্যান্য হাসপাতাল রক্ষার জন্য আপনি আমাদের অনুরোধ এর আগে রেখেছেন। আশা করব, এই হাসপাতালটিকেও ঠিক একই ভাবে রক্ষার জন্য আপনি সহযোগিতা করবেন। এই সঙ্গে সঙ্গে আরও আশা করবো যে, এই হাসপাতালটিরও উন্নতি আপনি ঘটাবেন। হাওড়া জেলাতে প্রতিটি গ্রাম পঞ্চায়েতের আণ্ডারে এই রকম হোমিওপ্যাথিক ফ্রি ডিসপেনসারী আছে, তাদের সংখ্যা ৩৫০০ এর মত হবে। কিন্তু আমরা যতখানি জানি, ঐগুলির মধ্যে মাত্র ৪০০র মত ফাংসন করছে। সেখানে বর্তমান দুর্মূল্যের বাজারেও ডাক্তারবাবুরা ২৫০ টাকা এবং কম্পাউণ্ডার মাত্র ১৫০ টাকা হিসাবে বেতন পান। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো, তিনি যেন এঁদের কথা একটু চিন্তা করেন। এই সামান্য মাইনে বৃদ্ধি করে আরও কিছু ইমপেটাস

না দিলে আমার মনে হয় না তাঁদের কাছ থেকে আমরা কোন এফিসিয়েন্সী পাব। হোমিওপ্যাথিক ঔষুধের দাম অনেক কম। বড় বড় হাসপাতালগুলিতে আপনি অনেক দামী দামী ঔষুধ সরবরাহ করেন, সেখানে তুলনামুলক ভাবে অনেক কম দামী এই মেডিসিনও না দিতে পারলে হাসপাতালগুলো চলবে কিভাবে? এছাড়াও কর্মীদের ঐ সামান্য বেতনও রেগুলার পেমেন্ট দেওয়া হয় না, তা পেতে পেতে ৬ মাস থেকে ১ বছর সময় চলে যায়। এছাড়া আর একটি কথা বলি এই সমস্ত জায়গায় প্রতিটি কেন্দ্রে আপনারা জানেন একজন করে মেডিকেল অফিসার রাখার কথা আছে সেই অনুযায়ী এই সমস্ত নার্সিং সেন্টারগুলোতে একজনা করে হোমিওপ্যাথিক মেডিকেল অফিসার থাকার কথা। কিন্তু দেখা যাচ্ছে যে, প্রায় ৪০০'র মত জায়গায় আজ পর্যন্ত কোন হোমিওপ্যাথিক মেডিকেল অফিসার নেই। এই পদে সার্ভিস কমিশন এর মাধ্যমে লোক নেওয়ার কথা। আমার জানা নেই যে, এই সমস্ত অফিসার পদে লোক নেওয়ার ব্যাপারে কোন নোটিশ আপনি সার্ভিস কমিশনকে দিয়েছেন কিনা? অথচ ঐ সমস্ত কেন্দ্রে অফিসার থাকা একান্ত দরকার। যেখানে ৪০০'র মত হোমিওপ্যাথিক মেডিকেল অফিসার দরকার এবং সার্ভিস কমিশন যদি কোন নোটিশ না পেয়ে থাকেন , তাহলে আমাদের ধরে নিতে হবে যে, এই ব্যাপারে মন্ত্রীমহাশয় বিশেষ ভাবেই উদাসীন। হোমিওপ্যাথিক মেডিকেল অফিসার পদের যোগ্য লোক যেখানে এ্যাভেলএ্যাবেল, তাঁদের নির্বাচন হলে সমাজেরও বিশেষ সুবিধা হবে। চিকিৎসার প্রসার করবার সে চেষ্টা আপনি করছেন, তারজন্য আপনাকে অভিনন্দন জানিয়ে এবং এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অনিল মুখার্জী: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়'এর আনীত এই বিলকে সমর্থন করে দু-একটি কথা আমি এই হাউজের কাছে নিবেদন করতে চাই। বিরোধীদলের সদস্যবৃন্দ এখানে যে বক্তব্য রাখলেন, তারমধ্যে কেউ কেউ এটাকে সমর্থন করেছেন ঠিকই, কিন্তু সেই সমর্থনের ভেতরেও 'আবার', 'কিন্তু' ভাবও আছে। এঁদের মধ্যে বিশেষ করে অশোক বাবুর বক্তব্য আমাদের বিস্মিত করেছেন তিনি একজন আইনসভার সদস্য হয়ে ব্যক্তিগত কোন ঝগড়ার জের টেনে এখানে আলোচনা করলেন, আইনের আলোচনা না করে এই যে জিনিষ অবতারণা করলেন এটা আমি আশা করি নি। কারা এখানকার রীতিনীতি অনুযায়ী আমরা জানি যে কারুর নাম এখানে উল্লেখ করা যায় না। বিরোধীদলের সদস্যরা কি জানেন না যে যদি কেউ এখানে উপস্থিত না থাকেন তাহলে তার নাম উল্লেখ করা যায় না। কাশীবাবু এখানে ভোলানাথ চক্রবর্তীর কথা বললেন, ডাঃ ভোলানাথ চক্রবর্তীর নাম যে হাউসে উল্লেখ করা উচিত নয় সেটা হয়তো উনি জানেন না। তিনি যেসব কথা বললেন তাতে তাঁর ব্যক্তিগত কি ব্যাপার এবং তার সাথে কি সম্পর্ক আমরা জানি না। তিনি যে এখানে ব্রিফ নিয়ে এলেন সেই ব্রিফের মধ্যে আইনগত কোন ব্যাপার নেই, এখানের আইনের ব্যাপারে টেক ওভার করার ক্ষেত্রে এবং ম্যানেজমেন্ট টেক ওভার করার ক্ষেত্রে যেসব ফলস আছে এবং যেসব ডিমেরিটস্ আছে সেগুলি আলোচনা করলেন না। অনেক গুরুত্বপূর্ণ ব্যাপার তিনি এড়িয়ে গেলেন শুধু বিরোধীতা করতে হবে বলে করলেন। আজকে মাননীয় মন্ত্রীমহাশয় যে সিদ্ধান্ত নিয়েছেন এই মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথিক চিকিৎসালয়টিকে ম্যানেজমেন্ট টেক ওভার করবেন এটা অত্যন্ত সাধু সিদ্ধান্ত এবং এটা করা প্রয়োজন। মহেশ ভট্টাচার্য মহাবিদ্যালয়ের অনেক অসুবিধার কথা মাননীয় সদস্য বললেন। আমি জিজ্ঞাসা করতে চাই ওই বেঞ্চে যারা এখানে আছেন, যারা ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত ক্ষমতায় ছিলেন তখন এই মহেশ ভট্টাচার্য মহাবিদ্যালয়ে কি কোন অসুবিধা ছিল না। সেখানে কি স্বর্গরাজ্য ছিল? বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে আসার পরে সেখানে কি একসরে মেশিন খারাপ হয়ে গেল শিক্ষাকরা বেতন পাচ্ছেন না ইত্যাদি ইত্যাদি। তারা যেসব কথাবার্তা বলেন সেটা সম্পূর্ণ অপ্রাসঙ্গিক কথাবার্তা, বামফ্রন্ট সরকারের ভালো কিছু তাদের চোখে পড়ে না এবং তাদের স্বীকার করতে লজ্জাবোধ করেন। এই মহাবিদ্যালয়ের শিক্ষক, অশিক্ষক কর্মচারীরা কংগ্রেস আমলে মাইনে পেতেন না, বামফ্রন্ট সরকার আসার পরে নিয়মিতভাবে মহাবিদ্যালয়ের শিক্ষক, আশিক্ষক কর্মচারীরা মাইনে বেতন পাচ্ছেন। আপনারা আপনাদের দোষ স্বীকার করার চেষ্টা করুন। শুধু যে মহাবিদ্যালয় অধিগ্রহণ করা হবে তাই নয়, যেমন একে অধিগ্রহণ করা হচ্ছে সঙ্গে সঙ্গে এর বেতন কাঠামো যাতে নিয়মিত হয় তারজন্য বামফ্রন্ট সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে চেষ্টা করছেন। মাননীয় মন্ত্রী মহাশয় তার সীমিত ক্ষমতায় যতদূর সম্ভব চেষ্টা করছেন, কিন্তু তিনি পারবেন কি করে, এদিকে কেন্দ্রের কাছ থেকে টাকা আসছে না, অন্য দিকে আদায়কৃত কর ঠিকমত আদায় হচ্ছে না, গাফিলতি হচ্ছে এবং ফলে কাজ এগোতে পারছে না। পশ্চিমবঙ্গের চারিদিকে যেসব ব্যাঙ্ক আছে তার থেকেও কিছু পাওয়া যাবে না। কেন্দ্রের যে বাজেট তা ধনতান্ত্রিক বাজেট এবং মাননীয় মন্ত্রীমহাশয় তার সীমিত বাজেটের মধ্যে এই মহাবিদ্যালয়টিকে অন্তর্ভূক্ত করার চেষ্টা করবেন আশা রাখি।

[6.00-6.10 pm]

আবার কেউ কেউ বললেন ম্যানেজমেন্ট পুরোপুরি ৫ বছরের জন্য কেন গ্রহণ করলেন? ওরা আইনের প্রভিশানগুলি পড়েননি। শুধু ব্যক্তিগত কেলেঙ্কারীর কথাই বললেন। আইনের মধ্যে বলা আছে The State Government may, if it so thinks fit, at any time within the period of five years referred to in sub-section(2) of section 3, acquire the institution by notification. সুতরাং আইনের মধ্যে আছে ৫ বছরের মধ্যে যদি রাজ্য সরকার মনে করেন তাহলে ম্যানেজমেন্ট যেটাকে টেক ওভার করছেন সেখানে যদি এমন কোন পরিস্থিতি হয় তাহলে সেটাকে এ্যাক্যুইজিশান বা এ্যাকোয়ার করতে পারবেন। যে কথাটা আছে। শ্যাল মে সদস্যরা নিশ্চয় জানেন মে এবং শ্যালের মধ্যে তফাত আছে। সুতরাং ম্যানেজমেন্ট টেক ওভার করার যে প্রভিশান আইনের মধ্যে আছে তাতে উপযুক্ত প্রভিশান তিনি দিয়েছেন যে কিভাবে নেওয়া হবে তার এফেক্ট কি হবে এবং তার য়্যাডমিনিষ্ট্রেটার কি ভাবে হবে ইত্যাদি। ম্যানেজমেন্ট টেক ওভার করার যে পদ্ধতি অন্য জায়গায় আছে এখানেও সেইভাবে দেয়া হয়েছে। সুতরাং তাঁকে সমর্থন করে এবং বিরোধী দল থেকে সার্কুলেশানের প্রস্তাব দেয়া হয়েছে তার বিরোধিতা করে শেষ করছি।

শ্রী রামনারায়ণ গোস্বামী: স্যার, আমার কথা বিশেষ কিছু থাকলো না। কারণ সমস্ত সদস্যারা এই বিলকে সমর্থন করেছেন এবং বিরোধীপক্ষের আশোকবাবু ও অম্বিকা বাবুও এই বিলের উচ্চসিত প্রশংসা করেছেন। সুতরাং সেদিক থেকে আমি বিশেষ বিতর্কে আমি যাবোনা। এই প্রসঙ্গে আশোকবাবু ভোলাবাবুর নাম করলেন। আপনারা জানেন রাজনীতিতে ব্যক্তিগত শত্রুর কোন ব্যাপার নেই, আমার কাছে হোমিওপ্যাথি সিস্টেমকে বিজ্ঞানভিত্তিক ব্যবস্থায় নিয়ে আসা এবং ডিগ্রি কলেজগুলিকে সঠিক ব্যবস্থায় আনা প্রধান কাজ। এজন্য যে কেউ বাধা দেবেন তার বিরুদ্ধে আমি দাঁড়াবই। তিনি দীর্ঘকাল হোমিওপ্যাথি য়্যাডভাইসারী কমিটিতে ছিলেন। সে সময়ে কেন মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথি কলেজকে অধিগ্রহণ করা হল না? ৭৯ সালে ডিসিসান ছিল যে ৪টি কলেজকে টেক ওভার করতে হবে, কিন্তু তা কেন হয়নি? কেন কল্যানীতে ড্রাগ ইণ্ডাষ্ট্রি খোলা হয় নি? প্রফেশানাল হোমিওপ্যাথকে কেন ডাইরেক্টার করা হয়নি? এই সব বিতর্কের মধ্যে আমি যেতে চাই না। আমি শুধু বলতে চাই হোমিওপ্যাথ সিস্টেমকে উদ্ধার করার জন্য যে ব্যবস্থা করা দরকার তা আমি করছি। বর্তমানে যারা লব্ধ প্রতিষ্ঠিত চিকিৎসক তাঁদের নিয়ে আমরা এ্যাডভাইসারী বোর্ড করেছি। কিন্তু আপনারা বলছেন যে এ নিয়ে আমরা রাজনীতি করছি কারণ ওরা নাকি সব সিপিএমের লোক। কংগ্রেসের মেডিকেল সেলের যে মিটিং হয়েছিল তাতে তিনি গিয়েছিলেন। কংগ্রেসের লোক নিলে রাজনীতি হয় না, আর সি পি এমের লোক নিলেই রাজনীতি হয়-এতে আমরা বিশ্বাস করিনা। এইভাবে ওরা হোমিওপ্যাথি ব্যবস্থাকে চৌপাট করার জন্য ব্যবস্থা করছেন। আপনি বললেন পি এস সি থেকে ডাঃ এন কে চক্রবর্তীর নাম এসেছিল, আপনি ঠিকই বলেছেন তাঁকে পে প্রোটেকশান দিতে পারেনি বলে তিনি জয়েন করেননি, রিফিউজ করেছেন। তারপর পি এস সি থেকে রামকৃষ্ণ ঘোষ মণ্ডলের নাম এসেছিল, আমি জানি না আপনি এটা কি করে জানলেন, আমি স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী হয়েও এটা জানি না রামকৃষ্ণ ঘোষের নাম পি এস সি থেকে এসেছিল, সেই লিস্টে তাঁর নাম আছে বলে আমি জানি না। তবে মূল ব্যাপার ঠিকই বলেছেন। শুধু অধিগ্রহণ করলেই হবে না, কলেজগুলি ভাল করে চালাবার ব্যবস্থা করতে হবে। সেদিক থেকে আমি বিনয়ের সঙ্গে আপনাকে বলব ১৯৭৬ সালে প্রথম ডিগ্রি কোর্স চালু হয় পশ্চিমবঙ্গে ৪টি কলেজে। এই কোর্স চালু করার সময় ইনফ্রস্ট্রাকচারের কোন রকম ব্যবস্থা তদানীন্তন সরকার করেননি এবং ভারত সরকার চতুর্থ পঞ্চবার্ষিকি পরিকল্পনা পর্যন্ত যে টাকা দিচ্ছিলেন ব্যমফ্রন্ট সরকার আসার পর সেই টাকা বন্ধ করে দিয়েছেন। এই যে ৪টি ডিগ্রি কলেজ চলছে এই ৪টি কলেজের সেন্ট পার্সেন্ট খরচ আমাদের বিয়ার করতে হচ্ছে, কংগ্রেস আমলে এক পয়সারও কোনদিন ব্যবস্থা করেনি। এছাড়া টাকাকড়ির দিক থেকে আমাদের কিছু অসুবিধা হচ্ছে, শুধু আমাদের অসুবিধা নয়, ভারতবর্ষের অন্যান্য রাজ্যেরও অসুবিধা হচ্ছে যারজন্য জয়েণ্ট কাউনসিলের মিটিং এ কংগ্রেস(ই) পরিচালিত সরকারও সুপারিশ করেছেন হোমিওপ্যাথি কলেজ চালাবার জন্য যেহেতু ভারত সরকার চাইছেন হোমিওপ্যাথিক সিস্টেম অব মেডিসিন তার নিজের পায়ে দাঁড়াক সেইহেতু তাঁদের টাকা-পয়সার ব্যবস্থা করতে হবে। কিন্তু কেন্দ্রীয় সরকার এক পয়সাও দেননি। ভারতবর্ষের মধ্যে প্রথম আমরা ডিগ্রি কোর্সে স্টাইপেনডারী ইণ্টারনিসিপ চালু করেছি, ভারতবর্ষের কোথাও স্টাইপেনডারী ইণ্টারনিসিপ নেই। সেজন্য তদানীন্তন কেন্দ্রীয় মন্ত্রী শঙ্করানন্দ চিঠি দিয়ে আমাদের জানালেন যে যেহেতু স্টাইপেণ্ডারী ইণ্টারনিসিপ ভারতবর্ষের কোথাও নেই, তোমরাই চালু করেছ, সেজন্য টাকা পয়সা তোমাদেরই দিতে হবে। কলেজে যেসব শিক্ষক অশিক্ষক কর্মচারী আছে তাদের গভর্নমেণ্ট সাইডের যে এ্যাবজর্পসান সেইসব আমরা করেছি, হাসপাতাল সাইডের যে এ্যাবজর্পসান সেটা আমরা শুরু করেছি। ভবিষ্যতে গভর্ণমেণ্ট হাসপাতাল এবং কলেজ যাতে ভালভাবে চলে তারজন্য আমরা ব্যবস্থা নেব। আমি আর দীর্ঘ বক্তব্যের মধ্যে যাচ্ছি না, সকলেই এই বিলকে সমর্থন করেছেন, আমি অনুরোধ করব সকলেই এই বিলকে সমর্থন করে এটা পাশ করিয়ে দিন।

মিঃ স্পীকার : ৬-১১ মিঃ সময়ে এই বিলের টাইম শেষ হবার কথা, সেজন্য আমি আরো ১৫ মিঃ সময় বাড়িয়ে দিচ্ছি, আশা করি এতে সকলেরই সমর্থন আছে।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion that the Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) Bill, 1985, be taken into consideration was then put and agreed to

Clauses 1 to 16

The question that clauses 1 to 16 do stand part of the Bill was then put and agreed to.

[6.10-6.20 P.M.]

Preamble

Mr Speaker : There is one amendment to Preamble by Shri Kashinath Misra. Shri Misra is requested to move his amendment.

Shri Kashinath Misra : Sir, I beg to move that in the Preamble, in line 6, after the words "public health" the words "and to meet the growing needs of society in Homoeopathic System of education" be inserted.

Shri Ram Narayan Goswami : I am accepting the amendment. But the word 'in' may be replaced by the word 'for'.

The motion of Shri Kashinath Misra that in the Preamble, in line 6, after the words "public health"

the words "and to meet the growing needs of society for Homoeopathic System of education" be inserted, was then put and agreed to.

The question that the Preamble, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Shri Ramnarayan Goswami : Sir, I beg to move that The Mahesh Bhattacharyya Homoeopathic Medical College and Hospital (Taking over of Management and Subsequent Acquisition) Bill, 1985, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

Mr. Speaker : I now present the 70th Report of the Business Advisory Committee, as follows.

Tuesday, 17.9.85

i) The West Bengal Public Libraries (Amendment) Bill, 1985 (Introduction, Consideration and Passing).. 1 hour.

ii) (a) The Infusions (India) Limited (Acquisition of Shares) Bill, 1985 (Introduction).

(b) Discussion on Statutory Resolution - Notice given by Shri Kashinath Misra.

(c) The infusions (India) Limited (Acqusition of Shares) Bill, 1985 (Consideration and Passing.) 1 hour.

iii) (a) The Elvoc Private Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1985 (Introduction).

(b) Discussion on Statutory Resolution Notice Given by Shri Kashinath Misra.

(c) The Elvoc Prviate Limited (Acquistion and Transfer of Undertakings) Bill, 1985 (Consideraiion and Passing). 1 hour.

Wednesday, 18.9.85

i) The Code of Criminal Procedure (West Bengal Third Amendment) Bill, 1985 (Introduction, Cnnsideration and Passing), 1 hour.

ii) The Official Trustees (West Bengal Amendment) Bill, 1985 (Introduction, Consideration and Passing). 1 hour.

iii) The Bengal Wakf (Amendment) Bill, 1985 (Introduction, Consideration and Passing) 1/2 hour.

iv) Tho West Bengal Court-fees (Amendment) Bill, 1985 (Introduction, Consideration and Passing). 1/2 hour.

v) The West Bengal Government Premises (Tenancy Regulation) (Amendment) Bill, 1985. (Introduction, Consideration and Passing) 1 hour.

Mr. Speaker : I now request the Hon'ble Minister for Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

Shri Patit Paban Pathak : Sir, I beg to move that the Seventieth Report of the Business Advisory Committee, as presented, be agreed to by the House.

The motion was then put and agreed to.

Mr. Speaker : Now Shri Kashinath Misra.

শ্রী কাশীনাথ মিশ্র: স্যার, অন এ পয়েন্ট অব ইনফর্মেসন। আমি এইমাত্র বাঁকুড়া থেকে ট্র্যাঙ্ককলে খবর পেলাম বাঁকুড়া শহরের কাছে চকবাজারের পাশে যে পুলিস ফাঁড়ি আছে সেখান থেকে কয়েকজন পুলিশ বাজার করতে গিয়েছিল এবং পটলের দর নিয়ে চাষীদের সঙ্গে পুলিসের বচসা হয়। চাষীরা দেড় টাকা দরে পটল না দেওয়ায় পুলিসরা তাদের মারধর করে এবং জগন্নাথ বলে একটি লোককে এমনভাবে মেরেছে যে তাকে হাসপাতালে নিয়ে যেতে হয়েছে। শুধু তাই নয়, ঘটনার ৫০ হাত দূরে পুলিশ ফাঁড়ির এবং সেই ফাঁড়ি মধ্যে একটা ঘরে কিছু লোককে ধরে নিয়ে বন্ধ করে রাখে। এই ঘটনায় সেখানে প্রবল উত্তেজনার সৃষ্টি হয়েছে এবং বাঁকুড়া শহর বন্ধ হয়ে গেছে। আমি অনুরোধ করছি প্রশাসন যেন অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করে।

The West Bengal Primary Education (Amendment) Bill, 1985.

Shri Md. Abdul Bari : Sir, I beg to introduce the West Bengal Primary Education (Amendment) Bill, 1985.

(Secretary then read the title of the Bill)

Shri Md. Abdul Bari : Sir, I beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 1985, be taken into consideration.

শ্রী ধীরেন্দ্র নাথ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রী শ্রী আবদুল বারি মহাশয় The West Bengal Primary Education (Amendment) Bill, 1985, be taken into Consideration. এই সভায় উত্থাপন করেছেন। বিলটি আমি পড়েছি, খুব সামান্য, ছোট বিল। আমি ঠিক বুঝতে পারছি না যে বিলটি তৈরী হবার পর ১৯৭৩ সালে এর কিছু ক্লজের এমেণ্ডমেন্ট করার জন্য আপনি এনেছিলেন। এখন ডিরেক্টারের প্রকৃত অর্থ কি হবে অর্থাৎ ডিরেক্টারের প্রকৃত অর্থ ঠিক করার জন্য ডিকেক্টার অব প্রাইমারী এডুকেসন এই নামটা করা হোক বলে আপনি এই বিলটি আজকে এখানে এনেছেন। আপনি জানেন এখানে একটা বিল উত্থাপন করতে হলে সময় লাগে এবং সেই সময়ের সঙ্গে সঙ্গে প্রচুর অর্থও ব্যয় হয়। বহু টাকা খরচ হবার পর বিলটি এখানে এসেছে। কি এমন অবস্থা দাঁড়ালো যে সামান্য একটা শব্দ পরিবর্তন করার জন্য একটা বিল আনতে হয়েছে। সংশোধন করার বহু কিছু রয়েছে প্রাইমারী শিক্ষায় বহুবিধ বিষয় আছে, যেগুলি শিক্ষার সঙ্গে সমাজের সঙ্গে জড়িত। সেগুলি কিন্তু আপনি উত্থাপন করছেন না। আজকে যেগুলি পশ্চিমবাংলার মানুষের শিক্ষা ব্যাপারে বিশেষ প্রয়োজন সেই ধরণের সংশোধন আপনি আনছেন না। আজকে সমস্ত পশ্চিমবাংলা প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে যে নৈরাজ্য চলেছে এবং সেই নৈরাজ্য হচ্ছে দলবাজী এবং এটা সারা পশ্চিমবাংলায় চলছে। তিনি নিজে স্বীকার করেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দেওয়া যেতে পারে। কি ধরণের অরাজকতা চলেছে সেটা তিনি মুক্ত কণ্ঠে স্বীকার করেছেন। এমন বহু স্কুল রয়েছে যেগুলি ভুয়া। আজকে পশ্চিমবাংলায় সি. পি. এম পরিচালিত বহু ভুয়া স্কুল আছে। এইভাবে তারা সরকারের কাছ থেকে টাকা আদায় করে নিজেদের ক্যাডার পোষণ করছেন। আপনি হাওড়ায় ইনভেষ্টিগেসন করেছেন। আমি বলি শুধু হাওড়ায় কেন আপনি সব জায়গায় করুন। সে সব না করে একটা কমপ্রিহেন্সিভ আকারে বিল না এনে একটা অতি সাধারণ ছোট বিল উত্থাপন করেছেন এমন বহুবিধ জিনিস রয়েছে যেগুলির সংশোধন দরকার এবং সেগুলি আনা উচিত। এই প্রাইমারী শিক্ষা বিলকে সংশোধন করে একটা কমপ্রিহেন্সিভ বিল নিয়ে আসুন। আর সেইজন্য বলছি যে এগুলির দিকে নজর দেওয়া দরকার। এই পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে শত শত প্রাইমারী স্কুলগুলির ঘর নাই রাস্তায় জঙ্গলেতে ক্লাস হয় - স্কুল বসে।

[6.20–6.31 pm]

আপনি চাইলেই আমি নাম দিতে পারি। শিক্ষা সম্বন্ধে আপনারা খুব গর্ব করেন, অথচ আপনাদের সময়ে এই জিনিস ঘটছে। বামফ্রন্ট রাজত্বে আপনারা শিক্ষার নামে কোটি কোটি টাকা ব্যয় করছেন, কিন্তু শিক্ষার কোন উন্নতি হচ্ছে না এটা অত্যন্ত লজ্জার কথা, কলঙ্কের কথা। আমি কতকগুলি স্কুলের নাম বলে দিচ্ছি। মালদার কোতোয়ালী থানার রামনগর প্রাইমারী স্কুলের কোন ঘর নেই, গাছতলায় স্কুল হয়। আজিজতোল প্রাইমারী স্কুলের কোন ঘর নেই , গাছ তলায় বসে ছাত্রদের পড়াশুনা করতে হয়। পশ্চিমদিনাজপুর জেলার বংশীহারী থানার কোকিল প্রাইমারী স্কুলের ঘর নেই, গাছ তলায় ক্লাস হয়, বালুরঘাটের গোবিন্দপুর প্রাইমারী স্কুলের ঘর নেই গাছ তলায় ক্লাস হয়।

মিঃ স্পীকার : মিঃ সরকার, বিলের উপরই কেবল বক্তব্য রাখতে হয়, সারা এডুকেসনের উপর এই ভাবে বলা যায় না। এটা আপনি বাজেটে বলবেন। বিলের উপর কিছু বলার থাকলে বলুন

শ্রী ধীরেন্দ্র নাথ সরকার: স্যার, আমি আপনার পারমিসন নিয়েই বলেছি। আমার বক্তব্য হচ্ছে এই, প্রাইমারী শিক্ষা সংক্রান্ত বহু বিষয় আছে যেটার উপর একটা কমপ্রিহেন্সিভ বিল আনা দরকার। মন্ত্রী মহাশয় ছোট্ট একটি ব্যাপার নিয়ে সংশোধনী এনেছেন ব্রুট মেজরিটি আছে পাশ হয়ে যাবে। আমরা বক্তব্য রেখে যাব, সেই বক্তব্য শুনতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাইছি যে শিক্ষক নিয়োগের ব্যাপার নিয়ে দলবাজী চলছে, এদিকটায় একটু লক্ষ্য রাখা দরকার । স্যার, আপনি জানেন পশ্চিমদিনাজপুর জেলায় মাত্র কয়েক মাস আগে লোকসভা নির্বাচনের মুখে সেখানকার ডিষ্ট্রিক্ট স্কুল বোর্ড বেআইনীভাবে ৭৫০ জনকে এ্যাপয়েন্টমেন্ট দিয়েছে। এই ৭৫০ জনের এ্যাপয়েন্টমেন্টের এ্যাপ্রুভ্যাল এখনো যায়নি। এই সমস্ত বিষয়গুলি লক্ষ্য রখা দরকার। প্রাইমারী স্কুল অর্গানাইজেসনের অর্গানাইজাররা অল ওয়েষ্ট বেঙ্গল অর্গানাইজেসন নামে একটা অর্গানাইজেসন খুলেছে আমাদের ওখানে এবং পশ্চিম দিনাজপুর জেলায় ডি এম অফিসের সামনে গত ১১ তারিখ থেকে ধর্মঘট শুরু করেছে এবং তাদের কিছু দাবী দাওয়া প্রেস করেছে। আজ পর্যন্ত মন্ত্রীসভার পক্ষ থেকে কোন অফিসার তাদের সঙ্গে দেখা করেনি। বালুরঘাটে ডি. এম. এর সামনে তারা ডেপুটেসন দিয়ে অবস্থান করে আছে। এই বিলের বিষয়বস্তুতে এমন কিছু নেই। যে সমস্ত বিষয়ের উপর সংশোধনী আনা দরকার ছিল, সেগুলির উপর সংশোধনী আনার প্রস্তাব রাখছি এবং আগামি দিনে একটা কমপ্রিহেন্সিভ বিল আনার দাবী রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কৃষ্ণধন হালদার: মাননীয় আধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই এই বিলটিকে সমর্থন জানিয়ে দু চারটি কথা বলছি। বিরোধী পক্ষের সদস্যের বক্তব্য গোটা সভা-কক্ষের মাননীয় সদস্যরা সকলেই শুনলেন। তিনি বক্তব্য রখার সময় বললেন তিনি বিলটি ভালভাবে পড়ে নিয়েছেন। কিন্তু তার বক্তব্যের মধ্যে থেকে এটা পরিষ্কার বেরিয়ে এল যে তিনি আদৌ বিলটি পড়েছেন কিনা আমাদের সন্দেহ হচ্ছে এবং বিলটি তার চেখে পড়েছে

কিনা আমাদের সন্দেহ আছে। বিলটিতে সামান্য একটু পরিবর্তনের কথা বলা হয়েছে। ডাইরেকটর কথাটি পরিবর্তন করতে বলা হয়েছে। এডুকেসন সিস্টেম পরিচালনা করার ক্ষেত্রে এটা পরিবর্তন দরকার সেই কথাই বলা হয়েছে। ১৯৭৩ সালে প্রাইমারী এ্যাক্ট হয়েছিল। সেই এ্যাক্টে ডি. পি. আই কথাটি ছিল। সেটাকে ভেঙ্গে অর্থাত ডাইরেকটরেট অব পাবলিক ইনষ্ট্রাকসনকে ভেঙ্গে স্কুল এডুকেসন আর সেকেণ্ডারী প্রাইমারী এই সব ডাইরেকটর আলাদা করা হচ্ছে। এটা উনি বুঝতে পারলেন না, এটা ওর মাথায় ঢুকলো না। উনি জেনারেল এডুকেসন সম্পর্কে বললেন। শিক্ষা বাজেটের কথাই উনি বলে গেলেন।

উনি বললেন, পশ্চিমবাংলায় গুহা ও জঙ্গলের স্কুল চলছে। আমার মনে হয় উনি সেইরকম স্কুল থেকে পড়ে এসেছেন যারজন্য এইকথা বলছেন, স্যার, এখানে সেকসান টু অব ক্লস সিক্স অব ওয়েষ্টবেঙ্গল প্রাইমারী এডুকেশান এ্যাক্ট ১৯৭৩'র সামান্য পরিবর্তন করা হচ্ছে। স্যার, আপনি জানেন, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের আমলে প্রায় প্রতি গ্রামেই স্কুল হয়েছে এবং প্রতি বছর স্কুল গোয়িং ছাত্রের সংখ্যাও বাড়ছে। এখন স্কুলগুলি সুষ্ঠভাবে পরিচালনার জন্য সেগুলি যদি আলাদা ডাইরেকটরেটের অধীনে থাকে তাহলে পরিচালনা ভালো হবে। এই বিল সম্বন্ধে বিরোধীদের বলার কিছুই থাকতে পারে না কিন্তু শিক্ষার ব্যাপার হলেই তাঁদের সমালোচনা করতে হবে তাই তাঁরা এখানে কিছু কিছু কথা বলছেন। স্যার, এই প্রসঙ্গে আমার একটা গল্পের কথা মনে পরে গেল। একটি ছোট ছাত্রকে গরুর রচনা লিখতে দেওয়া হয়েছে, সে কিন্তু বাড়ী থেকে বিদ্যাসাগর সম্বন্ধে রচনা পড়ে এসেছে, সে গরুর রচনা লিখে সব শেষে বিদ্যাসাগর সম্বন্ধেও এক লাইন লিখে দিল। মাননীয় বিরোধী দলের সদস্যের বক্তব্য শুনেও আমার তাই মনে হ'ল। স্যার, ডাইরেকটার অব স্কুল এডুকেশান এটা যদি আলাদা হয় তাহলে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার পরিচালনা ব্যবস্থা ভালো হবে, মাষ্টার মশাইরা ঠিক সময় মাহিনা পাবেন। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অনুরোধ প্রাইমারী স্কুলগুলিতে রেগুলার ইনসপেকসানের যাতে ব্যবস্থা হয় সেটা দেখবেন। এই বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী মহম্মদ আবদুল বারি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সামান্য একটি কথার পরিবর্তনের জন্য এই সংশোদনী বিলটি নিয়ে আসা হয়েছে এটা মাননীয় বিরোধীদলের সদস্য মহাশয় বুঝতে পারলেন না দেখে আমার খুবই অবাক লাগলো। স্যার, আমি অনেকদিন ধরেই শিক্ষকতা করছি, শিক্ষকতা করার কালে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল এই যে সময়টা সেই সময় আমার কিছু ছাত্রকে দেখতাম তারা স্কুলে কিছুই পড়াশুনা পারতো না। এই রকম ছাত্রদের মধ্যে একজন ছাত্রকে দেখলাম সেই ১৯৭২ থেকে ১৯৭৪ সালের মধ্যে ফাষ্ট ডিভিসানে হায়র সেকেণ্ডারী পাশ করলো। আমার আর একটি সত্যিকারের ভালো ছাত্র ছিল সেও ফাষ্ট ডিভিসানে হায়ার সেকেণ্ডারী পাশ করলো এবং পরবর্তীকালে সে আই. এ. এস. হয়েছে। আর ঐ যে ছাত্রটি যে একেবারেই পড়াশুনা করতো না সে পরে বি. এস. সি টা পাশ করে একটা স্কুলে গিয়ে শিক্ষকতা করছে। সে যে স্কুলে শিক্ষকতা করছে সেখানকার হেডমাষ্টারের সঙ্গে আমার বন্ধুত্ব আছে, তিনি মাঝে মাঝেই আমার কাছে আসেন এবং অভিযোগ করেন যে আপনি এমন একটি ছাত্র তৈরী করেছেন যে সে প্রতিদিন স্কুলে পড়াতে গিয়ে ছাত্রারা কিছু প্রশ্ন করলেই বলে যে 'আচ্ছা ঠিক আছে, আমি পরে বোঝাচ্ছি।' প্রতিদিন এই অভিযোগ আমার কাছে আসে। আমার মনে হয় আমাদের এখানকার মাননীয় সদস্য মহাশয়ের অবস্থাও সেই রকম। স্যার আমরা প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষাকে সংযুক্ত করে বিদ্যালয় শিক্ষা বিভাগ করেছি। একটা হচ্ছে উচ্চ শিক্ষা বিভাগ এবং আর একটা হচ্ছে বিদ্যালয় বিভাগ। এই বিদ্যালয় শিক্ষা বিভাগটি প্রাথমিক এবং মাধ্যমিক সমস্ত মিলিয়ে একজন অধিকর্তার অধীনে থাকবে এবং তিনি হচ্ছেন Director of School Education ১৯৭৩ সালে যে আইন হয়েছিল তাতে প্রশাসনিক দিক থেকে যে ব্যবস্থা ছিল সেটা হচ্ছে একজন Director of Secondary Education ছিলেন এবং আর একজন Director of Primary Educationছিলেন। আমরা ১৯৭৩ সালের আইনের ঐ জায়গার কথাগুলি বদলে ঐ জায়গায় Director of School Educationএই কথাটা নিয়ে আসছি। স্যার, এই বিল সম্পর্কে বক্তব্য না রেখে মাননীয় বিরোধীদলের সদস্য যে সমস্ত বক্তব্য রাখলেন সেগুলি সত্যিকারের রেকর্ডে থাকা উচিত আপনি সেটা বিবেচনা করবেন। এই সব অবান্তর কথা বলেছেন এবং এই সব কথা বলতে গিয়ে উনি ধান ভানতে শিবের গীত গাইলেন, যাই হোক, আমি আমার বক্তব্য বলেছি, আমি আর মাননীয় সদস্যদের ধৈর্যচ্যুতি ঘটাতে চাই না। এই সংশোধনি বিল যেটা এনেছি, আশা করবো সেটা আপনারা সকলে সমর্থন করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting public opinion was then put and lost.

The motion of Shri Md. Abdul Bari that the West Bengal Primary Education (Amendment) Bill, 1985, be taken into consideration was then put and agreed to.

Caluses 1, 2 and Preamble

The question that clauses 1, 2 and Preamble do stand part of the Bill were then put and agreed to.

Shri Md. Abdul Bari : Mr. Speaker Sir, I beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 1985, As settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.31 p.m. till 1.00 p.m. on Tuesday the 17th September, 1985 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House Calcutta, on Tuesday, the. 17th September, 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair 12 Ministers, 10 Ministers of State and 148 Members.

Heldover Starred Questions

(to which oral answers were given)

বহরমপুর থানায় মোটর দুর্ঘটনায় নিহত ও আহতদের সাহায্য দান

[1.00 - 1.10 P.M.]

* ৬। (অনুমোদিত প্রশ্ন নং * ৮২।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৫ (জুলাই পর্যন্ত) সালে মুর্শিদাবাদ জেলার বহরমপুর থানায় মোটর দুর্ঘটনায় নিহত ও আহতদের সংখ্যা কত; এবং

(খ) নিহত ও আহতদের মধ্যে কতজন বেনিফিট স্কীম অনুসারে এযাবৎ সরকারী নগদ সাহায্য পেয়েছে?

শ্রী রবীন মুখার্জী ঃ-ক) নিহত-৪৬, আহত-৭৬

খ) ১৮ জন নিহত ব্যক্তির ক্ষেত্রে, ২জন আহত ব্যক্তির ক্ষেত্রে

শ্রী অমলেন্দ্র রায় ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, যে মোটর ভেইকেলস একসিডেন্টস বেনিফিট স্কীম আছে সেই বেনিফিট স্কাম অনুসারে এবং অন্যান্য যে ব্যবস্থা আছে সেই অনুসারে নিহতদের পরিবারবর্গ কত টাকা পর্যন্ত ক্ষতিপূরণ পেয়ে থাকেন?

শ্রী রবীন মুখার্জী ঃ- এই বেনিফিট স্কীম অনুযায়ী নিহতদের পরিবারবর্গকে ১৫,০০০ টাকা পর্যন্ত দেওয়ার ব্যবস্থা আছে, অবশ্য কতগুলি বিভিন্ন ধরনের ফর্ম আছে, সেগুলি পূরণ করতে হয়।

শ্রী অমলেন্দ্র রায় ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, এই নির্দিষ্ট কেসে কেবল মাত্র বহরমপুর থানার কেসগুলি ছাড়া বাকি যে কেসগুলি হয়েছে তাতে ঐ বেনিফিট স্কীমের সরকারের দেয় গ্র্যাচুইটাস রিলিফের ২০০০ টাকা দেওয়া শুরু হয়েছে কিনা; যদি না হয়ে থাকে তা যাতে তাড়াতাড়ি দেওয়া হয় তার জন্য আপনি খোঁজ নিয়ে দেখবেন কি?

শ্রী রবীন মুখার্জী ঃ- সাধারণভাবে যথাযথ সময়ে ডাইরি, গাড়ির নম্বর ইত্যাদি থানার মাধ্যমে পাওয়া গেলেই তাড়াতাড়ি বিবেচনা করতে সুবিধা হয় এবং ২০০০ টাকা করে গ্র্যাচুইটাস রিলিফ হেসাবে দেওয়ার ব্যবস্থা হয়। তবে কখনও কখনও এ রকম ঘটনাও ঘটতে পারে যে, সে সময়ে হয়ত আমাদের হাতে ঠিক মত টাকা নেই, কিন্তু তার জন্য দাবী গ্রাহ্য হতে কোনো অসুবিধা নেই, কেবলমাত্র পেতে হয়ত একটু দেরি হতে পারে। তবে ১৫,০০০ টাকা পর্যন্ত স্পেশাল ফান্ড থেকে দেবার ব্যবস্থা আছে।

শ্রী সরল দেব ঃ- মাননীয় মন্ত্রী মহাশয়, ঐ ঘটনায় ড্রাইভার এবং কন্ডাক্টররা কেউ আহত বা নিহত হয়েছিল কি?

শ্রী রবীন মুখার্জী ঃ- এই জাতীয় অনেক ঘটনাতেই ড্রাইভাররা আহত হন বা নিহত হন এবং কন্ডাক্টরের কাজ যাঁরা করেন তাঁরাও আহত বা নিহত হন। এ ক্ষেত্রেও হয়ে থাকতে পারেন।

শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য্য ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, রাস্তার দুর্ঘটনায় যে সমস্ত লোক মারা যায়, অনেক সময় ড্রাইভারদের কোন দোষ না থাকার সত্ত্বেও সেই সমস্ত মানুষ হয়তো এ্যাকসিডেন্টে মারা যায়, সেই সব ক্ষেত্রে দুর্ঘটনার জন্য ক্ষতিপূরণ দেওয়া হয়নি, সেটা তাদের প্রাপ্য কি না?

শ্রী রবীন মুখার্জী ঃ- মাননীয় সদস্য অবগত আছেন, এই রকম ভাবে যারা নিহত বা আহত হন, তারা যাতে ক্ষতিপূরণ পেতে পারে, তার জন্য যে বিভিন্ন পদ্ধতি, ফর্ম ইত্যাদি—থানায় ডায়েরী করতে হয়, কার কাছে কোন দাবীর জন্য উপস্থিত করতে হয়, নানা রকম নিয়ম কানুন আছে, কিন্তু দুর্ভাগ্যের বিষয় বহু মানুষের এই বিষয়ে জানা নেই। সেই জন্য আমাদের দপ্তর থেকে একটা বই ছাপিয়ে দেওয়া হয়েছে, থানায় দেওয়া হয়েছে, পঞ্চায়েতে দেওয়া হয়েছে, বিভিন্ন জায়গায় দেওয়া হয়েছে যাতে জনসাধারণ এই বিষয়ে অবগত হতে পারেন এবং সেই নিয়ম অনুযায়ী যাতে তারা দরখাস্তগুলো করলে, অন্তত তার দাবীটা গ্রাহ্য হবে, এই বিষয়ে আমি নিঃসন্দেহ এবং থানাগুলোতে হুকুম দেওয়া হয়েছে এক টাকা মাত্র জমা দিলে যে সমস্ত প্রয়োজনীয় তথ্য জানা দরকার, সেই প্রয়োজনীয় তথ্য তারা সরবরাহ করতে বাধ্য থাকবে। কিন্তু এই ব্যবস্থাটা, বই দেওয়া সত্ত্বেও ঠিক মত হচ্ছে না।

শ্রী কামাক্ষাচরণ ঘোষ ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এই রকম যদি বাস দুর্ঘটনা হয় তাহলে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা আছে এবং সরকার থেকে বেনিফিট তারা পায়। কিন্তু আপনার কি জানা আছে, এই রকম অনেক কেস, সাধারণ গ্রামের মানুষ, এ্যাকসিডেন্ট হলে পরে, জীপ গাড়িতে করে থানায় নিয়ে এসে সামান্য কিছু টাকা দিয়ে কোন দাবী নেই বলে লিখিয়ে নেয়।

শ্রীরবীন মুখার্জী ঃ- এই রকম আমার কাছে জানা নেই, তথ্য থাকলে জানাবেন, আমি খবর নেব।

শ্রী আবদুল মান্নান ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় দুর্ঘটনায় যারা ক্ষতিগ্রস্ত তাদের সাহায্যের ব্যাপারে বললেন, মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি স্টেট বাস বা প্রাইভেট বাস-এর ছাদে এবং বাম্পারে ঝুলে যাবার জন্য যাদের এ্যাকসিডেন্ট হচ্ছে এবং মারা যাচ্ছে তাদের জন্য কি ব্যবস্থা আছে?

শ্রী রবীন মুখার্জী ঃ- আইনে যা ব্যবস্থা আছে, সেই রকম ভাবেই নেওয়া হয়।

রামপুরহাট পৌর এলাকায় বিভিন্ন উন্নয়ন কার্যে অর্থ বরাদ্দ

* ১১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩।) **শ্রীশশাঙ্কশেখর মন্ডল ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রামপুরহাটপৌর এলাকায় ১৩ নং এবং ১ নং ওয়ার্ড-এ রাস্তা উন্নয়ন, জল নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় ড্রেন নির্মাণ, পানীয় জলের অপ্রতুলতা দূরীকরণ এবং বিদ্যুৎ সম্প্রসারণ কাজের জন্য এযাবৎ কোন অর্থ বরাদ্দ করা হয়েছে কি; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, এর পরিমাণ কত?

শ্রীপ্রশান্ত কুমার শুর ঃ (ক) হ্যাঁ-এ বাবদে অর্থ বরাদ্দ করা হয়েছে।

(খ) এ ব্যাপারে, ১৩ নং ওয়ার্ডের জন্য ১৯,৯৬০ (উনিশ হাজার নয়শত ষাট) টাকা এবং ১ নং ওয়ার্ডের জন্য ১১,৯০৫ (এগার হাজার নয়শত পাঁচ) টাকা বরাদ্দ করা হইয়াছে।

*১৫। স্থগিত।

*১৮। স্থগিত।

বৃষ্টির অভাব হেতু চাষের সংকট মোকাবিলায় ব্যবস্থা গ্রহণ

* ১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২০৯।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে স্বাভাবিক বৃষ্টির অভাবহেতু চাষের ক্ষেত্রে যে সংকট দেখা দিয়েছে তার মোকাবিলায় কি জরুরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) রিভারলিফট, ডীপ টিউবওয়েল ও ক্লাস্টার টিউবওয়েলগুলি যথাপ্রয়োজন কাজ করছে কি?

শ্রী কান্তি ভৌমিকঃ—(ক) বিগত ২৮.৮.৮৫ পর্যন্ত বৃষ্টিপাতের পরিসংখ্যান মাত্র চারটি জেলায়, যথা—মুর্শিদাবাদ, নদীয়া, বর্ধমান ও হাওড়া স্বাভাবিক থেকে কম বৃষ্টি হয়েছে। এর মোকাবিলা করার জন্য জলকর জমা দিয়ে ক্ষুদ্রসেচ প্রকল্পে পরিপূরক সেচ নেওয়ার যে ব্যবস্থা আছে তা এ মরশুমেও কার্যকরী ছিল। তাছাড়া পাট পচাবার জন্য ক্ষুদ্রসেচের জলে নিকটবর্তী পুকুর খানা-খন্দ ইত্যাদি ভর্তি রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

(খ) মোট প্রকল্পের ৯০ শতাংশের মত সচল প্রকল্পগুলি যথা প্রয়োজনে কাজ করেছে।

বিভাগীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত।

[1.10 - 1.20 P.M.]

শ্রী অমলেন্দ্র রায় ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জবাবে বললেন ৪টি জেলার কথা। পাট পচানো এখন একটা বিরাট সমস্যা। অধিকাংশক্ষেত্রে দেখা যাচ্ছে পাট কাটছে না, কারণ পাট পচানোর কোন ব্যবস্থা করা যাচ্ছে না। আপনি বললেন কিছু ব্যবস্থা করা হয়েছে। আপনি কি দয়া করে বলবেন, কিভাবে কি ব্যবস্থা করা হয়েছে? আপনার দপ্তরের যে ব্যবস্থাগুলি আছে, আর. এল. আই বলুন, শ্যালো বলুন এগুলি এই কাজে ব্যবহার করা হয়েছে বা কতটুকু হয়েছে?

শ্রী কানাই ভৌমিক ঃ- এ বিষয়ে আমরা আলোচনা করে জানিয়ে দিয়েছি আমাদের সরকারের যে সমস্ত আর. এল. আই, ডীপ-টিউবওয়েল এবং শ্যালো টিউবওয়েল আছে পাট পচাবার জন্য তাঁরা যেন জল দেন এবং সেই জল নিতে গেলে নির্দিষ্ট পরিমাণ টাকা জলকর দিতে হবে। দ্বিতীয় কথা, এই জল যেখানে যতটুকু যাওয়া সম্ভব অর্থাৎ ডীপ-টিউবওয়েল এবং আর. এল. আই দ্বারা খানাঃখন্দ আছে যেখানে সেই সমস্ত জায়গায় জল দেওয়ার জন্য নির্দেশ দওয়া হয়েছে। তৃতীয় প্রশ্ন করলেন কতটুকু হয়েছে সেটা আমি এখনই বলতে পারবো না। নোটিশ দিলে বলতে পারবো।

শ্রী অমলেন্দ্র রায় ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, যে সমস্ত এলাকায় ডীপ টিউবওয়েল, আর. এল. আই এবং শ্যালো আছে সেগুলি খারাপ হয়ে গেলে দ্রুত মেরামতের জন্য কোন ব্যবস্থা করা হয়েছে কি বা সেখানে কোন ব্যবস্থা আছে কি?

শ্রী কানাই ভৌমিক ঃ- আমাদের বিভিন্ন জায়গায় স্পেয়ার পার্টস রাখা আছে। যদি সেই স্পেয়ার পার্টস ছাড়াও অন্য কিছু দরকার হয় তাহলে যখনই তাঁরা রিপোর্ট করেন আমরা যত তাড়াতাড়ি সম্ভব সরবরাহ করার ব্যবস্থা করি।

Dr. Zainal Abedin : Will the Hon'ble Minister in charge of the Small Irrigation Department be pleased to state as to on what basis he has come to the conclusion that the rainfall was below normal only in four districts?

শ্রী কানাই ভৌমিক ঃ- আমি বলেছি, ২৮.৮.৮৫ তারিখ পর্যন্ত আমাদের গভর্নমেন্টের কাছে রেইনফলের যে রিপোর্ট কৃষি বিভাগ থেকে সংগৃহীত হয় তার কপি আমাদের ডিপার্টমেন্টে পাঠানো হয়। সেই রিপোর্ট আমি দেখে এই কথা বলছি।

শ্রী নীরোদ রায় চৌধুরী ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় ৪টি জেলার কথা বললেন। আপনি কি জানেন, ২৪-পরগণা জেলায় যথেষ্ট পরিমাণে বৃষ্টি হয়নি। সেখানে এখনও মাঠে পাট দাঁড়ানো রয়েছে কারণ পাট কেটে তা ভেজানোর ব্যবস্থা নেই। যে সমস্ত ডীপ টিউবওয়েল আছে তাদের কাছে বারেবারে সাধারণ কৃষক খানা-খন্দে জল দেবার জন্য বহু চেষ্টা করেছে। বি. ডি ও অফিসে ডেপুটেশান দেওয়া হয়েছে কিন্তু পাট ভেজাবার কোন ব্যবস্থা হয়নি। সুতরাং এই ২৪-পরগণা জেলায় যেখানে বৃষ্টি কম হয়েছে সেখানকার চাষীরা যাতে পাট ভেজাতে পারেন তার জন্য আপনি জল দেবার নির্দেশ দেবেন কি?

শ্রী কানাই ভৌমিক ঃ- এ বছর বৃষ্টি কম হওয়ার জন্য যদিও ৪টি জেলার কথা বলেছি কিন্তু সমস্ত জেলায় আমাদের যে ইন্সটলেসানস আছে তার থেকে যারা জল নিতে চান, খানা-খন্দ ভরাতে চান তারা নিতে পারেন—এ ব্যাপারে নির্দেশ দেওয়া হয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে, আপনি যদি সুনির্দিষ্টভাবে আমাকে জানান যে এই এই জায়গায় আমাদের লোকেরা জল চেয়েও পাচ্ছে না তাহলে আমি সেই সম্পর্কে অবিলম্বে ব্যবস্থা নেব।

শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ- আপনি জানেন যে, যে সমস্ত ডিপ টিউবওয়েল, আর. এল. আই এবং ক্লাষ্টার শ্যালো টিউবওয়েল আছে, সেখানে সরকারী কর্মচারী যাঁরা আছেন—তাঁরা অতিরিক্ত সময় ডিউটি করতে চান না; তাঁরা একটা নির্ধারিত সময়ের মধ্যে জল দিতে চান। কিন্তু পাট ভেজাবার জন্য জল দেবার ক্ষেত্রে মন্ত্রীর ডিপার্টমেন্ট থেকে তাঁদের অতিরিক্ত সময় কাজ করবার জন্য কোন প্রকার নির্দেশ গেছে কিনা জানতে চাইছি। আর একটি প্রশ্ন হচ্ছে, এই জল পেতে গেলে চাষীদের—

মি: স্পীকার ঃ- একটি প্রশ্ন করা যাবে। একসঙ্গে দুটি অতিরিক্ত প্রশ্ন করা যায় না মি: শেঠ।

শ্রী কানাই ভৌমিক ঃ- অতিরিক্ত সময় বলতে কি বোঝাতে চাইছেন বুঝতে পারছি না। আমাদের ডিপ টিউবওয়েল চালাবার জন্য যে সময় নির্দিষ্ট করা আছে, তার বাইরে অতিরিক্ত সময় জল চেয়েছিলেন, কিন্তু পাননি—এই রকম কোন অভিযোগ আমার কাছে আসেনি।

কলকাতা ও হাওড়া কর্পোরেশন এলাকায় জঞ্জালমুক্ত করার ব্যবস্থা

* ১৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা ও হাওড়া কর্পোরেশন এলাকাকে জঞ্জালমুক্ত করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;

(খ) বর্তমান বছরে কলকাতা কর্পোরেশন ও হাওড়া কর্পোরেশন জঞ্জালমুক্ত করার জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে; এবং

(গ) উক্ত জঞ্জাল সাফাই-এর ব্যাপারে কোন পরিকল্পনা রচনা করা হয়েছে কিনা?

মি: স্পীকার ঃ- মি: শূর, উত্তরটা বিরাট বলে এটা টেবিলে লে করে দিন। সাপ্লিমেন্টারী থাকলে কাশীবাবু তা রাখবেন। পরে উত্তরটা সার্কুলেট করে দেবেন।

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- (ক) কলিকাতা কর্পোরেশন এলাকাকে জঞ্জালমুক্ত করার জন্য নানারকম সাংগঠনিক ও প্রযুক্তিগত ব্যবস্থা নেওয়া হয়েছে। সাংগঠনিক দিক থেকে প্রতি জেলায় একজন জেলা কনজারভেন্সি সুপারভাইজার দেওয়া হয়েছে। জেলার ওয়ার্ডগুলিতে প্রত্যেক ওয়ার্ডে একজন ওভারসিয়ারকে ভার দেওয়া হয়েছে। প্রত্যেক ওয়ার্ডকে দশটি ব্লকে ভাগ করা হয়েছে এবং প্রতি ব্লকে একজন ব্লক সরকার দেওয়া হয়েছে। ব্লকের মজদুররা ভোর ৫টা থেকে ১২টা পর্যন্ত ঝাড়ু দেওয়া এবং জঞ্জাল ভ্যাটে এনে জড়ো করার কাজ করে থাকে। ৫টা থেকে ৯টা পর্যন্ত মজদুররা রাস্তাতে কাজ করে এবং ৯.৩০ মি: থেকে ১২টা পর্যন্ত ব্লক সরকারের প্রত্যক্ষ তত্ত্বাবধানে সাপ্তাহিক কর্মসূচীর ভিত্তিতে ব্লকের সমস্ত মজদুর মিলে (গ্রুপ ওয়ার্ক) কাজ করে মজদুরদের প্রয়োজন অনুযায়ী কাজের বিন্যাস করা হয়েছে, এবং সে অনুযায়ী তিন শ্রেণীর মজদুর আছে, যথা—(১) ডোম, যারা মৃত পশু সরাবার কাজ করে, (২) মেথর—যারা মলমূত্র পরিষ্কার করে, (৩) সাফাই মজদুর—যারা আর সমস্ত কাজ করে। বাজার এবং অফিস এলাকার টিফিন খাওয়ার জায়গায় বিকালে কাজ করার জন্য প্রয়োজনীয় লোকের সমীক্ষা করা হয়েছে এবং সেই অনুযায়ী লোকের ব্যবস্থাও শীঘ্রই করা হবে, যাতে ঐ সকল এলাকা বিকালে পরিষ্কার করা হয়। বর্তমানে বস্তি অঞ্চলে কোথাও দৈনিক কোথাও সপ্তাহে একবার কাজ থাকে। সমস্ত বস্তিতে যাতে প্রত্যহ কাজ হয় সেইজন্য প্রয়োজনীয় মজদুরের সমীক্ষা করা হয়েছে, এবং বর্তমান খালি জায়গায় মজদুর নিয়োগ করে সেই ব্যবস্থা শীঘ্র নেওয়া হবে।

হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এলাকার জঞ্জাল, কর্পোরেশনের বেতনভোগী সাফাই কর্মচারীরা পরিষ্কার করে নির্দিষ্ট স্থানে ভ্যাটে জমা করেন। সেখান থেকে নির্দিষ্ট সময়ের মধ্যে ভাড়া লরি কন্ট্রাক্টররা জঞ্জাল লরী/টেম্পোতে করে কর্পোরেশনের নির্দিষ্ট ভাগাড়ে (Trenching Ground) ফেলেন।

(খ) বর্তমান বছরে (১৯৮৫-৮৬ সালে) কলিকাতা কর্পোরেশন কলিকাতাকে জঞ্জালমুক্ত করার জন্য মোট ১৯,১৪,৯৫,০০০ টাকা (উনিশ কোটি চৌদ্দ লক্ষ পঁচানব্বই হাজার) বরাদ্দ করেছে এবং হাওড়া কর্পোরেশন হাওড়া শহরকে জঞ্জালমুক্ত করার জন্য ১,১৯,৬৯,০০০ টাকা (এক কোটি উনিশ লক্ষ উনসত্তর হাজার) বরাদ্দ করেছে।

(গ) জঞ্জাল সাফাই-এর ব্যাপারেতে আই. ডি. এট. এবং সি. ইউ. ডি. পি.-প্রোজেক্টের জন্য মোট ১৯ কোটী টাকার পরিকল্পনা দেওয়া হয়েছে। আই. ডি. এ. ট্. অধীনে গাড়ি এবং যন্ত্রপাতি ১৯৮০ সালে সংগ্রহ করা হয় প্রধানত ৭৭টি লরি এবং ৪টি পে লোডার। সাথে সাথে বর্তমান ৪টি গ্যারেজে এবং ১টি ওয়ার্কশপ সংস্কার এবং পরিবর্তন করে আধুনিক যন্ত্রপাতি দ্বারা সাজিয়ে গাড়ি মেরামতি এবং আনুসঙ্গিক কাজের সুবন্দোবস্তের পরিকল্পনা নেওয়া হয়েছে।

১৯৭৯ থেকে এ কাজ শুরু হয় এবং এখনো বেশ কিছু কাজ বাকি আছে এবং আশা করা যায় আগামী ২ বছরের মধ্যে সমস্ত কাজ শেষ হয়ে যাবে। ধাপাতে ১টি সম্পূর্ণ নতুন বড় গ্যারেজ প্রায় সমাপ্তির পথে গেছে, এবং আশা করা যায় আগামী ৬ মাসের মধ্যে এখানে কাজ শুরু করা যাবে।

এই সমস্ত ব্যবস্থার সাথে স্বয়ংসম্পূর্ণ ব্যবস্থার মাধ্যমে জঞ্জাল জড়ো করা এবং অপসারণের জন্য নতুন ব্যবস্থা হিসাবে ওয়ার্ড ডিপো প্রথা চালু করার ব্যবস্থা হয়েছে। এই পরিকল্পনা অনুযায়ী প্রতি ওয়ার্ডে ১টি করে দ্বিতল ওয়ার্ড ডিপো তৈরী হবে। সেখানে নীচের তলায় গ্যারেজ থাকবে। এই গ্যারেজে ১০ কিউ. মিটার কনটেনার রাখা হবে। এই কনটিনার ভর্তি হয়ে গেলে যন্ত্রের সাহায্যে তা গাড়িতে উঠিয়ে ডামলিং গ্রাউন্ডে সেই জঞ্জাল ফেলা হবে। এই ধরণের ওয়ার্ড ডিপো ১০টি তৈরী হয়েছে। এবং উহা কর্পোরেশনের অধীনে আছে। এর মধ্যে তিনটিতে নতুন পদ্ধতিতে কাজ চলছে। এই ওয়ার্ডগুলো হল ৪ নং, ৩৩ নং এবং ৩৫ নং। আই. ডি. এ. টু. পরিকল্পনায় এই ধরণের মোট ২৮টি ওয়ার্ড ডিপো তৈরী হবে। এই ওয়ার্ড ডিপোর জন্য ৪ সেট বিশেষ ধরণের গাড়ি কেনা হয়েছে। এক একটি সেটে ১টি গাড়ি ও ৫টি কনটেনার আছে। সি. ইউ. ডি. পি-এই প্রোজেক্টে আরও ২৩টি ওয়ার্ড ডিপো এবং ২৩টি সেট বিশেষ ধরণের গাড়ি যেখানে ১১৫টি কনটেনার সংগ্রহ করার ব্যবস্থা নেওয়া হচ্ছে। এই ধরণের ব্যবস্থা ৫০টি ওয়ার্ডে চালু হলে, আশা করা যায় রাস্তার ধারে জঞ্জালের ভাট বহু সংখ্যায় উঠিয়ে দেওয়া সম্ভব হবে এবং সব জঞ্জাল ঐ সমস্ত ওয়ার্ডের কনটেনারে রাখা হবে। এ ছাড়া সি ইউ. ডি. পি-এই প্রোগ্রামে ২০টি লরি বুলডোজার এবং 'ওয়েবলেস' টেলিফোনে যোগাযোগের ব্যবস্থা নেওয়া হয়েছে।

জঞ্জাল সাফাই এবং সঙ্গে সঙ্গে উক্ত জঞ্জালকে যান্ত্রিক পদ্ধতিতে অর্থকরী সামগ্রীতে পরিণত করার জন্য হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন সি. এম. ডি. এ. মারফত্ চেষ্টা চালাচ্ছে। এই প্রচেষ্টা এখনও প্রাথমিক পর্যায়ে আছে।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ- এক্ষেত্রে জঞ্জালমুক্ত করবার পরিকল্পনা তো নিয়েছেন, কিন্তু সেই পরিকল্পনা ঠিকভাবে কার্যকরী হচ্ছে না কেন জানাবেন কি?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- আমি জানি যে, হচ্ছে। আপনার মতে না হয়ে থাকলে জানবেন, দেখবো।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ- সাফাইয়ের এই যে পরিকল্পনা নিয়েছেন, সেটা এই মাষ্টার প্ল্যানে কবে নাগাদ পুরোপুরি কার্যকরী করা হবে?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- আগামী দুই বছরের মধ্যে।

*১৮১। স্থগিত।

কৃষি পেনশন

* ১৮২। (অনুমোদিত প্রশ্ন নং * ৫৩৫।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষি পেনশনভোগীদের মাসে মাসে পেনশন দওয়ার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ- মি: স্পীকার স্যার, আমি দেখতে পাচ্ছি যে, আমার মূল প্রশ্ন এখানে বাদ দেওয়া হয়েছে।

মি: স্পীকার ঃ- ডিপার্টমেন্টে কর্মীরা আছেন, তাঁরা রুল অনুযায়ী যেটুকু রাখার সেটুকু রেখেছেন এবং সেইভাবেই এখানে এসেছে।

শ্রী কমল কুমার গুহঃ— (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ- মাননীয় স্পীকার মহাশয়, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ। আমার পেশ করা প্রশ্নে আমি যেটুকু জানতে চেয়েছিলাম সেটুকু বাদ দেওয়া হয়েছে।

মি: স্পীকার ঃ- কি বাদ গেছে —সেটা নিয়ে এখানে আলোচনা করা যাবে না। আমাদের যে রুল আছে, সেই রুল অনুযায়ী প্রশ্ন তৈরী করা হয়।

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ- মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—১৯৮৫/৮৬ সালে কৃষি পেনশন প্রকল্প সম্প্রসারণ করবার কোন পরিকল্পনা আছে কি না?

শ্রী কমলকান্তি গুহ ঃ- এখানে এ সম্বন্ধে আমার পক্ষে বলা সম্ভব নয়।

শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কত দিন পর পর এই কৃষি পেনশন দেওয়া হয়?

শ্রী কমলকান্তি গুহ ঃ- তিন মাস অন্তর অন্তর এই কৃষি পেনশন দেওয়া হয়ে থাকে।

শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ- অনেকেই কৃষি পেনশনের টাকা পাচ্ছেন না—এই রকম অভিযোগ আমার কাছে আছে। এ-সম্পর্কে আপনার কাছে কোন খবর আছে কিনা?

মি: স্পীকার ঃ- এই প্রশ্ন এখানে ওঠে না।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ- বর্তমানে এই রাজ্যে কতজন কৃষককে কৃষি পেনসন দেওয়া হয় এবং সেই বাবদ রাজ্য সরকার বার্ষিক কত টাকা বরাদ্দ করে থাকেন?

[1.20 - 1.30 P.M.]

শ্রী কমল কান্তি গুহ ঃ- ১৯৮৩-৮৪ সালের পরিকল্পনা বাবদ ১ কোটি ৬২ লক্ষ ২৮ হাজার টাকা খরচ করা হয়েছে এবং ২২ হাজার ৬৩১ জন কৃষককে দেওয়া হয়েছে। ১৯৮৪-৮৫ সালে ২ কোটি ৬ লক্ষ টাকা খরচ করা হয়েছে। বর্ত্তমান বৎসরের প্রথম কিস্তিতে ৫১ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

শ্রী সরল দেব ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় যে বিবৃতি দিলেন তাতে যে সংখ্যার কথা বললেন সেটা প্রয়োজনের তুলনায় অনেক কম। সেই জন্য আপনার দপ্তর এই কৃষি পেনশান-এর অঙ্ক বাড়াবার কোন পরিকল্পনা নিচ্ছেন কি?

শ্রী কমল কান্তি গুহ ঃ- আমার দপ্তরের চেষ্টা আছে যাতে এই সংখ্যাটা বাড়ানো যায়। কিন্তু আমি যদি টাকা না পাই তাহলে বেশী টাকা আমার পক্ষে দেওয়া সম্ভব নয়। তবে চেষ্টা করা হচ্ছে যাতে এই সংখ্যাটা বাড়ানো যায়।

কলিকাতায় আই সি ডি এস স্কীম

*** ১৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং * ৬৯৩।) **শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২-৮৩, ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫ সালে কলিকাতায় আই সি ডি এস স্কীম নূতন করে অনুমোদিত হয়েছে কি?

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হ'লে, কোন্ অঞ্চলে; এবং

(গ) রাজাবাজার অঞ্চলে আই সি ডি এস স্কীম চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রী দেবপ্রসাদ বন্দোপাধ্যায়ঃ—(ক) ১৯৮২-৮৩ এবং ১৯৮৪-৮৫ সালে কলিকাতায় দুইটি আই. সি. ডি. এস. স্কীম মঞ্জুর করা হয়েছে।

(খ) ১৯৮২ সালে গার্ডেনরিচ এলাকায় এবং ১৯৮৪-৮৫ ঢাকুরিয়া এলাকায়।

(গ) না।

দ্বিতীয় হুগলী সেতুর জন্য কেন্দ্র হইতে প্রাপ্ত অর্থের পরিমাণ

*** ১৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৯২৯।) **শ্রী সরল দেব ঃ** মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দ্বিতীয় হুগলি সেতুর জন্য কেন্দ্র হইতে ১৯৮৫ সালের ৩১শে আগষ্ট পর্যন্ত কত অর্থ পাওয়া গিয়াছে; এবং

(খ) রাজ্য সরকারের উপরোক্ত সময়ের মধ্যে কত অর্থ খরচ হইয়াছে?

শ্রী প্রশান্ত কুমার শূরঃ—(ক) দ্বিতীয় হুগলী সেতুর জন্য কেন্দ্র হইতে ১৯৮৫ সালের ৩১শে আগষ্ট পর্য্যন্ত ৯৬.৬২ কোটি টাকা ঋণ পাওয়া গেছে।

(খ) রাজ্য সরকারের নিজস্ব খাতে উপরোক্ত সময়ের মধ্যে ১৩.২০ কোটি টাকা খরচ হয়েছে।

শ্রী সরল দেব ঃ- ঋণ বাবদ যে টাকা আপনি পেয়েছেন এই টাকা আপনাকে কত দিনের মধ্যে পরিশোধ করতে হবে জানাবেন কি?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- আমাদের এই ধরণের কোন সঠিক সিদ্ধান্ত নেই। তবে কথাটা হল যে ঋণ আমাদের পরিশোধ করতেই হবে। তবে আমরা চেষ্টা করেছি অনুদান হিসাবে দেবার জন্য। কেন্দ্রীয় সরকারের কাছে বারে বারে লিখেছি যে, যেহেতু এই দ্বিতীয় হুগলী সেতুটির সর্বভারতীয় গুরুত্ব আছে সেইহেতু এই টাকা আমাদের অনুদান হিসাবে দেওয়া হোক। কিন্তু আজ পর্যন্ত তাঁরা সেটা স্বীকার করেন নি। আমি কেন্দ্রীয় সরকারের কাছে বারে বারে লেখালেখি করছি যাতে এই টাকা আমরা অনুদান হিসাবে পেতে পারি।

শ্রী সরল দেব ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই দ্বিতীয় হুগলী সেতুর কাজ সম্পূর্ণ হতে আর কত দিন সময় লাগবে?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- আমি আগেই বলেছি যে ১৯৮৭ সালের ডিসেম্বরের মধ্যে কাজটি সম্পূর্ণ করার চেষ্টা করছি। আশা করি এটা করতে পারবো।

Dr. Zainal Abedin :- Will the Hon'ble Minister-in-charge of Urban Development Department be pleased state as to whether the progress of work is corresponding to the budget released by the Central Government? The other day you mentioned that the Central Government has released uptill now that only Rs. 86 crores. To-day we hear that Rs. 96 crores has been released. Why this discrepancy?

Shri Prasanta Kumar Sur :- There is no discrepancy. I think the honourable member could not follow me. I told that day the Central Govt. has released Rs. 96 crores. But we have spent Rs. 86 crores. That is the point. But the progress is going well according to schedule.

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে কেন্দ্রীয় সরকার ব্রীজ বাবদ যে টাকা দিচ্ছে সেটা ঋণ হিসাবে দিচ্ছে। আর আপনি যাতে এটা অনুদান হিসাবে দেয় তার চেষ্টা করছেন। এই অনুদান হিসাবে দেওয়ার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কোন ইচ্ছা আছে কিনা, এটা কেন্দ্রীয় সরকারের একটা কাজ হিসাবে গ্রহণ করে অনুদান হিসাবে দেওয়া যায় এই চিন্তা সম্পর্কে আপনার কাছে কোন খবর আছে কি?

মি: স্পীকার :- কার কি ইচ্ছা আছে উনি সেটা বলবেন কি করে? এই রকম প্রশ্ন হয় না।

শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় :- মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে রাজ্য সরকার অনুদানের কথা বলছেন এবং কেন্দ্রীয় সরকার বলছে ঋণ হিসাবে দেওয়া হবে। যদি ঋণ হিসাবে দেয় তাহলে এই টাকার সুদ লাগবে কিনা এবং যদি সুদ লাগে তাহলে সুদের হার কত?

শ্রী প্রশান্ত কুমার শূরঃ- হ্যাঁ, সাধারণত কেন্দ্রীয় সরকার আমাদের যে ঋণ দেন তার সুদ এবং এই ধরণের ক্ষেত্রেও একই সুদ।

*১৮৫। স্থগিত।

বিভিন্ন কারাগারে সাজাপ্রাপ্ত বন্দীর সংখ্যা

[1.30 - 1.40 P.M.]

*** ১৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং * ৮৫৬।) **শ্রী সৈয়দ মোয়াজ্জম হোসেন :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৮৫ সালের ৩১শে আগষ্ট মোট কতজন সাজাপ্রাপ্ত বন্দী বিভিন্ন কারাগারে ছিলেন; এবং

(খ) বন্দরের জন্য দৈনিক মাথাপিছু ব্যয়ের পরিমাণ কত?

শ্রী দেবব্রত বন্দোপাধ্যায়—ক) মোট ৩০৬২ জন।

খ) মাথাপিছু দৈনিক ব্যয় টা: ১২.৯৯।

শ্রী সৈয়দ মোয়াজ্জম হোসেন :- সাজাপ্রাপ্ত বন্দী এবং বিচারাধীন বন্দীদের জন্য কি একই খরচা হয়?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :- না, পার্থক্য আছে। আমি সংক্ষিপ্ত করে জানাচ্ছি যে, আমরা যদিও মোট ১২-৯৯ টাকা হারে বন্দীদের জন্য খরচা করি, তার মধ্যে খাদ্য বাবদ ৩-৭৮ পয়সা, ঔষধপত্র বাবদ ৯৫ পয়সা এবং অন্যান্য খাত বাবদ যেমন, জামা-কাপড়, জুতা, চাদর ইত্যাদি বাবদ ৮-২৬ টাকা। এই ভাবে মোট ১২-৯৯ টাকা আমরা খরচ করি। এছাড়া প্রায় সব কটি সেন্ট্রাল জেলে যে সমস্ত বাচ্চা আছে, তাদের জন্য একস্ট্রা ডায়েট অন মেডিকেল গ্রাউণ্ড বাবদ ঐ ১২-৯৯ টাকার অতিরিক্ত কিছু খরচা করে থাকি। মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আমি জানাচ্ছি যে একস্ট্রা ডায়েট হিসাবে কনভিকটেড্ এবং আণ্ডার ট্রায়াল বন্দীদের জন্য আমরা খরচ করি। বাকীটা সব সমান রয়েছে।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :- মাননীয় মন্ত্রি মহোদয় তাঁর উত্তরে জানালেন যে ১৯৮৫ সালের ৩১শে আগষ্ট পর্যন্ত সাজাপ্রাপ্ত বন্দীর সংখ্যা ৩ হাজারের মত দাঁড়িয়েছে। কংগ্রেস আমলে আমরা দমদম জেলে মিসায় বন্দী হয়ে আটক ছিলাম, তখন আমাদের অভিজ্ঞতায় দেখেছি যে সেখানে ৬ হাজারের মত বন্দী থাকতেন। আমরা কি এ থেকেই ধরে নিতে পারি যে বামফ্রন্টের সুশাসনের ফলে এখানে মানুষের অপরাধ প্রবণতা কমতে শুরু করেছে?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :- এটা বলা কঠিন। তবে আমি ১৯৭৭ সালে যখন মন্ত্রী ছিলাম তখন বন্দীর সংখ্যা ছিল ২৫ হাজারের মত। এখন তা কমে গিয়ে ১০ হাজারে এসে দাঁড়িয়েছে।

Dr. Zainal Abedin :- Will the honourable Minister-in-Charge for Home (Jails) Department be please to state as to how many prisoners had been convicted and how many under-trials have been realeased?

মি: স্পীকার :- না, এটা হয় না।

শ্রী নিরোদ রায় চৌধুরী :- মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর উত্তরে জানালেন যে বন্দীদের জন্য ১২-৯৯ টাকা হিসাবে ব্যয় করে থাকেন। খোরাকী বাবদ ৩-৭৮ টাকা হারে তিনি ব্যয় করেন। এই টাকায় কি দুবেলা খাওয়া এবং টিফিন খরচ চলে? মাননীয় মন্ত্রী মহাশয় কি এই খাতে কিছু বৃদ্ধির জন্য পরিকল্পনা নিচ্ছেন?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :- ১৯৬৭ সালের জেল আইনে এই পরিমাণ বরাদ্দের কথা বলা আছে। তবে তা বাড়াবার জন্য চেষ্টা করছি।

হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনে বিভিন্ন শূন্য পদ

*** ১৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং * ৮৮৬।) **শ্রীঅশোক ঘোষ :-** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনে এখনও অবধি কমিশনার, কন্ট্রোলার অব অডিট, চিফ অডিটর ও চিফ ইঞ্জিনিয়ারের পদ খালি পড়ে আছে; এবং

(খ) সত্য হলে, এর কারণ কি?

শ্রী প্রশান্ত কুমার শূরঃ—(ক) হ্যাঁ।

(খ) কমিশনারের পদে সদ্য নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে। নিযুক্ত আধিকারিক এখনও কাজে যোগদান করেন নি। কন্ট্রোলার অব অডিট নামে কোন পদ নেই—পদটির নাম কন্ট্রোলার অব ফিনান্স। এই পদে ওয়েষ্ট বেঙ্গল অডিট অ্যাণ্ড অ্যাকাউন্ট সার্ভিসের একজন প্রবীন আধিকারিককে নিযুক্ত করার জন্য অর্থ বিভাগকে লেখা হয়েছে। প্রার্থী বাছাই সম্পূর্ণ হলে নিয়োগপত্র প্রেরিত হবে। অনুরূপভাবে চীফ অডিটরের পদ পূরণের ব্যাপারে স্থির সিদ্ধান্ত শীঘ্রই নেওয়া হবে। এব্যাপারে বিলম্বের

কারণ প্রেরণযোগ্য উপযুক্ত আধিকারিকের স্বল্পতা। চীফ ইঞ্জিনীয়ার পদে নিয়োগের ব্যাপারে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের সঙ্গে যোগাযোগ স্থাপন করা হয়েছে। স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের অধীনস্থ মিউনিসিপ্যাল ইঞ্জিনীয়ারিং ডাইরেক্টরেট-এর কোন প্রবীণ আধিকারিককে উক্ত পদে নিয়োগের বিষয়টি বর্তমানে বিবেচনা করা হচ্ছে।

শ্রী কাশীনাথ মিশ্র :- মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে খালি পদ যেগুলি পূরণ করতে পারেন নি, তারজন্য হাওড়া কর্পোরেশানের কোনরকম অসুবিধার সৃষ্টি হচ্ছে কিনা?

শ্রী প্রশান্ত কুমার শূর :- নিশ্চয় এইসব অফিসার না থাকার জন্য কাদের অসুবিধার সৃষ্টি হচ্ছে।

শ্রী কাশীনাথ মিশ্র :- কি কি অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে?

শ্রী প্রশান্ত কুমার শূর :- এতো বিস্তৃতভাবে জানাতে পারবো না, তবে এখানকার মেয়র ইন কাউন্সিল আমাকে জানিয়েছেন যে কাজ করতে অসুবিধা হচ্ছে এবং এই অফিসারগুলি খুব তাড়াতাড়ি যাতে যোগদান করেন তার জন্য ব্যবস্থা নিতে বলেছেন।

[1.40 – 1.50 p.m.]

পানচাষীদের সরকারী অনুদান

* ১৮৮। (অনুমোদিত প্রশ্ন নং * ৯৮৭।) **শ্রী বিভূতিভূষণ দে :-** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দুঃস্থ পানচাষীদের সরকারী আর্থিক অনুদান দেবার কোন ব্যবস্থা আছে কি?

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে ১৯৮৪-৮৫ আর্থিক বছরে মোট কতজন পানচাষী এই সাহায্য পেয়েছেন? এবং

(গ) এই সাহায্যের পরিমাণ কত?

শ্রী কমল কান্তি গুহ—(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

শ্রী বিভূতিভূষণ দে :- মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এইরকম গুরুত্বপূর্ণ কৃষি যার সঙ্গে ১ লক্ষ কৃষক যুক্ত এবং ৫ লক্ষ কৃষি পরিবার যুক্ত সেই কৃষিকে কেন্দ্রীয় সরকার কি গুরুত্বপূর্ণ কৃষি সম্পদ বলে ঘোষণা করেছেন?

শ্রী কমল কান্তি গুহ :- আমার জানা নেই।

শ্রী বিভূতিভূষণ দে :- মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, প্রকৃতপক্ষে পানচাষীরা পানের ন্যায্য দাম পাচ্ছে না ফড়েরা মাঝখানে থাকার জন্যে এবং এরফলে ওদের পান ব্যবসার ক্ষতি হচ্ছে, এরজন্য সরকারের পক্ষ থেকে কোন উদ্যোগ নেওয়া হচ্ছে কিনা?

শ্রী কমলকান্তি গুহ :- আমরা এই ব্যাপারে বাগনান এবং তমলুকে নিয়ন্ত্রিত বাজার স্থাপন করার পরিকল্পনা নিয়েছি যাতে মধ্যবিত্তরা ওদের হাত থেকে রেহাই পায়।

ডাঃ মানস ভূঁইয়া :- মাননীয় মন্ত্রীমহাশয় জানালেন যে বাগনানে এবং তমলুকে ২টি পানের বাজার করবেন, আমার প্রশ্ন হচ্ছে তমলুকে রেগুলেটেড মার্কেট স্থাপন করার কি ব্যবস্থা নিচ্ছেন এবং কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্র থেকে যে কার্বন পার্টিকেল বেরোয় সেগুলি ছড়িয়ে পড়ে পানের বোরজের ক্ষতি করছে, তাকে রক্ষা করার জন্য আপনারা কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

শ্রী কমল কান্তি গুহ :- এই সম্বন্ধে অনুসন্ধান করে জানাতে পারবো।

শ্রী হাজারি বিশ্বাস :- মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এখানে সরকারী বাজার না থাকার জন্যে পানচাষীরা পান বিক্রি করার ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হচ্ছে এবং বঞ্চিত হচ্ছে। সুতরাং সরকারী উদ্যোগে জেলায় জেলায় বিভিন্ন পান বিক্রির বাজার করার পরিকল্পনা আছে কি?

শ্রী কমল কান্তি গুহ :- সমস্ত জেলায় করা সম্ভব নয়, আপাততঃ হাওড়ার বাগনানে এবং মেদিনীপুরের তমলুকে করার পরিকল্পনা নিয়েছি।

শ্রী কাশীনাথ মিশ্র :- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই পানচাষীদের আর্থিক দুরাবস্থা সম্পর্কে কোন আবেদনপত্র মাননীয় মন্ত্রীর কাছে তাঁর গোচরীভূত হবার জন্য এসেছে কি?

শ্রী কমল কান্তি গুহ :- বহু আবেদনপত্র এসেছে, সেই দিকে লক্ষ্য রেখে আমি এই পান চাষীদের দেওয়ার ব্যবস্থা করেছি। সার এবং অন্যান্য জিনিষ কেনবার জন্য ঋণ দেওয়ার ব্যবস্থা করেছি।

জলপাইগুড়ি জেলার বকসা দুর্গকে জাতীয় স্মারক করার দাবী

* ১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং * ৮৪৮।) **শ্রী মনোহর তিরকী :** স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার বক্সা দুয়ারে বকসা দুর্গকে সংস্কার করে জাতীয় স্মারক করার কোন দাবী কোন সংস্থা থেকে এসেছে কি; এবং

(খ) এসে থাকলে সরকার এ ব্যাপারে কি বিবেচনা করছেন?

শ্রী দেবব্রত বন্দোপাধ্যায়ঃ—(ক) এই জাতীয় একটি প্রস্তাব সম্প্রতি পাওয়া গিয়েছে।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

শ্রী মনোহর তিরকীঃ- মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, কি কি ধরণের প্রস্তাব ওনারা দিয়েছেন এবং সরকার কি বিবেচনা করছেন?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ- প্রস্তাবটি এনেছে একটি বেসরকারী সংস্থা বক্সা জাতীয় শারদ উদ্যাগ সংস্থা। অতি সম্প্রতি আমি তাদের বলেছি যে এই সংস্থাকে রেজিষ্ট্রি করবো এবং এই বিষয়ে পুনরায় কিছু কিছু ব্যক্তি সাজেশান রেখেছেন, সেই সাজেশানের মধ্যে রয়েছে একটি সংগ্রহশালা করার, একটি মিউজিয়াম এবং গবেষণা কেন্দ্র করার। অন্যান্য অনেক সংস্থা আর্থিক সাহায্য নিয়ে এগিয়ে আসতে উদ্যোগী হয়েছে এবং ১৯৩০ থেকে ১৯৩৭ সাল পর্যন্ত বহু বিপ্লবী সেখানে ছিলেন, সেই দিকে লক্ষ্য রেখে আমরা তাঁদের স্মৃতিকে স্মরণ করে পর্যটন দপ্তরের সঙ্গে কথা বলে স্মারক হিসাবে গ্রহণ করার জন্য চেষ্টা করছি।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ- বেসরকারী স্মারকলিপি যা পেশ করা হয়েছে তাতে বলা হয়েছে যে বন্দী নিবাস ছাড়া ইকোলজির পক্ষে এটা ভাল জায়গা, পর্যটকদের পক্ষে আকর্ষণীয় জায়গা। সুতরাং পর্যটন, ইকোলজি, এবং বক্সা দুর্গকে কেন্দ্র করে পর্যটন দপ্তরের সঙ্গে কথা বলে নিজস্ব উদ্যোগে জাতীয় স্মারক হিসেবে বক্সা দুর্গকে রূপান্তরিত করা যায় কিনা দেখবেন কি?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ- এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ট্রান্স মিউনিসিপ্যাল প্রোজেক্টে খরচের পরিমাণ

* ১৯০। (অনুমোদিত প্রশ্ন নং * ৮৯২।) **শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্য ঃ** মহানগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সি ইউ ডি পি-৩ পরিকল্পনা অনুযায়ী কয়টি ট্রান্স মিউনিসিপ্যাল প্রোজেক্ট হাতে নেওয়া হয়েছে;

(খ) এতে মোট কত টাকা খরচ করা হবে, এবং

(গ) ব্যারাকপুর মহকুমায় পানীয় জল সরবরাহ ও জল নিষ্কাশন পরিকল্পনা ঐ স্কীমের অন্তর্ভুক্ত আছে কিনা?

শ্রী প্রশান্ত কুমার শূরঃ—(ক) সি. ইউ. ডি. পি -৩ পরিকল্পনা অনুযায়ী ১৩টি ট্রান্স মিউনিসিপ্যাল প্রোজেক্ট হাতে নেওয়া হয়েছে।

(খ) ১৩টি ট্রান্স মিউনিসিপ্যাল প্রোজেক্টের অনুমিত ব্যয় ৩৮.২৩ লক্ষ টাকা।

(গ) ব্যারাকপুর শহরে পানীয় জল সরবরাহ ও জল নিষ্কাশনের ব্যবস্থা সি. ইউ. ডি. পি-৩-এর মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট প্রোজেক্ট (এম ডি পি)-এর অন্তর্গত।

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য ঃ- ১৯৮৪ ৮৫ আর্থিক বছরের মধ্যে এই স্কীমগুলির জন্য কত টাকা করচ হয়েছে?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- সম্পূর্ণ খবর বলতে পারবো না কারণ এর বেশিরভাগ কাজ করবে সেচ দপ্তর। বাগজলা-কেষ্টপুর খাল, অ্যান্টি ম্যালেরিয়া খাল, কেষ্টপুর পাম্পিং ষ্টেশন, গার্ডেনরীচ পাম্পিং ষ্টেশন, সলিড ওয়েষ্ট ম্যানেজমেন্ট, কোনা ট্রাকটর এন্ড মিনারেলস আমরা করছি। সি. এম. ডি. এ. ইতিমধ্যে জমি অধিগ্রহণ করেছে। ব্যারাকপুর দমদম এক্সপ্রেস ওয়ে, সার্দান এক্সপ্রেস ওয়ে, বরানগর কামারহাটি ট্রিটমেন্ট প্ল্যান্ট-এর জন্য ১৪ কোটি টাকা ব্যয় হয়েছে। জমি নেওয়া হয়েছে। শ্রীরামপুর ট্রিটমেন্ট প্ল্যান্টের খানিকটা কাজ হয়েছে। ৩৮ কোটি টাকার বেশিরভাগ কাজ করবে সেচ দপ্তর এবং একটা অংশ করবে সি. এম. ডি. এ.। কাজ এগিয়ে যাচ্ছে বলে আমরা জানি এবং সেচ দপ্তরের সঙ্গে আলোচনাও করছি।

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য ঃ- ব্যারাকপুর মহকুমার পানীয় জল সরবরাহের ব্যাপারে বললেন বরাহনগরে ট্রিটমেন্ট প্ল্যান্ট হয়েছে, জল নিষ্কাশন পরিকল্পনার ক্ষেত্রেও কাজ হচ্ছে, কিন্তু আমার যতদূর ধারণা যে কাজ শুরু হয়নি। ব্যারাকপুর মহকুমার সার্দান সাইডে জল নিষ্কাশন পরিকল্পনার কাজ কবে নাগাদ শুরু হবে?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- আমার যতদূর ধারণা এই পরিকল্পনার কাজ খানিকটা এগিয়ে গেছে। তবে স্পেসিফিক জানতে চাইলে পরে জানাব।

[1.40 - 1.50 P.M.]

শ্রীঅম্বিকা ব্যানার্জী ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আন্দুলের কাছে ট্রাক্টর এণ্ড মিনারাল্‌সের জন্য যে জমি অধিগ্রহণ করা হয়েছে তার মধ্যে কতটা জমি দরকার, কতটা জমি অধিগ্রহণ করা হয়েছে সে সম্বন্ধে আপনার কি কোন ধারণা আছে?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- সমস্ত জমি আমরা অধিগ্রহণ করতে পারিনি। আপনি বোধ হয় ইতিমধ্যে জানেন জমি অধিগ্রহণ করতে গিয়ে অনেক বাধা পেয়েছি এবং শুধু তাই নয় আমরা যেটুকু জমি অধিগ্রহণ করেছি তার উপর কারখানা হয়েছে, যে কারখানা আমাদের ভাঙ্গতে হয়েছে। এইভাবে জমি অধিগ্রহণের পথে অনেক বাধা, অনেক অন্তরায় আছে।

*১৯১। স্থগিত।

জনসংখ্যার ভিত্তিতে আই সি ডি এস সেন্টার

*** ১৯২।** (অনুমোদিত প্রশ্ন নং * ১০৭৩।) **শ্রীসুভাষ নস্কর ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রতি এক হাজার জনসংখ্যার ভিত্তিতে একটি করে আই ডি ডি এস সেন্টার করা সম্ভব হয় নি;

(খ) সত্য হলে, বর্তমান জনসংখ্যার ভিত্তিতে বাসন্তী ব্লকে আর কতগুলি সেন্টার দেওয়া যেতে পারে; এবং

(গ) কবে নাগাদ উক্ত সেন্টারগুলি দেওয়া হবে বলে আশা করা যায়?

শ্রী দেবব্রত বন্দোপাধ্যায়ঃ—(ক) ইহা সত্য নয়।

(খ) ১৯৮১ সালের জনসংখ্যা অনুযায়ী বাসন্তী ব্লকে ১৫৯টি সেন্টার দেওয়া হয়েছে।

(গ) অতিরিক্ত সেন্টার-এর প্রস্তাব সম্প্রতি পাওয়া গিয়েছে এবং এইগুলি সরকারের বিবেচনাধীন আছে।

শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আই সি ডি এস প্রকল্পে যা খরচ হয় সেই খরচের কত অংশ রাজ্যসরকার এবং কত অংশ কেন্দ্রীয় সরকার দেন?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ- সাধারণভাবে এক একটা প্রোজেক্টে ১৬ লক্ষ টাকা খরচ হয়ে থাকে। এই ১৬ লক্ষ টাকার মধ্যে ৯ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার দেন এবং ৭ লক্ষ টাকা আমরা খরচ করে থাকি।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে যন্ত্রাংশ ক্রয়

*** ১৯৩।** (অনুমোদিত প্রশ্ন নং * ১৮৫।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে ১৯৮৪ সালের ১লা জানুয়ারি থেকে ১৯৮৫ সালের ৩১শে জুলাই পর্যন্ত মোট কত টাকার যন্ত্রাংশ ক্রয় করা হয়েছে; এবং

(খ) এর মধ্যে কত টাকার টায়ার ক্রয় করা হয়েছে?

শ্রী রবীন মুখার্জী ঃ—ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে ১৯৮৪ সালের ১লা জানুয়ারী থেকে ১৯৮৫ সালের ৩১শে জুলাই পর্যন্ত মোট ১,৪৭,১১,৭১০ টাকার যন্ত্রাংশ ও টায়ার ক্রয় করা হয়েছে।

খ) এর মধ্যে ১,০১,৫৪,৬২৬ টাকার টায়ার ক্রয় করা হয়েছে।

শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে টায়ার ক্রয় করা হয় এটা কোন কোম্পানীর টায়ার?

শ্রী রবীন মুখার্জী ঃ- এই সম্বন্ধে এখনই উত্তর দিতে পারব না।

শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ- এই যে যন্ত্রাংশ ক্রয় করা হয় এই যন্ত্রাংশ ক্রয় করার ফলে উত্তরবঙ্গে বেশীর ভাগ সময় গাড়ী অচল হয়ে যাচ্ছে, বলা হচ্ছে যে টায়ার নেই, যন্ত্রাংশ নেই, এই সম্বন্ধে আপনার জানা আছে কি?

শ্রী রবীন মুখার্জী ঃ- শুধু যন্ত্রাংশ, টায়ারের অভাব আরো অনেক কিছুর অভাব আছে, যেমন অনেক সময় রাস্তা ঠিকমত অবস্থায় থাকে না সেজন্য গাড়ী বসে যায়।

শ্রী হবিবুর রহমান ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি পরিবহণের যন্ত্রাংশ কেনার এবং এর মান নির্ণয় করার কোন পদ্ধতি আছে কি না?

শ্রী রবীন মুখার্জী ঃ- এই সমস্তের জন্য বিধিবদ্ধ আইন আছে, সেই ভিত্তিতে করা হয়ে থাকে।

শ্রী অম্বিকা ব্যানার্জী ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে বহু কোটি টাকার স্পেয়ার পার্টস কিনলেন এর কত পার্সেন্ট স্পেয়ার পার্টস পশ্চিমবঙ্গে উৎপাদিত হয়েছে?

মি: স্পীকার ঃ- এটার জন্য নোটিস দিতে হবে।

পশ্চিমবঙ্গে অনগ্রসর পৌর এলাকাগুলির উন্নতিসাধনের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক অর্থ প্রদান

*** ১৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৩২।) **শ্রী সুভাষ চন্দ্র মহাতো এবং কাশীনাথ মিশ্র) ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অব স্মল অ্যান্ড মিডিয়াম টাউনস্-এর জন্য ষষ্ঠ যোজনাতে পশ্চিমবাংলার অনগ্রসর পৌর এলাকাগুলির উন্নতিসাধনের জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছেন তা সময়মত ব্যয় না করার জন্য ফেরত যাবার সম্ভাবনা আছে?

(খ) সত্য হলে, ষষ্ঠ যোজনায় অনগ্রসর পৌর এলাকার জন্য কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছে; এবং

(গ) উক্ত টাকা ষষ্ঠ যোজনাকালে ব্যয় করতে না পারার কারণ কি?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ—(ক) সম্ভাবনা নাই।

(খ) প্রশ্ন উঠে না। তবুও উল্লেখ করা হচ্ছে যে কেন্দ্রীয় সরকার মোট ৫ কোটি ২৪ লক্ষ ৩২ হাজার টাকা উক্ত প্রকল্প বাবদ দিয়েছেন।

(গ) উক্ত প্রকল্প-এর মেয়াদ ১৯৮৫-৮৬ সাল পর্যন্ত বর্ধিত করা হইয়াছে। আশা করা যায়, উক্ত সময়ের মধ্যে কেন্দ্রীয় সরকার প্রদত্ত বরাদ্দ সম্পূর্ণরূপে ব্যয় হইবে। কাজেই ষষ্ঠ যোজনাকালে উক্ত টাকা ব্যয় না করতে পারার প্রশ্ন ওঠে না।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ- ১৯৬১ সালে কেন্দ্রীয় সরকারের দেয় টাকার সাথে সাথে রাজ্য সরকারের দেয় টাকা অনগ্রসর পৌরএলাকাগুলিকে যে পরিমাণ টাকা দেওয়া প্রয়োজন সেই টাকা দেবার দেরী হবার কারণ কি?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- এই টাকা দেওয়া সম্ভব হয় নি অর্থাৎ টাকা সম্পূর্ণ ব্যয় করতে পারা যায় নি। আমি এখানে বলে দিই আমরা যেখানে ৪০ কোটি টাকা চেয়েছিলাম সেখানেও মাত্র আমরা ৫ কোটি টাকা পেয়েছি। আমরা ব্যয় করতে পারি নি টাকা তার মূল কারণ হচ্ছে জমি অধিগ্রহণ করতে পারিনি। সেখানে অনেক অসুবিধা আছে। জমি অধিগ্রহণ করতে গিয়ে অনেক মামলা মোকর্দমার সম্মুখীন হতে হয়। তাই দেরী হচ্ছে।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ- এই যে Integrated Development of Small and Medium Towns Scheme-এই অনুমোদন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসে নি। কিন্তু যে যে পরিকল্পনাগুলি নেওয়া হবে ঐ অনুন্নত পৌর সভার ক্ষেত্রে সেখানকার স্থানীয় উন্নয়নের জন্য রাজ্য সরকার সেই ব্যাপারে ত্বরান্বিত হচ্চে না কেন?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- ঐসব পৌরসভার স্কিমগুলিকে কার্য করার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করেছি। কিন্তু টাকার অভাবের মূল কারণ যে কেন্দ্রীয় সরকার যে টাকা দেবার কথা তা আমরা পাচ্চি না।

শ্রী ভূপেন্দ্র নাথ শেঠ ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ইনটিগ্রেটেড Development of Small Towns Scheme যে সমস্ত পরিকল্পনা নেওয়া হচ্ছে সেইসব পরিকল্পনা গ্রহণ করে কিভাবে অগ্রসর হচ্ছে। এবং যদি আইডেন্টিটিফাই করে থাকে এই স্কীমের যাবার সে সম্বন্ধে কি পদ্ধতি নিয়েছেন?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ - কেন্দ্রীয় সরকারের নির্দেশাবলী আছে একটা গাইড লাইন আছে। সেই গাইড লাইন অনুসারে মিউনিসিপ্যাল ইঞ্জিনীয়ারিং ডাইরেক্টরেট পরিকল্পনা করেন এবং সেটা কেন্দ্রে পাঠাতে হয়। এবং কেন্দ্রীয় সরকার তার সাথে সাথে কিছু কিছু অর্থ দিতে থাকে এবং সেইভাবেই অর্থ ব্যয় হয়।

মেদিনীপুর সেন্ট্রাল জেলে কয়েদীর সংখ্যা

* ১৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪৬।) **শ্রী বঙ্কিম বিহারী মাইতি ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৫-৮-১৯৮৫ তারিখে মেদিনীপুর সেন্ট্রাল জেলে কয়েদীর সংখ্যা কত?

(খ) এর মধ্যে মহিলা কয়েদীর সংখ্যা কত;

(গ) উক্ত তারিখে স্বাধীনতা দিবস উপলক্ষে উক্ত সেন্ট্রাল জেল হইতে কিছু কয়েদীকে মুক্তি হইয়াছে কি; এবং

(ঘ) 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, এর সংখ্যা কত?

শ্রী দেবব্রত বন্দোপাধ্যায়ঃ—(ক) ৭৫৩ জন।

(খ) ৪৩ জন।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

[1.50 - 2.00 P.M.]

শ্রী বঙ্কিম বিহারী মাইতি ঃ- এই মহিলা বন্দীদের মধ্যে কতজনের সাজা হয়েছে এবং এখনো কতজন আন্ডার ট্রায়াল হিসাবে আছে, বলবেন?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ- সাজাপ্রাপ্ত বন্দী হচ্চে ৯০৬ জন, বিচারাধীন হচ্ছে ৩১০ জন। সাজাপ্রাপ্তদের মধ্যে ৭০৩ জন পুরুষ, ২০৩ জন মহিলা। আর বিচারাধীন বন্দীর মধ্যে ৩৫ জন মহিলা, আর ২৭৫ জন পুরুষ।

শ্রী বঙ্কিম বিহারী মাইতি ঃ- মহিলাদের মধ্যে সব চেয়ে অল্প বয়সী কত জন আছে এবং তাদের কি জন্য রাখা হয়েছে?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ- নোটিশ পেলে আমি বলে দিতে পারতাম। তবুও আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি, ১৮ বছরের মেয়েদের সামনের দু মাসে জেলে আর রাখব না।

Dr. Zainal Abedin :- Will the Hon'ble Minister-in-charge of Jail be pleased to stated as to the standard, criteria, consideration and the grounds which prompted the State Government to come to the conclusion to release the prisoners from jails?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ- বন্দীদের রিলিজ করার ব্যাপারে সাধারণভাবে যে পরিমাণ জেল খাটল তার রেমিসনের সময় ১৪ বছর পূর্ণ হয়ে গেলেই জেল থেকে জুডিসিয়্যারির কাছে তার জন্য সুপারিশ করা হয়। জুডিসিয়্যারি সেটা অনুমোদন না করলে আবার ২০ বছর যখন পূর্ণ হয়ে যায় তখন অর্থাৎ আবার ৬ বছরের মত হয়ে গেলে রেমিসনের সুপারিশ করা হয়। সেই সুপারিশ করার পরে জুডিসিয়্যারি সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট, এস. পি. ইত্যাদির সঙ্গে আলোচনা করেন এবং বিশেষ করে সুপ্রীম কোর্টের সর্বশেষ রুলিং হচ্ছে শেষ ৩ বছর কোড অব কন্ডাক্ট জেলে কি রকম ছিল সেটাই বিশেষ ভাবে বিচার বিবেচনা করে দেখতে হবে। মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে আমি জানিয়ে দিতে চাই যে, ইতিমধ্যেই আমরা ৫০/৬০ জনকে মুক্তি দিয়েছি।

ট্রাম-গাড়ি সংগ্রহের পরিকল্পনা

* ১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং * ৪৮৬।) **শ্রীনীরোদ চৌধুরী ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৫-৮৬ সালে রাজ্য সরকারের কতগুলি ট্রাম-গাড়ি সংগ্রহের পরিকল্পনা আছে?

শ্রী রবীন মুখার্জী:—যদিও ২৫টি ট্রামের অর্ডার দেওয়া হচ্ছে এই আর্থিক বছরে সেগুলি সম্ভবত পাওয়া যাবে না।

শ্রী নীরোদ রায় চৌধুরী ঃ- আপনি বললেন ২৫টি নতুন ট্রামের অর্ডার দেওয়া হয়েছে। কিন্তু আমরা দেখছি যে ট্রামগুলি চলছে সেগুলি প্রায় অকেজো হয়ে গেছে। এই অকেজো ট্রামগুলির পরিবর্তে ঐ ট্রামগুলি কি শীঘ্রই পথে নামবে?

শ্রী রবীন মুখার্জি ঃ- কলকাতায় যে ট্রামগুলি আছে এই ২৫টি হচ্ছে তারই রিপ্লেসমেন্ট এবং এই পুরানো ট্রামগুলির বয়স ৬০ বছর অতিক্রান্ত হতে চলেছে। প্রধানত: এরই রিপ্লেসমেন্ট হচ্ছে।

শ্রী নীরোদ রায় চৌধুরী ঃ- নতুন কোন লাইন কলকাতার মধ্যে তৈরী করার কোন পরিকল্পনা আপনার আছে কি?

মি: স্পীকার:- এই প্রশ্ন থেকে এটা আসে কি, মি: রায় চৌধুরী? এটা আমি এ্যালাও করতে পারি না। নট এ্যালাউড্।

শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় ঃ- আপনি বললেন ১৯৮৫/৮৬ সালে ২৫টি নতুন ট্রামের অর্ডার দেওয়া হয়েছে, বোধ হয় পাওয়া যাবে না। আপনি বলেছেন বোধ হয় এই বছর পাওয়া যাবে না। কি কারণে পাওয়া যাবে না, বলবেন?

শ্রী রবীন মুখার্জি ঃ- আমি তো বলি নি পাওয়া যাবে না। আমি বলেছি সম্ভবত: এই বছরের মধ্যে সেগুলি সরবরাহ করা যাবে না। সাধারণ ভাবে অর্ডার গেলে পেতে পেতে ৯/১০ মাস সময় লাগে। এবং ৯/১০ মাসের মধ্যে ট্রামগুলি সরবরাহ হতে শুরু হয়, একসঙ্গে সব হয় না। সেইজন্য আশংকা করা হচ্ছে, মার্চ মাসে যে আর্থিক বছর শেষ হতে চলেছে তার মধ্যে সম্ভবত: এগুলি পাওয়া যাবে না।

শ্রী আবদুর রউফ আনসারি :- মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, ট্রামের ডেভালপমেন্টের জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে আজ পর্য্যন্ত কত টাকা সাহায্য পেয়েছেন?

মি: স্পীকার ঃ- It is not relevant. The question is disallowed.

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ- মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে নতুন ট্রামগুলি এ বছর না হলেও সামনের বছর আসতে পারে। আমাদের ট্রামগুলি খুবই মন্থর গতি সম্পন্ন। ট্রামগুলিকে আধুনিক, যুগপোযোগী এবং দ্রুতগতির করার জন্য অন্যান্য দেশে যেমন পেন্টোগ্রাফ সিসটেম চালু করা হয়েছে। আমাদের এখানে যদিও রাস্তাগুলি খুবই কনজেস্টেড তবুও যে জায়গাগুলি ফাঁকা আছে সেখানে দ্রুতগতির ট্রাম চালু করার জন্য এই প্রথা চালু করার কথা ভাবছেন কি?

শ্রী রবীন মুখার্জি ঃ- অকস্মাৎ কোন পরিকল্পনার কথা বললে তো হবে না। কোলকাতার রাস্তায় যে ট্রাম চলছে তাতে এটাকে আরো ফাষ্ট মুভিং করার মতন আছে কি?

কোচবিহার জেলায় ত্রাণ ও সমাজকল্যাণ দপ্তর পরিচালিত আশ্রম

*১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং * ১১৮১।) **শ্রীবিমলকান্তি বসু ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলায় ত্রাণ ও সমাজকল্যাণ দপ্তরের পরিচালনাধীন কোন আশ্রম চালু আছে কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, উক্ত জেলায় ঐ জাতীয় আশ্রমের সংখ্যা কত;

(গ) বর্তমানে উক্ত আশ্রমগুলিতে কত সংখ্যক শিশু, কিশোর ও কিশোরী আছে; এবং

(ঘ) এই আশ্রমবাসীদের জন্য মাথাপিছু মাসিক কত টাকা ব্যয় করা হয়?

শ্রী দেবব্রত বন্দোপাধ্যায়:—(ক) হ্যাঁ।

(খ) ২ (দুই)।

(গ) ৫৮ (আটান্ন) জন।

কিশোর-কিশোরী—১৫।

শিশু—৪৩।

মোট—৫৮।

(ঘ) ১২৫ (এক শত পাঁচশ) টাকা।

জলে সেস বসানোর প্রস্তাব

*** ১৯৮।** (অনুমোদিত প্রশ্ন নং * ১০৪৪।) **শ্রী সমর মুখার্জি ও শ্রী কাশীনাথ মিশ্র ঃ-** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, জল দূষণ নিয়ন্ত্রণ বোর্ড জলে সেস বসানোর জন্য রাজ্য সরকারের পৌর ও উন্নয়ন দপ্তরকে যে প্রস্তাব দিয়েছিলেন তা কার্যকরী করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রী প্রশান্ত কুমার শূরঃ-পরিবেশ দপ্তরের প্রস্তাবমতো আমরা পৌর সংস্থাগুলিকে তাঁদের বাজেটে 'সেস' বাবদ টাকা দেবার ব্যবস্থা রাখতে এবং ইতিমধ্যেই প্রাপ্য বকেয়া 'সেস' যথাসম্ভব শীঘ্র মিটিয়ে দেবার জন্য অনুরোধ করেছি।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই সেস যা ধার্য করা হচ্ছে তা নিরূপণ করার পদ্ধতি কি?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- আমরা সেস ধার্য করার কথা বলি নি। আমরা পৌরসভাগুলিকে বলেছি, তাদের বাজেটে সেস বাবদ যেন টাকা ধরে রাখা হয় এবং বকেয়া যদি তাদের দেয় থাকে সেই টাকাটা তারা যেন দেয়।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, মিউনিসিপ্যালিটিগুলিকে সেস বাবদ যে টাকা ধরে রাখতে বলেছেন সেটা কি কারণে বলেছেন?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- এইজন্য বলেছি যে নতুন করে কোন সেস ধার্য করা হোক আমরা সেটা এখন চাইছি না। কারণ মিউনিসিপ্যালিটিগুলি যেভাবে এখন নাগরিকদের উপর থেকে ট্যাক্স আদায় করে তার উপর নতুন করে সেস বসাবার এখন আমরা বিরোধী।

শ্রী আবদুর রউফ আনসারি ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে নাগরিকদের উপর অনেক ভার পড়েছে কাজেই আর নতুন করে সেস বসানোর তাঁরা বিরোধী। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, মিউনিসিপ্যালিটিগুলির এখন যা ইনকাম তা কি সাফিসিয়েন্ট, তাদের কি নতুন করে আর ঋণ বা হেল্পের প্রয়োজন হবে না?

শ্রী প্রশান্ত কুমার শূর ঃ- সাফিসিয়েন্ট আমরা বলিনি, তাদের অভাব-অনটন আছে। আমরা বলেছি, আবার নতুন করে সেস নাগরিকদের উপর ধার্য করা আমরা এখন চাইছি না।

মিঃ স্পীকার ঃ- The question hour is over.

ADJOURNMENT MOTION

[2.00 - 2.10 P.M.]

Mr. Speaker :- To-day I have received three notices of Adjournment motion. The first is from Shri Kashinath Misra and Shri Anup Kumar Chandra on the subject of deplorable condition fo transport system in the State. The second is from Shri Dhirendra Nath Sarkar on the subject of allegations against Badminton Association of West Bengal for misappropriation of money and the last is from Shri Samar Mukherjee on the subject of backwardness in tribal societies due to various superstitions in certain areas in Malda district.

The subject matters of the motions do not call for adjournment of the business of the House. The Members may draw the attention of the Ministers concerned through Calling Attention, Mention etc. I, therefore, withhold my consent to all the motions.

One Member of the party may, however, read out the text of the motion as amended

শ্রী কাশীনাথ মিশ্র ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল -

কলকাতাসহ সারা পশ্চিমবাংলায় সরকারী ও বেসরকারী পরিবহণ ব্যবস্থা ভেঙে পড়েছে। গত পাঁচ মাসে বাস দুর্ঘটনায় মৃতের সংখ্যা ২০০ জনের উপর। সি. এস টি সি., ডি এস টি সি ও এন বি. এস. টি. সি র বাসের সংখ্যা দিন দিন হ্রাস পাচ্ছে, ফলে বাসযাত্রীদের দুর্ভোগ বেড়েই চলেছে। তাছাড়া বিনা নোটিশে হঠাৎ রুট থেকে সরকারী ও বেসরকারী বাস চলাচল বন্ধ করা হয়। এর ফলে লক্ষ লক্ষ যাত্রীদের অশেষ দুর্ভোগ ভোগ করতে হয়।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker :- I have received 8 notices of Calling Attention, namely :-

1. Death of an officer and injury to some other persons in the office of Deputy Chief Controller, explosive on 16.9.85 at Esplanade East, Calcutta,-Shri Asok Ghosh, Shri Kashinath Misra and Shri Dhirendranath Sarkar.

2. Death of a New-born baby by dog-bite in Raigange Sub-Divisional Hospital on 3.9.85.-Shri Dipendra Barman.

3. Suspension of 57 primary teachers in the Malda District on the ground of producing fake certificate,-Shri Samar Mukherjee.

4. Disterbance in milk supply in Greater Calcutta, Durgapur and Assansol.-Shri Kashinath Misra and Shri Anup Kumar Chandra.

5. Panic amongest the people of Kandi, Murshidabad District after gun-loot on 5.9.85.-Shri Bankim Tribedi.

6. Disterbances in Kalyani University.-Shri Jayanta Kumar Biswas.

7. Dead body of a unknown youtn found at Howrah Station on 15.9.85.-Shri Shish Mohemmad.

8. Lathi-charge by the police on 16.9.85 at the Calcutta Municipal Corporation.-Shri Saral Deb.

I have selected the notice of Shri Ashok Ghosh, Shri Kashinath Misra and Shri Dhirendranath Sarkar on the subject of 'Death of an officr and injury to some other persons in the office of Deputy Chief Controller, explosive on 16.9.85 at Esplanade East, Calcutta."

The Minister-in-charge will please make a statement today, if possible or give a date.

Shri patit Paban Pathak :-এটা ২০ তরিখে দেব।

Dr. Zainal Abedin :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কাগজে দেখলাম যে হেমতাবাদ থানা পাটচাষীরা এ্যাটাক করেছে। because the price of Jute has fallen to a low level. While the Minister was passing in his presence a group of mob attacked Hemtabad Thana of West Dinajpur. This is a serious incident. Minister was pleased to intervene into the matter. I request the Minister to make a statement under rule 346 in the House.

Mr. Speaker : He has already made a statement in the House on jute.

[2.10 - 2.20 P.M.]

MENTION CASES

শ্রী দেবপ্রসাদ সরকার :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন সমগ্র মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। ভারতবর্ষে দিল্লী এবং অন্ধ্র সহ ভারতবর্ষের প্রান্তে প্রান্তে নাগরিকদের স্বাধীনতা, নাগরিক অধিকারের উপর শাসক দল, পুলিশ প্রশাসনের ক্রমবর্ধমান আক্রমণ খুবই উদ্বেগজনক। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি পাঞ্জাবের ঘটনা সম্পর্কে প্রকাশিত যে পুস্তিকা, এই পুস্তিকাটি ব্যান করে দেওয়া হয়েছে এবং এই পুস্তিকা প্রকাশের পর পাঞ্জাব সম্পর্কে ভারত সরকারের শ্বেতপত্র প্রকাশিত হয়েছিল, সেই সম্পর্কে জনমানসে যে সংশয় দেখা দিয়েছে এবং এর ফলে আজকে এই পুস্তিকার যিনি প্রকাশক সিটিজেনস্ অব ডেমক্রাসির সম্পাদক এন. ডি. পঞ্চালি এবং এই পুস্তিকার মুদ্রক ওম প্রকাশ গুপ্ত—তাঁদের রাষ্ট্রদোহিতার অপরাধ, এই অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এছাড়াও আপনি জানেন যে নভেম্বর মাসে দিল্লীতে যে রক্তস্নাত ঘটনা ঘটেছিল, সেই সম্পর্কে পিপল্স ইউনিয়ন ফর সিভিল লিবার্টি এবং পিপলস্ ইউনিয়ন ফর ডেমক্রাটিক রাইটস্, তারা যে রিপোর্ট প্রকাশ করেছেন, সেই সম্পর্কে কেন্দ্রের কংগ্রেসী সংসদ সদস্যরা যে উদ্দেশ্য প্রণোদিতভাবে এদের বিরুদ্ধে, এই সিভিল লিবার্টি অর্গানাইজারদের বিরুদ্ধে কুৎসা প্রচার করে যাচ্ছেন এবং অতি সম্প্রতি অন্ধ্রপ্রদেশে সিভিল লিবার্টির সহসভাপতি ড· রমানাথনকে তাঁর চেম্বারে ঢুকে পুলিশ যেভাবে হত্যা করেছে, এই সমস্ত ঘটনাগুলো একটা অত্যন্ত নির্মম সত্য প্রকাশ করছে। আমাদের শাসক দল আজকে সংবিধানে প্রদত্ত যে অধিকাব, নাগরিক অধিকার এবং নাগরিক স্বাধীনতা, এই অধিকার এবং স্বাধীনতার মর্যাদা দেওয়া তো দূরে থাক, তাবা দু পায়ে পদদলিত করছে, সেটা খুব উদ্বেগজনক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিজে এটা স্বীকার কববেন আজকে টেরারিস্ট এ্যান্ড ডিজরাপটিভ একটিভিটিজ প্রিভেনশন এ্যাক্ট যেটা টেরারিজমের বিরুদ্ধে ফাইট করার জন্য প্রণয়ন করা হয়েছে বলা হচ্ছে, অথচ দেখা যাচ্ছে এই এ্যাক্ট প্রাক্টিক্যালি সিভিল লিবার্টি, তাকে খর্ব করার জন্য প্রয়োগ করা হচ্ছে এবং সত্যি যদি আজকে টেরারিস্ট এ্যান্ড ডিজরাপটিভ এ্যাক্টিভিটিজ প্রিভেনশন এ্যাক্ট-এ ভারতবর্ষে যদি প্রথম কাউকে অভিযুক্ত করতে হয় এবং তার জন্য গ্রেপ্তার করতে হয়, তিনি হচ্ছেন কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রী, হোম মিনিষ্টার, যিনি বলছেন আসাম চুক্তি সম্পর্কে যে আসাম চুক্তির পর সেখানকার অসমীয়া যারা, যদি পশ্চিমবাংলায় আশ্রয় নিতে আসে, তাহলে পশ্চিমবাংলার জনগণ তাদের রুখে দাঁড়াবে, তাহলে এর দ্বারা এক সেকশন অব পিপলকে আর এক সেকশন অব পিপ্লের বিরুদ্ধে ইনস্টিগেট করা হচ্ছে। টেরারিস্ট এ্যান্ড ডিজরাপটিভ এ্যাক্টিভিটিজ-এর মধ্যে এটা কি পড়ে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি বলতে চাই এই হাউস থেকে একটা মোশন নেওয়া হোক, আজকে যেভাবে নাগরিক অধিকারের উপর আক্রমন নেমে আসছে, যে ভাবে ব্যক্তি সন্ত্রাসের থেকেও আরও মারাত্মক ব্যাপ্তি নিয়ে রাষ্ট্রীয় সন্ত্রাস গোটা দেশর নাগরিকের স্বাধীনতা এবং অধিকারের উপর আক্রমণ নেমে এসেছে, আজকে তার নিন্দা করবেন এবং ড: পাঞ্চালি এবং ওমপ্রকাশ গুপ্ত তাদের উপর যে সমস্ত মামলা এবং অভিযোগ আনা হয়েছে, তা প্রত্যাহার করার দাবী জানিয়ে এবং ঐ পিপ্লস ইউনিয়ন ফর সিভিল লিবার্টিজ এ্যান্ড ডেমক্রাটিক রাইট্স, তাদের বিরুদ্ধে যে কুৎসা এবং অপপ্রচার হচ্ছে কংগ্রেসের পক্ষ থেকে, সেইগুলো অবিলম্বে বন্ধ করার দাবী জানিয়ে এই সভা থেকে একটা প্রস্তাব গ্রহণ করা হোক, আমি আপনার মাধ্যমে এই প্রস্তাব গ্রহণ করতে অনুরোধ জানাচ্ছি।

ডা: সুশোভন ব্যানার্জি :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমার বক্তব্য হচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয় সম্পর্কে। আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে বর্ধমান বিশ্ববিদ্যালয় পশ্চিমবঙ্গের দ্বিতীয় বৃহত্তর বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয় আজকে চরম অব্যবস্থার মধ্যে রয়েছে। আকারে প্রকারে এটা দ্বিতীয় বৃহত্তর হলেও ওখানে পঠনপাঠনের কোন সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে না। ওখানে গ্রামবাংলার ৬৫টি কলেজের ছাত্রছাত্রী আছে, তারা আজকে এই বর্ধমান

বিশ্ববিদ্যালয়ের আওতায় রয়েছে। অথচ ওখানে লাইব্রেরী নেই, ভাল ক্লাশ রুম নেই, ল্যাবরেটরি নেই এবং ভাল ছাত্রাবাস পর্যন্ত নেই। আমাদের সবচেয়ে অবাক লাগে যখন দেখি প্রতিদিন বুদ্ধিজীবিরা, সাংবাদিকরা, রাজনৈতিক নেতারা কলকাতা বিশ্ববিদ্যালয় নিয়ে যত চিন্তা-ভাবনা করছেন, বক্তৃতা দিচ্ছেন তখন বর্ধমান বিশ্ববিদ্যালয়নিয়ে তার এক শতাংশ চিন্তা-ভাবনা করছেন না। তা যদি করতেন তাহলে গ্রামবাংলার ১ লক্ষ যুবক-যুবতী, ছাত্র-ছাত্রীরা তাঁদের কাছে ঋণী থাকত। আমি গ্রামবাংলার প্রতিনিধি, তাই আমি গ্রামবাংলার এক লক্ষ ছাত্র-ছাত্রীর কথা উচ্চ-শিক্ষামন্ত্রীর কাছে রাখছি। তিনি অবিলম্বে এ বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের দৃষ্টি আকর্ষণ করুন এবং বর্ধমান বিশ্ববিদ্যালয় যাতে ভালভাবে চলে তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

(গোলমাল)

(এই সময়ে একাধিক কংগ্রেস সদস্য দাঁড়িয়ে উঠে কিছু বলা চেষ্টা করেন।)

শ্রী আবদুল মান্নানঃ— স্যার, সভায় একজনও মন্ত্রী উপস্থিত নেই। এই ভাবে হাউস চলতে পারে না।

মিঃ স্পীকারঃ—পতিতপাবন বাবু, মন্ত্রীদের ডাকার ব্যবস্থা করুন।

শ্রী পতিত পাবন পাঠকঃ—স্যার, মন্ত্রী তাঁদের ঘরে আছেন এবং সেখানে বসে সব শুনছেন। তবুও আমি তাঁদের এখানে আসার জন্য খবর পাঠাচ্ছি।

শ্রী মহঃ বাক্কা মুন্সীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকার রানগোয়িন ঘুরে সোনাপুর যাবার সোনাপুর থেকে কাছাখালি এবং কাছাখালি ভায়া সেবকগোছের ঘাট পর্যন্ত যে বিস্তৃত ১৪ থেকে ১৬ মাইল কাঁচা রাস্তা রয়েছে, সে রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। অবিলম্বে এ রাস্তাটিকে পাকা করার ব্যবস্থা করা প্রয়োজন। তা না হলে এ এলাকার মানুষের খুবই অসুবিধা হচ্ছে। এটা পাকা করা হলে ওখানকার মানুষদের খুবই সুবিধা হবে, সেই জন্য আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং রাস্তাটি পাকা করার জন্য তাঁকে অনুরোধ করছি।

শ্রী শান্তি মোহন রায়ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে চাঁপাডাঙ্গার পশ্চিম পাড়ে দামোদরের যে বাঁধটি আছে সেটির উপর দিয়ে পারভূরশীতে থেকে খুশিপুর পর্যন্ত ১৮/১৯ কিলো মিটার দীর্ঘ যে রাস্তাটি আছে, তার মাত্র ২ মাইল রাস্তার উপর খোয়া পড়েছে, বাদ বাকি রাস্তাকে পাকা করার জন্য কোনো ব্যবস্থা নেওয়া হয়নি, সমস্তটাই কাঁচা রয়ে গেছে। অথচ তার উপর দিয়ে গাড়ি চলছে, লরী চলছে। ফলে ঐ অঞ্চলের মানুষের পক্ষে ঐ রাস্তা দিয়ে যাতায়াত করা দুর্গম হয়ে পড়েছে। তাই আমি আপনার মাধ্যমে এ রাস্তাটির প্রতি পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পীকারঃ—শান্তি বাবু, আপনি কি বিষয়ের উপর আমার কাছে মেনশন লিখে দিয়েছেন?

শ্রী শান্তি মোহন রায়ঃ—দামোদরের বাঁধের বিষয়ে।

মিঃ স্পীকারঃ—না। আপনি আমার কাছে লিখে যেটা জমা দিয়েছেন মেনসন হিসাবে তাতে প্রাইমারী স্কুলের শিক্ষক নিয়োগের ব্যাপার উল্লেখ করেছেন। সুতরাং আপনি যেটা বলছেন, ওটা বলতে পারেন না। আপনি বসুন।

শ্রী স্বাত্বিক কুমার রায়ঃ—মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, তবে আমি জানি না এই মেনশনের মধ্যে দিয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে পারব কিনা! আগেও মেনসন করেছি, এ জাতীয় বিষয়ে বলেছি, কিন্তু কোনো প্রতিকার হয়নি। তবুও আজ আবার বলছি।

স্যার, বীরভূম জেলার নলহাটি থানায় যে হেলথ সেন্টারটি আছে, সেটি অত্যন্ত দুরবস্থার মধ্যে রয়েছে। সেটির দুরবস্থার কথা কল্পনাও করা যায় না। নলহাটি থানা অঞ্চল বিহার রাজ্যের পাশেই অবস্থিত, যার ফলে ঐ স্বাস্থ্য কেন্দ্রে বিহার থেকেও রোগীরা চিকিৎসার জন্য আসে। কিন্তু সেখানে এমনই অবস্থা যে, শয্যার ব্যবস্থা পর্যন্ত নেই, খাট নেই, বিছানা নেই। একটা জঘন্য অবস্থা চলছে। ওখানে ইতিপূর্বে একটি এ্যামবুলেন্স ছিল, কিন্তু দীর্ঘ দিন সেটি খারাপ হয়ে পড়ে আছে, সেটি মেরামত করার কোন ব্যবস্থা হয়নি, ফলে প্রয়োজনে কোনো রোগীকে সাব-ডিভিসনাল হসপিটালে নিয়ে যাবার মত কোনো ট্রান্সপোর্ট বা এ্যামবুলেন্স নেই। কোনো রোগীকেই সিফট করা সম্ভব হচ্ছে না। এই অবস্থায় আমি এই বিষয়টির প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে সমস্ত রকম অব্যবস্থার প্রতিকার দাবী করছি। অবশ্য আমি জানি না উনি আমার এই দাবী মেটাবেন কিনা।

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য্যঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আসানসোল গার্লস কলেজের একটি গুরুতর সংকটের দিকে আপনার মাধ্যমে সভার এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ঐ কলেজটিতে অনেকগুলি অচলাবস্থা সৃষ্টি হয়েছে। মূখ্যত; গর্ভনিং বডি যাদের নিতে বলছেন অধ্যক্ষা উপযুক্ত গুণসম্মত মনে না করায় নিতে পারছেন না, ফলে পঠন-পাঠনের অচলাবস্থা। সরকারের বরাদ্দকৃত অর্থ যথাসময়ে না পৌছানোর জন্য আর্থিক অচলাবস্থা এবং যেহেতু গর্ভনিং বডির মনোনীত সদস্যদের বা মনোনীত ব্যক্তিদের নিয়োগ করতে অস্বীকার করেছেন উপযুক্ত যোগ্যতা হীনতার কারণে সেইহেতু অধ্যক্ষা মহাশয়া মার খেয়ে অচলাবস্থা। তিনি এস. পির বাড়ীর সামনে মার খেয়েছেন। তাঁকে পুলিশ ভ্যানে করে ওখান থেকে নিয়ে গিয়ে হাসপাতালে রাখতে হয়েছে। গর্ভনির বডির অধিকাংশ সদস্য অবশ্যই সি.পি.এমের এবং তারই ফলে অচলাবস্থা সৃষ্টি হয়েছে। আমি আপনার মাধ্যমে এই অচলাবস্থার নিরসনের জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কমলা কান্ত মাহাতোঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষযটি হচ্ছে, পুরুলিয়া জেলায় চাকানদীর উপর ধবনী সেচ প্রকল্পের কাজ ১৯৮১ সাল থেকে বন্ধ আছে। এই সেচ প্রকল্পের কাজ কেন বন্ধ আছে তা জানার জন্য বিগত বাজেট অধিবেশনে আমি প্রশ্ন দিয়েছিলাম কিন্তু কোন উত্তর পাইনি। সেই কারণে মেনসান আকারে সভায় উপস্থিত করতে হচ্ছে। বর্তমানে অবস্থাটা হচ্ছে, এই প্রকল্পটি রূপায়নের জন্য যে সমস্ত সরঞ্জাম ছিল সেগুলি নষ্ট হতে বসেছে। এমনকি যে ঘরগুলি অসম্পূর্ণ অবস্থায় ছিল সেই সমস্ত ঘরের ইটগুলি গ্রামের বাসিন্দারা খুলে খুলে নিয়ে গিয়ে নতুনভাবে

তাদের বাড়ী তৈরী করছে। এই অবস্থায় মাননীয় সেচ মন্ত্রীর কাছে আমার আবেদন, অনতিবিলম্বে ঐ সেচ প্রকল্পের কাজটি শেষ করুন। বিশেষকরে মানবাজার এবং পুনচা থানা হচ্ছে সব চেয়ে খরা-প্রবণ এলাকা। সেইজন্য ঐ প্রকল্পটির কাজ তাড়তাড়ি শেষ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী অম্বিকা ব্যানার্জীঃ—মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সমস্ত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। হাওড়া জেলায় শরৎ সদন বহু আকাংখিত। যখন সমস্ত ব্যবস্থা ঠিক হয়ে গেল, আর্কিটেক্ট দিয়ে যখন বহু টাকা খরচ করে হাওড়া ময়দানের একটা কোণে সিভিল ডিফেন্সের অধিকৃত জায়গায় শরৎ সদন হবার কথা হল, যখন হাওড়ার দুই মন্ত্রীর সামনে এবং সকলের সামনে আর একজন মন্ত্রী শ্রীরাম চ্যাটার্জী মহাশয় সিভিল ডিফেন্সের অধিকৃত খানিকটা জায়গা দেবেন বলে স্বীকৃত হলেন, তখন দেখা যাচ্ছে এই বিষয়টি নিয়ে টাল-বাহানা চলছে এবং আজও পর্যন্ত জমি তিনি দিলেন না। এখন আমরা শুনছি, জেলা ম্যাজিসট্রেট হাওড়া সেন্টিনারী পার্কের খানিকটা অংশ নিয়ে শরৎ সদন তৈরী করার ব্যবস্থা করছেন। এই সেন্টিনারী পার্কটা বহু ঐতিহ্যপূর্ণ, এছাড়া খেলার মাঠও বটে। এই খেলার মাঠদখল করে সেখানে শরৎ সদন হবার কথা শুনে সেখানকার মানুষ অত্যন্ত উত্তেজিত হয়ে পড়েছেন। আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, হাওড়া সেন্টিনারী পার্কের শরৎ সদন না করে সিভিল ডিফেন্সের স্বীকৃত জায়গায় শরৎ সদন করা হোক।

শ্রী নটবর বাগদীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী, মন্ত্রী সভার এবং আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। দেরীতে হলেও, গত পরশু দিন পুরুলিয়া জেলার মধুকুণ্ডা এবং শুনুড়িতে বৃহত পরিমান কয়লা (প্রায় ৪০ লক্ষ টন) চিহ্নিতকরণ করা হয়েছে। সেখানে মধুকুণ্ডার সিমেন্ট ফ্যাক্টরী হচ্ছে। ঐ ফ্যাক্টরীতে স্ল্যাগ বার্নপুর থেকে নিয়ে যাবার জন্য রোপওয়ে তৈরী করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেখানে রোপ ওয়ের পারবির্তে রোড ওয়ে করা দরকার। এতে অনেক বেশী সুবিধা হবে। এতে বার্ণপুরের সাথে পুরুলিয়ার যোগাযোগ অনেক প্রশস্থ হবে। এতে কয়লা কেনার জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের বার্ণপুরে যা খরচ হবে তার পরিমান অনেক কমবে অন্যদিকে খরচ যা হবে সেটাও টোল্ল আদায় করে তোলা যাবে। সেইজন্য আমার অভিমত, ওখানে রোপ ওয়ার পরিবর্তে রাস্তা করা হোক। এদিকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[2.20 - 2.30 P.M.]

শ্রী বঙ্কিম ত্রিবেদীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলার মত আমাদের মুর্শিদাবাদ জেলার কান্দির রাস্তাঘাটের অবস্থাও শোচনীয়। কান্দি মহকুমায় রেল সংযোগ নেই। সেই কারণে ওখানকার রাস্তাগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে কান্দি-বহরমপুর, কান্দি-সাঁইথিয়া, কান্দি-সালার, কান্দি-পাচথুপী এবং কান্দি মিউনিসিপ্যাল লিঙ্ক রোড এই রাস্তাগকুলির অবস্থা অত্যন্ত শোচনীয় ফলে কোন বাস এই রাস্তাগুলি দিয়ে যাতায়াত করতে পারছে না। এ-ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি বার বার আকর্ষণ করা হয়েছে। তার ফলে মেরারত করা হয়েছে। কিন্তু মেরামতটা করা হয়েছে-কংক্রিটের রাস্তায় মোরাম ও ল্যাটারাইট দিয়ে। তার ফলে রঙ্গীন কাদায় পথচারীরা চিত্রিত হয়ে যাচ্ছেন। আমার অনুরোধ, ঐ রাস্তায় মাননীয় পূর্তমন্ত্রী যেন না যান, কারণ সেই রাস্তায় গর্ত এত গভীর হয়েছে যে, উনি গেলে হয়ত ডুবে যেতে পারেন। কাজেই তিনি গেলে একটা বিপর্যয় সৃষ্টি হতে পারে। এ-ব্যাপারে আপনার মাধ্যমে এই সভা তথা মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাসঃ—মাননীয় স্পীকার মহাশয়, আজকের সকালের সংবাদপত্রে উদ্বেগের সঙ্গে লক্ষ্য করেছি যে, মুসলিম পার্সোনাল ল বোর্ড-এর কর্তারা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর অনুরোধ প্রত্যাক্ষণ করেছেন। ৪ঠা জুন প্রস্তাবিত বন্ধ তাঁরা করছেন। স্যার, আপনি জানেন যে, মালদা এবং মুর্শিদাবাদ জেলা মুসলিম অধ্যুষিত অঞ্চল। আজকে এই বন্ধকে কেন্দ্র করে আর. এস. এস. এবং বি.জে.পি। সেখানে গ্রামাঞ্চলে সুপরিকল্পিতভাবে অগ্রসর হচ্ছে। ল বোর্ডের কর্তাদের এই হটকারিতার ফলে এই সব সাম্প্রদায়িক ব্যাপার তীব্র হচ্ছে। আজকের সংবাদপত্রের আর একটি খবর-বিরোধী পক্ষের নেতা সাত্তার সাহেব মুসলিম ল বোর্ডের কর্তাদের কাছে তাঁদের প্রস্তাবিত এই বন্ধ প্রত্যাহার করবার জন্য আবেদন জানিয়েছেন। আজকে এই ঘটনার তাৎপর্য কলকাতায় বসে অনুধাবন করা যাবে না। আজকে সাম্প্রদায়িক সম্প্রীতিকে ধ্বংস করবার জন্য এই যে সুপরিকল্পিতভাবে ষড়যন্ত্র হচ্ছে, এর বিরুদ্ধে মাননীয় মুখ্যমন্ত্রী থেকে শুরু করে বিরোধী দলনেতা এবং অন্যান্য নেতৃবৃন্দের জনগণের উদ্দেশ্যে যৌথ বিবৃতি প্রকাশ করলে ভাল হয়। আজকে শুধু এই ঘটনাই নয়; সংকীর্ত্তনের নামে , কুরবানীর নামে গ্রামাঞ্চলে একটা অপচেষ্টা চালান হচ্ছে। এদিকে সজাগ দৃষ্টি দিতে সরকারকে অনুরোধ করছি।

শ্রী হবিবুর রহমানঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। ১৯৭৮ সালের বন্যায় যেসব প্রাথমিক স্কুল ধ্বংস হয়ে গিয়েছিল, সেগুলো পূণর্নির্মানের জন্য মুর্শিদাবাদ জেলাকে ২১ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েঠিল। মুর্শিদাবাদ জেলা পরিষদ গত ২৯.৮.৬৯ তারিখে ঐ জেলার ৭৭টি ক্ষতিগ্রস্ত প্রাথমিক বিদ্যালয়ের জন্য মেরামতি বাবদ ৩০ হাজার টাকা বরাদ্দ করেন।

যদিও এই লিষ্ট দৈরী করতে গিয়ে বামফ্রন্ট দল বাজীর পরিচয় দিয়েছে। যেখানে বন্যায় কিছুই হয়নি সেখানকার স্কুলে টাকা বরাদ্দ করা হয়েথে আর সেখানে বন্যায় স্কুল নিশ্চিহ্ন হয়ে গেছে সেখানে কিছু টাকা দেওয়া হয়নি। যাইহোক এটা আমার মূল বক্তব্য নয়, আমার মূল বক্তব্য হ'ল ২৯.৮.৮১ তারিখে রঘুনাথগঞ্জের এক নম্বর ব্লকে নয়াগ্রাম ডিউলি প্রাথমিক বিদ্যালয়, খোজারপাড়া প্রাথমিক বিদ্যালয় এবং দিয়াড রানীনগর প্রাথমিক বিদ্যালয়, এই তিনটি বিদ্যালয়ের জন্য ৩১ হাজার টাকা করে অনুমোদন দেওয়া হয়। কিন্তু আজ পর্যন্ত সেখানে বিদ্যালয়ের গৃহ নির্মান হলো না। শুধু তাই নয় উক্ত টাকার জন্য যখন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জেলা পরিষদের সচিবের কাছে দরখাস্ত করেন যে গৃহ নির্মানের দন্য বরাদ্দ টাকা কোথায় গেল। তখন তিনি জানিয়েছেন যে ১৯৮১-৮২ সালে পঞ্চায়েত সমিতির সভাপতি ১৫ হাজার টাকা এবং ৪২ টাকা রেটের ১০০ ব্যাগ সিমেন্ট অগ্রিম নিয়েছে। কিন্তু সেই স্কুল এখনও নির্মান হয়নি এবং সেই চাকার হোদিস পাওয়া যাচ্ছে না, এই টাকার ব্যাপারে পঞ্চায়েত সমিতিতে এ্যাকাউন্ট নেই।

(এই অবস্থায় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী অজিত বসুঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত রবিবার আমার কঁন্সটিটিউএনসিতে সমাজবিরোধী দু-দলের মধ্যে এমন সংঘর্ষ হয় যাতেসেই অঞ্চলের মানুবেরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়ে। এই সংঘর্ষের ফলে ওই অঞ্চল কয়েক ঘন্টা বন্ধ হয়ে যায়। এই সমাজবিরোধীদের সম্পর্কে নৈহাটি থানায় জানানো হয়েছে। এই ব্যাপারে আমি

বারে বারে বিধানসভায় উল্লেখ করেছি, কিন্তু কিছুই হয়নি। নৈহাটি রেল পুলিশকে জানানো হয়েছে এবং এই ব্যাপারে দরখাস্ত করা হয়েছে। আমি বিধানসভায় এই ব্যাপারে উল্লেখ করে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করেছি এখানে একটা পুলিশ ফাঁড়ি বসাবার জন্য, এই আবেদন লিখিতভাবে করা হয়েছিল। এখানে যদি পুলিশ ফাঁড়ি না করা হয় তাহলে আইন-শৃংখলা বিঘ্নিত হবে। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি এখানে যেন আইনশৃংখলা ফিরিয়ে আনার জন্য পুলিস ফাঁড়ি বসানো হয়।

শ্রী ধীরেন্দ্র নাথ সরকারঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে উল্লেখ করতে চাই। বর্ত্তমান বছরের অতি সাম্প্রতিককালে যে ভয়াবহ বন্যা হয়ে গেল পশ্চিমবাংলায় সেই বন্যায় পশ্চিমদিনাজপুর জেলা বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে। পশ্চিমদিনাজপুর জেলার টাংগন, আত্রেয়ী, পুনর্ভবা, কুলিক, নাগর ইত্যাদি নদীগুলিতে ব্যাপক জলস্ফীতি হয়েছিল। এর ফলে বহু মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। এই উদ্দেশ্যে সরকারী যে ত্রাণ ব্যবস্থা ছিল সেই ত্রাণ সরবরাহ প্রয়োজনের তুলনায় কম ছিল, যাইহোক ত্রাণ ব্যবস্থা থাকলেও সেই ত্রাণ সরবরাহ নিয়ে দুঃখের বিষয় দলবাজী হয়েচে। জেলা কর্ত্তৃপক্ষ সি.পি.এম-এর মদতে যে সমস্ত এলাকা বন্যা বিদ্ধস্থ, সেখানে বেশী পরিমাণে ত্রাণ দেওয়া দরকার সেই সমস্ত এলাকায় ত্রাণ না দিয়ে অন্যান্য জায়গায় ত্রাণ বিলি করেছে। এইভাবে দুর্নীতি করা হয়েছে।

(এই অবস্থায় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রীমতী অপরাজিতা গোপ্পীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি কারামন্ত্রী, পূর্ত্তমন্ত্রী এবং পর্যটনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্যাপারে কিছুক্ষণ আগে প্রশ্ন-উত্তর পর্বে উঠেছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই প্রসঙ্গ গত সেসানে আমি বলেছিলাম। আপনি জানেন আন্তর্জাতিক যুব বর্ষের উৎসব শেষ হতে চলেছে। আমাদের প্রজন্মের সামনে আমাদের অতীত ইতিহাস, ঐতিহ্যময় ইতিহাস তুলে ধরা দরকার। ভারতের স্বাধীনতা আন্দোলনে যে সমস্ত যুবক হাসতে হাসতে ফাঁসিতে গিয়েছিল, কারা বরণ করেছিল সেই স্মৃতি বিজড়িত বকসার ফোর্ট আজকে ভাঙ্গনের মুখে।

[2.30 - 2.40 P.M.]

আমি গতবার সেসনের সময়ে এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আজকের প্রজন্মের সামনে যদি আমাদের অতীত দিনের স্বাধীনতা আন্দোলনের ইতিহাস না তুলে ধরা যায়, তাহলে এই প্রজন্ম ভবিষযতে কোনদিনই জানতে পারবে না সেই ইতিহাস। আমাদের দেশের অতীত দিনের যুবকেরা কি ভাবে দেশের স্বাধীনতা আনয়নের জন্য নিজেদের জীবনকে উৎসর্গ করেছিলেন তা বর্তমান প্রজন্মের যুবকেরা জানতে পারবে না। বর্তমানে ভূটান সীমান্তে সমতল ভূমি থেকে ২৫০০ হাজার ফুট উচ্চে অবস্থিত সেই ফোর্ট, সেখানে আমাদের অতীত দিনের স্বাধীনতা আন্দোলনকারী যুবকেরা কি ভাবে নিজেদের লুকিয়ে রেখে বৃটিশ সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে আন্দোলন করেছিলেন এবং বৃটিশ কি ভাবে তাঁদের উপর অত্যাচার, নিপীড়ন চালিয়েছিল, তা এই প্রজন্মের যুবকেরা জানতে পারবে না, যদি না সেই জেলটিকে জাতীয় স্মারক হিসাবে স্মরণীয় করে না রাখা যায়। সেই বরেণ্য আন্দোলরকারীদের মধ্যে অন্যতম ছিলেন ত্রৈলকা মহারাজ, হেম ঘোষ, সত্য গুপ্ত এবং নিরঞ্জন সেন। আজকে আন্দামান দ্বীপপুঞ্জে সেলুলার জেলকে যে ভাবে জাতীয় স্মারক হিসাবে রাখার ব্যবস্থা হয়েছে, তেমনি ভাবে এই বাকসা ফোর্টকে যাতে জাতীয় স্মারক হিসাবে সুরক্ষিত রাখার ব্যবস্থা করা হয়, সেই অনুরোধ আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়দের কাছে রাখছি।

শ্রী মহববুল হক ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবাংলার বুকে আজ যেভাবে আইন-শৃঙ্খলা, স্বাস্থ্য ইত্যাদি ভেঙে পড়েছে, ঠিক সেই ভাবে পরিবহণ ব্যবস্থাও ভেঙে পড়েছে রাজ্যের সর্বত্র। উত্তরবঙ্গে রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশন আছে। আমার নির্বাচনী কেন্দ্র, খাড়বাতেও দেখছি সেখানকার ডিপোতে বাসগুলো জরাজীর্ণ ও কংকালসার অবস্থায় পড়ে রয়েছে। কোন বাসের চাকা নেই, কোনটার বা সিট নেই--এইরকম অবস্থা মালদার ডিপোতে আমি দেখেছি। আগে যেখানে চাঁচোল থেকে বহরমপুর, চাঁচোল থেকে কলকাতা, হরিশ্চন্দ্রপুর-মালদাতে বাসগুলো চলাচল করতো, এখন সেগুলো প্রায় সব বন্ধ হয়ে গেছে। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, তিনি যেন অতি সত্বর ঐ সমস্ত রুটের বসেগুলো চালাবার ব্যবস্থা করেন এবং পুরনো বাসগুলোর পরিবর্তে নতুন বাস সেখানে প্লেস করার ব্যবস্থা করেন।

শ্রী সুশান্ত ঘোষ ঃ- মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে গড়বেতা কেন্দ্রের প্রতি পশুপালন দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি অবাক হয়ে যাবেন স্যার, আজকে সারা পশ্চিমবাংলার মধ্যে পোলট্রি এবং মাংস উৎপাদনের ব্যাপারে গড়বেতা একটি বিশেষ স্থান হিসাবে চিহ্নিত হয়েছে। বেকরকারী একটি রিপোর্ট অনুযায়ী ওখান থেকে ২।। লক্ষের মত ডিম বিক্রয়ের জন্য প্রতিদিন পাওয়া যায়। এই ডিম এবং মাংস উৎপাদনের কাজে বিগত কয়েক বৎসরে বহু মানুষ তথা বেকার যুবক যুক্ত হয়েছেন। হাজার হাজার বেকার যুবক এর মাধ্যমে নিজেদের কর্মসংস্থান করে নিতে পেরেছেন। এই পোলট্রি ব্যবসা আজকে যেমন কর্মসংস্থানের একটি উপায় হিসাবে বেকারদের সামনে হাজির হতে পেরেছে, ঠিক তেমনি বহু মানুষের মাংসের চাহিদাও মেটাতে পারছে। পোলট্রি প্রাপ্ত সার আজকে চাষীদের চাষের কাজে অত্যন্ত প্রয়োজনীয় উপাদান হিসাবে পরিচয় লাভ করেছে। চাষীরা এই সার চাষের কাজে ব্যবহার করছেন। কিন্তু এই পোলট্রি চাষের ক্ষেত্রে সব চাইতে বড় অসুবিধা হচ্ছে, ডিজিজ্ হলে পল্টি ফার্মার-এর রোগ নির্ণয় করে সময় মত চিকিৎসার ব্যবস্থা করাতে পারছেন না। কারণ পোলট্রি ডিজিজ ডায়গোনিসিস্ সেন্টার সব জায়গায় না থাকার জন্য পোলট্রির চিকিৎসার ব্যবস্থা করতে পারছেন না। এরফলে হাজার হাজার খামার মালিকের নিদারুণ আর্থিক সংকটের মধ্যে পড়তে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়-এর কাছে আমার একান্ত অনুরোধ, তিনি পোলট্রির চিকিৎসা ব্যবস্থা অতি দ্রুত সম্প্রসারণের ব্যবস্থা যেন করেন। সেই সঙ্গে সঙ্গে পোলট্রির ডিম এবং মাংস উৎপাদকরা সেগুলো উপযুক্ত মূল্যে যাতে বাজারে বিক্রি করতে পারেন, সেই ব্যবস্থা তিনি যেন করেন। বেকার যুবকেরা যাতে এই ব্যবসায়ের দিকে আরও বেশী করে আগ্রহ প্রকাশ করতে পারেন তারজন্য বিশেষ ভাবে ব্যবস্থা গ্রহণের জন্য আমি তাঁর কাছে অনুরোধ জানাচ্ছি।

শ্রী অবন্তী মিশ্রঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টি এখানে উল্লেখ করতে চাইছি তা ইতিপূর্বে বিধানসভার বুকে অধিবেশন চলাকালে উল্লেখ করেছি। কিন্তু যেহেতু বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, সেজন্য পুনরায় আমি উল্লেখ করছি। গ্রামীণ জল সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে- আমার দুর্ভাগ্য, তিনি এখানে কিছুক্ষণ আগে উপস্থিত ছিলেন, কিন্তু এখন তাঁকে দেখছি না-রামনগর ১ ও ২ নং ব্লকের মানুষ পানীয় জলের অভাবে পুকুর, ডোবার জল খাচ্ছেন। ১৯৯৪-৮৫ সালে ওখানে ৩০০টির মত নলকূপ বসানোর কথা ছিল, কিন্তু সরকারী উদ্দ্যোগে এখন পর্যন্ত মাত্র ৩৫।৪০টির মত নলকূপ বসানো হয়েছে। যারফলে

মানুষ জল খেতে না পেয়ে আগামী ২৪শে সেপ্টেম্বর ওখানকার ব্লকের সামনে পানীয় জলের দাবীতে বিক্ষোভ মিছিল করবে এবং ২টি ব্লক ঘেরাও করবে। আজকে ওদের ওই বিক্ষোভ মিছিল বুমেরাং হয়ে দাঁড়াবে এবং তারজন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, জল সরবরাহ মন্ত্রীকে সম্পূর্ণ দায়ী হতে হবে। মানুষ যদি সেখানে জল না খেতে পেয়ে মরে যায় তাহলে আপনাদের দায়ী হতে হবে। সুতরাং অবিলম্বে সেখানে কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি।

শ্রী শিবপ্রসাদ দলুই ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে দামোদর নদী যেভাবে খণ্ডকোষ থানার উত্তর দিকে গ্রাস করছে যার ফলে দামোদর গর্ভে পড়েছে আমরুল, কামালপুর এবং গৈতানপুর অঞ্চল। এগুলি সব নদীগর্ভে চলে গেছে এবং আরো অনেক গ্রাম যাবার মুখে। আমি এই প্রসঙ্গে আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই বিষয়ে ব্যবস্থা নেওয়া হয়।

শ্রী আবদুল মান্নান ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছে। গ্রামাঞ্চলে স্থানীয় লোকেদের বিনা পয়সায় চিকিৎসার সুযোগ দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের একটি প্রকল্প আছে। সেটি হচ্ছে কমিউনিটি হেল্‌থ গাইড। যতগুলি হেল্‌থ গাইড আছে তারা ৫০ টাকা করে ভাতা পান এবং কিছু ওষুধপত্র দেওয়া হয় যেগুলির বিনিময়ে তারা আর্ত মানুষের সেবা করে। কিন্তু সেই সমস্ত অসুস্থ রোগীদের সেবা থেকে বঞ্চিত করা হচ্ছে। এইসব কমিউনিটি হেল্‌থ গাইডরা বেতন পাচ্ছে না এবং তাদের ওষুধপত্র দেওয়া হচ্ছে না। আমি অন্যান্য রাজ্যে দেখেছি যে কেন্দ্রীয় সরকারের এই ধরণের প্রকল্পকে তারা সহযোগীতার মনোবাব নিয়ে এগিয়ে আসে এবং সেখানকার মানুষরা যাতে সেবা পায় তার জন্য সরকার সাহায্য করেন। কিন্তু এই রাজ্যে অন্য জিনিষ দেখছি, সেই সমস্ত হেল্‌থ গাইডরা টাকা পাচ্ছেন না, ওষুধপত্র পাচ্ছেন না। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে দাবী রাখছি যে ওদের ভাতা বাড়ান হোক এবং এই প্রকল্পটির সার্থক রূপায়ণ করা হোক।

শ্রী শীশ মহম্মদ ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শ্রমমন্ত্রী এবং পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফরাক্কার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের অফিসটি ফারাক্কা ব্যারেজ প্রোজেক্টের মধ্যে অবস্থিত। সেখানে কোন লোকালয় নেই, কোন শহর নেই বা কোন গঞ্জ পর্যন্ত নেই। কেবলমাত্র সেন্ট্রাল গভর্ণমেন্টের অফিসঘরটি রয়েছে। আমি কিছুদিন আগে যখন মিটিং করতে গিয়েছিলাম তখন সেখানকার কর্মচারীরা আমাকে ধরেছিলেন যে ফারাক্কা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসটি ফারাক্কা ব্যারেজ থেকে সরিয়ে কোন লোকালয় নিয়ে যাওয়া হোক বা কোন শহরে নিয়ে যাওয়া হোক। সেখানে কোন ভাড়া বাড়ী পাওয়া যাচ্ছে না যার ফলে ওখানকার কর্মচারীদের অত্যন্ত কষ্টের মধ্যে ফুটপাথের উপর থেকে জীবন কাটাবার চেষ্টা করছেন কিন্তু আজকাল ফুটপাথেও পুলিশ থাকতে দেবে না। তাছাড়া জঙ্গীপুরে কিছু ফ্ল্যাট তৈরী করার কথা পশ্চিমবঙ্গ সরকার ভাবছেন। সেইজন্য আমার অনুরোধ পূর্তমন্ত্রীর কাছে যে তিনি জঙ্গীপুরে ফ্ল্যাট তৈরী করবেন তার একটা ফ্ল্যাট যদি ফারাক্কা ব্যারেজ তৈরী করেন তাহলে সেখানকার কর্মচারীদের থাকার ব্যবস্থা হবে। সুতরাং এটি খুব গুরুত্বপূর্ণ বিষয়, সরকারী কর্মচারীরা চাকুরী করবেন অথচ থাকার ভাড়া বাড়ী পাওয়া যাবে না এইরকম এক্সচেঞ্জ অফিস থাকার উচিত নয়।

[2.40 - 2.50 P.M.]

শ্রী ফজলে আলি মোল্লা ঃ- স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মি: স্পীকার ঃ- আপনার মোশান ডিফেকটিভ আছে। এতে আছে রিগার্ডিং বাস সার্ভিস। কি অভিযোগ তা বলতে হবে। রিগার্ডিং বাস সার্ভিস একটা ভেগ হয়ে যাচ্ছে। এটা তো সারা পৃথিবীর ব্যাপার হয়ে গেল। আজকে এলাও করছি, ভবিষ্যতে আর দেবো না।

শ্রী ফজলে আলি মোল্লা ঃ- গার্ডেনরীচে ৩ লক্ষ অধিবাসীর মধ্যে দেড় লক্ষ মানুষ দর্জির ব্যবসা করে। এরা সাধারণত: মাইনরিটি বা মুসলিম সম্প্রদায়ের মানুষ। এরা দর্জির ব্যবসা করে জীবিকা নির্বাহ করে। জামা-কাপড় তৈরী করে হাওড়া হাটে ব্যবসা করে। কিন্তু বটতলা থেকে হাওড়া হাট পর্যন্ত কোন পরিবহনের ব্যবস্থা নেই। ১২বি বাসটা ধর্মতলা হয়ে শেয়ালদা পর্যন্ত যাতায়াত করে। ১২এ বাসটি গত বছর চালু হওয়ায় সেখানকার মানুষ কিছুটাসুবিধা লাভ করেছিল। কিন্তু দু:খের বিষয় হঠাৎ সেই বাসটি বন্ধ হওয়ার ফলে খুব অসুবিধা হচ্ছে। পরিবহন মন্ত্রী বলেছিলেন আর. টি. ও-র সঙ্গে কথা বলে একটা ব্যবস্থা করবেন। কিন্তু আজ পর্যন্ত কিছু হল না। এ বিষয়ে একটা ব্যবস্থা করার জন্য তাঁকে অনুরোধ করছি।

শ্রী বঙ্কিম বিহারী মাইতি ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তমলুক মহকুমার প্রায় ১৪/১৫ লক্ষ লোকের বাস। এখানে যে মহকুমা হাসপাতাল আছে সেই হাসপাতালের অত্যন্ত দুরাবস্থা—সেখানে ডাক্তার নেই, নার্স নেই, এক্সরে মেশিন থেকে আরম্ভ করে ওষুধপত্র কিছুই নেই। সেখানে ২০০টা বেড আছে, বেশী রোগী আসলে তাদের নিচে রাখতে হয়, অনেক রোগীকে বাড়ী ফিরে যেতে হয়। ১৯৮৪-৮৫ সালে ২৫০ বেড করার জন্য একটা সিদ্ধান্ত আছে, সেই সিদ্ধান্ত আজ পর্যন্ত কার্যকরী হচ্ছে না, ফলে সেখানকার জনসাধারণের খুব অসুবিধা হচ্ছে। আমরা সমস্ত বিধানসভার সদস্যরা মিলে দাবি করেছিলাম এখানে স্বাস্থ্যমন্ত্রী গিয়ে দেখে এই হাসপাতালের একটা সুব্যবস্থা করুন কিন্তু আজ পর্যন্ত তা হয়নি। একটা ব্লাড ব্যাঙ্কের কথা বলেছিলাম, তাও হয়নি। সেজন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি তিনি যেন অবিলম্বে এই হাপপাতালের উপর দৃষ্টি দেন এবং হাসপাতালকে ভাল করার জন্য চেষ্টা করেন।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে আমি মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল—সারা রাজ্যে যেমন একটা অবস্থা চলছে বাঁকুড়া জেলা তার থেকে বাদ যাচ্ছে না। বিভিন্ন থানায় যেভাবে পুলিশী তাণ্ডব বেড়েছে, যে হারে পুলিশ বাঁকুড়া জেলাতে আক্রমণ করছে সেটা একটা ভয়াবহ অবস্থায় এসে দাঁড়িয়েছে। কিছুদিন আগে ১৯শে আগস্ট তারিখে বাঁকুড়ার ছাতনা থানায় একটা বাস দুর্ঘটনাকে কেন্দ্র করে বহু যাত্রী মারা যায়। পুলিশ সেখানে ৩ ঘণ্টা পরে আসে এবং তাণ্ডব চালাতে শুরু করে। সেখানে একটা স্কুলের ছেলেকে আছাড় মারে, তার রক্তবমি হয়েছিল। সেই ভয়াবহ অবস্থা আজো সেখানে চলছে, সেখানে একটা ডেড লক অবস্থার সৃষ্টি হয়েছে। ছাতনা এলাকার বিধায়ক এই ব্যাপারে আন্দোলন করেছেন, বামফ্রন্টের বিভিন্ন শরিক আন্দোলন করেছেন, একটা ভয়াবহ অবস্থা চলছে বাঁকুড়া শহরে। আমি এর প্রতিকার আপনার মাধ্যমে যাচ্ছি।

[2.50 - 3.00 P.M.]

শ্রী শৈলেন্দ্র নাথ চট্টোপাধ্যায় :- মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সি এম ডি এ-র ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শ্রীরামপুর, উত্তরপাড়া ব্লকে ৯ থেকে ১০টি পঞ্চায়েত আছে এবং ওই এলাকায় পানীয় জলের জন্য প্রত্যেক বাড়ীতেই হাউস কানেকশন নিয়েছে এবং তার জন্য মাসিক ১০ টাকা ট্যাক্স ধার্য করা হয়েছে। অথচ এরই পূর্বাঞ্চল যেটা মিউনিসিপ্যাল এলাকা সেখানে ট্যাক্স ৫ টাকা ধার্য করা হয়েছে। সাধারণ মানুষ এত টাকা ট্যাক্স দিতে পারছে না। কাজেই আমি সি এম ডি এ এলাকার পানীয় জল সরবরাহ মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি তিনি এই ব্যাপারটা অনুসন্ধান করে এই ট্যাক্সের হার যাতে কম হয় তার ব্যবস্থা করুন। আমাদের সাধ আছে কিন্তু সাধ্য নেই। পানীয় জল সরবরাহের ব্যাপারটা একটা সামাজিক ব্যাপার, এটা কোন রাজনৈতিক বা অর্থনৈতিক ব্যাপার নয়। কাজেই আমরা যাতে গরীব এবং সাধারণ মানুষকে পানীয় জল সরবরাহ করতে পারি সেই ব্যবস্থা করা উচিত। কাজেই আমি পুনরায় সি এম ডি এ-র ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এই বিষয়টি অনুসন্ধান করে ওই এলাকায় ট্যাক্সের হার যাতে কম হয় তার ব্যবস্থা করেন।

শ্রী শেখ ইমাজুদ্দিন :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদের হরিহরপাড়া থানার পূর্বদিকে ভৈরব নদী প্রবাহিত এবং সেখানে দারুন ভাঙ্গন শুরু হয়েছে। আমার এ্যাসেম্বলী কন্সটিটিউন্সির মধ্যে কয়েকটি গ্রামের ঘরবাড়ী ভেঙ্গে গেছে এবং তার ফলে অসংখ্য মানুষ আজ বিপন্ন। আমি এই সমস্ত গ্রামগুলির নাম বলছি—টেকোনা, তরতিপুর, কালোদিয়া, সুন্দরপুর এবং স্বরূপপুর। ভৈরব নদীর ভাঙ্গনে এই সমস্ত গ্রামের লোকেরা আজ বিপন্ন। স্বরূপপুর গ্রামের কয়েকটি লোক গৃহহারা হয়েছে। তারা সরকারী সাহায্যের জন্য দরখাস্ত করেছে ঘরবাড়ী তৈরী করবে বলে। কিন্তু আজ পর্যন্ত কোন রকম টাকা পায়নি। তারা ওখানকার একটা ফুটবল মাঠে গিয়ে ঘরবাড়ী তৈরী করবার চেষ্টা করছে এবং তা নিয়ে স্থানীয় ছেলেদের সঙ্গে গোলমাল শুরু হয়েছে। কাজেই অবিলম্বে এই ভয়ানক অবস্থার দিকে দৃষ্টি দিন।

শ্রী অনন্ত সরেন :- মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ঝাড়গ্রামের নয়ারাম থানা আদিবাসী অধ্যুসিত এলাকা। ১৯৭৫/৭৬ সালে সেখানে উড়িষ্যা সরকারের সহযোগিতায় বিদ্যুতের লাইন নেবার জন্য খুঁটি পোতা হয়েছিল এবং প্রায় ৩০টি মৌজায় এই কাজ হয়েছে। কিন্তু উড়িষ্যা সরকার বিদ্যুৎ সরবরাহ না করবার জন্য এই বিদ্যুৎ লাইনগুলি দারুণ অব্যবস্থার মধ্যে পড়ে রয়েছে এবং ওই তারগুলি চুরি হচ্ছে। আমি অনুরোধ করছি অবিলম্বে সেখানে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করে লক্ষ লক্ষ টাকার তার নিরাপদে রাখার ব্যবস্থা করুন।

Shri Abdul Karim Chowdhury :- Mr. Speaker Sir, today in this House I would like to draw the attention of the Chief Minister to an important matter. The matter is that just after partition a large number of refugees from erstwhile East-Pakistan came over to India and were settled in Islampur P.S. in different colonies. They were allotted homestead lands by the Central Government. After the transfer of Islampur Sub-division to West Bengal a major portion of the cultivable lands fell in Bihar. These refugees are now the citizens of India and naturally they were cultivating the land and they were living peacefully in the different colonies of Islampur. They are still living there. But they are today being disturbed by the Santhals of Bihar and those Santhals are now claiming that those lands were allotted to them by the Bihar Government. Sir, these refugees are now being restrained by those Santhals to plough their lands. These refugees moved the Bihar Government. They also made a representation before our Government. But till today nothing has happened. I met the Chief Minister of Bihar on 13th September. I handed over to him a letter mentioning the detailed facts. He assured me that he would look into the matter. Today, I request the Chief Minister of West Bengal to take up this matter with the Bihar Government so that this problem can be solved and the refugees could live there peacefully, as before.

শ্রী কামাক্ষা নন্দন দাস মহাপাত্র :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কৃষি শ্রমিকদের মজুরীর হার নির্ধারণ করা হয়েছে ১৪ টাকা ৯১ পয়সা অথচ সরকারী খামারে দেখা যাচ্চে শ্রমিকদের ওই হারে মজুরী না দিয়ে দেওয়া হচ্ছে ১৩ টাকা ৯১ পয়সা। কাঁথি, পটাশপুর এবং এগরাতেও এই কম মজুরী দেওয়া হচ্চে। ১৯৮০ সাল থেকে এ্যাডপ্টেড রিসার্চ ফার্মে বর্ধিত হারে মজুরী দেওয়া হচ্ছে না। তাই আমি অনুরোধ করছি অবিলম্বে তাদের বর্ধিত হারে মজুরী দেওয়া হোক এবং ১৯৮০ সাল থেকে তাদের এই বর্ধিত হারে যেটা বকেয়া পাওনা হয়েছে সেটাও মিটিয়ে দেওয়া হোক।

Shri Abdur Rauf Ansari :- Mr. Speaker Sir, through you I want to draw the attention of the Chief Minister and the Urban Development Minister. Sir, yesterday the Calcutta Municipal Corporation's employees and workers went to the Mayor on a deputation at the head office and they demonstrated for meeting their legitimate grievances before the Pujas. In the meantime the Mayor came

(Noise)

and instead of listening to the grievances of the workers and the employees he instructed the police to make lathi charge on the demonstrators. Sir, at the instigation of the Mayor the police used lathis and dandas on the employees and workers. Being a Mayor he should not have done this. Due to the lathi charge many employees and workers have been injured some of them seriously and are lying in the hospitals. I would say, Sir, that being a Mayor he should not have instructed the police to use lathis and dandas on the workers and employees of the same Corporation. When the Left Front workers came in a procession the Mayor asked them to go. Sir, why is this discrimination? I draw the attention of the Chief Minister that the Left Front Government has given the right to the employees to demonstrate about their demands. But why this discrimination should be made? I request the Chief Minister to look into the matter otherwise it will have a bad impact on the services as well as on the administration. Sir, the Mayor, as the First Citizen of Calcutta, should not have done this. It is a matter of shame.

[3.00 - 3.10 P.M.]

হিমাংশু কোঙার ঃ- মি: স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী এবং ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। লোক্যাল ট্রেনে এক নম্বর দেওয়া ফাষ্ট ক্লাশ আছে। কিন্তু তার সিটগুলি সবই ঐ একই রকমের। দু নম্বর ক্লাশের সিট যে রকম এক নম্বর ক্লাশের সিট সেই একই রকমের। অথচ উচ্চ হারে ঐ এক নম্বর ক্লাশের যাবার জন্য ভাড়া দিতে হয়। অনেক সময় যাত্রীসাধারণ ভুল করে এক নম্বর না দেখে উঠে পড়ে। তখন তাদের কাছ থেকে অত্যন্ত উচ্চহারে ভাড়া আদায় করা হয়। এতে যাত্রী সাধারণ হেনস্থা হচ্ছে। এই ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়ের ও ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Rajesh Khaitan :- Mr. Speaker, Sir, through you, I want to draw the attention of the Hon'ble Chief Minister to a very important matter. Since six months, the people of Jamuna Lal Bajaj Street, Nurmal Lohia Lane, Monohar Das Road, Pageya Patti, Amartala, Chitpore, Mahatma Gandhi Road and Tarachand Dutta Street and the Trade Co-ordination Committee Members of Textile Merchant Association which is the association of all the traders made a representation to the D. C. Traffic, the Commissioner of Police and the D. C. Central. They have appreciated the difficulties with regard to traffic regulation but nothing has been done in this regard. Although they appreciated the problem about regulating the traffic, although they have appreciated the suggestion of the people and the association no action seems to have been taken by them. May I request the Hon'ble chief Minister to look into the matter so that action is taken immediately in this regard.

Thank you, Sir.

শ্রী নিরোদ রায় চৌধুরী ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত জরুরী বিষয়ের প্রতি কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার পাটচাষীদের সর্বনাশ হচ্ছে। আজকে পাটের কোন দাম নেই। ৫০/৬০ টাকা কেজি পাট বিক্রি হচ্ছে। জে সি আই কোথায়ও পাট কিনছে না। আমার এলাকায় জে সি আই-এর ২২টি দোকান আছে, সমস্ত দোকান বন্ধ। জে সি আই-এর সঙ্গে সেন্ট্রাল গভর্ণমেন্টের কি আঁতাত আছে আমি জানি না। এবং কেন্দ্রীয় সরকার যে সমস্ত কথা বলছেন তা সবই অসত্য কথা। আজকে জুট মালিকরা পাট মোটেই কিনছে না। এতে কৃষকদের ভীষণ ক্ষতি হচ্ছে। তারা বাজারে গিয়ে পাট নিয়ে ফিরে আসছে, এবং আজকে কৃষকরা কান্নাকাটি শুরু করেছে। তাই আমি কৃষি মন্ত্রীর কাছে অনুরোধ করে বলছি যে তিনি যে কেন্দ্রীয় সরকারের সাথে যোগাযোগ করে আজকে পশ্চিমবাংলার চাষীদের কিভাবে বাঁচানো যায় তার ব্যবস্থা করুন।

শ্রী বীরেন্দ্র নাথ কোলে ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর একটি উদ্বেগজনক ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন কংগ্রেস জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে আজকে একটা সন্ত্রাসের সৃষ্টি করেছে। আমার এলাকা চন্দ্রপুর অঞ্চলের চাটরা গ্রামে শেখ সাজেদ আলিকে নৃশংসভাবে হত্যা করেছে। লোকসভা নির্বাচনের পূর্বে এই খুন হয়েছে। এবং এখনও পর্যন্ত তাকে জামিন দেওয়া হয়নি। এবং তাদের মধ্যে যারা জামিন পেয়েছে তারা বাড়ী যেতে পারছে না। কাগজে বেরুচ্চে যে সি পি এম রা নাকি তাদের ঢুকতে দিচ্ছে না। আসলে কথা হচ্ছে লোকের ভয়ে যেতে পারছে না। এখন কংগ্রেসীরা বাইরের থেকে সমাজবিরোধীদের জোগাড় করে এই গ্রামের মধ্যে ঢোকার চেষ্টা করছে। এর সঙ্গে অনেক কংগ্রেস এম. এল. এ এবং এম. পি.-রাও নাকি থাকবিন। যাতে করে তারা এই সন্ত্রাস সৃষ্টি করতে না পারে তার জন্য যথাযথ ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী হেমন্ত কুমার রায় ঃ- মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেমারি থেকে কালনা-কাটোয়া পর্যন্ত একটা রাস্তা গেছে। তার মাঝখানে মগরা হাটের কাছে বেহুলা নদীর উপর একটা সেতু আছে। এই সেতুটি ভেঙে পড়েছে, যার ফলে যানবাহন চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে। এই রাস্তাটি মেমারি, কালনা, মন্তেশ্বর, কাটোয়া— এই চারটি থানার উপর দিয়ে গেছে। এটি এই চারটি থানার যোগাযোগের রাস্তা। এই রাস্তা বন্ধ হয়ে যাবার ফলে ওখানকার লোকের যোগাযোগ সম্পূর্ণভাবে বন্ধ হয়ে গেছে এবং এলাকাটি সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে গেছে। আগামী পূজোর আগেই সেতুটি মেরামত করা না হলে মানুষের অশেষ অসুবিধা হবে। এই কারণে আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগর থেকে গোপালপুরঘাট পর্যন্ত একটা বড় পাকা সড়ক আছে। এই সড়ক তেহট্ট করিমপুরের মধ্য দিয়ে গেচে এবং এটা মুর্শিদাবাদের সাথে যুক্ত। এই এলাকায় কোন রকম রেলপথ নেই। এই সড়ক দিয়ে অসংখ্য মালবাহী লরী, প্রাইভেট বাস, স্টেট বাস যাতায়াত করে। সম্প্রতি এই রাস্তাটি খুব খারাপ হয়ে গেছে। যার ফলে যানবাহন চলাচলের একেবারে অযোগ্য হয়ে পড়েছে। তাছাড়াও রাস্তাটি খুব অপ্রশস্ত। রাস্তাটি অবিলম্বে মেরামত ও প্রশস্ত করার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সরল দেব ঃ- মি: স্পীকার, স্যার, আমি আপনার মারফত একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বামফ্রন্ট সরকার স্বাস্থ্য বিভাগের উন্নতির জন্য দুজন মন্ত্রী নিয়োগ করলেন। কিন্তু আমি দেখতে পাচ্ছি কোন উন্নতিই পরিলক্ষিত হচ্ছে না। বিশেষ করে বারাসাত হাসপাতালের ডাক্তারদের ভিতর প্রচণ্ড দুর্নীতি অনুপ্রবেশ করেছে। সেখানকার সমস্ত ডাক্তাররা নার্সিং হোমের সাথে এ্যাটাচড্ আছে। কয়েকদিন আগে ২২ বছরের একটি যুবকের খেলতে গিয়ে বুকে চোট লাগায় তাকে বারাসাত হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। কোন ডাক্তার এ্যাটেন্ড করল না। ফলে সেই যুবকটি মারা গেল। ফলে ঐ এলাকার লোকেদের মধ্যে প্রচণ্ড বিক্ষোভ দেখা দিল। ওখানকার সমস্ত মানুষ দলমত নির্বিশেষে হাসপাতাল চড়াও করতে বাধ্য হল। সেখানে কোন ওষুধ পাওয়া যায় না। সরকার প্রতি বছর এ্যাম্বুলেন্সের জন্য ১ লক্ষ টাকা দিচ্ছেন। এস. ডি. এম-ও এ্যাম্বুলেন্সে করে ঘোরাফেরা করেন, রোগীরা এ্যাম্বুলেন্স পায় না, এইভাবে বারাসাত মহকুমা হাসপাতালে দুর্নীতির অনুপ্রবেশ ঘটে চলেছে। এর বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। কৃষ্ণনগরের উপর দিয়ে ৩৪ নং জাতীয় সড়ক চলে গেছে। নতুন দুর্গাপুর বাজার থেকে জালালখালি গ্রামের কাছে কৃষ্ণনগর রানাঘাট স্টেট হাইওয়ে একটি সংযোগ সড়ক তৈরীর প্রস্তাব হয় এবং হাইওয়ের সাথে যুক্ত করার কথা হয়। সেই অনুযায়ী নতুন দুর্গাপুর বাজার থেকে দুর্গাপুর গ্রাম পর্যন্ত রাস্তা তৈরী হবার পরে কয়েক বছর ধরে বাকি অংশ পড়ে আছে, তৈরী হচ্ছে না।

[3.10 - 3.20 P.M.]

ফলে বিস্তীর্ণ এলাকার মানুষের অসুবিধা হচ্ছে। ঐ দুর্গাপুর গ্রাম এবং পাশের ঝিটকিপোতা গ্রামে ৩/৪ হাজার সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ বাস করেন এবং মূলত: তারা কৃষিজীবি। কৃষিপণ্য নিয়ে তাদের বাদকুল্লার হাট এবং অন্যান্য হাটে যেতে হয় এবং সেখানে যেতে হলে একমাত্র ঐ রাস্তাটিই যাতায়াতের পথ। মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আমার অনুরোধ, অবিলম্বে ঐ যে রাস্তাটি অর্ধেক হয়ে পড়ে আছে—দুর্গাপুর গ্রাম থেকে জালালখালি গ্রামের কাছে স্টেট হাইওয়ে পর্যন্ত—সেই রাস্তাটি নির্মাণ করা হোক।

শ্রী বিশ্বনাথ চৌধুরী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমদিনাজপুর জেলার পাটচাষীদের অবস্থা ভয়াবহ আকার ধারণ করেছে। বিভিন্ন জায়গায় কৃষকরা পাট বিক্রি করতে পারছে না। এই অবস্থায় স্যার, হিলি এগ্রিকালচারাল কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির একজন অফিসার ছুটি নিয়ে বসে আছেন। সেখানে তার বদলে অন্য অফিসার না দেবার জন্য চাষীদের কাছ থেকে পাট কেনা যাচ্ছে না কারণ একজিকিউটিভ অফিসার চেকে সই না করলে টাকা উঠবে না, ফলে পাটও কিনতে পারা যাবে না। স্যার, হিলি থানাতে ১৯৮০/৮১ সালে প্রায় ১৮ হাজার কুইন্টাল, ১৯৮১/৮২ সালে প্রাটু ১৮ হাজার কুইন্টাল এবং ১৯৮৩ সালে ৮ হাজার কুইন্টাল পাট কেনা হয়েছিল। স্যার, পশ্চিমদিনাজপুরের যে থানাতে বেশী পাট কেনা হয় একজন অফিসার না থাকার জন্য তা কেনা যাচ্ছে না, মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আমার তাই অনুরোধ, অবিলম্বে সেখানে একজন অফিসার পাঠিয়ে যাতে পাট কেনার ব্যবস্থা করা যায় সেদিকে দৃষ্টি দিন।

শ্রী লক্ষ্মীকান্ত দে :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি যে অঞ্চল থেকে নির্বাচিত হয়ে এসেছি সেখানে বিধান সরণীতে যেভাবে বেসরকারী বাস ছাড়া হয়েছে তাতে জনসাধারণের সুবিধা হচ্ছে নিশ্চয়ই তবে সঙ্গে সঙ্গে রাস্তাটি প্রতিদিন জ্যামের কবলে পড়ছে। রাস্তাটি অপরিসর হওয়ার ফলে ঐ অঞ্চলে বিভিন্ন সময় এ্যাকসিডেন্ট হচ্ছে, অসন্তোষ দেখা দিচ্ছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার অনুরোধ, বিধান সরণীর মতন রাস্তা এবং যে সমস্ত বড় রাস্তায় ট্রাম চলে সেই রাস্তাগুলিতে 'নো পার্কিং'টা যাতে কঠোরভাবে বলবৎ করা হয় তার ব্যবস্থা করুন। তা যদি করা যায় তাহলে জ্যামজট ছাড়ানো যেতে পারে এবং একটা সুষ্ঠু ব্যবস্থা ফিরিয়ে আনা যেতে পারে।

শ্রী ধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার কেন্দ্রের আড়শা থানার সিরকাবাদ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে একটা চরম দুরাবস্থা চলছে। সেখানে প্রতিদিন ৩/৪শো রোগী আউটডোরে চিকিৎসার জন্য আসেন এবং বেডের সংখ্যা ১৫ হলেও ভর্তি রোগীর সংখ্যা ২৫/৩০। সেখানে একজন মাত্র ডাক্তার, তাঁকেই আউটডোর, ইনডোর সব সামলাতে হয়। সেখানে যাতে তিনজন ডাক্তার দেওয়া হয়তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া পাশের আড়শা উপ-স্বাস্থ্যকেন্দ্রের যিনি ডাক্তার তাঁকে মাহিনার সময় তিন/চার দিন দেখা যায়, তারপর আর তাঁকে পাওয়া যায় না। সেখানে নার্স নেই, স্টাফ নেই, রোগীদের দুরাবস্থার শেষ নেই। অবিলম্বে এদিকে দৃষ্টি দেবার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নবনী বাউড়ী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়-এর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর থেকে রাণীগঞ্জ যে রাস্তাটি, যার নাম হচ্ছে সতী অহল্যাবাঈ রোড। এই রাস্তা মেজিয়া থেকে বাঁকুড়া পর্যন্ত একেবারে যানবাহনের অনুপোযোগী হয়ে পড়েছে এবং এই রাস্তায় যে ৩টি ব্রীজ আছে সেগুলিও ভেঙ্গে গেছে। কাজেই এই অবস্থাতে ঐ রাস্তাটি এবং ব্রীজগুলি অবিলম্বে মেরামত করার জন্য আমি পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুধন রাহা :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি, দার্জিলিং এবং কুচবিহার জেলার প্রায় ১০ হাজার ফরেষ্ট শ্রমিক যারা গভীর বনে বসবাস করে এবং সরকারের রেভিনিউ উৎপাদন করে, বিভিন্ন বনজ সম্পদ উৎপাদন করে, তারা এখনও পর্যন্ত সারা দেশে তাদের ন্যায্য মজুরী থেকে বঞ্চিত হচ্ছে। কারণ এখনও পর্যন্ত সারা দেশে ইংরেজ আমলের ১৯২৭ সালের কন্ট্রাক্ট লেবার সিসটেম চালু আছে, তার ফলে এই সমস্ত শ্রমিকরা তাদের ন্যায্য মজুরী থেকে বঞ্চিত হচ্ছে। আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ করছি অবিলম্বে এই কন্ট্রাক্ট লেবার সিসটেম বাতিল করে মজুরীপ্রথা চালু করুন যাতে শতকরা ৯৯ পারসেন্ট ট্রাইবাল শ্রমিক, যারা জলপাইগুড়ি, দার্জিলিং এবং কুচবিহারে কাজ করে তারা তাদের ন্যায্য সুযোগ-সুবিধা পেতে পারে।

শ্রী সত্যরঞ্জন বাপুলী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছিলেন এবং প্রতিশ্রুতি দিয়েছিলেন যে কোন গণতান্ত্রিক আন্দোলনের উপরে পুলিশ হস্তক্ষেপ করবে না। তিনি বারবার বলেছেন যে কোন গণতান্ত্রিক আন্দোলনে পুলিশ অনেক দূরে থাকবে। কিন্তু অত্যন্ত লজ্জার কথা, দু:খের কথা যে আমরা দেখছি যত গণতান্ত্রিক আন্দোলন হচ্ছে, প্রত্যেকটি গণতান্ত্রিক আন্দোলনে শুধু পুলিশ হস্তক্ষেপই নয়, সেখানে পুলিশ লাঠি চার্জ করছে। গতকাল কর্পোরেশন অফিসের সামনে যেভাবে পুলিশ নির্বিচারে লাঠি চার্জ করেছে সেটা কোন সভ্য রাজত্বে করা যায় না।...(গোলমাল)... (শ্রী মহ: নিজামুদ্দিন: মেয়রকে ঢিল মেরেছে, মেয়রকে জুতো ছুঁড়েছে)।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছু গুণ্ডা নিয়ে এসে সেখানে রাখা হয়েছে। কিছুদিন আগে গুণ্ডাদের মিছিল করে কর্পোরেশনের চারিদিকে ঘেরাও করে সাধারণ কর্মচারীদের ভয় দেখান হয়েছে। এখনও সেখানে কিছু গুণ্ডা পোষা হচ্ছে যাতে এই আন্দোলনকে ব্যাহত করতে পারে এবং তার জন্য কর্মচারীদের উপরে অত্যাচারও হচ্ছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, আপনি মুখ্যমন্ত্রীকে বলুন যে পুলিশ যেন এই গণতান্ত্রিক আন্দোলনে হস্তক্ষেপ না করে।

(Shri Md. Nezamuddin rose to speak)

Shri Rajesh Khaitan :- Mr. Speaker, Sir, the Hon'ble Minister in charge of Transport is in the House. I beg to draw his attention to a very important matter. Sir, the observance of Muharram is to be started on 25th & 26th September. The Puja festival is only four weeks ahead from today. The Dewali Festival is only six weeks from today. The transport strike is affecting the life of Calcuta people. The prices is going higher. I am surprised that the Hon'ble Minister is in the Assembly. When he should sit in his office to solve the problem. To solve the problem you call the employees of the transport owners. If you cannot solve the problem kindly tell the Chief Minister about this because people are affected. Today when I was on the Tara Chand Dutta street I was gheraod by the people.

শ্রী লক্ষ্মীকান্ত দেঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা শহরের মেয়র হচ্ছেন প্রথম নাগরিক। কয়েকদিন আগে কলকাতার মানুষ কলকাতা পৌরসভা নির্বাচন করেন। নির্বাচিত প্রতিনিধিরা মেয়র নির্বাচিত করেন এটাই তাদের অপরাধ হয়ে গেছে। তাই দেখা যাচ্ছে গতকাল কংগ্রেসের কিছু ইউনিয়ন বেআইনী ভাবে এই মেয়রের উপরে হস্তক্ষেপ করেন, ঢিল মারে, মাথায় লাগে, মেয়রকে লক্ষ্য করে জুতো ছোড়া হয় এবং এই সমস্ত কাগজে বেরিয়েছে। তাদের কোন দাবী নেই, মেয়রের সঙ্গে কোন আলোচনা নেই। এক্স-গ্রাসিয়ার ব্যাপার নিয়ে সেই সমস্ত ইউনিয়ন চেঁচামেচি করছেন, যে এক্স-গ্রাসিয়া আমরা চালু করেছি। বামফ্রন্ট সরকার কর্পোরেশান এবং সরকারী কর্মচারীদের এই সব বিষয় নিয়ে ভাবেন। আজকে যেহেতু কলকাতা পৌরসভায় নতুন মেয়র, আমাদের মেয়র নির্বাচিত হয়েছে সেহেতু তারা এই ভাবে তাকে হেনস্তা করছেন। আপনি জানেন যে মেয়রের পদ একটি সম্মানীয় পদ। এটা প্রত্যেকটি মানুষই স্বীকার করেন। কংগ্রেসেরও এটা স্বীকার করা উচিত যে এটা অত্যন্ত সম্মানীয় পদ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি স্পীকার। আপনার উপরে যদি কেউ হস্তক্ষেপ করেন তাহলে আমরা মনে করি যে দলমত নির্বিশেষে সকলেরই তার প্রতিবাদ করা উচিত।

[3.20 - 4.00 P.M.] (including adjournment)

মেয়র কলকাতা শহরের সেই রকম একটা মাননীয় পদ বলে আমরা জানি, কংগ্রেস এটা মেনে নেওয়া উচিত। সেই মেয়রের উপর আক্রমন করা, নিশ্চয়ই আমি মনে করি—যাই হোক, যে ঘটনাই হোক, কংগ্রেস বন্ধুদের থেকে শুরু করে আমাদের প্রত্যেকটি এস.এল.এ.'র প্রতিবাদ করা উচিত এবং বিভিন্ন জায়গায় এর প্রতিবাদে সোচ্চার হওয়া উচিত, এই ঘটনা কোনও রকমেই বরদাস্ত করা উচিত নয়।

শ্রী কামাক্ষা নন্দন দাস মহাপাত্রঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবঙ্গ সরকারের ক্ষেত মজুরদের নির্ধারিত যে মজুরী ১৪.৯১ পয়সা, এর বিরুদ্ধে কংগ্রেসের সমর্থক কিছু দালাল মালিক শ্রেণী, তারা হাইকোর্ট মামলা ঠুকে বসে আছে এবং এই অজুহাতে নাকি বিভিন্ন জেলা প্রশাসন, তারা প্রতি বছর যে ভাবে ক্ষেত মজুরদের মজুরী আদায়ের জন্য প্রচার পত্র বিলি করতেন, নানা জায়গায় ফাংশান ইত্যাদি করতেন, তা তারা করতে পারছেন না হাইকোর্টে এই মামলা ঝুলে থাকার জন্য। আমি আপনার মাধ্যমে সরকারের আইন বিভাগকে অনুরোধ করবো দু তিন বছর ধরে এই মামলা ঝুলে আছে, এই ব্যাপারে যাতে দ্রুত আইন বিভাগ হস্তক্ষেপ করেন এবং মামলাটার ফয়সালা করেন, তার দাবী আমি জানাচ্ছি।

শ্রী বিভূতি ভূষণ দেঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত উদ্বেগজনক ঘটনার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার নারায়ণগড় ব্লকের আকন্দা গ্রামে কংগ্রেসীরা পুনরায় সন্ত্রাসের রাজত্ব শুরু করে দিয়েছে, বোমা এবং পিস্তল আমদানি শুরু করে দিয়েছে। কিছুদিন আগে একজন রেকর্ডের বর্গাদার তার জমি যখন সে চাষ করছিল, তখন তাকে বোমা ছুঁড়ে মারা হয় এবং এই বোমা তৈরী হচ্ছে নারায়ণ গড় ব্লকের কংগ্রেস প্রেসিডেন্টের বাড়িতে বসে এবং যখন বাড়ির মেয়েরা প্রতিবাদ করতে এগিয়ে এলেন তখন সেই সমস্ত লোকেরা পালিয়ে যায় এবং পালিয়ে যাবার সময় একটা বোমা ফেটে একজন জখম হয়, যিনি জখম হন, তিনি মোহন পুরের একজন দাগী আসামী। এই সমস্ত ঘটনার নায়ক হচ্ছে ওয়ারেশ মল্লিক, তিনি একজন কংগ্রেসের গোঁড়া সমর্থক। ওয়ারেস মল্লিককে গ্রামের মানুষরা যখন বিভিন্ন ঘটনা আলাপ আলোচনার মাধ্যমে মিটিয়ে নিতে বলতে যান তখন এই ওয়ারেশ মল্লিক তার ব্যাগ থেকে পিস্তল বার করে ঐ সব গ্রামের লোকেদের গুলি করার জন্য উঁচিয়ে ধরেন। সঙ্গে সঙ্গে গ্রামবাসীরা এই ব্যাপারে প্রতিহত করে এবং থানায় ডায়রী করেন।

শ্রী ননী করঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের সব এয়ারপোর্টগুলোর পরিচালনার মালিক হচ্ছে কেন্দ্রীয় সরকার, আর ইন্টারন্যাশনযাল এয়ারপোর্ট অথারিটি অব ইণ্ডিয়া, এটা কেন্দ্রীয় সরকারের সংগঠন, তার যে মুখপাত্র ট্রাফিক নিউজ, গত আগষ্ট মাসে বলেছে, আপনি দেখেছেন Calcutta Airpto is the only airport where both international and domestic cargo has shown a satisfactory increase. তাদের মুখপাত্র আরও বলেছে সম্প্রতি কার্গো, এটা কলকাতায় বাড়ছে। কলকাতা এয়ারপোর্টের পরিমান হচ্ছে শতকরা ১২.২ ভাগ, দিল্লীতে বেড়েছে ৮.৫ ভাগ, বম্বেতে বেড়েছে .২ ভাগ, মাদ্রাজে কমেছে ৯.৫ ভাগ। এটা ওদের অফিশিয়াল রিপোর্ট, আগষ্ট মাসে যে রিপোর্ট বেরিয়েছে। কিন্তু এই সেপ্টেম্বর মাসে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে, এয়ার ইণ্ডিয়া, তাদের যে কার্গো ফ্লাইট সেটা কলকাতা দিয়ে চলবে না, বম্বে, দিল্লী দিয়ে চলবে।

এটা বোম্বাই, দিল্লী দিয়ে চলবে। স্যার, আপনি জানেন কয়েক দিন আগে বৃটিশ এয়ারওয়েজ যখন কলকাতা বন্দর পরিত্যাগ করার সিদ্ধান্ত করে তখন আমাদের পাইলট প্রধান মন্ত্রী বলেছিলেন, "বিদেশী বিমান কোথায় যাবে, না যাবে তা আমরা ঠিক করে দিতে পানি না।" স্যার, এখন আমি আপনার কাছে জানতে চাইছি, এয়ার ইণ্ডিয়াও কি এখন বিদেশী হয়ে গিয়েছে? এয়ার ইণ্ডিয়া কি ভারতবর্ষের সংস্থা নয়? শুধু পশ্চিমবাংলাকে বঞ্চিত করার জন্য পশ্চিমবাংলার এয়ার পোর্ট, দমদম এয়ারপোর্টকে নষ্ট করার জন্য একটা সুগভীর চক্রান্ত চলছে। এটা শুধু মাত্র পশ্চিমবাংলার বামফ্রন্টের ব্যাপার নয়, এটা গোটা পশ্চিমবাংলার ব্যাপার। সুতরাং আমাদের যে বন্ধুরা বিরোধী বেঞ্চে বসে আছেন, তাঁদের বলব, কলকাতার মেয়রকে ঢিল না মেরে আজকে আপনাদের নেতা পাইলট প্রধান মন্ত্রীকে বলুন, তিনি যেন পশ্চিমবাংলাকে ধ্বংস করার চেষ্টা না করেন এবং প্রয়োজনে তাঁর বিরুদ্ধে আপনারা রুখে দাঁড়ান যদি পশ্চিমবাংলার সন্তান হন। কারণ পশ্চিমবাংলাকে বাঁচাবার দায়িত্ব এবং কর্তব্য পশ্চিম বাংলার প্রতিটি সন্তানের, এটা শুধু মাত্র বামফ্রন্টের একার ব্যাপার নয়। অবশ্য এ কথা ঠিক, পশ্চিমবাংলায় আপনারা আর কোনদিনই ক্ষমতায় আসবেন না, তার জন্য আপনাদের দুঃখ হতে পারে, রাগ হতে পারে। কিন্তু তা সত্বেও পশ্চিমবাংলাকে কেউ বঞ্চিত করলে পশ্চিম বাংলাকে রক্ষা করার দায়িত্ব আপনাদেরও আছে। এয়ার ইণ্ডিয়া কর্তৃপক্ষের সাম্প্রতিক নির্দেশ পশ্চিম বাংলার স্বার্থ বিরোধী, সুতরাং তার বিরুদ্ধে আপনারা প্রতিবাদ করুন। স্যার, এ বিষয়ে আমি আপনাকে অনুরোধ করছি, আপনি এ বিষয়ে আমাদের বিধানসভার অনুভূতি এবং মতামতটুকু দিল্লীর কেন্দ্রীয় সরকারের কর্ণগোচর করবার ব্যবস্থা করুন।

শ্রীমতী রেণুলীনা সুব্বাঃ—মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে দার্জিলিং-এর গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ট্রাইবাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন দার্জিলিং জেলায় ট্রাইবাল দপ্তরের কোনো প্রজেক্ট অফিসার নেই। এ সম্পর্কে আমি ট্রাইবাল মন্ত্রীকে গতবার জিজ্ঞাসা করেছিলাম এবং জেলা পরিষদের চেয়ারম্যানও তাঁকে এ বিষয়ে অনুরোধ করেছিলেন। কিন্তু আজ পর্যন্ত কিছু হয়নি। শুধু মাত্র একজন স্পেসাল অফিসার সেখানে কাজ চালাচ্ছেন, তাঁর পক্ষে হোল ডিস্ট্রিক্ট কন্ট্রোল করা সম্ভব হচ্ছে না, অসুবিধা হচ্ছে। লোকে দূর দূর গ্রাম থেকে পায় হেঁটে এসে ট্রাইবাল প্রজেক্ট অফিসারকে না পেয়ে ফিরে যাচ্ছে। ফলে ওখানে জনগণের মধ্যে বিক্ষোভ দেখা দিচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে এই গুরুত্বপূর্ণ বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে ট্রাইবাল প্রজেক্ট অফিসার নিয়োগ করার জন্য তাঁকে অনুরোধ করছি।

শ্রী আবদুল মান্নানঃ—মাননীয় অধ্যক্ষমহাশয়, দ্বিতীয় বেতন কমিশনের সুপারিশক্রমে পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বিভাগের কারিগরি কর্মচারীদের জন। ১৯৮১ সালের আগষ্ট মাসে 'ডি. পি চ্যাটার্জী কমিশন' বসেছিল এবং তখন বলা হয়েছিল ৬ মাসের মধ্যে রিপোর্ট দেওয়া হবে। কিন্তু আজ পর্যন্ত কোনো রিপোর্ট দেওয়া হয়নি। ৪ বছর হয়ে গিয়েছে। এর ফলে পূর্ত (আবাসন) এবং বিদ্যুতদপ্তরে যে সমস্ত কারিগরি কর্মচারীরা রয়েছেন তাঁদের ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে। তাঁদের সম্বন্ধে দ্বিতীয় বেতন কমিশনের কোন সুপারিশ না থাকার জন্য, তাঁরা বেতন কমিশনের কোনো সুযোগ সুবিধা পাননি। সেই পরিপ্রেক্ষিতে তাঁদের জন্য ডি. পি. চ্যাটার্জী কমিশন বসান হয়েছিল এবং ৬ মাসের মধ্যে মন্ত্রীসভার কাছে সুপারিশ পেশ করতে বলা হয়েছিল। এখন আমার মন্ত্রীসভার কাছে আপনার মাধ্যমে জিজ্ঞাস্য বিষয় হচ্ছে, যদি ডি.পি. চ্যাটার্জী কমিশনের রিপোর্ট মন্ত্রী সভা পেয়ে থাকেন, তাহলে তা কার্যকরী করার তাঁরা কি ব্যবস্থা করছেন, আর যদি না পেয়ে তাহলে তা তাড়াতাড়ি যাতে পাওয়া যায় তার জন্যই বা কি ব্যবস্থা গ্রহণ করছেন? স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার কাছে সমস্ত বিষয়টি হাউসকে জানাবার জন্য দাবী রাখছি।

(At this stage the House was adjournment till 4.00 P.M.).

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাসঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটি ইনফরমেসান দেওয়ার আছে। খুব সম্ভবতঃ আগামীকাল পশ্চিমবাংলার সমস্ত সংবাদ-পত্র বন্ধ হয়ে যাচ্ছে। কারণ সংবাদপত্রের যারা হকার্স অর্থাৎ যারা বিক্রেতা তাঁরা খুব সম্ভবতঃ ধর্মঘট করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হকার্সদের যে দাবী পত্র দেখেছি, তারমধ্যে এমন দাবী আছে যা অত্যন্ত অবাস্তব এবং কোন ট্রেড ইউনিয়নের, কোন গণতান্ত্রিক আন্দোলনের তরফথেকে এই ধরণের দাবী উত্থাপিত হতে পারে না। আমি মন্ত্রী সভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি এই কারণে, সংবাদপত্র একদিন বন্ধ থাকা মানে সমস্ত জগৎ থেকে ভারতবর্ষ তো বটেই, ভারতবর্ষের বাইরের দেশগুলির সংবাদ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। কিছুদিন আগেও এঁরা ধর্মঘট করেছিলেন, আবার তাঁরা ধর্মঘট করতে যাচ্ছেন। এটা স্যার, অত্যন্ত মারাত্মক ব্যাপার। এই ধরণের ট্রেড ইউনিয়ন আন্দোলনকে অবাধে চলতে দেওয়া যায় না। সেইজন্য মন্ত্রী সভার সদস্যদের এই ব্যাপারে হস্তক্ষেপ করার প্রয়োজন আছে।

শ্রী আবদুল মান্নানঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এক আগে কয়েকবার জিরো আওয়ারে বলবো বলে স্পীকার মহাশয়ের কাছে জমা দিয়েছিলাম কিন্তু বলবার সুযোগ পাইনি। আজকাল, যুগান্তর, আনন্দবাজার এবং বর্তমান এই ৪টি সংবাদপত্রে ওদের সম্পর্কে যে চিঠি ছাপিয়েছেন তাতে বলা হয়েছে একটি কাগজের জন্য ২৭ পয়সা কমিশন দিতে হবে। আমরা যারা ৭৫ পয়সা কিংবা ৯০ পয়সায় কাগজ কিনি তাদেরকে অতিরিক্ত ২৭ পয়সা দিতে হবে। এছাড়াও তাঁদের আরোও অনেক দাবী আছে।

মিঃ ডেপুটি স্পীকারঃ—আপনি কি কোন কাগজের মালিক?

শ্রী আবদুল মান্নানঃ—না স্যার, আমি গ্রাহক। আমরা যারা গ্রাহক তাদরেকে এই কাগজের দাম দিতে হয়। তারপরেও যদি অন্যায়ভাবে ২৭ পয়সা নেওয়া হয় তাহলে তার ট্যাকসেসান আমাদের উপর চাপানো হবে। সংবাদপত্রের মালিকেরা তাই চেষ্টা করবে। কারণ আমরা জানি, সংবাদপত্রের যারা মালিক তাঁরা কিছুটা একচেটিয়া পুঁজিপতির মধ্যে পড়ছে। তাঁরা আবার দাম বাড়াবার চেষ্টা করবেন এবং তার ফলে সাধারণ মানুষকে ক্ষতিগ্রস্ত হতে হবে। আমরা দেখেছি, বিভিন্ন সময়ে সংবাদপত্রের উপর হামলা হয়েছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে বলতে চাই, অবিলম্বে রাজ্যসরকার ব্যবস্থা নিন। হকার্স এ্যাসোসিয়েসানের সঙ্গে আলোচনায় বসুন, যা জাষ্টিফায়েড সেইভাবে যেন ব্যবস্থা নেওয়া হয়।

শ্রী শচীন সেনঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা আমার কাছে খুবই আশ্চর্য লাগছে যে, সংবাদপত্রের হকাররা তাঁদের কিছু দাবী-দাওয়া নিয়ে একটা আন্দোলন করছেন, কিন্তু তাকে বলা হোল অবাস্তব আন্দোলন। কোন জায়গায় এটা অবাস্তব সেটা পরিষ্কার করে না বললে আমি বলবো হাউসকে মিস্‌লিড্ করা হচ্ছে। বার বার যে মালিক পক্ষ সংবাদপত্রের দাম বাড়াচ্ছেন, তার প্রতিবাদ তো হয়না! গরীব বিক্রেতা যাঁরা, আজকে তাঁরা একটা দাবী উত্থাপন করেছেন। কাজেই তাঁদের দাবীর মধ্যে কোনটা অবাস্তব সেটা বলতে হবে। তা না হলে, এইভাবে রিমার্ক করা ঠিক নয়। গরীব শ্রমিক তাঁরা এবং কিছু দাবীর পরিপ্রেক্ষিতে একটা আন্দোলন করছেন। সেই আন্দোলন করতে গিয়ে যদি কোন কোন ক্ষেত্রে তাঁদের ত্রুটি হয়—সেটা সংশোধন করা যায়। কিন্তু সেই আন্দোলনের বিরুদ্ধে বক্তব্য রাখার বিষয়ে আমি দ্বিমত পোষণ করি।

[4.00 - 4.10 P.M.]

GOVERNMENT BUSINESS

LEGISLATION

The West Bengal Public Libraries (Amendment) Bill, 1985

Mr. Deputy Speaker: Now I call upon Shrimati Chhaya Bera to introduce the West Bengal Public Libraries (Amendment) Bill, 1985.

Shrimati Chhaya Bera: Mr. Deputy Speaker Sir, I beg to introduce the West Bengal Public Libraries (Amendment) Bill, 1985. (Secretary then read the Title of the Bill.)

Shrimati Chhaya Bera: Mr. Deputy Speaker Sir, I beg to move that the West Bengal Public Libraries (Amendment) Bill, 1985, be taken into consideration.

Mr. Deputy Speaker: There are motions for reference of the Bill to the Select Committee by Shri Dhirendranath Sarker and Shri Kashinath Misra. Both the amendments are out of order since the consent of the Members included in the Select Committee have not been furnished.

There are motions for circulation of the Bill by Shri Abanti Mishra and Shri Dhirendranath Sarkar and also by Shri Kashinath Misra and Shri Abdul Mannan.

Shri Abdul Mannan: Mr. Deputy Speaker Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1985.

Shri Kashinath Misra: Mr. Deputy Speaker Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1985.

Shri Dhirendranath Sarkar: Mr. Deputy Speaker Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1986.

Mr. Deputy Speaker: Now I call upon Shri Abdul Mannan to speak.

শ্রী আবদুল মান্নানঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, লাইব্রেরী দপ্তরের মাননীয়া মন্ত্রী মহোদয়া যে বিলটা নিয়ে এসেছেন তাকে সাপোর্ট করতে পারছি না, কারণ আমরা দেখতে পাচ্ছি, সব কিছুকেকন্ট্রোল করবার রাজ্য সরকারের যে প্রবনতা, এই বিলের মাধ্যমে সেই রকম একটি প্রধানতা লাইব্রেরীগুলের ক্ষেত্রেও দেখতেপাচ্ছি। স্যার, এখানে যে এ্যামেন্ডমেন্টগুলি আনা হয়েছে সেগুলো যদি একটু দেখেন তাহলেই এটা বুঝতে পারবেন। যেমন একটি জায়গায়—বিলের ক্লজ ১১-এর লাষ্ট দিকে বলা হয়েছে যে, গভর্ণমেন্ট এ্যাড-হক কমিটি বা এ্যাডমিনিষ্ট্রেটর বসাতে পারবেন।

[4.10 - 4.20 P.M.]

এ্যাড হক কমিটি করার কি দরকার আছে? এই গভর্ণমেন্ট তো এ্যাড হক নয়। এই গভর্মেন্ট তো ইলেকসানে জিতে এসেছে সে যে করেই হোক—রিগিং করেই হোক আর যাই করেই হোক। যেখানে ইলেকটেড গভর্ণমেন্ট সেখানে এডমিনিস্টারের প্রতি এতো মোহ কেন সেটা আমি বুঝতে পারছিনা। এডমিনিসটেটর বসাবেন, কিন্তু কাকে বসাবেন সেটা পরিষ্কার করে বলছেন না। আমরা এই জন্য এ্যামেন্টমেন্ট দিয়েছি। এড হক কমিটি করতে হবে না, নির্বাচন না করলে একজন এডমিনিসট্রেটরকে টাইম বিইং করুন। কিন্তু একট র‍্যাঙ্কঅফিসারকে করুন। আগে দেখেছি বিভিন্ন স্কুল কলেজে রেশনের দোকানের মালিককে গভর্নিং বডিতে রাখা হয়েছে। আমরা দেখেছি লেখা পড়া জানেনা এমন একজনকে স্কুল কমিটির নমিনি করা হয়েছে। এই জিনিস আমরা বহু জায়গায় দেখেছি। আবার এড হক কমিটি করতে গিয়ে আপনার পার্টি ক্যাডারদের বসিয়ে দেবেন। লাইব্রেরী দপ্তরকে এমন একটা দপ্তরে রূপান্তরিত করেছেন যেটা ব্যাপারে কিছু বলার অপেক্ষা রাখে না। আপনারা বিভিন্ন ভাবে গর্ব করে বলেন যে ২৪০০ লাইব্রেরী তৈরী করা হয়েছে। এটা কাগজে কলমেই আছে। আপনার লাইব্রেরী দপ্তরের জন্য ৫ কোটি টাকা বাজেটে ধরা আছে। আপনারা সব সময় বলেন আমরা নাকি চেঁচামিচি করছি, বিরোধী দল বলে সব সময় বিরোধিতা করছি। কয়েকদিন আগে রোটান্ডা হলে ওয়েস্ট বেঙ্গল লাইব্রেরী এ্যাফেয়ার্সের একটা মিটিং হয়েছে। মন্ত্রী মহাশয়া সেখানে ছিলেন, সেখানে কংগ্রেসের লোক যাওয়ার কোন স্কোপ নেই কারণ কংগ্রেসের লোককে সেখানে রাখা হয় নি। সেখানে যাঁরা গিয়েছিল তাঁরা আখ-মার্কা বিপ্লবী লোক, সব কমরেড খাঁটি কমিউনিষ্ট পার্টির লোক। কিছু কিছু আর. এস. পি. লোক আছেন এবং অন্যান্য দলের সব লোক আছেন। সেই রোটান্ডা হলের মিটিং-এ প্রশ্ন তোলা হয় যে লাইব্রেরীতে যে সমস্ত টাকা খরচ করা হয়েছে সেইগুলি সমস্ত নষ্ট করা হয়েছে, টাকা গুলোকে বাজে খরচ করা হয়েছে। এমন কি বলা হয়েছে যে সমস্ত বই কেনা হয়েছে সেই বই গুলির কোন প্রয়োজন নেই। অপ্রয়োজনে সেই বই গুলি কেনা হয়েছে এবং সেই বইগুলির কোন পাঠক নেই। যে বই গুলি পড়ার জন্য কোন লোক আসে না সেই বই দিয়ে লাইব্রেরী ভর্ত্তি করা হয়েছে। কিছু লোকের পকেট ভর্ত্তি করার জন্য বইগুলি কেনা হয়েছে। মন্ত্রী মহাশয়া সেই দিন বলেছিলেন এই ব্যাপারে উনি এনকোয়ারী করবেন এবং এনকোয়ারী করে ব্যবস্থা নেবেন, ভবিষ্যতে যাতে এই জিনিস না হয় সেটা দেখবেন। এটা আমরা সংবাদপত্রে পড়েছিলাম, কারণ সেখানে যাওয়ার আমাদের স্কোপ নেই, সেখানে বলার কোন স্কোপ নেই বলে এখানে বলছি। আজকে মাননীয়া মন্ত্রী মহাশয়ার কাছে জানতে চাই মে-জুন মাসে রোটান্ডা হলে যে মিটিং হয়েছিল তাতে যে অভিযোগ গুলি উঠেছিল এবং সংবাদপত্রে আপনার যে বিবৃতি বেরিয়েছিল সেই ব্যাপারে খতিয়ে দেখে অভিযোগ গুলি দূর করার জন্য আপনি কোন ব্যবস্থা নিয়েছেন? আপনি যখন জবাবী ভাষণ দেবেন তখন এই ব্যাপারটা পরিষ্কার করে দেবেন। আজকে আমরা বিভিন্ন জায়গায় দেখতে পাচ্ছি এলাকার যাঁরা উৎসাহী মানুষ, শিক্ষিত মানুষ যাঁরা, যাঁরা শিক্ষার সঙ্গে যুক্ত, যাঁরা পড়াশুনা করতে চান তাঁরা গ্রামে একটা লাইব্রেরী প্রতিষ্ঠা করলো—এই সরকার সেই মানুষগুলির উদ্যোগকে উৎসাহ না দিয়ে দমন করা হচ্ছে। সেখানে দলের লোক দিয়ে কন্ট্রোল করা হচ্ছে। লাইব্রেরীর জন্য যে বই গুলি কেনা হচ্ছে সেই বই গুলির কোন পাঠক নেই, সেই বই গুলি মার্ক্সবাদ লেনিনবাদ শিক্ষা দেওয়ার জন্য, দলের মুখপাত্র দিয়ে সমস্ত লাইব্রেরী ভর্ত্তি; করে দেওয়া হয়েছে। আজকে প্রতিটি জায়গায় লাইব্রেরীকে এই ভাবে নষ্ট করা হচ্ছে। উত্তরপাড়ার জয়কৃষ্ণ লাইব্রেরী হুগলী জেলার একটা বিখ্যাত লাইব্রেরী, পশ্চিমবাংলার মধ্যে একটা বিখ্যাত লাইব্রেরী। এই লাইব্রেরীর জন্য কংগ্রেস আমলে আমরা নিজেরা চেষ্টা করেছিলাম, সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে দাবি করেছিলাম যে এটাকে একটা জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে বিবেচনা করা হোক, ন্যাশন্যাল লাইব্রেরীর একটা এ্যানেক্সচার হিসাবে গ্রহন করা হোক। কারণ এই লাইব্রেরীর পেছনে একটা ইতিহাস আছে, বহু বড় বড় মনিষী সেখানে গিয়েছিলেন। কিন্তু সেই দিন আমরা কি দেখেছিলাম? তখন কিছু আমলা হঠাৎ প্রস্তাব দিলেন লাইব্রেরীর মধ্যে কিছু কংগ্রেস এম.এল.এ-কে সরকারী নমিনেসান দেওয়া হোক। এই চক্রান্তটা আমরা বুঝতে পারিনি, আমাদের মন্ত্রী মহাশয় সেটা বুঝেছিলেন। দেশের কথা চিন্তা করে আমাদের তৎকালীন মন্ত্রী শ্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জী বলেছিলেন এই লাইব্রেরীর মধ্যে কোন এম.এল.এ. থাকবে না, সরকারী মনোনীত কোন লোক থাকবে না। থাকলে সেখানে দলের লোক চলে যাবে এবং দলীয় দৃষ্টি ভঙ্গী নিয়ে লাইব্রেরী চলতে পারে। তাতে লাইব্রেরীর ক্ষতি হবে। আমরা যেটা বলেছিলাম সেটা মন্ত্রী মহাশয় করলেন না। কিন্তু সেই জায়গায় আমরা দেখলাম পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর লাইব্রেরীতে এম.এল.এ.-দের ঢুকিয়ে দিলেন। এম.এল.এ.-দের ঢুকিয়ে এমন অবস্থা করে দেওয়া হ'ল যে জয়কৃষ্ণ লাইব্রেরীর যে ঐতিহ্য ছিল সেটা নষ্ট হয়ে যাচ্ছে। স্যার, এই লাইব্রেরী এখান থেকে বেশী দূরে নয়—৮-১০ কিলোমিটার দূরে অবস্থিত। সেই লাইব্রেরীর এমন অবস্থা দাঁড়িয়েছে যে সেখানে দিনের পর দিন বই চুরি যাচ্ছে, পুরনো যে দলিল ছিল সেই দলিল আজ নেই। আজকে সেই জন্য বলতে হচ্ছে পশ্চিমবাংলায় বিভিন্ন দপ্তর বিশেষ করে লাইব্রেরী দপ্তরে দলবাজী করতে গিয়ে সমস্ত গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান গুলি ধ্বংস হতে দপ্তরে দলবাজী করতে গিয়ে সমস্ত গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলি ধ্বংস হতে চলেছে। আমরা দেখছি বিভিন্ন জায়গায় লাইব্রেরী করার ব্যাপারে দলবাজী করা হয়েছে। আমার এলাকায় দেখেছি লাইব্রেরী করার ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়কে অনেকবার চিঠি দিয়েছি, কিন্তু তার কোন উত্তর পাইনি। ডিসট্রিক্ট লাইব্রেরী কমিটিতে যাঁরা আছেন তাঁদের পর্যন্ত বলেছি, তাতে কোন কাজ হয়নি। আমার এলাকার মানিকচকে কিছু মানুষ লাইব্রেরী তৈরী করেছে, ৩০ বছর ধরে লাইব্রেরী চলছে। হঠাৎ বলা হ'ল এই লাইব্রেরী কোন সাংসান পাবে না, কোন কিছু দেওয়া হবে না। সঙ্গে সঙ্গে সিডিউইল কাষ্টের নাম দিয়ে অন্য একটা লাইব্রেরী করে দেওয়া হ'ল।

স্যার, সেই লাইব্রেরীতে কোন পড়ার বই নেই। যে সমস্ত প্রতিষ্ঠিত লেখক পশ্চিমবাংলায় আছে, যে লেখকদের নিয়ে আমরা গর্ব বোধ করি সেই সমস্ত লেখকের কোন বই এই লাইব্রেরীতে নেই। এমন অনেক লাইব্রেরী আছে যেখানে দৈনিক সংবাদপত্র পর্যন্ত নিতে দেওয়া হয় না। যে সমস্ত সংবাদপত্র সরকারের নিয়ন্ত্রণে নেই সেইগুলি নিতে দেওয়া হয় না। একমাত্র বসুমতি ছাড়া আর কিছু নিতে দেওয়া হয় না। এমনিতেই লাইব্রেরী সরকারের কন্ট্রোলে রয়েছে আবার নূতন করে লাইব্রেরী গুলোকে নিয়ন্ত্রন করার জন্য আজকে মাননীয়া মন্ত্রী মহাশয়া বিল এনেছেন। সেই জন্য আমি বলতে চাই বর্তমানে আইনের মধ্যে যে সমস্ত কন্ট্রোল করার ক্ষমতা আছে আবার নূতন করে এ্যাড হক কমিটি করে ক্ষমতা নিয়ে দলের লোক বসাবেন এই প্রবণতাটা অন্ততপক্ষে ত্যাগ করুন।

কারণ পশ্চিমবাংলায় আজকে লাইব্রেরী শুধু সরকারের উদ্যোগে বা উৎসাহেই গড়ে ওঠে না, পশ্চিমবাংলার বুকে যে সমস্ত শিক্ষিত মানুষ আছেন, বহু জায়গায় তাঁদের উদ্যোগ ও উৎসাহে বেসরকারী ভাবে বহু লাইব্রেরী গড়ে উঠেছে। সেই সমস্ত জায়গায় সরকারের কাছ থেকে কোন রকম আর্থিক সাহায্য ছাড়াই তাঁরা লাইব্রেরীগুলো গড়ে তুলেছেন। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়ার কাছে অনুরোধ করছি যে, কোথাও যখন লাইব্রেরী আপনি করবেন, সরকারী ব্যবস্থাপনার মধ্যে দিয়ে—তখন ইলেকটেড় কমিটি করে, একটা গনতান্ত্রিক পদ্ধতির মাধ্যমে যাতে গঠিত হয় তার ব্যবস্থা তিনি করবেন। কোথাও পরবর্ত্তীকালে লাইব্রেরী করতে গিয়ে যদি এ্যাডমিনিস্ট্রেটর বসানোর দরকার হয়, তাহলে এস.ডি.ও. বা কোন সরকারী আমলাকে ঐ পদে বসাতে পারেন। আমি অনুরোধ করব, আপনি এই ভাবেই করুন। কেননা, কোন আমলা যদি ঐ পদে বসাতে পারেন। আমি অনুরোধ করব, আপনি এই ভাবেই করুন। কেননা, কোন আমলা যদি ঐ পদে বসেন, তাহলে তাঁর একটা রেসপনসিবিলিটি থাকবে। একজন আমলা যেহেতু চাকুরী করেন, সেইজন্য তাঁর রেসপনসিবিলিটি অবশ্যই থাকবে একথা বলা যেতে পারে। কিন্তু এ্যাড-হক কমিটি করে নিজেদের দলের লোককে সেখানে বসালে দলীয় লোকের সেই দায়িত্ব থাকবে না। এই সঙ্গে সঙ্গে সেই দলের লোক কোন অন্যায় করলেও কোন ব্যবস্থা আপনি নিতে পারবেন না, কিন্তু একজন আমলার বিরুদ্ধে প্রয়োজনে ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। আপনি দলের লোককে আজ বসাতে পারেন ঠিকই, কিন্তু আজ ক্ষমতায় থাকলেও আগামী দিনে আপনার দল ক্ষমতায় থাকবে, একথা আপনি জোর দিয়ে বলতে পারেন না। কিন্তু একজন আমলাকে তাঁর চাকুরীর স্বার্থে পরবর্ত্তীকালে সেখানে থাকতে হবে এবং কোন ব্যবস্থা গ্রহণের প্রয়োজন থাকলে আপনি তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারবেন। সেইজন্য আমি মাননীয় মন্ত্রীমহোদয়ার কাছে অনুরোধ জানাই, দয়া করে তিনি আমাদের এ্যামেন্ডমেন্টটা গ্রহণ করুন এবং এ্যাড-হক কাউন্সিল করান যে ব্যবস্থা করতে চলেছেন তা ত্যাগ করুন। এ্যামেন্ডমেন্ট মুভ করার সময়ে আমি এখানে আবার বলার সুযোগ পাব, তখন এ বিষয়ে আরও বিশদ ভাবে বলবো। আমরা আরও একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম, তাতে বলেছি যে সরকার এইগুলো যখন করছেন, তখন কনসাল্ট করে যাতে স্টেট গভর্ণমেন্ট করেন, সেকথা বলেছি। সরকার যা করছেন তা প্রেসক্রাইব আকারে—যেটা ১৬(এ) (৫) এর লাইন ২তে আছে। আমরা যে এ্যামেন্ডমেন্টগুলো এখানে এই বিলের উপরে দিয়েছি, সেগুলোর স্বপক্ষে পরে আবার বলবো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নারায়ণ দাস মুখার্জি ঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয়া মন্ত্রীমহোদয়া এখানে ওয়েষ্ট বেঙ্গল পাবলিক লাইব্রেরিস (এ্যামেণ্ডমেন্ট) বিল যেটা নিয়ে এসেছেন, তার প্রতি আমি পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। একটু আগে আমাদের বিরোধীপক্ষের মান্নান সাহেব যে সমস্ত কথা বলে গেলেন, তার ভেতর দিয়ে সব কথা বোঝা গেল না। তিনি এই বিলকে বিরোধীতা করছেন কেন, তিনি যে এ্যামেণ্ডমেন্ট এখানে দিয়েছেন তা কি উদ্দেশ্যে, এসব কিছুই বোঝা গেল না। তবে, তিনি যে সমস্ত কথা বললেন, তা বলার কিছু কারণ ওঁর আছে। ওঁদের সময়ে লাইব্রেরীর ব্যাপার কিছু ছিল না। ১৯৭৯ সালে এখানে বামফ্রন্ট ক্ষমতায় এসে প্রথম সরকারী ব্যবস্থাপনায় লাইব্রেরী ব্যবস্থা পশ্চিমবাংলার বুকে গড়ে তুলেছেন। এইজন্য এই সরকার একটি আইনও তৈরী করেছিলেন। এর আগে এই গ্রন্থাগারবিষয়ক কোন আইন এখানে ছিল না। ওঁদের সময়ে এই ব্যাপারে ওঁরা কোন চিন্তা-ভাবনা করেন নি। যে গভর্ণমেন্ট এই গ্রন্থাগার ব্যবস্থা গড়ে তুলে আইন রচনা করলেন এবং এর সুষ্ঠু পরিচালনার জন্য চিন্তা-ভাবনা করছেন, সেখানে এর পরিচালন ব্যবস্থা আরও ভালো করার জন্য সরকারের পক্ষ থেকে এ্যামেণ্ডমেন্ট আনা হয়েছে। সেই সঙ্গে সঙ্গে এর পারস্পেকটিভ-এর কথাও সরকার চিন্তা-ভাবনা করছেন। সরকার এটা করছেন অভিজ্ঞতার ভিত্তিতে এবং সুষ্ঠু পরিচালনার স্বার্থে। ঠিক এই সময়েই ওঁরা এখানে অনেক বড় বড় কথা বলছেন দেখছি। ওঁরা ওঁদের আমলে এসব আগে দেখন নি। কেবল দলবাজী ও পার্টিবাজী করতেই ওঁরা শিখেছেন এবং সেজন্যই আমরা দেখলাম যে, এখানে সংশোধনী বিষয়ে কোন কথা ওঁরা বললেন না। ১৯৭৯ সালে বামফ্রন্ট সরকার গ্রন্থাগার বিষয়ে যে আইন রচনা করেছিলেন, কয়েক বছর পরিচালনার পর অভিজ্ঞতায় দেখা গেল ঐ আইনের কিছু পরিবর্তন দরকার। সেই সমস্ত পরিবর্তনই এখানে আনা হয়েছে, তবে সেটা বিশাল কোন কিছু নয়। সুতরাং মাননীয় মন্ত্রীমহাশয়া এখানে যে সংশোধনী বিল এনেছেন, তা সমর্থন করা দরকার। এই বিলকে সমর্থন করা মানে হচ্ছে লাইব্রেরী এখানে আরও ভাল ভাবে গড়ে উঠুক, এটাই বোঝায়। কিন্তু ওঁরা তা চান না। ওঁদের গাত্রদাহ হচ্ছে। কারণ ওঁদের সময়ে ওঁরা পারেন নি লাইব্রেরী ব্যবস্থাকে এই ভাবে গড়ে তুলতে। আজ এর পেছনে ৫ কোটি টাকা সরকার খরচ করছেন। কিন্তু ওঁদের সময়ে ওঁরা মাত্র ৪০-৪২ লক্ষ টাকা ব্যয় করতেন। এই এ্যামেণ্টমেন্ট বিল সিলেক্ট কমিটিতে পাঠাবার অনুরোধ করে, অমুক, তমুক করে আটকাবার চেষ্টা ওঁরা করছেন। উদ্দেশ্য একটাই—যাতে এটিকে কার্যকরী করার ক্ষেত্রে বিলম্ব ঘটানো যায় তার চেষ্টা করা।

[4.20 - 4.30 P.M.]

গঠনমূলক কিছু বললেন না, এখানে যেমন সংশোধনী আনা হয়েছে তেমনি এই ষ্টেট লাইব্রেরী কাউন্সিলে সদস্যসংখ্যা কিছু কিছু বাড়ান হয়েছে, যেমন এই এমপ্লয়িজের মধ্যে ছিল একজন সেখানে এটা ২জন করা হয়েছে এবং ডাইরেক্টরেট অফ এ্যাডাল্ট এডুকেশনে তাদের নেওয়া হয়েছে। এইরকম কয়েকটি জিনিষ এখানে আছে। ষ্টেট লাইব্রেরী কাউন্সিল তাদের যেভাবে গঠন করা হয়েছিল তাতে সদস্য সংখ্যা কিছু বৃদ্ধি করা হয়েছে। আর কিছু কিছু ছোট ছোট ব্যাপার রয়েছে যথা একজিকিউটিভ কমিটি হবে আগে যে একজিকিউটিভ কমিটিজ বলা হয়েছে সেটা ভুল এবং ওটা আগেকার ভুল, সুতরাং সংশোধন করতে হবে। তাছাড়া এ্যাডহোক কমিটি করার কথা এবং এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগের কথা বলা হয়েছে। লোকাল লাইব্রেরী অথরিটির যারা চালান বা কর্তা সেই এল. এল. এ. অর্থাৎ লোক্যাল লাইব্রেরী অথরিটি যদি নিয়ম মেনে না চলেন এবং আইন যদি না মেনে চলেন তাহলে তাকে নিয়ন্ত্রক করার ব্যবস্থা থাকা দরকার। সেখানে এই ব্যবস্থা এই আইনে আনা হয়েছে এবং সেই সংশোধনীতে বলা হয়েছে যে লোক্যাল লাইব্রেরী অথরিটির যে রুলস্ করা হয়েছে সেই রুলস্ যদি না মানে, সেই আইন যদি না মানে তাহলে তাকে সুপারসিড করা যাবে এবং সেই সুপারসিড করা যাবে এক বছরের জন্য মাত্র: নট মোর দ্যান ওয়ান ইয়ার। সেখানে এ্যাড-হক কমিটি হবে এবং এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করা যাবে। তারপরে আবার যে আইনের নিয়ম আছে সেই আইনের ভিত্তিতে এল. এল. এ. নিয়োগ হবে। বিদ্যালয়ের ক্ষেত্রেও একই নিয়ম। ম্যানেজিং কমিটি যদি নিয়ম অনুযায়ী না চলেন তাহলে বোর্ড

বা মধ্যশিক্ষা পর্ষদ সেই ম্যানেজিং কমিটিকে তুলে দিয়ে ওয়েস্ট বেঙ্গল সেকেণ্ডারী বোর্ড তাকে সুপারসিড করতে পারে, একথা সেখানে পরিষ্কারভাবে লেখা আছে। সবটা পড়লে বুঝতে পারতেন যে এই এ্যামেণ্ডমেন্টটির সুষ্ঠু পরিচালনার স্বার্থে এই সংশোধনীটি আনা হয়েছে। এই কথা বলে একে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ধীরেন্দ্র নাথ সরকার ঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয়া মন্ত্রীমহাশয়া এই হাউসের সামনে ওয়েস্ট বেঙ্গল পাবলিক লাইব্রেরিস (এ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৮৫ উত্থাপন করেছেন। এই কথা ঠিক যে ১৯৭৯ সালে এই গ্রন্থাগার সংক্রান্ত আইনটি প্রথম তৈরী হয়েছিল এবং ৫-৬ বছর পরে এর আবার একটা সংশোধনী আনা হয়েছে। আপনারা এই বিলটিকে যে সংশোধন করতে চেয়েছেন এবং এর ক্লজের যে অমিশন চেয়েছেন এবং যেগুলি আছে তার আবার পরিবর্তন বা পরিবর্তন চেয়েছেন তাতে আমার মনে হয় এর খোল-নলচে পাল্টাতে হবে। তিনি নাকি মহৎ উদ্দেশ্য নিয়ে এর পরিবর্তন করতে চাইছেন। পাবলিক বা বেসরকারীমূলক পরিচালনার জন্য কোন সংস্থা পরিচালনার ক্ষেত্রে এবং তার উন্নতিসাধনের জন্য প্রয়োজনীয় কিছু ব্যবস্থা গ্রহণের জন্য একটি ফিনানসিয়াল মেমোরাণ্ডাম রেখেছেন। আমি এই এ্যামেণ্ডমেন্টটি পড়েছি এবং পড়তে গিয়ে এর একটি জায়গায় অত্যন্ত গুরুতর আপত্তি আছে, সেটা আমি জানাতে চাই যে ক্লজ ১১ এবং ক্লজ ১০এ-এর মূল আইনে "If, at any time, the Government is of opinion that a Local Library Authority has failed to perfom its functions or has exceeded or abused any of the powers conferred on it-"

আমি বলতে চাই লোক্যাল লাইব্রেরী অথরিটির কাজ সংক্রান্ত মিসইউজ কিম্বা য়্যাবিউজ ইত্যাদির প্রামাণ্য তথ্যের ভিত্তিতেআভিযোগ পেলে তিনি যে তার বিরুদ্ধে ব্যবস্থা নেবেন এ কথা বলেন নি। তিনি বলেছেন যে কোন সময়ে যদি সরকার মনে করেন একটা নির্বাচিত গণতান্ত্রিক প্রতিষ্ঠানের কার্যকলাপ সম্পর্কে প্রশ্ন করতে হবে, সে সম্পর্কে মতামতের কোন প্রশ্ন নেই এবং সেখানে তথ্যের ভিত্তিতে তার বিরুদ্ধে অ্যাকশান নিতে হবে। এটা স্বাভাবিক। কিন্তু এই ক্লজের মাধ্যমে লাইব্রেরীগুলিতে দলবাজী করার জন্য ইচ্ছাকৃতভাবে তিনি ক্লজের পরিবর্তন করছেন। সেজন্য আমি এর তীব্র বিরোধীতা করছি। তারপর তিনি বলেছেন যে কোন সময়ে সরকার যদি মনে করেন তাহলে আডমিনিস্ট্রেটর অথবা ad-hoc committee consisting of such persons and in such manner as the government may think it. এটা ঘোরতর আপত্তির কারণ। সরকার যা মনে করবেন তাই করবেন—এটা হতে পারে। সুতরাং এর তীব্র বিরোধীতা করছি। দুর্নীতি দমনের প্রশ্নে মূল আইনে পেনালটির ব্যবস্থা রাখা হয়েছে। আমরা আগেই বলেছিলাম যে রুরাল লাইব্রেরী বা ডিসট্রিক্ট লাইব্রেরী হোক তাদের বিরুদ্ধে কোন দুর্নীতির ব্যবস্থা থাকলে শাস্তির ব্যবস্থা করা দরকার। সেই শাস্তি বিধানের ব্যবস্থা তিনি চাননি। সুতরাং এখানে স্পষ্ট ভাষায় পেনালটির ব্যবস্থা করতে পারলে আমরা খুশী হতাম। কিন্তু তা তিনি করবেন না। পাবলিক বা রুরাল লাইব্রেরীগুলিকে যদি ভালভাবে পরিচালনা করতে চান তাহলে এগুলি গ্রহণ করবেন। কিন্তু যেহেতু আপনাদের ক্যাডার, এম. এল. এ., মন্ত্রী রাখতে পারবেন না সেহেতু তাঁদের রাখার জন্য এই বিধান রেখেছেন। অর্থাৎ এরই মাধ্যমে আপনারা দলবাজী করার ইচ্ছা পোষণ করেছেন। আরও অনেকগুলি আপত্তিকর ব্যাপার আছে যেগুলি সময় সংক্ষেপের জন্য বলতে পারছি না। আমি এখানে যে সংশোধনী দিয়েছি তা গণতান্ত্রিক সংশোধনী এবং তা গ্রহণ করার জন্য অনুরোধ করি। প্রতিষ্ঠান এবং জনগণের স্বার্থে আমি এই সংশোধনী দিয়েছি। এই বিলের ১৭ নং ক্লজের সাব সেকশন বলেছেন—the Local Library Authority or the Director of Library Services, shall be deemed to be the employees of the local library authority and the terms and conditions of service of such employees shall be such as may be prescribed.

[4.30 - 4.40 P.M.]

এখানে এই কথাটা আপত্তিকর বলে আমি মনে করছি। যারা সেই প্রতিষ্ঠানে কাজ করবে, যারা কর্মচারী থাকবে, তাদের সরাসরি এইভাবে লোক্যাল লাইব্রেরী অথরিটির এমপ্লয়ী হিসাবে গণ্য করা এই বিলে উচিত হয়নি, সেখানে তাদের সরাসরি সরকারী কর্মচারী হিসাবে ঘোষণা করার বিধান রাখতে পারতেন, কিন্তু সেটা রাখেননি। আজকে সমস্ত পশ্চিমবঙ্গে পাবলিক লাইব্রেরী বলুন, রুরাল লাইব্রেরী বলুন, ডিস্ট্রিক্ট লাইব্রেরী বলুন এইগুলি পরিচালনা সংক্রান্ত ব্যাপারে যে অবস্থা চলছে তা বর্ণনা করতে গেলে অনেক সময় লাগবে, সেজন্য বলছি না। পশ্চিমদিনাজপুর ডিস্ট্রিক্টে যে লাইব্রেরী রয়েছে সেখানে চূড়ান্ত দলবাজী হচ্ছে। সেখানে বেছে বেছে তাদের এলাকার যে সমস্ত সি. পি. এম. ক্যাডার রয়েছে তাদের লাইব্রেরীয়ান তৈরী করার ব্যবস্থা করা হয়েছে। এমপ্লয়মেন্টএক্সচেঞ্জ থেকে নাম সংগ্রহ করে এ্যাপয়েন্টমেন্ট দেওয়ার যে বিধান এই গভর্ণমেন্ট দিয়েছে সেটাকে উপেক্ষা করা হচ্ছে, লংঘন করা হচ্ছে। তাই আমি পরিষ্কার করে বলতে চাই সুষ্ঠু প্রশাসনের স্বার্থে যে এই বিল উপস্থাপন করেছেন বলছেন এটা ঠিক নয়, এই সমস্ত তথ্যের ভিত্তিতে এই বিলকে সমর্থন করা যায় না। সেজন্য বলছি পাবলিক ওপিনিয়ান সিক করার জন্য এই বিলকে ছেড়ে দিন, পরবর্তীকালে সংশোধিত আকারে বিলটা নিয়ে আসবেন। না হলে এই বিলে পরিবর্তনের যে কথা রয়েছে তা সমর্থন করতে পারছি না, এই বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সত্যেন্দ্র নাথ ঘোষ ঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয়া মন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল পাবলিক লাইব্রেরী (এ্যামেণ্ডমেন্ট) বিল এনেছেন আমি তাকে সমর্থন করে দু'একটা কথা বলতে চাই। এই বিল সম্পর্কে আমাদের বিরোধী পক্ষের সদস্যরা অনেক কথা বললেন। আমার মনে হয় তাঁরা যদি এই বিলটা একটু গভীরভাবে বিশ্লেষণ করতেন বা গভীরভাবে পড়াশুনা করতেন তাহলে এইসব কথা বলার প্রয়োজন থাকত না। স্যার, পাঠাগার হচ্ছে আজকের যুগে শিক্ষার অন্যতম বাহন এবং পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের আমলে এই পাঠাগারকে কেন্দ্র করে একটা শিক্ষা আন্দোলন গড়ে উঠেছে। কাজেই এই পাঠাগার সম্পর্কে যে আইন ১৯৭৯ সালে পাশ হয়েছিল আজকে কাজ করতে গিয়ে দেখা যাচ্ছে যে আইনের পরিবর্তন দরকার এবং সেই কারণে আজকে এই এ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে। এর মধ্যে ২, ৬, ৫, ৯, ১০, ১১ এবং ১৬ নং ধারাগুলির মধ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ পরিবর্তন করা হয়েছে এবং আমাদের মনে হয় এই পরিবর্তনগুলি ঠিক সময়োচিত, বৈজ্ঞানিক এবং বাস্তব বুদ্ধি সম্মত হয়েছে। এই বিলে বলা হয়েছে দি কনট্রোল এণ্ড সুপারভাইজ দি লাইব্রেরী-এর আগে ছিল গ্রান্ট, সেই জায়গায় কনট্রোল কথাটা বলা হচ্ছে। আজকে লাইব্রেরীগুলি যদি ভালভাবে পরিচালনা করতে হয় তাহলে সেখানে দলাদলি থাকলে সেই দলাদলিকে কনট্রোল করা দরকার, তা না হলে প্রতিষ্ঠান ভালভাবে চলতে পারে না। কাজেই লাইব্রেরীগুলিকে কনট্রোল এবং সুপারভাইজ করা দরকার। কাজেই এই বিলের মধ্যে যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে সেটা এমন কিছু অন্যায় হয়নি।

দ্বিতীয় কথা হচ্ছে আজকে সমস্ত প্রতিষ্ঠানকে একটা গনতান্ত্রিক ব্যবস্থার মধ্যে নিয়ে যেতে হবে। এখানে একটা ধারায় বলা হয়েছে ওয়ান রিপ্রেজেনটেটিভের জায়গায় দুজন রিপ্রেজেনটেটিভ হবে। অর্থাত যারা লাইব্রেরীর কর্মী, সারাদিন যারা লাইব্রেরীর জন্য পরিশ্রম করেন তাঁদের আগে যেখানে ১জন রিপ্রেজেনটেটিভ ছিল

সেখানে এখন ২জন রিপ্রেজেন্টেটিভ করা হয়েছে। তারপর, ইলেকসনের ব্যাপারে দেখছি যেখানে ৩ বছর পর ইলেকসন করবার কথা ছিল সেখানে এখন ৪ বছর করা হয়েছে। একটা ভাল লাইব্রেরী পরিচালনা করতে হলে ৩ বছরের মধ্যে অনেক সময় কাজকর্ম করা যায়না। এই কারণেই এখানে ৪ বছর করা হয়েছে। একটা ইমপট্যান্ট বিষয় সম্বন্ধে বিরোধীদলের দুজন মাননীয় সদস্য বলেছেন এবং সেই বিষয়টি হল—সুপারসেসন অব দি লাইব্রেরী কমিটি এ্যান্ড ইন লিউ অব রিপ্লেশমেন্ট বাই এ্যাডহক কমিটি। এটা এমন কিছু খারাপ জিনিস নয়। যদি কোন প্রতিষ্ঠান কাজ করতে না পারে, যদি সেখানে অন্যায় চলে, দুর্নীতি থাকে তাহলে সেই প্রতিষ্ঠানকে সুপারসেসন করে সেখানে এ্যাডহক কমিটি করতে হবে। এখানে আমি মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি ১ বছরের জায়গায় ৬ মাস করতে পারেন কিনা দেখুন। আমরা যখন গনতান্ত্রিক উপায়ে এবং পদ্ধতিতে প্রতিষ্ঠানগুলো চালাবার চেষ্টা করছি তখন ১ বছর না করে ৬ মাস করতে পারেন কিনা চিন্তা করুন। স্পনসর্ড লাইব্রেরীর কথা যা বলা হয়েছে এটা এতদিন হয়নি। একদম লোয়েস্ট লেভেলে যে লাইব্রেরী আছে তাকে গ্যান্ট দেওয়া হবে বা তাকে স্পনসর্ড লাইব্রেরী হিসেবে গন্য করা হবে। এতদিন পর্যন্ত স্পনসর্ড পাবলিক লাইব্রেরীর কোন ভূমিকা ছিলনা। এই বিলে স্পনসর্ড লাইব্রেরীর কথা বলা হয়েছে। একথা বলে বিলকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[4.40 - 4.50 P.M.]

শ্রী কাশীনাথ মিশ্র :- মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, লাইব্রেরী দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে বিল এনেছেন সেখানে আমি কিছু কিছু আপত্তি করেছি এবং জনমত সংগ্রহের জন্য প্রচার করতে বলেছি। মূল আইনে ২৪ টি ক্লজ ছিল কিন্তু উনি এ্যামেন্ডমেন্ট আনলেন ১৯টি ক্লজের উপর। আমার বক্তব্য হচ্ছে তাঁর উদ্দেশ্য যখন ব্যাহত হচ্ছে তখন তিনি কমপ্রিহেনসিভ বিল আনলেন না কেন? উনি যদি কাজের ব্যাঘাতের জন্য এ্যামেন্ডমেন্ট এনে থাকেন তাহলে ১৯৭৯ সালের এ্যাক্টে যেখানে ২৪ টি ক্লজ আছে সেখানে তিনি ১৯ টিতে এ্যামেন্ডমেন্ট আনছেন কেন? আপনাদের দেয়া বই, ''স্কুল এডুকেসন ইন ওয়েস্ট বেঙ্গল '' যেটা আমাদের মধ্যে বিতরণ করা হয়েছে সেখানে বলা হয়েছে " With the object of stamping out illiteracy, helping neo-literates, propagating decent and life oriented culture and serving the people as information bureau the network of the libraries has been expended through out the state during the last seven years." তারপর, ডেভলপমেন্টের কথা বলেছেন, একস্পেনডিচার অন লাইব্রেরী এ্যাকাইন্ট সম্বন্ধে একটা টেবেল দিয়েছেন এবং এ্যাডমিনিস্ট্রেটারের কথা বলতে গিয়ে বলেছেন ডিরেক্টর অব লাইব্রেরী সার্ভিসেস আন্ডার এডুকেসন ডিপার্টমেন্ট ইজ ইন ওভারঅল চার্জেজ ফর লুকিং আফটার দি এ্যাডমিনিস্ট্রেসন।Under him the District Library officer Will supervise the activities of the libraries of the district. The local Library Authorities in each district is in charge of the setting up and maintenance of libraries in the district." মূল উদ্দেশ্য হচ্ছে লোক্যালদের যে আধিপত্য তাকে কন্ট্রোল করার জন্য এই প্রভিসন এনেছেন। লোক্যাল লাইব্রেরীতে ঠিকমত কাজ না হয় তার জন্য তাকে সুপারভিসন করার যে প্রভিসন করতে চাইছেন বা যে ব্যবস্থা করতে চাইছেন অর্থাৎ একটা গণতান্ত্রিক দেশে যাতে অগণতান্ত্রিক কাজ না হয় সেই উদ্দেশ্যে আপনি লোক্যাল লাইব্রেরীকে সুপারভিসন করতে চাইছেন। ঠিকমত কাজ না হবার জন্য এই ব্যবস্থা করছে। কিন্তু এ্যাডভাইসার বা এ্যাডহক কমিটি হবে সেটা কত দিনের জন্য হচ্ছে তার সময় এখানে নির্ধারিত হয়নি। সেটা গতানুগতিকভাবে যেটা আমরা স্কুল কলেজের এ্যাডভাইসারী কমিটিতে দেখেছি সেই রকমই হবে কিনা? কয়েক বছর ধরেই সেটা চলে যাচ্ছে। যদি সময় নির্ধারণ না করা হয় তাহলে অনুরূপ অবস্থার সৃষ্টি হতে পারে। কাজের এক্সপ্যান্সন হচ্ছে এবং ডেভেল্পমেন্ট হচ্ছে। অনেক রুর‍্যাল লাইব্রেরী, ডিষ্ট্রিক্ট লাইব্রেরী, সাবডিভিসন টাইন লাইব্রেরী আছে- রুর‍্যাল লাইব্রেরী ২২৭৬ টি করেছেন, সেখানে যতই আইন থাকুক না কেন আইনের সংশোধন করে তাদেরকে কনট্রোল করতে পারবেন না। এইভাবে সংশোধন না করে একটা কমপ্রিহেনসিভ আইন করতে পারতেন। একটা সিলেক্ট কমিটি করে সেই সিলেক্ট কমিটির মাধ্যমে জনমতও জানতে পারতেন। তা কেন করলেন না বুঝতে পারছি না। আমরা আপনার সমালোচনা করছি না, আপনাকে সমর্থন করি। সিলেক্ট কমিটিতে আপনি বিভিন্ন শিক্ষাবিদদের আনতে পারতেন, তাদের মতামত জানতে পারতেন অনেক প্রবীন বয়জেষ্ঠ লাইব্রেরিয়ান আছেন তাদের মতামত নিতে পারতেন। একটা সুন্দরভাবে এই জিনিসকে ডেভেল্পমেন্টের পথে নিয়ে যাতে পারতেন। সেটা আরও সুন্দর হোত। আমি আপনাকে সমালোচনা করছি না এবং আপনার ডিপার্টমেন্ট যে কাজ করে নি একথা বলছি না। কিন্তু অনেক ত্রুটি বিচ্যুতি আছে- সে গুলিকে আপনি রোধ করতে চাচ্ছেন। কিন্তু আরও একটু সময় নিয়ে এটাকে আরও সুন্দর করতে পারতেন সার্থক করতে পারতেন। কিন্তু এখানে এটা ঠিক হচ্ছে না। এখানে যে সংশোধনী রেখেছেন তাতে মূল আইনের ক্লজ ৪এ আছে ডিষ্ট্রিক্ট লাইব্রেরী কাউন্সিল এবং Minister- in- charge of libary services who shall be the Chairman of the Council. সেটাকে অমিট করা হচ্ছে। এবারে আপনি নিয়ে এসেছেন যেটা সেই প্রভিসনে দেখা যাবে আপনি ক্লজ (স)-তে বলছেন the following clause shall be substituted.

শ্রী কাশীনাথ মিশ্রঃ- মূল এ্যাক্ট ডিষ্ট্রিক্ট লাইব্রেরী ক্লজ ৪ এ বলা আছে কাউনসিল স্যাল কনসিস্ট অব দি মিনিষ্টার ইন চার্জ অব লাইব্রেরী সার্ভিসেস হু স্যাল বি দি চোয়ারম্যান অব দি কাউনসিল। সেই জন্য আমি বলছি ক্লজ ৬(১) বিফোর আইটেম (এ) দি ফলোয়িং বি ইনসার্টেড, নেমলি যে, ইন ক্লজ (এ) লাইন২, দি ওয়ার্ডস 'হু স্যাল বি দি চোয়ারম্যান অব দি কাউন্সিল' বি অমিটেড। যার জন্য আমি বলছি মূল আইন থেকে সেটাকে অমিট করা হোক। এটা আপনি চিন্তা করে দেখবেন। সেই রকম অনুরূপ ভাবে ক্লজ ৬ এ বলছি, দ্যাট ক্লজ ৬(১)(সি) বি অমিটেড্। এটাকে অমিট করে তার সাথে যুক্ত করুন দি ফলোয়িং ক্লজ স্যাল বি সাবসটিটিউটেড্। অমিট করে ক্লজ ৬(২) the following new sub-clause be added, namely- after sub-section (2) the following sub section shall be added: "The Chairman of the Council shall be elected by the members of the Council."

এটাকে অমিট করে এই লাইনটিকে এ্যাড করার জন্য বলছি। দি চোয়ারম্যান অব দি কাউন্সিল হবেন সেখানে যারা মেম্বার হচ্ছেন তাদের দ্বারা ইলেক্টেড হয়ে এবং টাই ডেমোক্রাটিক ওয়ে হবে। এই কথাটি আমি এই ক্লজ নিয়ে এসেছি। এর সাথে আরো ক্লজ এ্যাড করতে বলছি। ক্লজ ১১ বলছি to move that in Clause 11, in the proposed Section 10A(1) of the principal Act, in the proviso, for the words "one year" in the two places where they occur, the words "four months" be substitued.

আপনি এখানে এক বছর সময়ের কথা বলছেন। আমি সেটাকে আরো তাড়াতাড়ি করার জন্য বলছি। কেন না, আপনি সেখানে কোন নির্ধারিত সময় বলে দিননা। এ্যাড-হক কমিটি যেটা হবে বা এ্যাডমিনিস্ট্রেটর যিনি হবেন সেখানে কতদিনের জন্য নিয়োগ হচ্ছে সেটা পরিষ্কার বলে দেওয়া নেই। সেখানে এক বছরের জন্য না করে ৪ মাস করুন। কেন না বিভিন্ন সময়ে এক্সটেনসন হয়ে থাকে, সেটাকে এক্সটেনসন করা যাবে, অসুবিধা হবে না। সরকারী দলের মাননীয় সদস্য বললেন এটাকে ৬ মাস করা হোক। আমি তার সঙ্গে একমত। লাইব্রেরীর উদ্দেশ্যই হচ্ছে শিক্ষার প্রসার ঘটানো। কাজেই যেখানে শিক্ষার আলো পৌছায় নি, অশিক্ষিতের হার যেখানে বেশী,

নিরক্ষরতার হার যেখানে বেশী সেখানে শিক্ষার প্রসার ঘটাতে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার উভয়েই এগিয়ে এসেছেন এবং সহযোগিতার মনোভাব নিয়ে কাজ করছেন। এই লাইব্রেরির প্রয়োজনীয়তা আছে। কংগ্রেস আমলে কটা হয়েছিল, বাম ফ্রন্টের আমলে কটা করলেন, এটা বড় প্রশ্ন নয়। নন-ফরম্যাল এডুকেসন, লাইব্রেরির উন্নতি থেকে আরম্ভ করে বিভিন্ন বিষয়ে উভয় সরকারের কাছ থেকেই আমরা নানাভাবে সহযোগিতা পাচ্ছি। সেই পরিপ্রেক্ষিতে আমরা দেখতে পাচ্ছি উন্নতির একটা বহিঃপ্রকাশ ঘটেছে। সেই বহিঃপ্রকাশ নিশ্চয় প্রশংসনীয়। আমরা নিশ্চয় এর প্রশংসা করতে পারি। কিন্তু এখানে নানা রকম ত্রুটি আছে, সেগুলি দূর হওয়া প্রয়োজন। ত্রুটির জন্য বিভিন্ন জায়গায় লাইব্রেরিগুলি অচল হয়ে আছে। বই'এর ব্যাপারে যে নির্দেশ দেওয়া আছে বিভিন্ন ভাবে সেই নির্দেশ অমান্য করা হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পারচেজ অব বুক্স এ্যান্ড জার্নালস সম্বন্ধে আপনার দপ্তর থেকে বলা হয়েছে রুরাল লাইব্রেরিগুলির ডেভেলাপমেন্টের জন্য শতকরা ৭০ ভাগ বই কেনার ব্যবস্থা আপনারা করছেন। বই সম্বন্ধে আমি আপনাকে বলেছিলাম এবং আপনি একমত'ও হয়েছিলেন। আমি কমিউনিজমের বই ঘৃণা করি না। কিন্তু সেই কমিউনিজম বই'এর পাশাপাশি জাতীয়তাবাদী বই, বিভিন্ন রাজনৈতিক দলের বই, সমাজের বিভিন্ন সাহিত্যিকদের বই'ও সেখানে সুস্পষ্টভাবে প্রতিষ্ঠিত করা হোক, এটাই আমি চেয়েছিলাম। তাই মাননীয় মন্ত্রী মহোদয়াকে এইগুলি দেখার জন্য আমি অনুরোধ করব এবং এর অগ্রগতি যে ব্যাহত হচ্ছে সেদিকে দৃষ্টি দিতে বলব। আমার এই কথাগুলি বিবেচনা করার জন্য অনুরোধ করিছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[4.50 - 5.00 P.M.]

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয়া মন্ত্রী মহোদয়া আজ এই সভায় যে 'দি ওয়েষ্ট বেংগল পাবিলিক লাইব্রেরিস (এ্যামেন্ডমেন্ট) বিল এনেছেন তা আমি সমর্থন করছি। স্যার, এই বিলে বিরাট কোন পরিবর্তন আনা হয়নি যাতে বিরোধিতার প্রশ্ন আসতে পারে। বামফ্রন্টের ৮ বছরের কার্যকালে আপনারা সকলেই জানেন, গ্রন্থাগার আন্দোলন এখানে সম্প্রসারিত হয়েছে এবং তার ফলে লাইব্রেরী ও তার পরিচালনা সম্পর্কে ন্যূনতম কিছু পরিবর্তন - এর প্রয়োজনীয়তা দেখা দিয়েছে,তাই মাননীয়া মন্ত্রী মহোদয়া এই বিল এনেছেন। কাশীবাবু বলেছেন,কংগ্রেস আমলে কত লাইব্রেরী হয়েছে এবং বামফ্রন্টের আমলে কত লাইব্রেরী হয়েছে সেটা বিচার্য নয়। আমি কিন্তু বলব, নিশ্চয় সেটা বিচার্য। গত ৩০ বছরে ওঁরা যেখানে করেছেন ৭৭৬ টি লাইব্রেরী বামফ্রন্টের আমলে বিগত ৮ বছরে সেখানে হয়েছে ১৫শো রুর‍্যাল লাইব্রেরী এবং ৮১টি টাউন লাইব্রেরী। এইসব লাইব্রেরী হবার ফলে আজ গ্রন্থাগার আন্দোলন গতিপ্রাপ্ত হয়েছে। মাননীয় কাশীবাবু বিলের বিরোধিতা করতে গিয়ে বলেলন, মার্কসীয় সাহিত্য বেশী করে প্রচার করা হচ্ছে। কিন্তু ওঁদের আমলে এই লাইব্রেরীগুলি কি অবস্থা ছিল সেটা তিনি বললেন না। স্যার, আমার বাস্তব অভিজ্ঞতা থেকে বলতে পারি ওঁদের আমলে যেসব লাইব্রেরী পরিচালিত হ'ত সেখানে এ' দস্যু মোহন,আবার মোহন,মোহন ও রমা,আকাশপথে মোহন এবং স্বপনকুমারের সমস্ত বই রাখা হ'ত। তার পরিবর্তে এখন রবীন্দ্র সাহিত্য,শরৎ সাহিত্য, মার্কসীয় সাহিত্য,বিদেশী সাহিত্য,বিদেশী ছোট গল্পের অনুবাদ,টলষ্টয়,টুরগেনিভ,ডষ্টভয়েস্কি,চেকভ এইসব বই রাখা হচ্ছে এবং এর মাধ্যমে জ্ঞানের দীপবর্তিকা ছড়িয়ে দেওয়া হচ্ছে সমাজের সর্বস্তরের মানুষের মধ্যে। মাননীয়া মন্ত্রী মহোদয়া এই আন্দেলনকে আরো দৃঢ়ভিত্তিতে দাঁড় করানোর জন্য আজ এই বিল নিয়ে এসেছেন। এখানে কি পরিবর্তন করা হচ্ছে? ডিষ্টিক্ট ম্যাজিস্ট্রেট আগে ছিলেন,এখন তাঁর জায়গায় তাঁর মনোনীত একজন থাকবেন। জেলা ম্যাজিস্ট্রেট কর্মব্যস্ত মানুষ তিনি যেহেতু যুক্ত থাকতে পারেন না সেইজন্য তাঁর নমিনিকে পাঠানোর ব্যবস্থা হয়েছে। এটা তো খারাপ কিছু হয়নি,ভালোই হয়েছে। তা ছাড়া সেখানে এস ডি ও'র স্তরের নীচে কেউ যেতে পারবেন না,কাজেই দায়িত্বশীল মানুষকেই সেখানে পাঠানো হচ্ছে। তারপর প্রশাসিক নিয়োগ কথা বলা হয়েছে। গ্রাম্য দলাদলি,শহরে দলাদলির জন্য অনেক ক্ষেত্রে লাইব্রেরী আন্দোলন ব্যাবত হয়,সেইজন্য মাননীয় মন্ত্রী মহোদয়া এখানে একটা পরিবর্তন এনেছেন। এইসব ক্ষেত্রে সরকার এ্যাডমিনিস্ট্রেটার বা প্রশাসক বসাতে পারবেন। সেখানে বলা হয়েছে মাত্র এক বছর এবং খুববেশী হলে দু বছর,এর চেয়ে বেশী প্রভিসান রাখা হয়নি। এতে অগনতান্ত্রিক কি দেখলেন আমি বুঝতে পারলাম না। এটা তো গনতান্ত্রিক ব্যবস্থা ফিরিয়ে আনার জন্যই করা হয়েছে,এরমধ্যে অন্যায় কিছু নেই। তারপর আর একটি পরিবর্তন করা হয়েছে কোলকাতা শহরের ক্ষেত্রে কোলকাতা কর্পোরেশন বিল পাশ হবার পর কোলকাতা কর্পোরেশনের ক্ষেত্রে যে পরিবর্তন ঘটে গেল সেইজন্য এখানে কিছু পরিবর্তন করতে হয়েছে এবং এই বিলে তা সন্নিবেশিত হয়েছে। এতে স্যার,ওঁদের অসুবিধা কি হচ্ছে আমি বুঝতে পারছি না স্যার,এই গ্রন্থাগার আন্দোলন আজ প্রসারিত হচ্ছে,গ্রন্থাগারের চাহিদা বাড়ছে শহরাঞ্চলে এবং গ্রামাঞ্চলে। যুবক এবং যা এ সমাজের এই চাহিদার পরিপ্রেক্ষিতে আজকে তারা গ্রামে সুস্থ প্রগতিশীল সাংস্কৃতিক আন্দোলন গড়ে তুলতে পেরেছে। আমরা সর্ব ক্ষেত্রে জানি যে বই নেতৃত্ব দিয়ে থাকে। আজকে সেই নেতৃত্ব প্রতিষ্ঠিত হয়েছে। আজকে পড়াশুনার অনিসন্ধিৎসা বেড়েছে,গ্রন্থাগার আন্দোলন ফলপ্রসু হয়েছে। সে জন্য তারা এতে বাধা দেবেন তাতে অবাক হবার কিছু নেই। মাননীয় সদস্য কাশীবাবু পুংখানুপংখ ভবে বিলটি পড়েছেন। তিনি এই সম্পর্কে কিছু প্রশংসার কথাবার্তাও বলেছেন। তবে মূলতঃ বিরোধিতা করার জন্য কোন কোন জায়গায় বলেছেন যে আরো কমপ্রিহেনসিভ,আরো সামগ্রিক কেন হলনা? আরো ভাল হলে নিশ্চয়ই ভাল হত। প্রতিটি পাড়ায় পাড়ায় লাইব্রেরী হলে খুবই ভাল হত। আমি জিজ্ঞাসা করি তাদের আমলে কি এই দৃষ্টিভংগী ছিল? ৩০ বছর ধরে তারা রাজত্ব করেছেন,তাদের সময়ে এই দৃষ্টিভংগী ছিল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়,ওদের সময়ে ব্লক স্তরে একটি লাইব্রেরী কোথাও ছিল,কোথাও ছিল না। কিন্তু আজকে প্রত্যেকটি ব্লকে প্রায় একটি করে লাইব্রেরী হয়েছে। সেখানে শুধু সাহিত্য নয়,সাপ্তাহিক,পাক্ষিক মাসিক পত্রিকা রাখা হচ্ছে এবং মানুষ সেগুলি পড়ার সুযোগ পাচ্ছে। ফি রিডিং রুমগুলি চাহিদা ক্রমশঃবেড়ে যাচ্ছে। গ্রন্থাগার বেসরকারী উদ্যোগে যা গড়ে উঠেছে সেগুলি খুবই সীমাবদ্ধ। সরকারী ব্যবস্থাপনায় সেগুলি করার জন্য গ্রন্থাগার আন্দোলনকে দৃঢ় ভাবে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। সেদিক থেকে বিলে এমন কিছু নেই যাতে গ্রন্থাগার ব্যবস্থা ভেঙ্গে পড়বে। এই বিলের মাধ্যমে গ্রন্থাগার সম্পর্কে যে অসম্পূর্ণতা ছিল সেটাকে দূর করা হচ্ছে। কাজেই এর বিরোধিতা করার কিছু নেই। আমি পরিপূর্ণ ভাবে এই বিলকে সমর্থন জানাচ্ছি এবং কাশীবাবু যে সমস্ত সংশোধনী এনেছেন, তার মধ্যে দুরভিসন্ধি আছে মনে করে সেটাকে প্রত্যাখ্যান করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধ চন্দ্র পুরকায়েত ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়,মাননীয় মন্ত্রী মহাশয় ওয়েষ্ট বেংগল পাবলিক লাইব্রেরী (এ্যামেন্ডমেন্ট) বিল,১৯৮৫,যেটা এখানে উত্থাপন করেছেন, এই আইনটি ১৯৭৯ সালে রচনা করা হয়েছিল মাত্র ৭ বছরের আগে । কাজেই এখনই এমন কি প্রয়োজন দেখা দিল যে এই আইনের ক্ষেত্রে কন্ট্রোল এবং সুপারভিশান করার জন্য তিনি এর সংশোধনী এখানে উত্থাপন করেছেন? সেখানে বলা হচ্ছে যে পাবলিক লাইব্রেরীগুলি গণ শিক্ষার মাধ্যম এবং এই গণ শিক্ষার মাধ্যমের দিকে লক্ষ্য রেখে প্রচার, পাঠাগারগুলির উন্নিতি এবং ব্যাপক প্রসারতা ঘটাচ্ছেন। কিন্তু বাস্তবে আমরা কি লক্ষ্য করছি? যে উদ্দেশ্য নিয়ে সংশোধনী আনা হচ্ছে, যে কথা বলা হচ্ছে যে পাঠাগারগুলির সুষ্ঠু পরিচালন ব্যবস্থা গড়ে তুলবেন, কিন্তু আসলে তা নয়। এই পাঠাগারগুলির মধ্যে দলীয় নিয়ন্ত্রন, আধিপত্য রাখবার জন্য এই সংশোধনী

আনা হয়েছে, এই রকম আশংকা করার যথেষ্ট কারণ আছে। আমি এই জন্য একথা বলছি কারণ এই সরকার ক্ষমতায় আসার সংগে সংগে তারা দুর্নীতি দূর করার জন্য, সুষ্ঠ পরিচালন ব্যবস্থা গড়ে তুলবার জন্য মুখে যে কথা বলেছেন, আবার পরক্ষণেই মধ্য শিক্ষা পর্ষদে এ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে দিয়েছিলেন এবং শিক্ষার স্বাধিকার হরণ করার পদক্ষেপ নিয়েছিলেন। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পরিচালন ব্যবস্থাকে ভেংগে দিয়ে। নিজেদের দলীয় লোককে বসিয়ে দিয়েছিলেন এ্যাডমিনিস্ট্রেটর হিসাবে।

[5.00 - 5.10 P.M.]

আজ পর্যান্ত অনেক স্বশাসিত প্রতিষ্ঠানের উপর এ্যাডহক কমিটি চাপিয়ে দিয়েছেন, এখনও চলছে, অথচ মুখে গনতান্ত্রিক অধিকার, গনতন্ত্র প্রতিষ্ঠা, এই কথা তারা বলেছেন। যেমন প্রাইমারী জেলা স্কুল বোর্ডগুলো এ্যাডহক কমিটি দ্বারা চলছে দীর্ঘদিন ধরে। এই ক্ষেত্রে আপনারা বলেছেন কন্ট্রোল এবং সুপারভিশানের কথা। তারা বলেছেন যে যদি ঠিক ঠিক ভাবে পাঠাগারগুলো পরিচালিত না হয়, দুর্নীতি দেখা দেয়, তাহলে এইগুলোকে নিয়ন্ত্রন করার প্রয়োজন, কন্ট্রোল করার প্রয়োজন আছে। কন্ট্রোল এবং সুপারভিশান করার জন্য এখানে প্রধান যুক্তি দেখানো হয়েছে, যেহেতু সরকার তাদের টাকা দিচ্ছেন, সেই টাকা দিয়ে তারা কি করছে না করছে, সেটা দেখার দরকার তারা বলেছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় এই এ্যাডমিনিস্ট্রেটার নিয়োগের ঘটনা আমরা দেখেছি- ঠিকই যদি সরকারী অর্থের অপচয় হয়, দুর্নীতি দেখা দেয়, আইন মেনে না চলে তাহলে সেই পরিচালন ব্যবস্থা নিয়ন্ত্রন করার দরকার আছে। কিন্তু সেই নিয়ন্ত্রন করবার নামে দুর্নীতি দূর করার নামে যদি দলের লোককে বসিয়ে দেওয়া হয় এবং সেই প্রতিষ্ঠানকে কুক্ষিগত করবার চেষ্টা করা হয়, দলীয় মতামত যদি সেই প্রতিষ্ঠানে না থাকে তাহলে সেই লাইব্রেরীকে নিয়ন্ত্রন আনতে হবে, তার পরিচালন ব্যবস্থা ভেংগে দেওয়া হবে, সেখানে সুষ্ঠু পরিচালনার নামে এ্যাডমিনিস্ট্রেটার চাপিয়ে দেওয়া হবে, কারণ এই অভিজ্ঞাতা আমাদের আছে। সেদিক থেকে আমি বক্তব্য মন্ত্রী মহাশয়কে, মাননীয় সদস্য জয়ন্ত বাবু বললেন, এটা একটা গণ শিক্ষার মাধ্যম, এর সম্প্রসারণের প্রয়োজন আছে-

মিঃ ডেপুটি স্পীকার :- এই বিলের জন্য সময় ধার্য্য ছিল ৫টা৬মিঃ পর্য্যন্ত। কিন্তু দেখা যাচ্ছে এই সময়ের মধ্যে বিলটা পাশ করা যাবেনা, আরও বক্তা আছেন, সেই জন্য সভার কাছ থেকে আমি আরও আধ ঘন্টা এই বিলের জন্য সময় চেয়ে নিচ্ছি। আশা করি সভার অমত হবে না। (সম্মতি সূচক ধ্বনি) আরও আধ ঘন্টা সময় বাড়ানো হলো।

শ্রী প্রবোধ চন্দ্র পুরকায়েত :- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তাই বলছিলাম, এই যদি উদ্দেশ্য থাকে, যদি এটা যথা যথ ভাবে প্রয়োগ করা হয়, তাহলে এর মাধ্যমে গণ শিক্ষার প্রসার হতে পারে। কিন্তু ইতিমধ্যে আমাদের অভিজ্ঞতায় আমরা দেখেছি, যে সমস্ত লাইব্রেরীগুলোতে দলীয় সমর্থন নেই, সেখানে তাদের বৈষমা মূলক আচরণ করা হচ্ছে, আর্থিক আনুকুল্য থেকে বন্চিত করা হচ্ছে, এটা আমরা দেখেছি অথবা এমনও দেখেছি যে সমস্ত লাইব্রেরীয়ান নিয়োগ করা হয়েছে, সেখানে দলীয় লোকেদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। তাই আমি সেদিকে সর্তক দৃষ্টি দেবার জন্য বলছি। এই বিলটা যে সংশোধনের জন্য এনেছেন, এটা এই আশংকা প্রকাশ করছে, বিভিন্ন প্রতিষ্ঠানে দুর্নীতি দূর করবার নাম করে দলীয় লোকেদের ঢুকিয়েছেন, তেমনি আগামী দিনে এই আশংকা থাকছে এই বিল সংশোধনের মাধ্যমে, আপনাদের দলীয় লোকেদের ঢুকিয়ে দলীয় প্রতিষ্ঠান করবার জন্য এই বিলটাকে উপস্থিত করেছেন, অথচ মুখে বলছেন ক্ষমতায় বিকেন্দ্রীকরণ, এই সরকারের অধীনে যে প্রতিষ্ঠানগুলো রয়েছে, সেই প্রতিষ্ঠানগুলো নিয়ন্ত্রনে আনবার চেষ্টা করছেন, তাদের স্বাধিকার হরণ করবার চেষ্টা করছেন, তাই আপনাদের কথা এবং কাজের মধ্যে মিল নেই বলে, মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বঙ্কিম বিহারী মাইতি :- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের লাইব্রেরী বিভাগের মন্ত্রী মহাশয়া যে বিল এখানে উত্থাপন করেছেন সে বিলকে আমি সমর্থন করছি এবং কয়েকটি কথা বলছি। আমার প্রথমে কথাই হচ্ছে, মূল আইনের সেকশন ২-এর ক্লজ (এ)-তে যেখানে স্টেট লাইব্রেরীর চেয়ারম্যান হিসাবে মিনিষ্টারকে রাখা হয়েছিল সেখানটা আজকে অমিট করা হচ্ছে। কিন্তু এটা কেন করা হচ্ছে তা আমি জানি না আমার মনে হয় এটা ঠিক হচ্ছে না, এটা সংশোধন করে নিলে ভাল হয়। আবার ডিষ্ট্রিক্ট লাইব্রেরীর ক্ষেত্রে যেখানে ডি এম -কে রাখা হয়েছিল সেখানে এখন বলা হচ্ছে যে, নমিনিস নট্ বিলো দি র‍্যাঙ্ক অফ সাবডিভিসনাল অফিসার। কিন্তু আমার মনে হয় এটা এ ডি এম পর্যান্ত করলে ভাল হ'ত। অনেক জেলাতেই এ ডি এম আছেন, তাঁদের করলে আরো ভাল হ'ত বলে আমি মনে করি। এটা আমি মন্ত্রী মহোদয়াকে চিন্তা করতে অনুরোধ করছি। তারপরে সেকশন ৯-তে যেটা আছে section, 9, two representatives of the employees of different public libraries to be elected from amongst themselves in the manner prescribed. এত দিন এটা নমিনিস্ ছিল, অথচ এটাতেও আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা ভয় পাচ্ছেন! এখানে গভর্ণমেন্ট নমিনির ক্ষেত্রে দুজন ইলেকটেড সদস্য নেওয়ার কথা বলা হচ্ছে। এর দ্বারা আইনটাকে আরো গণতান্ত্রিক করা হচ্ছে। ১৯৭৯ সালের আইনে ছিল গভর্ণমেন্ট নমিনির কথা, অর্থাৎ গভর্ণমেন্ট যাকে ইচ্ছা নিতে পারতেন, কিন্তু আজকে এখানে সেই ব্যবস্থার পরিবর্তন ঘটিয়ে ইলেকটেড সদস্য নেওয়ার কথা বলা হচ্ছে। বিরোধী সদস্যদের গণতন্ত্রের প্রতি বিশ্বাস থাকলে এটা তাঁদের মেনে নেওয়া উচিত। এখানে অনেক বিরোধী সদস্যই দলবাজী সম্পর্কে অনেক কথা বলে গেলেন, বিশেষকরে ধীরেনবাবু একটু বেশীই বললেন, কিন্তু আমাদের বক্তব্য হচ্ছে লাইব্রেরীতে দলবাজীর কোন প্রশ্নই নেই। যদি আমরা সবাই লাইব্রেরীকে ভালবাসি তাহলে এখানে দলবাজীর কোন প্রশ্নই উঠতে পারে না। এ বিষয়ে আমি একটা উদাহারণ দেব। আমি একটি লাইব্রেরী সম্মেলনে গিয়েছিলাম, সেখানে প্রভাত কুমার মুখোপাধ্যায়, যিনি বিশ্বভারতীর লাইব্রেরীয়ান ছিলেন, তিনি বলেছিলেন, " প্রতিটি লাইব্রেরীতেই সমস্ত রকমের বই থাকা উচিত, অ, আ, ক, খ থেকে শুরু করে সমস্ত রকমের বই থাকলেই তবে একটি লাইব্রেরী সমৃদ্ধ হতে পারে।" অর্থাৎ প্রচলিত সমস্ত রকমের বই যদি কোন লাইব্রেরীতে না থাকে তাহলে সে লাইব্রেরী সমৃদ্ধ হতে পারে না। আজকে আমাদের ওয়েষ্ট বেংগলে যত বই ছাপা হচ্ছে তার একটা করে কপি লাইব্রেরী গুলিতে চলে যাচ্ছে এবং তার দ্বারা লাইব্রেরী গুলিকে সমৃদ্ধ করা হচ্ছে। এর মধ্যে আমরা দলবাজীর কোন প্রশ্নই দেখছি না। আজকে দলমত নির্বিশেষে লাইব্রেরী গুলিকে সমৃদ্ধ করার কাজে সকলের সহযোগিতা প্রয়োজন। তরপরে এখানে বিরোধীপক্ষ থেকে লাইব্রেরী গুলিতে কর্মী নিয়োগ সম্বন্ধেও কিছু বিরূপ মন্তব্য করা হলো। ওঁদের অভিমত হচ্ছে, বিভিন্ন জায়গায় ইন্টারভিউ না নিয়েই নিজেদের লোকেদের নিয়োগ করা হচ্ছে। কিন্তু আমাদের বক্তব্য হচ্ছে, এ অভিমত আদৌও সত্য নয়। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম চাওয়া হচ্ছে, তারপরে ইন্টারভিউ বোর্ডের সামনে তাদের পাঠান হচ্ছে, ডি এম, ডিষ্ট্রিক্ট লাইব্রেরী অফিসার ইত্যাদিরা বসে ইন্টারভিউর মাধ্যমে প্রার্থীদের যোগ্যতার ভিত্তিতে নিয়োগ করছেন। অতএব এ বিষয়ে দলবজীর কোন প্রশ্নই উঠতে পারে না। স্যার, অবশ্য এই বিলের মধ্যে আর্থিক বিষয় সম্বন্ধে কোনো কিছু নেই, তবুও আমি আপনার অনুমতি নিয়ে এ বিষয়ে দু একটি কথা মাননীয়া মন্ত্রী মহোদয়াকে জানাতে চাই। প্রতি বছর লাইব্রেরী গুলিতে যাতে বই এর সংখ্যা বৃদ্ধি পায় এবং ভাল বই যাতে যার তার জন্য তিনি নিশ্চয়ই একটু নজর দেবেন। মন্ত্রী

মহোদয়া এ্যাড হক কমিটির কথা বলেছেন এবং তিনি এক বছরের কথা বলেছেন, আমি তাঁকে অনুরোধ করব যে, এটা এক বছর না করে ৬ মাস করলে ভাল হয়। এই কয়টি কথা বলে এই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.10 - 5.20]

শ্রীমতি ছায়া বেরা ঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সমস্ত মাননীয় সদস্যদের বক্তব্য ভালভাবে শুনেছি,বিশেষ করে বিরোধী দলের সদস্যরা যে বক্তব্য রেখেছেন তা আরোও মনযোগ সহকারে শুনেছি। তবে আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে লাইব্রেরীর যে ভূমিকা,গণ শিক্ষা প্রসারের যে ভূমিকা সেই ভূমিকা যাঁরা জননেতা তাঁরা নিশ্চয়ই খুব ভালভাবে উপলব্ধি করবেন এই আশা করেছিলাম। কিন্তু মাননীয় বিরোধী দলের সদস্যদের যে সমালোচনা শুনলাম তাতে দুঃখের সঙ্গে উল্লেখ করতে হচ্ছে তাঁরা কিন্তু বিলটি সেইভাবে পড়েননি এবং মূল আইনটি খতিয়ে দেখেন নি এই বিলের সংশোধনীর সঙ্গে। সেইজন্য যে ব্যাখাটুকু রেখেছেন এবং কতকগুলি যে সংযোজনী নিয়ে এসেছেন সেই সংযোজনী দেখে মনে হয় ওনারা ঠিকমত পড়ে বুঝতে পারেননি বলে নিয়ে এসেছেন। যাইহোক,আমার বক্তব্যের মধ্য দিয়ে আমি পরিস্কার করতে চাই এবং তাঁরা যেন পুনরায় ভুলটি কাটিয়ে এই বিলটিকে সমর্থন করেন এই আশা রাখি। আমি একটু স্মরণ করিয়ে দিতে চাই, ১৯৭৯ সালে আমরা যে লাইব্রেরী আইন বিধিবদ্ধ করেছিলাম,সেই আইন বিধিবদ্ধ করার উদ্দেশ্য ছিল, এই রাজ্যে আমাদের যে গ্রন্থাগার আছে সেগুলিকে স্থাপন করার ব্যবস্থা, সাধারণ গ্রন্থাগার যতগুলি ছিল সেগুলিকে ভালভাবে সু-নিয়ন্ত্রন করা, গ্রাম এবং শহরের গ্রন্থাগারের ব্যবস্থাকে আরোও সুন্দরভাবে প্রতিষ্ঠিত করার কাজ এবং নতুন গ্রন্থাগার স্পনসর্ড করে গ্রন্থাগার আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়া,গণ শিক্ষা প্রসারের কাজে গ্রন্থাগারকে সেইভাবে প্রতিষ্ঠিত করাই একমাত্র উদ্দেশ্য ছিল। সেই উদ্দেশ্যটা এই বিধানসভায় ব্যক্ত করা হয়েছে এবং পরবর্তীকালে আমরা যখন এই আইন কার্যকর করতে গেলাম তখন আমাদের কিছু অসুবিধা দেখা দিল,কিছু অসম্পূর্ণতা চোখে পড়লো,যারজন্য স্মরণ করিয়ে দিতে চাই ১৯৮২ সালে আমরা একটা সংশোধনী বা সংযোজন এনেছিলাম এবং সেটা আপনারা পাশ করিয়ে দিয়েছিলেন। কিন্তু পরবর্তীকালে আবার আমরা যখন কাজ করতে যাই-কাজ করলেই কাজের অসুবধাগুলি বোঝা যায়,চুপ করে বসে থাকলে বোঝা যায় না-গ্রন্থাগার ব্যবস্থার পরিসেবা পরিব্যপ্ত করতে যাওয়ার ফলে আজকে গ্রন্থাগার ব্যবস্থা কয়েক লক্ষ টাকায় সীমাবদ্ধ নেই,এই গ্রন্থাগার পরিসেবার ব্যয়ভার-গ্রামে গঞ্জের সমস্ত মানুষের পয়সা দিয়ে এই গ্রন্থাগার পরিসেবার কাজ চলছে সেই সমস্ত জনগনের পয়সা নিশ্চয়ই তছনছ হয়ে যাক-আমাদের যে উদ্দেশ্য গ্রন্থাগার আইনে বিধিবদ্ধ করতে চাচ্ছি সেই উদ্দেশ্য ব্যাহত হোক-আশা করি কোন সদস্য নিশ্চয়ই তা পছন্দ করবেন না। সেইজন্য আমরা চাচ্ছি,এই গ্রন্থাগার ব্যবস্থাকে কার্যের রূপায়ন করার ক্ষেত্রে যে অসম্পূর্ণতা ছিল আইনে সেই অসম্পূর্ণতা দুর করে সেই কাজগুলি যাতে ত্বরান্বিত করতে পারি সেই ত্বরান্বিত করার জন্য,গ্রন্থাগার ব্যবস্থাকে সুষ্ঠভাবে যাতে পরিচালনা করতে পারি তারজন্য কিছু সংযোজনী প্রস্তাব এখানে নিয়ে এসেছি। আপনারা যে এ্যামেণ্ডমেন্ট দিয়েছেন সেই সম্পর্কে আমি পরে বলবো কিন্তু আপনারা জানেন,পাবলিক লাইব্রেরীর সংজ্ঞা ঠিকমত দেওয়া ছিল না। তাকে বিস্তৃতভাবে বিশ্লেষন করে সেই সংজ্ঞা নির্দ্ধারণ করেছি এবং নির্দ্ধারণ করে যে এ্যামেণ্ডমেন্ট এনেছি তার মধ্যে নির্দিষ্ট করে বলেছি। লোকাল লাইব্রেরী অথরিটির কি কি কাজ তা সুনির্দ্দিষ্ট করে বলা ছিল না। এই না থাকার জন্য স্পনসর্ড লাইব্রেরী পরিচালনা করার ক্ষেত্রে অসুবিধা দেখা দিয়েছিল। বহু স্পনসর্ড লাইব্রেরীতে গিয়ে যেভাবে পরিচালনা করার দরকার, সেই দরকার যেহেতু আইনের মধ্যে বিধিবদ্ধ করা ছিল না তারফলে স্বভাবতঃই বাধা আসছিল। সেই বাধা মনে করেছি দূর করতে হবে তানাহলে গ্রন্থাগার ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যেতে পারবো না। এখানে লোকাল লাইব্রেরী অথরিটি কি কি কাজ করবেন তা সুনির্দ্দিষ্ট করে বলা আছে। অনুরূপভাবে গ্রন্থাগারিক-এর অধিকার এবং কর্তব্য সম্বন্ধেও বলে দেওয়া হয়েছে। এখানে বলতে পারেন,সরকারের উপদেষ্টা কমিটি বা পর্যদ কার্য পরিচালনার ক্ষেত্রে লাইব্রেরী অথরিটিকে কেমনভাবে পরামর্শ দেবেন সেটা সুনির্দ্দিষ্টভাবে বলে দেওয়া হল। কাজেই বিলটা সিলেক্ট কমিটিতে পাঠাবার প্রশ্ন কেন উঠছে বুঝতে পারছিনা। এটা সিলেক্ট কমিটিতে পাঠাবার অবস্থায় আছে কি? কারণ মূল যে আইন-সেই আইন থেকে এতটুকু সরে আসেনি, বিশ্লেষণ করা হয়েছে মাত্র। আইনে বিশ্লেষণ না থাকবার জন্য অপব্যাখা হতে পারে এবং তাতে কাজও ব্যাহত হবার সম্ভাবনা থাকায় এখানে নির্দ্দিষ্টভাবে বিশ্লেষণ করে বলেছি। এক্ষেত্রে আপনাদের আপত্তি হবে-এটা আমার ধারণার বাইরে ছিল। আমার মনে হয়েছে, বিলটা আপনারা ভাল করে পড়েননি এবং সে কারণেই ঐসব কথা বলেছেন। মাননীয় সদস্য আব্দুল মান্নান বলেছিলেন যে, আমরা নাকি লাইব্রেরী অথরিটির গণতান্ত্রিক অধিকার কেড়ে নিচ্ছি। এখানে চারজন বিরোধী সদস্য তাঁদের বক্তব্য যা রেখেছেন, তাঁদের সকলের বক্তব্যের মধ্যে ঐ একই পয়েন্টটি আছে যে, আমরা নাকি গণতান্ত্রিক অধিকার কেড়ে নেবার চেষ্টা করছি। আমি জানিনা, আমার উপর কেন এই কটাক্ষ,কিন্তু এখানে বলতে বাধ্য হচ্ছি, যে দলের নির্দেশ অনুযায়ী জনগনের নাগরিক অধিকার কেড়ে নেওয়া হয়, তাঁরা যদি এখানে গণতান্ত্রিক অধিকার কেড়ে নেবার কথা বলেন-বেদনা হয়। আমরা এখানে জনগণের গণতান্ত্রিক অধিকার কাড়তে আসিনি আমরা তাঁদের গণতান্ত্রিক অধিকারকে প্রতিষ্ঠিত করছি এবং সেজনাই আজকে আমরা দলমত নির্বিশেষে সবাই এখানে পাশাপাশি সহাবস্থান করছি। আপনারাই বলুন তো-লোকাল লাইব্রেরী অথরিটি ভেঙ্গে আমরা কাকে ক্ষমতা দিয়ে দিচ্ছি? আমরা যে ক্ষমতা বিকেন্দ্রীকরণের ক্ষেত্রে এতবড় একটা দৃষ্টান্ত স্থাপন করেছি, এই রাজ্য ছাড়া অন্য কোন রাজ্যে আপনারা এটা দেখাতে পারবেন কি? সেখানে ক্ষমতা কেন্দ্রীভূত করে রাখা হয়েছে। আজকে সমস্ত দায়িত্বটা তাঁদের দিয়ে দিচ্ছি। তবে এক্ষেত্রে লোকাল লাইব্রেরী অথরিটি অনেক সময় ত্রুটিপূর্ণ কাজ করেন এবং আইনের বিধিমত কাজ না করবার প্রবনতা সেখানে দেখা দেয়। এক্ষেত্রে লোকাল লাইব্রেরী ক্ষমতা আমরা খারিজ করতে চাই। তবে অনির্দ্দিষ্ট কালের জন্য তাঁদের ক্ষমতা কেড়ে নেবো-এটা বলা নেই। এতে নির্দিষ্ট করে বলা আছে- যদি কোন লোকাল লাইব্রেরী অথরিটি আইনের বিধিমতে কাজ না করেন তাহলে আমরা এক বছরের জন্য সুপারসিড করবো। যদি এক বছরে সেখানে নির্বাচনের পরিস্থিতি না আসে-সেক্ষেত্রে আরও এক বছর এটা বাড়ান যাবে। কারণ, আমাদের বাস্তব অভিজ্ঞতা হচ্ছে,আমার স্কুলের অভিজ্ঞতায়ও আমি নিজে দেখেছি-এক বছর বাদে হয়ত নির্বাচন করতে যাচ্ছি, কিন্তু ইংজাংশন দিয়ে হাইকোর্ট হয়ত সমস্ত কিছু ডেডলক অবস্থা সৃষ্টি করে দিলেন। কর্মচারীদের মাইনে পর্যন্ত এতে আটকে যেতে পারে। সেইজনাই এতে আরও এক বছরের বাড়তি প্রভিশন রাখা হয়েছে। সুতরাং আপনারা এক্ষেত্রে ৪ মাস এবং আমাদের পক্ষের মাননীয় সদস্য সত্যবাবু ৬ মাসের কথা যা বলেছেন-সেটা গ্রহণ করতে পারছি না। কারণ,৪ বা ৬ মাসের জন্য সুপারসিড করে অর্ডার বের করে ৬ মাসের মধ্যে নির্বাচন করে নূতন কমিটি তৈরী করে দেওয়া সম্ভব নয়,এবং যদি তাড়াতাড়ি লোকাল লাইব্রেরী অথরিটির হাতে ক্ষমতা ফিরিয়ে দিই,হয়ত সমস্ত ব্যাপারটা এমন জায়গায় চলে যাবে, যার ফলে হয়ত জেলার সমস্ত লাইব্রেরীর কাজকর্ম স্তব্ধ হয়ে যাবে। সেজন্য ন্যূনতম সময় এক বছর করা হয়েছে। এক বছরের মধ্যে নির্বাচন হবে। এইভাবে সুনির্দিষ্টভাবে বলেছি এতে। সেখানে ৪ বা ৬ মাস সময় দেওয়া সম্ভব নয়।

[5.20 - 5.30]

মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র মহাশয় একটা এ্যামেণ্ডমেন্ট দিয়েছেন। কাশীবাবু যে কথা বলেছেন তার উত্তরে আমি বলতে চাই স্টেট লাইব্রেরী কাউনসিলের চেয়ারম্যান হতে মন্ত্রী বাধা কোথায় আছে আমি জানিনা। এই কাউনসিল বলতে আপনার বক্তব্য শুনে মনে হয়েছে আপনি ডিস্ট্রিক্টকে ধরে নিয়েছেন। আপনার জানার

কথা আর ৪টি রাজ্যে যে গ্রন্থাগার আইন আছে সেই সমস্ত রাজ্যে চেয়ারম্যান মন্ত্রী আছেন। আজকে আমাদের এখানে বামফ্রন্ট সরকার আছে বলে আপনারা এই কথা বলছেন। এটা আইন করে বিধিবদ্ধ করা হচ্ছে যে মন্ত্রী পদাধিকার বলে সেই কমিটির উচ্চে থাকবেন। তার সরকারের সমস্ত উপদেষ্টা কমিটিতে সরকারের তরফ থেকে মন্ত্রী মহাশয় চেয়ারম্যান থাকবেন এটার বাধা কোথায়? সেই জন্য আমি এটা মানতে পারছি না। আর এটা মানতে পরছি না বলেই পরেরটা থাকছে না। পরে যেটা বলেছেন চেয়ারম্যান সদস্যদের থেকে নির্বাচিত হবে এটা আমি মানতে পারছি না। এই বিলের উপর আর একটা এ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে। এখানে ডিরেক্টার অফ কালচারকে রাখার বাধা কোথায়? আপনারা যদি গ্রন্থাগারের পরিশরকে পরিব্যাপ্ত করতে প্রয়াসী হন তাহলে এটা করাতে হবে। মূল আইনে ছিল শুধু ডিরেক্টর অফ ইনফরমেসান এ্যান্ড কালচার। কিন্তু এখানে ২ জন ডিরেক্টর করা হচ্ছে,ইনফরমেসান আলাদা কালচার আলাদা। ইনফরমেসানের ডিরেক্টর লাইব্রেরীর সংগে যুক্ত করে কোন লাভ হবে না বলে কালচারের যিনি ডিরেক্টর আছেন তাকে যুক্ত করা হয়েছে। লাইব্রেরীর পরিসরটাকে আগামী দিনের জন্য বিস্তৃত করে রাখতে চাই। ডিরেক্টর অফ কারচারের উপদেশাবলি বলুন আর পরামর্শ বলুন সব মিলিয়ে গ্রন্থাগারের উপর বিরাট দায়িত্ব থাকছে। শুধু বই লেনদেনই নয় গ্রন্থাগার আগামী দিনে বিরাট তথ্যকেন্দ্রে পরিনত হবে। কাজেই গ্রন্থাগারের আগামী দিনের পরিব্যাপ্তির কথা চিন্তা করে ডিরেক্টর অফ কালচারকে ঢোকানো হয়েছে। কাজেই আপনাদের সংযোজনী আমি মানতে পারছি না। কাশী নাথ মিশ্র,আব্দুল মান্নান এবং অমরেন্দ্র ভট্টাচার্য্য তাঁরা যেটা বলেছেন লোকাল লাইব্রেরীর ব্যাপারে সেই সম্পর্কে আমি আমার বক্তব্যে পরিস্কার করে দিয়েছি যে সেটা আমি মানতে পারছি না। আর একটা সংশোধনী এনেছেন আব্দুল মন্নান এবংঅমরেন্দ্র ভট্টাচার্য্য। ওনারা যেটা বলেছেন সেটা হ'ল আমরা যে সুপারসিড করছি,সুপারসিড করার পর কাকে এই লোকাল লাইব্রেরীর অর্থারিটির ভার দেব সেটা নির্দ্দিষ্ট করে বলে দেবার জন্য। নিদ্দিষ্ট করে বলছি না কারণ আমরা এস ডি ওর স্তরে নামাতে চাচ্ছি না। লোকাল লাইব্রেরী অর্থারিটিকে যখন আমরা লক্ষ লক্ষ টাকা দেব তখন সেখানে কেন আমরা ডি এম কে চার্জ দিতে পারবো না? কেন আমরা এ ডি এম কে চার্জ দিতে পারবো না ? আমরা ডি এম কিংবা এ ডি এম কে চার্জ দিতে চাই। সেইজন্য আমরা নিদ্দিষ্ট ওয়ার্ড বেঁধে দিতে চাই না। সরকারী টাকা দেব, কাজেই সুপারসিড করার পর উচ্চ পদস্থ অফিসারকেই আমরা ভারটা দেব। সেইজন্য কাউকে বেঁধে দিতে চাইছি না। সেইজন্য আপনাদের এই প্রস্তাব আমি মানতে পারছি না। লোক্যাল অর্থারিটি নির্বাচিত হয়ে গেলে প্রশাসক বা এ্যড হক কমিটির পাওয়ারের ব্যাপারেটা কি হবে সেটা ওনারা বুঝতে পারলেন না আব্দুল মান্নান এবং অমরেন্দ্র ভট্টাচার্য্য মহাশয়। ইন ক্লজ ১১ ইন দি প্রোপোজড সেকসান ১০এ(১)- এর ব্যাপারে ওনারা কি বললেন সেটা আমি বুঝতে পারছি না। এখানে সিজের কথা বলা আছে। নূতন লোক্যাল কমিটি নির্বাচন হয়ে গেলে এ্যড হক কমিটি থাকুক আর এ্যাডমিনিস্ট্রেটর থাকুক তাদের পাওয়ারটা সিজ হয়ে যাবে। এই ব্যাপারে আপত্তি থাকার কোন প্রশ্নই নেই। কাজেই এটা আমার কাছে ভেগ বলে মনে হয়েছে। আমি আমার বক্তব্য শেষ করতে চাই এই বলে যে ওনারা যে সংযোজনী এনেছেন তার একটাও আমি গ্রহণ করতে পারছি না। আমি আশা করি লোকাল লাইব্রেরীর ব্যাপারে আমার বক্তব্য আপনাদের কাছে পরিস্কার হয়েছে। যদিও মূল বিলে আপনারা বলেছেন ২৪টি সেকসান থাকতে পারে,অনেক সাবসেকসান রয়েছে এবং এখানে ১৯টিতে সংশোধনী এনেছেন। আমি আশা করি গ্রন্থাগার পরিব্যাপ্তির দিকে লক্ষ রেখে এই বিলকে সমর্থন জানাবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion that Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shrimati Chhaya Bera that the West Bengal Public Libraies(Amendment) Bill,1985, be taken into consideration,was then put and agreed to.

Clauses 1 to 5

The question that clauses 1 to 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

There are amendment to clause 6 by Shri kashinath Misra (amendment No.7 to 9).Shri Misra may move his amendments.

Shri Kashinath Misra :- Mr. Deputy Speaker Sir, I beg to move that tn clause 6(1) before item (a) the following be inserted,namely :-1.(a)in clause (a) line 2,the words "who shall be the chairman of the council " be omitted.

Sir, I also beg to move that clause 6(1) (c) be omitted.

Sir, I also beg to move that after clause 6(2),the following new sub-clause be added,namely:- "(3)after sub- section(2)the following sub-section shall be added,:-(3) The chairman of the council shall be elected by the members of the council."

Shrimati Chhaya Bera :- Mr. Deputy Spesker Sir, I do not accept his amendments.

The motions of Shri kashinath Misra that in clause 6(1)before item (a) the following be inserted,namely:-

(a1) in clause (a) line 2, the words "who shall be the chairman of the council" be omitted,

and that clause 6(1) (c) be omitted,and that after clause 6(2),the following new sub-clause be added,namely:-

"(3) after sub-section (2) the following sub-section shall be added,:-(3) The chairman of the council shall be elected by the members of the council."were then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 7 to 10 :-

The question that clauses 7 to 10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11 :-

There are amendment to clause 11 by Shri Kashinath Misra (amendment No.10),Shri Abdul Mannan(amendments No.11,13 &15) and Shri Amarendra Nath Battacharya (amendments No.12,14 &16). Amendments No.10,11 and 12 are same. Amendments No. 13 and 14 are same. amendments No.15 and 16 are same. I request Shri Kashinath Misra to move the amendment No.10 and Shri Abdul Mannan to move amendment No.13 and 15.

Shri Kashinath Misra :- Mr. Deputy Speaker Sir, I beg to move that in clause 11,in the proposed section 10 A(1) of the principal Act, in the proviso,for the words "one year" in the two places where they occur, the words "four months" be substituted.

Shri Abdul Mannan :- Mr. Deputy speaker Sir, I beg to move that in clause 11 in proposed section 10A(2)(b),lines 1 to 5, for the words beginning with"an administrator"and ending with "as the case may be" the words"an officer not below the rank of S.D.O.as an Administrator and he " be substituted.

Sir, I also beg to move that in clause 11 in the proposed section 10A(3),lines 5 and 6, the words "or the Ad-hoc Committee,as the case may be," be omitted.

মাননীয় মন্ত্রী মহোদয়া যখন তাঁর জবাবী ভাষণ দিচ্ছিলেন, তখন তিনি আমার ১৩ নং এ্যামেন্ডমেন্ট পক্ষেই বললেন দেখলাম। উনি ডি এম বা এ ডি এম কে রাখার কথা বলেছেন। আমি কখনই বলিনি যে ডি এম বা এ ডি এম কে রাখতে পারবেন না। আমি বলেছিলাম নট বিলো দি র‍্যাংক অফ এস ডি ও,যে কাউকে এ্যাড-হক কাউন্সিলের মধ্যে রাখতে পারেন।

Shrimati Chhaya Bera:- Mr. Deputy Sir, I do not accept their amendments.

The motion of Shri Kashinath Misra that in Clause 11, in the proposed Section10A(1) of the principal Act, in the proviso,for the words "one year" in the two places where they occur, the words "four months" be Substituted, was then put and lost.

The motions of Shri Abdul Mannan that in Clause 11 in proposed Section 10A(2)(b), lines 1 to 5 for the words beginning with "an administrator" and ending with "as the may be" the words "an officer not below the rank of S.D.O as administrator and he" be substituted

and

that in clause 11 in the proposed Section 10A(3), lines 5 and 6 the words "or the Ad-hoc Committee, as the case may be," be omitted, were then put and lost.

The question that Clause 11 do stand of the Bill was then put and agreed to.

Clauses 12 to 15

The question that clauses 12 to 15 do stand part of the Bill was then put and agreed to.

Clause 16

There is amendment to Clause 16 by Shri Kashinath Misra (amendment No.17). Shri Misra may move his amendment.

Shri Kashinath Misra:- Mr. Deputy Speaker Sir, I beg to move that in clause 16, in the proposed Section 16 of the Principsl Act, in line 6, after the words "as may be prescribed" the following words may be added, namely:-

"The question for the recruitment to the post shall also be prescribed before such appointment."

Shrimati Chhaya Bera:- Mr. Deputy Speaker Sir, I do not accept his amendment.

The motion of Shri Kashinath Misra that in Clause 16, in the Proposed Section 16 of the Principal Act, in line 6, after the words "as may be Prescribed" the follwing words may be added, namelly:-

"The question for the recruitment to the post shall also be prescribed before such appointment.", was then put and lost.

The question that Clause 16 do stand part of the Bill was then and agreed to.

[5.30 - 5.40 P.M.]

Clause 17

Mr. Deputy Speaker:- There is an amendment to Clause 17 by Shri Dhirendra Nath Sarkar. Shri Sarkar may move his amendment.

Shri Dhirendranath Sarkar :- Mr. Deputy Speaker, Sir, I beg to move that in clause 17, in the proposed Section 16A(5), in line 2, after the words "prescribed" the words "by the State Government in consultation with the council" be inserted.

Shrimati Chhaya Bera:- Sir, I do not accept the amendment. The motion of Shri Dhirendranath Sarkar that in Clause 17, in the proposed Section 16A(5), in line 2, after the words "prescribed" the words "by the state Government in consulatation with the Council" be inserted, was then put and lost.

The question that clause 17 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 18,19 and preamble

The question that clauses 18,19 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shrimaty Chhaya Bera:- Mr. Deputy Speaker, Sir, I beg to move that the West Bengal public Libraries (Amendment) Bill, 1985, as Settled in the Assembly, be Passed.

শ্রী আবদুল মান্নানঃ- মাননীয়া মন্ত্রীমহোদয়া জবাবি ভাষণ দিতে গিয়ে আপনি আমরা যেটা বললাম তার বাইরে চলে গেলেন। মন্ত্রীমহোদয়াকে আমি ডাইরেক্ট জিজ্ঞাসা করতে চাই যে আমরা বলেছি যে গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়া হচ্ছে এই বিলটাকে আনতে গিয়ে এবং এ্যাড-হোক কমিটি করে সেখানে যারা উদ্যোগ নিয়ে লাইব্রেরীগুলি করতে যাচ্ছিল তাদের উদ্যোগকে সেখানে বাধা দেওয়া হয়েছে তার ওপর বললেন যে আমরা নাকি নাগরিক অধিকার কেড়ে নিয়েছিলাম। আপনাদের লজ্জা করে না ক্যালকাটা করপোরেশানের ৫ লক্ষ ভোটারের নাম বাদ দিয়ে আপনারা গণতান্ত্রিক অধিকার কথা বলেন। আপনি যা বললেন বিলের বাইরে সব কথা বললেন এবং আমি যেটা জিজ্ঞাসা করতে চাইলাম তার জবাব কিন্তু দিলেন না যে কোন কোন বইগুলি কিনে লাইব্রেরী ভর্ত্তি করতে হয়েছে এর জবাব দিন।

The motion of Shrimati Chhaya Bera that West Bengal public Libraries (Amendment) Bill, 1985, as Settled in the Assembly, be passed, was then put and agreed to.

The infusions(India) Limited (Acquistion of Shares)

Bill,1985

Shri Nirmal Kumar Bose:- Mr. Deputy Speaker, Sir, I beg to introduce the Infusions (India) Limited (Acquisition of Shares) Bill, 1985 and place a statment as required under rule72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The infusions (India) Limited, of which the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation (a Govt.of West Bengal Undertaking) is a Joint Sector Partner, are engaged in the manufacture and supply of transfusion fluids- a life saving drug. But as the Company has been involved in a series of pending legal tangles the High Court, Calcutta, appointed Special officers for excercising the powers of the Board of Directors. Due to lack of working capital and prevailing uncertainty as to the future of the company. the unit could not mobilise any finance for its maintenance and development of production to meet the urgent orders for supply of transfusion fluids for the central Medical store, Govt. of West Bengal, S.S.K.M. Hospital, Railway Hospital, Military Hospital etc. Moreover,the present capacity for production of this life saving drug in the state, is not sufficient to meet the requirement of the state. In the circumstances. the state Government could not play the role of an indifferent on looker for an indefinite period and decided to take immediate steps to acquire the private shares of the company in the public interst and to advance necessary working capital to step up production in the to ensure steady supply of this life saving drug for the benefit of saving human lives.

As the legislative Assembly was not in session, an ordinance, namely, The Infusions (India) limited (Acquisition of shares) ordinance, was promulgated on the 18th July, 1985, to achieve this purpose.

(Secretary then read the Title of the Bill)

Mr. Deputy Speaker:- I have received a statutory Resolution from Shri Kashinath Misra in pursuance of Article 213(2)(a) of the Constitution of India disapproving The Infusions (india) Limited (Acquisition of Shares) Ordinance, 1985.

Shri Misra may move his Resolution.

Shri Kashinath Misra:- Mr. Deputy Speaker, Sir, I beg to move that this House disapproves the Infusions (India) limited (Acquisition of Shares) Ordinance, 1985(West Bengal Ordinance No.V of 1985).

Shri Nirmal Kumar Bose:- Sir, I beg to move that the Infusions (India) limited (Acquisition of Shares) Bill, 1985. be taken in to consideration. মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আলোচোনার এই পর্যায়ে আমার খুব বেশি বলার নেই, জবাবী ভাষণে বলবো। বিষয়টা খুবই সামান্য। একটিওষুধ কারখানা ১৯৭৬ সালে বেসরকারী উদ্যোগে তৈরী হল। কিন্তু তারা কাজ সুরু করতে পারলো না। তারা যে জিনিসটা উৎপাদন করতে চেয়েছিল সেটা খুব গুরুত্বপূর্ণ ট্রান্সফিউসান ফ্ল্যুইড। এর চাহিদা খুব বেশি। আমাদের রাজ্য সরকারের যে কোম্পানী ওয়েস্ট বেঙ্গল ফার্মাসিউটিক্যাল এন্ড ফাইটো কেমিকেল ডেভালাপমেন্ট কর্পোরেশনএ বিষয়ে এগিয়ে এলেন, যৌথ উদোগে করলেন, টাকা ঢাললেন, ব্যাঙ্ক থেকে টাকার ব্যবস্থা হল। কাজও সুরু হল। কেন্দ্রীয়,রাজ্য, রেল, সামরিক ইত্যাদি সব হাসপাতালেই এর চাহিদা প্রচুর। কিন্তু কিছুদিনের মধ্যে বেসরকাবী উদ্যোগের যারা ম্যানেজিং ডাইরেক্টার ছিলেন তাঁদের মধ্যে গোলমাল আরম্ভ হল, হাইকোর্টে মামলা হল, কর্মচারীদের মাইনে বন্ধ হল। যে জিনিয এখানে তৈরী হয় তাতে মানুষের জীবন রক্ষা হতে পারে। সুতরাং এটাকে যৌথ উদ্যোগ থেকে পুরোপুরি রাষ্ট্রীয় উদ্যোগে ফ্রম জয়েন্ট সেকটার টু পাবলিক সেক্টর নিয়ে আসবার সিদ্ধান্ত নিতে গ্রহন করা হল। কিন্তু যেহেতু তখন বিধানসভা চলছিল না সেহেতু অর্ডিন্যান্স করে সরকারের হাতে আনা হল। আগে

ছিল সরকারের শতকরা ২৪ ভাগ এবং প্রাইভেট সেক্টারের ৭৬ ভাগ লগ্নী। এখন সরকার এটাকে নিয়ে ভালভাবে চালাবার ব্যবস্থা করছেন। আমি আশা করবো সমস্ত মাননীয় সদস্যগন একে সমর্থন করবেন।

Mr. Deputy Speaker:- There is a Circulation motion by Shri Misra. As Shri Misra is not present in the House the motion is not move.

[5.40 - 5.50 P.M.]

শ্রী কাশীনাথ মিশ্রঃ- উপাধ্যক্ষ মহাশয়, যে বিধায়ক মন্ত্রী মহাশয় এনেছেন তাতে দেখা যাচ্ছে সরকারের দৃষ্টিতে লাভজনক প্রতিষ্ঠান হিসেবে এটা অনেকদিন এসেছে। কিন্তু এখানে বেশ কিছুদিন ধরে একটা অসুবিধা দেখা যাচ্ছিল। আমার কথা হচ্ছে বাজেট অধিবেশনে এর গুরুত্ব কেন দেয়া হল না? সরকার তখন থেকে এটা কার্যকরী করলে কাজের সুবিধা হোত। রাষ্ট্রায়ত্ব করলে বিরোধিতা আমরা করি না। আগে এখানে সরকারের মাত্র একটা পার্শেন্টেজ ছিল। কর্মচারীদের স্বার্থে, জনসাধারনের স্বার্থে এবং এটা যখন জীবনদায়ী ঔষধ তৈরী করে তখন সেই পরিপ্রেক্ষিতে এটা তাঁদের আগে থেকে চিন্তা করা উচিত ছিল। কিন্তু শিল্প মন্ত্রী মহাশয় যে এটা দৃষ্টি গোচর হয়নি তা অত্যন্ত দুঃখজনক।

যে Statement under rule 72 (1) of the Ruls of Procedure and Conduct of Business in the West Bengal Legistative Assembly.

আমাদের এখানে দেওয়া হয়েছে তাতে মূলতঃ দেখা যাচ্ছে এই ইনফিউসান প্রতিষ্ঠানটি যেভাবে চলত প্রতিষ্ঠানের মধ্যে অসুবিধা সৃষ্টি হওয়াতে এবং সরকারের সেখানে যে শেয়ার ছিল সেই শেয়ারের মধ্য দিয়ে এটা যেভাবে চলছে তাতে এই প্রতিষ্ঠানটি আরো ভাল জায়গাতে আসছে না সেই পরিপ্রেক্ষিতে এটাকে গ্রহন করতে তাঁরা সচেষ্ট হয়েছেন। এখানে বলা হচ্ছে But as the Company has been involvoed in a series of pending legal tangles the High Court, Calcutta, appointed Special officers for excersing the powers of the Board of Directors. Due to lack of Working capital and prevailing uncertainty as to the future of the company, the unit could not mobilise any finance for its maintenance and development of production to meet the urgent orders for supply of transfusion fluids for the Central Medical store, Govt. of West Bengal, SSKM Hospital, Railwat Hospital, Military Hospital etc.

এতটা যে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান সেখানে কি কারণ বশতঃ এরা হাইকোর্টে গেলেন, হাইকোর্টে মামলা দায়ের করলেন, কি অসুবিধা সৃষ্টি হয়েছিল মূলতঃ সেটা আমাদের কাছে পরিষ্কার হয়নি সরকার যে কারণ আমাদের কাছে উপস্থিত করেছেন তার দ্বারা। সেখানে দেখা যাচ্ছে এর ডেভেলপমেন্ট এবং মেন্টেন্যান্সের অভাবে বিভিন্ন জায়গায় যে অর্ডার আছে সেই অর্ডারের সাপলাই বন্ধ হয়ে যাচ্ছে, সেখানে একটা ডেডলক অবস্থা আছে বলে এটাকে অধিগ্রহন করা হচ্ছে। হাইকোর্ট এটাকে দেখবার জন্য তাঁদের একজন বোর্ড অব ডাইরেক্টরসের পাওয়ার এক্সারসাইজ করেছিলেন যাঁকে স্পেশাল অফিসার বলে এ্যাপয়েন্ট করেছিলেন। সেখানে কবে থেকে অসুবিধার সৃষ্টি হয়েছে, কি অসুবিধা হয়েছে, মোটামুটি কত টাকা ক্ষয়ক্ষতি হয়েছে সেটা পরিষ্কার ভাবে আমাদের জ্ঞাতার্থে দেওয়া হয়নি। বিলের উদ্দেশ্যের মধ্যে দেখছি প্রতিষ্ঠানটিতে সরকারের যেখানে ২৬ পার্সেন্ট ইকুইটি শেয়ার ছিল সেখানে গোটাটা নিয়ে আসার জন্য একটা ব্যবস্থা সরকার করেছেন যেটা প্রশংসনীয়। কিন্তু এখানে কি কি দেয়, আজকে সরকার কতটা লোকসানের মধ্যে পড়তে হবে, এটাকে পরিচালনার জন্য যে টাকা ব্যয় হবে সেই টাকা কোথা থেকে আসবে, ১৯৮৫-৮৬ সালের বাজেট বরাদ্দে তা ধরা হয়েছে কিনা, কোন খাত থেকে এই ব্যয়টা হবে সেদিক থেকে স্পষ্টভাবে এখানে কিছু পাচ্ছিনা। স্যার, বিলের মধ্যে আমরা বিভিন্ন জায়গায় দেখছি সংক্ষিপ্ত নাম থেকে আরম্ভ করে বিভিন্ন সজ্ঞা, কমিশনার, কোম্পানী বলতে কি বোঝায় সমস্ত বিস্তারিতভাবে বলেছেন। কিন্তু এই যে ইক্যুইটি শেয়ারের ২৬ পারসেন্ট সেটা সরকার কত মূল্যে নিচ্ছেন এবং এটা ঠিক পরিচালনা করতে গেলে যে টাকার দরকার সেটা আছে কিনা এগুলি পরিস্কারভাবে আমাদের কাছে বলা দরকার। আমি আশা করি মন্ত্রীমহাশয় তাঁর বক্তব্যের মধ্যে এগুলি উত্তর দেবেন। দ্বিতীয় কথা হচ্ছে, এটা জাতীয় করণ করবার পর কিভাবেএর কার্য পরিচালনা করবেন এবং সেই কার্য পরিচালনা করবার জন্য কোন এ্যাডহক কমিটি করলেন কিনা এবং সেই কমিটি কার্যভার নেবার পর টোটাল সম্পত্তি এবং বাড়ীঘর থেকে আরম্ভ করে যাবতীয় প্রোপার্টির কতটা সরকার আয়ত্বে আসছে সেটা যেন মন্ত্রীমহাশয় পরিস্কার করে বলেন। আমি মনে করি যদি কোন ত্রুটি বিচ্যুতি থাকে তাহলে সেগুলো আমাদের কাছে দেওয়া দরকার। শেয়ার প্রসংগে বলা হয়েছে ৭৪ পারসেন্ট সরকারের শেয়ার এবং আগস্ট মাস থেকে কিছু কিছু বাণিজ্যিক উৎপাদন সুরু করেছে। অবস্থা যা দেখছি তাতে বোঝা যাচ্ছে বৃহত্তম সংখ্যক শেয়ার সরকারের হাতেই থাকছে। তারপর, কোর্ট কেস্- এর অবস্থা বর্তমানে কি এবং এটা গ্রহন করবার পর সেই কেস্ উইথড্র হবে কিনা, সেট এ্যাসাইড হবে কিনা সেটা আমরা জানতে চাই। তিনি ফাইনানসিয়াল মেমোরেন্ডামের ৯ নং আইটেমেবলেছেন- ১২ প্রকরণের উদ্দেশ্য কমিশনার কতৃক ব্যক্তিগত শেয়ার হোলডারগণকে ক্ষতিপূরণ প্রদত্ত হওয়া মাত্র রাজ্য সরকারের দায়িত্ব আর থাকিবেনা এবং ১৩ প্রকরণের উদ্দেশ্য কমিশনারের নিকট অবশিষ্ট অবন্টিত ও আদায়ীকৃত অর্থ পরিমান রাজ্য সরকারের সাধারণ রাজস্বে হস্তান্তরিত হইয়া যাইবে। আমি মনে করি এটা আরও ভাল করে ব্যাখ্যা করা দরকার। সেখানে যে শেয়ার আছে তার মূল্যায়ন করা দরকার এবং ৭৪ পারসেন্ট শেয়ারের লভ্যাংশ শেয়ার হোলডারদের দিতে হবে কিনা এবং রাজ্য সরকারের কাছ থেকে সেটা যাবে কিনা সেটা জানান দরকার। আমি দেখছি এসব জিনিসগুলো অস্পষ্টভাবে রয়েছে। আমি আসাকরি এগুলি আপনি পরিস্কারভাবে বলবেন। জাতীয়করণের আমরা নিশ্চয়ই সাধুবাদ জানাই। ব্যাঙ্ক থেকে যে লোন নিয়েছে তার পরিমান কত সেটাও আমাদের জানাবেন। এই কোম্পানী প্রথম থেকে আজ পর্যন্ত কত টাকা ব্যাঙ্ক থেকে নিয়েছে অবং তার মধ্যে কত টাকা পরিশোধ করেছে এবং বকেয়া কত টাকা আছে, সরকার সেটাকা কিভাবে শোধ করবেন ইত্যাদি বিষয়গুলি আমাদের জানা দরকার। এইসব জিনিসগুলি অস্পষ্টভাবে রয়েছে বলে আমি এইসব কথাগুলি বললাম। আমি এই বিলকে সাধুবাদ জানাই এবং সুন্দরভাবে চলুক এই কামনা করে বক্তব্য শেষ করছি।

[5.50 - 6.00 P.M.]

শ্রী নিরঞ্জন মুখার্জিঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি প্রথমে আজকে বিশ্বকর্মা পূজার দিনে আমাদের বিশ্বকর্মার প্রতিনিধি হিসাবে শিল্প মন্ত্রী য নূতন উপহার আমাদের নিয়েছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। একটু আগে মাননীয় কাশীবাবু যে বক্তব্য রাখলেন এবং এই বিষয়ে কার্যত তিনি যে গঠনমূলক কথা বলেছেন

তার মধ্যে তিনি যা বলেছেন তাতে অনেকগুলি প্রশ্ন তিনি তুলেছেন যে তাঁর জানা নাই বা এ সম্পর্কে তাঁর অভিজ্ঞতা খুব কম আছে। সেইজন্য তিনি খাল বুঝতে পারেন নি। এটা একটা গুরুত্বপূর্ণ কারখানা। ১৯৭৮ সালে আমাদের মুখ্য মন্ত্রী এই কারখানার শিলান্যাস করেন " এই ফাইটো-ফার্মাসিউটিক্যাল এন্ড ফাউটো কেমিক্যাল ডেভেলপমেন্ট করপোরেসন"। এই কারখানা শুধু পাবলিক শেয়ার হোল্ডারসদের শেয়ারে এই কারখানাটি প্রতিষ্টান লাভ করে। অত্যন্ত গুরুত্বপূর্ণ এই কারখানাটি স্থাপিত হয় এই পশ্চিম বাংলায় বা পশ্চিমবাংলার হাসপাতালে জীবনদায়ী লাইফ সেভিং ড্রাগ হিসাবে ব্যবহৃত হয় এই কারখানার ঔষুধপত্র। পশ্চিমবাংলা তো বটেই সারা ভারতবর্ষের খুব কম কারখানায় এই সব ঔষধ তৈরী হয়। যেমন

Dextrose ınjection, Sodium chloride injection, Sodium chloride and Dextose injection, Lactate. Potussic saline injection, Compound sodium choride injection.

এগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণে ঔষুধ। প্রতিটি মুমূর্ষ রোগীর সব সময় দরকার হয়। এখানে আমাদের শিল্প মন্ত্রী অবজেক্টস এন্ড রিজনসের মধ্যে বলেছেন আমাদের এখানকার হাসপাতালগুলির পক্ষে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ শিল্প হিসাবে গ্রহন করা হয়। কিন্তু স্যার, এটা আগে বোঝা যায় নি এই একজন ম্যানেজিং ডিরেক্টার হিসাবে পাবলিক শেয়ার হোল্ডারদের থেকে কি করে এলেন। নিশ্চয় এর তদন্ত হওয়া দরকার এবং এটা জানা দরকার। তিনি ম্যানেজিং ডিরেক্টরের দায়িত্ব নিলেন এবং দায়িত্ব নিয়ে তিনি কি করেছেন? দুর্নীতির ব্যাখ্যা নাই। তিনি সরকারী টাকা বাড়ী রেনোভেসন জন্য নিলেন এবং তার থেকে তিনি টাকা তছরূপ করলেন। সাইনটিফিক ইনস্ট্রুমেন্ট কেনা হয়েছে, তার থেকে টাকা তছরূপ করলেন। অমন কি এখানকার কেমিষ্ট এ্যানালিসিষডদের বাধ্য করালেন যতসব সাব ষ্ট্যান্ডর্ড ঔষুধ করার জন্য এবং তা বাজারে চালু করার জন্য। শ্রমিকরা এর বিরুদ্ধে প্রতিবাদ করলো এবং তার মোকাবিলা করার জন্য কাশীবাবুদের দলের এন.এল.সি সি এর লক্ষ্মীকান্ত বোস সেই ম্যানেজিং ডিরেক্টার পিযুষ বোস তার পক্ষে দাঁড়ালেন। গুন্ডামী হোল সমস্ত কারখানা তাদের দখলে রাখলেন- এইভাবে কারখানা চালাতে লাগলেন। তারপর বহু সংগ্রামের পর ফাইটো কেমিক্যাল ডেভলাপমেন্ট করপোরেশন তারা একটি তদন্ত করবার জন্য সরকারকে নিয়ে একটা তদন্ত কমিটি করবার দাবী করলেন। তদন্ত কমিটি করা হল। তদন্তের মধ্য দিয়ে স্বীকৃত হল এই সমস্ত অন্যায় করা হয়েছে এবং বহু দুর্নীতি ও অপকর্ম ধরা পড়ল। তখন তিনি কোর্টে চলে গেলেন। কাশীবাবু বললেন কোর্টের কি ব্যাপার আছে? তার বিরুদ্ধে তো ক্রিমিনাল কেস আছে। তিনি এই ধরণের অপকর্ম ঢাকবার জন্য হাই কোর্টে গিয়ে হাজির হলেন কারখানাটি সম্বন্ধে সরকার যাতে কোন ব্যবস্থা করতে না পারে বা ফার্মাসিউটিকযাল এ্যান্ড ফাইটো কেমিক্যাল ডেভেলাপমেন্ট করপোরেশন যাতে কোন শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করতে না পারে এবং তিনি তার জন্য সমস্ত রকম ব্যবস্থা করলেন। শুধু তাই নয়, কারখানার মধ্যে সন্ত্রাস সৃষ্টি করলেন। কারখানার মধ্যে শুধু সন্ত্রাসের রাজ্যত্ব সৃষ্টি করলেন তাই নয়, এমন কি কারখানার মেয়েরা পর্যন্ত লাঞ্ছিত হলেন। এমন হল যে, পাড়ার মধ্যে মানুষ বাস করতে পারে না। কারখানাটি আমার বাড়ীর কাছে অবস্থিত। পাড়ার লোকেরা শেষ পর্যন্ত এই কারখানাটি তুলে দেবার জন্য আমার কাছে ডেপুটেশন দিতে আরম্ভ করলেন। এই রকম একটা অবস্থায় দাঁড়িয়ে আমাদের ওখানকার একজন প্রাক্তন এম.পি. শ্রমিকদের স্বার্থে একজন নেতা হিসাবে এগিয়ে এলেন হাইকোর্টে কেস লড়তে। এই প্রসঙ্গে তার কথা না বললে খুব অন্যায় করা হবে। এত বড় একটা গুরুত্বপূর্ণ পশ্চিমবাংলার কারখানাকে বাঁচানোর জন্য তার অবদান যথেষ্ট আছে, এটা বলতেই হবে। তিনি হাই কোর্ট, সুপ্রীম কোর্ট, এই গুন্ডামী এবং সমস্ত রকম অপকর্মের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন এই কারখানাটিকে বাঁচানোর জন্য। আমি তাই বলছি এই বিলটির মাধ্যমে এমন একটা গুরুত্বপূর্ণ শিল্পকে রক্ষা করা সম্ভব হল। এখানকার প্রতিটি মানুষ, পশ্চিমবাংলার প্রতিটি মানুষ সরকাররে কাছে এই দাবী করে আসছিলেন এবং তাদের সেই দাবী আজকে পূরণ হল এবং একটি গুরুত্ব পূর্ণ শিল্পকে রক্ষা করা হল। এই বিলটির মধ্য দিয়ে শিল্পটিকে জাতীয়করণ করে দেশের মানুষের স্বার্থ কক্ষা করা হল। স্যার, আমার একটা আশঙ্কা আছে। কারখানাটি আমার বাড়ীর কাছে বলে আমি এটা জানি যে, সরকার কারখানাটিকে পুরোপুরি নিলেও কতকগুলি অসুবিধা দেখা দিচ্ছে। আমি জানি বছরে প্রায় ৬০/৭০ লক্ষ টাকার অর্ডার কারখানাটির রয়েছে, এর ভাল মার্কেট আছে। কিন্তু মাল সাপ্লাই দিতে পারছে না। কারণ তার রানিং ক্যাপিটাল ওয়াকিং ক্যাপিটাল-এর অভাব আছে। তারা মাত্র ৬/৭ লক্ষ টাকা চেয়েছে। এই গোলমালের মধ্যে প্রোডাকসানের কিছুটা ব্যঘাত ঘটেছে, প্রোডাকসান কিছুটা ব্যাহত হয়েছে। সরকার থেকে এই টাকাটা পেলে ওয়াকিং ক্যাপিটাল হিসাবে এবং এটা রোল করতে পারলে কারখানাটি যে লাভজনক অবস্থায় যাবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমি শুনেছি সরকার টাকা দেবেন, টাকা স্যাংসন্ডও হয়েছে। কিন্তু যখন টাকাটা পৌছাবে তখন মাল সাপলাই করা সম্ভব হবে না। আমি তাই শিল্পমন্ত্রীকেবলব যে, আপনি একটা গুরুত্বপূর্ণ দায়িত্ব গ্রহন করলেন এবং আপনি বিশ্বকর্মার প্রকৃত প্রতিনিধি হিসাবে আমাদের সামনে একটা নতুন উপহার আজকে দিলেন। এর মর্যাদা যদি রক্ষা করতে হয় তাহলে আমাদের সরকার থেকে সব ক্ষেত্র যেমন দেখা উচিত তেমনি এর অর্থনীতির সাইডটা সরকার বিশেষভাবে দেখবেন বলে আমি বিশ্বাস করি। এই কথাগুলি বলে আমি বিলটিকে আবার পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

[6.00 - 6.10 P.M.]

শ্রী অম্বিকা ব্যানার্জীঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী আজ এই সভায় যে দি ইনফিউসান (ইনডিয়া) লিমিটেড (এ্যাকুইজেসান অব শেয়ারস) বিল,১৯৮৫ এনেছেন আমি তাকে সমর্থন করছি তবে আমার এ প্রসঙ্গে কয়েকটি কথা বলার আছে সেগুলি বলছি। স্যার, আমরা জানি আজ, পর্যন্ত যতগুলি ইনডাষট্রিজ সরকার নিয়েছেন তার পরিনাম কি হয়েছে। তাই সমর্থন করলেও এই বিলটা পাশ করার আগে তাঁকে এ নিয়ে দুবার চিন্তা করার কথা আমি বলছি। মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় ভালোভাবেই জানেন যে আমাদের এই পশ্চিমবাংলায় বহু সিক ইনডাষট্রিজ আছে যেখানে হয়ত কিছু টাকা দিলে সেইসব কলকারখানা চালু হতে পারে এবং তাতে অনেক বৃহত্তর স্বার্থ সংরক্ষিত হতে পারে। এই কারখানাটির কথা যা শুনলাম তাতে জানলাম এই কারখানাটি জীবনদায়ী ঔষুধ তৈরী করে। অবশ্য পশ্চিমবাংলাতেই শুধু এই ঔষুধটি তৈরী হয় তা নয়, আরো অনেক কারখানাতেই এই ঔষুধ তৈরী হয়। তবে পশ্চিমবাংলায় এখন কারখানাটি তখন নিশ্চয় আমাদের এ দিক দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে। আমাদের হাতে য কাগজপত্র দেওয়া হয়েছে তা দেখে অবশ্য কমপ্লিটলি এর ক্রিটিসাইজ করা বা এ সম্বন্ধে অপিনিয়ান দেওয়া সম্ভব নয় তবে এইসব কাগজপত্র দেখে যা বুঝেছি তার ভিত্তিতে কয়েকটি কথা বলা চলে সেগুলি আমি বলছি। আমরা বুঝতে পারছি ১৯৭৬ সালে এই কারখানাটি তৈরী হয়েছিল এবং দেখা যাচ্ছে ১৯৮৪ সালে এই কারখানাটিতে এ মেটিরিয়াল তৈরী হতে আরম্ভ হয়েছিল। এখানেলেখা আছে, "দি ইউনিট ইজ নাউ প্রডিউসিং ৭,২০,০০০ বটলস পার এ্যানাম। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রীমহাশয়াকে যে কথাটি বলতে চাই সেটা হচ্ছে, দেখা যাচ্ছে এই কারখানাটি গোড়া থেকেই গলদের ভেতর দিয়ে যাচ্ছে। একটা ছোট কারখানা, অরিজিন্যাল ১৫/২০ লক্ষ টাকা তার ক্যাপিটাল ছিল। সেই কারখানাটিতে প্রোডাকসান হতে ৩/৪ বছর লেগে গেল। আমরা দেখছি কোথায় যেন গোড়া থেকেই একটা গলদ ছিল। নিশ্চয় ম্যানেজমেন্টের গলদ ছিল এ বিষয়ে কোন সন্দেহ নেই। তবে কতগুলি মানুষের স্বার্থে এই কারখানাটি খুলছেন বা কতগুলি মানুষ এর জন্য বাঁচবে তার কোন সংখ্যা

আমরা এতে দেখতে পাচ্ছি না। ৪৩.২০ লক্ষ টাকা টোট্যাল ভ্যালু অব প্রডাকসান, যেটা হায়েষ্ট প্রডাকসান হয়েছে বলেছেন। উনি বলেছেন, ৬ লক্ষ টাকা পেলে বছরে টানওভার হয় ৪৩ লক্ষ টাকা মোট ২২.১০ লক্ষ টাকা যদি ক্যাপিটাল হয় এবং তার থেকে যদি বছরে প্রডাকসান হয় ৪৩ লক্ষ টাকা তাহলে তার থেকেই বোঝা যায় ম্যানেজমেন্ট অত্যন্ত খারাপ ছিল। মাননীয় মন্ত্রী মহাশয় ম্যানেজমেন্টের বিরুদ্ধে অনেক বিষোদগার করলেন এবং বললেন তারা কোর্টে চলে গিয়েছে। আমার প্রশ্ন, ম্যানেজমেন্টের বিরুদ্ধে যে এনকোয়ারী করলেন তারপর আপনারা আগেই কেন তাদের এগেনষ্টে ক্রিমিনাল কেস করলেন না? তারা কি করে আগে কোর্টে চলে গেল? আপনি বললেন, ক্রিমিন্যাল ফল্ট তারা করেছেন, সেখানে আপনারা আগে কোর্টে কেস করলেন না কেন? কি ব্যবস্থা আপনারা নিয়েছেন? ম্যানেজমেন্টের তরফে কি গোলমাল ছিল তা আমরা জানতে পারছি না। তবু দেখা যাচ্ছে যে কম্পানী চলছে, এটা বন্ধ হওয়ার মুখে। আপনাকে চিন্তা করতে হবে যে কত টাকা ইনভেষ্টমেন্ট করলে এটা ভায়েবল হয় এবং কোন পরিচালকের হাতে দিলে এটাকে ভায়েবল করা যায়। মাননীয় মন্ত্রী মহাশয়, যে সমস্ত কালকারখখানা আপনারা নিচ্ছেন সেগুলি সব টপ হেভী এ্যাডমিনিসট্রেশানের হাত থেকে এবং সেই সঙ্গে আমরা দেখছি যে রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত হয়ে কিছু মানুষকে চেয়ারম্যান করে দেওয়া হয় যাদের কোন প্রকৃত একসপেরিয়েন্স নেই। তাদের না আছে টেকনিক্যাল এক্সপিরিয়েন্স, না আছে ম্যানেজারিয়াল এক্সপিরিয়েন্স। সে জন্য আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে এই ধরণের কারখানা যখন নিচ্ছেন, আমরা স্বাগত জানাচ্ছি। কিন্তু কারখানাটি নিয়ে যদি ভায়েবল না করতে পারেন তাহলে কোন লাভ হবেনা। আপনি শেষকালে লিখেছেন যে বর্তমান বিচার-বিবেচনা করে যতদূব দেখা যাচ্ছে তাতে রাজ্য সরকারেব আর কোন আবর্তক বা অনাবর্তক ব্যায়ের সম্মূখীন হতে হবেনা। এই ধরণের একটা গেজ ওয়ার্কের উপরে সবকারী টাকা, জনসাধাবণের টাকা ইনভেষ্ট করাব আগে আপনাকে আর একবার চিন্তা করে দেখার জন্য অনুরোধ করছি। আপনি যদি নেনও তাহলেও যাদের উপরে ম্যানেজমেন্টেব ভার দেবেন সেই পুরানো ম্যানেজমেন্টকে নিশ্চয়ই পালটে দেবেন- সেখানে টপ হেভী না করে একসপেরিমেন্টাল বেসিসে নিতে পারেন। আপনাকে একথা বলতে চাই যে বহু কলকারখানা আছে যেগুলি চলছে এবং ভায়েবল হবে। কিছু টাকা আরো দিয়ে সেগুলিও ভাল ভাবে চলতে পারবে। কাজেই এগুলি আপনাকে চিন্তা করতে বলছি। আর একটা জিনিস জানতে চাচ্ছি সেটা হচ্ছে, কতগুলি মানুষের স্বার্থ ওখানে জড়িত, কতগুলি মানুষ এখানে কাজ করে এটা দিলে আমরা আরো কিছু কথা বলতে পারতাম। যাই হোক, আপনারা এই প্রচেষ্টাকে আমি স্বাগত জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে এটা কথা বলবো যে আপনি দয়া করে যখন ম্যানেজমেন্ট করবেন তখন প্রপার টেকনিক্যাল লোক নিয়ে, বেশী লোক না বাড়িয়ে এবং একজন ম্যানেজারিয়াল একসপেরিয়েন্স যার আছে সেই লোক নিয়ে এবং উদ্দেশ্য প্রনোদিন না হয়ে এটা করবেন। কারণ আমাদেব কাছে খবর আছে যে একজন সি পি এম মন্ত্রী চাপে এটা আপনাকে করতে হচ্ছে। এই ধরণের কারখানা আরো অনেক আছে, সেগুলিকে আগে সাহায্য করা উচিত ছিল। সেটা না করে এই কারখানাটিকে আপনি নিয়েছেন একজন মন্ত্রীর চাপে পড়ে সুতরাং মাথা নত না করে, যদি আপনি মনে করেন যে এটা জনসাধারণের পক্ষে কাজে লাগবে, সবকাবেব পক্ষে কাজে লাগবে, সকলের পক্ষে কাজে লাগবে তাহলে এটা আপনি নিন। এই কথা বলে আপনাকে সমর্থন করে আমাব বক্তব্য শেষ করছি।

শ্রী সরল দেবঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্প বানিজ্য মন্ত্রী মহাশয় The Infusions (India) Limited (Acquisition of Shares). যে বিল এখানে উত্থাপন করেছেন, আমি তাকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু সঙ্গে সঙ্গে একথা বলতে চাই যে এই বিলে অধিগ্রহণের মধ্যে দিয়ে দেখিয়েছেন যে জয়েন্ট সেক্টরে কাজ চলতে গেলে আমাদের আগে ২৬ পারসেন্ট শেয়ার ছিল এবং প্রাইভেট সেক্টরের লোক ম্যানেজিং ডাইরেক্টর ছিল এবং সেখানে কাজ করতে গিয়ে মনে রাখতে হবে যে এটা একটা ছোট প্রতিষ্ঠান, সামান্য টাকার ইনভেস্টমেন্ট অথচ এখানে লাইফ সেভিং ড্রাগ তৈরী হয় এবং এটা লাভ জনক। এটাকা আমাদের অধিগ্রহণ করতে হচ্ছে কারণ সেখানে ম্যানেজিং ডাইরেক্টর যথেচ্ছা ব্যবহার করছেন অবং তার ফলে দেশের স্বার্থে আজকে এটাকে অধিগ্রহন করতে হচ্ছে। এর জন্য আমি আমাদেব বামফ্রন্ট সবকারের মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে সতর্ক হবার জন্য অনুরোধ করছি যে কেন্দ্রীয় সরকারের অবিমিশ্রকারীতার জন্য আমাদের বাধ্য হয়ে কিছু কিছু জায়গায় জয়েন্ট সেক্টরে যেতে হচ্ছে। যেমন হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স, সেখানেও জয়েন্ট সেক্টর আছে। কজেই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে আপনি সতর্কতার সঙ্গে পদক্ষেপ নেবেন ঐ সব জয়েন্ট সেক্টরে যাবার ক্ষেত্রে এবং এখন থেকেই শিক্ষা গ্রহন করবেন। এই ছোট কারখানার প্রতি পদে পদে বাধার সৃষ্টি করার ফলে আজকে অধিগ্রহণ করতে হচ্ছে। অর্ডিনেন্স করার পরে আজকে বিলের আকারে আনা হয়েছে। এটাতে দেখা যাচ্ছে যে এটা একটা লাভ জনক প্রতিষ্ঠান। কাশীবাবু, অম্বিকাবাবু বক্তৃতায় বলেছেন যে কত টাকা লাগবে সেটা পুরোপুরি বলা হয়নি। এটাতে টোটাল প্রেডাকসান কষ্ট এসে দাঁড়াবে ৪৩.২০ লক্ষ টাকা এবং এটা থেকে মেডিকেল ষ্টোরস, হাসপাতাল, রেলওয়ের বিভিন্ন জায়গায় সববরাহের জন্য সোডিয়াম ক্লোরাইড, ডেকট্রোজ প্রভৃতি ঔষধও তৈরী হচ্ছে এবং দেখা যাচ্ছে উত্তরোত্তর অগ্রগতি হওয়া সত্বেও ম্যানেজমেন্টের যে জটিলতা রয়েছে সেই জটিলতার জন্য রাজ্য সরকারকে বাধ্য হয়ে এই বিল আনতে হয়েছে।

[6.10 - 6.20 P.M.]

এটা না করে কোন উপায় ছিল না। টাকা ইনভলভমেন্ট খুব কম, এ থেকে আমাদের শিক্ষা নিতে হবে। পেট্রো কেমিক্যাল কংপ্লেক্সে আমাদের রাজ্য সরকারের ইনভলভমেন্ট অনেক বেশী আছে। এর থেকে আমাদের শিক্ষা গ্রহন করা দরকার এবং এটাতে পরিষ্কার ভাবে বলা আছে- আমি জানিনা কাশীবাবু, অম্বিকা বাবু বললেন যে মাননীয় মন্ত্রী তাঁর বিলে সব কথা পরিষ্কার বলেন নি। আমরা এটাকে পরিপূর্ণ ভাবে অধিগ্রহন করতে যাচ্ছি। আগে এতে রাজ্য সরকারের ২৬ পার্সেন্ট শেয়ার ছিল, বাকী ছিল ৭৪ পার্সেন্ট। এখন ১০০ পার্সেন্ট শেয়ার রাজ্য সরকার নিচ্ছেন এবং স্বভাবতঃই নেবার পর এই কোম্পানী রাজ্য সরকারের দায়িত্বে বর্তাবে। এই লাভজনক প্রতিষ্ঠাণকে আরও কি রকম ভাবে একটা উন্নত প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলা যায়, তার একটা পূর্ণাঙ্গ স্কীম থাকা উচিত্। একে মডানাইজ করে আরও একসপ্যানশন কি ভাবে করা যায়, সেটা দেখতে হবে। আমি জানি না। আমাদের মাননীয় সদস্য অম্বিকা বাবু কোথা থেকে খবর পেলেন, কোন মন্ত্রী বা কোন সি.পি.এম. নেতার চাপে নাকি এটা নেওয়া হচ্ছে। এটা ঠিক নয়। এই কারখানাতে ইতিমধ্যে ১.৬৯ লক্ষ টাকা দিয়ে এর মধ্যে অংশ গ্রহন করা হয়েছিল, কিন্তু এখন দেখা যাচ্ছে এই প্রতিষ্ঠানটি লাভ জনক, অথচ ম্যানেজমেন্টের জটিলতার জন্য শিল্প দপ্তর থেকে এটাকে অধিগ্রহন করতে বাধ্য হয়েছেন। এখানে কোনো অপরিচ্ছন্ন ব্যাপার নেই, মন্ত্রীর চাপের বা রাজনৈতিক দলের নেতার চাপে এখানে আছে, এটা সর্ব্বৈব অসত্য। এখানে পরিষ্কার ভাবে বলা হয়েছে ক্ষতিপূরণ সম্পর্কে ক্লজ সিক্সে ক্লেমেন্টস যারা আছে, Claimants who is dissatisfied with the decision of the Commissioner.

এখানে এক জন কমিশনার নিয়োগ করা হয়েছে, তিনি এ্যাসেস করে কার কি পাওনা আছে, কার কি পয়সা আছে না আছে-may prefer an appeal against the decesion to the principal civil court of original Jurisdiction within the local limits of whose Jurisdiction the registered office

of the company is situated.এখানে কথাটা বলা আছে। সুতরাং কারোর প্রতি অবিচার যাতে না হয় সেটা কিন্তু বিলের ১২(১)এ বলা আছে। After admitting a claim under this Act, the amount due in respect of each share acquired by virtue of this Act shall be paid by the Commissioner to the person to who such amount is due, and, on such payment, the liability of the State Government in respect of the share so acquired shall stand discharged.সুতরাং কোথাও অবিচারের কথা বলা নেই এবং অবজেক্টের ক্ষেত্রে অত্যন্ত পরিষ্কার ভাষায় বলা আছে। If any difficulty arises in giving effect to the provisions of this Act, the State Government may, by order, not inconsistent with the provisions of this Act, romove the difficulty.এবং উদ্দেশ্যটা খুব পরিষ্কার ভাবে বলা আছে যে Acquisition by the State Government of an effective Control over the affairs of the Company is Necessary to enable it to make the incestment as aforesaid. রাজ্য সরকারের এই কোম্পানীটার উপর আগে এফেকটিভ কনট্রোল ছিল না, ২৬ পার্সেন্ট শেয়ার ছিল। ফলে প্রাইভেট সেকটারের ম্যানেজিং ডিরেক্টার যথেচ্ছাচার বলতেন, কোন কনট্রোল ছিল না, জটিলতা সৃষ্টি করতে লাগলেন, এই জটিলতা থেকে উত্তোরণের জন্য রাজ্য সরকার এটাকে পরিপূর্ণ ভাবে লাভ জনক প্রতিষ্ঠাণ করার জন্য নিচ্ছেন। এই শুভ প্রচেষ্টাকে আমরা অভিনন্দন জানাচ্ছি। জয়েন্ট সেক্টারে যাবার ক্ষেত্রে আপনাদের একটু সর্তক দৃষ্টি নিয়ে এগোবার জন্য অনুরোধ জানিয়ে এবং মোটামুটি বিরোধী দলের সদস্যরা এই বিল টাকে স্বাগত জানিয়েছেন এবং আমি মন্ত্রী মহাশয় কর্তৃক উত্থাপিত বিলটাকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুশীল কুজুরঃ- মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের শিল্প মন্ত্রী মহোদয়, "ইনফিন্স (ইন্ডিয়া) লিমিটেড (শেয়ারসমূহ অর্জন) বিধেয়ক, ১৯৮৫;" এখানে উত্থাপন করেছেন। আমি এই বিলটিকে সম্পূর্ণরূপে সমর্থন করে দু'একটি কথা বলছি। প্রথমেই আমি বিল'টি বাংলা ভাষায় আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে বলে মন্ত্রী মহোদয়কে অভিনন্দন জানাচ্ছি। এই সংস্থাটিতে ফাইটো-কেমিক্যাল ডেভলপমেন্ট কর্পোরেশনের মাধ্যমে সরকারের ২৬ পার্সেন্ট শেয়ার ছিল এবং শেয়ার হোল্ডারদের ৭৪ পার্সেন্ট শেয়ার ছিল, এই অসস্থায় এটি রুগ্ন হয়েছিল। কিন্তু এই সংস্থাটি ম্যানুফ্যাকচারিং এর ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, সুতরাং সে দিকে লক্ষ্য রেখে এবং সংস্থাটির সিকিউরিটির দিকে লক্ষ্য রেখে সংস্থাটিকে পুরোপুরি সরকারী সংস্থা হিসাবে সরকারের আওতায় জানা হচ্ছে। বর্তমান পরিস্থিতি সংস্থাটিকে রক্ষা করার জন্য কোনো উপায় নেই। পশ্চিমবংগের জনগণের স্বার্থে মন্ত্রী মহোদয় এই কাজ করছেন বলে আমি তাঁকে বাহবা জানাচ্ছি। এই বিলের মধ্যে শেয়ার হোল্ডারদের ক্ষতিপূরণ দেবার কথা বলা হয়েছে, সেই প্রভিসন রাখা হয়েছে। ফলে আমি মনে করি কোনো পক্ষ থেকেই এই বিলের উপর কোনো রকম আপত্তি ওঠার কোনো কারণ নেই। এই সংস্থায় যে সমস্ত ওষুধ উৎপন্ন হয় সে সমস্ত ওষুধের দিনের পর দিন চাহিদা বাড়ছে, সুতরাং এখানে ওষুধের উৎপাদন ব্যাপকভাবে বৃদ্ধি করা প্রয়োজন। সে কাজ করার জন্য সরকারকে এই সংস্থাটি পুরোপুরি অধিগ্রহন করা ছাড়া বিকল্প কোনো পথ নেই। অতএব জনগণের স্বার্থে প্রয়োজনীয় ওষুধের উৎপাদন বৃদ্ধির জন্য আজকে মাননীয় শিল্প মন্ত্রী মহোদয় যে বিল এখানে উৎথাপন করেছেন তাকে আমি একবার আর সম্পূর্ণরূপে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল কুমার বোসঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে ক'জন মাননীয় সদস্য এই বিলটিকে সমর্থন করে বক্তব্য রাখলেন তাঁদের কাছে আমি কৃতজ্ঞ। বিরোধী পক্ষের মাননীয় দু'জন সদস্য শ্রী কাশীনাথ মিশ্র ও শ্রী অম্বিকা ব্যানার্জীর কাছে আমি বিশেষভাবে কৃতজ্ঞ, কারণ তাঁরাও এই বিল'টিকে সমর্থন করেছেন। তবে এই বিলকে সমর্থন করতে গিয়ে বিরোধী পক্ষের কাশীবাবু এবং অম্বিকাবাবু কিছু কথা বলেছেন, যার আমি উত্তর দেওয়া প্রয়োজন মনে করছি। তাঁরা স্বাভাবিকভাবেই আমার কাছে কিছু তথ্য জানতে চেয়েছেন এবং কয়েকটি বিষয়ে আমাকে সতর্ক হতে বলেছেন। তার জন্য আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি।

প্রথমতঃ কাশীবাবু জিজ্ঞাসা করেছেন, " এটা করতে এত দেরী হলো কেন? এই গোলমাল তো অনেক দিন ধরেই চলছিল। এর আগে বিধানসভার বাজেট অধিবেশন হয়ে গিয়েছে, তখন এটি বিধানসভায় না এনে, তারপরে আর্ডিন্যান্স করার দরকার হলো কেন?" কেন, প্রথমত আমরা চেয়েছিলাম এটা যৌথ উদ্যোগ হিসাবে চলুক, কারণটা আমি পরে বলছি। এখন যৌথ উদ্যোগ এবং রাষ্ট্রয়ত্ব উদ্যোগ নিয়ে যে তর্ক উঠেছে, আমি সে সম্পর্কে কিছু বলব। যাতে এটি যৌথ উদ্যোগ হিসাবে চলতে পারে তার জন্য আমরা চেষ্টা করেছিলাম, কিন্তু যখন দেখলাম চলছে না তখন আমরা বাধ্য হয়ে এই সিদ্ধান্ত গ্রহন করলাম এবং সিদ্ধান্ত যখন গ্রহণ করলাম তখন বিধানসভা চলছিল না, তাই আমাদের অধ্যাদেশ বা অর্ডিনান্স করতে হয়েছিল। আর্ডিনান্স করার বিষয়ে ইতিপূর্বে বহুবার এই বিধানসভায় বিতর্কের সৃষ্টি হয়েছে এবং আমরা বলেছি কেন, কি পরিস্থিতি সরকারকে অর্ডিন্যান্স করতে হয়। এটা আমাদের সংবিধানের কথা। আইনের কথা, সংবিধান এবং এই অধিকার আমাদের দিয়েছে। লোকসভায় এই জিনিস চলছে, সারা ভারতবর্ষেই এই জিনিস চলছে। এমন কি বৃটেনেও এই জিনিস চলছে। এটা খুবই সাধারণ কথা, যখন আইনসভা চলে না তখন যদি সরকারের কোনো কিছু করার দরকার হয় তখন কি তাহলে সরকার তা না করে বসে থাকবেন? দেড় মাস, দু'মাস সরকার কোনো গুরুতর জিনিস ফেলে রাখতে পারেন না বা বসে থাকতে পারেন না। কেন না সংবিধানে বলা আছে, বিধানসভার দু'টি অধিবেশনের মধ্যে ৬ মাসের ব্যবধান থাকতে পারে। তাহলে কি আমরা ৬ মাস বসে থাকব, দরকারি কাজ করব না? তা কখনই আমরা পারি না, কোনো সরকারই পারেন না, তখন আমাদের অধ্যাদেশ বা আর্ডিনান্স করতে হয়। তারপর সেটা বিধানসভায় আসে এবং সে বিষয়ে সদস্যদের আলোচনার সুযোগ থাকে। তাঁরা যদি মনে করেন সরকার অন্যায় কাজ করেছেন, তাহলে তাঁরা সেটা বাতিল করে দিতে পারেন। কিন্তু অডিন্যান্স করবার অধিকার সরকারের আছে এবং দরকারে সরকারকে সে অধিকার প্রয়োগ করতেই হবে। এই অধিকার না থাকলে সরকার চলতে পারে না।

[6.20 - 6.30 P.M.]

কাশীবাবু জিজ্ঞাসা করলেন গোলমাল হলোটা কেন? দুর্ভাগ্যঃ প্রাইভেট সেকটরে পাটনার যিনি ছিলেন- আমি নাম বলতে চাই না, এতে প্রশ্ন উঠবে, উনি জবাব দেবার সুযোগ পাবেন না, কিন্তু তিনি দুর্নীতির রাস্তায় গিয়েছিলেন। এখানকার ম্যানেজিং ডিরেকটর আর একটি প্রতিষ্ঠান পাশাপাশি তৈরী করেছেন এবং সেই প্রতিষ্ঠানের মাধ্যমে বিক্রি করছিলেন। এই ভাবে তিনি চালাচ্ছিলেন। এই নিয়ে বেশী কথা বলবার দরকার নেই। এ ব্যাপারে মামলা-মকদ্দমা হয়েছে। আমরা আইনেজ্ঞর পরামর্শ নিয়েছি, আমি মাননীয় সদস্যদের এই কথা বলতে চাই, আমাদের এই অধ্যাদেশ বা অর্ডিন্যান্সের পরে ম্যানেজিং ডিরেকটরের পক্ষ থেকে হাইকোর্টে গিয়েছিলেন। কিন্তু হাইকোর্টে তাঁরা সুবিধা করতে পারেননি। সুতরাং আমরা আইনের দ্বারা সমর্থিত হয়েই এই কাজ করে চলেছি। এখানে ক্ষতিপূরণের কথা তুলেছেন। এই বিলে পরিষ্কার করে বলে দিওয়া হয়েছে এবং অর্ডিন্যান্সেও ছিল যে কমিশনার'স পেমেন্ট হবে। তাঁরাই স্থির করবেন। তাঁরা আইন মতাবেক যে ব্যবস্থা সর্বক্ষেত্রে নেওয়া হয়, কোন একটি সম্পত্তি জাতীয়করণ করতে গেলে ক্ষতিপূরণ কিভাবে তাদের দিতে হবে তার বাধা-ধরা নিয়ম আছে এবং সেই নিয়ম অনুযায়ী ক্ষতিপূরণ দেবে। কোন সমস্যা দেখা দিলে সেই নিয়ম অনুযায়ী সমাধান হবে। এখানে আর একটি কথা জিজ্ঞাসা করেছেন, ব্যাঙ্ক থেকে যে ঋণ নেওয়া হয়েছে তার পরিমান কত!? মাননীয় সদস্য অম্বিকাবাবু জিজ্ঞাসা করেছেন, ১৯৭৮ সালে আপনারা যৌথ উদ্যোগ করলেন কিন্তু ১৯৮০ সালে উৎপাদন আরম্ভ হলো কেন? ২ বছর সময় লাগে না? আপনি তো শিল্পের সঙ্গে যুক্ত আছেন।

১৯৭৬ সালে কোম্পানী তৈরী হল, তারা কাজ করতে পারলেন না। কথাবার্তা বললেন। ১৯৭৮ সালে রাজ্যসরকার-এর ফার্মাসিউটিক্যাল ফিনাসিয়াল করপোরেশন এগিয়ে এলেন, ১৯৭৮ সালে ব্যবস্থা হল। তারপর সমস্ত কিছু ঠিক করতে সময় লাগলো। এই সময়টা এমন কিছু বেশী নয়। ইউনাইটেড ব্যাঙ্ক থেকে ঋণ নেওয়া হয়েছে ১০.৫ লক্ষ টাকা। ওয়েষ্ট বেঙ্গল ফিনানসিয়াল কররোরেশন থেকে ঋণ নেওয়া হয়েছে ৬.২৫ লক্ষ টাকা। আর ওয়েষ্ট বেঙ্গল ফার্মাসিয়াল এ্যান্ড ফাইটো কেমিক্যাল ডেভেলপমেন্ট করপোরেশন তারা লোন দিয়েছে ইক্যুইটি শেয়ার ছাড়া ১৪.৩১ লক্ষ টাকা। এছাড়া অন্যান্য খুচরো খাচরা যেসব পাওনাদার আছে তাদের কাছে পাওনা ১১.১৬ লক্ষ টাকা। মোট পাওনা, বাজার ব্যাঙ্ক, ফিনানসিয়াল করপোরেশন, ফার্মাসিউটিক্যাল এ্যান্ড ফাইটো কেমিক্যাল ডেভেলপমেন্ট করপোরেশন এইসব থেকে ৪২ লক্ষ ২ হাজার টাকা। এখন এই পরিমানটা কম নয়। কারোও চাপের ব্যাপার নয়। মন্ত্রীর চাপ, মন্ত্রীরা তো আমাদের সরকারের অংশ। আমরা সবাই মিলে সিদ্ধান্ত করি। সুতরাং মন্ত্রীর চাপ কথাটার অর্থ কি? কারোও কোন চাপ নেই। একটা শিল্পকে বাঁচানো, যে শিল্প প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ জীবনদায়ী ওষুধ তৈরী করে যার সঙ্গে শ্রমিকেরা যুক্ত আছেন এইসব দিক বিবেচনা করে আমরা সঙ্গতভাবেই জাতীয়করণ করার সিদ্ধান্ত নিয়েছি। প্রশ্ন উঠেছে টাকা কোথায় পাবেন? টাকা আমাদের সংগ্রহ করতে হবে। আমরা সরকার থেকে কিছু দেব। আমরা বাজার থেকে ঋণ সংগ্রহ করবো। ব্যাঙ্কের সঙ্গে কথাবর্তা বলবো। এখানে আমাদের সরকারপক্ষের মাননীয় সদস্য শ্রী নিরঞ্জন মুখার্জী বলেছেন, অর্ডার আছে কিন্তু টাকা নেই। এতো সরকারী প্রতিষ্ঠান, সমস্যা রয়েছেই। আমরা প্রয়োজনমত সব সময়ে ব্যাঙ্ক থেকে টাকা পাইনা। সরকারী বাজেটের টাকা পাওয়া খুবই অসুবিধা এটা সবাই জানেন। এখনও আমরা টাকার কোন ব্যবস্থা করতে পারিনি, তবে চেষ্টা করছি। ৪ লক্ষ টাকা সরকার থেকে যাতে দিতে পারি তারজন্য চেষ্টা করছি। খুব শীঘ্রই হয়তো হয়ে যাবে। অর্ডার আছে, টাকা দিলে কাজ ঠিক-ঠাক চলবে। অম্বিকাবাবু এবং কাশীবাবু দুইজনই এই বিলটিকে সমর্থন করেছেন তারজন্য ধন্যবাদ জানাচ্ছি। তাঁরা বলেছেন ভালই করেছেন পুরোপুরি জাতীয়করণ করেছেন। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও বলেছেন, সরকার কারখানা পরিচালনা করতে গিয়ে দেখলেন কত অসুবিধা সুতরাং একটু সাবধান থাকবেন। কারখানা পরিচালনা করার ক্ষেত্রে সরকাররের কিছু অসুবিধা আছে। এটা কেন্দ্রীয় সরকারও বুঝছেন আর আমরা রাজ্যসরকারও বুঝছি। সেটা যাতে ভালভাবে চালাতে পারি সেই চেষ্টা করছি। ইনফিউসন অর্ডারের দিকে আমরা লক্ষ্য রাখবো। এখানে জিজ্ঞাসা করেছেন শ্রমিকরে সংখ্যা কত? আমি তাঁর প্রশ্নে উত্তরে বলি, শ্রমিক সংখ্যা ৭০ জন। আমরা যদি সম্প্রসারণ করতে পারি তাহলে শ্রমিকর সংখ্যা বাড়বে। পরিচালনার ক্ষেত্রে আমরা দেখবো যাতে ভাল করে পরিচালনা করতে পারি। এখানে সরকারপক্ষের মাননীয় সদস্য শ্রী সরল দেব একটি কথা বলেছেন, আপনারা যৌথ উদ্যোগ করেছেন, কিন্তু এখানে যৌথ উদ্যোগের অভিজ্ঞতা ভাল হলো না, সেইজন্য আপনারা রাষ্ট্রীয় উদ্যোগে নিয়ে এলেন, কিন্তু সর্তক থাকবেন। নিশ্চই আমরা সর্তক থাকবো। আমাদের সব রকমের অভিজ্ঞতা রাখতে হচ্ছে। কিন্তু এই ইনফিউসনই একমাত্র যৌথ উদ্যোগ নয়, আমরা অর্থাৎ বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় আসবার পর থেকে বহু শিল্প যৌথ উদ্যোগ করেছি। কিন্তু সব জায়গায় এত তিক্ত অভিজ্ঞতা হয়নি। সেইসব শিল্প ভালই চলছে। আর আমাদের হাতে যদি টাকা থাকতো তাহলে সরকার নিজেই শতকরা ১০০ ভাগ কারখানাকে সরকারী কারখানা করতো। যেহেতু টাকা নেই, যেহেতু ইনফিউশনের পরিচালনা ম্যানেজিং ডিরেক্টর দিয়ে হবে না, সেহেতু পরিচালনার কথা ভেবে যৌথ উদ্যোগ ছিন্ন করতে বাধ্য হচ্ছি। অনেক সময়ে এইভাবে অনেক যৌথ উদ্যোগকে সরকারী উদ্যোগে নিয়ে এসেছি, কোথায়ও বা সরকারী উদ্যোগকে যৌথ উদ্যোগ করতে বাধ্য হয়েছি। এই ক্ষেত্রে যা করা হচ্ছে-এটা ডিন্যাশনালাইজেশন নয়, কারণ সেখানে সরকারের শেয়ার বেশী থাকবে। হলদিয়া প্রেট্রো কেমিক্যালও তো প্রাইভেট পার্টনার নিয়ে যৌথ উদ্যোগ হয়েছে। পরবর্তী কালে এই ক্ষেত্রে যদি কোন অন্যায় হচ্ছে দেখি, নিশ্চয়ই আমরা বরদাস্ত করবো না, সেক্ষেত্রে নিশ্চয়ই আমরা ব্যবস্থা গ্রহণ করবো। এই কথা বলে আশা করবো সকল মাননীয় সদস্য এই বিলটাকে সমর্থন করবেন।

The motion of Shri Kashinath Misra that this House disapproves the Infusions (India) Limited (Acquisition of Shares) Ordinance, 1985 (West Bengal Ordinance No. V of 1985) was then put and lost.

The motion of Shri Nirmal Kumar Bose that the Infusions (India) Limited (Acquisition of Shares) Bill, 1985, be taken into consideration was then put and agreed to.

Clauses 1—19 and Preamble

The question that clauses 1-19 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Nirmal Kumar Bose : Sir, I beg to move that the Infusions (India) Limited (Acquisition of Shares) Bill, 1985, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to *The Elvoc Private Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1985.*

The Pralay Talukdar: Sir, I beg to introduce the Elvoc Private Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1985 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The Elvoc Privatge Limited, a Company as defined inthe Companies Act, 1956, went into liquidation under orders of the High Court, Calcutta, on the 20th November, 1978. The employees of the company formed a co-operative society styled as Elvoc Employees' Co-operative Industrial Society Limited with the intention of running the industrial unit. Subsequently, as per orders of the High Court, an agreement was executed between the co-operative society and the Official Liquidator onthe basis of which the Official Liquidator granted an annual license to the society to run the factory and use the machinery on lease at an yearly rent of rs. 10,000/- or 50% of the profit, whichever is higher. The society has been running the industrial unit since the 19th January, 1980, on the basis of that agreement. On the expiry of one-year term, the soceity prayed for renewal of the lease term for five years. Instead of granting the renewal, the High Court passed orders for purchase of assets from the Official Liquidator, but at the instance of the ex-management, operation of the sale order was stayed by the High Court for the timebeing. Subsequently, the ex-management as well as the co-operative society made their respective submission to the Supreme Court.

Meanwhile, the co-operative society submitted a prayer to the Cottage and Small Scale Industries Department for nationalisation of the company or acquiring the whole assets of the company to protect the employments workers. Considering all the aspects of the proposal of the co-operative society, the State Government decided to nationalise only the fixed assets of the company, excluding land. It was also decided that after nationalisation, all the fixed assets of the company in liquidation, exlcuidng land, would be made over to the West Bengal Small Industries Corporation, an existing Government company, which would entrust the management of the indusrial unit to the State Government and the West Bengal Small Industries Corporation Limited would have no liability about the workers of the company in liquidation and/or members of the co-operative society who would b e managing the indusrial unit on rent basis.

2. The matter being urgent and the Legislative Assembly being not in session, the fixed assets of the Elvoc Private Limited (in liquidation) were nationalised by the State Government by promulgating the Elvoc (Private) Limited (Acquisition and Transfer of Undertakings) Ordinance, 1985 (West Bengal Ordinance No. VI of 1986). (Secretary then read the title of the Bill).

Shri Kashinath Misra : Sir, I beg to move that this House dissapproves the Elvoc Private Limited (Acquisition and Transfer of Undertakings) Ordinance, 1985 (West Bengal Ordinance No. VI of 1985).

Shri Pralay Talukdar : Sir, I beg to move that the Elvoc Privatge Limited (Acquisition and Transfer of Undertakings) Bill, 1985, be taken into consideration.

শ্রী কাশীনাথ মিশ্র ঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,আজকে মাননীয় ক্ষুদ্র কুটিরশিল্প মন্ত্রী মহাশয় 'দি এলভোক প্রাইভেট লিমিটেড(এ্যাকুইজিশন এ্যান্ড ট্রান্সফার অফ আন্ডারটেকিং)' বিল.১৯৮৫ যেটা এখানে নিয়ে এসেছেন-এটা ১৯৭৮ সালে লিকুইডিশনে চলে গেছে এমন একটি কোম্পানী বিষয়ক বিল। এর মধ্যে একটা সমবায় প্রতিষ্ঠান জড়িত ছিল। তাঁদের সঙ্গে অফিশিয়াল লিকুইডিটারের একটি চুক্তি হয় যে তাঁরা বার্ষিক ১০,০০০ টাকা অথবা লাভের ৫০ ভাগ-এক্ষেত্রে যেটা বেশী হবে-সেটা বার্ষিক রেন্ট হিসাবে দিয়ে ওখানকার সমস্ত মেশিনপত্র ব্যবহার করতে পারবেন এইভাবে ঐ সমবায় প্রতিষ্ঠানটি ১৯৮০ সাল পর্যন্ত চালিয়েছিল।

[6.30 - 6.40 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়,১৯৮০ সালের জানুয়ারী মাস পর্যন্ত এই সমবায় প্রতিষ্ঠান দ্বারা চলেছে। আমার মূল বক্তব্য ২৯শে জানুয়ারী অর্ডিনেন্স করেছেন। সেই অর্ডিনেন্স জারির পার আগষ্ট-সেপ্টে বার মাসে বিধানসভা বসেছে। সেটা লিকুইডেসানে চলে যায় এবং সেটা আজকে সরকার চিন্তা ভাবনা করছেন। এই প্রতিষ্ঠানের মধ্যে এখন বিভিন্ন ঝামেলা রয়েছে। হাই কোর্ট থেকে আরম্ভ করে সুপ্রিম কোর্ট পর্যন্ত মামলা রয়েছে,এখনও ডিসিসান পর্যন্ত হয় নি। সেই মামলা কি অবস্থার মধ্যে আছে,তার ফেট কি আমার মনে হয় সেটা সরকার পক্ষ পর্যন্ত ঠিক মত জানেন না। লাষ্ট সুপ্রিম কোর্ট কি অর্ডার দিয়েছে এবং সেই অর্ডারে কি বলা হয়েছে সেটা আমাদের কাছে পরিস্কার নয়। আমি মনে করি এই বিষয়ে মন্ত্রী মহাশয় আমাদের আলোকপাত করাবেন। এই ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই সরকারের চিন্তা-ভাবনা হ'ল ৫ বছরের জন্য লিজ নেওয়া। এর যে রিনুয়্যাল,এই রিনুয়্যালের ব্যাপারে হাই-কোর্টে একটা মামলা রয়েছে। এই ব্যাপারে আমরা পরিস্কার নয়,এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজিনসে সেই ব্যাপারে কিছু পরিস্কার ভাবে দেখেতে পাচ্ছি না। এখানে বলা হয়েছে যে এই প্রতিষ্ঠান যে সমস্ত জিনিসপত্র তৈরী করে সেটা যথেষ্ট প্রয়োজনীয়,এটা আমরা উপলব্ধি করেছি। এই ব্যাপারে সরকারের উদ্যোগ যথেষ্ট প্রসংশনীয়। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যৌথ উদ্যোগের কথা। যৌথ উদ্যোগের কথায় আমরা আতঙ্কগ্রস্থ। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন এই ব্যাপারে যদি কোন ত্রুটি থাকে সেটা তিনি দূর করবেন এবং সেই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। এটাতে আমবা আশ্বস্থ হতে পারি কিন্তু এই ব্যাপারে যে তৎপরতা সরকার দেখান সেই তৎপরতা মাঝে মাঝে ভাটা পড়ে যায় এবং পরবর্ত্তীকালে অসুবিধার সৃষ্টি হয়। একটা গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান অধিগ্রহণের জন্য ব্যবস্থা নিয়েছেন এটা অত্যন্ত ভাল উদ্যোগ। কিন্তু প্রশ্ন হ'ল এই প্রতিষ্ঠানের ব্যাপারে হাই-কোর্ট থেকে আরম্ভ করে সুপ্রিম কোর্ট পর্যন্ত মামলা আছে,এখনও ডিসিসান পর্যন্ত হয় নি, এই ব্যাপারে কি করবেন? এই আইন কার্যাকারী হওয়ার পর এটা প্রয়োগ করতে পারবেন কিনা সেই বিষয়টা একটু দেখার আছে। এই ব্যাপারে এখানে উৎফুল্লতা দেখা যায় নি। এই ব্যাপারে স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজিনসে পরিস্কার সেটা উপলব্ধি করতে পারিনি বলে ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয় দৃষ্টি আকর্ষণ করছি। মন্ত্রী মহাশয়ের কাজের তৎপরতা ব্যাপারে আমার বিশ্বাস আছে। ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসারতার জন্য শিল্প বিহীন এলাকায় শিল্প স্থাপন যে প্রচন্ড উদ্যোগ সেটা যথেষ্ট প্রশংসনীয়। তিনি বন্ধ কল-কারখানা খোলার ব্যাপারে যথেষ্ট প্রশংসনীয় ভূমিকা নিয়েছেন,বিরোধী দল হিসাবেও আমবা এই ব্যাপারে প্রশংসা করে থাকি। বিরোধীদল হিসাবে আমরা এই ক্ষেত্রে যে সরকারের প্রশংসা করে থাকি তা নিশ্চয়ই করবো এবং এই ব্যাপারে আমাদের কোন রকম দ্বিমত নেই। আমরা এটাও জানি যে,সরকার এই সমস্ত ক্ষেত্রে নানা সমস্যার সম্মুখে আছেন। আমরা আশা করবো, সরকার এই সকল প্রতিষ্ঠানকেও সমবায়ের আওতায় আনার জন্য বিশেষ ভাবে চিন্তা-ভাবনা করবেন। এই সঙ্গে সঙ্গে এই আশাও সরকারের কাছে করবো যে, এই সকল সমস্যা যাতে আর ডেভালাপ করতে না পারে এরজন্য চিন্তা ভাবনা করবেন। এই সকল সমস্যা কাটিয়ে ওঠার জন্য সরকার যে দৃষ্টি ভঙ্গী নিয়েছেন,তার প্রসারকল্পে সরকারকে যাতে কোন ভাবে প্রতিবন্ধকতার মধ্যে না আসতে হয়, আশা করবো, সেদিকে তাঁরা বিশেষ ভাবে দৃষ্টি রাখবেন। এই ক্ষেত্রে যদি কোন ত্রুটি বিচ্যুতি থেকে থাকে, তা সংশোধন করে আরও উন্নতিবিধানের জন্য আশা করবো, সবকার বিশেষ ভাবে চেষ্টা করবেন। এই কারখানাটি অধিগ্রহণের জন্য সরকার এখানে যে বক্তব্য রেখেছেন, সেক্ষেত্রেও কিছু বলার আছে। এই সমবায় প্রতিষ্ঠানটিকে অধিগ্রহণের পর আগে এরমধ্যে যে অংশ ছিল,তাদের অবস্থা আগে কি ছিল এবং তার পরিপ্রেক্ষিতে সেখানে আরও মেসিনপত্র কেনার প্রয়োজনীয়তা থাকলে, আশা করবো, সরকার তা নিশ্চয়ই করবেন। এই সমবায় প্রতিষ্ঠানটিতে আগে যে শেয়ারের অংশ ছিল,তা থেকে সমস্ত দায়-দায়িত্ব এখন থেকে সরকারের উপরে বর্তাবে। এই ক্ষেত্রে পূর্বে যা শেয়ার ছিল,তার দায়িত্ব পুরোপুরি ভাবেই সরকারের উপর গিয়ে পড়ছে। এর সঙ্গে সঙ্গে প্রতিষ্ঠানটি পরিচালনার জন্য সরকারের টোটাল যে টাকা লাগবে তা সরকারকে বহন করতে হবে। ওখানকার কর্মচরীদের বেতন ইত্যাদি বাবদ যে বাড়তি অর্থ সরকারকে বহন করতে হবে,সেই সমস্ত দিক চিন্তা করে আমরা আতঙ্কগ্রস্ত। আশা করবো, মন্ত্রী মহাশয় এই প্রতিষ্ঠানটি অধিগ্রহণের প্রকৃত উদ্দেশ্য এবং তা এই বাড়তি আর্থিক দায়ভার গ্রহণের সঙ্গে সমাঞ্জস্যপূর্ণ কিনা সবকিছু আমাদের কাছে পরিস্কার করে বলবেন। যে সমস্ত সমবায় প্রতিষ্ঠান এর সঙ্গে যুক্ত ছিল,সেগুলোর দায় দয়িত্ব এই প্রতিষ্ঠানটি অধিগ্রহণের ফলে সরকারকে বহন করতে হবে কিনা, সেগুলোও আশা করবো, মন্ত্রী মহাশয় আমাদের কাছে পরিস্কার করে বলবেন। এই প্রতিষ্ঠানটির ম্যানেজমেন্ট এর অবস্থা কি রকম আশা করবো,

তিনি আমাদের কাছে বলবেন। ফিন্যানসিয়াল মেমোরেন্ডামের কথা বলতে গিয়ে এখানে দেখছি সরকারকে ২:৫ লক্ষ টাকা ব্যয় করতে হবে বলে বলেছেন। এছাড়া আরও অতিরিক্ত দায়-দায়িত্ব সরকারের উপর আসবে কিনা, অর্থাৎ টোটাল কত টাকার দায়িত্ব সরকারের উপর প্রকৃতপক্ষে পড়বে সেটা আশাকরি পরিস্কার ভাবে তাঁর কাছ থেকে আমরা জানতে পারবো। সেই সঙ্গে সঙ্গে এই ভাবে অধিগ্রহণের প্রকৃত উদ্দেশ্য কি, তাও আমাদের কাছে পরিস্কার করে জানাবেন। আমরা এইসব দিকগুলোর কথা চিন্তা করে আতঙ্কগ্রস্ত। সরকার এই সমস্ত বাধাবিঘ্ন দূর করে এগিয়ে যেতে সক্ষম হবেন কিনা তা নিয়েও আমরা আতঙ্কগ্রস্ত। এর সঙ্গে যুক্ত আছে শ্রমিকের বিভিন্ন দাবী-দাওয়া। সরকার এটি অধিগ্রহণের পর ঐ সমস্ত শ্রমিকদের দাবী-দাওয়া,বকেয়া টাকাকড়ি, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি ইত্যাদি থেকে আরম্ভ করে যা কিছু অবস্থা অধিগ্রহণের পূর্বে প্রতিষ্ঠানটির মধ্যে ছিল, তার অবসান ঘটিয়ে নির্দিষ্ট লক্ষে কার্যকরী করার ব্যবস্থা কি ভাবে সরকার গ্রহণ করবেন, তা আশা করবো, মন্ত্রী মহাশয় আমাদের কাছে পরিস্কার করে অবহিত করবেন। আমরা দেখছি,সারা রাজ্যে ছোট-বড় নানা শিল্প কারখানা নানা ভাবে অব্যবস্থার মধ্যে পড়ে ক্রমান্বয়ে রুগ্নশিল্পে পরিণত হচ্ছে। এই রকম অবস্থার মধ্যে আপনি এই বিলের মাধ্যমে এই প্রতিষ্ঠানটিকে অধিগ্রহণ করার মধ্যে দিয়ে কি ভাবে অগ্রসর হতে চাইছেন তা জানতে পারলে আমরা খুবই আনন্দিত হব। এই দিক বিবেচনায় আমরা এই বিলটির বিরোধিতা করছি না। তবে,এটি অনেক আগেই করা উচিত ছিল। এই ব্যাপারে গত ২৯শে জুলাই তারিখে আগেই অর্ডিন্যান্স করা হয়েছে। যে প্রতিষ্ঠানটি লিকুইডেশানে চলে গিয়েছিল,সেটাকে বিধাসভার মাধ্যমে করলে আমার মনে হয় সর্বাঙ্গ সুন্দর হ'ত। যাইহোক এই বিলকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6.40 - 6.53P.M.]

শ্রী শচীন সেন ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়,বেশী সময়ে নিয়ে যদি বলি তাহলে এই বেলা শেষে সকলের ধৈর্য্যচ্যুতি ঘটবে,সেইজন্য সংক্ষেপে বলবো। মাননীয় কাশী বাবু এই বিলকে নিয়ে আলোচনা করতে গিয়ে বিরোধীতা ঠিক করতে পারেন নি,বলতে গেলে সমর্থন করেছেন। তিনি বলেছেন প্রচেষ্টা সব সময়ে থাকে এবং উদ্দেশ্য মহৎ কিন্তু বিষয়গুলি এতে ঠিক নেই। সুতরাং আপাত দৃষ্টিতে তিনি বিলটিকে সমর্থন করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এখানে উপস্থিত করেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করছি,শুধু সমর্থন করছি তাই নয় আমি এই বিলের জন্য তাঁকে অভিনন্দনও জানাচ্ছি। এই বামফ্রন্ট সরকার যে শ্রম দরদী দৃষ্টিভঙ্গী নিয়েছেন তারজন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এই এল ভক্কারখানাটি যেখানে সেই অঞ্চলে আমি বাস করি এখানের অনেক খুঁটি-নাটি বিষয় নিয়ে হাইকোর্টে এবং সুপ্রিম কোর্টে মামলা চলছে,শেষ পর্যন্ত এই কারখানাটি জাতীয়করণ করার বিষয় নিয়ে একটা সন্দেহ আসে এবং মামলা চলছে বলে সবটা জাতীয়করণ করা যাবে না, কেবলমাত্র একটা সাইডের জাতীকরণ করা হবে। আমরা দেখেছি এখানকার শ্রমিকরা দাঁতে কামড় দিয়ে দীর্ঘ কয়েক বছর ধরে লড়াই করে মালিকদের সমস্ত রকম বজ্জাতি পর্যুদস্ত করেছে। মালিকরা চেয়েছেন প্রেসিসান এ্যান্ড ইলেকট্রনিক গুডস্ তারা একচেটিয়া মুনাফা অর্জন করবেন কারণ বাজার তাদের একচেটিয়া, সেখানে শ্রমিকরা যখন তাদের দাবী উৎথাপন করলেন তখন সরাসরি শ্রমিকদের উপর আক্রমন করলেন এবং সেই আক্রমন এমন জায়গায় পৌঁছলে যে প্রথমে লক-অউট, পরে ক্লোজার এবং শেষ পর্যন্ত হাইকোর্টে লিকুইডিশানের জন্য পাঠিয়ে দিলেন। কিন্তু শ্রমিকদের তাতে জব্দ করতে পারেন নি। শ্রমিকরা সেখানে বামফ্রন্ট সরকারের সহযোগিতায় একটা সমবায় তৈরী করে তার নাম দেয় কো-অপরেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড। এলভকের শ্রমিক মালিক দ্বন্দের ফলে মালিকরা বললেন যে লস যাচ্ছে,আর কারখানা চালাতে পরছি না তখন শ্রমিকরা নিজেদের হাতে দায়িত্ব নিয়ে চালাতে লাগলো এবং এখন এই কারখানা প্রফিট রান করছে, সেখানে কো-অপরেটিভ করে চালাচ্ছে। আমি সুযোগ পেলে এই কারখানাটি দেখাশোনা করি, আজকে জাতীয়করণের মধ্যে দিয়ে সরকার একটা দায়িত্ব নিয়েছেন। তবে জমি নেওয়া সম্ভব হয় নি, এই সোসাইটির এ্যাসেট, মেশিনপত্র, ঘরবাড়ি এইসব নেওয়া হয়েছে। প্রায় ২ লক্ষ ২৫ হাজার টাকা দিতে হয়েছে অফিসিয়াল লিকুইডিটারকে। এরজন্য সন্দেহ প্রকাশের কোন অবকাশ নেই কারণ এর যে লাইবেলিটি আছে তারজন্য অফিসিয়াল লিকুইডিটরকে টাকা দিতে হয়েছে। শ্রমিকদের প্রচেষ্টার ফলে তাদের কো-অপরেটিভকে সরকার জাতীয়করণ করলেন, তার বেশী করতে পারেন নি এবং এটি স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ করপোরেশানে হাতে অর্পন করা হয়েছে। শ্রমিকরা এই সোসাইটিকে লিজ দেবেন অথচ নামেমাত্র রেন্ট দেবেন এইভাবে সোসাইটির বা কারখানা কাজ চলবে এবং আপাতত সেইভাবে গ্রহণ করা হয়েছে। কাজেই কাশীবাবু যেসব সন্দেহ প্রকাশ করেছেন সেই সন্দেহের কোন কারণ নেই। কারণ শ্রমিকরা এখানকার খুব সচেতন এবং লড়াকু শ্রমিক। তারা নিজেরা দায়িত্ব নিয়ে সমবায়ের মাধ্যমে এই কারখানাটি চলাচ্ছে। যেহেতু বাধা দেওয়ার কেউ থাকবে না,সরকারী সাহায্য এখানে পাওয়া যাচ্ছে সেইজন্য আরো ভালো করে কাজ করবে। তাছাড়া ইলেকট্রনিক গুডসের বাজার আছে এবং এটি একটি লাভজনক ব্যবস্থা,সেই বিষয়ে কোন সন্দেহ নেই। এই কথা বলে মন্ত্রী মহাশয়কে আবার অভিনন্দন জানাচ্ছি এই বিল উত্থাপন করার জন্য এবং শ্রমিকদের স্বার্থ রক্ষা করার জন্য। এই বলে আমি শেষ করছি।

শ্রী সরল দেব ঃ- স্যার, যে বিল এখানে মন্ত্রী মহাশয় উত্থাপন করেছেন তাকে সমর্থন করতে গিয়ে ২।১টি কথা বলতে চাই। মন্ত্রী মহাশয় একজন ট্রেড ইউনিয়ন কর্মী। শ্রমিকরা ট্রেড ইউনিয়ন করে একটা প্রতিষ্ঠানকে লাভজনক করেছে। এরজন্য মালিকরা হাইকোর্ট,সুপ্রিমকোর্ট করেছে। এর ফলাফল কি হবে তা পরে দেখা যাবে। তাঁকে অভিনন্দন জানাচ্ছি এজন্য যে মেসিনারী এবং বিল্ডিংসের জন্য ২:২৫ লক্ষ টাকা দিয়ে এটা অধিগ্রহণ করে ওদের চালাবার দায়িত্ব দিচ্ছেন। শ্রমিকদের উপর এই সরকার যে কতখানি নির্ভরশীল এই বিল আনার মধ্য সেটা প্রমানিত হল। পার্লামেন্টারী সিস্টেমে আছে একটা সেসন বন্ধ হয়ে গেলে আর একটা সেসনের মাঝখানে দরকার হলে অর্ডিন্যান্স করতে হয় এবং সাবসিকোয়েন্টলি তা হাউসের সামনে আনা হয়। এলভক কোম্পানী লিমিটেড অধিগ্রহনের যে বিল উপস্থিত করা হয়েছে তাকে সমর্থন করে আমি শেষ করছি।

শ্রী প্রলয় তালুকদার ঃ- মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটা সকলেই এমন কি বিরোধী দলের কাশীবাবুও সমর্থন করেছেন। আমার বক্তব্যের অনেকখানি শচীনবাবু এবং সরলবাবু বলে দিয়েছেন। তবুও আমি কাশীবাবুর অবগতির জন্য ২।১টি কথা বলতে চাই। প্রথমতঃ যে মামলা আছে তারজন্য কাশীবাবুর দুশ্চিন্তার কোন কারণ নেই। বিলের ৪ নং ধারায় বলে দিয়েছে এ্যাপয়েন্টটেড ডেটে যা আছে তা মামলা ইত্যাদির সময়ে থাকবে কোনটা ডিসকনটিড হবে না। এখন প্রশ্ন হচ্ছে মামলা থাকাকালীন এই বিল কেন আনা হল ? এটা একটা কোয়াপারেটিভ করে চালান হচ্ছিল। ষ্টেটমেন্ট অফ অবজেক্ট এ্যান্ড রিজনসে বলে দিয়েছে ৫ বছরের জন্য কোয়াপারেটিভের লীজ বাড়াতে বলা হয়েছিল। কিন্তু হাইকোর্ট বলে যে লীজের টার্ম আর বাড়ানো হবে না, এটা কিনতে হবে। তাহলে অবস্থা কি হচ্ছে? লীজের সময় বাড়ছে না,কেনাও যাচ্ছে না সেখানে ৫ বছর ধরে কোয়াপারেটিভ করে শ্রমিকরা আধ পেটা খেয়ে যখন লাভের মুখ দেখছে তখন কি এই কারখানা আবার বন্ধ হবে? কাজেই আমাদের সামনে রাস্তা ছিল শ্রমিকদের বলা যে তোমরা কারখানা বন্ধ করে দাও অথবা মামলার নিস্পত্তি হলে তারপর ঠিক হবে। তাই আমাদের অর্ডিন্যান্স আনতে হয়েছে এবং এ্যাসেম্বলী খোলার সংগে সংগে আমরা অর্ডিন্যান্সটাকে বিলে রূপান্তরিত করেছি। আমাদের যদি সুযোগ থাকত সময় থাকত তাহলে বিলটা আনতাম,অর্ডিন্যান্স

আনতাম না। সেই সময় আমাদের ছিল না। ঐ সময় অর্ডিন্যান্স না করলে কারখানাটি বন্ধ হয়ে যেত,তাহলে ১৫০ জন কর্মী কারখানার বাইরে বসে থাকত,ম্যানেজমেন্টের হাতে কারখানাটি চলে যেত। ৪ নং ক্লজে মামলা সম্বন্ধে বলা আছে,সরকারের দায়িত্ব সম্বন্ধে শচীনবাবু পরিস্কার বলে দিয়েছেন যে এই প্রতিষ্ঠান টা আমরা ওয়েষ্ট বেংগল স্মল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশানকে দেব, এটা একটা গভর্ণমেন্ট কর্পোরেশান,তারা ঐ কো-পোরেটিভকে দিয়ে চালাবে। কো-অপারেটিভের যারা মেম্বার বা শেয়ার হোল্ডার তারাই চালাবে,আমরা তাদের কাছ থেকে একটা রেন্ট নেব। একটা লিজ ডিড তাদের সংগে হবে। এইভাবে কারখানাটি এখন চলবে,তারপর মামলা যখন নিষ্পত্তি হবে তখন দেখা যাবে কিভাবে চালান যাবে। আমার মনে হয় কাশীবাবুর দুশ্চিন্তার কোন কারণ নেই। আমরা দেখেছি এই কারখানাটি ভালভাবে চলছে,এটা লাভে দাঁড়িয়ে গেছে,এটা ব্রেক ইভিন পয়েন্ট ছাড়িয়ে গেছে। এটা এক্সপ্যানসান করছে। এই কারখানাটা ইলেকট্রনিক গুডস তৈরী করে, ইলেকট্রনিক ইন্ডাষ্ট্রিজে এটা একটা পাওনিয়ার ইন্ডাষ্ট্রি। কাজেই সেই সুযোগ আমরা গ্রহণ করব। এই কয়েকটি কথা বলে মাননীয় সদস্যদের অনুরোধ করব বিলটা সর্বসম্মতিক্রমে পাশ করার জন্য।

The motion of Shri Kashinath Misra That this House disapproves the Elvoc Private Limited(Acquisition and transfer of Undertakings) ordinance,1985(West Bengal Ordinance No.VI of 1985),was then put and lost.

The motion of shri pralay Talukdar that The Elvoc Private Limited(Acquisition and Transfer of Undertakings)Bill, 1985,be taken into consideration,was then put and agreed to.

Clauses 1 to 13 and preamble :-

The question that Clauses 1 to 13 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Pralay Talukdar :- Mr. Speaker, Sir, I beg to move that The Elvoc Private Limited(Acquisition and Transfer of Undertakings) Bill,1985, as settled in the Assembly, be passed. The motion was then put and agreed to.

Adjournment :-

The House was then adjourned at 6-53 P.M. till 1 P.M. on Wednesday, the 18th September,1985,at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House Calcutta, on Wednesday, the 18th September 1985 at 1-00 p.m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair 14 Ministers, 7 Ministers of State and 198 Members.

Held over Starred Questions
(to which oral answers were given)

[1-00–1-10 P.M.]

আরামবাগে দ্বারকেশ্বর নদীর বাঁধে ভাঙন ঃ

*১৩১। [(অনুমোদিত প্রশ্ন নং *১১৮৬ (এস এন)।] **শ্রীআবদুল মান্নান ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি হুগলী জেলার আরামবাগ মহকুমার দ্বারকেশ্বর নদীর বাঁধে ভাঙন সৃষ্টি হয়েছে এবং জলস্ফীতির ফলে কুলাট, ময়াল, বন্দীপুর, ঠাকুরাণীচক (পূর্ব ও দক্ষিণ) প্রভৃতি স্থান প্লাবিত হয়েছে;

(খ) সত্য হলে, উক্ত জলস্ফীতির ফলে (১) কি পরিমাণ এলাকা প্লাবিত হয়েছে; (২) উক্ত এলাকায় ক্ষয় ক্ষতির পরিমাণ কত; এবং

(গ) উক্ত বাঁধগুলি মেরামতের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শ্রী ননী ভট্টাচার্য্যঃ-(ক) হুগলী জেলার আরামবাগ মহকুমার দ্বারকেশ্বর নদীর সেচ দপ্তরের বাঁধে কোনও ভাঙ্গন হয় নি তবে কুলাট ময়াল বন্দীপুর ইত্যাদি জায়গায়তে পঞ্চায়েতের বাঁধে ভাঙ্গন হইয়া অসংরক্ষিত এলাকা প্লাবিত হইয়াছে।

(খ)১) অসংরক্ষিত এলাকায় আনুমানিক এক হাজার হেক্টর জমি প্লাবিত হয়েছে।

(২) অসংরক্ষিত এলাকায় বাঁধ, ফসল এবং অন্যান্য সম্পত্তির ক্ষয়ক্ষতির হিসাব সেচ ও জলপথ বিভাগের জানা নেই। সেচ বিভাগের বাঁধের ক্ষতির পরিমান আনুমানিক পঁচিশ লক্ষ টাকা।

(গ) সেচ বিভাগের বাঁধের জরুরী ও তাৎক্ষণিক মেরামত চলছে। বর্ষার পর বাকী মেরামতির কাজ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে হাতে নেওয়া হবে।

শ্রী আব্দুল মান্নান ঃ- মন্ত্রী মহাশয় বললেন যে পঞ্চায়েত এলাকায় বাঁধ আছে এবং সেখানে বেশী ভাঙ্গন দেখা দিয়েছে। পঞ্চায়েতগুলির আর্থিক অবস্থা খারাপ থাকার জন্য তারা বাঁধের মেনটেনেন্স করতে পারছে না। পঞ্চায়েতের হাত থেকে সেচ দপ্তরে সেই সব বাঁধ নিয়ে নেবার কোন পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- সেই রকম কোন প্রস্তাব নাই। এটা পলেসির ব্যাপার। আগে এক্স জমিনদারী সময় যে এমব্যাঙ্কমেন্ট আছে সেখানে প্রধানত পঞ্চায়েত এবং জেলা পরিষদ এগুলি করবে নানা ধরনের কর্মপরিকল্পনার মধ্য দিয়ে। বড় বাঁধ যেগুলি আছে সেগুলি সেচ দপ্তর করবে এইটাই হোল পলেসি।

শ্রী আব্দুল মান্নান ঃ- সেচ দপ্তরের অধীনে যেটুকু আছে,সেখানে প্রতি বছর পাইলিং করে বালির বস্তা দিয়ে মেরামত করা হয়। সামান্য বর্ষাতে সেগুলি ধুয়ে যায়। পার্মানেন্ট স্ট্রাকচার করার কোন পরিকল্পনা আছে?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- পার্মানেন্ট স্ট্রাকচার করার ব্যাপারে যে অর্থ দরকার,সেই আর্থিক ক্ষমতা রাজ্য সরকারের নেই।সুতারাং অনেক ক্ষেত্রে মাটির বাঁধ দেওয়া হয়,বোল্ডার,স্পার ইত্যাদি করা হয়। আবার অন্য পথও নেওয়া হয় শালবনী বাঁশ ইত্যাদি দিয়ে বাঁধ মেরামত করা হয়।

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ- এই সংরক্ষিত বা অসংরক্ষিত বাঁধ এটা কোন কর্তৃপক্ষ স্থির করেন এবং বর্তমানে কি নিয়মে এটা ঠিক হয়?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- বাঁধের বাইরে যে এলাকায় থাকে নদীর দিকে সেগুলি অসংরক্ষিত এলাকা আর গ্রামের দিকে যে বাঁধ থাকে সেটা সংরক্ষিত এলাকা।

শ্রী সুশোভন ব্যানার্জি ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে নদীর ভাঙ্গন সৃষ্টি হচ্ছে এবং তার ফলে যে বন্যা হচ্ছে, এই বন্যা প্রতিরোধ করার ব্যাপারে ১৯৬৩ সালে মান সিং কমিটি হয়।এই মানসিং কমিটি রিপোর্ট দিয়েছিল যে নদীর দুই পাড়ে ৫ হাজার ফিট ডিফারেন্স রাখার কথা হয়েছিল। ওয়াটার বেড-নদীর গতি রোধ করতে বারন করা হয়েছিল প্রশ্ন হচ্ছে মান সিং কমিটির যদি ফলো না হয়ে থাকে তাহলে আগামী দিনে আর একটা কমিশন করে যাতে দেশবাসীকে বাঁচানো যায় তার পরিকল্পনা আছে কি?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- এটা এই প্রশ্নের সংগে যুক্ত নয়। আপনি এ ধরণের প্রশ্ন করবেন, উত্তর দেবো।

বৃষ্টির অভাবে চাষের সংকটে ব্যবস্থা গ্রহণ ঃ

*১০৮। [(অনুমোদিত প্রশ্ন নং *১২১০ (এস এন)।] **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান বছরে স্বাভাবিক বৃষ্টির অভাব হেতু চাষের ক্ষেত্রে যে সংকট দেখা দিয়েছে তার মোকাবিলায় কি জরুরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) চাষের জন্য ক্যানেলের জল সর্বত্র সমানভাবে সরবরাহের ব্যবস্থা করা হয়েছে কি?

শ্রী ননী ভট্টাচার্য্যঃ-(ক) বর্তমান বছরে খারিফ চাষের মরশুমের প্রথম দিকে বৃষ্টির অভাব হেতু নদী উপত্যকা পরিকল্পনাভুক্ত জমিতে চাষের সংকট নিবারনের জন্য মন্ত্রী পর্যায়ে বিস্তারিত আলোচনা করিয়া নিম্নলিখিত ব্যবস্থাগুলি জরুরী ভিত্তিতে বাস্তবায়িত করার সিদ্ধান্ত গ্রহন করা হয় ঃ-

(১) খারিফ মরশুমে রোয়ার সময় ও পরবর্তী সংকটপূর্ণ পুষ্পোদ্গম পর্যায়ে জরুরী ভিত্তিতে জলসেচের ব্যবস্থা করা।

(২) প্রাথমিক জলসেচের ব্যবস্থা ত্বরান্বিত করা এবং কমাণ্ড এরিয়ার শেষ প্রান্তে চাহিদা মাফিক জলসেচের ব্যবস্থা করা;

(৩) জলসেচের ব্যবস্থা যাহাতে বিঘ্নিত না হয় সেইজন্য আইন শৃংখলার ব্যবস্থার উপর সজাগ দৃষ্টি রাখা।

(খ) সেচ প্রকল্পাধীন জমিতে যাহাতে জলসরবরাহ চাহিদানুযায়ী করা যায় সেদিকে সর্তক দৃষ্টি রাখা হইয়াছে। সাধারনত সেচ খালের মধ্যে অবৈধভাবে বাধার সৃষ্টি করিয়া শেষপ্রান্তের জমিতে জলসরবরাহের বিঘ্ন করা হয়। এবিষয়ে তদারকি ও সর্তকদৃষ্টি রাখার জন্য এ বছর ডি,ভি,সি, ও কংসাবতী কমাণ্ড এলাকাতে দুটি ডেভালেপমেন্ট কমিটি করা হইয়াছে। উক্ত কমিটিতে পঞ্চায়েত, জেলা প্রশাসন কৃষি ও সেচবিভাগের প্রতিনিধিরা এ ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহন করিতে পারিবেন। ময়ূরাক্ষী প্রকল্পে এইরূপ কমিটি পূর্ব হইতেই আছে।

শ্রী অমলেন্দ্র রায় ঃ- মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি বিভিন্ন জলাধারে কত পরিমান জল ছিল এবং কত পরিমান জল খারিফ মরশুমে খরচ করা হয়েছে এবং কত পরিমান জল রবি শস্যের জন্য আছে?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- এতো বিস্তৃত তথ্য আমার কাছে নাই। আলাদা প্রশ্ন করবেন আমি জবাব দিয়ে দেবো।

[1-10–1-20 P.M.]

শ্রী অমলেন্দ্র রায় ঃ- আপনি নিশ্চয় অভিযোগ পেয়েছেন যে, কমান্ড এরিয়ার একেবারে শেষ প্রান্ত এলাকায় চাষীরা সময় মত জল পাচ্ছে না। আবার কোন কোন ক্ষেত্রে দেখা যাচ্ছে যখন জলের প্রয়োজন নেই তখন এত বেশী জল আসছে যে, সব কিছু ভেসে যাচ্ছে। এই কনস্ট্যান্ট কমপ্লেন ফ্রম দি টেলএন্ডারস এটা দীর্ঘকাল ধরে আছে। কাজেই এই কমপ্লেন সম্পর্কে সরকার সজাগ, সচেতন আছেন কিনা এবং এই কমপ্লেন শোনার পর সরকারের তরফ থেকে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে যাতে করে কমান্ড এরিয়ার টেল এন্ডে যারা আছে তাদের জল পাওয়া নিশ্চিত হয়?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- কমান্ড এরিয়ার টেল এন্ড জল পেত না, সেটা ঠিক নয়। কিন্তু এমন কমান্ড এরিয়ার টেল এন্ড কিছু কিছু আছে যেখানে জল নানা কারণে যেত না। হয়ত জলাধারে জল কম থাকার দরুন যত কিউসেক জল ছাড়ার কথা তত কিউসেক জল ছাড়তে না পারার জন্য যেত না। তারপর কিছু হিউম্যান প্রব্লেম ছিল। আপার রিচের চাষীরা জল আটকে নিজেদের জায়গাগুলিকে সেচ সেবিত করেও তাদের চাহিদা মেটা সত্বেও জল ছাড়ত না তার ফলে টেল এন্ডের চাষীরা জল পেত না। এই সমস্ত অভিযোগগুলি দীর্ঘকাল ধরে হয়ে আসছে। এই কমপ্লেনগুলি হয়ে আসছে। এই সমস্তগুলি মনে রেখে জল ডিষ্ট্রিবিউসনের দায়িত্ব মোটামুটি রাজ্যসরকারের মন্ত্রী, অফিসার পর্যায়ে হাই লেভেল আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হয় যে, কোন্ জলাধার থেকে কোন্ ডিষ্ট্রিক্টে কি পরিমান জল দেওয়া হবে সেটা ঠিক করে দেওয়া হয়েছে এবং ডিটেলস সেই জেলার ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, প্রিনসিপ্যাল এগ্রিকালচারাল অফিসার, ইরিগেসন ইঞ্জিনিয়ার, জেলা পরিষদের সভাধিপতি এবং পঞ্চায়েত সমিতি স্তরে আলোচনা করে কোন ডিষ্ট্রিবিউটর দিয়ে কি পরিমান জল ছাড়া হবে না হবে এই ডিটেল্ড ছক তারা করেন। তারা এনসিওর করার জন্য আপনি চেষ্টা করেন যাতে করে টেল এন্ডের চাষীরা জল পায়। এই রকম একটা ব্যবস্থা হয়েছে। আমরা পরবর্তীকালে আর একটা জিনিস দেখলাম এখনো কিছু কিছু কমপ্লেন আসছে, কিছু চাষী অসুবিধায় পড়ছে টেল এন্ডে যারা আছে। সেই অবস্থায় একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি করা হয়েছে। আমি একটু আগেই বলেছি যে ডি,ভি,সি, এলাকা একটা করা হয়েছে। ডিভিসির কমান্ড এরিয়া একটি করা হয়েছে, কংসাবতী কমান্ড এরিয়া একটা, আর একটা ময়ূরাক্ষী কমান্ড এরিয়া করা হয়েছে। ময়ূরাক্ষী মেম্বার, বোর্ড অব রেভিনিউকে চেয়ারম্যান করে ইতিমধ্যেই বহু আগে থেকে একটিকমিটি ফাংসান করে আসছে। এই বছরই প্রথম টেল এন্ডের চাষীদের কাছ থেকে অনেক কম কমপ্লেন আমরা পেয়েছি। এ্যাভারেজ খুব কম নমিন্যাল কমপ্লেন আমরা এই প্রথম পেয়েছি যে, জল পায়নি বা জল বেশী ছাড়ার ফলে চাষীরা ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে মাননীয় সদস্যকে আমি এটা বিশেষ করে বলছি যে, ময়ূরাক্ষী কমান্ড এরিয়ার টেল এন্ড মুর্শিদাবাদ জেলার মধ্যে যেখানটায় পড়ছে সেখানকার অধিকাংশ ক্ষেত্রেই জল পৌছেছে।

শ্রী ধীরেন্দ্র নাথ সরকার ঃ- এই বছর স্বাভাবিক বৃষ্টির অভাব-হেতু উত্তরবংগে তিস্তা নদীর জল ক্যানেলের মাধ্যমে সরবরাহ করার কি ব্যবস্থা নিয়েছেন বলবেন কি?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- মাননীয় সদস্য প্রশ্নের দিকটায় একটু নজর রাখুন, উত্তরবংগে তিস্তার ব্যাপার এখানে আসছে না। এখানে তিনটি কমান্ড এরিয়ায় জল সেচের ব্যাপার আসছে।

শ্রী নীরোদ রায় চৌধুরী ঃ- অনাবৃষ্টি হলে বহু এলাকায় লক্ষ লক্ষ একর জমিতে চাষ হয় না, কেন না সেখানে কোন সেচ ব্যবস্থা নেই। কিন্তু সেখানকার নদীগুলি একটু সংস্কার করলে বা খাল কেটে জল দিলে সেখানে চাষ হতে পারে। এই রকম খাল কেটে জল দেওয়া বা নদী সংস্কার করার কোন পরিকল্পনা আপনার আছে কিনা এবং থাকলে কোন্ কোন্ নদী আপনি কাটছেন সেটা জানাবেন কি?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- এত স্পেসিফিক জবাব দেওয়া এখনই সম্ভব নয়, আপনি আলাদা প্রশ্ন করবেন, আমি জবাব দিয়ে দেব। তবে ঐ যে সমস্ত ব্যবস্থা সেটা সেচ দপ্তরের অর্থসংগতির উপর নির্ভর করে।

শ্রী তারাপদ সাধুখাঁ ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে ডিভিসির টেল এন্ডে সিঙ্গুরে অবস্থিত। মাননীয় মন্ত্রী মহাশয় যে কমিটি করার কথা বলেছেন সেখানে রাজনৈতিক অনুপ্রবেশ ঘটার জন্য টেল এন্ডে কংগ্রেস এম,এল,এ থাকার ফলে সেখানে প্রতি বছর অত্যাচার হচ্ছে। সেখানে কমিটি যদি রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নেন তাহলে তার সুরাহা করার জন্য কোন ব্যবস্থা গ্রহণের কথা মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করছেন কি ?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- মাননীয় সদস্যের ঘাড়ে রাজনৈতিক অনুপ্রবেশের ভূত বহুদিন ধরেই চেপে বসে আছে সেটা আমি জানি। তবে তাঁকে বলতে পারি, এখানে রাজনীতির অনুপ্রবেশের কোন ব্যাপার নেই। এই কমিটিতে কারা কারা আছেন সেই নামগুলি আমি পড়ে দিচ্ছি।

মিঃ স্পীকার ঃ- নামগুলি পড়তে হবেনা, আপনি ওটা টেবিলে লে করে দিন।

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- আচ্ছা স্যার। মাননীয় সদস্যকে বলছি, ডিভিসন্যাল কমিশনার সেই কমিটিতে আছেন, তিনি নিশ্চয় রাজনীতি অনুপ্রবেশের মধ্যে পড়েন না। তা ছাড়া জেলাপরিষদের সভাধিপতি, ডিএম, ইত্যাদির মেম্বার আছেন।

বীরভূম জেলার মাধাইপুর গ্রামে বৃক্ষরোপণ ঃ

*(৩০) (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮)। **শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-(ক) বীরভুম জেলার রাজনগর থানার অন্তর্গত চন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের অধীন মাধাইপুর গ্রামে বিগত ১৯৭৮-৭৯ সালে যে বৃক্ষরোপণ প্রকল্প গ্রহণ করা হইয়াছিল তাহার জন্য এপর্যান্ত মোট কত টাকা খরচ করা হইয়াছে, (খ) উক্ত প্রকল্পে কতগুলি চারাগাছ রোপণ করা হইয়াছে এবং (গ) উক্ত চারাগুলির মধ্যে অদ্যাবধি কতগুলি জীবিত আছে?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায়ঃ-(ক) ২৮,০০০ টাকা।

(খ) ১৫,০০০ টি

(গ) ১৯৮৩ সালে বিভিন্ন কারণে গাছগুলি নষ্ট হয়ে গেছে।

ডাঃ সুশোভন ব্যানার্জী ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি,বীরভূমজেলার ১৬৯টি ব্লকের মধ্যে কতগুলি ব্লকে আপনারা গাছ লাগানোর পরিকল্পনা নিয়েছেন?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় ঃ- মাধাইপুর ব্লকে একটি নির্দিষ্ট গ্রামের তথ্য এই প্রশ্নে জানতে চাওয়া হয়েছে,তার উওর দেওয়া হয়েছে। আপনি যে অতিরিক্ত প্রশ্ন করলেন সেই প্রশ্ন যদি আলাদাভাবে করেন আমি তথ্য দিয়ে দেব।

শ্রী ধীরেন্দ্র নাথ সরকার ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, বিভিন্ন কারণে গাছগুলি নষ্ট হয়ে গেছে। মাননীয় মন্ত্রী মহাশয় কারণগুলি জানাবেন কি?

শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় ঃ- এক নং হচ্ছে, গবাদি পশুতে খেয়ে নিয়েছে এবং দু নং কারণ হল, দুষ্কৃতকারীরা গাছ কেটে দিয়েছে।

শিল্পে স্বয়ংসম্পূর্ণ জেলা ঃ-

*৩৪ (অনুমোদিত প্রশ্ন নং *১৮৮।) **শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি- (ক) পশ্চিমবাংলায় শিল্পে স্বয়ংসম্পূর্ণ কোন জেলা আছে কিনা, (খ) থাকিলে, কোন্ কোন্ জেলা শিল্পে স্বয়ংসম্পূর্ণ এবং (গ) শিল্পে স্বয়ংসম্পূর্ণ জেলা হতে গেলে ঐ জেলাতে কত কোটি টাকার শিল্প থাকা প্রয়োজন।

শ্রী নির্মল কুমার বোসঃ- শিল্পে স্বয়ং সম্পূর্ণ জেলার কোন সংজ্ঞা না থাকায় শিল্প ক্ষেত্রে কোন্ কোন্ জেলা স্বয়ং সম্পূর্ণ এবং স্বয়ং সম্পূর্ণতা অর্জনের জন্য বিনিয়োগের পরিমান কত হওয়া প্রয়োজন তা বলা সম্ভব নয়।

[1-20–1-30 P.M.]

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ- মাননীয় মন্ত্রী মহাশয়, এই প্রশ্নটায় অসম্পূর্ণতা আছে। তাসত্বেও আমি জানতে চাচ্ছি যে পশ্চিম বাংলায় কোন্ কোন্ জেলাকে ইন্ডাষ্ট্রিয়াল গ্রোথ সেন্টার হিসাবে চিহ্নিত করার পরিকল্পনা গ্রহণ করেছেন?

শ্রী নির্মল কুমার বোস ঃ- অতিরিক্ত প্রশ্নটা এই প্রশ্নের সংগে সামঞ্জস্যপূর্ণ হলনা। বিষয়টিতে একটা বিভ্রান্তি রয়েছে, আমি এটা একটু পরিস্কার করে বলে দিচ্ছি। ইন্ডাষ্ট্রিয়াল গ্রোথ সেন্টার বা শিল্প কেন্দ্র আমরা যেকোন জেলায় করতে পারি এবং করছি। কেননা, যেখানে শিল্প করা, শিল্প করার আগ্রহ আছে সেখানে শিল্প কেন্দ্র করার যে পরিকাঠামো তার সুযোগ সুবিধা আমরা দিই। আর একটা তথ্য হচ্ছে, আমাদের ভারত সরকারের হিসাব মত এগুলি তারা করেন। তাদের যে হিসাব ধরা আছে তাতে আমরা পশ্চিমবাংলাকে মূলতঃ দুটি এলাকায় ভাগ করেছি। শিল্পে উন্নত এলাকা, আর অনুন্নত এলাকা। উন্নত এলাকা হচ্ছে, কলকাতা মিউনিসিপ্যাল এলাকা, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশান, হাওড়া, হুগলী, ২৪ পরগনা, ২৬টি বাছাই করা পুলিশ ষ্টেশান। এগুলি হচ্ছে পশ্চিমবংলার শিল্পে উন্নত এলাকা, এগুলি হচ্ছে গ্রুপ এ। আর গ্রুপ বি-তে হচ্ছে ব্যাকওয়ার্ড এরিয়া অর্থাৎ পশ্চাৎপদ এলাকা। তার মধ্যে একটা অংশ হচ্ছে শিল্প বিহীন জেলা। তার মধ্যে পড়ে দার্জিলিং, জলপাইগুড়ি, কুচবিহার মালদহ। আর ব্যাকওয়ার্ড এরিয়ার মধ্যে ওয়েষ্ট দিনাজপুর, পুরুলিয়া। এর মধ্যে সব কয়টা শিল্পবিহীন জেলা নয়। দার্জিলিং, জলপাইগুড়ি, কুচবিহার, মালদহ, এবং বাঁকুড়া হচ্ছে শিল্প বিহীন। আর ক্যাটেগোরি ২-তে রয়েছে, এই যেদুটো এলাকার কথা বলা হল, তাছাড়া যে সব এলাকা আছে সেগুলি। এই ৩টি ভাগ করা হয়েছে শিল্পে কি ধরণের সাহায্য দেওয়া হবে সেটা স্থির করার জন্য।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ- মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি অবগত আছেন, ভারত সরকারের উদ্যোগে এই রাজ্যের বিভিন্ন জেলাতে শিল্পে উদ্যোগ গ্রহণের পরিকল্পনা চলছে, আমরা দেখছি কিছু এম,পি, বিভিন্ন জায়গায় কনভেনসান করে এই ধরণের প্রচার চালাচ্ছেন।

শ্রী নির্মল কুমার বোস ঃ- মাঝারী এবং বৃহৎ শিল্পের ক্ষেত্রে ভারত সরকার এই রকম কোন উদ্যোগ নিয়েছেন, সেই রকম কোন খবর আমার জানা নেই।

শ্রী নব কুমার রায় ঃ- মাননীয় মন্ত্রী মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলা সম্পর্কে একটা সমালোচনা আমরা শুনছি যে পশ্চিম দিনাজপুর জেলা শিল্পে স্বয়ং সম্পূর্ণ, সেটা ব্যাক ওয়ার্ড ডিষ্ট্রিক্ট নয়, সেখানে শিল্প হতে পারে না। সে জন্য কিছু শিল্প উদ্যোগী মানুষেরা মালদহে নুতন শিল্প করছেন সরকারী সাহায্য পাবেন বলে। কাজেই আমি

আপনার কাছে জানতে চাচ্ছি, পশ্চিম দিনাজপুর জেলা শিল্পে স্বয়ং সম্পূর্ণশ্রী এবং সেখানে যারা নূতন শিল্প স্থাপন করতে যাবে তাদের কোন ঋণ দেওয়া যাবেনা- এই ধরণের তথ্য আপনার জানা আছে কি ?

শ্রী নির্মল কুমার বোস :- আমি আমার মূল প্রশ্নে বলেছি যে স্বয়ংসম্পূর্ণ জেলা, সেল্ফ সাফিসিয়েন্ট ডিষ্ট্রিক্ট বলে কোন কনসেপ্ট নেই। সুতরাং স্বয়ংসম্পূর্ণের কোন প্রশ্ন ওঠেনা। পশ্চিমবংগে তো নেই, সারা ভারতবর্ষের কোথাও নেই। উনি যে প্রশ্ন করেছেন যে পশ্চিম দিনাজপুরে শিল্প করলে সুযোগ সুবিধা দেওয়া যাবে কিনা? গ্রুপ বি ক্যাটেগোরি ১-এর মধ্যে পশ্চিম দিনাজপুর জেলায় নাম উল্লিখিত আছে এবং সেখানে শিল্প করতে গেলে নিয়ম অনুযায়ী সুযোগ সুবিধা পাওয়া যাবে।

শ্রী দীপক সেনগুপ্ত :- মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, শিল্পে পিছিয়ে পড়া জেলা বলে যেগুলিকে চিহ্নিত করা হয়েছে এই চিহ্নিত করার সময়টা অতীতের কোনদিন থেকে শুরু হয়েছে এবং আজ পর্যন্ত যে প্রশাসনিক ব্যবস্থা চলছে এর মধ্যে শিল্পে অনুন্নত জেলাগুলিতে সেই রকম লক্ষণীয় কোন উন্নতি দেখা যাচ্ছে কিনা?

শ্রী নির্মল কুমার বোস :- হ্যাঁ, যে সব এলাকাকে আমরা পিছিয়ে পড়া এলাকা বলে চিহ্নিত করেছি, সেখানে কিছু কিছু শিল্পোদ্যোগের চিহ্ন দেখা যাচ্ছে।

শ্রী ধীরেন্দ্র নাথ সরকার :- মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, পশ্চিমবাংলার প্রত্যেকটি জেলায় অন্ততঃ পক্ষে একটি করে শিল্প স্থাপনের কোন সিদ্ধান্ত সম্প্রতি রাজ্য সরকার গ্রহণ করেছেন কি না?

মিঃ স্পীকার :- এই প্রসঙ্গে এই প্রশ্ন ওঠে না।

দূর্গাপুর শিল্পাঞ্চলে শিল্প স্থাপন :

*৩৫ (অনুমোদিত প্রশ্ন নং *৪১০।) **শ্রী দিলীপ মজুমদার :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দুর্গাপুর শিল্পাঞ্চলে সরকারী অথবা জয়েন্ট সেক্টারের মাধ্যমে সরকার নতুন কোন শিল্প স্থাপনের পরিকল্পনা লইয়াছেন কিনা?

শ্রী নির্মল কুমার বোস :- না।

শ্রী দেবরঞ্জন সেন :- মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, দুর্গাপুরে যেখানে জল, ইলেকট্রিসিটি, কয়লা কাছে আছে, রেলওয়ে লাইন কাছে আছে, সেখানে এই সরকার শিল্পাঞ্চল জয়েন্ট সেকটারে বা সরকারী উদ্যোগে গড়ে তোলার যথার্থতা স্বীকার করে নিয়ে, মন্ত্রী মহাশয় বলবেন কি দুর্গাপুরে আরও ইনডাষ্ট্রি হওয়ার প্রয়োজন আছে?

শ্রী নির্মল কুমার বোস :- প্রশ্নটা যে ভাবে আছে তার উত্তর হচ্ছে না। তবে আপনি যেটা প্রশ্ন করলেন, তার উওর হচ্ছে দুর্গাপুর, আসানসোল এলাকা পশ্চিমবাংলার মধ্যে উন্নত শিল্পাঞ্চল, ওখানে কিছু শিল্পোদ্যোগী যেতে চান এবং আমরা নিশ্চয়ই ভেবে দেখছি কিছু করা যায় কি না। জমির সন্ধান ইত্যাদি কিছু করা হচ্ছে, কথাবার্ত্তা হচ্ছে, কিন্তু চূড়ান্ত সিদ্ধান্ত এখনও পর্য্যন্ত কিছু হয়নি।

বন্ধ ও রুগ্ন কারখানা :

*১১০ (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** শিল্প পুনগর্ঠন বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি- (ক) ১৯৮০ হইতে ১৯৮৫ সাল পর্যন্ত এ রাজ্যে মোট কতগুলি কারখানা বন্ধ ও রুগ্ন হয়েছে এবং (খ) উহার মধ্যে কতগুলি বিদ্যুৎ সরবরাহের অভাবে ও কতগুলি শ্রমিক অশান্তির জন্য বন্ধ হয়েছে?

শ্রী নির্মল কুমার বোসঃ-(ক) রুগ্নশিল্পের পরিসংখ্যান নির্নয়করা সম্ভব নয়। তবে বন্ধ শিল্পের পরিসংখ্যান সাল মোতাবেক নিম্নে প্রদত্ত হইল।

সাল	বন্ধশিল্পের সংখ্যা
১৯৮০	৬২
১৯৮১	৪৯
১৯৮২	৪৩
১৯৮৩	৫৮
১৯৮৪	৪১
১৯৮৫	১০

(আগষ্ট পর্য্যন্ত)

(খ) বিদ্যুতের অভাবে ১৯৮২ সালে একটি কারখানা ও১৯৮৩ সালে একটি কারখানা বন্ধ হয়েছে। ১৯৮০, ১৯৮১, ১৯৮৪, ১৯৮৫ (আগষ্ট মাস পর্য্যন্ত) কোন কারখানা বিদ্যুতের অভাবে বন্ধ হয় নাই। উক্ত সময়ে শ্রমিক অশান্তি জন্য বন্ধ কারখানা সংখ্যা সাল অনুযায়ী নিম্নে প্রদত্ত হইল।

সাল	সংখ্যা
১৯৮০	২০
১৯৮১	১৯
১৯৮২	১৪
১৯৮৩	২১
১৯৮৪	১৩
১৯৮৫	১

(আগষ্ট পর্য্যন্ত)

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের দেশে তো এখন রুগ্ন এবং বন্ধ কারখানা অনেক আছে, যার জন্য ১২ই সেপ্টেম্বর ধর্মঘটও হয়ে গেল, এই রুগ্ন শিল্পগুলোকে বাঁচিয়ে তোলার জন্য কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের পক্ষ থেকে কি কি ব্যবস্থা গ্রহন করা হয়েছে?

শ্রী নির্মল কুমার বোস ঃ- ভারত সরকারের কাছে আমরা বিভিন্ন সময়ে আমাদের বক্তব্য রেখেছি, তাঁদের বিভিন্ন মন্ত্রীর সংগে কথা বলেছি, শিল্প মন্ত্রী বীরেন্দ্র পাতিল এবং অর্থমন্ত্রী বিশ্বনাথ প্রতাপ সিং এর সংগে কথাবার্ত্তা বলেছি, বিশেষ করে বীরেন্দ্র পাতিলের সংগে এবং পশ্চিমবংগ বিধানসভার পক্ষ থেকে প্রতিনিধি দল দিল্লীতে গিয়ে কথাবার্ত্তা বলেছেন। তাঁরা এই কথা বলেছেন যে এই রুগ্ন শিল্প কি করে সুস্থ করা যায় এবং আরও যাতে রুগ্ন হয়ে না পড়ে, তার জন্য তাঁরা একটা পরিকল্পনা করছেন। কিন্তু এখনও পর্য্যন্ত সেই পরিকল্পনা হয়নি। গত ১৫ দিন আগে আমি কেন্দ্রীয় শিল্প মন্ত্রীর সংগে এই ব্যাপারে কথা বলেছিলাম, তিনি বলেছেন এখনও তাঁদের পরিকল্পনা তৈরী হয়নি। রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা যে সমস্ত উদ্যোগ নিচ্ছি, যে সব রুগ্ন শিল্প আমরা অধিগ্রহন করছি, সেইগুলোকে আমরা জাতীয় করণ করতে চাই।

[1-30–1-40 P.M.]

তবে অধিগ্রহন করবার সময়ে দায়-দায়িত্ব সম্বন্ধেও চিন্তা ভাবনা করতে হয়। দায়-দায়িত্বের জন্যই এগুলি আটকে রয়েছে, তা নাহলে এই বিধানসভার অধিবেশনেই আমরা আরো কয়েকটি কারখানা জাতীয়করণ করতাম। তবে যে সব কারণে কারখানা বন্ধ হয়ে যায় সে সব কারণ বা সমস্যা গুলির সমাধানের জন্য আমরা চেষ্টা করছি। কাঁচা মালের অভাবে বহু কারখানা বন্ধ হয়, কাঁচা মাল ঠিক মত যাতে পাওয়া যায় তার জন্য আমরা ব্যবস্থা করছি। যেখানে কারখানা বন্ধ হয়ে যাওয়ার জন্য কেন্দ্র দায়ী সেখানে আমরা কেন্দ্রের উপর চাপ দিচ্ছি। যেমন অর্ডারের অভাবে ওয়াগন শিল্প এবং তার বহু এ্যানসিলারি শিল্প বন্ধ হতে চলেছে, যাতে অর্ডার পাওয়া যায় তার জন্য চেষ্টা করছি। যেখানে পরিচালন ব্যবস্থার ক্রটির জন্য শিল্প বন্ধ হচ্ছে সেখানে আমরা ক্রটি দূর করে তাকে উন্নত করার জন্য বলছি, আধুনিকীকরনের দিকে লক্ষ্য রাখার জন্য বলছি এবং সব চেয়ে যেটা বড় কথা, অনেক কারখানা রুগ্নতা দূর করা সম্ভব হয় যদি ইন্ডাষ্ট্রিয়াল রিকনসট্রাকসন ব্যাঙ্ক-ভারত সরকারের সংস্থা- এবং ব্যাঙ্ক ও অন্যান্য অর্থ লগ্নী সংস্থার কাছ থেকে ঠিক মত সাহায্য পাওয়া যায় যদি প্রয়োজন মত তাঁরা টাকা দেন তাহলে এই সমস্যাকে অনেক পরিমানেই প্রতিরোধ করা সম্ভব। কিন্তু তাঁরা ঠিক মত টাকা দেন না। যখন এই বিধানসভা থেকে একটি সর্বদলীয় প্রতিনিধি দল কেন্দ্রীয় অর্থমন্ত্রীর সংগে দেখা করতে গিয়েছিলেন তখন তাঁরা এই অভিযোগ তাঁর কাছে রেখেছিলেন, তাঁরা বলেছিলেন, আই,আর,বি,আই, যদি ঠিক মত কাজ করে, ব্যাঙ্ক এবং ফিনানসিয়াল ইনসটিটিউসনসগুলি ঠিক মত কাজ করে তাহলে রুগ্নতা অনেকটাই দূর হয়। কেন্দ্রীয় অর্থমন্ত্রী আমাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, এটা তিনি দেখবেন। কিন্তু এখনো পর্যন্ত তিনি এ বিষয়ে কিছু করেছেন বলে আমরা জানি না।

শ্রী অশোক ঘোষ ঃ- মাননীয় শিল্পমন্ত্রী, আপনি ১৯৮০ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত বন্ধ কারখানার যে পরিসংখ্যানটি দিলেন, সেই পরিপ্রেক্ষিতে আপনার কাছে জানতে চাইছি, এর ফলে মোট কত শ্রমিক বেকার হয়ে গিয়েছেন?

শ্রী নির্মল কুমার বোস ঃ- এটা জানতে হলে, আলাদা নোটিশ দিতে হবে।

শ্রী কমল সরকার ঃ- মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন কাঁচা মালের অভাবে শিল্প রুগ্ন হচ্ছে,বন্ধ হচ্ছে। এটা কি পশ্চিমবংগ সরকার ভাল করে যাচাই করে দেখেছেন? কারণ আমরা জানি বহু ক্ষেত্রে ম্যানেজমেন্টের নিজেদের মধ্যে ঝগড়া এবং অতি মুনাফার লোভের জন্য কারখানা বন্ধ হচ্ছে। যেমন জুট শিল্পের ক্ষেত্রে আমরা দেখছি কাঁচা মালের কোনো অভাব নেই, অথচ ইদানিং মালিকরা মিল চালাচ্ছে না, ম্যানেজমেণ্ট চালাতে চাইছে না এবং তার দ্বারা বাজারে পাটের দাম কমিয়ে দিতে চাইছে। এ জিনিষ কি আপনি লক্ষ্য করেছেন।

শ্রী নির্মল কুমার বোস ঃ- আমি ইতিপূর্বে যে কারণ গুলি উল্লেখ করেছি তার মধ্যে পরিচালন ক্ষেত্রের ক্রটি, দুর্নীতি এবং অব্যবস্থার কথা আমি বলেছি। সেই সংগে বহু ক্ষেত্রে কাচা মালের অসুবিধাও আছে, যেমন তুলোর ক্ষেত্রে। আমাদের রাজ্যে তুলো হয় না, এ বিষয়ে ফ্রেট ইকুয়ালাইজেসনের ব্যাপারে আমরা বহুবার দাবী জানিয়েছি। আমাদের লোহা এবং কয়লা সারা ভারতবর্ষে একই দামে বিক্রি হচ্ছে, অথচ মহারাষ্ট্রের তুলো পশ্চিম বাংলায় আনতে গেলে বেশী দাম দিতে হচ্ছে। এ্যালকোহলের ক্ষেত্রেও তাই হচ্ছে, কাঁচা মালের অভাবে ইনডাসট্রিয়াল এ্যালকোহলের অভাবে কেমিক্যাল ইনডাসট্রিয়াল [illegible] ইনডাসট্রি মার খাচ্ছে, এ গুলি আমাদের অন্য রাজ্য থেকে আনতে হয়। গ্যাসও আমাদের অন্য রাজ্য থেকে আনতে হয়, আমরা ঠিক মত পাচ্ছি না, বেশী দাম দিয়ে কিনতে হচ্ছে। সুতরাং এই সব জিনিসের অভাব আছে।

অসেচ এলাকা ঃ

*১১৪ (অনুমোদিত প্রশ্ন নং *৬৪।) **শ্রীরামপদ মান্ডি ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি,পশ্চিমবঙ্গের যেসমস্ত ব্লকে সেচের কোন সুযোগ নাই সেই সমস্ত ব্লকগুলিকে অসেচ এলাকা হিসাবে ঘোষণা করার কোন ব্যবস্থা সরকারের আছে কি?

শ্রী ননী ভট্টাচার্য্যঃ-না।

বর্তমানে প্রচলিত সেচ সংক্রান্ত আইন অনুযায়ী শুধুমাত্র সেচ-ঘোষিত এলাকা ঘোষণা করার ব্যবস্থা আছে।

শ্রী রামপদ মান্ডি ঃ - মাননীয় মন্ত্রী মহাশয় জানেবেন কি, যে ব্লকগুলিকে সেচ সেবিত এলাকা বলে ঘোষণা করা হচ্ছে সে গুলি কি কি সেচের উপর ভিত্তি করে করা হচ্ছে ?

শ্রী ননী ভট্টাচার্য ঃ - যেখানে কোনো না কোনো ফসলেই জল দেবার ব্যবস্থা আছে সেখানকেই সেচ সেবিত এলাকা হিসেবে ঘোষনা করা হয়। খারিফের সময়ে যদি কোথাও সেচ দেওয়া হয়, বা রবির সময়ে যদি সেচ দেওয়া হয় বা সামার সিজিনে যদি সেচ দেওয়া হয় তাহলেই সেই এলাকাকে সেচ সেবিত এলাকা বলা হয়। বা

যে সমস্ত এলাকা গুলি জল পেতে পারে সে সমস্ত এলাকা গুলিকেই সেচ এলাকা বলে ঘোষনা করা হয়। সেটা খারিফ সেসনে পেতে পারে, রবি সেসনে পেতে পারে বা বোরো সেসনেও পেতে পারে।

শ্রী কাশী নাথ মিশ্র :- মাননীয় মন্ত্রী মহাশয় জানাইবেন কি, অসেচ এলাকা এবং কমান্ড এলাকা বলে ঘোষনা করা হয়ে আছে অথচ সেখান থেকে সেচকর আদায় করা হচ্ছে। এটা পরিবর্তেনের জন্য কোন চিন্তা-ভাবনা করছেন কি ?

শ্রী ননী ভট্টাচার্য্য :- সে সম্বন্ধে ঘোষনা পরিবর্তন হতে পারে। কমান্ড এলাকার বিশেষ অংশে জলসেচ যদি না করা হয়ে থাকে এবং সেটা যদি ক্রমাগত ব্যাপার ঘটতে থাকে তাহলে ঘোষনার পরিবর্তন ঐ আইন অনুসারে অর্থাৎ যে আইন অনুসারে ঘোষনা করা হয়েছিল সেই আইন অনুসারে ঘোষনার পরিবর্তন করা যেতে পারে অর্থাৎ পরিবর্তিত ঘোষনা হতে পারে। কিন্তু এই ধরনের অভিযোগ পেয়েছি বলে মনে হয়না।

শ্রী উপেন্দ্র কিস্কু :- মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, অনেক ব্লক্তে হয়তো ৪/৫ টি অঞ্চলে জল পায়, আবার কোন অঞ্চলের দুটি মৌজার জল পায় কিন্তু পুরো এলাকাটা সেচ এলকা বলে ঘোষনা করা আছে । এক্ষেত্রে চাষীদের অসুবিধা হচ্ছে। এটার পরিবর্তন করার জন্য কোন চিন্তা-ভাবনা করছেন কি ?

শ্রী ননী ভট্টাচার্য্য :- ঘোষনা করে পরিবর্তন করা যায়। কেউ যদি জল না পায় তাহলে তা জানানোর ব্যবস্থা আছে। আইনে আছে তার সেস এ্যাসেসমেন্ট থেকে বাদ দেওয়া হয়। আইন অনুসারে যেটা জানানোর ব্যাপার আছে এই জানানোর ব্যাপারে নানা অসুবিধা হয়। যেমন, গোটা আইনের অবস্থাটা না জানার দরুন হয় আবার তাড়াতাড়ি সংশ্লিষ্ট দপ্তরকে যেটা খবর দেওয়া দরকার তা দিতে পারে না। তারফলে সবপক্ষেরই অসুবিধা হয়। এছাড়া খবর দেওয়া যেমন আইনে আছে তেমনি এনকোয়ারী করার ব্যাপার আছে। যদি দেখা যায় সত্যিই জল পায়নি তাহলে সেখানে জলকর যে আদায় করা হয় সেটা মুকুব করা হয়।

শ্রী কামাক্ষা চরণ ঘোষ :- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এইরকম অনেক জায়গায় ক্যানেল খোঁড়া হয়েছে এবং এরজন্য কৃষকদের জমিও নেওয়া হয়েছে। ক্যানেলের মাটি উঁচু হয়ে আছে । ২০ বছর ধরে এই ক্যানেল দিয়ে জল আসে না, ফলে কৃষকেরা জল পায়না। এই অবস্থায় ক্যানেলটি বন্ধ করে দিলে চাষীরা উপকৃত হতে পারে। আপনি সেইরকম কোন ব্যবস্থা নেবেন কি ?

শ্রী ননী ভট্টাচার্য্য :- মাননীয় সদস্য যদি স্পেসিফিক জায়গাগুলির নাম বলেন তাহলে উত্তর দেওয়ার সুবিধা হয়।

শ্রী তারাপদ সাধুখাঁ :- মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, সিঙ্গুর দক্ষিন সরস্বতী ২০ বছর ধরে বন্ধ হয়ে আছে, তা থেকে জল সরবরাহ হয়না। কিন্তু গোটা এলাকাটা সেচ এলাকা। এদিকে ৩ গুন খাজনা আদায় করার জন্য পুলিশ দিয়ে জুলুম চলছে। এর কি কোন রিমেডি আছে?

শ্রী ননী ভট্টাচার্য্য :- নোটিশ দিলে জবাব দেব।

তন্তুশ্রীর চেয়ারম্যান কর্তৃক ব্যবহৃত গাড়ি :

*১১৫ (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৬।) **শ্রীসোমেন্দ্রনাথ মিত্র :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি- (ক) ১৯৭৮ সালের জানুয়ারী মাস হইতে ১৯৮৫ সালের জুলাই মাস পর্য্যন্ত সময়ে "তন্তুশ্রী"র বর্তমান চেয়ারম্যানের জন্য নির্ধারিত গাড়ির ড্রাইভারের বেতন ও তেল বাবদ ঐ প্রতিষ্ঠানের কত খরচ হয়েছে।(খ) উক্ত সময়ে ড্রাইভারের ওভারটাইম বাবদ কত খরচ হয়েছে এবং (গ) উক্ত গাড়ি দৈনিক গড়ে কতক্ষণ ব্যবহৃত হয়?

শ্রী প্রলয় তালকদার:-(ক) ১৯৭৮ সালের জানুয়ারী হইতে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত বর্তমান চেয়ারম্যানের জন্য কোন নির্দিষ্ট গাড়ী ধার্য্য ছিল না। কাজেই চেয়ারম্যানের জন্য নির্দ্ধারিত গাড়ীর ড্রাইভারের ঐ সময়ে বেতন ও তেল বাবদ পৃথক খরচের প্রশ্ন ওঠে না।

(খ) এই প্রশ্ন ওঠে না।

(গ) এই প্রশ্ন ওঠে না।

[1-40-1-50 P. M.]

শ্রী আবদুল মান্নান :- মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সত্যকে এড়িয়ে গেলেন 'নির্দিষ্ট গাড়ী নেই' বলে। তিনি এম.এল.এ হোস্টেলে থাকেন। আমরা একটা জিনিস দেখি যে, তিনি যে গাড়ীটা ব্যবহার করেন, সেটা নিয়ে বার বার সেখানে আসেন। কাজেই কোন কোন গাড়ী চেয়ারমান মহাশয় ব্যবহার করেন জানাবেন কি ?

শ্রী প্রলয় তালুকদার :- নোটিশ দেবেন, পরে বলে দেবো।

শ্রী আবদুল মান্নান :- চেয়ারমান যে গাড়ীগুলি ব্যবহার করেন, সেগুলো কি সব সময়ের জন্য ব্যবহার করেন, না কি পার্শিয়াল সময়ের জন্য।

শ্রী প্রলয় তালুকদার :- এই প্রশ্ন আসেনা ।

শ্রী অরুণ গোস্বামী :- ওঁকে যে সরকারী গাড়ী ব্যবহার করতে দেওয়া হয়, তার জন্য কি কোন নির্দেশ আছে?

শ্রী প্রলয় তালুকদার :- না। আমি আগেই বলেছি যে চেয়ারম্যানের জন্য কোন নির্ধারিত গাড়ী নেই । তবে তিনি একটি কর্পোরেশনের চেয়ারম্যান। তিনি যখন কোথায়ও যান, ঐ কর্পোরেশনের গাড়ী নেন।

ফরাক্কা হইতে জলঙ্গী পর্যন্ত পদ্মানদীর ভাঙ্গন :

*১২০ (অনুমোদিত প্রশ্ন নং *৫০০।) **শ্রী আতাহার রহমান :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূবক জানাইবেন কি - (ক) মুর্শিদাবাদ জেলার ফরাক্কা হইতে জলঙ্গী পর্যন্ত পদ্মার ভাঙ্গনের ভয়াবহতা সম্পর্কে সরকার অবহিত আছেন কিনা (খ) অবহিত থাকিলে ,উক্ত ভাঙ্গন রোধের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা এবং (গ) থাকিলে, কোন্ সাল নাগাদ তাহা বাস্তবায়িত হইবে বলিয়া আশা করা যায়?

শ্রী ননী ভট্টাচার্য্য :- (ক) হ্যাঁ

(খ) রাজ্য সরকার তার সীমিত আর্থিক ক্ষমতায় সাধ্যমত গুরুত্বপূর্ণ কিছু গ্রামে ভাঙ্গন প্রতিরোধের কাজ করেছেন। কিছু অংশে ভাঙ্গন রোধের কাজ ফারাক্কা ব্যরেজ কর্তৃপক্ষ করেছেন, কয়েকটি জায়গায় তাঁরা পরিকল্পনা করেছেন, কিন্তু কাজ এখনও আরম্ভ হয়নি। রাজ্য সরকার কিছু পরিকল্পনার কাজ করেছেন এবং আরও কয়েকটি কাজ করা হবে। মোটামুটিভাবে প্রতিবছর এক থেকে দেড় কোটি টাকার মূল্যের ভাঙ্গন প্রতিরোধের কাজ এই সরকার করে আসছেন। গঙ্গার এই ভাঙ্গন প্রতিরোধের কাজ শুধুমাত্র রাজ্য সরকারেরর আর্থিক ক্ষমতার সাধ্যাতীত। এ বিষয়ে কেন্দ্রের সাহায্য চাওয়া হয়েছে।

(গ) ফারাক্কা ব্যারেজের নীচে ধূলিয়ান হইতে জলঙ্গী পর্যন্ত গঙ্গা নদী আন্তর্জাতিক সীমারেখা দিয়া প্রবাহিত। গঙ্গার দক্ষিন পাড় ধরিয়া বহুদিন যাবৎ যে ভাঙ্গন চলিয়াছে তাহার ফলে ভারতীয় এলাকাভুক্ত সীমান্ত এলাকার বিপুল স্থলভাগ চিরকালের মত ক্ষতি হইয়া যাইতেছে। এদেশের আভ্যন্তরীন নদীগুলির ভাঙ্গনের সঙ্গে গঙ্গার ভাঙ্গনের মূল পার্থক্যের কথা মনে রেখে এই বিষয়টি আমরা কেন্দ্রীয় সরকারের দৃষ্টিগোচর করিয়াছি এবং এইরূপ আন্তর্জাতিক সীমানাবদ্ধ নদীর ভাঙ্গন প্রতিরোধের কাজে কেন্দ্রীয় সরকারের সক্রিয় ভাবে অংশগ্রহন করিবার জন্য অনুরোধ করিয়াছি। এই বিষয়ে আমি সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আলোচনা করিয়াছি। গঙ্গা বন্যা নিয়ন্ত্রন বোর্ডের মিটিংএ সম্প্রতি ইহা লইয়া আলোচনা হইয়াছে। যেহেতু কেন্দ্রীয় সরকারেরর নিকট হইতে এই সম্পর্কে এখনও যথোপযুক্ত সাড়া পাওয়া যায় নাই, সেইজন্য ভাঙ্গন রোধের পূর্ন কাজ কবে বাস্তবায়িত হইবে তাহা এখনই বলা সম্ভবপর নয়।

শ্রী আতাহার রহমান :- মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি - ঐ ভাঙ্গনের ফলে আজকে ব্যাপক ক্ষতি হচ্ছে। স্কুল, হাসপাতাল, ঘর-বাড়ী এবং প্রচুর জমি নদী গর্ভে বিলিন হয়ে গেছে এবং শেষ পর্যন্ত জলঙ্গী থানা এবং রাণীনগর থানার একমাত্র সংযোগকারী স্টেট হাই ওয়েও ভাঙ্গনের মুখে। আজকে ঐ ভাঙ্গন রোধ করবার জন্য সাময়িকভাবে কি ব্যবস্থা গ্রহন করেছেন ?

শ্রী ননী ভট্টাচার্য্য :- এতো স্পেসিফিক প্রশ্ন করলে নোটিশ দিতে হবে। সাধারণ ভাবে উত্তর দিতে গেলে বলতে হয় যে এই কথা ঠিক যে জলঙ্গী থেকে রানীনগর পর্যন্ত ভেঙ্গেছে এবং ভেঙ্গে চলেছে। এই বর্ষার মধ্যে এই ভাঙ্গন প্রতিরোধ করা সম্ভব নয়। প্যালিয়েটিভ মেজার কিছু কিছু নেওয়া হয়েছে, তবে এটা করে কিছু হচ্ছে না।

শ্রী আতাহার রহমান :- এই ভাঙ্গনের সংবাদ পেয়ে আপনি একজন অফিসারকে পাঠিয়ে ছিলেন ব্যাপারটা দেখার জন্য। এটা কি আপনার জানা আছে যে, তিনি এসে রিপোর্ট দিয়েছিলেন যে স্টেট হাই ওয়ে এবং স্কুল বিল্ডিং ভাঙ্গনের মুখে পড়ে নি, গঙ্গা থেকে অনেক দূরে রয়েছে?

শ্রী ননী ভট্টাচার্য্য :- এই রকম খবর আমি জানি না। জেলা পরিষদের তরফ থেকে এই ব্যাপারে একটা স্কীম তৈরী করতে বলা হয়েছিল একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে। যথারীতি তিনি সেটা জমা দেন।

Dr. Zainal Abedin :- Will the Minister-in-charge of Irrigation and Water-Ways Department be pleased to state as to whether the anti-pollution scheme of the Ganges has been included in the anti-erosion schme? A large sum of money is allotted for anti-erosion scheme. It is also found from the statement that anti-pollution scheme will be allowed for implementation.

শ্রী ননী ভট্টাচার্য্য :- এই সম্বন্ধে কেন্দ্রের তরফ থেকে কোন কিছু খবর পাই নি। গঙ্গার ক্ষেত্রে এ্যান্টি পলিউসান স্কীমের সঙ্গে এ্যান্টি ইরোসান স্কীম অন্তর্ভুক্ত হবে এই রকম কিছু আমরা পাইনি।

শ্রী শীশ মহম্মদ :- মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ফারাক্কা ব্যারেজ কিছু কিছু কাজ করেছে। কিন্তু আমি মনে করি এই ফারাক্কা ব্যারেজ তৈরী হবার পর থেকে গঙ্গার ভাঙ্গন খুব বেশী হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ভাঙ্গন প্রতিরোধ করা হচ্ছে। কিন্তু ভারতবর্ষের পারমানেন্ট এরিয়া পদ্মা গর্ভে চলে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন যে, আপনার দপ্তর এই ভাঙ্গন প্রতিরোধের ব্যাপারে সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকারকে যে বলেছেন এই সম্বন্ধে কেন্দ্রীয় সরকার কোন এ্যাফারমেটিভ উত্তর দিয়েছেন কি ? ১৯৮৪-৮৫ সালের জন্য এই ভাঙ্গন প্রতিরোধ খাতে কত অর্থ সাহায্য করেছেন ?

শ্রী ননী ভট্টাচার্য্য :- ফারাক্কা কর্তৃপক্ষের তরফ থেকে গঙ্গা ভাঙ্গন প্রতিরোধের যে সমস্ত কাজকর্ম হয়েছে এটা বাদ দিলে আর কোন সাহায্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসে নি। আমরা যে সাহায্য পেয়েছি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেটা ফারাক্কা কর্তৃপক্ষের মাধ্যমে। ইতিমধ্যে ১৮ কোটি টাকার স্কীম তৈরী করা হয়েছিল। এখনও পর্যন্ত সেই কাজ ধরা হয়নি। আমরা আশা করছি নভেম্বর মাসের শেষে কাজ আরম্ভ করবো। এই বছর আমরা ইউনিয়ান ইরিগেসান মিনিষ্ট্রির কাছে অনুরোধ করি এই ব্যাপারটা দেখার জন্য। পিতম সিং তে ১৯৮ কোটি টাকার একটা এসটিমেটস দিই। অমরা বলি এই ব্যাপারে কি করা যাবে। তখন ওঁরা বললেন এতো টাকা পয়সা হবে না। দু-একটি জায়গার কথা বলুন এবং স্কীম তৈরী করুন। যেখানে ন্যাশানাল হাই ওয়ে বা রেল লাইন, ট্রাক এফেকটেড হচ্ছে এই রকম জায়গা দেখে স্কীম তৈরী করুন। এই ভাবে দেখে আমরা ১১ কোটি ৬৪ লক্ষ টাকার স্কীম তৈরী করে দিয়েছি। সাঁকোপাড়া, পরানপুর, বাজিতপুর, এবং দুর্গাপুর এই এলাকার ভাঙ্গন রোধের জন্য স্কীম তৈরী করা হয়েছে। এখানে রেল লাইন এফেকটেড হচ্ছে, ন্যাশানাল হাই ওয়ে এ্যাফেকটড হচ্ছে এটা আমরা জানিয়ে দিয়েছি। ওনারা এই সমস্ত ভাঙ্গন রোধের ব্যাপারে ২ কোটি টাকার বেশী দিতে পারবেন না।

[1-50-2-00 P. M.]

এই সব আমরা বলেছি এবং তা নিয়ে দরবার ও আলাপ-আলোচনা চলছে, এখনও পর্যন্ত চূড়ান্ত কোন সিদ্ধান্ত হয়নি। গঙ্গার ভাঙ্গন রোধকল্পে এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কোন সাহায্য পাওয়া যায় নি।

শ্রী জন্মীলাল মন্ডল :- ফারাক্কার উত্তর দিকে কালিয়াচক এবং মাণিকচক পর্যন্ত গঙ্গার ভাঙ্গন রোধের জন্য কোন ব্যবস্থা রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে নেওয়া হয়েছে কি?

শ্রী ননী ভট্টাচার্য্য :- ফারাক্কা ব্যারেজের উত্তরে যে ভাঙ্গন চলছে, তা রোধকল্পে কিছু পরিকল্পনা আমাদের আছে। কিছু কাজ রাজ্য সরকারের পক্ষ থেকে করা হয়েছে। এগুলি মাননীয় সদস্যদের জানার কথা। তবে যে পরিমাণ কাজ করা দরকার, যে ধরণের মজবুত কাজ করা দরকার, তা রাজ্য সরকারের আর্থিক সীমাবদ্ধতার জন্য সব সময়ে করা সম্ভবপর হয়ে ওঠে না। কেন্দ্রীয় সরকার এর মধ্যে কিছু কিছু কাজ করেছেন। ফারাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ ফারাক্কা ব্যারেজের নিরাপত্তার স্বার্থে কতকগুলি কাজ-বাঁধ মজবুত করার কাজ - করেছেন।

গোঘাটের দলকার জলা সংস্কার :

*১২৩ (অনুমোদিত প্রশ্ন নং *৫৩০।) **শ্রী শিবপ্রসাদ মালিক :** বিগত ৩রা মে,১৯৮৪ তারিখের প্রশ্ন নং ৩২৪ (অনুমোদিত প্রশ্ন নং ৪৩০)-এর উত্তর উল্লেখপূর্বক সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রপূর্বক জানাইবেন কি, গোঘাটের দলকার জলা সংস্কারের পরিকল্পনার কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

শ্রী ননী ভট্টাচার্য্য :- তথ্য সংগ্রহের কাজ এখনও চলছে।

শ্রী শিবপ্রসাদ মালিক :- ১৯৮২ সালের পর থেকে আপনি প্রত্যেক সভাতেই বলে আসছেন যে তথ্যানুসন্ধানের কাজ চলছে। তথ্যানু সন্ধানের এই কাজ কবে নাগাদ শেষ হবে বলবেন কি?

শ্রী ননী ভট্টাচার্য্য :- এটা বলা মুশকিল ব্যাপার। কারণ সবকিছুই প্রকৃতির উপর নির্ভর করছে। স্বাভাবিক বর্ষণমুক্ত বৎসরে ৩-৫ বছরের বর্ষাকালীন তথ্যাদি এরজন্য প্রয়োজন। এ পর্যন্ত ১৯৮৩ ও ১৯৮৪ সালের তথ্যাদি সংগৃহীত হয়েছে। কিন্তু১৯৮৪ সালে অতি বৃষ্টি ও বন্যাজনিত কারণে দলকার স্বাভাবিকতা বিঘ্নিত হয়। তাই এ পর্যন্ত মাত্র ১ বৎসরের, অর্থাৎ ১৯৮৩ সালের তথ্য পাওয়া গিয়েছে। এ থেকে প্রাথমিক ভাবে অনুমান করা যায়, কোন দলকার নকশা প্রনয়ণ সম্ভবপর নাও হতে পারে।

কৃষ্ণনগর শহরে জলঙ্গী নদীর ভাঙ্গন :

*১২৫ (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৪।) **শ্রী সাধন চট্টোপাধ্যায় :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি - (ক) নদীয়া জেলার কৃষ্ণনগর শহরে জলঙ্গী নদীর পাড় ভীষণভাবে ভাঙ্গছে এবং তাহার ফলে কুমারপাড়া,হালদারপাড়া প্রভৃতি এলাকার কয়েক শত অধিবাসী বিপদাপন্ন হয়ে পড়েছেন এই মর্মে সরকারের নিকট কোন তথ্য আছে কিনা এবং (খ) থাকলে উক্ত ভাঙ্গন রোধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

ননী ভট্টাচার্য্য :- (ক) কৃষ্ণনগর সহরে জলঙ্গী নদীর পাড় ভীষনভাবে ভাঙ্গনের দ্বারা আক্রান্ত হইয়াছে, এইরূপ কোনও তথ্য নাই। তবে কয়েকটি জায়গাতে pitching ক্ষতিগ্রস্ত হইয়াছে।

(খ) ক্ষতিগ্রস্ত জায়গাগুলির উপর সতর্ক দৃষ্টি রাখা হইয়াছে।

শ্রী সাধন চট্টোপাধ্যায় :- আপনি বললেন যে ভাঙ্গনের খবর আপনার কাছে নেই। ঐ এলাকার দুর্গত মানুষ যাঁরা ভাঙ্গনের জন্য অসুবিধার মধ্যে পড়েছেন, তাঁরা সরকারের কাছে বা জেলা শাসকের কাছে কোন গণদরখাস্ত করেছেন কিনা বলতে পারেন?

শ্রী ননী ভট্টাচার্য্য :- দরখাস্ত তাঁরা করে থাকতে পারেন, তবে আমার কাছে আসেনি।

শ্রী সাধন চট্টোপাধ্যায় :- এর আগে বিধানসভাতে বিভিন্ন সময়ে উল্লেখ করেছি যে জলঙ্গী নদীর দক্ষিণ পাড় ৩৪ নং জাতীয় সড়ক থেকে কদমতলা পর্যন্ত মাটির যে বাঁধ আছে ঘুর্ণীর কাছে, তা করিমপুর পর্যন্ত সম্প্রসারণ করার প্রয়োজন আছে। এটা করলে ভাঙ্গনের যে প্রশ্ন আছে তা রোধ করা যায়। এ বিষয়ে ভাল করে তদন্ত করবেন কি?

শ্রী ননী ভট্টাচার্য্য :- তদন্তের ব্যবস্থা করবো, আপনি আলাদাভাবে এটার নোটিশ পাঠালে ভালো হয়।

কাঁচড়াপাড়া হইতে হলদিয়া পর্যন্ত নদী ড্রেজিং :

*১২৭ (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৯।) **শ্রী সরল দেব :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জনাইবেন কি - (ক) ইহা কি সত্য যে,কাঁচড়াপাড়া ও দক্ষিণেশ্বর হইতে হলদিয়া পর্যন্ত চড়া পড়িয়াছে এবং মানুষ গঙ্গাবক্ষে বসতি স্থাপন করিতেছে এবং (খ) সত্য হইলে, উক্ত নদী ড্রেজিং-এর জন্য এবং নদীবক্ষে বসতি উৎখাতের জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিতেছেন কি?

শ্রী ননী ভট্টাচার্য্য :- (ক) শুখা মরশুমে ভাগীরথী - হুগলী নদীতে পর্যাপ্ত জলপ্রবাহ না থাকায় কিছু কিছু জায়গায় চড়া পড়িতেছে সত্য তবে নদীবক্ষে মনুষ্য বসবাসের কোনও তথ্য সেচ ও জলপথ দপ্তরে নেই।

(খ) (১) ড্রেজিং এর সাহায্যে নদীবক্ষ হইতে বালি অপসারণ ক্যালকাটা পোর্ট ট্রাস্ট মিনিষ্ট্রি অফ সিপিং গভর্ণমেন্ট অফ ইন্ডিয়া এর দায়িত্ব, কাজেই ড্রেজিং এর পরিকল্পনা কিছু থাকিলে উক্ত সংস্থাই সে বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করিতে পারিবেন, সেচ ও জলপথ বিভাগের পক্ষে সম্ভব নয়।

(২) যেহেতু প্রশ্নে উল্লিখিত নদীবক্ষে বসতির বিষয়ে সেচও জলপথ বিভাগ অবহিত নয় সেই কারণে বসতি উৎখাতের কোন পরিকল্পনা সরকারের পক্ষ হইতে গ্রহন করা হয় নাই।

শ্রী সরল দেব :- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কাঁচড়াপাড়ার খুব কাছে নদীবক্ষে চড়া পড়েছে এবং বহু বহু ঘরবাড়ী সেখানে সেচ্ছায় গড়ে উঠেছে সেই সম্বন্ধে আপনার দপ্তরের অফিসার আপনাকে কোন খবর দিয়েছেন কিনা এবং যদি না দিয়ে থাকেন তাহলে তার বিরুদ্ধে আপনি কি কোন ব্যবস্থা নেবেন?

শ্রী ননী ভট্টাচার্য্য :- দক্ষিণেশ্বর এবং কাঁচড়াপাড়ার মধ্যে স্যানাল চকের উত্তর দিকে কিছু লোকবসতি আছে।

শ্রী সরল দেব :- কাঁচড়াপাড়া গঙ্গা বক্ষে চড়া পড়েছে তারফলে হালিশহরে গঙ্গা বক্ষে নদীর চরে লোকবসতি হয়েছে, তাদের উৎখাত করার জন্য কি কোন ব্যবস্থা নিয়েছেন?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- সেইরকম লোকবসতির কোন খবর নেই, হালিশহরেরগঙ্গা বক্ষে সান্যাল চরে লোকবসতির কোন খবর আমার কাছে নেই, এবং যদি থাকে তাহলে অনুসন্ধান করে দেখবো।

শ্রী জগদীশ দাস ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, হালিশহরের গঙ্গা বক্ষে যে চর পড়েছে তাতে নিয়মিতভাবে চাষবাস হচ্ছে সেই সম্পর্কে আপনার দপ্তর কোন খবর রাখে কিনা এবং চাষবাস করার সময়ে লোকেরাও বসবাস করে থাকে সেই সম্পর্কে কোন খবর রাখেন কিনা?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- সেইরকম স্পেসিফিক কোন খবর নেই, তবে আমি খোঁজ নেবো।

শ্রী বিমল কান্তি বোস ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ড্রেজিংয়ের দায়িত্ব পোর্ট ট্রাস্টের উপর আছে, আমার প্রশ্ন হচ্ছে আমাদের সরকারের পক্ষ থেকে পোর্ট ট্রাস্টের কাছে ড্রেজিং সম্পর্কে কোন লেখাপড়া হয়েছে কিনা? এর সঙ্গে ইরিগেশানের একটা সম্পর্ক আছে।

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- ড্রেজিং করার পদ্ধতি অবলম্বন করা রাজ্যসরকারের পক্ষে অত্যন্ত ব্যয়সাধ্য ব্যাপার, এই অর্থ সংকটের মধ্যে এটা করা সম্ভব নয়।

শ্রী বিমল কান্তি বোস ঃ- পোর্ট ট্রাস্টের কাছে লেখা হয়েছে কিনা?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- এই হালিশহর সংক্রান্ত লেখা হয় নি, অন্য শহর সংক্রান্ত লেখা হয়েছে।

শ্রী সুভাষ বসু ঃ- সান্যাল চরের অপজিটে যে বিরাট চর পড়েছে সেই চর না কাটলে সান্যাল চরকে বাঁচান যাবে না। আপনার দপ্তর মারফৎ পোর্ট ট্রাস্টের কাছে বলুন যে ড্রেজিং দিয়ে ওই বালির চর কেটে দেওয়ার জন্য, তা না হলে অতোবড় গ্রাম শেষ হয়ে যাবে, বিরাট হাই স্কুল ভেঙে যাবে, একদিকে লাইব্রেরী তো ভেঙ্গে চলে গেছে, বহু টাকা খরচ করে এই স্কুলটি তৈরী হয়েছিল এটি যদি ভেঙ্গে যায় তাহলে খুব ক্ষতি হবে। সেখানে পঞ্চায়েত ভবন আছে, এটি বহু টাকা খরচ করে তৈরী করা হয়েছিল, আপনি আপনার দপ্তরের অফিসার পাঠিয়ে অনুসন্ধান করুন এবং করার পরে ড্রেজে দিয়ে সমস্ত বালি তোলার ব্যবস্থা করুন, এখানে কোন চাষবাস হচ্ছে না, আপনি এই বিষয়ে যদি দায়িত্ব নেন তাহলে বিরাট গ্রামটি রক্ষা করা সম্ভব হবে, আপনার দপ্তর থেকে কি ব্যবস্থা নিচ্ছেন জানাবেন কি?

শ্রী ননী ভট্টাচার্য্য ঃ- সান্যাল চর এলাকায় আমি অবস্থা দেখবার জন্য উইথ এ টিম অফ ইঞ্জিনিয়ার্স গিয়েছিলাম। পরবর্তীকালে এ নিয়ে আমাদের আলোচনা হয়। কিন্তু খাল কাটার ব্যাপারে অনেক অনুসন্ধানের প্রয়োজন আছে মনে করি।

Starred Questions
(to which answers were laid on the table)

বর্তমান খারিফ মরসুমে রামপুরহাট থানা এলাকায় সেচের জল সরবরাহে বিলম্ব

*১৯৯ (অনুমোদিত প্রশ্ন নং *৬৬।) **শ্রীশশাঙ্কশেখর মন্ডল ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন,-১) বর্তমান খরিফ মরসুমে বীরভূম জেলার রামপুরহাট থানা অঞ্চলে ময়ূরাক্ষী প্রকল্প হইতে সেচের জল দিতে বিলম্ব ঘটেছিল, ও ২) উক্ত এলাকায় কিছু চাষী সেচ-জল বাহিত খালের পাড় কাটিয়া জল নিজ জমিতে লইয়া যাইবার ফলে শাখা খালগুলি হইতে জল প্রবাহিত না হওয়ায় জল খালের শেষ অংশে (টেল্ এ্যান্ড) গিয়া পৌঁছায় নাই ও ফলে বহু চাষী সেচের জল হইতে বঞ্চিত হন এবং

(খ) অবহিত থাকিলে এই ব্যাপারে পাইকারী জরিমানা ধার্য করিবার বিষয় সরকার চিন্তা করিতেছেন কি?

Minister-in-charge for the Irrigation and Waterways Deptt:-

(ক) ১) সংশ্লিষ্ট এলাকায় সেচের জল দিতে বিলম্ব ঘটে নাই। ১৯৮৩ ও ১৯৮৪ সালের তুলনায় আগেই দেওয়া হইয়াছে।১৯৮৩ সালে ২৮শে জুলাই,১৯৮৪ সালে ৭ই অগাস্ট তারিখ হইতে জল দেওয়া হইয়াছিল-১৯৮৫ সালে ১৬ই জুলাই তারিখ থেকে জল দেওয়া হইয়াছে।

২) খালের পাড় কাটার ঘটনাটি সত্য; কিন্তু সময়মত প্রয়োজনীয় মেরামতি করার ফলে সেচের জল খালের শেষ অংশে যথাসময়ে পৌঁছায় এবং সমস্ত জমি আবাদ হয়।

(খ) না।

রবীন্দ্রনাথের ১২৫তম জন্মবার্ষিকী পালন

*২০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** তথ্য ও সংস্কৃতি মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার ও বিশ্বভারতী যৌথভাবে আগামী বছর বিশ্বকবি রবীন্দ্রনাথের ১২৫তম জন্মবার্ষিকী পালন করার ব্যবস্থা গ্রহণ করেছেন।

(খ) সত্য হলে উক্ত জন্মবার্ষিকী অনুষ্ঠানের জন্য যৌথভাবে কি কি কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

(গ) জেলাগুলিতে রবীন্দ্র হল বা ভবনগুলির দূরাবস্থা দূর করবার জন্য উক্ত যৌথ কমিটির কোন ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব আছে কিনা,

(ঘ) জেলার অর্ধসমাপ্ত ও প্রস্তাবিত রবীন্দ্রভবনগুলি উক্ত ১২৫তম জন্মবার্ষিকী অনুষ্ঠানের সময় সম্পন্ন হবে কিনা এবং (ঙ)

বাঁকুড়া জেলার রবীন্দ্রভবনটি সংস্কার করার জন্য যে প্রস্তাব ছিল তা কার্যকরী না হবার কারণ কি?

Minister of state in-charge for the Information and cultural Affairs deptt :-

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) বেসরকারী উদ্যোগে নির্মীয়মান রবীন্দ্র ভবনগুলির নির্মাণ কার্য উক্ত সময়ের মধ্যে সম্পন্ন হবে কিনা - বেসরকারী কর্তৃপক্ষ বলতে পারবেন। সরকারী উদ্যোগে কোন রবীন্দ্র ভবনের নির্মাণকার্য অর্ধ সমাপ্ত নেই। সরকারী উদ্যোগে একটি রবীন্দ্রভবনের নির্মাণকার্য শুরু হওয়ার পথে। কাজেই ১২৫তম জন্মবার্ষিকী অনুষ্ঠানের সময় প্রস্তাবিত ভবনটির নির্মাণকার্য সম্পন্ন হওয়ার সম্ভাবনা নেই।

(ঙ) ভবন সংস্কারের কাজ হাতে নেওয়া হয়েছে।

পুরুলিয়া জেলায় নিউজপ্রিন্ট কারখানা স্থাপন কারখানা

*২০১ (অনুমোদিত প্রশ্ন নং *২২৯।) **শ্রীসুধাংশুশেখর মাঝি ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় নিউজপ্রিন্ট (Newsprint) কারখানা স্থাপনের কোন পরিকল্পনা সরকারেরর আছে কিনা; এবং

(খ) থাকিলে কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

Minister-in-charge for the Commerce and Industries Deptt :-

(ক) নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

সুন্দরবন উন্নয়ন পর্ষদের ব্লক-ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা

* ২০৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৫।) **শ্রীসুভাষ নস্কর ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবনের উন্নতির জন্য সুন্দরবন উন্নয়ন পর্ষদের ব্লক-ভিত্তিক কোন উন্নয়ন পরিকল্পনা (প্ল্যান)আছে কি এবং

(খ)থাকিলে-(১) কোন্ কোন্ ব্লকে উক্ত কাজ হইতেছে, ও (২) কি কি কাজ হইতেছে?

Minister-in-charge for the Development and planning (Sundarban areas) deptt :-

(ক) না। সুন্দরবনের উন্নতির জন্য ঐ ধরণের কোন ব্লক ভিত্তিক পরিকল্পনা সুন্দরবন উন্নয়ন পর্ষদের নাই।

(খ) ১। প্রশ্ন উঠে না।

হুগলী জেলা পরিষদের জীপ গাড়ি ঃ-

*২০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৮।) **শ্রীশান্তিরাম মাহাতো** এবং **শ্রীআব্দুল মান্নান ঃ** পঞ্চায়েত ও সমষ্টিউন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলা পরিষদের নিজস্ব জীপ গাড়ি (ডব্লু জী কে ৪৯০)-টি কতদিন যাবৎ অচল হয়ে পড়ে আছে

(খ) ঐ গাড়ির ড্রাইভারকে বেতন দেওয়া হচ্ছে কিনা

(গ) ইহা কি সত্য যে বর্তমানে উক্ত জেলা পরিষদ কর্তৃক ডব্লু এম এ ৫৮৩৮ ও ডব্লু এম এ ৩৩৬৬ গাড়ি দুটি ভাড়া নেওয়া হয়েছে এবং

(ঘ) সত্য হলে, উক্ত গাড়ি দুটি ভাড়া নেওয়ার পর থেকে এ পর্যন্ত ভাড়া বাবদ কত টাকা খরচ হয়েছে ?

Minister-in-charge for the panchayat and Community development deptt :-

(ক) জীপ গাড়ীটি ৭.৯.৮২ তারিখ থেকে মেরামতের অযোগ্য অবস্থায় অচল হয়ে পড়ে আছে।

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ।

(ঘ) জুলাই ৮৫ পর্যন্ত - W.M.A 5838 - W.M.A 3366 গাড়ী দুইটির ভাড়া বাবদ যথাক্রমে ২৪,৬২৬ টাকা ও ২৫,৯৯১ টাকা খরচ হয়েছে।

অনাবাসিক ভারতীয় কর্তৃক রাজ্যে শিল্পস্থাপনে অর্থ লগ্নী ঃ-

*২০৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৫।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে অনাবাসিক ভারতীয়রা এ রাজ্যে আধুনিক শিল্পস্থাপনে অর্থ লগ্নী করতে আগ্রহী।

(খ) হয়ে থাকলে, মাননীয় মুখ্যমন্ত্রীর ইউরোপ সফরকালে সেখানে বসবাসকারী ভারতীয়দের সঙ্গে এ সম্পর্কে কোন কথাবার্তা হয়েছে কিনা এবং

(গ) হয়ে থাকলে, তার ফলাফল কি ?

Minister-in-cherge for the Commerce and Industries deptt :-

(ক) হ্যাঁ

(খ) হ্যাঁ

(গ) মুখ্যমন্ত্রীর ইউরোপ ও আমেরিকা সফরের পরে মোট ১৮ জন অনাবাসীকে ভারতীয় পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগমের সহিত নতুন শিল্প স্থাপনের জন্য যোগাযোগ করেন। ২ জন অনাবাসীকে প্রকল্প ঐ নিগম ইতিমধ্যেই মঞ্জুর করিয়াছে। তাহারা যথাক্রমে Computor Soft Ware এবং Sorbitol প্রস্তুত করিবেন।

বাংলা চলচ্চিত্রের সংকট :-

*২০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮০।) **শ্রীঅশোক ঘোষ :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাংলা চলচ্চিত্রের বর্তমান সংকট সম্পর্কে সরকার অবহিত আছেন কিনা এবং

(খ) অবহিত থাকলে উক্ত বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

Minister of state in charge for the Information and cultural Affair Deptt :-

(ক) হ্যাঁ

(খ) উক্ত বিষয়ে সরকার বাংলা চলচ্চিত্র শিল্পের উন্নতির জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহন করেছেন যথা :-

(১) নিজস্ব প্রয়োজনায় কাহিনীচিত্র নির্মাণ।

(২) বেসরকারী প্রযোজকদের কাহিনীচিত্র নির্মাণের জন্য অনুদান প্রবন্ধ।

(৩) ফিল্ম প্রোডাকসন ইউনিটের মাধ্যমে প্রযোজকদের স্বল্পহারে ক্যামেরা ইত্যাদি ভাড়া করার সুযোগ।

(৪) ফিল্ম ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফান্ড গঠন।

(৫) আর্ট ফিল্ম থিয়েটার নির্মাণ।

(৬) ওয়েস্ট বেঙ্গল কালার ফিল্ম ডেভালপমেন্ট কর্পোরেশন গঠন।

(৭) টেকনিসিয়ান্স স্টুডিও অধিগ্রহন।

(৮) তথ্য চিত্র নির্মাণ।

(৯) তথ্য চিত্র ক্রয়।

(১০) সংবাদ আলেখ্য নির্মাণ ইত্যাদি।

পুরুলিয়া জেলার রঘুনাথপুরে তসর উৎপাদন ও প্রশিক্ষণ কেন্দ্র :

*২০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৯।) **শ্রীনটবর বাগদী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রকপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার রঘুনাথপুরে যে তসরের প্রোডাকশান কাম ট্রেনিং সেন্টারটি ছিল তা বর্তমানে বন্ধ আছে

(খ) সত্য হইল, তাহার কারণ কি এবং

(গ) অবিলম্বে উক্ত ট্রেনিং সেন্টারটি খোলার পরিকল্পনা সরকারের আছে কিনা?

Minister of state in charge for the Cottage and small scale industries Deptt.:-

(ক) হ্যাঁ

(খ) আর্থিক অনটন

(গ) হ্যাঁ

হুগলী জেলায় আর এল ই জি পি বাবদ কেন্দ্রীয় বরাদ্দ :

*২০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯১০।) **শ্রী আব্দুল করিম চৌধুরী এবং শ্রীআব্দুল মান্নান :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেনকি—

(ক) কেন্দ্রীয় সরকার জেলা পরিষদকে আর এল ই জি পি স্কীমে টাকা বরাদ্দ করেন কি;

(খ) করিলে, ১৯৮৪-৮৫ বছরে কেন্দ্রীয় সরকার আর এল ই জি পি স্কীমে হুগলী জেলা পরিষদের জন্য কত টাকা বরাদ্দ করেছিলেন;

(গ) উক্ত সময়ে উক্ত জেলা পরিষদকে রাজ্য সরকার উক্ত টাকার মোট কত টাকা দিয়েছেন; এবং

(ঘ) উক্ত জেলা পরিষদ দেয় টাকার মধ্যে কত টাকা খরচ করতে পেরেছেন?

Minister-in-charge for the Panchayat and community Development Deptt.

ক) না।

খ) প্রশ্ন উঠে না।

গ) ১৯৮৪-৮৫ সালে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকার হইতে প্রাপ্ত ১৫৩৮ লক্ষ টাকার মধ্যে ৫৪.৪৬ লক্ষ টাকা দিয়াছেন।

ঘ) ১৯৮৪-৮৫ সালে জেলা পরিষদ ১৭.১৫ লক্ষ টাকা খরচ করতে পেরেছেন।

রাজ্যের বন্ধ ও রুগ্ন কারখানা

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৯০।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :-** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের রুগ্ন ও বন্ধ কারখানাগুলির ভবিষ্যৎ সম্পর্কে রাজ্য সরকারের পক্ষ হইতে কেন্দ্রীয় সরকারের নিকট সম্প্রতি কোন যোগাযোগ করা হইয়াছে কিনা; এবং

(খ) '(ক)' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কোন সুনির্দিষ্ট প্রস্তাব আসিয়াছে কিনা?

Minister-in-charge for the Industrial Reconstruction Deptt.

ক) হ্যাঁ

খ) কোন সুনির্দিষ্ট প্রস্তাব কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পাওয়া যায় নি। তবে পশ্চিমবঙ্গ বিধান সভায় সদস্যদের নিয়ে গঠিত একটি প্রতিনিধিদল গত ২৪শে জুন ১৯৮৫ তারিখে নূতন দিল্লীতে কেন্দ্রীয় শিল্প মন্ত্রীর নিকট একটি স্মারকলিপি পেশ করেন।প্রতিনিধি দলের সঙ্গে ঐ স্মারকলিপি নিয়ে আলোচনা কালে কেন্দ্রীয় মন্ত্রী বলিয়াছেন যে সারা দেশের রুগ্ন শিল্প সংক্রান্ত সমস্যার মোকাবিলার জন্য কি কর্মসূচী অনুসরণ করা যায় সে ব্যাপারে খুব শীঘ্র সিদ্ধান্ত ঘোষিত হবে।

হুগলী জেলা পরিষদ কর্তৃক গাড়ী ক্রয়

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *৯১২।) **শ্রীশেখ আনোয়ার আলী** এবং **শ্রী আবদুল মান্নান :-** পঞ্চায়েত ও সমষ্টিউন্নয়ন বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলা পরিষদ ডব্লু জি কে ১৯৭৯ নম্বরের অ্যামবাসাডার গাড়ীটি কবে ক্রয় করেছে; এবং

(খ) ঐ গাড়ীটি ক্রয় করার পর থেকে এ পর্যন্ত মেরামতি ও তেল খরচ বাবদ কত টাকা ব্যয় হয়েছে?

Minister-in-charge for the Panchayat and Community Development Deptt.

ক) উক্ত এ্যাম্বাসাডার গাড়ীটি ১৮-৩-৭৯ তারিখে ক্রয় করা হয়েছে।

খ) মেরামতি বাবদ খরচ হয়েছে ৪১,২১৫ টাকা এবং তেল বাবদ খরচ হয়েছে ৯১,০২৪ টাকা।

বেলডাঙ্গা চিনিকল

*২১২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৩।) **শ্রী নুরুল ইসলাম চৌধুরী :-** শিল্প ও বানিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা চিনিকলকে আই আর সি আর কত টাকা মূলধন সরবরাহ করিয়াছে;

(খ) ঐ মূলধনের অর্থ-বিনিয়োগ সম্ভব হইয়াছে কি;

(গ) আগামী নভেম্বর মাসে মিলটি চালু করিবার কোন উদ্যোগ সরকার গ্রহন করিয়াছেন কি; এবং

(ঘ) উক্ত সুগার মিলটি সম্পূর্ণরূপে সরকার কর্তৃক অধিগৃহীত হইয়াছে কি?

Minister-in-charge for the Commerce and Industries Deptt:

ক) এখনও কোন মূলধন সরবরাহ করে নাই।

খ) প্রশ্ন উঠে না।

গ) না।

ঘ) না। যদিও সুগার মিলটির সমস্ত সম্পত্তির দখল সরকার লইয়াছেন কিন্তু ইহার পূর্ণ মালিকানা এখনও সরকারের নিকট হস্তান্তরিত হয় নাই।

পঞ্চায়েতের বিভিন্ন স্তরে শূন্য পদ

*২১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪০।) **শ্রী সাধন পান্ডে এবং শ্রীকাশীনাথ মিশ্র :-** পঞ্চায়েত ও সমষ্টিউন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩ সালে পঞ্চায়েত নির্বাচনের পর হইতে ১৯৮৫ সালের ৩০এ আগষ্ট পর্যন্ত সময়ে কতগুলি গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের আসন খালি হয়েছে, এবং

(খ) উক্ত পঞ্চায়েতের উপ-নির্বাচনগুলি যথাসময়ে না হওয়ার কারণ কি?

Minister-in-charge for the Panchayat and Community Development Deptt:

ক) ১৯৮৩ সালের পঞ্চায়েত নির্বাচনের পর ১৯৮৫ সালের ৩০ শে আগষ্ট পর্যন্ত পশ্চিমবঙ্গের গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে ২২৩টি,পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে ৪৩টি এবং জেলা পরিষদের ক্ষেত্রে ৭টি আসন খালি হয়েছে।

খ) উপনির্বাচনের জন্য আইনে কোনো নির্দ্দিষ্ট সময়সীমা ধার্য করা নেই।একসঙ্গে বেশ কিছু পদ শূন্য হলে সাধারণতঃ উপনির্বাচনের ব্যবস্থা করা হয়ে থাকে। শূন্য পদগুলির ক্ষেত্রে যতশীঘ্র সম্ভব নির্বাচনের ব্যবস্থা করা হবে।

কোচবিহার জেলার স্ব-নিযুক্তি প্রকল্প

*২১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭১।) **শ্রীবিমলকান্তি বসু :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৪-৮৫ বর্ষে কোচবিহার জেলায় স্ব-নিযুক্তি প্রকল্পে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পে উদ্যোগ গ্রহণের জন্য মোট কতজন শিক্ষিত বেকারের নিকট হইতে দরখাস্ত পাওয়া গিয়াছিল,

(খ) তার মধ্যে কতজন এই প্রকল্পে উপকৃত হইয়াছেন,

(গ) এ বাবদ এ জেলায় উল্লেখিত বছরে কত টাকা ঋণ মঞ্জুর করা হইয়াছে; এবং

(ঘ) ১৯৮৫-৮৬ বর্ষে (আগষ্ট মাস পর্যন্ত) ঐ প্রকল্পের জন্য কোন শিক্ষিত বেকারের দরখাস্ত জমা পড়িয়াছে কি?

Minister-in-charge for the Cottage and Small Scale Industries Deptt:

ক) ৪১৪০ জন।

খ) ৬৮০ জন।

গ) ১৪২.১৮ লক্ষ টাকা।

ঘ) না।

মুর্শিদাবাদ জেলার সালার ডাক-বাংলো

*২১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৩।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার সালারে অবস্থিত ডাক-বাংলোটি বর্তমানে ভগ্নপ্রায় ও উহার আসবাবপত্র অত্যন্ত নোংরা; এবং

(খ) সত্য হইলে, এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

Minister-in-charge for the Irrigation and Waterways Deptt:

ক) হ্যাঁ, সত্য, বাড়ীটিতে ফাটল দেখা দেওয়ায় নিরাপত্তার কারণে ইহার ব্যবহার বন্ধ আছে।

খ) প্রয়োজনীয় মেরামতি করিয়া বাংলোটিকে পুনরায় বসবাস যোগ্য করা যায় কিনা তাহা অনুসন্ধান করিয়া দেখা হইতেছে।

উত্তরবঙ্গে প্রস্তাবিত বাটা জুতোর কারখানার জন্য ব্যবস্থা গ্রহন

*২১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩২।) **শ্রী অনুপকুমার চন্দ্র এবং শ্রী কাশীনাথ মিশ্রঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গে প্রস্তাবিত বাটা জুতোর কারখানার জন্য বিদ্যুৎ, জল ও জমি দেওয়ার কোন ব্যবস্থা করা হইয়াছে কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হইলে, তাহার কারণ কি?

Minister-in-charge for the Commerce and Industries Deptt:

(ক) ও (খ) - উত্তরবঙ্গে অনগ্রসর এলাকায় জুতা নির্মান কারখানা প্রতিষ্ঠার জন্য আগ্রহ প্রকাশ করায় 'বাটা' সু কোম্পানীকে ঐ ব্যাপারে সর্বপ্রকার সাহায্য দেওয়ার আশ্বাস দেওয়া হইয়াছে। রাজ্য শিল্প পরিকাঠামো উন্নয়ণ নিগম ও জলপাইগুড়ির জেলাশাসককেও সর্বপ্রকারের সহায়তা করার জন্য বলা হইয়াছে।

নদীয়া জেলার হাঁসিখালি পঞ্চায়েত সমিতি

*২১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯২।) শ্রী সতীশচন্দ্র বিশ্বাসঃ পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সম্প্রতি নদীয়া জেলায় হাঁসখালী পঞ্চায়েত সমিতির পরিচালন এবং সমিতির সভাপতির দুর্নীতি সম্পর্কে কোন অভিযোগ সরকারের নিকট আছে কি?

Minister-in-charge for the Panchayat and Community Development Deptt:

না।

বাঁকুড়া জেলার বড়জোড়ায় কৃত্রিম তন্তু কারখানা

*২২০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫১।) শ্রীঅবন্তী মিশ্র এবং শ্রীকাশীনাথ মিশ্রঃ শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় বড়জোড়াতে সরকার ও বিড়লার যৌথ উদ্যোগে কৃত্রিম তন্তু (সিনথেটিক ফাইবার) কারখানার জন্য জমি জল ও বিদ্যুৎ-এর ব্যবস্থা সরকার করেছেন কি না;

(খ) উক্ত কারখকানায় কত শতাংশ শেয়ার রাজ্যসরকার গ্রহণ করবেন;

(গ) উক্ত কারখানাটির জন্য কেন্দ্রীয় সরকার লেটার অব ইনটেন্ট মঞ্জুর করেছেন কিনা;

(ঘ) উক্ত এলাকাতে লাইলন ৬-এর লেটার অব ইনটেন্টটির কার্যকাল এর মেয়াদ কবে নাগাদ শেষ হবে; এবং

(ঙ) কেন্দ্রীয় সরককার শিল্পবিহীন এলাকাতে শিল্পোদ্যোগের জন্য কি কি সহযোগিতা করেছেন?

Minister-in-charge for the Commerce and Industries Deptt:

ক) বাঁকুড়া জেলায় বড়জোড়াতে বিড়লাদের সঙ্গে যৌথ উদ্যোগে কৃত্রিম তন্তুর কারখানা স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে। এই কারখানার জন্য বড়জোড়া থানায় একটি জমি নির্দিষ্ট করে রাখা হয়েছে, জলের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে এবং বিদ্যুৎ এর ব্যবস্থা করা হচ্ছে।

খ) এই কারখানায় রাজ্যসরকারের ২৬(ছাব্বিশ) শতাংশ শেয়ার থাকবে।

গ) এই কারখানার জন্য কেন্দ্রীয় সরকার লেটার-অব-ইনটেন্ট মঞ্জুর করেছেন।

ঘ) বর্তমানে নাইলন ৬' এর লেটার অব-ইনটেন্টের মেয়াদ ৩১-এ মার্চ ১৯৮৬ সালে শেষ হবে।

ঙ) কেন্দ্রীয় সরকার শিল্প বিহীন এলাকাতে শিল্পোদ্যোগের জন্য নিম্নরুপ সহযোগিতা করেছেন ঃ১) লেটার-অব-ইনটেন্টে অগ্রাধিকার (প্রেফারেন্স)।২) অধিক কেন্দ্রীয় অনুদান : অনুদানের পরিমান ২৫ শতাংশ ফিকসড এ্যাসেটের মূল্য - ২৫ লক্ষ টাকা পর্য্যন্ত। তাছাড়া শিল্প পরিকাঠামো গড়তে অর্থ সাহায্য দেবার ব্যবস্থা আছে।

বেঙ্গল কেমিক্যাল ও ফারমাসিউটিক্যাল কোম্পানীর সাহায্যের আবেদন

*২২২। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৮।) শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্যঃ শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) সাম্প্রতিককালে রাষ্ট্রায়ত্ত বেঙ্গল কেমিক্যাল ও ফারমাসিউটিক্যাল কোম্পানীর কর্তৃপক্ষ ঐ শিল্পকে পুনরায় রুগ্নতা দেখিয়ে রিলিফ আন্ডারটেকিং-এর সাহায্য চেয়েছেন কিনা,

(খ) চেয়ে থাকলে উক্ত প্রস্তাব সম্পর্কে সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করেছেন কিনা; এবং

(গ) উক্ত ব্যাপারে শ্রমিক কর্মচারীদের পক্ষ থেকে রাজ্য সরকারের নিকট কোন স্মারকলিপি দেওয়া হয়েছে কিনা?

Minister-in-charge for the Industrial Reconstruction Deptt:

ক) না।

খ) প্রশ্ন উঠে না।

গ) শ্রমিক কর্মচারীদের নিকট হতে একটি স্মারকলিপি পাওয়া গেছে। উহা রিলিফ আন্ডারটেকিং সংক্রান্ত নয়।

হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্পে কেন্দ্রীয় সাহায্য

*২২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭০।) শ্রীপ্রশান্তকুমার প্রধানঃ শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত কি কি সাহায্য করিয়াছেন; এবং

(খ) উক্ত রূপায়ণে রাজ্য সরকারের মোট কত টাকা খরচ হইবে?

Minister-in-charge for the Commerce and Industeries Deptt:

ক) গত বৎসর জুলাই মাসে কেন্দ্রীয় পেট্রোলিয়াম দপ্তর একটি পত্র মারফৎ রাজ্য সরকারকে জানাইয়াছেন যে হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প রূপায়নে কোনও আর্থিক সাহায্য দেওয়া তাঁদের পক্ষে সম্ভব নয়। অবশ্য অন্যান্য সর্বক্ষেত্রে প্রয়োজনীয় অনুমোদন ইত্যাদি পাওয়ার ব্যাপারে রাজ্য সরকারকে তাঁহারা সাহায্য দেবেন।

খ) উক্ত প্রকল্প রূপায়নে রাজ্য সরকারকে প্রায় ৬৫ কোটি টাকা খরচ করিতে হইবে। প্রসঙ্গতঃ প্রকল্পটিতে মোট ৭৫০ কোটি টাকার মত খরচ হইবে।

মহুয়া চা বাগানে উৎপাদন

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৬।) **শ্রীমনোহর তিরকীঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালে সরকার পরিচালনাধীন মহুয়া চা বাগানে কত চা-পাতা উৎপাদন হয়েছে;

(খ) উক্ত চা-পাতা কত টাকায় বিক্রি হয়েছে;

(গ) উক্ত বাগান সম্প্রসারণের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) থাকলে, ত া কি?

Minister-in-charge for the Commerce and Industries Deptt:

ক) সরকারী পরিচালনাধীন মহুয়া চা-বাগানে ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫ সালে যথাক্রমে ১,০৬,৩৭৭ কিলো এবং ১,০২,৩৬৪ কিলো চা পাতা উৎপাদিত হয়েছে।

খ) উক্ত চা পাতা ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫ সালে যথাক্রমে ২,৬৫,৯৪২.৫০ টাকা এবং ৪,৪৭,৯৬৪ টাকায় বিক্রিত হয়েছে।

গ) হ্যাঁ, আছে।

ঘ) ১৯৮০ সালে অধিগ্রহণের পর ১৯৮৪ পর্য্যন্ত উক্ত চা বাগানে ২৪.৭ হেক্টর জমিতে চাষ করা হইয়াছে। বর্তমান সম্প্রসারণ পরিকল্পনানুযায়ী প্রতি বৎসর অতিরিক্ত ১০ হেক্টর জমিকে চা চাষের উপযুক্ত করিয়া তোলা হইতেছে।

ADJOURNMENT MOTION

[2-00 to 2-10 P.M.]

Mr, Spesker - Today, I have received one notice of Adjournment Motion from Shri Kashi Nath Misra on the subject of deplorable condition of jute growers due to fall in selling price of raw jute.

A threadbere discussion on the subject was held in the House on 6th September, 1985 during discussion on a Motion under Rule 185 moved by Shri Kamal Sarkar. Moreover, the subject-matter is being raised by the Members in the House almost everyday. I, therefore, withhold my consent to the motion. The Member may, however, read out the text of the motion as amended.

শ্রী কাশীনাথ মিশ্র ঃ- স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দ্দিষ্ট বিষয়ে আলোচনা জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল ঃ- সারা রাজ্যে কাঁচা পাটের মূল্য নিম্নগামী হওয়াতে কয়েক লক্ষ পাট চাষী বিপদগ্রস্থ। জে,সি,আই বা বেনফেড পাট কিনতেও অক্ষম হচ্ছে এবং জে,সি,আই সহায়ক মূল্য দিয়ে নির্ধারিত মূল্যেও পাট কিনছে না। বর্তমানে বাজারে ১২০.০০ টাকা মূল্যে যেভাবে পাট বিক্রি হচ্ছে তা ফড়িয়ারা কিনে পরবর্তীকালে উচ্চমূল্যে বিক্রি করবে। কেন্দ্র সরকারের বস্ত্র শিল্প মন্ত্রীর কাছে দলমত নির্বিশেষে পশ্চিম বাংলার পাট চাষীদের দুরবস্থা এবং নিম্নগামী দর সম্বন্ধে জরুরী ভিত্তিতে গোচরীভূত করা সত্ত্বেও আজ পর্য্যন্ত প্রতিকার না হওয়াতে পাটচাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে।

[2-10 to 2-20 P.M.]

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker : I have received seven notices of Calling Attention, namely,

1.	Reported assult on Mayor of Calcutta at the entrance to his office	— Shri Bama Pada Mukherjee
2.	Urgent necessity of Permanent Police out-posts at Daspara, Sonapur and Ranigunge	— Shri Md. Abdul Karim Chowdhury

3.	Death of new-born babies by the bite of dogs and rats in hospitals of West Bengal.	— Shri Ashok Ghosh and Shri Kashinath Misra
4.	Enquiry into the cuases of closure and sickness of Industries in West Bengal	— Shri Anup Kumar Chandra
5.	Acute power out resulting in stopage of pumps at Kandi, Murshidabad	— Shri Bankim Tribedi
6.	Missing of Tube-well parts amounting ten lakhs of rupees given by the UNICEF in Bankura	— Shri Kashinath Misra
7.	Uncertainty about Meghia Thermal Power Plant Project in Bankura	— Shri Anil Mukherjee

Today, Shri Kashi Nath Misra has given two Calling Attention notices. This should not be done.

I have selected the notice of Shri Bama Pada Mukherjee on the subject of reported assault on Mayor of Calcutta at the entrance to his office.

The Minister-in-charge will please make a statement today, if possible, or give a date.

Shri Patit Paban Pathak : Sir, the statement will be made on 20th September, 1985.

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Metropolitan Development department to make a statement on the subject of Sinking of Calcutta.

(Attention called by Shri Rajesh Khaitan on the 9th September, 1985)

Shri Prasanta Kumar Sur:-

Mr. Speaker, Sir,—Government's attention has been drawn to newspaper reports that according to a study by two geologists of the Presidency College, Calcutta has sunk by about a foot over the last twentyfive years, and that unless indiscriminate drawal of sub-soil water is checked buildings and structures in the city may be damaged. No specific data is, however, available with the Government or with C.M.D.A., which may corroborate the said report. Nor has any report been received by the Government regarding damage to buildings and structures in the city that might have been caused by soil subsidence by a foot over the last twentyfive years. The main thrust of the study report apparently has been that further indiscriminate drawal of sub-soil water in the city leading to change in the sub-soil structure may in the long run cause damage to buildings and structures on the ground. Both Government and the C.M.D.A. are aware of the harmful consequence of indiscriminate drawal of sub-soil water resulting in ground-water table going down. To counteract this, C.M.D.A. has laid greater streass on augmentation of supply of surface water and on gradual replacement of extraction of water by tubewells. With this end in view the capacity of Tala-Palta Water Works has already been doubled and a new water treatment plant has been commissioned at Garden Reach. It is hoped that with augmentation of supply of surface water within a reasonable period of time the large dia-tubewells sunk by the C.M.D.A. will only be used as auxiliary source reducing thereby pressure on sub-soil water.

Bedises, in order to control and regulate indiscriminate drawal of sub-soil water, the Municipal Corporation of Calcutta has been vested with all rights over sub-soil water resources in Calcutta under the Calcutta Municipal Corporation Act, 1980. Drawal of sub-soil water in the city would require prior approval of the said corporation under the Act. The cumulative effect of all these measures is expected to put a check on excessive drawal of sub-soil water in the city.

Mr. Speaker : The statement of Shri Prasanta Sur will be circulated. The Minister-in-charge of Home (Police) Department will now make a statement on the subject of alleged murder of Shri Bachcha Singh, Commissioner of Halisahar Municipality in 24-Parganas on the 24th May, 1985, attention called by Shri Jagadish Chandra Das on the 11th September, 1985.

Shri Jyoti Basu :-

Mr. Speaker Sir,

I rise to make the following statement with reference to the Calling Attention Notice given by Hon'ble Member Shri Jagadish Chandra Das.

On the 24th May, 1985, around 7.00 a.m., Shri Bachcha Singh, aged about 69 years of CPI(M), Commissioner of Ward No. 16 of Halisahar Municipality, was attacked by an armed group under the direction of Shri S. N. Rai, Headmaster, Adarsha Hindi High School, Hajinagar. Shri Bachcha Singh fell on the ground when all the accused persons fled. Shri Singh was sent to J. N. M. Hospital, Kalyanai, in a police van where he expired.

Over this incident a police case was started and ten of the fifteen F.I.R. named accused persons have been arrested so far. Of the remaining, two persons have been granted anticipatory bail by the Sessions Judge, 24-Parganas. The policy also arrested twelve other persons connected with this case.

The accused persons are reported to be the workers of Congress (I) and most of them are reported to have criminal records. Nineteen accused persons including Shri S. N. Rai are on Court bail.

It appears that on the 8th May, 1985, Shri Bachcha Singh informed the local policy in writing that Shri S. N. Rai and others had threatened him with dire consequences if he did not leave Hajinagar. A non-F.I.R. prosecution has been started by the plicy and so far only Shri S. N. Rai has been arrested.

The immediate background appears to be the insistence of Shri Bachcha Singh on having an election to the Managing Committee of Adarsha Hindi High School, Hajinagar. This appears to have enraged Shri S. N. Rai, Headmaster, who took the help of anti-socials to resist it.

On the 30th July, 1985, a group of criminals had assembled on the 1st floor of Adarsha Hindi High School. On receipt of information, Police raided the school and arrested eight persons and seized one loaded pipe-gun and twenty-four live bombs. A police case has been started. During the raid S. I. Sanat Sarkar of Naihati P. S. received injuries along with two local minor boys, when bombs were thrown at them.

Mr. Speaker : This will be circulated.

MENTION CASES

Mr. Speaker : To-day I have received notices of 61 Mention Cass and also notices of Mention Cases during zero hour. I will request the members not to take more than one minute in the mention matter.

[2-10 to 2-20 P.M.]

শ্রী অরুন গোস্বামী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়,অমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলী জেলা পরিষদ কিভাবে আইন না মেনে এবং এমপ্লয়মেন্ট একচেঞ্জের মাধ্যম ছাড়া বামফ্রন্টের দলীয় কর্মীদের নিয়োগ করছে তার উদাহরণ দিচ্ছি। এঁরা একদিকে দলীয় কর্মীদের নিয়োগ করছে এবং অপর দিকে দরিদ্র কর্মচারীদের ছাঁটাই করছে।১৯৮৫ সালের ফেব্রুয়ারী মাসে ক্যাজুয়াল কর্মী শ্রীমতী রুচিরা বটব্যালকে ছাঁটাই করে দেওয়া হল। এই ক্যাজুয়াল কর্মীদের ক্ষেত্রে নিয়ম হচ্ছে পরবর্তীকালে তাদের স্থায়ীভাবে নিয়োগ করা হয়। কিন্তু শ্রীমতী রুচিরা বটব্যালের ক্ষেত্রে তা করা হলনা। পক্ষান্তরে দেখুন, গত ফ্রেবুয়ারী মাসে জয়ন্ত শীল এবং ১৯শে ফ্রেবুয়ারী জনৈকা বাবলী চ্যাটার্জী যিনি হুগলী জেলার সি পি এম - এর সম্পাদক কমল চ্যাটার্জী ভাইপো বধূ তাঁদের নিয়োগ করা হল। এঁরা টাইপের কাজ জানেন না অথচ তাঁদের নিয়োগ করা হল। জেলা পরিষদের সচিব এমপ্লয়মেন্ট একচেঞ্জের মাধ্যমে লোক নেবার জন্য সুপারিশ করেছিলেন কিন্তু সভাধিপতি নির্লজ্জভাবে তাঁর কথা না শুনে নিজের হাতে ফাইলে শ্রীমতী বাবলী চ্যাটার্জী নাম লিখে সুপারিশ করলেন এবং তাতে সাক্ষর করলেন। আমি পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি তিনি যেন অবিলম্বে এই ব্যাপারে তদন্ত করেন।

শ্রী বংকিম বিহারী মাইতি :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হিজলী টাইডাল ক্যানেল গেঁয়োখালি থেকে আরম্ভ করে উড়িয়া পর্যন্ত গেছে। এই হুগলী টাইড্যাল ক্যানেল আজ ২০/২২ বছর যাবৎ বন্ধ হয়ে রয়েছে। শুধু তাই নয়, এই টাইড্যাল ক্যানেলের মুখটা গেঁয়োখালির কাছে ভরাট করে দেওয়া হয়েছে। এই ক্যানেলের মাধ্যমে চাষীদের খুব উপকার হোত। শুধু তাই নয়, এই ক্যানেলের মাধ্যমে উড়িয়া থেকে বাণিজ্যের জিনিসপত্র কোলকাতা বন্দর পর্যন্ত আসত। এই ক্যানেল উড়িয়া এবং পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক সংস্কার করবার কথা হয়েছিল। কিন্তু সেটা না হবার জন্য লোকের খুব ক্ষতি হচ্ছে। আমি অনুরোধ করছি মন্ত্রী মহাশয় এদিকে দৃষ্টি দিন।

শ্রী ভূপেন্দ্র নাথ শেঠ :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কারাগার মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের বিভিন্ন কারাগারে দীর্ঘমেয়াদী বহু মানুষ বন্দী হয়ে রয়েছে। এই সমস্ত বন্দীদের প্রতি মাসে ১৮ টাকা করে একটা স্যালারি বা অনারেরিয়াম দেওয়া হয়। তাদের অধিকার দেওয়া হয়েছে তারা প্রতি মাসে ওই টাকা থেকে ৯ টাকা নিজস্বভাবে খরচ করতে পরবে এবং বাকী ৯ টাকা সরকারের কাছে জমা থাকবে এবং যখন বন্দীদের মেয়াদ শেষ হবে তখন একসংগে সব টাকা দেওয়া হবে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি দীর্ঘ দিন ধরে যারা কারাগারের মধ্যে রয়েছে তাদের সরকারের কাছে জমা টাকা গুলি যেন ফিক্সড ডিপোজিট করে রাখা হয়।

শ্রী বামাপদ মুখার্জী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ খবর দৈনিক সংবাদপত্রে বেরিয়েছে, জংগীপুর পৌরসভার কর্মীদের সার্ভিস রেকর্ড সরিয়ে ফেলে তাদের বয়স কমিয়ে দিয়েছে। এই পৌরসভাটি একটি ঐতিহ্যপূর্ণ প্রতিষ্ঠান কাজেই যদি সর্ভিস রেকর্ড এইভাবে সরিয়ে ফেলে কর্মচারীরা যা খুসী করেন তাহলে সেটা উদ্বেগজনক ব্যাপার। আমি অনুরোধ করছি মন্ত্রী মহাশয় যেন এই ব্যাপারে সঠিক ব্যবস্থা নেন।

শ্রী অবন্তি মিশ্র :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে ক্ষুদ্রসেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার রামনগর এক এবং দুনম্বর ব্লক এর সমগ্র এলাকাকে লবনাক্ত এলাকা বলে চিহ্নিত করা হয়েছে। আমি মনে করি এই সিদ্ধান্ত ভ্রান্ত এবং অযৌক্তিক। এই দুটি ব্লকেই ৩০০ অগভীর নলকূপ বসিয়ে দেওয়া হয়েছে এবং ৪টি গভীর নলকূপ বসান হয়েছে। আমরা দেখেছি ধানের মরশুমে খুব ভাল ধান উৎপন্ন হয়েছে। কাজেই সমগ্র এলাকাকে লবনাক্ত এলাকা বলে যা ঘোষণা করা হয়েছে এই ঠিক সিদ্ধান্ত নয়। আমি এই ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুভাষ গোস্বামী :- মাননীয় অধ্যক্ষ মহাশয় বাঁকুড়া জেলা সারেঙ্গা ব্লকে ক্ষুদ্র প্রান্তিক ও পাট্টা চাষীদের সুবিধার জন্য সরকার একটা আর এল আই স্কীম মঞ্জুর করেছিলেন। সেই পরিকল্পনার নাম দেওয়া হয়েছিল গোবরদা জল উত্তোলন প্রকল্প। এবং এই ব্যাপারে সেখানে দুটি পাম্প সেটও পাঠানো হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় সেখানে এই ব্যাপারে যে সব অফিসার রয়েছেন তাদের তৎপরতার অভাবে সেই আর এল আই স্কীম এখনও পর্যন্ত কার্যকরী হয় নি। সেখানে পাইপ লাইন এখনও বসানো হয় নি। এই যে এখানে ৬০/৭০ জন এই রকম চাষী রয়েছে তারা গভীর আগ্রহে অপেক্ষা করছে যে নদী থেকে জল উত্তোলন হবে। আমি আশা করি মাননীয় ক্ষুদ্র সেচ মন্ত্রী অতি সত্বর এর ব্যবস্থা নেবেন যাতে পূজার আগেই ঐ সমস্ত চাষীরা ঐ আর এল আই স্কীমে জল পায়।

শ্রী আব্দুল মান্নান :- মাননীয় অধ্যক্ষ মহাশয় হুগলী জেলার চণ্ডীপুর গ্রামে ৩০ বছর আগে একটা প্রাইমারী স্কুল চন্ডাপুর প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়। ১৯৭৮ সালের বন্যায় সেই বিদ্যালয়টির মাটির ঘর ধসে পড়ে যায়। আজ পর্যন্ত সেখানে কোন বাড়ী করা হয় নি। স্কুলের ছাত্রদের খোলা আকাশের মাঠে বসে স্কুল করতে হয়। কখনও কখনও সামান্যতম বৃষ্টি রোদের সময় স্কুলে ছুটি দিয়ে দেওয়া হয়। আমরা জেলা স্কুল বোর্ডে জানানো সত্ত্বেও কোন ব্যবস্থা নেওয়া হয় নি। সম্প্রতি পাশের গ্রামে অনন্তনগরে একটা শিব মন্দির তলায় কখনও কখনও আজকে স্কুলকে সরিয়ে নিয়ে গিয়ে ক্লাস করা হয়। এভাবে কোনও স্কুল চলতে পারে না। তাই আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এবং ঐ ভাবে কোনও মন্দিরে occasionally স্কুল না চালিয়ে স্কুলকে সরিয়ে এনে আগে যেখানে স্কুল ছিল সেখানে একটি বিল্ডিং করে আবার যাতে নূতন স্কুলটি চলে তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী শীশ মহম্মদ :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় বেকার সমস্যা অতি তীব্র এবং পশ্চিমবঙ্গ সরকার সেই কারণে যুবকদের সামান্য ৫০ টাকা করে বেকার ভাতা দিয়েছিলেন। এ বছর একটা নূতন পরিকল্পনা নিয়েছেন, কিছু পরিবর্তন করে একটা নূতন সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু ১৯৮৩-৮৪ সালের পাওনা বেকার যুবকদের ভাতা এখনও পর্যন্ত সরকার দেন নি। তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এসব বেকার যুবকদের পাওনা টাকা যেন অবিলম্বে দিয়ে দেওয়া হয়।

শ্রী মসলেউদ্দিন আমেদ :- মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে অর্থ মন্ত্রী ও পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জনসাধারণের একটা ধারণা ছিল যে পৌর মন্ত্রী কুৎসিত কলকাতাকে সুন্দর কলকাতা নগরীরূপে রূপান্তরিত করবেন। আজকে জনসাধারণের সেই ধারণা সম্পূর্ণ ভেঙ্গে গেছে। তারা আজকে হাড়ে হাড়ে বুঝতে পারছে এ পৌর মন্ত্রীর চেহারাটা কি। গত জুন মাসে নির্বাচন হয়ে গেল। কিন্তু আজ পর্যন্ত সেই দুরবস্থা জনসাধারণের চোখে পড়ছে। সেই পূতিগন্ধময় রাস্তা, পথচারীরা সেই দুর্ভোগ ভোগ করছে। আজ পর্যন্ত তার কোন সুরাহা হয় নি।

(এই সময় স্পীকার মহাশয় সদস্যমহাশয়ের বক্তৃতা বন্ধ করে দেন।)

[2-20 to 2-30 P.M.]

শ্রী মনোহর টিরকী :- মিঃ স্পীকার, স্যার, আমি উত্তরবংগের রাস্তাঘাটের দুরবস্থার কথা উল্লেখ করে আপনার মারফত মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৩১ নং জাতীয় সড়ক এবং অন্যান্য স্টেট-হাই-ওয়ে-গুলি যে অবস্থায় আছে তাতে চলা যায় না। রাস্তা ঘাট একেবারে নষ্ট হয়ে গেছে। পি ডব্লিউ ডি এর বক্তব্য হচ্ছে ওখানে গাড়ীগুলিতে যতটা পরিমান মাল নিয়ে যাবার কথা তার চেয়ে বেশী ওজনের মাল নিয়ে যাবার ফলেই রাস্তা ঘাট নষ্ট হয়ে যাচ্ছে। পাশেই আসাম বাংলার বর্ডার। গাড়ীগুলির ওভার লোড চেক করার জন্য ওখানে রাস্তার ধরে একটা চেক পোষ্ট করে ওয়েব্রিজ মেশিনে ওজন করে ওভার লোডের জনাই ফাইনের ব্যবস্থা করা হোক এবং আইন অনুযায়ী সেই ব্যবস্থা করা হোক। এতে রাস্তা ঘাট ভাল থাকবে, টাকা আদায় হবে, মেরামতও হবে। আর রাস্তা ঘাট যে সিস্টেমে মেরামত করা হচ্ছে সেটারও বদল করা হোক। আমরা দেখছি উত্তরবংগে একটু বেশী বৃষ্টি হয়ে থাকে। আমরা দেখতে পাচ্ছি প্রথমে পাথর দিয়ে তার উপর মাটি দিয়ে রোলিং করে তারপর পিচ দেওয়া হয়। ফলে একটু বেশী বৃষ্টি হলেই উপরের পিচ সরে গেলেই মাটি ধুয়ে পাথর সরে যাচ্ছে এবং তার মধ্যে জল ঢুকে যাচ্ছে। আর তার ফলে রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে। এই যে সিস্টেম আছে সেটাকে বদল করে বিশেষ করে উত্তরবংগের ক্ষেত্রে নতুন কোন সিস্টেম চালু করা যায় কিনা টেকনিক্যাল এক্সপার্টদের সংগে আলোচনা করে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক।

Shri Abdul Rauf Ansari :- मिस्टर स्पीकर सर, मैं आपके जरिए माननीय मुख्यमंत्री का तवज्जह दिलाना चाहता हुँ। वेस्ट बँगाल उर्दू एकाडमी की बिल्डिंग का फाउण्डेशन मुख्यमंत्री ने १९८० मे मुहम्मद मोहशीन स्कायर में कियाथा। मगर आज तक उर्दू एकाडमी की बिल्डिंग नहीं वन पाई। सिर्फ नाम के वास्ते उर्दू एकाडमी क्नेम प्लेट लगाया गया। उस पर छोटे वच्चे पेशाव करते हैं। उस पर गारवेज जमा हुआ है। उर्दू एकाडमी का नेम प्लेट लगा कर पथिक को भुलाया गया है। उर्दू एकाडमी को सी० पी० एम० पार्टी पोलिटिक्स आर्गनाइजेशन वनाकर पोलीटिक्स परपज के लिए व्यवहार करती है। अभी तक वीश मिनिस्टर ने वेस्ट बँगाल उर्दू एकाडमी की विल्डिंग को वनवाने के लिए कोई कायर्रवाई नही की है। इसके अलावा उर्दू के डयलपमेन्ट के लिए इस सरकार ने कोई काम नही किया है। मै कहना चाहता हुँ कि वेस्ट बँगाल गवर्नमेन्ट उर्दू एकाडमी की विल्डिंग को फौरन वनवाने का इन्तजाम करे और उर्दू के डयलपमेन्ट के लिए काम करे।

শ্রী যোগেন্দ্র নাথ সিংহ রায় :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার এক নং ব্লকের ৫ নং চকোয়াক্ষেতি গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে ১৯৮৩ সালে একটি অনাস্থা প্রস্তাব পাশ হয়। সেই অনাস্থা প্রস্তাবের বিরুদ্ধে আলিপুরদুয়ার মুনসেফ কোর্টে তিনি একটি মামলা করেন। পরবর্তীকালে কলকাতার উচ্চ আদালতে তিনি আর একটি মামলা দায়ের করেন। দুটি ক্ষেত্রেই ইনজাংসান জারি হয়।পরবর্তীকালে দুটি ক্ষেত্রেই ইনজাংসান ভেকেট হয়। গত ৯/৫ তারিখে কলকাতার উচ্চ আদালতেও উক্ত মামলার ইনজাংসান জারি হয়ে গেছে এবং ওখানকার কাগজপত্র নথিপত্র নিয়ে গিয়ে আলিপুরদুয়ার বি ডি ও কে বার বার বলা সত্ত্বেও তিনি আদালতের অর্ডারকে কার্যকরী করছেন না। ফলে সেই অবৈধ প্রধান বেআইনীভাবে এখানো কাজ চালিয়ে যাচ্ছে। আমি এই বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগের দিন রেশনিং সিস্টেম সম্পর্কে আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু সেটা বোধ হয় হোমিওপ্যাথিক ডোজ হয়েছিল, কেউ কোন নজর দেন নি। আজকে আমি আবার আপনার মাধ্যমে সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি সরাসরি এই

প্রথায় বিলোপ ঘটানোর জন্য। কারণ, সন্তোষ দত্ত কমিটির রিপোর্ট অনুযায়ী পশ্চিমবাংলায় প্রত্যেকদিন তণ্ডুল জাতীয় খাদ্য আপামর প্রতিটি জনসাধারণের লাগে ১৬ আউন্স। সরকারের এই দাবী যদি ঠিক হয় তাহলে ৯০ লক্ষ টন তণ্ডুল জাতীয় খাদ্য সংগ্রহের যে ভান্ডার আছে আর কেন্দ্র থেকে মাসে ২// লক্ষটন করে দিচ্ছে সেটা ধরে বছরে ৩০ লক্ষটন হচ্ছে, এগুলি সব ধরে আমাদের প্রয়োজনের তুলনায় অনেক বেশী হয়ে যাচ্ছে। কাজেই এই অবস্থায় যদি রেশনিং সিস্টেমটিকে বিলোপ করে দেওয়া হয় তাহলে কালোবাজারীর নাম করে যেটা চলছে সেটা সাদা বাজারী হবে এবং দুর্নীতি যাবে, ঘুষ যাবে। আর আমরা যে প্রতিদিন অখাদ্য কুখাদ্য খেতে বাধ্য হচ্ছি সেটারও অবসান ঘটবে। এত স্বল্প পরিসরে এতখানি বলা সম্ভব হবে না, তাই আপনার মাধ্যমে আমি আবার একবার ছোট্ট করে অনুরোধ করছি।

শ্রী উপেন্দ্র কিস্কু :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৬ই সেপ্টেম্বর বাঁকুড়া শহরের চকবাজারের পুলিশের সাথে সব্জি বিক্রেতাদের গন্ডগোলকে কেন্দ্র করে সেখানে গন্ডগোল পাকানোর চেষ্টা হচ্ছে। সেখানকার কমিশনার এবং চেয়ারম্যান গন্ডগোল মীমাংসার চেষ্টায় রত কিন্তু সেখানকার চেম্বার অব কমার্স এবং কংগ্রেসী লোকজনরা জোর করে বন্ধ করতে চাইছে, গোলমাল পাকানোর চেষ্টা করছে এবং আইন শৃংঙ্খলার যাতে বিপন্ন হয় সেই চেষ্টা করছে। তারা জোর করে বাসগুলি আটকে দিচ্ছে, জোর করে কালিতলা গালর্স স্কুলে ঢুকে ছাত্রছাত্রী এবং শিক্ষিকাদের হুমকি দিচ্ছে এবং জোর করে স্কুল বন্ধ করছে। এইভাবে তারা জোর করে বিশৃংখলা সৃষ্টির চেষ্টা করছে। সেখানকার অবস্থা শান্ত তবে রাজ্যসরকারের এ ব্যাপারে এ্যালার্ট থাকার দরকার আছে বলে আমি মনে করি। সেখানকার বেশীরভাগ মানুষ এই ঘটনার নিন্দা করেছে, পুলিশ এ্যাসোসিয়েসানও নিন্দা করেছে।

শ্রী শান্তি মোহন রায় :- মাননীয় অধ্যক্ষ মহাশয়,হুগলী জেলার শিক্ষা পর্যদে প্রাথমিক শিক্ষক নিয়োগ সম্পর্কে যে অচলাবস্থা চলছিল অর্থাৎ ট্রেন্ড টিচারদের অগ্রাধিকার না দিয়ে সি পি এম-এর ক্যাডারদের এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছিল তার বিরুদ্ধে ট্রেন্ড টিচাররা হাইকোর্টে মামলা করেছিল ফলে জেলা শিক্ষা পর্যদের সভাপতি অমিয় মৈত্র মহাশয়কে হাইকোর্টে ক্ষমা চাইতে হয়েছে এবং তার পাল্লায় পড়ে ডি আই অব স্কুলকেও ক্ষমা চাইতে হয়েছে। স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার অনুরোধ, ট্রেন্ড টিচারদের অগ্রাধিকার দিন এবং তার সংগে সংগে অর্গানাইজড টিচারদেরও অগ্রাধিকার দিন। এই রকম ঘটনা আরামবাগ মিউনিসিপ্যালিটিরও ঘটছে।

শ্রী কামাখ্যা নন্দন দাসমহাপাত্র :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার খড়্গপুরের ক্রোম কেমিক্যাল কারখানার মালিক একজন মিঃ আগরওয়ালা, তিনি উইদাউট এনি নোটিশ এ কারখানাটিতে লক আউট করেছেন। ইতিপূর্বে স্যার, দুবার বিনা নোটিশে এ কারখানাটি লক আউট করা হয়েছিল। এবারে প্রায় ৬ মাস কারখানাটি বন্ধ হয়ে আছে। শ্রমিকদের দু মাসের বেতন বাকি পড়ে আছে। সেখানকার এ আই টি ইউ সি'র শ্রমিক ইউনিয়ান লেবার ডিপার্টমেন্ট ও জেলা প্রশাসনকে বারবার বলা সত্বেও আজও লেবার ডিপার্টমেন্ট বা জেলা প্রশাসন ঐ মালিককে বাধ্য করার কোন প্রচেষ্টা গ্রহণ করছেন না। স্যার, আমি অবিলম্বে এ ব্যাপারে মাননীয় শ্রম মন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করে বলছি, ঐ কারখানাটি অনতিবিলম্বে খোলার ব্যবস্থা করা হোক, শ্রমিকদের বকেয়া দু মাসের বেতন পাইয়ে দেবার ব্যবস্থা করা হোক এবং তাদের ন্যায্য ক্ষতিপূরণ দেবার জন্য মালিককে বাধ্য করা হোক।

শ্রী প্রশান্ত কুমার প্রধান :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার ভগবানপুর নন্দীগ্রাম মাষ্টার প্ল্যান বছর পাঁচেক আগে তৈরী হয়েছিল এবং ইতিমধ্যেই তা জি এফ সি'র অনুমোদন লাভ করেছে। গত বাজেট সেশানেও এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় কথা প্রসংগে কিছু কিছু কথা বলেছিলেন। স্যার, এর কাজটি আরম্ভ করতে হবে তার কারণ এনটায়ার মেদিনীপুর জেলার মধ্যে ভগবানপুর, নন্দীগ্রাম এই গোটা এলাকাটা বর্ষার জলে ডুবে যায় এবং সেই জল বেরয় না। সেখানে নদীর জল দিয়েও বিকল্প চাষ করাও যায়না। এবারে অত্যন্ত কম বৃষ্টি হওয়া সত্বেও জল জমে গিয়েছে। সেই কারণে আর্থিক অনুমোদন দিয়ে আগামী ফ্রেবুয়ারী, মার্চ মাসের মধ্যে যাতে কাজ করানো যায় তারজন্য সেচমন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী বংকিম ত্রিবেদী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি ঘটনার প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি ঘটেছে গত ২৩-৭-৮৫ তারিখে। ঘটনাস্থল হচ্ছে গ্রাম আরনা, পি. ও. আমগোরিয়া, থানা কেতুগ্রাম, জেলা বর্ধমান। এটা পাঠিয়েছেন বিধানসভার প্রাক্তন সদস্য এবং বর্তমানের লোকসভার সদস্য শ্রী অতীশ চন্দ্র সিনহা মহাশয়।গত ২৩-৭-৮৫ তারিখে সেখানকার একজন প্রধানের নেতৃত্বে আব্দুল হক নামক এক ব্যক্তির বাড়ী লুঠপাট করা হয়েছে। তার ধান তুলে নেওয়া হয়েছে এবং তার পুকুর থেকে ২০ হাজার টাকা মূল্যের মাছ তুলে নেওয়া হয়েছে। পুলিশকে জানানো সত্বেও কোন ব্যবস্থা হয়নি। আমি এ ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। জানিনা সরকারের চক্ষু আছে কিনা, কর্ণ আছে কিনা, তাঁরা শুনবেন কিনা, দেখবেন কিনা, তবে আমার কর্তব্য আমি করলাম।

[2-30 to 2-40 P.M.]

শ্রী অজিত চক্রবর্তী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে হাউসের সামনে উত্থাপিত করছি। আপনি নিশ্চয়ই দেখে থাকবেন যে গতকাল ইকনমিক টাইমস-এ একটা বিবৃতি বেরিয়েছে যে কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে ই.পি.আই.এইচ.সি.এস এল সাইকেল কর্পোরেশান ওয়াইন্ড আপ করে দেবার জন্য। এই সাইকেল কর্পোরেশান সম্পর্কে বলতে চাই যে আমরা কিছুদিন আগে সন্দেহ করেছিলাম যে উৎপাদন হচ্ছিল না, কারখানার ভবিষ্যত খুব খারাপের দিকে যাচ্ছিল। আমাদের শ্রমদপ্তরের রাষ্ট্রমন্ত্রী মাননীয় শান্তি ঘটক মহাশয়ের মাধ্যমে আমরা এই কম্পানীকে দেখা করার জন্য ডেকে ছিলাম। সেখানে কিন্তু তার কারখানা সম্পর্কে শ্রমিকদের উপরে কোন অভিযোগ করতে পারেন নি। কিন্তু তাদের সঙ্গে আলোচনা করে দেখা গেল যে সেখানে কারখানায় উপযুক্ত কোন ম্যানেজমেন্ট নেই। সি এম.ডি প্রায় ৬ মাস ধরে চলে গেছে। নতুন করে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কোন সি.এম ডি এ্যাপয়েন্ট করা হয়নি। এর ফলে কারখানাটি ভীষন খারাপ অবস্থার মধ্যে চলে যাচ্ছে। আমরা এই ব্যাপারে দিল্লীতে গিয়েছিলাম এবং সেখানে শিল্প মন্ত্রী বীরেন্দ্র পাটীলের সঙ্গে কথা বলেছিলাম। উনি বলেছিলেন যে নতুন ম্যানেজমেন্টের ব্যবস্থা করছি, সি এম.ডি এ্যাপয়েন্ট করছি। তার সিদ্ধান্তের উপরে ঠিক হবে। কিন্তু হঠাৎ কাগজে দেখলাম যে এরা সিদ্ধান্ত নিয়েছে। আজকে এর ফলে অনেক শ্রমিক বেকার হয়ে যাবে। সে জন্য আমি আবেদন করছি যে এই ব্যাপারে শীঘ্র খোঁজ নিয়ে ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী কাশী নাথ মিশ্র :- মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটা গুরুত্ব পূর্ণ বিষয়ে এই সভা তথা মন্ত্রী সভার দৃষ্টি আর্কষণ করছি। বিষয়টি হচ্ছে বাঁকুড়া জেলার সেচের ব্যবস্থা সর্ম্পকে। এখানে ক্ষুদ্র-সেচই বলুন আর বৃহৎ সেচই বলুন সবই ক্রমশঃ হ্রাস পাচ্ছে, কোন কাজ হচ্ছে না। সেখানে দ্বারকেশ্বর পরিকল্পনা

দীর্ঘদিন ধরে মঞ্জুর হওয়া সত্বেও সেটা কার্যকরী হচ্ছে না। এর সঙ্গে গন্ধেশ্বরী পরিকল্পনা যেটা ছিল সেটাও কার্যকরী হচ্ছে না। তাছাড়া শিলাবতী নদী পরিকল্পনার জন্য ১৯৮৪ সালে প্রায় ৮০ থেকে ৯০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে, সেটাও কার্যকরী হচ্ছে না। ক্ষুদ্র সেচ সম্পর্কে যমুনা জেট থেকে আরম্ভ করে আরো এ কতকগুলি পরিকল্পনা নেওয়া হয়েছে, সেগুলিও কার্যকরী করা হচ্ছে না। এর ফলে জলাধার তৈরী হচ্ছে না, চাষবাদ কমে যাচ্ছে। তাছাড়া শিল্পের যে সম্ভবনা আছে সেটা জলের অভাবে বন্ধ হবার উপক্রম হয়েছে। কাজেই আমি এই বিষয়ে বিশেষ নজর দেবার জন্য অনুরোধ করছি।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে প্রতি স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি অকর্ষণ করছি। উত্তর বঙ্গের ক্ষেত্রীয় ব্যাঙ্কের দুর্নীতির কথা আমি আপনার মাধ্যমে তুলে ধরছি। আমরা বিভিন্ন পত্রপত্রিকা থেকে জানতে পারি যে ঐ ক্ষেত্রীয় গ্রামীন ব্যাঙ্কের শাখা থেকে মিথ্যা পরিচয় দিয়ে বিভিন্ন লোকের নামে টাকা ঋণ দেওয়া হচ্ছে। শুধু তাই নয়, শেলী ব্রহ্ম নামে একজন মহিলা, তিনি স্বনিযুক্ত প্রকল্পের জন্য ইউনাইটেড ব্যাঙ্কের কাছে দরখাস্ত করেন ঋণের জন্য। তিনি হঠাৎ জানতে পারেন যে তার নামে নাকি ক্ষেত্রীয় গ্রামীন ব্যাঙ্ক থেকে টাকা দেওয়া হয়েছে। এটা জানার পরে তিনি সেখানকার চেয়ারম্যানের সঙ্গে দেখা করেন হেড অফিসে গিয়ে এবং তিনি চ্যালেঞ্জ করেন যে সেখান থেকে তিনি কোন লোন নেন নি। ঘটনা পরে প্রকাশিত হয় যে তার নামে আর একজন ওখানে থেকে লোন নিয়েছে। এই রকম ঘটনা কুচ বিহারে ক্ষেত্রীয় গ্রামীন ব্যাঙ্ক সর্ম্পকে পত্র-পত্রিকায় বেরিয়েছে। এই ব্যাপার নিয়ে একটা চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। আমি সে জন্য আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি যে এই রকম ঘটনা যদি ঘটতে থাকে, এই সমস্ত ব্যাঙ্কগুলি থেকে মিথ্যা পরিচয়ে যদি ঋণ দেওয়া হয়ে থাকে তাহলে এর একটা তদন্ত করার আবেদন জানাচ্ছি।

ডাঃ মানস ভূঞ্যা :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্ব পূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কারণ মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে আমি অন্ততঃ দোষারোপ করতে পারবো না। আমার বিধানসভা কেন্দ্র হচ্ছে সবং। আমি বিদ্যুত মন্ত্রীর কাছে আবেদন জানিয়েছিলাম যে ৪ বছরের একটা বিদ্যুত সাব স্টেশান কাজ করতে করতে থেমে গিয়েছিল। কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা, আন্ডার সেন্ট্রালি স্পনসড মাইনর ইরিগেশন স্কীম, দু দুটো গভীর নলকূপ ব্যাঙ্কের সহযোগিতায় সেখানে খনন করার পরিকল্পনা সেখানে স্যাংশন হয়েছে, মন্ত্রী মহাশয় নিজে সেখানে উদ্যোগ নিয়েছিলেন, আমি তাঁকে আবেদন করেছি এবং তিনি নিজে দপ্তরকে চিঠিদিয়েছেন, দুর্ভাগ্যের বিষয় মন্ত্রী মহশয় চিঠি দেওয়া সত্বেও, নির্দেশ দেওয়া সত্বেও বিভাগীয় অফিসার আজ পর্যন্ত সেই সাব স্টেশন গঠণের কাজে উদ্যোগ নেননি। এর ফলে কয়েক হাজার চাষী নিজেদের পয়সায় নলকূপ তৈরী করতে গিয়েও বিদ্যুত পেলেন না। এর জন্য দোষী অফিসারদের বিরুদ্ধে শাস্তির জন্য আমি আপনার মাধ্যমে দাবী জানাচ্ছি।

শ্রী কমলা কান্ত মাহাতো :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি উদ্বেগজনক বিষয়ের প্রতি মাননীয় বনমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে আমরা লক্ষ্য করছি গত কিছুদিন ধরে পুরুলিয়া জেলার এক শ্রেণীর লোক সুপরিকল্পিত ভাবে বনাঞ্চল কেটে সাফ করে দিচ্ছে এবং বনভূমিকে আবাদযোগ্য কৃষি জমিতে পরিণত করছে। বনবিভাগের এক শ্রেণীর কর্মচারীর নীরব সমর্থনে এটা হচ্ছে। আমি মানবাজার থানার কয়েকটি মৌজার নাম বলছি যেখানে এইরকম ঘটনা ঘটছে, যেমন, মাঝিহেঁড়া, বারি, খুদুড়ি, কুমারডি, মাডুয়াগোড়া, কেশরগড়্যা, জবলা, হেঁটগাড়া, কুদা, মহাড়া। স্যার, এমনিতে পুরুলিয়া জেলাতে বনভূমির পরিমান ১২ ভাগেরও কম, এই ভাবে যদি বনভূমি যদি আবাদযোগ্য জমিতে পরিণত হয়, তাহলে অচিরে পুরুল্গা জেলা মরুভূমিতে পরিণত হবে।

শ্রী সত্য রঞ্জন বাপুলি :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভার কাউন্টার থেকে বই দেওয়া হয়েছে যুব মানস, তাতে শুধু আর্টিক্ল রয়েছে ফ্যাসিবাদের বিরুদ্ধে। বইটার একটা জায়গায় লেখা আছে, ফ্যাসিবাদের বিরুদ্ধে বিজয়ের চল্লিশতম বার্ষিকী। জ্যোতি বোস এটি লিখেছেন, ৪০ বছর আগে, ১৯৪৫ সালে ফ্যাসিবাদের চূড়ান্ত পরাজয় ঘটে। আমাদের এই বইটা পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে ছাপানো হয়েছে। সমস্ত বইটাই ফ্যাসিবাদ সর্ম্পকে লেখা, সেই ফ্যাসিবাদ তো বর্ত্তমানে ডেড। যে ফ্যাসিবাদকে সকলে ঘৃণা করে, সেই ফ্যাসিবাদকে হাইলাইট করার জন্য একটা বই পশ্চিমবঙ্গ সরকার থেকে ছেপে আমাদের কাছে বন্টন করার কোন কারণ আছে বলে আমি মনে করি না। এর আমি তীব্র প্রতিবাদ করছি। আজকে এই ফ্যাসিবাদ সর্ম্পকে যে বইটা ছাপানো হয়েছে, এটা সরকারের এক্সচেকার থেকে খরচ হয়েছে। আর একটা যুব মানস সংখ্যায় একটা আর্টিকেলে পশ্চিমবাংলায় প্রতি কেন্দ্রের বনচনার বিরুদ্ধে সংগ্রামের শরীক হতে আহ্বান জানানো হয়েছে। পশ্চিমবঙ্গ সরকার থেকে এই রকম বিষোদগার এই রকম ভাবে কি করে করতে পারেন এই ফেডারেল স্ট্রাকচারের মধ্যে থেকে? এই ধরণের বই যেন পশ্চিমবঙ্গ সরকার থেকে ভবিষ্যতে ছাপিয়ে আমাদের না দেওয়া হয়। আপনারা পশ্চিমবঙ্গের কথা বলুন, পশ্চিমবাংলার চাষীদের কথা বলুন, পশ্চিমবাংলার অর্থনীতির অবনতি, পশ্চিমবাংলার প্রশাসনিক অবনতির কথা এবং পশ্চিমবাংলার রাজনৈতিক পরিস্থিতির কথা লিখে বই ছাপান। এই রকম ভাবে সরকারী অর্থের অপচয় করবেন না।

শ্রী নটোবর বাগদী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পুরুলিয়া জেলার একটা জলন্ত সমস্যার প্রতি আপনার মাধ্যমে মাননীয় রিলিফ মন্ত্রী এবং মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষন করছি। এই বছর এ' জেলায় দু তিনটে থানা বাদ দিয়ে প্রচুর পরিমানে ধানের ফলন হবে আশা করা যাচ্ছে। কিন্তু বর্ত্তমানে প্রান্তিক চাষী এবং ক্ষেত মজুর, এই সমস্ত লোকেদের এখন কোন কাজ কর্ম নেই, ফলে তারা অনাহারে দিন কাটাচ্ছে। ইতিমধ্যে এই সব প্রান্তিক চাষী এবং ক্ষেত মজুরেরা মহাজনের খপ্পরে পড়ছে, তাদের কাছ থেকে টাকা ধার নিচ্ছে। আমি রিলিফ মন্ত্রী কাছে আপনার মাধ্যমে অনুরোধ করছি, তিনি এ' সব এলাকায় প্রচুর পরিমানে রিলিফ এর ব্যবস্থা করুন।

[2-40 to 2-50 P.M.]

শ্রী যোখীলাল মন্ডল :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে প্রতি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর এবং ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মালদহ জেলায় কোশী নদী, ফুলাহার নদী এবং গঙ্গা নদীর ভাঙ্গনের ফলে আমার কেন্দ্র মানিকচকের অনেক জায়গা নষ্ট হয়ে যাচ্ছে। ইতিমধ্যে বহু জনবসতি গঙ্গা বক্ষে বিলীন হয়ে গিয়েছে। ফলে বহু পরিবার বাস্তুহারা হয়ে পড়েছে, তারা নতুন করে বাস্তু গড়ে তোলার মত কোনো জায়গা পাচ্ছে না। তারা আকাশের নীচে এসে দাঁড়িয়েছে। আগামী দিনে আরো বহু মানুষ ওখানে বাস্তুহারা হবে। মাসের পর মাস তাদের এই অবস্থায় কাটছে। অবিলম্বে ঐ সমস্ত মানুষদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতি রেণু লীনা সুব্বা :- স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে দার্জিলিং জেলার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দার্জিলিং জেলায় শিলিগুড়ির থেকে কালিম্পং যাবার রাস্তায় তিস্তা বাজারের কাছে লিখুভিস নামক জায়গায় একটা বিরাট ধস নেমেছে। এই ধসের ফলে ইতিমধ্যে ওখানে ১৫ জন মানুষ মারা গিয়েছে। একজন ছাত্র'ও সেখানে মারা গিয়েছে, আমি তাঁর ছবি নিয়ে এসেছি, ছবি'টি আমার হাতে রয়েছে। শিলিগুড়ি টু কালিম্পং

রাস্তা'টি বর্ডার রোড এবং বর্ডার রোড হিসাবে ওটি সেন্ট্রাল গভর্ণমেন্টের আন্ডারে। এ' রাস্তাটির সম্পর্কে আমি চীফ ইঞ্জিনিয়ারের সঙ্গে আলোচনা করেছিলাম। এখন আমার বক্তব্য হচ্ছে ঐ রাস্তাটির যা অবস্থা তাতে অবিলম্বে ওটি সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছ থেকে নিয়ে পি.ডাবলু.ডি-কে দেওয়া প্রয়োজন। আজকে এমন অবস্থা হয়েছে যে, শিলিগুড়ি থেকে কালিম্পং যেতে হলে মানুষকে দার্জিলিং জেলার লাভা ঘুরে পাঁচ ঘন্টা সময় বেশী খরচ করে যেতে হচ্ছে। অথবা শিলিগুড়ি থেকে দার্জিলিং ঘুরে কালিম্পং যেতে হচ্ছে। অবিলম্বে রাস্তাটি বর্ডার রোডস অথরিটির হাত থেকে নিয়ে পি.ডাবলু.ডি কে দেওয়া হোক, এই দাবী আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর কাছে করছি। তিনি এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী ননী মালাকার ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে নদীয়া জেলার হরিণঘাটা থানার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বামফ্রন্ট সরকারের এবং বামফ্রন্ট সরকারের উচ্চ শিক্ষা দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের হরিণঘাটা থানা এলাকায় দেড় লক্ষ মানুষের বাস এবং পশ্চিমবাংলায় এক মাত্র কৃষি বিশ্ববিদ্যালয় 'বিধান চন্দ্র কৃষি বিদ্যালয়'টি হরিণঘাটায় অবস্থিত। এ ছাড়াও পশ্চিমবঙ্গ সরকারের দুগ্ধ ও পশুপালন বিভাগের হরিণঘাটায় একটা বিরাট খামার এবং দপ্তর রয়েছে। হরিণঘাটায় এই রকম সব গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান রয়েছে এবং এত বিরাট সংখ্যক মানুষ সেখানে বাস করা সত্তেও সেখানেও একটিও কলেজ নেই। হরিণঘাটার মোট জনসংখ্যা প্রায় ৩৫ভাগ মানুষ তপসিলী জাতির এবং আরো ৩৫ ভাগ মানুষ সংখ্যালঘু সম্প্রদায়ের। অথচ এই সব পিছিয়ে পড়া সম্প্রদায়ের ছেলে-মেয়েদের বা ছাত্র-ছাত্রীদর ওখানে থেকে ১৫/২০ কিলো মিটারের মধ্যে কোনো কলেজ না থাকার ফলে উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে। সেই জন্য আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের কাছে তথা বামফ্রন্ট সরকারের উচ্চ শিক্ষা দপ্ততরের মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, অবিলম্বে আমাদের হরিণঘাটায় একটি কলেজ স্থাপন করা হোক।

ডাঃ সুশোভন ব্যানার্জী ঃ- মাননীয় স্পীকার স্যার, আমি একটি গুরুতর বিষয়ে আপনার, অর্থমন্ত্রী মহাশয়ের এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকষর্ণ করছি। স্যার, আমরা ২৯৪ জন এম.এল.এ-র মধ্যে ২৫০ জনই গ্রামবংলায় থেকে এসেছি, সুতরাং আমি এই বিষয়টির প্রতি তাঁদেরও দৃষ্টি আকর্ষণ করছি। আজকে পশ্চিমবংলায় ২০ লক্ষ ক্ষেতমজুর অনাহারে অর্ধাহারে রয়েছে। অথচ এই সেসনে এদের নিয়ে কোনো রকম উচ্চবাচ্য হলো না। কারণ ওঁরা সংগঠিত নয়। আমরা দাবী, এখনই থেকে রাজ্য সরকারকে বাধ্য করা হোক কাজের খাদ্য সরবরাহ করতে বা খাদ্যের বিনিময়ে তাদের দিয়ে কাজ করিয়ে নিতে। আমি দাবী করছি এই প্রোগাম ইমিডিয়েটলি ইমপ্লিমেন্টেসন করা হোক এবং পঞ্চায়েত গুলির কাছে এ বিষয়ে ইমিডিয়েটলি নির্দেশ পাঠান হোক। তাদের মাধ্যমে এই ব্যবস্থা চালু করা হোক। দ্বিতীয় কথা হচ্ছে, এ বছর মামড়ি পোকার আক্রমনে ৪০ শতাংশ ফসল নষ্ট হয়েছে। সুতরাং বোরো এবং রবি মরশুমে যদি আমরা প্রয়োজনীয় সার এবং কিছু কৃষি সম্প্রসারণের ব্যবস্থা ও উন্নতমানের বীজ না হাতাতে পারি তাহলে আগামী দিনে খাদ্যোভাব ঘটবে। এই ২০ লক্ষ কৃষি মজুরকে যদি আমরা মরশুমী বেকার বলে ধরে নিই তাহলে অন্যায় করা হবে। এরা অন্যান্য মরশুমেও কিছু কিছু কাজ পেত, কিন্তু এই মরশুমে কাজ পাচ্ছে না। আমরা দলমতনির্বিশেষে যারা গ্রাম বাংলা থেকে এসেছি, সবাই মিলে অনুরোধ করছি ইমিডিয়েটলি খাদ্যের বিনিময়ে কাজের ব্যবস্থা করা হোক।

মিঃ স্পীকার ঃ- মিঃ ব্যানার্জী ফুড ফর ওয়ার্ক প্রকল্প যেটা ছিল ওটা কোন বছরে বন্ধ হয়েছে?

শ্রী সুশোভন ব্যানার্জী ঃ- আমি জানি না স্যার, আমি নতুন এসেছি।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ- মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক শিক্ষামন্ত্রী দৃষ্টি আর্কষন করছি। বিগত ৩ বছর ধরে পশ্চিমবাংলার ছাত্র-ছাত্রীরা যারা ন্যাশানাল স্কলারশিপ পরীক্ষা দিয়েছিল তারমধ্যে কৃতী ছাত্র-ছাত্রীরা যাদের স্কলারশিপের টাকা পাওনা সেই টাকা পাচ্ছে না। এ ব্যাপারে শোনা যাচ্ছে, কিছু প্রশাসনিক গোলমাল এবং দিল্লীর যে সমস্ত কর্তা-ব্যক্তিরা আমাদের রাজ্যে টাকা পাঠান তাদের গাফিলতির জন্য সেই টাকা আসছে না। যারফলে প্রাপক কৃতী ছাত্র-ছাত্রীরা সকলেই হতাশ হয়ে পড়ছে। আমি আপনার মাধ্যমে এই টাকা পাওয়ার ব্যাপারটা ত্বরান্বিত করার জন্য মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি, তিনি যেন এই ব্যাপারে প্রচেষ্টা নেন।

Shri Abdul Karim Chowdhury :- मिस्टर स्पीकर सर, मैं आपके माध्यम के पुलिस मंत्री की दृष्टि सो एक घटना की और आकर्षण करना चाहता हुँ। वह घटना यह है कि इस्लामपुर सवडिविजन मे वार-वार चोरी-डकैरी-गोरू चोरी छोपी रहती है। वार-वार ध्यान आकर्षण करने के वावजूद सरकार इसकी रोकथाम के लिए कोई व्यवस्था नहीं करती है। इसलिए चोरी-डकैती वरावर कहीं न कहीं होती ही रहती है। अभी सोनपुर हाट में २-३ विजनेस मैनों के घर तीन घण्टे तक डकैती हुई। डकैत उन विजनेक मैनों के घरों से तमाम चीजें लूट कर के गए और उनके घरों की औरतों पर भी हमला किए। चोरी-टकैती इसकदर वढ गई है कि अव डकैत घर भी औरतों पर भी हमला करने लके हैं। इसलिए चोपरा थाना, इस्लामपुर थाना, सेनापुर, दासपाडा, रायगंज, कुशमण्डी में आउट पोस्ट होना वहुत जरुरी है। इसका कारण यह है कि यह अरवन एरिया का १४-१५-किलोमिटर की दूरी पर थाने हैं, जिससे चोरी, डकैती को रोकने का काम नही हो पाता है। मैं पुलिस मंत्री से रिक्वेस्ट करुंगा कि आउट पोस्ट यहाँ जल्द कर दें।

শ্রী ধীরেন্দ্র নাথ চ্যাটার্জী ঃ- মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য ও সাংস্কৃতি দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। আমাদের দেশে অনেক খ্যাতিমান সাহিত্যিক এবং কবির স্মৃতি রক্ষার জন্য এই সরকার কিছু কিছু উদ্যোগ গ্রহন করেছেন। এমনি বর্ধমান জেলার রায়না থানার দামুন্যা গ্রামে কবি মুকুন্দ রামের বাসস্থান আজ ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। তাঁর বাসস্থান রক্ষার জন্য এবং তাঁর যে সংকলন আছে সেইসব সংকলন সংরক্ষনের জন্য আমি মাননীয় তথ্য ও সংস্কৃতিক দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

[2.50 - 3.00 P.M.]

শ্রী সুভাষ চন্দ্র মাহাতো ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত প্রয়োজনীয় জরুরী বিষয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। পুরুলিয়া জেলায় ঝালদায় ২ নম্বর ব্লক অফিস রয়েছে। সেই অফিসের নিকট প্রথামিক স্বাস্থ্য কেন্দ্র রয়েছে। সেখানে বৈদ্যুতিকরণের সমস্ত কাজ হয়ে গেছে, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় আজ তিন বছর ধরে উক্ত ব্লক অফিস এবং তৎ-সংলগ্ন কর্মচারীদের আবাসগৃহে বিদ্যুতের কানেকশন দেওয়া হয়নি। আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে অনুরোধ করছি, অতি সত্বর উক্ত ব্লক অফিস এবং কর্মচারীদের আবাসগৃহে যেন বিদ্যুতের কানেকশন দেওয়ার আদেশ দেওয়া হয়।

শ্রী সুমন্ত কুমার হীরা ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি সমস্যার কথা আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে রাখছি। সমস্যাটি নতুন নয়। বার বার প্রতি বছর এটা দেখা দিচ্ছে। আপনি জানেন যে, ভারতবর্ষের ৫/৬ টি জুটমিল ন্যাশানালাইজ করা হয়েছে। সেগুলোকে ব্যক্তিগত মালিকানা থেকে সরকারী মালিকানায় আনা হয়েছে এবং এসব জুটমিল নিয়ে একটি কর্পোরেশন করা হয়েছে, যাকে ন্যাশানাল জুট মিলস কর্পোরেশন বলা হয়। ঐ কর্পোরেশনের ম্যানেজমেন্ট সম্পূর্ণ আলাদা। অন্যদিকে আই জে.এম.এ যে জুটমিলগুলি চালায়- সেক্ষেত্রে কিন্তু আলাদা ম্যানেজমেন্ট। কেন্দ্রীয় সরকারের ম্যানেজমেন্টের দ্বারা ঐ জুটমিলগুলি চলে। সমস্ত রুলস এবং প্রসিডিওর তাঁদের আই.জে এম.এ থেকে আলাদা কিন্তু প্রতি বছর বোনাসের সময় একটা ট্রাডিশন হয়ে দাঁড়িয়েছে যে, ন্যাশনালাইজড জুট মিলসয়ে লাভ হওয়া সত্ত্বেও আই.জে.এম.এ- যাঁদের লোকসান হচেছ, তাদের বোনাস ডাইরেকশানকে ফলো করবার চেষ্টা করা। এবার লক্ষ্য করছি, আই জে.এম.এ তাঁদের বোনাসের আপার লিমিট করেছেন ৭৫০ টাকা, কারণ এবার তাঁরা লোকসান করেছেন। হঠাৎ দেখছি, এন.জে.এম.এ বলছে- ৭৫০ টাকার বেশী এবার বোনাস ক্যালকুলেশন হবেনা ন্যাশনালাইজড জুট মিলসয়ে। এটা অন্যায় ব্যাপার। সরকারী আইন হচেছ- ১৬০০ টাকা পর্যন্ত বোনাস পাওয়া যায়।

(মিঃ স্পীকার মহাশয় এই সময়ে পরবর্তী বক্তাকে আহ্বান করায় মাইক সংযোগ বিচিছন্ন হয়ে যায়)

শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর মহাশয়ের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। আপনি জানেন যে, দিনের পর দিন ছাত্র সংখ্যা বাড়ছে, ফলে ভর্তির সমস্যাও বাড়ছে। এরফলে পড়াশুনা ঠিকভাবে চালিয়ে যাবার ব্যাপারে অসুবিধা দেখা দিয়েছে। আমাদের পশ্চিম দিনাজপুর জেলার বালুরঘাট কলেজে প্রথম থেকেই বিশেষ বিশেষ সাবজেক্ট ভাল রকম পড়াশুনা করার ব্যবস্থা নেই। যে সমস্ত ছাত্র ইংরাজীতে অনার্স, বোটানী বা জুলজিতে অনার্স নিয়ে সেখানে পড়তে চাইবেন, সেক্ষেত্রে তাঁরা হতাশ হবেন। কারণ ঐসব বিষয়ে অনার্স পড়বার কোন ব্যবস্থা সেখানে নেই। কলেজ কর্তৃপক্ষের কাছে প্রয়োজনীয় সমস্ত স্টাফ রয়েছে এবং নর্থবেঙ্গল ইউনিভারসিটি থেকেও এ- ব্যাপারে এনকয়ারী করে গেছে। কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয়নি। সেখানে অনার্স ক্লাস খুলবার জন্য মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী নিরঞ্জন মুখার্জী ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, কলকাতায় অত্যন্ত গুরুত্বপূর্ণ বিড়লা গোষ্ঠীর দ্বারা পরিচালিত ওরিয়েন্ট ফ্যান কারখানা আছে। ওরিয়েন্ট ইন্ডাস্ট্রিজ নাম্বার ওয়ান শাখা ওটি। নারকেলডাঙ্গায় এর অবস্থান। বর্তমানে সেখানে ১৫০০ লোক কাজ করছেন। কিন্তু গত ১ লা আগষ্ট থেকে কারখানাটিতে লক আউট ঘোষনা করা হয়েছে। শ্রমিকদের সেখানে কোন চাটার অফ ডিমান্ডস, ছিলনা, কোন রকম এ্যাজিটেশন ছিলনা। ১৯৬৫ সাল থেকে একটা লাইন দেখা যাচ্ছে যে, প্রতি ৩ বছর অন্তর অন্তর কারখানাটি বন্ধ রাখার একটা অভ্যাস দাঁড়িয়ে গেছে। আগে সেখানে ২৭০০ লোক কাজ করতেন এবং বছরে ২ লক্ষের মত বিভিন্ন তৈরী হোত। কিন্তু বর্তমানে সেখানে ১৫০০ লোক কাজ করছেন এবং ৭ লক্ষের মত বিভিন্ন প্রকার ফ্যান তৈরী হচ্ছে। তবে এ বারের আক্রমনের উদ্দেশ্য লোক কমান নয়, শ্রমিকদের অধিকার। সেখানে ক্যান্টিন ফেসিলিটি কেটে দিয়ে, ডিয়ারনেস, এ্যালাউন্স বন্ধ করে দিয়ে,ওয়েজ ফ্রিজ করে দেশের শ্রমিকদের সঙ্কটের মধ্যে ফেলে, তাঁদের বঞ্চনা করে ট্রেড ইউনিয়নের ন্যূনতম অধিকারটুকু ধ্বংস করা। আমি এখানে মাননীয় শ্রমমন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করবো, এসব শ্রমিকদের স্বার্থে আপনি মালিকদের এই ষড়যন্ত্রের বিরুদ্ধে যথোচিত ব্যবস্থা গ্রহন করুন।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েষ্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের অধীনে একটি অধিগৃহীত কোম্পানী- চন্দননগর ইলেকট্রিক সাপ্লাই- তাদের কর্মচারীদের উপর বোর্ড ম্যানেজমেন্ট যে অবিচার করছে, এই ব্যাপারে প্রতিবিধানের জন্য আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই কোম্পানী ৩১ ১ ৮১ তারিখে অধিগ্রহীত হয়। এখানকার কর্মচারীদের প্রাক অধিগ্রহন কালীন চাকুরীর মেয়াদের স্বীকৃতি দেওয়া হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কোম্পানী অধিগৃহীত হবার পূর্বে কর্মচারীরা চাকুরীর ক্ষেত্রে যে সুযোগ-সুবিধা পেত অধিগ্রহনের পর সেই সুযোগ-সুবিধা খর্ব করে দেওয়া হয়েছে। বামফ্রন্ট প্রনীত আইন অনুযায়ী অধিগ্রহনের আগে প্রভিডেন্ট ফান্ডের টাকা শ্রমিক কর্মচারীদের হাতে তুলে দিতে হবে। কিন্তু বোর্ড ম্যানেজমেন্ট বে-আইনী ভাবে শ্রমিক কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের টাকা হাতে না দিয়ে বোর্ড ফান্ডে রেখে দিয়েছে। এই কোম্পানী সরকারের সংগে যে ত্রিপাক্ষিক চুক্তি করেছিল সেই চুক্তি অনুযায়ী কর্মচারীদের যা কিছু দেওয়া কথা সেটা তারা লঙ্ঘন করেছে। সেই জন্য আমি এই ব্যাপারে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলাতে যে জে.সি.আই আছে তারা চাষীদের কাছ থেকে পাট কিনছে না। ফলে ইউনিয়ান সরকারের যে নির্ধারিত সহায়ক মূল্য তার থেকে পাটের দাম নেবে গেছে। এর ফলে ব্যবসায়ীরা বেশ উৎসাহ বোধ করছে। ইউনিয়ান সরকারের সংস্থাটি পাট না কিনে একচেটিয়া পাট ব্যবসায়ী এবং চটকল মালিকদের স্বার্থ দেখছে। অতীতে নীলকর অত্যাচারের বিরুদ্ধে নদীয়ার ওই এলাকার চাষীরা সংগ্রাম করেছিল। শত অত্যাচারেও তারা নীল চাষ করে নি। আজকে সেখানে প্রশ্ন উঠেছে পাট চাষীরা পাট বুনবে কি বুনবেনা। আজকে যে ভাবে ইউনিয়ান সরকারের সংস্থাটি একচেটিয়া পাট ব্যবসায়ী এবং মালিকদের স্বার্থ রক্ষা করছে তাতে ২০ লক্ষ পাট চাষীর সর্ব্বনাশ ডেকে আনছে। তাই আমি আপনার মাধ্যমে এই সভার এবং মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি যাতে ইউনিয়ান সরকার এর উপযুক্ত প্রতিবিধান করে তার ব্যবস্থা নেওয়ার জন্য।

শ্রী কমল সরকার ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি চট কলের মালিকরা নানা ভাবে শ্রমিকদের উপর অত্যাচার এবং অন্যায় তো করছেন তার উপর আবার বোনাস নিয়ে বিপর্যয়ের সৃষ্টি করছে। ইউনিয়ান সরকার ঠিক করেছে ১৬০০ টাকা যাদের বেতন তারা বোনাস আইনের আওতায় আসবে। মালিক পক্ষ ৭৫০ টাকা ধরে নিয়ে বোনাস দিচ্ছে। এটা শুধু চটকল মালিকরা নয়, অন্যানা ইঞ্জিনিয়ারিং শিল্পের মালিকরা এই কথা ঘেষনা করেছে। এর ফলে সর্বত্র শ্রমিকদের মধ্যে বিক্ষোভের দানা বেঁধে উঠেছে। এর ফলে উৎপাদনের কাজ ব্যহত হবে। সেই জন্য আমি এই ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার এবং ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[3-00 to 3-10 P.M.]

শ্রী তারাপদ সাধুখাঁ ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করত চাই। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রী রামনারায়ণ গোস্বামী মহাশয় তিন বছর আগে সিঙ্গুরে গিয়েছিলেন। সেখানে পি.এই.ই.তে উপস্থিত থেকে কথা দিয়েছিলেন ৬ মাস অন্তর অন্তর যাবেন এবং ওখানে অনেক বড় করে বলেছিলেন যে স্বাস্থ্যকেন্দ্রটির উন্নতিবিধান করবেন। সেখানে একটা একস-রে মেসিন, যেটি অকেজো হয়ে পড়ে আছে, সেটির রিপেয়ারের জন্য ব্যবস্থা করবেন বলেও কথা

দিয়েছিলেন। মেসিনটির বর্তমান দাম প্রায় ১০ লক্ষ টাকা, মেরামতের অভাবে তা কাজে লাগানো যাচ্ছে না। তিনি বলেছিলেন সেটি ৬ মাসের মধ্যে রিপেয়ার করে দেবেন। কিন্তু তা আজ পর্যন্ত মেরামত হয়ে যাওয়া সত্ত্বেও বসানো হয় না। তিন বছর বাদে তিনি শনিবার ওখানে যাবেন বলে কথা আছে। মধুবাটী হেলথ সেন্টারটিতে ডাক্তার নেই। একটা অব্যবস্থার মধ্যে দিয়ে সব চলছে। আমাদের সঙ্গে ৩ বছর আগে কথা দিয়েছিলেন যে ওখানে ডাক্তার পোষ্টিংয়ের ব্যবস্থা তিনি করবেন। ডাক্তার যা কিছু ওখানে দিয়েছিলেন, আবার দেখছি যে, বেশ কিছু ডাক্তার আবার তুলে নিয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমাদের বিনীত অনুরোধ, তিনি যে কথাগুলি সকলের সামনে দেন তা রাখার জন্য যেন চেষ্টা করেন

শ্রী লক্ষ্মীকান্ত দেঃ- মাননীয় স্পীকার স্যার, আপনি জানেন যে আমহার্স্ট স্ট্রীট এবং কৈলাশ বোস স্ট্রীটের মাঝে রাজা রাম মোহন রায়ের বাড়ি আছে। কয়েকদিন আগে ঐ বাড়িটির একটি অংশ ভেঙে পড়ার দরুণ একজন মানুষ মারা গেছেন। এই ঘটনা থেকেই আপনি এর গুরুত্ব বুঝতে পারছেন। জনতা সরকারের আমলে আমরা শুনেছি যে, ঐ বাড়িটি রাজা রামমোহন কলেজকে দেওয়া হয় অধিগ্রহণের জন্য। সেখানে বাড়িটির ভেতরে কলেজ তৈরী করবার জন্য এবং অন্য কিছু ব্যবস্থা নেওয়ার জন্য কিছু টাকাও দেওয়া হয়েছিল। বাড়িটি সংরক্ষণের জন্য কিছু টাকা তাঁদের দেওয়া হয়েছিল। কিন্তু বাড়িটি সংরক্ষণের অভাবে ভেঙে পড়ছে। আমি নিজে গিয়ে দেখেছি যে, বাড়িটির আর একটি অংশ যেকোন মুহূর্তে ভেঙে পড়ার আশংকা আছে। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় রাজা রামমোহন কলেজের অধ্যক্ষকে ডেকে পাঠিয়ে কি ভাবে বাড়িটি রক্ষা করা যায় তার জন্য বিশেষ ভাবে দেখা উচিত। অবিলম্বে বাড়িটি সংস্কারের ব্যবস্থা না করতে পারলে বেশ কিছু লোক আহত হতে পারেন বা মারাও যেতে পারেন।

শ্রী হিমাংশু কোঙার ঃ- মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিভিন্ন স্থানে পথঘাটের অবস্থা খুবই খারাপ। মাঝে মাঝে রাস্তাগুলো গর্ত হয়ে গেছে। একটা গাড়ী ঠিকমত চলাচল করতে পারে না বা পাশাপাশি চলতে পারে না। মেদিনীপুর জেলার কেশপুর থেকে ধরমা, মোহনপুর এবং আরও কয়েকটি গুরুত্বপূর্ণ রাস্তার অবস্থা খুবই খারাপ ও বিপর্যস্ত হয়ে পড়েছে। আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, তিনি যেন অবিলম্বে উক্ত রাস্তাগুলি মেরামত করার ব্যবস্থা করেন। তা না হলে যে কোন মুহূর্তে দুর্ঘটনা ঘটে যেতে পারে।

শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ- মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভাঙনের ফলে ফারাক্কা ব্যারেজ নির্মাণের পরে মুর্শীদাবাদ ও নদীয়া জেলা বিপন্ন হয়ে পড়েছে। গঙ্গানদীর ভাঙনের ফলে একটা বিস্তীর্ণ এলাকা বিশেষ করে ফাজিলনজর, পরানপুর, তেহট্ট, চাঁদেরঘাট, সাহেবনগর প্রভৃতি অঞ্চলের কিছু অংশ খুব বিপর্যস্থ হয়ে পড়েছে। এরই সাথে সাথে জলঙ্গী নদীর ভাঙনের ফলে সাহেবনগরে ভাঙন এমন ভাবে বৃদ্ধি পেয়েছে যে পলাশী পাড়াতে পলাশী পাকা সড়ক এ বছরেই বিপন্ন হতে পারে। সেজন্য আমি পূর্তমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই ভাঙন রোধকল্পে অবিলম্বে তাঁরা যেন ব্যবস্থা গ্রহন করেন।

শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী ঃ- মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে হুগলী জেলার আরামবাগ আদালতে সেসান জাজ না থাকার জন্য পুড়শুড়া, গোঘাট অঞ্চল যা প্রায় ১২০ মাইল দূরে অবস্থিত থেকে মানুষকে আসতে হয় চুঁচড়া কোর্টে এবং সেখানে ১২-১৩ দিন ধরে কোর্টের বারান্দায় পড়ে থাকতে হয়। যেহেতু ফৌজদারী আইনের ৯ ধারা মতে এই মহকুমায় একটি সেসান জাজ আদালত করার সিদ্ধান্ত আমরা সকলে মিলে নিয়েছি, সেইহেতু আরামবাগের সাধারণ মানুষের দুর্গতির অবসান করার ব্যবস্থা করা হোক এবং ওখানে একটি সেসান জাজ আদলত স্থাপন করার ব্যবস্থা করা হোক। আমি এ বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বাজেট সেসানে এই প্রস্তাব তুলেছিলাম তখন মন্ত্রী বলেছিলেন যে বেঙ্গল কেমিকেলের যাতে গ্যাস লিক না হয় তার ব্যবস্থা করবেন। বেঙ্গল কেমিকেলের সালফিউরিক এ্যাসিড এবং ক্লোরিন গ্যাস লিক হচ্ছে এবং বিড়লার হিন্দুস্থান হেভি কেমিক্যাল থেকে এই দুটি গ্যাস লিক হচ্ছে। এর ফলে খড়দহ থানা এলাকায় যক্ষ্মা, ফুসফুসে রোগ এবং শ্বাসকষ্ট দেখা দেবে অচিরে। এখানকার ছেলেমেয়েরা রাত্রে ঘুমোতে পারছে না, রোজ এই কষ্ট সহ্য করে রয়েছে। এই বেঙ্গল কেমিক্যাল কেন্দ্রীয় সরকারের একটি সংস্থা এবং হিন্দুস্থান হেভিকেমিক্যাল বিড়লার একটি সংস্থা। এই দুটি সংস্থাতেই সালফিউরিক এ্যাসিড এবং ক্লোরিন গ্যাস তৈরী হয়। কারখানার বিশেষ ধরণের যন্ত্রপাতি না থাকার ফলে ওই গ্যাস লিক হয়ে যাচ্ছে এবং প্রতিকারের কোন ব্যবস্থা করতে পারছে না। এরফলে হাজার হাজার মানুষ ওই অঞ্চলে দুর্ভোগের মধ্যে ভুগছে। যারা ওখান দিয়ে বাসে করে যাচ্ছেন বা ছেলেমেয়েরা পড়তে যাচ্ছে তারা অনবরত অভিযোগ করছে কিন্তু কোন সুরাহা হচ্ছে না। এরফলে ওখানে একটা ভয়ংকর অবস্থার সৃষ্টি হবে। এরফলে মানুষ একদিন বিব্রত হয়ে কারখানা ঘেরাও করতে পারেন। কারখানাটি ভবিষ্যতে একটি বিপদ ঘটাবে সেইজন্য আমি আপনার মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তাছাড়াও আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আপনাকে অনুরোধ করছি আপনি বিধানসভা থেকে কয়েকজনকে সেখানে পাঠান এবং তদন্ত করুন কারা এই বিভৎস অবস্থা ভবিষ্যতে যাতে ভূপালের অবস্থা না ঘটায় এবং মানুষ মরে না যায়। তারজন্য আপনাকে বিশেষ ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন রাখছি।

শ্রী সুশান্ত ঘোষ ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার গড়বেতা থানায় আলু চাষ বিখ্যাত। এখানে হাজার হাজার আলু চাষীরা বাস করেন। গড়বেতা থানা থেকে খরকুশমী পর্যন্ত একটি লিংক রোড আছে, এটি বামফ্রন্ট সরকার তৈরী করেছিলো। সম্প্রতি এই রোডটি খারাপ হয়ে যাবার জন্যে ওই অঞ্চলের লোকেদের চাষবাস বিক্রি করতে যেতে খুব অসুবিধা হচ্ছে। ওই রাস্তাটি খারাপ হয়ে যাবার জন্য সেখানকার বাস মালিকরা বাস খারাপ হয়ে যাবে এই ভয়ে সেখান দিয়ে বাস চালাতে চাইছেন না, তারা বাস তুলে নিচ্ছেন। সেইজন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যাতে ওই রাস্তাটি মেরামতের ব্যবস্থা করা হয়।

শ্রী শিব প্রসাদ দলুই ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই।খন্ডকোষ থানায় সাহেরা বাজারে একটি প্রতিশ্রুত হাসপাতাল তৈরী করার কথা আছে।এই অঞ্চলের নিকটস্থ কোন স্বাস্থ্যকেন্দ্র নেই যারফলে ওখানকার মানুষের খুব দুর্ভোগে পড়তে হয়।সেইজন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সত্বর যাতে এখানে কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রী সুধন রাহা ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। তিস্তা ব্যারেজ তীরবর্তী এলাকা দার্জিলিং, জলপাইগুড়ি এবং কুচবিহারে বর্তমান পরিকল্পনা অনুযায়ী তিস্তা ব্যারেজের জল না পাওয়ার সম্ভাবনা।সেইজন্য আমার অনুরোধ মাননীয় সেচ মন্ত্রীর কাছে যাতে ওই তিস্তা ব্যারেজের যে জল সেই জল থেকে ওই পার্শ্ববর্তী এলাকা কুচবিহার, দার্জিলিং এবং জলপাইগুড়ি বঞ্চিত না হয় সেইদিকে দৃষ্টি দেবেন।

শ্রী ধ্রুবেশ্বর চট্টোপাধ্যায় :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকষর্ণ করছি এবং শিল্পমন্ত্রীর দৃষ্টি আকষর্ণ করছি। পুরুলিয়া অত্যন্ত অনুন্নত জেলা এবং দরিদ্রতম জেলা। কিন্তু এই পুরুলিয়া জেলাতে প্রচুর খনিজ সম্পদ আছে, যদি এই খনিজ সম্পদ খুঁজে কাজে লাগাতে পারে তাহলে এই জেলার খুব উন্নতি হবে এবং সেচ প্রকল্প যেগুলি আছে ছোট ছোট নদী, নালা, খাল, বিল ইত্যাদি এইগুলিকে অতি অল্প খরচ করে যদি সেচের সাহায্যে লাগান যায় তাহলে এই পুরুলিয়া জেলার প্রভূত উন্নতি হবে। আমি এইজন্য অনুরোধ করছি যে পুরুলিয়া জেলা অত্যন্ত অবহেলিত বঞ্চিত জেলা এর যাতে উন্নতি হয় তারজন্য আমি মাননীয় মন্ত্রী দৃষ্টি আকষর্ণ করছি।

[3-10 to 3-20 P.M.]

শ্রী সুভাষ বসু :- স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত দেড় বছর যাবৎ কল্যাণী ষ্টেশানের পাশে কিছু সমাজ বিরোধী ও ওয়াগান শিল্পী প্রায় মারামারি, বোমাবাজি করে। এদের একটা রাজনৈতিক দল সমর্থন করে। গত মাসের শেষ দিকে দুদল সমাজবিরোধী মারামারি করে ২টি লোককে তুলে নিয়ে যায়। জনসাধারণ এতে বাধা দিতে গেলে তাদের উপর বোমা নিক্ষেপ করে, কিছু সমাজবিরোধী সেই সুযোগে অপর পক্ষের কিছু বাড়ি জ্বালিয়ে দেয় এবং লুটপাট করে। অবিলম্বে মালগুলি উদ্ধার এবং যারা নির্যাতন করেছে তাদের শাস্তি বিধান করা হোক এই আবেদন মুখ্যমন্ত্রীর কাছে করছি।

শ্রী সুন্দর হাজরা :- স্যার, শালবনী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আজ ৩মাস যাবৎ পেনিসিলিন ইনজেকসান, সালফাডিয়াজিন গ্রুপের কোন ঔষধ নেই রুগিরাও পয়সার অভাবে কিনতে পারছে না। আমি নিজে ডাইরেকটার অফ ইক্যুপমেন্ট এন্ড সাপ্লাইকে জানিয়েছে, সি এম ও এইচ মেদিনীপুর, লিখিতভাবে জানিয়েছে কিন্তু আজ পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। ঔষধ যাতে যায় এই আবেদন আপনার মাধ্যমে রাখছি।

Zero Hour

শ্রী শান্তশ্রী চ্যাটার্জী :- স্যার, আপনি শুনে আশ্চর্য হবেন পূর্ব রেল কতৃপক্ষ হাওড়া ডিভিসানে যাত্রী কম এই অজুহাতে বিনা নোটিসে ১১জোড়া আপ ও ডাউন ট্রেন বাতিল করে দিয়েছে এবং যেটা ৮ই সেপ্টেম্বর থেকে চালু হয়েছে। এটা এখন রবিবারের জন্য হয়েছে। তবে আশংকা হচ্ছে অন্য ছুটির দিনও হবে। হাওড়া, হুগলীর কারখানাগুলি রবিবার দিন চালু থাকে। ট্রেন বাতিল হবার ফলে যাত্রীদের খুব অসুবিধা হচ্ছে এবং তারা কর্তৃপক্ষের কাছে প্রতিবাদও জানিয়েছে। এর একটা কপি আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীকে দিচ্ছি।

শ্রী সত্তারঞ্জন বাপুলী :- স্যার, আন্তর্জাতিক যুববর্ষে একটা বর্নাঢ্য মিছিল বের হয় এবং তাতে একটা ফেস্টুনে লেখা ছিল সকলের জন্য স্বাস্থ্য চাই, শিক্ষা চাই, কাজ চাই। সরকারের লক্ষ লক্ষ টাকা খরচ করে এই মিছিল বের হয়। কিন্তু আমার এলাকায় পুরন্দরপুর প্রাইমারী হেলথ সেন্টারে একজন ডাক্তার নেই, নার্স নেই - শুধু একজন জি ডি এ আছে। সেখানে ২০টি শয্যা আছে। সেখানে যে কুক আছে সে হাসপাতালে মধ্যে গরু বাঁধতে আরম্ভ করে দিয়েছে, বেডগুলিকে বাইরে রেখে দিয়েছে। অবিলম্বে সেখানে ডাক্তার, নার্স পোষ্টিং করার ব্যবস্থা করবার অনুরোধ করছি।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :- মাননীয় স্পীকার মহোদয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। আমাদের রাজ্য চিনি শিল্পে অনগ্রসর, মাত্র দুটো চিনির কল আছে -আমেদপুর এবং পলাশী সুগার মিল। পলাশী সুগার মিল প্রায় বন্ধ হয়ে যেতে চলেছে, শুধুমাত্র ১৯৮৩ সালেই চাষীদের ১৩ লক্ষ টাকা এখনও পাওনা পড়ে আছে, সেটা শোধ করা হচ্ছে না। তাছাড়া পলাশী সুগার মিলের শ্রমিক কর্মচারীদের পি এফ-এর টাকা ১৯৮১ সাল থেকে জমা করা হয়নি, গ্র্যাচুইটি তারা পান না। সবচেয়ে মারাত্মক ব্যাপার হচ্ছে পলাশী সুগার মিলকে কেন্দ্র করে ৪/৫টা ব্লকের চাষীরা যে আখ মিলকে সাপ্লাই করে তাদের ১৯৮৩ সালের ১৩ লক্ষ টাকা প্রাপ্য আছে। এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করেন।

শ্রী আব্দুল মান্নান :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ থেকে ২ মাস আগে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল বেরিয়ে গেছে। এর আগে আমরা যখন পরীক্ষা দিয়েছি তখন দেখেছি রেজাল্ট বেরোবার সংগে সংগে ১ থেকে ২০ পর্যন্ত কারা কারা হয়েছে তাদের তালিকা প্রকাশ হয়ে যায়। কিন্তু এখন ২ মাস পরীক্ষা হয়ে গেল প্রথম যে ২০ জন হয়েছে তাদের নামের তালিকা প্রকাশ হল না। এতে ছাত্রদের মধ্যে একটা অনিশ্চিত অবস্থার সৃষ্টি হয়েছে। হায়ার সেকেন্ডারী কাউন্সিলে যেভাবে এক শ্রেনীর কর্মচারী কর্ম বিরতি পালন করছে, অশান্তি সৃষ্টি করছে তার ফলে ছাত্রদের ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে। হায়ার সেকেন্ডারী কাউন্সিলে গনতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত প্রতিনিধি নেই, নিজেদের দলীয় চেয়ারম্যান, এ্যাডমিনিষ্ট্রেটর রয়েছে, তবুও কেন এই অবস্থা থাকবে। আমি আপনার মাধ্যমে এই ব্যাপারে শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী শচীন সেন :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমরা সংবাদপত্র পাইনি, সংবাদপত্র বিক্রেতারা ধর্মঘট করেছেন। গত কাল প্রশ্ন উঠেছিল তাদের দাবির যৌক্তিকতা আছে কি নেই, আমি তার মধ্যে যাচ্ছি না, তবে বিষয়টির একটা এ্যামিকেবল সেটেলমেন্টের দরকার আছে। তাদের সব দাবি যুক্তিপূর্ণ নাও হতে পারে, কিন্তু যুক্তিপূর্ণ দাবি বেশ কিছু আছে যেটা মালিকরা ইচ্ছা করলে মিটিয়ে নিতে পারে। কাজেই আপনার মাধ্যমে একদিকে যেমন সংবাদপত্রের মালিকদের কাছে আবেদন করব, অন্যদিকে আমি মুখ্যমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আবেদন করব, বিষয়টির মীমাংসা করবার জন্য। ৩/৪টি দাবি অত্যন্ত ন্যায্য। কাগজের দাম বাড়ল কি না বাড়ল তার মধ্যে আমি যাচ্ছি না, কিন্তু বিষয়টির মীমাংসা চাই। অবিলম্বে মীমাংসা না করলে সংবাদপত্র আমরা পাচ্ছি না, প্রতিদিন মানুষের কি অবস্থা হচ্ছে। সেজন্য আপনাকে অনুরোধ মুখ্যমন্ত্রীর মাধ্যমে এর ফয়সলা করার চেষ্টা করুন।

শ্রী অশোক ঘোষ :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় সদস্য শ্রী শচীন সেন মহাশয় যে বক্তব্য রাখলেন আমারও আজকে সকাল থেকে মনে হচ্ছে যে আমরা একটা পাণ্ডববর্জিত দেশে বাস করছি। সংবাদপত্র হচ্ছে প্রচারের মাধ্যম, সেই সংবাদপত্র আজ থেকে বন্ধ। সৌভাগ্যক্রমে তথ্যমন্ত্রী হাউসে বসে আছেন, তিনি জানেন কয়েক মাস আগে এক দিনের ধর্মঘট করল হকাররা, তারা হুঁশিয়ারী দিয়েছে যে লাগাতার ধর্মঘটে তারা যাবে। তাদের কি দাবি আমি সেই প্রশ্নে যাচ্ছি না; তাদের কর্মচারীরা পি.এফ.ই এস আই-এর সুযোগ পাচ্ছে কিনা, কর্মচারীদের ৫০ পার্সেন্ট ছেলে-মেয়ে চাকরি পাবে কিনা, তাদের স্থায়ী যে এমপ্লয়ী তাদের মত হকারদের

ট্রিটমেন্ট করা যাবে কিনা এগুলি মালিকদের ব্যাপারে, কিন্তু সংবাদপত্রের উপর আবার গুণ্ডামী শুরু হয়ে গেছে আজকে সকালে আনন্দবাজার পত্রিকা যখন বেরুচ্ছিল সেই সময় মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির গুণ্ডারা সেখানে হাঙ্গামা করেছে। এই কাগজ বন্ধ করতে গিয়ে একবার তারা ফেল করেছে, এখন আবার দেখা যাচ্ছে একটা পরিকল্পিত চক্রান্ত শুরু করেছে। আমি আপনার মাধ্যমে অবিলম্বে এই ব্যাপারে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

[3.20-3.30 P. M.]

শ্রী শীষ মহম্মদ ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়,আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে গ্রন্থাগার এবং নন-ফর্মাল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।১৯৮৪৮ সালে আমাদের ওখানে নরওয়েজিয়ান মিশন নামে একটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়েছিল এবং তার সংগে লুথারিয়ান ওয়ার্লড সার্ভিসের গিয়ে যুক্ত হয়। তাঁরা ২২টি জায়গায় শিক্ষা কেন্দ্র খোলেন। তাঁদের একজন সুপারভাইসরের মাইনে ছিল ৪১০ টাকা এবং একজন সহ সুপারভাইসরের মাইনেও ছিল ৪১০ টাকা। কিন্তু তাদের ঘরোয়া গোলমালের ফলে লুথারিয়ান ওয়ার্লড সার্ভিসেস তাদের প্রতিষ্ঠানগুলি বন্ধ করে দিচ্ছে এবং তার ফলে ২২ জন শিক্ষক বরখাস্ত হচ্ছেন। গত ১৩-৪-৮২ তারিখে তাঁদের যে রেজলিউসন গৃহীত হয়েছিল তাতে আছে যতদিন পর্যন্ত নরওয়েজিয়ান মিশন থাকবে ততদিন পর্যন্ত এই শিক্ষা কেন্দ্রগুলি থাকবে। কিন্তু আজ দেখছি চক্রান্ত করে এগুলি বন্ধ করে দিচ্ছে। আমি আপনার মাধ্যমে নন-ফর্মাল দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীকে অনুরোধ করছি তিনি অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করে যাতে শিক্ষকরা ওখানে থাকতে পারেন তার ব্যবস্থা করুন না হলে পশ্চিমবংগ সরকার নন-ফর্মাল হিসাবে এই ২২টি স্কুলকে গ্রহণ করুন। আমি স্পীকার মহাশয়ের নিকট সমস্ত কাগজপত্র জমা দিচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ- মাননীয় স্পীকার মহাশয়,আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার দৃষ্টিতে আনছি। গত ২০-৭-৮৫ তারিখে শ্রীহরেতে যে উচ্চ বিদ্যালয়টি রয়েছে তার টিচিং এবং নন-টিচিং স্টাফদের রিপ্রেজেনটেটিভ-রা ম্যানেজিং কমিটিতে যাবে বলে ইলেকসন হচ্ছিল। ১৯ তারিখে কিছু শিক্ষক কলেজ প্রতিষ্ঠাতার বাড়ীতেই ছিলেন এবং তারপর দেখা গেল ১৩ জন শিক্ষককে আক্রমন করা হল এবং একটা চরম বিশৃঙ্খলা সৃষ্টি করা হল। এখানেই শেষ নয়,তারপর ৪ জন শিক্ষককে প্রকাশ্য দিবালোকে মেদিনীপুরের চংশইতলা ডাঙ্গায় এবং ৭জন শিক্ষককে হুগলীর তারগুলি খালের নিকট নিয়ে গিয়ে মারধর করা হয়। এই ব্যাপারে পুলিশ নীরব হয়ে রয়েছে। এই ব্যাপারে অবিলম্বে তদন্ত করা দরকার কারা এই কাজ করল।আমাদের জেলার মন্ত্রী এখানে রয়েছেন,আমি তাঁর কাছে অনুরোধ করছি এই কাজ যারা করেছে তাদের বিরুদ্ধে যেন ব্যবস্থা অবলম্বন করা হয়

Shri Deoki Nandan Poddar:- मिस्टर स्पीकर सर, मै आपने माध्यम से माननीय मंत्री का ध्यान आकर्षित करना घाहता हूं। ओ. सी जोड़ा साकू जिस तरह से मार्क्सवादियो के साथ मिलकर अत्याचार कर रह है, उससे हमारी कंस्टूएन्सी को लोग भयभीत हो गए हैं। अभी परसो की घटना है, राम मन्दिर के पास हाकरो का बुरी तरह से मारा-पीटा गया। अभि मै इसके सबध मे हास्पीटल रिपोर्ट पेश करूंगा। गरीब हाकरों को-गरीब लोगों को जिस बुरी तरह से मारा गया, उसका कारण यह हा कि मार्क्सवादी दल के कामरेड मुहम्मद सफी और कामरेड सत्यनारायण सिंह को इन लोगों ने चन्दा नही दिया। ओ सी जोड़ा साकू के माध्यम से इनको अरेस्ट करवाया गया और उन गरीबों को डण्डे से पिटवाया गया। यह सककार गरीब हाकरो को गिरफ्तार करवा कर पार्टी के लिए कितनी लज्ञा की रात है कितना कलक है। मुक्यमंत्री को चाहिए जोडा साकू को फौरन वही से ट्रान्सफर करे। हाजी मुमताज को इसलिए गिरफ्तार किया गया, क्योंकि वह माल उदार नही देता था। हाजी मुहम्मद के खिलाफ जोड़ा साकू थाने मे मार्क्सवादियो ने कम्प्लेन किया था। इन तरह से मार्क्सवादी पार्टीके साथ मिलकर काम करते है और गरीवो का अरेख करके पीटते है। इसलिए मै मुक्यमंत्री से निवदन करूगा कि जोडा साकू थाने के आ री का फौरन हटाया जाया ट्रान्सफर किया जाय।

Shri Abdur Rauf Ansari : Mr. Speaker Sir, a few days ago, our Chief Minister had expressed his feeling in various forums and journals against Fascism But under his Government the Calcutta University, which is a celebrated institution of learning of more than a century, has been converted into a Fascist camp. The fabric of the whole educational system is being damaged in every sixtieth part of a minute. The Chief Minister should come forward boldly to rectify the wrongs done by his followers in the Calcutta University whereby the bright future of the youth of West Bengal is being destroyed. Sir, if no timely action is taken, the people of West Bengal who love this Calcutta University, the people of this country who love this Calcutta University, the people of this country who love this Calcutta University, will come forward to save the future of the students of West Bengal.

(Noise)

Sir, this is a very serious matter and my request to you is that this should not be taken lightly. I request you Sir, to interfere in this matter for which crores and crores of people are very much anxious to know what is going to happen inside this University and how this University will be rectified by the Marxists.

শ্রী আব্দুস সাত্তার ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দুঃখিত আমার নাম আগে ডাকা হয়েছিল, আমি থাকতে পারি নি। আমি যে সম্পর্কে বলতে চেয়েছিলাম সেটা মাননীয় শচীন সেন, ও মাননীয় অশোক ঘোষ মহাশয় বলেছেন। আমি আগে বলেছি যে এই যে হকার্সরা ষ্ট্রাইক করেছে এতে অনেক ক্ষতি হয়ে যাবে। এর পর কি হয়েছে আমি কোন সংবাদ পাই নি, কি অবস্থা চলেছে তার কোন খবরই পাচ্ছি না। এটা আগেই মিটিয়ে ফেলা উচিত ছিল। মুখ্য মন্ত্রী শ্রম মন্ত্রীর এঁদের আগে ব্যাপরটা দেখা উচিত ছিল। কিন্তু আজ পর্যন্ত তাঁরা দেখছেন না। মুখ্য মন্ত্রী শ্রম মন্ত্রী এবং ইনফরমেশন মিনিষ্টার প্রচেষ্টা করুন যাতে মালিক পক্ষ এবং হকারর্সদের প্রতিনিধি যারা আছে তাদের নিয়ে বসুন। এর পর লাগাতার আবগু হতে পারে।এতে আমাদের ক্ষতি হবে। কি সংবাদ কোথায় কি হচ্ছে এগুলি আমরা জানতে পারবো না। একজন মন্ত্রী এখানে আছে আমি আপনার মাধ্যমে তাঁকে এবং গভর্ণমেন্টকে বলছি যে এই ব্যাপারে ইমিডিয়েটলি হস্তক্ষেপ করা উচিত। একথা শচীন বাবু বলেছেন, অশোক ঘোষ মহাশয় বলেছে- এখানে কোন পার্টির কথা বলছি না। আমরা সকলেই এটা চাইছি-সরলবাবুও বলছেন। আপনারা জরুরী এর একটা ফয়সলা করুন।

মিঃ স্পীকার ঃ- ইনফরমেশন মিনিষ্টার এখানে রয়েছে, আপনি এটা দেখুন এই ব্যাপারে কিছু করা যায় কিনা। সাত্তার সাহেব আপনি তো জানেন ইংরাজীতে একটা কথা আছে " নো নিউস ইস দা বেষ্ট নিউস "।

শ্রী সুভাষ বসু ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়,একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মূখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি যে হিন্দুস্থান কনষ্ট্রাকসন কোম্পানী ইতিমধ্যে জলপাইগুড়ি ব্যারেজ এ কাজ করেছে মেট্রো রেলে কাজ করেছে কল্যানী ব্যারেজে কাজ করেছে। কিন্তু হটাৎ তারা ইষ্টার্ন রিজিওনের অফিস এখান থেকে সিপ্ট করে নিয়ে যাচ্ছে। ইতিমধ্যে আমাদের শ্রমমন্ত্রী শ্রী কৃষ্ণ পদ ঘোষ হস্তক্ষেপ করেছেন এবং ইউনিয়ন মিনিষ্টার টি আঞ্জাইয়াকে জানানো হয়েছে। এ সম্বন্ধে মন্ত্রী সভার হস্তক্ষেপ করা দরকার। হিন্দুস্থান কনষ্ট্রাকসন কোং যদি ইষ্টার্ন রিজিওনের অফিস বন্ধ করে তাহলে কয়েক হাজার লোক ছাটাই হবে।

[3.30-4.00 P. M.] (Including Adjournment)

শ্রীমতী রেণু লীনা সুব্বা ঃ- মিঃ স্পীকার,স্যার, আমি আপনার মাধ্যমে শিলিগুড়ি টাউনের একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। শিলিগুড়ি শহরে মহানন্দা ব্রীজের কাছাকাছি জায়গায় পি ডব্লিউ ডিপার্টমেন্ট থেকে একটা হাউসিং এসটেট করা হয়েছে। ২/৩ বছর হয়ে গেছে বাড়ীগুলি বিলি করা হয়নি,পড়ে পড়ে নষ্ট হয়ে যাচ্ছে। সেখানে একটি কমিটি করা আছে। কিন্তু হাউসিং এসটেটের ফ্লাটগুলির এ্যালটমেন্ট দেওয়া হচ্ছে না। ফলে সেগুলি গুন্ডা মস্তানদের আড্ডা হয়ে গেছে। নানা রকম খারাপ কাজ সেখানে হচ্ছে ইনফরমেসন আমি যা পেয়েছি তাতে দেখা যাচ্ছে সেখানে অর্থাৎ ঐ হাউসিং এসটেটে ২০ টির মত বিরাট বিরাট বড় বাড়ী করা হয়েছে। শিলিগুড়িতে সরকারী কাজ যারা করে তারা বাড়ী পাচ্ছে না। সেখানে ঘরের খুব অভাব আছে এমপ্লয়িরা এমনি বাড়ী ভাড়া পাচ্ছে না, বাড়ী পাওয়ার খুব অসুবিধা আছে। সেই বাড়ীগুলি গভর্ণমেন্ট এমপ্লয়িদের তাড়াতাড়ি ইনস্টলমেন্টে দেবার ব্যবস্থা করা হোক, এই দাবী আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর কাছে রাখছি। আপনাকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

At this stage the House was adjourned till 4.00 P. M.

Shri Abdur Rauf Ansari :- Mr. Spesker sir, a few days ago,our chief Minister had expressed his feeling in various forums and journals against fascism. But under his Government the Calcutta University,which is a celebrated institution of learning of more than a century,has been converted into a Fascist Camp. The fabric of the whole educational system is being damaged in every sixtieth part of a minute. The Chief Minister should come forward boldly to rectify the wrongs done by his followers in the Calcutta University whereby the bright future of the youths of West Bengal is being destroyed. Sir, if no timely action is taken, the people of West Bengal who love this Calcutta University, the people of this country who love this Calcutta University, will come forward to save the University and to save the future of the students of West Bengal.

(Noise)

Sir, this is a very serious matter and my request to you is that this should not be taken lightly. I request you Sir, to interfere in this matter for which crores and crores of people are very much anxious to know what is going to ha ppen inside this Univeristy and how this University will be rectified by this Marxists.

After Adjournment

(Noise)

(several members rose to speak)

[4.00-4.10 P. M.]

শ্রী শ্যামল চক্রবর্ত্তী ঃ- স্যার, আজকে বিধানসভার চারিপাশে প্রচুর সংখ্যক লোক গেট অবরোধ করে আমাদের যাতায়াতের পথে বাধার সৃষ্টি করছে। আমি বুঝতে পারছি না আমাদের এখানে কর্তারাও পুলিশ প্রশাসন তারা কি করছিল ? এমন কি মাননীয় মুখ্যমন্ত্রীকে পর্যন্ত ঢুকতে দেওয়া হয়নি। স্যার আমাদেরও বেরুতে দেওয়া হচ্ছে না। আমি বুঝতে পারছি না আমাদের এখানে পুলিশ প্রশাসন বলে কোন বস্তু আছে কিনা ? স্যার,এই সমস্ত অপদাথ পুলিশের সংগে ওঁদের যোগাযোগ আছে কিনা আমি জানি না।

(গোলমাল)

(সেভারেল কংগ্রেস (ই) মেম্বারস রোজ টু স্পিক)

কি ভাবে তারা এখানে এসে গেট অবরোধ করলো আমি জানতে চাই। আধ ঘন্টা ধরে তারা গেট অবরোধ করে আছে। সেখানে এম এল এ দের পর্যন্ত ঢুকতে দেওয়া হচ্ছে না, বেরুতে দেওয়া হচ্ছে না। মাননীয় মুখ্যমন্ত্রীকে পর্যন্ত বাধা দেওয়া হয়েছে।

শ্রী আব্দুর সাত্তার ঃ- স্যার,যে কথা শ্যামল চক্রবর্তী মহাশয় বলেছেন আমাদের সেটা না বুঝেই বলেছেন। স্যার,এখানে চারিদিকে ১৪৪ ধারা জারি করা আছে। এরা আগেই নোটিশ দিয়েছিল বিধানসভা অবরোধের।

(ভয়েস ঃ-আপনারা ওদের সাপোর্ট করছেন।)

(তুমুল হট্টগোল)

আগে শুনুন আমি কি বলছি। আমি সাপোর্টে বলছি না। আমার কথা না শুনেই চিৎকার করছেন।

(তুমুল হট্টগোল)

স্যার, বিধানসভা অবরোধের নোটিশ আগেই দেওয়া হয়েছিল। আমি জানি না পুলিশ ব্যবস্থা কেমন হয়েছিল ।আজকে অশিক্ষক কর্মচারীরা এখানকার চারিদিকের গেট অবরোধ করেছে। আমি বলছি,পুলিশ তার কর্তব্য নিশ্চয় করতে পারে নি। দ্বিতীয়তঃ আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী দক্ষিণ দিক দিয়ে ঢুকেছিলেন এবং শ্রী যতীন চক্রবর্তী মহাশয় বোধহয় তার সংগে ছিলেন। সেই সময় তিনজন মহিলা তাঁর সামনে শুয়ে পড়েছিল। শ্রীমতী পারুল সরকার,তার গায়ের উপর দিয়ে উনি চলে এসেছেন।

(তুমুল হট্টগোল)

(ভয়েস ঃ-অসত্য কথা)

যারা ১৪৪ ধারা ভঙ্গ করেছে তাদের এ্যারেষ্ট করা হল না কেন?

(তুমুল হট্টগোল)

মিঃ স্পীকার ঃ- Now, Shri Shymal Chakraborty.

(গোলমাল)

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ -মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিরোধী দলের নেতাকে জিজ্ঞাসা করতে চাই যে এটা কাদের মদতে হয়েছে, এটা তাকে বলতে হবে। যারা বিধায়কদের ঢুকতে দেয়নি, বিধানসভা অবরোধ করেছে তাদের শাস্তির দাবী করছি।

(গোলমাল)

(Mr. Bapuli and several other Members of the Cong (I) Party were seen speaking)

Mr. Speaker :- Mr. Bapuli, please sit down. Enough has been said on this. What is this, I am on my leg. Please take your seat. My attention has been drawn on this matter. I have already ordered for investigation. The report is pending. The House will procede on its usual course.

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবংগ বিধানসভা পরিচালনার ক্ষেত্রে আজকে ৮ বছরের মধ্যে এটা একটা দুঃখ জনক এবং নজির বিহীন ঘটনা ঘটলো। কলেজ শিক্ষকরা দীর্ঘদিন ধরে তারা আন্দোলন করে আসছিল এবং গত ২৯শে মার্চ তাদের দাবি সরকারের কাছে রেখেছিল। অথচ তারা আজকে গেটের সামনে যে ভাবে লাঞ্ছিত হল সেটা কল্পনা করা যায়না। কাজেই আমি আপনার কাছে দাবী করছি মুখ্যমন্ত্রী হাউসে এসে বলুন যে গেটের সামনে কি ঘটনা ঘটেছে। আমরা প্রকৃত ঘটনা জানতে চাই যে ওখানে কি ঘটেছে? শোনা যাচ্ছে যে যারা গেটে ছিল তাদের লাঞ্ছিত করা হয়েছে। কাজেই এই সম্পর্কে একটা বিবৃতি মুখ্যমন্ত্রী হাউসে দেবেন, এই দাবী করছি।

(গোলমাল)

(Mr. Bapuli and several other Members of the Cong(I) Party ware seen speaking)

Dr. Zainal Abedin : Sir, on a point of order.

Mr. Speaker : No point of order. There will be no debate on it. Today there are four bills. I want the consent of the House so that we can take up the West Bengal Government Premises (Tenancy Regulation) Amendment) Bill, 1985.

Dr. Zainal Abedin : We do not agree. Our speakers are not prepared.

Mr. Speaker : In that case we shall procede according to the list of business.

Now I request Shri Syed Abul Mansur Habibullah to introduce the Code of Criminal Procedure (West Bengal Third Amendment) Bill, 1985.

[4-10 to 4-20 P.M.]

LEGISLATION

The Code of Criminal Procedure (West Bengal Third Amendment) Bill, 1985

Shri Syed Abdul Mansur Habibullah : Sir, I beg to introduce the Code of Criminal Procedure (West Bengal Third Amendment) Bill, 1985.

(Secretary then read the title of the Bill)

Shri Syed Adul Mansur Habibullah :- Sir, I beg to move that the code of criminal procedure (West Bengal Third Amendment Bill),1985 be taken into consideration. এই বিলটা অতি সামান্য। আমাদের রাজ্যে অন্যান্য রাজ্যের তুলনায় যদিও শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসদের উপর আক্রমণের ঘটনা অপেক্ষাকৃত কম। কিন্তু অন্যান্য রাজ্যে বেশী। এই ব্যাপারে আগেই অন্যান্য রাজ্যে এই সব সংশোধনী এনেছে,অর্থাৎ ক্রিমিন্যাল প্রসিডিয়োর কোডে যেখানে এই শাস্তি বিধানের সংগে বিশেষ ব্যবস্থা আছে বা যেখানে নেই সেখানে জাজ মনে করলে এই ফাইনের ব্যবস্থা করতে পারবেন এবং এই ফাইনের একটা অংশ অন্ততঃ নির্যাতিত ব্যক্তি, তিনি যদি শিডিউলড কাস্ট বা শিডিউল্ড ট্রাইবস হন তাকে দেওয়া যাবে। এই সংশোধনীটা এখানে আনা হয়েছে এতে আমার মনে হয় কোন পক্ষেরই বিতর্কের কোন বিশেষ অবকাশ নেই, সকলে গ্রহণ করবেন।

মি : স্পীকার ঃ- There is motion for circulation of the Bill by Shri Naba Kumar Ray, Shri Ray will now move his motion.

শ্রী নবকুমার রায় :- Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by 31st March, 1986.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের আমাদের সামনে আজকে যে বিল এনেছেন, এই ব্যাপারে তিনি একটা প্রারম্ভিক ভাষণ দিয়েছেন।এই বিলে বিতর্কের কোন অবকাশ নেই। শিডিউলড কাস্ট এবং শিডিউলড ট্রাইবসদের উপর যে অত্যাচার হচ্ছে সেই ব্যাপারে ক্রিমিনাল কোর্টে যে ফাইন ইম্‌পোজ হবে, জাজ তার থেকে কিঞ্চিত অংশ ওদের দিতে পারে.এই প্রস্তাব রেখেছেন। এই বিল গ্রহনের আগে আমাদের একটু আলোচনা করতে হবে। আজকে আমরা দেখতে পাচ্ছি এবং আইনমন্ত্রী জানেন ছোট ছোট আদালতে কি ভাবে বিচার হচ্ছে, আজও বিচার শেষ প্রান্তে এসে পৌঁচেছে কি না - আমি গত পরশুর কথা বলছি, ১১ বছর আগে একটা কেস হয়েছে তার সাবমিট এখনও পর্যান্ত হলো না। শুধু তারিখের পর তারিখ পড়ছে। আমরা জানি কোর্টে প্রসিকিউশান সাইড হিসবে একটা কেস সরকারের কাছে দাখিল করতে হয়। প্রসিকিউশন করা যে সব কেস, তাদের তদ্বির তদারক করার কেউ নেই, তাদের বলা হয় যে দোষ স্বীকার কর, তাহলে জাজ কম ফাইন করবে। হয়তো পাঁচটাকা ফাইন করবে বা এক দিনের জেল হবে। এই সব কেসে প্রসিকিউশন সাইড দোষীকে দোয স্বীকার করিয়ে কনভিকশন খাতায় নাম লিখিয়ে করকারের কাছে দাখিল করে। এ্যাকচুয়ালি আমরা আজ পর্যান্ত এরকম একটাও কেস পাইনি। অত্যাচার হচ্ছে, কিন্তু কনভিকসন কি হচ্ছে? না, কনভিকসান হচ্ছে না। কারণ প্রসিকিউসন সাইডের তৎপরতার অভাব, এই কেস গুলির পুলিশ ইনভেস্টিগেশন করে এবং প্রায় সমস্ত ক্ষেত্রেই দেখা যায় তাদের ইনভেসটিগেসনের মধ্যে আইন-গত ফাঁক রয়েছে।আমরা যখন এ ব্যাপারে পুলিশের কাছে অভিযোগ করি তখন তারা আমাদের বলেন," আপনারা তো বলছেন, কিন্তু আমরা মাত্র চার-জন অফিসার রয়েছি একটা গোটা সাব-ডিভিশনের দায়িত্ব, আমাদের অন্যান্য আইন শৃঙ্খলা রক্ষার দায়িত্ব নিতে হচ্ছে, মন্ত্রী মহাশয়রা রয়েছেন,আসছেন,যাচ্ছেন,তাঁদের দায়িত্ব নিতে হচ্ছে, এই সমস্ত কিছু কাজ করার পরে আমরা ঠিক মত ইনভেষ্টিগেসন করতে পারছি না।" অর্থাৎ তারা শুধু মাত্র ফার্ষ্ট অকারেন্স-এর ইনভেসটিগেসন করে একটা ফরোয়াডিং রিপোর্ট কোর্টে পাঠিয়ে দেয়, তারপরে কোর্ট পৃথক শাস্তি দেবে, কি দেবে না। এটা মাননীয় মন্ত্রী মহাশয় ভালভাবেই জানেন, এর ফলে সুষ্ঠু বিচার হয় না, অপরাধীদের শাস্তি হয় না। এই যেখানে অবস্থা সেখানে এই বিলের মধ্যে দিয়ে কার কতটুকু উপকার হবে, আমি জানি না। আমার মনে হয় না যে কারো উপকার হবে।অবশ্য এ বিষয়ে ইতিপূর্বে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে, আমাদের অনেক ত্রুটি রয়েছে,এর ফলে সুষ্ঠু বিচার পাওয়া যাচ্ছে না, আইনকে সঠিকভাবে প্রয়োগ করা যাচ্ছে না। তারপর আর একটা বড় অসুবিধা হচ্ছে,এই সমস্ত কেসের ইনভেষ্টিগেটিং অফিসার হিসাবে যে পুলিশ অফিসার প্রধান সাক্ষী সে কেস যখন শুরু হলো তখন হয়ত ছিল পশ্চিম দিনাজপুরে তারপরে যখন তাকে সাক্ষ্য দিতে ডাকা হলো তখন সে মেদিনীপুরে ট্রানসফার হয়ে গিয়েছে,ফলে কোনো সাক্ষি নেই। যখন কোর্ট সাক্ষীর নামে ওয়ারেন্ট ইসু করছে তখন বলা হচ্ছে,'অমুক পুলিশ অফিসার চীফ মিনিস্টারের কাছে ডিউটি দিচ্ছে,ফলে তার পক্ষে কোর্টে যাবার সময় হবে না।' এই রকম কেসে আমরা দেখছি এক একজন আই ও দিনের পর দিন সাক্ষী হিসাবে কোর্টে উপস্থিত হন না। প্রথম প্রথম ডেট পড়ে,তারপরে সাক্ষীর অভাবে এই সমস্ত কেস ডিসচার্জড হয়ে যায়। সুতরাং আজকে এই বিলের মধ্যে দিয়ে যে ফেসিলিটিস দেওয়ার কথা বলা হচ্ছে সেই ফেসিলিটিস যাদের উপর অত্যাচার হবে তাদের কাছে কে পৌঁছে দেবে?তাদের সে সমস্ত কেসের কি সুষ্ঠু বিচার আমরা করতে পারব? এই প্রশ্ন আজকে আমাদের মনে দেখা দিচ্ছে। দ্বিতীয় কথা হচ্ছে ফাইন করলেও,ফাইনের অংশ তাদের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হবে কিনা, সে বিষয়ে আমার সন্দেহ আছে। এটা কি করে দেওয়া সম্ভব হবে আমি বুঝতে পারছি না। কারণ মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমাদের আইন মন্ত্রী মহাশয় নিশ্চয়ই অবগত আছেন যে,আমাদের বিচার ব্যবস্থার মধ্যে এবং সাধারণ প্রশাসনের মধ্যে কি পরিমাণ দূর্নীতি রয়েছে।সুতরাং সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইব কমিউনিটির মানুষ যখন ভিক্টিম হবে এবং যখন তারা থানায় এজাহার দিতে যাবে তখন তাদের এজাহার কি ঠিক মত নেওয়া হবে ? আমাদের অভিজ্ঞতা হচ্ছে,বর্তমানে তা হচ্ছে না। এ ক্ষেত্রে আমি কুশমন্ডি থানার একটা উদাহরণ দেখাচ্ছি। থানায় কেস হয়েছে, মার্ডার কেস হয়েছে ৩০৪ ধারায় -হসপিটালে নিয়ে যাবার সময়ে রাস্তাতেই মারা গেছে-কিন্তু আই ও কোর্টে কেস দিয়েছে ৩২৩ ধারায়। মারা যাওয়া সত্বেও কুশমন্ডি থানার দারোগাবাবু একটা বিরাট অংশ খেয়ে ৩০৪ ধারায় রিপোর্ট দিলেন না, তিনি ৩২৩ ধারায় রিপোর্ট কোর্টের কাছে জমা দিলেন। ৩২৩ ধারায় এ্যাসল্ট হয়েছে বলে রিপোর্ট সাবমিট করল। আসামী কোর্টে সারেন্ডার করল এবং বিনা বাধায় জামিন পেয়েগেল। তারপরে এক মাস পরে কুশমন্ডি থানার ও সি আই ও হিসাবে ৩০৪ এ একটা পোষ্টমর্টেম রিপোর্ট দাখিল করল। যাদের উপকারের জন্য আজকে এই বিল নিয়ে আসা হয়েছে তাদের উপকারে এই বিল আইনের ঐ সমস্ত ফাঁকানো থাকার ফলে কতটুকু কাজে লাগবে, সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। আমি মনে করি তাদের কোনো উপকারেই এই বিল আসবে না। তারপরে আজকে সরকারী দলের প্রতি প্রশাসনের যে খানিকটা পক্ষপাতিত্ব আছে, এটা আজকে কেউ নিশ্চয়ই অস্বীকার করতে পারবেন না। কারণ প্রশাসকদের চাকরীর প্রশ্ন রয়েছে, তারা ভাবে যারা সরকারে রয়েছেন তাঁদের দু' একটা কথা মানতেই হয়। থানায় গেলে পরে পুলিশ অফিসাররা আমাদের কাছে তা স্বীকার করেন। আমি একটা ঘটনায় হেমতাবাদ থানায় গিয়েছিলাম এজাহারের সময়ে। একজন সিডিউলড ট্রাইবস এর বাড়িতে ডাকাতি হয়েছিল আমাকে থানার অফিসার বলেছিল "এম এল এ সাহেব, আপনি আপনার লোককে বসিয়ে রেখে যান,তার কাছ থেকে আমরা এজাহার নেব।" আমি সে মত সেখানে থেকে চলে আসি। তারপরে আমি বাড়ি এসে শুনলাম সেখানে যার বাড়িতে ডাকাতি হয়েছিল তাকে থানার ঐ অফিসার বলেছিল, "ডাকাতির এজাহার হবে না, চুরির এজাহার দিতে হবে।" দেখুন অবস্থা! হলো তার বাড়িতে ডাকাতি কিন্তু তাকে চুরির এজাহার দিতে হবে। যেখানে পুলিশ প্রশাসনের এই অবস্থা সেখানে এই বিল কতটুকু কাজে লাগবে। অতএব এ ক্ষেত্রে পুলিশের ভূমিকা দেখারও দরকার আছে এবং তা যদি দেখা সম্ভব হয় তাহলে নিঃসন্দেহে এই বিল কিছু মানুষের উপকারে লাগবে। তবে একটা অসুবিধা থেকেই যাচ্ছে। এই বিলের ক্ষেত্রে শুধু মাত্র ঐ দুটি শ্রেণীর কথা না বললেই ভাল হত, যারা ইকনমিক্যালি ডেভালপড় নয়, কাষ্ঠ হিন্দু এবং মুসলমান ভাইয়ের মধ্যে যারা ইকনমিক্যালি ব্যাকয়ার্ড তাদেরও এর অন্তর্ভুক্ত করলে ভাল হত। অর্থাৎ সমস্ত কাস্টের যে সমস্ত মানুষের অর্থনৈতিক সংগতি কম তাদের সকলের জন্যই এটা প্রয়োজন হওয়া উচিত ছিল। বিভিন্ন কাস্টের যে সমস্ত দরিদ্র মানুষ আছে, যারা দিন-মজুরী করে, যাদের জমি নেই তাদের ওপর অত্যাচার হলে তারা এই বিলের সুযোগ পাবে। এই ব্যবস্থা করা উচিত। কিন্তু এই বিলটি শুধু মাত্র সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইবসদের জন্য আনা হয়েছে, কিন্তু এই বিলের মধ্যে সমস্ত শ্রেণী এবং বর্ণের দরিদ্র মানুষকে অন্তর্ভুক্ত করে তাদের উপর যখন অত্যাচার হবে তখন সেক্ষেত্রে এই বিলকে প্রয়োগ করা হলে এটা সর্বাঙ্গ সুন্দর হত। তাহলে আমরা বলতে পারতাম যে, আমরা কোনো একটা কমিউনিটিকে সেপারেট করতে চাই না।

[4-20 to 4-30 P.M.]

আর একটা জিনিস মনে হচ্ছে সিডিউল কাস্ট এ্যান্ড সিডিউল ট্রাইব কমিউনিটিদের পড়াশুনা ব্যাপারে তাদের কিছু অসুবিধা রয়েছে আইনের ব্যাপারে। এদের জন্য সেপারেট সুবিধা দিলে ভালভাবে পড়াশুনার অবকাশ হতে পারে। এইরকম যারা ইকনমিক্যালি ব্যাকওয়ার্ড কাষ্ট হিন্দু মুসলমান তাদেরও সুযোগ দেওয়া উচিৎ।

পক্ষান্তরে কাষ্ট হিন্দু মুসলমান যারা অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে রয়েছে যাদের কেস পরিচালনা করার ক্ষেত্রে আর্থিক সঙ্গতি নেই তাদের যদি সাহায্য করা যেত তাহলে এই বিলটি সর্বাঙ্গ সুন্দর হতো। তারচেয়েও বড় কথা হচ্ছে প্রয়োগ বিধি আমি কোর্টে আজ ১২ বছর ধরে প্রাকটিশ করছি আমি দেখেছি সিডিউল কাষ্ট সিডিউল ট্রাইব কমিউনিটিসদের কনভিকসন কেস একটাও দেখিনি অর্থাৎ একটা কেসও ডেভেলপ করেনি। কোর্টে কনভিকসন হয়েছে। এইরকম একটাও কেস হয়নি। পুলিশ অফিসার বা আই.ও সাক্ষীকে সাজিয়ে নিয়ে এসে কিম্বা তাকে শিখিয়েপড়িয়ে এবং পাবলিক প্রসিকিউটারকে শিখিয়ে কোর্টে কনভিকসন করা এটা হয়ে ওঠেনি। এইদিকটা মাননীয় মন্ত্রী মহাশয় অন্যভাবে চিন্তা ভাবনা করুন। যেমন লিগ্যাল এইড নিয়ে চিন্তা-ভাবনা করছেন। আজকে সারা পশ্চিমবাংলায় লিগ্যাল এইড এস.সি এ্যান্ড এস.টি কমিউনিটিস. কাষ্ট হিন্দু অর্থাৎ সমাজের ব্যাকওয়ার্ড শ্রেণীকে দিয়ে থাকি। সাব-ডিভিশনাল কোর্টে লিগ্যাল এইড ফ্রি করা হয়েছে। কিন্তু পদ্ধতিটি এমন পেঁচালো করা হয়েছে যে একজন সাধারণ গরীব মানুষের উপকার হতে পারে না। আমার মনে হয় কিছু উকিলের উপকার হতে পারে কিন্তু সাধারণ মানুষের উপকার হতে পারে না। ধরুন একটা গরীব মানুষকে তাকে অন্যায় ভাবে হোক, প্ররোচনা করেই হোক কিম্বা কিছু মানুষ ষড়যন্ত্র করে থানায় নিয়ে এসে পরে তাকে কোর্টে চালান করে দেওয়া হল। কিন্তু সেই ব্যক্তি লিগ্যাল এইড পাচ্ছে না। কারণ তাকে জামিন মুভ করতে হবে এবং এই জামিন মুভ করার ক্ষেত্রে লিগ্যাল এইডের প্রশ্ন নেই। এরজন্য তাকে উকিল দিতে হবে। তার যদি পয়সা না থাকে তাকে গয়না বিক্রি করে হোক কিম্বা তার স্ত্রীকে বন্ধক রেখে হোক জামিনের খরচা যোগাড় করতে হবে। জামিন নিয়ে বেরিয়ে এলে পর তারপর লিগ্যাল এইডের জন্য দরখাস্ত করতে হবে এস.ডি.ওর কাছে। সুতরাং এর আগেই তার সব খরচা হয়ে গেল। এরপর এস.ডি.ও বোর্ড বসালেন, সেখানে আলোচনা হল যে অমুক একজন লিগ্যাল এইডের জন্য পিটিশান দিয়েছে তাকে সাহায্য করা যাবে কিনা। তারপর সেই বোর্ড ডিসিসান নিল কোন উকিলের লিগ্যাল এইডের কেস দেবে। এইভাবে ১ সপ্তাহ কেটে গেল। তারপর ফাইনাল হল, লিগ্যাল এইডের অর্ডার বার হল। প্রসিকিউটারের কাছে তখন লিগ্যাল এইডের পারমিশান এল। সেইজন্য বলছি, লিগ্যাল এইডের প্রসেস খুবই খারাপ। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়কে বলেছিলাম অন্যরকম করুন। একটা ক্রিমিন্যাল সাইড আর একটি সিভিল সাইড। মীমাংসার মাধ্যমে লিগ্যাল এইড কোন কিছু করতে পারে কিনা যেটা কে কোর্টে নিয়ে আসা যায় সেটা দেখা দরকার। এটা করলে গরীব মানুষের উপকার আসবে। আমি বলেছিলাম সত্যিকার লিগ্যাল এইড যদি দিতে চান সাধারণ মানুষকে আইন সম্বন্ধে আমার যা অভিজ্ঞতা হয়েছে তাতে করে নতুন কিছু থিয়োরী ইমপোজ করে কিছু করুন। আমার মতে, একজন গরীব আসামীকে অন্যায় অভিযোগে কিম্বা ষড়যন্ত্র করে যে থানায় নিয়ে আসা হল সেই থানার পুলিশ অফিসারের কাছে লিগ্যাল এইড প্রেয়ারের ক্ষমতা দেওয়া হোক। তার কাছে লিগ্যাল এইডের জন্য প্রর্থনা করবে। সেই অফিসার সেটা ফরওয়ার্ডিং করে লিগ্যাল এইডের পারমিসান নেবে এবং উকিল নিয়োগের সার্টিফিকেট দেবে। সেই উকিল সঙ্গে সঙ্গে কেসটা ধরতে পারছেন এবং সঙ্গে সঙ্গে জামিন দিয়ে বের করে দিতে পারছেন। বিনা পয়সায় জামিন দিয়ে এক্ষেত্রে বের করে দেওয়া হচ্ছে। এই কিছুদিন আগে একজন গরীব চাষীর এগেনস্টে মিথ্যা অভিযোগ দায়ের করে থানায় এ্যারেষ্ট করে নিয়ে এসেছিল। তার একটি গাই গরু ছিল, যার দাম দুই হাজার টাকা সেটিকে আড়াই'শ টাকায় বিক্রি করেছে ওর বউ। সে ভেবেছে স্বামী যদি জেলে থাকে, তাহলে গরু দিয়ে কি হবে? আগে স্বামী দরকার-এটাই সে ভেবেছে। যে গরু ৪ কেজি দুধ দেয় তাকে আড়াই'শ টাকায় বিক্রি করে স্বামীর সঙ্গে কোর্টে গিয়ে জামিন দিয়ে তাকে নিয়ে যায়। কিন্তু দেখা গেল যে, আটাশউনত্রিশ দিন পর পুলিশ ফাইনাল রিপোর্ট দিয়ে দিল। পুলিশের ফাইনাল রিপোর্ট দেবার অধিকার রয়েছে। কিন্তু সেই গরীব মানুষটা এক্ষেত্রে লিগ্যাল এডের কোন সাহায্য পেল না। কিন্তু যারা এই লিগ্যাল এড প্রসেস নিজের মত করে তৈরী করতে পারে, তারাই এই সাহায্য পেতে পারে। হয়ত আমি একজন উকিল, আমি একজনকে বললাম যে, দুই-একটি কেস নিয়ে আয়। আমি, যেহেতু একজন লিগ্যাল এড উকিল বলে সার্টিফিকেট পেয়ে গেছি, সেহেতু আমি নিজে কিছু মক্কেল তৈরী করছি- মিথ্যা কেস হোক বা সত্য কেসই হোক। সেই কেস নিয়ে এসে কোর্টে পিটিশন দায়ের করছি এবং সেটা ড্রিল করছি। কাজেই যে লিগ্যাল এড উকিল গরীবদের সাহায্যের জন্য দেওয়া হচ্ছে এবং যে সার্টিফিকেট পেয়ে প্যানেলে রয়েছে- সেই উকিল নিজের উপার্জনের জন্য কেস তৈরী করছে। আমি রায়গঞ্জ কোর্টের লিগ্যাল এড উকিলদের ক্ষেত্রেও দেখেছি। এটা চলতে পারেনা। যে গরীব মানুষটা বিপদে পড়ে গেছে তার যেন সর্বনাশ না হয়, মিথ্যা অভিযোগে তাকে যেন ঘরবাড়ী বিক্রি করতে না হয়, সেটা দেখার প্রয়োজন আছে, আমি মন্ত্রী মহাশয়কে বলেছিলাম, আমি আপনার ছেলের বয়সী; এই প্রসেস যদি নিতেন তাহলে মানুষের উপকার করা যেতো। লিগ্যাল এড- এর ব্যাপারে আমি একটি অভিযোগ করছি, আপনি চেঁচিয়ে উঠবেন না। আপনারা লিগ্যাল এড প্রসেস যা করেছেন, তাতে নিজস্ব কিছু লইয়ারকে চয়েজ করে নিচ্ছেন প্যানেল লইয়ার হিসাবে। আমাদের রায়গঞ্জ কোর্টেও দেখা গেছে যে, যারা প্যানেল ল-ইয়ার তারা আপনাদের সমর্থন করেন বলেই যোগ্যতা বিচার না করেই তাদের চয়েজ করেছেন। দেখা যাচ্ছে যে, তাদের কোন যোগ্যতা নেই। কারণ তিন বছর আগে তারা কলকাতা থেকে পাশ করে গেছেন এবং তাদেরকে আপনারা লিগ্যাল এড ল-ইয়ার করে নিয়েছেন। কাজেই যখন কেস ট্রায়ালে উঠবে, তারা কিছুই করতে পারবে না। টাইটেল স্যুট কি- সে জানে না, ৩০৪ ধারার কেস কি সে জানে না। এইসব ল-ইয়ারকে দিয়ে আপনারা গরীব মানুষের উপকার করতে চাইছেন। এটা তো হতে পারেনা। এমন একজন উকিল দিলেন, যে কিনা সদ্য পাশ করে গেছে বলে আইনের কিছুই বোঝেনা। কাজেই সে যদি কেস ডিল করেন, তাহলে তো মিথ্যা মামলাতেও কারো কনভিকশন হয়ে যেতে পারে! কাজেই এটা চলতে পারে না। আপনাদের তৈরী করা এ্যাক্টে যদি দায়িত্ব দিতেন যে রায়গঞ্জ কোর্টে যে 'বার' রয়েছে সেই 'বার' সিলেকশন করে দেবে ক্রিমিন্যাল এবং সিভিলে কে কে লিগ্যাল এড লইয়ার হবেন। কাজেই যে বিলটা এনেছেন- সেটা একটু ব্রড সেন্সে চিন্তা-ভাবনা করলে ভাল হোত। অবশ্য আপনার আনা বিলের বিরোধিতা করার কিছু নেই, কারণ সেন্ট্রাল গভর্ণমেন্টের সংসদে এটা অলরেডি পাস হয়ে গেছে। কিন্তু আমরা বিলটা সেখানে পাস করেছি- যাতে গরীব মানুষ আইনের সাহায্য পেতে পারে তারজন্য। আপনাদের ডিপার্টমেন্ট রয়েছে, প্রশাসন রয়েছে। কাজেই, 'এ ব্যাপারে দৃষ্টি রাখুন' কথাটা তাঁদের ডিরেকশন দিয়ে বলতে হবে। অবশ্য আপনাদের আইনের শাসনের নমুনা কিছুক্ষণ আগেই দেখতে পেলাম। বিধানসভায় এম.এল.এরা ঢুকতে পারছেন না, কারণ চারিদিকে পুলিশ ব্যারিকেড হয়ে রয়েছে। যেখানে ১৪৪ ধারা রয়েছে, চিফ মিনিষ্টার রয়েছেন, ল' মিনিস্টার রয়েছেন, মিঃ স্পীকার রয়েছেন-সেখানেই যখন আইনের শাসন থাকেনা, অন্যত্র আমরা আইনের বিচার পাবো কি করে? পরিশেষে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, তাকে সমর্থন করে আমরা বক্তব্য শেষ করছি।

শ্রী দীনেশ চন্দ্র ডাকুয়া ঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিলটা মাননীয় মন্ত্রী মহাশয় পেশ করেছেন, এতে যদি কোন মামলা হয়ে শাস্তি হয়, তাতে কখনও কখনও কোন কোন ক্ষেত্রে ফাইনও হতে পারে, কিন্তু সেক্ষেত্রে যদি ফাইন হয়ে কোন সিডিউল্ড কাষ্ট নির্যাতিত হন, তাঁকে ঐ ফাইন থেকে ক্ষতিপূরণ দেওয়াটা আবশ্যিক করা হয়েছে। দুই নম্বর হচ্ছে- কোন কোন ক্ষেত্রে যদি শাস্তি হয়ও, কিন্তু সাজার মধ্যে কোন জরিমানা থাকবেনা।

[4.30.-4.40 P. M.]

সেই ক্ষেত্রে বলা হল নির্যাতিত পক্ষ যদি সিডিউল কাষ্ট কিংবা সিডউইল ট্রাইব হয় তাহলে সাজার মধ্যে জরিমানা নাও থাকতে পারে। আবার নির্যাতিত পক্ষ যদি সিডিউল কাষ্ট হয় তাহলে তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে। সেই ক্ষতিপূরণ কে দেবে এই ছোট কথাটা আইনের মধ্যে আছে। এর বিরোধীতা করার কিছু নেই,

অবশ্য বিরোধি পক্ষ এই বিলের বিরোধীতা করেন নি, কেন এই বিষয়ে আজকে পশ্চিমবাংলার বিধানসভায় এই বিল এসেছে আমি মনে করি এটা একটা আলোচনার বিষয়। বিলের বডিতে কিছু নেই, যেটা আছে সেটা প্রিয়ামবেলের মধ্যেই আছে। প্রিয়ামবেলের স্টেটমেন্ট অফ অবজেক্ট এ্যান্ড রিজিনস-এ আছে কেন এই বিল আনা হয়েছে। সেখানে বলা আছে the fact that the members of the seheduled castes and sheduled Tribes are generally very poor and frequenty Victims of the atrocities perpetrated on them by the persons belonging to higher castes. আজকে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন আইনের এই সংশোধনী ব্যাপারটা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে হয়ে গেছে। এটা গোটা ভারতবর্ষের ব্যাপার, পশ্চিমবাংলার আলাদা কোন ব্যাপার নয়। গোটা ভারতবর্ষের পিকচার কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেই পিকচারের একটা ছবি এখানে ফুটে উঠেছে। এই স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজিনস-এর একটা লাইনে সেটা ফুটে উঠেছে। সারা ভারতবর্ষে উচ্চ সম্প্রদায়ের লোক নিম্ন সম্প্রদায়ের উপর, উচ্চ বর্ণের মানুষ নিম্ন বর্ণের মানুষের উপর নির্যাতন চালিয়ে যাচ্ছে। এই ঘটনাটা আজকে বিধানসভায় এই ভাবে এসেছে, ভারতবর্ষের অন্যান্য বিধানসভায় এর আগে এসেছে। এটা ভারতবর্ষের একটা জাতীয় ঘটনা। এখানে এই সংশোধনী আনার অন্য কোন বিষয় কিছু নেই, বেদনার সঙ্গে লক্ষ্য করতে হচ্ছে, আজ ৩৮ বছর হলো ভারতবর্ষ স্বাধীন হয়েছে, ৪ দশক হয়ে গেল এতো দিনেও সিডিউইল কাষ্টদের এই অবস্থা। যে ব্যবস্থা হয়েছে এটা নতুন নয়, গোড়া থেকেই এটা চলে আসছে। ১৯৫০ সালে যখন সংবিধান রচনা হয় তখন সংবিধানের মধ্যে সিডিউইল কাষ্টদের জন্য কিছু স্পেসাল ডোজ করা হয়েছে। বইএ যদি দেখা যায় তাহলে এই কথা খোঁজে পাওয়া যাবে। ভারতবর্ষের মধ্যে যে কোন কারণেই হোক, যে কোন ঐতিহাসিক কারণেই হোক জাত-পাতের একটা ব্যাপার এসে গেছে। কিছু কিছু সম্প্রদায় সমাজে হীন হয়ে বসে আছে, এই অংশ কে তোলবার জন্য ভারত সরকার ১০ বছর সময় নিয়েছিলেন। ১০ বছরের মধ্যে তাদের সাহায্য দিয়ে মেক আপ করে উন্নত নাগরিক করে দেওয়া হবে, প্রথমে এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। ১০ বছর চলে গেছ, সেনসাস হয়েছে, তাতে দেখা গেছে গ্রামে তারা হীন থেকে হীনতর হয়েছে, একটুও তারা এগোয় নি। এই ভাবে ১০ বছর ১০ বছর চলতে চলতে ৩৮ বছরে এসে গেছি, তাদের কোন উন্নতি হয় নি। তারা কয়েকটা টাকা ক্ষতিপূরণ পাবে এটা বড় কথা নয়,এখানে ভারতবর্ষের একটা বাস্তব ছবি ফুটে উঠেছে। গোটা ভারতবর্ষের কংগ্রেস সরকার ৩৮ বছর ধরে শাসন চালাচ্ছে সেই জন্য এখনও পর্যন্ত উচ্চ বর্ণের মানুষেরা নিম্ন বর্ণের মানুষের উপর নির্যাতন চালিয়ে যাচ্ছে। সিডিউইল কাষ্টদের অত্যাচারের দু একটা ঘটনা উল্লেখ করে কোন লাভ নেই। তারা যে নির্যাতিত হচ্ছে সেই সংবাদ আমরা পাচ্ছি। সেই সংবাদ আমরা পশ্চিংবাংলা থেকে পাচ্ছি না, সেই সংবাদ পাচ্ছি বিহার থেকে, উত্তরপ্রদেশ থেকে এবং মধ্যপ্রদেশ থেকে। প্রশ্ন হচ্ছে ভারত সরকার যে সামাজিক পার্থক্য রেখে দিয়েছে, ধর্ম বৈষম্য, অমুক বৈষম্য, তমুক বৈষমা এই পুঁজিবাদী সরকার তার সুষ্ঠ সমাধান করত পারবে না এটা আমরা জানি। কোন সমাজতান্ত্রিক বিপ্লব ছাড়া কোনদিন এর সমাধান হয় না, মানুষে মানুষে যে অসমতা আছে তা দূর করা যায় না। অসমান হয়ত থেকে যাবে, কিন্তু যেটুক দায়িত্ব তাঁরা নিয়েছিলেন ১৯৫০ সালে সংবিধান প্রণেতারা -১০ বছর সময়ের মধ্যে সিডিউল্ড কাষ্ট সম্প্রদায়ের মানুষদের অবস্থাকে ডেভালাপ করবেন অন্তত এ্যাট পার উইথ আদার্স ঐ সময়ের মধ্যে করা যাবে, তা কি আজও সম্ভব হয়েছে? সমস্ত কৃষকই গরীব, একথা ঠিকই। কিন্তু সিডিউল্ড কাষ্ট সম্প্রদায়ের মানুষ আরও বেশী গরীব, বিশেষ করে অন্য সম্প্রদায়ের কৃষকদের চাইতে তুলনামূলক ভাবে তারা বেশী গরীব। এই সম্প্রদায়গত যে ক্লাস এখনও সমাজের বুকে রয়েছে, যে হীনমন্যতা এখনও রয়েছ তা যেন না থাকে এবং তা ক্রমান্বয়ে সমাজের বুক থেকে দূর হয়ে যাবে, এই প্রতিশ্রুতি ঐ সংবিধান প্রণেতারা সেদিন দিয়েছিলেন। ভারতবর্ষের বুকে যাঁরা শাসনকার্য চালাচেছন, তাঁদের বেশীর ভাগই- এটা দুর্ভাগাই বলতে হচ্ছে- হচ্ছেন ধনিক সম্প্রদায় ভুক্ত। অর্থাৎ সমাজের নির্ধন ব্যক্তি, যাঁরা সমাজের নীচের তলায় পড়ে আছেন- ঘটনাচক্রে সিডিউল্ড সম্প্রদায় থেকে জগজ্জীবন রাম উচ্চ শিখরে উঠেছেন- তাঁদের বেশীর ভাগই হচ্ছে এই সিডিউল্ড কাষ্ট সম্প্রদায়ভুক্ত মানুষ। কিন্তু প্রশ্নটা হচ্ছে সেই সমস্ত মানুষদের নিয়ে যাঁরা হাড়ি মুচি, কামার, কুমোর ও কৃষিজ বৃত্তিতে আছেন, তাঁরা প্রায় সকলেই এই সম্প্রদায় ভুক্ত। এই সকল মানুষদের ১০ বছরের বিশেষ কনসেসানের ব্যবস্থা ও সুযোগ দিয়ে কতদূর এগিয়ে নিতে পেরেছেন? যদি বুঝতাম যে সংবিধান প্রণেতারা ঐ সমস্ত সুযোগ দিয়ে কিছু করতে পেরেছেন, তাহলে তার ছবি আমরা দেখতে পেতাম। তাঁরা বলছেন কিছু সুযোগ-সুবিধা টাকাকড়ি সাহায্য দিয়ে দেওয়া হয়েছে। ভারতবর্ষ আজ ৩৮ বছর স্বাধীনতা লাভ করেছে, অন্যান্য অঙ্গরাজ্যগুলিতে ইতিমধ্যে হয়ে গিয়েছে এবং এখন এই পশ্চিমবঙ্গে আমাদের বলতে হচ্ছে যে, ঐ সম্প্রদায়ের মানুষদের যাতে উচ্চবর্ণের মানুষের দ্বারা নির্যাতনের সম্মুখীন হতে না হয়, তার রক্ষা কবচ হিসাবে এই আইন অত্যন্ত জরুরী। এখানে লেখা হয়েছে ইট ইজ একসপিডিয়েন্ট এবং সেজনাই বিশেষ প্রয়োজন হয়ে পড়েছে। সিডিউল্ড কাষ্ট, সিডউল্ড ট্রাইব সম্প্রদায়ের মানুষদের এইজনা বিশেষ কনসেসানের ব্যবস্থা করা প্রয়োজন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই জায়গাটার প্রতি বিশেষ ভাবে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আইনের একটা বিশেষ ব্যবস্থা, একটা সংশোধন হওয়ার পর যে ব্যবস্থা হতে চলেছে, তার সুযোগ-সুবিধা এই সম্প্রদায়ের মানুষরা পাবে। ভারতবর্ষের বুকে যারা নীচতলার মানুষ বলে চিহ্নিত, তাদের এই সুযোগ-সুবিধা দেওয়া নিশ্চয়ই দরকার। কিন্তু সঙ্গে সঙ্গে আমি একথা বলতে চাই যে, এই সমস্ত স্পেসাল ডোজ বা মামলা-মোকর্দ্দমার জন্য কিছু টাকা-পয়সা দিয়ে নির্যাতন বন্ধ করা যাবে কি? ঐ নির্যাতনেরজন্য তাদের মামলা-মোকর্দ্দমার জন্য কিছু টাকা ব্যয় করে এবং তার রায় বের করে কিছু ক্ষতিপূরণের ব্যবস্থা করে দিলেই কি সিডউল্ডকাষ্ট সম্প্রাদায়ের মানুষদের বিশেষ উপকার করা হবে। আমার তো মনে হয়, এর দ্বারা তাদের বিশেষ উপকার সাধিত হবে না। গোটা ভারতবর্ষের বুকে সিডিউল্ডকাষ্ট সম্প্রদায়ের মানুষকে যাতে এ্যাট পার উইথ আর্দাস করা যায়, এই রকম প্রতিশ্রুতি, এই রকম রক্ষা ব্যবস্থার প্রয়োজন যাতে আর না থাকে, তার ব্যবস্থা করা প্রয়োজন। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি ভারতবর্ষে এই রকম কোন জাতীয় নীতি বা এই বা রকম কোন ব্যবস্থা নেই। এই রকম কোন ব্যবস্থা কোথাও দেখা যায় না যাতে এই দুর্বল সমাজের মানুষকে এ্যাট পার উইথ বলে গণা করা যায়। এখনও পর্যন্ত যে প্রচেষ্টা চলেছে, তাতে অন্তত ঐই রকম কিছু দেখা যায় না। এই জন্য মাননীয় মন্ত্রীমহাশয় এখানে যে সংশোধনীটি এনেছেন, তাকে সম্পূর্ণরূপে সমর্থন করছি। মন্ত্রী মহাশয়কেআমি এই প্রয়াসের জন্য অভিনন্দন জানাচ্ছি। সঙ্গে সঙ্গে আমি জিজ্ঞাসা করি, এই এ্যাটরোসিটিস কি চলতে থাকবে? গোটা ভারতবর্ষের বুকে শাসকশ্রেনী এটা বজায় রাখবে। ভারতবর্ষে একাংশে লোকের সাথে অপর অংশের লোকেদের উপরে নির্যাতন অবাধে তারা হতে দেবে। ১৯৫০ সালে তারা যে প্রতিশ্রুতি দিয়েছিল, তাদের প্রদত্ত সেই প্রতিশ্রুতি এ্যাট পার উইথ আদার্স কর্তদিনে পালন করবে? এই সমস্ত দিক বিবেচনা করে আমি মন্ত্রী মহাশয় কর্তৃক আনীত এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অনিল মুখার্জী :- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলকে সমর্থন করতে গিয়ে দু-একটি কথা বলতে চাই। বিরোধি দলের সদস্যারা সমর্থন করেছেন ঠিকই, কিন্তু সমর্থন করার সময়ে উনি ক্রিমিন্যাল প্রসিডিওর'এর আলোচনা করছেন, না, লিগ্যাল এ্যাড্'এর উপরে আলোচনা করছেন, তা আমি বুঝতে পারলাম না।

[4.40-4.50 P. M.]

শেষ কথাটি হচ্ছে লিগ্যাল এ্যাডের কথা, সেখানে ল-ইয়ার এপয়েন্টমেন্টের ক্ষেত্রে প্যানেল কিভাবে করা হবে এবং এই প্যানেল লিগ্যাল এ্যাড কাদের কাদের

করা হবে সেটা কিন্তু পরিষ্কার নেই। উনি জানেন যে ইউনিয়ন গভর্ণমেন্টে যে প্যানেল করেন সেই প্যানেলে তাদের পার্টির লোকেদের নিয়েই করেন বাইরের লোকদের করে না। ইউনিয়ন গভর্ণমেন্ট যে কমিটেড জজ এ্যাপোয়েন্টমেন্ট করছেন তার পার্টির লোকেদের দেখে দেখে করছেন। এখানে বামফ্রন্ট সরকারের যে নীতি সেই নিয়ম মানা হচ্ছে না।

শ্রী সত্য রঞ্জন বাপুলী :- অন এ পয়েন্ট এফ অর্ডার স্যার......

মিঃ ডেপুটি স্পীকার :- অনিল বাবুর বলার পরে আপনার পয়েন্ট অফ অর্ডার শুনবো আপনি আগে ওনাকে বলতে দিন। তারপরে আপনার কথা শুনবো।

শ্রী অনিল মুখার্জী :- অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে দিল্লী থেকে যে বিচারক নিয়োগ করা হয় তা বেছে বেছে পার্টির লোক দেখে, কংগ্রেসী দলের লোক বেছে বেছে জজ করা হয়। সুতরাং এই ধরণের কাজ হচ্ছে এটা মারাত্মক ঘটনা, আজকে ভারতবর্ষের বিচারব্যবস্থা এই ভাবে চলছে। আজকে একজিকিউটিভ জুডিসিয়ারি ট্রান্সফার করবে। সুপ্রিম কোর্ট হাই কোর্টে জজদের ট্রান্সফার করবে না। সেখানে ট্রান্সফার করবে কে-না একজিকিউটিভ, অর্থাৎ একজিকিউটিভই ট্রান্সফার করাবে। সুতরাং একজিকিউটিভের হাতে জুডিসিয়াল পাওয়ার ভেস্টেড হয়েছে। এটা একটা মারাত্মক ঘটনা, স্বৈরতান্ত্রিক ঘটনা আজকে দেশের অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। সেই অরাজকতা কোথায় হচ্ছে না খোদ দিল্লীতে। আমরা জানি এখানে লেজিসলেচারদের বিচার ব্যবস্থা আলোচনা করবার এক্তিয়ার নেই। আমি তুলতে চাই নি তবে মাননীয় বিরোধী সদস্য তুলেছেন বলেই লেজিসলেটারস হিসাবে এর উত্তর দিতে হচ্ছে। তারপর বিরোধী পক্ষের সদস্য বললেন যে ছোট ছোট আদালতগুলিতে কিভাবে বিচার হচ্ছে। এরজন্য মাননীয় মন্ত্রীমহাশয় কি করবেন, তার তো করার কিছু নেই। লেজিসলেচারের এই বিষয়ে বলার কোন এক্তিয়ার নেই একজিকিউটিভ হচ্ছে সর্বেসর্বা, বিচার ব্যবস্থাটাই একেবারে স্বয়ংসম্পূর্ণ এবং স্বাধীন সেখানে জজ ট্রান্সফার বা জজ নিয়োগ সব কিছুর কর্তা হচ্ছে একজিকিউটিভ। এ্যাডমিনিস্ট্রেশান অফ জাসটিস হাইকোর্টের কিছুটা আছে এবং এ্যাডমিনিস্ট্রেশান অফ জাসটিসে এ্যাডমিনিস্টার করে হাইকোর্ট স্টেট অফ ওয়েষ্ট বেঙ্গলে। এটা মাননীয় বিরোধী সদস্যরা ভালো করেই জানেন। বর্তমান বিচার ব্যবস্থা এবং পদ্ধতি কোথায় দাড়াচ্ছে সেদিন টি.ভি তেই দেখানো হল। মাননীয় বিরোধী সদস্য একটা ঘটনার কথা বলে বললেন যে ট্রেনে ডাকাতি হলে এভিডেন্স পাওয়া যায় না। আইও তে যে পুলেশের ত্রুটি আছে সেটা ঠিকই কিন্তু অনেক সময়ে ইনভেস্টিগেশান করার সময়ে দেখা যায় যে ১০ জন লোক ১০ জায়গা থেকে এসেছে এবং পরবর্তী সময়ে আবার সেখানে ইনভেস্টিগেশান করতে গেলে দেখা যায় সেই সব লোকদের এ্যাডরেসই আর খুঁজে পাওয়া যাচ্ছে না। এরফলে অনেক এভিডেন্স লোপাট হয়ে যায়। সুতরাং আমরা দেখেছি এইসব অসুবিধা গুলি আছে। তারপরে মাননীয় সদস্য বললেন যে ৩০৪ ধারা ৩২৩ ধারা হল ইত্যাদি। এই ধারার কথা বলা এখানে উচিৎ নয় কিন্তু উনি বলছেন বলে বলছি এবং সেইজন্য আমাকে এইসব অবতারণা করতে হল। এই ধারায় যেমন কনভারসান অফ দ্যাট চার্জ দিলে পরবর্তী সময়ে একথা মাননীয় সদস্য ওকালতি করেন ভালো করেই জানেন যে কনভারসন অফ দ্যাট চার্জ পাওয়া যেতে পারে, ৩০৪ ধারা থেকে পরবর্তী সময়ে ৩২৩ ধারা হয়ে যায়, সুতরাং পার্লামেন্ট সেটা হয়ে যায়। সুতরাং এটা কনভারসান অফ ৩২৩ দিল, ৩০২ তে দিল না, ৩০৪-এ হল না। এই কনভারসান জজ করতে পারেন। সিডিউল কাষ্টদের ক্ষতিপূরণের যে প্রাভসান মন্ত্রী মহাশয় তাঁর এমেন্ডমেন্টের মধ্যে দিয়ে নিয়ে এসেছেন তাকে সমর্থন করে আমি শেষ করছি।

Dr. Zainal Abedin :-Sir, I rise on point of order. Mr. Deputy Speaker, Sir, I invite your attention to article 211 of the constituion of india and request you to please go through the article 211. The honourable member representing onda in Bankura district. He has mentioned and cast aspersion on the appointment and the functioning of the Judges of the High Court and the Supreme Court Sir, there is a clear restriction. Please read Article 211. It runs as follows: Restriction on discussion in the Legislature-No discussion shall. "I repeat shall" take place in the legislature of a state with respect to the conduct of any Judge of the Supreme Court or of a High Court in the discharge of his duties.

Mr. Deputy Speaker :- He is not discussing about the conduct of the Judges of the Supreme Court.

Dr. Zainal Abedin :- Yes, he did. Sir, please refer it to the Privilege Committee

Mr. Deputy Speaker:-I am of the opinion that he has not discussed the conduct of the Judges of the Court. He has also not made any aspersion on the Judges.

Shri Satya Ranjan Bapuli:-Sir, I have a point of order which I have raised at the very beginning. Sir, this is not the discussion with regard to the appointment of Judges. But I like to say one thing

Mr. Deputy Speaker:-Mr. Bapuli, please take your seat. I have heard you.

Shri Satya Ranjan Bapuli:-I expect that you must have the patience to hear my submission. Sir, only criticising the Judges and its functioning is not an aspersion. But the member concerned has said that the Central Government has appointed committed Judges. This is surely an aspersion and it is tantamount to the discussion with regard to the functioning of the Judges because they are being appointed by the Central Government. I request you to expunge that portion.

[4-50 to 5-00 P.M.]

Mr. Deputy Speaker:-I have heard you all. This is not a point of order. Please sit down.

শ্রী সুভাষ নস্করঃ-মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আইন মন্ত্রী যে বিল নিয়ে এসেছেন তাকে সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। ভারতবর্ষের আইন অনুসারে তপশীলী জাতি ও উপজাতিদের যে বিশেষ সুবিধার ব্যবস্থা আছে নতুন করে তা স্মরণ করিয়ে দেবার দরকার নেই। এই বিলে তপশীলি জাতিএবং উপজাতিদের অধিকার যাতে ক্ষুন্ন না হয় এবং বিশেষ বিশেষ ব্যবস্থা তাদের জন্য করা হয় সেটাই নতুনভাবে স্মরন করা হচ্ছে। এরা বিভিন্ন স্থানে বিভিন্নভাবে সমাজের উচ্চ মধ্যবিত্ত বা উচ্চ

বিত্তশালী লোকেদের দ্বারা নির্যাতিত হয়ে থাকে। এ বিষয়ে বহু প্রমান আছে। শিক্ষা, দীক্ষায় যারা সবচেয়ে নিম্নে তাদের জন্য বামফ্রন্ট সরকার বহু জিনিষ করেছেন। তাদের কল্যানের জন্যই এই বিল আনা হয়েছে।

আমি বিরোধী পক্ষের সাথে একমত যে সমাজে এমন কিছু লোক আছে যারা অর্থনৈতিক দিক থেকে সত্যিকারে পঙ্গু তপশীলী জাতি তপশীলী উপজাতি না হওয়া সত্বেও তারা পঙ্গু অর্থনৈতিক মেরুদন্ড তাদের ভেঙে গেছে, তারাও যাতে এই সুযোগ পেতে পারে সেইদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি। আর একটা বিষয়ে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব আজকে বিচার ব্যবস্থায় যে দীর্ঘ শক্রতা আছে তাতে একটা মামলা চালাতে গেলে ৬/৭/৮ বছর পেরিয়ে যায়, ফলে প্রকৃত অপরাধীদের অপরাধ নিরূপন করার ক্ষেত্রে যে সাক্ষী প্রকৃত তথ্যের দরকার হয় সেগুলি আদালতে পেশ করতে হয় সেই প্রকৃত তথ্য এবং প্রকৃত সাক্ষীর অভাবে প্রকৃত অপরাধীরা খালাস পেয়ে যায়। সেজন্য বিচার ব্যবস্থায় যেভাবে ঢিলেমি হচ্ছে অর্থাৎ বছরের পর বছর যেভাবে কেসগুলি পড়ে থাকে সেটা দেখা দরকার। সেজন্য বিচার ব্যবস্থাটা যাতে তরান্বিত হয় তারজন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা হচ্ছে এখানে মাননীয় সদস্যরা লিগ্যাল এডের কথা বলেছেন। এখানে সরকারী যে আইনের সাহায্য দেওয়ার কথা গরীব মানুষদের ক্ষেত্রে বলা আছে এটা বলা থাকলেও কার্যতঃ এর কোন প্রচার বা পাবলিসিটি নেই। গরীব মানুষরা জানে না কি প্রকারের সাহায্যের তারা পেতে পারে। ফলে তাদের নাম ভাঙ্গিয়ে অন্য লোকেরা এই সুযোগ গ্রহন করে। এটার জাসটিফিকেশান হওয়া দরকার, এই সাহায্য যাতে সত্যিকারের গরীব তপশীলী জাতি এবং উপজাতির লোকেরা পেতে পারে সেটা দেখা দরকার। আর একটা বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে আজকে গ্রামে গঞ্জে তপশিলী জাতিএবং উপজাতির লোকেরা বিভিন্নভাবে নির্যাতিত হয়ে থাকে, এটা অস্বীকার করার উপায় নেই। গ্রামের জোতদার মহাজনরা পুলিশকে লেলেল করে তাদের উপর নির্যাতন চালায়। এটা দেখা দরকার, না হলে গরীব তপশীলী জাতি উপজাতির লোকেরা বঞ্চিত হবে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র :- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,আজকে মাননীয় বিচার মন্ত্রী মহাশয়, যে কোড অব ক্রিমিনাল প্রেসিডিওর (ওয়েষ্ট বেঙ্গল থার্ড এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮৫ নিয়ে এসেছেন এটা সর্বভারতীয় একটা বিলের সংশোধন, সেই সংশোধন পশ্চিবঙ্গের বিধান সভাতে হচ্ছে। এক্সপ্লানেশান যেটা পেয়েছি For the purposes of this Section the expressions "Scheduled caste " and "Scheduled tribes " shall have the meanigs respectively assigned in then in clauses (24) and (25) of Article 366 of the Constitution of India. এখানে ক্রিয়ার বলে দিচ্ছে দুর্বলতর মানুষ বিশেষ করে সিডউলড কাস্ট এন্ড সিডিউল্ড ট্রাইবস তাদের ক্ষেত্রে কোর্ট থেকে কোন কেস বাবদ যদি একজন প্রসিকিউসানে থাকে এবং সেখানে যদি আসামী উচ্চ বর্ণের অথবা সাধারণ মধ্যবিত্ত শ্রেণীর মানুষ হয়, সেখানে তাদের যদি পানিসমেন্ট হয় তাহলে সেই পানিসমেন্ট থেকে একটা ফাইন হবে, কোর্ট থেকে সেই টাকা যদি সিডিউল্ড কাস্ট কমপ্লেন্যান্ট হয়ে থাকে তাহলে তাদের দেবার জন্য বলা হয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, প্রোভাইসোটে বলা হয়েছে, Provided the court may not order the accused person to pay by way of compensation, any amount if both the accused person and the person against whom and offence has been committed belong either to scheduled castes or to scheduled tribes.

আমি মনে করি এই জিনিসটা ভালভাবে দেখা দরকার সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস- এর কেউ যদি এ্যাকিউসড হয় এবং কমপ্ল্যান্ট যদি সিডিউল্ড কাস্ট হয় তাহলে সেক্ষেত্রে ফাইন- টা কি হবে সে সম্বন্ধে পরিস্কার ভাবে কিছু বলা হয়নি। এখানে রয়েছে '' মে নট '' কথাটা। সিডিউল্ড কাস্টএবং সিডিউল্ড ট্রাইবস হলে সেখানে জজ ফাইনটা কি করবেন সেটা কিন্তু বলা হয়নি। ইন দি আই অব ল ন্যাচারাল জাস্টিস এর কথা যখন আমরা বলছি তখনে সিডিউল্ড কাস্ট। সিডিউল্ড ট্রাইবস এবং মধ্যবিত্ত মানুষ সকলেই তো সমান। এক্ষেত্রে যে ব্যবস্থা হবে তাকে যদি ঠিকভাবে প্রয়োগ করা না হয় তাহলে সেটা কিন্তু উল্টো দিকে যাবে। তারপর, এই ফাইনের টাকা যেটা জমা পড়বে ট্রেজারীতে সেই টাকা পেতে গেলে দেখবেন ভাগের মা গঙ্গা পায়না। এই টাকা কি ভাবে পাবে তার জন্য কোন ব্যাখা কিন্তু আইনে নেই। সেই টাকা যদি এ্যাকুউজড পার্সন চালান মারফত কোর্টে জমা দেয় তাহলে সেটা কমপ্ল্যান্ট এর নিকট আসতে কত সময় লাগবে সেটা পরিস্কার ভাবে আইনের মধ্যে বলা হয়নি। একটা ব্যবস্থার কথা বলা আছে- কিন্তু টাকা জমা দিয়ে ফেরত পাবার ক্ষেত্রে কি ব্যবস্থা হবে সেটা কিন্তু বিলের মধ্যে দেখতে পাচ্ছিনা। একজিকউটিভদের কাছ থেকে ক্ষমতা নেবার চেষ্টা করছেন, কিন্তু এরপর যখন অফিসিয়াল ট্রাসটি বিল আসবে তখন দেখবেন হাইকোর্ট থেকে একজিকিউসনে যাচ্ছে। কাজেই যেকথা মন্ত্রী মহাশয় বলেছেন সেটা ঠিক হয়নি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে যদি বিচারমন্ত্রী অসুবিধাগুলির কথা চিন্তা করেন এবং আমি যে সমস্ত কথা বললাম সেগুলি নিয়ে চিন্তা করেন তাহলে দেখবেন তার সঙ্গে আমার কোন দ্বিমত নেই। দুর্বলতর মানুষ আইনের মাধ্যমে রক্ষা পাক এটা আমরা চাই। আমরা দেখেছি বিভিন্নভাবে আইনের অপপ্রয়োগ হবার ফলে দুর্বলতর শ্রেণীর মানুষ আইনের কাছে যেতে পারেন না। লিগ্যাল এইডের টাকা দেবার ক্ষেত্রে দেখেছি যথাযথ ব্যবস্থা হয়নি।

[5-00 to 5-10 P.M.]

আজকে তাই আমরা মনে করি যে একটা বিল যেটা আইন হচ্ছে সেই আইনটি ঠিকমত প্রয়োগ হবে কিনা সেটা দেখতে হবে। আইনের প্রয়োগের ক্ষেত্রে যদি কোন অসুবিধা হয়ে থাকে তাহলে সেই অসুবিধাগুলি দূর করার জন্য আরও সংশোধন করা যায় কিনা এবং তার মাধ্যমে তাদের উপকার করা যায় কিনা সেটা আমাদের দেখা দরকার। আমি মনে করি সরকার সে দিকটা চিন্তা করছে। এই অব্যবস্থার প্রতিকার করা দরককার এবং এই আইনটিকে আরও সরলীকরণ করার প্রয়োজন আছে যাতে এই সব শ্রেণীর মানুষেরা সাহায্য পেতে পারে। বিভিন্নরকম ব্যবস্থা থাকা দরকার। তারা অনেক অসুবিধার মধ্যে পড়ে আছে- তাদের নিরক্ষরতা হচ্ছে তাদের প্রচন্ড বাধা। অনেক জিনিস তারা বুঝতে পারে না। কোথায় টাকা পাবে কোথায় সাক্ষী দেবে সেটা তারা বুঝতে পারে না। সেই দিক থেকে তাদের বিভিন্ন রকম অসুবিধা আছে। এই সব মানুষদের কাছে যথাযথভাবে টাকা পৌঁছাতে পারবে কিনা সেই দিকটা চিন্তা করার আছে। সরকার এই দিকে দৃষ্টি দেবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লা :- মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আগেই বলেছিলাম যে এই আইনটি আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে একমত হয়ে এনেছি। দুরকম ভাবে আইন হয়। একটা হচ্ছে একটা আইন এখানে আসে তার পর এখানে পাশ হবার পরে কেন্দ্রীয় সরকার কর্তৃক তার অনুমোদন হয় পরে সেটা আইনে পরিনত হয়। আর একটা হচ্ছে যেমন এ ক্ষেত্রে আমরা কেন্দ্রীয় সরকারের সম মত হয়ে আইন হয়। এ ক্ষেত্রে আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে সম মত হয়ে এই আইনটা এনেছি। এখানে এই আইনে বিতর্কের কোন স্কোপ ছিল না। আর এখানে আইনটি প্রয়োগ যে নানা অসুবিধা সে সম্বন্ধেই আলোচনা হয়েছে। সাধারনভাবে ক্রিমিনাল প্রসিডওর

কোড প্রয়োগ করার অসুবিধা এবং অন্যান্য প্রসঙ্গ উত্থাপন করা হয়েছে। বেশীরভাগ সদস্য এই বিলটির মধ্যে যা আছে তাতে না গিয়ে কতকগুলি অপ্রাসঙ্গিক কথা বলেছেন। এটা ঠিক রেলেভেন্ট নয় প্রাসঙ্গিক নয়। কাশীবাবু বলেছেন এটা প্রয়োগ সম্বন্ধে। ক্রিমিনাল প্রসিডিওর কোডে যে পদ্ধতি আছে সেই পদ্ধতিই এখানে প্রয়োগ হবে। এবং ফাইন রিয়েলাইজেসনের যে ব্যবস্থা আছে সেইভাবেই ফাইন রিয়েলাইজেসন হবে। এবং সেই রকমভাবে বিতরণ ব্যবস্থা হবে। সিডিউল্ড কাস্ট এন্ড সিডিউল্ড ট্রাইবসরা যাতে তারা ফাইনটা বাদী পক্ষ পায় তারই ব্যবস্থা এখানে দেওয়া হয়েছে। আমাদের স্টেটে এই প্রথম এই জিনিস করছে। মধ্য প্রদেশে এটা আগেই করেছে। এবং আমরা সেইভাবেই এটা করেছি কেন্দ্রীয় সরকারের সঙ্গে সম মত হয়ে এবং সেইভাবে আপনাদের সামনে এই বিলটি এনেছি। বাকী সদস্যরা একই কথা বলেছেন এর প্রয়োগ সম্বন্ধে। মাননীয় সদস্য নবকুমারবাবু বলেছেন এর প্রয়োগ সম্বন্ধে এবং তিনি লিগ্যাল এডের কথা বলেছেন। আমি তাকে এর জন্য সাধুবাদ জানাই। এই লিগ্যাল এ্যাড আইন কাগজে থেকে যাবে যদি না জনসাধারণ সম্মিলিতভাবে প্রয়াস না চালায়। জনমতের চাপ যদি না থাকে এইরকম অবস্থাই হবে। নিশ্চয় আমাদের দরকার হচ্ছে এই কাজে যেসব ত্রুটিগুলি আছে সেগুলি দূর করা এবং এর জন্য আরও জনমত সৃষ্টি করে এই লিগ্যাল এড আইনটিকে প্রয়োগ করার চেষ্টা করতে হবে। আর আমি বেশী কিছু বলতে চাই না। আশা করি সকলে এটা গ্রহন করবেন।

The motion of Shri Naba Kumar Roy that the Bill be circulated for the purpose of eliciting opinion Was then put and lost.

The motion of Shri Syed Abul Mansur Habibullah that the Code of Criminal Procedure (West Bengal Third Amendment) Bill, 1985 be taken into consideration, Was then put and agreed to.

Clauses 1 to 3 and preamble : The question that clauses 1 to 3 and preamble do stand part of the Bill was then put and agreed to

Shri Syed Abul Mansur Habibullah :-Sir,I beg to move that the code of criminal Procedure (West Bengal Third Amendment) Bill 1985, as Settled in the Assembly be Passed.

Shri Satya Ranjan Bapuli :- Sir, the amendment is very small. I expected that Anil Babu Will deliver more better goods this time but Practically he befooled me in this respect. He also decried Shri Naba Kumar Roy to deliver his speech Properly which was not liked by even the Minister-in-charge. However,particular provision has been mentioned in sub-section (1) and (3) of Section 357. This is practically a new amendment With regard to this sub-section for giving relief to the scheduled castes and scheduled tribes The Minister-in-charge during his reply stated that before this all the fines had to be given to the State. It is not correct because Whenever Judgement is passed by any Magistrate, he has the option. The section itself is very clear that he can award some portion of the fine to the victim. It is there. In sub-clause (1) and (3) of section 357 it is only mentioned that when a court imposes a sentence, of which fine dose not form a part, the court shall order the accused person to pay, by way of compensation, to the victim belonging either to Scheduled castes or to Scheduled Tribes. this is amended for giving relief to the Scheduled Castes or Schedled Tribes. I must congratulate the Hon'ble Minister for bringing this amendment because this is Just and should be. Before this, the option was there, i,e.at the time of passing Judgement the Magistrate may give any award to the victim,belonging to Scheduled Castes and Scheduled Tribes.however, this particuler amendment Which the Hon'ble Minister has brought to-day, will be helpful for giving relief to the Scheduled Castes and Scheduled Tribes people. So I must accept this and I must congratulate the Honble Minister for bringing this amendment.

শ্রী সৈয়দ আব্দুল মনসুর হাবিবুল্লাহ :- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার উত্তর দেবার কিছু নেই। মিঃ বাপুলী ঠিকই বলেছেন, স্যাল শব্দটি এখানে লেখা আছে। এজন্য আমি মিঃ বাপুলীকে ধন্যবাদ জানাচ্ছি।

The motion of Shri Abul Syed Mansur Habibullah that the code of Criminal Procedure (West Bengal Third Amendment) Bill, 1985.as settled in the Assembly, be passed, was then put and agreed to.

[5-10 to 5-20 P.M.]

The Official Trustees (West bengal Amendment) Bill, 1985

Shri Syed Abul Mansur Habibullah : Mr. Deputy Speaker Sir, I beg to introduce the Official Trustees (West Bengal Amendment)Bill,1985.

(Secretary then read the Title of the Bill)

Shri Abul Mansur Habibullah : Mr. Deputy Speaker Sir, I beg to move that the Official Trustees (West Bengal Amendment)Bill,1985, be taken into consideration.

স্যার, এই বিলের পক্ষে আমার সামান্য কিছু বলার আছে, আমি সেগুলি বলছি যদিও অফিসিয়াল ট্রাষ্টি এ্যাক্ট ....

(ভয়েস : আপনারা হাইকোর্টের পাওয়ার কেড়ে নিচ্ছেন।)

আমরা হাইকোর্টের পাওয়ার কেড়ে নিই নি। আমার এ্যামেন্ডমেন্টে লেখা আছে যে,হাইকোর্টের যে পাওয়ার সেকসান টোয়েন্টি ফাইভে আছে সেখানে সেই পাওয়ারটা রেখেই আমার এ্যামেন্ডমেন্টে সেকসান ২৫(এ) এ্যাড করা হয়েছে।কারণ এ বিষয়ে কিছু কিছু জাজমেন্টে বিতন্ডা হয়েছে যে সরকারের কতটা পাওয়ার আছে-এ্যাপয়েনটিং পাওয়ার, রুল মেকিং পাওয়ার-সেটা আমরা আর্বিটারিলি রুল মেকিং যে পাওয়ারটা নিতাম বা নিতে পারতাম সেটাকে আমরা ইচ্ছা করেই সেকসান ২৫(এ)

করে আপনাদের সামনে এই হাউসে উপস্থিত করেছি। সরকার যাতে নির্দেশ দিতে পারেন সেই ক্ষমতা নেওয়া হয়েছে। সেখানে পরিস্কার বলা আছে হাইকোর্ট কোন নির্দেশ দিলে তার কনট্রারি বা বিরোধী কোন নির্দেশ সরকার দেবেন না। পরিপূরক বা কাজের সুবিধার জন্য কোন নির্দেশ মনে করলে তারা দিতে পারবেন।

Mr. Deputy Speaker : There are motions for circulation of the Bill by Dr. Zainal Abedin and Shri Kashinath Misra. I request Dr. Abedin and Shri Misra to move their Amendments.

Dr. Zainal Abedin : Mr Deputy Speaker Sir, I beg to move that the Bill be circulated for the purpose of elicting opinion there on by the 31st March,1986.

Shri Kashinath Misra : Mr. Deputy Speaker Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion there on by the 31st December,1985.

Mr. Deputy Speaker : I now call upon Dr. Zainal Abedin to speak.

ডাঃ জয়নাল আবেদিন ঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় আইন ও বিচার বিভাগের মন্ত্রী মহাশয় আজ এই সভায় যে বিল উত্থাপন করেছেন সে সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। স্যার, এঁরা প্রায় একটা অসত্য কথা বলে থাকেন যে একটানা ৩০ বছর এখানে কংগ্রেস শাসন করেছে.তা কিন্তু নয়. it was interluded by three terms আপনারা ১৯৭৭ সালের আগে দুবার ক্ষমতায় এসেছেন। আজকে কি মনে করেন on this day of 1985 আপনার বলছেন it is expedient to amend the Bill এটা কি একথা যে আপনারা বিচার ব্যবস্থার উপর একটা আঘাত হানতে চাইছেন? আপনারা রিজন যেটা দিয়েছেন it is sugarcoating-nothing else. আমি জানতে চাই with the sanction of section 25 যেখানে আপনাদের ম্যানডেটারি ছিল, স্যাংসন অবধি হাইকোর্ট, সেটাকে তুলে দিয়ে with the approval of the State Government এই প্রভিসানটা আনতে চাইছেন কেন? কতৃত্বের সীমা আপনারা বিচারালয় থেকে তুলে সচিবালয়ে আনতে চাইছেন কেন এই প্রশ্নের জবাব আমি চাই। দ্বিতীয়ত official Trustees Act is an Act of as for back a 1913. এটা এতদিন চলে এসেছে ডোন্ট ইউ কিল, এখানে অফিসিয়াল ট্রাষ্টি যারা এ্যাপয়েনটেড হয় and the provision is there for appointment of the Deputy Official Trustee also. এখানে আমরা বিভিন্ন সময় বিভিন্নভাবে দুর্নীতির সংবাদ পেয়ে থাকি, জনসাধারণ পেয়ে থাকেন তার কি প্রতিকারের ব্যবস্থা করেছেন জানাবেন কি? there are provisions for submitting the returns and audit. তার প্রতিকারের কি ব্যবস্থা করেছেন? Why don't think of brining in a comprehensive legislation? This is point number two. Point number three এখানে কিছু কনট্রাডিকশান দেখা দিয়েছে। যেমন অফিসিয়াল ট্রাষ্টি হবেন কালিঘাটের মন্দিরের, যিনি ২৪ পরগণা ডিষ্ট্রিক্টে জাজ থাকবেন। এই বিলে সেই রকম বিধান আছে। এই মর্মে এর পরে আর একটা বিল আনছেন, সেখানেও এই একই প্রশ্ন উত্থাপন করবো। দেয়ার আর সাম কন্ট্রাডিকশান ইট ইজ এ সেকিউলার ষ্টেট। আমরা জানি অনেক এ্যাপয়েন্টমেন্ট আটকে গেছে, because he does not belong to particular religion although his seniority and merit claim to be appointed as the District and Sessions Judge of 24 Parganas এই কনট্রাডিকশান আছে। আপনি সেই সম্পর্কে চিন্তা না করে শুধু ষ্টেটে গভর্ণমেন্টকে পাওয়ার দিয়ে যাচ্ছেন, এটাতে আমাদের আপত্তি। আমরা জানি এই সরকার কুম্ভকর্ণের মত ঘুমিয়ে থাকে কুম্ভকর্ণ যেমন ৬ মাস ঘুমায় তারপরে ঘুম থেকে উঠলে তার খাদা যোগান দেওয়া যায় না। এই সরকারেরও সেই রকম ক্ষমতার লিপ্সা এতদূর বেড়ে গেছে যে আজকে তারা হাইকোর্টের উপরে হস্তক্ষেপ করতে খড়্গ তুলে বসে আছেন। এর আগে আপনি রুলিং দিয়েছেন, আমি ডিসকাসনে যাচ্ছি না। আমি পয়েন্ট অব অর্ডার তুলেছিলাম, আপনি রুলিং দিয়েছেন। আমি এ গ্রাউ, আপনার রুলিং মানতে আমরা বাধ্য। কিন্তু এখানে যে সুগার কোটিং দিয়েছেন।

It is only eye wash. The real intention is to concentrate all power in the hands of the State by ignoring the official sanction or the judgment of the High Court or the verdict of the High Court. This is contradictory. Hence I rise to oppose the Bill and I think that the Bill should be withdrawn. Let the Bill be circulated to the different bar Councils of this State as well as to the Bar councils of other States. Let thewir opinion be elicited and then you bring in a comprehensive legislation when we may be in a position to support the Bill otherwise we cannot support the Bill and rather we oppose it.

Thank you, Sir.

শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইন মন্ত্রী যে বিল এখানে উত্থাপন করেছেন,আমি তাকে সমর্থন করছি। এখানে জয়নাল সাহেব যে সব কথা বললেন, আমি তাকে একটা কথা বলতে চাই। এই আইন ১৯১৩ সালের। তারপরে বহু বছর কেটে গেছে, সমাজকেও পরিবর্তনের দিকে যেতে হচ্ছে অবস্থার পরিবর্তন ঘটছে সেই পরিবর্তনের ক্ষেত্রে আজকের পরিস্থিতিতে যে সংশোধনগুলি প্রয়োজন হয়েছে,সেগুলি এই বিলে আনা হয়েছে। এখানে উর্দেশ্য এবং হেতুতে সেই কথাই বলা হয়েছে। জয়নাল সাহেব একজন বিচক্ষণ পার্লামেন্টারিয়ান হয়ে এটা বুঝতে পারলেন না কেন আমি বুঝতে পারছি না।

The Government proposes to amend the Official Trustees Act, 1913, with a view to empowering Government to issue necessary direction to the Official Trustee from time to time, which will not be conflict with the orders given by the High Court.

সুস্পষ্ট ভাবে এখানে বলা আছে। তা সত্ত্বেও তিনি কেন যে ভূত দেখছেন সেটা আমি বুঝতে পারছি না। এছাড়া আমরা জানি এমন কতকগুলি পরিস্থিতির সৃষ্টি হয় যেখানে ট্রাষ্টির মধ্যে নিজেদের মধ্যে গোলমাল বাদছে এবং তা নিয়ে বিতর্ক হয় এবং সমস্ত কাজ অচল হয়ে যায়। ট্রাষ্টির সম্পত্তির সংগে যারা সংশ্লিষ্ট থাকেন সেখানকার যারা কর্মচারী থাকেন, তারা কাজকর্ম করতে পারেন না। এই বিলে সেই অসুবিধা দূর করার জন্য ব্যবস্থা রাখা হয়েছে যাতে অফিসিয়াল ট্রাস্টিটি সেখানে কাজগুলি সুষ্ঠুভাবে করতে পারেন, অসুবিধা যাতে না হয়। তাছাড়া এটা অনেক পুরোনো আইন। হাইকোর্টের মামলার কথা বলা হয়েছে, এখানে নির্দিষ্ট করে কতকগুলি বিষয়ে গভর্ণমেন্টের হাতে দেওয়া নেই। গভর্ণমেন্ট এগুলি করতে পারবে কি করতে পারবেন সেই পুরানো আইনে কোন নির্দিষ্ট করে বলা নেই। তার ফলে অনেক সময় অসুবিধা হয়। সেই অসুবিধাগুলি দূর করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় এই বিল এনেছেন। কাজেই এটা এমন কিছু গুরুতর ব্যাপার নয় যা নিয়ে মাননীয় সদস্য বলছেন সার্কুলেশন-এ দেবার জন্য তার কোন প্রয়োজন এখানে নেই। আর একটা কথা এখানে বলা হয়েছে ২৭ নম্বরে সেখানে আর একটা ধারা যোগ করা হয়েছে, ২৭ এ এবং ২৭ বি'তে পরিস্কার ভাবে বলা হয়েছে।

[5-20 to 5-30 P.M.]

(1) Any order made by the State Government under this Act shall have the same effect as an award and shall be given effect to in such manner as may be prescribed.

(2) Any person aggrieved by any order of the State Government having the same effect as an award may prefer an appeal, in such manner as may be prescribed to the District Judge or to the Chief Judge of the City Civil Court, as the case may be, within thirty days from the date of such order.

কাজেই জয়নাল সাহেব যে ভয় করছেন তার কোন বাস্তব ভিত্তি নেই। এখানে স্পষ্ট ভাবে বলা হয়েছে যে এই আইনে কোর্টের এক্তিয়ারের উপর কোন হস্তক্ষেপ করা হচ্ছে না। আইনকে কার্যকরী করার ক্ষেত্রে যে অসুবিধাগুলো হচ্ছে, যে অসুবিধা, ফাক আইনের মধ্যে রয়েছে তা পূরণ করার জন্য এই বিল এখানে আনা হয়েছে। তাই এই বিলকে আমি সমর্থন করছি।এই প্রসংগে আমি মন্ত্রী মহাশয়কে বলবো আজকে বিভিন্ন যে ট্রাষ্ট আছে সেই বিভিন্ন ট্রাস্টে এমন কতকগুলো ঘটনা ঘটে, যদিও কাগজ কলমে ট্রাষ্টি সেখানে এক ব্যক্তির প্রাধান্য সৃষ্টি হচ্ছে, কেউ যদি বোর্ডের মারা যান তাহলে যিনি ট্রাস্টের মূল কর্ত্তা, তিনি তার মনোভাবাপন্ন লোককে নিয়োগ করে সেটা এক ব্যক্তির ট্রাস্টে পরিণত করছে।এই সম্পর্কে সজাগ হয়ে আইনকে পরিবর্তন করতে হবে। এটা ভবিষ্যতে বিচার করে এ্যাপ্লিকেশন করতে হবে যাতে এক ব্যক্তির ট্রাষ্ট না হয়। এটা দেখা দরকার! যাই হোক, এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ সুশোভন ব্যানার্জী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অফিশিয়্যাল ট্রাষ্টি বিল যা মন্ত্রী মহাশয় এখানে উত্থাপন করেছেন তার উপর বলতে উঠে আমার প্রথমে মনে হচ্ছে যে আমার পূর্ববর্তী বক্তা যা বললেন বিশেষ পরিবর্তন কিছু হয়নি। কিন্তু আমরা দেখছি ১৯১৩ সালে যে আইন হয়েছে আজকে থেকে ৭২ বছর আগে যে বিল তৈরী হয়েছিল সেই বিলের আমরা আশা করেছিলাম এক সম্যক পরিবর্তন হবে, কারণ এর মধ্যে আমাদের সোশ্যালি, মেনটালি, ইকনমিক্যালি অনেক পরিবর্তন হয়েছে। কিন্তু এই সমস্ত পরিবর্তনগুলো না দেখে মন্ত্রীমহাশয় যে কেন শুধু একটা এ্যামেন্ডমেন্ট আনছেন। আর শুধু সামান্য এ্যামেন্ডমেন্ট নয় এটা একটা বিরাট পরিবর্তন। আজকে হাইকোর্টের সংগে স্যার এই রাইটার্স বিল্ডিং এর দূরত্ব খুব বেশী না হতে পারে। কিন্তু সাধারণ মানুষ তাদের কাছে লিগ্যাল সাইড আর এই সচীবালয় এর মধ্যে অনেকখানি ডিফারেন্স রয়েছে। আপনি জানেন আমাদের পলিটিক্যাল পার্সন্স দের মানুষ কতকখানি বিশ্বাস করে। আপনি জানেন পলিটিক্যাল পার্সন আমরা যারা কথা বলি হয়তো চাপে পড়ে আমরা যে কথাগুলো বলতে চাই বলতে পারিনা, আমাদের যা সারাউন্ডিংস, তাতে বলতে পারি না। তাই স্যার, এর একটা আমূল পরিবর্তন যে দরকার, তা না করে তার বদলে একটি এ্যামেন্ডমেন্ট এনেছেন। আমরা যার আমূল পরিবর্তন দেখতে চেয়েছিলাম, সেটা কিন্তু দেখতে পাচ্ছি না। কোর্ট যে সমস্ত ট্রাষ্টি এ্যাপয়েন্টেড হতো তারা মোর জুডিসিয়াল মোর ডিসেন্ট ছিল, অথচ আপনি সেটাকে টেনে নিয়ে এসে করতে চাইছেন মোর পলিটিক্যালাইজড। এর মধ্যে দিয়ে গ্র্যাবিং অফ পাওয়ার করে গভর্ণমেন্ট নিজের হাতে ক্ষমতা নিচ্ছে। নিজের হাতে ক্ষমতা নেওয়ার এই যে অদম্য প্রয়াস এটা সাধারণ মানুষ ভালোভাবে নেবে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করছি,আপনি কি বলতে পারেন, কি এমন ঘটল যার জন্য এই পরিবর্তন আপনি আনছেন, হাইকোর্টের ক্ষমতাকে পলিটিক্যালাইজড করতে চাইছেন? আপনি এখানে Clause 5 of the principal Act after the words "subject to the control" the words " and supervsion shall be inserted ? করতে চাইছেন কিন্তু কনট্রোল আর সুপারভিসন করার মত আপনার মেশিনারী আছে তো? এত গুলি ট্রাষ্টির জন্য আপনার নিজের মেশিনারী যদি না থাকে তাহলে আপনি এটাকে হাতে নিয়ে আমার মনে হয় জনসাধারণকে আরো বেশী বিভ্রান্তি ভেতর ফেলে দেবেন। এই বিলের উপর আমার মূল বক্তব্য যেটা, সেটা হচ্ছে সমস্ত পাওয়ারকে পলিটিক্যালাইজড করার চেষ্টাকে সাধারণ মানুষ খুব ভাল ভাবে নেবে না। এই জন্য আমি বলছি এটা ওয়েল সার্কুলেটেড করে জনমত চেয়ে তারপরে পরিবর্তন ঘটান। ধন্যবাদ।

শ্রী অনিল মুখার্জী :- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব এবং ডাঃ সুশোভন ব্যানার্জী এই বিলের উপর বক্তব্য রাখতেগিয়ে যা বললেন তাতে আমরা দেখলাম যে, তারা এই বিলের মধ্যে রাজনীতির গন্ধ খুঁজে পেয়েছেন। বিশেষকরে ডাঃ ব্যানার্জী বিলের আইন-গত দিকটা না দেখেই কতকগুলি ইররেলেভেন্ট কথাবার্তা এই প্রসংগে বলে গেলেন। তিনি প্রথমেই বললেন,মাননীয় মন্ত্রী মহাশয় এই আইনের আমূল পরিবর্তন কেন ঘটালেন না, কারণ ওঁরা নাকি আমূল পরিবর্তন ঘটাতে চাইছেন, অথচ এই বিলের মধ্যে দিয়ে আমূল পরিবর্তন ঘটান হচ্ছে না। উনি কনট্রোলএ্যান্ড সুপারভিসন সম্বন্ধে যে কথা বললেন সে প্রসংগে আমি ওকে বলি যে, উনি যদি বিলটা একটু পড়ে দেখতেন তাহলেই বুঝতে পারতেন,এটা কেন করা হচ্ছে। যে যে সেকসন গুলি এখানে এ্যামেন্ড করা হচ্ছে সেই সেই সেকসন গুলির ভিতরে প্রধানত সেকসন ৪(ক), সেকসন ৫, সেকসন১০, সেকসন১১, সেকসন১২, সেকসন২৬, সেকসন২৭(ক), সেকসন ২৮ রয়েছে। এখানে সেকসন ১০ এর ভেতর যেটা আছে সেটা যদি উনি একটু পড়তেন তাহলে দেখতে পেতেন যে,সেখানে বলা হয়েছে- আগে যে অরিজিন্যাল এ্যাক্ট ছিল সেই এ্যাক্টের ভেতর যে প্রভিসন আছে তাতে সেখানে বলছে, If any property is subject to a trust other than a trust which the Official Trustee is prohibited from accepting under the provisions of this Act, and there is no trustee within the local limits of the ordinary or extra-ordinary original civil jurisdiction of the High Courtg willing or capable to act in the trust, the High Court may on application make an order for the appointment of the Official Trustee by the name with his consent to be the trustee of such property.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা খুব ইমপর্টেন্ট জিনিস, The high Court may on application make on order for the appointment of the Official Trustee by that name with his consent to be the trustee of such property এখানে যে এ্যামেন্ডমেন্ট এই সেকসনের হচ্ছে তাতে এমন কোনো মারাত্মক কিছু হচ্ছে না। এখানে বলা হচ্ছে, Provided that the Official Trustee shall not give his consent without the prior approval of the State Government. কারণ অনেক সময়ে দেখা যায় ট্রাসটিকে এমন অনেক প্রপার্টিরক্ষনা-বেক্ষন করতে হয় যেসব প্রপার্টি রক্ষনা-বেক্ষনের কাজটা স্টেট গভর্ণমেন্টের ইনটারেষ্টকে প্রটেক্ট করে। এমন সব লোকের প্রপার্টি যেগুলি গভর্ণমেন্টের হয়ে তারা দেখেন।কনসেন্ট না নিয়ে করলে গর্ভণমেন্ট এষ্টেটের অনেক সময় ক্ষতি হয়। এখানে হাইকোর্ট সম্পর্কে বলা হয়েছে। ক্লজে যা আছে তাতে করে হাইকোর্টের পাওয়ার কেড়ে নেওয়া হচ্ছে না। এতে করে হাইকোর্টের পাওয়ার জুডিসিয়াল পাওয়ার কার্ব করছে বা অন্য কিছু করছে তা কিন্তু করা হচ্ছে না। এবং এটা উইদাউট এনি রুল মেকিং পাওয়ার নেওয়া হয়েছে। প্রয়োজন হলে that will not be in confuict with the orders given by

the High Court আপনারা অবজেক্টস এ্যান্ড রিজিন্সটা পড়ে দেখুন তাহলে আপনাদের কাছে এটা স্পষ্ট হয়ে যাবে হাইকোর্টের বিরুদ্ধে হাইকোর্টের অর্ডার বিরুদ্ধে কোন কিছু করার উদ্দেশ্যে এটা করা হয়নি। এখানে বলা হয়েছে, empowering government to issue necessary direction to the official trustee from time to time which will not be in conflict with the orders given by the High Court.সুতরাং কোন অর্ডারই যেটা not in conflict with the High Court order. সুতরাং মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব যে ভীতি যে আশাংকা প্রকাশ করেছেন সেই আশংকার কোন কারণ নেই। হাইকোর্টের অর্ডার কনফ্লিকট করবে না। যাইহোক মাননীয় মন্ত্রী মহাশয় যে আইনের পরিবর্তন বা সংশোধনী এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-30 to 5-40 P.M.]

শ্রী সুভাষ গোস্বামী :- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,আজকে মাননীয় আইনমন্ত্রী যে অফিসিয়াল ট্রাসটি বিল এই সভায় এনেছেন তাকে আমি সমর্থন করছি। এই বিলের বিপক্ষে তেমন কিছু বলার নেই। খব সহজে একটি কথা যে বিভিন্ন সম্পত্তির দেখা-শুনা বা রক্ষণা-বেক্ষনের জন্য যে ট্রাসটি নিয়োগ করা হয় যে অফিসার নিয়োগ করা হয় যারা নিয়োগ করেন সরকার থেকেই হোক আর আদালত থেকেই হোক সেটা কিভাবে দেখাশুনা হবে,তাদের কাজকর্ম কিভাবে পরিচালিত হবে-এটা একটা প্রশ্ন।এটা ঠিকই সম্পত্তি ঠিকমত রক্ষণাবেক্ষণ হল কিনা এবং তা যদি না হয় তারজন্য সরকারকে জবাবদিহি করতে হবে, কৈফিয়ত দিতে হবে। এখন তাই যদি করতে হয় তাহলে সেই ট্রাসটির উপর বা তার কাজকর্মের উপর সরকারের কোন নিয়ন্ত্রন থাকবে না, কোন কর্তৃত্ব থাকবে না- এটা হতে পারে না। অবশ্যই সরকারের কনট্রোল এ্যান্ড সুপারভিশন থাকবে একথা বলাই বাহুল্য। মাননীয় বিরোধী পক্ষের সদস্য অভিযোগ করেছেন যে এতে করে আদালতের ক্ষমতাকে খর্ব করা হচ্ছে অর্থাৎ আদালতের উপর হস্তক্ষেপ করা হচ্ছে। এটা কিন্তু ঠিক নয়। বিলে কোথাও বলা হয়নি যে আদালত কোন ট্রাসটি নিয়োগ করতে পারবে না, সেই ট্রাসটিকে কোন নির্দেশ দিতে পারবে না। সেটাকে বজায় রেখে, তার সঙ্গে সঙ্গতি রেখে কাজকর্ম পরিচালনার ক্ষেত্রে যে নির্দেশ দেওয়া আবশ্যক, সময়ে সময়ে সরকার অবশ্যই দেবেন, সরকারের সেই অধিকার থাকা উচিৎ। আজকে সেই কারণেই এই বিল আনা হয়েছে। বিরোধী পক্ষে মাননীয় সদস্য শ্রী সুশোভন ব্যানার্জী বললেন যে বিচারলয় কর্তৃক নিযুক্ত ট্রাসটির কাছ থেকে জাসটিস পাওয়া যাবে এইরকম কথা মনে করার কোন কারণ নেই। বিচারালয় থেকে না হয়ে সরকার থেকে যদি নিযুক্ত হয় তাহলে কি জাসটিস পাওয়া যাবে না? এটা ঠিক নয়। তাই সঙ্গতভাবেই এই কাজ করা সরকার এবং মাননীয় আইনমন্ত্রী সেই কাজই করেছেন যাতে করে এই সমস্ত নিয়ে কোন ঝমেলা সৃষ্টি না হয় এবং কোন কারচুপি যাতে না হয় তারজন্য এফেকটিভ কনট্রোল সরকারের থাকা আবশ্যক। সেইজন্য এই বিলটিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৈয়দ আব্দুল মনসুর হবিবুল্লা :- এই আলোচনাটা আর যাই হোক, ডাঃ জয়নাল আবেদিন এবং অন্যান্যরা অত্যন্ত প্রাসঙ্গিকভাবেই এখানে উত্থাপন করেছেন। আমি বলবো, তারা যে আশঙ্কা প্রকাশ করেছেন, সেই আশঙ্কা এই বিলের মধ্যে কিছুই নেই।কারণ সেকশন ২৮-য়ে আমরা বলেছি, "With the sanction of the High Court" the words "with the approval of the State Government" shall be substitued. সেকশন ২৮ য়ে অফিশিয়াল ট্রাষ্টিকে যে পাওয়ার দেওয়া আছে, সেই পাওয়ারও তিনি এক্সসারসাইজ করেছেন। বলা হয়েছে প্রপারটির কোন ইমপ্রুভমেন্ট করতে হলে তিনি হাইকোর্টের অনুমতি নিয়ে তা করবেন। এর একটি ইতিহাস আছে। ১৯১৩ সালের আইনের মধ্যে স্টেট গভর্ণমেন্ট এর কোন অফিশিয়াল ট্রাষ্টি ছিলেন না। অফিশিয়াল ট্রাষ্টি অফ দি ক্যালকাটা হাইকোর্ট ছিলেন, যাকে এ্যাপয়েন্টড করেছিলেন হাইকোর্ট। পরে একালে অফিসিয়াল ট্রাষ্টি এ্যাক্ট হয়। এত বছর বাদে হাইকোর্টের অনুমতি পেতে গেলে এর রিপেয়ার করা দরকার। প্রপারটির পারপাসেও এর উন্নতি দরকার। কারণ, সেকশন ২৮য় প্রপারটির ক্ষেত্রে হাইকোর্টে কোন পিটিশান মুভ করতে গেলে দেরী হতে পারে এবং তারজন্য অসুবিধা সৃষ্টি হতে পারে। এই দিকটা চিন্তা করে যাতে তাড়াতাড়ি করতে পারি-সেইজন্য বিলটা এনেছি। তবে মনে হতে পারে যে এর দ্বারা হয়ত হাইকোর্টের পাওয়ার কেড়ে নেওয়া হচ্ছে। সেটা যাতে হাইকোর্ট মনে না করেন, সেইজন্য এখানে সংশোধনী এ্যাড করে দিয়েছে। আর একটি জায়গায় বলেছি Provided that such orders shall not be made if the High Court has already made orders in this behalf or shall not be in conflict with the order, if any, made by the High Court. এমন কোন আদেশ দেওয়া যাবে না যেটার দ্বারা অফিসিয়াল ট্রাষ্টি বুঝতে পারবেন যে এ ক্ষেত্রে হাইকোর্টের দেওয়া পূর্বাদেশের সঙ্গে একটা কনফ্লিকট হতে পারে সেটা তিনি রেফার করতে পারবেন। আবার সেকশন ২৭(এ)তে বিশেষভাবে বলেছি-এনি পারসন এ্যাগ্রিভড অর্থাৎ অফিসিয়াল ট্রাষ্টি না হয়ে যে কোন ব্যক্তি যদি মনে করেন যে, এই অর্ডারের দ্বারা ট্রাষ্ট প্রপারটির বেনিফিশিয়ারীগণ আহত হচ্ছেন, তাহলে ঐ অর্ডারের বিরুদ্ধে হাইকোর্টে গিয়ে তিনি মুভ করতে পারবেন এই ক্ষমতা দেওয়া হয়েছে। যতটুকু ক্ষমতা আমরা এতদিন বাদে নিয়েছি সেটা হাইকোর্টে মামলা জমে গিয়ে একটি সম্পত্তির ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি হতে পারে-এটা চিন্তা করে অফিশিয়াল ট্রাষ্টি এ্যাক্ট যতটুকু ক্ষমতা যাতে নেওয়া দরকার, সেটুকুই নিয়েছি। ইট ইজ এ্যান এ্যাপয়েন্টমেন্ট অফ দি স্টেট গভর্ণমেন্ট এবং যেখানে রুলস তৈরী করেন স্টেট গভর্ণমেন্ট সেখানে এটুকু ক্ষমতা নেওয়াতে হাইকোর্টের অধিকার খর্ব করা হচ্ছে না। সেজন্য অনুরোধ করবো, সংশোধনীগুলি গ্রহণ করে বিলকে সবাই সমর্থন করবেন।

The motion of Dr Zainal Abedin that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1986 was then put and lost.

The motion of Shri Kashinath Misra that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1985 was then put and lost.

The motion of Shri Syed Abul Mansur Habibullah the official Trustees (West Bengal Amendment) Bill, 1985 be taken into consideration.

Clauses 1 to 13 and preamble

The question that Clauses 1 to 13 and preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Syed Abul Mansur Habibullah : Sir, I beg to move that the Official Trustees (West Bengal Amendment)Bill,1985, as settled in the Assembly be passed.

[5-40 to 5-50 P.M.]

ডাঃ জয়নাল আবেদিন :- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে দু-তিনটি প্রশ্ন আমি তুলেছিলাম। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো There are some anomalies in the Official Trustees Act.

আমি নিজে বাস্তব অভিজ্ঞতায় দেখেছি. You will find out some measures to cure the defects and the anomalies.

This is my submission.

এটা আপনি দেখবেন। Suppose it goes to the hands not desired.

মনসুর হাবিবুল্লা সাহেব চিরকাল মন্ত্রী থাকবেন এটা আমরা আশা করি না। সেখানে পার্টিজান পলেটিক্স যেন না থাকে,এটার কোন স্কোপ যেন না থাকে সেই সেফগার্ড আপনি দেবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Syed Abul Mansur Habibullah that the Official Trustees (West Bengal Amendment)Bill,1985,as settled in the assembly be passed, was then put and agreed to.

The Bengal Wakf (Amendment) Bill,1985.

Shri Syed Abul Mansur Habibullah : Sir, I beg to introduce the Bengal Wakf (Amendment)Bill,1985.

(Secretary then read the Title of the Bill)

Shri Sved Abul Mansur Habibullah : Sir, I beg to move that the Bengal Wakf (Amendment)Bill,1985, be taken into consideration. মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংশোধনীর মূল লক্ষ্য হল আমাদের বংগীয় ওয়াকফ আইনের ৫৩ ধারায় একটা ব্যবস্থা আছে যে কোন ওয়াকফ সম্পত্তি হস্তান্তর করতে হলে-সেখানে হস্তান্তরের সবরকম ব্যাখ্যা দেওয়া আছে-যে কোন কারণে হস্তান্তর করতে গেলে ওয়াকফ কমিসনারের অনুমোদন নিতে হবে, ওয়াকফ বোর্ডের অনুমোদন নিতে হবে। এই আইনটা অনেক ক্ষেত্রে পালিত হয় না। যার জন্য আমাদের সমস্ত ওয়াকফ সম্পত্তি ব্যাপক ভাবে ট্রান্সফার হয়ে যাচ্ছে। এখানে যে ব্যবস্থা দেওয়া আছে সেটা আমি পড়ে দিচ্ছি। সেকসান ৫৩ (১)-এ বলা হয়েছে—"Except as provided in sub-section (2), no transfer or agreement for transfer of any immovable property of a wakf by way of sale, gift, mortgage or exchange or by way of lease or tenancy of any kind shall be made without the previous sanction of the Board and any such transfer or agreement for such transfer, if effected without the prior sanction of the Board, shall be void and the Board shall while according such sanction, satisfy itself that such transfer or agreement for transfer is for legal necessity."

এই যে বোর্ডের উপর অধিকার দেওয়া আছে, তারা বিচার করে দেখবেন। তারা স্যাংসান না দিলে ট্রান্সফার করতে পরবে না। এই আইন কার্যতঃ কাগজপত্রে আছে সেটা আবেদিন সাহেব জানেন এবং সবাই জানেন। ব্যাপক ভাবে সম্পত্তির ট্রান্সফার হয়ে যাচ্ছে, এই ট্রান্সফার প্রতিরোধ করতে পারা যাচ্ছে না। দেওয়ানী মামলায় এটা প্রতিরোধ করার চেষ্টা করা হয়েছে। একবার যদি ট্রান্সফার করে দখল দিয়ে দেয় তাহলে তাকে দখলচ্যুত করা সম্ভব নয়।সেইজন্য এখানে সংশোধনীটা এমন ভাবে আনা হচ্ছে যাতে দেওয়ানী ব্যবস্থা ছাড়া তাকে ফৌজদারী ব্যবস্থার মধ্যে আনা যায়।এই ব্যাপারে সংশ্লিষ্ট যে ব্যক্তি যে কোন ওয়াকফ সম্পত্তি স্যাংসানের আগে বোর্ডের অনুমতি না নিয়ে হস্তান্তর করার চেষ্টা করলে বা যে কোন ভাবে হস্তান্তর করার চেষ্টা করে তাহলে তাকে শুধু দেওয়ানী মামলায় সোপর্দ করা হবে না,ফৌজদারী মামলায় সোপর্দ করা হবে। আমরা সংশোধনীতে বলেছি যে শুধু ওয়াকফ বোর্ড বা তার কর্মচারীরা ছাড়া বাইরের কেউ কমপ্লেন করতে পারবেন না বা অভিযোগকারী হিসাবে হাজির হতে পারবেন না। অন্যান্যরা যারা ওয়াকফের ব্যাপারে ইনটারেষ্টেড, তাঁদের অভিযোগ যে কোন আদালতে সংশ্লিষ্ট আদালতে আনতে পারবেন। এই বলেই সংশোধনী আনা হয়েছে। এর মূল লক্ষ্য হচ্ছে এই যে ওয়াকফ সম্পত্তি যেন-তেন প্রকারেণ যাতে হস্তান্তরিত না হয়ে যায় তারজন্য একটা প্রতিরোধের ব্যবস্থা করা।এর দ্বারা খব বেশী সফলতা আমরা লাভ করতে পারবো বলে আমরা মনে করি না।তবে,এটা একটা পদক্ষেপ।১৯৩৪ সালের পর এই সম্পত্তি ব্যাপক ভাবে য ট্রান্সফার হয়ে গিয়েছে, তার প্রতিরোধ কার্যও কি ভাবে করা যায়,তার থেকে যাতে প্রতিরোধ করতে পারি, তারজন্যই এই পদক্ষেপ। এই প্রসঙ্গে আর একটা কথা বিশেষ ভাবে বলা দরকার। শহরাঞ্চলে এই সম্পত্তির দাম অবাধ ভাবে বেড়ে গেছে। কিন্তু এই সম্পত্তি এমন ভাবে হস্তান্তরিত হয়ে যাচ্ছে-এমনকি সাধারণ ৫ টাকার একটা কাগজে এগ্রিমেন্ট করে সম্পত্তির উপর দখল নিয়ে হস্তান্তর হয়ে যাচ্ছে। একটা সাংঘাতিক ভাবে এই সম্পত্তির হস্তান্তরিত হয়ে যাচ্ছে যে দেওয়ানী কোন কাগজপত্র, দলিল দস্তাবেজ কিছুই পাওয়া যায় না, অথচ দেখা যাচ্ছে হস্তান্তর হয়ে গিয়েছে। কাজেই, সে ক্ষেত্রে ক্রিমিন্যাল প্রসিডিওর অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা ছাড়া আমাদের অন্য কোন পথ নেই বলেই আমরা মনে করেছি। এই সব ক্ষেত্রে ভেতর থেকে কিছু সাক্ষ্য প্রমাণাদির সাহায্যে, ফৌজদারী সাক্ষ্য প্রমাণের মধ্যে দিয়ে ধরতে পারলে আমাদের কিছু সুবিধা হবে। এই সমস্ত দিক মনে করে ওয়াকফ সম্পত্তির সংক্রান্ত এই বিল আপনাদের সামনে এনেছি। আশাকরি, সকল পক্ষই এতে সমর্থন করবেন।

Mr. Deputy Speaker :- There is a motion for ciruclation of the Bill by Shri Kashinath Misra. He may now move his motion. But he is not the House as so his amendment is not moved. I now call upon Dr. Zainal Abedin to speak.

ডা: জয়নাল আবেদিন :- মাননীয় মন্ত্রীমহোদয় এখানে বিষয়টা এনেছেন তাতে আপত্তির কোন কারণ নেই। আমি এই সম্পত্তি ট্রান্সফারের বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই ট্রান্সফার দুরকমের হতে পারে-উইথ কনসেন্ট হতে পারে এবং কন্যাইভান্স এ্যাণ্ড এগেন দেয়ার মে বি ফোর্সিবেল অকুপেশন অফ দি প্রপার্টি হতে পারে। সেখানে আপনি কোন প্রস্তাব রাখলেন না। Sir, I will draw your attention to the select Committee composed 1965 under the Chairmanship of the then Judicial Minister, Shri I. D. Jalan.

একটা কম্প্রিহেনসিভ লেজিসলেশান-এর জন্য দরকার। ওয়াকফ্ সম্পত্তির ব্যাপারে আমরা দেখতে পাচ্ছি—There are two types of wakfs, you know. Wakfs are Aulads and Wakfs are lillats. After the State Acquisition Act and Land Reforms Act these have hit two aspects of these beneficiaries.

এবং এই দুটোতে আর একটা জিনিস হচ্ছে বিকজ অফ দি পার্টিসান অফ দি কান্ট্রি আমরা দেখছি এপার থেকে অনেকে চলে গেছে এবং ওয়াকফের কোন চিহ্নই নেই। আমার জেলাতে অন্তত এটা দেখতে পাচ্ছি যে, ইনটেনসান অফ দি ওয়াকফস্ দোজ হু হ্যাভ একজিকিউটেড্ দি ডকুমেন্ট, তাঁদের ক্ষেত্রে প্রভিসান ফুলফিল

কি কোন ভাবে করা যাচ্ছে? সেজন্য সামান্য পিসমিল লেজিসলেশান আপনি এখানে আনলেন কেন? এটা সাবজেকটিভ্ ট্রান্সফার ইল্লিগ্যাল ট্রান্সফার যারা করেছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য। কিন্তু সেটা যদি অবজেকটিভ হয়, তাহলে এর দ্বারা পূরণ হবে না। বিশেষ করে If the property forcibly occupied what is the remedy you propose?

আমি সেজন্যই বলছি স্যার, দিস ইজ এ স্মল পিস্ অফ লেজিসলেশান ইন কান্ট্রি টু দি প্রবলেমস্ অফ দি ওয়াকফস্। এর পরের যে কথা, কন্যাইভ্যান্স উইথ দি ক্রায়েন্ট, ওয়াকফ্ মাতোয়াল্লী যাঁরা আছেন, ওয়াকফ্ বোর্ডে যাঁরা আছেন, কমিশনার যাঁরা আছেন, টু সুপারভাইজ অল দি ইনসট্রুমেন্টস্ অফ দি ওয়াকফ, আপনি কিয়োরের ব্যবস্থা করুন।

[5.50-6.00 P. M.]

আজকে আমরা দেখছি কোন মেটিরিয়াল নেই, কোন রেগুলেশান নেই to supervise all the provisions of the instruments of the wakf. এর কি ব্যবস্থা রাখলেন? এসব এবং এসব দিকে দৃষ্টি দিলেন না। আপনি কি ৩ মাসের জেলের বিধানে এর কিউর করতে চান? এখানে হিমালয়ান কারপেশান ইজ দেয়ার। শহরাঞ্চলে জমির দাম বাড়ছে না কিন্তু মফস্বলে জমির দাম বাড়ছে। There are good intensions here-এর পারপাস কি? আজকে বেকওয়ার্ড কমিউনিটি-দাউ উই আর নট বিগারডেড এ্যাস ব্যাকওয়ার্ড আপনি এই ব্যাকওয়ার্ড কমিউনিটিকে অনেক হেল্প করতে পারতেন। how with the provisions of the instruments of the wakf আপনি সেইদিকে মোটেই দৃষ্টি দেননি, নিছক একটা আই ওয়াশ নিয়ে এসেছেন। আপনার মতো বিচক্ষণ ল-ইয়ার, আইনজ্ঞ মানুষ তদুপরি সৈয়দ, সেই সৈয়দ মানুষের হাত থেকে এটা হল কি করে সেটা জানতে চাইছি আপনার কাছে। এখানে ওয়াকফের একসিসটেন্স থাকছে না এবং I can cite numbers of examples where the wakfs had been dissolved after the introduction of the Estates Acuisition Act and Land Reforms Bill এটা আপনারা চাইছেন না because the ceiling operates there সেটা তো দেখিয়ে দেবেন, এটার কি প্রভিসান করেছেন এবং এর সম্বন্ধে কিছু বলছেন না তো। Your instruments and their administrative apparatus in the wakfs are very weak and corrupt. You have found the corrupt men to become the officials there. You bring out corrupt men to administer the wakf affairs of the State. আমি গুরুতর অভিযোগ এনেছি এই ওয়াকফ এ্যাক্টের কার্যকারিতা সম্পর্কে, এখানে এ সম্বন্ধে কি বক্তব্য রেখেছেন যেখানে ফরসিবেল অকোপেশান হয়ে গেছে। Even a Masque has been transformed into a cow shed. এতে ওদের আশীর্বাদ পাবেন না আপনারা এতে উৎসাহিত বোধ করেন? We have seen the Mosque has been converted into a cow shed and even worse than that into a red light area. আজকে আমি আমার জেলায় দেখতে পাচ্ছি এ্যাস ফার ব্যাক এ্যাস ১৯৬৫ এ সিলেক্ট কমিটি হয়েছিল হেন্স আই উড এ্যাডভাইস আপনি একটা পিসমেল লেজিসলেশান না এনে একটা কম্প্রিহেনসিভ ওয়াকফ্ এ্যামেণ্ডমেন্ট আনুন টু রিপ্লেস দিস ওয়াকফ্ প্রভিসানস। আপনি এ সম্পর্কে একটা কম্প্রিহেনসিভ বিল আনুন নট ইন কনফ্রনটেশান। একটা সেন্ট্রাল ওয়াকফ্ এ্যাক্ট আছে এবং স্টেট ওয়াকফ্ এ্যাক্ট আছে, আমি এই ব্যাপারে আপনার কাছে এক সময়ে ওপিনিয়ন চেয়েছিলাম। আমি চাইছি একটা comprehensive legislation curing all the defects of the wakfs and eliminating all sources of corruption and eliminating all instruments of corruption এবং এই ব্যাপারে একটা কম্প্রিহেনসিভ লেজিসলেশান আনুন যেখানে একটা প্রভিসান থাকবে। এটা তো সাবজেকটিভ যেখানে অবজেকটিভ ফোরসিবল অকোপেশান হয়ে গেছে সেখানে কি ইন্সট্রুমেন্ট সেটাতে দেখছেন না এবং the provisions of the instruments of the wakif এইগুলি পালিত হচ্ছে কিনা সেটা দেখা দরকার। আরেকটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এই ওয়াকফ্ যখন চালু হয়েছিল তখন এস্টেট একুইজিশান বিল বা ল্যান্ড রিফোমর্স ছিল না। আজকে যারা বেনিফিসিয়ারী থাকছেন ইফ এস্টেট একুইজিশানে জমিদার ছিলেন, জমিদারী উঠে গেছে বাট কমপেনসেসান ইজ দেয়ার। যে ওয়াকফ ছিল সে জানতো না after 100 years there will be a legislation abolishing zamindary or rayati system or so and so, imposition of the ceiling সে জানতো না compensation will be shared. How the property taken over by the State either by the virtue of this Estates Acquisition Act or by the provisions of the Land Reforms Act আজকে সেই কমপেনসেসানটা how do you propose to distribute? এটার কম্প্রিহেনসিভ লেজিসলেশান দরকার। সে জানতো না আজকে ১০০ বছর পরে কি আইন আসবে আপনি সেইদিকে কোন দৃষ্টি দেননি। সুতরাং beneficiaries should it go to the Motwally itself or the other beneficiaries would share the benefit had it been a property not brought under the purview of the Wakf যদি ওয়াকফ্ না হোত তাহেল বেনিফিসিয়ারী কি এর সুযোগ পেতো? এইদিক থেকে ওদের compensation, how do you propose to distribute এজন্য আমি মনে করি it is the very fragmentation of the problems that you have touched. It is the fringe of the problems that you have touched. You have not gone deep into the roots of the problems there and the corruptions there and the objective conditions prevailing here wakfs properties have been forcibly occupied. The Bengal Tenancy Act 12 years forcible occupation gives entitle and possession এটার কিউর করার কোন Act of Limitation দিলেন না। The Act of limitation is not operating here

What I urge, Sir, is that a comprehensive legislation should be brought and it may be referred to a Select Committee for being thoroughly discussed. It be compared with the Central Wakf Act. It should not be in confrontation with the Central Act. It should be in keeping with the modern time and age. After the enactments of so many legislations with regard to immovable properties viz. The Urban Ceiling Act, the Rural Ceiling Act, the Land Reforms Act, the Estates Acquisition Act etc. the proposed comprehensive legislation on wakf affairs should be in conformity with all these Acts. A comprehensive legislation is necessary and a must, Sir. This is a small piece of legislation which has been proposed. I oppose it, Sir. I would suggest that a comprehensive legislation on wakfs should be brought in and be referred to a Select Committee giving proper terms and conditions so that threadbare discussion could be held on the wakf affairs of the State. Hence, I would request the Minister to give a thought over it. The wakfs, as you know, are in the no man's land now. Our honourable Speaker happens to be a good criminal lawyer but it may not be possible for him to know all these affairs of the wakfs of the entire State. But he is a pure

Calcuttan and he knows the affairs prevailing in the Calcutta wakfs. We want to know who are the persons who are enjoying the properties; who are enjoying the benefits. Please look into all these problems eliminating corruption as far as possible. You must improve the machinery for suprvision, and inspection. You must scrutinise whether the provisions of the instruments of the wakfs are being implemented or not. What is the machinery; what is the administrative apparatus to enquire, investigate and to inspect and audit all these Motwali affairs there? What are the instruments to improve all these affairs also? I would request the Hon'ble Minister to take action with regard to all the points mentioned by me and bring in a comprehensive legislation.

Thanking you, Mr. Speaker, Sir.

Mr. Speaker :-Dr. Abedin, you have said that I am a criminal lawyer. May I know whether the emphasis was on the word 'criminal' or on the word 'lawyer'?

Dr. Zainal Abedin :-On both, Sir.

[6-00 to 6-10 P.M.]

শ্রী শীশ মহম্মদ ঃ- স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি এই কারণে যে আমি নিজে দেখেছি ওয়াকফ প্রপার্টি-আমার কাছে ডকুমেন্টস আছে-বহু মতোয়ালী যারা ভেষ্টেড ইন্টারেষ্ট তারা ওয়াকফ প্রপার্টিকে কিভাবে তছরূপ করেছে তা ভাষায় প্রকাশ করা যায় না। কয়েকদিন আগে আমি দেখেছি ৬০ একর সম্পত্তি ২ হাজার টাকায় বিক্রি হল তারা ২০ টা আমের গাছ কেটে ফেলে দিল এবং একটা পুকুর লীজ নিয়েছিল যার বাৎসরিক আয় ১৫ হাজার টাকা। অথচ ওয়াকফের কাছে তারা হিসেব দেবার প্রয়োজন বোধ করে না। ট্রান্সফার মর্গেজ বা লীজ ইত্যাদি করার ক্ষেত্রে একটা ওয়াকফ বোর্ড আছে। কিন্তু তাদের প্রায়র স্যাংসান নেবার প্রয়োজনকে তারা আমল দেয় না। এমন খবর আছে যে লীজ দেবার পর বাড়ি তৈরী করলো যার ফলে তাকে আর ভেকেট করা যাচ্ছে না। সিভিল কোর্টে কেস করতে গেলে নানা রকমভাবে কয়েক বছর কেটে যায় সুতরাং এখুনি সেই প্রপার্টি উদ্ধার করা যারা মতোয়ালীতে দোষী সাব্যস্ত হয় তাদের সিভিল আইনের দ্বারা শাস্তি দেয়া যাচ্ছে না। এমন কি এখুনি ফৌজদারী আদালত ছাড়া শাস্তি দেয়া সম্ভব নয়। সেজন্য এইসব প্রপার্টি রক্ষা করার জন্য এই আইন নিয়ে আসা হয়েছে। সুতরাং এই আইনের বিরোধিতা করার আগে অন্ততঃ ভেবে দেখা উচিত মাননীয় মন্ত্রী মহাশয় সত্যিকারে যে বিষয়টা নিয়ে এসেছেন সেটা কতদূর অযোগ্য,এটা তার বিচার করে দেখা উচিত ছিল। কাজেই কমপ্রিহেনসিভ বিল নিশ্চয়ই আমি বলব নিয়ে আসবেন, কিন্তু যে বিল নিয়ে এসেছেন সেটাও সাফিসিয়েন্ট নয়, কারণ আমি দেখেছি একটু আগে যে কথা বললাম যে ৬০ একর সম্পত্তি বিক্রি করে দিল সেখানে দেখতে পাচ্ছি মসজিদ আছে, সেই মসজিদ রক্ষণা-বেক্ষণের জন্য সেই সম্পত্তি রেখে দেওয়া হয়েছে. কিন্তু প্রমাণে পাওয়া গেছে যে ঐ মসজিদ রক্ষণা-বেক্ষণের কোন দায়িত্ব নেই, সেই মসজিদের ইমামকেগ্রামবাসী ১০০টাকা বেতন দেয় এবং গ্রামবাসীরাই চাঁদা তুলে সেই মসজিদকে রক্ষণা-বেক্ষণ করে,তার মতোয়ালীর কোন পরোয়া করে না।এই রকম ভূরি ভূরি প্রমাণ আছে কাকে লিজ দিচ্ছে মর্টগেজ দিচ্ছে, কোনটা বিক্রি করে দিচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখ হয় যে ধর্মতলায় একটা মসজিদ আছে, সেই মসজিদের মালিক কে, সেই মসজিদের রক্ষণা-বেক্ষণের দায়িত্ব কার হাতে আছে, তার দুরবস্থা দেখলে দুঃখ হয়। একটা ওয়াকফ প্রপার্টি তার নাম দেখা যাচ্ছে, অথচ দেখাশুনা করার জন্য তার মেন্টেন্যানসের জন্য যে টাকা-পয়সা তার হদিশ খুঁজে পাওয়া যায় না। সুতরাং যারা ইল্লিগ্যাল কাজ করবে, বোর্ডের পার্মিসান না নিয়ে, বোর্ডের আগে স্যাংকসান অর্ডার না নিয়ে যদি কেউ বিক্রি করে দেয় তাহলে তার বিরুদ্ধে যথোপযুক্ত শাস্তি দেওয়ার জন্য যে বিল নিয়ে এসেছেন সেই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ডাক্তার সাহেব যে কথাগুলি বলেছেন সেগুলি অবশ্য আমি জানি এবং তিনিও জানেন। কিন্তু সমগ্র বিলটাকে বিচার বিবেচনা করে নতুন করে আনার ক্ষেত্রে কতকগুলি অন্তরায় উপস্থিত হয়েছে। কেন্দ্রীয় ওয়াকফ এ্যাক্ট আমাদের পশ্চিমবংগে চালান হবে কিনা তাই নিয়ে একটা প্রশ্ন উঠেছে। বিরোধী পক্ষের সদস্যরা যদি কেন্দ্রীয় ওয়াকফ এ্যাক্ট পড়ে দেখেন, আমি পড়ে দেখেছি, আমি এমন কোন গুরুত্বপূর্ণ বিষয় দেখিনি যারজন্য আমাদের এই পুরানো ওয়াকফ এ্যাক্ট বাতিল করে ঐ এ্যাক্ট নিতে পারি। সেজন্য আমরা ওটা কমপ্রিহেন্সিভ এ্যাক্ট বলে মনে করি না। আমাদের উদ্দেশ্য অন্ততঃ পশ্চিমবংগে যে পরিস্থিতি, যেমন ডাঃ সাহেব নিজেই বললেন ওয়েষ্ট দিনাজপুরে ব্যাপকহারে যেসব মতোয়ালী চলে গেছে সেইসব পরিত্যক্ত সম্পত্তির সমস্যা সমাধানের এটা আমাদের কাছে সহায়ক হবে বলে আমি মনে করি না। আগে ওঁরাও সেটা দেখেছেন, ওঁরা সেটা চালু করেননি। আমাদের আমলে এই প্রস্তাব উঠেছে, কিন্তু এখন পর্যন্ত আমরা কোন রকম সিদ্ধান্তে আসতে পারিনি। তবে আমি আবেদিন সাহেবের প্রস্তাব বিচার বিবেচনা করে দেখব এবং আমাদের আইনটা আরো উন্নত করা যায় কিনা সেটা আমরা দেখব। কেন সংক্ষিপ্ত আকারে আনলাম, না, ওটা কম্প্রিহেনসিভ করতে গেলে আরো বিলম্ব হবে,এখনই অবস্থা চরমে উঠেছে,গত ৩/৪ বছরের মধ্যে জমি-জমার মূল্য প্রচণ্ড বেড়ে গেছে, যার ফলে এই রকম ধরণের ট্রান্সফার হচ্ছে এক একটা এগ্রিমেন্ট দ্বারা লক্ষ টাকার সম্পত্তি ট্রান্সফার হয়ে যাচ্ছে। কোন রকম প্রতিরোধ করা যাচ্ছে না। ভারতবর্ষে ওয়াকফের যে অবস্থা সেটা না বলাই ভাল। বিরোধীপক্ষ এতদিন সরকারে ছিলেন কাজেই তাঁরা দেখেছেন কি অবস্থা হয়েছিল এবং আমরা এসেও সেই অবস্থা দেখছি। অনেকে বলেন রেজিষ্ট্রি অফিসে দুর্নীতি আছে। এটা আমার বিভাগ কাজেই আমিও অনেক কথা জানি। তবে একটা কথা বলি-এই দুর্নীতির ব্যাপারে যাঁরা বেশী চেঁচান তাঁরাও দেখবেন ১০ হাজার টাকার সম্পত্তির মূল্য কিন্তু সেখানে দলিল করছে আড়াই হাজার টাকার। আমি সেদিন তপনে রেজিষ্ট্রি অফিস ওপন করেছি আমি দেখেছি তপন বাজারের কাছে বর্তমানে জমির দাম ৪ থেকে ১০ হাজার টাকা অথচ দলিল কিন্তু সেই দামে হচ্ছে না। দুর্নীতি দমন করতে হলে সামগ্রিক ভাবে সমাজকে সচেতন হয়ে লড়তে হবে। প্রশাসনিক পদ্ধতিতে দুর্নীতিকে ব্যাহত করা যায় বা শাস্তি দিয়ে দুর্নীতি বন্ধ করা যায় এটা আমি মনে করি না। গড়িয়াহাটা মার্কেটের কাছে একটা এ্যাষ্টেট একজন মতোয়ালীর বিরুদ্ধে মামলা করা হয়েছিল কিন্তু পরে দেখা গেল সেই মতোয়ালী ট্রান্সফার লীজ ডিডে সই করে দিয়েছে এবং কনফারমেসন পেয়ে গেছে। কাজেই এর বিরুদ্ধে সমাজকে সচেতন হয়ে লড়তে হবে। আমি আর বিশেষ কিছু বলবনা, আশা করি এই সংক্ষিপ্ত এ্যামেন্ডমেন্ট আপনারা সকলেই গ্রহণ করবেন।

The Motion of Shri Syed Abdul Mansur Habibullah that the Bengal Wakf (Amendment) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

Clause 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Mr. Speaker :- There is one amendment in clause 3 (amendment No. 2) by Shri Sumanta Kumar Hira. Mr. Hira please move your amendment.

Shri Sumanta Kumar Hira :-Sir, I beg to move that in clause 3, in the proposed section 91 of the principal Act, for sub-section (1) the following be substituted, namely:-

"(1) No Court shall take cognizance of an offence punishable under this Act save upon complaint made by the Board or an officer authorised by the Board in this behalf or upon a complaint by a person interested in the walkf."

শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ ঃ-মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা প্রোভাইসো দিয়ে করবার দরকার নেই। সাব-সেকসান ওয়ান অফ সেকসন নাইনটি ওয়ান এর পার্ট হিসাবে ধরা যেতে পারে। এখানে লেখা রয়েছে —Provided that a court may also take cognizance of an offence punishable under sub-section (3) of section 53 of the Act upon a complaint made by a person interested in the wakf.

অরিজিন্যাল ধারাতে ছিল কমপ্লেন মেড বাই দি বোর্ড অর এ্যান অফিসার অথরাইজড বাই দি বোর্ড ইন দিস বিহাফ। আমরা মনে করলাম এখানে বোর্ড কথাটা বলে দিলে অসুবিধা হচ্ছে কারণ হয়ত তাঁদের দৃষ্টিতে এল না অথচ স্থানীয় লোকেরা হয়ত এটা জানে। সেজন্য একটা প্রোভাইসো যোগ করে বললাম এনি পার্সন ইনটারেসটেড ইন দি ওয়াকফ এবং তিনি এই অভিযোগ আদালতে দাখিল করতে পারবেন। কিন্তু পরে দেখা গেল এই প্রোভাইসো শব্দগুলির দরকার নেই।

The motion of Sri Sumanta Kumar Hira that in clause 3, in the proposed section 91 of the principal act, the sub-section(1) the following be substituted, name:-

"(1) No Court shall take cognigance of an offence punishable under this Act save upon complaint made by the board o ran officer authorised by the board in this behalf or upon a complaint made by the person interested in the wakf." was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill, Was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Syed Abul Mansur Habibullah:-Sir, I beg to move that the Bengal Wakf (Amendment) bill, 1985, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Court-Fees (Amendment) Bill, 1985.

Shri Syed Abul Mansur Habibullah:-Sir, I beg to introduce the West Bengal Court-Fees (Amendment) Bill, 1985.

(Secretary then read the title of the Bill)

Shri Syed Abul Mansur Habibullah:-Sir, I beg to move that the West Bengal Court-Fees (Amendment) Bill, 1985, be taken into consideration.

[6.10-6.20 P. M.]

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাঃ-মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের স্বপক্ষে বলতে গিয়ে বলতে হয় যে আপনারা দেখেছেন যে কোর্ট ফি সংশোধন করার জন্য কয়েকটি প্রস্তাব আমি এখানে দিয়েছি, আমাদের কোর্ট ফি কমিটির যে সাজেশন আমরা তার চেয়ে কম করেছি। সাধারণভাবে আমাদের পশ্চিমবাংলায় কোর্ট ফি কমই আছে অন্যান্য স্টেটের চেয়ে। আমরা যে বলেছিলাম তা কোর্ট ফি কমিটিতে রাখা হয়েছে। উনি এখন যে কথা বললেন সেটা আমরা ঐ কমিটিতে রেখেছিলাম। স্টেট গভর্ণমেন্টের সামান্য হলেও এটা একটা আয়ের পথ। এটা ছেড়ে দিতে স্বীকার হতে পারি নি। সাত্তার সাহেব সরকারে ছিলেন সেটা তিনি জানেন। আমাদের কোর্ট ফি কমিটিতে সিদ্ধান্ত হয়েছিল রিট পিটিসন যেটা হাইকোর্টে হয় সেটা অত্যন্ত কম। এই ফি মাত্র ২০ টাকা হয়ে আছে। কোর্ট ফি কমিটির সিদ্ধান্ত ছিল যে এটার পরিবর্তন হওয়া উচিত। আর হেভিয়াস করপাস যেটা মুভ হয় সেটা ঠিক নয়। আমরা সেটা করেছি হেভিয়াস করপাস মুভ করতে হলে আমাদের যেটা আজকে জেল থেকে মুভ করতে হোত তাতে আমাদের কোর্ট ফি দিতে হয়েছে। কিন্তু এখানে সেটা আমরা বলছি যে হেভিয়াস করপাস পিটিসন করতে কোন রকম কোর্ট ফি লাগবে না। অন্যান্য কোর্ট ফি ফান্ডামেন্টাল রাইট সম্বন্ধে কোর্ট ফি কমিটির রিপোর্ট ছিল যে কোন ফান্ডামেন্টাল রাইট যদি এ্যারাইজ হয় সংবিধানে যা আছে সেগুলি যদি হয় তাহলে কোর্ট ফি কমিটির রেকমেনডেসন ছিল ১০০ টাকা কোর্ট ফি দিতে হবে। আমরা সেটা ১০০ টাকাই রেখেছি। আর ট্যাকসেসন লয়েতে কোর্ট ফি কমিটির যা রেকমেনডেসন ছিল ৫০০ টাকা আমরা সেখানে রেখেছি প্রাথমিক অবস্থায় ২৫০ টাকা এবং এ্যাপিলেতে ৫০০ টাকা। আর অন্যান্য ব্যাপারে রিট পিটিশনেতে কোর্ট ফি কমিটির রেকমেনডেসন ছিল ২৫০ টাকা— আমরা সে জায়গায় ১০০ টাকা রেখেছি। কাজেই এখন পর্যন্ত কোর্ট ফি কমিটির নির্দেশ যেটা সেটাই আমি করেছি বলে মনে করছি। আমাদের আদালতের

খরচ বেড়ে যাচ্ছে সেদিক থেকে কোর্ট ফি এখন পর্যন্তও নীচেই আছে রিট পিটিশন ব্যাপারে আমরা সুবিধেই করে রেখেছি। ট্যাকসেসন লয়ের উপর যারা আক্রমণ করছে তাদের সম্বন্ধে আমরা এটা করতে যাচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় আইন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে দি ওয়েষ্ট বেঙ্গল কোর্ট-ফি (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮৫এ নিয়ে এসেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি যে যে সরকারের যেটা চিন্তা-ভাবনা ছিল এটা উঠিয়ে দেবার, তাতে উনি তার প্রারম্ভিক বক্তৃতায় বলেছেন উঠিয়ে দেবার চিন্তা ভাবনা ছিল। কিন্তু সেখানে দেখতে পাচ্ছি পুনরায় তার বৃদ্ধি ঘটিয়েছেন, তাঁর দপ্তরের আর্থিক উন্নতির জন্য। আমার বক্তব্য হচ্ছে কোর্ট ফিজ কালেকসানের ব্যাপারে কোর্ট ফি কমিটির সুপারিশ স্টেটমেন্ট এ্যান্ড অবজেক্ট অব রিজনসে সেটা নেই।সেখানে বলা হচ্ছে there has been a gradual rise in the cost of administration of justice during all these years. মেনলি দেখা যাচ্ছে সেখানে বলছেন বিভিন্ন কারণে এ্যাডমিনিষ্ট্রেসন ও আইন সংক্রান্ত ব্যাপারে খরচ বেড়ে গেছে, সেই টাকাটা ওঠাবার জন্যই এটা করতে হচ্ছে। হেভিয়াস করপাস এ্যাক্ট ডিটেনসানের বেশীর ভাগ ক্ষেত্রে আইনের মাধ্যমে তার বাড়ীর লোকেরা, ফ্যামিলি মেম্বাররা এ্যাকিউজড পারসন হলে সেখানে টাকা পয়সা লাগবে না, রেহাই দেওয়া হয়েছে। ফান্ডামেন্টাল রাইটস বা বিভিন্ন রিট পিটিসনের ব্যাপারে এখানে তিনি প্রভিসন করে দিয়েছেন যে, চ্যালেঞ্জিং এনি ল অন ট্যাকসেসান। ফান্ডামেন্টাল রাইটসের কথায় তিনি বলেছেন জুরিসডিকসান আন্ডার আর্টিকেল ২২৭ অব দি কনসটিটিউসন অব ইনডিয়া, এই ক্ষেত্রে আমরা একটা রেট দেখতে পাচ্ছি। আগে যেখানে ছিল for directions, orders or writs under article, 226 of the Constitution of India for the enforcement of any of the fundamental rights conferred by Part III thereof সেখানে ২০ টাকা ছিল, তার পরিবর্তে ১০০ টাকা হচ্ছে, অর্থাৎ ৮০ টাকা বাড়ানো হচ্ছে। আবার for directions, orders or writs under article 226 of the Constitution of India for the enforcement of any of the fundamental rights conferred by Part III thereof or for the exercise of its jurisdiction under article 227 of the Constitution of India. সেখানেও ২০ টাকা ছিল, সেই ক্ষেত্রে ১০০ টাকা বাড়ানো হচ্ছে এবং সর্বোচ্চ ৫০০ টাকা করা হচ্ছে। রিট পিটিসনের উপর কোর্ট ফি বাড়ানোর সুপারিশ কোর্ট ফি কমিটি করলেন এবং সেটা কি বেসিসে করলেন আমরা কিন্তু এখানে লক্ষ করতে পারলাম না। এর বেসিসটা মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের নিশ্চয় বলবেন। কেন না, এই বেসিসটা আমাদের পরিস্কার ভাবে জানা দরকার। এই ক্ষেত্রে কত টাকা সরকারের আয় হবে সেটা আমাদের জানা দরকার । রিট পিটিসন-এর ব্যাপারে বৃদ্ধি ঘটানোর জন্য সরকারের কত আয় হবে এবং সরকারের বিভিন্ন উন্নয়ন মূলক পরিকল্পনায় সেই টাকাটা ব্যয় হবে কিনা বা এই বর্দ্ধিত টাকাটা কোথায় কি ভাবে প্রয়োগ করা হবে সেটা আমাদের জানা দরকার। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এটা আমাদের কাছে পরিস্কার করে বলবেন।

[6.20-6.30 P. M.]

এক্ষেত্রে সরকারের দৃষ্টিভঙ্গীটাও আমাদের জানা দরকার। সরকার কোর্ট ফি ক্রমশঃ লুপ্ত করার প্রচেষ্টা নিয়েছিলেন এখন আবার দেখছি সেই কোর্ট ফি'র পুনরায় অভ্যুত্থান ঘটছে। সরকারের চিন্তা ভাবনা ছিল যে সাধারণ মানুষ, যাদের টাকা পয়সা নেই তারা যখন আইনের আশ্রয় নিতে যাবেন তখন যেন তারা সুযোগ সুবিধা পান। আজকে নতুন ভাবে কোর্ট ফি সংশোধন করে কেন তার থেকে সরকার দূরে সরে গেলেন তা আমরা বুঝতে পারছিনা। এখন একটা বিরাট আকারে কোর্ট ফি করা হচ্ছে ২০ টাকার জায়গায় ৮০টাকা, ৪ গুন বৃদ্ধি করা হচ্ছে। এই হিসাব-নিকাশটা কি ভাবে বা কি বেসিসে কোর্টফি কমিটি করে থাকেন এবং সেই কোর্ট ফি কমিটি কাদের দ্বারা পরিচালিত, কোন কোন আইনজ্ঞ তাতে আছেন সে সম্বন্ধে আজকে জানার প্রয়োজন আছে। সাধারণ মানুষের দৈন্যের কথা সরকার বার বার বলেন, যেখানে শতকরা ৭০ জন লোক আর্থিক অসংগতিতে ভুগছেন সেখানে এই হারে কোর্টফি বাড়ালে আগামীদিনে তারা হাইকোর্টের দরজা পর্য্যন্ত পৌঁছাতে পারবে কিনা সেটা বিবেচনা করার প্রয়োজন আছে। মাননীয় মন্ত্রী মহাশয় যে ভাবে চিন্তাভাবনা করে সারা রাজ্যে আইন আদালতগুলির শ্রীবৃদ্ধি ঘটাবার প্রচেষ্টা নিয়েছেন এবং করছিলেন এর ফলে সেই কাজেও প্রতিবন্ধকতার সৃষ্টি হবে কিনা তাও চিন্তা করে দেখার প্রয়োজন আছে। আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে একটু চিন্তা ভাবনা করবেন, সেখানে এই ফাইলিং রেট, সেই রেটের ব্যাপারে আগামীদিনে যে চিন্তা ভাবনা আছে আশা করি মাননীয় মহাশয় তারও বহিঃপ্রকাশ ঘটাবেন। আইনের চোখে গরিব,বড়লোক সবাই সমান,কাজেই যারা গরিব তারা আইনের সুযোগসুবিধা কি করে বেশী করে পেতে পারেন সেদিকে আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় লক্ষ্য রাখবেন। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর চিন্তা ভাবনা এখানে ব্যক্ত করবেন এই আশা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী হাজারী বিশ্বাস :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আইন ও বিচার বিভাগের মন্ত্রী মহাশয় আজকে যে কোর্ট ফি সংশোধনী বিল এনেছেন সেই বিলকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। বিরোধাদলের মাননীয় সদস্য কাশীবাবু-তিনি একজন আইনজীবী-এই বিল সম্বন্ধে কয়েকটি কথা বলেছেন। উনি বুঝতে পারেন নি যে এই কোর্ট ফি কমিটি কাদের নিয়ে গঠিত। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে এটা সেন্ট্রাল কমিটির সভায় সিদ্ধান্ত হয়েছে এবং সেই মাফিক করা হয়েছে। উনি আরো বলেছেন অন্যান্য রাজ্যে কোর্টফি যা করা হয়েছে আমাদের ষ্টেটে তত বাড়ানো হয়নি। এটা কাশীবাবু কেন বুঝতে পারলেন না আমি জানি না । তারপর কাশীবাবু বলেছেন আইনের চোখে সকলেই সমান। হ্যাঁ, আইনের চোখে সকলেই সমান।সেব্যাপারে এই সরকারের দৃষ্টি ভঙ্গীও সকলে জানেন।বর্গাদারদের ক্ষেত্রে সিদ্ধান্ত অনুযায়ী যে বর্গা অপারেশন হল এবং এখনও হচ্ছে তা ব্যাহত করার জন্য এক শ্রেণীর মানুষ তারা পশ্চিমবংগে বদ্ধপরিকর। তারা হাই কোর্টের মাধ্যমে আইনের আশ্রয় নিয়ে বর্গাদারদের ব্যতিব্যস্ত করার জন্য বদ্ধপরিকর। সে জন্য এই আইনের আশ্রয় তারা নিচ্ছেন। যেহেতু তারা ধনী ব্যক্তি, জোতদার, অনেক টাকার মালিক, এই সরকারের যে দৃষ্টিভঙ্গি, যে দৃষ্টিভঙ্গির মাধ্যমে আজকে হাজার হাজার, লক্ষ লক্ষ বর্গাদার রেকর্ড ভুক্ত হচ্ছে, তারা স্বনির্ভরশীল হতে চলেছে, সেখানে তারা এই কার্যক্রমকে আঘাত হানার জন্য বদ্ধপরিকর। কেননা, তাহলে তারা রেভিনিউ দিতে বাধ্য হবেনা, সেই পরিকল্পনাকে ব্যাহত করার জন্য আজকে তারা উদগ্রীব। সে জন্য মন্ত্রী মহাশয় আজকে কোর্ট ফি বর্ধিত হারের জন্য যে আইন এনেছেন, সেটা সঠিক ভাবে এনেছেন। ধরুন, আজকে একটা কৃষককে উতখাত করার জন্য ২০ টাকার কোর্ট ফি ছিল, সেখানে কেন ১০০ টাকার করা হবেনা? কাজেই এটা সঠিক ভাবেই করা হয়েছে। আবার অন্য দিক থেকে বলতে গেলে দেখা যায়'র আইনকে চ্যালেঞ্জ করা হয়। আজকে যে ধনীব্যক্তি বা অন্যান্য ব্যক্তি তারা আইনকে চ্যালেঞ্জ করছেন। এই আইনকে চ্যালেঞ্জ করার যে মানসিকতা, সেটা যার ক্ষমতা থাকে, পর্যাপ্ত টাকা থাকে, তারাই হাই কোর্টে গিয়ে সেই ব্যবস্থা নেবার জন্য এগিয়ে আসতে পারেন। এই রকম অবস্থায় কেন তারা ৫০০ টাকা ট্যাকসেশান এবং কোর্ট ফি দেবেন না? কাশীবাবু নিজে একজন আইনজীবী হয়ে এটা কেন বললেন যে আইনের চোখে সকলেই সমান আমি বুঝতে পারলাম না। আমি তাকে প্রশ্ন করতে চাই যে একজন গরীব ক্ষেতমজুর, বর্গাচাষী, এরা কি হাই কোর্টের, যারা ২ হাজার, ২।। হাজার টাকার লাইয়ার দিতে পারেন? অথবা কাশীবাবু যে কোর্টে প্রাকটিস করেন, আমি বহরমপুর কোর্টে প্রাকটিস করি, আমাদের এরা ল'ইয়ার

হিসাবে দিতে পারবেন? সে জন্য আইনের চোখে সকলে সমান হলেও আজকে যে সমাজ ব্যবস্থা এবং তার যে পরিস্থিতি তাতে সেটাকে সমান ভাবে দেখে না। সে জন্য সরকার যে ব্যবস্থা করেছেন গরীব মানুষের জন্য, সাধারণ মানুষের জন্য বর্গাদারদের জন্য। যেখানে জমিদার- জোতদার শ্রেণীর মানুষেরা এই সমস্ত গরীব মানুষদের ব্যতিব্যস্ত করে তুলেছে সেখানে তারা যাতে ন্যায্য কোর্ট ফি দেন সেই ব্যবস্থা করা হয়েছে। এখানে যে প্রশ্নটা মন্ত্রী মহাশয় তুলেছেন যে ডিপার্টমেন্টের খরচ বেড়েছে, এটা সঠিক ভাবেই বলেছেন। আজকে এতে বর্গাদারদের রক্ষা করার যে প্রশ্ন আছে সেটা যেমন চলছে, অপর দিকে ডিপার্টমেন্টের যে খরচ বেড়ে গেছে তারও পরিপূরণের কাজ লাগবে। এটা যদি করা যায় তাহলে বিচার দপ্তরের, আইন দপ্তরের যে দৃষ্টিভঙ্গী, এই সমাজ ব্যবস্থার মাধ্যমে গরীব মানুষেকে রিলিফ দেওয়া এবং কোর্ট ব্যবস্থাকে বিকেন্দ্রীকরণ করে সাব-ডিভিশন পর্যায়ে নিয়ে যাওয়া, সেটা পরিচালনার দিক থেকে ফলপ্রশু হবে। কাজেই তিনি যে বিল এনেছেন, তাকে পরিপূর্ণ ভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ্ ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী পক্ষের সদস্য কাশী নাথ মিশ্র যে কথা বলেছেন তার জবাবে আমি এই কথা বলতে চাই যে আমাদের সাশ্রয় কি হবে। আমি একথা বলতে পারি যে এক বছরে ১৭ হাজার রিট কলকাতা হাই কোর্টে হয়েছে। তার বাবদে শতকরা ৮০ টাকা করে যদি ধরা যায় তাহলে ১৩ লক্ষ থেকে ১৩।। লক্ষ টাকা আয় হবে, এটা অন্দাজ করা যাচ্ছে। কম হলে ভাল, কিন্তু বেশী মামলা হলে আমরা নিষ্পত্তি করতে পারছিনা। এর জন্য যদি কোন ডিটারেন্ট এফেক্ট হয় সেটা আমরা ওয়েলকাম করবো, তাতে আমরা কিছু মনে করবো না। গরীব মানুষের পক্ষে আমার বক্তব্য হচ্ছে, কোন গরীব মানুষ হাই কোর্টে রিট পিটিশান করতে আসে না। বেশীর ভাগ গরীব মানুষ রেস্পণ্ডেড হয়ে আসে। তারা এখানে বিবাদী হয়ে আসেন, বাদী হয়েই আসেন না। যাই হোক, যদি গরীব মানুষদের আসতে হয় তাহলে আমাদের আর একটা ব্যবস্থা আছে। যদি কোন ব্যক্তি লীগ্যাল এইড চান আমরা সেই সাহায্য দিতে পারবো। যাদের আয় ৫ হাজার থেকে ৭ হাজারের নীচে তাদের লীগ্যাল এইড দিয়ে তাদের মামলার কোর্ট ফি ইত্যাদি দিয়ে দিতে পারবো। আর একটা কথা জিজ্ঞাসা করেছেন যে ব্যয় কি ভাবে বেড়েছে? ব্যয় ৫ গুণেরও বেশী বেড়েছে, ৫ গুণের কম বাড়েনি। কাজেই আমরা যদি ৪ গুণ বাড়াই তাহলেও অন্যায় হবেনা। আর ট্যাকসেশানের ব্যাপারে আপনারা জানেন যে ট্যাকসের ক্ষেত্রে বেশীর ভাগই ট্যাকসটা প্রথমে একটোটি কমিয়ে ধরা হয়।

[6.30-6.40 P. M.]

যাকে আমাদের দেশ দু নং খাতা বলে, বেশীর ভাগ ট্যাকসেশন ল এর শিকার তারা, দুনং খাতার কারবার করেন। কাজেই তাদের উপর এই ট্যাকস্টা খুব বড় হবে বলে মনে করি না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Syed Abul Mansur Habibullah that the West Bengal court-Fees (Amendment) Bill, 1985, be taken into consideration, Was then put and agreed to.

Clause 1

the question that Clause 1 do stand of the Bill Was then put and agreed to

Clause 2

Mr. Speaker :- There are amendments to Clause 2 by Shri Sumanta Kumar Hira (amendments No. 1and 2). Shri Hira may move his amendments

Shri Sumanta Kumar Hira :-Mr. Speaker Sir, I beg to move that in Clause 2 (1) in item (111), line 2, for the word "law" the Word "matter" be substituted.

Sir, I also bee to mone that in Clause 2 (2) in item (bbb), line 2, for the word "law" the word "matter" be substitued.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওয়েস্ট বেঙ্গল কোর্ট ফিজ এ্যামেন্ডমেন্ট বিল ১৯৮৪ এর দু নং ক্লজের দুটি এ্যামেন্ডমেন্ট এনেছি। আমার এ্যামেন্ডমেন্ট খুব ছোট, এ্যামেন্ডমেন্টের এ্যামেন্ডমেন্ট, এ্যামেন্ডমেন্টটা খব ছোট, আমার এ্যামেন্ডমেন্ট আরও ছোট। যেখানে দু নং এর কে আছে, তারপর যেখানে এনি ল রয়েছে, ল এর জায়গায় ম্যাটার বলতে চাইছি। কারণ ম্যাটার বললে জিনিসটা আরও ওয়াইডার হয়, সবটা কভার করে। অনেক সময় দেখা যায় ল বললে ল পয়েন্টে আটকে যায়। আর ম্যাটার বললে ল এর বাইরে অনেক আদেশ থাকে, অডার থেকে, সমস্ত কিছু কভার করে। বিষয়টা ওয়াইডার হবে। সেই জন্য আমি এখানে ল এর জায়গায় ম্যাটার বসানো হোক এই প্রস্তাব রাখছি। দু নং এ্যামেন্ডমেন্টে অনুরূপ ভাবে ২ বি বি বি, ল যেখানে আছে, সেখানে ম্যাটার বসানো হোক। সেখানে একই কারণে ল এর জায়গায় ম্যাটার বসাতে চাইছি যাতে ম্যাটো এবং প্রভিশনটা আরও ওয়াইডার হয়। কোন কমপ্লিকেশন না থাকে এই হচ্ছে আমার এ্যামেন্ডমেন্ট। আশা করি মন্ত্রী মহাশয় গ্রহন করবেন।

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ- আমি এটা গ্রহন করার সপক্ষেই বলছি। ল কথাটা থাকলে, যেটা আসল উদ্দেশ্য ছিল, আইনটার পরিবর্তন, সেই উদ্দেশ্যটা খানিকটা ব্যাহত হয়ে যাবে। ল মানে বোঝাতে চাইবে, অনেকে এই ল এর অন্তর্ভুক্ত কোন অর্ডারকে যদি চ্যালেঞ্জ করে তাহলে কিন্তু তিনি বলবেন যে আমি তো এ্যাকচুয়ালি ল কে চ্যালেঞ্জ করছি না। সেই জন্য আমাকে ১০০ টাকা দিলেই চলবে, আমি ২৫০ টাকা, ৫০০ টাকা না দিয়ে করতে পারবো। এই কথা তিনি দাবী করতে পারেন। এখানে আমাদের উদ্দেশ্যটা ব্যাহত হয়ে যেতে পারে। এটা আমাদের বিল ছাপা হবার পরে জিনিসটা নজরে আসে। সুতরাং সুমন্ত হীরা মহাশয় যে এ্যামেন্ডমেন্টটা এনেছেন, তা আমি গ্রহন করছি।

The motions of Shri Sumanta Kumer Hira that in Clause 2 (1) in item (iii), line 2, for the word "law" the word "matter" be substituted,

and

that in clause 2 (2) in item (bbb), line 2, for the word "law" the word "matter" be substituted, were then put and agreed to

The question that Clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to

Preamble

The question that the preamble do stand part of the Bill Was then put and agreed to.

Shri Syed Abul Mansur Habibullah :- Mr. Speaker Sir, I beg to move that the West Bengal Court-Fees (Amendment) Bill, 1985, as settled in the Assemble, be passed.

The motion Was then put and agreed to

71st Report of the Business Advisory Committee

Mr. Speaker :- I beg to present the 71st Report of the Business Advisory Committee. the Committee met in my chamber today and recommended the following programme of Business for the 19th September, 1985 and the 20th September, 1985:

Thursday, 19.9.85- i) (a) The Kalyani Universty (Second Amendment) Bill, 1985 (Introduction)

(b) Discussion on Statutory Resolution Notices given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

(c) The Kalyani University (Second Amendment) Bill. 1985 (Consideration and Passing)

... 1 hour

ii) (a) The Vidyasagar University (Amendment) Bill, 1985 (Introduction)

(b) Discussion on Statutory Resolution Notices given by Shri Abdul Mannan and Shri Kashinath Misra.

(C) The vidyasagar University (Amendment) Bill, 1985 (Consideration and passing)

. 1 hour

Friday, 20.9.85 - Motion of No-Confidence in the Council of Ministers....4 hours.

There Will be no questions for oral Answers and Mention cases on Friday, the 20th September, 1985.

The Minister in-charge of Parliamentary Affairs to move the motion for acceptance of the House

শ্রী পতিত পাবন পাঠক :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৭১-তম প্রতিবেদনে যা সুপারিশ করা হয়েছে তা গ্রহন করার জন্য আমি সভায় প্রস্তাব উত্থাপন করছি।

মিঃ স্পীকার :- আশা করছি এই প্রস্তাবে কারো আপত্তি নেই, অতএব প্রস্তাবটি গৃহীত হলো।

Mr. Speaker :- Honourable Members, before I Proceed further I have an announcement to make There have been an untoward incident at the Assembly gates today where some persons claiming them selves to belong to college Employees Organisation obstructed all the three main gates of the Assembly House. It appears that there has been a lapes on the part of the police administration. The Honable Chief Minister met me in my chamber I have told him to enquire into the matter and if any lapse is found on the part of any police Officer , to take necessary action against him This is unprecedented. This is a Section 144 zone and an assembly of more than five persons is prohibited here. I fail to understand how in all the three gates these people assembled and stayed there for quite some time. Even the entrance of the chief Minister was obstructed to So, after the Chief Minister enquires into the matter and submits a report, Whatever action will be necessary, would be taken

Now, I call upon the Minister-in-charge of publice Works & Housing Department to introduce The West Bengal Government Premises

(Tenancy Regulation) (Amendment) Bill, 1985

The West Bengal Goverment Premises (Tenancy Regulation)

(Amendment) Bill, 1985

Shri Jatin Chakrbarty Mr. Spesker. Sir, I beg to introduce The West Bengal Government Premises (Tenancy Regulation) (Amendment) Bill, 1985.

(Secretary then read the Title of the Bill)

Shri Jatin Chakrabarty :- Mr. Speaker, Sir, I beg to move that The West Bengal Government Premises (Tenancy Regulation) (Amendment) Bill, 1985, be taken into consideration .

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এই বিলের উদ্দেশ্য এবং হেতুর মধ্যে লক্ষ্য করবেন যে, এই আইনটি ১৯৭৬ সালে হয়েছিল, তারপরে আমরা দু'বার আইনটিকে সংশোধন করেছিলাম এ্যামেন্ডমেন্টের মাধ্যমে। সরকারী আবাসনের যাঁরা টেন্যান্ট তাঁদের যাতে আমরা কত গুলি কারণে এভিক্ট করতে পারি তার জন্য আমি এ্যামেন্ডমেন্ট এনেছিলাম এবং এই বিধানসভায় তা গৃহীত হয়েছিল। কিন্তু পরে দু'একটি বিষয়ে আমরা দেখলাম যে, টেন্যান্টকে যদিও আমরা এভিক্ট করতে পারছি, কিন্তু কেউ যদি ট্রেস্পাসার হয় তাহলে তাকে এভিক্ট করা খুবই মুসকিল, কারণ সেই ক্ষমতা আমাদের আইনের মধ্যে নেই। ধরুন আপনি কোনো একটি সরকারী আবাসনের ফ্ল্যাটে আছেন, সেই ফ্ল্যাটটি বন্ধ করে রেখে আপনি কিছু দিনের জন্য ছুটিতে কোথাও গিয়েছেন- যেমন আপনি কিছু দিন পরে চীনে যাবেন, তারপরে কানাডায় যাবেন- সে সময়ে কেউ আপনার ফ্ল্যাটের তালা ভেঙে ভেতরে ঢুকে জবরদখল করে নিল. আপনি যেহেতু সরকারী আবাসনে থাকেন সেহেতু আপনি সরকারকে জানাবেন এবং আপনি জানাবার পর আমরা কোনো ব্যবস্থা গ্রহন করলেও আমরা ব্যর্থ হব। কারণ ট্রেস্পাসার হিসাবে যে রয়েছে সে হাই কোর্টে চলে যাবে, একটা স্থগিত আদেশ পাবে এবং ইঞ্জাংসনে লেখা থাকবে, " স্টেটাস্কো বি মেনটেন্ড।" সুতরাং দেখা যাচ্ছে যে, তাকে সরাবার বর্তমান আইনে কোনো ব্যবস্থা নেই। কিম্বা ধরুন আমাদের বর্তমান আইনের মধ্যে এমন কোনো ব্যবস্থা নেই যাতে কেউ হয়ত সরকারী ফ্ল্যাটে ভাড়া আছে এবং পরবর্তী পর্যায়ে সে হয়ত নিজে বাড়ি করল বা উত্তরাধিকার সূত্রে বাড়ি পেল, তাহলে সে আর সরকারী ফ্ল্যাটে থাকতে পারবে না। এ ছাড়াও হয়ত কেউ সরকারী ফ্ল্যাট ছেড়ে চলে যাবার সময়ে কাউকে বসিয়ে গেল, সে কিন্তু টেন্যান্ট নয়, সে জবরদখলকারী, অবৈধ টেন্যান্ট বা ট্রেস্পাসার, তাকেও আমরা সরাতে পারছি না। সেই জন্যই আজকে আমি এই ছোট সংশোধনী আইন'টি এখানে উত্থাপন করছি। অর্থাৎ টেনান্সির যারা টেন্যান্ট নয় ট্রেস্পাসার তাদের সরাবার জন্য এই সংশোধনী এনেছি। এত দিন পর্যন্ত আমাদের এ বিষয়ে কোনো অভিজ্ঞতা ছিল না। বর্তমানে দু' একটি ক্ষেত্রে কিছু কিছু ঘটনা আমাদের নজরে এসেছে, আমরা বাধা পাচ্ছি, সেই জন্যই এই আইনটি এনেছি। আর আপনি দেখবেন যে, অন্য ধারা গুলি সবই কন্সিকোয়েন্সিয়াল। এই ক'টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আমি আশা করছি এই সভার মাননীয় সদস্যরা আমার এই সংশোধনী বিলটি গ্রহন করবেন।

[6-40 -6-50 P.M.]

মিঃ স্পীকার :- যতীনবাবু এই বিল সম্বন্ধে কয়েকটি প্রশ্ন উঠেছে। গভর্নমেন্ট হাউসিংএ কয়েকজন এম.এল.এ থাকেন। সেইসব এম.এল.এরা আপনার এই আইনের আওতার মধ্যে আছে না আইনের বাইরে আছে?

শ্রী যতীন চক্রবর্ত্তী :- এই আইনের মধ্যে সবাই আছেন। এই বিলে যে আইন আছে সেই আইন সরকারী কর্মচারীদের ক্ষেত্রে নয়। যেগুলি সাধারণের জন্য যেটা এল.আই.জি., এম.আই.জি বলে সেটার জন্য। সরকারী কর্মচারীদের জন্য যেটা রেন্টাল হাউসিং এস্টেট বলে থাকি, সেগুলি কিন্তু এর বাইরে।

মিঃ স্পীকার :- আমার কাছে কয়েকজন এম.এল.এ এসেছিলেন। তাঁরা গভর্নমেন্ট হাউসিং এস্টেটে থাকেন যেগুলি ফর গভর্নমেন্ট এমপ্লয়িজ। তাঁরা কোন এক সময়ে এ্যালটমেন্ট পেয়েছিলেন। এখন তাঁদের কি হবে? এদের কি অন্য জায়গায় ব্যবস্থা করা যায় না?

শ্রী যতীন চক্রবর্তী :- অন্য যে আইন আছে সেই আইনে হবে না। কারণ আমাদের আবাসনে যারা টেনান্ট আছেন তাদের সরাবার অধিকার কতকগুলি রয়েছে। কেউ যদি ট্রেস পাসার হিসাবে একজনকে বসিয়ে দিয়ে গেলেন। তারা ভেঙে ঘরের মধ্যে রয়ে গেলেন তাদের তো সরাতে পারছি না।

মিঃ স্পীকার :- এটা তো জাসটিফায়েড। কিন্তু কিছু এম এল.একে কোন এক সময়ে হাউসিং-এ এ্যালটমেন্ট করা হয়েছিল। এখন দেখা যাচ্ছে সেগুলি এম.এল.এদের জন্য নয়, গভর্নমেন্ট এমপ্লয়িদের জন্য। এখন এঁদের কি ব্যবস্থা কার যায়?

শ্রী যতীন চক্রবর্তী :- যারা অবৈধভাবে ঢুকেছে, আমি জানি, তারা হাইকোর্টে গিয়ে হেরে গিয়েছে। তারপর সুপ্রীম কোর্ট-এ গেছে, সুপ্রীম কোর্টেও হেরে গেছে। এখন আমরা তাদের এই আইন-অনুসারে এবং সুপ্রীম কোর্টের রায়-অনুসারে তাদেরকে সরাবো।

মিঃ স্পীকার :- আই অ্যাম নট অন দ্যাট কোশ্চেন। ঐসব এম.এল.এদের কোয়ার্টার কেউ না কেউ এ্যালট করেছে, এখন তাঁদের কি হবে? তাঁদের রাখা কি যায় না?

শ্রী যতীন চক্রবর্তী :- অন্যায়ভাবে যদি এ্যালটমেন্ট দিয়ে থাকে...

মিঃ স্পীকার :- কথা হচ্ছে, এইসব এম.এল.এদের বিকল্প ব্যবস্থা কি করা যায় না?

শ্রী যতীন চক্রবর্তী :- সেটা বলতে পারছি না। তবে বিচার করে দেখবো। যদি খালি থাকে চিন্তা-ভাবনা করবো। কিন্তু এতদিন তাঁরা সুপ্রীম কোর্ট পর্যন্ত করেছেন। সুপ্রীম কোর্টে হেরে গিয়ে এখন বলছেন দয়া করে ফ্ল্যাট দিন। এই বিষয়ে বিচার-বিবেচনা করে দেখতে হবে।

মিঃ স্পীকার :- ওনারা তো বললেন আপনার সঙ্গে কথা বলেছিলেন, কিন্তু আপনি রাজি হন নি বলে তাঁরা সুপ্রীম কোর্ট পর্যন্ত গিয়েছিলেন। দে আর দি মেম্বারস অফ দিস হাউস। আফটার-অল ইট ইজ মাই ডিউটি টু গিভ দেম প্রটেকসান।

শ্রী যতীন চক্রবর্তী :- কোন এম.এল.এ এসেছিলেন আমি নাম বলছি ..

মিঃ স্পীকার :- না, না, নাম বলতে হবে না। আপনি ব্যাপারটি দেখবেন।

Now Shri Kashinath Misra Please move your amendment.

Shri Kashinath Misra :- Sir, I beg to move that the Bill be circulated for the purpose of elicitng opinion thereon by the 30th November, 1985.

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য্য :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, এমন একটি বিল এসেছে যে বিল সম্পর্কে প্রথমেই বলা যায়, এই বিলের জন্য আগ্রহ যতখানি বিবেচনা ততখানি ছিল না। ১৯৭৬ সালে যেটা প্রিন্সিপ্যাল য়্যাক্ট হল,১৯৮৪ সালে তার এ্যামেন্ডমেন্ট হল। ১ বছরের মধ্যে বিভাগীয় মন্ত্রী মহাশয় যা বুঝতে পারলেন, ১ বছর আগে তিনি তা বুঝতে পারলেন না। এটা বোধ হয় ঠিক না। কারণ উনি যে উদাহরণ দিলেন হাইকোর্টে গিয়ে হেরে গেছে তারপর সুপ্রীম কোর্টে গেছে- এটা নিশ্চয়ই ১ বছরের ভিতর হয়নি, তার আগেই হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের শেষে একটি ফিনানশিয়াল মেমোর্যান্ডম থাকলে বোধ হয় ভালো হোত, কারণ এর প্রপোজড্ ক্লজ ৩-য়ে যে সমস্ত ব্যবস্থার কথা বলা আছে, তাতে অনিবার্য ভাবেই খরচ খরচার কথাটাও এসে পড়বে। কিন্তু সেক্ষেত্রে ফিনানশিয়াল অবলিগেশন কিছু আছে কিনা সে- সম্পর্কে এই বিলে কোন উচ্চবাচ্য করা হয়নি। আমি ক্লজ ৩(এ)-এর দিকে দৃষ্টি আকর্ষণ করছি। এখানে বলা হয়েছে-The prescribed authority, or any officer authorised by it in this behalf, may take such steps and use such force as may be necessary to take possession of the premises and may also enter into the premises for the said purpose.

এ্যাটিলা, নাদির শা, তৈমুরলঙের আমলেও এটা হোত কি না সন্দেহ। তাঁরও বোধহয় মাস্‌ল স্ট্রেনথ্-এর সাহায্যে এই রকম করতেন না। বিলে বলা হয়েছে 'সাচ্ ফোর্স এ্যাজ মে বি নেসেসারী '- এখানে 'সাচ' কথাটা আমার মনে হচ্ছে, আনকোয়ালিফাইড, আনলিমিটেড এ্যান্ড আনডিফাইন্ড। কারণ একটি ঘটনার কথা বলতে পারি- ৮২, বেলগাছিয়া রোডে একটি গভর্ণমেন্ট হাউসিং এষ্টেট আছে। সেখানে এক মাসের মধ্যে সরকারের তরফ থেকে কিছু কর্মচারী এবং পুলিশ বাইরের কিছু অপরিচিত লোককে সাথে নিয়ে ঐ আবাসনের কিছু আবাসিকের ফ্ল্যাটে ঢুকে বিছানাপত্র সহ সবকিছু টেনে ফেলে দিয়ে তাঁদের বের করে দিয়ে এলো। যখন আইন পাশ হয়নি, তখনই এইভাবে অপরিচিত লোকদের দিয়ে আবাসিকদের জিনিসপত্র টেনে ফেলে দেওয়া হোল। কিন্তু আজকে যদি আনডিফাইন্ড, আনলিমিটেড ফোর্স ব্যবহার করবার লিগাল স্যাংশন দেওয়া হয়, এই হাউস থেকে যদি তার এ্যাপ্রুভাল্স দেওয়া হয়, তাহলে, কালকে কোন কর্মচারী সরকারের মনোরঞ্জনের জন্য বামফ্রন্ট সরকার- বিরোধী কর্মচারী ফ্ল্যাটে বাইরের লোক নিয়ে ঢুকে যাকে খুশী তাকে উচ্ছেদ করে ঘরের দখল নেবেনা- এর কোন নিশ্চয়তা নেই। (বি)-তে আছে- such person shall be punishable with imprisonment for a term which may extend to six months,or with fine which may extend to one thousand rupees, or with both.

কলেজে মডার্ণ ইউসেজ এর যা দেখেছি, তাতে সাচ্ কথার এই রকম আভাষ দেওয়া আছে, ''হোয়েন সাচ্ ইজ ইউজড, ইট সুড ডিনোট এ পারসন্ অর থিং ইমমিডিয়েটলি প্রিসিডিং অব সাকসিডিং ইট।'' তাহলে এখানে ' সাচ্ পারসন্' বলতে কি প্রেসক্রাইবড অথরিটিকে বোঝাবে? যেখানে প্রেসক্রাইবড অথরিটি স্বয়ং দখল করতে যাবে সেক্ষেত্রে '' শ্যাল বি পানিশেবল উইথ ইমপ্রিজনমেন্ট এটসেট্রা, এটসেট্রা ''- এটা আরো পরিস্কার হওয়া উচিৎ ছিল। সাচ্ টেনেন্ট অর সাচ্ পারসন- এই কথাগুলো বলতে গিয়ে মন্ত্রী মহাশয় বলেছিলেন যে, যদি কোন লোক বাড়ী ছেড়ে দেন বা কিছুদিনের জন্য তালা লাগিয়ে বেড়াতে যান, সেই সময় যদি কোন লোক ঐ ঘরের তালা ভেঙ্গে ঢুকে পড়েন, তাহলেও তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া যায়না। কিন্তু আজকে গোটা পশ্চিমবঙ্গে বাড়ীওয়ালাদের সঙ্গে ভাড়াটের যে সম্পর্ক চলছে, তাতে, সরকার যেখানে প্রচন্ড শক্তিশালী, সেখানে বর্তমান আইনে তাঁর চলছে না কেন, বুঝতে পারছি না।। সমস্ত বাড়ীওয়ালাদের বেলায় যে আইনে কাজ চলতে পারে, সেখানে একটা শক্তিশালী সরকারের ক্ষেত্রে সেই আইনে চলতে পারে না। ঘর ভাঙতে হবে বলে অনেক সুবিধা দিতে হবে। এ ব্যাপারে কি অমানুসিকতা। এ-তো হিটলার, ষ্ট্যালিন বা মুসোলিনীর দেশেও হতে পারে কিনা জানিনা। আজকে একজনের অপরাধে আর একজনকে তাড়াতে হবে কেন ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেখানে থাকি সেখানে চার পাঁচটি এল.আই.জি.এবং এম.আই.জি. হাউসিং আছে। যদি আইনগতভাবে শাস্তি দিতে হয় তাহলে, মন্ত্রী মহাশয়ের নিশ্চয়ই জানা আছে, যতগুলি ফ্ল্যাট জবরদখল হয়েছে- সেখানে কেয়ারটেকারের প্রত্যক্ষ ভাবে সহযোগিতা আছে।

[6.50-7.00 P.M.]

সেখানে শাস্তি যদি দিতে হয় তাহলে কেয়ার টেকারকে দেওয়া উচিত। অজ্ঞাতনামা কোন এক টেনেন্টকে ধরে, চলে যাওয়া কোন এক টেনেন্ট অথবা তার রেখে যাওয়া কোন এক অজ্ঞাতনামা অধিবাসীর বিরুদ্ধে শাস্তি দিয়ে কেয়ার টেকার কে শাস্তি না দেওয়া মানে ঘুষের রাজত্বটাকে নির্বিচারে শাস্তির বাইরে রেখে ঘুষের রাজত্বটাকে কায়েম করায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিশেষ করে সরকারের বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে আরো বিচার বিবেচনা করে এই আইনের সংশোধন সাপেক্ষে প্রত্যাহার করে নিয়ে পরবর্ত্তীকালে কোন এক সময়ে এই বিল পেশ করুন। কারণ এই সংক্রান্ত কতকগুলি ক্ষেত্র আপনাকে জানাচ্ছি। যেমন বলা হয়েছে সরকারী কর্মচারীরা যে দিন সরকারী কর্মচারী হিসাবে থাকবে না সেই দিন তার বাড়ি থাকবে না। একটা অমানবিক বিচার । ২৫-৩০ বছর ধরে যারা কাজ করে গেল, যাদের উপর সরকার দাঁড়িয়ে রইল তারা যে দিন রিটেয়ার করলো সেই মুহূর্তে তাদের উপর থেকে সরকারের দায়িত্ব শেষ হয়ে গেল । তারা গ্রাচুইটি পাবে, জীবন ভোর পেনসান পাবে আর চাকুরী চলে যাওয়ার পর সরকারের সামান্য সহানুভূতি পাবে না এটা কি করে হয়? তাদের বাড়ি করে দেওয়ার প্রয়োজন নেই, কিন্তু তাদের একটা থাকার ব্যবস্থা করে দেওয়া হোক। বাড়ি অভিবাসন পূনর্বাসনের জন্য তো মন্ত্রী রয়েছেন, তিনি করবেন। আমি বলছি বাড়ি থাকলে কোন সরকারী কর্মচারীকে সরকারী বাড়ি দেওয়া হবে না। এই আইন যে মন্ত্রী মহাশয় করছেন তারই সেকরেটারী নিজের বাড়ি ভাড়া দিয়ে সরককারী বাড়িতে আছেন। তাঁর নাম হয়ত করা যাবেনা, তাঁর নাম মুর্শেদ সাহেব, নাম করলে স্পীকার সাহেব নামটা কেটে বাদ দেবেন। এই আইন হবার আগে তাঁর এই সেকরেটারী সাহেব একজন জর্জ সাহেবকে কর্ত্তব্যরত অবস্থা- লিয়েনে সরকারের অন্য ডিপার্টমেন্টে ঝুলছে তাঁকে উৎখাত করবার ব্যবস্থা করেছিলেন। আর একজন ডেপুটি সেকরেটারী হস্তক্ষেপের ফলে তাকে ঘর বাড়ি ছাড়তে হয়নি। সুতরাং আজকে এই ইউজ অফ ফোর্স এটাকে কোয়ালীফাই করুন, স্টেপস করুন, আইনের কমপ্রিহেনসিভ রিভিসান হোক। পরবর্ত্তীকালে কোন এক সময়ে এটা আনবেন, হাউসে তো আপনাদের প্রচন্ড সংখ্যা গরিষ্ঠতা আছে, ইংরাজীতে যাকে বলে ব্রুট মেজরিটি, বাংলায় যাকে বলে জান্তব সংখ্যা গরিষ্ঠ- এটা বললে আপনারা হয়ত চটে যাবেন- এটা তো আপনাদের রইলই। এতো গরজে তাড়াহুড়ো না করে আরো একটু ভেবে চিন্তে, আরো একটু মানবিক মূল্যবোধের দিকে নজর দিয়ে আরো একটু আইন সংগত করে এই বিল আনুন। ইউজ সাচ ফোর্স অ্যাণ্ড টেক সাচ স্টেপস এই গুলি থেকে ল ফুল স্টেপসে আসুন, ইউজ অফ ফোর্স, ম্যাসকুল স্ট্রেন্থ ব্যবহার বেআইনী ঘোষনা করুন, এটাকে উঠিয়ে দিন। এই বিলের সংশোধন, সংযোজন এবং রিভিসান করে আর একবার এই বিলকে এই হাউসে আনুন এই অনুরোধ জানাচ্ছি এই বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুমন্ত কুমার হীরা :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গ বাড়ি ভাড়া সংক্রান্ত সংশোধনী বিল উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। এই বিলটি অত্যন্ত ছোট এবং অত্যন্ত পরিষ্কার। ট্রেসপাসার্স সম্পর্কে এই বিল আনা হয়েছে এবং সেই সম্পর্কে পরিষ্কার

এই বিলে বলা হয়েছে। মন্ত্রী মহাশয় তার বক্তব্যে বলেছেন এই বিল কেবলমাত্র যে সমস্ত ট্রেসপাসার্স অনধিকার প্রবেশ করেছে, অনধিকার বাড়ি দখল করে রেখেছে তাদের জন্য। মূল আইনে দেখা গেছে ট্রেসপাসার্স অপসারণ করার কোন ব্যবস্থা নেই। তারা কোর্টে যায় এবং ইনজাংসন নিয়ে থেকে যায়। সেজন্যই এই অতিরিক্ত সংশোধন করার এই ব্যবস্থা করতে হয়েছে। মাননীয় সদস্য অমরেন্দ্রবাবু কে বলব যে, উনি হয়ত ভুলে গেছেন, কয়েকদিন আগে সংবাদপত্রে কি খবর বেরিয়েছিল? আমরা সংবাদপত্রে দেখেছি যে, লোকসভার সদস্য, যিনি আমাদের এই বিধানসভার একজন প্রাক্তন সদস্য ছিলেন, তিনি এবং অপর একজন লোকসভার সদস্য বসে খাচ্ছিলেন- লোকসভার সদস্যদের জন্য যে বাড়ির ব্যবস্থা আছে, সেখানে বসে তাঁরা খাচ্ছিলেন- ঠিক তখন কেন্দ্রীয় আবাসন দপ্তরের অফিসাররা তাঁদের হাত ধরে জোর করে বার করে দিয়েছেন এবং বাড়িটির পজেশান নিয়েছেন। দিল্লীর বুকে যে সরকার বসে আছেন, তাঁরা কি তা উনি ভাল রকমই জানেন। সেখানে আইন আছে, কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের আবাসন দপ্তর এর পক্ষ থেকে শুধু বিতাড়িত করেন না, যদি কেউ ট্রেসপাসার থাকেন, যদি কেউ সরকারী বাড়িতে বসে থাকেন, তাহলে তাঁর গ্রাচুইটি, পেনসন এবং অন্যান্য সমস্ত সুযোগসুবিধা বন্ধ করে দেন। মাননীয় সদস্য তো সেই একই দলের লোক। তাঁর দলের সরকার যদি একই উদ্দেশ্য নিয়ে এই ধরণের আইন করতে পারেন, তাহলে একই আইন আমরা এখানে কেন করতে পারব না? এর দ্বারা দেশের লোকের আরও বেশী উপকার হবে। আমাদের কিছু সমস্যা আছে। বাস্তব সমস্যা আমাদের কিছু আছে। আমাদের সরকার যদি দেখেন যে জেনুইন কোন ভাড়াটে বাড়িতে আছেন, তাঁদের কোন কনসিডার করেন না এমন তো নয়? তাঁদের বিষয়গুলো সরকার যতখানি সম্ভব সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন। কিন্তু যদি দেখা যায় যে কোন ট্রেসপাসার বাড়িটি দখল করে বসে আছেন, তাদের সেই বাড়ি থেকে সরিয়ে দেবার ব্যবস্থা হবে না? এটা কোন দেশের ব্যবস্থা হতে পারে? কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়ে যে বিলটি এখানে এনেছেন, আশা করি, সকলে একমত হয়ে তার প্রতি সমর্থন জানাবেন এবং বিলটি যাতে পাস হতে পারে তা করবেন। এই ক'টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কাশীনাথ মিশ্র:- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় 'দি ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্ট প্রেমিসেস্ (টেন্যান্সী রেগুলেশান) (এ্যামেন্ডমন্ট) বিল, ১৯৮' যেটা নিয়ে এসেছেন, তাতে আমরা দেখছি যে, তিনি কিছুদিন আগে একটা বিল যা নিয়ে এখানে নিয়ে এসেছিলেন, তারমধ্যে কিছু অসুবিধা দেখা দেওয়ার জন্য এটা দেওয়ার জন্য এটা এনেছেন। বর্তমান দিনে হাউজিং প্রব্লেম সমাধানের জন্য তাঁকে দিশেহারার মত ব্যবস্থা গ্রহন করতে এখানে এটি আনতে হয়েছে। সমস্যা সমাধানের জন্য যে চিন্তা-ভাবনা তিনি করছেন- কি তাঁদের দাবী এবং কি তাঁরা চান-তারই একটা প্রচেষ্টা হিসাবে মন্ত্রীমহাশয় এখানে এই এ্যামেন্ডমেন্ট বিলটি নিয়ে এসেছেন। কিন্তু সেই পরিপ্রেক্ষিতে এখানে অন্তত আইনটার সংশোধন করারপ্রয়োজন ছিল না। ১৯৭৬ সালে মূল যে আইনটা ছিল, সেটা ১৯৮৪ সালে সংশোধন করা হয়েছিল। সেই পরিপ্রেক্ষিত যে সমস্ত জবর দখলকারী আছেন, তাঁদের কি ভাবে উৎখাত করা যায় তার ব্যবস্থা আইনের মধ্যে থাকা সত্ত্বেও তিনি কোন ব্যবস্থা নিতে পারেন নি। প্রকৃতপক্ষে জবরদখলকারী যারা আছেন, তাঁদের উৎখাতের বিষয়ে আমরাও ভিন্নমত পোষণ করি না, এক্ষেত্রে আমাদের কোন দ্বিমত নেই। মাননীয় সদস্য দিল্লীর আইনের কথা তুলে দু'জন সংসদ সদস্যের যে কথা বললেন, - যে ঘটনা সেখানে ঘটেছিল বলে উল্লেখ করলেন- শেষ পর্যন্ত তা রূপায়িত হয়েছে কিনা, সে সম্বন্ধে উনিও জানেন না এবং আমরাও জানি না। তারা সংসদ সদস্য। আইন অনুযায়ী যা ব্যবস্থা আছে তা নিশ্চই গৃহীত হবে। প্রশাসনিক দিক থেকে অটোমেটিক ব্যবস্থা নিশ্চয়ই গৃহীত হবে। আইনের ধারা অনুযায়ী কেন্দ্রীয় দপ্তর নিশ্চয়ই ব্যবস্থা নিয়ে থাকবেন এবং যদি না নিয়ে থাকেন, তাহলে আমরাও সুমন্তবাবুর মত 'অগনতান্ত্রিক বলব। ভারতবর্ষের বুকে দিল্লীর যে অবস্থা, তার চাইতে পশ্চিমবঙ্গের অবস্থা কিন্তু এই ক্ষেত্রে আরও জটিল।

[7.00 to 7.10 P.M.]

আজকে যে আবাসন সমস্যা দেখা দিয়েছে সেই সমস্যার সমাধান করা যায় বলে আমি মনে করি এবং মাননীয় মন্ত্রীমহাশয় এইটুকু সমস্যার সমাধান অবিলম্বে করতে পারেন। এই সমস্যার সমাধান করতে গেলে আর্থিক সঙ্গতির যেমন তেমনি দরকার দক্ষ প্রশাসনের। সুষ্ঠ ভাবে পরিচালনা করার বিশেষ প্রয়োজন এবং সেই দিক থেকে বিভিন্ন ক্ষেত্রে বিভিন্নভাবে কিছু অসুবিধার সৃষ্টি হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে এইটুকু অন্তত নিবেদন করবো যাতে তিনি এই জিনিষটা দেখেন যে দীর্ঘদিন ধরে যারা টেনেন্ট হিসাবে ছিলেন অবসর নেবার পরে তাদের উচ্ছেদ করে দেওয়া হবে- এটা যেন না হয়। যেমন আপনারা জমির ক্ষেত্রে করেছেন যারা এক বছর বা ' বছর জমি দখল করে থাকছে পরবর্তীকালে তারা জমির স্বত্ব হিসাবে কিছুটা পেয়ে বর্গাদার হিসাবে প্রতিষ্ঠিত থাকছে, সেখানে তাদের আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত করেছেন। অতএব আজকে আমার বক্তব্য এই দিক থেকে একটু চিন্তা-ভাবনা করুন কারণ গত ৩০ বছর ধরে যারা টেনেন্ট হিসাবে রইলেন তাদের কোন অধিকার আজকে সেখানে প্রতিষ্ঠিত হচ্ছে না, সেই দিক থেকে তাদের বেলায় উচ্ছেদ করে দেওয়া হল। সুতরাং আপনাদের এই প্রচেষ্টা আমার কাছে একটা বিষদৃশ্য বলে মনে হচ্ছে। সেই দিক থেকে যারা দীর্ঘদিন ধরে সেখানে আছেন, আমি জানি কয়েকজন সদস্য বললেন যে সমস্যার সৃষ্টি হচ্ছে কিন্তু তা সত্বেও বলছি তাদের যদি কোন জায়গায় কোন ভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে থাকার ব্যবস্থা করেন তাহলে খুব ভালো হয়। আজকে আইনের দিক থেকে আপত্তির কথা তুলেছেন, সেইদিক থেকে আমার বক্তব্য যারা দীর্ঘদিন ধরে আছেন তাদের প্রতি একটু বিবেচনার দৃষ্টিতে আইনটাকে একটু শিথিল করুন। এক্ষেত্রে আরেকটি জিনিষ দেখা যায় যে কোন টেনেন্ট যদি তার সরকারী আবাসনে মারা যান তাহলে ডায়েড ইন হারনেস হিসাবে সরকার যে ব্যবস্থা করে থাকেন, সেখানে যেমন এল.আই.জি. পান এবং এম.আই.জি. পান এই সুযোগ তারা পান, সেইদিক থেকে এই আইনের ক্ষেত্রে কোনরকম যাতে অসুবিধা সম্মুখীন না হতে হয় সেইদিকে একটু দেখা দরকার। আরেকটি জিনিষের প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যেটা আমাদের সদস্য শ্রী অমরেন্দ্র ভট্টাচার্য্য মহাশয় বলেছেন এবং আমি বলছি, আমরা দেখতে পাই বিভিন্নভাবে বৈষম্যমূলক যে সকল কথা আছে বা বিভিন্ন রকম অভিযোগ আছে সেগুলিকে সরকার আইনের মাধ্যমে ত্বরান্বিত করার চেষ্টা করেন। সেখানে যে একটা প্রচন্ডভাবে গ্যাপ বা ত্রুটি আছে যারজন্য সম্যকভাবে একটা কম্প্রিহেনসিভ আইনের প্রয়োজন আছে। ১৯৭৬ সাল থেকে ১৯৮৪ সাল পর্যন্ত যে আইন হয়েছিল, যে আইনের দ্বারা আপনারা উচ্ছেদ করতে পারেন তার মধ্যে অনেক ত্রুটি আছে। সরকার আবাসন দপ্তরে অনেক ত্রুটি আছে এবং এই এ্যাফিলিয়েটেড অথরিটির কথা এখানে যে বলেছেন অন্তত গভর্ণমেন্ট সেখানে এই এ্যাফিলিয়েটেড অথরিটির ব্যাপারে একটু পরিষ্কারভাবে যদি আমাদের কাছে বলেন যে গভর্ণমেন্ট কাকে কিভাবে নিযুক্ত করবেন তাহলে আমাদের পক্ষে ভালো হয়। এই ব্যাপারে আমরা একটু জানতে চাই। এর পরিপ্রেক্ষিতে আমি আরো বলতে চাই যে আজকে যেসব সমস্যার উদ্ভুত হয়েছে সেই সমস্যার পরিপ্রেক্ষিতে আমি আবাসন দপ্তরকে জানাই এই আবাসনে অন্তত বেশ কিছু সুযোগসুবিধা যেন থাকে এবং এল.আই.জি., এম.আই.জি স্কীম আরো বাড়ান। দীর্ঘদিন ধরে যারা বাস করে রয়েছে, গৃহহীন অবস্থায় রয়েছে, যাদের অবসরের পরে কোন রকম থাকার জায়গা নেই, আবাসন স্থল নেই সেইদিকের থেকে একটু বিচার বিবেচনা করা যায় কিনা একটু চিন্তা ভাবনা করে দেখবেন এবং যে এ্যামেন্ডমেন্ট গুলি দিয়েছি তিনি অন্তত যাতে সেগুলি গ্রহন করেন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভক্তিভূষন মন্ডল :- স্পীকার স্যার, এই আইনটা করেছেন সেটা মোটামুটি সাপোর্ট করা যায়। তবে এভিকসান অফ আনঅথরাইজড অকুপেসান অফ টেনান্ট এর ক্ষেত্রে সেখানে যদি ইনক্লুড বিল্ডিংস করে দিতেন তাহলে ভালো হোত। কারণ ল্যান্ড ইনক্লুড বিলডিং। এর একটা লীগ্যাল ডেফিনেসান আছে। আর বিরোধীপক্ষ থেকে যেসব কথা বলা হয়েছে তাতে "take such step and use of force as may be necessary. প্রাইমাফেসি দেখলে মনে হয় একটা আনরেসট্রিকটেড ডিসক্রিসান দেয়া হয়েছে। এটা টেকনিক্যালি দেখা উচিত। এটা দেখাতে হলে আরোও কতকগুলি আইন আছে তা দেখতে হবে-যেমন ওয়েষ্ট বেংগল ক্রিমিন্যাল এ্যাক্ট এক্সাইজ এ্যাক্ট.কাস্টমস এ্যাক্ট।কোর্টে এগুলি চ্যালেঞ্জ হয়নি। "take such step and use of force as may be necessary" এটা একটা আনরেসট্রিকটেড ডিসক্রিসান হচ্ছে কিনা সেটা দেখলে ভাল হয়। আর একটা জিনিস রুলসে করা দরকার। স্টেট গভর্ণমেন্ট এই যে সম্পত্তি পজেসানে নিলেন তারপর ডিসট্রিবিউসান সেকসান যদি বলতেন রুলসে তাহলে এই রকম আইনের আর আবার এমেন্ডমেন্টের দরকার হোত না। সেজন্য বলতে চাই রুলস বা রেগুলেশানে এই যে প্রেমিসেস এটাকে কি অর্ডারে প্রাইওরিটি দেবেন রুলস বা রেগুলেশানে সেটা থাকলে ভাল হোত। আর যে টাকার কথা বলেছেন সেটা পাবলিক ডিমান্ডস রিকোভারী এ্যাক্টে আছে কিনা সেটা হলে ভাল হোত। আর সব ঠিক আছে, তবে এই দুটি কথা আপনি একটু ভেবে দেখুন।এই কথা বলে আমি সমর্থন করছি।

শ্রী মতীশ রায় :- স্যার, মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করে ২/১টা কথা বলতে চাই।৬ এর(ক) ধারায় যে নূতন সংযোজন হয়েছে তিনি বলেছেন "Where any person not being a trant" এই কথাটার অর্থ যতটুকু আমি জানি তাতে টেন্যান্ট ডিটারমিন করা দরকার। রাজ্য সরকারের হাউসিং ডাইরেকটোরেটের সংগে যে এগ্রিমেন্ট হবে তার ব্রিচ হলে তার টেনেন্সি রাইট সিজ করার অধিকার আছে। কিন্তু এতে বাস্তব অসুবিধা হবে অনেক প্রতিষ্ঠান কিম্বা অনেক সময়ে কোন ব্যক্তি সাময়িক ভাবে বরখাস্ত হওয়ার জন্য তিনি সময়মত ভাড়া দিতে পারলেন না এবং তার ফলে প্রেসকাইব অথরিটি তার টেনেন্সি রাইট সিজ করতে পারেন। সে ক্ষেত্রে তাকে বিপদে পড়তে হবে। এই আইনের পরবর্তী বিধানে টেনেন্সি রাইট সিজ হলে তিনি সেখানে আনঅথরাইজড অকুপায়ার হিসাবে চিহ্নিত হবেন।

[7-10 - 7- 21 P.M.]

এই যে কিছু অসুবিধা আছে কিংবা কোন টেন্যান্ট যদি মারা যান সেক্ষেত্রে ওয়েষ্ট বেংগল গভর্ণমেন্ট প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্টে তার ওয়ান অব দি লিগ্যাল এয়ারস ক্যান ক্লেম এ্যাজ টেন্যান্ট সেই অধিকার চিহ্নিত করে দেওয়া হয়েছে,এই ক্ষেত্রে সেই সুযোগ-সুবিধা দেওয়া হবে কিনা? এই পরিকল্পনা হয়েছে আবাসনের সুযোগ যাতে পাতে তারজন্য। কিছু ব্যক্তি এই আইনের সুযোগ নিয়ে অপব্যবহার করেছেন, তারজন্য এই বিলটা আনা হয়েছে। সরকার এই যে বিলটা আনা হয়েছে এর মধ্যে নতুন ধারা সংযোজন করেছেন, মাননীয় মন্ত্রী মহাশয় এইদিকে দৃষ্টি দেবেন, আজকে এল আই জি,এম আই জি তে বহু ভাড়াটিয়া আছে যারা বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যুক্ত,কারখানা বন্ধ হয়ে থাকে বলে তারা ১/১।। বছর ভাড়া দিতে পারে না এটা আমাদের অভিজ্ঞতা থেকে জানি, সে ক্ষেত্রে তারা উচ্ছেদ হবে কিনা এটা বিবেচনা করবেন। সরকারী ক্ষেত্রে তাই। কোন সরকারী কর্মচারী সাময়িকভাবে যদি বরখাস্ত হয়ে যান তাহলে আদালতে গিয়ে তিনি ২ বছর পরে হয়ত রায় পেলেন, ইতিমধ্যে যদি তাকে উচ্ছেদ করে দেওয়া হয় তাহলে সেক্ষেত্রে তাকে বিপদের সম্মুখীন হতে হবে, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি সেক্ষেত্রে তিনি যেন বিচার বিবেচনা করেন। আর একটা কথা হচ্ছে বল প্রয়োগ করার যে অধিকার, একটা বিশেষ এগজিকিউটিভ পাওয়ার বিশেষ ব্যক্তির হাতে দেওয়া হবে। স্টেট গভর্ণমেন্ট জুডিসিয়্যাল অফিসার এ্যাপয়েন্ট করবেন, সেই চূড়ান্ত ক্ষমতা জুডিসিয়্যাল অথরিটির কাছে দেওয়া হবে, না, সেই এগজিকিউটিভ অফিসারের হাতে দেওয়া হবে? কারণ, এখানে কন্ট্রোল করার কোন প্রভিসান দেখছি না। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব ভবিষ্যতে এই আইনটাকে কার্যকরী করতে গেলে সার্বিক ভাড়াটিয়াদের মনের মধ্যে কোন বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করবে কিনা? কারণ, ওয়েষ্ট বেংগল প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্ট এই আইনে পশ্চিমবংগে যেখানে ভাড়াটিয়াদের উৎখাত বন্ধ করার জন্য আমরা বিভিন্ন আন্দোলন করছি সেখানে এই আইনের ফলে তার উপর কোন বিরূপ প্রতিক্রিয়া হবে কিনা সেটা বিবেচনা করবেন, এই কয়েকটি কথা বলে এই বিলকে আমি সমর্থন করছি।

শ্রী যতীন চক্রবর্তী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের পক্ষ থেকে ধান ভাংগতে শিবের গীত গাইলেন। আমাদের যে সদস্যরা বলেছেন দেখছি তাদের মধ্যেও কিছুটা কনফিউসান আছে। আমাদের ১৯৭৬ সালের যে আইন আছে সেটা হচ্ছে গভর্ণমেন্ট প্রেমিসেস এম আই জি.এল আই জি সম্বন্ধে, সরকারী কর্মচারীদের জন্য আলাদা আইন এখানে আমরা গ্রহণ করেছি। আর সরকারী কর্মচারীদের বাড়ী ভাড়া বাকি পড়ার কোন প্রশ্ন নেই। কারণ, সরকারী কর্মচারী রেন্টাল হাউসিং এ যারা ভাড়াটিয়া আছে তাদের মাইনে থেকে ভাড়া কেটে নেওয়া হয়, আমাদের কাছে জমা হয়। সুতরাং তাদের ভাড়া বাকি পড়ার কোন প্রশ্ন নেই। অমর বাবু বলেছেন মানবিকতা বোধ দেখান দরকার। আমরা মানবিকতা দেখাবার জন্য আগে যে আইন ছিল তাতে ভাড়া বাকি পড়লে সুদ সহ বাড়ী ভাড়া না দিলে তাদের উচ্ছেদ করার অধিকার আমাদের ছিল, আমরা সেটা সংশোধন করেছি। সংশোধন প্রথমে করলাম শতকরা ৫০ ভাগ ভাড়া দিয়ে দিলে বাকিটা কিস্তিতে কিস্তিতে শোধ করবে চলতি ভাড়ার সংগে সংগে। আবার সংশোধন করলাম যে সেটা শতকরা ২৫ ভাগ হবে। মাননীয় সদস্য মতীশ রায় যেকথা বললেন এ্যাপিল করল বলে ভাড়া বাকি পড়েছে বা কেস চলছিল, বরখাস্ত হয়ে গেছে বলে ভাড়া বাকি পড়েছে সেইসব কেস যখন আমাদের কাছে আসে তখন যতরকম ভাবে সম্ভব আমরা খুব সহজ কিস্তিতে সেটা শোধ করার সুযোগ দিয়ে থাকি। কিন্তু আবার এই আইনের ধারা নিয়ে যেহেতু ভাড়াটে হিসেবে রয়েছে তাই সুযোগ নেবে এবং তাকে কিন্তু সরানো যাবে না, এটা সম্ভব নয়। আবাসনের সমস্ত সরকারী কর্মচারীদের জন্য আমরা আইন করতে বাধ্য হয়েছি। কারণ হাজার হাজার কর্মচারী আমাদের কাছে দরখাস্ত করে রেখেছে বাড়ীর জন্য। কেন্দ্রীয় সরকারের যে আইন আছে মোটামুটি তার থেকে নরম আইন আমরা করেছি এবং এটা সর্বস্তরে হয়েছে। একজন হাইকোর্টের জজ মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলেন বাড়ীর ব্যাপার নিয়ে। মুখ্যমন্ত্রী তাকে বলেছেন, যেদিন আপনি জজ হয়েছেন তখনই তো আপনি জানতেন কবে রিটায়ার করবেন। কাজেই এখন নোটিশ যাবার পর আমার কাছে কেন এসেছেন- আপনার তো জানাই ছিল কবে রিটায়ার করবেন। এরকম বহু ঘটনা আছে। মাননীয় সদস্য মতীশ বাবু বললেন যদি কেউ মারা যায় তার সন্তান সন্ততি এবং স্ত্রীর কি ব্যবস্থা হবে-এক্ষেত্রে আমাদের আইন আছে এবং এটা আমরা সবসময় করি। যদি কোন টেন্যান্ট মারা যায় এবং তার স্ত্রী দরখাস্ত করেন তাহলে আমরা দুদিনের মধ্যে টেন্যান্সী দিয়ে দিই।*** কোন জায়গায় টেন্যান্টকে কোন কারণে সরবার দরকার হলে যা করা দরকার সেটা এই আইনের মধ্যে রয়েছে। আমি বুঝতে পারছিনা জবরদখল করে রাখবে অথচ তাকে সরাতে গেলে বিকল্প বাসস্থানের ব্যবস্থা করতে হবে এটা কোন দেশী নিয়ম? এটা খুব ছোট্ট সংশোধনী। জবরদখলকারী অবৈধ যারা রয়েছে, বে-আইনীভাবে রয়েছে

***Expunged as ordered by the Chair.

তাদের সরাবার জন্য ব্যবস্থা করা হয়েছে। মাননীয় সদস্য ভক্তিবাবু যদি আগের সংশোধন এবং আইন পড়তেন তাহলে এখন তিনি যা বললেন সেগুলি বলার দরকার হোতনা। একথা বলে আমি আমার বক্তব্য রাখলাম এবং মাননীয় সদস্যদের কাছে আবেদন করছি তাঁরা যেন এই বিল অনুমোদন করেন।

মিঃ স্পীকার ঃ- যতীনবাবু, আমরা কি সকলেই দুর্নীতিগ্রস্ত? কি সব বললেন? ওই পার্ট-টা এক্সপাঞ্জড হবে।

The motion that the Bill be circulated for the purpose of eleciting opinion thereon, was then put and lost.

The motion of Shri Jatin Chakrabarty that The West Bengal Government Premises (Tenancy Regulation)(Amendment) Bill,1985,be taken into consideration,was then put and agreed to.

Clauses 1 and 2 :-

The question that clauses 1 and 2 do stand part of the Bill,was then put and agreed to.

Clause 3 :-

Mr. Spesker :- There are amendments (Amendment No.5) by shri Kashi nath Misra and amendments(Amendment No.2,3,4,6,7)by Shri Amarendra Nath Bhattacharyya,in clause 3.

Now, I request Shri Kashi nath Misra and Shri Amarendra Nath Bhattacharyya to move your amendments.

Shri Amarendranath Bhattacharyya :- Sir,I beg to move that in clause 3,in the proposed section 6A(a),in line 2,for the words "take such steeps" the words "take such lawful steps" be substituted.(Amendment No.2)

Shri Amarendranath Bhattacharyya :- Sir,I beg to move that in clause 3,in the proposed section 6A(a),lines 2 and 3,the words "and use such force as may be necessary" be omitted.(Amendment No.3)

Shri Amarendranath Bhattacharyya :- Sir,I beg to move that in cluase 3, in the proposed section 6A(b),line I,for the words "such person"the words "such unauthorised occupant or tres-passer"be substituted.(Amendment No.4)

Shri Kashinath Misra :- sir, I beg to move that in clause 3, in proposed section 6A of the principal Act, the following proviso be added,namely:-

"provided that provision of this section shall not apply to those persons who are authorised tenants of the premises and have no houses or buildings in their names or in the names of any of their family members in India." (Amendment No.5)

Shri Amarendranath Bhattacharyya :- Sir, I beg to move that in clause 3,in the proposed section 6C(1),line 9,for the words "such person"the words "such unauthorised occupant or tres-passer"be substituted. (Amendment No. 6)

Shri Amarendra Nath Bhattacharyya :- Sir, I beg to move that in clause 3, in the proposed section 6D,line 5, for the word "person"the words "unauthorised occupant or tres-passer"be substituted. (Amendment No.7)

Shri Jatin chakravorty :- I oppose all the amendments moved by Shri Amarendra Nath Bhattacharyya and shri Kashinath Misra

The motion of Shri Amarendra Nath Bhattacharyya (Amendment Nos. 2,3,4,6 and 7)and the motion of Shri Kashinath Misra (Amendment No.5)were then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 4 to 6 and preamble

The question that clauses 4 to 6 and preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Jatin Chakravarty :- Sir, I beg to move that the West Bengal Government Premises (Tenacy regulation) (Amendment) Bill,1985,as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

(Adjournment)

The House was then adjoured at 7-21 p.m. till 1 p.m. on Thursday the 19th september,1985 at the Assembly House Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the Provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House Calcutta, on Thursday, t.e. 19th September 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 11 Ministers, 9 Ministers of State and 178 Members.

Held over Starred Questions

(to which answers were given)

[1.00 to 1.10 P.M.]

শিলাবতী নদীর উপরস্থ সেতু

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮।) **শ্রীরামপদ মাণ্ডিঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার বহড়ামুড়ির নিকট শিলাবতী নদীর উপর সেতুটি কোন্ সালে নির্মিত হইয়াছিল;

(খ) বর্তমানে সেতুটি ভারী যানবাহন চলাচলের উপযুক্ত কিনা; এবং

(গ) ঐ স্থানে নতুন সেতু নির্মাণের পরিকল্পনা আছে কিনা?

শ্রী যতীন চক্রবর্ত্তীঃ—(ক) সেতুটি বেশ পুরাতন; এটি পূর্ত বিভাগ কর্ত্তৃক নির্মিত হয় নাই, ঠিক কোন সালে সেতুটি নির্মিত হয়, তাহা বলা সম্ভব নয়।

(খ) প্রয়োজনমত মেরামত সেতুটিকে কোনক্রমে যানবাহন চলাচলের উপযুক্ত রাখা হয়েছে।

(গ) না।

শ্রী রামপদ মানডিঃ— আপনি বলছেন সেতুটি অনেক দিনের পুরানো এবং অত্যন্ত সংকীর্ণ। আপনি কি টেকনিক্যাল এক্সপার্টদের দিয়ে সেতুটি সম্পর্কে খোঁজ খবর নিয়ে কর্ম ক্ষমতা সম্পর্কে নিশ্চিত হয়েছেন?

শ্রী যতীন চক্রবর্তীঃ— আমি তো বললাম এটা আমরা করিনি। তারপর এর রেকর্ড পাওয়া যাচ্ছে না। সুতরাং আমি এটা বলতে পারছি না। তবে এটা রক্ষণা বেক্ষণের দায়িত্ব এখন পূর্ত দপ্তরের উপর আছে।

শ্রী রামপদ মানডিঃ—দক্ষিন বাঁকুড়ার 'খাতরা' মহকুমা হবার কথাবার্তা চলছে। ফলে বাঁকুড়া শহরের সংগে এর যোগাযোগের গুরুত্ব আরো বেড়েযাবে। কিন্তু সেতুটি দীর্ঘ দিনের অত্যন্ত পুরানো সেতু হওয়ায় যে কোন সময় বিপদ দেখা দিতে পারে। তাই এই সেতুটি সম্পর্কে বিকল্প কোন চিন্তা ভাবনা করছেন কি?

শ্রী যতীন চক্রবর্তীঃ— এটার প্রয়োজনীয়তা খুব আছে। কিন্তু আমি যেটা বলেছি সেটা হচ্ছে এই, এটা যদি রি-ইনফোর্স করতে হয়, কংক্রিটের সেতু করতে হয় তাহলে খরচ হবে ৮০ লক্ষ টাকা এবং এই রকম নতুন কোন প্রকল্প হাতে নিতে হলে অর্থ দপ্তরের কাছে আমাদের মঞ্জুরী চাইতে হয়। এখন সেটার মঞ্জুরী পাব কিনা আমি বলতে পারছি না। কারণ, সপ্তম পরিকল্পনার মধ্যে আমরা যে প্রকল্পগুলি ইতিমধ্যেই হাতে নিয়েছি তার জন্য যে টাকার প্রয়োজন সেই টাকাই বরাদ্দ হিসাবে পচ্ছি না। সুতরাং ৮০ লক্ষ টাকার দায়িত্ব নিয়ে এ সেতু বদলে নতুন করে করা সম্ভবপর হচ্ছে না এবং সপ্তম পরিকল্পনার মধ্যে আমরা এটাকে নিতে পারছি না।

বহরমপুর মোটর অ্যাক্সিডেন্ট ক্লেমস ট্রাইবুনালে মামলা

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত তিন বছরে বহরমপুরের মোটর অ্যাক্সিডেন্ট ক্লেমস ট্রাইবুনালে (১) সি ডব্লু এফ এবং (২) কম্প-এ ফর্ম মোতাবেক কতগুলি মামলা দায়ের করা হয়েছে; এবং

(খ) সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী কতগুলি মামলা নিষ্পত্তি হয়েছে?

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহঃ—ক) (১) ৯২টি সি.ডবলিউ.এফ মামলা এবং

(২) ১৩০টি Comp. A ফর্ম মামলা।

খ) ৫টি সি. ডবলিউ.এফ. এবং ৩৫টি ফর্ম মামলা নিষ্পত্তি হয়েছে।

শ্রী অমলেন্দ্র রায়ঃ—আপনি যে জবাব দিলেন তাতে বিষয়টি ঠিক পরিষ্কার হল না। আপনি 'খ' প্রশ্নের উত্তরে যে পরিসংখ্যান দিলেন সেটা সব এক সঙ্গে জড়িয়ে কিনা ঠিক পরিষ্কার হল না। যাইহোক, আমার বক্তব্য হচ্ছে বহরমপুর কোর্টে মোটর এ্যাক্সিডেন্টের এতগুলি মামলা পেন্ডিং আছে। আমরা যতদূর জানি আইনে বোধ হয় এমন বিধান আছে যে, সি, ডব্লিউ, এফ, এ.এর মামলাগুলিতে মারা গেলে ১৫ হাজার টাকা পাবে এবং যে এ্যাক্সিডেন্টে মারা গেছে তার আত্মীয়স্বজন এটা পাবে।

সেটা আদালতে দরখাস্ত করে ৪৫ দিনের মধ্যে পাবার কথা। এতগুলি মামলার নিষ্পত্তি বছরের পর বছর হচ্ছে না। ৪৫ দিনের মধ্যে ১৫ হাজার টাকা পাচ্ছে না। এসবের কারণ কি? এত বিলম্ব কেন ঘটছে মামলার নিষ্পত্তিতে?

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহঃ— কিছু বিধিগত কারণ আছে, সেগুলি আমরা সংশোধনের ব্যবস্থা করছি। বিধিগত কারণ হচ্ছে, মোটর ভিহিকলসের পাওয়ারটা সাধারণতঃ মোটর ভিহিকলস ডিপার্টমেন্টের উপর অর্থাৎ আমাদের ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের উপর থাকে। এখন মুশকিল হয় কি, একজন জজ বদলি হ'লে পরবর্তী জজ যিনি আসেন তাঁর কাছে ঐ পাওয়ারটা পৌঁছাতে পৌঁছাতে যে সময় ব্যয় হয় ততদিনে হয়ত তাঁর ট্রান্সফারের অর্ডার হয়ে যায়। এরকম একটা অবস্থার সৃষ্টি হয়েছে যার ফলে অনেক সময় মোটর ভিহিকলস কোর্টে মামলা হয় না। সেই কারণে এই নিয়মটার সংশোধনের জন্য আমার জুডিসিয়াল ডিপার্টমেন্ট থেকে চেষ্টা করছি। মোটর ভিহিকলস ডিপার্টমেন্টের এই নিয়মটা সংশোধন করে কোন জজের হাতে মামলা থাকবে— জেলা জজের হাতে এক্তিয়ার দিয়ে দিলে, যা সাধারণত হয়ে থাকে স্পেশ্যাল পাওয়ার কেসগুলিতে সেইভাবে করার জন্য একটা বিধিগত পরিবর্তন করার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা মাননীয় সদস্যদের বোঝা উচিত বা আমাদের বোঝান প্রয়োজন যে যত রাস্তা বাড়বে মোটর এ্যাক্সিডেন্টের ক্লেম কেস স্বাভাবিকভাবে তত বাড়বে। আমরা বহুদিন আগে একটা করে হাকিম জেলায় জেলায় নিয়োগ করেছিলাম এখন কিন্তু সেই অবস্থাটার বিপুল পরিবর্তন হয়ে গিয়েছে, কারণ রাস্তার সংখ্যা বেড়েছে, মোটর ভিহিকলসের সংখ্যা বেড়েছে, ফলে এ্যাক্সিডেন্টের সংখ্যাও বেড়েছে। এর সংখ্যাগত পরিবর্তন এমন জায়গায় পৌঁছেছে যে বলা যেতে পারে প্রতি জেলায় একাধিক বিশেষ করে মুর্শিদাবাদের মতন বড় বড় জেলায় যেখানে ট্রাফিক অনেক বেশী সেই রকম জেলায় একাধিক বা আরো বেশী ট্রাইব্যুনালের প্রয়োজন আছে। তা না হলে মামলা এরকম পড়ে থাকবে। সে দিক থেকে আমরা বিচার করছি এবং এ ক্ষেত্রে চেষ্টা করা হবে যাতে একাধিক নিয়োগ করা যায়। তার সংগে তার আসবাবপত্র থেকেআরম্ভ করে তার সেরেস্তা, পেয়াদা সব কিছুর ব্যবস্থা করতে হবে। এটা যদি করা যায় তাহলে কিছুটা সুরাহা হবে, তা না হলে এই অবস্থায়ই চলতে থাকবে। বিধিগত পরিবর্তনের আমরা চেষ্টা করছি।

শ্রীঅমলেন্দ্র রায়ঃ—মাননীয় মন্ত্রিমহাশয় দুটি উত্তর দিলেন। একটা হচ্ছে পদ্ধতিগত কিছু অসুবিধার কথা বললেন। তিনি কি জানাবেন, এটা তাড়াতাড়ি দূর করার জন্য কি ব্যবস্থা করেছেন? দু নং হচ্ছে, এরমধ্যে বহু গরিব লোক যেখানে হয়ত সেই পরিবারের একমাত্র রোজগার করার লোক ছিল, মারা গিয়েছে সেখানে যে টাকা পাবার কথা তাও পাচ্ছে না। অন্ততপক্ষে মহকুমায় মহকুমায় আদালত করার ব্যবস্থা করতে পারেন কিনা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

আবুল মনসুর হবিবুল্লাহঃ—এখনও পর্যন্ত আমাদের যা আর্থিক অবস্থা বা সামর্থ আছে তাতে মহকুমায় মহকুমায় যেতে পারবো সেটা বিবেচনা করছি না তবে প্রতি জেলায় একাধিক যাতে করা যায় সেটা বিবেচনা করা হচ্ছে।

[1.10 to 1.20 P.M.]

পাবলিক প্রসিকিউটার ও গভর্ণমেন্ট প্লিডার নিয়োগ

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০।) **শ্রীসাত্ত্বিককুমার রায়ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক বিভিন্ন জেলায় পাবলিক প্রসিকিউটার ও গভর্ণমেন্ট প্লিডার নিয়োগের সর্বোচ্চ বয়সসীমা কত; এবং

(খ) বীরভূম জেলায় কর্মরত জি পি ও পি পি-দের বর্তমান বয়স কত?

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহঃ—ক) সর্বোচ বয়সসীমা নির্দিষ্ট নাই।

খ) কর্মরত জি পি-এর প্রায় বয়স ৬৮ বৎসর। পি. পি. এর বয়স ৫৭ বৎসর ৫ মাস।

শ্রী সাত্ত্বিক কুমার রায়ঃ— মাননীয় মন্ত্রী মহাশয়, এটা কি ঠিক নয় যে জি.পি. পিদের চাকুরীর ক্ষেত্রে বয়সের সীমা ৬০ বৎসর?

শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুলাহঃ—আপনার প্রশ্নের উত্তরে আমি বলেছি যে নিয়োগের ক্ষেত্রে বয়সের সীমা নির্দিষ্ট নেই।

শ্রী সাত্ত্বিক কুমার রায়ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এই জি.পি. এবং পি. পি. যাদের নিয়োগ করছেন, তারা কত বয়সসীমা পর্যন্ত উক্ত পদে থাকতে পারবেন?

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুলাহঃ— এই প্রশ্নের সংগে ঐ সাপলিমেন্টারী হয় না। আপনি আলাদা করে প্রশ্ন দিলে জানিয়ে দেব।

শ্রী সরল দেবঃ—মাননীয় মন্ত্রী মহাশয়, বিভিন্ন জেলাতে এই যে জি.পি. পি.পি. নিয়োগ হচ্ছে, এদের যোগ্যতাব মানদণ্ড বা মাপকাঠি কি? কারণ দেখা যায় কোর্টে অনেক সময় দক্ষ ল' ইয়ার থাকা সত্ত্বেও---

মিঃ স্পীকারঃ—It does not arise out of this question. so, I will not allow this question.

ডাঃ জয়নাল আবেদিনঃ—মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে নিয়োগের ক্ষেত্রে কোন বয়সসীমা নির্দিষ্ট নেই। কিন্তু এই রকম কোন বিধান আছে যে এই পর্যন্ত বয়স হয়ে গেলে তারা আর জি.পি. বা পি.পি. থাকতে পারবে না?

মিঃ স্পীকারঃ—উনি বলেছেন যে বাধা নেই।

কুমারী ও টোটকো সেতুর কাজে বিঘ্ন

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২১।) **শ্রীসুধাংশুশেখর মাঝিঃ** ৩রা মে, ১৯৮৫ তারিখের প্রশ্ন নং ৩৪৭ (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৫)-এর উত্তরে প্রাসঙ্গিকতায় পূর্ত বিভাগের মন্ত্রি মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার মানবাজার-বানদোয়ান রাস্তার উপর কুমারী ও টোটকো সেতুর কাজ সিমেন্ট ও রডের অভাবে ত্বরান্বিত করা যাইতেছে না; এবং

(খ) সত্য হইলে,

(১) এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে, ও

(২) উক্ত দুটি সেতুর কাজ কবে নাগাত সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

শ্রী যতীন চক্রবর্ত্তীঃ—(ক) ও (খ) (১) সত্য নয়।

সিমেন্ট, রড ইত্যাদি কাঁচামালের কিছু অভাব অতীতে থাকলেও, সেতু দুইটির নির্মাণকাজ দ্রুত শেষ করার জন্য এখন প্রয়োজনীয় সব ব্যবস্থাই গ্রহণ করা হয়েছে।

(খ) (২) উক্ত সেতু দুইটির নির্মাণকাজ আগামী বৎসর (১৯৮৬) বর্ষার পূর্বেই শেষ হবে বলে আশা করা যায়।

মানবাজার-কুইলাপাল পীচ রাস্তা নির্মাণ

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩।) **শ্রীসুধাংশুশেখর মাঝিঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার মানবাজার হইতে কুইলাপাল রাস্তার উপর পীচের কাজ সম্পূর্ণ হইয়াছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হাঁ' হইলে, উক্ত রাস্তা সম্পর্কে কোন সমীক্ষা করা হইয়াছে কি?

শ্রী যতীন চক্রবর্ত্তীঃ—(ক) না, পীচের কাজ এখনও সম্পূর্ণ হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী সুধাংশু শেখর মাঝিঃ—মাননীয় মন্ত্রী মহাশয়, এই রাস্তাটির যে পরিকল্পনা করা হয়েছিল তাতে আপনি বলেছিলেন যে এটা তাড়াতাড়ি করা হবে। এটা দেরী হওয়ার কারণ কি সেটা জানাবেন কি?

শ্রী যতীন চক্রবর্ত্তীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সড়কটি ৪৪ কিলোমিটার দীর্ঘ এবং এর জন্য আমাদের ১ কোটি ৪ লক্ষ ৯০ হাজার টাকা ব্যয় হচ্ছে। এই ৪৪ কিলো মিটারের মধ্যে মানবাজার থেকে কুইলাপাল অংশের কাজ অনেকটা এগিয়েছে। ঐ অংশে দুটো ব্রীজ অবস্থিত। একটা হচ্ছে কুমারী, আর একটা হচ্ছে টোটকো। এদের কাজ চলছে এবং এই সেতু নির্মাণের কাজ শেষ করার জন্য আমরা অগ্রাধিকার দিয়েছি। এই সেতুর কাজ শেষ না হওয়া পর্যন্ত আমাদের যে আর্থিক ব্যয় বরাদ্দ আছে তার মধ্যে দিয়ে এই পিচের কাজ এখন করতে পারছি না। তবে আমরা এই সিদ্ধান্ত নিয়েছি যে পিচের সংগে পাথরকুচি মিশিয়ে যাকে বলে প্রিমিকস্‌ড কারপেটিং করা সেটা যাতে তাড়াতাড়ি করা যায় সেই ব্যবস্থা করছি। এটা পরিষ্কার করে বলে দিই যে আমাদের যা আর্থিক ব্যয় বরাদ্দ আছে তাতে আগে সেতুর কাজ শেষ করবো তারপরে সমস্ত পিচের কাজ শেষ করার চেষ্টা করা হবে।

মুরারই-দুলান্দি রাস্তা সংস্কার

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৬।) **ডাঃ মোতাহার হোসেনঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরভূম জেলার মুরারই-দুলান্দি রাস্তার প্রথম কিলোমিটার (যা মুরারই বাজারের মধ্যে পড়ে) যান ও জনসাধারণের চলাচলের সম্পূর্ণ অনুপযোগী হয়ে পড়েছে;

(খ) অবগত থাকলে, ঐ অংশের পূর্ণ সংস্কারের কোন উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি; এবং

(গ) হয়ে থাকলে,

(১) এ ব্যাপারে প্ল্যান, এস্টিমেট, বরাদ্দ প্রভৃতি করা হয়েছে কিনা, ও

(২) কবে নাগাত এই কাজ শুরু ও 'পীচ' রাস্তারূপে সম্পন্ন করা যাবে বলে আশা করা যায়?

শ্রী যতীন চক্রবর্ত্তীঃ— (ক) রাস্তার বর্তমান অবস্থা সন্তোষজনক না হলেও যান ও জনসাধারণের চলাচলের অনুপযোগী নয়।

(খ) আশু ব্যবস্থা হিসাবে ইতিমধ্যেই কিছু কিছু সংস্কারের কাজ করা হয়েছে।

(গ) (১) আরও সংস্কারের জন্য এক লক্ষ টাকার এস্টিমেট বিবেচনাধীন।

(২) এ বছরের মধ্যেই কাজটিকে শেষ করা যাবে বলে আশা করা যায়।

হাজারদুয়ারীর সংরক্ষণ ও পরিচালনা

***১৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৬।) **শ্রীসুমন্তকুমার হীরাঃ** গত ২রা মে, ১৯৮৫, তারিখের প্রশ্ন নং *৭১২ (অনুমোদিত প্রশ্ন নং *২১৬০)-এর উত্তর উল্লেখে প্রচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদের হাজারদুয়ারীর পুরাকীর্তিটি সংরক্ষণ ও পরিচালনায় রাজ্য সরকারের বাৎসরিক খরচের পরিমাণ কত; এবং

(খ) বর্তমানে উক্ত প্রতিষ্ঠানে নিযুক্ত কর্মচারীর সংখ্যা কত?

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ—(ক) গত ১.৮.৮৫ তারিখের পূর্ব পর্য্যন্ত হাজার দুয়ারী অফিসিয়াল ট্রাষ্টীর অধীনে থাকায় সরাসরি সরকারী টাকা ব্যয়ের কোন প্রশ্ন ছিল না।

(খ) মে, ১৯৮৪ তারিখ হিসাবে ৩৩জন।

শ্রী সুমন্ত কুমার হীরা ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই প্রতিষ্ঠানের ঐতিহাসিক গুরুত্ব বিবেচনা করে কেন্দ্রীয় সরকারের দ্বারা অধিগ্রহণ করাবার ব্যবস্থা করছেন কি?

শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ ঃ—ইতিমধ্যেই সেই কাজ শুরু হয়ে গেছে। এখন কেন্দ্রীয় সরকার এবং আমাদের সাংস্কৃতিক দপ্তর মিলে তারা ইনভেন্টরী করছে। কতকগুলো বিধিগত ব্যাপার শেষ হলে কেন্দ্রীয় সরকার এটাকে নেবেন।

শ্রীমতী ছায়া ঘোষ ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, ঐ প্রতিষ্ঠানে যতজন কর্মচারী কাজ করেন, তাদের মধ্যে যারা বয়স্ক হয়ে গেছেন, তাদের সম্বন্ধে আপনি কোন চিন্তা ভাবনা করছেন কি না? ৫০/৬০ উর্ধে যে সব কর্মচারী সেখানে কাজ করছেন, তাদের যাতে ওখানে কাজ থাকে সেই ব্যবস্থা করছেন কি না?

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ— আমরা এখন কোন প্রতিশ্রুতি দিতে পারবো না, আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বলেছি যতদূর সম্ভব কর্মঠ যে সব কর্মচারী আছেন তাদের নিয়ে নেবেন এবং পরে তা নিয়ে তাদের সম্বন্ধে কিছু ভাবনা চিন্তা করতে হবে।

শ্রী হাজারী বিশ্বাসঃ—মন্ত্রী মহাশয় বললেন যে অধিগ্রহণ করা হয়েছে হাজার দুয়ারী। তবে ঐ বিল্ডিং সংস্কারের কোন পরিকল্পনা বর্তমানে আছে কি?

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহঃ—এই প্রশ্ন এখন ওঠেনা, কেন্দ্রীয় সরকার এটা নেবেন এবং তারপর তারা যা ভাল বুঝবেন করবেন।

শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় ঃ— আপনি বললেন যে কিছুদিন আগে পর্য্যন্ত এটা সরকারের ছিল না, এটার একটা অফিসিয়াল ট্রাস্টি ছিল, সেই অফিসিয়াল ট্রাস্টিটি একে সংরক্ষণের জন্য কত টাকা খরচ করেছেন বলবেন কি?

[1.20 to 1.30 P.M.]

শ্রী সৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ ঃ—এই প্রশ্নে হঠাৎ এ রকম প্রশ্ন করলে আমি বলতে পারব না। তবে আমি এইটুকু বলছি যে সরকারী তত্ত্ববিধানে এই ট্রাষ্টীটি মোটামুটি আসার পর আমাদের অধ্যক্ষ মহাশয় যখন ওখানে ছিলেন তখন তিনি ওখানে কিছু সংস্কারের জন্য ৮ লক্ষ টাকা দিয়েছিলেন, সংস্কার কার্য্য হয়েছিল। সেই অবস্থাই এখন পর্যন্ত আছে, নতুন করে আর কোনো সংস্কার কার্য্য হয়নি।

শিল্পাঞ্চল এলাকায় পরিবেশ ও নদ-নদী দূষণ রোধ

***১৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৫।) **শ্রীসুব্রত মুখোপাধ্যায় ও শ্রীকাশীনাথ মিশ্রঃ** ১৩-৩-৮৪ তারিখের প্রশ্ন নং ২১ (অনুমোদিত প্রশ্ন নং ২)-এর উত্তরের উল্লেখে পরিবেশ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পরিবেশ দূষণ রোধে রাজ্য সরকারের পরিকল্পনাগুলি শিল্পাঞ্চল এলাকাগুলিতে বিশেষতঃ হাওড়া, হুগলী, দুর্গাপুর প্রভৃতি এলাকাতে কার্যকরী না হওয়ার কারণ কি; এবং

(খ) গঙ্গা, হুগলী নদী, দামোদর, দারকেশ্বর, গন্ধেশ্বরী নদ-নদীর দূষণ রোধে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী ভবানী মুখার্জী ঃ—(ক) জল ও বায়ু দূষণ নিয়ন্ত্রণের জন্য পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ কর্তৃক আরোপিত নির্দেশাবলী হাওড়া হুগলী ও দুর্গাপুর প্রভৃতি এলাকায় একেবারে কার্য্যকরী হয় নাই-ইহা সত্য নহে।

(খ) কেন্দ্রীয় সরকারের উদ্যোগে এবং তিনটি রাজ্য সরকারের সহযোগিতায় গঙ্গা নদীর দূষণ রোধের জন্য একটি পরিকল্পনা কার্য্যকরী করার উদ্যোগ লওয়া হইতেছে। অন্য কোন নদনদীর দূষণ রোধের জন্য সামগ্রিক কোন ব্যবস্থা গৃহিত হয় নাই।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ—মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন, হাওড়া, হুগলী এবং দুর্গাপুর এলাকায় কিছু কিছু কার্যকরী ব্যবস্থা নেওয়া হয়েছে। কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে, তা কি আপনি নির্দিষ্ট করে জানাবেন?

শ্রী ভবানী মুখার্জী ঃ— জল ও বায়ু দূষণ নিয়ন্ত্রণের জন্য যে আইন আছে সে আইন অনুযায়ী ঐ সমস্ত অঞ্চলে যারা জল বা বায়ু দূষণ করছে তাদের উপর নোটিশ জারি করা হয় ট্রিটমেন্ট প্লান্ট চালু করার জন্য এবং যাতে তারা তা করে তার জন্য তাদের উপর চাপ দেওয়া হয়। যারা করে না বা করতে চাইছে না তাদের বিরুদ্ধে কোর্টে মামলা করার ব্যবস্থা করা হয়। ইতিমধ্যে আমরা চাপ দিয়ে অনেকগুলি কোম্পানীকে দিয়ে ট্রিটমেন্ট প্ল্যান্ট করাতে পেরেছি এবং কেউ কেউ পার্সিয়াল ট্রিটমেন্ট প্ল্যান্ট করেছে। আবার কেউ কেউ কাজ শুরু করেছে। এই হচ্ছে অবস্থা।

শ্রী কাশীনাথ মিশ্র ঃ—সেন্ট্রাল পলিউসন বোর্ড গঙ্গা দূষণ রোধের জন্য যে সমস্ত পরিকল্পনা সর্বভারতীয় ক্ষেত্রে নিয়েছে তাতে পশ্চিমবাংলার কোন্ কোন্ পয়েন্টে কাজ করার জন্য সেন্ট্রাল পলিউসন বোর্ড অনুমোদন দিয়েছে ; এবং তারা যে সকল ব্যবস্থা নেওয়ার কথা বলেছে, সেগুলি কি কার্যকরী হচ্ছে?

শ্রী ভবানী মুখার্জী ঃ—মূল প্রশ্নে যদিও গঙ্গা দূষণের কথা আছে, তবুও এ বিষয়ে সেপারেট প্রশ্ন করলে ভাল হয়। তবে আমি বলছি যে, সেন্ট্রাল পলিউসন কন্ট্রোল বোর্ড বা ডিপার্টমেন্ট অফ্ এনভায়র্নমেন্ট (কেন্দ্রীয় সরকারের)-এর গঙ্গা এ্যাবিসিয়াল প্ল্যান বলে যেটা আছে সেটা এখন পর্যন্ত আলোচনা স্তরেই আছে, বিভিন্ন পর্যায়ে চিন্তা-ভাবনা পরিবর্তিত হচ্ছে। এখনো পর্যন্ত কোথায় কোথায় কাজ চালু হবে তা স্থিরীকৃত হয়নি। নামগুলি এসেছে, বিভিন্ন জায়গার জন্য কিছু কিছু প্ল্যান্ট স্কীম দেওয়ার কথা হয়েছে। এখনো পর্যন্ত কোথায় কোথায় কাজ হবে তা ফাইনাল হয়নি।

শ্রী সরল দেব ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এখন পর্যন্ত কেন্দ্রীয় ওয়াটার পলিউসন বোর্ড গঙ্গা দূষণ এবং বায়ু দূষণ রোধ করার জন্য রাজ্য সরকারকে কত টাকা মঞ্জুর করেছে এবং তার ভিত্তিতে আপনি ইন্টারভিউ নিয়ে কত লোককে নিয়োগ করেছেন বিভিন্ন পরীক্ষানিরীক্ষা কাজে এবং দুর্গাপুরের রাজ্য সরকারী সংস্থা ডি.সি.এল. ডি.পি.এল ইত্যাদি যে ভাবে দামোদর নদীর জল দূষিত করছে তাতে তাদের বিরুদ্ধে আপনার দপ্তর কি ব্যবস্থা গ্রহণ করেছে?

শ্রী ভবানী মুখার্জী ঃ—আপনার প্রশ্ন হচ্ছে, ডি.সি.এল এবং ডি.পি.এল সম্বন্ধে। ডি.সি.এলকে আমরা ডেকে পাঠাই এবং কেন্দ্রীয় বোর্ডের যে লোক্যাল অফিস আছে সেখানে নিট করে জল দোষণ সম্বন্ধে ব্যবস্থাগুলি গ্রহণ করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। ইতিমধ্যেই কাজ করছে দুর্গাপুর কেমিক্যাল ওয়ার্কস। ডি.পি.এলের এখনও পর্যন্ত কাজটা ঠিক হয়নি। ঐ ডিপার্টমেন্টের সঙ্গে আমরা সবাই বসেছিলাম। টাকার পরিমানটা খুব বেশী। টাকা বরাদ্দ কি করে করা যায় তার একটা সমস্যা আছে। এই ব্যাপারটার যদি মীমাংসা করা যায় তাহলে কাজটা ধাপে-ধাপে কারানো যাবে। সুতরাং এটা আমরা দেখছি।

শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ—মাননীয় মন্ত্রিমহাশয় বললেন কিছু কোম্পানীকে ট্রিটমেন্টের ভিতর দিয়ে বর্জ্য জল নদীতে ফেলার ব্যবস্থা করেছেন। কিন্তু বহু পৌরসভা ড্রেনের জল নদীতে ফেলছেন এবং তারফলে নদীর জল দূষণ হচ্ছে। এই ব্যাপারে আপনার ডিপার্টমেন্ট কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রী ভবানী মুখার্জী ঃ— পৌরসভাগুলি যেভাবে সমস্যায় ভারাকান্ত তারপর জল ট্রিটমেন্ট করা ব্যবস্থা করার এটা খুবই খরচসাপেক্ষ। এখন তাহলে সমস্ত সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট করতে হয়। সমস্ত শহরে সুয়ারের ব্যবস্থা করতে হয়। এখন নদীর দুই ধারে বহু সংখ্যক পৌরসভা আছে। এতদিন পর্যন্ত এই ব্যবস্থা করানো যায়নি। রাজ্যসরকারেরও অর্থ নেই তেমনি পৌরসভারও অর্থের সামর্থ্য নেই। যারজন্য কেন্দ্রীয় সরকার এ্যাকসান প্ল্যান নিতে বাধ্য হয়েছে। এটা প্রায় ২৫০। ৩০০ কোটি টাকা। আমরা এখন এই ব্যাপারটি নিয়ে ভাবতে পারছি। গঙ্গার ব্যাপারে কিছু টাকা আসবে। আর পৌরসভা যে দূষিত জল নিক্ষেপ করছে তা সামাগ্রিকভাবে বন্ধ করা সম্ভব নয়। কিছু কিছু পোর ফ্লাস লাট্রিনের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হয়েছে। আর নতুন যে সমস্ত পৌরসভা হতে যাচ্ছে, এইসব পৌরসভার ক্ষেত্রে আগের থেকে সাবধানতামূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে। ঐসব পৌরসভার পিছনে যদি জমি থাকে তার মধ্যে দূষিত জল ডাইভার্ট করে পলিউসান রোধ করার ব্যবস্থা নেওয়া হচ্ছে আর যেসব পৌরসভার জমি নেই সেইসব ক্ষেত্রে গুরুতর সমস্যা আছে।

শ্রী অরুণ কুমার গোস্বামী ঃ— মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, পরিবেশ দূষণ করার জন্য কিছু কিছু ইনডাসট্রিকে নোটিশ করেছেন। আমার প্রশ্ন হচ্ছে, কতগুলি ইনডাসট্রিকে নোটিশ করেছেন এবং কতগুলি ইনডাসট্রি সেই নোটিশকে গ্রাহ্য করেননি বলে আপনারা সেই মামলা করেছেন এবং মামলাগুলির সংখ্যা কত?

শ্রী ভবানী মুখার্জী ঃ—মাননীয় সদস্যদের কাছে বাজেট স্পীচের সময় যে রিপোর্ট প্রেস করেছি তাতে সংখ্যাগুলি দেওয়া হয়েছিল। আমার কাছে এখন সংখ্যার হিসাব নেই। আপনি যদি নোটিশ দেন তাহলে কমপাইল করে জানিয়ে দেব।

কেচেন্দা ঘাটে সেতু নির্মাণ

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩।) **শ্রীরামপদ মাণ্ডিঃ** গত ৪ঠা এপ্রিল, ১৯৮৫, তারিখের প্রশ্ন নং *৩৮৩ (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮২)-এর উত্তরের উল্লেখে পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলার কংসাবতী নদীর উপর কেচেন্দাঘাটে ব্রীজ নির্মাণের কাজটি বর্তমানে কি অবস্থায় আছে?

শ্রী যতীন চক্রবর্তীঃ—প্রশাসনিক অনুমোদনের অভাবে সেতুর কাজ এখনও শুরু হয়নি, তবে এ ব্যাপারে এই দপ্তর সচেষ্ট আছেন।

শ্রী উপেন্দ্র কিসকু ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ঐ সেতুটি খাতরা মহকুমার হওয়ার ফলে-দক্ষিণ বাঁকুড়ার সঙ্গে যোগাযোগের একমাত্র সেতু হবে। আপনি গুরুত্ব দিয়ে দেখবেন কি যাতে তাড়াতাড়ি হয়।

শ্রী যতীন চক্রবর্তীঃ—গুরুত্বপূর্ণ সব সেতুই, সব এম.এল.এরি গুরুত্বপূর্ণ ব্যাপার। আমার এলাকায় এমন কাজ আছে সবই গুরুত্বপূর্ণ। তবে বুঝে দেখুন, এই সেতুটি ২৭৫ মিটার দীর্ঘ এবং এরজন্য খরচা হবে ৯০ লক্ষ টাকা। আমরা যেহেতু পারছি না সেইজন্য আমি তপসিলী জাতি ও উপজাতি কল্যাণ দপ্তরের কাছে অনুরোধ করেছি যেহেতু ঐ অঞ্চলটি ঐ সম্প্রদায়ের বসবাস সেইজন্য ঐ দপ্তরকে বলেছি কিছু ব্যয়ভার বহন করবার জন্য যদি সম্ভব হয় তাহলে আমরা অর্থ দপ্তরের কাছে প্রশাসনিক অর্থ অনুমোদনের জন্য যেটা দরবার করছি সেটা সহজ হয় তা না হলে যতই গুরুত্বপূর্ণ হোক, টাকা না হলে কাজ হবে না।

৪১নং জাতীয় সড়ক সম্প্রসারণ

***১৩৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৬।) **শ্রীঅমলেন্দ্র রায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ৪১নং হলদিয়া জাতীয় সড়কটিকে ৬নং ও ৩৪নং জাতীয় সড়কের মধ্যে গুরুত্বপূর্ণ "লিঙ্ক" হিসাবে ৭নং রাজ্য সড়ক বরাবর মোরগ্রাম পর্যন্ত (ভায়া নতুনহাট, রাসজীবনপুর ও কুলি) সম্প্রসারিত করার কোনও প্রস্তাব ইউনিয়ন সরকারের কাছে করা হয়েছে কি?

শ্রী যতীন চক্রবর্তীঃ—না এমন কোন প্রস্তাব আপাততঃ রাজ্য সরকারেরও বিবেচনাধীন নেই।

[1.30 to 1.40 P.M.]

শ্রী অমলেন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন যে, হলদিয়া বন্দরের উন্নয়নের জন্য যে ইনফ্রাসট্রাকচার দরকার, তার মধ্যে একটা হচ্ছে রেল যোগাযোগ-ব্যবস্থা এবং অপরটি হচ্ছে সড়ক যোগাযোগ-ব্যবস্থা। বিশেষ করে হিন্টারল্যাণ্ডের উত্তর দিকে যে অংশ আছে তার সঙ্গে এটা না থাকার ফলে হলদিয়া বন্দরের উন্নয়ন ঠিকভাবে হতে পারে না। সেইজন্য ঐ ৪০নং জাতীয় সড়ক উত্তরাঞ্চলে প্রসারিত করবার প্রশ্ন। এরসঙ্গে রাজ্যসরকারের অর্থ ব্যায়ের কোন প্রশ্ন নেই। শুধু রাজ্যসরকার এই সুপারিশটা ইউনিয়ন সরকারের কাছে করলে খানিকটা কাজ হতে পারে। যেখানে টাকার প্রশ্ন নেই, সেখানে হলদিয়া বন্দরের উন্নয়নের স্বার্থে এই রকম সুপারিশ রাজ্যসরকার করছেন না কেন?

শ্রী যতীন চক্রবর্তীঃ এইজন্যই করছি না, কারণ হলদিয়া বন্দরের সামগ্রিক উন্নয়নের জন্য একটি বোর্ড আছে। সেই বোর্ডেরই উচিত এ-সম্পর্কে বিবেচনা করে ঐ প্রকল্পটি গ্রহণ করা। সেই বোর্ডে আমাদের দপ্তরের প্রতিনিধিরাও রয়েছেন। হলদিয়া বন্দরের সামগ্রিক উন্নয়নের স্বার্থে আজকে তাঁরা যদি একে প্রয়োজন বলে মনে না করেন তাহলে আমি কেন গায়ে পড়ে এ-বিষয়ে তাঁদের খোঁচাতে যাবো?

শ্রী অমলেন্দ্র রায়ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি -আপনার তো অনেক রকম রাস্তার ম্যানেজমেন্ট আছে, যেমন-ষ্টেট হাই ওয়ে, মেজর ডিষ্ট্রিক্ট এবং ভিলেজ রোড আছে। কিন্তু ন্যাশনাল হাই ওয়ে আমাদের রাজ্যে করার প্রপোজাল ইনিশিয়েট করবার ব্যাপারে রাজ্যসরকারের দায়িত্ব কতখানি এবং ইউনিয়ন সরকারের দায়িত্বই বা কতখানি? তাছাড়া যেখানে ন্যাশনাল হাই ওয়ে নতুন করে একসটেনশন করবার প্রয়োজনীয়তা দেখা দেয়, সেই ক্ষেত্রেও কি রাজ্যসরকার কোন রকম প্রস্তাব পাঠান না?

শ্রী যতীন চক্রবর্তীঃ হ্যাঁ, জাতীয় সড়কের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আমরা প্রস্তাব করে থাকি তবে তাঁরা যেগুলো অনুমোদন করেন সেগুলো হয়। এক্ষেত্রে হলদিয়া বন্দরের সামগ্রিক উন্নয়নের স্বার্থের দিকটা দেখবার দায়িত্ব যে বোর্ডের উপর দেওয়া আছে তাঁদের সঙ্গে যোগাযোগ করুন, যাতে তাঁরা ঐ সড়কটির প্রস্তাব করেন। আমাদের প্রতিনিধিও সেখানে আছেন। আমি আগ বাড়িয়ে কোন প্রস্তাব রাখছিনা।

শ্রী বীরেন্দ্র নারায়ণ রায়ঃ আপনি বললেন, ঐ রাস্তাটি হলদিয়া উন্নয়ন বোর্ডের বিবেচ্য বিষয় বলে আপনি গায়ে পড়ে কোন রকম সুপারিশ করবেন না। একটি ভাল কাজের জন্য গায়ে পড়ে সুপারিশ করলে অন্যায়টা কি হবে জানাবেন কি?

শ্রী যতীন চক্রবর্তীঃ ভাল কাজ করবার ঠিকা তো আমিই একমাত্র নিইনি?

শ্রী ভূপাল পাণ্ডাঃ যে হলদিয়া ডেভেলপমেন্ট বোর্ডের কথা আপনি উল্লেখ করলেন, সেখানে রাজ্য সরকারের কোন প্রতিনিধি আছেন কিনা?

শ্রী যতীন চক্রবর্তীঃ এটা তো হলদিয়ার প্রকল্প। হলদিয়া প্রকল্পের সামগ্রিক উন্নয়নের জন্য যে বোর্ড আছে সেই বোর্ড তো আমাদের এবং আমাদের বিভিন্ন দপ্তরের প্রতিনিধি সেখানে রয়েছে।

শ্রী ভূপাল পাণ্ডাঃ আপনি যদি প্রতিনিধি হন তাহলে আপনি এটা তুলেছেন কি?

শ্রী যতীন চক্রবর্তীঃ আমি আগেই বলেছি যে তুলিনি। এই বোর্ড সামগ্রিকভাবে যেগুলি প্রয়োজন মনে করেন সেইগুলি সম্পর্কে তারা বিচার বিবেচনা করেন এবং তারপর তারা বিভিন্ন দপ্তরের উপর নির্দেশ দেন। ওরা সেটা বিবেচনা করেননি।

শ্রী আবদুল মান্নানঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে উনি গায়ে পড়ে কেন করতে যাবেন। আমি জানতে চাই, এটা তো জনগণের দপ্তর, জনগণের অনুরোধের জন্য আপনি কিছু করবেন না?

শ্রী যতীন চক্রবর্তীঃ আমি জনগণের কাছ থেকে এই প্রশ্ন ছাড়া এই সম্পর্কে আজ পর্যন্ত এটার চাহিদা আছে বলে কিছু পাইনি।

বীরভূম জেলায় রাস্তা পুনর্নির্মাণ

***১৪১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮।) **শ্রীধীরেন্দ্রনাথ সেনঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৫-৮৬ আর্থিক বৎসরে বীরভূম জেলায় ক্ষয়প্রাপ্ত রাস্তাগুলি পুনর্নির্মাণের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(খ) তন্মধ্যে, ১৯৮৫ সালের আগস্ট মাস পর্যন্ত কত টাকা ব্যয় করা হয়েছে?

শ্রী যতীন চক্রবর্তীঃ—(ক) চলতি বৎসরে এক কোটি আটান্ন লক্ষ চল্লিশ হাজার টাকা ধার্য করা হয়েছে।

(খ) এ বাবদ আনুমানিক তেতাল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার টাকা খরচ হয়েছে।

শ্রী বীরেন্দ্র লেটঃ— মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বীরভূম জেলার রাস্তাগুলি সব অকেজো হয়ে গেছে, এইগুলিকে মেরামত করার কোন ব্যবস্থা নিয়েছেন?

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ- এর জন্য অর্থ বরাদ্দ করা আছে। বর্ষাকালে যাতে যান-বাহন মোটামুটি চলাচল করতে পারে সেই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বর্ষা শেষ হলে সম্পূর্ণভাবে মেরামত করার পরিকল্পনা ইতিমধ্যেই গ্রহণ করা হয়েছে।

শ্রী ধীরেন্দ্র লেট ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বোলপুরের রাস্তাটি যে অসমাপ্ত আছে সেটা সমাপ্ত করার ব্যবস্থা আছে ?

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ- কালকে আমার কাছে আপনার জেলার সভাধিপতি ফোন করেছিল। আমি তাকে টেলিফোনে জানাই একজিকিউটিভ ইঞ্জিনিয়ার এখন এখানে একটা কাজে এসেছে। আমি নির্দেশ দিয়েছি একজিকিউটিভ ইঞ্জিনিয়ার গিয়ে আপনার সংগে দেখা করবে। যে যে রাস্তা আপনি মনে করবেন যে অগ্রাধিকারের ভিত্তিতে গ্রহণ করা উচিত সেই নির্দেশ দেবেন এবং সেই নির্দেশই বাধিত হবে।

শ্রী সাত্তিক কুমার রায় ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বীরভূম জেলায় চলতি আর্থিক বৎসরে ১ কোটি ৫৮ লক্ষ ৪০ হাজার টাকা ধার্য্য করা হয়েছে। ১৯৮৪-৮৫সালের জন্য কেন্দ্রীয় সরকার রিপেয়ারিং করার জন্য বীরভূম জেলাকে কত টাকা দিয়েছে?

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ- এটা আমার পক্ষে বলা সম্ভব নয়।

শ্রী বিমল কান্তি বোস ঃ- মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দিতে গিয়ে বললেন যে জেলা পরিষদের সভাধিপতির সংগে আপনার আলোচনা হয়েছে। এবং সভাধিপতি যে রাস্তার কথা বলবেন সেটা অগ্রাধিকার দেওয়া হবে। আমার প্রশ্ন হ'ল কোন রাস্তা অগ্রাধিকার দেওয়া হবে কি না হবে সেটা ডি.পি.সি.সি-র সিদ্ধান্ত জড়িত এটা ঠিক কিনা?

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ- আমি তা বলিনি। গতকাল একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে টেলিফোন করেছিলাম। আমি বলেছি তার সংগে যোগাযোগ করুন এবং অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করার কথা বলেছি। নিশ্চই আমাদের দপ্তরে যে কো-অর্ডিনেসান কমিটি আছে সেই কো অর্ডিনেসান কমিটির মাধ্যমে হবে। কিন্তু তার সাথে যোগাযোগ করা হয়নি বলে অভিযোগ করায় আমি বলেছি তার সাথে দেখা করে প্রয়োজনমত কাজ করতে। তবে উনি যেটা বলেছিলেন সেই ব্যাপারে আমি পরিষ্কার বলে দিয়েছি করা সম্ভবপর হবে না। কারণ একটা রাস্তার জন্য উনি বলেছেন দুই দিকে যে ফ্লাংক আছে সেই ফ্লাংকগুলোতে পিচ করে দিতে হবে। আমি পরিষ্কার বলে দিয়েছি এই কাজ আমার পক্ষে করা সম্ভবপর হবে না।

চুনাখালি জলঙ্গী রাস্তায় ভৈরব নদীর সেতুতে ভাঙন

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫০২।) **শ্রীআতাহার রহমানঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবহিত আছেন যে, মুর্শিদাবাদ জেলার অন্তর্গত চুনাখালি জলঙ্গী রাস্তায় ভৈরব নদীর ব্রীজের পার্শ্বে সম্প্রতি ভাঙন দেখা দিয়াছে; এবং

(খ) অবহিত থাকিলে, উক্ত ভাঙন প্রতিরোধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ—(ক) হ্যাঁ।

(খ) ভরা নদীতে এখনই কিছু করা সম্ভব নয়, তবে পরিস্থিতির প্রতি নজর রাখা হচ্ছে। সেচ ও জলপথ বিভাগের পরামর্শ-ক্রমে বর্ষার শেষে প্রয়োজনীয় অর্থবরাদ্দ সাপেক্ষে যথাসম্ভব-ব্যবস্থা গ্রহণ করার বিষয়টি বিবেচনা করা হবে।

[1.40 to 1.50 P.M.]

শ্রী আতাহার রহমান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এখুনি কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। কিন্তু ঐ নদীটা এখন ভাঙছে। এই ভাঙন রোধের জন্য এবং ব্রীজকে রক্ষার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করছেন কি?

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ এখন নদীটি যে ভাবে ভরে আছে, তাতে এখনই কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। বর্ষা শেষ হয়ে গেলে আমরা সেচ দপ্তরের সঙ্গে কথাবার্তা বলব। কেননা, এই ব্যাপারে তাঁদেরও আংশিক দায়িত্ব আছে। সেইজন্য দুটি দপ্তর একসঙ্গে বসে যে পরিকল্পনা গ্রহণ করবে, সেই অনুসারেই আমরা চলব। এই ব্যাপারে আমাদের যে দায়িত্ব আছে তা নিশ্চয়ই গ্রহণ করবো।

শ্রী ধীরেন্দ্র নারায়ণ রায় ঃ আপনি বললেন যে এখনই কোন পরিকল্পনা গ্রহণ করা সম্ভবপর নয়, কারণ নদীটা এখন ভরা রয়েছে। বর্ষার পরেই আপনি এটি গ্রহণ করবেন, এই রকম প্রতিশ্রুতি কি আপনি এখানে দেবেন?

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ বর্ষার জন্য যখন নদীটি পুরোপুরি ভর্ত্তি হয়ে আছে, ঠিক সেই সময়ে কাজ করা সম্ভব নয়। আমাদের পক্ষ থেকে যা করার দায়িত্ব আছে, সে সম্বন্ধে তো আমি বলেছি। তবে এই ব্যাপারে কেবলমাত্র আমাদের একার দায়িত্ব নেই। এই বিষয়ে সেচ বিভাগের সঙ্গে পরামর্শ করে, একসঙ্গে বসে -দুই দপ্তরের ইঞ্জিনিয়ার ও বাস্তুকাররা যে পরিকল্পনা গ্রহণ করবেন, সেইভাবেই ভবিষ্যতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

শ্রী হাজারী বিশ্বাস ঃ এই ভাঙন যা দেখা দিয়েছে তা সেচ দপ্তর এবং আপনার দপ্তর কতদিনের মধ্যে পেয়েছেন জানাবেন কি?

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ ভাঙন হবার সঙ্গে সঙ্গেই সংবাদ এসেছে।

শ্রীমতী ছায়া ঘোষ ঃ এখানে যে ভাঙন দেখা দিয়েছে তা ব্রীজটি তৈরী যখন হয়েছে, তখন থেকেই দেখা দিয়েছে বলে আমাদের কাছে মনে হয়েছে। কেননা, ঐ কাজের জন্য জমি কেটে যে ভাবে মাটি তোলা হয়েছিল, তাতে প্রথম দিকে বোঝা গিয়েছিল যে ওখানে ভাঙন সৃষ্টি হবে। আমরা এই ভাঙন আগে দেখতে পাই নি। কিন্তু ১৯৭৭ সালের পর থেকেই দেখছি দু দিক সমান ভাবেই ভাঙছে। এই অবস্থায় এই ভাঙন রোধের জন্য আপনি একটু আগে যে প্রতিশ্রুতি দিলেন, তা কি বর্ষা শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই সত্যে পরিণত হবে? বর্ষা শেষ হওয়া মাত্রই কি দুটি দপ্তর মিলিত ভাবে কাজের জন্য পরিকল্পনা গ্রহণ করবে?

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ আমি তো আগেই বলেছি যে, এই ব্যাপারে দায়িত্ব হচ্ছে দুটি দপ্তরের। তাঁদের সাথে বসেই কাজটি করা হবে। ১৯৭৭ সাল থেকে কি হয়েছে তা আমি বলতে পারবো না। ভাঙন যেখানে হয়, তখন ভাঙন রোধের জন্য ব্যবস্থা সেখানে গ্রহণ করা হয়, যাতে ভবিষ্যতে আর না ভাঙতে পারে। আমি বিধানসভাতে যে কথা বললাম তা অনেক কিছুর উপর নির্ভর করে- অর্থাৎ, সম্পূর্ণভাবে কাজ করা যাবে কিনা।

গৃহনির্মাণ ঋণ

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৯।) **শ্রীসুভাষ গোস্বামীঃ** আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকারের গৃহনির্মাণ দপ্তর হইতে ১৯৮৪-৮৫ সালে গৃহনির্মাণ বাবত ঋণের জন্য কতগুলি আবেদন মঞ্জুর করা হইয়াছে;

(খ) উক্ত বৎসরে প্রদত্ত মোট ঋণের পরিমাণ কত এবং সুদের হার কত; এবং

(গ) বর্তমান আর্থিক বৎসরে উক্ত খাতে,

(১) বরাদ্দ অর্থের পরিমাণ কত, ও

(২) কতগুলি নূতন আবেদনপত্র সরকারের বিবেচনাধীন আছে?

শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ—

(ক) ১) মধ্য আয় সম্পন্ন ব্যক্তিগণের - - ১৩৫২টি

২) নিম্ন আয় সম্পন্ন ব্যক্তিগণের ৬০০টি

উত্তর ঃ (খ)

১) মধ্য আয় - ৬০ লাখ

নিম্ন আয় - ৬০ লাখ

২) সুদের হার

ক) মধ্য আয়

সময়ে পরিশোধ - ১২ শতাংশ

দেরী করলে - ১৫ শতাংশ

খ) নিম্ন আয়

সময়ে পরিশোধ ১১ শতাংশ

দেরী করলে - ১৫ শতাংশ

উত্তর ঃ (গ)

১) মধ্য আয় - ৪৫ লাখ

নিম্ন আয় ৪৫ লাখ

২) কোনও নূতন আবেদন পত্র সরকারের বিবেচনাধীন নাই।

শ্রী সুভাষ গোস্বামী মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই ঋণের সর্বোচ্চ পরিমাণ কত এবং তা বাড়ানোর পরিকল্পনা আছে কিনা?

শ্রী যতীন চক্রবর্তী যেভাবে দরখাস্ত করে তাতে আয় হিসাবে দেওয়া হয়।

শ্রী সুভাষ গোস্বামী যারা দরখাস্ত করেছেন ইনডিভিজুয়াল কেসের ক্ষেত্রে সর্বোচ্চ ঋণের পরিমাণ কত?

শ্রী যতীন চক্রবর্তী মোট নির্ধারিত আয় ব্যবস্থার মধ্যে আমরা যেভাবে দরখাস্ত পেয়ে থাকি সেগুলি বিচার-বিবেচনা করে ঋণ দিয়ে থাকি, কারণ এই অর্থ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসে।

শ্রী সুভাষ গোস্বামী : দরখাস্ত গুলি দেখে যে ঋণ দেওয়া হয় তার সর্বোচ্চ পরিমাণ কত ৫০ হাজার না ১ লাখ টাকা?

শ্রী যতীন চক্রবর্তী : বর্তমান বছরে কোন দরখাস্ত জমা পড়েনি, কেন্দ্রীয় সরকার আমাদের এই বাবদ যে অর্থ দেয় তা দেখে এবং আমাদের যা অর্থ আছে সেই হিসাবে দরখাস্তকারীদের মধ্যে সবাইকে সমানভাবে ঋণ বন্টন করে থাকি।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য জানতে চাইছেন এই ঋণের ম্যাকসিমাম এ্যামাউন্ট কত?

শ্রী যতীন চক্রবর্তী : ম্যাকসিমাম দিয়ে থাকি মধ্যবিত্ত আয় বিশিষ্ট ব্যক্তিদের ক্ষেত্রে ১৫ হাজার টাকা এবং নিম্ন আয়বিশিষ্ট ব্যক্তিদের ক্ষেত্রে মাত্র ৮ হাজার টাকা।

শ্রী সুভাষ গোস্বামী : এই সর্বোচ্চ ঋণের পরিমাণ বাড়ানোর পরিকল্পনা আছে কি না?

শ্রী যতীন চক্রবর্তী : এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার যদি তার বরাদ্দ বাড়ান তাহলে আমরাও বাড়াবো।

শ্রী নীরোদ রায়চৌধুরী : এই বাবদ সর্বোচ্চ ইনকামের যারা তারা কত টাকা পেয়েছেন এবং সর্বনিম্ন যারা তারা কত টাকা পেয়েছেন, এই বিষয়ে জানাবেন কি?

শ্রী যতীন চক্রবর্তী : এর উত্তর আমি আগেই দিয়েছি।

[1.50 to 2.00 p.m.]

শ্রী ভূপাল পান্ডা : যে টাকা মাথা পিছু বরাদ্দ করা হয় তাতে কি গৃহ নির্মাণ হয়?

শ্রী যতীন চক্রবর্তী : সম্পূর্ণ হয়না সেটা আমরা জানি। সেজন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে গৃহ মন্ত্রীদের সম্মেলনে মাল মশলার দর বৃদ্ধির জন্য টাকার পরিমান বাড়ানোর প্রস্তাব হয়। কিন্তু কেন্দ্রের কাছ থেকে ফেবারেবল রেসপন্স এখনও আসেনি।

শ্রী বিমল কান্তি বসু : ঋণ সময় মত দেয়া আর না দেয়ার সময়টা কি?

শ্রী যতীন চক্রবর্তী : একটা সময় সীমা নির্দিষ্ট করা থাকে যে এতদিনের মধ্যে দিতে হবে। এরজন্য জমির দলিল গৃহ নির্মাণ দপ্তরে জমা থাকে যার এগেনস্টে টাকা দেয়া হয় এবং এটা ইনস্টলমেন্টে তারা শোধ দেয়। তবে তার খেলাপ হলে এবং যদি নির্দিষ্ট সময়ের মধ্যে না দেয় তাহলে সুদের হার বাড়ান হয়।

কলিকাতায় গৃহনির্মাণ প্রকল্প

***১৪৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৭০৪।) **শ্রীলক্ষ্মীকান্ত দেঃ** আবাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) গত ১৯৮৪-৮৫ সালে কলিকাতায় কতগুলি স্থানে গৃহনির্মাণ প্রকল্পের কাজ শেষ হয়েছে;

(খ) ঐ সময়ে নির্মিত ফ্ল্যাটের সংখ্যা কত; এবং

(গ) তন্মধ্যে কতগুলি ফ্ল্যাট ভাড়া দেওয়া হয়েছে?

শ্রী যতীন চক্রবর্তী : —(ক) গত ১৯৮৪ ৮৫ সালে কলিকাতার বিধাননগরে একটি আবাসন প্রকল্পের কাজ শেষ হয়েছে।

(খ) ঐ সময়ে নির্মিত ফ্ল্যাটের সংখ্যা হল ২০৮টি।

(গ) তন্মধ্যে একটি ফ্ল্যাটও এখনও ভাড়া দেওয়া হয় নাই।

শ্রী লক্ষ্মীকান্ত দে : ১৯৮৫ ৮৬ সালে নূতনভাবে কিছু করার পরিকল্পনা আছে কি?

শ্রী যতীন চক্রবর্তী : সরকারী কর্মচারাদের জন্য যেগুলি নির্দিষ্ট সেগুলি আমরা এখন পর্যন্ত বন্টন করতে পারিনি। কারণ সেখানে ইলেকট্রিক কানেকসান পাইনি বলে জল সরবরাহ করা যাচ্ছে না। এ বিষয়ে বিদ্যুত বিভাগের সংগে আলোচনা করেছি এবং আশা করছি পূজার আগেই পাব। এগুলি বন্টন করার পর আমরা আরোও জমি খুঁজছি সরকারী কর্মচারীদের জন্য বাড়ি তৈরী করার।

শ্রী লক্ষ্মীকান্ত দে : সাধারণ মানুষদের জন্য করার কোন পরিকল্পনা আছে কি?

শ্রী যতীন চক্রবর্তী : ভাড়া দেবার জন্য আমরা আর বাড়ি করবো না। মাল মশলার দাম যা বেড়েছে এবং আমরা যে রেটে ভাড়া দিই তাতে অর্থ দপ্তর এবং আমরা দুজনে পরামর্শ করে দেখেছি যে ভাড়া দেয়া আর সম্ভবপর নয়। সুতরাং আমরা বিক্রির জন্য বাড়ি তৈরী করবো। এইভাবে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত এবং স্বল্প আয় বিশিষ্ট এবং সরকারী কর্মচারীদের জন্য এ কাজ করবো।

শ্রী রাই চরণ মাঝী : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন বিধান নগরে যে ফ্ল্যাটগুলি তৈরী হয়েছে এগুলি সরকারী কর্মচারীদের বিলির জন্য। আমার প্রশ্ন হচ্ছে এই ফ্ল্যাটগুলিতে সিডিউল্ড কাস্ট এন্ড সিডিউলড ট্রাইবস সরকারী কর্মচারীদের ভাড়া দেওয়ার বন্দোবস্ত আছে কিনা?

শ্রী যতীন চক্রবর্তী : ওদের জন্য কোন কোটা নেই। আমরা বিভিন্ন দপ্তরের কাছে চেয়ে পাঠাই, তারা ঠিক করে দেন কারা কারা আসবে। সেই দপ্তর যদি কোন সিডিউল্ড কাস্ট এন্ড সিডিউল্ড ট্রাইবস তাদের জন্য দেয় আমরা সেইভাবে বণ্টন করি। সেই দপ্তরের কাছ থেকে যে নাম পাই তার ভিত্তিতে আমরা দিয়ে থাকি।

শ্রী প্রবোধ চন্দ্র পুরাকাইত : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ফ্ল্যাট বা ঘর তৈরী করে সেটা ভাড়ার ভিত্তিতে দিলে অনেক বেশী তার ভাড়া নির্ধারিত হয় যারজন্য সাধারণ মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত কর্মচারীরা নিতে পারেন না, সেজন্য ঘর বা ফ্ল্যাট তৈরী করে বিক্রি করে দিচ্ছেন। আমার প্রশ্ন সরকার কি এখন ব্যবসায়ী মনোভাব নিয়ে ঘর তৈরী করে সাধারণ মানুষের কাছে বিক্রি করার পরিকল্পনা নিয়েছেন?

শ্রী যতীন চক্রবর্তী : সরকার ব্যবসায়ী ভিত্তিতে করে না, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তদের জন্য যা করা হয় সেগুলি তাদের পক্ষে যে দাম দেওয়া সম্ভব খুব সহজ কিস্তিতে আমরা সেগুলি করেছি।

শ্রী নিরঞ্জন মুখার্জী : মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারবেন কি এইভাবে বাড়ী বা ফ্ল্যাট তৈরী করে বিক্রি করার কতগুলি পরিকল্পনা এখন হাতে আছে?

শ্রী যতীন চক্রবর্তী : সেটা নির্ভর করে আমাদের জমি সংগ্রহের উপর। যেখানে আমরা জমি সংগ্রহ করতে পারি, যেমন আপনি যে অঞ্চলের প্রতিনিধিত্ব করেন সেখানে আপনি জানেন অনেক জমি আমরা নিয়েছি এবং বাড়ীও তৈরী করেছি। সেখানে মধ্যবিত্তদের জন্য যেমন আছে উচ্চবিত্তদের জন্যও আছে, নিম্ন মধ্যবিত্তদের জন্যও আছে। উচ্চবিত্তদের আমরা বেশী দামে বিক্রি করি, সেই টাকাটা আমরা মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তদের খাতে দিয়ে থাকি যাতে তারা কম দামে পেতে পারে।

কেলেঘাই নদীর উপর নূতন সেতু

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫১।) **শ্রীসৈয়দ মোয়াজ্জম হোসেনঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলার সবং থানার দেহাটীর কাছে কেলেঘাই নদীর উপর সেতু নির্মাণের ও উহা জনসাধারণের জন্য উন্মুক্ত করার বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে?

শ্রী যতীন চক্রবর্তী : — সেতুটি ইতিমধ্যেই নির্মিত হয়েছে। কিন্তু approach সংশ্লিষ্ট রাস্তাটির কাজ এখনও শেষ না হওয়ায় সেতুটি এখনই জনসাধারণের জন্য উন্মুক্ত করা সম্ভব হচ্ছে না।

সৈয়দ মোয়াজ্জম হোসেন : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ঐ রাস্তাটা কবে নাগাদ শেষ হবে? এটা খুব সামান্য একটা রাস্তা, যখন বেশী টাকার কাজটা হতে পারে তখন অল্প টাকার কাজটা হতে এত দেরী হচ্ছে কেন?

শ্রী যতীন চক্রবর্তী : এরজন্য যে ব্যয়বরাদ্দ আছে সেতু তৈরী করতে তার অধিকাংশ খরচ হয়েছে। সেজন্য এ্যাপ্রোচ রোডের জন্য কিছু টাকা চেয়েছি এবং পেতে চলেছি। আশা করছি আগামী বছর বর্ষার আগে এই রাস্তা তৈরী হয়ে যাবে এবং জনসাধারণের জন্য এই সেতু খুলে দেওয়া হবে।

ডাঃ মানস ভূঁইয়া : মাননীয় মন্ত্রী মহাশয় ঠিক গতবার বিধান সভায় এটা বলেছিলেন যে এই বছর অক্টোবর মাসের মধ্যে এ্যাপ্রোচ রোড কমপ্লিট করতে পারা যাবে এবং সবং থানার মধ্যে যেটুকু পড়েছে সেটা মোটামুটি কমপ্লিট হয়ে গেছে, কিন্তু পটাশপুর সাইডে যেটা পড়েছে সেটার অবস্থা খারাপ। ঐ সামান্য ৬ কিলো মিটার রাস্তার জন্য আগামী বছর পর্যন্ত কেন ওয়েট করতে হবে সেটা ভেবে দেখবেন কি?

শ্রী যতীন চক্রবর্তী : সেতু নির্মাণের কাজটা অক্টোবরের মধ্যে হয়েছে, কিন্তু এ্যাপ্রোচ রোড না হলে সেই সেতু আমরা জনসাধারণের জন্য যানবাহন চলাচলের জন্য খুলে দিতে পারি না। আমাদের আর্থিক বরাদ্দ যা আছে তার মধ্যে যত তাড়াতাড়ি করা যায় তার চেষ্টা করছি। কারণ, সেতু হয়ে গেছে, এ্যাপ্রোচ রোড তৈরী করতে দেরী হওয়া উচিত নয়, সেজন্য একটু বেশী সময় হাতে রেখে বলছি যে আগামী বছর বর্ষার আগে রাস্তাটির কাজ শেষ হয়ে যাবে।

Short Notice starred questions (to which oral answers were given)

[2.00 - 2.10 P.M.]

Mr. Speaker :-Now, only Short Notice Question will be taken up. Short Notice question *241.

"গৌরহাটি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই"-এর অফিস

*২৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৭।) (এস এন) **শ্রী আব্দুল মান্নান ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আরামবাগ মহকুমার "গৌরহাটি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই" অফিসটি বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে ;

(খ) সত্য হলে উহার কারণ কি ;

(গ) ঐ এলাকায় বিদ্যুৎ গ্রাহকদের কত মাসের বিদ্যুৎ বিল বাবত বকেয়া আছে ;

(ঘ) ঐ বাবদ বকেয়া দাবীর পরিমাণ কত ,

(ঙ) উক্ত বকেয়ার কারণ কি , এবং

(চ) ঐ বিল পরিশোধের জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রী প্রবীর সেন গুপ্তঃ—(ক) না, বন্ধ করা হয় নাই। ইহা বর্তমানে আরামবাগ ইলেকট্রিক সাপ্লাই অফিসের শাসনাধীন গৌরহাটী 'কালেক্টার' হিসাবে কাজ করিতেছে।

(খ) প্রশ্ন ওঠেনা।

(গ) বিদ্যুৎ বিল সংগ্রহ ১৯৮১ সালের আগষ্ট মাস হইতে ১৯৮৫ সালের মার্চ মাস পর্যন্ত অর্থাৎ ৪৪ মাস বন্ধ আছে।

(ঘ) প্রায় ৮ লক্ষ ৮০ হাজার টাকা।

(ঙ) প্রধানতঃ পরিচালন ব্যবস্থার ত্রুটি।

(চ) গৌরহাটা 'কল সেন্টার' হইতে চলতি মে '৮৫ ও তৎপরবর্তী মাসের বিদ্যুৎ বিল নিয়মিতভাবে পাঠানো শুরু হয়েছে। মে ৮৫ ও জুন ৮৫ সকল কিছু বিল আদায়ও হয়েছে।

পরবর্তীকালে স্থানীয় বিদ্যুৎ গ্রাহকবা বিলের অর্থ প্রদান করা বন্ধ করিয়া দিয়াছে। তাহাদের দাবী যতদিন পর্যন্ত 'গৌরহাটা কল সেন্টারটিকে' গৌরহাটী ইলেকট্রিক সাপ্লাই হিসাবে ঘোষণা না করা হইতেছে ততদিন পর্যন্ত কোন বিল আদায় দেওয়া হইবে না।

গত দুইমাসে বিষয়টি লইয়া গ্রাহকদের এবং গ্রাম পঞ্চায়েতের প্রতিনিধিদের সহিত কয়েকবার আলোচনা করা হইয়াছে, কিন্তু ৫.৯.৮৫ পর্যন্ত কোন সুফল মেলে নাই।

বিষয়টিকে গত ৬.৯.৮৫ তারিখে আরামবাগ পৌরভবনে অনুষ্ঠিত গ্রুপ লেভেল কো-অর্ডিনেশন কমিটির মিটিং এ আবার তোলা হয় এবং বিশদ আলোচনার পর সিদ্ধান্ত হয় যে গ্রাহকগণকে অনতিবিলম্বে চলতি বিলের অর্থ দিতে হইবে এবং গত ৪৪ মাসের বকেয়া বিল ৪৪টি মাসিক কিস্তিতে চলতি বিলের সহিত দিতে হইবে। গৃহীত পদ্ধতিটি অবশ্য পর্ষদ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষের অনুমোদন সাপেক্ষ।

শ্রী আবদুল মান্নান :— মন্ত্রী মহাশয় যে প্রশ্নের উত্তর দিয়েছেন সেটা কনট্রাডিকটরী। উনি আসল প্রশ্নকে এড়িয়ে গিয়েছেন। উনি বলেছেন গৌরহাটি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিসটি বন্ধ করে দেওয়া হয় নি। আবার বলছেন এক জায়গায় ওটা গৌরহাটি কল সেন্টারের সংগে কাজ করছে। এখন কথা হচ্ছে গৌরহাটি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই এবং গৌরহাটি কল সেন্টার একই অফিস নয়। গৌরহাটি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিসটি গত ৮ বছর আগে থেকে চালু হয়েছিল। কিন্তু গত ১৯৮৩ সালে ঐ অফিসটি বন্ধ করে দেওয়া হয়েছে। আমার স্পেসিফিক প্রশ্ন ছিল গৌরহাটি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিসটি বন্ধ আছে কিনা?

শ্রী প্রবীর সেনগুপ্ত :— প্রথম কথা হচ্ছে কল সেন্টার ২ রকমের হয়। কোন কোন কল সেন্টারে শুধু মেরামতির ব্যবস্থা থাকে, আবার কোন কোন কল সেন্টারে একজন জে, এস, এস, কে, দিয়ে টাকা পয়সা আদায় করার ব্যবস্থা থাকে। এবং সেখানেই লোক টাকা পয়সা দিতে আসে। এখন সেখানে সপ্তাহে দু তিন দিন অফিস খোলা থাকে। সেখানে লোকে টাকা পয়সা দিতে পারে। এবং ঐ আরামবাগেও সেই রকম সপ্তাহে দু তিন দিন অফিস খোলা থাকে এবং সেখানে লোকে টাকা পয়সা জমা দিতে পারেন।

শ্রী আবদুল মান্নান :— আপনার নিশ্চয় জানা আছে গত ৬ তারিখে সমস্ত পার্টির লোকরা ছিল এবং সেখানে আপনাদের পার্টির লোকরাও ছিল। সেই মিটিংয়ে সিদ্ধান্ত হয়েছে যে ঐ গৌরহাটি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিস খোলা না হলে লোকে বিল পেমেন্ট করবে না। এই ব্যাপারে আপনারাও ইনভলবড্ আছেন। কংগ্রেস সি.পি.এম এবং সমস্ত পার্টিরই লোক ছিল। তারা এটাকে আন্দোলনের অঙ্গ হিসাবে নিয়েছে। আমার কথা হচ্ছে যখন জনগণের এই দাবী যে গৌরহাটি গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিসটি পূর্বের অবস্থায় ফিরিয়ে দেওয়া হোক তখন আপনি সেই রকম ব্যবস্থা নেবেন কি যাতে অফিসটি খোলা হয়।

শ্রী প্রবীর সেনগুপ্ত :— এই সিদ্ধান্ত করলে আইন অনুযায়ী লাইন কেটে দেওয়া হবে। কোন বক্তব্য থাকে সেটা আলাদা কথা। কিন্তু টাকা না দিয়ে বিদ্যুৎ পাবেন এটা যদি ভেবে থাকে তাহলে ভুল করবেন।

২৪ -পরগনা জেলায় হোমগার্ড

***২৪২।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৮।) (এস, এন) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : স্বরাষ্ট্র** (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগনা জেলায়—

(১) সাম্প্রতিককালে বহু হোমগার্ড নিয়োগ পত্র পাওয়া সত্ত্বেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কাজে যোগদানের অনুমতি পান নি,

(২) অননুমোদিত বহু ব্যক্তি হোমগার্ড রূপে কাজ করছেন; এবং

(খ) সত্য হলে—

(১) এই ঘটনাগুলির কারণ কি কি,

(২) এই ঘটনাগুলিতে কতজন হোমগার্ড জড়িত, ও

(৩) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী রাম চ্যাটার্জি :— (ক)(১) হোমগার্ড বাহিনীতে নিয়োগপত্র দেবার প্রশ্ন উঠে না। কারণ এই বাহিনী স্বেচ্ছাসেবী বাহিনী। অতএব নিয়োগপত্র পাওয়া সত্ত্বেও কাজে যোগদান করানো বা না করানোর প্রশ্নও উঠে না। (২) এই রকম কিছু অভিযোগ আমাদের কাছে এসেছে।

(খ) (১) এই অভিযোগের সত্যাসত্য নিরূপণের জন্য তদন্ত শুরু করা হয়েছে। প্রাথমিক প্রমাণের ভিত্তিতে কয়েকজন হোমগার্ডকে ডিউটি থেকে সাময়িকভাবে অপসারণ করা হয়েছে। বিশদ তদন্ত চলছে। (২) এখনও পর্যন্ত ৮ জন হোমগার্ডকে প্রাথমিক সন্দেহে অভিযুক্ত করা হয়েছে। (৩) সরকার এই ৮ জন হোমগার্ডদের ডিউটি থেকে সাময়িকভাবে অপসারণ করেছেন এবং এদের বিরুদ্ধে পুলিশ কেস দায়ের করা হয়েছে।

Held over starred questions (to which answers were laid on the table)

সিয়ারবাঁদা-কাঁকড়াঝোড় পর্যন্ত পাকা রাস্তা নির্মাণ

***১৪৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫২৮।) **শ্রী শৈলেন চ্যাটার্জীঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সিয়ারবাঁধা হইতে কাঁকড়াঝোড় পর্যন্ত ১৬ কিলোমিটার রাস্তাটি মেটাল রোড করার কোন পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত রাস্তা নির্মাণকার্যে আনুমানিক মোট কত টাকা ব্যয় হইবে?

Minister-in-charge for the Public works (Roads) Deptt. :

(ক) ও (খ) উল্লিখিত রাস্তাটি পাকা করার কোন পরিকল্পনা নেই।

আবাসন সংস্কার ও রক্ষণাবেক্ষণ

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৬।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্যঃ** আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নিম্ন-আয় ব্যক্তিদের জন্য নির্মিত আবাসনগুলির সংস্কারের ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব সরকার ছেড়ে দিচ্ছেন ; এবং

(খ) সত্য হলে, উক্ত কোয়ার্টারগুলি সংস্কারের দায়িত্ব কে বা কারা বহন করবেন?

Minister-in-charge for the Housing Deptt.:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Starred questions (to which answers were laid on the table)

দুর্গাপুরে কলকারখানায় ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন

*২২৫। (অনুমোদিত প্রশ্ন নং *[illegible]।) **শ্রীকাশীনাথ মিশ্রঃ** ২১শে মার্চ ১৯৮৫ তারিখের প্রশ্ন নং *১২৭ (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৭)-এর উত্তর উল্লেখে পরিবেশ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দূষণরোধের জন্য দুর্গাপুরে বিভিন্ন কলকারখানায় ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু করার বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) ঐ এলাকায় পরিবেশ দূষণরোধের আর কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

Minister-in-charge for the Environment Deptt.:

(ক) ৫৭৭নং প্রশ্নের উত্তর দেবার পরবর্তীকালে দুর্গাপুর অঞ্চলে বায়ু দূষণ নিবারণের জন্য যে সমস্ত কল কারখানা ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু করেছে বা চালু করতে যাচ্ছে তার একটি বিবরণ নীচে দেওয়া হল :—

১) দুর্গাপুর স্টীল প্ল্যান্ট

ট্রীটমেন্ট প্ল্যান্ট চালু আছে যদিও পুরোপুরিভাবে কার্যকরী নয়। ডিসিলিকনাইজেশন প্ল্যান্ট সংস্কার করার ফলে বায়ু দূষণের মাত্রা কিছু কমেছে।

২) দুর্গাপুর প্রজেক্ট লিমিটেড

৬নং ইউনিটে ইলেকট্রো স্ট্যাটিক প্রেসিপিটেটর বসানো হয়েছে।

৩) দুর্গাপুর থার্মাল পাওয়ার স্টেশন।

১নং ও ২নং ইউনিটে ইলেকট্রো স্ট্যাটিক প্রেসিপিটেটার বসানো হচ্ছে।

৪) হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন লিঃ

ইতিমধ্যেই এবসরবার লাগানো হয়েছে ও আরো কিছু ব্যবস্থা নেওয়া হচ্ছে।

৫) ইন্ডিয়ান আয়রণ এণ্ড স্টীল কোঃ লিঃ

সালফিউরিক এ্যাসিড প্ল্যান্টের চিমনির উচ্চতা ১৫০ ফুট থেকে ৩০০ ফুট বাড়ানো হয়েছে। এ ছাড়া ঐ কারখানা আধুনিকীকরণের জন্য একটি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের পরিবেশ বিভাগে বিবেচনাধীন আছে।

৬) ফিলিপস কার্বণ ব্ল্যাক লিঃ

চিমনির উচ্চতা বাড়ানো হয়েছে।

খ) উপরোক্ত ব্যবস্থাদি ছাড়া জল দূষণের ব্যাপারে দুর্গাপুর কেমিক্যালস লিঃ পারদ ঘটিত দূষণ রোধের জন্য আয়ন এক্সচেঞ্জ প্ল্যান্ট স্থাপন করবার ব্যবস্থা নিচ্ছে যা ৩১-৩-৮৬ তারিখের মধ্যেই চালু হবে বলে আশা করা যায়। এ.সি.সি. ব্যাঙ্কলিঃ ইষ্ট ইণ্ডিয়া ফার্মাসিউটিক্যাল ওয়ার্কস এবং হিন্দুস্থান কেবলস জল দূষণ রোধের জন্য ট্রীটমেন্ট প্ল্যান্টের কিছু উন্নতি সাধন করেছে। এ ছাড়া বহু সংস্থার পক্ষ থেকে গাছ লাগানো হয়েছে এবং হচ্ছে।

নুতন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে বিদেশী সংস্থার আগ্রহ

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং [illegible]।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকারঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহকপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র গড়িতে আগ্রহী কোন বিদেশী সংস্থা বা তার প্রতিনিধির দেওয়া কোন প্রস্তাব বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(খ) থাকিলে,—

(১) কোন্ কোন্ সংস্থা হইতে উপরোক্ত মর্মে প্রস্তাব পাওয়া গিয়াছে, ও

(২) বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে?

Minister-in-charge for the Power Deptt. :

(ক) হ্যাঁ।

(খ) (১) হাঙ্গেরী, রাশিয়া, ফ্রান্স এর সংস্থা এবং ডি.সি.পি.এল কাছ থেকে প্রারম্ভিক প্রস্তাব পাওয়া গেছে।

(২) আলোচনা স্তরে আছে।

মূর্তি স্থাপন

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং [illegible]।) **শ্রীসমন্তকুমার হীরাঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ১৯৭৭ থেকে ১৯৮৫র জুন মাস পর্যন্ত সময়ে বামফ্রন্ট সরকার কত টাকা স্মরণীয় ব্যক্তিদের মূর্তি স্থাপনে বরাদ্দ করেছিলেন ; এবং

(খ) তন্মধ্যে কত টাকা ব্যয়িত হয়েছে?

Minister-in-charge for the Public Works Deptt.:

(ক) ৬২,৯৪,০৬৩ টাকা— (বাষট্টি লক্ষ চুরানব্বই হাজার তেষট্টি টাকা)

(খ) ৫৬,০৫,০৬৩ টাকা (ছাপ্পান্ন লক্ষ পাঁচ হাজার তেষট্টি টাকা)।

বাঁকুড়া জেলায় বিদ্যুৎ সরবরাহে অব্যবস্থা

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং [illegible]।) **শ্রীসুভাষ মাহাত এবং শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮৫ সালের বিশেষতঃ মে মাস হইতে ২০এ আগস্ট পর্যন্ত সময়ে সারা বাঁকুড়া জেলায় বিদ্যুৎ সরবরাহের প্রচণ্ড অবনতি ঘটেছে ;

(খ) সত্য হলে ঐ জেলার বিদ্যুৎ বিপর্যয় দূরীকরণে কি কি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;

(গ) বাঁকুড়াতে ব্যাপক ট্রান্সফরমার এবং ব্রেকডাউন বন্ধ করার জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে;

(ঘ) বাঁকুড়া জেলাতে গত পাঁচ মাসে ডি. পি. এল গড়ে দৈনিক কত ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ করেছে; এবং

(ঙ) উক্ত জেলাতে ব্যাপক লোডশেডিং লো ভোল্টেজ ও ট্রিপিং হওয়ার কারণ কি?

Minister-in-charge for the Power Deptt.:

(ক) হ্যাঁ

(খ) বর্তমানে বাঁকুড়া বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে ডি.পি.এল এর উপর নির্ভরশীল। রাজ্য বিদ্যুৎ পর্ষদ বাঁকুড়ায় নিজস্ব সরবরাহ ব্যবস্থা চালু করার ব্যবস্থা নিচ্ছে। আশা করা যায় এ বৎসর ডিসেম্বর মাসের মধ্যে এ ব্যবস্থা কার্যকরী হবে।

(গ) ট্রান্সফরমার নিয়মিতভাবে পরিদর্শন করা হয় ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়। তা সত্ত্বেও আকস্মিক দুর্ঘটনা ঘটে থাকে।

(ঘ) আগেই বলা হয়েছে বাঁকুড়ার বিদ্যুৎ সরবরাহ ডি.পি.এল. এর উপর নির্ভরশীল। প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে সময় লাগবে।

(ঙ) ডি.পি.এল এর বিদ্যুৎ উৎপাদন কমে যাওয়ার ফলে লোডশেডিং ব্যাপক হয়ে পড়েছিল। বিদ্যুৎ সরবরাহকারী লাইনটিও দীর্ঘ ফলে সরবরাহে নানা বিঘ্ন যথা লো ভোল্টেজ, ট্রিপিং ইত্যাদি হতে থাকে।

হাওড়া শরৎ সদনকে জমি হস্তান্তর

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং [illegible]।) **শ্রীনীরোদ রায় চৌধুরীঃ** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) হাওড়া ময়দানের ডব্লু. বি. সি. ই. এফ. ক্যাম্পের নির্দিষ্ট জমির কিছুটা অংশ হাওড়ার শরৎ সদনকে হস্তান্তর করার কোন প্রস্তাব সরকারের আছে কি; এবং

(খ) থাকলে, ঐ ব্যাপারে কি সিদ্ধান্ত নেওয়া হয়েছে?

Minister-in-charge for the Home (Civil Defence) Deptt.:

(ক) হ্যাঁ আছে।

(খ) এই বিষয়ে বিবেচনা করা হচ্ছে।

বারাসতে এ, আর, সি, এস, অফিস স্থানান্তর

*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৯২১।) **শ্রী সরল দেবঃ** গত ২৬শে এপ্রিল, ১৯৮৪ তারিখের প্রশ্ন নং *৭০৩ (অনুমোদিত প্রশ্ন নং *২২৬২)-এর উত্তর উল্লেখে সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এ, আর, সি, এস, অফিস উত্তর ২৪-পরগনার বারাসাতে স্থানান্তরিত করার বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে?

Minister-in-charge for the Cooperation Deptt.:

এ.আর.সি.এস ২৪-পরগণা উত্তরের অফিসটি বারাসতে স্থানান্তর করার জন্য উপযুক্ত জায়গার অনুসন্ধান করা হচ্ছে।

বীরভূম জেলায় বৈদ্যুতিক তার পুনর্নবীকরণ

*২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১।) **শ্রীধীরেন্দ্রনাথ সেনঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি আর্থিক বৎসরে বীরভূম জেলায় চুরি যাওয়া বৈদ্যুতিক তার পুনর্নবীকরণের জন্য কোন অর্থ মঞ্জুর করার পরিকল্পনা আছে কি;

(খ) থাকিলে, ঐ অর্থের পরিমাণ কত; এবং

(গ) ঐ পুনর্নবীকরণের কাজ কোন্ কোন্ অঞ্চলে শুরু করা হইয়াছে?

Minister-in-charge for the Power Deptt.:

(ক) হ্যাঁ।

(খ) ১০ লাখ টাকা।

(গ) পুনর্নবীকরণের কাজ এখনও শুরু করা হয়নি।

অণ্ডাল-মাধাইগঞ্জ ও পাণ্ডবেশ্বর-গৌরবাজার রাস্তা

*২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৭।) **শ্রী দিলীপ মজুমদারঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবহিত আছেন যে, দুর্গাপুর মহাকুমার অণ্ডাল হইতে মাধাইগঞ্জ ও পাণ্ডবেশ্বর হইতে গৌরবাজার পর্যন্ত রাস্তা দুইটি বর্তমানে যানবাহন চলাচলের অযোগ্য হইয়া পড়িয়াছে; এবং

(খ) অবহিত থাকিলে,—

(১) ঐ রাস্তা দুইটি পুনর্নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, ও

(২) ঐ নির্মাণের কাজ কবে নাগাত শুরু হইবে বলিয়া আশা করা যায়?

Minister-in-charge for the Public Works (Roads) Deptt.:

(ক) অণ্ডাল-মাধাইগঞ্জ এবং পাণ্ডবেশ্বর-ঘোগলা রায় দুইটির অবস্থা সন্তোষজনক না হইলেও যানবাহন চলাচলের পক্ষে উপযোগী। ঘোগলা—গৌরবাজার অংশটিচ জেলা পরিষদের অন্তর্গত।

(খ) (১) ও (২): পূর্তরায় দুইটিতে বিশেষ মেরামতির জন্য প্রাক্কলন তৈরী করা হইয়াছে। বর্ষার পরে আর্থিক সংগতি অনুসারে মেরামতির কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়।

বেসরকারী উদ্যোগে বিদ্যুৎ কেন্দ্র স্থাপন

*২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেসরকারী উদ্যোগে রাজ্যে কোন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, কি কি শর্ত আরোপিত হইয়াছে?

Minister-in-charge for the Power Deptt.:

ক) আছে। পশ্চিমবঙ্গ সরকার ও বিভিন্ন অর্থ সরবরাহকারী সংস্থার সহযোগিতায় সি.ই.এস.সি. সাদার্ন জেনারেটিং স্টেশনে দুইটি ৬০ মেগাওয়াটের বিদ্যুৎ উৎপাদন ইউনিট স্থাপন করায় অগ্রসর হচ্ছে।

খ) নতুন কোনও শর্ত আরোপ করা হয়নি।

রেজিনগর-সর্বঙ্গপুর রাস্তা

***২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮০০।) শ্রী সত্যপদ ভট্টাচার্যঃ** গত ১৮ই এপ্রিল, ১৯৮৫ তারিখের প্রশ্ন নং *৩৫৭ (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৫)-এর উত্তর উল্লেখে পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে মুর্শিদাবাদ জেলায় রেজিনগর-সর্বঙ্গপুর রাস্তাটির কি কি কাজ হাতে লওয়ার পরিকল্পনা আছে;

(খ) এর জন্য প্রকৃত ব্যয়বরাদ্দের পরিমাণ কত;

(গ) এ পর্যন্ত ঐ রাস্তার কি কি কাজ আরম্ভ করা হইয়াছে; এবং

(ঘ) ইহা কি সত্য যে, উক্ত রাস্তাটির কাজে অগ্রগতি না হওয়ায় স্থানীয় জনগণ বিক্ষুব্ধ?

Minister-in-charge for the Public Works Deptt.:

(ক) ও (খ) এই বৎসরে রাস্তাটির জন্য ধার্য অর্থের (এক লক্ষ অটত্রিশ হাজার টাকা) দ্বারা ইট ও ঝামার কাজ করার পরিকল্পনা আছে।

(গ) সমগ্র রাস্তার প্রথম ৫ কিলোমিটার পাকা ও আরও ৫ কিলোমিটার মাটির কাজ করা হয়েছে।

(ঘ) সম্ভবতঃ স্থানীয় জনগণ রাস্তার কাজ দ্রুত শেষ করার জন্য আগ্রহী।

চুখা জলবিদ্যুৎ প্রকল্প হইতে বিদ্যুৎ সরবরাহ

***২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৯।) শ্রীমনোহর তিরকীঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চুখা জলবিদ্যুৎ প্রকল্প কবে নাগাত চালু হবে বলে আশা করা যায়; এবং

(খ) ঐ প্রকল্প থেকে উত্তরবঙ্গে কত মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাবে বলে অনুমান করা যায়?

Minister-in-charge for the Power Deptt.:

(ক) আশা করা যায় যে ১৯৮৬ সালের মাঝামাঝি নাগাদ এ প্রকল্প থেকে বিদ্যুৎ পাওয়া যাবে।

(খ) ৩৩৫ মেঃ ওঃ (সর্বাপেক্ষা বেশী) বিদ্যুৎ উৎপাদন হলে পশ্চিমবঙ্গ ৬৮ মেঃ ওঃ বিদ্যুৎ পেতে পারে। অবশ্য এ ব্যাপারে এখন পর্য্যন্ত কোন চুক্তি সম্পাদিত হয়নি।

তপসিয়া-সোনাখালি স্টেট হাইওয়ে

***২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৯।) শ্রীসুভাস নস্করঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগনা জেলার তপসিয়া থেকে সোনাখালি পর্যন্ত রাস্তাটি "স্টেট হাইওয়ে রোড" হিসাবে ঘোষণা করা হয়েছে,

(খ) সত্য হ'লে এই ঘোষণা কোন তারিখে করা হয়েছে;

(গ) উক্ত রাস্তায় আজ পর্যন্ত অতিরিক্ত কোন কাজ করা হয়েছে কি; এবং

(ঘ) না হয়ে থাকলে, কতদিনের মধ্যে ঐ কাজ শুরু হতে পারে বলে আশা করা যায়?

Minister-in-charge for the Public Works Deptt.:

হ্যাঁ। ৩-৮-১৯৭৯ তারিখে।

(গ) ও (ঘ) না, এরূপ কোন পরিকল্পনা আপাততঃ নেই।

পুরুলিয়া জেলায় বৈদ্যুতিকরণ

***২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৪।) শ্রীধ্রুবেশ্বর চট্টোপাধ্যায়ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী পুরুলিয়া জেলার তাড়না থানা ও বাঘমুণ্ডি থানার কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণ হয়েছে; এবং

(খ) উক্ত এলাকার অবশিষ্ট মৌজাগুলিতে বৈদ্যুতিকরণের বিষয়ে কোন কর্মসূচী আছে কি?

Minister-in-charge for the Power Deptt.:

(ক) ১৯৭১ সালের আদমসুমারীর পুস্তিকাতে পুরুলিয়া জেলায় তাড়না থানার নাম উল্লেখ নাই।

১৯৮৫ সালের ৩১ এ আগষ্ট পর্যন্ত বাঘমুণ্ডী থানার ১৩৫টা মৌজার মধ্যে ৪২টি মৌজা বিদ্যুতায়িত করা হইয়াছে।

(খ) বর্তমানে বাঘমু-ডী থানার ২০টি মৌজাকে বৈদ্যুতিকরনের বিষয়ে কর্মসূচী স্কীম: নং আর. এম. এন. পি. পি আর এল -৮। ৫১- এতে আছে।

দামোদর নদের উপর নূতন সেতু নির্মাণ

*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৫।) **শ্রীনটবর বাগদীঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান পুরুলিয়া জেলার সহিত যোগাযোগের জন্য দামোদর নদীর উপর সেতু তৈরির পরিকল্পনা সরকারের আছে কি?

Minister-in-charge for the Public Works Deptt.:

আপাতত ঃ নেই।

Adjournment Motion

[2.10 - 2.20 P.M.]

Mr. Speaker: Today, I have received one notice of adjournment motion from Shri Kashinath Misra on the subject of strike resorted to be the newspaper hawkers.

Attention of the Minister has already been drawn by some Members to the matter in the House yesterday and day before yesterday. I, therefore, withhold my consent to the motion.

The Member may, however, read out the text of the motion as amended.

শ্রী কাশীনাথ মিশ্রঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হ'ল--

সংবাদপত্র বিক্রেতাদের ধর্মঘটের ফলে সারা রাজ্যে এমন কি সংলগ্ন রাজ্যেও প্রকাশিত সংবাদপত্রগুলি বিক্রী হতে পারে নি। পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষ সংবাদপত্রের মাধ্যমে গণ যোগাযোগ হতেও বিচ্ছিন্ন সংবাদপত্র বিক্রেতাদের দাবীগুলি নিষ্পত্তির ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে সংবাদপত্র পক্ষের মালিকদের সাথে জরুরী ভিত্তিতে আলোচনা করার প্রয়োজন ছিল, কিন্তু রাজ্য সরকার ত্রিপাক্ষিক আলোচনা করতেও ব্যর্থ হয়েছেন। বর্তমানে বিধানসভার বিভিন্ন আলোচনার ও সমালোচনা সংবাদপত্রে প্রকাশিত না হওয়াতে ঐসব বিষয়ে রাজ্যের মানুষ অন্ধকারে রয়েছেন।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Speaker: I have received 6 notices of Calling Attention, namely:-

1. Alleged death of one Shri Nader Sheikh and serious injury to many others at Nonagram, Bankura following a dispute overland-from Shri Kashinath Misra.

2. Enquiry into the closure and sickness of industries in West Bengal - from Shri Anup Kumar Chandra

3. Apprehended scarcity of drinking water in Calcutta due to stoppage in supply from 21.9.1985 to 26,9.85 - from Shri Asok Ghosh.

4. Recognition of Urdu Primary School in Islampur, West Dinajpore - from Shri Md. Ramzan Ali

5. Strike resorted to by the newspaper hawkers from 18.9.1985-from Shri Abdul Mannan

6. Uncertainty in the proposed Mejhia Power Plant Project in Bankura from Shri Anil Mukherjee.

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of Strike resorted to by the newspaper hawkers from 18.9.1985.

The Minister-in-charge will please make a statement to-day, if possible, or give a date.

Shri Patit Paban Pathak: Tomorrow, Sir.

Mr. Speaker: Now, there will be laying of Reports. I will take up the Mention Cases afterwards.

LAYING OF REPORTS

Report of the Public Service Commission, West Bengal for the year 1974-75 and the Memorandum thereon

Dr. Ashok Mitra: Mr. Speaker, Sir, I beg to lay the Annual Report of the Public Service Commission, West Bengal for the year 1974-75 and the Memorandum thereon.

The Eleventh Annual Report of the West Bengal Mineral Development and Trading Corporation Limited for the year 1983-84.

Shri Patit Paban Pathak: Mr. Speaker, Sir, with your permission, I beg to lay the Eleventh Annual Report on the working and affairs of the West Bengal Mineral Development and Trading Corporation Limited for the year 1983-84.

Presentation of the Twentieth Report of the Committee on Public Accounts, 1985-86.

Shri Abdus Sattar (Chairman): Mr. Speaker, Sir, I beg to present the Twentieth Report of the committee on Public Accounts, 1985-86, on the Reports of the Comptroller and Auditor-General of India for the years 1974-75, 1975-76, 1976-77 and 1977-78 relating to the Education (Higher) Department.

Mr. Speaker: There is one information for the honourable Members. The Assembly Secretariat has received some copies of the daily entitled 'Dainik Basumati'. The Members can collect a copy each from the Publication Counter.

Mention Cases

শ্রী[illegible] সরকারঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের কথা এখানে উল্লেখ করছি। স্যার, সভ্য ও চলমান সমাজজীবনের ক্ষেত্রে সংবাদপত্র যেখানে অপরিহার্য অঙ্গ গতকাল সেই সংবাদপত্র ছাপা হলেও জনসাধারণের হাতে গিয়ে তা পৌছায় নি। সংবাদপত্র মালিকরা সিদ্ধান্ত নিয়ে আজ থেকে সংবাদপত্র ছাপাচ্ছেন না অনির্দিষ্টকালের জন্য। স্যার, এই যে পরিস্থিতি এই পরিস্থিতিতে দেশের সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন মানুষ উদ্বিগ্ন না হয়ে পারেন না এবং জনমতের প্রতি শ্রদ্ধাশীল কোন দায়িত্বশীল সরকার এরকম একটা পরিস্থিতিতে কখনও নীরব দর্শকের ভূমিকা নিতে পারেন না। আমরা যারা জনপ্রতিনিধি সংবাদপত্র ছাড়া practically we are cut off from the outside World ফলে এরকম একটা পরিস্থিতিতে এই অচলাবস্থার অবিলম্বে অবসান ঘটানোর জন্য আমার সুনির্দিষ্ট প্রস্তাব, রাজ্যসরকারকে মালিকপক্ষ এবং আন্দোলকারীদের প্রতিনিধিদের নিয়ে অবিলম্বে ত্রিপাক্ষিক বৈঠকে বসতে হবো। আমি বলছি, এই অচলাবস্থার অবসান ঘটানোর জন্য স্বয়ং মুখ্যমন্ত্রী মহাশয় উদ্যোগ নিন এবং আজই এ ব্যাপারে বসুন যাতে আগামীকাল থেকে স্বাভাবিকভাবে সংবাদপত্র প্রকাশিত হতে পারে। সাথে সাথে আন্দোলনকারীদের দাবী ন্যায়নীতির ভিত্তিতে যাতে বিবেচিত হয় সেটা দেখুন। মাননীয় মুখ্যমন্ত্রী এই সভায় প্রতিশ্রুতি দিন যে এ ব্যাপারে তিনি উদ্যোগ নিচ্ছেন বা এই অচলাবস্থার অবসান ঘটানোর জন্য এগিয়ে আসছেন। এই দাবী আমি রাখলাম।

শ্রীকামাখ্যা নন্দন দাস মহাপাত্রঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিন মাস অন্তর পয়েন্ট পিছু ১।।/ টাকা হারে মহার্ঘভাতা, অবিলম্বে পেনসন স্কীমের দাবী, ২৬ দিনে মাসের গ্রাচুয়িটি প্রদানের দাবীতে আজ ট্রাম শ্রমিকরা বিধানসভা অভিযান করছেন। স্যার, এদের ন্যায়সংগত দাবীগুলি দীর্ঘদিন ধরে শুধু অবহেলিত তাই নয় তিন মাস অন্তর পয়েন্ট পিছু ১.২০ পয়সা হারে মহার্ঘভাতা দেবার বিভাগীয় মন্ত্রীর প্রতিশ্রুতিও রক্ষিত হচ্ছে না। আমার দাবী, মাননীয় মন্ত্রিমহাশয়ের দেওয়া প্রতিশ্রুতি অবিলম্বে কার্যকরী করতে হবে। স্যার, আমি আশা করবো, বামফ্রন্ট সরকার অবিলম্বে ট্রাম শ্রমিকদের দাবীগুলি মেনে নিয়ে এই শিল্পের উন্নতিবিধানের কাজে এগিয়ে আসবেন।

শ্রীহবিবুর রহমানঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলাতে উপযুক্ত পরিমাণে বৃষ্টি না হওয়াতে খারিফ শস্য চূড়ান্তভাবে মার খেয়েছে। বাগড়ি এলাকায় প্রতি বৎসর রবি মরশুমে ডিপ টিউবওয়েল এবং রিভার লিফটের মাধ্যমে সেচের ব্যবস্থা করে রবি ও আমন ধানের চাষ করা হয়। এবারে রঘুনাথগঞ্জ এক নং ব্লকের অধীন রায়নগর গ্রাম পঞ্চায়েতের অবস্থা অত্যন্ত শোচনীয়। কংগ্রেস আমলে যে সমস্ত রিভার লিফট বসানো হয়েছিল দীর্ঘদিন ধরে সেই রিভার লিফটগুলি অকেজো হয়ে পড়ে আছে। সেখানে মোটর চুরি হয়ে গিয়েছে। সংশ্লিষ্ট বিভাগকে জানানো সত্ত্বেও সেখানে মোটর সেট করা হয়নি। স্যার, আপনার মাধ্যমে তাই সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ, এখন খরা চলছে তাই অনতিবিলম্বে সেখানে মোটর সাপ্লাই করে যাতে রিভার লিফ্ট চালু হয় এবং তা হয়ে সেখানে রবি ও আমন ধানের চাষ হতে পারে তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।

[2.20-2.30 P.M.]

শ্রী ভূপাল পাণ্ডাঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার নন্দীগ্রাম থানার আমারই কনসটিটিউয়েন্সি এক এবং দুই নম্বর ব্লকে স্বল্প বৃষ্টির জন্য এখনও পর্যন্ত চাষ হতে পারেনি। দুর্ভাগ্য হচ্ছে এবছর বৃষ্টি যখন প্রথম হয় সেটা সাধারণতঃ নদিউপকূলবর্ত্তী এলাকাতেই হয় কিন্তু সেখানেও একেবারে ড্রাউট অবস্থা দেখা দিয়েছে। ৭/৮টি অঞ্চলের বিস্তৃত এলাকা জুড়ে জলের অভাব দেখা দিয়েছে এবং জলের অভাবে সিডলিং এখনও পর্যন্ত করা যায়নি। সে জন্য হলদিয়া নদি থেকে কালিনগর পর্যন্ত যে ক্যানেল আছে, সেই ক্যানেলের মাধ্যমে নদি থেকে জল তুলে মাঠের খালের ভিতর দিয়ে প্রবাহ সৃষ্টি করে মাঠের চাষে সাহায্য করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। এই অবস্থায় আবার হলদিয়া নদির মুখে তেরপেখিয়া হতে কালি নগরের ওখানে যে লক গেট আছে সেটাও মেরামতির অভাবে ভেংগে পড়েছে। সুতরাং বাঁধ কেটে জল তুলে এখনই যদি ব্যবস্থা গ্রহণ করা না যায় তাহলে সেখানে দুর্ভিক্ষর অবস্থা দেখা দেবে এবং ফসল হানি অনিবার্য হয়ে পড়বে। সেই কারণে আমি আপনার মাধ্যমে মাননীয় সংশ্লিষ্ট সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়কে বিশেষভাবে অনুরোধ করবো যাতে তাড়াতাড়ি করে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হয়। তা নাহলে একটা দীর্ঘকালীন রিলিফের সম্মুখীন আমাদের হতে হবে যেটা আমাদের বামফ্রন্ট সরকারের পক্ষে একটা লজ্জাকর বিষয় হয়ে দাঁড়াবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মহকুমা কেন্দ্রে হলদিয়া বন্দর। আমি হলদিয়া মহকুমার অন্তর্ভুক্ত। তার একদিকে শিল্প নগরী গড়ে উঠছে, আর একদিকে শ্মশান হয়ে যাচ্ছে। কাজেই অবিলম্বে এর প্রতিকারের জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বংকিম ত্রিবেদীঃ— মাননীয় অ ধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুর্শিদাবাদ জেলায় বাস পরিবহণ নিয়ে যে অচল অবস্থার সৃষ্টি হয়েছে তার সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে ১৮টি রুটে প্রায় ২০০ বাস যাতায়াত করে। এগুলির অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে উঠেছে। একেই রাস্তাঘাট নেই, এই বাসে এক মাত্র কান্দী মহকুমার লোকেরা যাতায়াত করে। এগুলি প্রায়ই রুট থেকে উঠিয়ে নেওয়া হয়। বিয়ে বা অন্য কোন অনুষ্ঠান উপলক্ষে এগুলি চলে যায়। বাসের মানুষের সংগে ছাগল, মাছের পোনা, পাটের গাঁট ইত্যাদি চালান যায়। ৩০ কিলোমিটার রাস্তা যেতে প্রায় ১।। ঘন্টা সময় লাগে। ঘন্টার পর ঘন্টা যাত্রীরা অপেক্ষা করে, স্কুলের ছাত্রছাত্রীদের অপেক্ষা করতে হয়। এই ব্যাপার নিয়ে বাসের ওনারদের সংগে কথা বলা হয়েছে, আর. টিএ'র কা ছে অভিযোগ করা হয়েছে, কিন্তু কোন প্রতিবিধান পাওয়া যায়নি। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে এই ব্যাপারে তিনি যেন হস্তক্ষেপ করেন এবং এই সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রী আতাহার রহমানঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পরে ১৯৮১ সালে মুর্শিদাবাদের বহু মানুষের আকাঙ্খিতএকটি কলেজকে পশ্চিমবঙ্গ সরকার অনুমোদন দিয়েছে। সেই কলেজের অনুমোদন দেবার পরে সেখানে টীচার এবং নন-টিচিং টীচারদের নেবার কথা তাদের নেওয়া হয়েছে। তারপরে গভর্ণমেন্ট একটা অর্ডার দেয় নন-টীচার নেবার জন্য। সেই মত সেখানে যে এ্যাড হক কমিটি ছিল, সেই এ্যাড হক কমিটি দরখাস্ত আহ্বান করেন। তারপরে কর্মপ্রার্থীরা দরখাস্ত করেন। তাদের ইন্টারভিউ হয় এবং একটা প্যানেল তৈরী করা হয়। সেই সময়ে এ্যাড হক কমিটি বাতিল হয়ে যায় এবং গভার্নিংবডি নতুনভাবে আসে। গভর্নিংবডি আসার পরে সাধারণ মানুষের প্রচণ্ড বিক্ষোভের জন্য ওখানে এ্যাড হক কমিটির নেতৃত্বে একটা রিভিউ কমিটি গড়ে ওঠে। এর বিরুদ্ধে হাইকোর্টে একটা কেস হয়।........

(এই সময়ে মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী শান্তি মোহন রায়ঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয় দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে এই আরামবাগ মহকুমার পুড়শুড়া থানায় আজ পর্যন্ত কোন প্রাথমিক হেল্থ সেন্টার নেই। পুড়শুড়া ব্লকের কাছাকাছি শ্রীরামপুরে যে হেল্থ সেন্টার আছে তাতে জমি জায়গা অনেক আছে, সেখানে অনায়াসে প্রাথমিক হেল্থ সেন্টার করা যায়। ভাংগামোড়া হেল্থ সেন্টার তৈরী হতে হতে পড়ে রয়েছে, রঘুনাথপুর হেল্থ সেন্টার, খানাকুল থানার এক নং ব্লকে রঘুনাথপুর হরিমোহন গোলাপসুন্দরী চারিটেবল ডিসপেনসারী যেটা আছে, সেটাতে গভর্নমেন্টের পক্ষ থেকে অজিত পাঁজা মহাশয়ের আমলে নেওয়া হয়েছিল, সেটাকে সাবসিডিয়ারী হেল্থ সেন্টার করার জন্য, কিন্তু আজ পর্যন্ত সেটা চালু করা হয়নি। এই সম্পর্কে আমি পশ্চিমবঙ্গ সরকারকে আপনার মাধ্যমে অবহিত হতে বলছি এবং ব্যবস্থা গ্রহণ করতে বলছি।

শ্রী ননী করঃ— মিঃ স্পীকার স্যার, আমি একটি জরুরী বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন বারাসত মহকুমার বামনগাছিতে ভোলানাথ হাইস্কুল বলে একটি স্কুল আছে। সেই স্কুলের পাশে একটা ফ্যাক্টারী হচ্ছে, পালসন ইনডাস্ট্রি। সেখানে এই ইনডাস্ট্রি করার বিষয়ে আপত্তি তুলেছে ওখানকার গ্রাম পঞ্চায়েতের গ্রাম প্রধান কংগ্রেস, আই-এর, আপত্তি করছে পঞ্চায়েত সমিতির সি. পি. এম. সভাপতি, আপত্তি করছে এস.ডি.ও. বারাসত, কিন্তু কোন আপত্তিতেই সেই কারখানা গড়া বন্ধ হচ্ছে না এবং এই স্কুলের পাশে কারখানা এবং এর অনেক জমি আছে, তা সত্ত্বেও এই জায়গাতেই করবেন, পুলিশের আপত্তি, এস.ডি.ও.'র আপত্তি, পঞ্চায়েতের আপত্তি, তা সত্ত্বেও কার জোরে আমি জানিনা কাজ করে চলেছে। আমি সেই জন্য শিল্প বিভাগ, পরিবেশ বিভাগ এবং স্বরাষ্ট্র বিভাগ এর দৃষ্টি আকর্ষণ করছি যে এই বিষয়টা যদি এইভাবে চলে, কোনও নিয়ম না মেনে, যেহেতু পশ্চিমবাংলায় এখন আমরা শিল্প হোক এটা চাইছি, অতএব সেই সুযোগ নিয়ে কোনও নিয়ম কানুন না মেনে এই ভাবে যদি গড়তে থাকে তাহলে তো অসম্ভব ব্যাপার। এই বিষয়ে বেশী করে আপনাকে বলা দরকার এই জন্য যে এখন ওখানকার লোকের, গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, স্কুল সবাই মিলে ঠিক করেছে যদি গভর্নমেন্ট থেকে কোনও ব্যবস্থা না নেওয়া হয় তাহলে তারা গিয়ে ভেঙ্গে দেবে। তখন আবার আইন শৃংখলার প্রশ্ন উঠবে এবং সেটা ভাল নয়। কারণ ওখানে যদি স্কুলের পাশে কারখানাটা হয় তাহলে পরিবেশ দূষিত হবে, পরিবেশ মন্ত্রী আছেন, তিনি একটু দেখুন, আমার কাছে ফাইল আছে, পরিবেশ বিভাগ থেকে আপত্তি করা হয়েছে। তাকে বলা হয়েছে যে এই সমস্ত পার্মিশন না নিয়ে করবেন না। তা সত্ত্বেও কাজ করে যাচ্ছে। আমি শিল্প বিভাগকে বলবো, তারা অনন্তঃপক্ষে পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত অনুমতি না দিলে তারা যেন লাইসেন্স না দেন। বাকী কাজটা স্বরাষ্ট্র বিভাগের, এই ডিপার্টমেন্টকেও দায়িত্ব নিতে হবে যাতে এই ধরণের বেআইনী কাজ না হয়, ওখানে ঐ স্কুলটা নতুন হয়েছে, হাইস্কুল, ওখানে ছেলে মেয়ে একসঙ্গে পড়াশুনা করে, কোএডুকেশন স্কুল, তার পাশে এই কাজটা ঘটছে, সেই জন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি এবং অপনাকেও অনুরোধ করবো, যে এই তিন বিভাগের মন্ত্রী মহাশয়দের কাছে আপনি একটু বলুন, তাঁরা যাতে যুক্তভাবে উদ্যোগ নিয়ে এই ব্যাপারটা দেখেন।

শ্রী অরুণকুমার গোস্বামীঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলির অন্তর্গত ভদ্রেশ্বর থানা এলাকায় জগদ্ধাত্রি পল্লী নামে একটা জায়গা আছে, সেখানে প্রায় হাজার দেড়ে মানুষ বাস করেন। তাদের উপর গত কেন্দ্রীয় নির্বাচনের পর থেকে সি.পি.আই. এম এর সদস্যরা কিছু সমাজবিরোধীকে সঙ্গে নিয়ে বিভিন্ন ভাবে অত্যাচার চালিয়ে যাচ্ছে। স্থানীয় পুলিশ এবং ভদ্রেশ্বর থানার সি.আই. সেটা সমর্থনও করছেন। কোনও অভিযোগ তারা গ্রহণ করছেন না। আমি দাবী করছি-তাদের একটাই দোষ, গত লোকসভার নির্বাচনে এই জগদ্ধাত্রি পল্লীর সমস্ত মানুষ কংগ্রেসের যিনি প্রার্থী ছিলেন, তাঁকে নির্বাচিত করেছে, তাঁকে ভোট দিয়েছেন। এই অপরাধে তাদেব প্রত্যেককে প্রত্যেক দিন অত্যাচার করা হচ্ছে এবং বাড়ি লুঠ করা হচ্ছে। কোন অভিযোগ থানা থেকে নেওয়া হচ্ছে না। সি. পি. আই. এম. পুরো মদত দিয়ে এটাকে চালিয়ে যাচ্ছে। ওখানকার শান্তি রক্ষার জন্য এই সি. আই. কে ওখান থেকে ট্রান্সফার করা হোক আমি এই দাবী করছি এবং যাতে আইন শৃঙ্খলা বজায় থাকে এবং পুলিশী নিষ্ক্রিয়তা সেখানে বন্ধ করার জন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এক্ষুনি তদন্ত করে একটা ব্যবস্থা গ্রহণ করা হোক।

[2.30-2.40 P.M.]

শ্রী কুমুদরঞ্জন বিশ্বাসঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গের স্বাস্থ্য কেন্দ্রগুলির সংস্কারের বিষয়ে স্বাস্থ্য মন্ত্রী, পূর্ত মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবঙ্গের স্বাস্থ্য কেন্দ্রগুলির অবিলম্বে সংস্কার প্রয়োজন এবং সে ব্যাপারে স্বাস্থ্য বিভাগ থেকে পূর্ত বিভাগকে দীর্ঘ দিন আগে জানান সত্ত্বেও পূর্ত বিভাগের পক্ষ থেকে আজ পর্যন্ত কোনো উদ্যোগ গ্রহণ করা হয় নি। সেই কারণে আমি আপনার মাধ্যমে বিশেষ করে মুখ্যমন্ত্রী এবং পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে স্বাস্থ্য বিভাগ এবং পূর্ত বিভাগ যৌথভাবে স্বাস্থ্য কেন্দ্রগুলি সংস্কারের কাজে একটু নজর দেয়। স্বাস্থ্য কেন্দ্রগুলির সংস্কার সাধন হলে সেগুলিতে জনসাধারণের একটু ভালভাবে চিকিৎসা হতে পারবে এবং ডাক্তার ও অন্যান্য স্টাফদের থাকতে সুবিধা হবে। বর্তমানে প্রতিটি স্বাস্থ্য কেন্দ্রের ঘর-বাড়ি গুলির অবস্থা খুবই খারাপ। তাই আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মন্ত্রী মহাশয়গণের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মসলেউদ্দিন আহমেদঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ জরুরী বিষয়ের প্রতি মাননীয় তফসিলী এবং আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, অনুন্নত তফসিলী এবং আদিবাসী সম্প্রদায়কে উন্নত করার জন্য সরকার তাদের বিশেষ কিছু সুবিধা দিয়েছেন।

সেই পরিপ্রেক্ষিতে আদিবাসী ও তফসিলী সম্প্রদায়ের ছেলেদের-ছাত্রদের-হস্টেলে থেকে পড়াশুনা করার সুযোগ দেওয়া হয়েছে এবং এই বাবদ তাদের ৭৫ টাকা করে দেওয়া হয়। কিন্তু আমাকে এখানে আজকে অত্যন্ত দুঃখের সংগে বলতে হচ্ছে, পশ্চিম দিনাজপুর জেলার আদিবাসী ও তফসিলী ছেলেরা হস্টেলে থাকার জন্য আজ পর্যন্ত কোনো অনুদান পায়নি, ফলে এই দুই সম্প্রদায়ের বহু ছেলে হস্টেলে থেকে পড়ার সুযোগ পাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে এই অচলাবস্থা দূর করার জন্য আদিবাসী ও তফসিলী দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Mohammad Ramjan Ali: Mr. Speaker, Sir, I wish to draw the kind attention of the Hon'ble Health Minister for introducting ad-hoc appointments in the rural health centres. You know, Sir, rural health centres are the worst sufferers in West Bengal. There are so many health centres running without doctors and they are run by the pharmacists. In my constituency there are 2 health centres where there is no Medical Officer and they are running by the pharmacists. It may not be allowed to go long in this fashion. Doctors from the P.S.C. who were appointed were not willing to join in the rural area. They have refused the appointment in the rural health centres. So I humbly submit that this problem may be solved if the ad-hoc appintment is introduced and the fit persons from the village area are appointed.

শ্রী অমরেন্দ্রনাথ ভট্টাচার্য্যঃ— মিঃ স্পীকার, স্যার, লেকটাউনে একটা গভর্ণমেন্ট স্পনসর্ড গার্লস' হায়ার সেকেন্ডারি স্কুল আছে। সেখানে গত কয়েক দিন যাবত একটা গভীর সংকট চলছে। এই সংকটের মূলে আছে এ্যাসিসটেন্ট হেডমিসট্রেস এবং হেডমিসট্রেসের বিবাদ। এ্যাসিসটেন্ট হেডমিষ্ট্রেসের সহায়তায় বাইরের কিছু লোক হেড্ মিষ্ট্রেসের উপর হামলা করে এবং জোর করে তাঁকে দিয়ে পদত্যাগ পত্র লিখিয়ে নেয়। এ বিষয়ে ঐ এলাকার বাসিন্দারা এবং অভিভাবকরা স্কুলে গিয়ে এ্যাসিসটেন্ট হেড্ মিষ্ট্রেসের কাছে আপত্তি জানায়। ফলে হামলাকারী ছেলেরা বা লোকেরা অভিভাবকদের বাড়িতে গিয়েও হামলা করে। অভিবাবকদের কয়েকজন স্থানীয় থানায় এ সম্পর্কে অভিয়োগ দায়ের করেছেন। ঐ সমস্ত ঘটনার পরিপ্রেক্ষিতে গতকাল এবং পরশু ছাত্রীরা ভি. আই. পি. রোড এবং যশোর রোডের লিংক রোডের উপর লেক টাউনে অবস্থান ধর্মঘট করেছে। [illegible] সকলকে চেনা না গেলেও, ঐ হামলার যারা নেতৃত্ব দিয়েছিল সে সমস্ত নেতৃস্থানীয়রা সবাই সি. পি. এমের লোক। এই অবস্থায় আমি এ্ বিষয়টির প্রতি আপনার মাধ্যমে শিক্ষা বিভাগের এবং স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী মহোদয়দের দৃষ্টি আকর্ষণ করছি এবং ওখানে সংকটের অবসান ঘটিয়ে শান্তি স্থাপন করতে অনুরোধ করছি। এবং দোষী হামলাকারীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

শ্রী কমলাকান্ত মাহাতোঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি মর্মান্তিক ঘটনার প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২১ এপ্রিল পুরুলিয়া জেলার বাগমুণ্ডি থানার বাড়েরিয়া গ্রামে ক্লাস টেনের ছাত্রী, শ্রীমতি অনিতা মাহাতোকে নির্মমভাবে খুন করা হয়েছে। এফ. আই. আরের ভিত্তিতে পুলিশ ২ জন আসামীকে গ্রেপ্তার করে। বর্তমানে ঐ আসামীরা জামিনে খালাস আছে। কিন্তু পুলিশ এখনও চার্জ-শিট দেয়নি। তদন্তের কাজ মন্থর গতিতে চলছে। এরফলে ঐ এলাকার মানুষের ধারণা এবং জনপ্রতিনিধিরাও এই আশংকা প্রকাশ করছেন যে আসামীদের বেকসুর খালাস করে দেওয়ার চেষ্টা চলছে। আমি এই বিষয়টি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অবন্তি মিশ্রঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং মাননীয় মৎস বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রামনগর থানার অন্তর্গত সি. পি. এম. দলের লোক বলে পরিচিত কিছুলোক স্থানীয় সমাজবিরোধীদের সহযোহিতায় রামনগর ২ নম্বর ব্লক বালিসাহি, শটিলাপুর এবং কালিন্দী প্রভৃতি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মৎস্য ভেড়িগুলি লুঠ করেছে। আমি এই সম্পর্কে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবার জন্য আবেদন রাখছি।

শ্রী ব্রজেশ্বর চট্টোপাধ্যায়ঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আড়ষা থানার সিরকাবাদ অঞ্চলের চাষীরা সেচের অভাবে ২ বৎসর পর পর আখের ফসল তুলছে। সেখানকার মানুষ বিনা সেচে আখ চাষ করে ফলে ২ বৎসর করে সময় লাগে। সেখানে যদি সেচের ব্যবস্থা করা হয় তাহলে চাষীদের ২ বৎসর অন্তর ফসল পেতে হয় না। তাই সিরকাবাদ অঞ্চলে যে বান্দু নদী বয়ে গেছে সেই বান্দু নদীতে রাজবাঁধ নামক স্থানে যদি বাঁধ নির্মাণ করা হয় তাহলে চাষীরা জল পায়। আমাদের মাননীয় কৃষি মন্ত্রী এবং মাননীয় ক্ষুদ্রসেচ মন্ত্রী মহাশয় যখন ঐ রাস্তায় গিয়েছিলেন তখন ওখানকার কৃষকেরা এ ব্যাপারে অনেক অনুরোধ করেছেন। ওনারা হয়তো দেখবো বলে কথা দিয়ে এসেছেন। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি, যাতে অবিলম্বে সেই বান্দু নদীর উপর রাজবাঁধ নামক স্থানে সেচ প্রকল্প নির্মাণ করা হয়।

শ্রী ধীরেন্দ্রনাথ সরকারঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রী, শ্রী কান্তি বিশ্বাস মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, প্রাথমিক শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য, প্রাথমিক শিক্ষকদের প্রতি অত্যাচার, দুর্নীতি এবং শিক্ষা পাঠক্রম ঠিক না হওয়ায় এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির ডাকে হাজার হাজার শিক্ষক আজকে বিধানসভা অভিযান করেছেন। তাঁরা এসপ্ল্যানেড ইস্টে অপেক্ষা করছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে সেখানে গিয়ে তাঁদের সঙ্গে দেখা করে আলোচনা করবার জন্য অনুরোধ জানাচ্ছি। তিনি আলোচনা করবার জন্য কথা দিয়েছেন, সমিতির কর্তৃপক্ষ এ ব্যাপারে যোগাযোগ করেছিলেন। আমি তাই আপনার মাধ্যমে এই অনুরোধ রাখছি।

[2.40-2.50 P.M.]

শ্রী পুলিন বেরাঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ময়না বিধানসভা কেন্দ্রে তমলুক ১-নং ব্লকের পূর্বানুখায় একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। জায়গাটি একেবারে পল্লীগ্রাম। সেখানে ডাক্তার নেই, নার্স আছে। কিন্তু ডাক্তার না থাকবার জন্য সেখানকার মানুষ চিকিৎসা পাচ্ছে না। অনেক দূরে মহকুমা হাসপাতাল রয়েছে, কিন্তু সেখানে নদী পেরিয়ে যেতে হয়। সাধারণ মানুষ সেখানে খুবই কষ্ট ভোগ করছে। আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, পূজার পূর্বেই যেন সেখানকার মানুষ সান্ত্বনা লাভ করে যে, একজন ডাক্তার সেখানে নিযুক্ত করা হয়েছে।

শ্রী যষ্ঠীলাল মণ্ডলঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা নিয়ে এখানে অনেকবার আলোচনা হয়েছে, সেটা হচ্ছে জুট। মালদা জেলাতে যেভাবে পাটের দাম পড়ে গেছে তাতে বিভিন্ন জায়গা থেকে খবর পাচ্ছি যে সেটা পরিপোষক মূল্যের নীচে নেমে গেছে। বর্তমানে মাত্র

ওয়ান-ফোর্থ পাট কাটা হয়েছে, কিন্তু পরে যখন সমস্ত পাট বাজারে আসবে তখন আশঙ্কা হচ্ছে যে, ১০০ টাকা দরে চাষী পাট বিক্রি করতে পারবে কিনা সন্দেহ। কিন্তু অনেক জমি আছে যেখানে চাষীকে হাই রেট দিয়ে চাষ করতে হয়েছে। কিন্তু আজকে পাট একটা [illegible] ফসল, অনেক ফরেন মানি কেন্দ্রীয় সরকার অর্জন করেন এর দ্বারা। এখনও অনেক পাটগাছ জমিতে রয়ে গেছে। কাজেই এ-ব্যাপারে সত্বর দৃষ্টি দেবার জন্য সরকারকে বলছি।

শ্রী ননী মালাকার:— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে নদীয়া জেলার হরিণঘাটা, চাকদহ এবং মোহনপুর থানার অন্তর্গত দুটি রাস্তার প্রতি মাননীয় পূর্ত (সড়ক) মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চাকদহ-বনগাঁ রাস্তা, যেটি বর্ডারের সঙ্গে যুক্ত এবং কাঁচড়াপাড়া-নিমতলা রাস্তা -এটিও বর্ডারের সঙ্গে যুক্ত, এই রাস্তা দুটির অবস্থা এত খারাপ যে বাস চলাচল পর্যন্ত করতে পারছে না। ঐ অঞ্চলে কোন রেল যোগাযোগ নেই বলে বাসই একমাত্র সম্বল। রাস্তা খারাপের জন্য সেখানে বাস বন্ধ থাকায় ঐ অঞ্চলে আইন-শৃঙ্খলার অবনতি ঘটছে। সেই কারণে আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন করছি, যেন অবিলম্বে রাস্তা দুটির সংস্কার করা হয়।

শ্রী আবদুল মান্নান:— মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলাতে রাজহাটি ১-নং গ্রামপঞ্চায়েত দখল করবার জন্য মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির স্থানীয় নেতা এবং তাঁর দল; এমন কি, পশ্চিমবাংলার পঞ্চায়েত মন্ত্রী শ্রী বিনয় চৌধুরী পর্যন্ত যে ঘৃণ্য ষড়যন্ত্র করছেন, আমি সেই বিষয়টা আপনার মাধ্যমে হাউসের কাছে উপস্থিত করতে চাই। ঐ গ্রাম পঞ্চায়েতে আমরা এবং মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টি সমান সমান ছিলাম। টস্ করে আমরা সেখানে ক্ষমতায় যাই। তারপর আমাদের একজন সদস্য শ্রী আয়ুব আলি আকনকে সেখানে খুন করা হয় মেজরিটি লাভের জন্য। খুন হবার পর আমরা দেখতে পেলাম পঞ্চায়েতের সুপারিশ মত সরকার থেকে সেখানে যে ৪ জন নোমিনির নাম পাঠাবার কথা তা পাঠান হচ্ছে না। হুগলী জেলার ২০১টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ২০০টি গ্রাম পঞ্চায়েতে নোমিনির নাম ইতিমধ্যেই সরকার থেকে পাঠিয়ে দেওয়া হয়েছে। একমাত্র সেখানেই পাঠান হয়নি। গতবারও এই হাউসে এ-ব্যাপারে উল্লেখ করেছি এবং বিনয়বাবুর সঙ্গে দেখা করে তাঁকেও বলেছি। যাতে সেখানে কংগ্রেস মেজরিটি না পায়, যাতে সি.পি.এম মেজরিটি পেতে পারে, তারজন্যই এটা হচ্ছে। এই চক্রান্তের প্রতিবাদে এবং সি.পি.এম এর অত্যাচারের প্রতিবাদে সেখানকার গ্রাম পঞ্চায়েতে আমাদের যে সমস্ত সদস্য আছেন তাঁরা পদত্যাগ করতে বাধ্য হচ্ছেন। সেখানকার অমাদের সদস্য গ্রাম পঞ্চায়েত সদস্য পদত্যাগ পত্র দাখিল করেছেন। এটা আপনার মাধ্যমে হাউসকে জানাতে চাই।

শ্রী লক্ষ্মন বাগদী:— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বাণিজ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে গত ১৪ তারিখে রেডিও এবং টি.ভি-তে খবরে বলেছে যে পুরুলিয়া জেলাতে ৩৫ বর্গ কিলোমিটার অঞ্চল জুড়ে ৪০ কোটি টন উৎকৃষ্ট কয়লা পাওয়া গেছে। আমরা এখানে প্রস্তাব পাস করেছি পুরুলিয়া জেলা উন্নয়নের জন্য ব্যবস্থা করা হবে। আরো জানা গেছে এই এলাকার আরো অঞ্চল জুড়ে প্রচণ্ড পরিমাণ কয়লা আছে। এই কয়লা তাড়াতাড়ি তোলা দরকার। এখানে কয়লা বেআইনী ভাবে তোলা হচ্ছে। পুরুলিয়া জেলার জন-জীবনের মান অত্যন্ত খারাপ। এখানকার কয়লা যাতে তাড়াতাড়ি তোলা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুভাষ চন্দ্র মাহাতো:— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলায় যে সমস্ত কলেজগুলি রয়েছে সেইগুলি আপাতত বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীন, পরবর্তীকালে এটা বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে যাবে। সেই ক্ষেত্রে পুরুলিয়া, বাঁকুড়া এবং বর্দ্ধমান জেলার খুব কম কলেজে ভূগোল পড়ানো হয়। বর্দ্ধমানে দুটি এবং বাঁকুড়া জেলায় দুটি কলেজে ভূগোল পড়ানো হয়। পুরুলিয়া জেলার অনেক ছাত্র-ছাত্রী ভূগোল পড়তে আগ্রহী। পুরুলিয়া জেলার ৫টি কলেজে ভূগোল পাঠ্যক্রম না থাকার জন্য ছাত্র-ছাত্রীরা ভূগোল পড়তে পারছে না। তাই আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঝালদা পৌরসভার অন্তর্গত ওলুছরাম মেমোরিয়াল কলেজ, পুরুলিয়া পৌরসভার অন্তর্গত জে. কে. কলেজ এবং রঘুনাথপুর পৌরসভা অন্তর্গত রঘুনাথপুর কলেজে যাতে ভূগোল পড়ানো হয় তার জন্য সত্বর ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য:— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে খাদ্য সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন, যদি সম্ভব হয় তাহলে তিনি এই ব্যাপারটা জানাবেন। পূজোর আগে প্রতিবারের মতো এবারেও কেরোসিন তেলের সংকট দেখা দিয়েছে। মানুষ রেশনের দোকান থেকে কেরোসিন তেল পাচ্ছে না, কিন্তু বাইরে ৪টাকা - সাড়ে চার টাকা দরে পাওয়া যাচ্ছে। বর্তমান কাগজে বেরিয়েছে ঘটনাটা। নারকেলডাঙ্গা এবং বিভিন্ন জায়গায় হোলসেলাররা যে পরিমাণ তেল দিচ্ছে এবং প্রচার করছে যে মাথা পিছু হাফ লিটার করে তেল দেওয়া হবে। কিন্তু তেল পাওয়া যাচ্ছে ওয়ান-ফোর্থ লিটার। এই ব্যাপারে অবিলম্বে একটা সরকারী বিজ্ঞপ্তি জারি করুন যে কত করে তেল মাথা পিছু পাওয়া যাবে। কারণ অসাধু ব্যবসায়ীরা কোরোসিন তেল সংগ্রহ করে বেশী দামে বাজারে বিক্রি করছে। যারা জেনারেটর চালায় তাদের তেল বিক্রি করে মুনাফা লোটবার চেষ্টা করছে। এ ছাড়া অনেক কংগ্রেসী মস্তান ডিলারদের কাছ থেকে জোর করে কোরোসিন তেল নিয়ে যাচ্ছে এবং এর ফলে কেরোসিন তেলের একটা সংকট সৃষ্টি হচ্ছে। এই সম্পর্কেআমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন জানিয়ে দেন কি পরিমাণ তেল পশ্চিমবাংলায় আসছে এবং কি পরিমাণে তেল মাথা পিছু বন্টন করা হবে। এটা যদি জানিয়ে দেন তাহলে পশ্চিমবাংলার মানুষ অনেক উপকৃত হবে।

Statement under Rule 346

Mr. Speaker: Now I call upon the Minister-in Charge Food and Supplies Department to make a statement.

Shri Radhika Ranjan Banerjee:

Mr. Speaker: Sir, distribution of Kerosene Oil in the State is carried out as per bulk allocation of such Oil by the Govt. of India in the Ministry of Petroleum. The Govt. of India has divided the year in 3 seasonal blocks, namely, March to June-One Block; July to October-the 2nd Block and November to February-the 3rd Block. For reasons best known to the Govt. of India, the maximum allocation of K. Oil is during the 3rd Block namely November to February and the minimum is during the 2nd Block namely July to October.

From the State Government we have repeatedly exhorted the Govt. of India to enhance the State Quota to 1,00,000 K.L. per month to enable the State Government to make a realistic distribution of Kerosene Oil amongst the consumers through-

out the State. The One-Man-Commission with Shri B.C. Mathur which was appointed by the Govt. of India to make a study on K.Oil distribution in the States was also earnestly requested by the State Govt. to see to it that a fair allotment is done in the case of this State in view of its requirement and an amount of 1,00,000 K.L. was allotted per month in favour of the State. Nothing however, has come up even now. The monthly quota for our State during this seasonal block namely July to October is around 54111 K.L. per month which is clearly much short then the required quantity of 1,00,000 K.L. of course, it has to be said in this connection that some additional quantity is allowed by the Govt. of India almost every month and requests were made by the State Govt. to enhance this additional quantum to something like 7,500 K.L. for these two months namely, September and October, 1985 in consideration of the facts that there are appalling scarcity conditions prevailing in all the districts including Clacutta and the festival season is there. curiously enough, for this month of September also the additional quota is a paltry 1144 K.L. only. This is most unfortunate as even the State Food Minister's appeal for a larger additional [illegible] was totally unheeded to by the Govt. of India without even caring to send a reply as to the justification of alloting just a niggardly amount.

Since th size of the cake is not big enough to feed all the hungry months, the State Govt. is trying its best to carry on with the 55% of the total required amount of Kerosene Oil. Measures taken by the State Govt. are the following:-

i) Police Escorts will be there with the K.Oil Tankers from Mourigram point upto the Agent's Points to ensure no unauthorised diversion as also to prevent any adulteration;

ii) All Tank Lorries Carrying K. Oil to Calcutta will be allotted between 7 a.m. and 11 a.m. in the morning shift and between 2 p.m. in the afternoon shift;

iii) As regards the Tankers' earmarked for the districts relaxation in the time schedule will be locally given by the Police Officers in consultation with the Liaison Officers of the I.O.C. according to the operational needs;

iv) The Food and Supplies Department officials shall check the Registers at the Agents' Points to ascertain that the Agent has duly received and supplied K. Oil to the retailers tagged to that agent and these officials shall also Cross-check with the retailers' shops to find out and ensure that the retailors have received the earmarked stocks for sale to the consumers.

v) The retailers have been directed to sell K.Oil only against Ration Cards on the scale of $^1/_2$ litre per card per week subject to a maximum of 5 litres for a family. In the districts this amont is $^1/_4$ litre per card per week.

vi) The retailers will maintain Daily Sales Register for check by Food and Supplies Department officials everyday;

vii) The Oil Companies including the State Co-ordinator for K. Oil have been requested to use their good offices in the matter of supply of K.Oil without interruption and

viii) The Police Commissioner and the Special I.G. of Police have been requested to post necessary Police Officials to see to it that no untoward incident happens in the matter of supply of K.Oil from the retail shops in Calcutta and in the districts.

[2.50 to 3.00 P.M.]

Mr. Speaker :—This will be circulated.

শ্রী কাশীনাথ মিশ্র :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, প্রাথমিক শিক্ষকদের বিভিন্ন পর্যায়ের যে সকল দাবী আছে, সেই পরিপ্রেক্ষিতে মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় কয়েকদিন আগে তাঁদের সেই দাবীগুলির যৌক্তিকতা স্বীকার করেছিলেন। সেই সমস্ত দাবীগুলির মধ্যে মেনলি হচ্ছে, এ্যাডিসন্যাল শিক্ষকদের অবিলম্বে সরকারী অনুমোদন দান। এই [illegible] ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন, তার সাথে আমি বলব প্রাথমিক শিক্ষকরা বিভিন্ন গণসংগঠনগুলির মাধ্যমে যেভাবে আন্দোলনমুখী হয়েছেন, সেই আন্দোলনের মধ্যে তাঁরা বিভিন্ন শিক্ষকদের বয়সসীমা, আর্থিক সুযোগ-সুবিধা এবং বকেয়া মহার্ঘ ভাতা ইত্যাদি নিয়ে যে সমস্ত দাবী রেখেছেন, সেগুলো সম্বন্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন। এইসব ব্যাপার নিয়ে তারা আন্দোলন করছেন, এই বিষয়ে আমি মাননীয় সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে অনুরোধ করছি তিনি যাতে এই বিষয়ে একটা ষ্টেটমেন্ট করেন এবং তাদের দাবীগুলিকে যাতে দেখেন।

শ্রী লাল বিহারী ভট্টাচার্য্য :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলায় বড়জোরা থানায় গত ১৫ই সেপ্টেম্বর মানবগ্রাম এবং মাদারবনি গ্রামের অধিবাসীরা ওইখানকার কবরখানার একটি খাস জমি নিয়ে দুই গ্রামের লোকেদের মধ্যে সংঘর্ষ বাধে এবং তাতে একজন মারা যায়। এই দুটি গ্রামের যে সংঘর্ষ চলছে তাতে কোন রাজনৈতিক দলের ঘটনা নিয়ে ঘটেনি। তবে খুব সম্প্রতি আমরা লক্ষ্য করছি সেখানে কংগ্রেস আইয়ের নেতারা কিছু উস্কানি দেওয়ার চেষ্টা করছে। সেখানে যাতে শান্তিশৃঙ্খলা বিঘ্নিত হয় তার চেষ্টা করছে। সেইজন্য আমার অনুরোধ স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অবিলম্বে যাতে যারা ওই অপপ্রচার চালাচ্ছে, সেইসব কংগ্রেস এজেন্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করুন এবং সেখানে যাতে শান্তিশৃঙ্খলা বিঘ্নিত না হয় তার ব্যবস্থা করুন।

ডাঃ মানস ভূঁইয়া :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ দপ্তরের বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে মেদিনীপুর জেলার সবং থানায় সব থেকে বেশী নদী রয়েছে। কিন্তু দুর্ভাগ্যের ব্যাপার যে ওই নদীগুলির উপর যে বাঁধ আছে সেই বাঁধগুলি গত ৮ বৎসর যাবৎ কোনরকম সংস্কার করার ব্যবস্থা করা হয় নি। এক ঝুড়ি মাটি পর্যন্ত সেখানে ফেলা হয় নি। গত বৎসর যখন [illegible] এবং কোপাই নদীর [illegible] ফলে কসমতলাতে বাঁধ ভাঙে তখন সেচ দপ্তর থেকে সেখানে গিয়েছিলো এবং টাকাও মঞ্জুর করেছিলো, টেণ্ডারও হয়েছিলো। অথচ ৮ মাস পার হয়ে গেল সেখানে এখনো কোন ওয়ার্ক অর্ডার গেল না। সেখানকার মানুষ এরকমে এক উৎকণ্ঠায় দিন কাটাচ্ছে যে কোনদিন সেখানে একটা ভয়াবহ ঘটনা ঘটে যেতে পারে।

শ্রীমতী অপরাজিতা গোপী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত মর্মান্তিক ঘটনার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলিকাতায় প্রতিনিয়ত যেভাবে পথ দূর্ঘটনা ঘটছে তা অত্যন্ত বিপজ্জনক। বিশেষ করে কিছুদিন আগে একটি মর্মান্তিক ঘটনা ঘটে গেছে। গত ১১ তারিখে একটি এ্যাম্বুলেন্সে একজন ক্যান্সার রোগীনিকে নিয়ে এন. আর. এস হাসপাতাল থেকে হরিপাল নিয়ে যাওয়ার পথে একটি লরির সঙ্গে দুর্ঘটনা ঘটে এবং সেই দুর্ঘটনাস্থলেই রোগীনি মারা যায়। আরেকটি ঘটনা সেইদিনই ঘটে—চিত্তরঞ্জন এ্যাভিনিউ দিয়ে ১০ বছরের একটি মেয়ে ইস্কুলে যাবার পথে লরি চাপা দেয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটি অত্যন্ত দুঃখজনক ঘটনা, ট্রাফিক পুলিশরা নিজেরা এরজন্য দায়ী, তারা ঠিকমত ট্রাফিক কন্ট্রোল করে না। লরিওয়ালাদের কাছ থেকে ঘুষ নেয়। আমার বক্তব্য এই সমস্ত ড্রাইভারদের কাছ থেকে লাইসেন্স কেড়ে নেওয়া হোক এবং ট্রাফিক পুলিশ সম্পর্কে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হোক। তারা নিজেদের দায়িত্ব ঠিকমত পালন না করার জন্য এইসব মর্মান্তিক ঘটনা ঘটে যাচ্ছে এবং এই সমস্ত অমূল্য প্রাণের বলি হচ্ছে।

শ্রী আবদুর রউফ আনসারী :—Mr. Speaker Sir, through you I want to draw the attention of the Minister-in-charge of Food and Supplies Department.

আমার এলাকায় সকাল ৪টা থেকে জনসাধারণ ফ্যামিলি কার্ড নিয়ে তেলের রেশনের দোকানের সামনে জড় হয়, কিন্তু আধ ঘন্টার মধ্যে সব বিক্রি হয়ে যায়। অর্থাৎ শতকরা ৩০ ভাগ সেল হয়, শতকরা ৭০ ভাগ ৫ টাকা দরে ব্ল্যাক মার্কেটে বিক্রি হয়। এই ক্রাপ্ট প্র্যাকটিসে শপ কিপার, কনষ্টেবল অন ডিউটি এবং সি পি এম ক্যাডাররা আছে। I will request the Minister-in-charge of the Food and Supplies Department to go to different retail shops at 4 a.m. in the early morning so that the corruption may be minimised.

Thank you Sir.

[3-00–3-10 P. M.]

শ্রী যোগেন্দ্র সিংহ রায় :— স্যার, রেলমন্ত্রককে জানানোর জন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। এন. এফ. রেলের আলিপুরদুয়ার একটা গুরুত্বপূর্ণ রেল ষ্টেশন ডিভিশনাল হেড কোয়ার্টার। এটি মিটার গেজ লাইন। এই রেল ষ্টেশনটির সঙ্গে নয়া দিল্লীর এবং ভারতের অন্যান্য ষ্টেশনের সঙ্গে যোগাযোগ আছে। এখান থেকে শিলিগুড়ি পর্যন্ত ২৩টি ট্রেন যায়। ইতিমধ্যে রেলমন্ত্রক একটি মেল এবং আসাম মেল এবং ১লা অক্টোবর থেকে জি. এল. এক্সপ্রেস বন্ধ করে দেবার সিদ্ধান্ত গ্রহণ করায় হাজার হাজার যাত্রী এবং ২৩।২৪টা ষ্টেশনের হাজার হাজার ব্যবসায়ীর ক্ষতি হবে।

শ্রী প্রবোধ পুরোকায়ত :— স্যার, স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে বহু অভিযোগ এখানে হয়েছে। কুলতলীতে একটি প্রাইমারী হেলথ্ সেন্টার, ২টি সাবসিডিয়ারী হেলথ্ সেন্টার আছে। এই প্রাইমারী হেলথ সেন্টারে ডাক্তার যিনি আছেন তিনি নিয়মিত থাকেন না। বেডগুলি মানুষ থাকার অযোগ্য। ঔষধপত্র না থাকার জন্য রোগীরা সেখানে যায় না। সেখানে এমন একটা ধারণা সৃষ্টি হয়েছে যমের বাড়িতে মানুষ যেতে চায়, কিন্তু বামফ্রন্ট সরকারের এই হাসপাতালে মানুষ যেতে চায় না। কাটামারী হেলথ সেন্টারে আগের বছর থেকেই ডাক্তার নেই। ভুবনেশ্বরী ও নলগড়া হেলথ সেন্টার দুটি ৮ বছর ধরে পড়ে আছে, ডাক্তার যাচ্ছে না। এরফলে বিল্ডিং ভেঙ্গে যাচ্ছে, দরজা জানলা লোকে খুলে নিয়ে যাচ্ছে। অবিলম্বে এগুলির ব্যবস্থা অবলম্বন করার অনুরোধ জানাচ্ছি।

শ্রী বিমলকান্তি বসু :— স্যার, আপনার বিষয়ে একটু বলতে চাই।

মিঃ স্পীকার :—রুলে এটা মেনসান হয় না। চিঠি লিখে জানতে হয়। হাউসে সব বলা যায় না।

শ্রী বিমলকান্তি বসু :—আমরা যা উল্লেখ করি তার ফেট আমরা জানতে পারি না। অর্থাৎ আমরা যা উল্লেখ করি তা বিভাগীয় মন্ত্রীদের দৃষ্টি আকৃষ্ট হচ্ছে কিনা সে বিষয়ে একটা চিঠি পেলেও আমরা বুঝতে পারি।

মিঃ স্পীকার :— আমার অফিস থেকে মেনসেনগুলি সমস্ত দপ্তরে পাঠিয়ে দেওয়া হয়। কিন্তু কম মন্ত্রীই উত্তর দেন। কিন্তু কেন তা জানিনা।

শ্রী পতিতপাবন পাঠক:— আমি এ বিষয়ে একটা চিঠি সমস্ত মন্ত্রী দপ্তরে পাঠিয়ে দেব।

শ্রী দেওকীনন্দন পোদ্দার :—মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে মাননীয় পৌরমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর ধ্যান আকর্ষণ করছি। যখন কলকাতা শহরে লক্ষ লক্ষ হকার এসে নিজের ব্যবসা করছে তখন মুষ্টিমেয় হকার আমার কনষ্টিটিউয়েন্সি সেন্ট্রাল এ্যাভিনিউ-এ বসেছিল। তাদের উপর পুলিশী অত্যাচার কাদের নির্দেশে কার আদেশে হচ্ছে সেটা আমি তদন্ত করতে পুলিশ মন্ত্রীকে অনুরোধ করছি। স্যার, আমাকে জানান হল যে কলকাতা পৌরসভার আদেশে তাদের তুলে দেওয়া হয়েছে। আমার এলাকায় ৩ জন কাউন্সিলার আছেন—২৪, ৪১, ৩৯—তাঁরা কর্পোরেশনের মেয়রের কাছে গিয়েছিলেন, তারপর সত্যেন ব্যানার্জী, মেয়র-ইন কাউন্সিল, তাঁর কাছে মেমোরাণ্ডাম দিয়েছিলেন, ওঁদের মেয়র জানালেন যে আমরা এইরকম কোন নির্দেশ দিইনি, সামনে পূজা ফেস্টিভ্যাল আসছে, এই মুহূর্তে কোন হকারকে ডিসটার্ব করা হবে না। মাননীয় পৌরমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ফেসটিভাল সিজিনে কোন হকারকে ডিসটার্ব করা হবে না।.....

শ্রী সদাকান্ত রায় :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ কাঁচা রাস্তাকে পাকা রাস্তায় রূপান্তরের জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাস্তাটি কুচবিহার জেলার মেকলিগঞ্জ মহকুমার চাংড়াবান্ধা বন্দর থেকে জলপাইগুড়ি জেলার হেলাপাকড়ি হাট পর্যন্ত বিস্তৃত। রাস্তাটির দূরত্ব ৫ কিলোমিটার। চাংড়াবান্ধা বন্দরটি একটি গুরুত্বপূর্ণ ব্যবসা কেন্দ্র। এই হাটের বিশেষ পণ্য পাট ও তামাক। প্রতিদিন এই রাস্তাটি দিয়ে বহু গরু ও মোষের গাড়ী যাতায়াত করে বলে বছরের বেশীর ভাগ সময়ে জল কাদার জন্য রাস্তাটি মানুষ চলাচলের উপযুক্ত থাকে না। তাছাড়া এই রাস্তাটি বেশ কয়েকটি স্কুলের ও জলপাইগুড়ি কলেজের ছাত্র-ছাত্রীদের যাতায়াতের পথ। ফলে ছেলেমেয়েদের স্কুল কলেজে যাতায়াতে খুবই অসুবিধা হয়। ১৯৬৮ সালের বিধ্বংসী বন্যার ফলে এই রাস্তাটি দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়। এই গুরুত্বপূর্ণ রাস্তাটি যাতে অবিলম্বে পাকা করা হয় তারজন্য আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর কাছে দাবি রাখছি।

শ্রী উপেন কিস্কু :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলার অন্তর্গত রায়পুর বাজার ১৯৫ দাগের উপর দিয়ে যে রাস্তা গেছে সেই রাস্তার প্রয়োজনে ১৯৫ দাগের সমস্ত জমি অধিগ্রহণ করার সিদ্ধান্ত হয়েছিল ১৯৭৬ সালে। কিন্তু দেখতে পাচ্ছি ঐ দাগের উপর মালিকের একটা বাড়ী ছিল, সেজন্য সে হাইকোর্টে মামলা দায়ের করে কিন্তু হেরে যায়। বর্তমানে দেখছি ঐ বাড়ীটি ভাঙ্গা পড়েনি, উপরন্তু রাস্তার পাশে আরো ১৫ ফুট জায়গা বিরাট লেন-দেনের মাধ্যমে মালিককে ছেড়ে দেওয়ার জন্য একটা চক্রান্ত চলছে। জনসাধারণের স্বার্থে যাতে সমস্ত জায়গাটা নিয়ে নেওয়া হয় তারজন্য আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বিকাশ চৌধুরী :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২ই সেপ্টেম্বর যে শিল্প ধর্মঘট হয়ে গেল আমাদের আসানসোলে সেই ধর্মঘট সফল হয়েছে। কিন্তু সেখানকার ম্যানেজমেন্ট তারা ক্ষিপ্ত হয়ে সি, আই, এস, এফ-কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী, সমাজবিরোধীদের নিয়ে শ্রমিকদের উপর আক্রমণ চালাচ্ছে। সেখানে অনেকে সাসপেন্ড হচ্ছে। তার সাথে সবচেয়ে বড় জিনিস যেটা জানতে পারলাম সেটা হচ্ছে সি, আই, এস, এফ, সেখানকার সমাজবিরোধী ডাকাত-গুণ্ডাদের নিয়ে সেখানকার সিটুর কর্মীদের খুন করার পরিকল্পনা করছে। এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[3.10 to 3.20 P.M.]

শ্রী বামাপদ মুখার্জি :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই। বার্নপুরে অবস্থিত ইণ্ডিয়ান আয়রণ এ্যাণ্ড ষ্টীল কোম্পানী ষ্টীল অথরিটি অব ইণ্ডিয়ার অন্তর্ভুক্ত কেন্দ্রীয় সরকারের একটা অধিগৃহীত ইউনিট। এই কারখানাটি সেকেলে এবং যন্ত্রপাতি অতি পুরাতন। গত ১৯৭৩ সালে কেন্দ্রীয় সরকার ১০ কোটি টাকার শেয়ার কিনে তদানীন্তন মূল্য হারে ১২০ কোটি টাকার সম্পত্তি যুক্ত কোম্পানীটি অধিগ্রহণ করে। এটি আজ পর্যন্ত আধুনিকীকরণ বা সম্প্রসারিত করা হয়নি। উৎপাদন লক্ষ্যমাত্রার অর্ধেকের নীচে। কেন্দ্রীয় সরকার লোকসানের মাত্রা বেশী হবার জন্য রুগ্ন ঘোষণা করে এটাকে বন্ধ করে দিতে চাইছে। এখানে প্রত্যক্ষভাবে ৩০ হাজার শ্রমিক, কর্মচারী কাজ করে। এছাড়া অপ্রত্যক্ষবাবে লক্ষ লক্ষ লোক এই কারখানাকে ভিত্তি করে জীবিকা নির্বাহ করে। তাছাড়া এটা বন্ধ হলে দেশের অর্থনীতির উপর কুপ্রভাব পড়বে। তাই আমার অনুরোধ যে, মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই কারখানাটিকে ধ্বংসের হাত থেকে বাঁচানোর জন্য এবং এটিকে আধুনিকীকরণ এবং সম্প্রসারিত করার জন্য দাবী জানান হোক।

শ্রী কমল সরকার :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোলকাতার আশেপাশে ৩০/৪০ মাইলের মধ্যে যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র আছে সেগুলি নামেই হাসপাতাল, এদিকে কেউ নজর দিচ্ছে না। আমি ইতিপূর্বে এই ব্যাপার নিয়ে দৃষ্টি আকর্ষণ করেছি এবং মন্ত্রিসভাকেও বলা হয়েছে। যেমন ধরুন, নিউ ব্যারাকপুরে একটি স্বাস্থ্যকেন্দ্র আছে এবং সেখানে একটি প্রসূতি সদনও আছে। কিন্তু সেই স্বাস্থ্যকেন্দ্রে যাবার রাস্তা এতই খারাপ যা কল্পনা করা যায় না! এই ব্যাপারে ইতিপূর্বে পি ডবলিউ ডি মিনিষ্টারকে বলা হয়েছে। সেই রাস্তার অবস্থা খারাপ হবার দরুণ আসন্নপ্রসবা মেয়েরা দারুণ বিপদে পড়েন। ৩টি স্বাস্থ্যকেন্দ্র এই নিউ ব্যারাকপুর কেন্দ্রের মধ্যে পড়ে। অবিলম্বে এই রাস্তা মেরামত করার জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গুণধর চৌধুরী :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বাঁকুড়া জেলায় প্রধান প্রধান রাস্তা যেগুলি রয়েছে দীর্ঘদিন মেরামত না হবার ফলে সেই রাস্তাগুলি দিয়ে যানবাহন চলাচল করতে পারে না। বিশেষ করে, বাঁকুড়া-বিষ্ণুপুর, বাঁকুড়া-কোতলপুর এবং বাঁকুড়া-দুর্গাপুর এই রাস্তাগুলির অবস্থা ভয়ানক খারাপ। অফিসারদের বলা সত্বেও এই রাস্তাগুলি মেরামত করার কোন ব্যবস্থা হচ্ছে না। বাস মালিকরা বলছে বাস বন্ধ করে দেবে রাস্তা মেরামত না হলে। রাস্তার উপর কিছু কিছু পাথরকুচি ফেলা হয়েছে বটে, কিন্তু তাতে কোন কাজ হচ্ছে না। শোনা যাচ্ছে এই রাস্তা মেরামতের ব্যাপারে ঠিকাদার এবং ইঞ্জিনিয়ারদের মধ্যে একটা যোগসাজস রয়েছে। আমি অনুরোধ করছি বাঁকুড়া হয়ে যে সমস্ত সড়ক পথগুলি গেছে সেগুলি যেন অবিলম্বে মেরামত করা হয়।

শ্রী সুফল মুর্মু :— মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলার গাজল থানায় একলক্ষী স্টেশন থেকে পীরগোজঘাট পর্যন্ত রাস্তাটি অবিলম্বে পিচ দিয়ে ভালভাবে তৈরী করা হোক। বর্তমানে যে অবস্থায় রাস্তাটি রয়েছে তাতে জনসাধারণের চলাফেরায় খুবই অসুবিধা হচ্ছে।

শ্রী ধীরেন্দ্র নাথ চ্যাটার্জী :— মি: স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের গ্রামীণ পানীয় জলসরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিভিন্ন সময়ে প্রতি বছর লক্ষ্য করা যায় গ্রামে পানীয় জল পাওয়া যায় না। গ্রীষ্মকালে জলের কষ্ট নিয়ে এই এসেম্বলীতে অনেক হৈ চৈ হয়। দুঃখের বিষয় ১৯৮২ সালে ছোট বৈনান গ্রামীণ জল সরবরাহ প্রকল্প নামে একটি পরিকল্পনা অনুমোদন লাভ করেছে। কিন্তু এখনও পর্যন্ত তার কাজ এগোচ্ছে না। ইতিপূর্বে মন্ত্রী মহাশয়কে জানানো হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত কোন অগ্রগতি ঘটছে না। তাই মন্ত্রী মহাশয়কে এই চালু করার জন্য অনুরোধ করছি।

শ্রী রাইচরণ মাঝি :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর একটি গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হোল পশ্চিমবাংলায় প্রতি বছর সাপে কামড়ে বহু লোক মারা যায়। মহকুমার হাসপাতালে সিরাম দেবার ব্যবস্থা আছে। গ্রামে প্রাইমারী অথবা সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টারে এর কোন ব্যবস্থা নেই। মহকুমা হাসপাতালে আসতে আসতে রোগীরা মারা যায়। তাই স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি অন্তত খরা থেকে বর্ষা পর্যন্ত ঐ সমস্ত প্রাইমারী এবং সাবসিডিয়ারী হেল্‌থ সেন্টারে যাতে সিরাম দেওয়া যায় তার ব্যবস্থা করেন।

শ্রী অনিল মুখার্জি :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শক্তিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি হাউসে উপস্থিত আছেন। বাঁকুড়া জেলার ওঁদা থানার বিভিন্ন অঞ্চলে গত ১৯৭২ থেকে ১৯৭৭ সালে যেসব গ্রামে বা অঞ্চলে বিদ্যুতের তার দেওয়া হয়েছে যেটা বৈদ্যুতিকীকরণ করার কথা ছিল সেইসব এলাকায় ১৯৭৭ সাল থেকে ১৯৮৪ সাল পর্যন্ত বিদ্যুতের আলো জ্বালার ব্যবস্থা হোল না। মন্ত্রী মহাশয়কে আগেও বলেছি। এবারে অনুরোধ করছি যে অবিলম্বে ঐসব গ্রাম বা অঞ্চলগুলিতে যেখানে আগে থেকেই পরিকল্পনা করা আছে তার ব্যবস্থা করুন।

শ্রী সাধন চট্টোপাধ্যায় :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষ্ণনগরে যে ৩৪ নং সড়ক যেটা যাচ্ছে, নূতন দুর্গাপুর বাজার থেকে পেতিয়ারাওতাড়া, প্রভৃতি গ্রাম হয়ে নৃসিংহদেবতলার কাছে গৌরাঙ্গ সেতু সড়কে যে কাঁচা রাস্তা রয়েছে সেটা পাকা করার জন্য পূর্তমন্ত্রী মহাশয়েব দৃষ্টি আকর্ষণ করছি। এর গুরুত্ব এইজন্য যে গত ১৭।৯ তারিখে যে দুর্গাপুর গ্রাম থেকে ঘটকীপোতা পর্যন্ত যে রাস্তা যা উল্লেখ করেছি—সেইসঙ্গে এই রাস্তাটা হলে দত্তপুলিয়া আড়ংঘাটা বীরনগর বাদকুল্লা এবং নবদ্বীপ হয়ে গঙ্গার পশ্চিমপাড়ের সঙ্গে সোজা যোগাযোগ হয় এবং ঐ বিস্তীর্ণ এলাকা মানুষের চলাচল ব্যবসা-বাণিজ্য ইত্যাদির সুবিধা হয়। তাই আমি পূর্তমন্ত্রীকে গুরুত্ব দিয়ে এ সম্বন্ধে বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী সুভাষ গোস্বামী :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলায় মৃৎশিল্পী, বিশেষ করে যারা টাঙ্গী খোলা কলসী জগ তৈরী করে এমনিতেই তারা নানা সমস্যায় জর্জরিত—শিল্প-উৎপাদনের যেটা বিশেষ প্রয়োজন কয়লা—যেটা বিশেষ প্রয়োজন, তার সরবরাহ তারা পাচ্ছে না, ফলে প্রতিযোগিতার সম্মুখীন হতে হচ্ছে—তার উপর তাদের উপর নোটিশ জারী হয়েছে যে তাদের রয়্যালটি দিতে হবে। ডি এম নোটিশ জারী করেছে রয়্যালটি আদায় করার জন্য। আজকে তাদের শিল্প উঠে যাবে। শালতোড়া মুড়ুল কুম্ভকার টাইল মেকার্স কো-অপারেটিভ সোসাইটি থেকে আমাকে এই বিষয়ে চিঠি দিয়ে জানিয়েছে। এই বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি। আমি আপনার মাধ্যমে সেটা মাননীয় ভূমি রাজস্বমন্ত্রীর কাছে দিতে চাই এবং এই বিষয়ে সত্বর উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি যাতে করে মৃৎশিল্পীরা অবাধে রুজিরোজগারের ব্যবসা চালিয়ে যেতে পারেন, কোনরকম বাধা সৃষ্টি যেন না হয়।

[3-20–3-30 P.M.]

শ্রী ব্রজগোপাল নিয়োগী :—মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র ধনেখালি থানায় গত ৫ই সেপ্টেম্বর তারিখে একটি বধূকে হত্যা করা হয়েছে। তিনি দুটি সন্তানের জননী ছিলেন। তার নাম নয়নতারা ঘোষ, বয়স ২১ বছর। দুদিন ধরে তাকে নির্যাতন করা হয়। প্রথমে গলা টিপে শ্বাসরোধ করার চেষ্টা করা হয়, তারপর কেরোসিন তেল দিয়ে পোড়ানো হয়েছে। এই ব্যাপারে এখনো ধনেখালি থানা নিষ্ক্রিয়, নীরব দর্শকের ভূমিকায় রয়েছে। ব্যাপারটি এস. পি.র কাছেও বলা হয়েছে। তদন্ত করার নাম করে কেবল সময় নষ্ট করা হচ্ছে। ময়না তদন্ত করে তার রিপোর্ট নয়নতারার বাবা ও ভাই'এর হাতে দেওয়া হয়নি, পুড়িয়ে দেওয়া হয়েছে। এই অভিযোগ ইতিমধ্যেই নয়নতারার বাবা আমার কাছে জানিয়েছে আপনার মাধ্যমে সেটা মুখ্যমন্ত্রীর কাছে পৌঁছে দিতে। ওদের দাবী হচ্ছে মৃতদেহ গোপন করা হয়েছে এবং এই ঘটনার মিথ্যা প্রচার করে অন্যভাবে এটাকে ঢাকা দেবার চেষ্টা হয়েছে। এই ব্যাপারে গ্রামের লোকজন অত্যন্ত বিক্ষুব্ধ। অবিলম্বে দোষী ব্যক্তিদের উপযুক্ত শাস্তি দেবার ব্যবস্থা করা হোক। অনেক টাকা পয়সার পণ নিয়ে ছেলের বিয়ে দিয়েছিলেন। কিন্তু তা সত্বেও মাঝে মাঝে নয়নতারার মাধ্যমে নয়নতারার বাবার কাছ থেকে টাকা-পয়সা আদায় করত। নয়নতারা মারা যাবার ৩ মাস আগে আলু ব্যবসা করার নাম করে নয়নতারা তার বাবার কাছ থেকে ৪ হাজার টাকা এনে দিয়েছিল। তাই এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য আমি মুখ্যমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি। নয়নতারার বাবা একটি দরখাস্ত দিয়েছে সেটি মুখ্যমন্ত্রীর কাছে দেবার জন্য আপনার কাছে জমা দিচ্ছি।

শ্রী মাধবেন্দু মহান্ত :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার করিমপুর ২নং ব্লকে নবাবর্দাড়া বলে একটি খাল আছে। এই খালটি খুব গুরুত্বপূর্ণ খাল। নদীর জল এই খাল দিয়ে বিস্তীর্ণ এলাকায় ছড়িয়ে পড়ে। এই খালটির রেকর্ড কিছু সুবিধাবাদী লোক নিজেদের নামে করে নিয়েছে। খালটির রেকর্ড নিজেদের নামে করে নেবার ফলে খালটির মুখে মাটি দিয়ে একটি বাঁধ দিয়ে দেয় যাতে নদীর জল জমিতে ঢুকতে না পারে। নদীর জল যাতে চারিদিকে ছড়িয়ে পড়তে না পারে সেইজন্য খালটিতে বাঁধ দিয়ে বাধা সৃষ্টি করে এবং তার ফলে পাটচাষ, আমন চাষের খুব অসুবিধা সৃষ্টি হয়। ১৯৭৭/৭৮ সালে এই খাল সংস্কারের জন্য স্লুইস গেট প্রকল্প অনুমোদিত হয়েছে। সেই স্লুইস গেটের কাজ কিছু অংশ হয়েছে, বাকিটা এখনো পর্যন্ত হয়নি। অর্দ্ধেকের উপর কাজ হয়ে গেছে। ১৯৭৭/৭৮ সালে যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল সেটি তাড়াতাড়ি রূপায়িত করার জন্য মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী ছায়া ঘোষ:—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় জুডিসিয়াল মিনিষ্টারের কাছে জানাতে চাই। মুর্শিদাবাদ জেলায় যতগুলি কোর্ট আছে তার মধ্যে লালবাগ ফৌজদারি কোর্ট হচ্ছে সবচেয়ে পুরাতন কোর্ট। কয়েক বছর ধরে এই কোর্ট একেবারে জরাজীর্ণ অবস্থায় পৌঁছে গেছে। এর চুণ বালির কাজ ধ্বসে গেছে, ছাদ পড়ে যাচ্ছে। বার লাইব্রেরির একটা ছোট্ট অংশে কোর্ট বসছে। কোর্টটির অবস্থা অত্যন্ত সঙ্গীন হয়ে গেছে। এই কোর্টের জন্য একটা জায়গা নেওয়া হয়েছিল। সেখানে একটি সাইন বোর্ডও টাঙানো হয়েছিল দেখেছি। কিন্তু কিছুদিন ধরে আর সেই সাইন বোর্ডটিকে দেখতে পাওয়া যাচ্ছে না। সাইন বোর্ড নেই, বিল্ডিং হবার কোনরকম ব্যবস্থাই আমরা দেখতে পাচ্ছি না। শুনলাম কিছু টাকার এ্যালটমেন্ট নাকি দেওয়া হয়েছে। কিন্তু সেই টাকা কোথায় গেল সেটা আমরা বুঝতে পারছি না। কোর্টের এই অবস্থা দেখে ওখানকার হাকিম, ল'ইয়ার এবং মক্কেলরা অত্যন্ত ভীত ও সন্ত্রস্ত হয়ে পড়েছে। এই ব্যাপারে একটা তদন্ত করে অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা নিতে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় সমবায়মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, করিমপুর থানা লার্জ সাইজড কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটির কর্মচারীরা চ্যালেঞ্জ করে দুর্নীতি করছে। বামফ্রন্ট সরকার ৭/৮ বছর ক্ষমতায় এসেছে কিন্তু এখনও পর্যন্ত আমরা সেখানে গভর্ণমেন্ট নমিনি পাঠাতে পারিনি । সেখানকার কর্মচারীরা পাবলিকের লক্ষ লক্ষ টাকা নিয়ে নিজেদের নামে ব্যবসা করছে। একজন কর্মচারী সারের ব্যবসা করছে, ম্যানেজার পাটের ব্যবসা করছে। সেখানে প্রচণ্ড দুর্নীতি চলেছে। আমরা বাইরে থেকে প্রতিবাদ করেছি কিন্তু কোন কাজ হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবী, অবিলম্বে এই বিষয়টির তদন্ত করুন এবং তা করে সেখানকার দুর্নীতি ফাঁস করে দুর্নীতিবাজদের শাস্তি দেওয়ার ব্যবস্থা করুন। স্যার, তারা সবই কংগ্রেসের লোক। সেখানে বোর্ড থেকে কর্মচারী সমস্ত লোক প্রকাশ্যভাবে দুর্নীতি করছে। আমি এর প্রতিকার চাই।

শ্রী সরল দেব :—স্যার, যদিও আমার মেনশান ছিল কোলকাতা কর্পোরেশন সম্পর্কে তবুও সংবাদপত্র সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই।

মিঃ স্পীকার :—মেনশানের সাবজেক্ট চেঞ্জ করা যায় না, এটা আমি এ্যালাউ করি না।

শ্রী সরল দেব :—স্যার, সংবাদপত্রের মতন...

মিঃ স্পীকার :— Please do not record. This would not go on record.

শ্রী দ্বিজেন্দ্র নাথ রায় :— মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকায় কয়েকটি স্লুইস গেট রয়েছে কিন্তু সেগুলির ডায়েমিটার অত্যন্ত কম, মাত্র তিন ফুট, ফলে জল ঠিকমত ডিসচার্জ হয় না। এতে বন্যা হয়, লোকের বাড়ীঘর ধ্বংস হয়। স্যার, সেখানে ইছামতী নদীর উপর দুটি স্লুইস গেটের প্রকল্প নেওয়া হয়েছে ৮ থেকে ১০ মাইল আপ এবং ডাউনে। এর কাজটা ১৯৮৩ সালে শুরু হয়ে খানিকটা হয়েছে বাকিটা পড়ে আছে।

এই বিষয়টি দেখার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। এ ছাড়া আত্রেয়ী নদীর পাড়ে যে বালুপাড়া গভর্ণমেন্ট কলোনী আছে সেখানে একটি এমব্যাঙ্কমেন্ট প্রকল্প গ্রহণ করা হয়েছে। এর অর্ধেকটা কাজ হয়েছে, বাকিটা পড়ে আছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে এটাও দেখার জন্য আমি অনুরোধ করছি।

শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মাননীয় কৃষিমন্ত্রী এখানে আছেন, তিনি যদি একটু দয়া করে বিষয়টি শোনেন তাহলে ভালো হয়। স্যার, আপনি জানেন, কৃষকরা পাটে মার খাচ্ছে, এখন আবার তারা যে ধান বুনেছে তাতে ব্যাপকবাবে ধ্বসা রোগ ধরায় তারা আবার মার খাবার আশংকায় ভুগছে। স্যার, মাঠের পর মাঠ সাদা হয়ে গিয়েছে, বাজারের ঔষধে পোকা মরছে না। লোকে বলছে ঔষধে ভেজাল। ভেজাল ঔষধ বাজারে বিক্রি হচ্ছে যার জন্য পোকা মরছে না। কৃষকরা বলছে কাস্তে নিয়ে আর মাঠে যেতে হবে না, ধানের শীষ আর উঠবে না, ফসল হবে না। আমি তাই মাননীয় কৃষিমন্ত্রীকে বলব, যুদ্ধকালীন পরিস্থিতির মতন বিষয়টি বিবেচনা করে এই পোকা মারার ব্যবস্থা করুন। অন্যথায় কৃষকরা তো মরবেই, সমস্ত মানুষ ফসলের অভাবে মরবে। ধানের ধ্বসা রোগের ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য আমি আবার মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুভাষ বসুঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১৩ তারিখে চাকদায় একটি ছাত্র এবং একটি যুবক রাত্রিবেলায় আসছিল, সেই রাত্রে লোহার রড ও ভোজালি নিয়ে একদল লোক তাদের উপর ঝাঁপিয়ে পড়ে ফলে গুরুতররূপে তারা আহত হয়। তারা হাসপাতালে ভর্তি আছে। চাকদা কলেজে জয়লাভই হচ্ছে তাদের অপরাধ। স্যার, যারা আহত করেছে এবং আক্রমণ করেছে তারা হচ্চে জাতীয়তাবাদী কংগ্রেসের মস্তান। আমার অনুরোধ, অবিলম্বে তাদের গ্রেপ্তার করা হোক এবং তাদের শাস্তি বিধান করা হোক।

[3.30–3.40 P. M.]

শ্রী অবিনাশ প্রামাণিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ ও নদীপথ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা ভয়াবহ অবস্থার প্রতি। হুগলী জেলার গুপ্তিপাড়া থেকে কামারগাছি পর্যন্ত ভাগিরথী নদীর ভাঙ্গনে গরীব মৎস্যজীবী কৃষক যারা নদীর পাড়ে বসবাস করে তারা বাস্তুহীন হয়ে গেছে, তাদের বাস্তুর কোন ব্যবস্থা নেই এবং আরো বহু গ্রাম ভেঙ্গে যাচ্ছে। নদীয়া, শান্তিপুর, বেথুয়াডোরী ইত্যাদি জায়গায়ও নদীর ভাঙ্গনের ফলে গরীব মৎস্যজীবি কৃষক এবং উদ্বাস্তু পরিবাররা আবার উদ্বাস্তু হয়ে যাচ্ছে তাদের পুনর্বাসন করতে হবে এবং ঐ সমস্ত নদীর ভাঙ্গনরোধ করার সমস্ত রকম ব্যবস্থা করতে হবে। আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে এই অনুরোধ করছি।

ডাঃ হরমোহন সিন্‌হা ঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটা হচ্ছে বর্ধমান শহরে ভয়াবহ বিদ্যুৎসংকট দেখা দিয়েছে। সেই বিদ্যুৎসংকটের জন্য প্রতিনিয়ত মানুষ জর্জরিত হয়ে যাচ্ছে। জনসাধারণ আমাদের কাছে জিজ্ঞাসা করছে যে এই ধরণের সংকট কেন দেখা দিয়েছে? আমি জানি না, বিদ্যুৎমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তিনি বলুন যে কোন্ কারণে এটা হচ্ছে। বর্ধমানে অনেক কোল্ড ষ্টোরেজ আছে, সেখানে বিদ্যুৎসংকট দেখা দিয়েছে, কৃষিক্ষেত্রেও বিদ্যুৎসংকট প্রকটভাবে দেখা দিয়েছে এবং জনসাধারণের দৈনন্দিন জীবনে যে বিদ্যুতের প্রয়োজন সেটারও অভাব রয়েছে। আমরা দেখছি যে ঠিক সন্ধ্যার সময়ে যখন প্রদীপ দেওয়া দরকার সেই সময়ে সব নিষ্প্রদীপ করে দেওয়া হচ্ছে। বর্ধমান জেলার ক্ষেত্রে এর কারণ কি সেটা আশাকরি তিনি উত্তরে বলবেন।

[Zero Hours]

শ্রী আবদুর সাত্তার ঃ— মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আমি এবং আরো অনেকে এই হাউসে সংবাদপত্রের ব্যাপারে উল্লেখ করেছিলাম যে সংবাদপত্র প্রকাশিত হয়েছিল অথচ বিতরণ করা হয়নি। তার কারণ হচ্ছে, হকারদের ১৭ দফা দাবীর ভিত্তিতে তারা সংবাদপত্র বিতরণ বয়কট করেছে। স্যার, গতকাল আমাদের কাছে শোনার পরে আপনি বলেছিলেন তথ্য এবং সংস্কৃতি মন্ত্রীকে তাদের সঙ্গে বসে একটা ফয়সালা করার জন্য। কিন্তু আজকে দেখছি যে গতদিনে যে সংবাদপত্র প্রকাশিত হয়েছিল সেটাও মানুষ পায়নি। ইন্ডিয়ান জার্নালিস্ট এ্যাসোসিয়েশন থেকে তাদের সভাপতি রনেন মুখোপাধ্যায় একটা চিঠি মাননীয় মুখামন্ত্রীর কাছে দিয়েছেন। আমি সেটা পড়ে দিচ্ছি। 'হকাররা ১৭ দফা দাবিতে ১৮ সেপ্টে ম্বর থেকে সংবাদপত্র বয়কট আন্দোলন করছেন। এই আন্দোলন ইতিমধ্যেই সংবাদপত্র বন্টনে বাধা দেবার চেষ্টায় পরিণত হয়েছে। সংবাদপত্র পরিচালকরা আজ থেকে সংবাদপত্র প্রকাশের কাজ স্থগিত রেখেছেন। এই অবস্থা জনগণের সংবাদলাভের মৌল গণতান্ত্রিক অধিকারের পরিপন্থী' আমিও মনে করি যে সারা দেশের মানুষ এই সংবাদপত্র পাবার ব্যাপারে যে মৌল অধিকার আছে, তা থেকে জনগণ বঞ্চিত হচ্ছে। মুখ্যমন্ত্রীকে আরো বলা হয়েছে যে আপনি অবিলম্বে নিম্নলিখিত দুটি ব্যবস্থা নেবার জন্য হস্তক্ষেপ করুন : (১) অবিলম্বে সংবাদপত্র পুন:প্রকাশ এবং (২) সংবাদপত্র বিলিবন্টনে বাধার অবসান। তারপরে বিভিন্ন পত্রিকা গ্রুপ—আনন্দবাজার পত্রিকা, আজকাল, অমৃতবাজার পত্রিকা, ষ্টেটসম্যান, যুগান্তব, বর্তমান এবং অন্যান্য প্রকাশনি যেগুলি আছে তারা সিদ্ধান্ত নিয়েছে যে Publication of newspapers and periodicals from Calcutta will be suspended from tomorrow following the hawkers' agitation. It announced it's decision.

স্যার, আপনি গতকাল বলেছেন মিঃ ফাদিকারকে, তিনি যাতে এই বিষয়টা দেখেন। কিন্তু তিনি উপস্থিত নেই। আজকে আপনি একটা ব্যবস্থা করুন যাতে মুখ্যমন্ত্রী শ্রমমন্ত্রী এবং ওদের দুই তরফ থেকে, যারা সংবাদপত্রের মালিক এবং হকারদের যারা প্রতিনিধি আছেন, তাদের নিয়ে বসা যায়। এই ব্যাপারে যদি না বসা যায় তাহলে আমরা ভারতবর্ষের এবং ভারতবর্ষের বাইরে কি ঘটনা ঘটছে, আমরা যারা এই সভার সদস্য আছি এবং পশ্চিমবাংলার জনগণ এই সংবাদ থেকে বঞ্চিত হচ্ছি। জনগণের মৌলিক অধিকার হচ্ছে সংবাদ জানা, এর থেকে তারা বঞ্চিত হচ্ছেন। এই ব্যাপারে আপনার হস্তক্ষেপ আমি দাবী করছি। আপনি গতকাল যেটা বলেছেন, তা কি হলো আমি জানি না। আমার মনে হয় কিছু হয়নি। তার কারণ বসুমতিতে যা প্রকাশ করা হয়েছে তাতেও কিছু লেখা হয়নি শুধু লেখা হয়েছে বুধবার বিধানসভায় স্পীকার হাসিম আবদুল হালিম রাজ্যের তথ্য ও সংস্কৃতি মন্ত্রী প্রভাস ফদিকারকে সংবাদপত্র হকারদের ধর্মঘট প্রসঙ্গে সংশ্লিষ্ট সব পক্ষকে নিয়ে আলোচনার মাধ্যমে সংবাদপত্র বিক্রেতাদের ধর্মঘটের মীমাংসার অনুরোধ করেছেন। শুধু এইটুকু লেখা হয়েছে। তাই আমি বলছি এটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। পশ্চিমবঙ্গ থেকে সংবাদ পত্র বের হচ্ছে না। এই গুরুত্বপূর্ণ

বিষয়টা সকল দলের যারা সদস্য আছি, এটার উপর গুরুত্ব দিয়েছেন এবং এই সম্পর্কে হস্তক্ষেপ করুন এবং মুখ্যমন্ত্রীকে বলুন যাতে মুখ্যমন্ত্রী হস্তক্ষেপ করে এর মীমাংসা করেন।

শ্রী কমল সরকারঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টা নিয়ে কালকে আমরা কিছুটা আলোচনা করেছিলাম। সাত্তার সাহেব যে ভাষায় বলেছেন, শচীন সেন মহাশয়ও সেই ভাষাতেই বলেছেন। মোটামুটিভাবে আমরা চাইছি যে, এই যে একটা অচল অবস্থার সৃষ্টি হয়েছে, এটা দূর হোক। আমাদের দেশের জনগণ সংবাদপত্র পাক। যদিও সংবাদপত্রে একই কথা বেরোয় না এবং সমস্ত সংবাদ পত্র এক দৃষ্টিভঙ্গিরও নয়। কিন্তু আমরা চাইছি সংবাদ পত্র বের হোক। সেই জন্য আমরা কালকে রিকোয়েস্ট করেছিলাম। মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলুন। কথা বলে দেখুন এই অচলাবস্থা কি করে দূর করা যায়। আমরা জানি আমেরিকার মত এইগুলো মনোপলি হাউস হয়ে রয়েছে। চটকল এবং লোহার কারখানার মত এই খবরের কাগজের মালিকরা সেই পদ্ধতিতেই চলছে। খবরের কাগজ বন্ধ হয়ে রয়েছে, সেটা যাতে চালু হতে পারে, পশ্চিমবঙ্গের মানুষ যাতে সংবাদপত্র পেতে পারে, সেটা আমরা গতকাল মোটামুটি বিভিন্ন দলের নেতারা যে কথা বলেছিলাম, আমি পুনরায় তার উল্লেখ করতে চাইছি এবং আপনাকে অনুরোধ করছি, এই বিষয়ে একটা উদ্যোগ নিতে।

শ্রী সত্য রঞ্জন বাপুলিঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোধহয় আপনি হস্তক্ষেপ করলে আর একটু তাড়াতাড়ি হবে। সাত্তার সাহেব ইন্ডিয়ান জার্নালিস্ট এ্যাসোসিয়েশনের শ্রী রনেন মুখার্জীর সঙ্গে কথা বলেছেন। গণতন্ত্রে সংবাদপত্র তো নিশ্চয়ই দরকার, তা না হলে গণতন্ত্র থাকে না। সংবাদপত্র না হলে সবাই সব কিছু বলতে পারেন না। আমি আপনাকে একটু বলি, গত তিন দিন হলো সংবাদ পত্র বেরোনোর ব্যাপারে একটা অচলাবস্থা চলছে। আপনি মুখ্যমন্ত্রীকে বলুন তিনি এই ব্যাপারে যেন হস্তক্ষেপ করেন এবং মুখ্যমন্ত্রী তাঁর ঘরে ওদের ডেকে ব্যাপারটা যেন মিটিয়ে দেন, এটাই আমাদের আবেদন।

[3-40–3-50 P.M.]

শ্রী সুভাষ বসুঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এখানে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী উপস্থিত আছেন, তাঁর নিকট আমি আপনার মাধ্যমে একটি নিবেদন রাখছি। স্যার, আপনি জানেন কিছু দিন পূর্বে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয় কল্যাণীতে গিয়েছিলেন এবং ওখানে একটি ইঞ্জিনিয়ারিং কলেজ করার মত জায়গা দেখে এসেছিলেন। কিন্তু ইতিমধ্যে দু'একজন অফিসার বলছেন কল্যাণীতে ইঞ্জিনিয়ারিং কলেজ হবে না। ইঞ্জিনিয়ারিং কলেজটিকে সল্ট লেকে নিয়ে যাওয়া হবে। তাই যদি হয় তাহলে কল্যাণীর ডেভলপমেন্ট কি করে হবে? আজকে ওখানে ব্যারাকপুর এক্সপ্রেস রোডের মত একটা বড় সড়ক তৈরী হয়েছে এবং তার পাশেই প্রায় ৭০ একর জমি দেওয়া হয়েছে। এই অবস্থায় ঐ অফিসারদের কি ইন্টারেস্ট জানি না! কল্যাণীতে যে ডেভলপমেন্ট শুরু হয়েছে তা ঐ ইঞ্জিনিয়ারিং কলেজটি হলে আরো ত্বরান্বিত হবে এবং আরো বেশী ডেভলপমেন্ট হবে বলেই আমাদের দৃঢ় বিশ্বাস। অতএব আমার মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন, কলেজটি যাতে কল্যাণী থেকে স্থানান্তরিত না হয় তার জন্য উপযুক্ত ব্যবস্থা তিনি গ্রহণ করুন। কল্যাণীতেই ইঞ্জিনিয়ারিং কলেজ গড়ে তোলার জন্য আমি তাঁর কাছে আবেদন করছি।

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্যঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আবাসন দপ্তরের অব্যবস্থা বা দুরবস্থা সম্পর্কে আপনার মাধ্যমে বিভাগের এবং বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭৯ সালের ১৮ই সেপ্টেম্বর জনৈক প্রার্থী একটি ফ্ল্যাটের জন্য এই দপ্তরে আবেদন করেছিলেন। ফ্ল্যাট পাওয়ার তাঁর সমস্ত যোগ্যতা ছিল এবং পাওয়ার জন্য যা যা করণীয় তার সবই তিনি করেছিলেন। বিগত ২/৪/৮৫ তারিখ স্বয়ং মন্ত্রী মহাশয় তাঁর দরখাস্তের মঞ্জুরীনামা লিখে দিয়েছিলেন এবং টপ্ প্রায়রিটি দেওয়া হবে বলেও লিখে দিয়েছিলেন। সেই অনুযায়ী করিম বক্স রোডের যে ফ্ল্যাটটি তাঁকে দেওয়ার কথা, সেটি বহু দিন ধরে একজন দখল করে রয়েছেন। সম্প্রতি সেই দখলদার জনৈক পাড়ে ফ্ল্যাট ছেড়ে চলে যাওয়ার ঠিক হয় সেটি তাঁকে দেওয়া হবে। কিন্তু তিনি নির্দিষ্ট দিনে ফ্ল্যাটের দখল নিতে গিয়ে দেখেন যে, সেটি জনৈক মনোরঞ্জন পালের নামে এ্যালট করা হয়েছে, যিনি মিলিটারিতে কাজ করেন এবং বর্তমানে পাঞ্জাবে আছেন, তিনি তাঁর ভাই সত্য পালকে সেখানে বসিয়ে রেখে গিয়েছেন, সত্য পাল ফ্ল্যাটের দখল নিয়ে বসে আছেন। কালকেই এই হাউসে মন্ত্রী মহাশয় যা যা হবে না বলেছিলেন, তাই এখানে হচ্ছে। মন্ত্রী মহাশয় নিজে এ বিষয়ে যে নির্দেশ দিয়েছিলেন তার কপি আমার কাছে আছে, প্রয়োজনে আমি তা দেখাতে পারি। অথচ তাঁর বিভাগের এস্টেট ম্যানেজার তাঁর নির্দেশ না মেনে অন্য রকম ব্যবস্থা করেছেন।

শ্রী নীরোদ রায় চৌধুরীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকায় একটি ক্যালসিয়াম কার্বোনেট ফ্যাক্টরি আছে, তার নাম 'রাধা কেমিক্যাল'। এই কারখানাটিতে ১৩১ জন শ্রমিক কাজ করেন, দীর্ঘ দিন ধরে তাঁরা সেখানে কাজ করছেন। কিন্তু আজ পাঁচ মাস তাদের সবাইকে লে-অফ্ করা হয়েছে। দীর্ঘদিন ধরে এই সংস্থার মালিকরা ভাবছিল কি করে সংস্থাটি বন্ধ করে দেওয়া যায়, কিন্তু স্থানীয় জনসাধারণ এবং শ্রমিকদের যুক্ত প্রচেষ্টায় তারা বন্ধ করতে পারছিল না। তাই আজকে তারা শ্রমিকদের লে-অফ্ করার পথ নিয়েছিল এবং এই ভাবে কারখানাটি বন্ধ করতে চাইছে। এই অবস্থায় আমি এই বিষয়টির প্রতি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি কারখানাটি যাতে বন্ধ না হয়, শ্রমিকরা যাতে আবার কাজ পায় তার জন্য তিনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী দীপক সেনগুপ্তঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার দলের তরফ থেকে বিরোধী দলের নেতা, বিরোধী এস. ইউ. সি. দলের মাননীয় সদস্য এবং সরকার পক্ষের বিশিষ্ট ট্রেড ইউনিয়ন নেতা মাননীয় কমল সরকার মহাশয় সংবাদপত্র সম্বন্ধে যে বক্তব্য উত্থাপন করেছেন, সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতে বক্তব্য রাখছি। বিষয়টি আমরা গুরুত্ব দিয়ে গ্রহণ করতে চাই। সংবাদপত্র বন্ধ থাকবে আর গণতন্ত্র চলবে, এটা হয় না। কিছুক্ষণের জন্য হলেও আপনি এই হাউসের নিয়ম ভাঙতে সাহায্য করেছেন। ৩২৫ ধারা অনুযায়ী আপনি বলেছেন প্রাসঙ্গিক না হলে বিধানসভার ভিতরে কোনো খবরের কাগজ পড়া যাবে না। আপনি একটু আগে ঘোষণা করলেন "বসুমতী" পত্রিকা কাউন্টারে রাখা হয়েছে। আপনি লক্ষ্য করেছেন, মাননীয় সদস্যরা সংবাদপত্র ঘরের ভিতরেও পড়ছেন। কাজেই সংবাদপত্র বাদ দিয়ে আমরা চলবো এটা হয়না। অতীতকালে এইসব সংবাদপত্রের ভাল ভূমিকা ছিল। সংবাদপত্রের মালিকেরা লক্ষ লক্ষ টাকা বানিয়েছেন একথা ঠিকই, আবার এইদিক দিয়ে অর্থাৎ ব্যবসার ক্ষেত্রে হকার্সদের ভূমিকা নেই তাও ঠিক নয়। কিন্তু সংবাদপত্র সংবাদপত্রই। শিল্প ধর্মঘটের ক্ষেত্রে ১২ সেপ্টেম্বর সংবাদপত্রগুলিকে ধর্মঘটের আওতার বাইরে রাখা হয়েছিল। সুতরাং সংবাদপত্রের গুরুত্ব এর দ্বারা বোঝা যায়। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় থাকছেন না, শুনছি, উনি সোভিয়েত রাশিয়াতে যাচ্ছেন। এই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ ছাড়া সমাধান হবে বলে মনে হয়না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিদেশ যাবার আগে এ ব্যাপারে হস্তক্ষেপ করে যেন একটা ব্যবস্থা করে যান এই অনুরোধ আমি রাখছি।

(Shri Satya Ranjan Bapuli rose to speak)

Mr. Speaker:—Mr. Bapuli don't disturb. Please take your seat. Now Shri Prabodh Purkait.

শ্রী প্রবোধ পুরকাইতঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী প্রবোধ পুরকাইতঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হলো, জয়নগর এবং কুলতলি থানার মধ্যে দীর্ঘকাল ধরে একটি রাস্তা প্রস্তাবিত হয়ে আছে। এই রাস্তাটি ২৪ কিলোমিটার। এরজন্য সমস্ত জায়গা অধিগ্রহণ করা হয়েছে। ৬ কিলোমিটার রাস্তা ব্ল্যাক-টপ হয়ে গেছে এবং শেষের দেড় কিলোমিটার রাস্তায় মাটি পড়ে গেছে কিন্তু মাঝের দীর্ঘ জায়গায় মাটি পড়েনি। সুতরাং অবিলম্বে রাস্তাটি যাতে দ্রুত সম্পন্ন হয় তার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

শ্রী জয়ন্ত কুমার বিশ্বাসঃ—মাননীয় স্পীকার স্যার, আজকে বিরোধী দলের নেতা এবং অন্যান্য সদস্যরা সংবাদপত্র বন্ধ থাকা সম্পর্কে বক্তব্য রেখেছেন এবং আমরা সবাই জানি, গণতান্ত্রিক বিধি ব্যবস্থাকে দৃঢ়ভাবে রক্ষার জন্য সংবাদপত্রই হচ্ছে অন্যতম বাহন এবং শক্তিশালী প্রচার মাধ্যম। আপনি কালকে নির্দেশ দিয়েছেন মাননীয় তথ্য ও সাংস্কৃতিক দপ্তরের মন্ত্রী মহাশয়কে ধর্মঘটের ক্ষেত্রে হস্তক্ষেপ করে ব্যবস্থা গ্রহণ করার জন্য। আমি মনে করছি, এর মাধ্যমে যে সমস্ত দাবীপত্র তাদের আছে তার মধ্যে যৌক্তিকতা কিম্বা অযৌক্তিকতা আছে কিনা সেটার মীমাংসা সহজ হবে।

শ্রী কাশীনাথ মিশ্রঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমি আশা করেছিলাম, এই সভায় এই বিষয়ে আলোচনা হবে এবং তারজন্য আমি ১৮৫ ধারায় নোটিশ দিয়েছিলাম গৃহবধূ হত্যা সম্পর্কে। যাইহোক, এই গৃহবধূ হত্যা সামাজিক অত্যাচার হিসাবে দেখা দিয়েছে এবং সমগ্র পশ্চিমবাংলায় ব্যাপক আকার ধারণ করেছে। এর প্রতিকারের জন্য সরকার পক্ষ থেকে যে ব্যবস্থা গ্রহণ করা উচিৎ ছিল তা নেওয়া হয়নি। আজও পর্যন্ত দেখতে পাচ্ছি, গৃহবধূ হত্যা ক্রমাগতভাবে সারা রাজ্যে বেড়ে চলেছে। এই ব্যাপারে অবিলম্বে দৃষ্টি দিয়ে এর প্রতিকারের জন্য এবং এরজন্য যে আইন হওয়া দরকার সেই আইন হওয়া উচিত বলে আমি মনে করি।

[3-50—4-30 P.M.]

(including adjournment)

শ্রী ভূপাল পাণ্ডাঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করতে চাই। বিষয়টি হোল—পশ্চিমবাংলার প্রায় ৫০০০ ট্যানারী শ্রমিকের উপর রক্ত-শোষক মালিক পক্ষ এক সীমাহীন অত্যাচার চালাচ্ছে। মালিকপক্ষ ঐ শিল্প-শ্রমিকদের পি. এফ., ই এস.আই. বা এ্যাকসিডেন্ট বেনিফিট - - কিছুই দিচ্ছে না। অথচ অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে তাঁদের কাজ করতে হয়। আজকে এই চর্মশিল্প দ্রব্য বিদেশে চালান দিয়ে একদিকে সরকার প্রচুর বিদেশী মুদ্রা অর্জন করছেন, অন্যদিকে মালিকপক্ষও এর থেকে প্রচুর মুনাফা লুটছে। ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৪৫০ কোটি থেকে ১০০০ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জনের লক্ষ্যমাত্রা স্থির করেছেন ভারত সরকার।

(এই সময় মিঃ স্পীকার পরবর্ত্রী বক্তাকে বলতে আহ্বান করায় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

শ্রী আবদুল মান্নানঃ—মাননীয় স্পীকার মহাশয়, বামফ্রন্টের নরক যাত্রার সমাপ্তি অনুষ্ঠানে যোগ দিতে মাননীয় মুখ্যমন্ত্রী হলদিয়া গেছেন। আমাদের এতে কোন আপত্তি নেই। কিন্তু তাঁদের এই নরকযাত্রাকে কেন্দ্র করে ওখানে মেদিনীপুর-এর মানুষদের যে নরক-যন্ত্রণা ভোগ করতে হচ্ছে সেটা আমি এখানে উল্লেখ করতে চাইছি। আজকের সকালবেলায় ট্রাঙ্ককল এসেছিল মেদিনীপুর থেকে। তাতে সেখানকার মানুষ অভিযোগ করেছেন যে, ঐ নরক যাত্রাকে কেন্দ্র করে সেখানকার সাধারণ মানুষদের কাছ থেকে অন্যায়ভাবে টাকা-পয়সা আদায় করা হচ্ছে এবং সমস্ত বাস নিয়ে নেওয়া হয়েছে বলে মানুষ রাস্তায় বেরোতে পারছেন না। আজকে এই রকম একটা অবস্থা সেখানে চলছে। মাননীয় মুখ্যমন্ত্রী হলদিয়া গেছেন। আজকে আপনি তাঁকে টেলেক্সের মাধ্যমে খবর দিন যে, মুখ্যমন্ত্রী যখন সরকারী পয়সায় সেখানে গেছেন, তখন অন্ততপক্ষে জনগণের এই দূর্দশার ব্যাপারে যেন তিনি তদন্ত করে দেখে আসেন। কি ভাবে বামফ্রন্টের লোকজন সেখানে অত্যাচার করেছে—সেটাও যেন তিনি সরেজমিনে তদন্ত করে দেখেন এবং আগামীকাল এই হাউসের কাছে রিপোর্ট দেন এটাও তাঁকে জানাবেন।

STATEMENT UNDER RULE 346

শ্রী শান্তি রঞ্জন ঘটকঃ—মাননীয় স্পীকার স্যার, আমি শুনেছি যে, বোনাস নিয়ে কিছু কিছু আলোচনা হয়েছে এই বিধানসভায়। আমরা আমাদের সরকারের পক্ষ থেকে এই ব্যাপারে একটি গাইড লাইন ইতিমধ্যে প্রেস নোট আকারে দিয়েছি। তাহলেও সেই গাইড লাইন আপনাদের অনুমতি নিয়ে যদি এখানে পড়ে দিই, তাহলে সুবিধা হবে।

Guidelines for settlement of industrial disputes arising over bonus claims for the accounting year commencing on any day in 1984.

The Government of West Bengal hereby issues the following broad guidelines for maintenances of industrial peace and settlement of industrial disputes arising over the claims of bonus for the accounting year commencing on any day in 1984:

(1) In keeping with the practice followed in the past years and keeping in view the need for maintenance of industrial peace and harmony, it is expected that the management, while taking note of the statutory provisions would adopt a flexible and generous attitude on the issue of payment of bonus.

(2) The Government appeals to the employers that keeping in view the deletion of section 12 of the Payment of Bonus Act by an amendment to the Act, bonus should be paid for the accounting year commencing on any day in 1984 on the basis of actual basic pay plus dearness allowances. It may be noted that the ceiling on coverage of the employees under the provision of the Payment of Bonus Act remains unchanged i.e. Rs. 1600/- per month.

(3) All estabsishments are also requested to see that the rate of bonus payable this year is not lower than that of the last year. In case however, where a lower rate is sought to be paid by any employer or a rate higher that of last year is demanded by the workmen, the same may be settled amicably through negotiations.

(4) All payment of bonus should be made by the 5th October, 1985.

(5) The Government expects that all Employers' Organisations will advise their constituents to follow the guidelines.

(6) The Government also appeals to the Trade Unions to extend their co-operation in maintaining a climate of industrial peace and to exercise their good offices for effective settlement of industrial disputes concerning bonus without any disruption of work.

এই মর্মে সমস্ত তথা চেম্বার অফ কমার্সের কাছে আমাদের গভর্ণমেন্টের পক্ষ থেকে ৩রা সেপ্টেম্বর সারকুলার চলে গেছে।

Mr. Speaker : The statement will be circulated.

(At this stage, the House was adjourned till 4.30 p.m.)

[4.30-4.40 P.M.] (After Adjournment)

Privilege Motion

Mr. Speaker : I have received one privilege motion from Shri Subrata Mukherjee and 7 other M.L. A.s on the 12th September, 1985 relating to adjournment of the House by me on the 12th September, 1985 without transacting business of the House.

The Question is that the Speaker cannot be the subject matter of any breach of privilege motion since he is protector of privileges, vide practice and procedure of Parliament - by Kaul & Shakdher, page-237. So the motion is disallowed.

I have received another privilege motion from Shri Subrata Mukherjee and 6 other M.L.S.A.s regarding alleged obstruction by C. P. while the Members were coming to discharge their parliamentary duties on 12.9.85. I have requested the Home Department to submit a report on the alleged matter and after that the motion will be taken.

I have also received a privilege motion from Shri Amarendra Nath Bhattacharya regarding alleged misleading statement by the Minister-in-charge of Commerce and Industries, Government of West Bengal in reply to a Calling Attention on 18.9.85. A breach of privilege can arise only when the member or the Minister makes a false statement or an incorrect statement wilfully, deliberately and knowingly. Other lapses, other mistakes do not come under this category, vide Practive and Procedure of Parliament by Kaul and Shakdher - page 234. So the motion is disallowed.

I have received a privilege motion from Shri Jamini Bhusan Saha regarding alleged instructions issued by the Ministry of Finance, Govt. of India to the Gramin Banks not to take cognizance of the Assembly Questions as stated by the Finance Minister, Government of West Bengal on 16.9.85 on the floor of the House. I am not satisfied regarding the admissibility of the privilege motion. So I want to hear from Mr. Jamini Bhusan Saha about it. Mr. Saha, you have to satisfy me how your privilege lies.

শ্রী যামিনী ভূষণ সাহা : স্যার, গত ১৬।৯।৮৫ তারিখে এক প্রশ্নের উত্তরে আমাদের মাননীয় অর্থমন্ত্রী জানিয়েছিলেন - আমি তাঁর জবাবের যে রেকর্ড এখানে হয়েছে তা থেকে পড়ছি - ''যদি বিধানসভায় গ্রামীণ ব্যাংক সম্পর্কে কোন প্রশ্ন তোলা হয় এবং সেই প্রশ্নের পরিপ্রেক্ষিতে গ্রামীণ ব্যাংকের কাছে যদি কোন তথ্যের অনুসন্ধান করা হয়, সেই তথা যেন রাজ্য সরকারকে পরিবেশন করা না হয়।''

স্যার, আমি মনে করি এটা প্রিভিলেজে যাওয়া দরকার। এর কারণ হিসাবে আমি বলছি যে, পশ্চিমবঙ্গের আর.বি.আই, এই প্রশ্ন সম্পর্কে এস.এস. চট্টোপাধ্যায়, মিনিস্ট্রী অফ ফিনান্সকে বলেছিলেন, যে প্রশ্নগুলি আপনারা দেবেন—আমি পড়ে শোনাচ্ছি—During the current Session of West Bengal Legislative Assembly a Member had raised a motion about failure of the Mayurakshi Gramin Bank to offer adequate loans to sharecroppers and asignees of vested land. The said RRB when requested to furnish the matierials simply forwarded a copy of circular such and such. This circular was brought to the notice of our Finance Minister who ordered me to request you to revise the circular on the following grounds :

(1) The State Government is also a shareholder in the RRBs.

(2) The State Government have two nominated Directors on the Board of each RRB.

(3) The State Government in partnership with the Government of India has been implementing of programmes like IRDP in which the RRBs are vitally involved.

Shri S. S. Chattopadhyay, IAS, Additional Secretary Shri R. K. Kaul, IAS, Special Secretary Department of Economic Affairs.

এটা জানিয়েছেন আর.বি.আই. অর্থাৎ স্টেট গভর্ণমেন্ট যে সমস্ত তথ্য চেয়েছেন সেই তথ্যগুলি ৩টি কারণে দেওয়া উচিত। আমাদের সংবিধানের কয়েকটি ধারা উল্লেখ করে আপনার কাছে বলতে চাই সিডিউল থ্রির ক নকারেন্ট লিস্টে যা আছে তারমধ্যে Industry, Commercial and industrial monopolies এবং ইকোনমিক এবং এছাড়া ফ্যাক্টারিজ আছে। আর আছে ৪৫নং ধারায় সিডিউল ৩কে যেটা আছে তাতে কনকারেন্ট লিস্ট - Inquries and statistics for the purpose of any of the matters specified in list II or list III লিস্ট থ্রি কনকারেন্ট লিস্টের মধ্যে আছে এইসব কথা, এখন প্রশ্ন উঠছে যে ব্যাংক সম্পর্কে। ব্যাংক হচ্ছে সিডিউল ১ লিস্ট। কিন্তু যেহেতু ইন্ডাস্ট্রি - ব্যাংক তো ইন্ডাস্ট্রি হিসাবে দেওয়া উচিত। অর্থাৎ কংকারেন্ট লিস্টের মধ্যেই আসছে। এখানে এ্যাডমিনিস্ট্রেশান সম্পর্কে প্রশ্ন উঠেছে। সেখানে কেন্দ্রীয় সরকারের তাদের বিষয় আলোচনা করতে পারবো কিনা প্রশ্ন আছে। আর.আর.বি.আই. যদি ব্যাংক হয় তাহলে অথরিটি হচ্ছে তার এ্যাডমিনিস্ট্রেটর। সুতরাং এই অথরিটি যখন লিখলো ফাইনান্সকে যে এই আইন অনুযায়ী এরা ইনফরমেশান সিক করতে পারে। আমি ৩টি কারণে এইটি বলেছি। কিন্তু এস. এস. চ্যাটার্জী অফিসার যিনি আছেন তার চিঠিটা আপনাদের কাছে পড়ে শোনালাম। এখানে ফাইনান্স ডিপার্টমেন্টের ডেপুটি সেক্রেটারি, সি.আর. বিশ্বাস, বলছেন যে—In this connection there is a well settled and accepted principle that question raised in the State Legislatures/ Parliament should be matter of which the concerned Minister has specific cognisance and is therefore responsible and accountable to the Legislatures/Parliament...Banking being a central subject, question relating to the operations of R. R. Banks can be raised and answered only in Parliament. Should, however, any State Government desire to have information in this regard for the purposes other than answering the questions in the State Legislature, the same can be furnished by the RBI or by this department when approached. অর্থাৎ সমস্ত ইনফরমেশান চাইতে পারা যায়। কিন্তু দুর্ভাগা তিনি কোথা থেকে পেলেন যে তিনি বলেছেন স্টেট গভর্ণমেন্ট এই সম্পর্কে ইনফরমেশান চাইতে পারে এপ্রিসিয়েট করতে পারে। কিন্তু লেজিসলেচারের কোন কোশ্চেনের আনসার দিতে পারে না- দেওয়া হবে না। এটা কোথা থেকে বেরুল? সংবিধানে এর কোন অধিকার দেওয়া হয় নি। এই সিডিউল লিস্ট সম্পর্কে তারা এই প্রশ্নের জবাব না দিতে বাধ্য।

[4.40-4.50 P.M.]

৩ নং কথা যেটা আমি আজ প্রশ্নোত্তরের সময় বলতে চেয়েছিলাম আপনি এলাও করেননি। ডিফেন্স ডিপার্টমেন্টের অর্ডিন্যান্স ফ্যাক্টরী আমার বাড়ীর পাশে। সেখানে গঙ্গায় তার যে জল ফেলছে তাতে মাছ মরে যাচ্ছে এবং কেউ স্নান করতে পারে না। এ বিষয়ে আমি এনভায়ারনমেন্ট ডিপার্টমেন্টকে লিখেছিলাম। আমরা এ সম্পর্কেউদ্বেগ প্রকাশ করি। তাহলে ডিফেন্স ডিপার্টমেন্ট কি বলবে যে এটা সেন্ট্রাল সাবজেক্ট এবং আমরা এর কোন জবাব দেব না। কারণ সংবিধানের কোন জায়গায় কোন অধিকার দেয়া হয়নি। এটা কনভেনসান হতে পারে। কিন্তু কনভেনসান অধিকারের প্রশ্ন হতে পারে না। এ ছাড়া আরোও অনেক সেন্ট্রাল সাবজেক্ট আছে। আসামের আলোচনা আপনি এলাও করলেন কি ভাবে? এটা তো স্টেট লীস্টের মধ্যে নেই।

মিঃ স্পীকারঃ—আলোচনা করা এবং প্রশ্ন জিজ্ঞাসা করা কি এক কথা হল?

শ্রী যামিনী ভূষণ সাহাঃ—আমি আর্গুমেন্ট সেক বলছি। আর্গুমেন্ট এস্টাবলিশ করার জন্য বলছি। আমি নিজেকেই কোয়েশ্চেন করছি। প্রশ্ন হল আমরা আলোচনা করতে পারি না। সেন্ট্রাল সাবজেক্ট বলে সব কিছু হতে পারে? সুতরাং এটা হতে পারেনা। আমাদের ব্যাঙ্কের প্রতি ইন্টারেস্ট আছে। আমানতকারীরা টাকা জমা দিয়েছে সেই টাকা ঠিকমত ব্যবহার হচ্ছে কিনা এটা পশ্চিম বাংলার গরীব মানুষ কৃষক এটা জানতে চায়। কারণ তাদের স্বার্থ জড়িত। যেমন আমাদের কাছে আসামের প্রশ্ন জড়িত এবং সেটা সংবিধানগত হয়েছে কিনা এ নিয়ে প্রশ্ন আছে। সিটিজিনসিপ রাইট-এটাতে পশ্চিম বাংলার স্বার্থ জড়িত বলে আপনি আলোচনা করার সুযোগ দেন। সি. আর. বিশ্বাস, ডেপুটি সেক্রেটারী, গভ: অফ ইণ্ডিয়া, আমাদের বিধানসভার অধিকার ভঙ্গ করেছেন। লেজিসলেচারের ক্ষমতা কি সেটা আমি একটু সংবিধান থেকে পড়ে দিচ্ছি—এর সিডিউল থ্রিতে আছে ইনডাসট্রি?... Seventh Schedule, List II, Entry No. 24, 'Indusries subject to the provisons of entries 7 and 52 of List 1. এ ছাড়া সব আলোচনা করা যাবে। সেভেনে কি বলছে? সংবিধানের Seventh Schedule, List I, Entry No. 7 যেটা আছে সেন্ট্রাল সাবজেক্ট সেখানে বলছে 'Industries declared by Parliament by law to be necessary for the purpose of defence or for the prosecution of war' আর 7th Schedule, List I, Entry No. 52তে বলছে—'Industries, the control of which by the Union is declared by Parliament by law to be expedient in the public interest' এই দুটি ছাড়া বাকী আমরা সব বিষয়ে প্রশ্ন করতে, জানতে, আলোচনা করতে পারি। আমি আগে বলেছি Seventh Schedule, List III. Entry No. 45 ধারায় 'Inquiries and statistics for the purposes of any of the matters specified in List II or List III.. সুতরাং আর. বি. আই.-এর যিনি এ্যাডমিনিস্ট্রেটর তিনি বলছেন যেহেতু আমাদের শেয়ার আছে, আমাদের ডাইরেক্টার বোর্ডের মেম্বার আর. বি. আই বলছে আমাদের অধিকার আছে সেই প্রশ্নের জবাব দেয়া। কিন্তু অপর দিকে ফাইন্যান্স মিনিষ্ট্রি থেকে ডেপুটি সেক্রেটারী জানিয়েছে জবাব দেয়া হবে না। আমি মনে করি এতে আমাদের অধিকার ভঙ্গ করা হয়েছে। আমার প্রস্তাব হচ্ছে অফিসারকে প্রিভিলেজের সামনে নিয়ে আসা হোক এবং প্রিভিলেজের দায়ে অভিযুক্ত করা হোক। এই প্রস্তাব আমি সমস্ত সদস্যদের এবং আপনার কাছে রাখছি।

শ্রী অমলেন্দ্র রায়ঃ—মাননীয় অধ্যক্ষমহাশয়, অত্যন্ত সিরিয়াস ম্যাটার আজকে আমাদের সামনে এসেছে। আমাদের এখানে একটা প্রশ্ন করা হয়েছিল গ্রামীণ ব্যাঙ্ক সম্পর্কে এবং প্রশ্ন করার উদ্দেশ্য হচ্ছে টু অবটেন ইনফর্মেশান এবং আমরা সেই ইনফর্মেশান চাইতে পারি যে ইনফর্মেশান লিগ্যালি এন্ড অফিসিয়ালি মিনিষ্টারের কগনিজেন্সের মধ্যে আছে। ন্যাচার্যালি প্রশ্ন করা হয়েছে প্রশ্ন এ্যাডমিট করা হয়েছে, ইট ইজ এ্যাবসলিউটলি স্পীকারস ডিসক্রিসান, তিনি এটা নাকচ করতে পারতেন, কিন্তু প্রশ্ন এ্যাডমিটকরা হয়েছে, এ্যাডমিট করার পর মন্ত্রী মহাশয়ের কাছে গেছে, মন্ত্রী মহাশয় ইনফর্মেশান অবটেন করার জন্য চেষ্টা করেছেন। এই ইনফর্মেশান অবটেন

করার জন্য তাঁর একজন অফিসার যেখানে যেখানে যোগাযোগ করা দরকার সেখানে সেখানে যোগাযোগ করেছেন, কিন্তু যোগাযোগ করতে গিয়ে তিনি বাধাপ্রাপ্ত হয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যামিনী বাবু বলেছেন ইট ইজ এ কোয়েশ্চেন অব ব্রিচ অব প্রিভিলেজ, এটা ব্রিচ অব প্রিভিলেজ তো বটেই, নো, নট ওনলি দ্যাট এটা ব্রিচ অব প্রিভিলেজেস অব অল দি মেম্বারস অব দি হাউস, তার সঙ্গে সঙ্গে ইট ইজ কমটেম্পট অব দি হাউস অলসো। তার কারণ এখানে বাধা দেওয়া হয়েছে এই বিধান সভার কাজ যাতে না চলে সে জন্য। এখানে কাউল এন্ড সাকদের আমি কোট করছি। আপনি দেখুন ভলিউম ওয়ান, পেজ ২০৯—এখানে বলছে Contempt of the House may be defined generally as "any act or omission which obstructs or impedes either House of Parliament in the performace of its functions, or which obstructs or impedes any member or officer of such Hosue in the discharge of his duty, or which has a tendency, directly or indirectly, to produce such results even though there is no precedent of the offence."

এছাড়াও কাউল এণ্ড সাকদের, ভলিউম ওয়ান, পেজ ২৩২, সেখানে অবস্ট্রাক্ট এ্যান অফিসার অব দি হাউস এই কথার অর্থ কি সেটা পরিষ্কার করে দেওয়া হয়েছে। এখানে বলা হচ্ছে—It is a contempt of the House to obstruct any officer of the House or any other person employed by the House, please note it "any other person employed by the House"—or entrusted with the execution of the orders of the House, while in the execution of his duty, কাজে কাজেই আমাদের মন্ত্রী মহাশয় যে অফিসারকে নিয়োগ করেছেন এই পার্টিকুলার ইনফর্মেশান ফর দি ইনটারেস্ট অব দি লেজিসলেচার তুমি সংগ্রহ করে নিয়ে এস সেই জায়গায় তিনি বাধাপ্রাপ্ত হয়েছেন। এইখানে ব্রিচ অব প্রিভিলেজ শুধু হয়নি কনটেম্পট অব দি হাউসও হয়েছে। ওরা যে চিঠিটা দিয়েছেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে আমি দেখলাম গুলিয়ে ফেলেছেন। পার্টিকুলার অফিসার, ডেপুটি সেক্রেটারী অব দি ফাইনান্স ডিপার্টমেণ্ট এবং আর একজন অফিসার, জয়েন্ট সেক্রেটারী অব দি ফাইনান্স ডিপার্টমেন্ট, গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া এঁরা বিয়ন্ড দেয়ার জুরিসডিক্সান এই চিঠিতে কতকগুলি কথা বলেছেন। একটা কোয়েশ্চেন এ্যাসেম্বলীতে হবে, না, পার্লামেন্টে হবে এটা তাঁদের বিচার্য বিষয় নয়, এটা হচ্ছে এ্যাবসলিউটলি হাউসের বিচার্য বিষয় এবং হাউসের যিনি দণ্ডমুণ্ডের কর্তা সেই স্পীকারের বিচার্য বিষয়। স্পীকার এটা এ্যালাও করেছেন, বাইরে থেকে এক্সট্রানিয়াস কেউ কোন এজেন্ট এই সম্পর্কে কোন প্রশ্ন তুলতে পারে না। অন্য কোন কারণ দেখিয়ে বলতে পারতেন যে এই এই কারণে আমাদের রুলসে আটকাচ্ছে, সেই কারণে পারছি না। ওঁদের যুক্তিটা কত দুর্বল সেটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখুন। কিরকম ইনভিডিয়াস ডিসটিনকসান করার চেষ্টা করা হয়েছে, কিভাবে একটা ডিসক্রিমিনেশান করার চেষ্টা করা হয়েছে সেটা দেখুন। ওঁরা বলছেন যে গভর্নমেন্টকে ইনফর্মেশান দেওয়া হবে যদি গভর্নমেণ্ট ইনফর্মেশান চায়। রিজার্ভ ব্যাংকের কাছে ইনফর্মেশান চাইতে হবে, গভর্নমেণ্টকে দেবেন কেন, আমাদের সঙ্গে কোন সম্বন্ধ নেই, এটা ইউনিয়ন সাবজেক্ট, এটা ইউনিয়ন লিস্টে আছে। ব্যাংকের কথা উল্লেখ করেছেন। বর্তমানে ডেপুটি সেক্রেটারী যে সার্কুলার দিয়েছেন সেই সার্কুলারে উল্লেখ করে বলেছেন Banking being the central subject, questions relating to the operations of RR banks can be raised and answered only in the parliament.

[4.50-5.00 P.M.]

এই যে কথাটি তিনি বললেন এটা তাঁর এক্তিয়ার বহির্ভূত কথা। আমি মনে করি, একথা বলার তাঁর কোন অধিকার নেই। ব্যাংকিং এবং কারেন্সি সেন্ট্রাল সাবজেক্ট এটা বুঝলাম। কিন্তু কয়েকদিন আগে এই বিধানসভায় মুখ্যমন্ত্রী খুচরা পয়সার ব্যাপার নিয়ে একটা প্রশ্নের জবাব দিয়েছিলেন। এ ব্যাপারে যে যে অফিসারদের কাছ থেকে খবর নিতে হবে সেই খবর নিয়ে তবে তো মুখ্যমন্ত্রী হাউজে জবাব দিয়েছেন। কিন্তু এই যে তিনি বলছেন ব্যাংকিং এ্যাণ্ড কারেন্সি ইউনিয়ন সাবজেক্ট, তাহলে এই জবাব দেওয়া কি করে সম্ভব হল? তাছাড়া, স্পীকার মহাশয়, এই সাবজেকটটা ব্যাংকিং এবং কারেন্সির সঙ্গে যুক্ত নয়। তিনি জিনিসটা গুলিয়ে ফেলেছেন। আমাদের রিজিওন্যাল রুর্যাল ব্যাংকগুলো ইনকর্পোরেটেড হয়েছে একটা আইনের মাধ্যমে এবং তার নাম হচ্ছে রিজিওন্যাল রুর্যাল ব্যাংক এ্যাক্ট, ১৯৭৬। এই ব্যাংকগুলো কি করে চলবে সেটা ইউনিয়ন গভর্ণমেণ্ট দেখাবেন না-ইট ইজ নট ইউনিয়ন গভর্ণমেন্ট, ইট ইজ নট ব্যাংকিং এ্যাণ্ড কারেন্সি ডিপার্টমেণ্ট, এটা এ্যা[illegible] রং কনসেপসান। রিজিওন্যাল ব্যাংকিং এ্যাক্ট, ১৯৭৬-এ পরিষ্কার করে বলা হয়েছে ম্যানেজমেণ্ট কার হাতে থাকবে। যদি ব্যাংক ম্যানেজমেণ্ট বলতো যে, এই রকম ইনফরমেশান আমরা দেব না, তাহলে শোভা পেত। এখানে পাওয়ার এক্সারসাইজ করবার জন্য বোর্ড অফ ডাইরেক্টরস আছেন এবং তাঁদের হাতেই ম্যানেজমেণ্টের দায়িত্ব দেওয়া হয়েছে। স্যার, ফরচুনেটলি হোক অথবা আনফরচুনেটলিই হোক, এতে রেশিও হচ্ছে ইউনিয়ন গভর্ণমেণ্ট নট মোর দ্যান থ্রি, স্টেট গভর্ণমেণ্ট নট মোর দ্যান টু এবং স্পনসর্ড ব্যাংক নট মোর দ্যান ওয়ান। অর্থাৎ, এঁদের নিয়ে বোর্ড অফ ডাইরেক্টস হবে। তারপর ক্যাপিটাল ফরমেশানের ব্যাপারে, ইস্যুড ক্যাপিটালের ফিফটি পারসেণ্ট ইউনিয়ন, ফিফটিন পারসেন্ট স্টেট এবং থার্টি ফাইভ পারসেন্ট হচ্ছে স্পনসর্ড ব্যাংকের। অর্থাৎ বলা হয়েছে, ইট ইজ এ বডি কর্পোরেট। স্যার, ইউ নো, হোয়াইট ইজ বডি কর্পোরেট। কয়েকটি মানুষ মিলে যেটা করা হয়, তাকেই বলা হয় কর্পোরেট বডি। তাহলে ইট ইজ অলসো কর্পোরেট বডি। সোজা কথা হচ্ছে, যেখানে আমি টাকা দিয়েছি, সেখানে মাই মিনিস্টার ইজ এ্যানসারএ্যাবল্ টু দিস লেজিসলেচার এবং হি ইজ রেসপনসিবল টু দ্যাট এক্সটেন্ট। আজকে এই রুর‍্যাল ব্যাংকে আমাদের টাকা আছে এবং কন্ট্রোলিং অথরিটির মধ্যে আমি আছি, কাজেই একে আলাদাভাবে দেখতে হবে। ইট ইজ এ নিউ ডেভালাপমেণ্ট। এরপর যদি তিনি বলেন, এটা সেন্ট্রাল সাবজেক্ট, এর উপর কোন জবাব দেওয়া হবে না, সেটা কিন্তু ধোপে টেকে না। আমি জয়েন্ট সেক্রেটারী, ফাইন্যান্স যিনি আছেন-তাঁর নাম করছি না-তবে, এটুকু বলছি, তিনি তাঁর অধিকার ভঙ্গ করেছেন। তিনি যে বিষয় নিয়ে আলোচনা করেছেন, সেটা একজন মন্ত্রী বললে বুঝতাম। কিন্তু একজন অফিসার তাঁর অধিকার বহির্ভূত কাজ করে, আমাদের অধিকারের উপর হস্তক্ষেপ করেছেন। কাজেই, প্রাইমাফেসী কেস আছে এবং সেদিক থেকে এটা প্রিভিলেজ কমিটিতে যাওয়া উচিত।

মিঃ স্পীকার : Whether a bank is established under the license from the State Government of Central Government?

শ্রী অমলেন্দ্র রায় :- এটা পার্লামেন্টের আইনের কথা বলছি না, এর লাইসেন্স কে দেয়? এটা ইনকরপোরেটেড, লাইসেন্সের প্রশ্ন ওঠে বলে মনে হয় না।

মিঃ স্পীরকার : - এটা কে দেবে, সেই কথা বলুন।

শ্রী অমলেন্দ্র রায় : - যেমন ধরুন লাইফ ইনসিওরেন্স করপোরেশন, দামোদর ভ্যালি করপোরেশন—আমার যতদূর ইনফরমেসন, এদের আলাদা করে রিটার্ন ফাইল করতে হয়।

মিঃ স্পীকার : - সেই রিটার্ন স্টেট গভর্ণমেন্টের কাছে ফাইল করতে হয় কি?

শ্রী অমলেন্দ্র রায় : - এই সব জিনিস ইনকনভিনিয়েন্ট উইথ দিস আমাদের এ্যাসেম্বলী সেক্রেটারিয়েট এবং কনসার্নড্ সেক্রেটারিয়েট খতিয়ে দেখেন না। যেমন আপনি জানেন ডি.ভি.সি.-র ব্যাপার-তাদের অডিটেড এ্যাকাউন্ট এবং এ্যানুয়্যাল রিপোর্ট এসে পৌঁছায় না, অথচ বাজেটে আমাদের ডিসকাসন করতে হয়, আলোচনা করতে হয়। এটা আগে আমাদের দিতে হয়। কালকে শুনলাম ন্যাশন্যাল টেক্সটাইল করপোরেশন তাদের যেটা West Bengal is subsidiary তাতে ডব্লিউ বি এ বি ও হয়ে থাকে বলে বলেছে যে তার এ্যানুয়েল অডিটেড এ্যাকাউন্ট রিপোর্ট এবং এ্যানুয়েল রিপোর্ট এখানে লে করার জন্য আমাদের শিল্প বাণিজ্য মন্ত্রীকে দিয়েছেন। এটা খুব ওভিয়াস Where we have interested our money সে ক্ষেত্রে অডিটেড এ্যাকাউন্ট, এ্যানুয়েল রিপোর্ট সেই পার্টিকুলার অর্গানাইজেসন দিতে বাধ্য। এইসব জায়গায় প্রভিসন থাকে। হঠাৎ এই জিনিসটা এখানে এসেছে। আজকে ৯।১০ বছর হয়ে গেল আজ পর্যন্ত এ্যানুয়েল রিপোর্ট আমাদের কাছে এসে পৌঁছায়নি।

মিঃ স্পীকার : - আমি এ্যানুয়েল রিপোর্টের কথা বলিনি I am not on the question of annual report এই সব রিটার্ন বা তার কপি স্টেট গভর্ণমেন্টের কাছে বা কোন তার অথরিটির কাছে ফাইল করতে হয় কি?

শ্রী অমলেন্দ্র রায় : এ রকম খবর আমার কাছে নাই।

মিঃ স্পীকার : - আমার মনে হয় The members are not ready to answer this question.

অতএব this may be pending to be discussed in the next Budget Session.

শ্রী অমলেন্দ্র রায় : - আপনি পেন্ডিং রাখতে পারেন-আপনি যে ডিসিসন নেবেন সেটাই হবে।

মিঃ স্পীকার : - This is no time for discussion এটা পরের সেসনে আলোচনা হতে পারে।

ডাঃ মানস ভূঁইয়া : - অধ্যক্ষ মহাশয় গত ১৬।৯।৮৫ তারিখে মাননীয় সদস্য অমলেন্দ্র রায়ের প্রশ্নের উত্তরে একটা প্রিভিলেজের প্রশ্ন উঠেছে। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী যে তথ্য দিয়েছে সেটা খুব চমকপ্রদ, এটা একটা সূক্ষ্ম আইনের ব্যাপারে। আমি মাননীয় দুই জন সদস্যের বক্তব্য ধৈর্য্যসহকারে শুনেছি। এবং এটা বিচারের দায়িত্ব আপনার যে এটা প্রিভিলেজে যাবে কিনা। সূক্ষ্ম আইনের বিচার করার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত আপনি নেবেন। কিন্তু একটা ব্যাপার হচ্ছে আমাদের মাননীয় অর্থমন্ত্রী আমাদের মিসলিড করেছেন। এবং সেটা ইচ্ছাকৃতভাবেই হোক আর অনিচ্ছাকৃতভাবেই হোক সেটা আমি জানি না। যে সারকুলারটি নিয়ে মাননীয় অর্থমন্ত্রীর নির্ভর করছে সেই সারকুলারের নম্বর এবং তারিখ এবং সালটা আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। Circular No. F2-4/78-RRB, Government of India, Ministry ofFinance, Department of Economic Affairs, Banking Division, Government of India, New Delhi, 17th March, 1978 মাননীয় সদস্য তার বক্তব্য রাখতে গিয়ে যে directive along with this letter উল্লেখ করলেন তাতে সি.আর বিশ্বাসের নাম উল্লেখ করেছেন। ঐ তারিখে এই সারকুলারটি দেন এবং যে লাইনগুলি বলেছেন সেটা ঠিক আছে। কিন্তু একটা লাইনের ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি 'Should however any State Government desire to have information in this regard for purposes of other than answering the question in the State Legislature the same can be furnished by the RBI or by this department when approached. It is requested that this situation may be brought to the notice of the State Government concerned whenever it approaches to the Regional Rural Bank for materials for answering such questions'... আমার বক্তব্য এক জায়গায় সীমিত। ১৯৭৮ সালে ১৭ই মার্চ - তখন কেন্দ্রে জনতা সরকার ছিলেন আর এখানে আমাদের বামফ্রন্ট সরকার ছিলেন। তখন আশা করি আমাদের অর্থমন্ত্রী অশোকবাবু ছিলেন। যিনি কেন্দ্রের মন্ত্রী ছিলেন তার নাম আমি করতে চাই না।

[5.00–5.10 P. M.]

আজকে মুর্শিদাবাদ গ্রামীণ ব্যাংকের এ্যাপয়েন্টমেন্ট নিয়ে বললেন, কিন্তু এর পিছনের কাহিনী অর্থমন্ত্রী বললেন না। অল ইণ্ডিয়া ফেডারেশন অব গ্রামীণ ব্যাংক এমপ্লয়িজ এ্যাসোসিয়েশন তারা দীর্ঘ ৮ মাস ধরে আন্দোলন করছেন। কারণ কি? এক্জিস্টিং রুরাল ব্যাংক যে যে জেলায় আছে সেই জেলায় সেই নামে গ্রামীণ ব্যাংক খুলতে গেলে প্রেজেন্ট এমপ্লয়িদের সার্ভিস কনডিসন, সিকিউরিটি অব সার্ভিস ইত্যাদি এ্যাফেকটেড হচ্ছে। এর জন্য একটা এ্যাক্ট দরকার অথবা গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া একটা অর্ডিনাস আনতে পারেন টু সার্ভ দি ইন্টারেস্ট অব দি এক্জিস্টিং এমপ্লয়িজ যাতে করে অটোমেটিক্যালি দে ইউল বি ইনকরপোরেটেড টু দি নিউলি ওপেনড ব্রাঞ্চ। আমার আপনার কাছে এটাই আবেদন যে, ইচ্ছাকৃতভাবে বর্তমান কেন্দ্রীয় সরকারের অর্থ দপ্তরকে ম্যালাইন করার জন্য একটা রাজনৈতিক প্রশ্ন তুলে বিতর্কের ঝড় তোলা হয়েছে। এটা খুবই দুঃখজনক ব্যাপার। তবে আমি ডেফিনিট অন্যান্য সদস্যদের সঙ্গে একমত যে, আইনের সূক্ষ্ম বিচারে প্রিভিলেজের ব্যাপার থাকলে এবং লেজিসলেটরসদের রাইটস কোনরকমে অফিসার খুন্ন করে থাকলে দ্যাট মাস্ট বি এ ম্যাটার ফর ডিসকাসন ইন দি হাউস, দ্যাট ইজ এ ম্যাটার অব হাইয়েস্ট জুরিসডিকসান। সেখানে আমার আপত্তি নেই। আমি আপনার কাছে দাবী করছি নিশ্চয় সেটার আলোচনা হোক। কিন্তু হাউসের সদস্যদের এইভাবে আপনাকে এবং পশ্চিমবাংলার মানুষকে মিসলিড্ করাটা ঠিক নয়।

মিঃ স্পীকার : - Dr. Bhunia, you are to give information to the State Government and not to the Assembly.

ডাঃ মানস ভূঁঞ্যা : - এই ব্যাপারে আমি আপনার বক্তব্যকে এগ্রি করছি, কনট্রাডিক্ট করছি না। কিন্তু ঘটনাটি হচ্ছে ১৯৭৮ সালের। তখন কেন্দ্রে জনতা সরকারের অর্থমন্ত্রী ছিলেন এইচ. এম. প্যাটেল এবং এখানকার অর্থমন্ত্রী ছিলেন ডঃ অশোক মিত্র মহাশয়। তখন কোথায় বিতর্কের ঝড় উঠেছিল? তখন আপনারা তোলেন নি কেন? আজকের প্রসপেকটিভে পুরানো ঘটনার জের টানার উদ্দেশ্যই হচ্ছে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে ফায়দা লোটার চেষ্টা করা।

শ্রী যামিনী ভূষণ সাহা : - মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১৭ই মার্চ, ১৯৭৬ সালের একটা কপি দিয়েছি। ১৯৭৮ সালের ব্যাপার নিয়ে উনি সেটাকেই কোট করলেন।

মিঃ স্পীকার : - আপনার কপি আমার কাছে আছে।

ডাঃ মানস ভূঁঞ্যা: - স্যার, আমার কাছে ১৯৭৮ সালের কপিই আছে, আমি সেটি আপনার কাছে দিয়ে আসছি।

I have already said that this matter will be discussed in the next budget session because to-day we have no time to discuss the matter. In the meantime the members will get the materials and then they will be able to make themselves prepared.

THE KALYANI UNIVERSITY (SECOND AMENDMENT) BILL, 1985

Shri Sambhu Charan Ghose : Sir, I beg to introduce the Kalyani University (Second Amendment) Bill, 1985 and to place a statement as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The term of appointment of Dr. S. Mookerjee, the first Vice-Chancellor, Kalyani University under the transitory provisions of the Kalyani University Act, 1981 was due to expire on the 21st June, 1985. Dr. Mookerjee as the first Vice-Chancellor of the University framed the Statues, the Ordinances and the Regulations of the University with the assistance of a Committee appointed by the State Government and with the approval of the Chancellor. The different University authorities, i.e., the Court, the Executive Council etc. were also constituted under the provision of the said Act. But it was learnt that the Deans of three Faculty Councils for post-graduate and undergraduate studies were not elected. There was no injunction issued by the Court against such election. Deans are regarded as important members of the Court and it was not considered desirable that the Court should have its first meeting without the participation of Deans. As the University was closed for the summer vacation the members of the Faculty Councils who were mostly teachers could not meet to elect Deans. In the meanwhile the term of Dr. S. Mookerjee which was going to expire had to be extended for a further period not exceeding six months by an amendment of the Kalyani University Act, 1981.

As the Assembly was not in session necessary amendment was made by promulgation of an Ordinance, i.e., the Kalyani University (Second Amendment) Ordinance, 1985.

(Secretary then read the title of the Bill)

Statutory Resolution

Mr. Speaker : I have received two notices of Statutory Resolution from Shri Abdul Mannan and Shri Kashinath Misra under 213(2)(a) of the Constitution of India disapproving the Kalyani University (Second Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. III of 1985). The resolutions are same. I call upon Shri Abdul Mannan to move the resolution.

Shri Abdul Mannan : Sir, I beg to move that this House disapproves the Kalyani University (Second Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. III of 1985).

Shri Sambhu Charan Ghose : Sir, I beg to move that the Kalyani University (Second Amendment) Bill, 1985, be taken into consideration.

Mr. Speaker : There is a motion for circulation of the Bill by Shri Kashi Nath Misra. He may please move his motion.

Shri Kashinath Misra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th December, 1985.

Mr. Speaker : The motion for circulation and the Statutory Resolution will be discussed together.

শ্রী আব্দুল মান্নান : - মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী আজ এই সভায় যে কল্যাণী ইউনিভার্সিটি এ্যামেণ্ডমেণ্ট বিল এনেছেন সেটা নতুন কোন জিনিষ নয়। এই সেশানে আমরা দেখছি বিভিন্ন সময়ে বিভিন্ন মন্ত্রী বহু এ্যামেণ্ডমেণ্ট বিল আনছেন। এর একটাই মাত্র উদ্দেশ্য, সেটা হচ্ছে সব কিছু কুক্ষিগত করা। সমস্ত ক্ষমতা কুক্ষিগত করার যে প্রবণতা সেই প্রচেষ্টাকে সফল করার জন্যই মন্ত্রীরা এ্যামেণ্ডমেণ্ট নিয়ে আসছেন। স্যার, এই কল্যাণী ইউনিভার্সিটির পুরানো এ্যাক্ট যেটা হয়েছিল তাতে বলা ছিল যে নতুন এ্যাক্ট অনুযায়ী যিনি প্রথম ভাইস চ্যান্সেলার নিযুক্ত হবেন তাঁকে কতকগুলি কমিটির বডির ইলেকসান ১৮ মাসের মধ্যে করে ফেলতে হবে। সেই আইন অনুযায়ী যিনি প্রথম উপাচার্য নিযুক্ত হলেন তাঁকে ২১শে জুন, ১৯৮৫ মধ্যে বিভিন্ন কমিটির নির্বাচন করে ফেলতে হতো। সেই কমিটির নির্বাচন তিনি করতে পারলেন না। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর স্টেটমেণ্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজনসেও বলেছেন যে সেগুলি হ'ল না বলে ৬ মাস মেয়াদ বাড়াতে চাইছেন। অর্থাৎ আগামী ২০শে ডিসেম্বরের মধ্যে সেই নির্বাচনগুলি কমপ্লিট করবেন। যেখানে ১৮ মাস কেন, ২১ মাসেও নির্বাচন করতে পারলেন না সেখানে আগামী তিন মাসের মধ্যে এই নির্বাচনগুলি কমপ্লিট হয়ে যাবে তার গ্যারান্টি কোথায়? কল্যাণী ইউনিভার্সিটি একটা ছোট ইউনিভার্সিটি, কলকাতার মতন বড় ইউনিভার্সিটি নয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ের মধ্যে বিভিন্ন ডিগ্রি কলেজ রয়েছে, মেডিক্যাল ফ্যাকালটি রয়েছে, ল ফ্যাকালটি রয়েছে, আইনগত কতকগুলি মামলা হবার জন্য যদিও একটু দেরি হয়েছে তবুও তারা আড়াই-তিন বছরের মধ্যে নির্বাচন করতে পেরেছে অথচ কল্যাণী ইউনিভার্সিটির মতন একটা ছোট ইউনিভার্সিটি যার কোন ডিগ্রি কলেজ নেই, ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল ফ্যাকালটি নেই তারা ঐ সমস্ত নির্বাচন করতে পারলেন না। কেন তারা পারলেন না তা যদি মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণের সময় বলেন তাহলে

ভাল হয়। স্যার, ২১শে জুন মেয়াদ যখন ফুরিয়ে গেল এবং উনি বুঝতে পারলেন নির্বাচন করা যাচ্ছে না তখন সঙ্গে সঙ্গে অর্ডিন্যান্স করলেন। আজকে হাউস যদি এই অর্ডিন্যান্সকে ডিসএ্যাপ্রুভ করে, এই বিল যদি এখানে পাশ না হয় তাহলে কল্যাণী ইউনিভার্সিটিতে একটা ডেড লক সৃষ্টি হবে। আপনারা সব ইউনিভার্সিটিতে নিজেদের লোক বসাতে চাইছেন। জে.সি. সেনগুপ্ত সেখানে কাজ করতে পারলেন না, ডঃ এস. মুখার্জীকে আনলেন, আপনারা নাকি সব প্রগতিশীল লোকদের বসাচ্ছেন, আজকে তাহলে সেই নির্বাচনগুলি করতে পারলেন না কেন? কোথায় ফল্ট? কি কারণে পারছেন না সেটা জানার প্রয়োজন আছে। স্যার, এই কল্যাণী ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করেছিলেন ডাঃ বিধান চন্দ্র রায়। সেখানে এই ইউনিভার্সিটির যে মূল উদ্দেশ্য ছিল, যে মহৎ উদ্দেশ্য ছিল সেই উদ্দেশ্য আজ ব্যাহত হচ্ছে। আপনাদের আমলে রাজনৈতিক হস্তক্ষেপের ফলে সেই বিশ্ববিদ্যালয়ের এমন গোলমালের সৃষ্টি হয়েছে যাতে আমরা দেখছি কোনদিন সেখানে ছাত্র আন্দোলন, কোনদিন শিক্ষক আন্দোলন, কোনদিন অশিক্ষক কর্মচারীদের আন্দোলন ফলে সুষ্ঠু পঠন-পাঠন সেখানে হচ্ছে না।

[5.10-5-20 P.M.]

এমনকি বিশ্ববিদ্যালয়ের পাশে একটা জায়গায় আচার্য পর্যন্ত নিজের নিরাপত্তা পাননি, তার নিরাপত্তা বিঘ্নিত হয়েছে। আজকে এই যে অবস্থা হয়েছে, এটা বামপন্থীদের সমর্থনপুষ্ট, বামপন্থীদের প্রশ্রয়েই হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় যখন এই এ্যামেণ্ডমেণ্ট বিল এনেছেন তখন জবাবী ভাষণে বলবেন যে এর পিছনে কি চক্রান্ত ছিল? আপানারা সব সময়ে কেন্দ্রের চক্রান্তের কথা বলেন। সব সময়ে বলেন যে কেন্দ্রের চক্রান্তে আপনারা কাজ করতে পারছেন না। আজকে এই কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিল এনেছেন, এখানে ডিন এবং বিভিন্ন ফ্যাকালটিতে আপনারা নির্বাচন করতে পারেননি। এর জন্য কি কেন্দ্রের চক্রান্ত ছিল? যদি চক্রান্ত না থাকে তাহলে আপনাদেরই গাফিলতিতে এগুলি হয়নি। আপনারা নমিনেটেড কাউন্সিলকে বাড়িয়ে যাচ্ছেন। কেন নোমিনেটেড কাউন্সিল এতদিন ধরে থাকবে? আপনারা তো এত গণতান্ত্রিক অধিকারের কথা বলেন, নাগরিক অধিকারের কথা বলেন। তাই যদি হয় তাহলে আপনাদের নির্বাচনে এত ভয় কেন? কেন নোমিনেটেড কাউন্সিলের মেয়াদ বার বার বাড়াবার চেষ্টা করছেন? কেন ফ্রেস নির্বাচন না করে নির্বাচনের মাধ্যমে গণতান্ত্রিক পদ্ধতিতে ঐ সমস্ত কমিটিগুলি না করে, ঐ সমস্ত বডি না করে বার বার নোমিনেটেড কাউন্সিলের মেয়াদ বাড়িয়ে সেখানে একটা দলীয় মনোভাবাপন্ন রাজনীতির সৃষ্টি করছেন এবং পক্ষপাতদুষ্ট সমস্ত ব্যক্তিদের একটা আশ্রয়স্থল করে তুলছেন। আমরা জানি শম্ভুবাবুর অবস্থা খুবই খারাপ। শম্ভুবাবু শাসকদলের বড় শরীকদলের নেতা নন। তিনি একটা ছোট শরীক দলের নেতা। যেখানে বিশ্ববিদ্যালয়ের যখন এই রকম অবস্থা সেখানে সত্যি কথা বলতে গেলে আবার বামপন্থী দলের বড় শরীক দল চটে যাবে। সে জন্য পদলেহন করার দরকার হয়ে পড়ে। শম্ভুবাবু আজকে নিজের মন্ত্রীত্ব রাখার জন্য, নিজের দলকে বামফ্রন্টের লেজুড় হিসাবে রাখার জন্য যদি তার দলকে বিকিয়ে দেন তাতে আমাদের কোন দুঃখ নেই। কিন্তু বামপন্থীদের বড় শরীকদলের কাছে সারানডার করার জন্য, বামফ্রণ্টের বড় শরীক দলের পদলেহন করার জন্য আজকে বিশ্ববিদ্যালয়ে যে অরাজকতার সৃষ্টি হচ্ছে তার জন্য বাংলার ছাত্র সমাজ ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং এর ফলে আগামীদিনে বাংলার যে সমস্ত বিজ্ঞানী তৈরী হবে তাদের ক্ষতি হচ্ছে। কাজেই বাংলার ছাত্র সমাজের কাছে আপনাকে এরজন্য জবাবদিহি করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় অসুস্থ আছেন, আমি তাকে বিরক্ত করতে চাই না। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের যে বিল উনি এনেছেন, এই বিল এখানে পাশ করার দরকার আছে। কিন্তু আমরা জানি যে কিছু হবে না। ইউনিভার্সিটি ডেডলক অবস্থার মধ্যে আসুক সেটা আমরা চাইনা। আমরা চাই ইউনিভার্সিটি সুষ্ঠুভাবে চলুক, সমস্ত কমিটিগুলি নির্বাচিত হোক। আপনারা নির্বাচন করবেন না। আপনারা মুখে গণতন্ত্রের বড় বড় আদর্শের কথা বলেন অথচ নির্বাচন করবেন না। আজকে এই ডেডলককে আটকাবার জন্য এইভাবে এ্যামেণ্ডমেণ্ট আনলেন। শম্ভুবাবু যদি গ্যারান্টি দেন যে আগামী ২০শে ডিসেম্বরের মধ্যে নির্বাচন কমপ্লিট করতে পারবেন তাহলে আমি পরবর্তী সেসানে তাকে সাধুবাদ জানাতে পারবো। কিন্তু আমরা আশংকা করছি কারণ একটা ছোট বিশ্ববিদ্যালয়ে ১৮ মাসের মধ্যে যখন তারা নির্বাচন করতে পারেননি তখন আগামী ১৮ বছরেও নির্বাচন করতে পারবেন কিনা সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। আমি সে জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো যে গণতন্ত্রের কথা আপনারা বলেন, সেই গণতন্ত্রের সম্মান যদি রক্ষা করতে চান তাহলে নোমিনেটেড কাউন্সিলের মেয়াদ বৃদ্ধি করবেন না। নোমিনেটেড কাউন্সিলের মেয়াদ বৃদ্ধি না করে ঐ সমস্ত বডিগুলির অবিলম্বে নির্বাচন করুন এবং নির্বাচন করে সেখানে সুষ্ঠুভাবে গণতান্ত্রিক আদর্শকে সঠিকভাবে রূপায়িত করে সেখানকার পঠন-পাঠন সমস্ত কিছু চালু করুন এবং ভাইস চ্যান্সেলর গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন করুন। এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ বসু ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় যে এ্যামেন্ডমেন্ট এখানে এনেছেন, আমি তাকে সমর্থন করে দু'একটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় অত্যন্ত ন্যায়সংগতভাবেই এই এ্যামেন্ডমেন্ট এনেছেন এবং এতে ৬ মাসের জন্য মেয়াদ বৃদ্ধি করা হচ্ছে। মাননীয় সাহেব এখানে বক্তৃতা করে গেলেন। উনি কল্যাণী ইউনিভার্সিটির কোন খবর রাখেন না, এখানে বলতে হবে তাই অসার এবং অচল কতকগুলি বক্তব্য রাখলেন। আজকে কল্যাণী ইউনিভার্সিটিতে যদি যান তাহলে সেখানে গিয়ে দেখবেন যে পঠন-পাঠন, শৃঙ্খলা, নিয়মকানুন সব কিছু সুষ্ঠুভাবে চলছে কি না? এর আগে যেটুকু গণ্ডগোল দেখা গিয়েছিল সেটা আপনারাই করেছিলেন। সেখানে আমরা একটা নিদর্শন রেখেছি। যেমন হিরোসীমার ধ্বংসস্তূপের খানিকটা রাখা হয়েছে তেমনি ভি. সি'র ঘরে যে বোমা মেরেছিলেন সেই ধ্বসস্তূপের খানিকটা আমরা রেখে দিয়েছি। কারণ বাইরের লোক যখন আসবে তখন তারা দেখবে যে কংগ্রেস (আই)-এর লোকেরা ভি. সি'র ঘরে বোমা মারতে দ্বিধাবোধ করেন নি।

কিন্তু এইসব কাটিয়ে তোলায় এই ভাইস চ্যান্সেলর আজকে অত্যন্ত কৃতিত্বের সঙ্গে কাজ করছেন। রেগুলার সেখানে পরীক্ষা হচ্ছে, রেগুলার রেজাল্ট বেরোচ্ছে, সেখানে সুষ্ঠুভাবে লেখাপড়া চলছে। বিভিন্ন বিভাগে যে নির্বাচন হবার কথা ছিল, উনি খোঁজ রাখেন না, সমস্ত নির্বাচন প্রায় শেষ হয়ে এসেছে। ডিন নির্বাচন হয়ে গেছে। উনি বললেন ডিন নির্বাচন হয়নি। আরামবাগে বসে কল্যাণী ইউনিভার্সিটির কি খবর উনি রাখেন আমি জানি না, এ্যাসেম্বলিতে এসে এর থেকে ওর থেকে খবর নিয়ে এখানে সদস্যদের বিভ্রান্ত করছেন। চেয়ারম্যানকে বিভ্রান্ত করলেন, এটা ঠিক নয়। ডিন নির্বাচন ওখানে হয়ে গেছে। কিন্তু যেটুকু অসুবিধা হচ্ছে তার কারণ কি, কয়েকজন ওখানকার লোক আছেন, যারা হাইকোর্টের দোরগোড়ায় তাঁবু খাটিয়ে বসে আছেন। একটার পর একটা মামলা করে চলেছেন। এই মামলা করার জন্য ভাইস চ্যান্সেলর দায়ী নন। সরকার দায়ী নন, কাউন্সিল দায়ী নন। আজকে দীর্ঘদীন পরে কোর্ট বসছে, কাউন্সিল বসছে। কয়েকদিন আগে আমরা কাউন্সিলের মিটিং করেছি, আবার ২৭-২৮ তারিখ নাগাদ কাউন্সিলের মিটিং হবে। আজকে ভাইস চান্সেলারের প্যানেল তৈরী হয়েছে। এতে সুষ্ঠুভাবে নির্বাচন হয়েছে। কোন হৈ হুল্লোড় হয়নি। রেডিও, টিভিতে উনারা ফোকাস করতে পারেন নি। ওখানে নির্বাতন করে তিন জনের একটা প্যানেল হয়েছে। তিনজনের নাম হচ্ছে ডঃ সীতাংশু মুখার্জী, ডঃ মানিক গোপাল সোম,

ডঃ জ্যোতির্ময় ঘোষ, এই তিনজন এখানে নির্বাচিত হয়েছেন। উনারা যে ক্যান্ডিডেট দিয়েছিলেন, তাঁরা হেরে গেছেন। সুষ্ঠুভাবে সেখানে নির্বাচন হয়েছে, চ্যান্সেলারের কাছে তাঁদের প্যানেল পাঠানো হয়েছে। সুতরাং আমি যেটা বলতে চাই, এত বাধা বিপত্তি সত্ত্বেও আজকে কল্যাণী ইউনিভার্সিটি, ভারতবর্ষে যে কটি ইউনিভার্সিটি সুষ্ঠু ভাবে চলছে, তাদের মধ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয় হচ্ছে একটা। সেখানে সুষ্ঠুভাবে লেখাপড়া হচ্ছে, পরীক্ষা হচ্ছে, নির্বাচন হচ্ছে। যেটা দেরী হচ্ছে সেটা ভাইস চান্সেলারের ত্রুটির জন্য নয়। যেটুকু ডিলে হচ্ছে, সেটা ওঁরা বাধা সৃষ্টি করছেন বারবার, যাতে এই নির্বাচনগুলো না হতে পারে। কারণ ওঁরা হাইকোর্টেতাঁবু খাটিয়ে বসে আছেন। একটা মামলা খারিজ হলেই আর একটা মামলা ওঁরা করছেন। এই ইউনিভার্সিটিতে ওঁদের আমলে যে অচলাবস্থা ছিল, সেটা বর্তমানে নেই। বামফ্রন্ট সরকারের আমলে সেখানকার শিক্ষাব্যবস্থা সুষ্ঠুভাবে চলছে। ওঁদের আমলে কল্যাণী ইউনিভার্সিটি কি ছিল, সেই সব কথা কি ওঁরা ভুলে গেছেন? ওঁদের আমলে ওঁদের একজন ছাত্রকে ফার্স্ট ক্লাস পাওয়ানোর জন্য সেই বছর একজন ছেলেকেই মাত্র ফার্স্ট ক্লাস দেওয়া হয়েছিল, আসলে সেই বছর কারোর ফার্স্ট ক্লাস পাওয়ার কথা নয়। পরীক্ষার আগে কোশ্চেন পেপার ফাঁস করে দেওয়া হতো। এই সব কাজ ওঁরা করেছেন। আজকে যখন এই ইউনিভার্সিটি সুষ্ঠুভাবে চলছে, তখন তাঁরা বলছেন, ওখানে নির্বাচন হচ্ছে না, পঠন পাঠন হচ্ছে না, এই সব কথা বলে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন। অতএব মন্ত্রী মহাশয়কে বলবো, তিনি যে এ্যামেন্ডমেন্ট এনেছেন, অত্যন্ত সঠিকভাবে এনেছেন। ওখানকার শিক্ষা ব্যবস্থাকে এগিয়ে নিয়ে যাবার জন্য, একটা ইউনিভার্সিটির শিক্ষার পরিবেশ সৃষ্টি করার জন্য যে ভাইস চ্যান্সেলার আছেন, তাঁর কার্যাকাল আরও ৬ মাস বৃদ্ধি করা হোক, এটা অত্যন্ত সঠিক প্রস্তাব হয়েছে। আমি পুনর্বার এই বিলকে সমর্থন করেও ওঁর বক্তব্যের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5.20-5.40 P.M.]

শ্রী কাশীনাথ মিশ্রঃ—মাননীয় চেয়ারম্যান মহাশয়, ইতিপূর্বে কল্যাণী বিশ্ববিদ্যালয় নিয়ে যে অর্ডিন্যান্সটি হয়েছিল সেটিকে আজকে মাননীয় উচ্চ-শিক্ষামন্ত্রী মহাশয় বিল আকারে এখানে নিয়ে এসেছেন, "দি কল্যাণী ইউনিভার্সিটি (সেকেন্ড এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮৫"। এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে মন্ত্রী মহাশয় বলেছেন, the existing Statutes, the Ordinances and the Regulations of the Unviersity reviewed and amended, if necessary, with the assistance of a committee nominated by the State Government and finally with the approval of the Chancellor. এই সব কাজের জন্য তাঁর সময় লাগছে। স্যার, আপনার নিশ্চয়ই মনে আছে বিগত বাজেট অধিবেশনের সময়ে এই একই বিষয়ের উপর একই বিল এখানে আনা হয়েছিল। সেই বিলের মধ্যে দিয়ে সে সময়েও ৬ মাস সময় বাড়ান হয়েছিল। আমরা তখন বলেছিলাম, সময়টা আরো একটু বেশী করে বাড়িয়ে নিন। টার্মস অফ্ দি অফিস-এর ব্যাপারটা আপনারা প্রথমে দু'বছর বাড়ালেন, তারপরে আবার এক বছর বাড়ালেন, তিন বছর হলো এবং তারপরে প্রথমে ৬ মাস ও এখন আবার ৬ মাস বাড়াচ্ছেন, ফলে মোট ৪ বছর হলো। অর্থাৎ টার্মস অফ্ দি অফিসের ক্ষেত্রে এটা উপেক্ষিত হয়ে গেল, তা দিয়ে কোন কাজ হলো না। পুনরায় তা বৃদ্ধি করতে হচ্ছে। এখনো আবার সেই ৬ মাসের কথাই বলছেন, কেন যে আরো বেশী সময়ের কথা বলছেন না তা আমরা বুঝতে পারছি না। মাননীয় সদস্য সুভাষবাবু বললেন কল্যাণী বি বিদ্যালয় তাঁর এলাকায় অবস্থিত এবং তিনি ওখানকার কাউন্সিলের মেমবার। তিনি আরো বললেন যে, বিশ্ববিদালয়টি খুব ভালভাবে চলছে। আমরা চাই ইউনিভার্সিটি ভালভাবে চলুক। কিন্তু বিভিন্ন সময়ে বিভিন্নভাবে, বিধানসভার মাধ্যমে, সংবাদপত্রের মাধ্যমে আমরা ওখানকার অনেক কিছু জানতে পারি যে, কল্যাণী বিশ্ববিদ্যালয় নিয়ে বিভিন্ন রকমের ঝামেলা সৃষ্টি হচ্ছে। ইতিপূর্বে ওখানে যে সমস্ত ঝামেলার সৃষ্টি হয়েছিল সে সমস্তর এখানে মাননীয় সদস্য আবদুল মান্নান পুনরাবৃত্তি করেছেন। যাইহোক এখানে বিলের মূল উদ্দেশ্য হচ্ছে সেখানে একজন ভাইস-চ্যান্সেলারের যে ফ্যাংশন দেওয়া আছে—আমাদের কাছে মন্ত্রী যে এক্সট্রাক্টটি দিয়েছেন—তাতে বলেছেন যে ১৯৮১ সালে যেটা হয়েছিল তার সেকসন ৫৫ তে বলেছেন, If, for any reason the constitution of the Court, the Executive Council and other bodies referred to in sub-section(3) cannot be completed within the period of office of the first Vice-Chancellor appointed under sub-section(1), then, on the expiry of such period, the Chancellor may, in consultation with the Minister, on such terms and conditions as he thinks fit, appoint the first Vice-Chancellor whose period of office has expired or another person to be the Vice-Chancellor for the purposes of this section for such period not exceeding eighteen months as the Chancellor thinks fit. আবার সেটার বৃদ্ধি ঘটল এবং Statement of reason as required under Rule 72(1) of the Rules of Procedure. এ আপনি বলেছেন, The term of appointment of Dr. S. Mookerjee, the first Vice-Chancellor, Kalyani University under the transitory provisions of the Kalyani University Act, 1981 was due to expire on the 21st June, 1985. Dr. Mookerjee as the first Vice-Chancellor of the University framed the Statutes, the Ordinances and the Regulations of the University with the assistance of a Committee appointed by the State Government and with the approval of the Chancellor.

তাহলে মেন ফ্যাংসন যেখানে ইলেকসন শুধু নয় এবং সেটা কিন্তু মাননীয় সুভাষবাবু বললেন না। মেন্ ফ্যাংসন যেখানে স্টাটুউট তৈরী করা সেখানে তা একটাও তৈরী হয়নি। একটা নিয়ম পদ্ধতির মধ্যে দিয়েই সব কিছু পরিচালিত হওয়া উচিত এবং তা হলেই সুষ্ঠু পরিবেশ তৈরী হয়। সেই পরিবেশ যদি সৃষ্টি না করতে পারেন তাহলে কি ভাবে একটা অর্ডিন্যান্সকে নিয়ে সমস্ত কিছু চালাবেন? সুস্থভাবে বিশ্ববিদ্যালয়কে কিভাবে নিয়ে যাবেন সেক্ষেত্রে তিনি অপারগ হয়েছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয় আপনি নিশ্চয়ই উপলব্ধি করতে পারছেন। তিনি অপারগ হয়েছেন একটা বিশ্ববিদ্যালয়ের অর্ডিনান্স তৈরী করতে, ষ্টাটুট তৈরী করতে, রেগুলেসন তৈরী করতে এবং এরজন্য সময়কে ক্রমাগত বাড়িয়ে যেতে হচ্ছে। আমরা জানি, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর যে চিন্তাধারা, তিনি বিভিন্নভাবে যে প্রচেষ্টা দেখান সেটা খুবই ভাল কিন্তু তাঁর যে শিক্ষা দপ্তর তারা খুবই উদাসীন। বিশেষতঃ ইউনিভার্সিটি যদি ঠিকমত কাজ না চালান তাহলে তিনি কি করতে পারেন, তাঁর ক্ষমতার বাইরে। কিন্তু প্রথম ভাইস-চ্যান্সেলার যিনি আছেন তিনি এইসবগুলি তৈরী করবেন। তাঁকে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করে সময় দেওয়া হয়েছিল। বিলটি যখন ইনট্রোডিউস হয় সেখানে ঠিক করেছিলেন নিশ্চয়ই ২ বছরের মধ্যে হতে হবে। যদি আরোও সময় লাগে তারজন্য ১ বছর রিজার্ভ করে রেখেছিলেন যেটা চ্যান্সেলার দিতে পারেন। কিন্তু দেখা গেল, ৩ বছরেও হল না। আরোও সময়ের দরকার। আবার দেখা যাচ্ছে ৬ মাসের জন্য এনেছেন। বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য মূল যেটা লক্ষ্য, যেটা অঙ্গ, সেই অঙ্গহানি করে কাজ চলছে। মাননীয় সদস্য সুভাষবাবু সেখানকার স্থানীয় লোক। তিনি সেখানকার স্থানীয় লোক হলেও আমরা কিন্তু এই সিদ্ধান্তে আসতে পারি, আজকে যেখানে কোন নিয়ম-পদ্ধতি নেই, বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য নিয়ম নিদ্ধারণ করার যে পদ্ধতি সেটা যখন নেই তাহলে তিনি কি ভাবে বিশ্ববিদ্যালয় পরিচালনা করছেন? সেখানে একটা অবাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে এবং নিয়ম বহির্ভূত কাজ চলছে বলে আমি কি এই সিদ্ধান্তে আসতে পারি না? আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে জানাতে চাই, ঐ ফার্স্ট ভাইস-

চ্যান্সেলারকে জিজ্ঞাসা করুন, কত সময়ের প্রয়োজন আছে। সামনে পূজা, ছুটি থাকবে, সুতরাং কোন কাজ হবে না। সুতরাং আমার অনুমান, আগামী বাজেট অধিবেশনে আবার ৬ মাসের জন্য বৃদ্ধি করতে হবে। আবার আপনাকে এইভাবে অর্ডিন্যান্স করতে হবে। ভাইস-চ্যান্সেলার চলে গেলে কে কার্য পরিচালনা করবেন সেই পরিপ্রেক্ষিতে ডেডলক্‌ হবে বলে আপনি অর্ডিন্যান্স আকারে নিয়ে এসেছেন। বাজেট অধিবেশন গত এপ্রিল মাসে শেষ হয়েছিল, তারপর ৫ মাসের মধ্যে যে সময়টা এক্সপিসড করে যাচ্ছে তারজন্য যে গুরুতর অবস্থা সৃষ্টি হবে এটা উপলব্ধি করে ব্যবস্থা নেওয়া উচিৎ ছিল কিন্তু সেটা হয়নি বলে মান্নান সাহেব স্ট্যাটুটরী রেজোলিউসান দিয়েছিল। এটা অর্ডিনান্স আকারে যেভাবে নিয়ে এসেছেন সেইভাবে না নিয়ে এসে বিল আকারে নিয়ে আসতে পারতেন। সবচেয়ে বড় কথা হচ্ছে, প্রত্যেকটি প্রথম অধিবেশনে কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্বন্ধে ভাইস-চ্যান্সেলারের জন্য তার সময়কে বৃদ্ধি করার জন্য অর্থাৎ ৬ মাস করে বাড়াবার জন্য আপনাকে বিল নিয়ে আসতে হচ্ছে কিম্বা অর্ডিন্যান্স করতে হচ্ছে। সুতরাং এটা বন্ধ হোক। এর থেকে কি আমরা আর একটি সিদ্ধান্তে আসতে পারি না—এই সরকার চিন্তা-ভাবনা করছেন ৬ মাস করে সময় বাড়িয়ে ভাইস-চ্যান্সেলারের কার্যাপদ্ধতি কিভাবে চলছে, আমাদের মনের মত ব্যক্তি কিনা, এরজন্য কি ঝুলিয়ে রাখা হয়েছে? তাঁকে এইভাবে টেস্টিং করা হচ্ছে। টেস্টিংয়ে যদি তিনি উত্তীর্ণ হন, তাহলে তাঁকে স্থায়ী করা হবে, না হলে সরিয়ে দেওয়া হবে। এই রকম একটা পদ্ধতির পরিবর্তনের দরকার আছে। এই পদ্ধতির পরিবর্তন না হলে আপনাদের সামনে যে সমস্যাগুলি আছে, বিশেষতঃ বিভিন্ন বিশ্ববিদ্যালয় নিয়ে টাকা পয়সার ঝামেলা আছে এবং বিধানসভা চলাকালীন দেখতে পাচ্ছি যে, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ঝামেলা হচ্ছে, পরিচালনার ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি ঘটছে বলে সেখানে অসন্তোষ দেখা দিচ্ছে, সেখানে যেসব শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী আছেন-তাঁদের মধ্যেও সমস্যা দেখা দিচ্ছে, ছাত্রদের মধ্যেও সমস্যা দেখা দিচ্ছে। এই সব সমস্যা সমাধানকল্পে সরকারের চিন্তা-ভাবনাকে বিভিন্নভাবে বাধা দেওয়া হচ্ছে। আমার অনুরোধ, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী সে দিকটা দেখুন এবং এক্ষেত্রের সমস্ত ত্রুটি-বিচ্যুতি দূর করুন। বিলটি সার্কুলেশনে পাঠাবার কথা বলেছি—তার কারণ হোল—এখন পর্যন্ত বর্তমান ভাইস চ্যান্সেলরকে নানাভাবে তাঁর কাজে বাধা দেওয়া হচ্ছে, ফলে কোন কাজ না করতে পেরে তিনি বিরত হয়ে আছেন। এসব দূর করতে বিলটাকে আরো ভালভাবে ত্রুটিমুক্ত করবার স্বার্থে জনমত সৃষ্টির জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে সার্কুলেশন মোশন আমরা দিয়েছি। আশা করবো, মাননীয় মন্ত্রী মহাশয় এসব কথা উপলব্ধি করে শিক্ষা প্রসারে যেসব বাধা আসছে—সেসব দূর করবেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের কার্যপদ্ধতি সম্বন্ধে শুধু সমালোচনা করছেন, কিন্তু আজকে সমালোচনা করতে হবে সেসব ভাইস-চ্যান্সেলরের, যাঁরা কোন কাজ করতে পারছেন না। যেমন, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর গত চার বছর ধরে যে কাজ করা উচিত ছিল—সেটা তিনি করতে পারছেন না। কিন্তু এখানে বলছেন যে, সব ঠিক আছে; পরীক্ষা ইত্যাদি ঠিকভাবে চলছে, সময়মত ফল বেরোচ্ছে, কোন গোলমাল নেই। কিন্তু এখানে দেখতে পাচ্ছি, সময়টা দিনের পর দিন এখানে বাড়িয়ে নিচ্ছেন। যেখানে এটা ঘটছে, সেখানে সব কিছু ঠিক আছে বুঝবো কি করে? এটা কখনই হতে পারে না। আমি আশা করবো, মন্ত্রী মহাশয় সুবিবেচক এবং আমাদের চেয়ে বেশী উপলব্ধি করেন; কাজেই বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলররা যাতে ঠিকভাবে কাজ করতে পারেন, তারজন্য যা করণীয়—নিশ্চয়ই করবেন। এরজন্য আরও যদি সময় বাড়াতে চান, বাড়িয়ে নিন। আজকে সেই প্রতিবন্ধকতা না রেখে একে সরলীকরণ করবার জন্য এবং কাজটা তাড়াতাড়ি করবার চেষ্টা যাতে হয় তারজন্য আমরা যে রেজলিউশন এনেছি এবং তাতে জনমত তৈরীর জন্য যে আবেদন জানিয়েছি, আমরা আশা করবো, সেই ব্যাপারে চিন্তা-ভাবনা করবেন—এই আবেদন রেখে আমার বক্তব্য আমি এখানেই শেষ করছি।

শ্রী অনিল মুখার্জী : - মাননীয় চেয়ারম্যান স্যার, বিরোধী দলের সদস্যরা যে বক্তব্য এখানে রাখলেন সেই বক্তব্যের মধ্যে একই কথা ধ্বনিত হ'ল। ওনারা বিভিন্ন সময়ে যে কথা বলে থাকেন সেই একই স্টিরিয়োটাইপ বক্তব্য এখানে রাখলেন - ক্ষমতা কুক্ষিগত করা হচ্ছে, দলবাজী হচ্ছে, শিক্ষাক্ষেত্রে আন্দোলন করে দেশটাকে নষ্ট করে দিচ্ছে, কেন্দ্রের বিরুদ্ধে চক্রান্ত করা হচ্ছে এবং নোমিনেটেড কাউন্সিল দিয়ে আমরা বিশ্ববিদ্যালয় পরিচালনা করছি। মাননীয় চেয়ারম্যান স্যার, বিরোধী দলের সদস্যরা দেখেছেন যে আমরা বিশ্ববিদ্যালয় গণতন্ত্রীকরণ করার জন্য আগেই অনেকগুলি বিশ্ববিদ্যালয়ে নির্বাচন করেছি। সেখানে ভাইস-চ্যান্সেলার নিয়োগ করা হয়েছে। কিভাবে বিশ্ববিদ্যালয়ে অর্ডিনেন্স স্ট্যাটুট ইত্যাদি করে বিশ্ববিদ্যালয়ে গণতন্ত্র প্রতিষ্ঠা করা হয়েছে সেটা বিরোধী পক্ষ বুঝতে পারবে না। কারণ ওদের সময় বিশ্ববিদ্যালয়ে গণতন্ত্রীকরণ করা হয়নি। সেইজন্য ওনাদের অভিজ্ঞতা নেই যে গণতন্ত্রীকরণ করতে গেলে বেশ সময় লাগে। এটা ওনাদের ধারণার বাইরে, কারণ ওনারা তো গণতন্ত্রে বিশ্বাস করেন না, একনায়কতন্ত্র এবং স্বৈরতন্ত্রে বিশ্বাসী। সুতরাং একটা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের যে কাজ সেই কাজের উপর একটা রাজ্য সরকার হস্তক্ষেপ করে না। আইনে যদি হস্তক্ষেপের ব্যবস্থা থাকে তাহলে বলবেন বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীন ক্ষেত্রে হস্তক্ষেপ হচ্ছে। আবার যদি কোন কার্যে হস্তক্ষেপ না করা হয় তখন বলবেন কেন হস্তক্ষেপ করা হচ্ছে না। যাই হোক এইসব আরগুমেন্টে যেতে চাই না। এখানে ৬ মাসের জন্য এক্সটেনসান চাওয়া হয়েছে। সেখানে কতকগুলি জায়গায় ইলেকসান করা হয়নি। স্ট্যাটুট ইত্যাদি কতকগুলি টেকনিক্যাল ব্যাপার আছে, বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে ওনাদের যদি কোন অভিজ্ঞতা থাকতো তাহলে দেখতেন বিশ্ববিদ্যালয় তৈরী করতে গেলে, নূতন স্ট্যাটুট, অর্ডিনান্স করতে গেলে, এ্যামেন্ডমেন্ট করতে গেলে, এ্যাপ্লিকেশন করতে গেলে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে হয় না। একটা হাড এ্যাণ্ড ফাস্ট আইন প্রয়োগ করে নির্দিষ্ট টাইমের মধ্যে একটা ওয়াটার টাইট কমপার্টমেন্টের মতো কোন আইন হয় না। ৬ মাসের জায়গায় ১ বছর, ১ বছরের জায়গায় দেড় বছর এবং দেড় বছরের জায়গায় ২ বছর ফ্লাকচুয়েট করতে পারে। নূতন করে গণতন্ত্রীকরণ করতে গেলে অনেকরকম অসুবিধা আছে। এটা ওনারা জানবেন না কারণ অতীতে তো বিশ্ববিদ্যালয়কে গণতন্ত্রীকরণ করা হয় নি। নূতন করে এইসব করা হচ্ছে। সুতরাং প্রথমে ভাইস-চ্যান্সেলারের একটু সময় লাগবে। পরবর্তী সময়ে আপনারা দেখেছেন এই সরকার নির্দিষ্ট সময়েই নির্বাচন করেছে। বিরোধী দলের সদস্যদের মধ্যে কেউ কেউ বলেছেন এটার তো সময় আগেই হয়ে গেছে। এখানে বিরোধী দলের সদস্যরা বলছেন আরো বেশী করে সময় চাওয়া হ'ল না কেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের ইচ্ছা নেই যে ৬ মাসের বেশী নেবেন। যত কম সময়ের মধ্যে এটা করা যায় তার জন্য তিনি চেষ্টা করছেন। অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে আমরা দেখছি ৬ মাস, ৮ মাস, ১ বছর টাইম বেড়ে গেছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়, বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় এবং নূতন যে সব বিশ্ববিদ্যালয় তৈরী হয়েছে সেখানে এটা হয়েছে। শিক্ষার ক্ষেত্রে গণতন্ত্রীকরণ করতে গেলে, নূতন কিছু পদ্ধতি আনতে গেলে, স্টাটুট করতে গেলে, টেকনিক্যালিটিস এ্যাণ্ড ট্রান্সফারমেন্স করতে গেলে টাইম এক্সটেনসানের দরকার হয়।

[5.40-5.50 P.M.]

ওঁরা অনেক কিছুই অনুমান করতে পারেন। অনুমান করার ক্ষেত্রে ওঁদের কোন বাধা নেই। যা কিছু অবাস্তব, যা সত্য নয় ইত্যাদি সব কিছুই ওঁরা অনুমান করতে পারেন এবং সেই হিসাবেই আমরা গণতন্ত্রীকরণের যে কথা এখানে বলেছি, তাও যে ওঁরা অনুমান করবেন, সেটা নতুন কিছু বিষয় নয়। ওঁরা যে আকাশ কুসুম বা অসত্য কিছু অনুমান করবেন তাতে আশ্চর্যের আর কি আছে? এইরকম একটি বিলকে ওঁরা সার্কুলেশানে দেওয়ার কথা বললেন। যার এফেক্ট মাত্র ৬ মাসের, সেটাকেও ওঁরা

জনমত তৈরী করতে সার্কুলেশানে দেওয়ার কথা বললেন। এটি সার্কুলেশানে দিতে হলে আরও কিছু সময় লাগবে, একথা তো সবাই বুঝতে পারেন। তখন কি বিশ্ববিদ্যালয় ডেড্‌লক হয়ে পড়বে না? ওঁরা আসলে সেটাই চান এবং সেজন্যই এইরকম একটা বিলকেও সার্কুলেশানে দেওযার কথা বললেন। আসলে এই বিলটির প্রতি বিরোধিতা করার কোন ব্যাপার নেই যখন ওঁরা দেখছেন, তখন ৬ মাসের এই বিলটিকে সার্কুলেশানে দেওয়ার করা বললেন। এটি সার্কুলেশানে দেওয়া হলে আরও ৬ মাস সময় লাগবে এবং সময় নষ্ট হবে, এটাই ওঁরা চান। সুতরাং এই বিলটিকে আমি পূর্ণাঙ্গ সমর্থন জানিয়ে, শিক্ষার গণতন্ত্রীকরণ তথা শিক্ষার প্রসারকল্পে বামফ্রন্ট সরকার যে পদক্ষেপ নিয়েছেন, সেজন্য আমি মাননীয় মন্ত্রীমহোদয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ - মাননীয় চেয়্যারম্যান মহোদয়, মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী কল্যাণী বিশ্ববিদ্যালয় (২য় সংশোধনী) বিধায়ক, ১৯৮৫, যা এখানে উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি। এই বিলের মধ্যে যে আলোচনা এতক্ষণ ধরে হ'ল তা আপনারা সকলেই শুনেছেন। যাঁরা বিলটি পড়েছেন, তাঁরা দেখেছেন যে, বিলটির মধ্যে বিশেষ পরিবর্তন কিছু আনা হয়নি। খুব বাস্তব প্রয়োজনের তাগিদে এখানে ৬ মাস সময় বাড়ানো হচ্ছে। প্রথম দফায় ২ বছর ছিল, তারপর আর এক বছর বাড়ানো হয়েছিল। ঠিক সেই প্রয়োজনের দিক চিন্তা করে এটা করা হচ্ছে, শিক্ষার একটি বিশেষ গণ্ডী আছে। এইসব পরিস্থিতির মধ্যে আমাদের মন্ত্রীমহোদয় বাধ্য হয়েই এই বিল উত্থাপন করেছেন এবং খুব স্বাভাবিকভাবেই এই বিল উত্থাপন করেছেন। প্রাসঙ্গিকভাবে বিরোধীপক্ষের সদস্যরা এই বিলের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেননি। কল্যাণীতে বর্তমানে শিক্ষার পরিবেশ এবং সেই সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলায় শিক্ষার পরিবেশ সম্পর্কে গতানুগতিক যে সমস্ত কথাবার্তা ওঁদের আছে - তা সে শিক্ষা, খাদ্য, কৃষি, ত্যািদি যাই হোক না কেন - সেই সমস্ত বাঁধা কতগুলি কথা কোন ব্যাপারে আলোচনার ক্ষেত্রে বলে থাকেন, এই ক্ষেত্রেও সেই গতানুগতিক কথা বললেন। এই ক্ষেত্রেও তার কোন ব্যতিক্রম হয়নি এবং গতানুগতিকতার পুনরাবৃত্তি করলেন। মাননীয় চেয়্যারম্যান মহোদয়, কংগ্রেস আমলে যে সরকার ছিল, সেই সময়ের সমস্ত ঘটনার কথা আমরা সকলেই জানি। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সেই সমস্ত পুরানো ঘটনার উল্লেখ কোন কোন মাননীয় সদস্য উল্লেখ করেছেন। সেই সময়ে ওখানে কোনরকম শিক্ষার পরিবেশ ছিল না। নানারকম গাজোয়ারী বিধান সেই সময়ে ঘটেছিল। শিক্ষকদের মর্যাদা ভূলুণ্ঠিত হয়েছিল কল্যাণী বিশ্ববিদ্যালয়ে। ওঁদেরই জনৈক প্রাক্তন মন্ত্রী সেই সময়ে এই ধরণের নৈরাজ্য কল্যাণী বিশ্ববিদ্যালয়ে তৈরী করেছিলেন। ডক্টরেট করার জন্য তিনি ওখানে গবেষণা করছিলেন এবং তার অনুমোদনও দেওয়া হয়েছিল। এই ধরণের অব্যবস্থা তখন চলছিল। সেই ব্যবস্থা চলাকালীন মাননীয় মান্নান সাহেব এবং কাশীনাথবাবু যদি রাজনীতির পাদপ্রদীপের আলোতে আসতেন, তাহলে আমাদের শুনতে হ'ত - 'ডক্টর মান্নান, ডক্টর কাশীনাথ'। আমাদের সময়েই কল্যাণী বিশ্ববিদ্যালয়ে শিক্ষার একটা পরিবেশ তৈরী হয়েছে। সেখানে একটা শিক্ষার এনভায়ার্নমেন্ট ফিরে এসেছে। সেখানে শিক্ষা বিভাগে 'পরিবেশ বিষয়ে' একটা দপ্তর খোলা হয়েছে। এসব হচ্ছে অগ্রগতির সূচক, প্রগতির সূচক। অগ্রগতির সূচক হিসাবে এগুলিকে চিহ্নিত করা যায়। স্বভাবতই এই বিলের ব্যাপারে বিতর্কের কোন কারণ নেই, এরা ধান ভানতে শিবের গীত গায়। এরা যে প্রসঙ্গগুলির অবতারণা করেছেন তার কেনো প্রয়োজন ছিল বলে আমার মনে হয় না। পরিশেষে আরেকবার বলি যে বাস্তব প্রয়োজনের তাগিদে ৬ মাস বাড়ান হয়েছে, ৬ মাসও নয় প্রায় ৩ মাস মতো। এই বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ - মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় বিরোধীদলের সদস্যরা যে সংশোধনী এনেছেন তাতে আমার মনে হয় তাঁরা এই বিলটিকে যথাযথভাবে অনুধাবন করতে পারেননি। সমস্ত ঘটনাটি যদি জানতেন তাহলে এই বিলটিকে সমর্থন করতেন। এই বিলের মধ্যে আমরা নতুনভাবে ৬ মাস সময় চাইনি, ৩ মাস আরো সময় চেয়েছি। সেই অনুযায়ী একটা অর্ডিন্যান্স করলাম এবং সেই অর্ডিন্যান্সকে আজকে বিল হিসাবে এনেছি। অর্থাৎ ৩ মাস আরো অতিক্রম করছি। তাছাড়া মাননীয় সদস্যরা হয়তো জানেন না যে এরমধ্যে আমরা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য নির্বাচন পর্যন্ত সম্পন্ন করে ফেলেছি। ৩০-এ আগষ্ট ১৯৮৫ সালে উপাচার্য নির্বাচন হয়ে গেছে। ওনারা অবশ্য বলতে পারেন কি কারণে ওঁরা আদালতে মামলা দায়ের করে ফলাফল আটকে রেখেছেন। ফলাফল যখন বেরুবে তখনই ওরা নিশ্চিত হতে পারবেন যে উপযুক্তভাবে উপাচার্য্য নির্বাচন হয়েছে কিনা। আজকে আরেকটি কথা মাননীয় সদস্যদের মনে করিয়ে দিতে চাই - একদিকে ওঁরা বলছেন যে সময় বাড়ানো ঠিক নয়, অপরদিকে তারা সংশোধনী এনেছেন যে জনমত সংগ্রহের জন্য আরো সময় দেওয়া হোক, এইদুটি পরস্পর বিরোধী জিনিষ হয়ে যাচ্ছে। সেইজন্য আমি মাননীয় বিরোধী সদস্যদের আনীত সংশোধনীর বিরোধীতা করছি এবং আবেদন করবো যে বিলটি কেন এনেছি সেটা ভালো করে দেখুন এবং এই বিলকে সমর্থন করুন।

The motion of Shri Kashi Nath Misra that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th December, 1985, was then put and lost.

The motion of Shri Abdul Mannan that this House disapproves the Kalyani University (Second Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. III of 1985) was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghose that the Kalyani University (Second Amendment) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

Claues 1, 2, 3 and Preamble

The question that Clauses 1, 2, 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Sambhu Charan Ghose : Sir, I beg to move that the Kalyani University (Second Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed.

[5.50-6.00 P.M]

Shri Satya Ranjan Bapuli : Mr. Chairman, Sir, it is most strange that the Bill has been placed to-day by the Hon'ble Minister although three months have already experied. He has been pleased to say that the by-election of V. C. has already been over but some other elections will be held. But it is unfortunate that the Hon'ble Minister during his speech has passed certain remarks about a case which is lying before the High Court. I do not know whether all the Vice-Chancellors of other Universities who if not nominated or selected by the Left Front Government according to their own choice are working well

or not. So is the case of Kalyani University. Perhaps its Vice-Chancellor's election has not been properly done as per rules for which it has been challenged. However, as the matter is sub judice, we cannot discuss the matter. But we can say about Jadavpur University. It is needless to say what is happening there and what will happen later on, we do not know. But the main question is whether all the Vice-Chancellors of the Universities are functioning properly or not. The Hon'ble Minister wants the period to be extended by six months. So he has brought the amendment. The amendment is very small becasue the office of the Vice-Chancellor was to expire on 21st June, 1985 and as the Assembly was not in session, the promulgation of Ordinance was necessary. I do not know whether Hon'ble Minister will be pleased to ensure us that by this time all the elections will be over or not because we know some machineries are working behind the screen for the purpose which may suit the Left Front Government and that is why this amendment is necessary. Otherwise, who prevented the V. C. for holding elections? Why other elections were not over? Is it because, the machineries were not quite clear then? Machineries will have to be created soon and so time is necessary. Time will have to be allotted. This is most unfortunate. As has been pointed out by Shri Kashinath Misra they will not be able to complete all the elections requiring promulgation of another Ordinance which will again be placed before the House for enactment. That is ovious. The Minister's intention may be good but the purpose is not very clear. In the Objects and Reasons it has been stated that simply because the time was over, it could not be completed and as such some time was necessary and so, the period would have to be extended for the election. But, Sir, the Hon'ble Minister will never be able to assure us whether within this period of three months all other elections will be over or not and whether he will again place another ordinance before the House. That is the thing which I want to know from the Hon'ble Minister.

Thank You Sir.

The motion that the Kalyani University (Amendment) Bill, 1985, as settled in the Assembly be passed, was then put and agreed to.

The Vidyasagar University (Amendment) Bill, 1985

Shri Sambhu Charan Ghose : Mr. Chairman Sir, I beg to introduce the Vidyasagar University (Amendment) Bill, 1985 and place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The Syllabus Committee appointed by the Vidyasagar Universiy Council completed the syllabi of undergraduate courses. The university authorities also framed the Statutes, the Ordinances and the Regulations of the university with the approval of the Chancellor. Under sub-section (3) of section 5 of the Vidyasagar University Act, 1981 all the thirty colleges including Teachers' Training Colleges in the district of Midnapore which were previously affiliated to Calcutta University became affiliated to Vidyasagar University with effect from 1st June 1985. As the Vidyasagar University was not in a position to hold examinations and publish results at the undergraduate stage it was considered necessary that Calcutta University should be entrusted with that job for some time to come and the students appearing from the colleges in the district of Midnapore should be regarded as students of Calcutta University for that period. Students who would take admission in the first year class of B.A./ B.Sc./B.Com. (Pass and Honours) in 1985 should follow the sylliabi of Vidyasagar University and appear in the examinations held by Vidyasagar University and be regarded as students registered under Vidyasagar University.

It was considered necessary that the above arrangement in respect of undergraduate colleges in the district of Midnapore should take effect from the session of July 1985. It was also necessary that Vidyasagar University should be given statutory power to exercise its control on the management of undergraduate colleges.

As the Assembly was not in session an Ordinance, viz., the Vidyasagar University (Amendment) Ordinance, 1985 was promulgated with effect from the 3rd July 1985 incorporating necessary amendments to the Vidyasagar University Act, 1981.

(Secretary then read the Title of the Bill)

(At this stage the Deputy Speaker took the chair)

Mr. Deputy Speaker : I have received two Notices of Statutory Resolution from Shri Kashinath Misra and Shri Abdul Mannan under 213(2)(a) of the Constitution of India disapproving the Vidyasagar University (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. IV of 1985). The Resolutions are same. I call upon Shri Kashinath Misra to move the Resolution.

Shri Kashinath Misra : Mr. Deputy Speaker Sir, I beg to move that this House dispproves the Vidyasagar University (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. IV of 1985).

Shri Sambhu Charan Ghose : Mr. Deputy Speaker Sir, I beg to move that the Vidyasagar University (Amendment) Bill, 1985, be taken into consideration.

Mr. Deputy Speaker : There is a motion for circulation of the Bill by Shri Kashinath Misra. Shri Misra may move his motion.

Shri Kashinath Misra : Mr. Deputy Speaker Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1985.

Mr. Deputy Speaker : The discussion on the Statutory Resolution and the motion for circulation will be taken together.

শ্রী আবদুল মান্নান ঃ - অন এ পয়েন্ট অব ইনফর্মেশান, স্যার। আমরা একটু আগে বাইরে গিয়ে দেখলাম যখন বিদ্যাসাগর ইউনিভার্সিটি বিল আলোচনায় আছে, যাঁর নামে ইউনিভার্সিটি সেই ইউনিভার্সিটি বিলের সম্বন্ধে যখন আলোচনা হচ্ছে তখন সেই ইউনিভার্সিটির প্রাথমিক স্তরে যাঁরা পড়াশোনা করান সেই হাজার হাজার প্রাথমিক শিক্ষক তাঁদের কয়েক দফা দাবীর ভিত্তিতে এসপ্ল্যানেড ইস্টে জমায়েত হয়েছেন। আমরা এর আগে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলেছি মাননীয় সদস্য শ্রী ধীরেন সরকার বলেছেন, আরো অনেকে বলেছেন যে শিক্ষা মন্ত্রী কিংবা শিক্ষা মন্ত্রীর পক্ষে একজন কেউ সেখানে গিয়ে তাঁদের সঙ্গে আলোচনায় বসুন, তাঁদের দাবীগুলি বিচার বিবেচনা করার প্রতিশ্রুতি দিন, কিন্তু কেউ গেলেন না। হাজার হাজার প্রাইমারী টিচার্স সেখানে অপেক্ষা করছেন। আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে আবেদন রাখছি যে একজন প্রতিনিধিকে সেখানে পাঠান, তিনি তাঁদের বক্তব্যগুলি শুনে আসুন।

ডাঃ মানস ভূঁইয়া ঃ - মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী সভায় বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় বিলের এ্যামেন্ডমেন্ট এনেছেন কতকগুলি বিশেষ বিশেষ ক্ষেত্রে। সমস্ত কলেজগুলি যদি খতিয়ে দেখা যায় তাহলে একটা জিনিস খুব পরিষ্কার যে মাননীয় মন্ত্রী মহাশয় নিজেই বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় সম্বন্ধে খুব কনফিউসানের মধ্যে আছেন, তিনি নিজে এবং তাঁর দপ্তর জানে না সামগ্রিকভাবে বামফ্রন্ট সরকারের চিন্তাধারা এই এ্যামেণ্ডমেন্টের মধ্যে প্রতিফলিত হয়েছে কিনা। তবে একটা জিনিস আমি নিশ্চিত মেদিনীপুর জেলার বামফ্রন্টের গরিষ্ঠ শরিক মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির বিধায়করা, সেখানকার অন্যান্য শরিক দলের বিধায়করা ঠিক ঠিকভাবে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের এগিয়ে চলার পথকে কিংবা মর্যাদার সঙ্গে প্রতিষ্ঠার পথকে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে বোধহয় পেশ করতে পারেননি, এটা খুব দুর্ভাগ্যের ব্যাপার।

[6.00-6.20 P.M.]

শুধু মেদিনীপুরের কলেজগুলিই নয় বিদ্যাসাগরের নামে যে বিশ্ববিদ্যালয় হয়েছে সেটা পশ্চিমবাংলার গর্বের ব্যাপার এবং আমি নিজেও তার জন্য গর্বিত। শিক্ষামন্ত্রীর উদ্যোগ একেবারে নেই তা বলছি না, তাঁর উদ্যোগ আছে কিন্তু সেই উদ্যোগ নিতে গিয়ে ঘটনার পরিপ্রেক্ষিতে শিক্ষামন্ত্রী একজন কর্তাব্যক্তি হয়েও যে কিছু করতে পারছেন না তার সামগ্রিক প্রতিফলন এই এ্যামেণ্ডমেন্টের মধ্যে ফুটে উঠেছে। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে যে কলেজগুলি আসবে এবং যে সমস্ত ছেলেমেয়েরা সেখানে পড়াশোনা করবে তারা এমন একটা অবস্থার মধ্যে পড়েছে যে তাদের মনের ভারসাম্য হারিয়ে গেছে। তারা একবার ভাবছে আমরা বোধহয় বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের মধ্যে ঢুকে গেছি, আবার ভাবছে আমরা যেমন ছিলাম তেমনিই আছি। আমাদের সঙ্গে তো মন্ত্রীদের দেখাশোনা হয় না কারণ তাদের মধ্যে কেউ কেউ কাঁচের ঘরে থাকেন, কেউ কেউ আবার হাসপাতালে থাকেন। তবে সংবাদপত্রের মাধ্যমে দেখতে পাই এরা নাকি বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে খুবই চিন্তিত। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের আওতারে যে সমস্ত কলেজগুলি আসবে তাদের ভবিষ্যত, তাদের এ্যাডমিনিস্ট্রেসন, তাদের কারিকুলামের ব্যাপারে এঁরা নাকি খুবই চিন্তিত। অন্যান্য কলেজগুলোকে কি করে এর মধ্যে আনা যায় সেটা নিয়েও নাকি খুব চিন্তা করছেন। শুধু তাই নয় অন্যান্য বিশ্ববিদ্যালয়ের পঠন-পাঠনের ধারাকে পরিবর্তিত করে এখানে একটা বিশেষ ধরণের পঠন-পাঠনের ব্যবস্থা করার জন্যও নাকি খুব চিন্তা করছেন। স্যার, এই এ্যামেণ্ডমেন্টের বিরুদ্ধে বলব, না পক্ষে বলব সেটা বুঝতে পারছি না কারণ এটা একটা জগাখিচুড়ি ব্যাপার। যারা ওখানে পড়াশোনা করছে অর্থাৎ অলরেডি যে সমস্ত কলেজগুলোকে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের আওতারে নেওয়া হয়েছে তাদের একবার বলা হচ্ছে যেখানে পূর্বে পড়াশোনা করতে সেখানেই পরীক্ষা দেবে, আবার বলছে নতুন যে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় হয়েছে তার মধ্যে পড়বে এবং পরীক্ষা দেবে। এবারে মাননীয় সদস্যগণ চিন্তা করুন কি জগাখিচুড়ি ব্যাপার হয়েছে। আমি শিক্ষামন্ত্রীকে জিজ্ঞাসা করছি আপনি কি নিজে এ ব্যাপারে স্যাটিসফাইড না বামফ্রন্টের চাপে পড়ে এটা করছেন? আমরা আপনার নামে জিন্দাবাদ দোব এবং বলব আমাদের শিক্ষামন্ত্রী শম্ভুবাবু এতবড় একটা কাজ করছেন। কিন্তু আপনি নিজে একবার চিন্তা করেছেন কি, এই সমস্ত বাচ্চা-বাচ্চা ছেলেমেয়ে টুয়েলভথ ক্লাস পাশ করে গ্রাজুয়েশন কোর্সে আসছে তাদের কোথায় নিয়ে ফেলেছেন? তারা কোথায় পরীক্ষা দেবে, কোথা থেকে সার্টিফিকেট পাবে, পোষ্ট গ্রাজুয়েট যারা পড়বে তাদের ভবিষ্যত কি হবে কিছুই জানিনা। তারপর, কাউন্সিল নেই, বোর্ড নেই, কোর্ট নেই, মেম্বার কারা কারা হবে কিছুই জানিনা। এরকম একটা অব্যবস্থার মধ্যে আপনি ছেলেমেয়েদের নিয়ে ফেলেছেন। আপনি একজন অধ্যাপক কাজেই অনুরোধ করছি যে সমস্ত কলেজ এই বিশ্ববিদ্যালয়ের মধ্যে আসছে তাদের নিয়ে এরকম ছেলেখেলা করবেন না। আপনি একটা গাইড লাইন ঠিক করুন। এবারে একটা এ্যামেণ্ডমেন্ট আপনি এনেছেন পরের সেসনে দেখব আবার একটা এ্যামেণ্ডমেন্ট এনেছেন এবং এইভাবে প্রতি সেসনেই যদি আপনি একটা করে এ্যামেণ্ডমেন্ট আনেন তাহলে মানুষের মনে কি প্রতিক্রিয়ার সৃষ্টি হয় সেটা একবার ভেবেছেন কি? আপনি কি ল্যাবরেটারীর গিনিপিগের মত বিশ্ববিদ্যালয়ের ছেলেমেয়েদের নিয়ে এক্সপেরিমেন্ট করছেন? মাননীয় সদস্য কাশীবাবু এবং মান্নান সাহেব জনমত যাচাই করবার যেটা বলেছেন আপনি সেটা মেনে নিয়ে একে সারকুলেট করুন। বিতর্কের মধ্যে সাংঘাতিকএকটা সমালোচনার মুখে আপনাকে দাঁড় করাবার ইচ্ছা আমাদের নেই বা খুব প্রশংসার ব্যাপারও এটা নয়।

এটা সামগ্রিকভাবে পশ্চিমবাংলার ছাত্র-ছাত্রীদের ব্যাপার। বিশেষ করে যে সমস্ত কলেজগুলি আজকে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের আওতারে আনবেন তাদের ব্যাপার। এবং যে সমস্ত শিক্ষকরা ঐ সমস্ত কলেজগুলির সঙ্গে জড়িত এবং যারা আগামীদিনে শিক্ষকতা করতে আসবে ঐ সমস্ত কলেজগুলিতে তদের কি অবস্থা। আপনাকে একটা প্রশ্ন জিজ্ঞাসা করি - আপনারা তো প্রগতির কথা বলেন - আমি ব্যক্তিগত আক্রমণ করতে চাই না - কিন্তু এ কথা বলতেই হচ্ছে যে আপনি একজন মানুষকে ওখানে বসিয়েছেন - ওখানকার দায়িত্ব দিয়ে রেখেছেন তার পক্ষে কি সম্ভব এই ধরণের একটা প্রাথমিক স্তর থেকে বেশী করে গুরুত্ব দিয়ে এবং অনেক মানসিক এবং কায়িক পরিশ্রম দিয়ে, অনেক মূল্য দিয়ে নিষ্ঠার সঙ্গে অনেক বেশী সময় দিয়ে এটা করা যে কাজ করার দরকার সেটা কি তার পক্ষে সম্ভব? তিনি ৪ দিন কলকাতায় থাকবেন এবং দুদিন তিনি মেদিনীপুরে বেড়াতে যাবেন তার পক্ষে কি এই অঙ্কুরিত বিশ্ববিদ্যালয়কে তৈরী করার মানসিকতা তার থাকবে কি? এই বিশ্ববিদ্যালয়ে শাখা প্রশাখা তাকে প্রসার করার প্রবণতা এবং মনোভাব সৃষ্টি করার জন্য একটা যোগ্য ব্যক্তির দরকার নয় কি? আপনি এরকম একজন ব্যক্তিকে বসিয়ে দিয়েছেন। আজকে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে একটা প্রহসন চলছে—বিদ্যাসাগরের নামে একটা প্রহসন চলছে আপনারা মাতৃভাষাকে অপসন করে দিয়েছেন, আমি এটা Out of the context of

the Bill তবুও এখানে বলছি, এখানে আমি আপনার বিচার প্রার্থনা করছি বিদ্যাসাগরের নামে বিশ্ববিদ্যালয়কে আপনি কি করেছেন, সেখানে আপনারা বাংলাকে অপসন করে দিয়েছেন কম্পালসারী করেন নি বাংলা পড়তেও পারে নাও পড়তে পারে। এই কি পশ্চিমবাংলার মানুষের ভাল লাগবে? এর থেকে প্রহসনের ব্যাপার আর কি হতে পারে। শম্ভুবাবু আপনি শিক্ষামন্ত্রী আপনার অন্য কি মনোভাব আছে জানিনা তবে এ কথা জানি যে আপনার মাতৃভাষার প্রতি শ্রদ্ধা আছে। আপনাকে একথা বলতে হবে যে বিদ্যাসাগরের নামে একটা বিশ্ববিদ্যালয় তৈরী করে দিয়ে বাংলাকে অপসন করে দিয়েছেন এর জবাবদিহী আমাদের কাছে না করলেও পশ্চিমবাংলার মানুষের কাছে করতে হবে। আপনার কাছে একটা বিনীত নিবেদন করব যে, যে প্রশ্ন কাশীবাবু রেখেছেন, এই ধরণের ছেলেখেলা না করে বার বার এ্যামেণ্ডমেন্ট না এনে আগামী দিনে সত্যিকারের একটা সুন্দর সুষ্ঠু বিশ্ববিদ্যালয় যদি করতে হয় এবং ছেলেমেয়েদের ভাগ্য নিয়ে আর ছিনিমিনি খেলবেন না এবং অভিভাবকদের চিন্তার মধ্যে না ফেলে যদি আগামীদিনে বলিষ্ঠভাবে ছাত্রদের ভবিষ্যৎ এবং তাদের পড়াশোনার ব্যবস্থা করতে চান তাহলে একটা সুষ্ঠ সিদ্ধান্তে আসুন এবং একটা সুন্দর মানসিকতার মধ্যে থেকে নূতনভাবে নূতন পরিচালনার ব্যবস্থার কথা চিন্তা করুন। এই আবেদন আমি আপনার কাছে রাখছি আর বিনয়ের সঙ্গে আবেদন করছি কাশীবাবু এবং মান্নান সাহেব আপনার কাছে যে আবেদন রেখেছেন জনমত সৃষ্টি করার জন্য সেটা গ্রহণ করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিভূতিভূষণ দে : - মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এই সভায় যে এ্যামেণ্ডমেন্টগুলি পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং সমর্থন করতে গিয়ে মাননীয় বিরোধীপক্ষের সদস্য ডাঃ মানস ভূঁইয়া যে বক্তব্য রাখলেন এবং যে সমালোচনা করলেন এই বিলটা তিনি বোধহয় ভাল করে পড়েন নি। আমি মনে করি এই বিলটি সময়োচিত হয়েছে। আমাদের উচ্চ শিক্ষামন্ত্রী এই ব্যাপারে বিশেষ ধারণা আছে বলে তিনি এই সভায় এই বিলটি রেখেছেন। বিরোধীপক্ষের সদস্য যে কথা বললেন যে ছাত্রদের মধ্যে কনফিউসন এসেছে। ছাত্রদের মধ্যে কনফিউসন আসেনি। কনফিউসন যদি এসে থাকে তা ওনারই মধ্যে এসেছে। ছাত্ররা কোন ইউনির্ভাসিটির আণ্ডারে পরীক্ষা দেবে সেকথা এমস এ্যাণ্ড অবজেকটসে পরিষ্কারভাবে লেখা আছে। তিনি যদি এটা পড়তেন তাহলে তিনি বুঝতে পারতেন ছাত্রদের মধ্যে কোন কনফিউসন নেই। ১৯৮৫ সালে লাস্ট ইয়ারে বি.এ., বি.এস.সি., বি.কম. ছাত্র-ছাত্রীদের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের আণ্ডারে তারা এলেন এবং বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুসারে তাদের পড়াশোনা হবে এবং সেইভাবেই বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের আণ্ডারে পরীক্ষা দিতে হবে। ছাত্রদের মধ্যে কোন কনফিউসন নেই। আমি কলেজে পড়াই, কোন ছাত্র এইরকম প্রশ্ন করেনি। তারা পরিস্কার জানে যে, নতুন যারা ভর্তি হল তারাই বিদ্যাসাগর ইউনিভার্সিটির আণ্ডারে এল। কাজেই উনি বিলটি ভালভাবে পড়লে ওর কনফিউসান কেটে যেত। এই দুঃসাহসিক পদক্ষেপের জন্য আমি বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাই এবং বামফ্রন্ট সরকার বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের সম্পর্কিত কাগজপত্র ইউ.জি.সি.-র কাছে অনেকদিন আগেই পৌছে দিয়েছেন। কিন্তু ইউ.জি.সি. কেন্দ্রীয় সরকারের টালবাহনার জন্য এতদিন গড়িয়ে গেল এবং আজ পর্যন্ত ইউ.জি.সি বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের জন্য একটি পয়সাও দেয় নি। সেইজন্য বামফ্রন্ট সরকারের উচ্চ শিক্ষামন্ত্রী সঠিকভাবেই তার সীমিত ক্ষমতার উপর দাঁড়িয়ে বিলের মধ্যে উল্লেখ করেছেন ডিউ টু ফিন্যানসিয়াল কনস্‌ট্রেন্টে এই সব জিনিস করতে পারি নি। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের দাবী আমাদের দীর্ঘদিনের দাবী। অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর জেলা বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়ার ছাত্র-ছাত্রীরা সুদূর কলকাতায় পড়াশোনা করতে আসতে পারে না। মাঝ পথেই অনেককে পড়া ছেড়ে দিতে হয়। তাই স্থানীয়ভাবে এই বিশ্ববিদ্যালয় হবার ফলে এইসব জায়গায় ছাত্র-ছাত্রীরা পড়াশোনা করার সুযোগ পাবে। আর সেই সঙ্গে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর থেকে চাপ কমবে। শুধু তাই নয় ৩০টি কলেজকে এই বিশ্ববিদ্যালয়ের অধীনে আনা হয়েছে। তাদের পড়াশুনা এই এ্যাকাডেমিক ইয়ার থেকেই শুরু হচ্ছে। তাছাড়া মেদিনীপুরের আরো দুটি কলেজ খেজুরি ও চন্দ্রকোণা কলেজের পড়াশুনা এই শিক্ষাবর্ষ থেকেই শুরু হচ্ছে। চন্দ্রকোণা কলেজ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন লাভ করেছে। আমি এই কারণে বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাচ্ছি যে, ভারতবর্ষে এইরকম একটা নতুন বিশ্ববিদ্যালয়ের নজীর নেই যেখানে প্রচলিত বিষয়গুলির সাথে নন-ট্রেডিশ্যানাল সাবজেক্টও পড়ানো হচ্ছে। ভারতবর্ষের কোন বিশ্ববিদ্যালয়ে এই রকম নন-ট্রাডিশ্যানাল subject পড়ানো হয় না। ভারতবর্ষের মধ্যে এই প্রথম পশ্চিম বাংলার মেদিনীপুর জেলার বিদ্যাসাগর বিশ্ববিদালয়ে নন-ট্র্যাডিশলান বিষয়গুলি পড়ানো হবে। সেদিক থেকে এটা নিশ্চয় একটা অভিনব বিশ্ববিদ্যালয় এবং সেইজন্য আমি বামফ্রন্ট সরকারকে আবার অভিনন্দন জানাচ্ছি। শুধু তাই নয়, এখানে বলা হয়েছে সেই সমস্ত কোর্ট, কাউন্সিলগুলি খুব তাড়াতাড়ি সংগঠিত করতে হবে। এইক্ষেত্রে আমাদের একটা দায়িত্ব আছে। আমি একটি কথা বলছি যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য যেভাবে সিনেট, সিণ্ডিকেটকে এড়িয়ে গিয়ে নিজের সিদ্ধান্ত মত কাজ করে কলকাতা বিশ্ববিদ্যালয়ে অরাজকতা ডেকে এনেছেন সেটা একটু চিন্তা করে দেখুন। তিনি একটা পরিকল্পনা নিয়ে স্বেচ্ছাচারি হয়েছেন। তাই আমি বলব শুধু বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে নয়, অন্য কোন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরাও যাতে এইরকম স্বেচ্ছাচারী হয়ে উঠতে না পারে তার জন্য পরবর্তীকালে গণতান্ত্রিক পদ্ধতিতে কাজ পরিচালিত করতে আরো আইন আনার জন্য নজর দিতে হবে। আমার খুব বেশী সময় নেই, আমি আর দু-একটি সাজেসান মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর সামনে রেখে আমার বক্তব্য শেষ করব। মেদিনীপুর বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে যে কলেজগুলি এল তাতে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর চাপ কিছুটা কমবে এটা ঠিক। কিন্তু এখানে বিজ্ঞান বিভাগে কিছু সংখ্যক ছাত্র-ছাত্রীরা পড়াশুনা করছে, আসন সংখ্যা কম থাকার জন্য বেশী সংখ্যক ছাত্র-ছাত্রীরা পড়ার ইচ্ছা থাকা সত্বেও পড়ার সুযোগ পাচ্ছে না। আসন সংখ্যা আগে যা ছিল তাই আছে, তার থেকে আর বাড়েনি। সায়েন্স পড়ার সুযোগ যাতে আরো বেশী সংখ্যক ছাত্র পায় তার ব্যবস্থা অবিলম্বে করা দরকার এবং আসন সংখ্যা বাড়ানোর ব্যবস্থা করা দরকার। তাতে করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর আরো চাপ কমবে বলে আমি মনে করি। বিশ্ববিদ্যালয়টি শহর থেকে একটু দূরে। তাই ভালভাবে বাস যোগাযোগের দিকে দৃষ্টি দিতে হবে। আমি শুনেছি ইউনিভার্সিটিতে এখনো বৈদ্যুতিকরণ করা হয়নি। খুব তাড়াতাড়ি এই কাজগুলি শুরু করতে হবে। এই বিশ্ববিদ্যালয় যে কেন্দ্রীয় সাহায্য পাচ্ছে না সেটা আপনি উল্লেখ করেছেন। আমাদের জেলায় বিভিন্ন কলেজ আছে। বড় বড় কলেজে লাইব্রেরি ফেসিলিটিজ আছে। যেখানে লেবরেটরি আছে সেখানে পোষ্ট গ্রাজুয়েট পড়াতে পারা যায় কিনা সেটা আপনি দেখবেন। এই কথা বলে বিলটিকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6.20-6.30 P.M.]

শ্রী কাশীনাথ মিশ্র : - মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় আজ এই সভায় যে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় এ্যামেণ্ডমেন্ট বিল, ১৯৮৫ নিয়ে এসেছেন সে সম্পর্কে কয়েকটি কথা বলছি। মাননীয় মন্ত্রীমহাশয় তার অবজেক্টস এ্যাণ্ড রিজিনসে বলেছেন যে, আর্থিক দুরাবস্থার জন্য মেদিনীপুর জেলার যে সমস্ত কলেজ এই বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ হয়েছে সেখানে বিভিন্ন অসুবিধার জন্য পুরাতন যে কোর্স সেই কোর্স এবং তার পরীক্ষাগুলি কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ থাকবে আর ১৯৮৫ সালের যে বি.এ., বি.এস.সি কোর্স চালু হয়েছে সেগুলি এই বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ হবে। যে বিশ্ববিদ্যালয়ের আইন ১৯৮১ সালে তৈরী হ'ল আজকে ৪ বছর

হয়ে যাওয়া সত্বেও সেখানে একটা ইট পর্যন্ত গাঁথা হল না। সেখানকার সমস্ত কাজ কলকাতা থেকে চলছে। এই যেখানে অবস্থা সেখানে বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরের ছাত্র-ছাত্রীরা কি করে আশা করবেন যে আজ ছাত্রদের ভর্তি হওয়ার যে সমস্যা সেই সমস্যার সমাধান এই বিশ্ববিদ্যালয় করবেন? স্যার, বীরসিংহ গ্রামের যে ছেলেটি পিতার হাত ধরে আসতে আসতে শিক্ষা শুরু করেছিল এবং মাইলস্টোন দেখিয়ে বাবাকে জিজ্ঞেস করেছিল, বাবা এটা কি? তেমনি অমাদের বংশধররা ঐ যে ভিত্তিপ্রস্তর ওখানে সংস্থাপন করা হয়েছে সেটা দেখিয়ে আমদের জিজ্ঞাসা করবেন কি যে এটা কে সংস্থাপন করেছিলেন, তার নাম কি? স্যার, বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় যখন তৈরী হয়েছিল তখন সেখানে বর্দ্ধমানের রাজাদের অনেক দান ছিল। সেখানে প্রাথমিক পর্যায়ে কাজ করার জন্য যে ব্যবস্থা হয়েছিল আজকে এখানে কিন্তু সে ব্যবস্থা নেই। এখানে কোন ব্যবস্থা হল না কিন্তু পাঠক্রম চালু হল। বিশ্ববিদ্যালয়ের যে সব কাজ বাকি আছে মাননীয় মন্ত্রীমহাশয় সেটা বলেছেন— The Syllabus Committee appointed by the Vidyasagar University Council completed the syllabi of undergraduate courses. The University authorities also framed the Statutes, the Ordinances and the Regulations of the University with the approval of the Chancellor. Under sub-section (3) of seciton 5 of the Vidyasagar University Act, 1981 all the thirty colleges including Teachers' Training Colleges in the district of Midnapore which were previously affiliated to Calcutta University became affiliated to Vidyasagar University with effect from 1st June, 1985. আজকে আপনারা নিলেন। এর পরে ছাত্র-ছাত্রীদের আপনারা কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে চালিয়ে দেবেন। তাদের প্রশ্নোত্তর, তাদের নিয়ম-কানুন সব কিছু চলবে। কিন্তু আজকে ইউনিভার্সিটিতে যে নুতন ছেলেমেয়েরা ঢুকলো তাদের রেজিস্ট্রেশান দরকার, সেই রেজিস্ট্রেশান সার্টিফিকেট কার কাছ থেকে নেবে? রেজিস্ট্রেশনের জন্য দরখাস্ত, এই যে ৩০টি কলেজ আছে, সেই কলেজগুলি কার কাছে করবে? আজকে ভাইস-চ্যান্সেলার রইলেন। কিন্তু রেজিস্ট্রারটার কে হলেন, ইন্সপেক্টর অব কলেজ কে হলেন, আজকে সেখানে পরিচালনা কিভাবে হচ্ছে, কোথা থেকে হচ্ছে, আমরা কেউ জানি না। আমরা পাশের জেলার লোক, আমরা কেউ জানিনা কিভাবে পরিচালনা করছেন। যে উদ্দেশ্য নিয়ে সরকারি চিন্তা-ভাবনা করছেন, যে উদ্দেশ্যের জন্য সরকার বিশ্ববিদ্যালয়গুলি করার চেষ্টা করছেন, আমরা যে স্বপ্নের কথা চিন্তা করছি যে বিশ্ববিদ্যালয় হলে ছাত্র-ছাত্রীদের ভর্ত্তির যে প্রকট সমস্যা দেখা দিয়েছে, এই বিশ্ববিদ্যালয়গুলি হলে আরো কয়েক শত কলেজ-এর অধীনে এলে কলকাতা বিশ্ববিদ্যালয়ের চাপ বোধহয় কমবে। কিন্তু সেখানে এই অবস্থাতে আপনারা পরিচালনা পদ্ধতির কোন নিয়ম কানুন নেই। এই বিশ্ববিদ্যালয়ের অধীনে যে কলেজগুলি গেল সেগুলিতে প্রথম বর্ষে ছাত্র-ছাত্রীরা যেখান থেকে পরিচালিত হবে, তারা কিন্তু কিছুই শিখতে পারবেনা, জানতে পারবে না। তাদের কাছে সেটা অজ্ঞাত হিসাবে থাকবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় তার স্টেটমেন্ট অব অবজেক্টস এ্যাণ্ড রিজনে আণ্ডার রুল ৭১ অব রুলস অব প্রসিডিওরের যে কথাগুলি বলেছেন, সেখানে তিনি আরো বলেছেন যে As the Vidyasagar University was not in a position to hold examinations and publish results at the Undergraduate stages it was considered necessary that the Calcutta university should be entrusted with the job for some time to come and the students appearing from the colleges in the district of Midnapore should be regarded as the students of Calcutta University for that period' এই যে পিরিয়ডের জন্য থাকলে, students who would take admission in the first year class of B.A., B.Sc. and B.Com (Pass and Honours) in 1985 should follow the syllabi of Vidyasagar University and appear in the examinations held by Vidyasagar University and be regarded as students registered under Vidyasagar University. এই যে তারা রেজিস্টার্ড হবে, তারা স্টুডেন্টস হিসাবে পরিণত হল, তাদের যে চিহ্নিত ইউনিভার্সিটি, সেই ইউনিভার্সিটি থেকে কোন কাজ করতে পারবেনা। সেইদিক থেকে তাদের অসুবিধার সৃষ্টি হবে। আজকে এই যে দুটো ভাবে পরিচালিত হবে তাতে অসুবিধা দেখা দেবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের মধ্যে তাদের পরিচালনা ব্যবস্থা করতে হবে, আবার বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে ব্যবস্থা করতে হবে। এইভাবে দুটোকেই পরিচালনা করতে হবে এবং তার ফলে সেখানে যে প্রেসার হবে তাতে তাদের কাজের অসুবিধা হবে। কাজের সহায়ক হিসাবে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় থেকে কোনরকম সহযোগিতা পাবেনা। এই সহযোগিতা পেতে গেলে অনেক সময় লেগে যাবে। কারণ সেখানে আজকে কোন কিছুর ব্যবস্থা নেই। আজকে ইউ জি সি বা কেন্দ্রীয় সরকার যদি কোন ব্যাপারে সহযোগিতা না করে, আপনারা তাহলে কিসের ভিত্তিতে ১৯৮১ সালে ডিসিশান নিয়ে এই বিশ্ববিদ্যালয় করার ব্যবস্থা করেছিলেন? নিশ্চয়ই রাজ্য সরকারের ক্ষমতা অনুযায়ী ব্যবস্থা করেছিলেন। আজকে যদি মনে হয় যে ইউ.জি.সি. বা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আর্থিক সংস্থানের ব্যবস্থা তারা করেছেন এবং এই প্রতিশ্রুতি পেয়ে হয়ত আপনাবা করেছেন। কিন্তু এর পরেও অসুবিধা হতে পারে। সেই যে আর্থিক অসংগতি হচ্ছে, আর্থিক অনটন চলছে, এই অনটন কিসের জন্য হচ্ছে সেটা পরিস্কার করে জানাতে হবে। এটা পরিস্কারভাবে আমরা জানতে পারছি না যে আপনারা কিসের ভিত্তিতে ১৯৮১ সালে যে বললেন বিশ্ববিদ্যালয় আইন এবং কেন্দ্রীয় সরকার বা ইউ.জি.সি সেখানে কোনরকমভাবে সহযোগিতা করবেন কি না এবং আপনাদের আর্থিক কোন রকম সহযোগিতা দেবেন কি না, সেটা বললেন না। অথবা রাজ্য সরকারের সহযোগিতা নিয়ে এই বিশ্ববিদ্যালয় আরম্ভ করেছেন কি না বা রাজ্য সরকারের উপর কতটা নির্ভর করছেন, সেটা বললেন না। সেইজন্য আমি জনমত সৃষ্টি করার জন্য বলেছিলাম। এই যে বলেছেন, "As the Assembly was not in session and Ordinance, viz., the Vidyasagar University (Amendment) Ordinance, 1985 was promulgated with effect from the 3rd July 1985 incorporating necessary amendments to the Vidyasagar University Act, 1981." এই যে থার্ড জুলাই থেকে যেটা এফেক্ট হলো এবং সেটা আগে উপলব্ধি করা উচিত ছিল। আপনি জানেন সেখানকার অবস্থা কি? ভাইস-চ্যান্সেলার কলকাতায় পাঁচদিন থাকেন এবং ২ দিন ওখানে যান। এইসব সংশয় আমাদের মনে রয়েছে বলে এই কথাগুলো বলেছিলাম। সেইজন্য আমি স্ট্যাচুটারী রেজিলিউশনের প্রস্তাব দিয়েছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অনিল মুখার্জী ঃ - মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলের সদস্য কাশীবাবু এবং ডাঃ মানস ভূঁইয়া মহাশয় এখানে যে বক্তব্য রাখলেন, তাঁরা কিন্তু যেমন সমস্ত বিলটা ভাল করে অনুধাবন করলেন না, আর যে সমস্যা রয়েছে, তার গভীরে গেলেন না। পশ্চিমবাংলায় যতগুলো বিশ্ববিদ্যালয় আছে, তার ভেতর বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় সবচেয়ে কনিষ্ঠ এবং এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠান ওনারা হয়তো খবর রেখেও রাখেন না, যে ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশন দিল্লীতে, সারা ভারতবর্ষে তারা যে টাকা দেন, দিল্লী বিশ্ববিদ্যালয়কে তার শতকরা ৭৫ ভাগ টাকা দেন। আর বাকী ভাগ টাকা সারা ভারতবর্ষে দেন। এবং ভারতবর্ষের অন্য বিশ্ববিদ্যালয়ে যা টাকা দেন তার চেয়ে কম টাকা দেন পশ্চিমবাংলাকে। এই তথ্যটা ওনারা কোনদিন এই হাউসে বলেন না। আর সবচেয়ে গোলমেলে ব্যাপার হলো এই বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের গঠন এবং দায়িত্ব এবং পরবর্ত্তী সময়ে এটাকে তৈরী করার জন্য কেন্দ্রীয় শিক্ষা দপ্তর বা ইউ.জি.সি. যে পরিমাণ অর্থ সাহায্য করে এবং সহযোগিতা করা দরকার, সেই পরিমাণ সহযোগিতা রাজ্য সরকারকে করেননি। ওনারা সমালোচনা করছেন, কিন্তু কেন্দ্রীয় সরকারের কি কোন দায়িত্ব নেই, ইউ. জি. সি.-র কি কোন দায়িত্ব নেই এবং তারা আজকে এই বিশ্ববিদ্যালয়ে, যে বিশ্ববিদ্যালয় সবচেয়ে কনিষ্ঠ বিশ্ববিদ্যালয় এবং যে বিশ্ববিদ্যালয় শিশু বিশ্ববিদ্যালয় ভূমিষ্ঠ হলো—ওনারা সমালোচনা করলেন,

ওনারা ছাত্রছাত্রী দরদী হয়ে চোখের জল ফেললেন, একবার ওনারা ভাবলেন না, পশ্চিমবাংলায় এই যে নুতন বিশ্ববিদ্যালয়টি জন্ম নিয়েছে, তার যে দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকারের আছে, ইউ.জি.সি.-র আছে, নুতন বিশ্ববিদ্যালয় হলে যেভাবে সহযোগিতা করা দরকার, যেভাবে অতীতে বর্ধমান বিশ্ববিদ্যালয়কে করেছেন এবং অন্য সময়ে করেছেন এবং সেইভাবে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়কে করছেন না। সুতরাং সেই কেন্দ্রীয় সরকারের সহযোগিতার অভাব যেমন পশ্চিমবাংলার শিল্প মরছে, যেমন আজকে বন্দর মরছে, এইরকমভাবে অন্যান্য জায়গায় কেন্দ্রীয় সরকার যে সমস্যা তৈরী করছে, আজকে শিক্ষার ক্ষেত্রে এই অসহযোগিতার মনোভাব পশ্চিমবাংলার শিক্ষা ক্ষেত্রে সমস্যার সৃষ্টি করেছে, এটা বিরোধীরা একবারও বললেন না, একবারও সেটাকে স্বীকার করলেন না। দেশের জন্য আজকে ওনারা দরদ দেখাচ্ছেন-কাশীবাবু বললেন বাঁকুড়ার কাছে থেকেও মেদিনীপুরের এই বিশ্ববিদ্যালয় সম্পর্কে কিছু শোনেননি। আমি জিজ্ঞাসা করি, কলকাতায় বসে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের নির্বাচন হয়েছে, ভাইস-চ্যান্সেলার নির্বাচন হয়ে গেছে, সেই খবর একটা সর্বভারতীয় বিরাট দল রাখেন না।

[6.30-6.40 P.M.]

আপনারা কি কোনো খবর রাখেন? আপনারা কোনো খবরই রাখেন না। যদি রাখতেন তাহলে ঐসব কথা এখানে বলতেন না। আসল কথা আপনারা রাখেন না এবং রাখলেও তা এখানে বলতে চান না। আপনারা কি এ খবর রাখেন যে, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়কে যে পরিমাণ সাহায্য এবং সহযোগিতা করা দরকার তা কেন্দ্রীয় সরকার করছেন না? যার ফলে এই শিশু বিশ্ববিদ্যালয় ভূমিষ্ট হবার সাথে সাথেই অক্সিজেনের অভাবে মৃতপ্রায় হয়ে পড়েছে, এ কথা কি আপনারা জানেন? আপনাদের কি এ বিষয়ে কি কোনো দায়-দায়িত্ব নেই? কেন্দ্রীয় সরকারকে কি এ ব্যাপারে আপনারা বলতে পারেন না? আপনারা সে সমস্ত কিছুই করছেন না। আর আপনাদের দলের কেন্দ্রীয়সরকার দল বাঁচাবার জন্য চন্দন রায় চৌধুরীকে মদত দিচ্ছেন। তাঁরা মদত দিতে পারেন, কিন্তু সাহায্য করতে পারেন না পশ্চিমবাংলাকে। তারা পশ্চিমবাংলার শিক্ষা সমস্যার সমাধানে রাজ্য সরকারকে সাহায্য করতে পারেন না, কিন্তু তাঁরা এশিয়াটিক সোসাইটি নিয়ে রাজনীতি করবার জন্য চন্দন রায় চৌধুরী এবং তাঁর দলবলকে দিল্লীতে ডাকতে পারেন এবং অন্যান্য ক্ষেত্রেও শিক্ষা নিয়ে রাজনীতি করতে পারেন। আপনারা শুধু শিক্ষা নিয়ে দলবাজী করতেই জানেন, শিক্ষা সমস্যার সমাধান করবার জন্য রাজ্য সরকারকে অর্থনৈতিক এবং অন্যান্য সাহায্য সহযোগিতা করতে জানেন না। সুতরাং এই অবস্থায় মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহোদয় যে বিল আজকে এখানে নিয়ে এসেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে এবং মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ গোস্বামী : - মাননীয় উপাধ্যক্ষ মহাশয়। আজকে এই সভায় উচ্চশিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় এ্যামেণ্ডমেন্টবিল উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি।

স্যার, আজকে এই সংশোধনীগুলি একান্তভাবে অপরিহার্য হয়ে পড়েছিল, কারণ একটা বিশ্ববিদ্যালয় স্থাপনের ব্যাপারে যে পরিকাঠামো করা দরকার, আনুষ্ঠানিকভাবে যে সমস্ত ব্যবস্থা নেওয়া দরকার সে সমস্তগুলি একটা বিরাট ব্যাপক কাজ এবং এর জন্য সময় লাগবেই। অবশ্য এ কথা ঠিক যে, ইতিমধ্যে আমরা কয়েকটি বছর অতিক্রম করেছি তবুও এই সময়ের মধ্যে সমস্ত কাজ শেষ করা সম্ভব হয়নি। কিন্তু এই সময়ের মধ্যে কাজের প্রক্রিয়া কখনো বন্ধ থাকেনি। পরিকাঠামো গঠনের কাজ চলছে। প্রথম ভাইস-চ্যান্সেলারের উপরে যে সমস্ত কাজের দায়িত্ব ছিল—ইউনিভার্সিটি স্ট্যাটিউট, অর্ডিনান্স, রেগুলেশন—সে সমস্ত কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। অন্যান্য কাজও এগিয়ে চলেছে, তবে নির্দিষ্ট সময়ের মধ্যে সে সমস্ত কাজ করা যায়নি বলেই আজকে এই বিল'টি এখানে এসেছে সেই সময়-সীমাকে বাড়াবার জন্য। এবং সেই উদ্দেশ্যেই সরকার কিছু ক্ষমতা নিজেদের হাতে রেখেছেন যাতে নির্দিষ্ট সময়-সীমাকে—যেটা দু' বছর ছিল সেটাকে—প্রয়োজনবোধে যাতে আরো বাড়িয়ে দেওয়া যায়। ইতিপূর্বে এই সভায় মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় বার বার আশ্বাস দিয়েছেন, ঘোষণা করেছেন যে, যত শীঘ্র সম্ভব এই সমস্ত কাজ শেষ করে ফেলা হবে এবং এই বিশ্ববিদায় যাতে যথারীতি আরম্ভ হয়, সুষ্ঠভাবে চলে তার ব্যবস্থা এবং উদ্যোগ গ্রহণ করা হবে। আমরা দেখছি এযাবৎ ওখানে সমস্ত কাজই সুষ্ঠভাবে চলে আসছে এবং আমরা আশা করছি বাকি যে কাজ অবশিষ্ট আছে তা সম্পূর্ণ হয়ে যাবে। ইতিমধ্যেই আমরা দেখছি যে, এ বছর জুলাই মাস থেকে ওখানে সিলেবাস অনুযায়ী—বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে পাঠ্যক্রম অনুযায়ী—ছেলে ভর্তি হয়েছে এবং পড়াশোনা চলছে। আমরা আশা করছি পোষ্ট গ্র্যাজুয়েট পাঠ্যক্রমগুলি যথারীতি যথা সময়ে আরম্ভ হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের প্রসঙ্গে একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ক্লজ চারের প্রভাইসোটির নীচে দু' নম্বর কলমটি আপনি একটু দেখবেন। সেখানে বলা আছে, "all studies and examinations in relation to any college or institution referred to in sub-clause(i), commence and in progress before the first appointed day shall be deemed to be in progress as if they had been commenced by the University under this Act." আমি ঠিক জানি না, যে ৩০টি কলেজ এই বিশ্ববিদ্যালয়ের আওতায় আছে সেই সমস্ত কলেজে এমন কোন পাঠক্রম চালু আছে কিনা ফরমার যে ইউনিভার্সিটি অর্থাৎ ক্যালকাটা ইউনিভার্সিটি তার অনুমোদিত নয় সেইরকম পাঠক্রম ঐ সমস্ত কলেজে যদি চালু থাকে কিম্বা পরীক্ষা গৃহীত হয়ে থাকে তাহলে বর্তমানে যে সংশোধনী রাখতে চাচ্ছেন তাতে কিন্তু রেগুলারাইজ করে দিতে হবে অর্থাৎ আইনসিদ্ধ করে দিতে হবে। আমি বলছি উইথ দি এ্যাপ্রুভ্যাল অফ দি ফরমার ইউনিভার্সিটি এই কথাটি যোগ করলে আমার মনে হয় ক্লিয়ার হবে। এটা মাননীয় মন্ত্রী মহাশয় ভেবে দেখবেন। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শম্ভুচরণ ঘোষ : - মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মেদিনীপুরের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় সম্পর্কে মাননীয় বিরোধীদলের সদস্যরা কিছু কিছু বক্তব্য রেখেছেন। আমার নিজেক ধারণা, তাঁরা যদি বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ঘুরে আসতেন তাহলে তাঁদের ধারণা অন্য রকম হতো। আমার আজকের যে সংশোধনী বিল তার মধ্যে দুটো কথা বলবার চেষ্টা করেছি। এক হচ্ছে, ১ জুন, ১৯৮৫ সাল থেকে মেদিনীপুর জেলার ৩০টি কলেজ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্তর্ভুক্ত হয়েছে। ১৭ জুলাই, ফার্স্ট এ্যাপয়েন্টিং ডে ঘোষণা করা হয়েছে, অর্থাৎ ঐ দিন থেকে বিশ্ববিদ্যালয়ের স্ট্যাটুট, রুলস রেগুলেসন্স ঐ কলেজগুলির ক্ষেত্রে প্রযোজ্য হবে। আমি যে সংশোধনটিএনেছি তাতে ১ জুন থেকে ১৭ জুলাই এই মাঝের সময়টুকু রেগুলারাইজ করে নিতে চাচ্ছি। দ্বিতীয় যে সংশোধনী এনেছি তাতে আমরা সেকেণ্ড এ্যাপয়েন্টিং ডে ঘোষণা করতে চাই। সেদিন থেকে পোষ্ট গ্র্যাজুয়েট ক্লাস, এম.এ। এম.এস.সি ক্লাস শুরু হবে। আমি আপনাদের সামনে ঘোষণা করতে চাই, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় ভারতবর্ষের মধ্যে একমাত্র বিশ্ববিদ্যালয় যে বিশ্ববিদ্যালয়ে নন-ট্রাডিশনাল কোর্স ইনট্রোডিউস করা হয়েছে। ভারতবর্ষের মধ্যে অন্য কোন বিশ্ববিদ্যালয়ে এইরকমভাবে নন্-ট্রাডিশন্যাল কোর্স ইনট্রোডিউস করা হয়নি। তৃতীয়তঃ উপাচার্য আমাকে লিখিতভাবে জানিয়েছেন এই শিক্ষাবর্ষে অর্থাৎ ১৯৮৫ সালের নভেম্বর, ডিসেম্বর মাস

থেকে সেখানে পোষ্ট-গ্রাজুয়েট ক্লাস শুরু হবে। ৬টি বিষয় আপাততঃ পড়ানো হবে। প্রথম হচ্ছে, অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন। আপনারা লক্ষ্য করবেন, সব কিন্তু ট্রাডিশন্যাল নয়। দ্বিতীয় হচ্ছে, ফলিত গণিত ও সামগ্রিক বিজ্ঞান, তৃতীয় হচ্ছে, রাষ্ট্রীয় বিজ্ঞান ও গ্রামীণ প্রশাসন, চতুর্থ হচ্ছে, বাণিজ্য প্রশাসন, পঞ্চম হচ্ছে, পাঠাগার বিজ্ঞান, ষষ্ঠ হচ্ছে, উপজাতি-সংস্কৃতি ও নৃত্যত্ত্ব। আপাততঃ ৬টি বিষয় আমরা পোষ্ট গ্রাজুয়েট ক্লাসে নভেম্বর, ডিসেম্বর মাস থেকে শুরু করতে সমর্থ হবো। মাননীয় বিরোধী সদস্যদের জানিয়ে দিতে চাই, ১৪০ একর জমির সমস্ত জমিটাকে আমরা কিন্তু সেখানে বাউণ্ডারী ওয়াল তৈরী করে একটা বিশ্ববিদ্যালয়ের রূপ দিতে পেরেছি।

[6-40-6-45 P.M.]

ইতিমধ্যে প্রথম পর্যায়ে এ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং তৈরী করা সম্পূর্ণ হয়ে গেছে, প্রথম পর্যায়ে বিজ্ঞান ভবন তৈরী করা সম্পন্ন হয়ে গেছে। কলাভবন, অধ্যপকদের বাসগৃহ, অশিক্ষক কর্মচারীদের বাসগৃহ - এগুলোও তৈরী হয়েছে। ইতিমধ্যে রাজ্য সরকার ২ কোটি ৩৯ লক্ষ টাকা এখানে খরচ করেছেন। এটা জমির খরচ বাদ দিয়ে বলছি। ইউ.জি.সি.-র পক্ষ থেকে যে শর্ত রাখা হয়েছিল সেগুলো আমরা সম্পূর্ণ করেছি। এক্ষেত্রে ইউ.জি.সি.-র কিছু কিছু শর্ত ছিল। প্রথম শর্ত - এটা নন্-ট্রাডিশনাল ইউনিভার্সিটি হতে হবে। আমরা সেটা করেছি। দ্বিতীয় শর্ত - একটি প্ল্যানিং কমিটি করতে হবে। এটাও আমরা করেছিলাম, যার চেয়ারম্যান ছিলেন ডঃ ভবতোষ দত্ত। তৃতীয় শর্ত ছিল - বিভিন্ন পদে অফিসার নিয়োগ করতে হবে। এক্ষেত্রে আপনারা জানেন যে, ইতিমধ্যেই মেদিনীপুরে অফিস আছে - সেখানে ডেপুটি রেজিস্ট্রার, ডেপুটি ইন্‌স্পেক্টর অফ কলেজেস, স্পেশাল অফিসার আমরা নিযুক্ত করেছি। আমরা ৬০০ লেকচারার, রিডার, প্রফেসর নিয়োগ করবার জন্য ইতিমধ্যে কাগজে বিজ্ঞাপন দিয়েছি যাতে করে নভেম্বর-ডিসেম্বর মাসের মধ্যে ক্লাশ শুরু করতে পারি। আমরা ইউ.জি.সিকে বার বার চিঠি দিয়েছি এবং সম্প্রতি নতুন দিল্লীর শিক্ষামন্ত্রী সম্মেলনে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেও বলেছি যে, আপনাদের সমস্ত শর্তই তো পূরণ করেছি, কাজেই আমরা কেন ইউ.জি.সির অনুদান পাবো না? জানি না, পাবো, কি পাবো না। তবে একথা জানিয়ে দিতে পারি, রাজ্যসরকার সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে, পোষ্ট গ্রাজুয়েট কোর্স চালু করবেই, কি[illegible]কে একটা সম্পূর্ণ আদর্শ বিশ্ববিদ্যালয়ের রূপ দেবোই আমরা। এই কথা বলে, মাননীয় বিরোধী সদস্যগণ যে সংশোধনী এনেছেন - আমি তার বিরোধিতা করছি।

The motion of Shri Kashinath Misra that this House disapproves of the Vidyasagar University (Amendment) Ordinance, 1985 (West Bengal Ordinance No. IV of 1985), was then put and lost.

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghose that The Vidyasagar University (Amendment) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 6 and Preamble

The question that Clauses 1 to 6 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Sambhu Charan Ghose : Mr. Deputy Speaker, Sir, I beg to move that The Vidyasagar University (Amendment) Bill, 1985, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-45 P.M. till 1 P.M. on Friday, the 20th September, 1985, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the Provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House Calcutta,

on Friday, the 20th September 1985 at 1 p.m.

Present

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair 15 Ministers, 19 Ministers of State and 226 Members.

[1.00 to 1.10 p.m.]

Unstarred Questions
(to which written answers here laid on the table)

স্বরূপগঞ্জ ব্লকে৩৩ কে ভি সাব-স্টেশন

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০।) **শ্রীআনিসুর রহমান বিশ্বাস :** গত ১৭ই এপ্রিল ১৯৮৫ তরিখের অতারকিত প্রশ্ন নং ১২৩ (অনুমোদিত প্রশ্ন নং ৩২৪।)-এর উল্লেখপূর্বক বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় জানাবেন কি—

(ক)২৪-পরগনা জেলায় স্বরূপগঞ্জ ব্লকে সাড়াপুর মৌজায় ৩৩ কে ভি সাব-স্টেশন নির্মাণের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) কবে নাগাত ঐ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) প্রস্তাবিত সাড়াপুর ৩৩ কে ভি সাব-স্টেশন নির্মাণের জন্য জমি ইতিমধ্যে অধিগ্রহণ করা হইয়াছে। জমি সদ্ব্যবহারের পরিকল্পনা রচনা ও তৎসম্পর্কিত রূপরেখা প্রস্তুতির কাজ চলিতেছে।

(খ) সাব-স্টেশনটির জমির বেষ্টনী দেওয়া প্রাথমিক কার্যাদি ইতিমধ্যে আরম্ভ করা হইয়াছে

কলিকাতা বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিলে রাষ্ট্রপতির অনুমোদন

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** গত ৯ই মে, ১৯৮৫ তারিখের অতারকিত প্রশ্ন নং ৩৭৯ (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৭।)-এর উল্লেখে শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ বিধানসভায় গৃহীত কলিকাতা বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিলটিতে রাষ্ট্রপতির অনুমোদন পাওয়া যায়নি;

(খ) সত্য হ'লে এর কারণ কি;

(গ) কলিকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় অথবা জাতীয় গুরুত্বের প্রতিষ্ঠান হিসাবে গণ্য করার বিষয়টি ভারত সরকার চিন্তা করেছেন—এরূপ কোন সংবাদ জানা আছে কি; এবং

(ঘ) থাকলে এ সম্পর্কে রাজ্য সরকারের প্রতিক্রিয়া কি?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ

(খ) রাষ্ট্রপতির দপ্তর থেকে কোন সংবাদ পাওয়া যায় নি।

(গ) সরকারীভাবে এই বিষয়ে কোন সংবাদ পাওয়া যায় নি।

(ঘ) প্রশ্নটি উঠে না।

পাবলিক সার্ভিস কমিশনের বাৎসরিক রিপোর্ট

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩।) **শ্রীঅমলেন্দ্র রায় :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিধিমোতাবেক পাবলিক সার্ভিস কমিশনের বাৎসরিক রিপোর্ট বিধানসভায় পেশ না হওয়ার কারণ কি; এবং

(খ) ঐ রিপোর্ট শেষ কবে বিধানসভায় পেশ করা হয়েছে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) পাবলিক সার্ভিস কমিশনের রিপোর্ট সব সময়ে বছর শেষ হলেই রাজ্য সরকারের কাছে পৌঁছায় না। নানা কারণে তা কমিশন থেকে পাঠাতে দেরি হয়। রিপোর্ট পাওয়া গেলে রিপোর্টের সংশ্লিষ্ট অংশ আবার যথাযথ বিভাগে পাঠাতে হয়, কারণ বিধিমতে রিপোর্টটি বিধানসভায় পেশ করার সঙ্গে একটি স্মারকলিপিও পেশ করতে হয় এই স্মারকলিপিতে কমিশনের যে সকল সুপারিশ গ্রহণ করা হয় নি সে সম্পর্কে কারণ পেশ করতে হয়। সংশ্লিষ্ট বিভাগের কাছ থেকে প্রয়োজনীয় তথ্য ঠিক সময়ে না পৌঁছুলে রিপোর্ট বিধান-সভায় পেশ করতে পারা যায় না। রিপোর্ট যাতে নিয়মিত ও বিধিমত বিধান-সভায় পেশ করা যায় তার জন্য কতকগুলি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(খ) ১৯৭৭ সালে বিধানসভায় কমিশনের ১৯৭৩-৭৪ সালের রিপোর্ট পেশ করা হয়েছে বর্তমান অধিবেশনে ১৯৭৪-৭৫ সালের রিপোর্ট পেশ করার সমস্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

শ্রীরামপুর থানায় খুন ও পুলিসের গুলিতে মৃত্যু

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১২।) **শ্রীঅরুণকুমার গোস্বামী :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার শ্রীরামপুর থানা এলাকায় ১৯৮৪ সালের জানুয়ারি মাস হইতে ১৯৮৫ সালের ১৫ই আগষ্ট পর্যন্ত সময়ে (১) কতগুলি খুনের ঘটনা ঘটিয়াছে; এবং

(২) কতজন পুলিসের গুলিতে নিহত হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) (১) ২৭ টি।

(২) ৫ জন

"গঙ্গা অ্যাকশান প্লান" অন্তর্ভুক্ত শহর

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৯।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ, শ্রীজয়ন্তকুমার বিশ্বাস** এবং **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) "গঙ্গা অ্যাকশান প্ল্যানে" রাজ্যের কোন্ কোন্ শহরকে অন্তর্ভুক্ত করা হয়েছে;

(খ) উক্ত প্রকল্পে গঙ্গাজল দূষণ রোধে কি কি ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত হয়েছে;

(গ) ঐ প্রকল্পে বর্তমান আর্থিক বৎসরে (১) কেন্দ্রীয় সরকার, (২) রাজ্য সরকার কত টাকা অনুমোদন করেছেন;

(ঘ) উক্ত প্রকল্প ছাড়া গঙ্গা নদীকে দূষণমুক্ত করার জন্য আর কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(ঙ) কোন সংস্থা গঙ্গা দূষণমুক্ত করার কাজে যুক্ত?

পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) কেন্দ্রীয় সরকারের সংশোধিত পরিকল্পনা অনুযায়ী (জুলাই, ১৯৮৫) নিম্নলিখিত শহরগুলিকে "গঙ্গা অ্যাকশন প্ল্যানে" অন্তর্ভুক্ত করার কথা বিবেচনা করা হচ্ছে :—

(১) বহরমপুর	(৬) বারাকপুর	(১১) কামারহাটি	(১৬) সাউথ সুবারবন
(২) নবদ্বীপ	(৭) শ্রীরামপুর	(১২) বরাহনগর	(১৭) গার্ডেনরীচ
(৩) হুগলী চুঁচুড়া	(৮) টিটাগড়	(১৩) হাওড়া	(১৮) যাদবপুর
(৪) চন্দননগর	(৯) পানিহাটি	(১৪) দক্ষিণ দমদম	(১৯) নৈহাটি
(৫) ভাটপাড়া	(১০) বালি	(১৫) কলকাতা	(২০) হলদিয়া

(খ) নিম্নলিখিত ধরনের কর্মসূচী গ্রহণের কথা বিবেচিত হচ্ছে:—

(১)বর্তমান পয়ঃপ্রণালীতে "ইটা সেপ্টার" নির্মাণ করে ময়লা জলকে ভিন্নমুখে চালিত করে শোধন করা।

(২)নূতন সিউয়েজ ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন অথবা বর্তমান সিউয়ারেজের সংস্কার করা।

(৩)কম খরচে স্বাস্থ্যসম্মত শৌচব্যবস্থার প্রচলন করা।

(৪)বৃহৎ সাধারণ "গোয়ালঘর" (ক্যাটল শেড) নির্মাণ করে দূষণ নিবারণ ও বায়োগ্যাস উৎপাদন।

(৫)প্রয়োজনে নদীর পাড়গুলির ভাঙ্গনরোধ, ঘাট সংস্কার প্রভৃতি ব্যবস্থা করা।

(গ)এই পরিকল্পনার অর্থিক দায়িত্ব সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের এবং এই রাজ্যের জন্য ১৯৮৫-৮৬ সালের বরাদ্দ এখনও চূড়ান্তভাবে স্থিরীকৃত হয় নি।

(ঘ) যাহাতে শিল্প সংস্থাগুলি ১৯৭৪ সালের জল (দূষণ নিবারণ ও নিয়ন্ত্রণ) আইনের ধারাগুলি মেনে চলে সেজন্য পশ্চিমবঙ্গ নিয়ন্ত্রণ পর্যদ তাদের কার্যকলাপের উপর সতর্ক দৃষ্টি রাখছে এবং ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু করার ব্যবস্থা করছে।

(ঙ) (১) রাজ্য সরকারের পরিবেশ বিভাগ।

(২) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্যদ।

(৩) সি এম ডি এ।

(৪) নগর উন্নয়ন বিভাগ।

(৫) স্বায়ত্তশাসন ও নগর উন্নয়ন বিভাগ।

(৬) জনস্বাস্থ্য ইঞ্জিনীয়ারিং ডিরেক্টরেট।

(৭) সেচ এবং জলপথ বিভাগ।

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের আওয়তায় কলেজের সংখ্যা

২০। (অনুমোদিত প্রশ্ন নং ২৫০।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) বর্তমানে কতগুলি কলেজকে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের আওতায় আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে; এবং

(খ) ঐ বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তরে কি কি বিষয়ে শিক্ষাদানের ব্যবস্থা করা হবে?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩০টি

(খ) (১) অর্থনীতি (গ্রামীণ অর্থনীতি সহ)।

(২) রাষ্ট্রবিজ্ঞান (গ্রামীণ প্রশাসন ও ভারতীয় সংবিধানের বিশেষ দিক সহ)।

(৩) বাণিজ্য (ম্যানেজমেন্ট সহ)।

(৪) ফলিত গণিত (কম্পিউটার বিজ্ঞান ও সমূদ্র গবেষণা সহ)।

(৫) নৃতত্ত্ব (উপজাতি সংস্কৃতি সহ)।

(৬) গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান।

রাজ্যসরকার কর্তৃক ছাত্র-ছাত্রী ভর্তির সমস্যা সমাধানে পরিকল্পনা

২১। (অনুমোদিত প্রশ্ন নং ২৫১।) **শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ক্রমবর্ধমান ছাত্র-ছাত্রীর ভর্তির সমস্যা সমাধানের জন্য রাজ্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করছেন কি; এবং

(খ) করে থাকলে, কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) এবং (খ) কোন শ্রেণীতে ভর্তির সমস্যা বলতে চাওয়া হয়েছে, তা উল্লিখিত না হওয়ায় উত্তর দেওয়া সম্ভব নয়।

তবে প্রথম শ্রেণী হতে একাদশ শ্রেণী পর্যন্ত দ্রুত বর্ধনশীল ছাত্র-ছাত্রীরা যাতে ভর্তি হওয়ার সুযোগ পায় তার জন্য নূতন বিদ্যালয় স্থাপন, বিদ্যালয় উন্নীতকরণ ও বিদ্যালয়ের পঠন-পাঠনের সুযোগ সম্প্রসারণের ব্যবস্থা করা হয়েছে।

স্বাধীনতা সংগ্রামী পেনশন

২২। (অনুমোদিত প্রশ্ন নং ২৯১।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) ১৯৮৫ সালের ৩০শে জুন পর্যন্ত এই রাজ্যে স্বাধীনতা সংগ্রামী পেনশন প্রাপকের সংখ্যা কত; এবং

(খ) ঐ সময়ে কতজন স্বাধীনতা সংগ্রামীর আবেদনপত্র বিবেচনাধীন আছে?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) বর্তমান বৎসরের ৩১এ জুলাই পর্যায়ের কমিটির বিবেচনার জন্য বিভিন্ন জেলায় পাঠানো হইয়াছে। কেন্দ্রীয় সরকারের বিভাগ করিয়াছেন।

(খ) এ বিষয়ে সঠিক সংখ্যা দেওয়া সম্ভবপর নয় এ পর্যন্ত ৩৩,৮১৮টি দরখাস্ত জেলা পর্যায়ের কমিটির বিবেচনার জন্য বিভিন্ন জেলায় পাঠানো হইয়াছে। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পর্যায়ে এবং কলিকাতায় স্বাধীনতা সংগ্রামীদের পেনশনের জন্য দরখাস্ত বিবেচনা করার জন্য যে অফিস আছে সেখানেও বিভিন্ন পর্যায়ে বিবেচনার জন্য বেশ কিছু দরখাস্ত আছে। আনুমানিক মোট প্রায় ৫৬ হাজার দরখাস্ত বিভিন্ন পর্যায়ে বিবেচনার জন্য আছে।

নূতন শিল্প স্থাপনে সরকারী পদক্ষেপ

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৪।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই রাজ্যে নূতন নূতন শিল্প স্থাপনে সম্প্রতি সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছেন।

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ নূতন শিল্প স্থাপনের জন্য সরকার সম্প্রতি নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করিয়াছেনঃ—

(১) এই সংস্থা হইতে শিল্প স্থাপনে আগ্রহী ব্যক্তিদের লাইসেন্স, রেজিস্ট্রেশন, জমি, অর্থ-সাহায্য, জল বিদ্যুৎ, কাঁচামাল সরবরাহ ইত্যাদি সম্পর্কে সহায়তা দানের জন্য শিল্পবন্ধু গঠন করা হইয়াছে।

(২) ২৪-পরগনায় ফলতায় শতকরা ১০০ ভাগ উৎপাদন রপ্তানীভিত্তিক শিল্প স্থাপনের জন্য অঞ্চল গঠন এবং ঐ অঞ্চলের সন্নিকটে সামাজিক পরিকাঠামো সহ শিল্পোন্নয়ন কেন্দ্র স্থাপনের কাজ হইতেছে।

(৩) শিলিগুড়ির অদূরে দাবগ্রাম ও বিন্নাগুড়ি মৌজায় এবং হাওড়ায় উলুবেড়িয়ায় দুইটি শিল্পোন্নয়ন কেন্দ্র গঠনের কাজ চলিতেছে।

(৪) বিধান নগরে ইলেকট্রনিক্স কমপ্লেক্স্ গঠন করা হইতেছে।

(৫) পাঁচটি শিল্পবিহীন জেলায় শিল্পোন্নয়ন কেন্দ্র স্থাপনের জন্য জমি নির্বচনের প্রাথমিক কাজ সমাপ্ত হইয়াছে।

(৬) হলদিয়া পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স ও অন্যান্য কয়েকটি প্রয়োজনীয় শিল্প স্থাপনের জন্য যৌথ উদ্যোগে কাজ শুরু হইয়াছে।

(৭) বিশ্বের বিভিন্ন সমাজতান্ত্রিক দেশ ও অন্যান্য বিদেশী রাষ্ট্রের শিল্পোদ্যোগীদের বিশেষ করিয়া অনাবাসী ভারতীয়দের এইরাজ্যে শিল্পস্থাপনের জন্য অমন্ত্রণ জানানো হইয়াছে।

পর্যটকদের উপর বিধিনিষেধ

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৪।) **শ্রীনীরোদ রায়চৌধুরীঃ** পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে পর্যটকদের উপর কোন বিধিনিষেধ আছে কি না; এবং

(খ) থাকিলে তা শিথিল করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ। উত্তরবঙ্গের জেলাগুলিতে বিদেশী পর্যটকদের উপর কেন্দ্রীয় সরকারের বিধিনিষেধ আছে।

(খ) এ ব্যাপারে ভারত সরকারের স্বরাষ্ট্র দপ্তর ও পর্যটন দপ্তরের কাছে বারবার অনুরোধ করা হচ্ছে যাতেএই বিধিনিষেধ প্রত্যাহার করে পশ্চিমবঙ্গে বিদেশী পর্যটক আসার পথ সুগম করা হয়।

রাজ্যে পর্যটন কেন্দ্র

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৫।) **শ্রীনীরোদ রায়চৌধুরীঃ** পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় কতগুলি পর্যটন কেন্দ্র আছে; এবং

(খ) উক্ত পর্যটন কেন্দ্রগুলিতে দৈনিক ৫ টাকা থেকে ২৫ টাকা ভাড়ার মধ্যে কতগুলি শয্যা আছে?

পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৩৪টি, ৪৪টি পর্যটক আবাস আছে।

(খ) ৩০টি পর্যটক আবাসের ৬৯৯টি শয্যা উল্লিখিত ভাড়ার মধ্যে আছে।

লবণ হ্রদে প্রশাসনিকশিক্ষণ কেন্দ্র

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৭।) **শ্রীসুমন্তকুমার হীরাঃ** স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) লবণ হ্রদে রাজ্য সরকার পরিচালিত প্রশাসনিক শিক্ষণ কেন্দ্রটি কোন্ সালে ও কি উদ্দেশ্যে স্থাপিত হয়েছিল;

(খ) ঐ কেন্দ্রে প্রশিক্ষণ উদ্দেশ্যে নিয়োজিত প্রশিক্ষকগণ কি পদ্ধতিতে এবং কাদের দ্বারা নির্বাচিত হন;

(গ) প্রশিক্ষকদের কি কি আর্থিক ও অন্যান্য সুযোগসুবিধা দেওয়া হয়ে থাকে; এবং

(ঘ) ঐ কেন্দ্র পরিচালনায় রাজ্য সরকারের বছরে কত টাকা ব্যয় হয়?

স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) রাজ্যের বিভিন্ন স্তরের সরকারী কর্মচারীদের প্রশিক্ষণের জন্য ১৯৮১ সালের এপ্রিল মাসে স্থাপিত হয়।

(খ) এ টি আই-তে চারজন ফুল-টাইম ডেপুটি ডিরেক্টর আছেন যাঁরা বিভিন্ন দপ্তর থেকে ডেপুটেশনে এসেছেন। এঁরা প্রশিক্ষণের ভারপ্রাপ্ত। এছাড়া বিশেষ বিশেষ বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার জন্য পদস্থ সরকারী কর্মচারীদিগকে আমন্ত্রণ জানানো হয়।

(গ) প্রশিক্ষক পদে যোগদানের পূর্বে অধিকৃত পদে তাঁহাদের প্রাপ্য বেতন-ভাতা ছাড়াও দুই শত টাকার বিশেষ বেতন অথবা ডেপুটেশন ভাতা যেটি অধিকতর লাভজনক তাহা দেওয়া হয়ে থাকে। যাঁরা বিশেষ বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার জন্য আমন্ত্রিত হন তাঁদের অনরারিয়াম দেওয়া হয়।

(ঘ) আনুমানিক পঁচিশ লক্ষ টাকার মত।

তফসিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত [illegible] ফ্ল্যাট বন্টন

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৩।) **শ্রীসুমন্তকুমার হীরাঃ** আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকারী আবাসন প্রকল্পে তফসিলী জাতি/উপজাতি সম্প্রদায়ভুক্ত অবেদনকারীদের জন্য ফ্ল্যাট বন্টনের ক্ষেত্রে পৃথক কোন কোটার ব্যবস্থা আছে কি; এবং

(খ) থাকিলে, এ কোটা কিভাবে নির্ধারিত হয়?

আবাসন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) সরকারী আবাসন প্রকল্পে তফসিলী জাতি/উপজাতি সম্প্রদায়ভুক্ত অবেদনকারীদের জন্য ফ্ল্যাট বন্টনের ক্ষেত্রে পাঁচ শতাংশ কোটার ব্যবস্থা আছে।

(খ) নিম্ন ও মধ্য আয়ের নতুন আবাসন প্রকল্পগুলিতে ফ্ল্যাট বন্টনের সময় তফসিলী জাতি/উপজাতি সম্প্রদায়ভুক্ত আবেদনকারীদের জন্য পাঁচ শতাংশ কোটার ব্যবস্থা আছে এবং ইহা যথাযথভাবে পালন করা হয়।

সরকারী কর্মচারীদের জন্য নির্দিষ্ট নতুন আবাসন প্রকল্পগুলিতে ফ্ল্যাট বন্টনের সময় আবাসন বিভাগ কর্তৃক প্রচারিত বিজ্ঞপ্তি অনুসারে অন্যান্য সমস্ত দপ্তরের কর্তৃপক্ষ তাঁহাদের নিজ নিজ কর্মচারীদের নাম অগ্রাধিকারের ভিত্তিতে পাঠান। আবাসন বিভাগ সেই অনুযায়ী বিভিন্ন বিভাগীয় প্রার্থীদের মধ্যে ফ্ল্যাট বন্টন করে। ইহার ফলে দেখা যায় যে তফসিলী জাতি/উপজাতি সম্প্রদায়ের ব্যক্তিরা পাঁচ শতাংশের অধিক ফ্ল্যাট পাইয়া থাকেন। এছাড়াও জমি বা ফ্ল্যাট বিক্রয়ের সময় তফসিলী জাতি/উপজাতি সম্প্রদায়ভুক্ত আবেদনকারীদের জন্য পাঁচ শতাংশ কোটা নির্দিষ্ট থাকে। ইহা যথাযথভাবে পালন করা হয়।

বেসরকারী ইংলিশ মিডিয়াম স্কুলগুলির জন্য দিল্লী বোর্ডের অনুমোদন

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৬।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকারঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের যেসব বেসরকারী ইংলিশ মিডিয়াম স্কুল দিল্লী বোর্ডের অনুমোদন পাওয়ার জন্য রাজ্য সরকারের নিকট সুপারিশ চেয়ে ইতিমধ্যে আবেদন করেছেন সরকার সেইসব স্কুলের পক্ষে "অনুমতি পত্র" দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

(খ) সত্য হলে ঐরূপ স্কুলের সংখ্যা কত; এবং

(গ) রাজ্যের প্রাথমিক স্তরের স্কুলে ইংরেজী পড়ানো বন্ধ করে পাশাপশি ঐ স্কুলগুলিকে ইংরেজী পড়ানোর জন্য সরকারের তরফে "অনুমতি পত্র" দেওয়ার সিদ্ধান্ত গ্রহণের কারণ কি?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) রাজ্য সরকার কোন ইংরাজী মাধ্যমের বিদ্যালয়কে "অনুমতি পত্র" দেয় নি—আবেদনকারী ঐ জাতীয় বিদ্যালয়ের এক ভগ্নাংশকে "আপত্তি নেই" সার্টিফিকেট দিয়েছে মাত্র।

(খ) এ বৎসর সর্বসাকুল্যে আটটি এ ধরনের বিদ্যালয়কে "আপত্তি নেই" সার্টিফিকেট দেওয়া হয়েছে।

(গ) যে স্তরের বিদ্যালয়সমূহ "আপত্তি নেই" সার্টিফিকেট প্রার্থনা করে এই রাজ্যের সেই স্তরে সমস্ত বিদ্যালয় যথা সরকারী, সরকারী সাহায্যপ্রাপ্ত প্রভৃতি আবশ্যিক করে ইংরাজী পড়ানো হয়—ইংরাজী পাড়ানো বন্ধ করা হয় নি।

পশ্চিম দিনাজপুর জেলায় পীতানু নদীর উপর ব্রীজ নির্মাণ

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬২।) **শ্রীসুরেশ সিংহঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিম দিনাজপুর জেলায় পীতানু নদীর উপর ব্রীজ নির্মাণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

পঞ্চায়েত ও সমষ্টিউন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয়ঃ সেতুটি নির্মাণের জন্য আনুমানিক ব্যয় ৮ লক্ষ টাকা ধরা হয়েছে। এর মধ্যে ৪ লক্ষ টাকার কাজ হয়েছে বর্ষা ও বন্যার কারণে সেতু নির্মাণের পরবর্তী কোন কাজ করা এখন সম্ভব হচ্ছে না। আগামী নভেম্বর মাসে বর্ষার জল নেমে গেলে এবং সরকারী অনুদান বাবত অবশিষ্ট প্রাপ্য ৩ লক্ষ টাকা পাওয়া গেলে পুনরায় কাজ শুরু হবে।

১৯৮৫ সালে উন্নীতকরণ জুনিয়র হাইস্কুলের সংখ্যা

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৭।) **শ্রী গোপালকৃষ্ণ ভট্টাচার্যঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৫ সনে কতগুলি জুনিয়র হাইস্কুলকে উন্নীত করা হয়েছে;

(খ) ঐসময়ে কতগুলি জুনিয়র ও হাইস্কুলকে অনুমোদন দেওয়া হয়েছে; এবং

(গ) এর দরুন কতজন শিক্ষক-শিক্ষিকার পদ অনুমোদন করা হয়েছে?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ৪১১টি।

(খ) জুনিয়র হাইস্কুল—৪১১টি, এবং হাইস্কুল ২৫২টি।

(গ) মোট ১,৯৮৯টি।

মধ্যমগ্রামে বিবেকানন্দ ডিগ্রী কলেজ স্থাপন

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৩।) **শ্রী সরল দেব ঃ—শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) মধ্যমগ্রামে বিবেকানন্দ ডিগ্রী কলেজ স্থাপনের কোন প্রস্তাব রাজ্য সরকার পাইয়াছেন কি; এবং

(খ) পাইয়া থাকিলে, উক্ত স্থানে কলেজ স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

শিক্ষা (উচ্চতর) **বিভাগের মন্ত্রিমহাশয় ঃ** (ক) হ্যাঁ।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

জেলা স্তরে বই মেলা অনুষ্ঠানের পরিকল্পনা

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৭।) **শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে জেলা স্তরে বই মেলা অনুষ্ঠানের কোন পরিকল্পনা আছে কি;

(খ) থাকলে, এই উদ্দেশ্যে জেলাওয়ারীভাবে অর্থ বরাদ্দের জন্য কোন সিদ্ধান্ত নেওয়া হয়েছে কিংবা হওয়ার কথা আছে কিনা; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত বরাদ্দের পরিমাণ কত?

শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ, সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(গ) কলিকাতা বাদে জেলাওয়ারী বরাদ্দ অর্থের পরিমাণ ৫,০০০ টাকা।

শিক্ষকদের পেনসন

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৩।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** বিগত বাজেট অধিবেশনের প্রশ্ন নং *২০০ (অনুমোদিত প্রশ্ন নং *২২০৬।)-এর উত্তর উল্লেখপূর্বক শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, শিক্ষকদের অবসরকালীন পেনসন সংক্রান্ত মামলা ও মহামান্য উচ্চ আদালতের স্থগিতাদেশটি বর্তমানে কি অবস্থায় আছে, এবং অবসরপ্রাপ্ত শিক্ষক মহাশয়রা কবে নাগাদ পেনসন পাইবেন বলিয়া আশা করিতে পারেন?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ শিক্ষকদের অবসরকালীন সুযোগ-সুবিধা সংক্রান্ত বিষয়ে মহামান্য উচ্চ আদালতের নিকট একাধিক মোকদ্দমা বর্তমানে আছে। ইতিমধ্যে উচ্চ আদালতের স্থগিতাদেশ কোন ক্ষেত্রে প্রত্যাহৃত হয়েছে, কোন ক্ষেত্রে সংশোধিত হয়েছে, কোন ক্ষেত্রে পুরোপুরি বহাল আছে।

উক্ত স্থগিতাদেশ প্রত্যাহৃত হওয়ার পর সম্ভাব্য সময়ের মধ্যেই শিক্ষকগণ পেনসন পাবেন বলে আশা করা যায়।

দৈনিক সংবাদপত্রগুলিতে সরকারী বিজ্ঞাপন

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫০।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ হইতে প্রকাশিত সমস্ত দৈনিক সংবাদ পত্রগুলিকে সরকারী বিজ্ঞাপন দেওয়া হয় কিনা;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হইলে কোন্ কোন্ দৈনিক পত্রিকাকে বিজ্ঞাপন দেওয়া হয় না; এবং

(গ) ১৯৮৪ সালের জানুয়ারি মাস হইতে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে সরকারী বিজ্ঞাপন বাবদ কত টাকা ব্যয় হইয়াছে?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মনিত্রমহাশয় ঃ (ক) না।

(খ) বিধিবদ্ধ পদ্ধতিতে আবেদনসূত্রে সরকারী মিডিয়া লিস্টের অন্তর্ভুক্ত প্রত্যেকটি দৈনিক সংবাদপত্রে সাধারণতঃ বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। মিডিয়া লিস্ট বহির্ভূত দৈনিক সংবাদপত্রের তালিকা তথ্য দপ্তরে নেই।

(গ) ১৯৮৪ সালের জানুয়ারী মাস থেকে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে মোট ব্যয়ের পরিমাণ ২,২৫,৫০,৫০০ টাকা।

গ্রাম পঞ্চায়েত সমূহে এন আর ই পি-র অর্থ বন্টন

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯১।) **শ্রীনুরুল ইসলাম চৌধুরী ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এন আর ই পি-এর অর্থ গ্রাম পঞ্চায়েতগুলিকে বন্টনের ব্যাপারে কোন নীতি নির্ধারিত আছে কি; এবং

(খ) থাকিলে, তাহা কি?

পঞ্চায়েত ও সমষ্টিউন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ আছে।

(খ) কর্মচারীদের বেতন ও আনুসঙ্গিক অন্যান্য খরচ বাদে, বাকি মোট অর্থের শতকরা ৭৫ ভাগ জেলাগুলির ক্ষেতমজুর ও প্রান্তিক কর্মীর মোট সংখ্যার অনুপাতে বরাদ্দ করা হয়। এবং বাকি শতকরা ২৫ ভাগ জেলাগুলির তফসিলী জাতি ও তফসিলী উপজাতিভুক্ত লোক সংখ্যার অনুপাতে বরাদ্দ করা হয়। এইভাবে যে কোন আর্থিক বছরে কোন জেলার মোট আর্থিক বরাদ্দ স্থির হয়। জেলার মোট বরাদ্দের ২০ শতাংশ বড় বড় প্রকল্প গ্রহণের জন্য সরাসরি জেলা পরিষদকে বরাদ্দ করা হয় এবং বাকি ৮০ শতাংশ জেলার গ্রাম পঞ্চায়েতগুলির মধ্যে সমভাবে বরাদ্দ করা হয়।

সারা বছরের মোট বরাদ্দ টাকা একসঙ্গে মঞ্জুর করা হয় না—দুই বা তার বেশী দফায় দেওয়া হয়। আগের দফায় মঞ্জুর করা টাকার পঞ্চাশ শতাংশ খরচ করার হিসাব পাওয়ার পর পরের দফার টাকা মঞ্জুরের ব্যবস্থা নেওয়া হয়। এ বিষয়ে জেলার মোট খরচের হিসাব দেখা হয়।

বহরমপুরে স্টেডিয়াম নির্মাণ

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৮।) **শ্রী নুরুল ইসলাম চৌধুরী ঃ** ক্রীড়া বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুরে স্টেডিয়াম নির্মাণের কাজ বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) (১) ঐ বাবদ কত অর্থ ব্যয় হইয়াছে; এবং

(২) উক্ত নির্মাণকার্য কতদিনে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) নির্মাণের কাজ চলিতেছে।

(খ) (১) এ পর্যন্ত সাড়ে পাঁচ লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে।

(২) শীঘ্রই কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যাইতেছে। সম্ভাব্য দ্রুততার সহিত কার্য সম্পন্ন করিবার জন্য ব্যবস্থা নেওয়া হইতেছে।

বীরভূম জেলার দাঁতুড়া মাদ্রাসার অনুমোদন

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৮।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বর্তমান সরকারের গৃহীত নীতি অনুযায়ী বীরভূম জেলার দাঁতুড়া মাদ্রাসা অনুমোদনের ক্ষেত্রে সর্বোচ্চ অগ্রাধিকার পাওয়ার উপযোগী হওয়া সত্ত্বেও অদ্যাবধি অনুমোদন পায় নি; এবং

(খ) অবগত থাকলে,

(১) এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন, ও

(২) কবে নাগাদ অনুমোদন দেওয়া হবে বলে আশা করা যায়?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) সরকারের কাছে এরূপ কোন তথ্য নাই।

(খ) প্রশ্ন উঠে না।

পশ্চিমবঙ্গে নতুন সিনিয়র এবং জুনিয়র হাই মাদ্রাসা স্থাপন

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৬।) **শ্রীশেখ ইমাজুদ্দিন ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫ সালে সারা পশ্চিমবঙ্গে মোট কতগুলি নতুন সিনিয়র হাই মাদ্রাসা এবং জুনিয়র হাই মাদ্রাসা খোলা হয়েছে, এবং

(খ) ১৯৮৫-৮৬ সালের মধ্যে কতগুলি নূতন সিনিয়র হাই মাদ্রাসা ও জুনিয়র হাই মাদ্রাসা খোলার পরিকল্পনা আছে?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫-তে কোন সিনিয়র মাদ্রাসার অনুমোদন দেওয়া হয় নি, ১৯৮৩-৮৪ সালে ১৮টি হাই মাদ্রাসা ও ৬টি জুনিয়র হাই মাদ্রাসা এবং ১৯৮৪-৮৫ সালেও ১৮টি হাই মাদ্রাসা, ৬টি জুনিয়র হাই মাদ্রাসা অনুমোদনের জন্য মাদ্রাসা শিক্ষা পর্ষদে সুপারিশ করা হয়েছে।

(খ) ১৯৮৫-৮৬ সালে সিনিয়র হাই মাদ্রাসা এবং জুনিয়র হাই মাদ্রাসা খোলার সংখ্যা এখনও স্থির হয় নি।

বাঁকুড়া জেলায় উচ্চ মাধ্যমিক পাস করা ছাত্রছাত্রীদের ভর্তির সমস্যা

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৪।) **শ্রী সুভাষ গোস্বামী ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলায় উচ্চ মাধ্যমিক পাস করা অনেক ছাত্র-ছাত্রী বর্তমান বর্ষে জেলার কোন কলেজে ভর্তির সুযোগ পায় নি; এবং

(খ) অবগত থাকলে, সরকার এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ও (খ) সাধারণভাবে ছাত্রছাত্রী ভর্তির সমস্যার পরিপ্রেক্ষিতে বাঁকুড়া জেলায় এ বছর দুটি নতুন কলেজ খুলবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

প্রতাপ চ্যাটার্জী স্ট্রীটের বাড়িতে বঙ্কিমচন্দ্রের স্মৃতি রক্ষার্থে লাইব্রেরী

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৬।) **শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রতাপ চ্যাটার্জী স্ট্রীটের বাড়িটিতে বঙ্কিমচন্দ্রের স্মৃতিরক্ষার জন্য লাইব্রেরী করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, তা কিভাবে রূপায়িত হবে?

শিক্ষা (সামাজিক, অ-প্রথাগত ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ঐতিহাসিক বাড়িটিতে কোন প্রকার আলোচনা ক্ষেত্র স্থাপন করা যায় কিনা বিবেচনা করা হচ্ছে।

(খ) আপাততঃ প্রশ্ন ওঠে না।

রাজ্য সরকার কর্তৃক প্রমোদ কর আদায় বন্ধ

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৬।) **শ্রী সমর মুখার্জী** এবং **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কি সত্য যে, রাজ্য সরকার যাত্রা, থিয়েটার, সঙ্গীত ও নৃত্যানুষ্ঠান থেকে প্রমোদ কর আদায় বন্ধ রেখেছেন;

(খ) সত্য হলে, তার কারণ কি;

(গ) ১৯৮৫ সালের এপ্রিল থেকে ১৯৮৫ সালের ২০ আগস্ট পর্যন্ত প্রমোদ কর বাবদ আদায়ীকৃত অর্থের পরিমাণ কত;

(ঘ) ১৯৮০ সালের জুন থেকে ১৯৮৪ সালের ডিসেম্বর পর্যন্ত অনাদায়ী প্রমোদকরের পরিমাণ কত;

(ঙ) বর্তমানে ঘোষিত প্রমোদকর পরিবর্তনের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না; এবং

(চ) করা হয়ে থাকলে, তা কি?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) বিষয়টি এখন সরকারের বিবেচনাধীন। কিন্তু হল, অডিটোরিয়াম বা বিল্ডিং-এর বাইরে অনুষ্ঠিত যাত্রা, থিয়েটার ইত্যাদির উপর শো প্রতি ২০০ টাকা শো ট্যাক্স ধার্য করার ব্যবস্থা বলবৎ আছে।

(খ) নিম্নমানের টিকিটের উপর প্রমোদ কর সম্পর্কে পুনর্বিবেচনা চলছে।

(গ) আনুমানিক ১৩ কোটি টাকা।

(ঘ) জেলা থেকে সঠিক তথ্য সংগ্রহ করা হচ্ছে।

(ঙ) পর্যালোচনা হচ্ছে।

(চ) চূড়ান্ত সিদ্ধান্তে আসা মাত্র যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে সংগৃহীত অর্থ

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫২।) **শ্রী সুব্রত মুখোপাধ্যায়** ও **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** মুখ্যমন্ত্রীর সচিবালয় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮২ সালের জুন মাস হইতে ১৯৮৫ সালের ১৫ই আগস্ট পর্যন্ত সময়ে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে সংগৃহীত অর্থের পরিমাণ কত;

(খ) উক্ত সময়ে উক্ত তহবিল থেকে কি পরিমাণ অর্থ দান করা হয়েছে;

(গ) তন্মধ্যে বাঁকুড়া ও পুরুলিয়া জেলার জন্য ব্যয়িত অর্থের পরিমাণ কত; এবং

(ঘ) উপরোক্ত জেলা দুইটিতে উক্ত সময়ে উক্ত অর্থভাণ্ডার হইতে সাহায্যপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা কত?

মুখ্যমন্ত্রিমহাশয় ঃ (ক) টাঃ ২,২২,৫৭,৫৬৫.৪৪।

(খ) টাঃ ২,১২,৯৬,৫৪০.৪১।

(গ) বাঁকুড়া—টাঃ ১৬,০৯,০০৯.২৫, পুরুলিয়া—টাঃ ১৫,০৩,০০০.০০।

(ঘ) খরাপীড়িত অঞ্চলে ত্রাণ মঞ্জুর ব্যতীত ব্যক্তিগত সাহায্যের পরিসংখ্যান ঃ

বাঁকুড়া ... ৩৭ জন

পুরুলিয়া ... ১ জন।

পশ্চিমবঙ্গে দেশী মদের উৎপাদন

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬২।) **শ্রী সুব্রত মুখোপাধ্যায়** এবং **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্য যে, পশ্চিমবঙ্গে দেশী মদের উৎপাদন কমে গেছে;

(খ) সত্য হলে তার কারণ কি; এবং

(গ) (১) দেশী মদের দাম বৃদ্ধির কারণ কি; ও

(২) দেশী মদের জন্য আমদানি করা কাঁচামাল ক্রমশঃ কমে যাওয়ার কারণ কি?

আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ। এ কথা সত্য।

(খ) পশ্চিমবঙ্গে দেশী মদের উৎপাদন নির্ভর করে আমদানি করা সুরাসার এবং এই রাজ্যের ভাটিখানাগুলিতে মাৎগুড় থেকে উৎপাদিত সুরাসারের পরিমাণের উপর। পশ্চিমবঙ্গে প্রতি বৎসরে দেশী মদের জন্য প্রায় ১ কোটি ৪০ লাখ বাল্ক লিটার সুরাসারের প্রয়োজন। ভারতের অন্য রাজ্যগুলি থেকে মাৎগুড় এবং সুরাসার আমদানির জন্য কেন্দ্রীয় সরকারের অনুমতি লাগে। বর্তমান সুরাসার বৎসরে (ডিসেম্বর ১৯৮৪-নভেম্বর ১৯৮৫) অন্য রাজ্য থেকে পশ্চিমবঙ্গে ৬৯.৮৮ লাখ বাল্ক লিটার সুরাসার আমদানির অনুমতি কেন্দ্রীয় সরকার থেকে দেওয়া হয়েছে। এর মধ্যে এ পর্যন্ত মাত্র ২০ লাখ বাল্ক লিটার সুরাসার পাওয়া গেছে। বর্তমান সুরাসার বৎসরের অবশিষ্ট আড়াই মাসে আর কত পরিমাণ সুরাসার পাওয়া যাবে তা অনিশ্চিত। এই রাজ্যের ভাটিখানাগুলির সুরাসার উৎপাদন নির্ভর করে মাৎগুড়ের যোগানের উপর। ঐ ভাটিখানাগুলিতে দৈনিক গড়ে প্রায় ১২৫-১৫০ মেট্রিক টন মাৎগুড়ের প্রয়োজন। এই মাৎগুড়ের প্রায় শতকরা একশ ভাগই অন্য রাজ্য থেকে আমদানি করতে হয়। চলতি সুরাসার বৎসরে উত্তরপ্রদেশ ও বিহার থেকে যথাক্রমে ১৬,০০০ মেট্রিক টন এবং ৪,৬৪০ মেট্রিক টন মাৎগুড় পাওয়ার কথা ছিল। কিন্তু উত্তরপ্রদেশ থেকে কোন

মাৎগুড় পাওয়া যায়নি। বিহার থেকে মাত্র ৯৫৪ মেট্রিক টন মাৎগুড় পাওয়া গেছে, বর্তমান সুরাসার বৎসরের অবশিষ্ট আড়াই মাসে আর কত পরিমাণ মাৎগুড় পাওয়া যাবে, তা অনিশ্চিত। এই সকল কারণের জন্যই পশ্চিমবঙ্গে দেশী মদের উৎপাদন কমে যাচ্ছে।

(গ)(১) পূর্বেই বলা হয়েছে যে, পশ্চিমবঙ্গে দেশী মদের উৎপাদন নির্ভর করে আমদানিকৃত সুরাসার এবং মাৎগুড়ের উপর। বর্তমান সুরাসার বৎসরে রপ্তানিকারী রাজ্যগুলি সুরাসারের উপর রপ্তানি শুল্ক বৃদ্ধি করেছেন। ঐ সকল রাজ্যের ভাটিখানাগুলিতে উৎপাদিত সুরাসারের বিক্রয়মূল্যও বৃদ্ধি করেছেন। রপ্তানিকারী রাজ্যগুলিতে মাৎগুড়ের অভাবের জন্য মাৎগুড়ের ক্রয়মূল্য বৃদ্ধি পেয়েছে। তাছাড়া পেট্রল ও পেট্রলজাত দ্রব্যের মূল্যবৃদ্ধির জন্য পরিবহণ খরচাও যথেষ্ট বৃদ্ধি পেয়েছে। এই সকল কারণের জন্যই এ রাজ্যে দেশী মদের দাম বৃদ্ধি পেয়েছে।

(২) বিগত আখের মরসুমে আখচাষ ভাল না হওয়ায় চিনির কারখানাগুলিতে মাৎগুড়ের উৎপাদন খুবই কমে গেছে। এই কারণে পশ্চিমবঙ্গের বাইরের রাজ্যগুলিতে রপ্তানি করার মত মাৎগুড়ের পরিমাণও কমে গেছে। তাই পশ্চিমবঙ্গে মাৎগুড়ের আমদানি কমে গেছে। একই কারণে পশ্চিমবঙ্গের বাইরের রাজ্যগুলিতে সুরাসারের উৎপাদনও খুবই কমে গেছে। ফলে পশ্চিমবঙ্গ তার প্রয়োজনমত সুরাসার আমদানি করতে পারছে না। এই সকল কারণে দেশী মদ উৎপাদনের জন্য প্রয়োজনীয় আমদানি করা কাঁচামালের (সুরাসার ও মাৎগুড়) যোগান ক্রমশ কমে যাচ্ছে।

ডঃ [illegible] ভট্টাচার্যের নামে কলেজ স্থাপনের পরিকল্পনা

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮২।) **শ্রী অশোক ঘোষ :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের প্রাক্তন শিল্পমন্ত্রী স্বর্গত ডঃ কানাইলাল ভট্টাচার্যের নামে কলেজ স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, এ ব্যাপারে জনসাধারণের কাছ থেকে কোন আর্থিক সাহায্য নেওয়া হয়েছে কি?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) এই কলেজটি স্থাপনের জন্য প্রয়োজনীয় অনুমোদন দেওয়া হইয়াছে।

(খ) উদ্যোক্তাগণ কলেজটির জন্য জমি, গৃহ এবং আসবাবপত্র ও প্রয়োজনীয় সাজসরঞ্জামের ব্যবস্থা করিয়াছেন।

১৯৮৪-৮৫ সালে হুগলী জেলায় আর, এল, ই, জি, পি, স্কীম

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৯।) **শ্রী আব্দুল করিম চৌধুরী** এবং **শ্রী আব্দুল মান্নান :** পঞ্চায়েত ও সমষ্টিউন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৪ ৮৫ বছরে আর এল ই জি পি স্কীমে নতুন স্কুল বাড়ি নির্মাণ অথবা সংস্কারের জন্য সরকার হুগলী জেলা পরিষদকে কোনও স্কীম পাঠাতে নির্দেশ দিয়েছিলেন কিনা;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত জেলা পরিষদ কতগুলি স্কুলের জন্য ঐ স্কীম পাঠিয়েছিলেন; এবং

(গ) উক্ত সময়ে কোন্ কোন্ স্কুলকে ঐ স্কীমে গৃহনির্মাণ অনুদান দেওয়া হয়েছে?

পঞ্চায়েত ও সমষ্টিউন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ১৯৮৪-৮৫ সালে আর এল ই জি পি স্কীমে নতুন স্কুল বাড়ি নির্মাণ অথবা সংস্কারের জন্য সরকার হুগলী জিলা পরিষদকে কোন স্কীম পাঠাতে অনুরোধ করেন নি। তবে ১৯৮৫-৮৬ সালের অ্যাকশন প্ল্যানের জন্য উক্ত স্কীম পাঠানোর নির্দেশ ১৯৮৪ সালের জুলাই মাসে দেওয়া হয়েছিল।

(খ) ১৯৮৪-৮৫ সালের জন্য উক্ত স্কীম পাঠানোর প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

২৪-পরগণা জেলায় এন, আর, ই, পি-তে বরাদ্দকৃত অর্থ

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫১।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ :** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১৯৮৪ সালের লোকসভা নির্বাচনের প্রাক্কালে ২৪-পরগণা জেলায় এন, আর, ই পি স্কীমে কত টাকা বরাদ্দ করা হয়েছিল;

(খ) ১৯৮৫ সালের জানুয়ারি মাস থেকে আগস্ট মাস পর্যন্ত ২৪-পরগণা জেলায় উক্ত প্রকল্পে কত টাকা বরাদ্দ করা হয়েছিল; এবং

(গ) ১৯৮৪-৮৫ সালে বনগাঁ মহকুমায় উক্ত প্রকল্পে কত টাকা বরাদ্দ হয়েছে?

উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) গত ১৯৮৪ সালের লোকসভা নির্বাচনের প্রাক্কালে ২৪-পরগণা জেলা এন আর ই পি স্কীমে উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ থেকে কোন টাকা মঞ্জুর করা হয় নি।

(খ) উক্ত সময়ে মোট ২ কোটি ৫৫ লক্ষ ৯০ হাজার টাকা মঞ্জুর করা হয়েছিল।

(গ) ১৯৮৪-৮৫ সালে বনগাঁ মহকুমায় উক্ত প্রকল্পে মোট ৪০ লক্ষ ৫৩ হাজার টাকা মঞ্জুর করা হয়েছিল।

বনগাঁ পৌর এলাকায় ওয়ার্ড বাড়ানোর প্রস্তাব

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫২।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ :** স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কি পদ্ধতিতে ও কোন্ নিয়মে পৌর এলাকায় ওয়ার্ড বাড়ানো হয়ে থাকে;

(খ) বনগাঁ পৌর এলাকায় ওয়ার্ড বাড়ানোর কোন প্রস্তাব সরকারের আছে কিনা;

(গ) থাকলে, কয়টি ওয়ার্ড বাড়ানোর সম্ভাবনা আছে; এবং

(ঘ) কবে নাগাদ ঐ প্রস্তাব কার্যকরী হবে বলে আশা করা যায়?

স্থানীয় শাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) বঙ্গীয় পৌর আইনের ২০ ধারায় জনসংখ্যা, ভৌগোলিক অবস্থা এবং বাণিজ্যিক গুরুত্ব অনুসারে পৌরসভাগুলিকে বিভিন্ন ওয়ার্ডে ভাগ করা হয়। বর্তমানে প্রত্যেক ওয়ার্ডের জন্য একজন কমিশনার এই নিয়মে নির্বাচন অনুষ্ঠিত হয়ে থাকে। কোন পৌরসভা জনসংখ্যার ভিত্তিতে কতগুলো ওয়ার্ডে ভাগ করা প্রয়োজন সে সম্পর্কে স্থানীয় শাসন ও নগর উন্নয়ন দপ্তরের ৫৯৩ /সি-৪ /এম২এস-৮ /৮২ (১৩১), তাং ২১-৬-১৯৮৩ (ইং) ইস্তাহার পত্রে নির্দেশ আছে।

(খ) না।

(গ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

১৯৮৪-৮৫ সালে ২৪-পরগণা জেলায় এন, আর, ই, পি, প্রকল্প

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৪।) **শ্রীভূপেন্দ্রনাথ শেঠ :** উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৮৪ ৮৫ সালে এন, আর, ই, পি, প্রকল্পে ২৪-পরগণা জেলায় কত টাকা দেওয়া হয়েছে;

(খ) উক্ত সময়ে বনগাঁ মহকুমায় ঐ প্রকল্পে কত টাকা মঞ্জুর করা হয়েছে; এবং

(গ) উক্ত টাকা বনগাঁ মহকুমায় কোন্ ব্লকে কোন্ কোন্ খাতে খরচ করা হয়েছে;

উন্নয়ন ও পরিকল্পনা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) উক্ত আর্থিক বছরে এন আর ই পি প্রকল্পে বিভিন্ন স্কীম রূপায়ণের জন্য ২৪ পরগণা জেলাকে মোট ১ কোটি ৮২ লক্ষ ৭৪ হাজার টাকা মঞ্জুর করা হয়েছিল।

(খ) উক্ত সময়ে বনগাঁ মহকুমায় ঐ প্রকল্পে ৪০ লক্ষ ৫৩ হাজার টাকা মঞ্জুর করা হয়েছিল।

(গ) ১৯৮৪-৮৫ সালে ব্লকওয়ারী খরচের বিশদ বিবরণ নিম্নরূপ ঃ

লক্ষ টাকার হিসাবে

	বনগাঁ ব্লক	গাইঘাটা ব্লক	বাগদা ব্লক
১। বনসৃজন	০ ০১	*	*
২। তফসিলী উপজাতির জন্য পানীয় জল প্রকল্প	*	*	০.১০
৩। গ্রাম্য পুষ্করিণী উন্নয়ন	০.০১	*	০.০৩
৪। ক্ষুদ্র সেচ ও বন্যা প্রতিরোধ প্রকল্প	০ ০২	১.৫৪	*
৫। গ্রামীণ পথ নির্মাণ ও সংস্কার এবং সেতু নির্মাণ	৫.০২	৪.৭৭	৩.৯৪
৬। স্কুল গৃহ, পঞ্চায়েত ঘর নির্মাণ, নলকূপ খনন	২.০৯	১.৪০	০.৯৫
	৭.১৫	৭.৭১	৫.০২

প্রাথমিক শিক্ষার আওতায় গ্রামাঞ্চলের ছেলে মেয়ের সংখ্যা

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০০০।) **শ্রী বিভূতিভূষণ দে :** শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে গ্রামাঞ্চলের শতকরা কতজন ছেলেমেয়েকে প্রাথমিক শিক্ষার আওতায় আনার পরিকল্পনা সরকারের ছিল; এবং

(খ) এই পরিকল্পনায় শতকরা কতজন ছাত্রছাত্রীকে প্রাথমিক শিক্ষার আওতাভুক্ত করা গিয়েছে ?

শিক্ষা (প্রাথমিক) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) প্রাথমিক শিক্ষাকে সর্বজনীন করার লক্ষ্যে পৌঁছানোর উদ্দেশ্য ষষ্ঠপঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে অর্থাৎ ১৯৮৪-৮৫ সালে শহর ও গ্রামাঞ্চলের শতকরা ৯৫ জন ৬ থেকে ১১ বৎসর বয়স্ক ছেলেমেয়েকে প্রাথমিক শিক্ষার আওতায় আনা সরকারের লক্ষ্য ছিল।

(খ) শতকরা ৯৫.৬৮ ভাগ ছাত্রছাত্রীকে প্রাথমিক শিক্ষার আওতাভুক্ত করা গিয়েছে।

রাজ্যের প্রতিটি ব্লকে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্থাপন

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৫।) **শ্রীগুরুবেশ্বর চট্টোপাধ্যায় :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার রাজ্যের প্রতিটি ব্লকে একটি করে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের কোন সিদ্ধান্ত গ্রহণ করেছেন কি; এবং

(খ) করে থাকলে, পুরুলিয়া জেলায় আড়ষা ব্লকের জন্য কোন বিদ্যালয় স্থাপন করার পরিকল্পনা আছে কি?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

গ্রাম পঞ্চায়েত এলাকায় ভেটেরিনারী এইড সেন্টার

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭৮।) **শ্রী সুভাষ নস্কর :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—
(ক) ইহা কি সত্য যে, রাজ্যের প্রতিটি গ্রাম পঞ্চায়েত এলাকায় একটি করে ভেটেরিনারী এইড সেন্টার করবার সরকারী সিদ্ধান্ত আছে; এবং
(খ) সত্য হলে, ঐ পরিকল্পনামাফিক এ পর্যন্ত কতগুলি গ্রাম পঞ্চায়েত এলাকায় ভেটেরিনারী এইড সেন্টার খোলা হয়েছে?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।
(খ) প্রশ্ন ওঠে না।

কোচবিহার জেলার সুনীতি একাডেমীর প্রধান শিক্ষিকার শূন্যপদ

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৫।) **শ্রী বিমলকান্তি বসু :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, কোচবিহার জেলার সরকারী বালিকা বিদ্যালয়ের সুনীতি একাডেমিতে প্রধান শিক্ষিকার পদটি দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে; এবং

(খ) সত্য হলে, ঐ পদটি পূরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) দীর্ঘদিন নয় তবে ১লা এপ্রিল, ১৯৮৫ থেকে এই পদটি শূন্য।

(খ) পদটি যেহেতু প্রমোশনভিত্তিক সেজন্য দ্রুত প্রমোশনের তালিকা তৈরী করে উক্ত পদ পূরণ করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

সীমান্ত দিয়ে বে-আইনী অনুপ্রবেশ

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫।) **শ্রী আনিসুর রহমান বিশ্বাস :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিককালে পশ্চিমবঙ্গে বিভিন্ন সীমান্ত অঞ্চল দিয়ে বে-আইনী অনুপ্রবেশকারীর সংখ্যা কত; এবং

(খ) উক্ত অনুপ্রবেশ রোধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) মোবাইল টাস্ক ফোর্স সহ রাজ্য পুলিসবাহিনী বাংলাদেশ থেকে পশ্চিমবঙ্গের অভ্যন্তরে বে আইনী অনুপ্রবেশকারীদের খুঁজে বের করে তাদের বাংলাদেশে ফেরত পাঠাবার ব্যবস্থা করে থাকে।

১৯৮৫ সালে জানুয়ারী থেকে ৩০ এ জুন পর্যন্ত সময়ে ৮,০৬৯ জন বাংলাদেশী অনুপ্রবেশকারী এবং ৪২ জন বর্মাদেশীয় মুসলমান যারা বাংলাদেশ সীমান্ত দিয়ে পশ্চিমবঙ্গে অনুপ্রবেশ করেছিল, রাজ্য পুলিসবাহিনীর হাতে ধরা পড়েছে। প্রয়োজনবোধে তাদের বিরুদ্ধে মামলা দায়ের করে আদালতের আদেশে অথবা মামলা দায়ের না করে, উহাদের সকলকেই সীমান্ত রক্ষীবাহিনী মারফত বাংলাদেশে ফেরত পাঠানো হয়েছে।

(খ) পশ্চিমবঙ্গে বাংলাদেশ সীমান্ত দিয়ে অনুপ্রবেশ রোধের দায়িত্ব মূলতঃ সীমান্ত রক্ষীবাহিনীর (বি এস এফ)। উক্ত সীমান্তরক্ষী বাহিনীর সতর্কদৃষ্টি এড়িয়ে যারা রাজ্যের অভ্যন্তরে অনুপ্রবেশ করতে সক্ষম হয় তাদের খুঁজে বের করে বাংলাদেশে ফেরত পাঠাবার কাজে মোবাইল টাস্ক ফোর্স সহ রাজ্য পুলিসবাহিনী নিয়োজিত আছে।

কৃষ্ণনগর মহাবিদ্যালয়ে আইন শিক্ষার ব্যবস্থা

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** গত বাজেট সেশনের প্রশ্ন নং ৪০৮ (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭৪)-এর উত্তর উল্লেখপূর্বক শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, নদীয়া জেলা সদরে অবস্থিত কৃষ্ণনগর মহাবিদ্যালয়ে আইন শিক্ষা ব্যবস্থা করার বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহশয় : এখনও বিষয়টি বিবেচনার পর্যায়ে আছে।

কেন্দ্রীয় সংরক্ষিত পুলিস বাহিনীতে পশ্চিমবঙ্গবাসীর নিয়োগ

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪২।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কেন্দ্রীয় সংরক্ষিত পুলিসবাহিনী (সি আর পি এফ)-তে নূতন ব্যাটেলিয়ন গঠন ও তাহাতে এই রাজ্যের অধিবাসীদের নিয়োগ সম্পর্কে কোন তথ্য রাজ্য সরকারের নিকট আছে কি; এবং

(খ) থাকিলে,—

(১) সাম্প্রতিককালে ঐ বাহিনীতে কতগুলি নূতন ব্যাটেলিয়ন গঠিত হইয়াছে,

(২) উক্ত ব্যাটেলিয়নগুলিতে মোট কতজন ব্যক্তির নিয়োগ হইয়াছে, ও

(৩) তন্মধ্যে এই রাজ্যের অধিবাসীর সংখ্যা কত?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) (১), (২), (৩) প্রশ্ন ওঠে না।

ওভারড্রাফট বন্ধে ভারত সরকারের সিদ্ধান্ত

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫।) **শ্রীসাধন চট্টোপাধ্যায় :** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ভারত সরকার রাজ্যে ওভারড্রাফট বন্ধের সিদ্ধান্ত ঘোষণার আগে রাজ্যের মুখ্যমন্ত্রী/অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছিলেন কি;

(খ) এই সিদ্ধান্তের ফলে রাজ্যের আর্থিক ক্ষেত্রে কোন অসুবিধা/বিরূপ প্রতিক্রিয়া হবে কিনা;

(গ) ভারত সরকারের এই সিদ্ধান্ত জাতীয় ক্ষেত্রে ঐক্য ও সংহতির উন্নতির তথা কেন্দ্র-রাজ্য সম্পর্কের উন্নতির কতটা সহায়ক?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত অনুযায়ী চলতি বছরের ১লা অক্টোবর থেকে বিগত আর্থিক বৎসরের ২৮-এ জানুয়ারী, ১৯৮৫ তারিখে যে মোট ২২৮.৮৮ কোটি টাকা ওভারড্রাফট ছিল, তার ৯০ শতাংশ বা ২০৫.৯৯ কোটি টাকা চার বছরের মেয়াদী ঋণে পরিবর্তিত হবে। ফলে সুদ ছাড়াই ঋণ পরিশোধ বাবদ অতিরিক্ত দায় হবে বছরে ৫০ কোটি টাকার মত, অথচ অষ্টম অর্থ কমিশনের সুপারিশ ১৯৮৪-৮৫ সালে চালু করলে ঐ পরিমাণ টাকার চেয়েও বেশি রাজ্য সরকারের সরাসরি (আউটরাইট) প্রাপ্য হ'ত। এই সিদ্ধান্তের ফলে রাজ্য সরকারের আর্থিক অবস্থার তাই অবনতি ঘটতে বাধ্য।

(গ) ওভারড্রাফট সামগ্রিক জাতীয় অর্থনৈতিক অবস্থার সঙ্গে জড়িত। আর্থিক শৃঙ্খলা রক্ষার দায় শুধু রাজ্য সরকারগুলির নয়, কেন্দ্রেরও সমান দায়িত্ব আছে। সামগ্রিক জাতীয় অর্থনৈতিক পরিস্থিতির সঙ্গে জড়িত মূল প্রশ্নগুলি বিচার-বিবেচনা করার জন্য যতদিন না সমস্ত রাজ্যের প্রতিনিধিদের নিয়ে আমাদের প্রস্তাবমতো (ন্যাশনাল ক্রেডিট কাউন্সিল) গঠিত হচ্ছে ততদিন ওভারড্রাফট বা ঋণ-সৃষ্টির মত বিষয়গুলি সম্পর্কে রাজ্য সরকারগুলির সঙ্গে পরামর্শ করে সিদ্ধান্ত নেওয়া হবে এটাই বাঞ্ছনীয়। অন্যথায় কেন্দ্র-রাজ্য সম্পর্কের উন্নতি সম্ভব নয়।

কংসাবতী জলাধার হইতে জল সরবরাহ

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩।) **শ্রীরামপদ মাণ্ডি :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান বৎসরে কংসাবতী জলাধার হ'তে আর, বি, এম, সি, দ্বারা বাঁকুড়া জেলার রাণীবাঁধ, রাইপুর ১নং ব্লক ও মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমা এলাকায় রবি মরসুমে বোরো চাষের জল দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে কিনা; এবং

(খ) 'না' হ'লে তার কারণ কি?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) বর্তমান বছরে এখনও খারিফ চাষের মরসুম চলছে। এ মরসুমে কংসাবতী জলাধার প্রকল্পের কমাণ্ড এলাকায় খারিফ চাষের জন্য জমিতে জলসেচ করতে হচ্ছে। খারিফ মরসুমের সেচের শেষে কংসাবতী জলাধারে সঞ্চিত জলের পরিমাণ সমীক্ষা ক'রে কমাণ্ড এরিয়াতে রবি চাষের জন্য জলসেচের পরিমাণ নির্দিষ্ট করা হবে।

কংসাবতী পরিকল্পনাতে কংসাবতীর কমাণ্ড এরিয়াতে বোরো চাষের জন্য জল সরবরাহের সংস্থান নাই।

খাতড়ায় নতুন মহকুমা স্থাপন

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯।) **শ্রীরামপদ মাণ্ডি :** গত ১১ই এপ্রিল, ১৯৮৫ তারিখের *৪৬৬ (অনুমোদিত প্রশ্ন নং *৩০৩)-এর উত্তরের উল্লেখে স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলার খাতড়াতে নূতন মহকুমা স্থাপন বর্তমানে কি পর্যায়ে আছে?

স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় : নূতন মহকুমা স্থাপনের কাজ ত্বরান্বিত করার জন্য সম্প্রতি বাঁকুড়া জেলা সদরের অতিরিক্ত মহকুমা শাসকের দপ্তর খাতড়ায় স্থানান্তরিত করার আদেশ দেওয়া হয়েছে। ট্রেজারী ও অন্যান্য অফিসের জন্য বাড়ি ভাড়ার ব্যবস্থা করা হচ্ছে। অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থাও গ্রহণ করা হচ্ছে।

রামপুরহাট মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপন

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭২।) **শ্রীশশাঙ্কশেখর মণ্ডল ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাট মহকুমা হাসপাতালে একটি ব্লাড ব্যাঙ্ক স্থাপনের পরিকল্পনা দীর্ঘদিন ধরিয়া সরকারের বিবেচনাধীন রহিয়াছে; এবং

(খ) সত্য হইলে, ইহার কার্য বর্তমানে কতদূর অগ্রসর হইয়াছে?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) রামপুরহাট মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপনের প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে।

(খ) ব্লাড ব্যাঙ্ক গৃহটিতে বৈদ্যুতিকরণের কাজ শেষ হলে ব্লাড ব্যাঙ্কটি খোলা হবে।

মুর্শিদাবাদ জেলায় মহকুমা স্টেডিয়াম নির্মাণের কর্মসূচী

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় মহকুমা স্টেডিয়াম নির্মাণের কোন কর্মসূচী আছে কিনা; এবং

(খ) থাকলে, কতগুলি মহকুমায় স্টেডিয়াম নির্মিত হয়েছে?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) আপাততঃ নেই।

(খ) প্রশ্ন উঠে না।

উল্লেখযোগ্য স্থানের নামের বিকৃত উচ্চারণ

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, মোগল বা ইংরেজ আমল থেকে রাজ্যের যে সমস্ত উল্লেখযোগ্য স্থানের নাম বিকৃতভাবে উচ্চারিত হয়ে আসছে (যেমন তুমলুক, ক্যালকাটা, চিনসুরা ইত্যাদি) সেইসব ক্ষেত্রে পূর্বের মূল নাম চালু করা সম্বন্ধে সরকার কোন সিদ্ধান্ত করেছেন কি?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ না।

তরুণ সমাজে অপসংস্কৃতির প্রসারে ভিডিও, ব্লু ফিল্মস ইত্যাদির ভূমিকা

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬।) **শ্রীঅমলেন্দ্র রায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রি-মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তরুণ সমাজে অপসংস্কৃতির প্রসারে ভিডিও, ব্লু-ফিল্মস ইত্যাদির ভূমিকা সম্পর্কে সরকার অবহিত আছেন কি; এবং

(খ) থাকিলে, ঐ সকল বিচ্যুতি রোধে সরকারের কর্মপন্থা কি?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হ্যাঁ।

(খ) জেলায় জেলাশাসক ও কলিকাতায় পুলিস কমিশনার গভর্নমেন্ট অব ইণ্ডিয়া সিনেমাটোগ্রাফ অ্যাক্ট, ১৯৫২ এবং ওয়েস্ট বেঙ্গল সিনেমাস (রেগুলেশনস) অ্যাক্ট, ১৯৫৪ এবং ঐ সংক্রান্ত রুলস বলে বে-আইনীভাবে ভিডিও ফিল্মস ও ব্লু-ফিল্মস প্রদর্শনের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিয়ে থাকেন।

পুরুলিয়া মেদিনীপুর ও বীরভূম জেলার তফসিলী জাতি ও আদিবাসীদের উন্নয়নে বিশ দফা কর্মসূচী

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** তফসিলী জাতি ও আদিবাসীকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তফসিলী জাতি ও উপজাতি সম্প্রদায়ের ক্ষেত্রে নূতন বিশ-দফা কর্মসূচী বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর ও বীরভূম জেলাতে কার্যকরী না হওয়ার কারণ কি; এবং

(খ) উক্ত জেলাগুলিতে কৃষির উন্নতির জন্য উক্ত কর্মসূচীর সত্বর প্রয়োগের কথা সরকার চিন্তা করছেন কি?

তফসিলী জাতি ও আদিবাসীকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) কার্যকর না হওয়ার কথা ঠিক নয়।

(খ) হ্যাঁ।

বিদ্যুৎ প্রকল্পে কেন্দ্রীয় সরবরাহ বিষয়ে কেন্দ্রের সহিত আলোচনা

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬।) **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতিকালে বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী কেন্দ্রের বিদ্যুৎমন্ত্রীর সহিত—

(১) রাজ্যের বিদ্যুৎ কেন্দ্রগুলিতে কয়লা সরবরাহ,

(২) উক্ত কেন্দ্রগুলির নির্মাণ কাজের জন্য ইস্পাত, সিমেন্টের অব্যাহত সরবরাহ,

(৩) বক্রেশ্বর ও মেজিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের কাজের অগ্রগতি ও

(৪) রাজ্যের উত্তর-পূর্বাঞ্চলে জলবিদ্যুৎ প্রকল্প বিশেষতঃ তিস্তা প্রকল্প সম্বন্ধে অলোচনা করেছেন; এবং

(খ) সত্য হলে, ঐ আলোচনার দৃশ্যতঃ ফলশ্রুতি কিরূপ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) বক্রেশ্বর ও মেজিয়া তাপবিদ্যুৎ এবং তিস্তা জলবিদ্যুৎ প্রকল্প সম্বন্ধে আলোচনা হয়েছে।

(খ) এখন পর্যন্ত সভাকে জানানোর মত নির্দিষ্ট অগ্রগতি ঘটে নি।

প্রয়াতা চিত্রাভিনেত্রীর মৃত্যুর তদন্ত

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫।) **শ্রীকাশীনাথ মিশ্র :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রয়াতা চিত্রাভিনেত্রী মহুয়া রায়চৌধুরীর মৃত্যুর বিষয়ে—

(১) রাজ্যের সি. আই. ডি. পুলিস কোন রিপোর্ট রাজ্য সরকারের কাছে পেশ করেছেন কিনা,

(২) ঐ বিষয়ে তদন্তের জন্য বিশেষ কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা, ও

(৩) মৃত্যুর পূর্বে কোন ডাইং ডিক্লারেশন নেওয়া হয়েছে কিনা;

(খ) গত পাঁচ মাসে স্টোভের আগুনে কতজন মহিলা ও শিশুর মৃত্যু ঘটেছে; এবং

(গ) উক্ত দুর্ঘটনাগুলিতে জড়িত স্টোভগুলি আটক করে রাখা হয়েছে কিনা?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) (১) ও (৩) হ্যাঁ।

(২) না।

(খ) কোন তথ্য সরকারের নজরে আসে নি।

(গ) প্রশ্ন ওঠে না।

মাছের ঘাটতি রোধের পরিকল্পনা

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১।) **শ্রীকাশীনাথ মিশ্র :** মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে খোলা বাজারে মাছের অস্বাভাবিক ঘাটতি দেখা দিচ্ছে;

(খ) সত্য হলে, এর কারণ কি; এবং

(গ) এই ঘাটতি রোধের জন্য সরকার কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না। তবে অন্যান্য বছরের এসময়ের তুলনায় খোলা বাজারে মাছ সরবরাহ এখন কিছু কম।

(খ) সরবরাহে ঘাটতির প্রধান কারণগুলি হল :

(১) কলকাতার পূর্বদিকের ভেড়িগুলিতে গত কয়েকমাস ময়লা জলের সরবরাহ বন্ধ থাকায় উৎপাদন হ্রাস;

(২) ২৪ পরগণা জেলার নোনাজলের ভেড়ি থেকে মাছ সরবরাহ অপেক্ষাকৃত কম থাকায় এবং বর্ষাকালীন ইলিশ মাছের যোগান কম হওয়ায়; এবং

(৩) নানা ধরনের অশান্তির জন্য অন্যান্য রাজ্য থেকে মাছ সরবরাহ সাময়িকভাবে ব্যাহত হওয়া।

(গ) বিভিন্ন চালু প্রকল্পের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করা ছাড়াও অন্য রাজ্য থেকে আমদানি বাড়ানোর জন্য সরকার সচেষ্ট।

পেরুয়া গোপালপুর গ্রামের মৎস্যবীজ খামার প্রকল্প চালুকরণ

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৫।) **শ্রীসাত্ত্বিক রায় :** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় খয়রাশোল থানার পেরুয়া গোপালপুর গ্রামে পরিকল্পিত মৎস্যবীজ খামার প্রকল্পটি বিশ্বব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত ও টেণ্ডার আহ্বানসম্পন্ন হওয়া সত্ত্বেও উক্ত প্রকল্পের কাজ চালু হইতেছে না; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) সাম্প্রতিককালে রাজ্যে মৎস্যবীজ উৎপাদনে অভূতপূর্ব অগ্রগতি ঘটায় বিশ্বব্যাঙ্কের সহায়তায় অন্তর্দেশীয় মৎস্য চাষ প্রকল্পের অধীনে প্রস্তাবটি নয়টি হ্যাচারীর জায়গায় সমাপ্তপ্রায় তিনটি হ্যাচারী ছাড়া অন্যত্র হ্যাচারী নির্মাণের পূর্ব সিদ্ধান্ত বাতিল করা হইয়াছে।

বিভিন্ন বেসরকারী ও রাষ্ট্রায়ত্ত সংস্থা কর্তৃক প্রভিডেন্ট ফাণ্ড ও ই, এস, আই, প্রকল্পের টাকা

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭।) **শ্রীদেবপ্রসাদ সরকার :** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এই রাজ্যে বিভিন্ন বেসরকারী এবং রাষ্ট্রায়ত্ত সংস্থা প্রভিডেন্ট ফাণ্ড ও ই, এস, আই, প্রকল্পে প্রভূত অর্থ জমা দেয়নি; এবং

(খ) সত্য হলে, উল্লিখিত প্রকল্পে (১) বেসরকারী সংস্থার মালিক এবং (২) রাষ্ট্রায়ত্ত সংস্থা কি পরিমাণ অর্থ জমা দেয় নি?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) রিজিওন্যাল প্রভিডেন্ট ফাণ্ড কমিশনার ও রিজিওন্যাল ডাইরেক্টর, ই, এস, আই, কর্পোরেশনের নিকট হইতে সংগৃহীত তথ্য অনুযায়ী বেসরকারী সংস্থাসমূহ এবং রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ, নিম্নলিখিত অর্থ জমা দেয় নিঃ

প্রফিডেন্ট ফাণ্ড (৩১-৩-১৯৮৫ পর্যন্ত)

বেসরকারী সংস্থা — টাঃ ৫,৫৩৫.৬৬ লক্ষ

রাষ্ট্রায়ত্ত সংস্থা— টাঃ ৬৬২.৫১ লক্ষ

ই, এস, আই, প্রকল্প (নভেম্বর ১৯৮৪ পর্যন্ত)

বেসরকারী সংস্থা — টাঃ ১১,৭০,১৭,৩১১.১৪

রাষ্ট্রায়ত্ত সংস্থা— টাঃ ৪,৩৯,০২,৫৬৯.০১

ইংলিশ মিডিয়াম স্কুলের জন্য সরকারী সুপারিশ

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৭৭ সাল থেকে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে কতগুলি "ইংলিশ মিডিয়াম" স্কুলের অনুমোদনের জন্য সুপারিশ পেয়েছেন;

(খ) এর মধ্যে কতগুলি স্কুল অনুমোদনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করা হয়েছে; এবং

(গ) রাজ্য সরকারের তরফ থেকে উপরি-উক্ত সময়ে কোন স্কুলকে অনুমোদন দেওয়া হয়ে থাকলে তার সংখ্যা কত?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ঐ সময়ে মোট ৫৮টি বিদ্যালয় সরকারের নিকট আবেদন করে।

(খ) সরকার সুপারিশ করে না- "আপত্তি নেই" সার্টিফিকেট প্রদান করে মাত্র। মোট ২১টি বিদ্যালয়কে সার্টিফিকেট প্রদান করা হয়েছে।

(গ) কোন বিদ্যালয়কেই তা যে-কোন ভাষায়ই হোক না কেন—সরকার অনুমোদন দেয় না—সরকার সুপারিশ করে। অনুমোদন দেয় পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদ তবে কোন ইংরেজী মাধ্যম বিদ্যালয়কে উক্ত সময়ে রাজ্য সরকার সুপারিশ করে নি এবং উক্ত পর্যদও এই জাতীয় বিদ্যালয়কে অনুমোদন দেয় নি।

পশ্চিম দিনাজপুর জেলার অ্যাম্বুলেন্স

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমদিনাজপুর জেলায় কয়টি অ্যাম্বুলেন্স চালু আছে?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : দুইটি। ইহা ছাড়াও একটি জীপ অ্যাম্বুলেন্স হিসাবে ব্যবহৃত হচ্ছে।

টিউবেকটমি ও ভেসেকটমি অপারেশনের সংখ্যা

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৮৪ সালের জানুয়ারী থেকে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে মোট কতজনকে (১) টিউবেকটমি ও (২) ভেসেকটমি অপারেশন করা হয়েছে এবং

(খ) এরমধ্যে পশ্চিম দিনাজপুর জেলায় এ সংখ্যা কত (পৃথক পৃথকভাবে)?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ১৯৮৪ সালের জানুয়ারি থেকে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে ৪,১০,৪৪২ জনকে টিউবেকটমি ও ৬৯,৯৭৭ জনকে ভেসেকটমি অপারেশন করা হয়েছে।

(খ) উক্ত সময়ে পশ্চিমদিনাজপুর জেলায় ১৩,৭৫১ জনকে টিউবেকটমি ও ৬,৬৯৭ জনকে ভেসেকটমি অপারেশন করা হয়েছে।

পশ্চিমবঙ্গে বধূ হত্যা

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী : স্বরাষ্ট্র** (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৪ সালের জানুয়ারী মাস থেকে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে বধূ হত্যার সংখ্যা কত; এবং

(খ) উক্ত ঘটনায় জড়িত থাকার ব্যাপারে কতজনকে গ্রেপ্তার করা হয়েছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ১০২ জন।

(খ) ১১৫ জনকে।

বাংলাদেশ থেকে অনুপ্রবেশ রোধ

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী** এবং **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস : স্বরাষ্ট্র** বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৪ সালের মার্চ মাস থেকে ১৯৮৫ সালের জুলাই পর্যন্ত সময়ে বাংলাদেশ থেকে পশ্চিমবঙ্গে কোন অনুপ্রবেশ ঘটেছে কি; এবং

(খ) ঘটে থাকলে,

(১) কতজন অনুপ্রবেশকারীকে গ্রেপ্তার করা হয়েছে, ও (২) কতজনকে ফেরত পাঠানো হয়েছে?

স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ। প্রশ্নোক্ত সময়ের মধ্যে বাংলাদেশ থেকে আগত অনুপরেবেশকারীরা পশ্চিমবঙ্গে ধরা পড়েছে।

(খ) ১৯৮৪ সালের মার্চ থেকে ১৯৮৫ সালের জুন মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার অভ্যন্তরে এবং ১৯৮৫ সালের জুলাই মাসে কোচবিহার ব্যতীত অন্যান্য জেলার অভ্যন্তরে সর্বমোট ২১,৭৫৮ জন বাংলাদেশ থেকে অথবা বাংলাদেশের মধ্য দিয়ে অনুপরেবেশকারী মোবাইল টাস্ক ফোর্স সহ রাজ্য পুলিস বাহিনীর হাতে ধরা পড়েছে। ঐ অনুপ্রবেশকারীদের অধিকাংশকেই আদালতে চালান না করে সীমান্ত রক্ষীবাহিনীর মাধ্যমে বাংলাদেশে ফেরত পাঠানো হয়েছে এবং অবশিষ্টাংশকেও আদালতের বিচারে শাস্তি ভোগের পর বাংলাদেশে ফেরত পাঠানো হয়েছে।

১৯৮৫ সালের জুলাই মাসে কোচবিহার জেলায় ধৃত অনুপ্রবেশকারীর সংখ্যা এখনও পাওয়া যায়নি।

খুনের খতিয়ান

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০০।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী : স্বরাষ্ট্র** (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৮৪ সালের মার্চ মাস থেকে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে কতগুলি খুনের ঘটনা ঘটেছে; এবং

(খ) উক্ত ঘটনায় সংশ্লিষ্ট মোট কতজন ব্যক্তিকে এ পর্যন্ত গ্রেপ্তার করা সম্ভব হয়েছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ২,২৫৯টি।

(খ) ৪,৯৫১ জনকে।

তফসিলী ও আদিবাসী ছাত্রছাত্রীদের ছাত্রাবাস গ্র্যান্ট

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ২১০।) **শ্রীবিশ্বনাথ চৌধুরী :** তফসিলী জাতি ও আদিবাসীকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আদিবাসী ও তফসিলী ছাত্রছাত্রীদের ছাত্রাবাস গ্র্যান্ট বাবদ মাথাপিছু যে ৭৫ টাকা দেওয়া হয় তার মধ্যে কত টাকা রাজ্য সরকার এবং কত টাকা কেন্দ্রীয় সরকার দেন, এবং

(খ) ১৯৮৫ সালের এপ্রিল থেকে জুলাই অবধি পশ্চিমবঙ্গে ঐ বাবদ কত অর্থ দেওয়া হয়েছে?

তফসিলী জাতি ও আদিবাসীকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ছাত্রাবাস গ্র্যান্ট বাবত দেয় টাকার সমস্তটাই রাজ্য সরকারের তহবিল থেকে দেওয়া হয়। রাজ্য পরিকল্পনা ও পরিকল্পনা বহির্ভূত খাত বা নন-প্ল্যানে বরাদ্দ হইতেই ঐ অর্থ যোগান দেওয়া হয়।

(খ) ১৯৮৫ সালের এপ্রিল থেকে জুলাই অবধি পশ্চিমবঙ্গে ৬২ লক্ষ ৫ শত টাকা তফসিলী জাতি ও ৬০ লক্ষ ৫৮ হাজার ৫ শত টাকা তফসিলী উপজাতি ছাত্রছাত্রীদের ছাত্রাবাসের ব্যয় নির্বাহের জন্য দেওয়া হয়েছে।

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/এক্সিকিউটিভ অফিসারদের একই পদে ও স্থানে স্থিতিকাল

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১৩।) **শ্রীঅরুণকুমার গোস্বামী : স্বরাষ্ট্র** (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মহকুমাগুলিতে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/এক্সিকিউটিভ অফিসারগণ সাধারণতঃ কত বছর একই পদে একই স্থানে থাকিতে পারেন?

স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় : এ ব্যাপারে কোন বিধিবদ্ধ নিয়ম নাই।

হলদিয়াকে স্বতন্ত্র মহকুমা হিসাবে গণ্য করার সিদ্ধান্ত

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৪।) **শ্রীলক্ষ্মণ চন্দ্র শেঠ :** ২১-এ মার্চ, ১৯৮৫ তারিখের প্রশ্ন নং *১১৮ (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯)-এর উত্তরের উল্লেখে স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়াকে স্বতন্ত্র মহকুমা হিসেবে ঘোষণা করার বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) কবে নাগাদ বিষয়টি কার্যকরী হবে বলে আশা করা যায়?

স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) নতুন মহকুমা স্থাপন সম্পর্কে সম্প্রতি একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির সুপারিশ পাওয়া গেলে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

(খ) এ বিষয়ে এখনই কিছু বলা সম্ভবপর নয়।

মেদিনীপুর জেলা বিভক্তিকরণ

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ :** ২৮শে মার্চ, ১৯৮৫ তারিখের প্রশ্ন নং *২২৮ (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৬)-এর উত্তর উল্লেখে স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলা বিভক্তিকরণের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) কবে নাগাত এই বিষয়টি রূপায়িত হইবে বলিয়া আশা করা যায়?

স্বরাষ্ট্র (কর্মিবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

(খ) এখনই এ বিষয়ে কিছু বলা সম্ভব নয়।

নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর সংগ্রহ ও বন্টন

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৮।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি রাজ্য সরকার কোন নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর সংগ্রহ ও বন্টন অধিগ্রহণ করেছেন কিনা; এবং

(খ) করে থাকলে উক্ত সামগ্রীগুলিতে ভরতুকি দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কি?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগম ও পর্ষদের সংযুক্তিকরণ

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৬।) **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমের সহিত রাজ্য বিদ্যুৎ পর্ষদকে যুক্ত করার কোন প্রস্তাব আছে কি; এবং

(খ) থাকিলে উহার রূপরেখা কিরূপ?

বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

পরিবার পরিকল্পনা খাতে কেন্দ্রীয় বরাদ্দ

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ২৬০।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সালে পরিবার পরিকল্পনা খাতে কেন্দ্র কর্তৃক বরাদ্দকৃত অর্থ রাজ্য সরকার খরচ করতে পারেন নি; এবং

(খ) এ আর্থিক বছরগুলিতে এ বাবতে কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ কত ছিল?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫ সালে পরিবার পরিকল্পনা খাতে কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের প্রায় সবটাই খরচ করা হয়েছে।

(খ) ১৯৮৩-৮৪ সালে কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ ছিল ২,১২৪.৯০ লক্ষ টাকা এবং ১৯৮৪-৮৫ সালে বরাদ্দের পরিমাণ ছিল ২,২২৫.৫৭ লক্ষ টাকা।

রাজ্য সরকারী অফিস ও সংস্থায় কর্মী নিয়োগের সংখ্যা

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৭।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ১৯৭৭ সালের জুন মাস থেকে ৩১শে জুলাই, ১৯৮৫ পর্যন্ত এ রাজ্যে সরকারী অফিস ও সংস্থায় কত সংখ্যক বেকার যুবক/যুবতীর কর্মসংস্থান হয়েছে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ এ পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী ১৯৭৭ সালের জুন মাস হইতে ১৯৮৪ সালের ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির মাধ্যমে সর্বমোট ৯০,৪৫১ জন নথিভুক্ত কর্মপ্রার্থীর কর্মসংস্থান হয়েছে।

উচ্চ মাধ্যমিকে ভর্তির সমস্যা ও বিদ্যালয়ে উক্ত শ্রেণী খোলার জন্য অনুমোদন

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৮।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ও শিক্ষা** (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, উচ্চ মাধ্যমিক ভর্তি সমস্যার পরিপ্রেক্ষিতে বর্তমান বছরে কতগুলি বিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক শ্রেণী খোলার জন্য অনুমোদন দেওয়া হয়েছে।

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ বর্তমান বছরে ৪৫টি বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক শ্রেণী খোলার জন্য অনুমোদন দেওয়া হয়েছে।

মাধ্যমিক স্তরে তফসিলী ছাত্রছাত্রীদের সরকারী অনুদান

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৬) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের মাধ্যমিক স্তরে পাঠরত বহু তফসিলী ছাত্রছাত্রী সরকারী অনুদান লাভে বঞ্চিত হচ্ছে;

(খ) সত্য হলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন; এবং

(গ) এই রাজ্যে ঐ অনুদান বাবত (১) ১৯৮৩-৮৪ এবং (২) ১৯৮৪-৮৫-এর ৩১শে জুলাই পর্যন্ত কত টাকা দেওয়া হয়েছে (বৎসরওয়ারী হিসাবে)?

তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) প্রশ্নটি সুস্পষ্ট নয়। তবে যদি অনুদান বলতে মাননীয় সদস্য মহাশয় হোস্টেল খরচ, বই কেনার টাকা ও ভরণপোষণ ভাতা ইত্যাদির কথা বলে থাকেন তবে বলা যায় যে প্রচলিত বিষয় ও সীমা অনুযায়ী যারা উপযুক্ত বিবেচিত হয় তারা দেরিতে হলেও সরকারী অনুদানের মঞ্জুরী পায়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) এই রাজ্যে পূর্বে উল্লিখিত বিভিন্ন খাতে অনুদান বাবত (১) ১৯৮৩-৮৪ সালে তিন কোটি আটচল্লিশ লক্ষ তিয়াত্তর হাজার সাত শত টাকা তফসিলী জাতি ও তিন কোটি পাঁচ লক্ষ একাত্তর হাজার টাকা তফসিলী উপজাতি ছাত্রছাত্রীদের এবং ১৯৮৪-৮৫ সালের ৩১শে জুলাই পর্যন্ত এক কোটি বত্রিশ লক্ষ সাত হাজার পাঁচ শত টাকা এবং তফসিলী জাতি এবং এক কোটি এগার লক্ষ চৌদ্দ হাজার তিন শত টাকা তফসিলী উপজাতি ছাত্রছাত্রীদের দেওয়া হয়েছে।

রাজ্যে অ্যালকোহলের ঘাটতি

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, রাজ্যে অ্যালকোহলের ঘাটতির ফলে ঔষধ সহ সংশ্লিষ্ট বিভিন্ন শিল্প চরম সংকটের সম্মুখীন?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ হাঁ।

হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৮১।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার ও বেসরকারী উদ্যোগাধীন হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প স্থাপনে যথাক্রমে সরকার ও অন্যান্য শিল্পপতি/প্রতিষ্ঠানের মূলধন বিনিয়োগের শতকরা হার (শেয়ার) কত; এবং

(খ) ঐ প্রকল্প বাস্তবায়িত হলে কতজন বেকার যুবক-যুবতীর কর্মসংস্থান হতে পারে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্পের ইকুইটিতে পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন সংস্থার অংশ থাকবে ২৬.০০ পারসেন্ট, শ্রী আর পি গোয়েঙ্কা এবং তাঁর সহযোগীদের থাকবে ২৪.৯৯ পারসেন্ট এবং জনসাধারণের জন্য থাকবে ৪৯.০১ পারসেন্ট।

(খ) সরাসরি ২,৫০০ থেকে ৩,০০০ লোকের কর্মসংস্থান হবে বলে আশা করা যায়। তাছাড়া বিভিন্ন যেসব ডাউন স্ট্রীম কারখানা গড়ে উঠবে তাতে আনুমানিক আড়াই থেকে তিন লক্ষ লোকের কর্মসংস্থানও হবে বলে আশা করা যায়।

বাংলা অ্যাকাডেমির কর্মসূচী

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৮২।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাংলা অ্যাকাডেমি কোন্ কোন্ বিষয়ের উপর অগ্রাধিকার নিয়ে কাজ শুরু করতে চলেছেন;

(খ) বাংলা ভাষার সংস্কার ও উন্নয়নের জন্য রাজ্যের প্রখ্যাত কীর্তিমান ব্যক্তিদের সহায়তা গ্রহণ করা হচ্ছে কি;

(গ) বাংলা লিপি সংস্কার ও পরিভাষা প্রণয়নের জন্য কোন বোর্ড গঠন করা হয়েছে কি; এবং

(ঘ) হয়ে থাকলে, ঐ বোর্ডের সদস্য হিসাবে কে কে আছে?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) বাংলা অ্যাকাডেমি এখনও গঠিত হয় নি। সুতরাং কর্মসূচী সম্বন্ধে এখনও নির্দিষ্টভাবে কিছু বলার সময় আসে নি।

(খ) যথাসময়ে এ বিষয়টি বিবেচনা করা হবে।

(গ) না। ১৯৭৮ সালে পুনর্গঠিত পরিভাষা সংসদ বর্তমানে আর সক্রিয় নেই। তবে একটি পুনর্গঠনের প্রস্তাব বিবেচনাধীন আছে।

(ঘ) প্রশ্ন ওঠে না।

লক-আউট ও ধর্মঘটে বন্ধ কারখানা

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৬।) **শ্রীশান্তশ্রী চট্টোপাধ্যায় :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি- -

(ক) ১৯৮৫ সালের ৩১শে জুলাই পর্যন্ত রাজ্যে কতগুলি কারখানা ধর্মঘট ও লক-আউটজনিত কারণে বন্ধ আছে;

(খ) ঐ কারখানাগুলিতে নিযুক্ত শ্রমিকের সংখ্যা কত;

(গ) অদ্যাবধি কতগুলি কারখানা পুনরায় চালু হইয়াছে; এবং

(ঘ) উক্ত চালু কারখানাগুলিতে নিযুক্ত শ্রমিকের সংখ্যা কত?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ১-১-১৯৮৫ হইতে ৩১-৭-১৯৮৫ পর্যন্ত ২৪টি কারখানায় ধর্মঘট এবং ৬৪টি কারখানায় লক-আউট হইয়াছে।

(খ) ১,০০,৮৯৫ জন। (গ) ৫০টি। (ঘ) ৫০,৯৭৭ জন।

ভূপালের গ্যাসাহত রোগীদের সেবায় পশ্চিমবঙ্গের ডাক্তারদের অনুমতি প্রদান

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৭।) **শ্রীসুমন্তকুমার হীরা :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের একদল চিকিৎসককে ভূপালের গ্যাস দুর্ঘটনায় আহত রোগীদের সেবা করতে যাওয়ার অনুমতি দেওয়া হয় নি, এবং

(খ) সত্য হলে, তার কারণ কি?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) এ সম্পর্কে কোনও তথ্য এ বিভাগে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

ছোট ভেষজ শিল্পে নিযুক্ত কর্মচারীদের ন্যূনতম মজুরী

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৯।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, পশ্চিমবঙ্গে অবস্থিত ছোট ভেষজ শিল্পে নিযুক্ত শ্রমিক কর্মচারীদের ন্যূনতম মজুরী নির্ধারণ করার কথা রাজ্য সরকার বিবেচনা করছেন কিনা?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় : রাজ্য সরকার ছোট ভেষজ শিল্পে নিযুক্ত শ্রমিক কর্মচারীদের ন্যূনতম মজুরী নির্ধারণের কথা বিবেচনা করছেন না।

শহরাঞ্চলে মাথাপিছু কেরোসিন তেলের বরাদ্দ

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৩২০।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য্য :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে শহরাঞ্চলে মাথাপিছু সপ্তাহে কেরোসিন তেলের বরাদ্দের পরিমাণ কত; এবং

(খ) বরাদ্দের পরিমাণ বৃদ্ধি করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) বর্তমানে শহরাঞ্চলের বিধিবদ্ধ রেশন এলাকায় মাথাপিছু কেরোসিন তেলের বরাদ্দের পরিমাণ সপ্তাহে হাফ লিটার।

(খ) কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দ বৃদ্ধি করিলেই মাথাপিছু বরাদ্দ বাড়ানোর কথা সরকার বিবেচনা করিবেন।

রেশনে নিম্নমানের চাল সরবরাহ

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৩২১।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি বিধিবদ্ধ রেশনিং এলাকায় অত্যন্ত নিম্নমানের চাল রেশন দোকান মারফত দেওয়া হচ্ছে সেই সম্পর্কে সরকারের নিকট কোন অভিযোগ আছে কিনা;

(খ) থাকলে, এ সম্পর্কে কি কার্যকরী ব্যবস্থা নেওয়া হচ্ছে; এবং

(গ) বর্তমানে রেশন দোকান মারফত ডাল সরবরাহ করা হয় কিনা?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) সম্প্রতি বিধিবদ্ধ রেশন এলাকায় নিম্নমানের চাল সরবাহের কিছু অভিযোগ পাওয়া গিয়েছে।

(খ) প্রতিটি অভিযোগের ক্ষেত্রেই আমাদের বিভাগীয় পরীক্ষাগারে উক্ত চালের নমুনা পরীক্ষা করে দেখা হয়েছে। পরীক্ষান্তে যখনই কোন নমুনা নির্ধারিত মানের নিম্নে প্রতিপন্ন হয়েছে তখনই সেই নমুনার সংশ্লিষ্ট চাল জনসাধারণের মধ্যে বণ্টন বন্ধ করে দেওয়া হয়েছে।

(গ) না, বর্তমানে করা হয় না। করার পরিকল্পনা আছে।

বন্ধ ও রুগ্ন কারখানা চালুকরণ

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৫।) **শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য :** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বন্ধ ও রুগ্ন কারখানাগুলিকে চালু করার জন্য সরকারের পক্ষ থেকে সম্প্রতি কোন পরিকল্পনা নেওয়া হচ্ছে কিনা; এবং

(খ) কোন্ কোন্ কারখানা খোলার চেষ্টা হচ্ছে?

শিল্প পুনর্গঠন বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) নীতিগতভাবে সমস্ত কারখানা খোলার জন্য সরকার আগ্রহশীল। তবে, বিশেষভাবে নিম্নলিখিত বন্ধ কারখানাগুলি খোলার জন্য বর্তমানে চেষ্টা হচ্ছে :-

(১) বেঙ্গল পেপার মিলস্।
(২) অ্যালকণ্ড।
(৩) নিউ সেন্ট্রাল জুট মিলস্।
(৪) কোলে আয়রন অ্যাণ্ড স্টীল কোং।
(৫) কোলে বিস্কুট কোং।
(৬) এস অ্যাণ্ড পি ইঞ্জিনিয়ারিং প্রোডাক্টস।
(৭) মোটর অ্যাণ্ড মেশিনারী ম্যানুফেকচারার্স।
(৮) শ্রী শ্রী লোকনাথ কটনমিলস্ প্রভৃতি।

গ্রাম পঞ্চায়েত হোমিওপ্যাথিক চিকিৎসাকেন্দ্র অনুমোদন

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩০।) **শ্রীহিমাংশু কুঙর :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত কতগুলি গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথিক চিকিৎসাকেন্দ্র অনুমোদন লাভ করেছে;

(খ) কতগুলি গ্রাম পঞ্চায়েতের অনুমোদিত হোমিওপ্যাথিক চিকিৎসাকেন্দ্রের আবেদনপত্র অনুমোদনের অপেক্ষায় আছে; এবং

(গ) চলতি আর্থিক বছরে সেগুলি অনুমোদনের পরিকল্পনা আছে কি?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ৪২০টি।

(খ) একটিও না।

(গ) প্রশ্ন ওঠে না।

মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী বিষয়ে রাজ্য সরকারের প্রতি কাউন্সিল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশনের নির্দেশ

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৭।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মাধ্যমিক পরীক্ষার ইতিহাস, ভূগোল, ইংরেজী, অঙ্ক সহ বিভিন্ন বিষয়ের পাঠক্রমের শতকরা ৭০ ভাগ সর্বভারতীয় ভিত্তিতে এবং বাকী শতকরা ৩০ ভাগ আঞ্চলিক ভিত্তিতে করার জন্য কেন্দ্রীয় সরকার স্বীকৃত কাউন্সিল/বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন (কবসে) বর্তমান বৎসরে রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছেন; এবং

(খ) সত্য হলে, এ সম্পর্কে রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

খাদ্য দপ্তরের মাধ্যমে ধান-চাল সংগ্রহ

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৭।) **শ্রীধীরেন্দ্রনাথ সরকার :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি-

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার আগামী খরিফ মরসুমে খাদ্য দপ্তরের মাধ্যমে ধান-চাল সংগ্রহ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

(খ) সত্য হলে, এ সম্পর্কে প্রয়োজনীয় কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(গ) উক্ত খাদ্যশস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ধার্য করা হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিবাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) খাদ্যশস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা এখনও নূতন ক'রে ঠিক করা হয় নাই।

অ-বঙ্গভাষী বাংলাদেশী

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪০২।) **শ্রীদিলীপ মজুমদার :** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার অবগত আছেন কি যে, গত কয়েক বৎসরে দুর্গাপুর ও পার্শ্ববর্তী কয়লাখনি অঞ্চলে বাংলাদেশ হইতে আগত অ-বঙ্গভাষী বাংলাদেশীরা বে-আইনীভাবে বসবাস করিতেছেন; এবং

(খ) অবগত থাকিলে, রাজ্য সরকার উক্ত ব্যক্তিদের বিরুদ্ধে কি আইনগত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহোদয় : (ক) না, এইরূপ ঘটনা সরকারের জানা নাই।

(খ) এই প্রশ্ন ওঠে না।

দুর্গাপুর ইস্পাত কারখানা আধুনিকীকরণ

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৩।) **শ্রীদিলীপ মজুমদার :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর ইস্পাত কারখানার আধুনিকীকরণের দাবিতে গত বিধানসভায় সর্বসম্মতিক্রমে প্রস্তাব গ্রহণের পর রাজ্য সরকার এ প্রস্তাব লইয়া কেন্দ্রীয় সরকারের সহিত আলোচনা করিয়াছেন কিনা;

(খ) করিলে, উক্ত আলোচনার অগ্রগতি কিরূপ; এবং

(গ) না করিলে, উক্ত ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সহিত আলোচনা করার কথা চিন্তা করিতেছেন কি?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) এই পরিপ্রেক্ষিতে ভারত সরকারের ইস্পাত বিভাগের রাষ্ট্রমন্ত্রী শ্রী কে নটবর সিং-এর সঙ্গে রাজ্য সরকারের বাণিজ্য ও শিল্প মন্ত্রী আলোচনা করেন। পরবর্তী পর্যায়ে ভারত সরকারের ইস্পাত বিভাগের রাষ্ট্রমন্ত্রী তাঁহার ২৫-এ মে, ১৯৮৫ তারিখের চিঠিতে জানাইয়াছেন যে, দুর্গাপুর ইস্পাত কারখানার আধুনিকীকরণের প্রস্তাবটি নীতিগতভাবে মানিয়া লওয়া হইয়াছে এবং অগ্রাধিকারের তালিকায় তাহা উপরের দিকেই আছে। গত বৎসর প্রাথমিক কার্যাদির জন্য পঁচিশ কোটি টাকা মঞ্জুর করা হইয়াছিল, এবং প্ল্যানিং কমিশনের সঙ্গে আলোচনাক্রমে ইস্পাত বিভাগের সপ্তম যোজনার বিভিন্ন পরিকল্পনার বরাদ্দ চূড়ান্ত হওয়ার পর এই ব্যাপারে বিনিয়োগের সিদ্ধান্ত নেওয়া হইবে।

(গ) প্রশ্ন ওঠে না।

পশ্চিমবঙ্গে মৎস্য উৎপাদন ও আমদানি

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৪।) **শ্রীদিলীপ কুমার মজুমদার :** মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বৎসরে কত পরিমাণ মাছ উৎপাদিত হয়;

(খ) অন্য রাজ্য হইতে বৎসরে কত পরিমাণ মাছ আমদানি করা হয়;

(গ) সমুদ্রে মাছ ধরায় জেলেদের উৎসাহিত করার জন্য সরকার কি কি কর্মসূচী গ্রহণ করিয়াছেন; এবং

(ঘ) মাছের দাম বাঁধিয়া দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) গত তিন বৎসরের হিসাবে বৎসরে গড়ে ৩.৪৩ লক্ষ মেট্রিক টন।

(খ) বার্ষিক ২৫,০০০ টন থেকে ৩০,০০০ টন।

(গ) উপকূলবর্তী অঞ্চলে ও সমুদ্রে মাছ ধরার জন্য জেলেদের দেশী ও যন্ত্রচালিত নৌকা, জাল এবং মাছ ধরার অন্যান্য সরঞ্জাম সংগ্রহ করার উদ্দেশ্যে সরকারী অনুদান এবং ব্যাঙ্কের মাধ্যমে ঋণদানের ব্যবস্থা করা, মাছধরা ও জালবোনার বিষয়ে প্রশিক্ষণ দেওয়া এবং মাছধরার বন্দর স্থাপন, ল্যান্ডিং প্ল্যাটফর্ম, সংযোগকারী রাস্তা, গাইড-লাইট বসানো, বরফকল ও নলকূপ স্থাপন ইত্যাদি নানাধরণের প্রয়োজনীয় উপকাঠামো (ইন্‌ফ্রাস্ট্রাকচার) সৃষ্টির জন্য ব্যবস্থা গ্রহণ।

(ঘ) নাই।

কিড স্ট্রীটে গেস্ট হাউস নির্মাণ

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৯।) **শ্রীদিলীপ মজুমদার ঃ** আবাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কিড্ স্ট্রীটের গেস্ট হাউসটির নির্মাণে কত টাকা ব্যয় হইয়াছে;

(খ) উক্ত গেস্ট হাউসটিতে কতগুলি ঘর ও অন্যান্য কি কি আবাসন ব্যবস্থা আছে;

(গ) ১৯৮৪-র অক্টোবর হইতে ১৯৮৫ সালের আগস্ট মাস পর্যন্ত সময়ে মাসে কতগুলি ঘরে বুকিং ছিল; এবং

(ঘ) উক্ত গেস্ট হাউসের ঘরগুলি বুকিং দেওয়া সম্পর্কে কোন বিশেষ নীতি/নিয়ম আছে কি?

আবাসন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ৮৪,১৭,৮০২.০৮ পঃ (চুরাশি লক্ষ সতের হাজার আট শত দুই টাকা আট পয়সা)।

(খ) সাধারণ কক্ষ - ২৮, বাতানুকূল কক্ষ -- ১৪, বাতানুকুল আবাসগৃহ (সুইট)—৬ মোট—৪৮।

(গ) রাজ্য অতিথি নিবাস এখনও উদ্বোধন করা হয় নাই। বিশেষ প্রয়োজনে কয়েকটি আন্তঃরাজ্য মিটিং এবং সেমিনারে প্রতিনিধিদের এখানে থাকিতে দেওয়া হইয়াছিল।

(ঘ) হ্যাঁ, আছে।

বন্ধ কারখানা ও কর্মচ্যুত শ্রমিক

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ৪২১।) **শ্রীসরল দেব ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৫ সালের জানুয়ারী হইতে ৩১ এ জুলাই পর্যন্ত কতগুলি কারখানা বন্ধ হইয়াছে; এবং

(খ) তাহার ফলে কতজন শ্রমিক কর্মচ্যুত হইয়াছেন?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) দশটি কারখানা বন্ধ (ক্লোজড্) হয়েছিল।

(খ) পাঁচশ পাঁচজন (প্রভিসন্যাল)।

চব্বিশ-পরগণা জেলায় জুনিয়ার হাই ও হাই স্কুলের অনুমোদন

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৫।) **শ্রীসরল দেব ঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৮৫ সালের ১লা জানুয়ারী হইতে ৩১ এ জুলাই পর্যন্ত সময়ে চব্বিশ পরগণা জেলায় কতগুলি (১) জুনিয়ার হাই স্কুল এবং (২) হাই স্কুলকে অনুমোদন দেওয়া হইয়াছে?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (১) জুনিয়ার হাই স্কুল ৫৪টি (২) হাই স্কুল-২৭টি।

আরামবাগ মহকুমা হাসপাতালের অপারেশন থিয়েটার

১০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৭।) **শ্রীআবদুল মান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আরামবাগ মহকুমা হাসপাতালে বর্তমানে কয়টি অপারেশন থিয়েটার আছে;

(খ) ঐ হাসপাতালে অতিরিক্ত আর একটি অপারেশান থিয়েটার খোলার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) থাকলে, কবে নাগাত তা সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) একটি।

(খ) এ সম্বন্ধে প্রাসঙ্গিক তথ্যাদি সংগ্রহ করা হচ্ছে।

(গ) প্রশ্ন ওঠে না।

কারখানায় লক-আউট ও ক্লোজার

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪২।) **শ্রীআব্দুল মান্নান ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জানুয়ারী, ১৯৮৫ থেকে এ পর্যন্ত কতগুলি কারখানায় ক্লোজার ও লক-আউট ঘোষণা করা হয়েছে;

(খ) ইহাতে কতজন শ্রমিক ক্ষতিগ্রস্ত হয়েছেন;

(গ) ঐ ক্লোজার এবং লক-আউট ঘোষিত কারখানাগুলির এ পর্যন্ত কতগুলি খোলার ব্যবস্থা হয়েছে এবং

(ঘ) বাকিগুলি খোলার ব্যাপারে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ১-১-৮৫ থেকে ৩১-৮-৮৫ পর্যন্ত লক-আউট ঘোষিত হয় ৬৭টি কারখানায় এবং ক্লোজার ঘোষিত হয় ১০টি কারখানায়।

(খ) লক-আউটের জন্য ক্ষতিগ্রস্ত শ্রমিকের সংখ্যা ৯২,৮১৬ এবং ক্লোজারের জন্য ক্ষতিগ্রস্ত শ্রমিকের সংখ্যা ৫০৫।

(গ) লক-আউটের ক্ষেত্রে ৩৯টি এবং ক্লোজারের ক্ষেত্রে ২টি।

(ঘ) সালিশীর মাধ্যমে কারখানাগুলি খোলার চেষ্টা করা হচ্ছে।

সীমান্তরক্ষার্থে অসামরিক প্রতিরক্ষা খাতে কেন্দ্রীয় বরাদ্দ

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৬।) **শ্রীনীরোদ রায়চৌধুরী :** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এই রাজ্যের অসামরিক প্রতিরক্ষা খাতে খরচের কত ভাগ কেন্দ্রীয় সরকার বহন করে;

(খ) বর্তমান আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে এবং সীমান্ত রাজ্য হিসাবে রাজ্যের অসামরিক প্রতিরক্ষা খাতের খরচের ব্যয়ভারের আরও বেশী অংশ যাতে কেন্দ্রীয় সরকার বহন করেন এরকম কোন প্রস্তাব রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে দিয়েছেন কি ; এবং

(গ) দিয়ে থাকলে, কেন্দ্রীয় সরকারের প্রতিক্রিয়া কি?

স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) উত্তরবঙ্গের কুচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, মালদহ এবং পশ্চিম দিনাজপুর এই পাঁচটি জেলাতে অসামরিক প্ররিরক্ষা ও হোমগার্ড খাতে অনুমোদিত (অথরাইজড) ব্যয়ের সমস্তটাই কেন্দ্রীয় সরকার বহন করেন।

পশ্চিমবঙ্গের অন্যান্য জেলায় অসামরিক প্রতিরক্ষা এবং হোমগার্ড সংস্থার খাতে কেন্দ্রীয় সরকার অনুমোদিত ব্যয়ের অর্ধেক বহন করবেন।

এ ছাড়াও কলিকাতাস্থ মোবাইল সিভিল ইমার্জেন্সী ফোর্স এবং বর্ডার উইং হোমগার্ড ব্যাটেলিয়নের সমস্ত ব্যয়ভার কেন্দ্রীয় সরকার বহন করেন।

(খ) এ সম্পর্কে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে মৌখিকভাবে এবং কেন্দ্রীয় সরকারের কাছে লিখিতভাবে এই রাজ্যের অসামরিক প্রতিরক্ষা খাতের সম্পূর্ণ ব্যয়ভার গ্রহণ করার জন্য অনুরোধ ১৯৮৪ সালের মে মাসে করা হয়েছে।

(গ) কেন্দ্রীয় সরকার আমাদের ঐ প্রস্তাবে রাজি হওয়ার ব্যাপারে তাঁদের অপারগতার কথা জানিয়েছেন।

চলচ্চিত্র শিল্পে বিনিয়োগ

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৩।) **শ্রীনীরোদ রায় চৌধুরী :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৪-৮৫ বছরে পশ্চিমবঙ্গ সরকার চলচ্চিত্র শিল্পে মোট কত টাকা বিনিয়োগ করেছেন ও কয়টি চলচ্চিত্র প্রযোজনা করেছেন;

(খ) উক্ত সময়ে সরকার কোন লভ্যাংশ পেয়েচেন কিনা; এবং

(গ) পেয়ে থাকলে তার পরিমাণ কত?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ১৯৮৪-৮৫ আর্থিক বছরে পশ্চিমবঙ্গ সরকার নতুন কোন কাহিনীচিত্র প্রযোজনা করেন নি। পূর্ব গৃহীত প্রযোজনা সূত্রে ঐ আর্থিক বছরে ৪,০১,৮৫৪.৯০ লক্ষ টাকা খরচ হয়েছে।

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

রাজ্যে ওভারড্রাফট বন্ধের নির্দেশ

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৮।) **শ্রীনিরোদ রায় চৌধুরী :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারগুলির ওভারড্রাফট নেওয়ার সুযোগ বন্ধ করে দিচ্ছে;

(খ) সত্য হ'লে, রাজ্য সরকারের ব্যয় সঙ্কুচিত হবে কি; এবং

(গ) পরিকল্পনা খাতে খরচায় তার প্রভাব কি হবে?

অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) চলতি বছরের ১লা অক্টোবর থেকে রাজ্য সরকারগুলি ওভারড্রাফট নেওয়ার সুযোগ বন্ধ করে দেবেন বলে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন।

(খ) রাজ্য সরকারের আয়-ব্যয়ের ভারসাম্য বজায় রাখতে প্রয়োজনীয় আর্থিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) রাজ্যের পরিকল্পনা ব্যয়ের গতিশীলতা বজায় রাখার জন্য বিবিধ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বন্ধ চটকল

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৭।) **শ্রীশৈলেন্দ্রনাথ চ্যাটার্জী ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৪ সালের জুন মাস হইতে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের কতগুলি চটকল বন্ধ হইয়াছে;

(খ) ঐ কারখানাগুলি বন্ধের কারণ কি কি,

(গ) এর মধ্যে কতগুলি শ্রম দপ্তরের মাধ্যমে জুলাই, ১৯৮৫ অবধি খোলা সম্ভবপর হইয়াছে; এবং

(ঘ) যে কারখানাগুলি এখনও বন্ধ আছে তাহাতে নিযুক্ত শ্রমিকের সংখ্যা কত?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) কোন চটকল বন্ধ (ক্লোজড) হয় নাই। ২২টি চটকলে লকআউট হয়েছিল।

(খ) লক-আউট নোটিসে মালিক পক্ষ নিম্নলিখিত কারণগুলি জানিয়েছেন—শ্রমিকদের মধ্যে শৃঙ্খলার অভাব (অসমর্থিত), কাঁচা পাটের উচ্চমূল্য, আর্থিক সঙ্কট প্রভৃতি।

(গ) ১১টি

(ঘ) ৪০,২৪০ (জুলাই, ১৯৮৫ পর্যন্ত)।

রেজিস্ট্রীকৃত বেকার

১০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩২।) **শ্রীশিবপ্রসাদ মালিক** এবং **শ্রীশৈলেন্দ্রনাথ চ্যাটার্জী ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৫ সালের ৩১-এ আগস্ট পর্যন্ত এই রাজ্যে রেজিস্ট্রীকৃত বেকারের সংখ্যা কত; এবং

(খ) ১৯৭৭ সালের জুন মাস থেকে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত কর্ম বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে কতজন বেকারকে কর্মে নিয়োগ করা সম্ভব হইয়াছে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ১৯৮৫ সালের ৩১ এ জুলাই পর্যন্ত এই রাজ্যে রেজিস্ট্রীকৃত কর্মপ্রার্থীর সংখ্যা প্রায় ৪,০৯৩,০৭৫ জন।

(খ) প্রায় ১১১,১৯৯ জন।

হুগলী জেলার রেজিস্ট্রীকৃত বেকার

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৩।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে হুগলী জেলায় রেজিস্ট্রীকৃত বেকারের সংখ্যা কত; এবং

(খ) ১৯৭৭ থেকে ১৯৮৫ সালের জুলাই মাস পর্যন্ত সময়ে উক্ত জেলায় কতজন বেকারকে কর্ম বিনিয়োগ কেন্দ্র মারফত কর্মে নিয়োগ করা হয়েছে?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) প্রায় ২৯০,৯৭২ জন।

(খ) প্রায় ৪,৬২৩ জন।

আয়ুর্বেদ চিকিৎসা

১১১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৭।) **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, আয়ুর্বেদ চিকিৎসা প্রসারের জন্য রাজ্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ আয়ুর্বেদ চিকিৎসা প্রসারের জন্য রাজ্য সরকার ১৯৮৫-৮৬ সালে নিম্নলিখিত পরিকল্পনাগুলি গ্রহণ করেছেন ঃ-

(১) বর্তমানে জে বি রায় স্টেট আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতালেই স্নাতক পর্যায়ে আয়ুর্বেদ শিক্ষার ব্যবস্থা আছে এবং উহার উন্নতির জন্য নিয়মিত শিক্ষক নিয়োগ করা, বর্তমান লাইব্রেরী ল্যাবরেটরী ও শব ব্যবচ্ছেদ গৃহের উন্নতি করা এবং ছাত্রীদের জন্য আবাসন ও কর্মচারীদের বসবাসের জন্য নতুন বাড়ি তৈরী। বর্তমানে শ্যামাদাস বৈদ্যশাস্ত্রপীঠেই একমাত্র স্নাতকোত্তর পর্যায়ে আয়ুর্বেদ শিক্ষার ব্যবস্থা আছে এবং উহার উন্নতির জন্য বর্তমান বিভাগগুলির উন্নতিসাধন ও নিয়মিত শিক্ষক নিয়োগকরণ।

(২) আয়ুর্বেদ চিকিৎসা ব্যবস্থার প্রসারের জন্য দশটি নতুন আয়ুর্বেদিক ডিস্পেন্সারী খোলা, প্রাইমারী ও সাবসিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্রগুলিতে আয়ুর্বেদ চিকিৎসকের নতুন পদ সৃষ্টি করা এবং কল্যাণীতে অবস্থিত ভেষজ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির ব্যবস্থা করা এবং আয়ুর্বেদ ডাইরেক্টরেটের উন্নতি করা।

আরামবাগে রবীন্দ্রভবনের কাজ

১১২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪০)। **শ্রীশিবপ্রসাদ মালিক ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, আরামবাগে অসমাপ্ত রবীন্দ্রভবনের কাজ কতদিনে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহাশয় : বেসরকারী উদ্যোগে নির্মীয়মাণ কোন রবীন্দ্রভবনের নির্মাণকাজ সম্পূর্ণ করার দায়িত্ব তাঁদেরই। আলোচ্য ক্ষেত্রেও এই বক্তব্য প্রযোজ্য।

লবণ হ্রদে ইলেকট্রনিক্স কমপ্লেক্স স্থাপন

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪১)। **শ্রী শিবপ্রসাদ মালিক :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, লবণ হ্রদে ইলেকট্রনিক্স কমপ্লেক্স স্থাপনের পরিকল্পনাটি কোন্ পর্যায়ে আছে?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় : সল্ট লেক এলাকায় ৪০ একর পরিমিত জমিতে একটি ইলেকট্রনিক্স বিকাশ কেন্দ্র স্থাপন করা হয়েছে। বিভিন্ন কোম্পানীকে শিল্প স্থাপন করার জন্য জমি দেওয়া হয়েছে, ইহার মধ্যে কোন কোন কোম্পানী ইতিমধ্যেই কারখানা স্থাপন করেছে এবং বাণিজ্যিক ভিত্তিতে তাহাদের উৎপাদন আরম্ভ হয়েছে।

এছাড়া সল্টলেক এলাকায় ৯৩ একর পরিমিত জমিতে দ্বিতীয় ইলেকট্রনিক্স বিকাশ কেন্দ্র স্থাপনের ব্যাপারে কন্‌সেপসন্ প্ল্যান তৈরীর কাজও সমাপ্ত হয়েছে। ওখানে শিল্প বিকাশের জন্য প্রয়োজনীয় সামগ্রিক পরিকাঠামো উন্নয়নের ভার ওয়েস্ট বেঙ্গল ইণ্ডাস্ট্রিয়াল ইন্‌ফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশনের উপর ন্যস্ত হয়েছে। অর্থ সরবরাহকারী সংস্থাগুলির কাছে পেশ করার জন্য একটা বিস্তারিত উপযোগী প্রকল্প তৈরী করার ভার ওয়েস্ট বেঙ্গল কনসাল্যাটেন্সি সার্ভিসেস্ (ওয়েবকন)-এর উপর ন্যস্ত হয়েছে। এই উভয় সংস্থাকেই কাজ আরম্ভের জন্য টাকা দেওয়া হয়েছে।

সিনিয়র মহিলা বেসিক ট্রেনিং কলেজের অনুমোদন

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৫)। **শ্রীশিবপ্রসাদ মালিক :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, কলিকাতায় অবস্থিত পাঁচটি সিনিয়র মহিলা বেসিক ট্রেনিং কলেজ এ যাবৎ সরকারী অনুমোদন না পাওয়ার কারণ কি?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় : ঐ পাচটি সিনিয়র মহিলা বেসিক ট্রেনিং কলেজ সরকারের দ্বারা অনুমোদিত। তবে এখনও পর্যন্ত কতকগুলি বিশেষ কারণে ঘাটতি ভিত্তিক অনুদানের অধীনে আনা হয়নি।

যুবভারতী স্টেডিয়ামে খেলার সময় বিশৃঙ্খলা

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৬)। **শ্রী অশোক ঘোষ :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, গত ২৭-এ জুলাই, ১৯৮৫ তারিখে যুবভারতী স্টেডিয়ামে খেলার সময়ে যে বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছিল সরকার ঐ পরিপ্রেক্ষিতে দর্শকদের ভবিষ্যৎ নিরাপত্তার কথা চিন্তা করেছেন কি?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় : হ্যাঁ।

নকশালপন্থীদের গোষ্ঠীগত সংঘর্ষ

১১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮২)। **শ্রী নুরুল ইসলাম চৌধুরী :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বৎসর মুর্শিদাবাদ জেলায় নকশালপন্থী বলিয়া পরিচিত উভয় গোষ্ঠীর সংঘর্ষে কতজন নিহত ও আহত হইয়াছে;

(খ) উক্ত ঘটনায় সংশ্লিষ্ট (১) কতজনকে গ্রেপ্তার করা সম্ভব হইয়াছে; ও (২) কতজন ফেরার আছে; এবং

(গ) উক্ত জেলার বেলডাঙ্গা থানায় বিভিন্ন রাজনৈতিক দলের সংঘর্ষের কতগুলি ঘটনা ঘটিয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) মুর্শিদাবাদ জেলায় গত তিন বৎসরে নকশালপন্থী গোষ্ঠীগুলির মধ্যে কোন সংঘর্ষ হয় নাই।

(খ) (১) এবং (২) কোন প্রশ্ন ওঠে না।

(গ) সরকারী নথী হিসাবে (অ্যাজ পার রেকর্ডস) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা থানায় গত ১৯৮২ সাল হইতে ১৯৮৪ সাল পর্যন্ত সময়ে মোট ১২টি রাজনৈতিক সংঘর্ষ হইয়াছে।

বীরভূম জেলায় আর, এল, ই, জি, পি,

১১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৯)। **ডাঃ মোতাহার হোসেন :** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৪-৮৫ এবং ১৯৮৫-৮৬ বছরে (৩১-এ জুলাই, ১৯৮৫ পর্যন্ত) বীরভূম জেলায় আর এল, ই, জি, পি-তে কতগুলি প্রকল্প মঞ্জুর ও রূপায়িত হয়েছে; এবং

(খ) উক্ত আর্থিক বছর দুটিতে উক্ত কর্মসূচীতে মুরারই বিধানসভা নির্বাচনক্ষেত্র এলাকায় কতগুলি প্রকল্প মঞ্জুর ও রূপায়িত হয়েছে?

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) উক্ত সময়ের মধ্যে বীরভূম জেলায় আর, এল, ই, জি, পি-তে ৭৪টি প্রকল্প মঞ্জুর হয়েছে এবং উহাদের রূপায়ণ চলেছে। (সংযোজনী 'ক' ও 'খ' দ্রষ্টব্য)

(খ) উক্ত বছর দুটিতে মুরারই বিধানসভা নির্বাচন ক্ষেত্র এলাকায় ৩টি প্রকল্প মঞ্জুর করা হয়েছে এবং উহাদের রূপায়ণ চলছে। (সংযোজনী 'খ' দ্রষ্টব্য)

Statement referred to in reply to clause 'Ka' of question No. 117 (Admitted question No. 629)

Road Schemes

Sl. No.	Name of On-going Scheme	Name of Panch. Samity	Revised estimated amt.
1.	Nanoor to Bengchatra road	Nanoor	7.011
2.	Nanoor to Ratanpur	Do.	5.577
3.	Jogginagar to Sajnore road	Do.	31.838
4.	Payer to Bharatpur and Paschimpratappur road	Illambazar	1.836
5.	Joydev-Kenduli road	Do.	0.598
6.	Road from Gopinathpur-Nirpatigram to Chandrapur	Do.	5.150
7.	Tikarbeta Billamangal to Kharni road	Do.	2.422
8.	Sripur to Ichapur road	Do.	1.452
9.	Bhabanipur-rengpur to Kharai	Do.	2.018
10.	Improvement of road at Mauza—Tinor	Do.	0.659
11.	Sangrampur to Kachujore and Kachujore to Liara. Bhagirathpur	Suri I	6.193
12.	Karidhya Mod-Dokan More to Bhaluka village road	Do.	2.788
13.	Mini-steel More to gobindapur Jibdharpur road	Do.	3.389
14.	Khatanga More to Kustore via Bara-Chaturi, Bhandirbon	Do.	4.266
15.	Suri-Pathra-Nabadihi road link road	Do.	18.089
16.	Adityapur bridge to Sarpalenaha Gram. Panchayat office Bolpur-Sriniketan	Do.	5.959
17.	Kendradangal to Binshukhonda	Do.	5.280
18.	Raipur to Dewli	Do.	4.203
19.	Kasbato Kopai Rly. Station	Do.	5.490
20.	Layekbazar to Donaipur	Do.	4.321
21.	Khanna to Ahmedpur via Maldihi	Suri II	1.911
22.	Salkhana to Haripur via Disalpur	Do.	1.872
23.	Adda village to Khanna via Chatra	Do.	1.681
24.	Purandarpur to Palsita road	Do.	1.677
25.	Sirsita to Talibpur road	Do.	1.506
26.	Abinashpur to Harishpur	Do.	1.982
27.	Suri Ahmedpur pitch road junction to Kusaipur via Alarbandhi	Do.	1.871
28.	Kandua-Echra-Banera road	Do.	16.528
29.	Tentulabandhi to Akhira road	Rampurhat-I	2.326
30.	Tentulabandhi to Baidara road	Do.	1.637

31.	Kanaipur to Sura Canal road	Do.	1.237
32.	Karidanga to Salbuni road	Rampurhat-I	1.216
33.	Dumka road Jn. to Kasthegera	Do.	2.318
34.	Ayas Rampurhat pucca road to Nalhati	Do.	2.385
35.	Salbridge to Domasi road	Dubrajpur	1.902
36.	Labpur-Langalhata	Labpur	26.521
37.	Abadanga Busstand to Sragram	Do.	2.893
38.	Jubutia to Kaigara Busstand	Do.	2.580
39.	Gohalia to Brojodihi	Khoyrasole	3.868
40.	Bhimgarh-Hazratpur road via Krishnapur upto Barkola ..	Do.	15.397
41.	Hazratpur-Bhabanipur	Do.	3.875
42.	Khoyrasole busstand to Hinglow River ghat road ..	Do.	1.937
43.	Katagoria to Panchgachia	Nalhati II	5.853
44.	Lohapur station to Bansore canal	Do.	2.233
45.	Tantipara G. O. office to Rajnagar Dak Bunglow Via Muktipur Jalagachi.	Rajnagar	13.351
46.	Panrui to Kipai	Sainthia	14.526
47.	Road from Kopa to Bishore via Sudighi, Kusmore, Amudda Chhatina.	Murarai II	11.454
48.	Hiyatnagar to Palitpur via Mathbosori and Lategram ..	Do.	4.339
49.	Earthen road from Rajnagar Mohanpur	Murarai-I	6.889
50.	Champtibagan to Sarda via Barle Dharampur .. .	Nalhati-I	5.028
51.	Koitha Bus stand to Kanaipur	Do.	0.765
52.	Sarada more to Gopgram	Do.	2.248
53.	Nalhati Banior road	Do.	11.301
54.	Sankatpur to Pusure	Do.	0.861
55.	Tarapith Temple road	Rampurhat-II	2.469
56.	Balsa Babladanga	Do.	11.152
57.	Kamra to Sanja via Kota	Mayureswar-I	1.881
58.	Kharasinpur to Bilaspur via Karachi	Do.	2.518
59.	Khagra Moheswarpur upto Ruppur	Birbhum Z.P.	19.507
60.	Approach road to E.E.C.L.	Do.	8.574
61.	Mallarpur Chakpara road in-c construction of bridge over Chilla Kaudar	Do.	9.930
62.	Gargoria ahmedpur road	Do.	26.633
63.	Maureswar Kamraghat road	Do.	11.437
64.	Construction of 2 span 30/each bridge over Agua Kandar in improvement of road from Ahmedpur bhomorkole.	Do.	0.006
65.	Margram Sila Mile road (Margram Hatibagan to Hasan junction). ..	Do.	6.109
66.	Kudar Roy's road from B/R road junction to Bajitpur Bajawar Temple	Do.	6.874

Statement referred to in reply to clause 'kha' of question No. 117 (Admitted question No. 629)

List showing projects sanctioned under R.L.E.G.P. for Murarai Assembly Constituency and executed

Sl. No.	Name of Panch. Samity	Name of projects sanctioned during 1984-85 and 1985-86	Whether taken up for execution
(1)	Murarai II	(1) Kapas-Bishore road via Sudighi, Kumors, Amudda and Chhatin.	Taken up by Ex. Officer Murarai II, Panch. Samity
(2)	Murarai I	(2) Rajaon-Mohanpur Road ..	Taken up by Ex. Officer Murarai I, Panch. Samity
(3)	Murarai II	(3) Hyatnagar-Palitpur road via Mathbosuri and Lata-gram.	Taken up by Ex. Officer Murarai II, Panch. Samity.,

Irrigation Scheme

Sl. No.	Name of on going Scheme	Name of the Panch Samity		Revised estimated amount
1.	Flood protection bundh from Tarapith bridge to Junidpur R. L. I.	Rampurhat I	..	2.367
2.	Improvement of Protappur bundh	Dubrajpur	..	4.462
3.	Constitution of embankment at Tibdanga to Babupur on Hinglow river ghat.	Dubrajpur	..	6.717
4.	Construction of waste Weir over Sailya-Kandar	Dubrajpur	..	3.313
5.	Re-excavation of tank at mauza—Channa, Plot No. 984.	Mayureswar II	..	7.872
6.	Re-excavation of New tank at Dighalgram	Md. Bazar	..	4,997
7.	Re-excavation of Salui bundh and renovation of Field Channel at Nischintapur.	Md. Bazar	..	1.361
8.	Re-excavation of tank at Patharchapuri	Suri II	..	6.697
		Total	..	Rs. 36.946 lakhs

Road Schemes ... 408.713

Irrigation Schemes ... 36.946

Total ... Rs. 445.659

রান্নার গ্যাস সরবরাহ নিয়মিতকরণ

১১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪১)। **শ্রীসাধন চট্টোপাধ্যায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রান্নার গ্যাসকে রাজ্য সরকার অত্যাবশ্যকীয় পণ্য হিসাবে ঘোষণা করিয়াছেন;

(খ) সত্য হইলে, গ্যাস ব্যবহারকারীগণকে নিয়মিতভাবে গ্যাস সরবরাহ করা হইতেছে না-এ সম্পর্কে রাজ্য সরকারের নিকট কোন তথ্য আছে কিনা; এবং

(গ) থাকিলে, এ সম্পর্কে রাজ্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) পেট্রোলজাত দ্রব্য হিসাবে রান্নার গ্যাস কেন্দ্রীয় সরকার কর্তৃক অত্যাবশ্যক পণ্য আইন অনুযায়ী অত্যাবশ্যক পণ্য হিসাবে বহুদিন যাবৎ ঘোষিত আছে। বর্তমানে রাজ্য সরকার রান্নার গ্যাস সুষ্ঠু বণ্টন ব্যবস্থার সুবিধার জন্য রান্নার গ্যাস কন্ট্রোল অর্ডার করিয়াছেন।

(খ) না, রান্নার গ্যাস কন্ট্রোল অর্ডার চালু হওয়ার ফলে সাধারণভাবে পূর্বের অসুবিধা কিছুটা লাঘব হইয়াছে।

(গ) প্রশ্ন ওঠে না। তবুও গ্যাস সরবরাহকারী তৈল কোম্পানীগুলির সহিত নিয়মিত বৈঠক করিয়া সরবরাহ স্বাভাবিক ও নিয়মিত রাখিবার চেষ্টা করা হইতেছে।

পশ্চিমবঙ্গের উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিকে শিক্ষক ও অশিক্ষক পদের মঞ্জুরী

১১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৯)। **শ্রীশেখ ইমাজুদ্দিনঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৩-৮৪ এবং ১৯৮৪-৮৫ সালে পশ্চিমবঙ্গের উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিতে মোট (১) কতগুলি শিক্ষকের পদ, ও (২) কতগুলি অশিক্ষকের পদ মঞ্জুর করা হয়েছে; এবং

(খ) ১৯৮৫-৮৬ সালে মাধ্যমিক বিদ্যালয়গুলিতে আরও নতুন শিক্ষক ও অশিক্ষকের পদ মঞ্জুর করা হবে কিনা?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ১৯৮৩-৮৪ সালে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য মোট ৩০০ শিক্ষক পদ, মাধ্যমিক (জুনিয়ার হাই এবং হাই) বিদ্যালয়ের জন্য মোট ৮০০০ শিক্ষক পদ, (২) মাধ্যমিক বিদ্যালয়ের জন্য মোট ৬০০ অশিক্ষক পদ। ১৯৮৪-৮৫ সালে কোন পদ সৃষ্টি হয় নি।

(খ) এ বিষয়ে একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

বাঁকুড়া জেলার শুশুনিয়া ও কেঞ্জেকুড়া হাই স্কুলে উচ্চতর মাধ্যমিক পাঠক্রম চালুকরণ

১২০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৭)। **শ্রীসুভাষ গোস্বামীঃ** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার শুশুনিয়া হাই স্কুল ও কেঞ্জেকুড়া হাই স্কুলে উচ্চতর মাধ্যমিক পাঠক্রম চালু করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কবে নাগাত তাহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

মেদিনীপুর জেলার হাসপাতালগুলিতে ডাক্তারের খালি পদ

১২১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৮)। **শ্রীপ্রশান্তকুমার প্রধানঃ** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার হাসপাতালগুলিতে মোট কতজন ডাক্তারের পদ রয়েছে;

(খ) তার মধ্যে কতগুলি পদ এখনও খালি অবস্থায় আছে; এবং

(গ) কাঁথি মহকুমা হাসপাতালে (১) কতজন ডাক্তারের পদ রয়েছে, ও (২) কতজন ডাক্তার রয়েছেন?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মোট ১৩২ জন ডাক্তারের মঞ্জুরীকৃত পদ রয়েছে।

(খ) বর্তমানে এম আর বাঙ্গুর স্যানাটোরিয়াম, ডিগ্রীতে ৪টি, দীঘা স্টেট জেনারেল হাসপাতালে ১টি এবং ঘাটাল মহকুমা হাসপাতালে ৩টি ডাক্তারের পদ খালি অবস্থায় আছে। অন্যান্য হাসপাতালগুলিতে কোন ডাক্তারের পদ খালি নাই।

(গ) (১) মোট পদের সংখ্যা ১৩, এবং (২) বর্তমানে সেখানে ১৮ জন ডাক্তার রয়েছেন।

ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যান

১২২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৩)। **শ্রীপ্রশান্তকুমার প্রধানঃ** গত ৯ই মে, ১৯৮৫ তারিখের প্রশ্ন নং ৩৯১ (অনুমোদিত প্রশ্ন নং ১২৬৩)-এর উত্তর উল্লেখপূর্বক সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, মেদিনীপুর জেলার ভগবানপুর নন্দীগ্রাম মাস্টার প্ল্যানের কাজ কবে নাগাত শুরু হতে পারে?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় : এখনই তা বলা সম্ভব নয়।

কল্যাণী স্পিনিং মিলের লোকসান

১২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮১)। **শ্রীসরল দেব :** রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৫ সালের ১লা জানুয়ারী হইতে ৩১-এ আগস্ট পর্যন্ত সময়ে কল্যাণী স্পিনিং মিলসের লোকসানের পরিমাণ কত?

(খ) উক্ত মিলে বর্তমানে উদ্বৃত্ত শ্রমিক আছে কিনা;

(গ) থাকিলে, তার সংখ্যা কত?

রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) কল্যাণী স্পিনিং মিলসের ১৯৮৪-৮৫ সালের আয়-ব্যয়ের হিসাব চূড়ান্ত না হওয়ায় ১লা জানুয়ারী, ১৯৮৫ হইতে ৩১-এ আগস্ট, ১৯৮৫ পর্যন্ত ক্ষতির পরিমাণ নিরূপিত হয় নাই।

(খ) কল্যাণী স্পিনিং মিলসে উদ্বৃত্ত শ্রমিক আছে কিনা তাহা এখনও চূড়ান্তভাবে নির্ধারিত হয় নাই।

(গ) প্রশ্ন উঠে না।

বারাসাত ও দমদম এয়ারপোর্ট থানা এলাকায় খুনের ঘটনা

১২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৬)। **শ্রীসরল দেব :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৫ সালের ১লা জানুয়ারী হইতে ৩১শে আগস্ট পর্যন্ত সময়ে ২৪-পরগণা জেলার বারাসাত ও দমদম এয়ারপোর্ট থানা এলাকায় কতগুলি খুনের ঘটনা হইয়াছে; এবং

(খ) উক্ত ঘটনাগুলিতে (১) কতগুলি মামলা দায়ের করা হইয়াছে, ও (২) এ পর্যন্ত কতজন ব্যক্তিকে আসামী সন্দেহে গ্রেপ্তার করা হইয়াছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) বারাসাত থানা এলাকায় ৩টি এবং দমদম এয়ারপোর্ট থানা এলাকায় ১টি।

(খ) (১) ৪টি, (২) ৩ জনকে।

বারাসাতে ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপন

১২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৭)। **শ্রীসরল দেব :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসাতে ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনা কবে নাগাত কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

চব্বিশ-পরগণা জেলার ডি আই সি অফিস

১২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৮)। **শ্রীসরল দেব :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, চব্বিশ-পরগণা জেলার ডি আই সি অফিসটি কলিকাতায় অবস্থিত; এবং

(খ) সত্য হইলে, উক্ত অফিসটি বারাসাতে স্থানান্তর করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) উক্ত অফিসটি বারাসাতে স্থানান্তর করার কোন পরিকল্পনা সরকারের নাই।

বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরির হার পরিবর্তন

১২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭১১)। **শ্রীলক্ষ্মীকান্ত দে :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরির হার পরিবর্তন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) সরকার শ্রম বিভাগের নোটিফিকেশন নং ১০৬ এম ডব্লু, তাং ৩-৭-১৯৮২ মোতাবেক বিড়ি শ্রমিকদের মজুরির পুনর্বিন্যাস করিয়াছে।

(খ) উক্ত মজুরি ৩-৭-১৯৮২ তারিখ হইতে দুই মাস পর কার্যকরী হওয়ার কথা। কিন্তু ১৬-৯-১৯৮২ তারিখ হইতে উক্ত নোটিফিকেশনের উপর ইনজাংশন থাকার দরুন উক্ত পুনর্বিন্যাসিত মজুরি কার্যকর করা যাইতেছে না।

কারখানা অধিগ্রহণে কেন্দ্রীয় নির্দেশ

১২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭১০)। **শ্রীলক্ষ্মীকান্ত দে ঃ** রাষ্ট্রীয়সংস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কারখানা অধিগ্রহণের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের নতুন কোন নির্দেশ আছে কি; এবং

(খ) থাকিলে, উক্ত নির্দেশটি কি?

রাষ্ট্রীয় সংস্থা বিভাগের মন্ত্রি মহাশয় ঃ (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

মুর্শিদাবাদ জেলায় খুনের ঘটনা

১২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭২১)। **শ্রীসমর মুখার্জী** এবং **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় বিগত তিন মাসে ২৫ জন ব্যক্তি নিহত হয়েছে; এবং

(খ) সত্য হলে,

(১) উক্ত খুনের ঘটনায় জড়িত অদ্যাবধি কতজনকে গ্রেপ্তার করা হয়েছে

(২) উক্ত ঘটনায় কতগুলি মামলা দায়ের করা হয়েছে, ও

(৩) ঐরূপ খুনের ঘটনা প্রতিরোধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) না, ঐ সময়ে ৪৯ জন ব্যক্তি নিহত হন।

(খ) (১) ১০০ জনকে।

(২) ৪৫টি।

(৩) থানাগুলিকে সতর্ক থাকতে বলা হয়েছে এবং কোনরূপ গোলযোগের খবর পাওয়া মাত্র দ্রুত ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে।

যুবভারতী ক্রীড়াঙ্গনে অশান্তি

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩১)। **শ্রীসুভাষচন্দ্র মাহাতো এবং শ্রী কাশীনাথ মিশ্র ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সল্টলেকে যুবভারতী স্টেডিয়ামে ২৭শে জুলাই, ১৯৮৫ তারিখে ভারতবর্ষের অন্যতম দুই প্রধান দলের মধ্যে বিবাদের কারণ কি;

(খ) উক্ত স্টেডিয়ামে ঐ দিন পুলিস কত রাউণ্ড গুলি ও টিয়ার গ্যাস ব্যবহার করে; এবং

(গ) উক্ত তারিখে ঐ খেলাকে কেন্দ্র করে বৃহত্তর কলকাতাতে কোন ঘটনা ঘটিছিল কিনা?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) ঐ দিন মাঠে দুই দলের মধ্যে কোন বিবাদ ঘটে নি।

(খ) এক রাউণ্ডও নয়।

(গ) হাঁ, বিক্ষিপ্তভাবে কিছু অবাঞ্ছিত ঘটনা ঘটেছিল।

রাজ্য খাদ্য দপ্তর কর্তৃক ভারতীয় খাদ্য নিগমের সমস্ত খাদ্যশস্যের দায়িত্ব গ্রহণ

১৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৬)। **শ্রীসুব্রত মুখার্জী** এবং **শ্রীকাশীনাথ মিশ্র ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য খাদ্য দপ্তর কর্তৃক ভারতীয় খাদ্য নিগমের সমস্ত খাদ্যশস্যের দায়িত্ব গ্রহণ করার সিদ্ধান্ত কবে নাগাত গৃহীত হইয়াছে;

(খ) ভারতীয় খাদ্য নিগমের সহিত এ ব্যাপারে রাজ্য খাদ্য দপ্তরের কোন চুক্তি সম্পাদিত হইয়াছে কিনা;

(গ) কি ভিত্তিতে রাজ্য সরকার যাবতীয় খাদ্যশস্যের দায়িত্ব ভারত সরকারের খাদ্য কর্পোরেশনের নিকট থেকে গ্রহণ করিতে চলিয়াছেন; এবং

(ঘ) উক্ত দায়িত্ব গ্রহণের জন্য কত পরিমাণ আর্থিক দায়-দায়িত্ব রাজ্য সরকারকে বহন করিতে হইবে?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় ঃ (ক) রাজ্য খাদ্য দপ্তর কর্তৃক ভারতীয় খাদ্য নিগমের সমস্ত খাদ্যশস্যের দায়িত্ব গ্রহণ করার সিদ্ধান্ত কখনও গ্রহণ করা হয় নি। ১৯৬৬ সালে রাজ্য সরকার আভ্যন্তরীণ ধানচাল সংগ্রহ ও পাইকারী বন্টনের দায়িত্ব ভারতীয় খাদ্য কর্পোরেশনকে দিয়েছিলেন, ১৯৮০ সালে রাজ্য সরকার

সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, ঐ দায়িত্ব যা ১৯৬৬ সালে দেওয়া হয়েছে তা ধাপে ধাপে পর্যায়ক্রমে ফিরিয়ে নেওয়া হবে। ১৯৮১ সনে ১লা এপ্রিল ঐ সমস্ত দায়িত্ব পুর্নগ্রহণের জন্য রাজ্য সরকার প্রস্তুত হয়েছিলেন কিন্তু কেন্দ্রীয় সরকার সুপ্রীম কোর্টে রাজ্য সরকারী কর্মচারীদের ডেপুটেশানিস্টরা একটি মামলা করেছেন এই কারণ দেখিয়ে ঐ অধিগ্রহণ স্থগিত করে দেন। বর্তমানে ১৯৮৫ সনে কেন্দ্রীয় সরকার জানিয়েছেন যে, কেন্দ্রীয় সরকার ও এফ সি আই-এর তরফে ঐ অধিগ্রহণে কোন আপত্তি নেই। তাই রাজ্য সরকার এখন অধিগ্রহণ করার জন্য প্রস্তুতি নিচ্ছেন ও প্রথম ধাপে ১লা ডিসেম্বর আটটি জেলার বণ্টন ব্যবস্থা গ্রহণের জন্য অগ্রসর হচ্ছেন।

(খ) এবং (গ) এ ব্যাপারে রাজ্য সরকারের সহিত খাদ্য নিগমের আলোচনা চলছে।

(ঘ) এ ব্যাপারে রাজ্য সরকারের সহিত ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের কথাবার্তা চলছে। প্রয়োজনীয় অর্থ রিজার্ভ ব্যাঙ্ক থেকে ধার হিসেবে পাওয়া যাবে।

বাঁকুড়া জেলার মোলবনা বিবেকানন্দ স্মৃতি মন্দির স্কুলের অনুমোদন

১৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬০)। **শ্রীসুব্রত মুখোপাধ্যায় এবং শ্রীকাশীনাথ মিশ্র :** শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার মোলবনা বিবেকানন্দ স্মৃতি মন্দির স্কুলটিকে জুনিয়ার হাইস্কুলের অনুমোদন না দেওয়ার কারণ কি;

(খ) ঐ জেলার শহরে অবস্থিত (১) রাজেন্দ্রলাল জুনিয়ার হাইস্কুল এবং (২) রাজগ্রামে অবস্থিত রাজগ্রাম গার্লস হাইস্কুলকে মাধ্যমিকের অনুমোদন না দেওয়ার কারণ কি;

(গ) ইহা কি সত্য যে, জেলার ২নং ব্লকের প্রতাপপুর রঘুনাথ জিউ জুনিয়ার হাইস্কুলটি মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত হবার অনুমোদন আজ পর্যন্ত পায় নাই; এবং

(ঘ) সত্য হইলে, না পাওয়ার কারণ কি?

শিক্ষা (মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) এই স্কুলের অনুমোদনের জন্য শিক্ষা বিভাগে এ পর্যন্ত কোনও প্রস্তাব আসে নাই।

(খ) (১) মাননীয় সদস্যদ্বয়ের অনুমান ভিত্তিহীন।

রাজেন্দ্রলাল জুনিয়র হাইস্কুলকে ১-১-১৯৮৪ হইতে পঞ্চম ও ষষ্ঠ শ্রেণী, এবং ১-১-১৯৮৫ হইতে সপ্তম ও অষ্টম শ্রেণী খুলিবার অনুমতি সহ অনুমোদন দেওয়া হইয়াছে।

(২) রাজগ্রাম গার্লস হাইস্কুলকে ১-১-১৯৮০ হইতে তিন বৎসরের জন্য দশম শ্রেণী বিদ্যালয় হিসাবে উন্নীত করা হইয়াছে।

(গ) সত্য

(ঘ) এই বিদ্যালয়কে অনুমোদন দেওয়ার কোনও প্রস্তাব সরকার পান নাই।

এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কার্ড করার ব্যাপারে এম এল এ, এম পি ও পৌর কমিশনারদের সুপারিশপত্র

১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৩)। **শ্রীসুব্রত মুখার্জী এবং শ্রীকাশীনাথ মিশ্র :** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইরা কি সত্য যে, রাজ্যের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলিতে নতুনভাবে কাজ করার জন্য বিধানসভার সদস্য লোকসভার সদস্য ও পৌর কমিশনারদের কাছ থেকে যে 'জানি চিনি' বলিয়া উল্লেখিত পরিচয়পত্র লাগত তা বন্ধ করে দেওয়া হয়েছে;

(খ) সত্য হলে, তার কারণ কি; এবং

(গ) বাঁকুড়া এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের (১) অ্যাডভাইসারী কমিটির সভা ছয় মাস অন্তর অনুষ্ঠিত হওয়ার এবং (২) উক্ত এক্সচেঞ্জের প্রধান অফিসার পদ দীর্ঘদিন খালি থাকার কারণ কি?

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) (১) কর্মনিয়োগ কৃত্যক প্রদত্ত তথ্যানুযায়ী ১৩-৫-১৯৮৩ থেকে ১৭-৪-১৯৮৫ পর্যন্ত সময়সীমার দু-একটি ক্ষেত্র ব্যতীত সাধারণতঃ দুই-এক মাস অন্তর নিয়মিত সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) বক্তব্য সঠিক নয়।

উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে অধ্যাপকের ও ডাক্তারের খালি পদ

১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৪)। **শ্রীসুব্রত মুখার্জী এবং শ্রীকাশীনাথ মিশ্র :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে কতগুলি ডাক্তার, অধ্যাপক ও হেড অব দি ডিপার্টমেন্টের পদ খালি আছে;

(খ) কবে নাগাত উক্ত কলেজ ও হাসপাতালের সমস্ত পদ পূরণ করা সম্ভব হবে বলে আশা করা যায়;

(গ) ইহা কি সত্য যে, উক্ত কলেজ ও হাসপাতালে এক্সরে, নিওরলজি ও সার্জিকেল বিভাগ গত ছয় মাস ধরে বন্ধ আছে;

(ঘ) সত্য হলে তাহার কারণ কি; এবং

(ঙ) উক্ত কলেজ ও হাসপাতালটির সর্বিক উন্নয়নের জন্য কোন ব্লু-প্রিন্ট তৈরি হয়েছে কিনা?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ২৭টি ডাক্তার ও ৩টি অধ্যাপকের পদ খালি আছে। হেড অব দি ডিপার্টমেন্টের পৃথক কোন পদ নেই। প্রচলিত নিয়মানুযায়ী প্রতিটি বিভাগের জেষ্ঠতম (সিনিয়রমোস্ট) শিক্ষক হেড অব দি ডিপার্টমেন্টের কার্য করেন।

(খ) উক্ত কলেজ ও হাসপাতালের সমস্ত পদ অনতিবিলম্বে পূরণ করা সম্ভব হবে বলে আশা করা যায়।

(গ) সত্য নাহে।

(ঘ) প্রশ্ন ওঠে না।

(ঙ) উক্ত কলেজ ও হাসপাতাল আধুনিকীকরণের পরিকল্পনা সরকারের পূর্ব থেকেই রয়েছে এবং বিভিন্ন পর্যায়ে কাজ অনেকাংশেই সম্পন্ন হয়েছে। ছোটখাটো ন্যূনতা যা দু-একটি ক্ষেত্রে আছে তা দূর করার জন্য যথোচিত নজর দেওয়া হচ্ছে। নতুন করে ব্লু-প্রিন্ট তৈরির প্রয়োজন নেই।

২৪-পরগণা জেলায় পশুচিকিৎসা হসপিটাল

১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮০)। **শ্রীদাউদ খাঁ :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলায় কোন পশুচিকিৎসা হসপিটাল আছে কি; এবং

(খ) থাকলে, সেগুলি (১) কোথায় কোথায়, (২) কি কি নামে আছে?

(গ) উক্ত হসপিটালে পশু ভর্তি রেখে চিকিৎসার কোন সুযোগ আছে কি; এবং

(ঘ) সুযোগ থাকলে, তার সংখ্যা কত?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) (১) পশুচিকিৎসা হাসপাতালগুলি বেহালা, কাকদ্বীপ, ডায়মণ্ডহারবার, ক্যানিং (ঘুটিয়ারী শরীফ), বারুইপুর, বারাসাত, বসিরহাট, দমদম ক্যান্টনমেন্ট, ব্যারাকপুর, বনগাঁ, অশোকনগর এবং ভাটপাড়ায় অবস্থিত।

(২) হাসপাতালগুলির নাম হইল :
(অ) বেহালা রাষ্ট্রীয় পশুচিকিৎসা হাসপাতাল
(আ) কাকদ্বীপ রাষ্ট্রীয় পশুচিকিৎসা হাসপাতাল
(ই) ডায়মণ্ডহারবার রাষ্ট্রীয় পশুচিকিৎসা হাসপাতাল
(ঈ) ক্যানিং (ঘুটিয়ারী শরীফ) পশুচিকিৎসা হাসপাতাল
(উ) বারুইপুর পশুচিকিৎসা হাসপাতাল
(ঊ) বারাসাত পশুচিকিৎসা হাসপাতাল
(ঋ) বসিরহাট পশুচিকিৎসা হাসপাতাল
(ঌ) দমদম ক্যান্টনমেন্ট পশুচিকিৎসা হাসপাতাল
(এ) ব্যারাকপুর পশুচিকিৎসা হাসপাতাল
(ঐ) বনগাঁ পশুচিকিৎসা হাসপাতাল
(ও) অশোকনগর পশুচিকিৎসা হাসপাতাল
(ঔ) ভাটপাড়া মিউনিসিপ্যাল পশু হাসপাতাল।

(গ) আছে।

(ঘ) প্রতি হাসপাতালে চারটি করিয়া পশু রাখিয়া চিকিৎসার ব্যবস্থা আছে।

প্রাক্তন বিধায়কদের পেনসন

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৩)। **শ্রীসৌমেন্দ্রনাথ মিত্র ও শ্রীআবদুল মান্নান :** স্বরাষ্ট্র (সংসদীয়) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাক্তন বিধায়কদের পেনসন দেওয়ার জন্য কোনও আইন প্রণয়নের কথা সরকার চিন্তা করছেন কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে —
(১) কোন্ সাল থেকে নির্বাচিত প্রাক্তন বিধায়কদের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য হবে,

(২) এই পেনসন প্রাপকদের সংখ্যা মোট কত হবে, ও

(৩) এতে সরকারের বার্ষিক কত টাকা ব্যয় হবে?

স্বরাষ্ট্র (সংসদ বিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) (১), (২) ও (৩) প্রস্তাবটি এখনও বিবেচনাধীন থাকায় এগুলি সম্পর্কে নির্দিষ্টভাবে কিছু বলা সম্ভব নয়।

ক্রমবর্ধমান ছাত্রছাত্রী ভর্তির সমস্যা সমাধানের জন্য সরকারের পরিকল্পনা

১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮০১)। **শ্রীলক্ষ্মণচন্দ্র শেঠ :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ক্রমবর্ধমান ছাত্রছাত্রী ভর্তির সমস্যা সমাধানের জন্য রাজ্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করেছেন কি; এবং

(খ) করে থাকলে, কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ও (খ) ছাত্রছাত্রী ভর্তির সমস্যা সমাধানের জন্য নতুন নতুন কলেজ খোলার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। বর্তমান কলেজগুলিতে প্রয়োজনে অতিরিক্ত শিফ্‌ট চালু করার জন্য প্রয়োজনীয় আদেশ জারি করা হয়েছে। এই কলেজগুলিতে অতিরিক্ত পাঠ্য বিষয় (বিজ্ঞান ও বাণিজ্য বিভাগ) পড়ানোর ব্যাপারে প্রয়োজনীয় অনুমোদন দেওয়া হয়েছে।

এই বৎসর কয়েকটি নতুন কলেজ খোলা সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মফস্বল জেলায় ফুটবলারদের জন্য রেসিডেনসিয়াল ট্রেনিং ক্যাম্প

১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৫)। **শ্রীনটবর বাগদী :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মফস্বল জেলাগুলিতে ফুটবলে জুনিয়র ও সাব-জুনিয়র খেলোয়াড়দের জন্য যে রেসিডেনসিয়াল ট্রেনিং ক্যাম্প করার পরিকল্পনা ছিল তা কোন্ কোন্ জেলায় কার্যকর করা হয়েছে;

(খ) ডিসট্রিক্ট স্পোর্টস কাউন্সিল এর উপর যে অর্থ ও ক্ষমতা দেওয়া আছে তা জেলাগুলির খেলাধূলোর প্রসারের জন্য যথেষ্ট কিনা; এবং

(গ) যথেষ্ট না হলে,—

(১) এর জন্য নূতন কিছু ভাবনা-চিন্তা সরকারের আছে কিনা, ও

(২) থাকলে, তা কি?

শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) এখনও কোনও জেলাতেই কার্যকর করা হয় নি।

(খ) এবং (গ) অর্থ যথেষ্ট নয় ক্ষমতার প্রশ্নটি ভবিষ্যৎ অভিজ্ঞতার আলোকে বিচার্য।

রঘুনাথপুর স্টেট জেনারেল হাসপাতালকে সাবডিভিসনাল হাসপাতালে রূপান্তরকরণ

১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৭)। **শ্রীনটবর বাগদী :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার রঘুনাথপুরে স্টেট জেনারেল হসপিটালটিকে সাবডিভিসনাল হসপিটালে রূপান্তর করার কাজ আরম্ভ হয়েছে কি; এবং

(খ) না হয়ে থাকলে, বিলম্বের কারণ কি?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না।

(খ) রঘুনাথপুরকে এখনও পর্যন্ত মহকুমা হিসেবে পরিগণিত করা হয় নি।

সীমান্তবর্তী জেলাগুলিতে বে-আইনী অনুপ্রবেশকারী

১৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩২)। **শ্রীমনোহর তিরকী :** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সীমান্তবর্তী জেলাগুলিতে বাংলাদেশ, নেপাল, ভূটান ও অন্যান্য দেশ থেকে বে-আইনীভাবে আগত ব্যক্তিদের আনুমানিক সংখ্যা সম্পর্কে সরকারের নিকট কোন তথ্য আছে কি; এবং

(ক) থাকলে, উক্ত ব্যক্তিদের পৃথকভাবে চিহ্নিত করার ও ফেরত পাঠাবার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) না, নেই। তবে বাংলাদেশ ও নেপাল থেকে বে-আইনীভাবে অনুপ্রবেশ সম্পর্কে সরকার অবহিত আছেন।

(খ) পশ্চিমবঙ্গ আরক্ষা বাহিনী (মোবাইল টাস্ক ফোর্স সহ) বাংলাদেশ থেকে বে-আইনীভাবে আগত ব্যক্তিদের চিহ্নিত করার ও ফেরত পাঠাবার কাজে নিয়োজিত আছে।

(গ) ইহা কি সত্য যে, উক্ত কলেজ ও হাসপাতালে এক্সরে, নিওরলজি ও সার্জিকেল বিভাগ গত ছয় মাস ধরে বন্ধ আছে;

(ঘ) সত্য হলে তাহার কারণ কি; এবং

(ঙ) উক্ত কলেজ ও হাসপাতালটির সার্বিক উন্নয়নের জন্য কোন ব্লু-প্রিন্ট তৈরি হয়েছে কিনা?

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) ২৭টি ডাক্তার ও ৩টি অধ্যাপকের পদ খালি আছে। হেড অব দি ডিপার্টমেন্টের পৃথক কোন পদ নেই। প্রচলিত নিয়মানুযায়ী প্রতিটি বিভাগের জেষ্ঠতম (সিনিয়রমোস্ট) শিক্ষক হেড অব দি ডিপার্টমেন্টের কার্য করেন।

(খ) উক্ত কলেজ ও হাসপাতালের সমস্ত পদ অনতিবিলম্বে পূরণ করা সম্ভব হবে বলে আশা করা যায়।

(গ) সত্য নহে।

(ঘ) প্রশ্ন ওঠে না।

(ঙ) উক্ত কলেজ ও হাসপাতাল আধুনিকীকরণের পরিকল্পনা সরকারের পূর্ব থেকেই রয়েছে এবং বিভিন্ন পর্যায়ে কাজ অনেকাংশেই সম্পন্ন হয়েছে। ছোটখাটো ন্যূনতা যা দু-একটি ক্ষেত্রে আছে তা দূর করার জন্য যথোচিত নজর দেওয়া হচ্ছে। নতুন করে ব্লু-প্রিন্ট তৈরির প্রয়োজন নেই।

২৪-পরগণা জেলায় পশুচিকিৎসা হসপিটাল

১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮০)। **শ্রীদাউদ খাঁ :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলায় কোন পশুচিকিৎসা হসপিটাল আছে কি; এবং

(খ) থাকলে, সেগুলি (১) কোথায় কোথায়, (২) কি কি নামে আছে?

(গ) উক্ত হসপিটালে পশু ভর্তি রেখে চিকিৎসার কোন সুযোগ আছে কি; এবং

(ঘ) সুযোগ থাকলে, তার সংখ্যা কত?

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় : (ক) হ্যাঁ।

(খ) (১) পশুচিকিৎসা হাসপাতালগুলি বেহালা, কাকদ্বীপ, ডায়মণ্ডহারবার, ক্যানিং (ঘুটিয়ারী শরীফ), বারুইপুর, বারাসাত, বসিরহাট, দমদম ক্যান্টনমেন্ট, ব্যারাকপুর, বনগাঁ, অশোকনগর এবং ভাটপাড়ায় অবস্থিত।

(২) হাসপাতালগুলির নাম হইল :

(অ) বেহালা রাষ্ট্রীয় পশুচিকিৎসা হাসপাতাল

(আ) কাকদ্বীপ রাষ্ট্রীয় পশুচিকিৎসা হাসপাতাল

(ই) ডায়মণ্ডহারবার রাষ্ট্রীয় পশুচিকিৎসা হাসপাতাল

(ঈ) ক্যানিং (ঘুটিয়ারী শরীফ) পশুচিকিৎসা হাসপাতাল

(উ) বারুইপুর পশুচিকিৎসা হাসপাতাল

(ঊ) বারাসাত পশুচিকিৎসা হাসপাতাল

(ঋ) বসিরহাট পশুচিকিৎসা হাসপাতাল

(ঌ) দমদম ক্যান্টনমেন্ট পশুচিকিৎসা হাসপাতাল

(এ) ব্যারাকপুর পশুচিকিৎসা হাসপাতাল

(ঐ) বনগাঁ পশুচিকিৎসা হাসপাতাল

(ও) অশোকনগর পশুচিকিৎসা হাসপাতাল

(ঔ) ভাটপাড়া মিউনিসিপ্যাল পশু হাসপাতাল।

(গ) আছে।

(ঘ) প্রতি হাসপাতালে চারটি করিয়া পশু রাখিয়া চিকিৎসার ব্যবস্থা আছে।

প্রাক্তন বিধায়কদের পেনসন

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৩)। **শ্রীসৌমেন্দ্রনাথ মিত্র ও শ্রীআবদুল মান্নান :** স্বরাষ্ট্র (সংসদীয়) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাক্তন বিধায়কদের পেনসন দেওয়ার জন্য কোনও আইন প্রণয়নের কথা সরকার চিন্তা করছেন কিনা; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে —

(১) কোন্ সাল থেকে নির্বাচিত প্রাক্তন বিধায়কদের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য হবে,

পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) উক্ত সময়ে ৩৩ জন তৃতীয় শ্রেণীর ও ১৮ জন চতুর্থ শ্রেণীর কর্মচারীকে অস্থায়ীভাবে নিয়োগ করা হয়েছে। ঐ সময়ে কাহাকেও স্থায়ীভাবে নিয়োগ করা হয়নি।

(খ) উহাদের সকলের নামই সংশ্লিষ্ট কর্মবিনিয়োগ কেন্দ্রে নিবন্ধভুক্ত ছিল।

(গ) পশ্চিমবঙ্গ জেলা পরিষদ (কর্মচারী নিয়োগ) নিয়মাবলী, ১৯৬৪ ও রাজ্য সরকারের শ্রম দপ্তরের প্রচলিত নীতি অনুযায়ী উপরোক্ত নিয়োগ করা হয়েছে।

জলপাইগুড়ি জেলার এমপ্লয়মেন্ট ডাইরেক্টরের রিজিওন্যাল অফিস অনুমোদন

১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৬।) **শ্রী তারকবন্ধু রায় :** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় এমপ্লয়মেন্ট ডাইরেক্টরেটের রিজিওন্যাল অফিসটি সরকার কর্তৃক অনুমোদিত হইয়াছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে,—

(১) উক্ত অফিসে এখনও কাজকর্ম চালু না হইবার কারণ কি, ও

(২) কতদিনে উক্ত অফিসে কাজ শুরু হইবে বলিয়া আশা করা যায়?

শ্রম বিভাগের মন্ত্রী মহাশয়, (ক) পশ্চিমবঙ্গে এখন পর্যন্ত এমপ্লয়মেন্ট ডাইরেক্টরেট এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মধ্যবর্তী জিলা স্তরে কোন রিজিওন্যাল অফিসে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানা

১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৬।) **শ্রীসরল দেব:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ায় জাহাজ নির্মাণ কারখানা করার পরিকল্পনাটি বর্তমান কোন পর্যায়ে আছে রাজ্য সরকার অবগত আছেন কি; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত পরিকল্পনাটি কবে নাগাদ কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়?

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) এবং (খ) সম্প্রতি পশ্চিমবঙ্গ সরকার পশ্চিম জার্মানীর একটি শিল্প সংস্থা হইতে হলদিয়ায় একটি জাহাজ নির্মাণ এবং জাহাজ মেরামতির কারখানা স্থাপনের জন্য খুবই প্রাথমিক একটি প্রস্তাব পাইয়াছেন। টেকনোইকনমিক ফিজিবিলিটি রিপোর্ট পাওয়ার পর রাজ্য সরকার এই প্রস্তাব পরীক্ষা করিয়া দেখিবেন।

শিক্ষা সংক্রান্ত বিলে রাষ্ট্রপতির অনুমোদন

১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৩।) **শ্রীবিভূতিভূষণ দে :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে শিক্ষা সংক্রান্ত বিষয়ে কোন বিল রাষ্ট্রপতির অনুমোদনের অপেক্ষায় আছে কি;

(খ) থাকলে, বিলগুলি কি কি; এবং

(গ) উক্ত বিলগুলিতে রাষ্ট্রপতির অনুমোদন পাওয়ার দন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) হ্যাঁ।

(খ) কলিকাতা বিশ্ববিদ্যালয় (সংশোধনী) বিল, ১৯৮৪।

(গ) বিধানসভায় অনুমোদিত হয়ে যাবার পর রাজ্যপাল তাঁর দপ্তর থেকে বিলটি অনুমোদনের জন্য রাষ্ট্রপতির কাছে পাঠান। পরে এই ব্যাপারে রাজ্যপালের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং শিক্ষামন্ত্রী রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে তাঁর দৃষ্টিও আকর্ষণ করেন।

পুরুলিয়া জেলায় গো-উন্নয়ন ও গবাদি পশু সম্প্রসারণ প্রকল্প

১৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৮।) **শ্রী ধ্রুবেশ্বর চট্টোপাধ্যায়:** পশুপালন ও পশু চিকিৎসাবিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলাতে গো-উন্নয়ন সহ গবাদি পশু সম্প্রসারণের জন্য কি কি প্রকল্প আছে?

(খ) উক্ত প্রকল্পে ঐ বাবদ মোট কত টাকা অদ্যাবধি ব্যয় করা হয়েছে;

(গ) উক্ত জেলায় আরও নতুন কোন প্রকল্প স্থাপনের পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) ঐ জেলায় হিমায়িত গো-বীজ সংরক্ষণ কেন্দ্র কবে নাগাদ স্থাপন করা হবে?

পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয়: (ক) পুরুলিয়া জেলায় গো-উন্নয়ন সহ গবাদি পশু সম্প্রসারণের জন্য নিম্নোক্ত প্রকল্প চালু আছে:

(১) ইমপ্রুভমেন্ট অব লাইভস্টক ইনডাস্ট্রি

(২) এক্সপায়ার্ড সি ডি পি-র মাধ্যমে গো-প্রজনন

(৩) গো উন্নয়ন (স্টেট স্কীম)

(৪) নিউ কী ভিলেজ ব্লক (সেন্টার ও সাব সেন্টার)

(৫) জি পি এ পি-র মাধ্যমে

(ক) কেন্দ্রীয় গো-বীজ সংগ্রহ ও সংরক্ষণ কেন্দ্র

(খ) বৈজ্ঞানিক গো-প্রজনন কেন্দ্র ও উপ-কেন্দ্র

(গ) গো চারণ ভূমি উন্নয়ন

(ঘ) সবুজ ঘাসের বীজ ও কাটিং সরবরাহ

(ঙ) ষাঁড় বিতরণ (প্রতিপালন ব্যয় সহ)

(৬) সাঁওতালডিতে ডেয়ারী খামার

(৭) তফসিলী জাতি ও উপজাতি প্রকল্পে হাউস ডেয়ারী স্থাপন।

(খ) ১৯৬৫ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত উক্ত প্রকল্প বাবদ ২০ বছরের মোট ব্যয় প্রায় ৮২ লক্ষ টাকা (আনুমানিক)।

(গ) হ্যাঁ আছে।

(ঘ) পশুপালন বিভাগের এ ধরনের প্রকল্প এ বছর নেই।

চলচ্চিত্র কেন্দ্র (নন্দন) নির্মাণে ব্যয়

১৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৫৩।) **শ্রী সমর মুখার্জী ও শ্রীকাশীনাথ মিশ্র:** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) কলকাতায় অবস্থিত চলচ্চিত্র কেন্দ্রটি (নন্দন) নির্মাণের জন্য কত টাকা ব্যয় হয়েছে; এবং

(খ) উক্ত চলচ্চিত্র কেন্দ্রটি উদ্বোধন করার জন্য কত টাকা ব্যয় করা হয়েছে?

তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রী মহাশয় ঃ (ক) প্রস্তাবিত ২ কোটি ১০ লক্ষ টাকা ব্যয় সীমার মধ্যে পূর্ত দপ্তরের তত্ত্বাবধানে কেন্দ্রটি নির্মাণের জন্য এই বিভাগ থেকে এ পর্যন্ত ১৭৩.১১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। চূড়ান্ত হিসাব চলছে।

(খ) সদ্য উদ্বোধিত কেন্দ্রটি উদ্বোধন ব্যয়ের হিসাব এখনও চূড়ান্ত হয়নি।

বড়খালী মৎস্য প্রকল্পের মৎস্য বিক্রয়

১৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৮।) **শ্রী সুভাষ নস্কর** : উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন উন্নয়ন) বিভাগের মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বড়খালী মৎস্য প্রকল্পের প্রথম পর্যায়ে কি পরিমাণ মৎস্য উৎপাদন এবং (১৯৮৪ সালে) মোট কত টাকায় বিক্রয় করা হইয়াছে; এবং

(খ) কিভাবে উক্ত মৎস্য বিক্রয় করা হইয়াছে?

উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় : (ক) বড়খালী মৎস্য প্রকল্পের প্রথম পর্যায়ে ১৯৮৪ সালে মোট এক হাজার সাত শত ষাট কেজি আট শত পঞ্চাশ গ্রাম মৎস্য উৎপাদন হইয়াছে এবং মোট একত্রিশ হাজার পাঁচ শত পঁয়ষট্টি টাকা পঁচাত্তর পয়সায় বিক্রয় করা হইয়াছে।

(খ) উপরোক্ত মৎস্য প্রথমে পশ্চিমবঙ্গ রাজ্য মৎস্য উন্নয়ন নিগমকে এবং পরে বড়খালী কৃষি উন্নয়ন সমিতিকে সরকার নির্ধারিত মূল্যে বিক্রয় করা হইয়াছে।

Calling Attention

Mr. Speaker : I have received only one Calling Attention from Shri Kashinath Misra, Shri Asoke Ghose and Dr. Manas Bhunia on the subject of lock out in daily news paper of West Bengal. The Minister will make a statement on the subject today.

Now I call upon the Minister-in-charge of the Home (police) Department to make a statement on the subject of alarming situation in Darjeeling over admission of student to Darjeeling College - Attention Called by Shri Kashinath Misra and Shri Samar Mukherjee on the 4th September, 1985.

Shri Jyoti Basu:- Mr. Speaker, Sir, I rise to make the following statement in reply to the Calling Attention Notice given by Sarvashree Kashinath Mishra and Samar Mukherjee regarding the recent incident in Darjeeling.

It appears that Prof. Barun Chatterjee of Darjeeling Government College was requested by Dr. G.S. Yonzone, another professor for admitting a female candidate who did not have the requisits marks to the Botany Hons. Course.Prof. Chatterjee could not agree as it was not covered within the extent instructions and is alleged to have made, during argument, some provocative comments. Over this issue, a Bandh was called by an Action Committee in Darjeeling, Kalimpong and Kurseong towns on 29.8.85 on this date, two officers of the public Works Department were injured in an assault made on then over the issue of Bandh.

On 29.8.85, my colleague Shri Tamang Dawa Lama, Minister of State, Hill Affairs, held a meeting with the Action Committee and other citizens of Darjeeling over these developments. On an expression of regret from Professor Chatterjee the matter relating to the alleged provocative statement was dropped. The problems relating to admission to Schools and Colleges were also discussed in detail.

Police arrangements were strengthened immediately after the incident of the 29th and orders under section 144Cr.P.C. were imposed with effect from 1.9.85, prohibiting public statement or postering with communal content.

The District Magistrate held a meeting with the Action Committee, representatives of all the political parties, and leading citizens of Darjeeling on 6.9.85. A resolution introduced by Prof. B.L. Prodhan of Government College, expressing apology to the teachers of Govt. College who were hurt by public utterances and posterings in the town though the Action Committee was not responsible for this, was adopted. Government College was re-opened on 9.9.85. The situation in darjeeling is peaceful and very much under control

Apart from one incident of assault on the two Government Officers for which specific cases were started and arrest of the alleged assailants made, there has not been a single incident of violence.

I met the teachers representatives recently and asked them to return to their college immediately. According to the teachers, have since gone back and the College is functionning normally.

Shri Kashinath Misra:- স্যার এই বিবৃতি সারকুলেট করা হোক,

Mr. Speaker:- It will be circulated

Now I call upon the Minister-in-charge of the Education (Higher) Department to make a statement on the subject of chaotic condition in Bolpur College-Attention called by Dr. Sushovan Banerjee on the 10th September, 1985.

Shri Sambhu Charan Ghosh:- পশ্চিমবঙ্গ বিধান সভার মাননীয় সদস্য ডাঃ সুশোভন ব্যানার্জী কর্তৃক উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রস্তাব-এর উপরে আমার লিখিত বিবৃতি আমি হাউসে বিলি করছি।

গত ২.৯.৮৫ তারিখে বোলপুর কলেজে একাদশ শ্রেণীতে ছাত্র ভর্তির ব্যাপারে অধ্যক্ষের সহিত ঐ কলেজের একদল ছাত্রের বচসা হয়। এই সময়ে অধ্যক্ষের কিছু মন্তব্য ছাত্রদের কাছে আপত্তিকর মনে হয় এবং এর প্রতিবাদে এবং আরও কিছু দাবী পূরণের জন্য ছাত্ররা অধ্যক্ষকে ঘেরাও করে। এরপর দ্বিতীয় একদল ছাত্র অধ্যক্ষকে প্রথম দলের দাবী মেনে না নেওয়ার জন্য চাপ দিতে থাকে, অধ্যক্ষ এক সময়ে অসুস্থ হয়ে পড়েন। কিন্তু তৎসত্ত্বেও তিনি ঘেরাও মুক্ত হাওয়ার জন্যে পুলিশের সাহায্য নিতে অস্বীকার করেন। পরদিন অর্থাৎ ৩.৯.৮৫ তারিখে দু দল ছাত্রের মধ্যে বাক বিতণ্ডা এবং তারপর হাতাহাতি শুরু হওয়ার ফলে কিছু ছাত্র আহত হয়। অভিযোগে প্রকাশ ঐ সময়ে কিছু বাইরের লোকও এর মধ্যে লিপ্ত হয়ে পড়ে। গোলমালের মধ্যে ঐ কলেজের কিছু অশিক্ষক কর্মচারী অধ্যক্ষকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যান। পরিস্থিতি ঘোরালো থাকায় অধ্যক্ষ পরিচালন সমিতির সঙ্গে পরামর্শ করে কলেজ ১২.৯.৮৫ তারিখ পর্যন্ত বন্ধ রাখেন। এদিকে ছাত্রদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটবার অব্যবহিত পরে পুলিশ ঘটনাস্থলে হাজির হয় এবং বিবদমান দুপক্ষের ছাত্রদের তরফ তেকে পাওয়া অভিযোগের ভিত্তিতে একাধিক এফ.আই.আর. রুজু করেছে। হাঙ্গামাকারী বলে কথিত চারজন বহিরাগতকে পুলিশ গ্রেপ্তারও করেছে। এইরূপ আরও কিছু লোককে পুলিশ গ্রেপ্তারের চেষ্টা করছে।

১৩.৯.৮৫ তারিখে কলেজ পুনরায় খুললে পরিস্থিতি স্বাভাবিক না থাকায় অধ্যক্ষ শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের সঙ্গে আলোচনা ক্রমে কলেজ ১৭.৯.৮৫ তারিখ পর্যন্ত বন্ধ রাখেন।

Mr. Speaker:- I now request the Minister-in-charge of the Health and Family Welfare Department to make a statement on the subject of deadlock in Panihati State General Hospital over the Unnatural death of one Shri Sukanta Debnath, a boy aged about six years. (Attentions called by Shri Gopal Krishna Bhattacharya on the 13th September, 1985).

Dr. Ambarish Mukhopadhyay:- Mr. Speaker, Sir, I have the honour to refer to the calling Attention Notice given by Hon'ble Shri Gopal Krishna Bhattacharjee, Member of this House regarding death of Sukanta debnath a boy of five in the Panihati State General Hospital resulting in disturbance in the Hospital and cessation of work by doctors, nurses and other staff on 11th September, 1985 and consequent inconvenience to the members of public. I am making the following statement regarding the aforesaid incident.-

A high level enquiry was instituted to probe the alleged incident and also the points raised in the complaint of Shri Anil Debnath, father of the deceased boy.in spite of full assurance of protenction, justice and fair-play given to the complainant and his witnesses, none of them appeared before the Enquiry Committee. During enqury all documents relating to the patient viz. bed-ticket, call book, medicine- registers etc. were examined and statement of the concerned officials and staff of the State General Hospital, Panihati, were also recorded.

The Complainant's case in brief is that on 10th September, 1985 at 12.30 P.M he brought his son, Sukanta Debnath aged 5 years and got him admitted into the State General Hospital and it has been alleged that the sick boy was not properly attended to, as a result of which the patient expired around 6 a.m. on 11th September, 1985. On examination of all records and the statements made by the witnesses it has been established that immediately after examination of the patient by Dr. A. Das, he was admitted and life saving druge and oxygen etc.were duly administered by the Duty Nurse on his advice without delay. The patient was again examined at 10 P.M. by Dr. Dipak Chatterjee, Medical Specialist and further actions were taken. The patient was again attended, to by the Midical Specialist Dr. D.Chatterjee at 1 P.M. on 11.9.85 At 4.49 the condition of the patient further deteriorated. On his advice the life saving drugs were administered and necessary measures were taken. Again at about 5.50

A.M. Dr. D. chatterjee was called who again came and examined and found the condition of the patient had deteriorated. The patient ultimately expired around 6 A.M. on 11.9.85 in spite of all possible steps taken by the team of doctors and staff.

The patient was thus in the Hospital for only seventeen hours and when admitted was in a very poor general condition. From all available documents and evidence it has been established that treatment was immediately started and all possible life saving drugs were administered. The patient was even attended upon when his condition deteriorated in the night and the Medical Specialist responded to every call sent to him through the Call Book and all necessary drugs were admonistered. The allegations of negligence on the part of hospital staff has not been substantiated.

During enqury it appeared that some autsiders came to the hospital around 8.30 A.M. on 11.9.85 and assaulted some of the hospital staff besides indulging in rowdy activities. In fact there is a sense of insecurity amongst the hospital staff in general following the unfortunate incident. There has been no cessation of work by the doctors, nurse and other staff since the 11th September 1985 has been mentioned in the calling Attention Notice all though the doctors and hospital staff had to function under great provocation and mental pressure.

Shri Gopal Krishna Bhattacharya:- Sir, we may be suplied with the copies of the statements.

Mr. Speaker :- Copies of all the statements will be supplied. I now request the Minister-in-charge of the Home (police) Department to make a statement on the subject of alleged murder of two persons by some anti-socials at Mahesh on the 10th September, 1985. (Attention called by Shri Dhirendranath Sarkar on the 16th September, 1985)

Shri Jyoti Basu:- Mr. Speaker, Sir, I rise to make the following statement in reply to the calling Attention Notice given by Shri Dhrindra Nath Sarkar, M.L.A.

On the 11th September, 1985, Serampore Police Station received an information regarding some incident of assault on the previous night in the house of one Ramjoy Podder of Serampore. During police enquiry, two dead bodies were recovered from inside the drain. The dead bodies were sent for post-mortem and a case was started by the police.

The reports revalied that one Bimal Podder, son of Ramjoy Podder came to his house with two unknown people from Calcutta on 10.9.85. Those two person were confined inside his house. Subsequently, on the same day Bimal Podder along with his two brothers and three associates are reported to have killed the confined persons and dropped them inside the manhole.

The victims were identified as Ajit Kumar Pal and Alok Majumdar of Calcutta. The reports received that Bimal Podder had some association with Ajit Kumar Pal and was negotiating purchase of an old taxi On this pretext, Bimal Podder induced Ajit Pal to come to his residence at Serampore. Ajit Pal, however, took Aloke Majumder with him.

During the commission of murder, cries were heard by the neighbours, but none are reported to have taken serious notice. Sm. Manju Podder wife of Ramjoy Podder who reportedly assisted her brothers was arrested. Two more accomplices were also arrested. The investigation of the case is proceeding.

Mr. Speaker:- The minister-in-charge of the Home (police) Department will now make a statement on the subject of death of an officer and serious injuries to some other officers from explosion of bomb in the office of the Deputy Chief Controller (Explosives) at Esplanade East, Calcutta on the 16th September, 1985.

(Attention called by Shri Asok Ghosh, Shri Kashinath Misra and Shri Dhirendra Nath Sarkar on the 17th September, 1985.)

Shri Jyoti Basu:- Mr. Speaker, Sir, I rise to make the following statement in reply to the Calling Attention Notice given by Sarbashree Ashoke Ghosh, Kashi Nath Mishra and Dhirendra Nath Sarkar.

On The 16th September, 1985, there was an explosion inside the Office of the Deputy Chief Controller of Explosives, Eastern Circle, Government of India, Situated at No. 8, Esplanade East, Calcutta, causing the death of Shri C. Krishna Rao, a Deputy Controller. Another Officer sustained minor injuries. Enquiry is being conducted by the police in the matter. The Chief Controller of Explosives, Nagpur, is also reported to be looking into this case. I have not got any further details. So, I cannot give more details than what I have stated.

Mr. Speaker:- The minister-in-charge of the Home (police) Department will now make a statement on the subject of alleged assault on the Mayor of Calcutta Corpporation, while coming to his office on the 17th September, 1985. (Attention called by Shri Bamapada Mukherjee on the 18th September, 1985.)

Shri Patit Paban Pathak:- Mr. Speaker, Sir, with your permission,

I rise to make the following statement in reply to the Calling Attention Notice given by Shri Bamapada Mukherjee,M.L.A.

The members of the Calcutta Corporation Employees and Workers Union (INTUC) organised a stay-in-strike inside the Central Municipal Office on 16.9 85 on the demand of ex-gratia grant of Rs.750/- They had earlier announced that they would obstruct the Mayor on his way to office and also gherao him.

Around 9.00 A.M about 150 demonstrators assembled and squatted in side the C.M.O bulding near the mayor's gate obstructing the passage. Soon the mumber of demonstrators increased to about 500 under the leadership of Shri Sobhandeb Chatterjee, Congress(I). When the Mayor arrived at 11.20 A.M., police threw a cordon and with great difficulty escorted the Mayor to his office. The demonstrators attempted to break the police cordon. They turned boisterous and attacked the police with brickbats and bottles. In the indiscriminate brickbatting, a number of policemen including Deputy Commissioner of police (Central) were injured. The police was forced to make lathi charge to disperse the riotous crowd. During the brickbatting by the demonstrators, the Mayor was also reportedly hit by brickbat while entering his office.

Mr. Speaker:- The minister-in-charge of the Information and Cultural Affairs Department will now make a statement on the subject of strike resorted to by the hawkers of newspapers.

(Attention called by Shri Abdul Mannan on the 19th September,1985).

Shri Prabhas Chandra Phodikar:- Mr. Speaker, Sir, I rise to make the following statement with reference to the Calling Attention Notice given by Shri Abdul Mannan, M.L.A.

The Newspaper Hawkers led by Paschim Banga Sambad Patra Bikreta Samiti has started an agitation in front of various Newspaper Establishments since the morning of the 18th September, 1985, in connection with their various demands. It appears that inspite of the intervention by the Labour Directorate, the Managements had refused to sit with or discuss these issues with the representatives of the Samiti on the ground that these Hawkers are not their employees. Howeveer, the parties have again been called separately today by the Labour Directorate to find a solution.

It is reported that in view of this agitation distribution of Newspapers has been affected and that some of the Managements have stopped printing since 18th/19th night. However, on the request made by different Newspaper Establishments, appropriate police assistance is being provided to them. There has, however, been no report of violence.

Statement under rule 346

Mr. Speaker:- Now I call upon the Minister-in-charge of power Department to make a statement of the subject of power Supply in Burdwan District.

শ্রী প্রবীর সেনগুপ্তঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্দ্ধমান ডি.ভি.সি. ভ্যালী এলাকার অন্তর্ভুক্ত। ডি.ভি.সি. আইন অনুসারে বর্দ্ধমান সহ ভ্যালী এলাকার সর্বত্রই প্রয়োজনীয় বিদ্যুত যোগানের দায়িত্ব ডি.ভি.সির ভ্যালী এলাকায় পশ্চিমবঙ্গ বিদ্যুত পর্ষদের বন্টন লাইন করার অধিকার থাকলেও পরিবহনের লাইন করার অধিকার আইনত নেই।

প্রায় ১ বছর আগের এক চুক্তি অনুসারে বর্দ্ধমানের জন্য ডি.ভি.সি মাত্র১৫ এম.ভি.এ বিদ্যুত যোগান দেয়। এই সময়ের মধ্যে ঐ অঞ্চলে নানা শিল্প গড়ে উঠেছে। বেশ কিছু হিমঘর স্থাপিত হয়েছে ও অন্যান্য চাহিদাও বেড়ে গিয়েছে। বর্তমান চাহিদা প্রায় ২৫-৩০ এম.ভি.এ.। নানা স্তরে আলোচনা করেও প্রয়োজনীয় অতিরিক্ত বিদ্যুত যোগানের ব্যাপারে ডি.ভি.সির কাছ থেকে উপযুক্ত সাড়া পাওয়া যায় নি।

রাজ্য বিদ্যুত পর্ষদ ডি.ভি.সির কাছ থেকে আগে কোলাঘাট ও পুরুলিয়ায় ৩২ এম.ভি.এ. বিদ্যুত নিত। বর্দ্ধমান, মেদিনীপুর প্রভৃতি এলাকায় বিদ্যুত যোগান বাড়ানোর জন্য বর্তমানে রাজ্য বিদ্যুত পর্ষদ কোলাঘাট ও পুরুলিয়ায় বিদ্যুত যোগানের দায়িত্ব নিজেই গ্রহণ করেছে। ডি.ভি.সিকে বার বার বলা হচ্ছে এই ৩২ এম.ভি.এ. বিদ্যুতের মধ্যে বর্দ্ধমানকে যেন অন্ততঃ ১০ এম.ভি.এ. বাড়তি বিদ্যুত দেওয়া হয়। কেন্দ্রীয় মন্ত্রী পর্যায়ে ও ডি.ভি.সি চেয়ারম্যানের সঙ্গে এ ব্যাপারে কয়েক দফা আলোচনা হয়েছে। ডি.ভি.সির চেয়ারম্যান উক্ত ১০ এম.ভি.এ অতিরিক্ত বিদ্যুত দেওয়ারপ্রতিশ্রুতি দিয়েছেন। এবং বর্দ্ধমানের এবং অন্যান্য ভ্যালি এলাকার বর্দ্ধিত চাহিদা যোগানের দায়িত্ব আইন অনুসারে ডি.ভি.সিই- এটা মেনে নিয়েছে। কিন্তু কোন কার্যকরি ফলাফল এখনও পাওয়া যায়নি।

বর্দ্ধমানের বিদ্যুত সরবরাহের এই দুরঅবস্থা সম্পর্কে আমরা সচেতন। এই অবস্থা মোকাবিলা করার জন্য ডি.ভি.সি. কে প্রস্তাব দেওয়া দেওয়া হয় যে ডি.ভি.সি. লাইন মারফত রাজ্য বিদ্যুত পর্ষদকে বর্দ্ধমানের জন্য বিদ্যুত হুইল করতে দেওয়া হোক। এ প্রস্তাবও ডি.ভি.সি নীতিগত ভাবে মেনে নিয়েছে। ফলে ফ্রিকোয়েনসির পার্থক্যের জনিত টেকনিক্যাল কারণে এটা অনেক সময় সম্ভব হবে না। পশ্চিমবঙ্গ বিদ্যুত পর্ষদ সি.ই.এস.সি., ডি.পি.এল.এবং ডি.ভি.সির যৌথ সিদ্ধান্ত অনুযায়ী সুনির্দিষ্ট ফ্রিকোয়েনসি ডি.ভি. সি. রাখতে পারছে না বা রাখার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা দরকার, তা করছে না। এ ছাড়াও ডি.ভি.সি বর্দ্ধমান সাব-ষ্টেশনের ট্রান্সফরমারের ক্ষমতাও সীমাবদ্ধ। এই দীর্ঘ সময়ে ডি.ভি.সি তার বর্দ্ধমান সাব-ষ্টেশনের ট্রান্সফরমার এর ক্ষমতা বাড়ানোর কোন ব্যবস্থা ও করেনি। এখন ক্ষমতা বাড়ানোর সিদ্ধান্ত তারা করেছেন। বর্দ্ধমানে বিদ্যুত যোগানের বিষয়ে গত ২ রা সেপ্টেম্বর ডি.ভি.সির চেয়ারম্যানের সঙ্গে পুনরায় বিস্তারিত আলোচনা করা হয়েছে। আশা করা যায় যে রাজ্য বিদ্যুত পর্ষদ ডি ভি সির থেকে নেওয়া কোলাঘাট ও পুরুলিয়ায় যে ৩২ এম.ভি.এ বিদ্যুত ছেড়ে দিয়েছে তার থেকে ১০ এম.ভি.এ. বর্দ্ধমানের জন্য পাওয়া যাবে। ২৫

এম.ভি.এ. বিদ্যুত পাওয়া গেলে বর্দ্ধমানের বর্তমান চাহিদা মোটামুটি মিটবে।

বর্দ্ধমান শহর ছাড়া ভ্যালি এলাকার অর্ন্তভূক্ত আসানশোল, রানিগঞ্জ, বরাকর প্রভৃতি স্থানেও ঐ সমস্যা দেখা দিয়েছে। সাধারণভাবেই সর্বত্র বিদ্যুতের চাহিদা বেড়ে যাচ্ছে। কিন্তু ডি.ভি.সি তার নিজের আইন অমান্য করে এই বাড়তি চাহিদা মেটানোর কোন ব্যবস্থা নিচ্ছে না।

এ বাদেও আর একটি সমস্যা প্রায়ই দেখা যায়। যখনই ডি.ভি.সির বিদ্যুত উৎপাদন কোন কারণে কমে যায় - লোহা,কয়লা, রেল, প্রভৃতি কোর সেকটরের নামে ডি.ভি.সি. বর্দ্ধমান প্রভৃতি অঞ্চলে বিদ্যুতের যোগান কমিয়ে দেয়।

বহুদিন ধরে ডি.ভি.সি. খড়গপুর-মেদিনীপুর প্রভৃতি অঞ্চলের জন্য বিদ্যুতের যোগান দিয়ে আসছে। খড়গপুর এলাকায় ইদানিং বহু নতুন শিল্প স্থাপিত হয়েছে। বিদ্যুতের চাহিদাও অনেক বেড়ে গিয়েছে। ডি.ভি.সি. এই বাড়তি বিদ্যুত যোগানের দায়িত্ব নিচ্ছে না। এলাকাটা ডি.ভি.সি ভ্যালি এলাকার বহির্ভূত। ফলে রাজ্য বিদ্যুত পর্যদ এই বাড়তি চাহিদা মেটানোর দায়িত্ব ক্রমে নিজের উপর নিয়েছে। প্রসঙ্গত, গত ১০ বছরে ডি.ভি.সির জলবিদ্যুত সহ বিদ্যুত উৎপাদন ক্ষমতা ১৩০০ মেগাওয়াট থেকে বেড়ে ১৫৫০ মেগাওয়াট হয়েছে। ডি.ভি.সির উৎপাদন বাড়লেও ভ্যালি এলাকা বা বর্তমানে ডি.ভি.সি যে সমস্ত এলাকায় বিদ্যুত দিয়ে থাকে তা বাড়ানো হয় নাই।

[1.20 - 1.30 P.M.]

LAYING OF REPORTS

The Annual Report and Budget 1984-85 and Budget Estimate 1985-86 of the West Bengal Schedule Cast and Scheduled Tribes Development and Finance Corporation.

Shri Patit Paban Pathak:- Mr. Speaker, Sir, with your permission I beg to lay the Annual Report and Budget, 1984-85 and Budget Estimate, 1985-86 of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation.

The Twentieth Annual Report of the Durgapur Chemicals Limited for the year 1982-83.

Shri Nirmal Kumar Bose:- Sir, I beg to lay the Twentieth Annual Report of the Durgapur Chemicals Limited for the year 1982-83.

Presentation of Fifteenth Report of the Committee on Public Undertakings, 1985-86.

The Chairman (Shri Kamal Sarkar):- Sir, I beg to present the Fifteenth Report of the Cmmittee on Public Undertakings 1985-86 n the West Bengal Tourism Development Croporation Ltd.

শ্রী অমলেন্দ্র রায়ঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্র বিক্রেতাদের সঙ্গে সংবাদপত্র মালিকদের যে বিরোধ চলছে সেই বিরোধ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিবৃতি এখানে পড়লেন সেটা আমরা শুনতে পেলাম না, শুনতেপেলে আমার বক্তব্য রাখার সুবিধা হত। তাহলেও মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে একটা নিবেদন করতে চাই এই যে বিরোধ এই বিরোধ শিল্প বিরোধ, না, শ্রম বিরোধ সে সম্পর্কে স্পষ্ট কিছু বক্তব্য হাউসে থাকা দরকার। এটা যদি শিল্প বিরোধ এবং শ্রম বিরোধ হয় তাহলে আমরা সকলেই জানি সেই বিরোধ নিষ্পত্তির ব্যাপারে আইনে নির্দিষ্ট ব্যবস্থা আছে, সেই ব্যবস্থা মোতাবেক সংবাদপত্র বিক্রেতাদেব অথবা সংবাদপত্র মালিকদের যে কন্সিলিয়েশান মেশিনারীর কাছে এই বিরোধ নিষ্পত্তির জন্য যাওয়া দরকার সেখানে তাঁরা আদৌ গিয়েছেন কিনা এবং গিয়ে থাকলে কিভাবে সেই মেশিনারীর তরফ তেকে কি ব্যবস্থা নেওয়া হয়েছে এইসব আমরা বাইরে থেকে বলতে পারি না, কোন পক্ষকে চাপ দিতে পারি না- আমরা মালিককে চাপ দিতে পারি না, বিক্রেতাদেরও চাপ দিতে পারি না। আমার আপনার কাছে অনুরোধ হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রীর নাম এখানে বলা হয়েছে, মাননীয় মুখ্যমন্ত্রী যখন হাউসে উপস্থিত আছেন তখন কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা আমরা তাঁর কাছ থেকে শুনতে চাই।

শ্রী জ্যোতি বসুঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিবৃতিটি দেখেছি এবং তার মধ্যে সব কথাই ছিল। গোলমালে তেমন কিছু শোনাই গেলনা। সংবাদপত্র যারা বিক্রয় করে তারা সংখ্যায় অনেক এবং তাদের একটা সংগঠন আছে। একটার বেশী আছে কিনা জানিনা, তবে একটা যে আছে তা জানি। তাদের ঠিক কতগুলি দাবী নিয়ে মালিকদের সঙ্গে গোলমাল বয়েছে বা বিরোধ রয়েছে তা জানিনা এবং তাদের ঠিক মালিক বলা যায় কিনা তাও জানিনা। তারা বলছে আমাদের বিরোধ রয়েছে যাদের কাছ থেকে কাগজ নিই তাদেব সঙ্গে। তারা বলল আমরা আর কাগজ বিক্রি কববনা এবং এইভাবে ১/২ দিন চলল। আমাদের কাছে কিভাবে জিনিষটা এল সেটা বলছি। আনন্দবাজার পত্রিকা পরের দিন কোর্টে গেল এবং একটা ইনজাংসন আনল। অর্থাৎ কেউ গোলমাল করতে পারবেন না এবং যারা স্বেচ্ছায় বিক্রি করতে চাইবে তাদের বিক্রি করতে দিতে হবে। আমরা সেই অনুযায়ী পুলিশের ব্যবস্থা করেছি। (ডাঃ জয়নাল আবেদিন করেন নি) আনন্দবাজার পত্রিকা কোর্টে গেছে এবং আমরাও পরিস্থিতি বিবেচনা করে পুলিশ দিয়েছি। কতলোক শহরে, গ্রামে,গঞ্জে আনন্দবাজার বিক্রি করে জানি না। তবে যারা কাগজ বিক্রি কবে তাদের প্রত্যেকের পেছনে একজন করে পুলিশ দেওয়া - এটাও সম্ভব নয়। অন্যান্য মালিকবা বলছে, ধরুন আমরা কোর্টে গেলাম না, আমাদের কি হবে? কোর্টে গেলেই প্রোটেকসন পাব, না গেলে কি ব্যবস্থা হবে? তারা আরও বলছে, আমাদের লোককে যদি কেউ মারে,অথবা যারা স্বেচ্ছায় বিক্রি করছে, যারা বলছে আমাদের সংগে কোন বিবাদ নেই তাদের যদি কেউ বিক্রি করতে বাধা দেয় সেক্ষেত্রে সরকার কি বলছে? আমি হোম সেক্রেটারীকে বলেছি পুলিশ কমিশনারের সংগে এই ব্যাপারে কথা বলুন। তবে কাগজের মালিকরা একটা সিদ্ধান্ত নিয়েছিল যে, আমরা প্রিন্ট করব না। তাদের বক্তব্য হল যদি বিক্রি না হয় তাহলে কেন প্রিন্ট করব? আজকে বোধহয় একটা মিটিং আছে। আমি বলেছি ওঁরা কি প্রোটেকসন চায়? জনে জনে পুলিশ দিতে হবে? এটা কি কখনও সম্ভব? অবশ্য আমাদের কাছে একটাও অভিযোগ নেই হিংসাত্মক ঘটনার। আজকে মালিক পক্ষকে নিয়ে একটা মিটিং হবে। কতগুলি স্পট আছে, যেমন- শিয়ালদহ, হাওড়া,গড়িয়াহাটা মোড় এবং এরকম ১৭/১৮ টি জায়গার কথা যা বলছে সেখানে পুলিশ দেওয়া যায়। সংবাদপত্রের অফিস থেকে যখন কাগজ বেরুবে তখন তাদের যেন কেউ বাধা না দেয় সেটা দেখতে হবে। তবে ওখান থেকে বেরিয়ে যাবার পর এই যে হাজার হাজার হকার কাগজ বিক্রি করছে তাদের কিন্তু কেউ কিছু বলছে না। অনেকগুলো কাগজ উক্ত স্পট - গুলোতে যায় এবং আমরা বলেছি সেখানে নিশ্চয়ই পুলিশ দেওয়া যাবে।

আমি হোম সেক্রেটারীকে বলেছি আজকে আমি দিল্লী যাবার আগে আমাকে জানিয়ে দেবেন কি ব্যবস্থা হল। কাগজ বন্ধ থাক এটা কেউ চায়না। উন্নতি যা হয়েছে সেটা হল ২/৪ টি কাগজ বেরিয়েছে। তারপর আর এটা যে গোলমাল হচ্ছে সেটা হল এটা শিল্প বিরোধ কিনা? মালিকরা বলছে এটা তো শিল্প বিরোধ নয় কারণ ওঁরা আমাদের এমপ্লয়ী নয়। তাদের সংগে আমাদের একটা কন্ট্রাক্ট আছে। তবে আমি শুনলাম তাদের মধ্যে কেউ কেউ বলেছেন মন্ত্রীরা যদি চান তাহলে আমরা কথা বলতে পারি। মালিকপক্ষ যখন বলছে এটা শিল্প বিরোধ নয় তখন আমাদের লেবার ডিপার্টমেন্ট বলছে তারা যদি এমপ্লয়ী না হয় তাহলে তো তাদের আমরা বাধ্য করতে পারছিনা। কাজেই এখানে বাধ্য বাধকতার কোন প্রশ্ন নেই। কি কি দাবী নিয়ে এই গোলমাল হচ্ছে সেটা আমি জানিনা কারণ কোন নোটিশ পাইনি। নোটিশ পেলে আমরা দুপক্ষকে ডাকতে পারতাম। আজকে একটা ব্যবস্থা নিচ্ছি এবং কাল থেকে যাতে কাগজ সার্কুলেটেড হয় সেটা করব। তবে এক্ষেত্রে সকলে মিলে সহযোগিতা করলে ভাল ফল হবে। আমি একটু পরেই জানাতে পারব মালিকদের সঙ্গে কথাবার্তায় কি হোল। তবে মন্ত্রীর কাছে মালিকরা হয়ত বলতে পারেন এটাকে শিল্প বিরোধের মধ্যে টেনে নেবেন না।

[1.30 - 1.40 P.M.]

Motion of No-confidence in the Council of Ministers :-

Mr Spesker :- Honourable Members the time allotted for the discussion on the No-confidence Motion was 4 hours. But I have been requested by several Members to increase the time. So with the consensus of the House I increase the time to 5 hours. I would request the Members to keep themselves confined within the time allotted to them and not to ask more time.

So with the consent of the House I fix 5 hours for discussion on this motion.

Shri Subrata Mukherjee :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, নিয়ম হল যে মন্ত্রী এই স্টেটমেন্ট ইস্যু করেছেন তাঁর সহি থাকবে,Otherwise it is unauthorised and it is illegal.

Mr. Spesker :- মিঃ মুখার্জী, আপনি বসুন। Now I call upon Dr. Zainal Abedin to move his no-confidence Motion.

Dr. Zainal Abedin :- Mr. Speaker Sir, I beg to move that this House expresses its want of confidence in the Council of Ministers.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রের কণ্ঠরোধ,এই সরকারের বিপুল ভ্রষ্টাচার,সমুদ্র পরিমাণ দুর্নীতি এবং বিপুল ব্যর্থতার জন্য আজকে জনরোষ তাঁদের উপর পড়েছে আজকে ওঁরা পুলিশ প্রোটেকসন দিয়ে সংবাদপত্রের কণ্ঠরোধ করতে চাচ্ছেন। আমি বলতে চাই- জ্যোতিবাবু, হুঁসিয়ার। আমি বলতে চাই, কবরে যাবার আগে একবার ভেবে নাও কি দুর্নীতি, কি ষড়যন্ত্র করেছ বাংলাদেশকে ডোবাবার জন্য। জ্যোতিবাবু হুঁসিয়ার, সাবধান।

Mr. Speaker :- I will request the Members to have patience,because every Member has the right to address the House.No-confidence Motion is an important debate and all the Members should be heard. I would request you not to disturb each other as both sides can play the game as well. You may play the game. They may also play the game. Why do get involved in this? Why disturb? Let the debate continue. There will be voting and the matter will be decided. Now Shri Abdus Sattar will speak.

Shri Abdus Sattar :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মন্ত্রীমন্ডলীর উপর যে অনাস্থা প্রস্তাব এনেছি, তার কারণ হচ্ছে এই সরকারের সর্বস্তরে ব্যর্থতা। আমরা জানি অনাস্থা প্রস্তাব এনে এই সরকারের পতন ঘটাতে পারব না এবং সরকারের যে পতন ঘটবে সেটা ঠিক নয়। কিন্তু আমরা বিভিন্ন দপ্তরের ব্যর্থতা তুলে ধরব জনগণের কাছে এবং এই সভায় সভ্যদের কাছে। সেই জন্যই আমরা এই অনাস্থা প্রস্তাব এনেছি।

Our first charge against this Government is the total failure of the Government to maintain law and order in the State.

(Shri Rabindra Nath Mandal - question)

Sir, Jungle Raj is reigning in West Bengal. My second charge against this Government is that this Government's policy has brought the State to the brink of economic bankruptcy causing economic stagnation in the State. My third charge is for the total chaos in the field of education. Calcutta University is the glaring example.It has become a casualty of the policies of this Left Front Government specially the C.P.I.(M). The fourth charge is about the rampant corruption in all the department of this Left Front Government. My fifth charge is about the total anarchy in the Health Department. No life-saving drugs or medicines are available in the hospitals and in several hundred rural hospitals. Even no doctors and nurses are there.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বেশি পয়েন্ট নিয়ে আলোচনা করব। না, মাত্র দুটি পয়েন্ট নিয়েই আলোচনা করব স্যার,আমরা আরো দেখতে পাচ্ছি সদ্যজাত জীবন্ত শিশুকে হাসপাতাল থেকে কুকুরে বের করে নিয়ে গিয়ে খেয়ে ফেলছে এবং জীবন্ত শিশু মৃত শিশু হয়ে কুকুরের পেটে চলে যাচ্ছে।

My sixth charge is about the alarming power failure throughout the State of West bengal. My seventh charge is about the failure of the Government to repair the roads not to speak of the constructions of new roads.

আরো অনেক চার্জ আছে। ৮ম চার্জ-এর কথা উল্লেখ না করে লেফট ফ্রন্ট গভর্ণমেন্টের ল এ্যান্ড অর্ডার সম্পর্কেই প্রথম আলোচনা করব। স্যার,এই ল এ্যান্ড অর্ডারের ভারপ্রাপ্ত মন্ত্রী হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী। আমার মনে হয় এই সরকারের যতগুলি দপ্তর আছে তার মধ্যে আইন শৃঙ্খলার দপ্তরটিই হচ্ছে সব চেয়ে বড় এবং সেখানেই

সব চেয়ে বেশী ব্যর্থতা দেখা যাচ্ছে। কিন্তু যেহেতু এটা মুখ্যমন্ত্রী নিজের হাতে রেখেছেন সেই হেতু ল এ্যান্ড অর্ডারের ত্রুটিটা কোন পত্রিকাই বেশী করে তুলে ধরেন নি এবং এখানে তারা বেশী আইন শৃঙ্খলার ব্যাপারটা বলেন নি। তারা রাস্তা ঘাটের ব্যাপারে বলেন, হাসপাতালের ব্যাপারে বলেন,যানবাহনের ব্যাপারে বলেন,বিদ্যুতের ব্যাপারে বলেন। কিন্তু দেখা যাচ্ছে যেটা সবচেয়ে ওয়াস্ট সেই লা এ্যান্ড অর্ডারের ব্যাপারে কিছুই বলা হয়নি। স্যার,আমি বেশী দূরে যাব না, ওঁদেরই দলের রাজ্য সম্পাদক সরোজ মুখার্জী একটি বই বের করেছেন। সেখানে তিনি কংগ্রেসী হিংসার রাজনীতির প্রমাণ স্বরূপ তথ্য হাজির করেছেন। সরোজবাবু সেখানে দেখিয়েছেন ১৯৭৭ সাল থেকে১৯৮৫ সাল পর্যন্ত সি.পি.এম. এর ৪৮৬ জন কর্মী নিহত হয়েছে। এই ৪৮৬ জন যে নিহত হয়েছে তার মধ্যে কিছু কংগ্রেস করেছে, কিছু আর এস.পি.,কিছু ফরোয়ার্ড ব্লক করেছে। আমার প্রশ্ন হচ্ছে এই ৪৮৬ জন যে খুন হয়েছে সেটা পুলিশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী চীফ্ মিনিষ্টারের ব্যর্থতার জন্য হয়েছে। আমাদের কতজন খুন হয়েছে সেই ব্যাপারে আমি পরে আসছি। আলিমুদ্দিন স্ট্রীট থেকে বই বের করে আপনারা নিজেরাই স্বীকার করছেন। এই বইটির দাম হচ্ছে ৫ টাকা। সেখানে আপনারা বলছেন আপনাদের লোক জন যখন খুন হয়েছে তখন আমরা ধরে নেব দেয়ার ইজ নো ল এ্যান্ড অর্ডার ইন দি ষ্টেট। এছাড়া আমাদের খুনের হিসাবে যদি ধরি তাহলে দেখতে পাব যে, ২ হাজারের উপর কংগ্রেস কর্মী ১৯৭৭ সালের পর থেকে খুন হয়েছে।

[1.40 - 1.50 P.M.]

ওঁরা যে ফিরিস্তি বার করেছেন তাতে কিন্তু ফরোয়ার্ড ব্লক এবং আর.এস.পি'র কতজন খুন হয়েছেন তার হিসাব দেন নি। ফরোয়ার্ড ব্লক এবং আর.এস.পি'র মন্ত্রী ও এম.এল.এ'রা যখন এখানে আলোচনার সুযোগ পাবেন আশা করি সেই হিসাব দেবেন এবং বলবেন এখানে ল এ্যান্ড অর্ডারের অবস্থা কি রকম আছে। স্যার, গতবারে আমি একটি প্রশ্ন করেছিলাম যে ১৯৭৭ সালের জুন থেকে ১৯৮২ সালের জুন পর্যন্ত পশ্চিমবাংলায় কতজন খুন হয়েছেন? এই প্রশ্নের লিখিত এ্যান্সার যা দেওয়া হয়েছিল তাতে বলা হয়েছিল ৬ হাজার ৭৭২ জন। তারপরেও গত তিন বছরে আমার মনে হয় চার হাজার খুন হয়েছে, তাহলে ৬ হাজার ৭৭২ জন এবং ৪ হাজার মোট ১০ হাজারের উপর এখানে খুন হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে তো এসব কথা বললে উনি চলে যাবেন ইউ.পি. কিম্বা বিহার কিম্বা দিল্লী। এখন তো মস্কোয় যাচ্ছেন, বক্তৃতার সময় চলে যাবেন দিল্লী কিম্বা বিহার কিম্বা ইউ.পি । স্যার এত কর্মী, এত মানুষ এখানে খুন হচ্ছে অথচ এই সরকার বলছেন এটা হচ্ছে শান্তির মরূদ্যান। ভারতবর্ষের মধ্যে শান্তির মরূদ্যান পশ্চিমবঙ্গ। কতগুলি ঘটনার কথা কালকেও বলেছেন, আজকেও বললেন, এইসব ঘটনা ঘটছে। কেশপাড়ার ঘটনা একটি মর্মান্তিক ঘটনা। সেখানে পুলিশের সামনে আবদুস সাত্তারকে খুন করা হয়েছে। আপনাদের ক্যাডাররা তাকে তেড়ে যায়, সেখানে অনেক ঘরবাড়ী পোড়ানো হয়েছে, লুঠ করা হয়েছে। শুধু তাই নয়, সেখানে নারীদের ইজ্জত পর্যন্ত নষ্ট করা হয়েছে। নারীদের কাপড়-চোপড় খুলে নিয়ে তাদের নিগৃহীত করা হয়েছে। এসব নিশ্চয় দুঃখের ঘটনা। সেখানে আব্দুস সাত্তারের খুনের পর সি.পি এম-এর আব্দুল লতিফ বা আব্দুল রসিদ, সে খুন হয়েছে। আমি বলছি এটাও দুঃখের ঘটনা। খুন যেই হোক না কেন সে সি পি.এম এর হোক বা কংগ্রেসের হোক সেটা দুঃখজনক ঘটনা হচ্ছে এবং আমি বলছি এটা পুলিশের ব্যর্থতা। পুলিশের ব্যর্থতা স্যার, আপনি এই হাউসে গত পরশুদিন দেখেছেন। চারিদিকে ১৪৪ ধারা জারি করা আছে অথচ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় গেট দিয়ে ঢুকতে পারলেন না। তিনি দেখলেন গেট ঘেরা, তিনি চলে গেলেন পশ্চিম দিকের গেটে, গিয়ে দেখলেন সে গেটও বন্ধ, তিনি ঢুকতে পারলেন না। তারপর তিনি চলে গেলেন দক্ষিন দিকের গেটে, গিয়ে দেখলেন সেটাও বন্ধ। শেষ পর্যন্ত পুলিশ তাঁকে ধরে কোনরকমে গেট দিয়ে ঢোকালেন। কতকগুলি মহিলা সেখানে শুয়েছিল, তিনি তাদের উপর দিয়ে চলে এসেছেন-কেউ বলছেন তিনি মাড়িয়ে এসেছেন, কেউ বলছেন মাড়ান নি, আমি সেটা জানি না, মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় সেটা ভালো বলতে পারবেন। স্যার,এই হচ্ছে পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলার অবস্থা। বর্ধমানের কেন্দাডির ঘটনা, কেশপুরের নৃসংশ হত্যাকান্ড, নৈহাটিতে পুলিশের গুলিতে শিশু সহ তিনজন খুন এইসব ঘটনার কথা সকলেই জানেন আমি আর বেশি বলছি না, আমাদের পক্ষের অন্যান্য মাননীয় সদস্যরা আইন-শৃঙ্খলার অবস্থার কথা বলবেন, আমি এবারে অর্থনৈতিক অবস্থার কথা বলতে চাই। স্যার গত মার্চ মাসে আমাদের ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়েছে। অশোকবাবু এখন এখানে আছেন, তিনি স্বাস্থ্য উদ্ধারের জন্য বিদেশে গিয়েছিলেন, স্বাস্থ্য উদ্ধার করে ফিরে এসেছেন সেজন্য তাঁকে ধন্যবাদ, আমি জানি না তিনি এ ব্যাপারে উত্তর দেবেন, না মাননীয় মুখ্যমন্ত্রী দেবেন, যাইহোক আমি আমার কথাগুলি বলছি। সকলেই জানেন যে ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা গত মার্চে শেষ হয়েছে। এই পরিকল্পনা রূপায়নের ব্যাপারে পশ্চিমবঙ্গের পারফরমেন্স হচ্ছে সবচেয়ে ওয়াষ্ট ইন ইনডিয়া। ৩ হাজার ৫০০ কোটি টাকা মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে এবং অফিসারদের সঙ্গে আলোচনা করে ঠিক হয়েছিল কিন্তু এই ৩ হাজার ৫০০ কোটি টাকার মধ্যে পশ্চিমবঙ্গ খরচ করতে পেরেছেন অনুমান ২ হাজার দুশো কোটি টাকা মাত্র। গাডগিল ফর্মূলায় অন্যান্য ষ্টেটে যা পেয়েছে, একই অংশ তাদের রাজ্যের কনট্রিবিউশান। ৩ হাজার ৫ শত কোটি টাকার মধ্যে ১ হাজার ১ শত কোটি টাকা কেন্দ্রের ছিল, আর এই রাজ্যের ১৩ শত কোটি টাকা। ৫ বছরে খরচ হয়েছে ২ হাজার ২ শত কোটি টাকা। তার মধ্যে কেন্দ্র দিয়েছে ৮৭ পারসেন্ট তাদের কনট্রিবিউশান এবং পশ্চিমবঙ্গ সরকার দিয়েছে ১৩ পারসেন্ট, যেখানে কন্ট্রিবিউশান দেওয়ার কথা ছিল পশ্চিমবঙ্গের ৬৭ পারসেন্ট, কেন্দ্রের ৩৩ পারসেন্ট। সেখানে যে খরচ হয়েছে সেই খরচের শতকরা ৮৭ ভাগ দিয়েছে কেন্দ্র, আর ১৩ ভাগ দিয়েছে মাত্র পশ্চিমবঙ্গ সরকার। তবুও এই সরকার কেন্দ্রের ডিস্ক্রিমেশানের কথা বলেন। স্যার, এটা অত্যন্ত দুঃখজনক অবস্থা যে পার ক্যাপিটা ইনকামের দিক থেকে গোটা ভারতবর্ষের মধ্যে এই রাজ্যের স্থান হচ্ছে পঞ্চম অর্থাত টুয়েলভ হান্ড্রেড রুপিস। এই রাজ্যের প্ল্যানের প্রয়োজন টাকাও এই সরকার সংগ্রহ করতে পারেনি। তবুও এই সরকার তাদের অক্ষমতা ঢাকবার জন্য কেন্দ্রের উপরে দোষ চাপাচ্ছেন। এখানে আমি আর একটা কথা উল্লেখ করতে চাই। West Bengal is the only state which has received the highest benefit in respect of Over Draft adjustment policy. এখানে আমরা কি দেখছি? আমরা দেখছি যে ১৯৮১-৮২ সালে ওয়েষ্ট বেঙ্গলের আউটষ্ট্যান্ডিং ড্রাফট ৩৪০ কোটি টাকা সেটাও কনভার্টেড করা হয়েছিল মিডিয়াম টার্ম লোনে। ১৯৮২-৮৩ সালে ৯০ কোটি টাকা ছিল। সেটাও এ্যাডজাষ্টেড এ্যাজ মিডিয়াম টার্ম লোন। তারপরে In the year, 1984-85 an additional sum of Rs.306 was adjusted as medium term loan. আজকে যোজনা কার্যকরী করার ব্যাপারে সবচেয়ে দুঃখ মত অবস্থায় কারণ তাদের সম্পদের অভাব নয়, রাজ্য সরকারের সদিচ্ছার অভাব। প্ল্যানে এই রাজ্য সবচেয়ে লোয়েষ্ট প্রাইওরিটি পেয়েছে। The following figures will indicate as to how the development has become worst in the hands of Left Front Government. During 1972-77 ,when the Congress Party was in power, the developmental expenditure was steadily increasing from 12 per cent to 21 per cent. Since the date, when the Left Front Government came in power, the clock was moving in the riverse direction. The developmental expenditure has declined from 21 per cent to 13 per cent . I do not know what would be the actual figures in the year 1984-85.....

মিঃ স্পীকারঃ- মাননীয় সাত্তার সাহেব, আপনি কি ডকুমেন্ট পড়ছেন? ডকুমেন্ট পড়তে গেলে নিয়ম হচ্ছে হাউসে লে করতে হবে।

[1.50 - 2.00 P.M.]

শ্রী আব্দুস সাত্তারঃ- স্যার, আমি ডকুমেন্ট পড়ছি না। আমার কাছে ফিগার লেখা আছে, আমি সেটা পড়ছি। স্যার, পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রের বিরুদ্ধে সব সময়ে বলে থাকেন যে তারা কাজ করতে পারছেন না। তার জন্য কেন্দ্র দায়ী। কিন্তু পাবলিক সেক্টরে দেখুন। পাবলিক সেক্টরে ইনভেষ্টমেন্ট হচ্ছে পশ্চিমবাংলাতে- গোটা ভারতবর্ষে পাবলিক সেক্টরে ইনভেষ্টমেন্টের গ্রোথ রেট হচ্ছে ১০৪ পারসেন্ট, আর পশ্চিম বাংলাতে হচ্ছে ১২১ পারসেন্ট। গ্রোথ ইন দি সেন্ট্রাল পাবলিক সেক্টার ১০৪ পার্সেন্ট, কিন্তু পশ্চিমবাংলাতে সেটা হচ্ছে ১২১ পার্সেন্ট। এটা থেকে দেখা যাবে পশ্চিমবঙ্গের প্রতি বৈষম্য কি রকম। এখানে গ্রোথ হচ্ছে- সেন্ট্রাল পাবলিক সেক্টারে গ্রোথ হচ্ছে ১২১ পার্সেন্ট, অল ইন্ডিয়া ফিগার হচ্ছে ১০৪ পার্সেন্ট। সুতরাং এটা কি করে ডিস্ক্রিমিনেশন হচ্ছে বুঝতে পারছি না। এটা বোধ কেন্দ্রের ডিস্ক্রিমিনেশনের একটা উজ্জ্বল দৃষ্টান্ত। আর একটা বিষয় দেখলে দেখা যাবে, জনতা সরকারের ৩ বছরের শাসনের সময়, যারা আপনাদের বন্ধু সরকার ছিল, এখন শত্রু সরকার বলেন, তখন দেখা গেছে ১৯৭৭,৭৮,৭৯ সালে এই রাজ্যে পাবলিক সেক্টারে ইনভেস্টমেন্ট ছিল ৬৮৪ কোটি টাকা। আর এই শত্রু সরকার যখন আছে, তখন দেখুন এই শত্রু সরকার তিন বছরে ১৯৮২-৮৩,৮৪ সালে ৬৮৪ কোটি টাকা ইনভেস্টমেন্টের জায়গায় বেড়ে হয়েছে ২২৩৫ কোটি টাকা। তাহলে ১৯৭৭ থেকে ১৯৭৯ সাল পর্যন্ত যখন জনতা সরকার ছিল, আপনাদের বন্ধু সরকার, তারপর যখন কেন্দ্রে ইন্দিরা সরকার এলো, তখন ৬৮৪ কোটি টাকা থেকে সেই ইনভেস্টমেন্ট ইন দি পাবলিক সেকটার, সেটা বেড়ে হলো ২২৩৫ কোটি টাকা। সুতরাং এর চেয়ে ডিস্ক্রিমিনেশন আর কি হতে পাড়ে? এই তো ডিস্ক্রিমিনেশনের একজাম্পল আপনারা দেখাচ্ছেন। তারপর আর একটা দেখুন, এই রুগ্ন শিল্প, যে সম্পর্কে কথা বলা হয়। এই রুগ্ন শিল্পের ব্যাপারে ট্রেজারী বেনচকে আমি নিশ্চয়ই মনে করিয়ে দিতে পারি, ওয়েস্ট বেংগলে Share in sickness of the industries one third of the whole Country. গোটা ভারতবর্ষে যা আছে তার এক তৃতীয়াংশ কনট্রিবিউশান এই ওয়েস্ট বেংগলে সিকনেশ এবং Institutional assistance provided by the Center to the sick Industries through IRCI and IRBI. ৮০ থেকে ৮৫ পার্সেন্ট since its inception in the early serecnties. তবুও ডিস্ক্রিমিনেশনের কথা বলা হয়। এরপর আসুন যে অর্থনৈতিক উন্নতির অবস্থা এই যে খারাপ হচ্ছে, তার জন্য দায়ী কে? স্যার, দেখা যাবে, হু ইজ রেসপন্সিবল Non-aveilability of the infrastructural inputs, lower capacity utilisation and loss of man days. আমি দেখবো এই বিদ্যুতে কত লোয়ার ক্যাপাসিটি এবং লস অব ম্যানডেজ। এইসবগুলো যদি দেখা যায় তাহলে দেখা যাবে পশ্চিমবাংলায় লস অব ম্যানডেজ হাইয়েস্ট ইন ইনডিয়া। যে সময় থেকে ওঁরা ক্ষমতায় এসেছেন, It is amezing that they have not realised the problem of power shrtage. এবং যেটা সবচেয়ে বড় ইনফ্রাষ্ট্রাকচার, উইদাউট পাওয়ার কোন দেশে ইনডাষ্ট্রিয়ালাইজেশন হতে পারে না। আজকে সেই পাওয়ারের ইটিলাইজেশন হচ্ছে কত? ৩৫ থেকে ৪০ পার্সেন্ট ইউটিলাইজেশন হচ্ছে। যেখানে পাওয়ারের ইউটিলাইজেশন ৩৫ থেকে ৪০ পার্সেন্ট হয় তাহলে সেই সরকার কি করে ইনডাষ্ট্রি গড়বেন? আমাদের মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন, বাইরের সমস্ত পুঁজিপতিকে এনে এখানে একটা ইনডাষ্ট্রির আবহাওয়া সৃষ্টি করতে চাইছেন এবং সেই আবহাওয়া আমার মনে হয় সমস্ত শেষ হয়ে যাচ্ছে এই ব্যাপারে। আজকে আমি তাই বলতে চাই, এখন ম্যানডেজ যেটা লস হচ্ছে, এটা একটা অস্বাভাবিক অবস্থা। আপনাদের যে মন্ত্রী, সেই মন্ত্রীকে আমরা সাপোর্ট করি, কিন্তু এতদিন আপনারা বিপ্লবী ছিলেন, হঠাৎ একটা নতুন মন্ত্র আপনাদের মুখ থেকে বেরিয়ে আসছে। জয়েন্ট সেকটার আমাদের কাছে নুতন নয়। এই সব জয়েন্ট সেক্টার, অন্যান্য প্রদেশে অন্যান্য রাজ্যে তারা ইনডাষ্ট্রির দিক থেকে অনেক এগিয়ে গেছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকার পিছিয়ে গেছে। আল্টিমেটলি দেখা যাচ্ছে, Good sence has came to the Left Front Govt. সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাবো, যে তিনি আজকে বিভিন্ন দেশ, যেমন আমেরিকা, কানাডা, ওয়েস্ট জার্মানি যে সমস্ত পুঁজিপতি দেশগুলো আছে, যে সব সাম্রাজ্যবাদী দেশগুলো আছে, সেখান থেকে তিনি আজকে নুতন একটা শিল্পনীতি গ্রহণ করেছেন। উনি তাদের এখানে এনে ইনডাষ্ট্রি করবেন, ওঁর মুখে আজকে আর বিপ্লবের কথা নেই, সেই জন্য ওঁকে ধন্যবাদ। উনি বুঝতে পেরেছেন দেশের জন্য কিছু করতে হলে পশ্চিমবাংলায় ইনডাষ্ট্রি বাড়াতে হবে, আজকে সেই জন্য ওঁকে ধন্যবাদ। কিন্তু একটা জিনিস আমি বুঝতে পারছি না, কথা চলছে, অনেক কিছুই চলছে, কিন্তু বিদ্যুতের ব্যাপারে কি হচ্ছে! এখনও যাঁরা এগিয়ে আসছেননা, তারা কি কারণে এগিয়ে আসছেন না? এখানে শিল্পমন্ত্রী আছেন, তিনি অনেক দেশ ভ্রমণ করেছেন, ভ্রমণের শেষ নেই, তবুও আমি বলব, মানুষের মনে আপনারা আশা জাগিয়েছেন পেট্রো-কেমিক্যাল ইনডাষ্ট্রি করবেন বলে। অর্থমন্ত্রী এখানে আছেন, তিনি জানেন এবং মুখ্যমন্ত্রী নিশ্চয়ই আরো ভাল জানেন পেট্রো-কেমিক্যাল ইনডাষ্ট্রি করতে যে খরচ হবে তার মধ্যে প্রায় ৮০পারসেন্ট টাকাই সেন্ট্রাল এ্যাডমিনিস্ট্রেটেড ফিনানসিয়াল ইনস্টিটিউসন গুলির কাছ থেকে আসবে, অর্থাত সেন্ট্রাল ফিনানসিয়াল ইনস্টিটিউসন গুলির কাছ থেকে আসবে, আর ২০ পারসেন্ট টাকার মধ্যে ফ্রম দি পাবলিক শেয়ার থাকছে ১০ পারসেন্ট বাকি ১০ পারসেন্ট-এর মধ্যে খুব জোর ৪ পারসেন্ট আমাদের পশ্চিমবঙ্গ সরকার দেবেন, ৩ পারসেন্ট গোয়েঙ্কারা দেবে এবং সর্বশেষ ৩ পারসেন্ট কোলাবরেটর্সদের কাছ থেকে আসবে। তাহলে এই তো হচ্ছে অবস্থা! অর্থাত রেশিওটা হচ্ছে ৪ঃ১। কিন্তু যে ভাবে প্রচার হচ্ছে তাতে মনে হচ্ছে সব টাকাটাই পশ্চিমবঙ্গ সরকার দেবেন।। এনি ওয়ে আমরা তথা আমাদের পার্টি চায় Stand for industrialisation of the state, I can assure the Treasury Barches that we are ready to extend our co-operation to implement these schemes. আমরা এর জন্য প্রস্তুত আছি। কিন্তু আপনারা অতীতে যে ভুল পথে গিয়েছিলেন, সেটা স্বীকার করুন। আজকে ভুল পথ থেকে ফিরে এসেছেন, সে জন্য আপনাদের ধন্যবাদ।

স্যার, সিকস্থ প্ল্যান শেষ হয়ে গিয়েছে, কিন্তু পারফরমেন্স খুবই খারাপ। বর্তমানে সেভেন্থ প্ল্যান আরম্ভ হয়েছে, তাতে আমাদের রাজ্যের জন্য মোট বরাদ্দ হচ্ছে ৪,১২৫ কোটি টাকা, এটা খুবই কম পরিমান টাকা। ইতিপূর্বে যদি ৩,৫০০ কোটি টাকা খরচ করতে পারতাম, তাহলে ৭০০০ কোটি টাকা আমরা পেতে পারতাম। সুতরাং অবস্থা খুবই খারাপ। আপনাদের পলিসির জনাই আজকে পশ্চিমবাংলার এই অবস্থা হয়েছে। আপনারা পশ্চিমবাংলাকে দেউলে করে দিয়েছেন। তাই আমরা বলছি কি অর্থনৈতিক সম্পদ সংগ্রহের ক্ষেত্রে, কি ল' এ্যান্ড অর্ডারের ক্ষেত্রে, কি শিক্ষা ক্ষেত্রে, কি স্বাস্থ্য ক্ষেত্রে, সমস্ত ক্ষেত্রে পশ্চিমবাংলা আজকে বিপর্যস্ত। হাসপাতালগুলির এমন অবস্থা হয়েছে যে সেগুলি সম্বন্ধে শুধু আমরা নই, এই সভার সমস্ত সভারা একই আওয়াজ তুলেছেন যে, আজকে সেখানে ওষুধ নেই, কুকুর মানুষ এক সঙ্গে খাচ্ছে, একটা বিভীষিকাময় অবস্থা হয়েছে, নরককুন্ডে পরিণত হয়েছে। তাই আজকে আমরা বলছি এই সরকার সর্বস্তরে ব্যর্থ হয়েছেন, তাঁদের ব্যর্থতা সর্বস্তরে প্রকট হয়ে উঠেছে। আর সমস্ত ডিপার্টমেন্টের দুর্নীতি বা কোরাপসন, দ্যাট হ্যাজ বিন ন্যাসনালাইজড, এই সরকার দুর্নীতিকে ন্যাসনালাইজড করে ফেলেছে। আজকে বিভিন্ন জায়গায়, জেলাপরিষদ, পঞ্চায়েত সমিতির মাধ্যমে লক্ষ লক্ষ টাকা তছরূপ হচ্ছে। এই সরকার কোনো দিকেই লক্ষ্য রাখছে না।, বেলডাঙ্গা সুগার ফ্যাক্টারীতে ৫৫ লক্ষ টাকা খরচ হয়ে গিয়েছে, অথচ আজ পর্যন্ত সেখানে কিছুই হয়নি এবং কিছু হবেও না, এটাই আমাদের বিশ্বাস। তাই আমি আজকে এই সরকারকে বলছি, Either you stay in West Bengal on you getout from the "Lal Bari."

[2.00 - 2.20 P.M.]

শ্রী জ্যোতি বসুঃ- মাননীয় স্পীকার মহাশয়, আমাকে এখনই বলতে হচ্ছে দুর্ভাগ্যবশতঃ কারণ এরপর আমি এখানে থাকবো না। আপনি আমাকে আগেই বলতে দিয়েছেন বলে আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি বিরোধী দলের নেতা শ্রী আবদুস সাত্তারের বক্তব্যের জন্য অপেক্ষা করছিলাম। উনি ঠিক তৈরী হয়ে আসেননি। উনি আজকে যে কথাগুলি বললেন সেই একই কথা আগেও বলেছেন, খালি একটি নতুন কথা বললেন যে, এখানে কোন আইন-শৃঙ্খলা নেই, কারণ কুকুরে একটি বাচ্ছাকে কামড়েছে, না খেয়েছে। এর মানেও তো কিছু বোঝা যাচ্ছে না। যাই হোক, এছাড়া আমি নতুন কিছু শুনিনি। এখানে আইন-শৃঙ্খলার ব্যাপারে বারে-বারে যা বলি তাই বলছি। আমাদের অনেকেই মারা গেছেন। কংগ্রেসীরা বলছেন ওদেরও অনেক মারা গেছেন। ওঁরা বলছেন ২ হাজার। আমি বলছি, নামগুলি ছাপান তাহলে অন্তত জানা যাবে মারামারি গোলাগুলির ফলে যারা মরেছে তাদের মধ্যে ক'জন সমাজ-বিরোধী, নিজেদের মধ্যে দাঙ্গা-হাঙ্গামায় মরেছে এবং তারা কংগ্রেসের কোন দলে বা উপদলের মধ্যে ছিল তা বার করতে পারবো । কিন্তু আজ অবধি তাঁরা এটা ছাপলেন না। আমরা তো ছাপিয়ে দিয়েছি যে, আমাদের এই এই লোক মারা গেছেন, তাঁদের এই এই ঠিকানা, এই এই নাম এবং এই এই কেসে মারা গেছেন। কিন্তু ওঁরা এখনও তা দিচ্ছেন না, আশা করি দেবেন, এই এ্যাসেম্বলী আজকে শেষ হয়ে যাবে, তারপর তাড়াতাড়ি ছাপিয়ে দেবেন। এটা আমাদের খুবই দরকার। তারপর কলকাতায় যে পৌরসভার নির্বাচন হয়ে গেল সেখানে আমি নয়, কংগ্রেসের একজন নেতা বললেন যে, '' এই গুন্ডা-বাহিনীদের দাঁড় করান হচ্ছে কেন'' এইসব সমাজ-বিরোধীদের দাঁড় করানো হচ্ছে কেন''? আবার কংগ্রেসের এখজন ভদ্রলোক বললেন, '' না, যে অবস্থা দেখছি তাতে এরাই ভোট পাবে''। জনগণ সম্বন্ধে এইকথা বলেছেন। তবে খানিকটা যে ঠিকই সে বিষয়ে কোন সন্দেহ নেই। কারণ এটা বলার পর আমি খোঁজ নিয়েছিলাম ওঁরা তো সবই গুন্ডাদের দাঁড় করাননি, কিন্তু গুন্ডা-হিসাবে, সমাজ-বিরোধী হিসাবে নাম আছে, পাড়ার লোক সেইভাবে জানে এইরকম ১৫ জনকে ওঁরা দাঁড় করিয়েছিলেন। তারমধ্যে ১০ জন জিতেছে। কাজেই যিনি, কংগ্রেসের যে নেতা বলেছিলেন-'' হ্যাঁ এটাই করতে হবে, এরাই জিতবেন'', তিনি কি মনে করে বলেছিলেন জানি না, তবে যেখানে যেখানে জিতেছে সেখানে সেখানে সেইসব মানুষের কাছে আমাদের যেতে হবে এবং বলতে হবে যে ঐসব লোককে ভোট দেওয়া ঠিক হয়নি। অবশ্য সেটা আলাদা কথা, কিন্তু ওঁদের মধ্যে যে সমাজ-বিরোধী আছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। ওঁরাই ত্রে মারামারি, দাঙ্গা-হাঙ্গামা করেন, ওঁরাই ভাঙেন, ওঁরাই গন্ডগোল করেন, তারপর এসে বলেন যে আইন-শৃঙ্খলা নেই। নিজেরা শৃঙ্খলা ভাঙলে শৃঙ্খলা থাকবে কি করে? নিজেরা আইন ভাঙলে আইন থাকবে কি করে? এটা তো সহজ কথা। সেইজন্য বার-বার এইসব একই কথা বলে লাভ নেই। নিজেদের ঘর সামলান, রোজ দিল্লী দৌড়াচ্ছেন, রোজ কাগজে বেরুচ্ছে, রাজীবগান্ধীর সঙ্গে দেখা করবেন, অমুক দিন দেখা করবেন, দেখা পাচ্ছেন না- এই করে কংগ্রেসের কি হবে। সুতরাং আমি সেইজন্য বলি, এসব করে লাভ নেই। সরোজবাবুর কথা সম্বন্ধে যা বলা হয়েছে, তাঁর প্রসঙ্গে আমি বলছি যে, এটা আমরা ছাপিয়েছি এবং আপনারাই বেশীরভাগ খুন করিয়েছেন, বেশীরভাগ ক্ষেত্রে অপরাধ আপনাদেরই। তবে আমি বলছি না যে, কোন ক্ষেত্রেই আমাদের পক্ষের মানুষদের অপরাধ নেই, কিন্তু ওভারহোয়েলমিং কেসে কংগ্রেসীরাই এইসব প্রথমে শুরু করেন, তারপর তাঁরা সামলাতে পাবেন না। তারপর আমি বলছি যে এটা ঠিকই এক হিসাবে কংগ্রেসের সঙ্গে আমাদের তুলনা করা খুবই কঠিন, কারণ এইসব রেকর্ড আমরা করতে পারিনি, যা ওঁরা দেড়দিনে করেছিলেন। দেড়দিনে দিল্লীতে ৩ হাজার শিখ নারী-পুরুষ এবং শিশু খুন হয়েছিল, কারা তার নেতৃত্ব দিয়েছিল? কংগ্রেস নেতৃত্ব দিয়েছিল। এখানে এই পশ্চিমবাংলায় তাঁরা শুরু করেছিলেন। কিন্তু ২।৪ বার গুলি চালাবার পর ঐসব বন্ধ করেন। প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী নিজে আমাকে ডেকে বলেন, ''আপনি যখন ফিরে যাচ্ছেন কলকাতায়- আমি বললাম, আমাকে কলকাতায় যেতে হবে, কারণ আমি খারাপ খবর পাচ্ছি-তখন কংগ্রেসীদের কাছে খবর পাঠিয়ে দিচ্ছি।''তিনি আরো বললেন, ''দিল্লীতে অভাবনীয় কান্ডকারখানা হচ্ছে। আমি সৈন্য-সামন্ত নামিয়েছি। আপনি তো বিকালে চলে যাবেন, আপনি যান, আমি অন্যান্য মুখ্যমন্ত্রীদেরও বলছি''। আমি বলেছিলাম, আমি গেলে কি হবে, গোলমাল করলে গুলি করতে হবে, কিন্তু আপনি খবর পাঠালে আমার মনে হয় অনেকটা শান্ত থাকবে। তারপর এখানে আসার পর কংগ্রেসের কিছু বন্ধুরা আমাদের সঙ্গে দেখা করেছিলেন। তাঁরা বলেছিলেন আমরা এইসব একেবারে চাইনা। কিন্তু আমি বলেছিলাম, এর আগেই ঐসব লোকেরা ১৪টি বাসে আগুন লাগাতে গেল, নষ্ট করতে গেল, ট্রামে আগুন লাগালো এবং ওরা কংগ্রেসের লোক। এটা কেন করলো? এখন মুসকিল হচ্ছে কংগ্রেসের লোক বলা আমার পক্ষে কঠিন। কারণ ওরাও কংগ্রেস এবং ওরা আমাকে বললেন, ওঁদের আমরা জানি না, ওঁরা যাদের অনুসরণ করেন, সেই নেতাদের আপনি বলুন''। কংগ্রেসে বহু উপদল তো, সেইজন্য মুসকিল হয় তবে যাঁরা আমার কাছে এসেছিলেন, তাঁরা কথা রেখেছিলেন এবং পরে কোন জায়গায় একটিও গোলমাল হয়নি। কিন্তু প্রথমে ওঁরাই শুরু করেন। সুতরাং আইন-শৃঙ্খলার কথা বলে লাভ কি? ওঁদের লোকেরাইতো সেদিন গুরুদ্বারের কাছে কংগ্রেসের ঝান্ডা উড়িয়ে দিয়েছিলেন, যার ছবিও বেরিয়েছে। আবার তাঁরাই বলছেন আইন-শৃঙ্খলার কথা। সাত্তার সাহেবও বলে গেলেন আইন-শৃঙ্খলার কথা। কোন অধিকারে সেদিন ঐ জিনিস করেছিলেন? আবার ধর্মের কথা বলছেন,। আইন-শৃঙ্খলার কথা বলছেন এখানে? সেদিন গুরুদ্বারের কাছে কংগ্রেসী ঝান্ডা লাগিয়ে দিয়েছিলেন কোন আইনে? এইসব কাজ করলে আইন-শৃঙ্খলা থাকতে পারে না। এখানে ওঁরা বলেছেন-অবশ্য এটা নতুন কথা নয়- এক বছরে পশ্চিমবঙ্গে ৬০০০ হাজার খুন হয়েছে। আপনাদের কংগ্রেসশাসিত রাজ্যগুলিতে তো এই রকম ১২ হাজার, ২৪ হাজার খুন হচ্ছে। কাজেই এই এক বছরের খুনের হিসেবটা দিয়ে লাভ কি? গত বাজেটের সময়ে আমরা সব খুনের হিসেবটাই তো দিয়েছি। আর এই হিসেবটা আমরা কেন্দ্রের কাছ থেকেই জোগাড় করেছি। ওঁরা সেই হিসেবে দেখিয়েছেন যে, সব থেকে কম খুন হয়েছে আমাদের রাজ্যে। আমাদের এখানে সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা হয়না বা সিডিউল্ড কাষ্ট, সিডিউল্ড ট্রাইবের উপর কোন আক্রমণ হয়না। আপনাদের কংগ্রেস রাজত্বের প্রতিটি জায়গায় হামেশাই এইসব হিংসাত্মক ঘটনা ঘটে। সেখানে অপমানিত হচ্ছেন নারীরা, শিশুকে পুড়িয়ে মারা হচ্ছে। এইসব কংগ্রেস রাজত্বে হচ্ছে। কংগ্রেস এইসব শুরু করেন, কিন্তু পরে সামলাতে পারেন না, এবং তখন এসে বলেন-'' দেশের ঐক্য চাই, সংহতি চাই। আপনারা আসুন, সবাই মিলে আমাদের সঙ্গে বসুন, '' কিন্তু দেখা যাচ্ছে যে, যখন যা কিছু হয়েছে- শুরু করেছে কংগ্রেস। আজকে আসাম বলুন, পাঞ্জাব বলুন বা ভিন্দ্রানওয়ালের ব্যাপারই বলুন- এইসব কারা তৈরী করেছেন?এইসব বিরোধীরা যে করেননি-সেটা রাজীব গান্ধীও জানেন এবং ওঁরাও তো জানেন। কাজেই ওঁদের মুখে এইসব শোভা পায় না, এইটুকুই শুধু আমি বলতে চাই। আর বিশেষ কিছু বলছিনা, কারণ আমাকে এক্ষুনি দিল্লী চলে যেতে হবে। তবে এখানে অর্থনীতি সম্বন্ধে ওঁরা দুই-চারটি কথা নিশ্চয়ই বলবেন। কিন্তু আমি খালি আশ্চর্য হয়ে শুনছিলাম যে, সাত্তার সাহেব তাঁর ভাষণের মধ্যে কোথায়ও বললেন না যে আমাদের এখানে বিগত ২০ বছর ধরে কোন আধুনিক শিল্প হোল না কেন! কেন এখানে ইলেকট্রনিকস হোল না, কেন পেট্রোকেমিক্যাল হোল না, কেনই বা শীপ-বিল্ডিংয়ের একটি ইয়ার্ড হোল না? কিন্তু এই সমস্তই তো এখানে হবার কথা ছিল। এখানে ট্রাক তৈরীর একটি কারখানা করবার কথা ছিল কেন্দ্রের, কিন্তু তাও হোল না। এগুলো তো আমরা এককভাবে কেন্দ্রকে করতে বলিনি। বলেছিলাম আসুন, আমরা-আপনারা যৌথভাবে এগুলো করি। এগুলো যে জয়েন্ট সেকটরে করতে চাই- সেটাতো আমরা ওঁদের বলেছিলাম। এক্ষেত্রে বলেছিলাম ৪০ পারসেন্ট দিক কেন্দ্র, ৪০ পারসেন্ট দেবো আমরা এবং বাকী ২০ পারসেন্ট দেবেন অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলির যাঁরা আমাদের সাহায্য করতে

চান তাঁরা। এইটুকুইতো বলা হয়েছিল। এটা ওঁরা পাঁচ বছর ধরে বিবেচনা করলেন। তারপর বললেন, "পরিকল্পনাতো ঠিকই আছে, কিন্তু আমাদের টাকা নেই। কাজেই সপ্তম পরিকল্পনায় আমরা কিছু করতে পারবোনা। তবে আপনাদের ফিজিবিলিটি রিপোর্ট আছে বলে বলছেন। কাজেই এগুলো যদি করতে পারেন তো করুন।" তখন যখন প্রাইভেট সেকটর এক্ষেত্রে এগিয়ে এলো- আমরা খুশী হলাম। অবশ্য আমরা জানতাম না যে তাঁরা এগিয়ে আসবেন। ওঁরা এগিয়ে এলেন যখন, তখন আমরা পাঁচ মিনিটও লাগেনি এ- ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে। আমি তাঁদের বললাম "কোথা থেকে কি করে করবেন?" ওঁরা বোঝালেন, "এই এই করে করবো।" আমি বললাম- "ভাল; কিন্তু এক্ষেত্রেও কেন্দ্রের অনুমোদন দরকার হবে, কিন্তু তা কবে পাবো জানিনা, কারণ প্রডাকট মিকস-এসব একটু বদলাতে হবে।" আমরা কোম্পানী করেছি। ব্যবস্থা হয়েছে যে, আমরা প্রাইভেট সেকটরের সঙ্গে যৌথভাবে কোম্পানী করবো, কিন্তু সেক্ষেত্রে মেজারিটি শেয়ার আমাদের থাকবে-এসব আছে। কিন্তু এসব তো বললেন না যে, ইলেকট্রনিকস কারখানা হলো না কেন, কেন হিনসান ইলেকট্রনিকসকে হরিয়ানায় নিয়ে গেলো, কেন সেটা বিধাননগরে হোল না? এ-ব্যাপারে শ্রীমতি গান্ধী বলেছিলেন যে, যেহেতু পশ্চিমবঙ্গ একটা বর্ডার স্টেট সেহেতু কোন ইলেকট্রনিকস কারখানা এখানে করা ঠিক হবেনা বলে অফিসাররা রিপোর্ট দিয়েছেন। আজকে তাহলে পাঞ্জাবে এ্যাটমিক স্টেশন করবো'-এটা কংগ্রেস বলছেন কি করে? কংগ্রেসের জমিদারী নাকি যে, পাঞ্জাবের নির্বাচনী মানিফেষ্টোতে তাঁরা লিখছেন- 'ওখানে এ্যাটামিক ষ্টেশন করে দেবো, ফলে বিদ্যুতের কোন অভাব থাকবেনা? ৩৮ বছর ধরে কোন দিন শুনিনি যে, নির্বাচনী ম্যানিফেষ্টোতে এসব থাকতে পারে। কিন্তু ওঁরা বলছেন যে, আমরা এসব করে দেবো। আবার অর্থমন্ত্রী নিজে গিয়ে বলে এলেন 'করে দেবো'। অর্থ কমিশন কিছু জানতেন না, আমরাও কিছু জানিনা এবং যেখানে কিছুই ছিল না, সেখানে তিনি বললেন- 'ইনটিগ্রেটেড কোচফ্যাকটরী করবো'। একটি কোচ ফ্যাকটরী করলে ওঁরা যদি ঠান্ডা হয় তো খুবই ভাল, কারণ ওরাও ভারতীয়। কিন্তু আমাদের এখানে ওয়াগন ইন্ডাষ্ট্রি কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণে রয়েছে, একটিমাত্র রয়েছে প্রাইভেট সেকটরে। এই ওয়াগনের অর্ডার কি করে ২৫ হাজার থেকে ৫ হাজারে, তারপর আড়াই হাজারে নেমে এলো- সাত্তার সাহেব সেটা বলুন না! উনি নাকি সহযোগিতা করবেন! কি সহযোগিতা করবেন উনি? কোন বিষয়ে সহযোগিতা করবেন, যাতে আমাদের সমস্ত সর্ব্বনাশ হয়ে যায় সেই বিষয়ে? আপনারা অনাস্থা প্রস্তাব এনেছেন, ভাল কথা। আপনাদের যদি আমাদের উপর আস্থা থাকে বা থাকতো তাহলে আমরা বুঝতাম সর্ব্বনাশ হয়েছে দেশের। তারপর হচ্ছে ম্যানডেজ নষ্ট। সাত্তার সাহেব কি একটা হিসাব দিয়ে বললেন- বিদ্যুৎ নেই। হরিয়ানায় কি বিদ্যুৎ আছে, যেখানে নাকি শুনেছি প্রতিটি গ্রামে বিদ্যুৎ আছে? ৮০ পারসেন্ট কাট। দক্ষিণ ভারতে যান, বিহারে যান- কোন বিদ্যুৎ আছে নাকি বিহারে? উত্তরপ্রদেশের কতকগুলি অঞ্চলে যান, বিদ্যুৎ আছে সেখানে? সাত্তার সাহেব বললেন না তো আমাদের মেটিরিয়ালসের কথা, ফ্রেট ইকুলাইজেসানের কথা? বিহারের মেট্রিরিয়ালস চলে যাচ্ছে ২ হাজার, ৩ হাজার মাইল দূরে, তারা কারখানা তৈরী করবে কিন্তু আমাদের যে কাঁচা মাল দরকার সেটা তো আমরা পাচ্ছি না এক দামে, কনট্রোল রেটে? আর আমরা দেখলাম উত্তরপ্রদেশে- প্রায় অবিশ্বাস্য ব্যাপার, কিন্তু ঠিক হয়ে গেছে- ১৮০০ কিলোমিটার পাইপ লাইন হয়েছে। ওই যে বম্বে গ্যাস, যে কথা বার বার কেন্দ্র আমাদের বলে গ্যাসে কম খরচা লাগে যেহেতু ওরা পেট্রল পেয়েছে, গ্যাস পেয়েছে। সেই জন্য একবার ডাঃ মিত্র বলেছিলেন যে তাহলে আমাদের এখান থেকে যেমন কাঁচা মাল হিসাবে কয়লা যায় বা অন্য জিনিষ যায় তেমনি পাইপে করে গ্যাসটা আমাদের এখান দিয়ে নিয়ে আসুন না সস্তা হবে। এই কাজ কে করছে। ওই যে জমিদারি আছে কেন্দ্রের, সেই জমিদারির টাকা দিয়ে এই সব হচ্ছে। কেন্দ্র টাকা কোথা থেকে পাচ্ছে? আমাদের টাকা যায় না কেন্দ্রে? বলছে অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলি নাকি কংগ্রেসের জমিদারি। কংগ্রেসের জমিদারি নয় সেটা। সেন্ট্রাল গর্ভনমেন্ট ১৮০০ কিলোমিটার পাইপ লাইন নিয়ে যাচ্ছে, একটা পয়সা খরচা নেই উত্তরপ্রদেশ সরকারের। কিন্তু সেই দিকে আমরা দেখতে পাচ্ছি ওরা আমাদের পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স করতে দিল না। যে টাকা দরকার তার ৪০ পারসেন্ট আমরা খরচা করবো বলেছিলাম। ইতিমধ্যে ১২০০ কোটি টাকা মহারাষ্ট্রকে দিয়ে দিয়েছে। উত্তরপ্রদেশে এ্যারোমেটিক প্লান্ট না কি বলেন ওনারা ১২০০ কোটি টাকা স্যাংসান হয়ে গেছে। কোথা থেকে স্যাংসান হয়? কে করলো, কেন করলো? আমাদের কথা একবারও চিন্তা করলেন না ওনারা? এতোদিন ধরে আমরা এর জন্য বলছি। সাত্তার সাহেব তো একটু চিন্তা করবেন। আবার আপনি আমাদের পদত্যাগ করতে বলেন আমরা পদত্যাগ করলে আপনি তো লিডার অফ দি অপোজিসান থাকবেন না, চাকুরী কেন খোয়াবেন? যখন আপনারা বলছেন যে আমাদের এখানে বিদ্যুৎ নেই এটা নেই, সেটা নেই তখন সৌভাগ্য বশত- নানা কারণের মধ্যে আমি যাচ্ছি না, তবে আপনাদের খুশী হবার কথা যে, শিল্পপতিরা এখানে আসছেন। হয়ত তাঁদের অভিজ্ঞতা হয়েছে মহারাষ্ট্রে, অভিজ্ঞতা হয়েছে গুজরাটে, অভিজ্ঞতা হয়েছে পাঞ্জাবে বা অন্য কোথাও সেই জন্য এখানে তাঁরা ইনডাষ্ট্রি করতে আসছে। শুধু আমার কথায় কি তাঁরা ইনডাষ্ট্রি করবেন? তা তো তাঁরা করবেন না সে প্রাইভেট সেকটার বড় হোক ছোট হোক। ওই যে সাত্তার সাহেব বললেন না যে এক-তৃতীয়াংশ কারখানা বন্ধ। গোটা ভারতবর্ষে ৮৪ হাজার কারখানা বন্ধ আছে এবং সেটা প্রাইভেট সেকটারে। সেই জন্য আমরা কেন্দ্রীয় সরকারকে বার বার বলি যে স্টেট সেকটারকে আমরা আপনারা সবাই মিলে শক্তিশালী করতে হবে। এই ক্ষেত্রে একটা ভবধারা আছে যে প্রাইভেট সেকটার সব ঠিক করছে আর স্টেট সেকটারে যত গোলমাল। স্টেট সেকটারে গোলমাল আছে কিন্তু এই ৮৪ হাজার কারখানা কাদের? প্রাইভেট সেকটারের, এটা মনে রাখতে হবে। আমাদের এখানে কিছু আছে, এটাকে সবাই মিলে ঠিক করতে হবে। কিন্তু কেন্দ্রীয় সরকার কি করলেন? ওনারা বললেন নুতন রুলের কথা। ওনারা বললেন যে, যদি আপনারা জাতীয়করণ করতে চান- আমরা কয়েকটা হাতে নিয়েছি এবং কেন্দ্রের হাতে অনেকগুলি আছে- তাহলে পাস্ট লায়েবিলিটিস যেগুলি আছে সেইগুলির আপনাদের ভার নিতে হবে। কেন ভার নেব? ওই যে কংগ্রেসের জমিদারি। ব্যাঙ্ক থেকে তাদের টাকা দেওয়া হয়েছে। প্রাইভেট যাঁরা ব্যবসা করেন তাঁরা নিজের টাকা দিয়ে ব্যবসা করেন নাকি, নুতন কিছু কথা শোনাচ্ছেন না কি? তাঁদের টাকা দিলেন, কিন্তু কোন তদারকি থাকলো না, কোন মনিটারিং থাকলো না! এক সময় শ্রমিকদের টাকা মেরে দিয়ে, প্রাভিডেন্ট ফাণ্ড মেরে দিয়ে, ঝগড়া বিবাদ করে বা এমনও হতে পারে সেই প্রোডাক্ট আর বাজারে বিক্রি হচ্ছে না বা যে কোন কারণেই হোক সব শেষ করে দিয়ে তাঁরা চলে গেলেন। আমরা যখন শ্রমিকদের বাঁচাবার জন্য বলছি যে চলুন সবাই মিলে এটা করি। তখন কংগ্রেসীরা কি বলছেন? এই লোকসভা নির্বাচনের সময় অভুক্ত লোকগুলোকে বললেন যে কংগ্রেসকে ভোট দাও, দিল্লীতে তো কংগ্রেস সরকার হবে সব কারখানা খুলে দেব। না, কারখানা একটার পর একটা বন্ধ করছে কেন্দ্রীয় সরকার। তাঁরাই সম্পূর্ণ অপরাধী। কারখানা খোলা রাখা, কারখানা বন্ধ করা এই সমস্ত দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। ঐ বলছেন না, ব্যাঙ্ক গুলো থেকে টাকার ব্যাপারে- এগুলো কি কংগ্রেসের জমিদারী? এগুলো তো কেন্দ্রীয় সরকারের, তা তাঁরা দায়িত্ব নিচ্ছেন না কেন? অর্থমন্ত্রীর সঙ্গে আমার হয়ত দু-চার দিনের মধ্যে দেখা হবে। ওঁকে অনেকদিন আগে একটা চিঠি লিখেছিলাম এবং প্রধানমন্ত্রীকেও বলে এসেছিলাম যে, এটা কেন করছেন? এখন ধরুন, আমরা ৪ টা জাতীয়করণ করেছি, আরও ৮।১০ টা করতে পারি। কিন্তু পাষ্ট লায়াবিলিটিজের ভার যদি আমাদের নিতে হয়, তাহলে সেটা আপনাদের পক্ষে যেমন মুশকিল, তেমনি আমাদের পক্ষেও মুশকিল। কি করে করবো এটা? স্বাভাবিক ভাবেই করতে পারি নি। যেখানে হয়ত আমাদের ক্ষতিপূরণ ২ কোটি টাকা দিতে হবে, সেখানে ওসব নিলে ৪ কোটি টাকা দিতে হবে। এসব কোথা থেকে দেব? আমাদের তো টাকা নেই। তাহলে তো আমাদের এগুলো ছেড়ে দিতে হবে। কেন্দ্রীয় সরকার নোটিফিকেশনগুলো উইথড্র করে নিচ্ছেন। যাইহোক, এইসবের বিরুদ্ধে আমার মনে হয় যে, আই.এন.টি.ইউ.সির একটা অংশ আছেন।

ওঁরা এই ব্যাপারে এক মত যে, এগুলো বদলানো দরকার। এটা বদলালে আমরা অনেক শ্রমিককে বাঁচাতে পারবো। আর একটা ভাল জিনিস হয় যখন শ্রমিকরা কারখানা খোলবার কথা বলেন- এমনিতেতো ওঁদের মধ্যে বিবাদ আছে, একটা কারখানাতে ৩/৪ টা ইউনিয়ন আছে, কিন্তু যখন কারখানা খোলবার কথা বলেন- তখন ওঁরা এখানে আসেন বা দিল্লীতে যান, সবাই একসঙ্গে বলেন। আমি অন্তত শতকরা ৯৯ ভাগ ক্ষেত্রে দেখি, ওঁরা একসঙ্গে এসে কথা বলেন। ওঁরা বলেন যে, আপনারা সাহায্য করুন আমরা দিল্লীতে যাচ্ছি। কিন্তু এই আইনটা যদি বলবৎ থেকে যায়, তাহলে কি হবে অর্থমন্ত্রী আমাকে এখনও জবাব দেন নি। দেখি, দেখা হলে উনি কি বলেন? তারপর আমরা দেখব কি করতে পারি? আমরা চাই যে এগুলো সব খুলে যাক। কংগ্রেসীরা বলেছিলেন যে সরকার হলে ওঁরা সব খুলে দেবেন। কিন্তু উল্টোটা হচ্ছে। সরকার হবার পরেই তো এটা হল এবং বন্ধ হয়ে যাচ্ছে একটার পর একটা একটা কারখানা। নোটিফিকেশনগুলো একটার পর একটা ওঁরা তুলে নিচ্ছেন। কিন্তু এগুলোর জন্য আমাদের চেষ্টা করতে হবে। এরবেশী আমি এ বিষয়ে আর বলতে চাই না। তারপর আমার শেষ কথা হল, সাত্তার সাহেব অনেক কষ্টে স্বীকার করেছেন যে, এখানে ম্যানডেস নষ্ট হচ্ছে। এখানে বিদ্যুৎ নেই, এটা নেই, ওটা নেই, এখানে আইন শৃঙ্খলা নেই। তবু এই মূর্খ লোকগুলো- প্রাইভেট সেকটারের ছোট বড় সবাই মিলে এখানে ইনভেষ্ট করছেন। এই কথাগুলো তিনি বলেছেন। তবে, এখানে খুব বেশী যে হয়েছে তা নয়। কিন্তু কতকগুলো প্রকল্প হচ্ছে, একথা তিনি বলেছেন। এখানে তো আপনি এগুলো বললেন, আবার প্রাইভেটলি গিয়ে ওঁদের কাছে বলবেননা তো যে, ওগুলো বক্তৃতাতে বলেছি, কিন্তু তোমরা এখানে কিছু করো না? এটা করবেন না- এটা করবেন না- এটা করবেন না। এটা করলে মহাপাপ হবে। তরপরে, এই কথা বলে আমি শেষ করছি। আমি কালকে দীঘা গিয়েছিলাম। ওখানে পুলিশের একটা বাড়ি তৈরী হয়েছে, হলিডে হোম'এর উদ্বোধন করতে। আমি যখন দীঘাতে যাচ্ছিলাম, তখন দেখলাম একটা বিরাট সাইনবোর্ডে লেখা আছে। 'দীঘা-তমলুক রেলওয়ের অফিস হবে।' সেই সাইনবোর্ডটা এখনও আছে। কি ব্যাপার? কি হল? ঐ বলে তো কাঁথিতে ভোটটা নিয়েছিলেন? কিছু লোককে ভুল বুঝিয়ে আর ভুলিয়ে ভোটটা নিয়েছিলেন? এই করেই তো ওখানে ভোট পেয়েছিলেন? দীঘা-তমলুকে ১০,০০০ হাজার লোকের চাকুরী হবে বলে ওখানে ফরমও বিলি করা হয়েছিল চারিধারে, আর অনাস্থা আনছেন আমাদের উপরে? অনাস্থা আনুন আপনাদের উপরে। রাজনীতি ছেড়ে চলে যান আপনারা। যাঁরা এই রকম মিথ্যা কথা বলেন, যাঁরা এই রকম অসত্য কথা বলেন, তাঁদের এটাই করা উচিত। শ্রমিক যাঁরা অভুক্ত, বেকারে যেখানে দেশটা ভরে আছে, সেখানে গোটা ভারতবর্ষে ২/৩ কোটি মানুষ এমপ্লয়মেন্ট একসচেঞ্জে নাম লিখিয়েছেন- গ্রামের কথা তো ছেড়েই দিচ্ছি-এই সমস্ত মানুষের কাছে এই ভাবে অসত্য কথা কেন বলেন আপনারা? দেশের মানুষকে আপনারা কেন বোঝাবেন যে, আপনারা আমাদের ভোট দিন, সব কিছু ঠিক হয়ে যাবে? ক্ষমাও তো চাইলেন না যে, আমরা ভুল বলেছিলাম, আমরা পারলাম না, আমরা পারবো না? ওখানে সাইনবোর্ডটা এখনও আছে-'দীঘা-তমলুক রেলওয়ে হবে। আরও কত কি- এখানে হবে, ওখানে হবে? আমরা শুনলাম- আমরা জানতাম, এখন কেন্দ্র থেকে লিখিত ভাবে জানিয়ে দিয়েছেন- যে, ঐসব ব্যাপারে কোন অনুমোদন ছিল না। আমি ওঁদের দু-একজনকে বলেছি যে, দেখুন, যাঁরা এগুলো প্রচার করেছিলেন, তাঁদের আপনারা সাইডট্রাক করে দিয়েছেন, এটা কিন্তু ঠিক হয় নি। ওঁরাই কিন্তু আপনাদের ভোটগুলো যোগাড় করে দিয়েছিলেন, তা ওঁরা যত অসত্য কথাই বলে থাকুন না কেন। নমস্কার।

Dr. Zainal Abedin:- Mr. Speaker, Sir, I rise on a point of order.I know that you have got the discretion. In the discussion on a non-confidence motion it is the usual practice that after the Members have spoken on the motion the Prime Minister replies to the dharges levelled against the Government. The mover of the motion has the right of reply. Every time you have allowed the Chief Minister to leave the House. In consideration of the gravity of the debate the Chief Minister should listen to the charges levelled by the other Members who are in favour of the motion. But Sir, the Chief Minister is not lestening to those charges. Sir, this is a grave irregularity. Although you have got the authority you should not exercise it unlimited.

Mr. Speaker:- When I have the authority, I have exercised it. I think there is no irregularity in it.

[2.20 - 2.30 P.M.]

শ্রী সুব্রত মুখার্জীঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আনীত অনাস্থা প্রস্তাবকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং তার পরিপ্রেক্ষিতে দুএকটি কথা আপনার কাছে নিবেদন করছি। স্যার, একটু আগে মুখ্যমন্ত্রীর বক্তৃতা শুনলাম। খুব মজার ব্যাপার যে প্রাথমিক যে জ্ঞান থাকা দরকার একটা মুখ্যমন্ত্রীর বক্তব্য রাখার সেই জ্ঞানটুকু পর্যন্ত তিনি হারিয়ে ফেলেছেন। আমার প্রথম কথা হচ্ছে ওর জবাবি ভাষণে বেসিক জিনিষ যেটা আমার নিজের ধারণা উল্টো দিকে যারা বসে আছেন তারাও একমত হবেন যে আমাদের আনীত যে প্রস্তাব তার পরিপ্রেক্ষিতে লিডার অফ দি হাউসে যে সমস্ত অভিযোগগুলি নিয়ে এসেছেন জ্যোতি বাবু ইজ দি ম্যান যে উত্তর দিলেন তার ধার দিয়ে গেলেন না। না গিয়ে কেন্দ্রের বিরুদ্ধে কি কি পাওনা-গন্ডা আছে সেইদিকে চলে গেলেন। আমরা বিরোধীদল, আমরা অভিযোগ করবো এবং সেই অভিযোগের যথার্থ উত্তর দেওয়া নৈতিক ও আইনগত দায়িত্ব তাঁর কিন্তু তিনি সেটা করলেন না। আগে জানতাম জ্যোতি বাবুর স্মৃতি দুর্বল হয়েছে কিন্তু আজকে ঘোষণা করতে পারি যে তাঁর স্মৃতি বিভ্রম হয়েছে। যদি স্মৃতি বিভ্রম না হয়ে থাকে তাহলে যে মানুষ একটা সময়ে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াইয়ের কথা বলতেন। যখন সিটুর ভাইস প্রেসিডেন্ট হিসাবে ছিলেন তখন মাল্টি ন্যাশানাল কোম্পানির বিরুদ্ধে লড়াই করবার কথা বলতেন।, একচেটিয়া পুজিপতির বিরুদ্ধে লড়াই করবার কথা বলতেন সেই মানুষই দীর্ঘ ৮ বছরে সরকারে থাকার পরে বিজাতীয় ব্যবসার বড় তামেদার হয়ে গেছেন। তাদের ব্রিফ নিয়ে ঘুরে বেড়াচ্ছেন। আজকে পুঁজিপতিদের সার্টিফিকেট নিয়ে গদি তাঁকে রক্ষা করতে হচ্ছে, এর চেয়ে বড় দুঃখের কথা আর নেই, এরজন্য তিনি সমস্ত নীতি এবং আদর্শকে ত্যাগ করেছেন। আমি তো জানি এই নিয়ে ওঁদের পাটির মধ্যে বিতর্ক আছে। আজকে যে জ্যোতি বাবু যে নীতিকে এবং যে পদ্ধতিকে নিয়ে এগিয়ে যাচ্ছেন তা নিয়ে ওঁদের দলের মধ্যে বির্তক আছে বরং সেই বিতর্কে উত্তরও তিনি যথার্থভাবে ওঁদের দিচ্ছেন না। শুধু ভোট আদায় করবার জন্য তিনি এই নীতিতে এসেছেন, এতে কোন লেনিনবাদ বা মার্কসবাদ নেই, আছে শুধু গদিবাদ এবং সেই গদিবাদ রক্ষা করাই একমাত্র চূড়ান্ত কথা, দ্বিতীয় কোন কথা নেই। আমি বক্তৃতা করে এদের চোখে আলো ফোটাতে পারবো না এবং গদিচ্যুত করতে পারবো বলে মনে করি না। তবে এইকথা দৃঢ়ভাবে বিশ্বাস করি ভেতরে এবং বাইরে আইনের যতরকম ব্যবস্থা আছে তা দিয়ে আমরা ক্রমাগত চেষ্টা করবো এই দুর্বত্ত, অনাচার, নৈরাজ্য সৃষ্টিকারী সরকার যেভাবে হোক পদত্যাগ করতে বাধ্য হয়। আমরা ৫৬ জন ৫৬ নয় ৫ কোটি মানুষের প্রতিনিধি হিসাবে তাদের কথা প্রতিধ্বনিত করতে এই হাউসের মধ্যে এসেছে। আমি জানি একথা সত্য যে টায়ার্ড হর্সকে হুইপ করলেও লাভ হয় না, সে দৌড়তে পারবে না। আমরা জানি ক্লান্ড জ্যোতিবাবু এবং ক্লান্ত ঘোড়া ওকে যতই চাবুক মারি না কেন নো কর্মফিডেন্সের মোশান তাকে দৌড় করাতে পারবে না। কিন্তু তা সত্বেও আজকে আমরা সংশোধনী গণতন্ত্রের প্রথায় ভেতরে এবং বাইরে লড়াইয়ের একটা পদ্ধতি ঘোষণা করেছি। সেই লড়াইয়ের পদ্ধতি হল এখানে। দুর্ভাগ্য এখানে যে এদের জন্য আমাদের করুণা হয়, মুখ্যমন্ত্রী চিরাচরিত প্রথায় বক্তৃতা করলেন এবং সেই সংবাদ আগামীকাল সংবাদপত্রে প্রকাশিত হবে। আমরা তো জানি জ্যোতি বাবু নিজে সংবাদপত্রের গলা টিপে দিয়ে এসেছেন, এতো কালিদাসের প্রশস্তির কথা মনে করিয়ে দেয় যে যে গাছের

ডালে বসেছিলেন সেই ডালই নিজে কেটেছিলেন। উনি নিজে মুখ্যমন্ত্রী হয়ে সংবাদপত্রের গলা টিপে রেখেছেন। আমি আপনাকে বারবার বলার চেষ্টা করেছি যে ইনফরমেশান মিনিষ্টার যে ষ্টেটমেন্টটি দিলেন সেটি ইনফরমেশান মিনিষ্টার কেন দেবেন। কারণ এই স্টেটমেন্টটিতে কোশ্চেন অফ ল এ্যান্ড অর্ডারের প্রশ্ন জড়িত আছে। যেখানে শতকরা ৯০ জন মানুষ বিক্রি করতে চায় তাদের সমস্ত প্রোটেকশান দেওয়ার দায়িত্ব আজকে রাজ্য সরকারের এবং হোম মিনিষ্টারের। এই দায়িত্ব পূর্ণমাত্রায় পালন করতে না পেরে সেই ব্যর্থতা ঢাকবার জন্য ইনফরমেশান মিনিষ্টারকে দিয়ে একটা স্টেটমেন্ট করিয়ে দিলেন এবং এইভাবে তার দায়িত্ব এড়াবার চেষ্টা করলেন। আপনার কাছে আইন শৃঙ্খলা অবনতির কথা বলার চেয়ে আরোও উদ্বেগজনক এবং গুরুত্বপূর্ণ একটা তথ্য বলবো। আপনি জানেন বামফ্রন্ট সরকারের মধ্যে কোন মিল নেই। আর.এস.পির মুখপত্র যদি পড়েন তাহলে দেখবেন যেন কংগ্রেসের মুখপত্র পড়ছেন এবং তা সিপিএমের বিরুদ্ধে। সিপিএমের মুখপত্র দেখবেন সব সরকার বিরোধি। ফরোয়ার্ড ব্লকের মুখপত্র দেখবেন সিপিএম বিরোধী লেখা। আপনারা ফ্র ন্টের নামে ভোট নিয়েছিলেন, কিন্তু ফ্রন্ট তো ফ্র্যাগমেন্টেড হয়ে গেছে। সুতরাং মানুষের কাছে গিয়ে প্রমাণ করা উচিত যে ফ্রন্ট ভেঙে গেছে। কিন্তু তাঁরা তা করবেন না। পদত্যাগ করবেন না। কারণ তা করলে আর ফিরে আসার সুযোগ নেই। আবোও উদ্বেগজনক ব্যাপার আছে। এরা বিদেশী একটি রাষ্ট্রের সঙ্গে সমস্ত রকম ব্যবস্থা করে নিজেদর রাজনীতি,অর্থনীতি, চিন্তাধারা চালিয়ে যাচ্ছেন। মাঝে মাঝে দেখবেন জ্যোতিবাবু চীনে যাচ্ছেন তো বিনয়বাবু সেখান থেকে ফিরে আসছেন, প্রশান্তবাবু যাচ্ছেন তো জ্যোতিবাবু ফিরছেন। জনতা আমলে আসামের ভেতর থেকে চীনের সঙ্গে যাতায়াতের একটা রাস্তা তাঁরা তৈরী করে রেখে দিয়ে গেছেন যখনই প্রয়োজন হবে সেখান দিয়ে অস্ত্র এবং কালো টাকা আসবার সুযোগ থাকবে। আমরা জানি চীনে সেখানে মাল্টি ন্যাশনাল কোম্পানী করেছে বলে জ্যোতিবাবুও এখানে তাই করছেন। চীনে নূতনভাবে কালচারাল রোভোলিউশানকে ডেস্ট্রাকসান রেভোলিউসানে পরিণত করেছে, জ্যোতিবাবু এখানেও তা করছেন। চীনে নোতুনভাবে একচেটিয়া পুঁজি এবং ব্যক্তিগত মালিকানা ফিরে আসছে, এখানেও জ্যোতিবাবু তাই করছেন। চীনে একটা সিদ্ধান্ত হয়েছে যাতে ১০০ জন পুরানো লোক চলে যাবেন। সঙ্গে সঙ্গে জ্যোতিবাবুরাও সিদ্ধান্ত নিয়েছেন যাতে ২।৪ জন মন্ত্রী চলে যাচ্ছেন। আমি এরকম অনেক উদাহরন দিতে পারি। এই জ্যোতিবাবু একদিন বিদেশী সাম্রাজ্যবাদী, সমান্ততন্ত্রের বিরুদ্ধে কথা বলেছেন, ভিয়েতনামের যুদ্ধের বিরুদ্ধে কথা বলেছেন। কিন্তু আজ ঠান্ডা ঘরে গিয়ে সমস্ত ভুলে গেছেন। আমি একটা জিনিষ পড়ে শোনাই চায়নাস য়্যাকসাম, সিপিএম'স থিংকিং এই হেডলাইনে লেখা হয়েছে The State Comunittee of C.P.M. has been closely observing the recent development of the peoples Republic of China. চায়নার থিংকং এখানে ইমপোজ করা হচ্ছে।

মিঃ স্পীকারঃ- খবরের কাগজ পড়া যাবে না।

[2.30 - 2.40 P.M.]

শ্রী সুব্রত মুখার্জিঃ- খবরের কাগজ পড়েই তো আপনি আমার বিরুদ্ধে প্রিভিলেজ এলাও করেছেন। উনি এখানে আইন শৃঙ্খলা, খুন ইত্যাদির কথা বললেন। আমি ষ্ট্যাটিসটিকস দিয়ে দেখাব। উনি রেকর্ডের কথা বলে বললেন আমরা নাকি শিখ হত্যা করে রেকর্ড করেছি। ভারতবর্ষের আইন শৃঙ্খলার অবনতি না কি কংগ্রেস সরকার করেছে। ৮১ সাল থেকে ৮৪ সাল পর্যন্ত সাড়ে ৬ হাজার খুন হয়েছে। অপর দিকে ৭২ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত- চীন ইত্যাদি না বলে বিহারের সঙ্গে তুলনা করুন-সংখ্যা ছিল ৩ হাজার, অর্থাৎ ডবলের চেয়ে বেশি। ডাকাতি যা হয়েছে সে বিষয়ে অবস্থা কি জানা দরকার ৮১ সালে ১৪৫৩ ৮৩সালে ১৪২১, ৮৪সালের মার্চ পর্যন্ত হিসাব অনুযায়ী মধ্যপ্রদেশের তুলনায় পঃবঙ্গে ডাকাতির সংখ্যা অনেক বেড়ে গেছে। আপনি অবাক হয়ে যাবেন মধ্যপ্রদেশে যেখানে ১৯৮১ সালে ৮১৮ টা ছিল সেখানে আমাদের এখানে হয়েছে ১৪৫৩। ১৯৮২ সালে মধ্য প্রদেশে হয়েছে ৫৬৮,১৯৮৩সালে হয়েছে ৫৬১। স্যার, চম্বলের ডাকাতিকে ছাপিয়ে গেছে জ্যোতি বোস। চমবলের ডাকাতির রেকর্ড যদি কেউ ব্রেক করে থাকে তাহলে ভারতবর্ষের একমাত্র নেতা মহামান্য মাননীয় জোতি বোস মহাশয় সেই রেকর্ডকে ব্রেক করে দিয়েছেন। দিল্লী, কলকাতা, বোম্বাই একই ভাবে দেখুন কত খুন হয়েছে দিল্লীতে ১৯৮১ সালে ২৯ জুন, ১৯৮২ সালে ২২ জন এবং ১৯৮৩ সালে মাত্র ১০ জন। পশ্চিমবঙ্গে সেই তুলনায় দেখুন হাজারের উপর চলে গেছে। ধর্ষণ এখানে ওদের কিছু মহিলা সদস্য আছেন, যদি লজ্জা থাকে তাহলে মাথা নত হয়ে যাবে, কিন্তু ওরা তো লজ্জা স্বীকার করবেন না- ১৯৮১ সালে যেখানে পশ্চিমবঙ্গে হয়েছে ৪৬৩ টা, সেখানে বিহারে হয়েছে ৩৪৬ টা। ওরা বিহারের কথা সবচেয়ে বেশী বলেন, সেইজন্য বিহারের কথা বলছি। ১৯৮২ সালে যেখানে বিহারে হয়েছে ৩৮৪ টা, সেখানে পশ্চিমবঙ্গে হয়েছে ৪৮৯ টা। বিহারে যখন ১৯৮৪ সালে হয়েছে ২৬১ টা, তখন ৪৫৭ টি ধর্ষণের অভিযোগ এসেছে শুধু এই পশ্চিমবঙ্গে। সুতরাং একানে ভাবা দরকার আছে যে আমরা কোন রাজত্বে বাস করছি। আর এস পি তো বার বার একথা বলেছেন- আর এস পি'র মুখপত্র থেকে আমি একটা কোট করে বলছি। এই হাউসের মধ্যে দাঁড়িয়ে ১৭ ই সেপ্টেম্বর জয়ন্ত বিশ্বাস বলেছেন On 17th September, 1985, Shri Jayanta Kumar Biswas of R.S.P. told the Assembly that the state police was harrasing the R.S.P workers and they citizens in the name of Curbing the naxalite and extremists activities.এটা আমাদের কথা নয়। ঠিক একইভাবে সরল বাবু তাঁর মুখপত্রে এবং সভায় বক্তৃতা প্রসঙ্গে একই কথার পুনরাবৃত্তি করেছেন যে একটা জংগলের রাজত্ব, একটা পুলিশী রাজ কায়েম হয়েছে পশ্চিমবঙ্গে। স্যার সবাই তো ওদের বাদ দিয়েছে, মন্ত্রীদের কথাও শোনে না। জ্যোতি বাবু তো একা কুম্ভ রক্ষা করে নকল বুঁদির গড এই রকম একটা ভাব দেখাচ্ছেন। একটা সাধারণ উদ্বোধন থেকে আরম্ভ করে শনি পূজার প্রেসিডেন্ট পর্যন্ত সব জোতি বোস ছাড়া দ্বিতীয় কোন মানুষকে করতে দেন না। অথচ তিনিই আজকে সবচেয়ে বেশী কথা বলছেন । আজকে রাজ্যসরকারের ব্যর্থতা কোথায় প্রশাসনে- রাজ্যসরকারের ডব্লু বি সি এস অফিসাররা আজকে সংঘাতে সংঘর্ষে নেমেছেন, ৩ হাজার ইঞ্জিনিয়ার সংঘর্ষে নেমেছেন, কি করে বিদ্যুত আসবে? বিদ্যুতের ব্যাপারে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার- কার দায়িত্ব? আপনি যদি রাজী থাকেন তো একটা কমিটি করে দিন, সেখানে একটা এক্সপার্ট লোক সঙ্গে নেই পর্যন্ত বিদ্যুতের দুটো ভাগ আছে- একটা নতুন প্রোজেকট, আর একটা হচ্ছে মেন্টেন্যান্স এন্ড প্রোডাকসান। মেন্টেন্যান্স এন্ড প্রোডাকসান এর সম্পূর্ন দায়িত্ব স্টেট গভর্ণমেন্টের, আর নতুন প্রোজেক্টের ব্যাপারে সম্পূর্ণ দায়িত্ব সেন্ট্রাল গভর্ণমেন্টের। যদি নতুন নতুন প্রোজেক্টের ক্ষেত্রে প্রশ্ন উঠে তাহলে আমাদের সকলকে নিয়ে দরবার করতে রাজী আছি। কিন্তু প্রশ্ন তা নয়। প্রোজেক্ট আছে ৩ টি বড় প্রোজেক্টের মধ্যে একটা বড় প্রেজেক্ট করে দিয়েছেন ফারাক্কায়। ৮ বছর আগেকার ঐ কোলাঘাট ওরা শেষ করতে পারেননি। আজকে যেখানে ৭।৮ শো মেগাওয়াট বিদ্যুত তৈরী করা যায় সেখানে ৭৫/৭৬ মেগাওয়াট করতে পারছে না। এই রকম ভয়াবহ অবস্থায় মধ্য দিয়ে চলছে। আমি মুখ্যমন্ত্রীর একটা কথার উত্তর দিই। মুখ্যমন্ত্রীকে আমি বলেছিলাম তাঁর স্মৃতি দুর্বল হয়েছে, তিনি বললেন আমরা ওয়াগন পাচ্ছি না। উনি যদি না জানেন তাহলে সেটা ওঁর অজ্ঞতার জন্য, ওঁর অজ্ঞতার জন্য কংগ্রেস দায়ী নয়। ওঁর অজ্ঞতার জন্য আমাদের লিডার চাকরি খোয়াবে কেন? আমাদের লিডারের তবু একটা চাকরি আছে, তিনি ওকালতি করে খেতে পাবেন, কিন্তু উনি তো ব্রিফলেস ব্যারিষ্টার। স্যার উনি নিজে বলেছেন নদীয়ায় ১ বছরের মধ্যে ৮৯৬ জন মানুষ খুন হয়েছে। সারা ভারতবর্ষে এই রকম একটা রেকর্ড দেখাতে পারেন যেখানে একটা জেলায় ৮৯৬ জন মানুষ খুন হয়েছে? যদি দেখাতে পারেন তাহলে আমরা ৫৬ জন পদত্যাগ করব। আর যদি না দেখাতে পারেন তাহলে আমার চ্যালেঞ্জ এ্যাক্সেপ্ট করুন। উনি

বললেন ১৪ টি বাস আমরা পুড়িয়েছি। স্যার, ম্যাকনামার আসবে রাজনৈতিক ইসু, হ্যারিসন রোডের মোড় থেকে একেবারে হাওড়া পর্যন্ত লাইন করে ট্রাম পুড়িয়েছিল। জ্যোতি বাবুকে উত্তর দিতে বলবেন তাঁর জবাবী ভাষণে। কারা শিল্পে সংকট এনেছিল? পশ্চিমবংগে পুরান শিল্প যেগুলির মডানাইজেসানের সুযোগ ছিল সেই সুযোগ থাকা সত্বেও অনেক ইনডাস্ট্রি ডাইভার্সিফিকেশান করেছে। সেখানে কি কোন দায়িত্ব জ্যোতি বসুর ছিল না?

সারা ভারতবর্ষে মালিকরা যে ১১৪ কোটি টাকা খেয়ে ফেলেছে তার মধ্যে ৫২ কোটি টাকা এই পশ্চিমবাংলার মালিকরা খেয়ে ফেলেছে। আমি জানতে চাই, যে মালিকরা এই টাকা খেয়ে ফেলেছে তাদের স্থাবর, অস্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে কি? একজন শিল্পপতিকে গ্রেপ্তার করে এই ৫২ কোটি টাকা উদ্ধার করতে পেরেছেন কি? ওয়াগন ইন্ডাস্ট্রির ক্ষেত্রে আড়াই হাজার নয়, আমাদের আবেদন অনুসারে ওটা হয়েছে ১২ হাজার এবং সেভেন্থ প্ল্যানে আশা করছি এখানে আরও ওয়াগনের অর্ডার দেবে। ওঁদের মূর্খতার জন্য আমরা দায়ী নই। কাজেই তাঁদের পদত্যাগ করে লজ্জা নিবারণ করবার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী রাম চ্যাটার্জী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা যে আমাদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন এটা খুবই স্বাভাবিক। আমাদের উপর কোনদিন ওঁদের আস্থা ছিল না, আজকেও নেই, ভবিষ্যতেও থাকবে না। আমাদেরও ওঁদের উপর কোন রমক আস্থা নেই। কিন্তু ওঁরা কোনদিন শোধরাবে না। এখন প্রশ্ন হল, আজকে কেন এই অনাস্থা প্রস্তাব আনা হয়েছে? ওঁরা গ্রামের গরীব মানুষকে কৃতদাস করে রেখেছিল কিন্তু আমরা তাদের মুক্ত করেছি এবং সেইজন্যই এই অনাস্থা প্রস্তাব। ওঁরা শিক্ষা জগতে গণ টোকাটুকি থেকে শুরু করে প্রতিটি ছেলেকে পাশ করিয়ে দিয়েছিল এবং আমরা সেটা বন্ধ করেছি বলে ওঁদের এই অনাস্থা প্রস্তাব। গরীব চাষী একেবারে বুড়ো হয়ে গেলে যাতে কিছু খেতে পায় সেই ব্যবস্থা আমরা করেছি বলে ওঁদের এই অনাস্থা প্রস্তাব। জনগণ যাঁদের উপর আস্থা রেখেছে তাঁদের উপর ওঁরা যে অনাস্থা প্রস্তাব আনবেন এটা তো স্বাভাবিক । ঠিকই তো, কারখানা কে বন্ধ করল, কারা বন্ধ করল কিছুদিন থেকে? তারপর পাওয়ারের ক্ষেত্রে দেখুন পুরাণ জিনিসপত্র এবং পুরাণ মেসিনপত্র কেনা হয়েছিল ফরেন থেকে এবং উত্তরাধিকার সূত্রে সেগুলি এসে পড়েছে আমাদের ঘাড়ে। কাজেই পাওয়ার কোথা থেকে আসবে? ওঁরা সব যে শেষ করে দিয়েছে। আসামে কারা? ওঁরা। ওঁরা সর্বভূতে বিরাজমান। আমরা গরীব মানুষের পক্ষে কাজ করি সেইজন্যই ওঁদের এই অনাস্থা প্রস্তাব। ওঁরা আস্থা বিহীন, জনগণ থেকে বিচ্যুত সেইজন্যই জনগন যাঁদের উপর আস্থা রাখে, নির্ভর করে তাঁদের উপর এঁরা আস্থা রাখেন না।

[2.40-2.50 p.m.]

ওরা জানেনা যে এই বোর্ডটা ডুবে যাবে। ওদের নৌকা ডুবে গেছে, কারণ গোটা ভারতবর্ষ তোমাদের উপর অনাস্থা জ্ঞাপন করেছে। আজকে গোটা ভারতবর্ষে এই অবস্থা চলছে। ওরা এই রাজ্যে গরীব মানুষের উপর অত্যাচার চালিয়েছে। তাইজন্য তো আজকে মাথা তুলেছে। তাইজন্যই ওরা তাদেরকে ডাইভটি করছে। বামফ্রন্ট যখন দায়িত্বে ফিরে এল তখন ওরা আবার বলল নো, নেভার। কারণ ওপাশের ত্রিপুরার হাওয়া ওরা বুঝতে পেরেছিল লাল ঝান্ডার হাওয়া তখন ওরা পেয়েছিল, গোটা আসামে সেই হাওয়া বয়েছে। তাই তারা আসামকে টুকরো টুকরো করতে চলেছে। ওরা হচ্ছে শ্রেণী শত্রু কারণ যে শ্রেণী আজকে মাথা তুলে দাঁড়িয়েছে তারা ওদের ছাড়বে না। তোমরা হচ্ছ ধনীদের সান, আর গরীবের শূল- তোমার ভিটেয় চরাব ঘুঘু, তুমি দেখবে সর্ষের ফুল এটাই ওদের ইচ্ছা। তোমরা হচ্ছ ধনিকের শ্বাস বাঁশী বাজাও ধনিকের আর তোমরাই হচ্ছ গরীবের শূল,তাই তোমাদের হয়ে এসেছে। একে একে নিভিছে জ্বলছে তোমাদের প্রদীপ এবং সেটাও ক্রমশ নিভে আসছে। সেইজন্য আজকে বলতে চাইছি ওরা যে বলছে আইন শৃঙ্খলা কোথায় আর আমরাও সেখানে দেখেছি, যখন চালের দর বাড়ল পাড়াগাঁয়ের গরীব মানুষেরা যখন কলকাতার পিচঢালা রাস্তায় এসে বলেছিল চাল দাও, অন্ন দাও, তার বদলে তারা পেয়েছিল কি? ওরা বলল ওদের এমন শিক্ষা দাও যেন আর চাইতে না পারে। সেদিনের কথা আমরা ভুলিনি। লাঠিপেটা করে তখন ওরা রাস্তা লাল করে দিয়েছিল। ওরাই ভারতবর্ষে যতদিন থাকবে ততদিন ভারতের শান্তি নাই, কারণ বন রক্ষক শিশির,শিশির রক্ষক বন। কংগ্রেস ধনিককে রক্ষা করে,ধনিক কংগ্রেসকে রক্ষা করে। ওরা ধনিকের পাহারা দেয় আর গরীবের উপর আঘাত হানে, তাই ভারতবর্ষে এদের থাকার কোন অধিকার নাই। তাই দিকে দিকে গোটা ভারতবর্ষে এর বিরুদ্ধে অভিযোগ এসেছে, ধিক্কার উঠছে ইষ্টার্ণ জোনেতে ৬০০০ গভর্ণমেন্ট এমপ্লয়ীকে ওরা বলেছে তোমরা চলে যাও আর এখানে অসবে না। আমরা কিন্তু সেই পুরাণো জায়গায় ফিরে যেতে চাই। এরা ভারতবর্ষকে টুকরো টুকরো করতে চায় আমরা চাই ভারতবর্ষকে এক রাখতে। আমরা বিচ্ছিন্নতার বিরুদ্ধে। আমরা চাই গোটা ভারতবর্ষকে এক করতে এবং একটা ভারতবর্ষ হয়ে আমরা এগিয়ে যেতে চাই। গরীব মানুষ চাষীদের রাজত্ব কায়েম করবার জন্য আমাদের প্রচেষ্টা চলবে আমরা মানুষকে ভুলপথে নিয়ে যেতে চাই না। গোটা ভারতবর্ষ এক থাকুক গরীব মানুষদের নিয়ে আমরা এগিয়ে যাব এমন কোন শক্তি নেই রোধ করতে পারে। ওরা গরীব মানুষের উপর শোষণ চালিয়েছিল। পশ্চিমবাংলা এমন একটা দেশ সেখানে প্রথম সূর্য্য ওঠে। পশ্চিমবাংলার মানুষ জাগ্রত মানুষ, তারা অনেক মার খেয়েছে দীর্ঘদিন ধরে। এটা আমরা দেখেছি ওরা দেশটাকে বিভাগ করে দিয়েছিল ওরা সেই ফ্যাসী ক্লাব সেকথা আমাদের মনে আছে। গরীব মানুষ এমন কি বেরোতে পারে নি রাত্রি ১০টার সময়ে দেখলাম কেন বেরোতে পারছে না, শুনলাম নাকি ফ্যাসী ক্লাবের বাবুরা আসবে এসে সমস্ত ভেঙ্গে দেবে। সমস্ত শোষণ করবে। ওরা গণতন্ত্রের বিপরীত কাজ করছে।ওদের যেমন আমাদের উপর আস্থা নেই আমাদেরও ওদের প্রতি আস্থা নেই, আমরা ভেবেছিলাম রুগ্ন কারখানাগুলিকে ওরা খুলে দেবে। অনেক ছেলেপুলেদের রুজি রোজগার হবে কিন্তু তা হল না। আমরা যা করবো ওরা তার বিরুদ্ধে। ভাল কাজ করলেও তার বিরুদ্ধে ওরা যাবে। আমরা যদি কলাপাতার এ দিকে খাই ওরা খাবে ও দিকে। আমরা যদি জুতো সোজা পরি তাহলে ওরা পরবে উল্টো দিকে। তাই এই অনাস্থা প্রস্তাবকে আমি ধিক্কার দিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ

শ্রী সত্যরঞ্জন বাপুলী :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে ঢুকেই কিছুক্ষণ মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর ভাষণ শুনলাম। প্রথমে ঢুকেই তাঁর ডান এবং বাঁ হাত যে রকম নাড়া দেখলাম তাতে আমার মনে হচ্ছিল যে, উৎপল দত্তর থিয়েটার বা সিনেমা দেখছি কিনা। এত বাঁ হাত নাড়া দেখে মনে হল উনি বোধ হয় মুখ্যমন্ত্রী না থেকে অভিনয়-টভিনয় করতে পারলে কিছু পপুলারিটি বাড়তো। কিন্তু দুর্ভাগ্যের বিষয় তাঁর মন্ত্রী সভার বিরুদ্ধে আনীত অনাস্থা প্রস্তাবের বিরুদ্ধে বক্তব্য রাখতে গিয়ে তিনি কি বললেন? মন্ত্রীদের যে সমস্ত অপকীর্তির কথা সাত্তার সাহেব বলেছেন তার কোন জবাব না দিয়ে মুখ্যমন্ত্রী তাঁর ভাষণ দেবার সময় আগাগোড়া একটানা কেন্দ্রের বিরুদ্ধে গালাগালি করে গেলেন, কেন্দ্রের বঞ্চনার কথা বলে গেলেন, এটা অত্যন্ত পরিতাপের বিষয়। মুখ্যমন্ত্রী এখন যৌথ কারবারে নেমেছেন। খুবই স্বাভাবিক আমি বিনীতভাবে মাননীয় সদস্যদের বলি, আমরা কংগ্রেসীরা যেগুলি বলব বিরোধী দলের পক্ষ থেকে বলছি বলে আপনারা ভাববেন না যে, আপনাদের অত্যন্ত বিপথে পরিচালিত করছি আমরা অত্যন্ত সক্রিয়ভাবে কয়েকটি কথা বলতে চাই। আপনারা ভাবুন , পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন ডাঃ বিধান চন্দ্র রায়, তিনি তাঁর জীবনের সমস্ত সম্পত্তি দান করে গেছেন। মুখ্যমন্ত্রী ছিলেন ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোস, তিনি মারা গেলেন ভাড়াটে বাড়ীতে, মুখ্যমন্ত্রী ছিলেন প্রফুল্ল চন্দ্র সেন, তিনি একটি পরের দেওয়া বাড়ীতে আছেন, নিজের মাথা গোঁজার ঠাঁই পর্যন্ত নেই। অজয় মুখার্জী ভাইপোর বাড়ীতে থাকেন,বর্তমানে হাসপাতালে পড়ে আছেন। ***কংগ্রেসী যে সমস্ত নেতা ছিলেন, তারা অত্যন্ত

দক্ষতা দেখিয়ে গেছেন। যেটা সত্ত কথা সেটাই আমি বলছি। বর্তমান মুখ্যমন্ত্রী তিনি শিল্পপতি হয়ে গেছেন। বর্তমান মুখ্যমন্ত্রী তিনি শিল্পপতির পিতা। তাই আজকে তিনি যৌথ কারবারে নেমেছেন। একচেটিয়া পুঁজিবাদ তার কাছে নামাবলী গায়ে দিয়েছে একচেটিয়া পুঁজিবাদ তার কাছে আর কিছু নয়। তাই আজকে মাল্টি ন্যাশন্যাল তার বন্ধ। তাই তাদের হাত ধরার তিনি চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে অত্যন্ত বিনয়ের সংগে বলি,ডাঃ বিধান চন্দ্র রায় যখন টাটা, বিড়লার*** কথা বলতেন তখন জ্যোতি বোস বলতেন কংগ্রেস টাটা, বিড়লার। আর আজকে যদি বলি গোয়েঙ্কা,টাটা,বিড়লার সবচেয়ে বড় *** হচ্ছে জ্যোতি বোস তাহলে সেটা ভুল হবে কিনা, আমি আপনাদের কাছে জানতে চাই। আজকে নীতি বিসর্জন দিয়ে পশ্চিমবাংলাকে বাঁচানোর চেষ্টা করছেন কাদের হাত ধরে? খৈতান,টাটা,বিড়লা,বাজোরিয়ার হাত ধরে বাঁচাবার চেষ্টা করছেন। কমুনিষ্ট বন্ধ যারা আছেন তারা একবার ভেবে দেখুন যে, আপনারা আর কমুনিষ্ট করবেন কিনা। আর টেবিল চাপড়াবেন? মুখামন্ত্রী বললেন, আপনারা টেবিল চাপড়ে সমর্থন করলেন। যাত্রা গান যখন জমে ওঠে তখন হাত-তালি না দিলে নায়কের মূল্য দেওয়া হয় না। তাই নায়কের মূল্য দিতে হয়। কিন্তু আপনারা কি ভেবেছেন কোথায় টেবিল চাপড়াচ্ছেন? আপনারা কোথায় দাঁড়িয়ে আছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অত্যন্ত বিনীত ভাবে আপনাকে বলি যে, পশ্চিমবাংলা আজকে কোথায় দাঁড়িয়ে আছে সেটা দেখুন। মুখ্যমন্ত্রী তো এই কথা বললেন না যে, ১৯৭৬/৭৭ সালে কংগ্রেস যখন ছিল তখন পুলিশ খাতে ৪৬ লক্ষ টাকা ব্যয় হত এবং সেই সময় পুলিশের অবস্থা কি ছিল। আর আজকে ১৩৬ কোটি টাকা খরচ করে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী প্রতিদিন ৪ টি করে খুন উপহার দিচ্ছেন। তিনি এখানে দাঁড়িয়ে কেন্দ্রের বিরুদ্ধে বঞ্চনার কথা বলছেন। আবার বলছেন আমরা এখানে যৌথ প্রকল্প করব,পেট্রোকেমিক্যালস করব,অমুক তমুক করব, আপনারা যেন বাধা দেবেন না। আমাদের বাধা দেবার প্রশ্ন নেই। আমরাও চাই দেশের বেকারত্ব দূর হোক। আপনাদের একটু পুরানো স্মৃতি চারণ করতে বলছি। ১৯৬৭/৬৯ সালে আপনারা শ্লোগান দিয়েছেন, চলবে না চলবে না, দিতে হবে, দিতে হবে, চলছে ,চলবে এবং এই শ্লোগান দিয়ে হাজার হাজার ফ্যাক্টি বন্ধ করে দিয়েছিলেন। আজকে তারই প্রতিক্রিয়া শুরু হয়েছে। চটকল থেকে আরম্ভ করে সমস্ত জায়গায় কারখানার শ্রমিকদের পাইয়ে দেবার চেষ্টা করেছেন। আপনারাই কলকারখানা বন্ধের বীজ বপন করেছেন রন্ধে রন্ধে। আপনারা যে শিক্ষা দিয়েছেন সেই শিক্ষায়ই জ্যোতি বসু চলছেন।

[2.50 - 3.30 p.m.] (including adjournment)

তাই কয়েকদিন আগে আমরা দেখেছি, তিনি নিজে এখানকার দরজা দিয়ে ঢুকতে পারেন নি। বিধানসভার দরজা দিয়ে ঢুকতে গিয়ে তাঁকে বলতে হয়েছে পুলিশ অফিসারদের যে,'' কোথায় থাকেন আপনারা,কি করেন মশাই?'' ১৩৬ কোটি টাকা পুলিশের পেছনে খরচ করে তাঁকে পুলিশকে বলতে হচ্ছে,কি করেন মশাই,কোথায় থাকেন? অদ্ভুত সব ব্যাপার। এখানে এইমাত্র মুখ্যমন্ত্রী মহাশয় বললেন,কেন্দ্র যদি আমাদের টাকা দিত তাহলে আমরা অনেক কাজ করতে পারতাম। আপনাদের কি কাজের নমুনা সেটা আমরা জানি। কংগ্রেস ২০ বছর ধরে আপনাদের পা পের প্রায়ঃশ্চিও করেছে। আপনারা যে সমস্ত কুকর্ম করেছিলেন তার ফল ভোগ করতে হয়েছে কংগ্রেসকে। আপনারা যদি অতীত দিনের কথাগুলি স্মরণ করেন তাহলেই সেগুলি আপনাদের মনে পড়বে। আজকে যে অবস্থায় আপনারা পশ্চিমবাংলাকে এনে ফেলেছেন তাতে দেখেছি মুখ্যমন্ত্রী মহাশয়কে, রাইটার্স বিল্ডিং-এ পুলিশের হাতে নিগৃহীত হতে হয়েছে। এতে আশ্চর্য্য হবার কিছু নেই কারণ এই অবস্থায় আপনারা পশ্চিমবংগকে এনে ফেলেছেন। আগে যিনি আই.জি. ছিলেন এখন তাঁর নাম বদলে হয়েছে ডি.জি। কিন্তু সেই ডি.জি'র কথা কে শোনে? পুলিশ প্রশাসন যদি পুলিশ চালাতো তাহলে পুলিশের এই অবস্থা হ'ত না। কিন্তু পুলিশ প্রশাসন তো পুলিশ চালাচ্ছে না, চালাচ্ছে আলিমুদ্দিন ষ্ট্রীট। আর সেখানে তার তাঁবেদারী কে করছে? আগে ছিল- আমি নাম বলতে পারবো না, আগে ছিল আমাদের মুখ্যমন্ত্রীর রাজনৈতিক সচিব, যিনি মারা গিয়েছেন এবংএখন বর্তমান রাজনৈতিক সচিব,তিনিই একমাত্র ঠিক করেন এবং আলিমুদ্দিন ষ্ট্রীটের ফতোয়া জারি হয় তাঁরই মাধ্যমে,হোম ডিপার্টমেন্টও সেইভাবে কাজ করে। তাই আজ পুলিশের এই দুরাবস্থা। মুখ্যমন্ত্রী মহাশয় দুঃখ করেন যে এখানকার পুলিশ কমিশনার লালবাজারের লালবাড়ীতে সাধারন কনসটেবলদের হাতে লাঞ্ছিত হন। সেখানে আমি বলব,দুঃখ করার আপনাদের কিছু নেই। ডি.সিকে লালবাজারে তার নিজের ঘরে বোতলে প্রস্রাব করিয়ে সারাদিন আটকে রাখা হয়,ব্যারাক থেকে সশস্ত্র পুলিশ বেরিয়ে এসে রাস্তায় গুলি করে অসহায় শিশুকে মারে এসবে দুঃখ করার কিছু নেই কারণ এই অবস্থায় আপনারা পশ্চিমবংগকে দাঁড় করিয়েছেন। ৮ বছর ধরে পশ্চিবংগকে বা এখানকার মানুষকে আপনারা উপহার দিয়েছেন বেকারত্বের জ্বালা এবং বঞ্চনা। একমাত্র আপনারা যেটা করতে পারেন সেটা হচ্ছে আলিমুদ্দিন ষ্ট্রীট থেকে ফতোয়া জারি করে সরকারী কর্মচারীদের নিয়ন্ত্রণ করা। সরকারী আমলাদের নিয়ন্ত্রণ করেন তার একমাত্র কারণ তারা যেন পার্টির কাজ করে। এটা অত্যন্ত পরিতাপের বিষয় যে সরকারী আমলাদের আপনারা এইভাবে নিয়ন্ত্রণ করতে চাইছেন।

স্যার, আমরা সংবাদপত্রে দেখেছি যে বামফ্রন্টের বৈঠকে অনেক বিষয়ের আলোচনা হয়- যতীন চক্রবর্ত্তী মহাশয়ের সমালোচনা হয়, আজকাল দেখছি ফরোয়ার্ড ব্লকের মন্ত্রী কমল গুহ মহাশয়কে নিয়েও আলোচনা হচ্ছে কিন্তু যে পুলিশমন্ত্রী সবচেয়ে বেশী ব্যর্থতার পরিচয় দিয়েছেন তাঁর সম্বন্ধে আলোচনা করার সাহস এঁদের নেই। পশ্চিমবংগের মুখ্যমন্ত্রীর হাতে যে দুটি দপ্তরের ভার ছিল সেই বিদ্যুত এবং পুলিশ-এখন বিদ্যুত নেই-সেই দুটি দপ্তরের অবস্থা এখন কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেটা পশ্চিমবাংলার মানুষ ভালোভাবেই বুঝতে পেরেছেন। আজ গ্রামবাংলার প্রতিটি থানা সেখানকার লোক্যাল কমিটি কনট্রোল করে আর লালবাজার কনট্রোল করে আলিমুদ্দিন ষ্ট্রীট তা ই আজ পুলিশ প্রশাসন এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। স্যার, এর পর আমি আর একটি কথা বলেই আমার বক্তব্য শেষ করছি। বামফ্রন্টের ৮ বছরের রাজত্বকালে পশ্চিমবাংলার মানুষ তাদের কাছ থেকে উপহার পেয়েছেন বেকারত্ব,খুন, রাহাজানি,লাঞ্ছনা,নারী নির্যাতন। পশ্চিমবাংলার মানুষকে এক কথায় এঁরা বঞ্চনার মধ্যে দিয়ে অন্ধকারের রাজত্ব নামিয়ে দিয়েছেন। এঁরা কেন্দ্রের বঞ্চনার কথা বলেন কিন্তু কেন্দ্র যদি দুহাত ভরে টাকা দেয় সেই টাকা খরচ করার ক্ষমতা এঁদের নেই। কেন্দ্রীয় পরিকল্পনার জন্য দেয় ১৮ কোটি টাকার মধ্যে ৯ কোটি টাকা ফেরত চলে গিয়েছে কারণ এঁরা খরচ করতে পারেন নি। এঁরা দীঘা, তমলুক রেলপথের সাইনবোর্ডের প্রসঙ্গ টেনে বলেছেন, চাকরি দেবার নাম করে এসব করা হয়েছিল। আমি বলছি,দীঘা তমলুকের কাজ করার জন্য কংগ্রেস দায়িত্ব নিয়েছে, কংগ্রেস দায়িত্ব নেবে, জ্যোতি বসু নেবে না, জোতি বসুর সে ক্ষমতা নেই। হাজার হাজার ছেলে কংগ্রেস আমলে চাকরি পেয়েছিল আর সেই চাকরির দরজা বন্ধ করেছে এই বামফ্রন্ট। আবার সেই বেকারত্ব দুর হতে পারে পশ্চিমবংগে যদি সুন্দর আবহওয়ার সৃষ্টি হয়, পশ্চিমবংগ যদি আলোর মুখ দেখতে পায়। সেই আলোর মুখ দেখাতে পারে কংগ্রেস,এই বিশ্বাসঘাতক সি.পি.এম দল ও লেফট্ ফ্রন্ট তা পারে না। তাই আমি বলব, পশ্চিমবংগের বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রীর একদিনও ক্ষমতায় থাকার অধিকার নেই। পশ্চিমবংগে মানুষের স্বার্থে,তাদের কল্যাণের জন্য আমি বলব, এই বামফ্রন্ট সরকারের একদিনও ক্ষমতায় থাকার অধিকার নেই। স্যার, এই কটি সত্য কথা বলে, বঞ্চানার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে এবং আজ যে নো কনফিডেন্স মোশান এই হাউসে এসেছে তা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Note :- ****** Expunged as ordered by the chair.

(At this stage the House was adjourned till 3.30 p.m.)

(After adjournment)

Statement Under Rule 346

[3.30 - 3.40 P.M.]

Mr. Deputy Speaker :- Now, the Hon'ble Finance Minister will make a statement.

Dr. Ashok Mitra :- Mr. Deputy Speaker, Sir, I rise to make a statement under Rule 346 of this House.

In 1979, the Government of West Bengal announced its intention to pay dearness allowance at Central rates to State Government employees as well as to employees of non-government educational institutions,statutory bodies, public undertakings,etc.Since then the State Government has sanctioned the maximum number of instalments of additional dearness allowance in keeping with the resource available to it and the demands in respect of other priorities. Between April,1979 and April,1985, twenty-eight instalments of dearness allowance have been paid.

In spite of three instalments sanctioned at the beginning of the current financial year,we are 11 instalments behind the present Union Government rates. The denial of the payment of more than Rs.300 crores to West Bengal during the year 1984-85, notwithstanding a categorical recommendation in this regard by the Eighth Finance Commission, has been a major set-back for the State and is in fact the primary cause of the substantial lag in the payment of dearness allowance at Central rates that exists to-day.

We are nevertheless aware that some steps are immediately necessary to alleviate the hardship caused to our employees by the rising cost of living. It has accordingly been decided to sanction three instalments of additional dearness allowance with effect from October 1,1985.

Taking into account the constraint of resources,we have also decided to sanction with effect from the same date another five instalments to be placed in special deposit for a period of two years during which interest shall be paid at a rate which is one-half of 1per cent higher than what is applicable to provident fund deposits. The details of the scheme are being worked out.

A further instalment will however be paid in cash, within the current fiscal year, in February 1986.

Even after sanction of these nine instalments,we shall be two instalments behind the Union Government rates. It will be the State Government's endeavour to sanction these instalments in cash in the next fiscal year, as well as further instalments as they become due.

Motion of No-Confidence in the Council of Ministers

Mr. Deputy Speaker :-

Before I call upon Shri Debabrata Bandyopadhyay to speak I have an announcement to make. Copies of a Bengali daily entitled "Dainik Basumati" have been received by the Assembly Secretariate for distribution amongst the Members.

The Members are requested to collect their copies from the Publication Counter. Now, Shri Debabrata Bandyopadyay will speak.

Dr. Zainal Abedin :- Is it, Sir, an endeavour to gag the other press in order to increase the sale of Basumati?

শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদেব সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে এবং সেই সম্পর্কে বিরোধী দলের নেতা জনাব আব্দুল সাত্তার সাহেব যে বক্তব্য রেখেছেন,আমি মন দিয়ে সেটা শোনবার চেষ্টা করেছি। তার বক্তব্য শুনে আমার প্রথমে দু'জন দার্শনিকের নাম মনে পড়ছে। একজন দার্শনিক একটা গ্রন্থ লিখেছিলেন,সেই গ্রন্থের নাম হচ্ছে, পভার্টি অব ফিলসফি। আর একজন দার্শনিক যে গ্রন্থ লিখেছিলেন সেটা হচ্ছে ফিলসফি অব পভার্টি।

দর্শনের দারিদ্র। পশ্চিমবাংলার পরিস্থিতি, সামাজিক,রাজনৈতিক, অর্থনীতি, আর্থনীতিক পরিস্থিতির সামগ্রিক মূল্যায়ন করতে গেলে যে সামগ্রিক দৃষ্টিভঙ্গীর প্রয়োজন,যে দৃষ্টিকোন প্রয়োজন, যে দর্শন প্রয়োজন,দুর্ভাগ্যবশতঃ সাত্তার সাহেবের বক্তব্যের মধ্যে সেই দর্শনের একান্ত দারিদ্র দেখা যাচ্ছে। পশ্চিম বাংলার রাজনৈতিক,সামাজিক,আর্থনীতিক পরিস্থিতি সম্পর্কে আলোচনা করতে গেলে পশ্চিমবংলা ভারতবর্ষের বাইরের একটা রাজ্য নয়, একটা অংগ রাজ্য নয়, তার সব কিছু একটা বিরাট পরিমানে নির্ভরশীল সামগ্রিক দেশের রাজনৈতিক অর্থনীতিক,সামাজিক সম্পর্কের সংগে ওতঃপ্রোত ভাবে জড়িত। সেটা জানতে গেলে প্রথমে আমাদের সমগ্র দেশের পরিস্থিতির সম্পর্কে একটা পরিস্কার ধারণা থাকা প্রয়োজন। সেই সামগ্রিক দেশের পরিস্থিতিটা What is the scene economic scenes social scene...that is more prevailing in the whole of India, আমরা তো অনেকদিন ধরে ওঁদের মাস্টারদের কাছ থেকে, ওঁদের দিল্লীর প্রভুদের কাছ থেকে শুনেছি,যখন দেশে জরুরী অবস্থা হয়েছিল ১৯৭৫ সালে, ওঁরা তো বলেছিলেন The nation is on the move...World Bank development Report 1984-85. দেশ চলতে শুরু করেছে এবং স্বভাবতঃই দেশ কতখানি এগিয়েছে,পেছিয়েছে,দেশের মানুষ তার অনেক প্রতিবেদন করেছে,সমীক্ষা করেছে। আন্তর্জাতিক অনেক সমীক্ষা হয়েছে। সেই সমীক্ষার একটি আপনাদের সামনে অবগতির জন্য রাখতে চাইছি। একেবারে সর্বশেষ রিপোর্ট, ১৯৮৪-৮৫ সালের সেই ওয়ার্লড ব্যাংক ডেভলপমেন্ট

রিপোর্টে যা বলেছেন, তার থেকে আমরা বুঝতে পারবো, আমাদের দেশ এগোচ্ছে না পিছোচ্ছে। তাতে তাঁরা বলছেন যে সারা পৃথিবীর মধ্যে তৃতীয় বিশ্বের ৩৪ টি দেশ আছে, There are 34 third world countries, সেই ৩৪ টি দেশে বলেছেন ক্যাটাগোরি করে বলছেন, অত্যন্ত অত্যন্ত গরীব, ভেরি ভেরি পুয়োর, দেখবার চেষ্টা করুন আমরা কোথায়? ২১৪ টি দেশের মধ্যে ১৯৬ তম জায়গায় আমরা রয়েছি। আর ৩৪ টি এত এত এত গরীব দেশের মধ্যে একেবারে শেষের দিকে যে ৯ টি দেশ রয়েছে, আফ্রিকা, তাঞ্জানিয়া, সোমালিয়া, গিনি, হাইতি মাদাগাস্কার, এশিয়ার শ্রীলংকা, নেপাল, বাংলাদেশ, পাকিস্তান, ভারতবর্ষ। দেখা যাচ্ছে মাথাপিছু যে নিরীক্ষা রয়েছে, কতটা দেশ এগোচ্ছে,কতটা পিছোচ্ছে, সাত্তার সাহেব যে ফিগার দেবার চেষ্টা করেছিলেন,- প্রতিবাদ করুন। বলছে যে মাথাপিছু উৎপাদন কোন্ দেশের কত, আমি সেই ওয়ার্লড ব্যাংক ডেভলপমেন্ট এর রিপোর্ট থেকে অন্ততঃ দেখিয়ে দিতে চাইছি, যদিও সময় কম। ভারতবর্ষ,২৬০,তানজানিয়া ২৮০ ডলার সোমালিয়া ২৯০,হাইতি ৩০০ গিনি ৩১০, মাদাগাসকার ৩২০, শ্রীলংকা ৩২০, টোগো ৩৪০, ঘানা ৩৬০, পাকিস্তান ৩৮০, কেনিয়া ৩৯০। দি নেশন ইজ অন দি মুভ আন্ডার দি লীডারশিপ অফ্ শ্রী রাজীব গান্ধী অথচ এই সাংঘাতিক আর্থনীতিক অনগ্রসরতার প্রতিফলন সব জায়গায় দেখা দিয়েছে। জনস্বার্থহীনতার মধ্য দিয়ে, কর্মসংস্থানের অভাবের মধ্যে দিয়ে, বেকারত্বের মধ্যে দিয়ে, মূল্যবৃদ্ধির মধ্যে দিয়ে, শিশু মৃত্যুর মধ্যে দিয়ে সাংঘাতিকভাবে প্রকটিত হচ্ছে। এটা আমার কথা নয়, শিশিরবাবু এখানে আছেন,তিনি একজন চাইল্ড স্পেসালিষ্ট, তিনি নিশ্চয়ই জানেন যে, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিশু রোগ বিশেষজ্ঞ দক্ষিণ-ভারতের ডাঃ গোপালন জানাচ্ছেন যে, ভারতবর্ষে প্রতি বছর ২০ থেকে ২২ লক্ষ শিশু মারা যাচ্ছে, প্রতি বছর আড়াই লক্ষ শিশু অন্ধ হয়ে যাচ্ছে, প্রতি বছর ২ লক্ষ ৬০ হাজার শিশু মূকবধির হয়ে যাচ্ছে এবং সারা পৃথিবীতে যত শিশু অপুষ্টির শিকার হচ্ছে তার ১০০ কোটিই হচ্ছে ইন্ দি থার্ড ওয়ার্ল্ড কান্ট্রিস এবং সেই ১০০ কোটির ৩৩ কোটিই হচ্ছে ভারতবর্ষে, অর্থাৎ একের তিনাংশ। এটা একটা ভয়াবহ ছবি। এ ছাড়া মানসিকভাবে জড়-বুদ্ধিগ্রস্ত হয়ে পিছিয়ে পড়ছে ৪/৫/৬ লক্ষ শিশু। এই হলো একটা দিক।

[3.40 - 3.50 P.M.]

আর একটা দিক হচ্ছে কর্মসংস্থানের অভাব। ছয় ছয়'টি পরিকল্পনার শেষে অবস্থাটা কি দাঁড়িয়েছে? প্রথম পরিকল্পনার গড়ায় নথিভুক্ত বেকারের সংখ্যা ছিল ২ মিলিয়ন, আজকে সেটা ২৩ মিলিয়ন হয়েছে গাঁয়ের মানুষকে বাদ দিয়ে। আর সেই সংখ্যা নিলে আজকে এই সংখ্যাটা হচ্ছে সাড়ে আট কোটি। দেশ স্বাধীন হলো, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শুরু হলো, তখন ভূমিহীন মানুষের সংখ্যা সারা ভারতবর্ষে ছিল ৮০ লক্ষ, আর ছয় ছয়টি পরিকল্পনার মধ্যে দিয়ে আজকে সেই সংখ্যা দাঁড়িয়েছে সাড়ে সাত কোটিতে। দি নেশন ইজ্ অন দি মুভ!

এবারে বিশ্বনাথ প্রতাপ সিং ইকনমিক সেন্সে কেন্দ্রীয় ভি.আই.পি. বাজেট পেশ করেছেন, যা কিনা অল টাইম রেকর্ড- এর একটা ডেফিসিট বাজেট। সাড়ে তিন হাজার কোটি টাকা ডেফিসিট। এই ডেফিসিটটা কোথা থেকে আসবে তা পরিস্কার হয়ে যাবে ট্যাক্স নীতিটা একটু বিশ্লেষণ করলেই। ট্যাক্স নীতিটা কি? এই জিনিস গুলি সাত্তার সাহেব আলোচনা করতে একটু সংকোচবোধ করলেন বোধ হয়। কারণ তাহলে বিড়াল ব্যাগ থেকে বেরিয়ে পড়বে। আমি তাঁকে জিজ্ঞাসা করি জিনিস-পত্রের দাম এত বেশী কেন, কেন সাড়ে তিন হাজার টাকা নন্-প্ল্যান খাতে দিয়ে দিলেন? কেন দেশের কোটি কোটি জনসাধারণ ট্যাক্সের বলি হবে? এখানকার কংগ্রেস বন্ধুরা তো এ সবের প্রতিবাদ করছেন না! ট্যাক্স নীতি আজকে আমাদের কোথায় নিয়ে গেছেন দেখুন- পণ্ডিত জহরলাল নেহরু যখন প্রথম প্রধানমন্ত্রী হলেন তখন আমরা মাথা পিছু ট্যাক্স দিয়েছিলাম ১৩ টাকা। ১৯৪৭ সালে ভারতবর্ষের মানুষ মাথা পিছু ১৩ টাকা করে ট্যাক্স দিয়েছিলেন। ১৯৬৪ সালের ২৭শে'মে তিনি মারা গিয়েছিলেন, সে সময়ে, ১৯৬৪ সালে ভারতবাসীকে মাথাপিছু তখনকার বাজার অনুযায়ী ৩৯ টাকা ট্যাক্স দিতে হ'ত। তারপরে লালবাহাদুর শাস্ত্রী প্রধানমন্ত্রী হয়েছিলেন, তিনি ১৯৬৬ সালের ১০ই জানুয়ারী মারা গিয়েছিলেন। ১৯৬৬ সালের ফেব্রুয়ারীতে শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী হয়েছিলেন। ৬৬ সালে ভারতবর্ষের মানুষকে মাথাপিছু ৪৫ টাকা করে ট্যাক্স দিতে হ'ত। ১৯৬৬ সাল থেকে ১৯৭৭ সাল এবং ১৯৮০ সাল থেকে ১৯৮৪ সাল পর্যন্ত শ্রীমতী ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন। মাঝে দু'তিন বছর ছিলেন না। ১৯৮৪ সালের ৩০শে অক্টোবর তিনি নিহত হন। ১৯৭৬ সালে ভারতবর্ষের মানুষের মাথাপিছু ৭৭ টাকা করে তিনি ট্যাক্স ধার্য করেছিলেন। বর্তমানে রাজীব গান্ধী প্রধানমন্ত্রী হয়েছেন এবং এখন ভারতবর্ষের মানুষকে মাথাপিছু ৮৩ টাকা ৭৫ পয়সা ট্যাক্স দিতে হচ্ছে। অর্থাৎ ১৩ টাকা থেকে বেড়ে ৮৩ টাকা ৭৫ পয়সা হয়েছে। এই হচ্ছে আমাদের আর্থনীতিক চিত্র এর মধ্যে আমরা রয়েছি।

রাজনৈতিক এবং সামাজিক দিকটা মুখ্যমন্ত্রী খানিকটা বলেছেন। আমি কংগ্রেসী বন্ধুদের কাছে জিজ্ঞাসা করছি, আপনারা একবার বুকে হাত দিয়ে বলুন তো, ১৯৪৭ সালে দেশটা দু-টুকরো হলো, জ্যোতিবাবুরা কি তা চেয়েছিলেন, ত্রিদিববাবুরা কি তা চেয়েছিলেন, হেমন্ত বসুরা কি তা চেয়েছিলেন? বলুন আপনারা ১৯৪৭ সালে দেশ ভাগ কারা করেছিল? ১৯৪৭ সালের কথা, দেশ ভাগের কথা না হয় ছেড়েই দিলাম, কিন্তু আজকে ভারতবর্ষ আবার কোথায় গিয়ে পৌঁছেছে? কমিউনাল ফোর্সেস, রিজিওনাল ফোর্সেস এবং লিংগুয়িষ্টিক ভেষ্টেড ইনটারেষ্ট এখানে Threatning and Continuous Threatning of national integration through disintegration. এটা কি আপনারা অস্বীকার করতে পারেন? আসামে, পাঞ্জাবে, গুজরাটে, মধ্যপ্রদেশে গত সাড়ে তিন বছরে সাড়ে তিন শতবার দাঙ্গা হয়েছে। সংস্কৃত'তে নিশ্চয়ই একটা শ্লোক আপনারা পড়েছেন,

"ভিন্ন শ্লিষ্টা তু
যা প্রীতিন
সা স্নেহে ন বর্দ্ধতে"

হিন্দুর মন, শিখের মন,মুসলমানের মন যদি ভিন্ন শ্লিষ্ট হয়ে ছিন্ন-ভিন্ন হয়ে যায় তাহলে হিন্দু বিদ্বেষী হয়ে যায় শিখ, শিখ বিদ্বেষী হয়ে যায় মুসলমান, মুসলমান বিদ্বেষী হয়ে যায় হিন্দু। এই জিনিসই হচ্ছে এবং এর জন্য I have raised my acqurising fingers to Sattar Saheb and others.

আজকে আবার দেশকে টুকরো টুকরো করবার জন্য ঐ সমস্ত ফোর্সগুলি মাথাচাড়া দিয়ে উঠছে। কেন উঠতে দিচ্ছেন? এটা কে না জানে, এটা একটা অসম বিকাশের দেশ। জায়গায় জায়গায় আজকে যে রিজিওন্যাল ইম্ব্যালেন্স রয়েছে তা দূর করার জন্য যে আর্থনীতিক নীতি গ্রহণ করা দরকার, যে সামাজিক নীতি প্রয়োগ করা দরকার, যে রাজনৈতিক সুযোগ-সুবিধাগুলি দেওয়া দরকার তা না দিয়ে সেগুলিকে সরিয়ে সমস্ত শক্তিগুলিকে এক জায়গায় কেন্দ্রীভূত করে রিজিওন্যাল ইম্ব্যালেন্স সৃষ্টি করা হচ্ছে এবং তার থেকে ফ্রাঙ্কেনস্টাইন সৃষ্টি করছেন ভিন্দ্রানওয়ালাকে, তার থেকে ফ্যাঙ্কেনস্টাইন সৃষ্টি করছেন বাল থ্যাকারে'কে তার থেকে ফ্যাঙ্কেনস্টাইন সৃষ্টি করছেন ভৃগু

ফুকান ও প্রফুল্ল মহান্তিকে। আজকে কেন একদিকে এই রিজিওন্যাল ইম্ব্যালেন্স, এই অস্থিরতা, দরিদ্রের সীমাহীন দরিদ্রতা, কেন অন্যদিকে একদল মুনাফার পাহাড়ের উপরে বসে আছে? এই কেন'র উত্তর আমরা বৈজ্ঞানিক সমাজতন্ত্রীবা জানি। গোটা পুঁজিবাদী কাঠামোকে শুধু লালন-পালন করে বাড়িয়ে তোলার মধ্যেই এর উৎস। যদি শুধু এইটুকুই হ'ত, তাহলেও এই পরিমণ্ডলের মধ্যেও কিছু কাজ করা যেত, কিন্তু গোদের উপর বিষ ফোঁড়ার মত এই পুঁজিবাদী কাঠামোকে বাঁচিয়ে রাখার জন্য বুর্জোয়া সংবিধান বিরাজ করছে। ফলে কেন্দ্রের হাতে যে নির্ভুল এ্যাবসলিউট পাওয়াব রয়েছে, যে রাজনৈতিক এবং অর্থনীতিক ক্ষমতা রয়েছে সেই ক্ষমতা আমাদের প্রতি পদে বাধা দিচ্ছে। অবশ্য আমরা তার বিরুদ্ধে লড়াই করছি। আজকে এখানে কেন শিল্প গড়ে উঠছে না তা মাননীয় মুখ্যমন্ত্রী বলবার চেষ্টা করেছেন। অথচ এখানে মায়া-কান্না করছেন জয়নাল সাহেব, সাত্তার সাহেব। আমি তাঁদের জিজ্ঞাসা করি, কেন গড়ে উঠছে না? কেন বার বার বলা সত্ত্বেও হলদিয়া পেট্রোকেমিক্যাল গড়ে উঠল না? এই কেন'র উত্তর আপনাদের দিতে হবে। এই অভিযোগ আপনাদের বিরুদ্ধে আনতে পারি। ১২০০ কোটি টাকা খরচ করে ওটা কেন মহারাষ্ট্রে গেল? কেন এখানে লাইসেন্স পাওয়া যায় না? আজকে আপনারা এই সমস্তগুলির প্রত্যেকটার ফিগার দেবার চেষ্টা করুন। আপনারা জানেন যে, শুধু পশ্চিমবাংলা নয়, পশ্চিমবাংলা সহ গোটা পূর্বভারত এবং উত্তর-পূর্ব ভারতের প্রতি এত বঞ্চনা সত্ত্বেও ২৮ কোটি মানুষ এখানে বাস করেন। আপনাদের আমি অনুরোধ করব একটু হিসাব নিয়ে দেখতে যে, এখানকার মাথা পিছু আয় কত। উত্তর-পূর্ব রাজ্যগুলিতে, বিহারে, উত্তর-প্রদেশের বালিয়া, আজমগড়, জয়পুর, বস্তি, পূর্ব দিকে আসাম, অরুণাচল, ত্রিপুরা, মেঘালয় প্রভৃতি পশ্চিমবংলার কলকাতাকে ঘিরে যে ৭।৮ টি রাজ্য রয়েছে, যাদের অধিবাসীদের সংখ্যা ২৮ থেকে ৩২ কোটি তাদের কোন বিকাশ হচ্ছে না। অথচ হরিয়াণায় বাড়ছে, পাঞ্জাবে বাড়ছে, গুজরাটে বাড়ছে, তামিলনাড়ুতে বাড়ছে। ঈর্ষা করার প্রশ্ন নয়, আমি কোন ঈর্ষা করছি না, কিন্তু আমরা উত্তর-পূর্ব ভারতের এই ৭।৮ টি রাজ্যের মানুষ কি অপরাধ করলাম? এই প্রশ্নটাই সবচেয়ে বড় হয়ে দেখা দিয়েছে। পরিবেশের উপর এই যে বিষ ফোঁড়া রয়েছে এটাই আমরা বামফ্রন্ট সরকার সচেতন থেকে বার বার বলবার চেষ্টা করেছি। আমরা আরো জানি যে এই পরিবেশের মধ্যে থেকে সমাপ্ত করা যাবে না, জনগণতান্ত্রিক জাতীয় বিপ্লবের ধারে কাছে যাওয়া যাবে না। কিন্তু এর মধ্যে থেকেও আমরা যেটুকু দেখাতে চাই তার ইঙ্গিত পেয়েই আতঙ্কিত হয়ে, সঙ্কিত হয়ে কংগ্রেস থেকে এখানে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে। আমরা নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে দেখাতে চাই - কি সেই দৃষ্টিভঙ্গী?

[3.50 to 4.10 P.M.]

সেই মৌলিক দৃষ্টিভঙ্গীর কথা আপনাদের সামনে বলতে চাইছি। সংঘাতের লড়াই, দৃষ্টিভঙ্গীর লড়াই জিনিসটা কি? সেটা হচ্ছে- এই সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়েও সমাজের একেবারে নীচেরতলার শ্রমজীবি মানুষের জীবনযাত্রার মান যতটুকু বেশী উপরের দিকে পৌঁছে দেওয়া যায়। মূল কথা হচ্ছে- ব্যালেন্স অফ পাওয়ার, অর্থাৎ ক্ষমতার ভারসাম্য এই অবস্থায় মধ্যেও যতটুকু বৃদ্ধি করা যায়- সেই দৃষ্টিভঙ্গী নিয়েই আমাদের শিল্পনীতি, সেই দৃষ্টিভঙ্গী নিয়েই আমাদের কুটিরশিল্পনীতি, সেই দৃষ্টিভঙ্গী নিয়েই আমাদেব সমাজকল্যাণ নীতি, সেই দৃষ্টিভঙ্গী নিয়েই আমাদের শিক্ষানীতি। এই ব্যালেন্স অফ পাওয়ার এখানে বাড়ছে কিনা- আজকে সেটা পাশাপাশি বিচার করতে হবে। আমি এখানে একটি ফিগার দিয়ে বলতে চেষ্টা করছি- এটাকে অস্বীকার করতে পারবেন না- সারা ভারতবর্ষে যত কর্ষণযোগ্য জমি রয়েছে, তার মাত্র ৪ ভাগ জমি রয়েছে পশ্চিমবঙ্গে। এটা কি সত্যি নয় যে, এই ৪ ভাগ জমির ২৮ শতাংশ জমি আজকে গ্রামীণ সর্বহারা কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে? ভারতবর্ষের কোন রাজ্য আজকে শতকরা ৪ ভাগ থেকে ১০ ভাগ কর্ষণযোগ্য জমির মালিক হয়ে তার শতকরা ২৮ ভাগ জমি কৃষকদের মধ্যে ভাগ করে দিতে পেরেছে? এখানে অনেকেই আছেন যাঁরা ১৯৭২ থেকে ১৯৭৭ পর্যন্ত ক্ষমতায় ছিলেন। বহালতবিয়তেই ছিলেন সেই সময় সাত্তার সাহেব, কুটিরশিল্পমন্ত্রী ছিলেন জয়নাল সাহেব- নিশ্চয়ই তাঁরা এর উত্তর দিয়ে যাবেন। আমরা শুনতাম যে, এক সময় মুর্শিদাবাদের তাঁতশিল্প, রেশম-শিল্প, নদীয়ার শান্তিপুরের কাপড় আমাদের দেশের গর্ব ছিল। বলুন তো- পশ্চিমবংলাকে সেই গর্বের স্থান থেকে মহারাষ্ট্র, তামিলনাড়ু, গুজরাটের তুলনায় কোথায় নিয়ে ফেলেছিলেন? ব্যাপারটা অস্বীকার করতে পারেন? হ্যাঁ, আমাদের ক্রটি থাকতে পারে, সীমাবদ্ধতা থাকতে পারে, কিন্তু আজকে ফুলিয়া থেকে মুর্শিদাবাদ পর্যন্ত ৩ লক্ষ ৭৫ হাজার তন্তুজীবিকে বোঝাবার চেষ্টা করুন তো কেন এটা হয়েছিল! আজকে শিক্ষাকে বলছেন নন-প্রডাকটিভ! আপনারা শিক্ষাকে নন-প্রডাকটিভ সেকটর বলছেন দেখে আশ্চর্য হয়ে যাই। আর একে নন-প্রডাকটিভ সেকটার বলছেন বলেই শিক্ষার জন্য আজকে আপনারা সমগ্র কেন্দ্রীয় বাজেটের শতকরা ০.৮৮ পয়সা মাথাপিছু খরচ করেন! আমরা আর কিছু না পারি, বাজেটের অন্তত শতকরা ২৬ ভাগ শিক্ষা খাতে ব্যয় করছি। গত অক্টোবর মাসে সোস্যাল মিনিস্টারস কনফারেন্সে নতুন দিল্লীতে গিয়েছিলাম। শ্রীমতী গান্ধী তখন জীবিত ছিলেন। সেই কনফারেন্সে বলেছিলাম যে, দেশে অসংখ্য অসহায় বিধবা রয়েছেন, পঙ্গু রয়েছেন, শারীরিক ও মানসিক দিক থেকে পঙ্গু শিশুরা রয়েছে; এঁদের জন্য টোটাল বাজেটের একটা পোরশন খরচ করতে হবে। আপনাদের দিল্লীর প্রভুরা এই খরচটা করেন? আমরা এখানে এটুকু অন্ততঃ করবার চেষ্টা করেছি। যখন মন্ত্রী হয়ে এসেছিলাম তখন এই খাতে বাজেট ছিল ১২ কোটি টাকা। আজকে এক্ষেত্রে ৩২ কোটি টাকার বাজেট। সেই দৃষ্টিভঙ্গী নিয়েই আজকে আপনাদের সামনে আমি বলছি- আজকে এখানে একটা দৃষ্টিভঙ্গীর লড়াই চলছে। সমাজের নীচেরতলার লোকগুলোকে একটা সামাজিক মর্যাদা দেবার চেষ্টা করছি আমরা আর যত বেশী এই মর্যাদা দেবার আমরা চেষ্টা করছি, আপনারা তত বেশী আতঙ্কিত হচ্ছেন; আপনারা যাদের প্রহরী, দারোয়ান, চৌকিদার- তাদের স্বার্থ রক্ষার জন্য ততবেশী আতঙ্কিত হয়ে ছটফট করছেন, এখানে অনাস্থা প্রস্তাব আনবার চেষ্টা করছেন। তবে আগামী দুই বছর বাদেই প্রমাণ হয়ে যাবে যে কে কোন জায়গায় আছে। শ্রমজীবি মানুষ কোন জায়গায় আছেন সেটা দুই বছর বাদেই প্রমাণ হয়ে যাবে। এই ক'টি কথা বলে অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকারঃ- মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় কংগ্রেস সদস্যবৃন্দ যে অনাস্থা প্রস্তাব বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে উত্থাপন করেছেন, তার উদ্দেশ্য আমার কাছে দুর্বোদ্ধ ঠেকছে এবং অর্থহীন বলে মনে হচ্ছে। আমার মনে হচ্ছে তাহলে কি কংগ্রেস সদস্যবৃন্দ সরকার পরিচালনার ক্ষেত্রে কংগ্রেস দলের যে নীতি সেই নীতির প্রতি অনাস্থা জ্ঞাপন করছেন? কারণ কেন্দ্র এবং ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেখানে কংগ্রেস সরকার ক্ষমতাসীন সেখানে আইনশৃঙ্খলা থেকে শুরু করে শিল্প কৃষি সর্ব্বক্ষেত্রে যে দৃষ্টিভঙ্গী নিয়ে সরকার পরিচালনা করছে আর এখানে যে দৃষ্টিভঙ্গী নিয়ে এই বামফ্রন্ট সরকার পরিচালনা করছে তাতে কংগ্রেস সদস্যদের পক্ষ থেকে এই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব উত্থাপন করার কোন যৌক্তিকতা আছে বলে আমার মনে হয় না। সাত্তার সাহেব যে সমস্ত চার্জ বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে এনে অনাস্থা প্রস্তাব এনেছেন সেইগুলি হ'ল ল এ্যান্ড অর্ডার, ইকনমিক ব্যাংকক্রাপসি, কোরাপসান, এড়ুকেসান, এনার্জী এ্যান্ড হেলথ। প্রথমতঃ ওনারা আইন-শৃঙ্খলার কথা বলেছেন। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার প্রশ্নে নিঃসন্দেহে এখানে শান্তির মরুদ্যান এই কথা আমি বলবো না। এখানে আইন-শৃঙ্খলা ক্রমশ অবনতির পথে যাচ্ছে বলে শুভবুদ্ধি সম্পন্ন মানুষ আজ উদ্বেগ প্রকাশ করছে এই কথা ঠিক। কেন্দ্রীয় সরকার এবং বিভিন্ন কংগ্রেস শাসিত রাজ্য যে ভাবে সরকার পরিচালনা করছে তাতে আইনশৃঙ্খলার যে অবস্থা যথাযথ ভাবেই এই প্রশ্ন ওঠে যে ওনাদের অনাস্থা প্রস্তাব আনার কোন যৌক্তিকতা নেই। পাঞ্জাবে দেড় দিনের মধ্যে কয়েক হাজার খুন হ'ল,

আসামের নেলিগহপুরে নৃশংস ভাবে শিশুদের হত্যা করা হয়েছে যা জালিয়ানওয়ালাবাগের হত্যাকান্ডকে লজ্জা দেয়। ওনারা আবার আইন-শৃংখলার কথা বলছেন। ভারতবর্ষের শিল্পপতি এবং ধনী চাষীদের স্বার্থরক্ষা করার জন্য ওনারা সরকার পরিচালনা করেন এদের স্বার্থরক্ষা করতে গেলে পুলিশ প্রশাসনকে সাধারণের বিরুদ্ধে কাজে লাগাতে হবে। সেইজন্য তাঁরা পুলিশ প্রশাসনকে দিয়ে ইচ্ছাকৃত ভাবে গরীব মানুষের উপর, গ্রামের কৃষক, খেটে খাওয়া মানুষের উপর, শ্রমিক শ্রেণীর উপর অত্যাচার চালিয়ে যাচ্ছে, দমন-পীড়ন নীতি চালিয়ে যাচ্ছে। শুধু তাই নয় জোতদার, জমিদার এবং মহাজনদের গুন্ডাবাহীনি এবং পুলিশ প্রশাসন সম্মিলীত ভাবে গ্রামের গরীব মানুষ খেটে খাওয়া মানুষের উপর অত্যাচার চালিয়ে যাচ্ছে। কার্যতঃ এই ,সন্ত্রাস অত্যন্ত দুর্ভাগ্যজনক। একটা স্টেট টেররিজিম চলছে। সমস্ত জায়গায় একটা জংগলের রাজত্ব চালাচ্ছে কংগ্রেস সরকার। দিল্লীর মতো জায়গায় সেখানকার নাগরিকদের নিরাপত্তা নেই, প্রতিনিয়ত সেখানে খুন হচ্ছে। অকালি দলের হয়ে চুক্তি করলো যে লাঙ্গোঁয়াল, সেই লাঙ্গোঁয়ালের লাইফ গ্যারান্টি দিতে পারেনি দিল্লীর সরকার। প্রয়াত প্রধানমন্ত্রী খুন হল নিজস্ব সিকিউরিটির দ্বারা। এই রকম হত্যাকান্ড যেখানে হচ্ছে তারা আবার আইন-শৃঙ্খলার কথা বলেন। ফলে আজ কংগ্রেস সদস্যদের পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার কথা তুলে এই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনার কোন নৈতিক অধিকার আছে বলে আমার মনে হয় না। দ্বিতীয় কথা, ইকনমিক ব্যাক্রাপটসি- অর্থনৈতিক দেউলিয়ার- কথা বলেছেন। এই সম্পর্কে তাঁরা নানা ভাবে সমালোচনা করেছেন। এই সম্পর্কে বামফ্রন্ট সরকারের যে শিল্প নীতি, সেই সম্পর্কে আমার বক্তব্য আছে, সেটা আমি পরে রাখবো। ইকনমিক ব্যাক্রাপটসির কথা যদি বলেন-আজকে কংগ্রেস পক্ষের সদস্যদের এই কথা বলার কোন যৌক্তিকতা আছে বলে আমি মনে করি না। আজকে ভারত সরকারের বিদেশে যে ঋণ আছে সেই ঋণ পরিশোধ করতে দেশের সরকারী কোষাগার থেকে এক তৃতীয়াংশ অর্থ চলে যায়। আপনারা আবার ব্যাংক্রাপটসির কথা বলছেন? আই.এম.এফ এই রকম আন্তজাতিক সংস্থার কাছ থেকে চড়া সুরে ঋণ নিচ্ছে এবং গোটা দেশের স্বার্থ জলাঞ্জলি দিচ্ছে। আবার অনুরূপভাবে এই বামফ্রন্ট সরকার বিশ্ব ব্যাংকের কাছ থেকে ঋণ গ্রহণ করেছেন। হয়ার ইজ দি ডিফারেন্স? সুতরাং এই সরকারের উপর আস্থা জ্ঞাপন করার কোন অধিকার নেই, সুন্দর মিল রয়েছে এই ক্ষেত্রে আপনাদের সঙ্গে তো কোথাও অমিল নেই? মাল্টি ন্যাশানাল'এর প্রশ্ন সাত্তার সাহেব তাঁর বক্তৃতার মধ্যে রেখেছেন। এটার মধ্যে গুড সেন্স প্রিভেল করছে। কিন্তু এক্ষেত্রে তো আপনাদেরই পদাংক অনুসরণ করেই বামফ্রন্ট সরকার একচেটিয়া পুঁজিপতিদের সঙ্গে যৌথ উদ্যোগে নেমেছেন। এই যৌথ উদ্যোগ গ্রহণের ব্যাপারে সি.পি.এম. পার্টি, তাদের নিজস্ব যে কার্যসূচী, তটা থেকে দূরে সরে এসে বিদেশী পুঁজী তথা মাল্টি ন্যাশানাল'এর সঙ্গে হাত মিলিয়েছেন। ফলে, এ ক্ষেত্রে তো তাঁরা আপনাদেরই নীতি অনুসরণ করেছেন। সেইহেতু এখানে অনাস্থা প্রস্তাব আনার কোন যুক্তি আপনাদের নেই। আজকে কোরাপসানের প্রশ্ন এসেছে। কোরাপসান বামফ্রন্ট সরকারের নিঃসন্দেহেই রয়েছে। বিভিন্ন ক্ষেত্রে সাধারণ মানুষের দুর্নীতির অভিযোগ রয়েছে একথা ঠিক। কিন্তু সেই দোষ থেকে তো আপনারা মুক্ত নন? দুর্নীতি সৃষ্টির ব্যাপারে ভারতবর্ষ তো সমগ্র দুনিয়ার বুকে একটা রেকর্ড সৃষ্টি করেছে। অত্যন্ত লজ্জার কথা যে, গোটা ভারতবর্ষের মাথা আজ দুনিয়ার বুকে নীচু হয়ে গিয়েছে, বিশেষ করে ইন্টারন্যাশানাল মানিটারী ফান্ডের হিসাবে দেখা যাচ্ছে কালো টাকার কারবারে ভারতবর্ষের স্থান শীর্ষস্থানে। কালো টাকার কারবারে ভারতবর্ষ দুনিয়ার বুকে শীর্ষস্থান অধিকার করেছে। আমাদের দেশে যে ন্যাশানাল প্রোডাক্ট, তার ৫০ শতাংশ হচ্ছে ব্লাক মানি। এই ব্লাক মানি কনট্রোল করছে দেশের অর্থনীতিকে। আজ অত্যন্ত দুর্ভাগ্যের কথা যে এখানে আমাদের যত উৎপাদন হয়, তারমধ্যে ৭০,০০০ হাজার কোটি টাকা প্যারালেল ইকনমি রান করছে এই কালো টাকা। একমাত্র ১৯৮৩ ৮৪ সালেই ৩৭,০০০ হাজার কোটি কালো টাকা আর্ন হয়েছে। আশ্চর্যের কথা, এই যেখানে দেশের অবস্থা, সেখানে আপনারা আবার দুর্নীতির কথা বলছেন! দুর্নীতির প্রশ্ন তুলে এখানে অনাস্থা প্রস্তাব আনার কোন নৈতিক অধিকার অন্তত আপনাদের নেই। এডুকেসানের ক্ষেত্রে- শিক্ষার সর্ব ক্ষেত্রেই- বামফ্রন্ট সরকার আপনাদেরই পদাংক অনুসরণ করছেন। শিক্ষাক্ষেত্রে স্বাধীকার এর প্রশ্নে কংগ্রেস সরকার অতীতে যে নীতিতে দীর্ঘদিন যাবৎ যে ভাবে চলেছিলেন,যা তাঁরা এখানে প্রতিষ্ঠিত করতে পারেন নি, বামফ্রন্ট সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে- বামপন্থীদের পীঠস্থান এই পশ্চিমবাংলায় সেই নীতি প্রতিষ্ঠিত করেছেন। স্বাধীকার হরণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে ভাবে স্বাধীকার হরণ করেছে, বামফ্রন্ট সরকারও তাই করছে। সুতরাং বামফ্রন্টের বিরুদ্ধে অভিযোগ এখানে আনার কোন নৈতিক অধিকার আপনাদেরও নেই। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় সরকার যে সংশোধন এনেছিলেন- সেখানে কোন নির্বচিত প্রতিনিধি থাকবে না, মনোনীত বডি থাকবে - সেই পদাংক অনুসরণই বামফ্রন্ট সরকার করেছেন। শিক্ষাক্ষেত্রে স্বাধীকার হরণ হচ্ছে আপনাদেরই - কেন্দ্রীয় সরকারের- একটা প্যাটার্ণ। শিক্ষাক্ষেত্রে ভাষা তুলে দেওয়া, অটমেটিক প্রোমোশান, ইত্যাদি যে নীতি আপনারা অন্যান্য রাজ্যে এনেছেন, বামফ্রন্ট সরকার সেই নীতিই অনুসরণ করছেন। অর্থাৎ আপনারা অতীতে যা এখানে করতে পারেন নি, বামফ্রন্ট সরকার সেটা করে দিয়েছেন। তাহলে পার্থক্য কোথায়? তাহলে অনাস্থা প্রস্তাব আনার নৈতিক অধিকার কি আছে আপনাদের? ফলে আমরা এই অনাস্থা প্রস্তাব সমর্থন করতে পারি না। বামফ্রন্ট সরকারের এই সমস্ত অবাধ নীতির কথা আপনারা যে ভাবে বলছেন এবং বামফ্রন্ট সরকারের সমালোচনা করছেন, আমরা সেইভাবে করি না। বামফ্রন্ট সরকারের অবাধ নীতিগুলোর প্রতি লক্ষ্য করে আমরা অত্যন্ত বেদনার সঙ্গে নোট করার চেষ্টা করছি। আমরা বলছি, এই নীতি থেকে আপনারা সরে আসুন। আপনারা ক্ষমতায় এসে যে নীতি গ্রহণ করছেন, যখন আপনারা ক্ষমতায় ছিলেন না- যখন কংগ্রেস সরকার এখানে ক্ষমতায় ছিল- তখন এই সব নীতির বিরুদ্ধে আন্দোলন করেছিলেন, লড়াই করেছিলেন। আজকে আপনারা এখানে ক্ষমতায় এসে সেই সমস্ত নীতিকেই গ্রহণ করছেন। একদিন আমরা এই সমস্ত নীতির বিরুদ্ধে একসঙ্গে সমস্ত বামদল মিলিত ভাবে আন্দোলন করেছিলাম। কিন্তু দুর্ভাগ্যের কথা, আপনারা আজ সরকারী ক্ষমতায় এসে, আগের সেই চিন্তাধারা সব ভুলে গিয়ে এই সমস্ত নীতি গ্রহণ করছেন। আজকে এর ফল আমরা সারা পশ্চিবাংলার বুকে কি দেখছি? আমরা দেখছি সর্বত্র প্রতিবাদ হচ্ছে, প্রতিরোধ হচ্ছে। সেই সমস্ত আন্দোলন ও প্রতিরোধের উপরে আক্রমণ নেমে আসছে। বাস ভাড়া থেকে আরম্ভ করে শিক্ষানীতির বিরুদ্ধে যেখানে আন্দোলন হচ্ছে, সেখানেই কংগ্রেস সরকারের অনুরূপ পুলিশী অত্যাচার নেমে আসছে। এর দ্বারা বামপন্থী আন্দোলনের যে ইমেজ, যে ভাবমূর্ত্তি, সেটা বিনষ্ট করতে সাহায্য করছে। সমগ্র বামপন্থী আন্দোলনের ক্ষেত্র করলেও ফ্রম দি নেগেটিভ পয়েন্ট অফ ভিউ আজকে যে যে শক্তি প্রতিক্রিয়াশীল দক্ষিণপন্থী কংগ্রেসী ব্যক্তি গোটা ভারতবর্ষকে ফ্যাসিষ্টবাদে সুপ্রতিষ্ঠিত করতে চাইছেন এবং তাকে স্ট্রেনদেন করতে চেষ্টা করছেন এটা অত্যন্ত পেনফুল কন্ডিশান এবং বেদনাদায়ক পরিস্থিতি। আমরা বারেবারে বামপন্থী বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই আপনারা যে আপনাদের নীতির থেকে সরে না আসেন। বিশেষ করে গোটা ভারতবর্ষে এবং পশ্চিমবঙ্গে যেভাবে ইন্দিরা কংগ্রেসীরা যেভাবে ফ্যসিস্ট নীতি চালাতে চাইছেন তাতে সার্বিকভাবে বর্তমান ব্যবস্থার বিরুদ্ধে ইন্দিরা কংগ্রেসের বিরুদ্ধে এবং ফ্যাসিস্ট শক্তির বিরুদ্ধে সার্বিকভাবে একটা ঐক্য গড়ে তোলার দরকার। সেই দিকে দৃষ্টি রেখে গত জুলাই মাস থেকে আমাদের দলের পক্ষ থেকে বামপন্থী বন্ধুদের বলেছি আমাদের অভিমতের পার্থক্য থাকলেও ওদের আমরা সমর্থন করবো। আজকে গোটা দেশের সামনে যে মূল শত্রু ফ্যাসিস্ট শক্তি, ইন্দিরা কংগ্রেস যারা গোটা ভারতবর্ষে বামপন্থী আন্দোলন কেন সমগ্র আন্দোলনকে শেষ করে দিতে চায় তার বিরুদ্ধে ঐক্য গড়ে তুলুন। এমন কি কেন্দ্রীয় সরকারের রেলভাড়ার এবং জনবিরোধী বাজেটের বিরুদ্ধে আন্দোলনের আহবান জানাই। আজকে অন্তত আপনারা ফ্যাসিস্ট বিপদের কথা চিন্তা করে আগামী দিনের এই বৃহত্তর আন্দোলনের জন্য আহবান জানাচ্ছি। আবার আমি পুনরোল্লেখ করবো যে এই ইন্দিরা কংগ্রেসের পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব করা হয়েছে সেই প্রস্তাবের কোন নৈতিক অধিকার আছে বলে মনে হয় না, এই কারণে এই প্রস্তাবকে সমর্থন করতে পারছি না।

শ্রী শেখ আনওয়ার আলিঃ- মাননীয় উপাধ্যক্ষমহাশয়, আজকে আমাদের দলের ভারতীয় কংগ্রেস দলের পক্ষের নেতৃস্থানীয় কয়েকজন সদস্য এই বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি পুরোপুরি সমর্থন করছি। এখানে বামফ্রন্টের প্রধান সরিক দল আছেন যারা কুকীর্তির মধ্যে দিয়ে বিধানসভার সদস্য হন এবং এরমধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় এসেছে ৩৬ দফা কর্মসূচী নিয়ে। আমার প্রশ্ন হচ্ছে তাদের তাদের কোন কোন কি কি পরিকল্পনা রূপায়িত করতে পেরেছেন? হেলথ, ট্রান্সপোর্টের দিকে তাকালেই বোঝা যাবে আপনারা কেমন কাজ করছেন বা করতে পেরেছেন। নিশ্চয় মন্ত্রী মহাশয়রা আছেন জবাব দেবেন কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ আজকে সব জবাবের উর্দ্ধে, পশ্চিমবঙ্গ আজকে শ্মশানে পরিণত হয়েছে। আপনাদের শুভবুদ্ধির কাছে নিবেদন করবো আজকে আর সরকারের আপনদের থাকা উচিত নয়, কিন্তু আমার এই কথাতে আপনারা যাবেন কেন, আপনারা বলবেন নির্বাচিত হয়ে এসেছি কি যাবার জন্যে ? আজকে বামফ্রন্ট সরকার শাসন ক্ষমতায় থাকাকালীন পশ্চিমবঙ্গে কোথায় কি করেছেন সেটা একটু চিন্তা করুন। সেইজন্য শুভবুদ্ধি সম্পন্ন সদস্যদের কাছে নিবেদন করবো এখানে কোনভাবেই আর থাকা উচিত নয়, পদত্যাগ করুন। আপনারা উন্নয়নমূলক কোন কাজ করতে পারেন নি। আমার কনস্টিটিউয়েন্সিতে গিয়ে দেখুন সেখানে উন্নয়নমূলক কোন কাজ আপনাব চোখে পড়বে না। যেটুকু উন্নয়নমূলক কাজ হয়েছিল ১৯৭২ থেকে ১৯৭৬ সাল পর্যন্ত। তারপরে ১৯৭৭ থেকে ১৯৮৫ সাল পর্যন্ত এই ৮ বৎসরে কি করতে পেরেছেন?

[4.10 - 4.20 P.M.]

বিধান সভাব সদস্যরা জানেন যে অন্যায়েব প্রতিকার বলে কিছু নেই। কংগ্রেস দেখো আর মার । আমার এলাকায় গিয়ে দেখুন ৭২ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত উন্নয়ন মূলক কিছু কাজ হয়েছিল। আর ৭৭ সাল থেকে ৮৫ সাল পর্যন্ত কি হয়েছে সেটা দেখুন। আজ তাই আপনাদের কাছে আবেদন করবো দলবাজী না করে আপনাদের উচিত পদত্যাগ করা এবং নির্বাচনে আসা। যেখানে সেখানে লুঠতরাজ চলছে এবং আপনাদের আমলে তা বেড়েছে। (নয়েজ) আপনাদের অভ্যাসটা পালটান। বাইরে যেমন হৈ হুল্লোড় করেন এখানেও তাই করছেন। বিধানসভার একজন সভ্যকে ডিসটার্ব করতে লজ্জা করেনা। সত্য কথা বলছি বলে আপনাদের খোঁচা লাগছে। ৮ বছর রাজত্বকালে আপনাবা কি করেছেন? শিল্পে ধর্মঘট করে যাচ্ছেন এবং এর পরে হয়ত সাপ্তাহিক ধর্মঘট ডাকতে আরম্ভ করবেন। শচীনবাবুর এলাকায় কি রকম বোমাবাজী হয় তিনি তো জানেন । কালকেই ডি.সি.কে নিয়ে আমায় বসতে হয়েছিল। এই কথা বলে পশ্চিমবাংলার শত্রু বামফ্রন্ট সরকারের পদত্যাগ দাবী করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কানাই ভৌমিকঃ- উপাধ্যক্ষ মহাশয়, অনাস্থা প্রস্তাবের বিরুদ্ধে বলতে গিয়ে আমি প্রথমেই বলতে চাই ভারতবর্ষের একটা অংশে পশ্চিমবাংলায় অনাস্থা প্রস্তাব নিয়ে যেসব প্রশ্ন উঠেছে তার উত্তরে বলতে চাই যে সারা ভারতবর্ষের যে অর্থনৈতিক সঙ্কট তা থেকে পশ্চিম বাংলা মুক্ত নয়। সারা ভারতবর্ষে কেন সারা পৃথিবীতে পূঁজিবাদী জগতে যে সঙ্কট চলছে তা থেকে ভারতবর্ষ, পশ্চিমবাংলা মুক্ত নয়। আমি আশা করেছিলাম বিরোধীপক্ষের সদস্যরা যখন এই সরকারের বিভিন্ন নীতি নিয়ে আলোচনা করবেন তখন তাবা তুলনামূলক ভাবে ভারতবর্ষের অন্যান্য কংগ্রেসী রাজত্বের উদাহরণ দিয়ে প্রমাণ করার চেষ্টা করবেন পশ্চিম বাংলা সারা ভারতবর্ষের মধ্যে খারাপভাবে না ভালভাবে চলছে। আপনারা লক্ষ্য করেছেন সারা দেশে জিনিসপত্রের যে দাম বেড়েছে তারজন্য নিশ্চয়ই বামফ্রন্ট সরকার দায়ী নয়। সারা ভারতবর্ষে যে বেকারী বেড়েছে, শিল্প সংকট দেখা দিয়েছে তারজন্য বামফ্রন্ট সরকার দায়ী নয়। সারা ভারতবর্ষে কৃষিতে যে সংকট দেখা দিচ্ছে তারজন্য নিশ্চয়ই বামফ্রন্ট সরকার দায়ী নয়।, বরং বামফ্রন্ট সরকার একথা খুব গর্বের সঙ্গে বলতে পারে এই সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে এবং সীমাবদ্ধ আর্থিক সংগতি নিয়ে তাঁরা পশ্চিমবংগের গরীব মানুষদের পক্ষ নিয়ে এগুবার চেষ্টা করেছেন। আমি শুধু আপনাদের বলব যে বহুদিন ধরে কংগ্রেস পক্ষ থেকে বলার চেষ্টা হয়েছিল যে ভূমিহীন কৃষকদের ভূমি দেওয়া হবে এবং সিলিং আইন প্রযুক্ত করা হবে, ভূমি সংস্কার করা হবে, এই রকম ২০ দফা কর্মসূচীর কথা খুব বড় করে বলা হয়েছিল,। কিন্তু কি দেখতে পাই- সারা ভারতবর্ষে ২১৬ লক্ষ একর জমি উদ্বৃত্ত হওয়ার কথা ছিল, সেটা হত যদি কংগ্রেস সরকার যে নীতি ঘোষণা করেছিলেন তা কার্যকরী হত। কিন্তু কতটা হয়েছে সেটা আপনারা বুকে হাত দিয়ে বলতে পারবেন? সারা ভারতবর্ষেব মধ্যে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং কেরল এই তিনটি প্রদেশে প্রায় ২২ লক্ষ একর জমি উদ্বৃত্ত বিলি হয়েছে, আর সারা ভারতবর্ষ জুড়ে- বিহার, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ, সমস্ত প্রদেশ জুড়ে ২০/২১ লক্ষ একর জমি বিলি হয়েছে। কে বাধা দিয়েছে কংগ্রেসীদের উদ্বৃত্ত জমি ধরে বিলি করতে ? কেন তাঁরা পারেন নি, কি জবাব তাদের আছে? আজকে পশ্চিমবঙ্গে কৃষকের জীবনে একটা নতুন জাগরণ এসেছে। আমরা তো বলেছি পশ্চিমবঙ্গে আমরা গণতন্ত্রের প্রসার করেছি। আমরা পঞ্চায়েত ইলেকশান করেছি যা আপনারা ১৬ বছরে করেননি। আপনারা মিউনিসিপ্যাল ইলেকশান করেননি, আমরা করেছি। আমরা কর্পোরেশান ইলেকশান করেছি। আজকে যে তাঁরা নানা অভিযোগ এনেছেন তাঁদের আমি জিজ্ঞাসা করি কংগ্রেসের মধ্যে কি গণতন্ত্র আছে? এত বড় যে পাটি সারা ভারতবর্ষ চালাচ্ছে তাদের মধ্যে কি কোন গণতন্ত্র আছে? তাঁদের যে প্রধানমন্ত্রী বা সভাপতি রাজীব গান্ধী তাঁর বিরুদ্ধে কোন রকম কথা বলার সাহস কি তাঁদের আছে? কোন জায়গায়, কোন একটা রাজ্যে, কোন একটা প্রদেশে নির্বাচিত কংগ্রেস কমিটি আছে? কোন জায়গায় নেই। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট জনসাধারণের হাতে, গ্রামের গরীব মানুষ নিম্ন মধ্যবিত্ত মানুষদের হাতে ক্ষমতা হস্তান্তরিত করেছে। আপনারা দেখেছেন পশ্চিমবঙ্গের প্রতি এই যে কেন্দ্র পক্ষপাতিত্ব করছে সেই কথা আমরা বামফ্রন্টের পক্ষ থেকে বারে বারে তুলেছি। তার কি জবাব আছে? পশ্চিমবঙ্গের প্রতি এই পক্ষপাতিত্ব আজকে আরম্ভ হয়নি, ডাঃ রায়ের আমল থেকে এই পক্ষপাতিত্ব শুরু হয়েছে। এই পক্ষপাতিত্বের বিরুদ্ধে লড়াই করাটা কি প্রশংসনীয় নয়? সম্প্রতি পাট চাষীদের যে সমস্যা চলছে পাট চাষীরা আজকে কেন্দ্রীয় সরকারের বেঁধে দেওয়া প্রামে যে পাট বিক্রি করবে তার কোন গ্যারান্টি নেই। আপনাদের নির্ধারিত জে সি আই অনেক জায়গায় পাটের নির্ধারিত দামে পাট কিনছে না, পাটের দাম নির্ধারিত দামের চেয়ে নেমে গেছে। আপনারা জানেন সে কথা, আপনারা তার প্রতিবাদ করেছেন? আমরা বিধান সভা থেকে সম্মিলিত ভাবে তার প্রতিবাদ করেছি। কিন্তু কেন্দ্র কি করছে? কেন্দ্রের কি টনক নড়াতে পেরেছেন? কেন্দ্র কি তাঁদের নীতি বদলিয়েছে, আপনাদের কথা মেনেছে? আজকে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা বাদ দিলে সমস্ত কংগ্রেসী রাজত্ব, সমস্ত রাজ্যগুলি আপনাদের শাসনে চলছে, তাহলে কেন এই অবস্থা হল?

[4.20 - 4.30 P.M.]

কেন বিভিন্ন রাজ্যে স্থিতিশীলতা নেই? বামফ্রন্ট সরকার বলতে পারে আমরা পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক দাঙ্গা বাঁধাতে দিইনি, আমরা শিখ এবং হিন্দুদের মধ্যে দাঙ্গা বাঁধাতে দিইনি, দিল্লীর মত, আমরা হিন্দু এবং মুসলমানের মধ্যে সমপ্রীতি প্রতিষ্ঠা করে সকলকে নিয়ে এগিয়ে যাবার চেষ্টা করছি। আপনারা শিল্পের লক্ষ্য করুন পশ্চিমবাংলায় কি অবস্থা। আপনারা বক্তব্য বলতে গিয়ে এসব কথা বলেন নি। আমি আশা করি ডাঃ আবেদিন জবাব দেবেন কেন হলদিয়া পেট্রো-কেমিকেল হলনা।

আপনাদের বলতে হবে কে বাধা দিল? এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলার প্রতি যা পক্ষপাতিত্ব করেছে সেই জবাব আপনাদের দিতে হবে। আমরা জমি দিতে চাওয়া সত্ত্বেও কেন সল্টলেকে ইলেকট্রনিকের কারখানা হল না সেই জবাব আপনাদের দিতে হবে। কেন এগুলি হরিয়ানা এবং অন্যান্য জায়গায় চলে যাচ্ছে সে কথা আপনাদের বলতে হবে। আপনারা যদি দায়িত্বশীল বিরোধীদল হিসেবে কাজ করতে চান তাহলে এসব কথার জবাব আপনাদের দিতে হবে। কেন্দ্রীয় সরকার যে আমাদের সঙ্গে পক্ষপাতিত্ব করছে সেই জবাব আপনাদের দিতে হবে। অষ্টম অর্থকমিশন রায় দেওয়া সত্ত্বেও কেন পশ্চিমবাংলা ৩২৫ কোটি টাকা থেকে বঞ্চিত হল? আপনারা বলেছেন আমরা নাকি কেন্দ্রীয় সরকারের দেয় টাকা খরচ করতে পারিনি? আপনারা বলেছেন আমরা ওভার ড্রাফট নিয়েছি। আমরা টাকা খরচ করতে না পারলে কি করে ওভার ড্রাফট নিচ্ছি? ১৯৮২ সালে এই সরকার দ্বিতীয় বার ক্ষমতায় আসার পর আপনারা কতবার যে অনাস্থা প্রস্তাব আনলেন সেটা একবার চিন্তা করুন। আপনাদের সমস্ত বক্তৃতা যদি দেখেন তাহলে দেখবেন নূতন কথা কিছু নেই- একই কথা বারবার বলেছেন। পশ্চিমবাংলায় যে অগ্রগতি হয়েছে সেসব কথা ওঁরা কিছু বললেন না। ওঁদের উদ্দেশ্য শুধু বিরোধিতা করা তাই যা খুশী বলে যাচ্ছেন। একথা বলে আমি অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জীঃ- মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিশেষ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি ডায়মন্ডহারবার রোড দিয়ে আসছিলাম এবং কাঁটাপুকুরের মোড়ে এসে দেখলাম প্রচুর লোক রাস্তা অবরোধ করেছে। ঘটনা জানতে গিয়ে যা দেখলাম তা অভূতপূর্ব। প্রায় ৫০/৬০ টি গলিত শবদেহ রাস্তায় পড়ে রয়েছে এবং কারুর হাত, কারুর পা, কারুর মাথা এদিক ওদিক ছিটকে পড়ে রয়েছে এবং জনতা সেখানে প্রতিবোধ করেছে। ঘটনাটি হল- গোপাল ঘোষ, বিভা দে, গোরাচাঁদ দাঁ মজলু খান তাদের লোকের মর্গ থেকে বডি পাচ্ছে না। এই বডি না পাবার কারণ হল পুলিশ এবং সেখানকার লোকেরা বডিগুলো দিচ্ছে না। এই কারণে জনতা ক্ষিপ্ত হয়ে সমস্ত বডি মর্গ থেকে বার করে রাস্তায় নিয়ে এসেছে। এই প্যানডিমনিয়াম অবস্থা থেকে বাঁচাবার জন্য সেখানে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন এবং লোকেরা যাতে বডিগুলো পায় সেই ব্যবস্থা করুন। ডায়মন্ডহারবার রোডে কাঁটাপুকুরের কাছে এই ঘটনা ঘটেছে। আমি জানি ওঁরা পদত্যাগ করবেন না কাজেই মন্ত্রীকে গিয়ে বলুন, এই ভয়াবহ অবস্থা একবার তিনি যেন গিয়ে দেখে আসেন। ইট ইজ এ ডেনজারাস সিচুয়েসন, ইট ইজ এ ডেনজারাস ইস্যু।

Dr. Kiran Choudhuri:- Mr. Deputy Speaker, Sir, I rise to support the motion of "No Confidence" before the House not in the hope that it will get through, but because it symbolises the inarticulate opposition of a vast majority of the people of West Bengal to the Left Front Government. Sir, under the blessed Left Front Government, two do not make four, and you know, in my Assembly Constituency, when the Lok Sabha election was held in 1984, the total number of voters was 99,300 and plus, taking voters of the age of 21 years always into consideration. But the number came down to 79,385 in june, 1985 when Corporation election was held. That shows that we will have to unlearn our arithmetic by the strange arithmetical thoughts of the Left Front and we have to count through that practice. By the same tone we can explain that in every field there is back sliding. I had been present in this House when discussions were held about the accord between the Government of India and AASU. Tears were wailling in the sympathy of the non-Assamees who are losing their right to vote. But none was so poor to shed a drop of tear for the loss of larger number of voters and citizens in this metropolitan city of Calcutta. Sir,I will not dialect on any more point except on University of Calcutta and others. The universities with their varying standards, growing indiscipline and much political interference have become much degraded institution more so with political agitation and inattendance. Look at the University of Calcutta. What is happening there? At the moment a person of the Government's choice was not appointed there, and the trouble started. The trouble was acceelerated when the Amendment of 1984 was not assented to by the president of India. Now the situation has gone so bad that the university is virtually defunct. The students do not know what lies in their future. The future is bleak because the classes are not held and everyday there is demonstration and counter-demonstration.

[4.30 - 4.40 P.M.]

The vice-Chancellor is also kept under duress, and he was 'gheraoed'. This is the go of the day, for which I am surprised. I confess that my relation with the Minister for Higher Education is very cordial. But I must make some plain speaking. I presume my friend Shri Ghose will give answer to my points. I ask him to consider whether the Act of 1979 is still workable. I fully agree that the Gagendra Gadkar Commission had suggested that 40%of the members of the bodies like Syndicate and the Senate might be taken from outsiders,but he has taken only 27%. The question is whether you want that the professors appointment, professors promotion and all these should be guided by outsiders who are not really qualified persons, you are to decide on such issues. Are you not aware of the fact that non-teaching employees' representatives from the undergraduate colleges, students' representatives and the principals of the undergraduate colleges-they hold the majority? If that is the situation do you think that you are doing Justice in cases of appointments of the professors of the University of Calcutta? Are you not bringing down the standard? Look at what happened to the men who produced false certificates and false documents for appointment.The only thing was, to hand over the persons to the police.By exercising 9 (6) of the Act the Vice-Chancellor dismissed five of them. He has only dismissed the persons instead of handing over them to the police. The persons have no right to forge the documents-as they tried-to prove that these were the genuine documents. Now look at the difficulty. if you give extra-ordinary clause in the Act there must be also a provision. But you expect that the provision is to be exercised under certain special circumstances. You cannot just keep the clause because while the person who is supposed to exercise that power cannot do it due to certain additional constraint put by the members of the Syndicate as now it is being proposed by the majority members of the Calcutta University Syndicate. This is absure. Lastly, I support the motion of no-confidence with all the emphasis I command.

শ্রী নির্মল কুমার বোসঃ-মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মন্ত্রীসভার বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এসেছে আমি তার তীব্র বিরোধিতা করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, বিরোধীদলের মাননীয় সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলী মহাশয় জিজ্ঞাসা করেছেন গত ৮ বছরে এই বামফ্রন্ট সরকারের উপহার

কি? আমি এক/দুই/তিন করে বলছি যে কি উপহার পশ্চিমবঙ্গের মানুষের কাছে, ভারতবর্ষের রাজনীতিতে বামফ্রন্ট সরকার রেখেছেন যারজন্য দিন দিন বামফ্রন্টের জনপ্রিয়তা,জনসমর্থন বাড়ছে। প্রথম কথা হ'ল সাম্প্রদায়িক সম্প্রীতি। এটা ভারতবর্ষের কোথাও আছে? দিল্লীতে আছে? পাঞ্জাবে আছে? আসাম, গুজরাটে আছে? সেটা পশ্চিমবঙ্গে আছে। পশ্চিমবঙ্গে হিন্দু মুসলমানের দাঙ্গা হয়না, বাঙ্গালী অবাঙ্গালীর প্রশ্ন ওঠে না, তপশীলী জাতির মানুষের সঙ্গে অন্য মানুষের বিরোধ এখানে হয়না। ভারতবর্ষের মধ্যে কোলকাতা তথা পশ্চিমবঙ্গ হচ্ছে সর্বশ্রেষ্ঠজায়গা যেখানে ভাষা, জাতি ধর্ম নির্বিশেষে সকল মানুষ নিরাপদে বাস করতে পারেন। স্যার, ওঁরা এখানকার শান্তি শৃঙ্খলা নিয়ে চিৎকার করছেন অথচ দিল্লীর অবস্থা কি? অন্যান্য জায়গায় অবস্থা কি? পশ্চিমবঙ্গে রাত পর্যন্ত মেয়েরা নিরাপদে ঘুরতে পারেন কিন্তু খাস রাজধানী দিল্লীতে সন্ধ্যার পর মেয়েরা আর বেরতে পারেন না। এখানে চুরি,ডাকাতি নিশ্চয় হচ্ছে। আমাদের সমাজ এখনও আদর্শ সমাজ হয়নি, এই আর্থিক ব্যবস্থায় তা সম্ভব নয় কিন্তু তা হলেও ভারতবর্ষের মধ্যে সর্বশ্রেষ্ঠ শান্তিশৃঙ্খলা এখানে আছে। বিরোধীদলের মাননীয় সদস্য কিরণ চৌধুরী মহাশয় শিক্ষা সম্বন্ধে বললেন। তিনি অবশ্য কোলকাতা বিশ্ববিদ্যালয় ছাড়া আর কিছুই বলতে পারলেন না। আমি তাঁকে স্মরণ করতে বলি যে ১৯৭৭ সালের আগে শিক্ষা ক্ষেত্রে পশ্চিমবঙ্গের অবস্থা কি ছিল? তখন কলেজ,বিশ্ববিদালয়ে কেউ কাজ করতে পারতেন? ডাঃ কিরণ চৌধুরী তাঁর নিজের কলেজে কাজ করতে পেরেছেন? আমরা সিনেটের সভা করতে পেরেছি? কিরণ চৌধুরী মহাশয়কে স্মরণ করতে বলি যে সিনেটের সভায় যখন আমার মাইক কেড়ে নিল কংগ্রেসের ছেলেরা তখন সত্যেন সেন মহাশয় মিটিং ভেঙ্গে দিয়ে চলে গেলেন। আজ বিহারে পড়াশুনা হয়? পরীক্ষা হয়? কোন কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় চলে? স্যার, এই হচ্ছে দেশের অন্যান্য রাজ্যের অবস্থা আর আমাদের এই পশ্চিমবঙ্গে স্বাভাবিকভাবে স্কুল কলেজ চলছে, পরীক্ষা হচ্ছে, পড়াশুনা চলছে, ফল প্রকাশিত হচ্ছে, বিশ্ববিদ্যালয় কলেজে নির্বাচন হচ্ছে। তারপর গ্রামের গরিব মানুষদের আর্থিক স্বাচ্ছন্দ দেবার জন্য গ্রামে গ্রামে পঞ্চায়েতের মাধ্যমে গত কয়েক বছর ধরে অনেক কাজ করা হচ্ছে। আজ গ্রামের মানুষেরা মাথা উঁচু করে দাঁড়িয়েছে, তারা মর্যাদা পেয়েছে। খরার সময় অন্যান্য রাজ্যে যখন শত শত মানুষ মরে কাগজে ছবি বেরয় তখন এ রাজ্যে গত ৮ বছরে একজন মানুষও অনাহারে মরে নি। আপনারা বিধানসভায় এত কথা বলছেন, একটা দৃষ্টান্ত তুলে ধরতে পারেন, একটা ছবি দেখাতে পারেন যে এখানে অনাহারে মৃত্যু হয়েছে? না, হয়নি। এটা কি কোন উপহার নয়? তারপর পশ্চিমবঙ্গে আজ সকল মানুষকে আন্দোলনের অধিকার দেওয়া হয়েছে। সরকার বিরোধীদেরও আন্দোলনের অধিকার আছে। গত বছর আই.এন.টি.ইউ.সি সমেত সমস্ত শ্রমিক সংগঠন পশ্চিমবঙ্গে ৮৪ দিন ধরে চটকল ধর্মঘট করেন আর উত্তরপ্রদেশে তিনটি চটকলে ধর্মঘটের ব্যাপারে সেখানকার কংগ্রেসী সরকার এসমা জারি করে সেই ধর্মঘট বন্ধ করেছেন। পশ্চিমবঙ্গে কিন্তু তা বন্ধ হয়নি। গত ৮ বছরে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের আমলে কংগ্রেসের একজন কেও রাজনৈতিক কারণে গ্রেপ্তার করা হয়নি। অপর দিকে কংগ্রেস আমলে আমাদের বিনা বিচারে মাসের পর মাস বছরের পর বছর জেলে আটকে রাখা হয়েছিল। এগুলি কি কোন ঘটনা নয়? ১৯৫৬ সালের পর ডাঃ বিধান চন্দ্র রায়ের আমলে শিল্পের অধোগতি আরম্ভ হয়েছিল, দীর্ঘদিন পরে পশ্চিমবঙ্গে আবার শিল্পের অনুকূল পরিবেশ ফিরে এসেছে। সবাই এখানে শিল্পে বিনিয়োগের জন্য আসছেন। এটা কি কোন উপহার নয়? এইসব কাজ আমরা করতে পেরেছি বলেই বিগত লোকসভার নির্বাচনে সারা ভারতবর্ষ সিমপ্যাথি ওয়েভে ভেসে গেলেও পশ্চিমবঙ্গে তা থমকে দাঁড়িয়েছিল। আপনারা ৪ থেকে ১৬ তে উঠেছেন বলে এত মেজাজ গরম করবেন না, আপনাদের ডবল আসন আমরা পেয়েছি। তারপর তিনটি যে বিধানসভার উপনির্বাচন হ'ল- জলপাইগুড়ি, মেদিনীপুর,বীরভূম-সেই তিনটিতেই অধিকতর ভোটে আমরা জিতেছি। তারপর কোলকাতা কর্পোরেশনের নির্বাচন। লোকসভার নির্বাচনের সময় আমরা যেখানে ১৪১ টা ওয়ার্ডের মধ্যে মাত্র ২৬ টিতে জিতেছিলাম সেখানে এই কয়েক মাসে আমরা ৭০ টা পেয়েছি। এতে কি প্রমাণ করে? এতে প্রমাণ করে জনগণের সমর্থন আমাদের পেছনে বাড়ছে। জনগণ আমাদের পেছনে আছেন তাই এখানে সাত্তার সাহেব, জয়নাল সাহেব কি বললেন তাতে কিছু এসে যায় না।

[4.40 - 5.00 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে আরো দু'একটি কথা আপনার মাধ্যমে নিবেদন করতে চাই। আমাদের মন্ত্রীসভার নেতা, আমাদের নেতা জ্যোতি বসু মহাশয় শিল্প সম্পর্কে আমাদের মৌল নীতির কথা বলেছেন। এখানে দু'একটি কথা অতিরিক্ত বলা দরকার যেগুলি পরবর্ত্তীকালে উত্থাপিত হয়েছে। যৌথ উদ্যোগ নিয়ে ব্যাঙ্গ করে বলা হয়েছে যে যৌথ উদ্যোগ নিয়ে জ্যোতি বাবু গোয়েঙ্কাদের, বিড়লাদের দালাল হয়েছেন। কেন করতে হচ্ছে যৌথ উদোগ? তার কারণ অদ্ভুত ধরনের কাঠামো আমাদের ভারতবর্ষের এবং কেন্দ্র রাজ্য সম্পর্ক। রাজ্য সরকারকে যে টাকা দেওয়া হয় সেই টাকা অগ্রাধিকার দিয়ে শিক্ষা, স্বাস্থ্য, রাস্তা সংস্কার, কৃষি সেট করে তারপরে যে টাকা থাকবে তা দিয়ে রাজ্য সরকার শিল্প করতে পারছেন না। এই কাঠামোর মধ্যে শিল্প উদ্যোগ নেওয়া খুবই কঠিন। আমরাতো মশাল নিয়ে রাস্তায় নামেনি। আমরাতো সমঝোতা করেই চলেছি, এই পরিস্থিতিতেও পশ্চিমবঙ্গের শিল্প পরিবেশ ভাল হাওয়ার জন্য। যেখানে শ্রমিক শান্তি রয়েছে, যেখানে রাজনৈতিক স্থায়িত্ব রয়েছে। সাম্প্রদায়িক সম্প্রীতি রয়েছে এবং বিদ্যুতের অবস্থা দিনের পর দিন ভাল হচ্ছে, সেই অবস্থায় যদি অন্যরা শিল্প গড়েন, আমরাও হাত বাড়াবো। কেন্দ্রীয় সরকারের করার কথা, অন্যান্য রাজ্যে তারা করছেন। যদি বুঝতাম যে কেন্দ্রীয় সরকারের টাকা নেই, তারা করছেন না। তারা এই নীতি অনুসরণ করছেন যে কোথাও শিল্প তারা করবেন না। কিন্তু তাতো নয়। আমাদের সামনে অন্যান্য রাজ্যে হাজার হাজার কোটি টাকা বিনিয়োগ করছেন। আর পশ্চিম বাংলায় ১৯৬৫/৬৬ সালে এক ডানকুনিতে কয়লা এবং গ্যাসের কথা ছিল, তাও কবে হবে জানিনা। কথা ছিল ডিসেম্বরের,এখন বলছেন ১৯৮৭ সালের মার্চ মাসে। আর একটা পয়সাও কোন জায়গায় বিনিয়োগ করা হয়নি। ভারতবর্ষে এতগুলি ইস্পাত কারখানা হল, দুর্গাপুরের কারখানা সবচেয়ে বেশী বৈসম্যপীড়িত, সবচেয়ে কম টাকা সেখানে খরচ হয়। কেন্দ্রীয় সরকার করছেন না কেন? অন্য জায়গায় তারা করছেন। আমাদের ভারত ইলেকট্রনিক, ভারতবর্ষের অন্যান্য রাজ্যে করছেন, শুধু পশ্চিমবঙ্গে নয়, পূর্ব ভারতের কোন রাজ্যে তারা এলনা, হাজার হাজার কোটি টাকা বিনিয়োগ করছেন। পেট্রো কেমিক্যালস-এর কথা আমাদের মাননীয় সদস্যরা বলেছেন। আমরা যখন দেখছি যে আমাদের পশ্চিম বাংলার অত্যন্ত গুরুত্বপূর্ণ শিল্প হলদিয়া পেট্রো-কেমিক্যালস, যেটা হলে সেখানে শুধু আড়াই হাজার লোকের কর্ম বিনিয়োগই হবেনা, সেখানে ডাউন স্ট্রীমে দেড় লক্ষের বেশী লোক কাজ পাবে, কিন্তু সেখানে আমাদের টাকা নেই। কেন্দ্রীয় সরকার এতদিন ঝুলিয়ে রেখেছেন, করছেন না। কাজেই যদি গোয়েঙ্কারা আসে অসুবিধা কোথায়? অন্য রাজ্যে গোয়েঙ্কাদের সঙ্গে করলে তারা দালাল হন না। আর এখানে কেন্দ্র আসছে না, এখানে তাদের সঙ্গে করলে দালাল হয়ে যান। আমরা করেছি, করছি, আরো করবো। কারণ এই সমস্ত বললে এখানে কর্ম বিনিয়োগ হবে। ওদের গায়ে বড় লাগছে যে জ্যোতিবাবুর সরকার শিল্প কেন করছেন? কেন সল্ট লেকে ৪০ একরের ইলেকট্রোনিক্স হল? ভারত সরকার টাইট হয়ে বসে ছিলেন। কেমন হয়েছে? বেশ হয়েছে, লাল ঝান্ডা হলে এখানে শিল্প হবে না। সল্ট লেকে হয়ে গেল। ৯০ একরের করতে যাচ্ছি। এখানে পেট্রো-কেমিক্যালস হয়ে গেল। জাহাজ নির্মাণ কারখানা হতে চলেছে। কাজেই গায়ে বড় লাগছে। আরে বাবা, ২/৪ টি কারখানা হলে তো ওদের ছেলে-পেলেরাও কিছু

কাজ পাবে। নিজেদের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করার এই রাজনীতি ছাড়ুন। রুগ্ন শিল্পের কথা বলেছেন যে রাজ্য সরকার নাকি সব কিছুর জন্য দায়ী। রুগ্ন শিল্পের জন্য কে দায়ী? রুগ্ন শিল্পের জন্য দায়ী কেন্দ্রীয় সরকার। প্রথম ১৯৫৬ সালে ডঃ রায়ের আমলে মাশুল সমীকরণ নীতিতে কয়লা, ইস্পাত, লোহা সারা ভারতবর্ষে এক দাম হবে। আমাদের আপত্তি নেই। কিন্তু আমাদের এখানকার কারখানার জন্য তুলো এখানে হয় না, মহারাষ্ট্রে তুলো হয়, সেখানের থেকে আমরা এক দামে কেন পাবোনা? আমাদের কাপড়ের কলগুলি রুগ্ন হয়ে গেল। ইন্ডাস্ট্রিয়াল এ্যালকল আমাদের এখানে হয় না, মহারাষ্ট্রে হয়। আমরা তা পাবোনা। পশ্চিম বাংলার কয়লা মহারাষ্ট্র, কর্ণাটক, উত্তর প্রদেশ পাবে, আর আমরা পাবোনা। আমাদের এখানে কেমিক্যাল ইন্ড্রাস্ট্রি, ফার্মাসিটিউক্যাল ইন্ড্রাস্ট্রি রুগ্ন হয়ে গেল। এই সব কারণে রুগ্ন হয়েছে। পান্ডে কমিটি সুপারিশ করেছেন যে তুলে দাও মাশুল সমীকরণ নীতি। কিন্তু পশ্চিম ভারতের চাপে তারা করছেন না। পশ্চিম বাংলার শিল্পকে তারা রুগ্ন করছেন। এখানে এই শিল্পকে অধিগ্রহণের কথাও বলা হয়েছে। এই রুগ্ন শিল্পকে টেক ওভার কে করবে? এটা একমাত্র ভারত সরকার করতে পারেন, Industrial Reconstruction Corporation of India. যদি না করেন নিয়ম পাল্টে আমাদের হাতে দিন। তাও দেবেন না, আবার নিজেরাও করবেন না। আর জাতীয়করণের বেলায় আমরা বিল পাঠালে পড়ে থাকে। কারণ চূড়ান্ত সিদ্ধান্ত নেবার ক্ষমতা তাদের। আমাদের একটা বিল কতদিন ধরে পড়েছিল ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং বিল। এই ক্ষমতাতো তাদেরই হাত। আই. আর. বি. আই. তাদেরই রুগ্ন শিল্প দেখার দায়িত্ব। ভারত সরকার নিজেরাই আই. আর. সি. আই. নামে করেছিলেন, তারপরে পাল্টে আই. আর. বি. আই করেছেন। তাদেরপ দায়িত্ব এই রুগ্নশিল্প দেখা এবং দেখে শুধু টাকা দেওয়া নয়, কি করে রুগ্ন শিল্পকে ভাল করা যায়, তার জন্য কি পরিকল্পনা নিতে হবে, টাকা কি ভাবে দিতে হবে, সেগুলি দেখার জন্যই তো এই প্রতিষ্ঠান। কিন্তু তারা কি দায়িত্ব পালন করছেন? কি দায়িত্ব তাঁরা পালন করেছেন? তাঁরা ব্যর্থ হয়েছেন। এটা আমার কথা নয়, কংগ্রেসী সদস্যরাই তো সই করেছেন, তাঁরা তো এক সঙ্গে গিয়ে জুন মাসে কেন্দ্রীয় শিল্প মন্ত্রী বীরেন্দ্র পাতিল, কেন্দ্রীয় অর্থমন্ত্রী বিশ্বনাথ প্রতাপ সিং এর কাছে বলে এলেন—কি বলে এলেন, স্মারকলিপিতে কি আছে, "The track record of IRBI to deal with industrial sickness has so far been for from satisfactory." তাঁরাই তো সই করে দিয়ে এলেন। আর আজকে এখানে সাত্তার সাহেব নেই, বিরোধী দলের নেতা, তিনি বলে গেলেন আই. আর. বি. আই. খুব ভাল কাজ করছে। আই. আর. বি. আই. মোট পশ্চিমবাংলায় ২০৫টি কারখানার দায়িত্ব নিয়েছিলেন ভাল করবার জন্য, মাত্র ৭৩টি কার্যাকর করতে পেরেছেন। এই তো এঁদের পারফরমেন্স, সময় মত টাকা পাওয়া যায়নি, এতে তো একমাত্র মাইনে দিয়ে যাওয়া হয়, তাহলে তো হবে না। ভায়োবিলিটি রিপোর্ট তৈরী করে সেই মত একটা লং টার্ম টাকা দিতে হবে। কখনও টাকা পাওয়া যায় না, কখনও কারখানাব জন্য টাকা পাওয়া যায়না। আমরা ২৪শে জুন কেন্দ্রীয় অর্থমন্ত্রী বিশ্বনাথপ্রতাপ সিংকে বলেছি, আপনি আই. আর. বি. আই. কে ডাকুন, বসুন, ব্যবস্থা করুন। কিছুই তো করেন নি এবং একই অবস্থা অন্য ব্যাঙ্ক সম্পর্কে প্রযোজ্য। অর্ডার সম্পর্কে সুব্রত বাবু বললেন নাকি ১২ হাজার ওয়াগান অর্ডার পেয়েছে, আমরা জানি না, এখনও পর্যান্ত আমাদেব কাছে কোন খবর নেই। ওঁদের কাছে আগাম খবর থাকে। ২৫ হাজার থেকে নেমে ৫ হাজারে দাঁড়িয়েছে, এখন কত হবে আমরা জানি না। অন্যান্য ক্ষেত্রে, তাই, ক্ষুদ্র শিল্পের ব্যাপারেও কেন্দ্রীয় সরকারের নানারকম অসুবিধা আছে। এর জন্য রুগ্ন হচ্ছে। আমরা চেষ্টা করছি, আমরা কিছু জাতীয়করণ করেছি, অন্যগুলো করবো, মুখ্যমন্ত্রী বলেছেন, আমি বাড়াতে চাইনা। সুতরাং রুগ্নতার জন্য মূল দায়িত্ব কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতি। তাঁদের যে দায়িত্ব, তাঁরা বিধিবদ্ধভাবে মেনে নিয়েছেন, সেই দায়িত্ব তাঁরা পালন করছেন না। আমরা আমাদের মত চেষ্টা করছি এবং কিছু আমরা করেছি, আরও আমরা করবো এবং রুগ্নতার পরিবেশ কিছুটা পরিবর্ত্তন হয়েছে বলেই আবার শিল্পপতিরা নুতন করে আসছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে বিরোধী দলের সদস্য সাত্তার সাহেব তাঁর বক্তব্যের মধ্যে বেলডাঙ্গা সুগার মিলের কথা বলেছেন। এই কথা আমরা বিধানসভায় বারেবারে বলেছি যে দীর্ঘকাল বন্ধ হয়ে থাকা বেলডাঙ্গা সুগার মিল আমরা নিয়েছি ১৯৮১ সালে। এটাকে আমরা চালাবার চেষ্টা করছি। ৬০০ টন প্রতিদিন ক্রাশিং হলে হবে না, এটাকে বাড়িয়ে কত করা যায়—কানপুরের ন্যাশনাল সুগার ইনসটিটিউট তাঁরা রিপোর্ট দিয়েছেন, সেই রিপোর্ট আমরা পেয়েছি, আমরা চেষ্টা করছি যাতে এটা তাড়াতাড়ি চালু করা যায়। সুতরাং উনি যেটা বললেন বন্ধ রেখেছি, এটা বন্ধ হয়ে থাকা, এই কথাটা ঠিক নয়। এতদিন তো ছিল পড়ে, সাত্তার সাহেবেব নিজের জেলা, ১৯৪৮ সাল থেকে বন্ধ ছিল, সাত্তার সাহেব নিজে মন্ত্রী ছিলেন, কেন নেননি সরকারের হাতে, ১৯৮১ সালে এই বামফ্রন্ট সরকার প্রথম নিয়েছেন, এবং এটাকে চালু করবার চেষ্টা করছি। সাত্তার সাহেব নিজের ব্যর্থতা ঢাকবার জন্য আমাদের উপর আক্রমণ করলে তো চলবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এখানে কলকাতা বিশ্ববিদ্যালয়ের কথা বা শিক্ষার কথা মাননীয় সদস্য ডঃ কিরণ চৌধুরী মহাশয় বলেছেন, একটু বলতে হয়, ডঃ কিরণ চৌধুরী এবং আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন সিনেটের সদস্য ছিলাম। উনি জানেন না, কি অবস্থা কলকাতা বিশ্ববিদ্যালয়ে হয়েছিল ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সাল পর্যান্ত? সেখানে গুন্ডার রাজত্ব চলছিল, সেখানকার পরীক্ষা হলগুলোতে কি হতো? আমরা নাম বললে ওঁদের গায়ে লাগবে। ছাত্র পরিষদের বাঘা বাঘা নেতা, তারা পরীক্ষার হলে ঢুকতেন একটা ছুরি এবং সিগারেটের প্যাকেট নিয়ে। ছুরি সামনে রাখতেন এবং সিগারেটের প্যাকেট থেকে নকল করে বেরিয়ে যেতেন। এই তো তারা করেছিলেন। হার্ডিঞ্জ হস্টেল একটা অস্ত্রের কারখানা হয়েছিল। সিদ্ধার্থ বাবুকে সেটা স্বীকার করতে হয়েছিল। এই অবস্থাগুলো জানেন না? আমরা এই অবস্থার পরিবর্ত্তন করেছি। আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়ে যে একটু অসুবিধার সৃষ্টি হয়েছে তার জন্য কে দায়ী? আমি পরিস্কার বলবো, আপনি যদি আমাকে মার্জনা করেন, আমাদের প্রাক্তন রাজ্যপাল এ. পি. শর্মার কথা বলতে হয়। কারণ তিনি এই রাজভবনে বসে রাজ্যপালের পদের অবমাননা করে রাজনীতি করেছেন, কংগ্রেসীদের পরামর্শ-এ শিক্ষা বিরোধী সিদ্ধান্ত তিনি নিয়েছেন। এটা প্রমাণ হয়ে গেল, যখন আমি শিক্ষামন্ত্রীর দায়িত্বে ছিলাম, আমি বলেছি যে এ. পি. শর্মা অন্যায় করছেন, তিনি বলেছিলেন, তিনি কে? আমি বলেছিলাম, তিনি দিল্লী দৌড়োদৌড়ি করছেন নমিনেশন পাবার জন্য, তাঁর এই সব কাজ করা সাজে না। তার দু দিন পরে প্রমাণ হলো, ১৫ই আগষ্ট গত বছর তিনি কংগ্রেসের নমিনেশনের জন্য দিল্লী বারে বারে গেছেন, যে ভদ্রলোক কংগ্রেসের নমিনেশনের জন্য ছুটোছুটি করেন, তাঁকে তো কংগ্রেসীদের কথায় চলতেই হয়। উপাচার্য্য কে হবেন, তিনি শিক্ষামন্ত্রী বা মুখ্যমন্ত্রীর পরামর্শে চলবেন না, এখানকার কংগ্রেসী নেতাদের পরামর্শে চলবেন, তাহলে বিশ্ববিদ্যালয়ে তাই হবে। আমরা মেনে নিয়েছিলাম রাজ্য সরকার যাকে উপাচার্য্য করতে বলেছিলেন, তাঁকে তদানিন্তন আচার্য্য করেন নি, ভাল কথা। আচার্য্য যাঁকে উপাচার্য্য করলেন তাঁকে আমরা মেনে নিয়েছিলাম। কিন্তু তিনি প্রথম দিন থেকেই কি করছেন? তিনি আইন মানবেন না, সেনেটকে মানবেন সিন্ডিকেটকে মানবেন না, এটা কি হতে পারে? ডঃ কিরণ চৌধুরী কি এ প্রশ্নের জবাব দেবেন? আজকে অনাস্থা প্রস্তাবের উত্থাপক ডঃ জয়নাল আবেদিন তাঁর জবাবী ভাষণে দয়া করে এটা একটু জানাবেন যে, সেনেট, সিন্ডিকেটকে অগ্রাহ্য করে তিনি কি বিশ্ববিদ্যালয় চালাতে পারেন? ডঃ কিরণ চৌধুরী নয় ছয়ের কথা এখানে উল্লেখ করলেন। নয়-ছয়টা কি? নয়-ছয় হচ্ছে, বিশ্ববিদ্যালয় আইনের ৯ ধারার ৬ উপধারা। ডঃ কিরণ চৌধুরী কি ভুলে গিয়েছেন, অধ্যাপক দিলীপ চক্রবর্তীর নেতৃত্বে তিনি, আমি, আমরা সবাই উপাচার্য ডঃ সত্যেন সেনের সময়ে আন্দোলন করে বলিনি ৯(৬) ধারা চলতে পারে না? বিশ্ববিদ্যালয় আইনের সেক্সন ৯(৬) নিয়ে এখন সত্যি সত্যিই নয়-ছয় হচ্ছে। অবশ্য ইতিপূর্বেই আমরা আইনটির পরিবর্তন ঘটিয়েছি এবং আমরা সেখানে বলেছি, নিশ্চয়ই উপাচার্যের কিছু জরুরী ক্ষমতা থাকবে, কিন্তু সঙ্গে সঙ্গে সেই ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে সেনেটের অনুমোদন চাই, সিন্ডিকেটের অনুমোদন চাই, তাঁরা অনুমোদন না করলে উপাচার্য

আচার্যের কাছে যাবেন এবং আচার্যর সিদ্ধান্তই চূড়ান্ত হবে। অতএব উপাচার্য সিন্ডিকেটকে অমান্য করে, সেনেটকে অমান্য করে কাজ করতে পারেন না, বিশ্ববিদ্যালয় চালাতে পারেন না। আর শুধু মাত্র কলকাতা বিশ্ববিদ্যালয় ছাড়া অন্য কোন বিশ্ববিদ্যালয়ে এ রকম কোনো ঘটনা ঘটছে না। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, তিনি আমাদের পছন্দের লোক নন, আমরা তাঁর নাম সুপারিশ করিনি, তাঁর নামে কলকাতা বিশ্ববিদ্যালয়ে অভিযোগ আছে, তদন্ত হয়েছে। কিন্তু বর্ধমান বিশ্ববিদ্যালয় তো ঠিকই চলছে। বরঞ্চ কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের চেয়ে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধে আমাদের অভিযোগ বেশী। কিন্তু তিনি তো বিশ্ববিদ্যালয়ের এক্জিকিউটিভ কাউন্সিলকে এবং বিশ্ববিদ্যালয় কোর্টকে মেনে নিয়েছেন। বিশ্ববিদ্যালয় গড় গড় করে চলছে। অথচ কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সেনেট, সিন্ডিকেটকে মানছেন না। যার ফলেই এখানে অসুবিধার সৃষ্টি হচ্ছে। অবশ্য তাঁর পক্ষে কয়েকজন অধ্যাপক এবং কয়েকজন লোক আছেন, কিন্তু তাঁরা কারা? তাঁরা কংগ্রেসের লোক কিনা জানি না! দিল্লী থেকে কংগ্রেসের লোক হিসাবে বিবৃতি দিচ্ছেন, অথচ এখানে কংগ্রেসের শিক্ষক সেলের লোকেরা বলছেন, ''ও কে, কে ও'কে বিবৃতি দিতে বলেছে, ও আমাদের শিক্ষক সেলের কেউ নয়।'' অথচ এই সব লোক শিক্ষক নেতা সেজে দিল্লীতে গিয়ে বসে থাকছেন, লম্বা লম্বা কথা বলছেন। শিক্ষক হয়ে এখানে ক্লাস না নিয়ে দিল্লীতে গিয়ে বসে থাকছেন। এঁরা আবার না কি ইনটেলেকচ্যুয়াল! আজকে তাঁদের বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বলা দরকার, হয় কাজ করুন, না হয় চাকরী ছেড়ে দিয়ে নির্বাচনে দাঁড়িয়ে যান। শিক্ষকও থাকবেন, ক্লাস করবেন না, দিল্লীতে গিয়ে রাজীব গান্ধীর কাছে রাত দিন বসে থাকবেন, এ জিনিস কি চলতে পারে? বিশেষ করে একজন ভদ্রলোক এই কাজ করছেন, আমি তাঁর নাম বলতে পারছি না, আমার রুচিতে বাধছে, সবাই ভদ্রলোককে চেনেন, তিনি আজকে ঐ সমস্ত কিছুব নেতৃত্ব দিচ্ছেন। তাঁর পিছনের ইতিহাসটা আপনারা একটু খোঁজ করে জেনে নেবেন। আমি আর সেটা এখানে উল্লেখ করতে চাই না। ভাবতেও দুঃখ হয়, লজ্জা হয় এই সব লোক আজ কিরণবাবুর নেতা হয়ে গিয়েছেন! কিরণবাবু এইসব লোকের নেতৃত্ব মেনে নিয়েছেন। আজকে কলকাতা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় করার চক্রান্ত চলছে। অথচ ওঁরা কি বলছেন, ওঁরা বলছেন, ''আমরা তো তা বলছি না, আমরা বলছি, কলকাতা বিশ্ববিদ্যালয়কে ইনসটিটিউট অফ ন্যাশনাল ইম্পর্টেন্স বলে ঘোষণা করার কথা বলছি। এতে আপত্তির কি আছে?'' আমি ওঁদের জিজ্ঞাসা করি, কলকাতা বিশ্ববিদ্যালয় জাতীয় গুরুত্বপূর্ণ বিশ্ববিদ্যালয়, কি বিশ্ববিদ্যালয় নয় তা কি ঘোষণার দরকার আছে? আমরা জানি কলকাতা বিশ্ববিদ্যালয় ঐ ঘোষণার অপেক্ষা রাখে না। তাহলে ওঁদের ঐ দাবীর অর্থ কি? মূল কথা হচ্ছে, আমাদের সংবিধানের বিশেষ ব্যবস্থা অনুযায়ী পার্লামেন্ট যদি আইন পাশ করে কোনো প্রতিষ্ঠানকে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে ইনসটিটিউট অফ্ ন্যাশনাল ইমপর্টেন্স ঘোষণা করেন, তাহলে সঙ্গে সঙ্গেই সেটা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় হয়ে যাবে। অথচ কংগ্রেসের ঐ সমস্ত লোকেবা বলছেন, ''আমরা তো বিশ্ববিদ্যালয়কে কেন্দ্রের হাতে দিতে বলছি না, আমরা বলছি না, আমরা বলছি বিশ্ববিদ্যালয়কে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে ঘোষণা করা হোক''। আমি কংগ্রেসী সদস্যদের জিজ্ঞাসা করছি, এই সমস্ত কথা বলে কাকে আপনারা ভুল বোঝাচ্ছেন, আপনাদের কি বিন্দু মাত্র সততা নেই? অবশ্য আজকে ওঁরা শিক্ষা সম্বন্ধে এখনো পর্যন্ত খুব বেশী কিছু বলেননি, এর পর যদি বলেন তাহলে এই সভায় আমার অন্য বন্ধুরা তার জবাব দেবেন। কিরণবাবুও শিক্ষা নিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়েব বাইরে বিশেষ কিছু বলেননি। তবুও আমি এখানে ঐ কলকাতা বিশ্ববিদ্যালয় সম্বন্ধেই তাঁকে বলি যে, কর্মচারীরা কি করেছে, না করেছে সেটা অন্য কথা, কিন্তু ন্যাচারাল জাস্টিস মানা হবে না, বিচার হবে না, উপাচার্য নিজে যা ইচ্ছে তাই করবেন, তা কখনই চলতে পারে না। সেনেট, সিন্ডিকেটের বিনা অনুমতিতে তিনি একটা কমিটি করে দিলেই সব হয়ে গেল! যেখানে সিন্ডিকেটের হাতে বিশ্ববিদ্যালয় পরিচালনার সর্বোচ্চ ক্ষমতা। সিন্ডিকেট এবং সেনেটই হচ্ছে সর্বোচ্চ ক্ষমতার অধিকারী, তাদেব মেনে নিলেই কোনো গোলমাল থাকে না। আমরা চাই স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ভালভাবে চলুক এবং কলকাতা বিশ্ববিদ্যালয় আমাদেব কাছে শুধুমাত্র একটা বিশ্ববিদ্যালয়ই নয়, আমাদের মাতৃ-সম বিশ্ববিদ্যালয়, ভারতবর্ষের অন্যতম প্রথম বিশ্ববিদ্যালয়, এই বিশ্ববিদ্যালয়কে আমরা নষ্ট হতে দেব না। যারা এই বিশ্ববিদ্যালয়কে নষ্ট করবার জন্য চক্রান্ত করছে, গোলমাল করছে, তাদের মাথা নত করতেই হবে। তারপরে ১৯৭৯ সালের বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী নির্বাচিত সংস্থা সম্বন্ধেও এখানে প্রশ্ন উঠেছে। আমি এ সম্বন্ধে বলব যে, ''গজেন্দ্র গদকার কমিটির'' সুপারিশ মতই এটা করা হয়েছে। সেখানে শিক্ষকদের বাইরেও এতজনকে নিতে হবে বলে বলা আছে এবং আমরা তাই নিয়েছি। আমরা কর্মচারীদের প্রতিনিধি নিয়েছি, ছাত্রদের প্রতিনিধি নিয়েছি, শ্রমিকদের প্রতিনিধি নিয়েছি, কৃষকদের প্রতিনিধিও নিয়েছি। কেন না আমরা জানি একটা শিক্ষা প্রতিষ্ঠান চলে সমগ্র সমাজের স্বার্থে, অতএব সমাজের সকল স্তরের প্রতিনিধিও যদি সেখানে থাকে তাহলেই শিক্ষা প্রতিষ্ঠান ভালভাবে চলবে। কলকাতা বিশ্ববিদ্যালয় ভালভাবে চলুক, এটাই আমরা চাই। সুতরাং এখন পর্যন্ত বিরোধী পক্ষের বিশিষ্ট সদস্যরা যা বললেন তাতে অনাস্থা প্রস্তাবের পক্ষে কোন যুক্তি দাঁড় করাতে পারেননি। এই কারণে এই প্রস্তাবের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Zainal Abedin:—Mr. Deputy Speaker Sir, I rise on a point of order. I invite your attention to rule 328, sub-clause 6, of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. It runs as follows: "A member while speaking shall not use the Preasident's or the Governor's name for the purpose of influencing the debate." Shri Nirmal Bose has used the name of the Governor Shri A. P. Sarma, আপনার জ্ঞান-গম্মি আছে কিন্তু ওনার কোন জ্ঞান-গম্মি নেই। Sir, you please expunge it. You Mr. Deputy Speaker, you must expunge it as it is not according to the rules.

Mr. Deputy Speaker :—Dr. Abedin, I have heard your point of order. Please sit down.

Shri Amalendra Ray:—উনি বলেছেন গভর্ণরের নাম জানা হয়েছে He is no longer a Governor of West Bengal. (Noise)

Shri Subrata Mukherjee:—হাউসের মধ্যে যিনি নেই এবং যিনি আগে গভর্ণর ছিলেন তাঁর নাম উনি করেছেন। সুতরাং এটা রুলে প্রোভাইড করছে না। আমার অনুরোধ ঐ লোকটি, ঐ নামটি এবং ঐ অংশটি expunge করবেন না।

Shri Amalendra Ray:—It cannot be expunged. (Noise)

Mr. Deputy Speaker:—Mr. Bose in his speech মিঃ বোস ইন হিজ স্পীচ উনি ফরমার গভর্ণর অফ্ ওয়েস্ট বেঙ্গল বলেছেন না। এটা উনি বলতে পারেন former Governor of West Bengal. There is nothing wrong in it. He has said "the former Governor of West Bengal." He has used this according to rules. Please sit down.

Shri Abdus Sattar:—Sir, on a point of order.

Mr. Deputy Speaker:—Mr. Sattar, please sit down. I have already given my ruling. No discussion on my ruling. (Noise)

Shri Subrata Mukherjee:—মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটি অন্য ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনি আমাকে বলতে দিয়েছেন তারজন্য আই অ্যাম গ্রেটফুল টু ইউ। স্যার, এই যে ডি. এ. দেওয়া হল তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু স্টেটমেন্টের ৪নং প্যারাগ্রাফে বলা হয়েছে--five instalments to be placed in place in special depoint for a period of two years. আসলে এটা ১৯৮৭ পর্যন্ত কম্পালসারি ডিপোজিটে ঢুকে যাচ্ছে। আমি একে ক্যাটাগরিক্যালি কম্পালসারি ডিপোজিট বলছি। ইট মাস্ট বি ইউথড্রন এটা চলতে পারেনা।

মিঃ ডেপুটি স্পীকারঃ—এই প্রশ্ন এখানে রেইজ হতে পারে না। স্টেটমেন্টের উপর কোন ডিসকাশন হয়না। মিঃ ঘোষ, আপনি বলুন।

[5.00 - 5.10 P.M.]

শ্রী অশোক ঘোষঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিকাল তিনটা থেকে এই বিধানসভায় জ্যোতিবাবু থেকে সুরু করে একটু আগে মাননীয় মন্ত্রী নির্মলবাবু পর্যন্ত যে বক্তৃতা রাখলেন, জানি না, আগামীকাল সংবাদপত্রে সে সব প্রকাশিত হবে কিনা; যদি প্রকাশিত হয়, ওঁদের বক্তৃতা পড়ে পশ্চিমবঙ্গের মানুষ হাসবেন। কারণ, যেখানে বিগত ৮ বছর ধরে এই সরকার সর্বদিক থেকেই এতব্যর্থ, সেখানে এক ডিপার্টমেন্টে মন্ত্রী গলা বাড়িয়ে সরকারের ডঙ্কানিনাদ করে গেলেন কি করে? সকল দিক থেকে তাঁদের এই ব্যর্থতার প্রতিধ্বনী বিধানসভায় সকল দলের সদস্যদের মধ্যে থেকে এখানে উঠেছে। আজকে সরকার সর্ব ক্ষেত্রেই ব্যর্থ—একথা আমাদের কথা নয়; একথা উঠেছে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের সবচেয়ে বড় শরিক মার্ক্সবাদী কম্যুনিষ্ট পার্টির সদর দপ্তর—আলিমুদ্দিন ষ্ট্রীট থেকে। বিগত ৭.১.৮৫ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর অভিযোগক্রমে ছয়জন মন্ত্রীকে আলিমুদ্দিন ষ্ট্রীটে ডেকে পাঠান হোল, ওই ছয়জন মন্ত্রী হলেন—সর্বশ্রী প্রশান্ত শূর, প্রবীর সেনগুপ্ত, রবীন মুখার্জী, সুভাষ চক্রবর্তী, অমৃতেন্দু মুখার্জী এবং কৃষ্ণপদ ঘোষ। ঐ ছয়জন মন্ত্রী ব্যর্থতা সম্পর্কে প্রশ্ন তুলে সেখানে জ্যোতিবাবু এবং বামফ্রন্টের চেয়ারম্যান তাঁদের ধমকেদিলেন। পরদিন সংবাদ প্রকাশিত হোল—"জ্যোতিবাবু ছয়জন মন্ত্রীর কার্যকলাপ সম্পর্কে উষ্মা প্রকাশ করেছেন।" তাতে সরোজবাবু তাঁদের তাড়িয়ে দেবেন বলেছেন বলেও বলা হোল। কাজেই, এখানে আর ছয়জন সি.পি.এম মন্ত্রীর ব্যর্থতার কথা নতুন করে বলতে হচ্ছে না, কারণ পশ্চিমবাংলার মানুষ সে কথা স্বয়ং মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং বামফ্রন্টের চেয়ারম্যান মহাশয়ের কাছ থেকে পূর্বেই শুনে নিয়েছেন। ওঁরা এত বেশী ব্যর্থ হয়েছেন যে, সে সব ব্যর্থতা ঢাকবার জন্য পদযাত্রার নাম করে পশ্চিমবাংলার ব্যবসায়ী থেকে আরম্ভ করে সাধারণ মানুষের কাছ থেকে জোর করে টাকা আদায় করে সল্ট লেক থেকে হলদিয়া পর্যন্ত গঙ্গা যাত্রা করলেন। তবে এটা ব্যর্থ বামফ্রন্ট সরকারের গঙ্গা যাত্রা, নাকি অন্তিম যাত্রা জানিনা। কিন্তু এর ফলে যে হাজার হাজার টাকা খরচ হোল, এতে কয়েকটি রাস্তা নতুন করে সংস্কার করা যেতো। আজকে পশ্চিমবঙ্গে পূর্তমন্ত্রী আছেন। অবশ্য তিনি পূর্তমন্ত্রী, না মূর্তিমন্ত্রী জানিনা, কারণ তিনি রাস্তায় রাস্তায় মূর্তি বসিয়ে যাচ্ছেন। আজকে তিনি রাস্তার অবস্থা এমন করে দিয়েছেন যে, মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকে পর্যন্ত নির্বাচনী মিটিংয়ে যেতে গিয়ে বলতে হয়—"ঐ রাস্তা দিয়ে যেতে হলে আমার হার্ট এ্যাটাক হবে, কাজেই হেলিকপ্টারে যেতে হবে।" আজকে পশ্চিমবাংলায় এই রাস্তার পেছনে যে টাকা খরচ করা উচিত ছিল সেটা করা হয়নি। কিন্তু যে লক্ষ লক্ষ টাকা আজকে বামফ্রন্ট সরকার পদযাত্রার পেছনে খরচ করলেন, সেই টাকাটা আজকে তারা যদি রাস্তার পেছনে খরচ করতেন, পশ্চিম বাংলার মানুষ দুই হাত তুলে আশীর্বাদ করতেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আইন-শৃংখলা দিয়ে আমাদের সাত্তার সাহেব বলেছেন এবং চিফ হুইপ সুব্রত মুখার্জী বলেছেন, এর মধ্যে আমি বিশেষ যাচ্ছি না। আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে আজকে অনেক দিন বাদে দেখলাম। বিগত ১৫ দিন এই বিধানসভা চলছে স্বাস্থ্যমন্ত্রীর সুন্দর মুখখানা আজকে আমরা দেখতে পেলাম। স্বাস্থ্য দপ্তরের গাফিলতি শুধু একটা জায়গায় মালদাতে নয়, রায়গঞ্জে এই ঘটনা ঘটেছে। কারণ সেখানে আমরা দেখেছি সদ্যজাত শিশুকে কুকুরে টেনে নিয়ে গিয়ে হত্যা করেছে। আমরা দেখেছি শান্তিপুরের একটা হাঁসপাতালে একটি রোগীর অপারেসান হয়েছিল। সেই রোগী যখন মরে যায় তখন দাহঘাটে নিয়ে যাওয়া হয়। সেখানে দেখা যায় সেই রোগীর পেট থেকে কাঁচি বেরোচ্ছে এই হচ্ছে স্বাস্থ্য দপ্তরের অবস্থা, লজ্জা হয় আমাদের। শিশুকে কুকুরে টেনে নিয়ে যাচ্ছে, রোগীর পেট থেকে কাঁচি বের হচ্ছে, এর চেয়ে লজ্জাজনক ঘটনা আর কি হতে পারে! এর পরেও আবার রাম নারায়ণ গোস্বামী এবং অম্বরীশ মুখার্জী মহাশয় লাল আলো জেলে রাইটার্স বিল্ডিংসে যান, বিধানসভায় আসেন। ধিক্কার দেওয়া উচিত, পদত্যাগ করা উচিত ওনাদের। আমাদের মাননীয় মন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রি যখন রেল মন্ত্রী ছিলেন তখন একটা রেলওয়ে এ্যাকসিডেন্টের জন্য পদত্যাগ করেছিলেন। তিনি সেই দুর্ঘটনার সমস্ত দায়িত্ব নিজের কাঁধে নিয়ে পদত্যাগ করেছিলেন। কিন্তু আজকে অম্বরীশ মুখার্জী এবং রাম নারায়ণ গোস্বামীর সেই সৎ সাহস নেই। যেখানে নিরীহ মানুষ মারা গেল, শিশুকে কুকুরে টেনে নিয়ে গেল, নিরীহ একজন নারী মারা গেল সেখানে ওনারা বহাল তবিয়তে বসে আছেন। আজকে আইন শৃংখলার কথা নুতন করে বলার কিছু নেই। পুলিশের এক অংশ এবং সি.পি.আই.এম. এর ক্যাডাররা পশ্চিমবাংলায় থানায় থানায় বসে প্রশাসন চালাচ্ছে। প্রশাসনের যে কি অবস্থা সেটা এই বিধানসভায় বসেই আমরা লক্ষ্য করেছি। আমাদের বিধানসভার চার পাসে ১৪৪ ধারা জারি করা আছে। তা সত্ত্বেও বিধানসভার ৪টি গেটে কি করে শয়ে শয়ে লোক জমায়েত হতে পারে এবং শ্লোগান দিতে পারে? এর উত্তর আপনারা দিতে পারেন নি। এখানে যে পুলিশ অফিসার দায়িত্বে ছিল তাকে শাস্তি দেওয়া হ'ল না কেন? সব চেয়ে বড় কথা বর্দ্ধমানের বেলাড়ি, মেদিনীপুরের কেসপুর এবং হাওড়ার আমতায় যে নক্কারজনক ঘটনা ঘটেছে তাতে লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। সেখানে যাদের এফ.আই. আর করা হয়েছে, যারা আসামী তাদের সঙ্গে বসে সি পি.এম-এর গুন্ডারা থানার ও.সি-র সঙ্গে মিটিং করছে। এর চেয়ে লজ্জাজনক। নক্কারজনক কথা আর কি হতে পারে।

শ্রী দেবরঞ্জন সেনঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসের কাছে একটা বক্তব্য উপস্থাপিত করতে চাই। আপনারা জানেন আজকে অগ্রগামী কিষাণ সভার উদ্যোগে পাট চাষের বিভিন্ন দাবির ভিত্তিতে এবং পাটের মূল্য বৃদ্ধির দাবিতে ৫০ হাজার কৃষক এসপ্ল্যানেড ইষ্টে জমায়েত হয়েছে। তারা সেখানে ২৪ ঘন্টা অবস্থান করবেন। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করতে চাই তিনি যেন এই ব্যাপারটা নিয়ে কেন্দ্রীয় সরকারের সাথে যোগাযোগ করেন।

শ্রী বিমলানন্দ মুখার্জীঃ—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে অনাস্থা প্রস্তাব বিরোধী পক্ষরা এখানে এনেছেন আমি তার বিরোধিতা করছি। এই অনাস্থা প্রস্তাব এনে অবশ্য বিরোধী পক্ষরা বলেছেন যে এই অনাস্থা প্রস্তাব এনেও কিন্তু এই সরকারের পতন ঘটানো যাবে না। এটা একটা ভাল কথা যে ওনারা এটা বুঝতে পেরেছেন। এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছে পশ্চিমবাংলার মানুষের আস্থা নিয়ে, এটা তারা জানেন। গত এপ্রিল মাসে পশ্চিমবাংলায় যে তিনটি বিধানসভা উপনির্বাচন হ'ল সেই তিনটি নির্বাচন ক্ষেত্রে বামফ্রন্ট জয়যুক্ত হয়েছে। এর আগের নির্বাচনগুলি আমরা ছেড়েই দিলাম। এর ভেতর দিয়ে বামফ্রন্টের প্রতি, এই সরকারের প্রতি আস্থা প্রতিফলিত হয়েছে। করপোরেসানের নির্বাচনে তাই হয়েছে। কলিকাতা শহরে তাঁদের একটা অকাট্য ধারনা ছিল যে তাঁরাই এখানকার সর্বেসর্বা। কিন্তু এখানে কংগ্রেস দল পরাজিত হয়েছে। এখন কলিকাতা কর্পোরেশনে, হাওড়া কর্পোরেশানে নেতৃত্ব দিচ্ছে বামফ্রন্ট সরকার। ওনারা কয়েকটা বড় কথা বলেছেন। একটা অর্থনৈতিক বিপর্যয়ের কথা

[5.10 - 5.20 P.M.]

বলেছেন—ইকনমিক স্ট্যাগনেশান। আমি একটা ছোট্ট করে কেন্দ্রীয় সরকারের যে চেহারা তার নমুনাটা রাখছি। দু বছর আগে কেন্দ্রীয় খাদ্য ভান্ডারে ১ কোটি ৬০ লক্ষ টন খাদ্য মজুত ছিল। সেটা এখন দাঁড়িয়েছে ৩ কোটি টনে এবং এই মজুত করার জন্য ৫০০ কোটি টাকা লাগে। ভরতুকি দেওয়া হয় ১১০০ কোটি টাকা। এর জন্য ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিতে হয়েছে ৮০০০ হাজার কোটি টাকা। এখানে এত যে মজুত আছে, তাহলে নিশ্চয়ই বিদেশের মানুষ ধরে নেবেন যে আমাদের দেশের লোক প্রচুর খাদ্য খায়? এত পরিমাণ উদ্বৃত্ত খাদ্য ভারতবর্ষে মজুত যেখানে পড়ে থাকে ... প্রকৃত চিত্র কিন্তু একটু ভিন্ন রকমের। প্রকৃত চিত্রটা হচ্ছে এই রকম যে, আমাদের দেশ এই ভারতহর্ষের ৩০ কোটি মানুষ অর্ধাহার বা অনাহারে থাকেন, অথচ মজুত থেকে যাচ্ছে ৩ কোটি টন খাদ্য। এটাই হচ্ছে ভারতীয় অর্থনীতির, ভারতের বর্তমান রাষ্ট্র ব্যবস্থা এবং এটাই হচ্ছে চেহারা যে মানুষ এখানে অর্ধভুক্ত থাকবে, অনাহারে থাকবে আর মজুত ভান্ডারে পড়ে থাকবে প্রচুর পরিমাণে খাদ্য। ক্রয় ক্ষমতা নেই মানুষের, কিনতে পারবে না, অপুষ্টি রোগে মরতে হবে মানুষকে—এটাই হচ্ছে আর্থনীতিক, সামাজিক রাজনৈতিক অবস্থা ভারতের। এই চেহারাতেই চলছে ভারতবর্ষের মানুষ। এই চেহারাটা এবং তার যে অর্থনীতি, তার প্রকাশ সমস্ত রাজ্যেই হচ্ছে। বামফ্রন্ট সরকার এখানে ক্ষমতায় থাকলেও এই অর্থনীতি এবং রাষ্ট্রনীতির বিরুদ্ধে একপাও যাবার ক্ষমতা নেই। সুতরাং তার কুফলগুলো আমাদের ভোগ করতে হবে। গত কেন্দ্রীয় বাজেটের কথাটাই ধরুন। ভারতবর্ষে বিদেশীদের মূলধন বিনিয়োগের বিধিনিষেধগুলো তুলে দেওয়া হয়েছে অধিকাংশ ক্ষেত্রেই। যারা একচেটিয়া মালিক, তাদের ট্যাক্স থেকে রেহাই দেওয়া হয়েছে। সাধারণ মানুষের উপর কর ভার চাপানো হয়েছে। এর ফলটা পশ্চিমবাংলার বুকে আমাকে, আপনাকে, সকলকে ভুগতে হচ্ছে। এই চেহারার উপর আমরা দাঁড়িয়ে আছি। এখানে আমরা কতটুকু অগ্রসর হতে পারি? সেখানে সীমা একটা আছে। কারণ, এই যে অর্থনৈতিক ব্যবস্থা—একদলের হাতে প্রচুর টাকা জমা হয়ে থাকছে, কেন্দ্রীয় সরকারের হাতে খাদ্য ভান্ডার মজুত হয়ে থাকছে আর ৩০ কোটি লোক অর্ধাহারে, অনাহারে থাকছে—এর ফলে বেকার সমস্যার চেহারাটা আমরা দেখছি। স্বাভাবিক ভাবেই সমস্ত রাজ্যে এই বেকার মানুষদের ভেতরে একটা অশান্ত অবস্থার সৃষ্টি হচ্ছে এবং এটাকেই তাঁরা কাজে লাগাচ্ছেন। আইন-শৃঙ্খলা এবং অশান্তির কথাটাই ধরুন। ওঁরা বললেন পশ্চিমবাংলায় এটা আছে। আমাদের বিধানসভার একজন সদস্য বীরভূম জেলার বালুরঘাটের কথা উল্লেখ করলেন। সেখানে একজন বর্গাদার যার সামান্য একটু জমি আছে—হয়ত এক বিঘারও কম হবে—তিনি বর্গা আন্দোলন করছিলেন। তাঁরা সকলে মিলে আন্দোলন করছিলেন জোতদারের বিরুদ্ধে। ঐ জেলায় কংগ্রেস দলের একজন নেতা (জোতদার) এবং তাঁর গুন্ডা বাহিনী বোমা মেরে সেই পঞ্চানন মাল (বর্গাদার) কে হত্যা করেছিল। এটা কিসের শৃঙ্খলা? অশান্তিটা কে আনছে তা একটু বোঝা দরকার। এখানে নদীয়া জেলাতে খুন হচ্ছে বলে ওঁরা বললেন। কারা অশান্তি সৃষ্টি করছে? কারা খুন-জখম করছে? ওঁরা সব কিছু ভাল করেই জানেন। নিজেরা নিজেদের মধ্যে পরস্পর মারামারি করছেন, খুনোখুনি করছেন। কৃষ্ণনগর জেলা থেকে আরম্ভ করে নানা জায়গায় ভাগ-বাঁটোয়ারা নিয়ে কংগ্রেসের দুপক্ষ অশান্তি করছেন। ফুলিয়াতেও তাই হচ্ছে। রানাঘাটেও এই ধরণের সমাজবিরোধী ঘটনা ঘটেছে এতে কংগ্রেসের পুরো সমর্থন ছিল। মাননীয় একজন সদস্য বক্তৃতার সময়ে আমাদের অসভ্য বললেন এবং নিজেদের সভ্য বললেন। আমি তাঁর কাছে জানতে চাই যে তাঁর এই কথাটি বলা কি সভ্যতার পরিচায়ক? এই তো চেহারা আপনাদের শিক্ষা নিয়ে একটি ছোট্ট ঘটনার কথা বলি আপনাকে—আমার নিজের কেন্দ্র শান্তিপুর আগে সেখানে কংগ্রেস আমলে পরীক্ষার খাতা বাইরে চলে যেতো সেখানে লেখা হয়ে যেতো প্রশ্নোত্তর এবং সেই প্রশ্নোত্তরগুলি চলে যেতো ভেতরে এবং পরীক্ষায় না বসেই পাশ করে গেছিল। এইরকম উদাহরণ আমার কাছে যে পরীক্ষায় না বসে পাশ করে গেছে একজন মিউনিসিপ্যালিটির ওয়ার্কার। সুতরাং এই সব জিনিস গণ-টোকাটুকি থেকে আরম্ভ করে কিনা কুৎসিত কান্ডকারখানা আপনাদের আমলে ঘটেছে। ক্যাবিনেট কমিটি এবং সাব-কমিটি কাগজে কলমে চাকুরী চালাতো এবং তখন এম. এল.এ.রা হাতে হাতে চাকুরী দিতে পারতো, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কোন ক্ষমতা ছিল না। এইসব তারা করেছেন অথচ আজকে তারা গণতন্ত্রের বড় বড়াই করেন। কিছুদিন আগে ভুলে যাচ্ছেন অন্ধ্রে মেজোরিটি সরকার ভেঙ্গে দেওয়া হল এবং রাষ্ট্রপতির শাসন চালানো হল যার ফলে এই নিয়ে সারা ভারতবর্ষে তুমুল আন্দোলন হল। তখন বাধ্য হলেন আপনারা আবার নতুন নির্বাচন করতে এবং সেই নির্বাচনে কাদের মেজোরিটি হল? যাদের আপনারা বাতিল করে দিয়েছিলেন তারাই আবার ফিরে এলো এবং ওই বাতিল দল থেকেই মুখ্যমন্ত্রী করলেন। এই তো আপনাদের কুৎসিত চেহারা তারা কিনা আইনশৃঙ্খলার কথা বলে। গুজরাটে কি হোল গুজরাটে ১৫০ জন মানুষ মারা গেলেন, ঘরবাড়ী আগুন জ্বালিয়ে দেওয়া হোল এবং সেখানে কাস্টিজিম এবং কমিউন্যালিজিম কারা তৈরী করলেন? নিজেদের তা জানা নেই কি করেছিলেন পাঞ্জাবে? আজকে পাঞ্জাব এ্যাকোর্ড যেটা করলেন বাধ্য হয়ে তাতে আমাদের সম্মতি জানাচ্ছি কিন্তু শুধু হিন্দুদের ভোট পাওয়ার স্বার্থে আপনারা সেখানে কি করেছিলেন এবং কি জিনিষ তৈরী করেছিলেন তা আপনাদের মনে নেই? যারফলে আজকে ... হয়ে গেছে এবং তার পরিণতি হিসাবে দেশের প্রধানমন্ত্রী প্রাণ দিতে হোল ... গোটা দেশ ফেটে গেল। যেখানে আমাদের পাশে পাকিস্তান সরকার সাম্রাজ্যবাদীর ... দিচ্ছে এবং এই বিষয়ে ট্রেনিং দিচ্ছে সেখানে আপনারা এইভাবে আগুন নিয়ে কেন খেলা করবেন! তার খেসারদ দিতে হচ্ছে হাজার হাজার মানুষকে এবং প্রধানমন্ত্রী নিহত হোল। এরপরে আপনারা পাঞ্জাব এ্যাকোর্ড করলেন কিন্তু তারপরেই একজন এম.পি. নিহত হোল এবং পাঞ্জাবের সদস্য লাঙ্গোয়াল যিনি এই চুক্তির ... ছিলেন তিনিও নিহত হলেন। এইরূপ দলীয় স্বার্থের দিকে তাকিয়ে আপনারা যা করলেন এবং এই সমস্ত ঘটনার পেছনে আপনাদের পুরো উস্কানি ছিল ... নিট হয়েছে এবং এতো আপনাদের জানাই আছে Every action has its equal and opposite reaction. এই তো আপনাদের চেহারা আপনাদের ... আপনারা যা করেছেন আমরা কি তাই করেছি? আপনারা বড়াই করেন কি করে। আমরা তো মনে করি আমাদেরও ত্রুটি আছে, এবং সেই ত্রুটি আমরা মানুষের কাছে ... সেখানে জানিয়ে দেবার চেষ্টা করি কেন এই ত্রুটি হচ্ছে এবং কি করে একে শোধরানো যায়।

আজকে যে অর্থনৈতিক সামাজিক পরিবেশ গড়ে উঠেছে তার জন্য কেন্দ্র দায়ী, তারাই করাচ্ছেন সব। আজকে এতো কেন ওয়াগান ব্রেকার বাড়ছে ... কেন বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে না? দিনের পর দিন দেশে বেকার সংখ্যা বেড়ে যাচ্ছে এরজন্য কে দায়ী? এইসব কান্ড আপনারাই তো ঘটাচ্ছেন। যারা পূর্ববঙ্গ থেকে পশ্চিমবঙ্গে এসেছিলেন পাছে তাদের কিছু পুনর্বাসনের দায়িত্ব নিতে হয় তারজন্য কেন্দ্রীয় সরকার পুনর্বাসন দপ্তরটিই উঠিয়ে দিলেন। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার ... উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যাপারে কি করে খাড়া হতে পা হয়ে যাবেন। পশ্চিমবঙ্গের এই উদ্বাস্তুরা কোথায় যাবে এই চিন্তা করে সমস্যা সমাধানের চেষ্টা করতে লাগলেন। এইভাবে সমস্যা একটার পর একটা কেন্দ্র সৃষ্টি করছেন এবং যে দায়িত্ব মূলতঃ কেন্দ্রের সেই দায়িত্ব তারা অথচ নিচ্ছেন না, সব যেন দায় পশ্চিমবঙ্গের যেহেতু পাশে একটা ভিন্ন দেশ হিসাবে পশ্চিমবঙ্গ হয়ে গেছে। সুতরাং তার দায় দায়িত্ব সমস্ত আমাদের দেওয়া হল। সমস্ত দায়-দায়িত্বের বোঝা চাপান হল কিন্তু তাকে উঠতে দেওয়া হবে না এই তো আপনাদের পরিকল্পনা। আমাদের অগ্রগতি যেটুকু সম্ভব ছিল তাও যাতে না হয় তার চেষ্টা করছেন। আপনারা আইনশৃঙ্খলা বেশী করে ভঙ্গ করছেন এবং বিপর্যস্ত করে দিচ্ছেন। আপনারা নিজেদের একটু দেখুন, নিজেদের নিজেরা সামলান

[5.20 to 5.30 P.M.]

আপনারা আগে নিজেদের সামলান। দেশকে যদি দেশ বলে চিন্তা করেন, পশ্চিম বাংলাকে যদি ভালবাসেন তাহলে আপনাদের নিজেদের কুকর্মগুলি বন্ধ করুন তাহলে অনেক জিনিস হবে। যদিও খুব বেশি হবে না, কেন না আর্থিক কাঠামোর দিক থেকে আমরা খুব বেশি কিছু করতে পারবো না। আমরা যতটুকু করতে পেরেছি তার প্রমাণ হচ্ছে আমরা মানুষকে সচেতন করতে পেরেছি। শিক্ষার কথায় বলতে পারি যে বিদ্যালয়হীন গ্রামে আমরা বিদ্যালয় করে দিয়েছি। শিক্ষকদের মর্যাদার মতন মাইনে দিয়েছি তাদের টিউসানের উপর নির্ভর করতে আমরা দিচ্ছি না। আমার নির্বাচন কেন্দ্রে কংগ্রেসের অনেক শিক্ষক ৭ দিন পরে গিয়ে সই করে দিতো, শিক্ষা দিতেন না। এ জিনিষ করলে অগ্রগতি হবে কি করে? আজকে সমস্ত ক্ষেত্রে বিশাল অগ্রগতি করতে পেরেছি তা বলছি না। আমরা এইটুকু বলতে চাই অর্থ যা আমরা পাব তা দিয়ে আগের মতন বড় লোকেদের পকেট ভর্তি করাব না সেখানে আমরা গরীব শ্রমিকদের, অপেক্ষাকৃত নিম্ন আয়ের মানুষদের জন্য খরচ করবো। পঞ্চায়েতের সমালোচনা হয়, কিন্তু সাধারণ মানুষদের হাতে আমরা অধিকার দিয়েছি। গ্রামের মানুষ তাদের নিজেদের মত নিবার্চিত প্রতিনিধিদের দিয়ে উন্নয়নমূলক কাজ করবে। এটাই গণতন্ত্র। আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। আমি অনুরোধ করি তাঁদের দলের মধ্যে গণতন্ত্র, ঐক্য আনুন এবং সংযত হোন। বর্তমান সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কাঠামো যা আছে তাতে দেশের অগ্রগতি খুব বেশি হবে না। আমাদের উদ্দেশ্য হচ্ছে মানুষকে সচেতন করা, আন্দোলনমুখী করা, অধিকার বোধ জাগ্রত করা। গণশক্তিকে আমরা পরিবর্তন করবো, কিন্তু এই কাঠামোর মধ্য দিয়ে তা হবে না। সমস্ত দিক থেকে পরিবর্তন করতে হবে, যা চীন, রাশিয়ায় হয়েছে। ত্রিপুরায় যখন বামফ্রন্ট সরকার হল আসামে তার প্রভাব গেল এবং তখনই তাঁরা বাঙালীকে উস্কে দিল। এর ফলে যে আন্দোলন ছিল জমির জন্য তৈল শোধনাগারের জন্য তাকে ঘুরিয়ে দেয়া হল যাতে কম্যুনিষ্টরা আর বাড়তে না পারে। এর ফলে বাঙালী, আসামী, পাহাড়ী জাতিউপজাতিদের মধ্যে বিচ্ছিন্নতাবাদ দেখা দিল। এতে গণতান্ত্রিক আন্দোলন ক্ষতিগ্রস্থ হচ্ছে। অনাস্থা প্রস্তাব আপনারা বিধান সভায় আনতে পারেন কিন্তু তার বিচার হবে মাঠে ময়দানে, ভোটের মাধ্যমে, আন্দোলনের মাধ্যমে। আমাদের ত্রুটি বিচ্যুতি থাকলেও মানুষ আমাদের সঙ্গে আছে এবং আপনাদের তারা বিরোধী। এই কথা বলে অনাস্থা প্রস্তাবের বিরুদ্ধে মত দিয়ে আমি শেষ করছি।

ডাঃ সুশোভন ব্যানার্জীঃ—মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আজকে এই অনাস্থা প্রস্তাব কেন? রাজ্য সরকারের কাজকর্মে মানুষের আস্থার অভাব হয়েছে, তাই আজকে এই অনাস্থা প্রস্তাব। বিধান সভার বিভিন্ন দলের সদস্যরা বেশ কিছুদিন ধরে দৃষ্টি আকর্ষণীর মাধ্যমে তাঁদের বিরক্তি প্রকাশ করেছেন। স্যার, এই বিধান সভার কয়েক মাসের কার্য বিবরণী খুঁজে দেখলে দেখতে পাবেন গ্রামের সাধারণ মানুষ তো দূরের কথা গ্রামের সদস্যরা দিনের পর দিন সে সমস্ত অভিযোগ লিপিবদ্ধ করেছেন সেই লিপিবদ্ধ অভিযোগগুলি পাঠ করলে বুঝতে পারবেন তাঁদেরও আস্থা নেই এই সরকারের প্রতি। তাই মুখ্যমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা তিনি কি আজ দেখাতে পারেন একটা সরকারী হাসপাতাল যেটা ভালভাবে চলছে? এই সরকারী হাসপাতাল সম্বন্ধে বলতে গিয়ে প্রথমে মনে পড়ে গেল কয়েক দিন আগেকার কথা যে পি এস সি'র কাছে অনেক ক্যান্ডিডেট থাকা সত্বেও তাঁরা ডাক্তারদের এ্যাড-হক এ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন। এরই জন্যই তো অনাস্থা। আজকে শিক্ষা ব্যবস্থায় দেখাতে পারবেন এমন একটা স্কুল যেটা নিয়ম মেনে চলছে? দেখাতে পারবেন এমন একটা থানা যার প্রতি সেখানকার মানুষের আস্থা আছে? সেইজন্যাই তো এই সরকারের উপর অনাস্থা। মুখ্যমন্ত্রী মহাশয় কি দেখাতে পারবেন একটা সরকারী অফিস যে অফিসে সমস্ত কর্মচারী ঠিক সময়ে আসছে এবং সমস্ত কর্মচারী মন দিবে কাজ করছে? দেখাতে পারবেন না, সেইজন্যাই তো অনাস্থা। এবারে আমি গ্রাম বাংলার ছেলে গ্রামে ফিরে আসি। পঞ্চায়েতের মাধ্যমে যে টাকা খরচ হয়েছে সেই টাকায় কোন স্থায়ী সম্পদ আজকে সৃষ্টি করতে পেরেছেন? যদি স্থায়ী সম্পদ সৃষ্টি করতে না পেরে থাকেন তাহলে গরীব মানুষকে কি খাদ্যে ভর্তুকি দিতে পেরেছেন, তাদের কি মাথা গোঁজার ঠাঁই করে দিতে পেরেছেন? কয়েকদিন আগে বোলপুরে এই ঘটনা ঘটে গেছে যে পূর্ত বিভাগ থেকে বিভিন্ন জায়গায় হকারদের উচ্ছেদ করে দিয়েছে। এই হকারদের যদি মাথা গোঁজার ঠাঁই থাকতো তাহলে তারা উচ্ছেদ হয়ে যেত না। ১৯৭৭ সালে তাঁরা বলেছিলেন যে আমাদের দেশে ২৪ লক্ষ বর্গাদারকে তাঁরা নথীভূক্ত করবেন এবং ৫ বছরের মধ্যে সেটা কমপ্লিট করবেন। তারপর ২ বছর পরে তাঁরা বললেন ২৪ লক্ষ নয়, ২০ লক্ষ। তারপরে সরকারী প্রচার পত্রিকায় স্বীকার করে নিয়েছেন যে ২০ লক্ষও হয়নি, ১৩ লক্ষ বর্গাদার রেকর্ড করাতে পারবেন। তাহলে বাকি যে ১১ লক্ষ বর্গাদারকে রেকর্ড করাতে পারবেন না তার উত্তর আমি জানি। তার উত্তর হচ্ছে কোর্ট ইনজাংকসান আছে। কিন্তু আপনাদের বলছি কোর্ট ইনজাংকসান যা আছে তা হচ্ছে মাত্র সাড়ে তিন শতাংশ এবং সারা পশ্চিমবঙ্গে দেড় কোটি হেক্টর যে চাষোপযোগী জমি আছে তার মধ্যে মাত্র ৫ লক্ষ হেক্টর জমির উপর বর্গাদার ধরা আছে। সুতরাং বাদ বাকি কি হল তার উত্তর আপনারা জানেন। আপনাদের দলের যাদের বেশী জমি আছে তাদের বর্গাদার না করলে এই হিসাব মেলাতে পারবেন না। স্যার, সরোজ মুখার্জী মহাশয় বামফ্রন্টের চেয়ারম্যান, তিনি বলেছেন ১ হাজার তাঁদের দলীয় কর্মী খুন হয়েছে। আমি দুঃখ প্রকাশ করে জিজ্ঞাসা করছি মুখ্যমন্ত্রীর এই যে প্রশাসন এই প্রশাসন কতজনকে অভিযুক্ত করে জেলে দিতে পেরেছেন? কংগ্রেস দলের কতজন খুন হয়েছে সেই প্রশ্নে যাচ্ছিনা, কিন্তু আপনাদের দেওয়া যে ১ হাজার জন কর্মী খুন হয়েছে তারজন্য কতজনকে অভিযুক্ত করে জেলে পাঠাতে পেরেছেন বলতে পারবেন কি? বলতে পারবেন না।

স্যার, আমি গ্রামবাংলার মানুষ তাই কৃষির কথা কিছু বলছি। এবারে আমাদের আউস এবং আমন ধানের খুব ক্ষতি হয়েছে। গতবার ৮২ লক্ষ টন খাদ্য শস্য উৎপন্ন হয়েছিল অনুকুল আবহাওয়ার জন্য। কিন্তু এবারে যদি পোকার আক্রমনের জন্য ৬০ লক্ষ টন উৎপন্ন হয় তাহলে তাঁরা কি তার দায় দায়িত্ব নেবেন? পশ্চিমবাংলার সমস্ত জেলাতেই পোকার আক্রমণে ধানের ক্ষতি হয়েছে অথচ আপনারা তারজন্য কোন কমিটি মিটিং ডাকেন নি এবং সেই জন্যই আপনাদের বিরুদ্ধে এই অনাস্থা প্রস্তাব। মুখ্যমন্ত্রী তাঁর বক্তৃতায় বলেছেন হলদিয়া থেকে আসার সময় পথে একটা সাইনবোর্ড দেখলাম এবং তাতে লেখা রয়েছে, "দীঘা-তমলুক রেলওয়ে লাইনের অফিস ঘর"। মুখ্যমন্ত্রী সেখানে বক্তৃতা দিয়েছেন তারই পাশে রয়েছে [illegible] স্টেডিয়াম, যেটা দীর্ঘ ৮ বছর যাবত পড়ে রয়েছে, কোন ব্যবস্থা নেই, উপরন্তু পশু, পাখীতে জায়গাটা নোংরা করছে সেটা তাঁর দৃষ্টিতে এলনা কেন? আপনারা মনে রাখবেন লুটেপুটে খাবার দিন শেষ হয়ে গেছে। ভোর হবার আগে যে অন্ধকার হয় সেই ঘন অন্ধকারের মধ্য দিয়ে সূর্য ওঠে এবং সেই সূর্য খুব তাড়াতাড়ি উঠছে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.30 - 5.40 P.M.]

শ্রী আবদুল মান্নানঃ—মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমরা বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছি তার কারণ হল এঁদের পক্ষে কাজ করা সম্ভব নয়, এরা কাজ করতে অক্ষম। সংসদীয় গণতন্ত্রে যাঁরা বিশ্বাসী নয়, যাঁরা রাজনৈতিক উদ্দেশ্যে সংসদীয় গণতন্ত্রকে ব্যবহার করে, যাঁরা সংসদীয় গণতন্ত্রকে অপব্যবহার করে তাঁদের পক্ষে গণতন্ত্রের মাধ্যমে মানুষের সেবা করা অসম্ভব। আমাদের রাজনৈতিক মতাদর্শ যাই থাকে এই প্রসঙ্গে আমি স্ট্যালিনের একটি উক্তি এখানে উধৃত করছি। বিভিন্ন জায়গায়, রাস্তাঘাটে স্ট্যালিনের ছবি এঁকে যাঁরা প্রচার করেন সেই স্ট্যালিন একদিন বলেছিলেন কমিউনিস্টদের আচার-আচরণ, স্বভাব, জীবনযাত্রার

মান এমন হবে যা মানুষকে চুম্বকের মত টানবে। কিন্তু আমি দেখছি এঁরা সেই স্ট্যালিনের চিন্তাধারা তলিয়ে দিয়েছেন। আজকে আমি বামফ্রন্টের নেতাদের কাছে প্রশ্ন করি ৮ বছর আগে আপনাদের যে জীবনযাত্রা ছিল সেই জীবনযাত্রা নিয়ে আপনারা মানুষের সেবা করতে পেরেছেন কি? এর উত্তর পাইনা। মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে বিভিন্ন মন্ত্রীরা এখানে বক্তব্য রাখলেন এবং বিভিন্ন দলের নেতারাও বক্তব্য রাখলেন। অবশ্য আর এস পি, ফরওয়ার্ড ব্লক, আর সি পি আই, মার্কসবাদী ফরওয়ার্ড ব্লককে আমরা দল বলেই স্বীকার করি না। আরশোলাকে যেমন পাখী বলা যায়না ঠিক সেই রকম বামফ্রন্টের প্রধান শরিক সি পি এমও কিন্তু অন্যান্য দলকে দল বলে দেখতে পারে না। নির্মলবাবু এখানে যে সমস্ত কথা বলেছেন তার মধ্যে সাম্প্রদীয়ক সম্প্রীতি রক্ষা, জাতীয় সংহতি ইত্যাদি কথা বলেছেন। নির্মলবাবু কমিউনিস্ট নন, নেতাজীও কমিউনিস্ট ছিলেন না বা মার্কসিস্ট ছিলেন না। অথচ আশ্চর্যের বিষয় সেই নির্মলবাবু আজ মার্কিস্টদের দালালী করতে এসেছেন। এঁরা জাতীয় সংহতির কথা বলছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি ভারতবর্ষের ৬৫ বছরের ইতিহাসে কোন কমিউনিস্ট নেতা জাতীয় সংহতির জন্য জীবন দিয়েছেন? আমরা গর্ব করে বলতে পারি মহাত্মা গান্ধী থেকে শুরু করে ইন্দিরা গান্ধী জাতীয় সংহতির জন্য নিজেদের জীবন দিয়েছেন। এক্ষেত্রে আপনারা একজনও কমিউনিস্ট নেতার নাম করতে পারবেন না। আপনারা যে সাম্প্রদায়িক সম্প্রীতির কথা বলেন এটাও কি কমিউনিস্টদের কৃতিত্ব? বসন্তকালে বৃষ্টি হয় না এবং এই সময় বাংলার আবহাওয়া খুব মনোরম থাকে। বামফ্রন্ট সরকার কি সেই মনোরম আবহাওয়ার জন্য কৃতিত্ব দাবী করতে পারেন? আমি আশা করি এই সব প্রশ্নের উত্তর পাব। আপনারা বলেছেন কংগ্রেস বিনা বিচারে জেলে আটক রাখত। কিন্তু মনে রাখবেন কংগ্রেস বিনা বিচারে আটক রাখলেও সেই আটক মানুষ আবার ফিরে এসে তাদের বিরুদ্ধে আন্দোলন করতে পারত, সেই অধিকার তার ছিল। আর অপনারা কি করছেন—পুলিশ দিয়ে খুন করাচ্ছেন, পার্টি ক্যাডারদের দিয়ে খুন করাচ্ছেন, জেলের মধ্যে লোককে মেরে স্বর্গে পাঠিয়ে দিচ্ছেন।

আপনারা বলছেন শ্রমিক আন্দোলনে আমরা পুলিশ লেলিয়ে দিইনা। বাস্তব ঘটনা হল, আপনাদের দলের লোকেরা আন্দোলন করলে এবং বন্ধ ডাকলে সেখানে সবেতন ছুটি হয়, অথচ সরকারী কর্মচারীদের ফেডারেশন যখন আন্দোলন করে তখন তাদের আপনারা লাঠিপেটা করেন, তাদের উপর টিয়ার গ্যাস চালান, পুলিশ দিয়ে অত্যাচার করেন, তাদের তাড়িয়ে দেন। কো-অর্ডিনেশন কমিটি আন্দোলন করলে কোন দোষ নেই। এই হচ্ছে আপনাদের মনোভাব। আমরা কি দেখিনি কর্পোরেশনে আপনারা কি করেছেন? আমরা কি জানি না কলেজের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের আন্দোলনের সময় আপনারা কি করেছেন? আমরা জানি আপনারা সহজে যাবেন না, তবে মনে রাখবেন বাংলার মানুষ খুব সজাগ। এবারে আমি এই অনাস্থা প্রস্তাবের সমর্থনে একটা ছোট গল্প বলে বক্তব্য শেষ করব। এক বাড়ীতে ৪ জন জামাই এসেছে, ঘর জামাই তো আছেই। প্রথম দিন বাড়ীর লোকেরা প্রথম জামাইকে বিনা ঘিয়ে ভাত দিয়েছে বলে সে চলে গেল।

মিঃ স্পীকারঃ—মিঃ মান্নান, এই গল্প ইতিপূর্বে হাউসে শোনান হয়েছে কাজেই আর বলার দরকার নেই। আমার মনে হয় গতবার নো- কনফিডেন্স মোসনের আলোচনার সময় সুব্রতবাবু এই গল্পটি শুনিয়েছিলেন।

শ্রী আবদুল মান্নানঃ—স্যার, জনগণ আসছে এবং এঁদের পশ্চিমবাংলা থেকে পিটিয়ে বার করে দেবে সেই বিশ্বাস আমি রাখি। মাননীয় অর্থমন্ত্রী যখন বক্তব্য রাখবেন তখন তিনি যেন বলেন একদিন যাঁরা কমপালসরি ডিপোসিট স্কীমকে ইন্দিরা ফান্ড বলে বাংলা কাঁপাতো, ইন্দিরা ফান্ড বলে বাংলার মানুষকে বিভ্রান্ত করত আজ তাঁরা নূতন করে কোন আইনে, কোন যুক্তিতে, কোন নৈতিক আদর্শে কমপালসরি ডিপোজিট স্কীম সম্বন্ধে একটা স্টেটমেন্ট দিলেন? এঁরা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কথা বলে, আমি তো বুঝতে পারছি না যাঁরা দুর্নিতিগ্রস্ত, যাঁরা শঠতায় ভর্তি তাঁরা কেন্দ্র পেলে কি করবে? এবারে আমি নজরুলের একটি কবিতা পাল্টে দিয়ে বলব নজরুল বেঁচে থাকলে কমিউনিস্টদের উদ্দেশ্য করে বলতেন "যে ইস্তাব শঠতা, এঁরা হবে অনাগত বিপ্লব নেতা কেন্দ্র পেলে কি করবে এঁরা, রাজ্য পেয়ে যাদের ঘোরে মাথা।" স্যার, এঁরা গোটা রাজ্যকে খেয়ে তলিয়ে দিয়েছে, ধ্বংসস্তুপে পরিণত করেছে, গোটা রাজ্যকে শ্মশানে পরিণত করেছে। কেন্দ্র পেলে এঁরা যে কি করবেন সেটা সহজেই বোঝা যায়। পশ্চিমবাংলার খেটে খাওয়া মানুষ, পশ্চিমবাংলার আপামর জনসাধারণ যাদের অত্যাচারে জর্জরিত, যাদের জন্য পশ্চিমবাংলার অগ্রগতি স্তব্ধ হয়ে গেছে তাদের ধ্বংসের কথা চিন্তা করে এই সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জীঃ—***অন এ পয়েন্টঅব অর্ডার, স্যার, মাননীয় অর্থমন্ত্রী এখন বলবেন বলে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এই যে উনি স্পেশাল ডিপোজিট ফাণ্ড করেছেন এটা কিন্তু প্র্যাকটিক্যালি কমপালসরি ডিপোজিট ফান্ড হয়ে দাঁড়িয়েছে। আমি আশা করি উনি এটা ক্ল্যারিফাই করে দেবেন।

মিঃ স্পীকারঃ—মিঃ মুখার্জী, প্লিজ সিট ডাউন, নাথিং উইল বি রেকর্ডেড বাই দি রিপোর্টাস।

[5.40 - 5.50 P.M.]

ডঃ অশোক মিত্রঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মুখ্যমন্ত্রী বলেছেন, নির্মলবাবু বলেছেন, এই বিতর্কে আমার বোধহয় অংশ গ্রহণ না করলেও চলতো। কিন্তু যেহেতু সাত্তার সাহেব অর্থনীতি, অর্থ ব্যবস্থা সম্বন্ধে একটি দুটি ইঙ্গিত দিয়েছেন তাই আমি উত্তাপহীন দু একটি কথা বলব। উনি বলছেন যে, দেখুন কি ভয়াবহ অবস্থা শিল্প ক্ষেত্রে হয়েছে। আমি একটু পিছনে ফিরে যেতে বলছি। ১৯৪৭ সালে যখন দেশ স্বাধীন হল তখন গোটা দেশের শতকরা ৪২ ভাগ শিল্পোৎপাদন পশ্চিমবাংলায় হত, ১৯৫৬ সালে শতকরা ৩৮ ভাগ শিল্পোৎপাদন পশ্চিমবাংলায় হত, ১৯৬৫ সালে শতকরা ৩৩ ভাগ শিল্পোৎপাদন পশ্চিমবাংলায় হল। আর ১৯৭৭ সালে যখন আপনারা চলে গেলেন তখন সেটা নেমে এসে শতকরা ১৮/১৯ ভাগ হল। ১৯৬৫ সাল থেকে ১৯৭৭ সাল এর মধ্যে কত অসংখ্য কারখানা বন্ধ হয়ে গেছে সেই সালতামামি করা প্রয়োজন। সুতরাং এই সমস্যা পুরানো সমস্যা, আমরা শুধু উত্তরাধিকারসূত্রে পেয়েছি এখন এই যে ব্যাপারগুলি হয়েছে— কেন হোল? ১৯৬৫ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত কতটা উৎপাদন ক্ষমতা বাড়াতে পেরেছিলেন? ১৮৯৫ সালে বাংলাদেশে বিদ্যুৎ প্রবাহ আসে। ১৯৭৭ সালে সামগ্রিক উৎপাদন ক্ষমতা ছিল ১৩০০ মেগাওয়াট। ১৯৭৮ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত এই ৮ বছরে আমরা ৯০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বাড়িয়েছি। আরো চেষ্টা হচ্ছে। সুতরাং আমি বলছি একটু মাত্রা-জ্ঞান ছাড়িয়ে যেন না যাই। একটু হলেও কিছুটা এই সম্পর্কে চিন্তা করা দরকার যে, কি হয়েছে, কেন হয়েছে, কবে হয়েছে এবং এই হওয়ার সঙ্গে ঐ মাশুল সমীকরণ নীতি, কেন্দ্রীয় কর নীতি, কেন্দ্রীয় শ্রম নীতি, কেন্দ্রীয় শিল্প নীতি, কেন্দ্রীয় কৃষি নীতি. কেন্দ্রীয় মূল্য নীতি ইত্যাদি সমস্ত কিছুই জড়িত আছে। এইগুলি বোধহয় একটু বিবেচনা করা দরকবা। তারপর কতকগুলি তথ্যের কথা বললেন। সাত্তার সাহেব এই তথ্যগুলি নিয়ে গত বছরও অনেক ঘাটাঘাটি করেছেন। কিছু তথ্য আপনাদের হাতে এসেছিল। এই তথ্য কোন সরকারী বইতে পাওয়া যাবে না। কারণ, এই তথ্য অসত্য, ভুলে ভরা। এই তথ্যগুলি যিনি আপনাদের দিয়েছিলেন তিনি তো বরখাস্ত হয়ে গেছেন। সুতরাং এই তথ্যগুলিও আপনারা বরখাস্ত করুন। কেন না, আমি কতকগুলি উদাহরণ দিয়ে বলছি। আপনারা বললেন কেন্দ্রের টাকায় নাকি আমাদের পরিকল্পনা, যোজনা চলে। শতকরা

Note :- Expunged as ordered by the chair.

৮০/৮৫/৮৭ ভাগ, ব্যাপারটা কি, এটা একটু খোঁজ করা যাক। আমরা দেখলাম কেন্দ্রীয় টাকা নয়, কেন্দ্রীয় সূত্রে পাওয়া টাকা। কেন্দ্রীয় সূত্রে পাওয়া বলেই কেন্দ্রীয় জিনিস, কেন্দ্রী সূত্রে পাওয়া টাকা। আমাদের এখানে পোষ্ট অফিসে স্বল্প সঞ্চয় হয়। আমরা এখানে অনেক পরিশ্রম করে, অধ্যবসায় করে প্রচার ছড়িয়ে গ্রামাঞ্চলে স্বল্প সঞ্চয় এর পরিমাণ বাড়িয়েছি, কিন্তু পোষ্ট অফিস থেকে আসে না। পোষ্ট অফিস থেকে আমরা দুই তৃতীয়াংশ ধার পাই। পোষ্ট অফিসগুলি কেন্দ্রের, অতএব এটা কেন্দ্রের টাকা থেকে পাই। বাজারে ঋণপত্র ছেড়ে আমরা বাজার থেকে টাকা ধার করি। সেই টাকা সুদ দিয়ে ফেরত দিই। কিন্তু কেন্দ্রের অনুমতি ছাড়া আমরা বাজারে ঋণপত্র ছাড়তে পারিনা। কেন্দ্র অনুমতি দিয়েছেন, সুতরাং এটা কেন্দ্রীয় সূত্রে পাওয়া টাকা। কাজেই এই জিনিসগুলি একটু বোঝা দরকার, উনি যে অঙ্কগুলি বললেন তার পিছনে কি সত্য আছে। তারপর ধরুন ওভার ড্রাফটের ব্যাপার। রিজার্ভ ব্যাঙ্ক কেন্দ্রীয় সরকারের। আমরা রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে ওভার ড্রাফট পাই, শতকরা ১৩ ভাগ সুদ দিয়ে পুরো টাকা শোধ দিয়ে দিই। এটা কেন্দ্রীয় সূত্রে পাওয়া টাকা। সুতরাং এই হচ্ছে কেন্দ্রীয় সূত্রে পাওয়া টাকা। কিন্তু কেন্দ্রীয় টাকা মানে কি? কেন্দ্রীয় টাকায় আমরা চলছি? আমাদের টাকায় কেন্দ্রের সংসার চলছে, তাদের নবাবী চলছে। পশ্চিমবাংলা থেকে প্রতি বছর ২৭০০/২৮০০ কোটি টাকা কেন্দ্র ট্যাক্স তুলে নিয়ে চলে যায়, আর আমরা মাত্র ৩০০/৩৫০ কোটি টাকা ফিরে পাই। সুতরাং এই কথাগুলি দয়া করে বলবেন না কেন্দ্রের টাকা, রাজ্যের টাকা, দেশটা টুকরো টুকরো হয়ে যাবে। এই টাকা আমাদের, টাকা সাধারণ মানুষের, জনসাধারণের টাকা। এই টাকা জনসাধারণের স্বার্থে আমরা চাইছি। সুতরাং আপনারা এতটা হীনমন্যতায় ভুগছেন কেন? তারপর আপনারা বলছেন পরিকল্পনার পরিমাণ এখানে যথেষ্ট নয়। লজ্জার কথা যে পশ্চিমবাংলা পঞ্চমে চলে গেছে। সাত্তার সাহেবকে আমি একটু মনে করিয়ে দিই যে, ১৯৭৭ সাল পর্যন্ত আপনারা মন্ত্রী ছিলেন, আপনাদের সময়ে বার্ষিক পরিকল্পনার পরিমাণ কত ছিল?

[5.50 - 6.00 P.M.]

২০০ কোটি টাকা। আমরা তো সেটা ৭০০/৭৫০ কোটি টাকায় তুলেছি। আরো তুলেত পারতাম যদি আমাদের প্রতি একটু কেন্দ্রের করুণা বর্ষিত হত। একথাগুলি আমাকে বলতে হচ্ছে কারণ এসব কথা আপনারা তুললেন। পুরানো কাসুন্দি ঘেটেঁকার কি লাভ, নতুন কথা বলা প্রয়োজন। এখন অনেক কথা বলা যেতে পারে—এই যে ৩২৫ কোটি টাকা গত বছর আটকে দেওয়া হ'ল এর তো কারণ কিছু ছিল না। আমি এই বিধানসভায় দাঁড়িয়ে কংগ্রেসী সদস্যদের কাছে হাত জোড়করে বলেছিলাম, আমরা যাব না, আপনাদের কেন্দ্রীয় মন্ত্রী সভা, আপনারা নিজেরা যান, আপনারা গিয়ে কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে বলে ঐ টাকাটা নিয়ে আসুন। এরজন্য পুরো বাহবা, কৃতিত্ব আপনারা পাবেন। কিন্তু আপনারা তো গেলেন না। পশ্চিমবঙ্গ টাকা পেলে আপনাদের কি অসুবিধা হ'ত? এ ব্যাপারে উড়িষ্যার মুখ্যমন্ত্রীর স্ত্রী বললেন, পশ্চিমবঙ্গের প্রতি অনাচার করা হয়েছে, অন্ধ্রের কংগ্রেসী নেতা শ্রী ব্রহ্মানন্দ রেড্ডি বললেন, পশ্চিমবঙ্গের প্রতি অনাচার করা হয়েছে আর অপর দিকে আমার মন খারাপ হয়ে গেল, পশ্চিমবঙ্গ থেকে একজন কংগ্রেসী নেতাকেও পেলাম না যিনি বললেন যে পশ্চিমবঙ্গের প্রতি অনাচার করা হয়েছে। আমি আবার বলছি, পুরানো কাসুন্দি ঘেঁটে লাভ নেই তাই এসব কথা যত না বলা যায় ততই ভালো। তারপর ওভারড্রাফট। আমি এ প্রসঙ্গে সাত্তার সাহেবকে জানাতে চাই যে এই বিধানসভায় দাঁড়িয়ে কয়েক মাস আগে আমি গত ৫ বছরের ফিরিস্তি দিয়েছিলাম—১৯৮০/৮১ সাল থেকে ১৯৮৪/৮৫ সাল পর্য্যন্ত। সেটা হচ্ছে কেন্দ্রীয় হিসাব—সেখানে এই ৫ বছরের মধ্যে এক বছর—১৯৮২/৮৩ সালের ওভার ড্রাফটের হিসাবে পশ্চিমবঙ্গ সবচেয়ে উপরে ছিল আর বাকি ৪ বছর উপরে ছিল কোন না কোন কংগ্রেসী রাজ্য। এই বছর এই মুহূর্তে পশ্চিমবঙ্গের কোন ওভার ড্রাফট নেই। অপর দিকে কেন্দ্রীয় কংগ্রেস সরকার শাসিত একটি রাজ্য-পাঞ্জাব-মার্চ মাসে লোকসভায় হিসাব দেওয়া হয়েছে যে পাঞ্জাবের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির কাছ থেকে এবং বাণিজ্যিক ব্যাঙ্কগুলির কাছ থেকে ওভারড্রাফটের পরিমাণ হচ্ছে ৮০০ কোটি টাকা। সেই ওভার ড্রাফট এখন শুনতে পাচ্ছি ১২০০ কোটি টাকায় দাঁড়িয়েছে। এখানে একজন কংগ্রেসী সদস্যও সে সব কথা না বলে শুধু পশ্চিমবঙ্গ সরকারকে গালাগালি দিয়ে গেলেন। পাঞ্জাবের ১২শো কোটি টাকা ওভার ড্রাফট, আমাদের ওভার ড্রাফট শূন্য। উত্তরপ্রদেশের ৩০০য়৩৫০ কোটি টাকা ভোর ড্রাফট, আমাদের বোর ড্রাফট শূন্য। আর কেন্দ্রীয় সরকারের কথা যত কম বলা যায় ততই ভালো। এ বছর তারা বাজেট যা করেছেন তাতে সাড়ে তিনহাজার কোটি টাকা ঘাটতি, সেটা নাকি সাড়ে পাঁচ হাজার কোটি টাকাতে গিয়ে দাঁড়াবে। আর অপর দিকে আমরা চেষ্টা করবো এ বছরটা উৎবৃত্ত বাজেট নিয়ে শেষ করতে। এ সব হিসাব আপনারা রিজার্ভ ব্যাঙ্ক থেকে সংগ্রহ করতে পারবেন। এখন সমস্যা হচ্ছে, ভবিষ্যতে দেশের কি হবে? পশ্চিমবঙ্গ তো ভাবতবর্ষেরই অঙ্গ-রাজ্য। আমরা কি বলতে পারি না আমাদের বেঁচে থাকার অধিকার আছে, বিকশিত হবার অধিকার আছে? আমাদের পাটচাষীদের সম্পর্কে কয়েকটি কথা বলি। একই সময়ে বা কাছাকাছি সময়ে কেন্দ্রীয় সরকার তুলো কেনার জন্য কটন কর্পোরেশান অব ইন্ডিয়া করলেন এবং পাশাপাশি পাট চাষীদের সাহায্য করার জন্য, পাট কেনবার জন্য জুট কর্পোরেশন অব ইন্ডিয়া করলেন। আমার কাছে সমস্ত হিসাব আছে, আপনারা যে কোন দিন আমার কাছে এসে সমস্ত হিসাব দেখে যেতে পারেন। বছরের পর বছর কটন কর্পোরেশন অব ইন্ডিয়া মহারাষ্ট্র, গুজরাটে তুলো কিনেছে সহায়ক মূল্যের আড়াই/তিন গুন দাম দিয়ে—সহায়ক মূল্যের, ন্যূনতম মূল্যের আড়াই/তিন গুন দাম দিয়ে অঢেল পরিমাণ তুলো কটন কর্পোরেশন কিনেছে এবং তারজন্য তারা টাকা পেয়েছে রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে, বানিজ্যিক ব্যাঙ্কের কাছ থেকে আর জে. সি. আই, পশ্চিমবঙ্গে তারা ন্যূনতম মূল্যেও পাট কিনবে না, দু/তিন গুণ বেশী দাম তো দূরের কথা। এর বিরুদ্ধে কে বলবেন? আপনারা বলুন না কেন? আমরা চাই আপনারা বলুন। একটা কর্পোরেশন যদি কাজ না করে, আর একটা করে কি লাভ? কারণ টাকা দেবে রিজার্ভ ব্যাঙ্ক, এই কর্পোরেশন কি অপরাধ করলো? এই প্রশ্নের জবাব কোথায়? তারপরে যে কথা মাননীয় মুখ্যমন্ত্রী আগে বলেছেন, এই পেট্রো কেমিকেল নিয়ে এত জল ঘোলা করার কোন দরকার ছিল না। মহারাষ্ট্রে যদি পেট্রো কেমিকেল হতে পারে, তাহলে আমাদের এখানে হবে না কেন? আমাদের বলা হল আপনাদের প্রাকৃতিক গ্যাস নেই, আপনার ন্যাপথা নিয়ে করতে গেলে খরচ বেশী পড়বে। প্রতিযোগিতায় পারবেন না, আপনাদের দেবনা। আপনারা যদি কারখানা করতে যান আমরা কোন রকম সাহায্য করতে পারবো না। তাঁরা প্রতিশ্রুতি ভঙ্গ করে ভুলে দিলেন। গুজরাটে কিছুদিন আগেও একটা নূতন পেট্রো কেমিকেল করবার অনুমতি দেওয়া হয়েছে। একথা আমরা বলতে পারবো না? ন্যাপথা বেসড করে কেন্দ্রীয় সরকার এক হাজার কোটি টাকা ভরতুকী দিয়েছেন—একথা কি বলতে পারবো না? মহারাষ্ট্রে ১২ শত কোটি টাকা, গুজরাতে এক হাজার কোটি টাকা, আর পশ্চিমবঙ্গে শূণ্য। এ সব কথা আমরা বলতে পারবো? আমরা মুখে কুলুপ এঁটে থাকবো, এটা আপনারাই বলুন। এখানে রুগ্নশিল্পের কথা উঠেছে। ইনডাসট্রিয়াল রিকনস্ট্রাকসান কর্পোরেশন অফ ইন্ডিয়া হয়েছে। আমরা হন্যে হয়ে ঘুরে ঘুরে তাদের কাছ থেকে টাকা বের করতে পারি না। অথচ দিল্লীতে এ. এস. এ. ডি'র জন্য স্টেডিয়াম হোটেল করছে এই ইনডাসট্রিয়াল রিকনস্ট্রাকশান কর্পোরেশন অফ ইন্ডিয়া। পশ্চিমবঙ্গে রুগ্নশিল্প খুলবার জন্য তারা টাকা দেবেনা। আর দিল্লীতে স্টেডিয়াম এবং হোটেল [illegible] করবার জন্য ২, ৩, ৪ কোটি টাকা [illegible] আমাদের মাথা হেঁট হয়ে যায় যখন এইসব জিনিষ দেখি। সেগুলি কি আমরা বলতে পারবো না? এটা আমাদের বলতে হবে, এটা বলার প্রয়োজন আছে। এটা বলার প্রয়োজন শুধু কোন দলীয় মনোবৃত্তি নিয়ে নয়। এটা বলা প্রয়োজন গোটা পশ্চিমবঙ্গের স্বার্থে। পশ্চিমবঙ্গে শিল্পোন্নয়ন

যদি হয় তাহলে আমার ঘরের ছেলেমেয়েরা চাকুরী পাবে, আপনার ঘরের ছেলে মেয়েরা চাকুরী পাবে। আমরা, পশ্চিমবঙ্গের মানুষ যারা, তারা অখণ্ডভাবে থাকতে পারবো। সুতরাং এটা কেন আপনারা বলবেন না? আমি সেজন্য বলছি যে বাদানুবাদ না করে, আসুন, আমরা সকলে একত্র হয়ে পশ্চিমবাংলার আর্থিক অবস্থা পাল্টানোর জন্য লড়াই করি। এটা কেন মনে করছেন যে পশ্চিমবাংলার স্বার্থে কথা বললেই কংগ্রেসের বিরুদ্ধে কথা বলা হয়? তাতো নয়। পশ্চিমবঙ্গের স্বার্থ আর কংগ্রেসের স্বার্থ অভিন্ন নয়। এতে যত আপনারা ভয় খাবেন ততই ভয় পাবেন। এই ভয় পাবার কোন দরকার নেই। আপনারাই বলুন না? পশ্চিমবঙ্গের মঙ্গলের চিন্তা করতে কি অসুবিধা আছে? এই হচ্ছে আসল সমস্যা। এতো গেল আর্থিক সমস্যার কথা। আমি শেষে যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে আইন শৃঙ্খলার ব্যাপার। মান্নান সাহেব এই ব্যাপারে একটা গল্প শোনালেন। আমিও গল্প বলে অমার কথা শেষ করবো। এটা আইনশৃঙ্খলা জনিত গল্প। আজ থেকে ৫০/৫৫ বছর আগে বরিশালের ব্রজমোহন কলেজে স্ত্রী শিক্ষার তেমন প্রচার ছিল না। অশ্বিনী কুমার দত্ত মহাশয়ের বাড়ীর এক পুত্রবধূ কলেজে ভর্ত্তি হলেন, কলেজে পড়বেন বলে। একা একটি মহিলা ক্লাসে ২০০/২৫০ জন ছাত্র ছাত্রী। তখন তার জন্য একটা খাঁচা তৈরী করা হল। শ্রীমতী সাবিত্রী দত্তের জন্য একটি খাঁচা তৈরী করা হল। সেই খাঁচায় ভিতরে তিনি বসতেন। লেক্চার শুনতেন এবং তারপরে চলে যেতেন। সেই খাঁচার নামকরণ হয়েছিল "সাবিত্রী কাটারা"। আজ থেকে ৬০/৬৫ বছর আগে। আমার সেই কাটরার কথা মনে পড়ে গেল আইন শৃঙ্খলা প্রসঙ্গে। একটি কাটারা নয়, ৪টি কাটারা, ৪ খাঁটা বুলেট প্রুফ খাঁচা তৈরী করা হয়েছে। কারণ ভারতবর্ষের প্রধান মন্ত্রী, তিনি স্বাধীন গণতান্ত্রিক নির্বাচনে পাঞ্জাবে যাবেন, আইন শৃঙ্খলার অবস্থা এমন চমৎকার। তারপরেও এরা আইন শৃঙ্খলার কথা বলেন। এটা ১৯৮৫ সাল, আপনারা অনাস্থা প্রস্তাব এনেছেন। সেই প্রস্তাব অগ্রাহ্য হবে। ১৯৮৭ সালের সাধারণ নির্বাচন হবে। আমরা সেই নির্বাচনে জিতবো। ১৯৯০ সালে আবার আপনারা অনাস্থা প্রস্তাব আনবেন। আবার আমরা সেটা অগ্রাহ্য করবো। এই হচ্ছে ইতিহাস।

শ্রী শান্তি মোহন রায়ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্রেথওয়েট ইন্ডাস্ট্রি গত চার বছর ধরে বন্ধ আছে, তার ফলে ঐ সংস্থার ৬ হাজার কর্মী আজকে মারা যাবার মুখে, বামফ্রন্ট সরকারের লজ্জা নেই। সঙ্গে সঙ্গে আমরা দেখছি জ্যোতি বাবুর নেতৃত্বে পদযাত্রা হচ্ছে হলদিয়ায়, সেখানে লরী লরী মুরগী মারা হচ্ছে, লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। লজ্জিত হওয়া উচিত, এই রকম একটা ঘৃণ্য ব্যবস্থা আজকে পশ্চিমবাংলায় চলছে। গতকাল আমরা শুনলাম, মাননীয় প্রবীরবাবুর মুখে যে আরামবাগ মহকুমার গোঘাট থানার ইলেকট্রিক সেন্টার বন্ধ হয়ে গেছে। বন্ধ হলো কেন, না, কনজিউমাররা ট্যাক্স দেয় না। ট্যাক্স দেয় না, তার জন্য দায়ী কারা? তাদের কোন শাস্তি বিধান না করে কোনও ব্যবস্থা না নিয়ে দেড় মাইল দূরে আরামবাগে ইলেকট্রিক সেন্টার স্থানান্তরিত করে নিয়ে চলে এলেন। রাজহাটি গ্রাম পঞ্চায়েতে সমান সমান সদস্য সংখ্যা, কংগ্রেস সদস্যকে খুন করে সি.পি.এমকে মেজরিটি করতে হবে, তার জন্য লজ্জা করেনা? তার জন্য আমাদের অনাস্থা প্রস্তাব। এই এ্যাসেমব্লি হাউস অবরোধ হয়, জ্যোতিবাবু নারীর মর্য্যাদা না রেখে পদ দলিত করে এই এ্যাসেম্বলিতে প্রবেশের চেষ্টা করেন, তার জন্য আমাদের এই অনাস্থা প্রস্তাব। আমরা আজ পর্য্যন্ত আরামবাগ মহকুমায় দেখতে পাচ্ছি, খানাকুল থানার দু নং ব্লকে গড়জল গ্রামে কংগ্রেস কর্মীদের শান্তি নিরাপত্তা রক্ষার জন্য পুলিশী পিকেট করতে হয়। আমরা দেখছি গোঘাট থানা আজকে বন্দীশালায় রূপান্তরিত হয়েছে। সেখানকার সানবাদি গ্রামে মুসলমান নারীরা ধর্ষিত হচ্ছে সি.পি.এমের দ্বারা। বাবুরামপুরের মুসলমানরা গ্রাম ছেড়ে চলে আসছে। এই হচ্ছে আইন শৃঙ্খলার অবস্থা। প্রাথমিক বিদ্যালয়ে যত নিয়োগ হচ্ছে, সেখানে শিক্ষকদের বাদ দিয়ে যারা সি.পি.এম এর ক্যাডার, তাদের নিয়োগ করা হচ্ছে। আমাদের এখানে ডিগরুঘাট মুণ্ডেশ্বরী নদীর ওপর যে পুল সেই পুল আজ পর্য্যন্ত নির্মাণের ব্যবস্থা এই পশ্চিমবঙ্গ সরকার এর পক্ষ থেকে করা হচ্ছে না। মলয়পুর থেকে হরিপুর রাস্তা, যে রাস্তা করতে পারলে বর্ধমান জেলার সঙ্গে যোগাযোগ স্থাপন হয়, তা আজ পর্য্যন্ত নির্মাণের ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার করতে পারেন নি। তাই এই অনাস্থা প্রস্তাব। পশ্চিমবঙ্গ সরকার রাস্তার ক্ষেত্রে, কৃষির ক্ষেত্রে, শিল্পের ক্ষেত্রে, স্বাস্থ্যের ক্ষেত্রে, সব ক্ষেত্রে আজকে ব্যর্থ প্রমাণিত হয়েছে। আমাদের দেবব্রত বাবুর বক্তৃতা শুনলাম, তিনি বললেন, নতুন করে ভূমি নীতি হয়েছে, নূতন করে শিল্প নীতি হয়েছে, নূতন করে সমাজ নীতি হয়েছে, আমি তাঁর কথা বুঝতে পারলাম না, কি নূতন ভূমি নীতি, কি নূতন শিল্প নীতি হয়েছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6.00 - 6.10 P.M.]

শ্রী শিশির অধিকারীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের দলের পক্ষ থেকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে আমি সেই প্রস্তাবের পক্ষে কয়েকটি কথা বলতে চাই। পশ্চিমবাংলায় কংগ্রেসী শাসনকালে এখানে যখন বিরোধী দল থেকে জ্যোতিবাবু চিৎকার করতেন তখন পশ্চিমবাংলার গ্রামে-গঞ্জে আওয়াজ উঠত "অলি গলি মে কোন্ হ্যায়, কংগ্রেস সরকার চোর হ্যায়।" আজকে আবার গ্রামে-গঞ্জে সেই আওয়াজ ফিরে এসেছে, আজকে গ্রামে-গঞ্জে আওয়াজ উঠেছে, "অলি গলি মে কোন্ হ্যায়, সিপিএম চোর হ্যায়।" (এই সময় সরকার পক্ষ থেকে প্রচণ্ড চিৎকার চেঁচামেচি হয়।) আজকে গোটা রাজ্যের পরিবহণ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে। অথচ হাওড়ায় জেলা-শাসকের অফিসের সামনে ৬৫ খানা বাস দাঁড়িয়ে আছে। এই ৬৫ খানা বাসের পারমিট কারা পাবে? বিগত ৮ বছরের মধ্যে পশ্চিমবাংলায় বিনা ঘুষে একটিও প্রাইভেট বাসের পারমিট ইসু করা হয়নি। এই সরকারের সর্বস্তরের দুর্নীতি। আমরা দেখছি ৪০/৫০ হাজার টাকার বিনিময়ে হাওড়া থেকে খেঁজুড়ি—সোলপাট্টা পর্য্যন্ত রুটের এক একটি পারমিট বিতরণ করা হচ্ছে।

(এই সময়ে আবার সরকার পক্ষ থেকে চিৎকার চেঁচামেচি হয়।) এই সরকার পারমিটের সরকার, এই সরকার লাইসেন্সের সরকার। লাইসেন্স দিয়ে এরা টাকা নেয়, পারমিট দিয়ে এরা টাকা নেয় এবং সেটা আলিমুদ্দিন স্ট্রীট থেকে আরম্ভ করে প্রতিটি জেলায় এদের (সিপিএম এর) পার্টি অফিসগুলি দেখলেই বোঝা যায়। সর্বত্র পার্টি অফিসের নামে বড় বড় বাড়ি তৈরী হয়েছে।

(গোলমাল)

রাজ্যের স্বাস্থ্য দপ্তরের অবস্থা তো মন্ত্রী নির্মলবাবুর অভিজ্ঞতা থেকেই বোঝা যাচ্ছে। নির্মলবাবুকে কয়েকদিন আগে জলপাইগুড়ি শহরে রিক্সা ভেঙে পড়ে আহত হয়ে হাসপাতালে গিয়েছিলেন, কিন্তু হাসপাতালের অবস্থা দেখে তিনি বিরক্ত হয়ে অন্যত্র চিকিৎসার জন্য যেতে বাধ্য হন। বিনয়বাবু এখানে বসে আছেন, তিনি ভূমিরাজস্ব মন্ত্রী এবং পঞ্চায়েত মন্ত্রী, পঞ্চায়েতগুলিতে আমরা কি অবস্থা দেখছি? প্রতিটি পঞ্চায়েত সমিতিতে চুরি হচ্ছে, ব্লকে ব্লকে চুরি হচ্ছে, জেলায় জেলায় চুরি হচ্ছে। চুরি কোথায় নেই, সেটা একটু বিনয়বাবু তাঁর ভাষণের সময়ে বলবেন। [illegible] বিধানসভায় দাঁড়িয়ে বলেছেন, "চুরি হচ্ছে, কি করব বলুন!" আজকে রাজ্যে এমন অবস্থা হয়েছে, [illegible] গাড়ি ছাড়া চলতে পারেন না, [illegible] এখন কভিসন ছাড়া মন্ত্রীরা থাকতে পারেন না। আজকে এখানে অর্থমন্ত্রী

চারটে খাঁচার গল্প বললেন। অথচ আমরা জানি এই সে দিন মুখ্যমন্ত্রীকে রাজভবন থেকে ২০০ গজ পথ বিধানসভায় আনবার জন্য ২০০ খাঁচা তৈরী করতে হয়েছিল। আমরা জানি গতকাল মুখ্যমন্ত্রী সরকারী হেলিকপ্টারে চেপে দীঘা গিয়েছিলেন, এবং সেই প্রসঙ্গে তিনি আজকে এখানে উল্লেখ করলেন যে, তিনি নাকি হেলিকপ্টার চেপে বাইনোকুলার চোখে দিয়ে দেখতে পেলেন দীঘা—তমলুক রেল অফিসের সাইনবোর্ড। ওখানকার ব্যাপারে আমার কাছে একটা চিঠি আছে, তাতে দেখছি যে, গত বছর মে মাসে ওখানে জমি অধিগ্রহণ ইত্যাদির ব্যাপারে কেন্দ্র থেকে রাজ্য সরকারকে ২৫ লক্ষ টাকা দেওয়া হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত মাত্র ২ লক্ষ টাকা রাজ্য সরকার খরচ করতে পেরেছেন, বাকি ২৩ লক্ষ টাকা তাঁদের কাছে ছিল, কিন্তু তাঁরা কোনো কাজ করতে পারেননি। ভূমি রাজস্ব মন্ত্রী এখানে আছেন, তিনি তাঁর ভাষণের সময়ে এ বিষয়ে একটু জবাব দেবেন। কারণ এ সমস্ত ব্যাপারে এই বিধানসভায় অসত্য ভাষণ পরিবেশন করা হচ্ছে।

(এই সময়ে সরকার পক্ষ থেকে প্রচন্ড চিৎকার চেঁচামেচি হয়)

এই সরকার দুর্নীতিতে ভরে গেছে, ভ্রষ্টাচারে ভরে গেছে, তুরিতে ভরে গেছে। আজকে পশ্চিমবাংলায় সব চেয়ে বড় জমিদার হচ্ছেন ভূমি রাজস্ব মন্ত্রী বিনয়বাবু। তিনি অপারেশন বর্গার নামে বর্গীয় অত্যাচার চালাচ্ছেন। তিনি সেচ এলাকায় ৪ একর পর্যন্ত এবং অসেচ এলাকায় ৬ একর পর্যন্ত খাজনা ছাড় দিয়েছেন, অথচ সে সমস্ত জমিতেও বর্গা অপারেশন হচ্ছে কেন? এ ক্ষেত্রে প্রান্তিক চাষীদের বাঁচাবার জন্য বিনয়বাবুর কি পরিকল্পনা আছে আশা করি নিশ্চয়ই তিনি তা বলবেন। এই ক'টি কথা বলে অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কিরণময় নন্দ :- মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কংগ্রেস দল আজকে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন সেই অনাস্থা প্রস্তাবের উপর কিছু বলার নেই। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এবং মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ও আমাদের আরোও কয়েকজন মন্ত্রী মহাশয় যেভাবে এখানে তাদের বক্তব্য উপস্থাপিত করেছেন, ওঁদের মধ্যে যদি রাজনৈতিক সচেতনতা থাকতো তাহলে ঐ বক্তব্যগুলি শোনার পর নাকে খত দিয়ে অনাস্থা প্রস্তাব প্রত্যাহার করে নিতেন। কিন্তু ওঁরা সেই অনাস্থা প্রস্তাব প্রত্যাহার না করে আরোও আলোচনা করছেন। আমি ওঁদের প্রত্যেকের কাছে এইটুকু বলতে চাই, বিশেষ করে যেদিন বিধানসভা শেষ হবে, ওঁদের একটা রেওয়াজ দাঁড়িয়ে গেছে এমনি করে অনাস্থা প্রস্তাবের নোটিশ দেওয়া এবং তার উপর আলোচনা করা। ওনারা ব্যর্থতার কথা বলেছেন এবং এই নিয়ে অনেক আলোচনা করেছেন। বামফ্রন্টের মন্ত্রী সভা কখনই এই দাবী করেন না যে পশ্চিমবাংলার মানুষের যে সমস্যা আছে সেই সমস্যাগুলির সমাধান করে দিতে পেরেছি, অথবা যে কাঠামোর মধ্যে এই মন্ত্রীসভা চলেছে সেই কাঠামোর মধ্যে থেকে পশ্চিমবাংলার মানুষের সব সমস্যার সমাধান করতে পারবে। কারণ একথা আমরা জানি, ২২টি কেন্দ্র-শাসিত রাজ্য সহ যে সমস্ত অঙ্গরাজ্যগুলি আছে তারমধ্যে ২টি রাজ্য বাদ বাকি দিলে সবগুলিতেই ওঁরা বসে আছেন। আর দিল্লীতে কংগ্রেস নামক একটি সরকার আছেন। ওঁরা আমরা যাদের জন্য কাজ করতে চাইছি তাদের বিরোধীনীতি গ্রহণ করতে চাচ্ছেন। ওঁরা বিগত লোকসভার নির্বাচনে কাগজে কতকগুলি বিজ্ঞাপন প্রকাশ করেছিলেন। তারমধ্যে একটি বিজ্ঞাপনের প্রতি আমার দৃষ্টি আকর্ষণ হয়েছিল। সেই বিজ্ঞাপনের মধ্যে ছিল যে পশ্চিমবাংলার জন্য টাকা-বরাদ্দ কমানো হল কেন? কারণ, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের আমলে এখানকার সাধারণ মানুষের মাথা-পিছু আয় বেড়ে গেছে। অতএব মাথা-পিছু আয় যখন বেড়ে গেছে সেই কারণে এখানে বরাদ্দ টাকা কমিয়ে দেওয়া হল। তবে আমি আপনাদের কাছে জিজ্ঞাসা করি যে,—বামফ্রন্ট সরকারের সময়ে পশ্চিমবাংলার মানুষ তাঁদের মাথা-পিছু আয় বাড়িয়ে নিতে পারলেন,—এখানে সবই যদি ব্যর্থ হয়ে থাকে, এখানে যদি সরকার ব্যর্থ হয়ে থাকে তাহলে মাথা-পিছু আয় বাড়ে কি করে? সুতরাং একথা বলতে দ্বিধা-বোধ নেই যে, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারকে হাতিয়ার করে এখানকার কল-কারখানায় যে সমস্ত শ্রমিকেরা কাজ করেন, যে সমস্ত মেহনতী মানুষেরা কাজ করেন, ক্ষেত-খামারে যে সমস্ত শ্রমিক, কৃষকেরা কাজ করেন, তাঁরা আজকে শ্রমের মজুরী বাড়িয়ে নিতে পেরেছেন। তাই আজকে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের আমলে এখানকার সাধারণ মানুষের মাথা-পিছু আয় বেড়েছে। আজকে দেশ ৩৮ বছর স্বাধীন হল, ৬টি পরিকল্পনা শেষ হয়েছে, সপ্তম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা শুরু হয়েছে। তবে আজকে লস্-এ্যানজেলসের অলিম্পিকে আমরা ভারতীয়রা পদক পাইনি বলে আমাদের মনে দুঃখ আছে, কিন্তু কংগ্রেস ভারতবর্ষকে ৩টি পদক দিয়েছেন। সারা পৃথিবীর মধ্যে প্রথম স্থান দিয়েছেন কোন ৩টি পদকের আজকে ৩৭ বছররের দেশ শাসনের ফলে এবং ৬টি পরিকল্পনার শেষ হয়ে যাওয়ার ফলে পৃথিবীর মধ্যে সারা ভারতবর্ষে শিশু মৃত্যু সবচেয়ে বেশী, শতকরা ৪০ জন শিশু আঁতুর ঘরেই মারা যায়। যক্ষা রোগে আক্রান্ত সারা ভারতবর্ষে সবচেয়ে বেশী। প্রত্যেক বছর দেড় কোটি মানুষ যক্ষা রোগে আক্রান্ত হন। পৃথিবীর মধ্যে সারা ভারতবর্ষে নিরক্ষরতার সংখ্যা সবচেয়ে বেশী, শতকরা ৭০ ভাগ মানুষ নিরক্ষর। আমি জিজ্ঞাসা করি, এটা কাদের অবদান? যারা ৩৮ বছরের মধ্যে জনতা আমলের আড়াই বছর বাদ দিলে বাকী সাড়ে ৩৫ বছর ধরে কেন্দ্রীয় সরকার পরিচালনা করেছেন, যারা ছয় ছয়টি পরিকল্পনা করে দেশবাসীকে নিঃস্ব করে দিয়েছেন এটা তাদের অবদান। আজকে এঁদেরই অবদানের জন্য সমস্ত পুঁজি একটা মুষ্টিমেয় লোকের হাতে জমা হয়েছে। আজকে তাঁরাই কৈফিয়ত চাচ্ছেন পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের কাছে যে কেন আপনারা ব্যর্থ হলেন? একথা বলতে বিন্দুমাত্র দ্বিধা-বোধ নেই যে, এই সরকার এই ক্ষমতার মধ্য থেকেও সাধারণ মানুষের জন্য যে সমস্ত কর্মসূচী নিয়েছে, সারা ভারতবর্ষে যেখানে যেখানে কংগ্রেস-শাসিত সরকার আছেন তার মধ্যে কোন্ একটি রাজ্যে দেখাতে পারেন, সাধারণ মানুষের জন্য এইরকম কর্মসূচী নেওয়া হয়েছে? আজ কেন্দ্রীয় সরকার বলতে বাধ্য হয়েছেন, আই. আর. ডি. পির সবচেয়ে বেশী সাফল্য যদি কোন রাজ্যে ঘটে থাকে সেটা হচ্ছে পশ্চিমবাংলায়। এই আই. আর. ডি. পির যে প্রকল্প যারা দারিদ্রসীমার নিচে বাস করেন সেই সমস্ত গরীব মানুষদের জন্য নেওয়া হয়েছে, এই প্রকল্পের মাধ্যমে সবচেয়ে বেশী গরীব মানুষ উপকৃত হয়েছে। ভারতবর্ষের মধ্যে অন্য কোন রাজ্য গরীব মানুষদের জন্য এইরকম পরিকল্পনা গ্রহণ করতে পারেন নি। আমি কংগ্রেস বন্ধুদের চ্যালেঞ্জ করি, দেখাতে পারেন, বিভিন্ন দপ্তর আজকে গরীব মানুষদের জন্য যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করেছে সাধারণ মানুষের কাছে যেসব সাহায্যগুলি পৌঁছে দিচ্ছে, যেভাবে পরিকল্পনার মাধ্যমে সাধারণ মানুষের আর্থিক অবস্থার উন্নতি ঘটাতে পেরেছেন-ভারতবর্ষের মধ্যে একটি রাজ্য দেখাতে পারেন এই সব পরিকল্পনার মাধ্যমে গরীব নিঃস্ব মানুষ, যারা দারিদ্রসীমার নিচে বাস করেন তাদের জন্য এই ধরণের পরিকল্পনা গ্রহণ করে সাধারণ মানুষেব আর্থিক অবস্থার উন্নতি ঘটাতে পেরেছেন? আমরা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার দাবী করি, আমরা আমাদের এই পরিকল্পনার মাধ্যমে সাধারণ মানুষের উন্নতি ঘটাতে পেরেছি।

[6.10 - 6.20 P.M.]

আমরা জানি যে, আমাদের সীমাবদ্ধ ক্ষমতায় পশ্চিমবাংলার সমস্ত মানুষের একসঙ্গে উপকার করতে পারবো না, সেজন্য অগ্রাধিকারের ভিত্তিতে যাদের একেবারেই কিছু ছিলনা তাদের অবস্থার কিছুটা উন্নতি ঘটাতে সেইমত পরিকল্পনা গ্রহণ করে আমরা কাজ করছি। অবশ্য জানি যে, এই কাজটা আপনাদের পছন্দ হবেনা

বা একে ভাল মনে গ্রহণ করবেন না, কারণ সারা পশ্চিমবাংলায় গরীব মানুষের জন্য কাজ হবে, সারা পশ্চিমবাংলার গরীব মানুষের জন্য আইন পাশ হবে, তাদের জন্য কর্মসূচী গ্রহণ করা হবে—এটা আপনারা মেনে নিতে পারবেন না। এখানকার কংগ্রেস এবং কেন্দ্রের কংগ্রেস এটা মেনে নেবেন—একথা আমরা কখনও বিশ্বাস করিনা। তাই আপনারা ঠিক করেছেন যে, আমাদের সবকিছুতেই আপনাদের বিরোধিতা করতে হবে। কিন্তু দুঃখটা হচ্ছে—যে ভাষায় আমাদের সমস্ত পরিকল্পনাগুলির সমালোচনা করে গেলেন সেটা শুনে। মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী মহাশয়গণও একটু আগে বলে গেলেন যে, এখানে কোন কাজ আপনারা আমাদের করতে দেবেন না; কোন কাজ এখানে করতে চাইলে আপনারা তার বিরোধিতা করবেন। কয়েক দিন আগে এই বিধানসভায় মাননীয় সুব্রত মুখার্জীসহ কয়েকজন কংগ্রেসী সদস্য দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষী শ্বেতাঙ্গ সরকার সেখানকার কৃষ্ণাঙ্গ অধিবাসীদের উপর যে অত্যাচার চালাচ্ছে—সে সম্পর্কে একটি প্রস্তাব এনেছিলেন। আমার মনে হয়, পশ্চিমবঙ্গ বিধানসভায় এমন একটা প্রস্তাব আনা উচিৎ যে, "যে কংগ্রেস দাবী করেন যে তাঁরাও পশ্চিমবাংলার অধিবাসী, কিন্তু বিধানসভায় আবার তাঁরাই এখানকার মানুষের সমস্ত উন্নয়ন প্রচেষ্টাকে বাঞ্চাল করবার জন্য প্রস্তাব গ্রহণ করেন—সেই কংগ্রেসকে এখান থেকে অন্য রাজ্যে পাঠিয়ে দেওয়া হোক।" আজকে কোন একটি কথা বলার নৈতিক অধিকার আপনাদের নেই, কারণ যেখানে যা কিছু গ্রহণ করা হচ্ছে—সেখানেই আপনারা বাধা সৃষ্টি করছেন। শুধু তাই নয়, আমরা সংবাদপত্রে পড়েছি যে, পেট্রো কেমিক্যাল কারখানা—যেটা আমরা যৌথ উদ্যোগে নিয়েছি, সেক্ষেত্রেও আপনারা—কংগ্রেসী এম.এল.এ., এম.পি এবং নেতারা দিল্লীতে গিয়ে দরবার করছেন যাতে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক সেখানে টাকা লগ্নী না করেন। এইভাবে সেটাকে বন্ধ করবার জন্য আপনারা চেষ্টা চালাচ্ছেন। আজকে এই কংগ্রেসী সদস্যরাই বিধানসভাতে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছেন! আমি মাননীয় অর্থমন্ত্রীর সাথে একমত হয়ে বলছি যে, ১৯৮৭ সালে বিধানসভার নির্বাচন হবে এবং তখন আপনারা এর জবাব পাবেন। আবার ১৯৯০ সালে লোকসভার নির্বাচন হবে এবং সেখানেও এর জবাব পাবেন। ভারতবর্ষের অন্যান্য যে কোন রাজ্যের মানুষ থেকে এখানকার মানুষের রাজনৈতিক সচেতনতা অনেক বেশী; কাজেই তাঁরা বুঝতে পারছেন যে, কাকে সমর্থন করতে হবে এবং কারে করতে হবে না। আজকে আপনাদের পদযাত্রার কারণে খুব গাত্রজ্বালা হয়েছে দেখতে পাচ্ছি। হাওড়ার এম.এল.এ অশোকবাবু একটু আগে বলে গেলেন যে, কেন আপনারা পদযাত্রা করে লক্ষ লক্ষ টাকা খরচ করলেন? কিন্তু আমরা দেখেছি যে, ঐ পদযাত্রায় লক্ষ লক্ষ মানুষ সামিল হয়েছেন এবং দুই ধারে দাঁড়িয়ে অগণিত মানুষ তাকে সমর্থন জানিয়েছেন। আজকে বামফ্রন্টের কর্মসূচীকে তাঁরা সমর্থন করছেন বলেই তাঁরা এগিয়ে এসেছেন। আজকে বামফ্রন্ট সরকার জনগণের কাছে গিয়ে এবং তাঁদের সাথে নিয়ে নিজেদের সুবিধা-অসুবিধার কথা অকপটে বলবেন এবং তা আপনারা মেনে নেবেন, সহ্য করবেন—এটা হতে পারে না। সেই কারণেই আজকে আপনারা এই পদযাত্রার বিরোধিতা করছেন। তাই বলছেন যে, বাস বন্ধ হয়ে গেছে, ট্রাম বন্ধ হয়ে গেছে! কিন্তু আমি বলবো যে, ভবিষ্যতেও প্রয়োজনে কেন্দ্রের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে বামফ্রন্ট সরকার জনগণের পাশে থাকবেন, নেতৃত্ব দেবেন। দরকার হলে পশ্চিমবাংলায় এই রকম হাজার হাজার পদযাত্রা গড়ে উঠবে কেন্দ্রের অবিচার এবং অন্যায়ের বিরুদ্ধে। আজকের এই অনাস্থা প্রস্তাবের পরিপ্রেক্ষিতে যে ভাষায় বক্তব্য আপনারা এখানে রাখলেন তা শুনে লজ্জা বোধ হয়। এর থেকে এটুকুই মনে হয় যে, আপনারা পশ্চিমবাংলার মানুষের উন্নতি চান না, বা পশ্চিমবাংলায় কোন উন্নয়নমূলক কাজ হোক সেটা আপনারা চান না। এই সমস্ত কাজ করার ফলে আপনাদের যদি গোঁসা হয়ে থাকে তো দয়া করে এই রাজ্য ছেড়ে যেখানে যেখানে কংগ্রেসী রাজত্ব আছে সেখানে গিয়ে এম.এল.এ., এম.পি হ'ন; এখানকার মানুষের সাথে থাকবার কোন নৈতিক অধিকার আপনাদের নেই। সেইজন্য, যে অনাস্থা প্রস্তাব কংগ্রেসী বন্ধুরা এনেছেন—তার বিরোধিতা করে এটুকু বলতে চাই যে, পশ্চিমবাংলার মানুষ বামফ্রন্টের সাথে আছেন এবং বামফ্রন্ট মন্ত্রীসভাও নির্দিষ্ট কর্মসূচীর ভিত্তিতে সাধারণ মানুষের স্বার্থে পরিকল্পনা গ্রহণ করে চলেছেন এবং তার সুফল সাধারণ মানুষ ভোগে করছেন। এই কয়টি কথা বলে অনাস্থা প্রস্তাবের পুনরায় বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অম্বিকা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কংগ্রেসের তরফ থেকে যে 'নো কনফিডেন্স মোশন' আনা হয়েছে, তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই, একটু আগে মাননীয় মৎস্যমন্ত্রী অনেককথাই বলে গেলেন, কিন্তু নিজের ডিপার্টমেন্টের কথা একবারও বললেন না। আজকে পশ্চিমবাংলার মানুষকে তিনি কিভাবে মৎস্য সরবরাহ করছেন—তা সবাই জানেন।

আমরা শুনেছি তিনি একটা নূতন মাছ আমদানি করেছেন। সেই মাছের নাম হ'ল "নেই মাছ"। মাছটা কি রকম আমি জানিনা, কারণ সেটা আমি দেখিনি। সুতরাং উনি যদি ওনার নিজের চরকায় তেল দেন তাহলে ভাল হয়। আজকে আমি এখানে সকাল থেকে বসে আছি, ন্যাশনাল, ইনটারন্যাশানাল নিয়ে কথা বললেন। মনে হচ্ছে আমরা এখন পারলামেন্টে বসে আছি, নয়তো ইউ.এন.ও তে বসে ডিসকাস করছি। আমরা পশ্চিমবাংলার মানুষ, আমরা এখানে এসেছি পশ্চিমবাংলার স্বার্থ রক্ষা করতে। এখানে যখন আলোচনা হচ্ছে তখন সঙ্গে সঙ্গে উপমা দেওয়া হচ্ছে গুজরাট, বম্বে, ম্যাড্রাস এবং দিল্লির। আজকে পশ্চিমবাংলার মানুষ আমাদের এখানে নিয়ে এসেছে পশ্চিমবাংলায় স্বার্থে কি কি করতে পেরেছি সেই গুলি দেখাবার জন্য এবং যে গুলি করা হয়নি সেই গুলি যাতে ভাল ভাবে করা যায় এবং যে ত্রুটি আছে সেইগুলি যাতে আরো বেশী রেকটিফাই করা যায় সেটা দেখবার জন্য। আজকে এখানে সবচেয়ে বেশী যেটা দরকার নিরাপত্তা বোধ সেই নিরাপত্তা বোধ পশ্চিমবাংলায় নেই। নিরাপত্তা যাদের হাতে রয়েছে, যাদের কাছ থেকে মানুষ নিরাপত্তা আশা করবে সেই পুলিশ ডিপার্টমেন্ট কোরাপসানের শেষ সীমায় গিয়ে পৌঁছেছে, কি করে আশা করতে পারা যায় নিরাপত্তা? পুলিশ ডিপার্টমেন্টের ভেতর দুটি পার্টির দুটি ইউনিয়ন [illegible] ভেতর মারপিট করছে, দাঙ্গা করছে, [illegible] পুলিশ [illegible] স্বীকার করেছেন যে ওনার হাতের বাইরে চলে গেছে সমস্ত [illegible] মাননীয় মুখ্যমন্ত্রী [illegible] হয়েছেন যে তার হাতের বাইরে [illegible] ভেতর পুলিশ মুখ্যমন্ত্রীর সামনে দল বেঁধে ঝগড়া করতে আসে। এই সমস্ত মানুষের [illegible] পশ্চিমবাংলার সমস্ত মানুষের নিরাপত্তা নির্ভর করছে [illegible] হাতে কি করে সব কিছু ছেড়ে দেওয়া যায়? এটা একটা চিন্তা করার কথা। আমরা [illegible] পশ্চিমবাংলা এমন একটা জায়গা যেখানে খুন, রাহাজানি, দাঙ্গা এবং নারী ধর্ষণ হচ্ছে [illegible] পশ্চিমবাংলার বাইরে কোথায় কি হচ্ছে সেটা দেখার দরকার [illegible] নিশ্চয়ই হচ্ছে, সেখানে কিন্তু আমাদের এখানে কি হচ্ছে সেটা দেখার কথা আমাদের। সেটা কি করে বন্ধ করা যায় সেটা দেখার কথা আমাদের। অন্যান্য জায়গায় [illegible] তাহলে আমাদেরও কি তাদের সঙ্গে তালে তাল মিলিয়ে চলতে হবে? এটা আমাদের চিন্তা করার কথা করার কথা নয় কি? আমাদের এখানে বার বার বলা হয় [illegible] দিতে পেরেছি আমরা। দিতে পেরেছি বারো চাষের জল যাতে বেশী চাষ হয়? কটা পরিকল্পনা ইরিগেসান সিস্টেম করতে পেরেছে? এখানে ইরিগেসান মিনিষ্টারের বাজেটের সময় বার বার করে বলেছি তাঁর ব্যর্থতার কথা। আপনারা কটা কি করতে পেরেছেন? পুলিশ ডিপার্টমেন্ট যেমন কোরাপসান র‍্যামপেন্ট তেমনি র‍্যামপেন্ট কোরাপসান ইরিগেসান ডিপার্টমেন্ট। রাস্তাঘাটের কথা আপনারা কেউ অস্বীকার করতে পারবেন না। পশ্চিমবাংলায় রাস্তাঘাটের আজ আজকে এখানে দার্জিলিং মন্ত্রী যিনি আছেন তাঁকে যদি দার্জিলিং-এ যেতে হয় তাহলে শিলিগুড়িতে পৌঁছে গাড়ি রিপেয়ার না করে যেতে পারেন? কটা নূতন রাস্তা তিনি তৈরী করতে পেরেছেন সেটা আমাদের বলুন? একটা নূতন পরিকল্পনা তাঁর আছে ট্রান্সপোর্ট সিস্টেমের কথা তো বলার কিছু নেই। মন্ত্রী

মহাশয় নিজে এখানে আছেন, তিনিই ভাল করে জানেন। অবস্থা একেবারে ভেঙ্গে পড়েছে। বেসরকারী ট্রান্সপোর্ট ব্যবস্থা সেটাকে ভাল করে করবার কিছু নেই। তিনি নিজে আমাদের সামনে বলেছেন বেসরকারী বাসের মালিক যারা রয়েছে সেই মালিকরা আজ আর মালিক নয়, সেখানে ড্রাইবার-কনট্রাক্টররাই হচ্ছে মালিক। সেই জন্য তিনি নূতন বাস বার করতে পারছেন না। যেখানে নূতন রুট তৈরী হচ্ছে সেখানে স্টেট ট্রান্সপোর্ট বাস দিতে পারছে না। তিনি আমাদের বলেছেন মালিকদের নিয়ে আসুন, বাস নিয়ে আসুন তিনি নূতন রুট দেবেন। নূতন রুটে বাস আনা যাচ্ছে না, মালিকদের আনা যাচ্ছে না। সেখানে যদি নিরাপত্তা বোধ না থাকে, সেখানে যদি শান্তি না থাকে, সেখানে বাস মালিকরা যদি তাদের রিটার্ন না পায়, তারা যদি সুদ সময় মত না দিতে পারে তাহলে বাস বের হবে না। এইগুলি তো আপনাদের দেখা উচিত, এইগুলি আপনারা দেখতে পাচ্ছেন না? হাঁসপাতালের অবস্থা তো সকলেরই জানা আছে। সারা পশ্চিমবাংলায় হাঁসপাতালের এমন অবস্থা যে সেটা বলবার কথা নয়, আমরা পি.জি-তে যাই আমাদের স্পেসাল পারফর্মেন্স আছে, আমরা বেলভিউ, উডল্যান্ডে থাকতে পারি তার ব্যবস্থা আছে, কিন্তু সাধারণ মানুষের কি অবস্থা সেটা আপনারা দেখেছেন? আমার একজন প্রতিবেশী তার বাবা-মা, ভাই-বোন আমাদের এখানে বসে আছে, সেই ছোট তারা বলে ১২ বছরের মেয়েটি ফিজিক্যাল ফিটনেসের জন্য পুরস্কার পেয়েছিল। তাকে হঠাৎ এন.আর.এস হাঁসপাতালে পাঠিয়ে দিতে হয়। সেখানে সেই মেয়েটি মারা যায়। তার বাবা-মা এই বিধানসভায় বসে আমাদের কথা শুনছে। তার বাবা বহু চিঠি লিখেছে যে সম্পূর্ণ ডাক্তার এবং কর্তৃপক্ষের ঔদাসীন্যতার জন্য তারা মেয়ে মারা যায়। তিনি ডাক্তারের বিরুদ্ধে বলেছেন, হাঁসপাতালের বিরুদ্ধে বলেছেন, এই ব্যাপারে তিনি মন্ত্রী মহাশয়কে চিঠি দিয়েছেন এবং বলেছেন যে তাঁর মেয়ে তো চলে গেছে, ভবিষ্যতে যাতে আর কোন মেয়ে এই ভাবে চলে না যায়। সাধারণ রুচি বোধ নেই, সাধারণ ভদ্রতাবোধ নেই যে মন্ত্রী মহাশয় দেখাতো করেননি, চিঠির উত্তর পর্যন্ত দেননি। আমি নিজে গিয়ে চিঠি দিয়ে এসেছি, একটা ভদ্রতাবোধ পর্যন্ত তাঁর নেই যে একটি চিঠির উত্তর তিনি দেন। মেডিকাম এ্যাসোসিয়েসনে এটা তোলা হয়েছে, কিন্তু কোন বিচার হয়নি। শুধু একটা অনুসন্ধান করবার জন্য বলা হয়েছিল। সেটাও আজ পর্যন্ত হয়নি।

[6.20 - 6.30 P.M.]

প্রলয়বাবু এখানে আছেন, উনি নাম বললে এখনই সব বুঝতে পারবেন। কারণ, উনি কাছাকাছিই থাকেন। তার বাবা-মা এখানে আছেন, তাঁরা আমার এই কথাগুলো বসে শুনছেন। পশ্চিমবাংলায় প্রতিটি জায়গায় বড় বড় হাসপাতালে জায়গা হয় না, জেলা হাসপাতালগুলোতে জায়গা হয় না। ছোট ছোট স্বাস্থ্যকেন্দ্রগুলোতে দুরবস্থা চরমে। কয়েকদিন আগে হাওড়া জেলার কয়েকটি স্বাস্থ্যকেন্দ্রের দুরবস্থা সম্পর্কে এখানে উল্লেখ করেছি। মাননীয় আনসারুদ্দিন সাহেব কয়েকদিন আগে তাঁর এলাকার স্বাস্থ্যকেন্দ্র সম্পর্কে দুরবস্থার কথা উল্লেখ করেছেন। সেখানে ছাদ দিয়ে জল পড়ে, সামান্য একটু রিপেয়ার করতে পারলে সেটি চালু করা যেত, কিন্তু দুর্ভাগ্যের কথা, গত এক বছর যাবৎ ঐ স্বাস্থ্যকেন্দ্রটি বন্ধ হয়ে পড়ে আছে। ১২-১৪ বেডের এই হাসপাতালটি গত এক বছর ধরে বন্ধ হয়ে পড়ে আছে। কিসের জন্য এক বছর ধরে এটি বন্ধ হয়ে আছে? গত দুদিন আগে শান্তিবাবু ই.এস.আই. সম্বন্ধে উল্লেখ করেছিলেন। কি অবস্থা চলছে এই ই.এস.আই. হাসপাতালগুলিতে? সেখানে ইউনিয়নে ইউনিয়নে ঝগড়া বিবাদ চলছে। সাধারণ কর্মচারীরা, গরীব কর্মচারীরা এখানে পয়সা দেন, মালিকরা যেখানে পয়সা দেন ই.এস.আই. হাসপাতাল চালাবার জন্য, সরকারী অর্থ যেখানে ব্যয়িত হয় (আদৌ খরচ হয় কিনা তা আমার জানা নেই) সেখানে ইউনিয়নে ইউনিয়নে মারপিঠ হচ্ছে এবং শ্রমিকরা মার খাচ্ছেন কারখানাতে কারখানাতে। বিভিন্ন জায়গায় এই অবস্থা আজ চলছে। আমি স্পোর্টস্ সম্বন্ধে দু-একটি কথা সবশেষে বলতে চাই। এই রাজ্যের মানুষ স্পোর্টস্'এর ব্যাপারে বিশেষ ভাবে উপকৃত হয়েছেন বলে এখানে ওঁরা বলছেন। কিন্তু স্পোর্টসের ব্যাপারে ওঁরা সম্পূর্ণরূপেই ব্যর্থ হয়েছেন। নানা রকম ভন্ডামী করে ২০ কোটি টাকা ব্যয় করে এখানে একটা স্টেডিয়াম ওঁরা তৈরী করেছেন। কিন্তু এই পরিমাণ টাকা ব্যয় করে যে স্টেডিয়ামটি নির্মিত হল, তারজন্য বছরে সরকারকে সুদ গুণতে হবে ১ কোটি টাকা। এই টাকা ওঁরা দেবেন কোথা থেকে?

শ্রী কাশীনাথ মিশ্র :- মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিরোধি দলের মাননীয় সদস্যরা যে অনাস্থা প্রস্তাবটি এখানে এনেছেন, সেই প্রস্তাবকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলবো। আপনি দেখেছেন যে এই বিধানসভা চলাকালীন মাননীয় সদস্যরা বিভিন্ন ভাবে নিজ নিজ এলাকার হাহাকারের কথা উল্লেখ করে সংশ্লিষ্ট দপ্তরের বিরুদ্ধে তাঁদের ক্ষোভ মেনসান পর্বে ব্যক্ত করেছেন। আপনি মন্ত্রীসভার মাননীয় মন্ত্রীদের সেই পরিপ্রেক্ষিতে এখানে বলেছেন যে তাঁরা যেন সংশ্লিষ্ট বিষয়ে তৎপর হন এবং তাঁরা যেন উত্তর দেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভায় মাননীয় সদস্যদের মেনসান পর্বে বক্তব্য রাখার সময়ে এবং প্রশ্নোত্তর পর্বে মন্ত্রীমন্ডলীকে এখানে উপস্থিত থাকার জন্য নির্দেশ দিয়েছেন। তাঁরা ঐ সময়ে বিধানসভাতে যেন হাজির থাকেন সেজন্য নির্দেশ দিতে বাধ্য হয়েছিলেন। আজকে আমরা যদি কোন কথা বলতে চাই - কয়েকজন মন্ত্রীমহাশয়, বিশেষ করে কিরণ্ময় নন্দ আজকে এখানে অনাস্থা প্রস্তাব আনার জন্য যে ভাবে বলেছেন - তা কি অপরাধ? মাননীয় মন্ত্রীমহাশয় এখানে বলেছেন যে, এই অনাস্থা প্রস্তাব বছরে বছরে, বারবার করে কেন আমরা আনছি? আমি জিজ্ঞাসা করতে চাই - আপনারা যখন বছরে বারবার করে বন্ধ পালন করে দেশের ৩০০ - ৩৫০ কোটি টাকা লোকসান ঘটান, তখন এই লোকসানের কথাটা কি একবারও বিবেচনা করে দেখেন? ১৯৫২ সাল থেকে শুরু করে ১৯৬৯ সাল, ১৯৭১ সাল (এই সময়ের কথা আমি তো বিশেষ ভাবেই জানি, কারণ এই সময়ে আমি এখানে বিধানসভার একজন সদস্য ছিলাম) পর্যন্ত দেখেছি আজকের যিনি মুখ্যমন্ত্রী, তখন তিনি বিরোধীদলে ছিলেন, তিনি এখানে বলুন, বিধানসভাতে অনাস্থা প্রস্তাব আনতেন কিনা? এই অনাস্থা প্রস্তাব বিধানসভাতে আনা হচ্ছে গণতান্ত্রিক একটা পদ্ধতি অনুসরণ করা, আমরা সেই গণতান্ত্রিক পদ্ধতি অনুযায়ী এখানে অনাস্থা প্রস্তাব এনেছি। বিরোধীদল হিসাবে এই অনাস্থা প্রস্তাব এনে কি আমরা অপরাধ করেছি? আপনারা এখানে বিরোধীদল হিসাবে বারেবারেই অনাস্থা প্রস্তাব ১৯৫২ সাল থেকে তদানিন্তন সরকারের বিরুদ্ধে নিয়ে আসতেন। এটাই হচ্ছে গণতান্ত্রিক পদ্ধতি। সেই পদ্ধতি অনুসারে আমরাও অনুরূপ প্রস্তাব এনেছি। তাহলে এটা কি অপরাধ হয়ে গেল? আজকে দেশের যে অবস্থা, দেশের মানুষের যে অবস্থা আমরা দেখছি---আপনাদের অনেক মাননীয় সদস্য তো এখানে অভিযোগ করেছেন যে বিভিন্ন হাসপাতালে ডাক্তার নেই, হাসপাতালগুলিতে রোগীরা ঠিকমত চিকিৎসার সুযোগ পাচ্ছেন না, সেই একই প্রশ্নে আমরা এখানে অনাস্থা প্রস্তাব এনেছি। আমরা এখানে বলেছি যে, পি.এস.সি.র মাধ্যমে যেখানে ডাক্তার নিয়োগ করার কথা ছিল তা আপনারা করলেন না কেন? এই সমস্ত কথাই তো আমরা আপনাদের কাছে জানতে চাই।

সেখানে আপনারা এ্যাড হোক বেসিসে কাদের নিয়োগ করলেন, আজকে এখনো পর্যন্ত দুরবস্থা চলছে সেখানে এবং এর প্রতিকারের কথা যদি আমরা বলি এবং মন্ত্রীসভার যদি দৃষ্টি আকর্ষণ করি তাহলে সেটা কি অপরাধ হয়ে যাবে? আজকে শিক্ষা নিয়ে মাননীয় শিক্ষামন্ত্রী, শিল্পমন্ত্রী যিনি আগে সমবায় মন্ত্রী ছিলেন তিনি এখন শিল্পমন্ত্রী বিশ্ববিদ্যালয়ের বর্তমান চেহারার কথা বলেছেন এবং তদানীন্তন সময়ের চেহারার কথাও বলেছেন। আজকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য্য ৫জন কর্মচারীকে তাদের রেকর্ড ভুল করার জন্য বরখাস্ত করেছেন বলে তাঁর পেছনে আপনারা লেগেছেন, আজকে আমার প্রশ্ন এই কথা কি বলতে পারেন যে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে এই অবস্থার

জন্য বিভিন্নভাবে বিভিন্ন সময়ে আমরা যখন তার প্রতিকারের কথা বলি তখন আপনারা কেন কোনরকমে অস্বীকার করে যান? বিরোধীদলের সদস্য হিসাবে সরকারের যে ত্রুটিগুলি সরকারের গোচরীভূত করার জন্য আমরা নিয়ম অনুসারে অনাস্থা প্রস্তাব এনেছিলাম যাতে ত্রুটিগুলির প্রতি আরো সঠিক দৃষ্টি আকর্ষণ করতে পারি এবং আরো সেইগুলির ব্যাপারে দৃষ্টি নিক্ষেপ করতে পারি। আমরা দেখেছি সরকারের বিভিন্ন সদস্যরা বিভিন্ন সময়ে এই বিধানসভা চলাকালীন বলেছেন কিন্তু শ্রী কিরণময় নন্দ মহাশয়কে আজ প্রথম বিধানসভায় এই অধিবেশনে বক্তৃতা দিতে শুনলাম। তিনি এতোদিন বিধানসভায় আসেন নি, এমন কি তিনি একজন মন্ত্রী হিসাবে প্রশ্নোত্তরের সময়ে আজ তিনি উত্তর পর্যন্ত দিতে পারতেন তাও দিলেন না অথচ বিধানসভায় এই অনাস্থা প্রস্তাবের উপর বিরুদ্ধে অনেক কিছু বলে গেলেন। আজকে পুলিশ প্রশাসনে যা চলছে তা বলার নয়—আপনাদের নিশ্চয় জানা আছে পুরুলিয়ায় একজন মানুষ বাজারে পটল কিনতে গিয়ে তার উপর পুলিশ যে ভাবে লাঠি চালায় সেটা অবর্ণনীয়, তিনি এখনো পর্যন্ত হাসপাতালে আছেন, দরকার মনে হলে আপনারা দেখে আসতে পারেন। তারপরে বর্দ্ধমানের ছাদনায় কি ঘটনা ঘটলো সে খবর আপনাদের জানা আছে। সেখানে ও.সি. নির্মমভাবে মিছিলের লোকদের প্রহার করেছিলেন, এখনো পর্যন্ত বহু লোক সেই প্রহারে হাসপাতালে পড়ে আছে। অথচ এর প্রতিকারের কোন ব্যবস্থা হল না। সেখানকার এম.এল.এ. এর সঙ্গে পুলিশের কি ব্যাপার কে জানে, তাঁর এখনো কোন বিচার হয়নি, নিশ্চিন্তে ঘোরাফেরা করছেন। এই তো অবস্থা চলছে। এইগুলি যদি বলি তাহলে আমরা নাকি তাদের বিরোধীতা করছি। খাদ্য সম্বন্ধে এফ.সি.আই. এটা কে গ্রহণ করার জন্য নির্দেশ দিলেন আপনারা তা কার্য্যে রূপান্তরিত করলেন না। আপনারা গমের এবং ময়দার দাম কমালেন, এরফলে আটা এবং ময়দার দর কমলো কিন্তু সেখানে মিল মালিকরা এরফলে ৫০ কোটি টাকা লাভ করলেন। আমরা এতো কিছু বলছি তার কোন প্রতিকার নেই। আজকে পুলিশ খাদ্য থেকে আরম্ভ করে ইস্কুলে ছাত্র-ছাত্রী ভর্তি সব কিছুতেই সমস্যা, সবাই এই সমস্যা নিয়ে জর্জরিত, সদস্যরাও পর্যন্ত জর্জরিত, সেগুলির প্রতিবিধান আমরা দেখছি না! মন্ত্রীসভা আজকে সব ব্যাপারে অপারক হয়ে গিয়ে তাদের ব্যর্থতা ঢাকবার জন্য আমাদের এই অনাস্থা প্রস্তাবকে উপেক্ষা করার চেষ্টা করেছেন। সুতরাং আমাদের আনীত যে অনাস্থা প্রস্তাব তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6.30 - 6.40 P.M.]

শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীপক্ষের বক্তব্য গভীর মনযোগ দিয়ে শুনেছি। প্রত্যেকটা বিষয় আলোচিত হয়েছে। প্রত্যেকটার জবাব আমি দেবো না। আমি কয়েকটা মূল বিষয়ে বলতে চাই। প্রথমে ল'এন্ড অর্ডারের কথা বলবো। এটা প্রথম দাবী হিসাবে সাত্তার সাহেব রাখেন। এটা সকলেই স্বীকার করেন যে সারা ভারতবর্ষের মধ্যে তুলনা মূলকভাবে পশ্চিমবাংলার অবস্থা অনেক ভাল। সেজন্য আমি খুব বেশি বলতে চাই না। অন্য একটা জিনিষ গভীরভাবে চিন্তা করতে বলবো। এ নিয়ে কবির লড়াই করলে হবে না। আমাদের মনে রাখতে হবে নানা দিক থেকে ভারতবর্ষের সঙ্কট এবং গোলমাল সৃষ্টির চেষ্টা করা হচ্চে। সকলেই জানেন ভারতবর্ষকে চারিদিক থেকে বিদেশীরা ঘিরে ফেলেছে। মার্কিন সামাজ্যবাদ গোটা পৃথিবীকে আনবিক যুদ্ধের দিকে ঠেলে দিচ্ছে। এটা তাদের একটা গ্লোবল ষ্ট্র্যাটেজী। ভারতবর্ষ এরকম একটা ষ্ট্র্যাটেজিক পোজিশানে আছে। সেখানে সব দিক থেকে একটা চাপ দিয়ে ডি-ষ্ট্যাবিলাইশোন করার চেষ্টা করা হচ্ছে। কারণ ভারতবর্ষ তাদের স্বার্থের পরিপন্থী বলকানিস্থানে হয়েছিল। ক্যালিফোর্নিয়া। প্রিস্টন ইত্যাদি ইউনিভার্সিটিতে ভারতীয় সমাজ জীবনের দ্বন্দগুলির সুযোগ কিভাবে গ্রহণ করা যায় তা নিয়ে রিসার্চ হচ্ছে। ইন্দিরা মরার পর কি হতে পারে তা নিয়ে রিসার্চ হয়েছে। এটা যে কতখানি তা চিন্তা করা দরকার। সিংহলে কি ঘটছে তা সকলেই জানেন। পাকিস্থানে শিখদের ট্রেনিং দেয়া হচ্ছে, আমেরিকায় ট্রেনিং দেয়া হচ্ছে। কাশ্মীরে কি জিনিষ হচ্ছে? ভারতবর্ষে আগে ছিলনা এখন অনেক ইনস্টিটিউশান হয়েছে বিভেদের বীজ বপন করার জন্য। পেট্রল, ডলার নিয়ে আরবরা নেবে এসেছে। ৭/৮ বছরে আর, এস, এস, অনেক বেড়ে গেছে। যেসব জায়গা সেনসেটিভ সেসব জায়গায় এ জিনিষ হচ্ছে। সেজন্য বলছি দেশকে রক্ষা করে ঝগড়া করুন। কিন্তু আগুন লাগিয়ে দেবেন না। মুসকিল হচ্ছে সেই অনুভূতি আছে কিনা? আজ কেউ অস্বীকার করবেন—কংগ্রেস নেতারা ভাববেন না ভিনদ্রেনওয়ালাকে কে তুললো? এই ফ্রাঙ্কেনষ্টাইনকে তাঁরাই তুললেন। কোথায় গিয়ে আজ অবস্থায় তার ফলে দাঁড়িয়েছে। ত্রিপুরায় টি.ইউ. জে. এস এবং তাদের যে আর্মি গ্রুপ টি. এন. ভি. -কে পার্বত্য চট্টগ্রামে অস্ত্র শিক্ষা দিয়ে অটোমেটিক ষ্টেন গান নিয়ে এসে তারা আমাদের হত্যা করেছে, সি. আর. পি., বি. এস. এফকে হত্যা করেছে। কংগ্রেস নেতৃত্ব তাদের সঙ্গে হাত মিলিয়ে ডিষ্ট্রিক্ট কাউনসিলের নির্বাচন করেননি? এখানে চিন্তা করতে হবে আপাতঃ একটা স্বার্থ রক্ষা করতে গিয়ে সেখানে আপনারা কোথায় যাচ্ছেন? এটা হচ্ছে অন্ধ বাম বিদ্বেষ। সারা পৃথিবীর শিক্ষা এর ভেতর দিয়ে ফ্যাসিজিন তৈরী হয়। ৪ঠা অক্টোবর যে ঘটনা ঘটতে যাচ্ছে সেটা চিন্তা করুন। জমায়েত ইসলাম ইত্যাদি প্রতিষ্ঠানকে উসকানী দেয়া চাচ্ছে। কুচবিহারে ২০ বছর ধরে একটা মসজিদ যেখানে আছে হঠাৎ সেখানে রাস্তার ওপরে একটা ঠাকুর বসান হল যার শুক্রবার পূজা হয়। ৫বছর আগেও সন্তোষী মা ছিল না। সিনেমা ছাড়া কেউ তার নাম জানত না। রাজস্থান, গুজরাটে পূজা হোত। এগুলির বিরুদ্ধে এক হতে পারেন না? ইউ. পি. তে গত ৩।৪ বছর ধরে যে কম্যুনাল দাঙ্গা হচ্ছে তা বন্ধ করতে পেরেছেন? এলাহাবাদ, লক্ষ্মৌ, আলিগড়ে এই জিনিস হচ্ছে না? এখানে আমরা বন্ধ করতে পেরেছি। এটা তো গৌরবের ব্যাপার, সেই গৌরবের অংশীদার আপনারাও। পশ্চিমবঙ্গের ঐতিহ্য রামমোহন থেকে আরম্ভ করে সমস্ত প্রগতির ভেতর দিয়ে আমরা ভোগ করছি, আমাদের যে সমাজ চেতনা বেড়েছে সেই গৌরবটা রাখুন, হিমালয়ের মত মাথা খাড়া করে দাঁড়ান। ভারতবর্ষের এই অন্ধ হানাহানির মধ্যে একটা জায়গা অন্ততঃ থাকুক যেখান থেকে তারা অন্ততঃ বুঝবে, প্রেরণা পাবে। সবাই তো পাগল হয়ে যায়নি, ভবিষ্যতের দিকে যাবার একটা অন্ততঃ জায়গা থাকবে। এটা আপনার, আমার, সকলের জায়গা। একবার যদি গোখেলের মত আবার কেউ ভবিষ্যতে বলতে পারে অন্ততঃ পক্ষে ভারতবর্ষে একটা জায়গায় এই হানাহানি হয়নি—এটা অনেকেই মুখে স্বীকার না করুন ভেতরে ভেতরে বুঝেন স্বীকার করেন। সেজন্য আমি এটা ওয়ারনিং হিসাবে বলছি অনেক জিনিস করার চেষ্টা করা হচ্ছে, উই সুড নট বি কমপালসেন্ট ইভিন ইন ওয়েষ্ট বেঙ্গল। একটা জায়গা যেটা দাঁড়িয়ে আছে হিমালয়ের মত মাথা খাড়া করে তাকে নুইয়ে দেবার জন্য, তাকে চুরমার করার জন্য আন্তর্জাতিক থেকে আরম্ভ করে সমস্ত রকম এজেন্ট কাজ করছে। তার বিরুদ্ধে পশ্চিমবঙ্গের রাজনৈতিক সচেতন মানুষদের ঐক্যবদ্ধ হতে হবে। সেখানে ক্ষুদ্র স্বার্থে অন্ধ হয়ে যদি কিছু করতে যান তাহলে মুসকিল হবে। অর্থনৈতিক দিক থেকে যেটা এনেছেন ইকনমিক ব্যাংক্রাপ্সি সেটা যথেষ্ট ভাল হবে, আমাদের অর্থমন্ত্রী সেটা বলেছেন, তার মধ্যে আমি যাচ্ছি না। জন ইতিহাসটা শুরু হল ১৯৭৭ সালের জুনে। ১৯৪৭ সাল থেকে ১৩ আর ৯ এই ২২ মাস বাদ দিয়ে ২৮ বছর ২ মাস আপনারা তো ছিলেন, আপনাদের আমলে নামতে নামতে ঐতিহাসিক কারণে যেখানে আমরা প্রথম স্থানে ছিলাম যেটা উনি দেখালেন ৪৬ পার্সেন্ট অব দি টোটাল ইনডাস্ট্রি সেটা নামতে নামতে আমরা তৃতীয় চতুর্থ স্থানে এসে গেছি। এটা কার আমলে হয়েছে? এটা আপনাদের আমলে হয়েছে। কেন হয়েছে সেটাও আপনাদের বুঝতে হবে। সেটা এমনি হয়নি, কেন্দ্রীয় কতকগুলি পলিসির জন্য হয়েছে, যারজন্য বার বার আমরা ফ্রেট ইকোয়ালাইজেসানের কথা বলেছি অর্থাৎ আমাদের যে সমস্ত সুবিধা ছিল সেগুলি ফ্রেট ইকোয়ালাইজেসানের ভেতর দিয়ে করা হয়েছে, কিন্তু অনাদের বেলায় তা করা হয়নি। আমরা বলেছি সকলের বেলায় এটা হোক, সমস্ত দিক থেকে এটা করা হোক, কিন্তু তা হয়নি, খালি আমাদের যাবে, অন্যদের থাকবে। আমাদের জুট বলুন, টি বলুন, ইঞ্জিনিয়ারিং বলুন, যেহেতু এগুলি এক্সপোর্ট আরন্ করে সেজন্য এগুলি হচ্ছে ডিকলেয়ার্ড

গুডস, এক উপর আমরা স্টেট গর্ভামেন্ট ৪ পার্সেন্টের বেশী করতে পারব না, আর ওঁরা কেমিক্যাল ইত্যাদি অন্যান্য জিনিসের উপর ১৩ পার্সেন্ট, ১৫ পার্সেন্ট করবেন। তাহলে আমরা রিসোর্স মোবিলাইজ করব কি করে? সেজন্য মহাভারতের কর্ণের কথা মনে পড়ে—কবচ কেড়ে নিলাম, কুণ্ডল কেড়ে নিলাম, লড়াই এর মাঝখানে রথের চাকা মাটির তলায় ঢুকিয়ে দিয়ে বলা হল কর্ণ কিছু নয়, মহাবীর অর্জুন। তেমনি এখানে পশ্চিমবঙ্গের সমস্ত এ্যাডভান্টেজ একটার পর একটা কেড়ে নিয়ে নানা দিক থেকে অসুবিধার মধ্যে ফেলে দিয়ে তারপর বলা হল কিছু নয়। একটা আত্মগ্লানী আপনাদের মধ্যে আসেনি। আপনাদের বিধান বাবু প্রত্যেকটি কমিশনের কাছে মেরুদণ্ড খাড়া করে কি ভাবে লড়াই করে গিয়েছিলেন সেটা একটু দেখুন। বাংলার ৪০ বছর আগেকার কংগ্রেসের একজন পুরান কংগ্রেসী হিসাবে আমি বলছি। ঐতিহ্য মণ্ডিত গয়া কংগ্রেসে সি আর দাস এবং গান্ধীজীর কথা স্মরণ করুন। সুভাষ বোস ত্রিপুরীতে তবু হয়েছিলেন, আমার মনে আছে তখন বলা হয়েছিল নর্মদা ইজ টু ডিপ। সত্যেন মজুমদার তখন আনন্দবাজারে লিখেছিলেন সত্যই নর্মদা গভীর। দুই কলমের সেই লেখা পড়ে দেখুন। তাঁরা অন্ততঃপক্ষে মেরুদণ্ড সোজা করে পশ্চিমবঙ্গের স্বার্থে কাজ করেছেন। সেজন্য পশ্চিমবঙ্গের কথা ভাবতে হবে, তবে গোটা ভারতবর্ষকে ডুবিয়ে নয়। গোটা ভারতবর্ষের কথা ভাবতে হবে, কিন্তু যেগুলি আমাদের স্বার্থে সেগুলির কথা তো তুলবেন। সেখানে এত মেরুদণ্ডহীন হয়ে কেন আপনারা থাকবেন? সেজন্য যখন এ্যাপিল করে আমাদের কোন সামগ্রিক স্বার্থে তখন আমার ভাল লাগে। আপনারা জনসাধারণকে যখন রিপ্রেজেন্ট করেন তখন আমাদের এখানকার মানুষের স্বার্থে আপনাদেরও কাজ করতে হবে, আমাদেরও কাজ করতে হবে।

[6.40 - 6.50 P.M.]

এখানে একটা হেল্দি কমপিটিসন হোক এবং তার মধ্যে দিয়ে আপনারা জনসাধারণের আস্থা অর্জন করুন। মনে রাখবেন [illegible] স্বার্থ বিসর্জন দিয়ে, জলাঞ্জলি দিয়ে কিছু করা যায়না। কাজেই আপনাদের ভালভাবে চিন্তা করা ভাবনা উচিত। আমরা অনেক কাজ করেছি এবং যেটা পশ্চিম বাংলার পক্ষে দরকার বলে মনে করেছি সেখানে আমরা উভয় পক্ষ মিলে রেজলিউসন পাশ করেছি, ডেপুটেসনে গেছি, আমি মনে করি এগুলি হওয়া দরকার। তারপর, শিল্পের ব্যাপারে নির্মলবাবু অনেক কথাই বলেছেন। এটা ঠিক শিল্পের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সাহায্য ছাড়া হয়না। এই ব্যাপারে প্ল্যানিং কমিশনের সাহায্য দরকার, লেটার অব ইন্টেন্ট দরকার। কিন্তু দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গকে সেই সাহায্য দেওয়া হচ্ছেনা। গুজরাট, হরিয়ানা কিন্তু সেই সাহায্য পাচ্ছে। ভূমি সংস্কারের ক্ষেত্রে এবং সত্যিকারের জনসাধারণের হাতে ক্ষমতা দেবার ক্ষেত্রে পঞ্চায়েতের মাধ্যমে কাজ করবার জন্য এবং রুরাল ডেভলপমেন্টের মাধ্যমে কি কি কাজ হয়েছে সেটা সারা ভারতবর্ষের অবস্থা দেখে, পশ্চিমবাংলার অবস্থা দেখে কেন্দ্রীয় সরকার কি রিপোর্ট দিয়েছেন সেটা একবার দেখবেন। সেখানে কিন্তু অন্যরকম কথা বলা হয়েছে। এ সম্পর্কে রাজীব গান্ধী প্রত্যেক মুখ্যমন্ত্রীকে যে চিঠি দিয়েছেন সেই চিঠির মূল কথা হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে রুরাল ডেভলপমেন্টের কাজ পশ্চিমবাংলায় যেভাবে হয়েছে সেটা সারা ভারতবর্ষ থেকে বেটার। তা ছাড়া প্রত্যেক রাজ্যকে বলা হয়েছে যেখানে যেখানে পঞ্চায়েত নেই সেখানে ইলেকসন করে পঞ্চায়েত তৈরী কর। অনেকে বলেছেন ভারতবর্ষে যে জমি চাষ হয় তার ফোর পারসেন্ট থেকে টুয়ান্টি এইট পারসেন্ট যা বলা হয়েছে সেটা পশ্চিমবাংলায় হয়েছে এবং এটা ফ্যাক্ট। আই এল ও থেকে একটা টিম পাঠান হয়েছে এবং তাঁরা এগুলি স্টাডী করছেন। বিভিন্ন জায়গায় রুরাল ডেভলপমেন্ট এবং ল্যান্ডরিফর্ম সম্বন্ধে যাঁরা অনুসন্ধান করেন এরকম অনেক লোক আমাদের এখানে এসে দেখেছেন এবং তাঁরা বলেছেন ভারতবর্ষের অন্য জায়গা থেকে এখানে অনেক ভাল কাজ হয়েছে। মিসেস ফ্রাংকেল এসেছেন এবং ভারতবর্ষের অন্যান্য জায়গা থেকে যাঁরা এসেছেন এবং বাংলাদেশ থেকে যাঁরা এসেছেন তাঁরা এগুলি স্টাডী করবার চেষ্টা করছেন। অমরা আমাদের সীমিত ক্ষমতার মধ্য দিয়ে যেটুকু করা দরকার সেটুকু করেছি। আমরা পঞ্চায়েত এবং রুরাল ডেভলপমেন্টের ক্ষেত্রে যা করেছি তাতে যাঁরা এই ব্যাপার নিয়ে রিসার্চ করেন তাঁরা এক বাক্যে স্বীকার করেছেন এখানে ভাল কাজ হয়েছে। মাননীয় সদস্য সুশোভনবাবু জমির কথা বলেছেন। আমরা প্রায় দু লক্ষ হেক্টরের মত জমি এবং ১৬ লক্ষ টাকা স্যাংসন করে যেখানে যেখানে প্রোভাইড করতে পারি সেখানে ফিফ্‌টি ফিফ্‌টি সাবসিডি দিয়ে এবং যেখানে দুঃস্থ সেখানে একেবারে ফ্রি করে প্রায় দেড় লক্ষ হেক্টরে এটা কন্ট্রোল হয়েছে। গত কয়েক বছর আগে ওই যে ভয়ানক বন্যা হয়ে গেল তাতেই বামফ্রন্ট সরকারের একটা বড় পরীক্ষা হয়ে গেছে। জনসাধারণ দেখেছে কি ভাবে আমরা সেই বন্যার মোকাবিলা করেছি। রিলিফ নিয়ে ওয়াংচু কমিশনের মত কোন ব্যাপার হয়নি। রিলিফ নিয়ে কোন রকম করাপসন হয়নি। আমরা এখানে জনসাধারণের স্বার্থে কাজ করি। একেবারে ত্রুটি বিচ্যুতি নেই একথা বলব না, তবে এটা স্বীকার করতেই হবে ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে এখানে এবং ত্রিপুরায় করাপসন অনেক কম। আমাদের এখানে সবচেয়ে একটা বড় জিনিস হচ্ছে যথা সম্ভব কাজগুলি জনসাধারণকে সঙ্গে নিয়ে করা হয় বা করার চেষ্টা করা হয়। আমাদের এই সমাজ ব্যবস্থায় যদি এইভাবে কাজ না করি তাহলে এই কাজ করা সম্ভব হবে না। তারপর, উৎপাদনের দিক থেকে দেখছি আমাদের ১৯৭৬/৭৭ সালের যে ক্রপ ইয়ার তাতে উৎপাদন হয়েছিল ৭৬ লক্ষ মেট্রিক টন। আমরা আসার পর দারুন খরা এবং বন্যা হওয়া সত্ত্বেও আমরা ৯০ লক্ষ মেট্রিক টন উৎপাদন করেছি। আমরা কোলকাতার মার্কেটে গেলে কেরালা, তামিলনাড়ুর প্রচুর তাঁত বস্ত্র দেখি। এখন আমাদের এখানেও প্রচুর তাঁত বস্ত্র উৎপাদন হচ্ছে এবং সেই তাঁত বস্ত্র দিল্লী এবং অন্যান্য রাজ্যে যাচ্ছে। তাঁত বস্ত্রের এক্সপোর্টের দিক থেকেও দেখা যাচ্ছে উন্নতি হয়েছে। সব চেয়ে বড় কথা হচ্ছে এখানে যা করা হচ্ছে তাতে ম্যাকসিমাম লোকের উপকার হচ্ছে। গভর্ণমেন্টের কাজ মিনিমাম ফিউ-এর জন্য নয়, ম্যাক্সিমাম লোকের জন্য কাজ করতে হবে। আমরা চেষ্টা করছি যাতে সেই অগণিত মানুষের অন্তরে আমরা স্থান করতে পারি। ৩ হাজার ৩০৫ টি গ্রাম পঞ্চায়েতের ৩টি স্তরে ৫৫ হাজার লোক ইলেকটেড হয়েছে এবং সেই ৫৫ হাজার শিকড় দিয়ে আমরা পশ্চিমবাংলার [illegible] থেকে ৬ কোটি লোককে বুকে আঁকড়ে রাখব। আপনাদের সাধ্য নেই তাদের দূরে সরিয়ে দেবার।

ডাঃ জয়নাল আবেদিনঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই ** বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে এটা সময়োচিত বলে আমি মনে করি। মন্ত্রী মহাশয় ডিসস্ট্যাবিলাইজেসনের কথা বলেছেন। আপনারাই এই হাউসে কয়েকদিন আগে বিরোধিতা করেছেন আসাম এ্যাকর্ডের ব্যাপারে। তবে মনে রাখবেন আসামের পক্ষ সমর্থন করেছে আমেরিকা নয়, লাল চীন। হিম্মত আছে বিনয় চৌধুরীর লাল চীনের বিরুদ্ধে কথা বলার?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭১ সালের ঘটনা— ১৯৭১ সালে রিফিউজি এখানে এসেছিল। আমরা তাঁবু দিতে গিয়েছিলাম। ১০০টি তাঁবু কম পড়েছিল। ১০০টি তাঁবু জ্যোতি বসুর বাড়ী গিয়েছিল কেন? জ্যোতি বোসকে ১০০ পুলিশ পাহারা দিয়ে রেখেছিল। তিনি আজকে রাজীব গান্ধীর কথা বললেন। জ্যোতি বোস তখন চীফ মিনিস্টার ছিলেন না। ১০০টি পুলিশ পর্যায়ক্রমে জ্যোতি বোসকে পাহারা দিয়ে রেখেছিল, বোধ করি আপনাকেও পাহারা দিয়ে রেখেছিল, এটা আপনি বলতে পারবেন। আইন শৃঙ্খলার অবস্থার কথা বলতে চান? চম্বলের দস্যুদের ওখানে যেরকম আইন শৃঙ্খলা রয়েছে তাতে চম্বলের দস্যুরাও লজ্জা পাবে আপনাদের ** দেখে।

মিঃ স্পীকারঃ—এই শব্দ দুটি বাদ যাবে।

Note: ** Expunged as ordered by the chair.

ডাঃ জয়নাল আবেদিনঃ—চম্বলের দস্যুদের সঙ্গে কংগ্রেসী সত্যাগ্রহী দ্বন্দ্বে অবতীর্ণ হতে পারে না। কাম টু আর্গুমেন্টস এ্যান্ড প্রিপেয়ার টু ফরোয়ার্ড আর্গুমেন্টস। নির্মলবাবু শিক্ষার কথা বলেছেন। অধ্যক্ষ মহোদয়, আপনি কাগজ বিলি করেছেন। মুখ্যমন্ত্রী মস্কো যাবার আগে এই নো-কনফিডেন্সের বক্তৃতা যাতে প্রেসে ছাপা না হয়, যাতে বাংলার ৬ কোটি মানুষ জানতে না পারে সেই জন্য প্রেসের গলা টিপে মেরে গেলেন। প্রেস আজকে ছাপছে না। আপনারা গলা টিপে মেরেছেন। জানেন প্রেসের অভিযোগ কি? কেন প্রেস ছাপছে না? পুলিশের নিষ্ক্রিয়তার জন্যই প্রেস ছাপছে না। লালবাজার থেকে মাত্র ৫ মিনিটের পথ, হামলা হয়েছে, পুলিশ যায়নি। নো-কনফিডেন্স নিয়ে আলোচনা যাতে প্রেসে ছাপা না হয় তার জন্য প্রেসের গলা টিপে মেরে ফেললেন। আপনারা আইন শৃঙ্খলার কথা বলেন? নির্মলবাবু শিক্ষার কথা বললেন। আপনি একটি কাগজ বিলি করেছেন। তাতে কি লেখা আছে? সবাই পাস, সবই পাস? ১০ মাস পরে কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্পেশাল বি.এ., বি.এসসি, বি.কম এর ফল প্রকাশিত। সমস্ত পরীক্ষাই ছিল ১৯৮২ সালের, কিন্তু সেগুলি নেওয়া হয় ১৯৮৪ সালে। ক্ষমতায় কে ছিল, নির্মলবাবু? এই নৈরাজ্য কে সৃষ্টি করেছে? আপনারা সৃষ্টি করেছেন। আপনারা অধমেরও অধম, নরাধম। আপনারা শিক্ষায় হাত দিয়েছেন, আজকে বিশ্ববিদ্যালয়কে কাজ করতে দিচ্ছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষার কথা ছেড়েদিন। অশোকবাবু কোথায়? অষ্টম অর্থ কমিশন ৩২৫ কোটি টাকা দেয়নি বলে অভিযোগ করেছেন। আমরা হিসাব করে দেখেছি ২৮০ কোটি টাকার বেশী হয় না। কিন্তু ষষ্ঠ পরিকল্পনার চতুর্থ বছর পর্যন্ত সপ্তম পরিকল্পনা কার্যকরী ছিল। সপ্তম পরিকল্পনার পুরো টাকা আপনারা পেয়েছেন। কিন্তু তা সত্বেও ষষ্ঠ পরিকল্পনা কেন রূপায়িত হল না, এর জবাব কে দেবে বিনয় চৌধুরী? এর জবাব কে দেবে অশোকবাবু? বাংলা আজ দরিদ্রতম দেশ। এখানে পার ক্যাপিটা ইনকাম সবচেয়ে কম। এক জবাব কি? সেভেন্থ প্ল্যানে সেভেন্থ ফিন্যান্স কমিশনের টাকা আপনারা পেলেন। জ্যোতিবাবু সেকেন্ড ইউ.এফ. গভর্ণমেন্টের ফিন্যান্স মিনিষ্টার ছিলেন। চতুর্থ পরিকল্পনা রচনার সময় হওয়া উচিত ছিল ৬১০ কোটি টাকা কিন্তু বাংলাকে জবাই করে দিয়ে জ্যোতিবাবু সেদিন ৩১৭ কোটি টাকায় রাজি হয়েছিলেন। বাংলা জবাই হয়েছে জ্যোতিবাবুর হাতে।

(গোলমাল)

মিঃ স্পীকারঃ—শেষ লাইন বাদ যাবে।

ডাঃ জয়নাল আবেদিনঃ—কালা পাহাড় জ্যোতিবাবু। বাংলাকে তিনি জবাই করে দিয়েছেন।

শ্রী নির্মল কুমার বোসঃ—স্যার, চীফ্ মিনিস্টার সম্বন্ধে ভদ্রভাবে কথা বলতে বলুন।

ডাঃ জয়নাল আবেদিনঃ—আমরা দেখছি তিনি বাংলাকে জবাই করে দিয়েছেন। এখানে কটেজ ইন্ডাস্ট্রির কথা বললেন। It is Dr. Zainal Abedin and the congress regime who protected the Handloom and Powerloom Corporations here. আর মৎস্য মন্ত্রী, বসেছিলেন এখানে, ডিগবাজী খেতে খেতে ওখানে গিয়ে পৌঁছলেন। তাই আজকে সি পি.এম.এর লেজুড় সাজতে আরম্ভ করেছেন এই পা চাটার দল, যদি কিছু স্তোক বাক্য দেয়। লজ্জা করে না। একদিকে মানুষ বন্যায় খেতে পাচ্ছে না, জুটের দাম পাচ্ছে না, আর অন্যদিকে ট্রাক ট্রাক মুরগি হলদিয়ায় নিয়ে যাওয়া হয়েছে। কার টাকা খরচ হয়েছে?

(তুমুল হট্টোগোল)

(ভয়েস আবার আসবো)

এতদিন ওরা বলে এসেছেন কংগ্রেস নাকি টাটা বিড়লার দালাল। আজকে নয়া দালাল হয়েছে এই বামফ্রন্ট। গোয়েঙ্কা ছাড়া হলদিয়ায় শিল্প হয়না, বিড়লা ছাড়া শিল্প হয়না। একদিকে এই অবস্থা অন্য দিকে ২৪টা পাটকল বন্ধ হয়ে পড়ে আছে। জ্যোতিবাবু পাটের সাপোর্ট প্রাইসের ব্যাপারে বিড়লাদের সঙ্গে হাত মিলিয়ে বললেন ৪০০ টাকার উপর পাট কেনা হবে না। পাটচাষীদের জবাই করে দিলেন বামফ্রন্ট। ** এরা বিড়লাদের সঙ্গে হাত মিলিয়ে পাট চাষীদের জবাই করে দিয়েছেন। শুধু তাই নয়, এই চম্বলের দস্যুদের তত্ত্বাবধানে সদ্যজাত শিশুকে কুকুরে খায় অথচ এদের লজ্জা বলে কিছু নেই। ওরা বলেন ভোটে জিতে এসেছেন। লজ্জা করে না এসব কথা বলতে? কোন মুখে এসব কথা বলেন? কোলকাতা কর্পোরেশনের ১৪১টা ওয়ার্ডের ৩০ লক্ষ ভোটার, বয়স সীমা কমে ১৮ বছর হওয়ায় স্বাভাবিকভাবে ভোটারের সংখ্যা হওয়া উচিত ছিল ৩৭ লক্ষ কিন্তু সেখানে ভোটার হ'ল ২৩ লক্ষ। ** মানুষের রায়ে এরা ক্ষমতায় আসেননি, এসেছেন কারচুপি করে, রিগিং করে, চুরি করে।

(তুমুল হট্টোগেল)

(ভয়েস আবার আসবো)

এরা আবার বলছেন, আবার আসবেন। বর্বর, চোর অসভ্যের দল। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, আপনাদের কার্যকালে ল্যান্ড রিভিনিউ, ল্যান্ড রিফরমস, পঞ্চায়েতের কোন লেজিসলেসান আপনারা করেছেন? Congress is the pioneer of all these Legislation. আপনারা তাও পরিপূরণ করতে পারেন নি। সি.পি.এমের খাতায় নাম না লেখালে বর্গাদার উচ্ছেদ হয়। হাজার হাজার কেস আমরা দিয়েছি কিন্তু কোন প্রতিকার পাইনি। মাননীয় মন্ত্রীর কাছে দিয়েছি, বিচার পাইনি। সেই উচ্ছেদ হওয়া বর্গাদাররা বিচার পায়নি কারণ আপনাদের খাতায় তারা নাম লেখায়নি। ল্যান্ড রিফরমস কংগ্রেস করেছে, আমরা তারজন্য গর্বিত, আপনারা তা করেন নি। সেখানে বর্ধমানের একটি পরিবার আপনাদের আওতায় যায়নি বলে দিনের বেলায় তাকে খুন করেছেন আপনার তত্ত্বাবধানে। কি প্রতিকার হয়েছে? কোন প্রতিকার হয়নি। যে সরকারের আমলে ম্যানহোলে, রাস্তায়, পার্কে মেলাতে নারী হত্যা হয়, নারী ধর্ষন হয় সেই সরকারের ক্ষমতায় থাকা চলে না।

(তুমুল হট্টোগোল)

***

Note: ** Expunged as ordered by the chair.

(তুমুল হট্টোগোল) (সেভারল মেম্বারস রোজ টু স্পীক)।

[6-50 to 7.00 P.M.]

ভিনদ্রেনায়ালকে আপনারা তৈরী করেছেন।

(গোলমাল)

পশ্চিমবাংলার রূপকার ডঃ বিধানচন্দ্র রায় বলেছিলেন যে বাংলা বিহার এক হোক। বাংলার রিফিউজি বাংলা একা বহন করবে না। আপনারা তাতে বাধা দিয়েছিলেন। আপনাদের লজ্জা করেনা? আন্দামান, দন্ডকারন্যের রিফিউজিকে মারীচ ঝাপিতে নিয়ে এসে আপনারা গুলি করে তাদের হত্যা করেছেন। ডঃ বিধান চন্দ্র রায়কে সেদিন আপনারা বাধ্য করেছিলেন তার প্রস্তাবকে প্রত্যাহার করে নিতে। ...গোলমাল... আপনারা আনএমপ্লয়মেন্ট সম্পর্কে কিছু করতে পারেন নি। ৫০ লক্ষ আনএমপ্লয়মেন্ট রয়েছে। আপনারা ট্রান্সপোর্টের জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে এক হাজার কোটি টাকা নিয়েছেন। আজকে ট্রান্সপোর্টের প্রবলেম মেটেনি, আনএমপ্লয়মেন্টের সমস্যা মেটেনি। এরা কুম্ভির। তাই কুম্ভিরাশ্রু বর্ষণ করছে। এরা ডলকানোর উপরে দাঁড়িয়ে আছে, এই রাজত্ব থাকবে না। মানুষ এদের বঙ্গোপসাগরে ফেলে দেবে। ওখানে আরামে বসে থাকলে চলবে না। বঙ্গোপসাগরে বা আরব সাগরে যেতে হবে। আজকে এই স্পোর্টস মিনিস্টারের আমলে একাধিকবার দাঙ্গা হয়েছে। খেলা নিয়ে কেলেঙ্কারী হয়েছে। এগুলি ভাবলে আমাদের মাথা হেট হয়ে যায়। কাজেই এই সরকারের কোন নৈতিক অধিকার নেই ক্ষমতায় থাকার। সে জন্য আমি যে মোশান এনেছি, I commended my motion with all the emphosis. আমি দাবী করছি লেট দিস গভর্ণমেন্ট কাম টু দি পিপল। হিম্মত থা[illegible] রিজাইন করুন। আমিও রিজাইন করবো। আসুন, ভোটে যাওয়া যাক। আপনি প্রস্তুতআছেন কিনা বলুন? আই থিঙ্ক ইউ আর নট। ...গোলমাল..... আজকে বাংলাকে আপনারা জ্বালিয়ে দিয়েছেন। সোনার বাংলাকে কালো বাংলায় পরিণত করেছেন। আমি আপনাদের আবার সাবধান করে দিচ্ছি। এই কথা বলে আমার যে মোশান I think you are not.

Mr. Speaker:—The motion of Dr. Zainal Abedin that this House expresses its want of confidece in the Council of Ministers, was then put and a division taken with the following results—

NOES

Abdul Bari, Shri Md.
Abdul Quiyom Molla, Shri
Abdur Razzak Molla, Shri
Abdus Sobhan Gazi, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Anisur Rahman Biswas, Shri
Atahar Rahaman, Shri
badgi, Shri Lakhan
Bagdi, Shri Natabar
Bandyopadhyay, Shri Balai
Banerjee, Shri Amiya Bhusan
Banerjee, Shri Radhika Ranjan
Basu, Shri Ajit
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Nihar Kumar
Basu, Shri Subhas
Bauri, Shri Gobinda
Bera, Shrimati Chhaya
Bera, Shri Pulin
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya. Shri Satya Pada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Chittaranjan
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kanti
Biswas, Shri Kanti
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bora, Shri Badan
Bose, Shri Biren
Bose, Shri Nirmal Kumar
Bouri, Shri Nabani
Chakrabarty,S hri Ajit
Chakrabarty, Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chakraborty, Shri Shyamal
Chatterjee, Shri Dhirendra Nath
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Ram
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Dhrubeswar
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Bikash
Chowdhury, Shri Sibendranarayan
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Daud Khan, Shri
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Deb, Shri Saral
Dey, Shri Lakshmi Kanta
Doloi, Shri Siba Prasad
Ghatak, Shri Santi Ranjan
Ghosh, Sambhu Charan
Ghosh, Shri Debsaran
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Susanta
Goppi, Shrimati Aparajita
Goswami, Shri Subhas
Gupta, Shri Sitaram
Hajra, Shri Sachindra Nath
Haldar, Shri Krishnadhan
Hashim Abdul Halim, Shri
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Haripada
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Konar, Shrimati Maharani
Kujur, Shri Sushil
Kunar, Shri Himansu
Kundu, Shri Gour Chandra
Lama, Shri Dawa
Let, Shri Dhirendra
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Kamala Kanta
Maity, Shri Bankim Behari
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majhi, Shri Surendra Nath
Maji, Shri Pannalal
Maji, Shri Swadeshranjan
Majumdar, Shri Sunil Kumar
Malaker, Shri Nani Gopal
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad

Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Prabhanjan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Rampada
Mandi, Dr. Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mir, Abdus Sayeed, Shri
Moazzam Hossain, Shri Syad
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla, Shri Anadi
Mondal, Shri Dinabandhu
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Sudhansu Sekhar
Mridha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Bamapada
Mukherjee, Shri Bhabani
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Narayandas
Mukherjee, Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Munsi, Shri Mahammad Bacha
Murmu, Shri Maheswar
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Nanda, Shri Kiranmoy
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Subhas
Nath, Shri Monoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Omar Ali, Dr.
Park, Shri Sunirmal
Pal, Shri Bijoy
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pradhan, Shri Prasanta Kumar
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Raha, Shri Sudhan
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dhirendra Nath
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Haradhan
Roy, Shri Hementa Kumar
Roy, Shri Sattik Kumar
Roy, Shri Sada Kanta
Roy, Shri Umakanta
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhuson
Saha, Shri Kripa Sindhu
Santra, Shri Sunil
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Kamal
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Talukdar, Shri Pralay
Tirkey, Shri Manohar
Tudu, Shri Bikram

AYES

Abdul Mannan, Shri
Abdul Wahed, Shri
Abdur Rauf Answari, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Adhikary, Shri Sisir
Anwar Ali Sekh, Shri
Banerjee, Shri Ambika
Banerjee, Dr. Sushovan
Barman, Shri Dipendra
Basu, Dr. Hoimi
Biswas, Shri Ananda Mohan
Bose, Dr. Sisir Kumar
Chaudhuri, Dr. Kiran
Chowdhary, Shri Abdul Karim
Chowdhury, Humayun
Ghosh, Shri Asok
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Kazi Hafizur Rahman, Shri
Mahata, Shri Subhas Chandra
Mahato, Shri Shantiram
Mahbubul Haque, Shri
Mandal, Shri Jokhilal
Misra, Shri Abanti
Misra, Shri Kashinath
Mitra, Shri Somendra Nath
Molla, Shri Fazle Azim
Moslehuddin Ahmed, Shri
Mukhopadhyay, Shri Subrata
Nurul Islam Chowdhury, Shri
Pande, Shri Sadan
Poddar, Shri Deokinandan
Roy, Shri Santi Mohan
Sarkar, Shri Dhirendra Nath
Sha, Shri Ganga Prasad
Shamsuddin Ahmad, Shri
Trivedi, Shri Bankim

Absts.-(i) Sarkar, Shri Debaprasad (ii) Purkait, Shri Probodh

The Ayes being 38 and the Noes, 183, the motion was lost

Mr. Speaker:—Today is the last day of the present Session. Before I adjourn the House Sinedie I would like to make announcement regarding questions.

Number of sittings is 15.

Statement regarding questions during September Session, 1985 (Position as on the 20th September, 1985).

Total number of questions received	—1334
Break up of questions received—	
(a) Short Notice	— 5
(b) Starred	— 999
(c) Unstarred	— 330
Number of questions admitted as—	
(a) Short Notice	— 5
(b) Starred	— 544
(c) Unstarred	— 206
Number of questions replied as—	
(a) Short Notice	— 5
(b) Starred	— 200
(c) Unstarred	— 152
Total number of questions replied	— 367
Total number of questions disallowed	— 68

Starred Questions to which replies have been received in the Secretariat but not answered in the House would be treated as unstarred ones and replies thereto would be circulated to the Members.

Total number of Mention Cases received	— 245
Total number mentioned	— 202
Total number of Zero Hour cases	— 60

Legislation—

Number of Bills introduced	— 19
Bill passed	— 18
Bills referred to Select Committe	— 1
Ordinance laid	— 8
Rules laid	— 6

Motion under Rule 185—

Notice received	— 37
Admitted	— 34
Disallowed	— 3
Discussed and carried	— 5
Discussed and lost	— 4
Admitted but not discussed	— 24
Fall through	— 1

Adjournment Motion—

Notice received	— 24
Notice admitted	— Nil
Notice disallowed	— 24

Calling Attention Notice—

Notice received	— 91
Notice admitted	— 12

Statements made — 12

Laying of Reports—

Notice received — 6

Notice admitted — 5

Notice not admitted — 1

Privilege Issues—

Number of notices of privilege motion received — 4

Disallowed — 2

Under consideration — 2

Presentation of Reports of Assembly Committees—

1. Public Accounts Committee-1 (20th Report)

2. Committee on Public Undertakings-1 (15th Report)

Before I adjourn the House I would like to thank the Leader of the House-Chief Minister, the Leader of the Opposition—Janab Abdus Sattar, The Chief Whip of the Ruling party, Minister-in-charge of Parliamentary Affairs—Shri Patit Paban Pathak, the Opposition Chief Whip—Shri Subrata Mukherjee, for their unstinted cooperation and assistance and for helping me in carrying on the proceedings of the House. I also thank all the members who have deliberated and participated in the House in this very short and fruitful session where many important Bills have been passed, many other things and 'No Confidence Motion' have been discussed and other issues have been debated. Before we depart-the festival season is near-I wish all of you to have a very happy festive occasion. I would like to inform the members of the House that I am proceeding to Canada on the 24th of this month to participate in the Commonwealth Parliamentary Association Conference as your delegate to represent this House, I carry with me good wishes of all the members and the people of my State to this Conference.

শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউস শেষ হয়ে যাচ্ছে। আপনি যে হাউসকে সুষ্ঠ ভাবে পরিচালনা করেছেন, তার জন্য আপনাকে আমরা আন্তরিক ভাবে ধন্যবাদ জানাচ্ছি এবং এই হাউসের অন্যান্য যাঁরা বিরোধী দল আছেন, তাঁরা যে ভাবে সহযোগিতা করেছেন, তারজন্য তাঁদেরকেও আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি।

[7.00 - 7.19 P.M.]

শ্রী আবদুস সাত্তারঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অধিবেশনে সুষ্ঠুভাবে হাউস পরিচালনার জন্য আমি আমাদের দলের সভ্যদের তরফ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আগামী কয়েক দিনের মধ্যে আপনি আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভার স্পীকার হিসাবে কানাডা যাচ্ছেন, আমরা আশা করব আপনার জার্নি সুখকর হবে। আমার মনে হয় আমাদের উভয় পক্ষের সদস্যদের সহযোগিতার জন্য আপনার পক্ষে এবারে সুষ্ঠুভাবে হাউস চালান সম্ভব হয়েছে। অবশ্য আমাদের মধ্যে নিশ্চয়ই হাউস চলাকালীন তর্ক-বিতর্ক হয়েছে এবং তর্ক-বিতর্ক না হলে নিশ্চয়ই হাউস জমে না। সুতরাং তর্ক-বিতর্ক হওয়াটাই স্বাভাবিক। আপনি যদি আমাদের কথাবার্তায় কখনও দুঃখ পেয়ে থাকেন তাহলেও আমি আশা করব আপনি তা মনে রাখবেন না। এখানে আমরা সবাই বন্ধু, আমরা বিভিন্ন দলের হতে পারি, এবং আদর্শগত পার্থক্য নিশ্চয়ই আমাদের মধ্যে আছে। তবুও আমাদের সকলের এটাই সংকল্প হোক যে, আমরা সকলে পশ্চিমবাংলাকে সুন্দর করার জন্য চেষ্টা করব। ধন্যবাদ।

শ্রী ভক্তিভূষণ মন্ডলঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অধিবেশন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আপনাকে, ডেপুটি স্পীকারকে এবং লীডার অফ্ অপজিসনকে আমাদের পরিষদীয় দলের তরফ থেকে আমি ধন্যবাদ জানাচ্ছি। সাথে সাথে যে সমস্ত কর্মচারীরা আজ প্রায় ১ মাস ধরে সভার কাজ যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় তারজন্য পরিশ্রম করেছেন তাদেরকেও আমি আমার পার্টির তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী মতীশ রায়ঃ—মাননীয় স্পীকার স্যার, আপনি এই অধিবেশন [illegible] ডেপুটি স্পীকার, বিধানসভার অফিসাররা এবং কর্মচারীরা সহযোগিতা করেছেন তার জন্য তাঁদেরও প্রশংসা পাওয়া দরকার। সুতরাং [illegible] সকলকে অভিনন্দন জানাচ্ছি। আপনি আগামী দিনে পশ্চিমবাংলার প্রতিনিধি হিসাবে কানাডা যাচ্ছেন। আমরা আশা করব সেখানে পশ্চিমবাংলার গৌরবের শ্রীবৃদ্ধি ঘটবে এবং সংসদীয় গণতন্ত্রের ক্ষেত্রে পশ্চিমবাংলার মর্যাদা আরো প্রসারিত হবে। এই কথা বলে আমি আমাদের পরিষদীয় দলের পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

ডঃ ওমর আলীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুষ্ঠ এবং নিরপেক্ষ ভাবে সভা পরিচালনা করার জন্য আমি আমাদের দলের তরফ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা লক্ষ্য করে দেখছি সভার শৃংখলা বজায় রাখবার জন্য প্রয়োজনে যতটুকু কঠোর হওয়া উচিত আপনি তা হয়েছেন এবং নিরপেক্ষতাও দেখিয়েছেন। আমরা আরো লক্ষ্য করে দেখেছি আপনি সদস্যদের ত্রুটি-বিচ্যুতির দিকে অঙ্গুলী নির্দেশ করেছেন এবং সে ক্ষেত্রে কোন দলের বিচার করেননি। সুতরাং আপনার কঠোর নিরপেক্ষ ভূমিকা সকলের প্রশংসাযোগ্য। তাছাড়াও সভা পরিচালনার ব্যাপারে সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের সকল সদস্যেরই আপনি সহযোগিতা পেয়েছেন। অন্ততঃ পক্ষে এবারে আপনি বিরোধী পক্ষের সদস্যদের তথা নেতাদের যথেষ্ট সহযোগিতা পেয়েছেন। সুতরাং আপনাকে ধন্যবাদ জানাবার সঙ্গে সঙ্গে বিরোধী পক্ষের সদস্যদের এবং অন্যান্যদেরও আমি ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী বঙ্কিম বিহারী মাইতিঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২ তারিখ থেকে ২০ তারিখ পর্যন্ত যে অধিবেশন হল সেই অধিবেশনে যে সমস্ত আলোচনা হয়েছে সেই সমস্ত আলোচনা খুবই মূল্যবান এবং সেই সঙ্গে সঙ্গে আজকে সমাপ্তি হচ্ছে। এখানে আমাদের পরস্পরের মধ্যে মতামত বিনিময়ের মধ্যে অনেক কথাবার্তা হয়েছে। সর্বশেষে আজকে বিরোধী পক্ষের নেতা যে শুভ কথা বললেন, আমি আশা রাখি, পরবর্তী দিনে আমাদের সঙ্গে তাঁরা একমত হয়ে পশ্চিমবাংলার উন্নতিসাধন করবেন। মাননীয় স্পীকার মহাশয় ২৪ তারিখে কানাডা যাচ্ছেন। আপনার যাত্রা শুভ হোক এবং পশ্চিমবাংলার গৌরব যেন অক্ষুন্ন থাকে। আমি আপনাকে, বিরোধী পক্ষের নেতা সহ সবাইকে, সরকারপক্ষের সবাইকে এবং কর্মীদের সবাইকে আমার দলের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিমলানন্দ মুখার্জীঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুচারুরূপে এই অধিবেশন পরিচালনা করার জন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। আমাদের সরকার পক্ষের সকলকে এবং বিরোধী পক্ষের সকলকে ধনাবাদ জানাচ্ছি। আমি আশা করবো, আপনার কানাডা সফর শুধু যে শুভ হোক তাই নয়, অভিজ্ঞতায় সমৃদ্ধ হয়ে আরোও ভালভাবে বিধানসভা পরিচালনার ক্ষেত্রে আরোও যোগ্যতার পরিচয় আপনার কাছ থেকে নিশ্চয়ই আমরা পাবো। যে সমস্ত কর্মচারীরা বিধানসভার অধিবেশন চলার কাজে সাহায্য করেছেন সকলকে আর সি পি আই পার্টির তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী দেব প্রসাদ সরকারঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বল্পকালীন অধিবেশন সুষ্ঠভাবে পরিচালনার ক্ষেত্রে আপনার যে যোগ্য ভূমিকা তারজন্য আমি আমাদের দলের তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি। এই সভা সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে যারা সহযোগিতা করেছেন সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং আপনার আসন্ন যে বিদেশ সফরের কর্মসূচী সেই কর্মসূচী সফল হোক এই শুভেচ্ছা জানাচ্ছি।

শ্রী পতিত পাবন পাঠকঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই অধিবেশনের শেষ দিনে বিরোধী পক্ষের নেতা, মুখ্যসচেতক এবং সকলকে এবং সরকারী দলের প্রত্যেককে এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে ও বিধানসভার [illegible] যারা এই অধিবেশন চলার কাজ সহায়তা করেছেন তাদের প্রত্যেককে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং আপনার আসন্ন বিদেশ সফর সফল হোক এই শুভেচ্ছা জানাচ্ছি।

Adjournment

Mr. Speaker :—আমি আপনার বিজয়ার প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে আজ হাউস শেষ করছি, The House is adjourned sine die.

(At this stage, the House was accordingly adjourned at 7-19 P.M. sine die.)

The Assembly was subsequently prorogued w.e.f. 24th September, 1985 under notification No. 411-P.A. dt. 21.9.85 from Home (P.A.) Deptt. Government of West Bengal.

Index to the West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol. 84, No. 9, Eighty-Fourth Session (September) 1985

(The 2nd, 3rd, 4th, 5th, 6th, 9th, 10th, 11th, 12th, 13th, 16th, 17th, 18th, 19th and 20th September, 1985)